
ভারতীয় সাধুর লাঞ্ছনা

রেঙ্গুন হইতে প্রকাশ, কর্ত্তা নামে একজন ভারতীয় সাধু টুগু কতিপয় দুর্বৃত্ত ব্রহ্মদেশের মজুরের হাতে লাঞ্ছিত হইয়া হাসপাতালে শয্যাশায়ী আছে প্রকাশ, ব্রহ্মদেশীয় মজুরকে বুঝায় যে, তাহার শিষ্যদের দীর্ঘ বন্য দাড়ী রোগযন্ত্রণার মূল উক্ত সাধুর কারসাজি রহিয়াছে। মজুরটী তখন তাহার কয়েকজন সঙ্গীর সহযোগে সাধুকে পাকড়াও করিয়া তাঁহার দুইটী দাঁত উপড়াইয়া লয়। জনৈক মগ এক রিক্সাওয়ালার সহিত সাধুর যোগাযোগ ছিল এই সন্দেহে তাহাকেও ধরিয়া বলপূর্ব্বক তাহার দুইটী দাঁত তুলিয়া ফেলা হইয়াছে। পুলিশ এই সম্পর্কে চারজনকে গ্রেপ্তার করিয়াছে।

——

বিমানে আমেরিকা হইতে ইউরোপ

ইম্পিরিয়াল এয়ার ওয়েজ কোম্পানীর "ক্যালেডোনিয়া" নামক বিমানটী গত ২৩শে আগষ্ট ১১ ঘণ্টা ২১ মিনিটের মধ্যে আমেরিকা হইতে আয়ার্ল্যাণ্ডে আসিয়া পৌঁছায়। "ক্যালেডোনিয়া" ঘণ্টায় ১৭০ মাইলের কিছু বেশী বেগে উড়িতেছিল। পথিমধ্যে একবার "ক্যালেডোনিয়া" ১৭ হাজার ফুট উচ্চে উঠিয়াছিল।

জামসেদপুরে শ্রমিক ধর্ম্মঘট

বৌবাজার, ওয়ার্কস এবং বৃন্দাবনী তাম্রার খনিতে গত ১৮ই আগষ্ট হইতে বেতন বৃদ্ধি দাবী করিয়া শ্রমিকরা ধর্ম্মঘট করিয়াছে। প্রকাশ, যাহারা কাজে যাইবার চেষ্টা করিতেছে, ধর্ম্মঘটকারীরা তাহাদিগকে মারপিট করিতেছে। ধর্ম্মঘটের জন্য ১৪৪ ধারা জারী করা হইয়াছে। রাঁচি হইতে সৈন্য আনয়ন করা হইয়াছে। পুলিশের ডেপুটী কমিশনার এবং ডেপুটী সুপারিন্টেণ্ডেণ্ট ঘটনাস্থলের অবস্থা লক্ষ্য করিতেছেন; অবস্থা এখনও শান্তিপূর্ণ আছে। প্রকাশ, ধর্ম্মঘটী শ্রমিকরা শ্রমিক নেতা মিঃ হোমীকে আপোষ রফার চেষ্টা করিতে অনুরোধ করিয়াছে। মারপিট করার অভিযোগে কয়েকজন শ্রমিককে গ্রেপ্তার করিয়া বিচারার্থ চালান দেওয়া হইয়াছে।

বাঘ সন্দেহের শোচনীয় পরিণতি

গত ১৯শে আগষ্ট রাত্রিতে ঢাকা মেডিকেল স্কুলের চতুর্থ বার্ষিক শ্রেণীর একজন ছাত্র শোচনীয়ভাবে মৃত্যুমুখে পতিত হইয়াছে। সে তাহার বন্ধু পরীক্ষা করায়, উহার ফলে তাহার সন্দেহ হয় যে, তাহার শরীরে উপদংশের বীজাণু প্রবেশ করিয়াছে। এই সন্দেহের বশবর্ত্তী হইয়া সে কয়েকটী আর্সেনিক ইঞ্জেক্শন গ্রহণ করে। কিন্তু শীঘ্রই বুঝিতে পারে যে, তাহার সন্দেহ অমূলক। আর্সেনিক ইঞ্জেক্শন গ্রহণ করার ফলে, তাহার শরীরে আর্সেনিক বিষক্রিয়ার লক্ষণ প্রকাশ পায় এবং উহার সমস্ত শরীরে ঘা হয়। অনেক দিন ভুগিয়া সে গত বৃহস্পতিবার মারা গিয়াছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত — ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য সহ শ্রীচৈতন্যভাগবত ৭৲
৩। অনুভাষ্য সহ শ্রীচৈতন্যচরিতামৃত ৯৲
৪। সরস্বতী জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৮০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। জৈবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিগ্রহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। বামন-আনন্দ ৷০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-গৌরতত্ত্ব ৷৵০
২২। ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতায় কেবল মানব ভাষা ৷০
২৭। দুর্গমসঙ্গমনিকা ভগবৎগৌরবঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দ্বীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্থপঞ্চক ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থখণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ৷০
৫৫। অবশ্রুভাণ্ডী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীভুবনেশ্বর ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সংখ্যামালী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারাংশবর্ণনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ কিউ ওয়ার্ড স অন্ বেদান্ত ৷০
৭০। নামভজন ১৲
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজি এণ্ড অন্টলজি ৷
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড স ৵
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপ্‌ল এণ্ড আনব্যালেন্সড রিলিজন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৴১০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
গৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ২ ডিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দি ভাষায় এক মাত্র পারমার্থিক পাক্ষিক। দৈনিদ্বারকা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ শর্ম্মার সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
ভবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে গ্রথিত করা
হইয়াছে।

নির্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এইগ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীনদীয়া-প্রকাশ

অনাসক্তস্য বিষয়ান্
যথার্হমুপযুঞ্জতঃ।
নির্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে
যুক্তং বৈরাগ্যমুচ্যতে॥
প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা
হরিসম্বন্ধিবস্তুনঃ।
মুমুক্ষুভিঃ পরিত্যাগো
বৈরাগ্যং ফল্গু কথ্যতে॥

বিশ্বে একমাত্র দৈনিক
— পারমার্থিক পত্র —
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

আরাধ্যো ভগবান্ ব্রজেশ-
তনয়স্তদ্ধাম বৃন্দাবনং,
রম্যা কাচিদুপাসনা
ব্রজবধূবর্গেণ যা কল্পিতা।
শ্রীমদ্ভাগবতং প্রমাণমমলং
প্রেমা পুমর্থো মহান্,
শ্রীচৈতন্যমহাপ্রভোর্মতমিদং
তত্রাদরো নঃ পরঃ॥

১২শ বর্ষ { ৭ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ৯ই ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ২৫শে আগষ্ট ইং ১৯৩৭, বুধবার } ১৫২তম সংখ্যা

শ্রীবলদেবাবির্ভাবোৎসব

শ্রীচৈতন্যমঠে

গত ২২শে আগষ্ট রবিবার শ্রীধাম মায়াপুর আকর-মঠরাজ শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীবলদেব প্রভুর আবির্ভাব-উৎসব সংকীর্ত্তনমুখে যথারীতি সুসম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে মঙ্গলারাত্রিকান্তে, মহাজন-পদাবলী কীর্ত্তনের পর শ্রীচৈতন্যভাগবত হইতে অভিন্ন বলদেব শ্রীনিত্যানন্দ প্রভুর মাহাত্ম্য পাঠ হয়। অতঃপর দ্বিপ্রহরে ভোগারাত্রিকাদি ও পঞ্চতত্ত্ব এবং মহাজন-পদাবলী কীর্ত্তন হওয়ার পর নাটমন্দিরে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্য-পুরাণ-রামতীর্থ ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীমদ্ভাগবত হইতে শ্রীবলদেব প্রভুর জন্মলীলা-বৃত্তান্ত ও মাহাত্ম্য পাঠ দ্বারা শ্রোতৃবর্গের আনন্দবর্দ্ধন করেন।

ভোগারাত্রিক কীর্ত্তনের পর সমাগত বহু ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। সন্ধ্যার পর পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী কাব্য-ব্যাকরণ-তীর্থ মহোদয় শ্রীমদ্ভাগবত পাঠ করেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হয়।

শ্রীগৌড়ীয়মঠে

শ্রীচৈতন্যমঠের প্রধান শাখামঠ কলিকাতা শ্রীগৌড়ীয়মঠের বার্ষিক মহামহোৎসব পতিত-পাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের শুভেচ্ছায় আনুগত্যে মহাসমারোহের সহিত সুসম্পন্ন হইতেছে। তথায় একমুহূর্ত্তও হরিকথা কীর্ত্তনের বিরাম নাই।

গত ২২শে আগষ্ট রবিবার দিন শ্রীশ্রীবলদেব প্রভুর আবির্ভাবোৎসব পাঠ, কীর্ত্তন, বক্তৃতাদিমুখে সমারোহের সহিত সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে সহস্র সহস্র ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছে। বিস্তৃত বিবরণ পরে প্রকাশিত হইবে।

আকরমঠরাজ, শ্রীচৈতন্যমঠের প্রত্যেক শাখামঠেই শ্রীশ্রীবলদেব প্রভুর আবির্ভাব-তিথি পাঠ, কীর্ত্তন, বক্তৃতা ও উপবাসাদি-মুখে যথারীতি পালিত হইয়াছে। বিভিন্ন মঠের উৎসবাদির কথা ক্রমশঃ প্রকাশিত হইবে।

'ভোগ ও সেবা' সম্বন্ধে বক্তৃতা

গত ২১শে আগষ্ট শনিবার কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠের শ্রবণসদনে সন্ধ্যা ৭৷৷০ ঘটিকার সময় শ্রীমঠের বার্ষিক সভা মহোৎসববাসরে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ "ভোগ ও সেবা" সম্বন্ধে প্রায় ১৷০ ঘণ্টাকাল ব্যাপী একটী সুগবেষণাময়ী বক্তৃতা প্রদান করিয়াছেন। ইঞ্জিনিয়ার ও কনট্রাক্টর শ্রীযুক্ত জ্যোতিষ চন্দ্র ঘোষ মহাশয়ের প্রস্তাবে এবং এ। এন্ রায় বার-এ্যাট্-ল ও বাগবাজারের চৌধুরী চট্টোপাধ্যায় (রিটায়ার্ড ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট) মহোদয় দ্বয় সমর্থনে স্কটিসচার্চ কলেজের ভূতপূর্ব্ব অধ্যাপক ও অনারারী ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত মদনমোহন বসু মহোদয় সভাপতির আসন গ্রহণ করেন।

বক্তৃতা শ্রবণ জন্য বহু গণ্যমান্য সম্ভ্রান্ত ব্যক্তি সভায় উপস্থিত হইয়াছিলেন। তাঁহাদের মধ্যে কয়েকজনের নাম নিম্নে প্রদত্ত হইল,— শ্রীযুক্ত ললিতমোহন বসু (রিটায়ার্ড ডেপুটী এণ্ড সেসন জজ), শ্রীযুক্ত মণিমোহন গাঙ্গুলী (অ্যাসিষ্টাণ্ট কমিশনার অব পুলিশ, শ্রীযুক্ত অতুলকৃষ্ণ ঘোষ সলিসিটর, শ্রীযুক্ত সতীশচন্দ্র বসু, শ্রীযুক্ত কামিনীকুমার রায় চৌধুরী, শ্রীযুক্ত শশীভূষণ বাঁড়ুয্যে প্রভৃতি।

সেবকসম্প্রদায়ের প্রচার

বিগত ৩রা শ্রাবণ শুক্রবার ঢাকার অন্তর্গত শ্রীশ্রীরাধাকান্ত-সেবক সমিতির সাপ্তাহিক অধিবেশনে শ্রীশ্রীগুরুবৈষ্ণব-বন্দনা ও পঞ্চতত্ত্ব-শ্রীনামকীর্ত্তনের পর শ্রীমদ্ভাগবত পাঠ আরম্ভ হয়।

> "ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যা-
> দীশাদপেতস্য বিপর্য্যয়োঽস্মৃতিঃ।
> তন্মায়য়াতো বুধ আভজেত্তং
> ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা॥"
>
> (ভাঃ ১১।২।৩৭)

যে ব্যক্তি ভগবানের প্রতি বিমুখ হন, ভগবানের মায়া-বলে তাঁহারই স্বরূপ-বিস্মৃতি ঘটিয়া থাকে। তাহা হইতে আমি দেহ এই জ্ঞানরূপ বিপর্য্যয়, তাহা হইতে দ্বিতীয়াভিনিবেশ অর্থাৎ উপাধিকৃত দেহ-ইন্দ্রিয়াদিতে অহঙ্কার এবং তাহা হইতে ভবভয় তাহার উপস্থিত হইয়া থাকে, সুতরাং বিবেকী ব্যক্তি গুরুদেবকে আরাধ্যদেবতা ও প্রিয়তম জ্ঞানে কায়মনোবাক্যে হইয়া অনন্যভক্তি সহকারে সেই ভগবান্‌কে আরাধনা করিবেন।

এই শ্লোকে আমরা উপরে (ভয়ংৎঃ) অপেক্ষা (উন্মুখত্ব), একটী শব্দ প্রাপ্ত হইলাম। ঈশবিমুখ কাহাকে বলে? এ বিষয় জানা প্রয়োজন। শ্রীগুরুপাদপদ্মের কৃপায় অনুকূলভাবে বিচারে আমরা জানি যে, এই বিমুখ-ব্যক্তিরা মায়ার সংসারে এক প্রকার অন্যাভিলাষী জীবগণ ঈশ্বর বা ব্রহ্ম স্বীকার করেন না, দ্বিতীয় প্রকার আত্মসুখের বাধাও আশঙ্কায় অন্য দেবদেবীর আরাধনা করিয়া থাকেন; তৃতীয় প্রকার মনুষ্যগণ, অপর দেবদেবীর পূজা করেন না, বিষ্ণুপূজাই করেন বটে অথচ অভিমান পোষণ করেন, কিন্তু বিষ্ণু-সেবককে অন্যের মত মানেন না, এবং সে আবার এমন আছে গুরুকে দেখিয়াও সেবককে মানে না। ইহারা সকলেই ঈশ-বিমুখ।

(বিপর্য্যয়োঽস্মৃতিঃ) স্বরূপ-বিষয়ে বিস্মৃতি। এখন স্বরূপবিস্মৃত কে? মূলতঃ দেহে আত্মবুদ্ধি, অতঃ বুদ্ধিই স্বরূপবিস্মৃতি। এই কথাটাকে একটু সূক্ষ্মভাবে বিচার করিলে বুঝা যায়—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও অন্ত্যজ এবং ব্রহ্মচারী, গৃহস্থ বানপ্রস্থ, সন্ন্যাসী ও আশ্রমবর্ণিত উহার প্রত্যেকটী আত্মাভিমানই স্বরূপ-বিস্মৃতির মূল কারণ। নিজেকে উচ্চ বর্ণী, উচ্চাশ্রমী মনে করা এবং নীচ বর্ণী ও কনিষ্ঠাশ্রমীকে লঘু মনে করা অপরাধজনক। পক্ষান্তরে নিজেকে নীচ বর্ণী, কনিষ্ঠাশ্রমী মনে করা উচ্চবর্ণ ও শ্রেষ্ঠাশ্রম সমাজের নিকটে আকাঙ্ক্ষা ও সাধুকে অভিমানরূপ স্বরূপবিস্মৃতি। যদি কেহ উন্নত সেবককে অবজ্ঞা করিয়া সেবার দ্বারা সেবা করাইতে পারেন, সেই নিষ্ঠা এটি শাস্ত্র মধ্যে আছে, আমার স্বরূপবিচারকর্ত্তা উচিত।

শুদ্ধ ভক্তগণ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে।

'অব্রাহ্মণ' কখনও 'গুরু' হ'তে পারেন না। 'গুরু' মানেই—'ব্রাহ্মণ'। যিনি শোক করেন, কিম্বা যিনি ইতর চেষ্টায় ধাবিত, তিনি 'গুরু' নহেন। লোকে পরিচিত থাকুন 'শূদ্র' ব'লে, 'সন্ন্যাসী' ব'লে তথাপি তিনি কৃষ্ণ-তত্ত্ববিৎ হ'লে 'ব্রাহ্মণ'—'গুরু'। যিনি কৃষ্ণতত্ত্ববিৎ অর্থাৎ অদ্বয়জ্ঞানের পূর্ণ-প্রতীতি-বিষয়ে অভিজ্ঞ, তাঁ'তে আনুষঙ্গিকভাবে 'ব্রহ্মজ্ঞতা' আছে, তিনি নিশ্চয়ই অব্রাহ্মণ নহেন।

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ হৃষীকেশ বুধ অনিরুদ্ধ ৪৫১

ভগবৎ-সাম্মুখ্যলাভের উপায় কি?

বদ্ধজীব আমরা হরিবিমুখ, আর মুক্ত-জীবগণ ভগবৎসম্মুখীন থাকিয়া নিরন্তর ভগবৎসেবায় নিযুক্ত। সেই ভগবদ্ভক্ত সজ্জনগণ অন্তর্মুখী থাকায়—সদানন্দের আকর কৃষ্ণোন্মুখী হওয়ায় তাঁহারা অবিমিশ্র আনন্দের অধিকারী—প্রকৃত সুখী। আর বদ্ধজীবগণ স্বয়ং আনন্দস্বরূপ শ্রীকৃষ্ণকে ভুলিয়া নিরানন্দে নিমগ্ন। এই আনন্দময়ের সাম্মুখ্য, সঙ্গ বা সেবাই আনন্দ-প্রাপ্তির বা অশেষ দুঃখ-নিবৃত্তির একমাত্র উপায়। সুতরাং সুখের কাঙ্গাল দুঃখী আমাদের ভগবৎ-সাম্মুখ্য ব্যতীত সুখলাভের আর উপায় কোথায়? কিন্তু সেই পরম দুর্লভ সাক্ষাৎ-ভজনরূপ ভগবৎ-সাম্মুখ্য কিরূপে লাভ হইবে? চিরবিমুখ আমরা কি পুনরায় ভগবৎ-সাক্ষাৎকার পাইব? আমাদের এরূপ সৌভাগ্য কি হইবে, যে আমরা ভগবানের দর্শন পাইয়া নিরন্তর সেই আনন্দময়ের সেবায় নিযুক্ত থাকিয়া স্ব-স্বরূপ ফিরিয়া পাইব?

এই ভগবৎ-সাম্মুখ্য বা ভগবদ্-দর্শনাভাব বস্তুতঃ আমাদের হৃদয়ে বর্তমানে বৈষয়িক-ভোগপ্রসূত ভোগত্যাগ-পিপাসা আ'র বহু অনর্থ আসিয়া স্থান পাইয়াছে। এই সেবা-বিমুখতা বশতঃই আমাদের দুঃখভোগ হ'য়েছে এবং ভগবদ্ভক্ত সর্বক্ষণ সেবা এবং তিনি আমাদের অতি সমীপে বর্তমান—একথা আমরা বুঝিয়া উঠিতে পারিতেছি না। শাস্ত্রিবাক্যে সন্দেহ হওয়ায় আমরা কেবলই অশান্তি পাইতেছি। এই অনু-বিধার হস্ত হইতে আমাদের পরিত্রাণ পাওয়া আবশ্যক। এই উপায় সম্বন্ধে শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

> ভবাপবর্গো ভ্রমতো যদা ভবে-
> জ্জনস্য তর্হ্যচ্যুত সৎসমাগমঃ।
> সৎসঙ্গমো যর্হি তদৈব সদ্গতৌ
> পরাবরেশে ত্বয়ি জায়তে রতিঃ॥
>
> (ভাঃ ১০।৫১।৫৩)

সংসার-চক্রে পরিভ্রমণ করিতে করিতে যখন আমাদের ভববন্ধ ক্ষয়-প্রাপ্ত হয়, তখনই আমাদের সৎসঙ্গলাভ হয় এবং সেই সৎসঙ্গ হইতে ভগবানে রতি জ'ন্মিয়া থাকে। ভগবৎ-সাম্মুখ্যলাভ বা ভক্তিপথে প্রবেশের প্রথমেই শ্রদ্ধা অর্থাৎ শাস্ত্রার্থে বিশ্বাস অতীব প্রয়োজন। উহার অভাব যেখানে, সেখানে ভক্তিপথে বা শ্রৌতপথে প্রবেশাধিকার নাই জানিতে হইবে। শ্রদ্ধা যাঁহার যে পরিমাণে হইয়াছে, তিনি সেই পরিমাণের ভক্তির অধিকারী।

> শ্রদ্ধাবান্ জন হয় ভক্তি-অধিকারী।
> 'উত্তম,' 'মধ্যম', 'কনিষ্ঠ'—শ্রদ্ধা-অনুসারী॥

এই শ্রদ্ধা বা বিশ্বাস প্রথম অবস্থায় চলা বা কোমলা থাকে—কখনও আসে কখনও যায়। পূর্ব পূর্ব জন্মের পুঞ্জীভূত সুকৃতিফলে এই শ্রদ্ধা লাভ হয় এবং ঐ সাধুসঙ্গেই ক্রমশঃ দৃঢ় হইতে দৃঢ়তর বা অচলা হইয়া থাকে। তখন সেই দৃঢ় শ্রদ্ধাকে নিষ্ঠা বলে। শাস্ত্র বলেন,—

> "'সাধুসঙ্গ', 'সাধুসঙ্গ', সর্বশাস্ত্রে কয়।
> লবমাত্র সাধুসঙ্গে সর্বসিদ্ধি হয়॥"
> "সাধুসঙ্গে কৃষ্ণভক্ত্যে শ্রদ্ধা যদি হয়।
> ভক্তি ফল 'প্রেম' হয়, সংসার যায় ক্ষয়॥"
> "কোন ভাগ্যে কারো সংসার ক্ষয়োন্মুখ হয়।
> সাধুসঙ্গে তবে, কৃষ্ণে রতি উপজয়॥
> কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে।
> গুরু অন্তর্যামিরূপে শিখায় আপনে॥"
> "তাতে কৃষ্ণ ভজে, করে গুরুর সেবন।
> মায়া জাল ছুটে, পায় কৃষ্ণের চরণ॥"

সাধুসঙ্গ হইলে ভগবৎ-সাম্মুখ্যলাভ তৎক্ষণাৎই হইয়া থাকে। সেইজন্য শাস্ত্র সর্বত্রই সাধুসঙ্গে সর্ব সিদ্ধির কথা কীর্তন করিয়াছেন। বাস্তবিক যদি সাধুসঙ্গ হয়, তাহা হইলে কৃষ্ণে রতি না হইয়া পারে না। কিন্তু অনেক সময় দেখা যায়, সৎসঙ্গে থাকা সত্ত্বেও আমাদের সংসার-মোহ কাটে না। ইহার কারণ কি? পুরুষের যদি অপরাধ থাকে তাহা হইলে সেই অপরাধ বশতঃ মানবগণ সজ্জনগণের নিকটে অনাদর-যুক্ত হয় অর্থাৎ তাঁহাদিগকে অন্তরের সহিত আদর করিতে পারে না। সেইজন্য এতাদৃশ অপরাধের শান্তি এবং সৎসঙ্গের ভগবৎ-সাম্মুখ্যজনন-বিষয়ে ভগবানের কৃপাসাহায্য অপেক্ষা করে। যদিও সৎসঙ্গই ভগবৎ-সাম্মুখ্যের একমাত্র কারণ, তথাপি অপরাধ সেইস্থলে প্রতিবন্ধক। ভগবৎ-কৃপাসাহায্যেই এই প্রতিবন্ধক দূরীভূত হয়।

শ্রীশ্রীল জীব গোস্বামী প্রভু ভক্তিসন্দর্ভে লিখিয়াছেন,—"ভগবৎকৃপাই ভগবৎ-সাম্মুখ্য বিষয়ে প্রাথমিক কারণস্বরূপ; পরন্তু উহা গৌণ। যেহেতু, ভগবৎবিমুখ জনগণ সাংসারিক অনন্তদুঃখ-সন্তাপযুক্ত হইলেও তাহাদের প্রতি ঐ ভগবৎকৃপা স্বতন্ত্ররূপে প্রবর্তিত হয় না; কারণ তাহা অসম্ভব। যেহেতু পরের দুঃখ স্বকীয় চিত্তে আরূঢ় হইলেই কৃপারূপ চিত্তবিকার ঘটিয়া থাকে। কিন্তু ভগবান্ সর্বদাই পরমানন্দস্বরূপ ও নিষ্পাপ বলিয়া শ্রুতিতে জীব অপেক্ষা তাঁহার বৈশিষ্ট্য প্রদর্শিত হইয়াছে। অতএব তেজোরাশিবিশিষ্ট সূর্যের যেরূপ অন্ধকার-সংযোগ সম্ভব হয় না, সেইরূপ ভগবানের চিত্তে তমোময় দুঃখের সংস্পর্শ সম্ভব হইতে পারে না বলিয়া ভগবানের চিত্তে কখনও কৃপার উৎপত্তি হইতে পারে না। অতএব তিনি যে কোন কার্যের অনুষ্ঠান, অননুষ্ঠান কিম্বা বিপরীত অনুষ্ঠানে সর্বরূপে বিরাজমান থাকিলেও বিমুখ পুরুষের কখনও তাহা হইতে সংসার-সন্তাপের শান্তি হয় না। অতএব অবশেষে সৎপুরুষগণের কৃপাই ভগবৎসাম্মুখ্যবিষয়ে মূলকারণরূপে উপলব্ধ হইতেছে। যদিও সজ্জনগণও তৎকালে সংসার-দুঃখ কর্তৃক স্পর্শের অযোগ্য, তথাপি জাগ্রদবস্থাপন্ন পুরুষ যেরূপ স্বপ্নকালানুভূত দুঃখের স্মরণ করিয়া থাকেন সেইরূপ সাধুগণও তাঁহাদের পূর্বকালীন সংসার-দুঃখ স্মরণ করিয়াই সাংসারিকগণকে কৃপা করিয়া থাকেন। ভগবানের যে কৃপা সাধুজনে বিদ্যমান, তাহা সৎসঙ্গকে আশ্রয় ক'রিয়াই হউক, অথবা সৎকৃপা আশ্রয় করিয়াই হউক, অপর জীবে সংক্রামিত হয়; পরন্তু স্বতন্ত্রভাবে হয় না, ইহাই চরম-সিদ্ধান্ত।"

ভগবান্ সদনুগ্রহশীল; অর্থাৎ সজ্জন-গণের দ্বারাই অন্য পুরুষের প্রতি কৃপা ক'রিয়া থাকেন। সজ্জনগণই ভগবানের মূর্তিমান্ অনুগ্রহ। অর্থাৎ ভগবানের যে অনুগ্রহ প্রাপঞ্চিক জগতে বিচরণ করে, তাহা সাধুর আকার ধারণ করিয়াই বিচরণ করিয়া থাকে, অন্যরূপে নহে। এই ভগবৎ-প্রিয় সাধুগণের সঙ্গ ভগবানের অনুগ্রহেই লাভ হইয়া থাকে।

> "ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
> গুরুকৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥"

সাধুর কৃপাই পরতত্ত্বের অভিজ্ঞানরূপ ভগবৎ-সাম্মুখ্য-লাভের একমাত্র উপায়। অন্য কোন উপায়ে ভগবৎ-সাম্মুখ্য বা ভগবৎসাক্ষাৎকার পাওয়া যায় না। প্রয়োজন-রূপ ভগবদ্ভক্তনই ভিতরে ও বাহিরে বস্তু-সাক্ষাৎকারপ্রদর্শক। শাস্ত্র বলিয়াছেন,—

> "মহৎকৃপা বিনা কোন কর্মে ভক্তি নয়।
> কৃষ্ণভক্তি দূরে রহু সংসার নহে ক্ষয়॥"

সাধুসঙ্গে জীবের কৃষ্ণভক্তি লাভ হয়। সাধুকৃপাবঞ্চিত ব্যক্তি ভক্তিভজন করিতে পারে না। যেখানে সাধুর আনুগত্য ছাড়িয়া ভগবদ্ভজনের অভিনয় দেখা যায়, সেখানে কেবল দাম্ভিকতাই প্রকাশ পায়; ফলে সিদ্ধি লাভ হয় না। সেজন্য বুদ্ধিমান্ ব্যক্তিগণ গুরুদেবতাত্মা হইয়া অর্থাৎ গুরুই দেবতা, ঈশ্বর এবং আত্মা অর্থাৎ শ্রেষ্ঠ—একরূপ জানিয়া তদাশ্রয়ে ভগবদ্ভজন করিয়া থাকেন এবং গুরুকৃপাতে ভগবদ্ভজন করিতে করিতে ভগবৎ-সাক্ষাৎকার-লাভে কৃতকৃতার্থ হন।

শাস্ত্র ও শ্রদ্ধা

(শ্রীসান্ত্বনা দেবী)

শাস্ত্র আলোচনা করিতে গিয়া বা শাস্ত্রের অনুগত হইতে গিয়া ত্রিগুণাবদ্ধ জীব আমরা শতকরা শত জনই প্রায় সংশয়সাগরে উপনীত হইয়া থাকি। প্রথমতঃ আমাদের একরূপ ধারণা হইয়া থাকে যে, শাস্ত্র যদি মানিতে হয়, তবে সকল শাস্ত্রই মানিয়া চলা উচিত। কোনও শাস্ত্র মানিব, আবার কোনও শাস্ত্র মানিব না, এরূপ হইতে পারে না। দ্বিতীয়তঃ মনে হয় যে, শাস্ত্র মানিয়া লাভ নাই, যাহার যেরূপ শ্রদ্ধা, সে সেই-ভাবে চলিলেই হইল। তাহা শাস্ত্র-কথিত বিধি-সম্মত হউক, বা নাই হউক তাহাতে কিছু আসে যায় না। আবার কখনও এরূপও হয় যে, শাস্ত্রবিধির কঠোরতা শ্রবণ করিয়া অন্তরে অন্তরে শঙ্কিত হইয়া বিচার করিয়া বসি যে, এ পর্যন্ত যত যত ভক্তের কথা শুনা গিয়াছে তাঁহাদের সকলেরই কি শাস্ত্র-জ্ঞান ছিল? না পাণ্ডিত্যাদি ছিল? অতএব আমরাও ঐরূপ ভক্তগণের অনুসরণে এক এক জন ভক্ত হইলেই হইল। অত শাস্ত্রাদি আলোচনা বা পাণ্ডিত্যে প্রয়োজন কি? গীতার সপ্তদশোঽধ্যায়ে শ্রদ্ধাত্রয়-বিভাগ-যোগ পাঠে জানিতে পারা যায়, ভগবানকে অর্জুন জিজ্ঞাসা করিতেছেন যে, যাঁহাদের শ্রদ্ধা শাস্ত্রের বিপরীতভাবে অনুশীলিত হয় অথবা

যাঁহারা শাস্ত্রবিধি পরিত্যাগ পূর্ব্বক শ্রদ্ধার আশ্রয়ে যজন করেন, তাঁহাদের গতি কি হয়? অর্জ্জুনের প্রশ্নের উত্তরে ভগবান্ বলিয়াছেন,—

"ত্রিবিধা ভবতি শ্রদ্ধা দেহিনাং সা স্বভাবজা।
[illegible] রাজসী চৈব তামসী চেতি তাং শৃণু॥"

দেহীদিগের স্বভাবজনিত শ্রদ্ধা তিন প্রকার সাত্ত্বিকী, রাজসী ও তামসী। যিনি যেরূপ শ্রদ্ধার আশ্রয়ে যজন করিয়া থাকেন, তাঁহার সেই সেই গতিই লাভ হইয়া থাকে।

শ্রদ্ধা হইলেই হইল না তাহার ভিতরে যেরূপ তারতম্য আছে, সেরূপ শাস্ত্র বলিলেই শাস্ত্র হইল না, তাহার ভিতরেও কি তারতম্য আছে তাহা দেখার প্রয়োজন। কোন্ শাস্ত্রে শ্রদ্ধাবিশিষ্ট ব্যক্তির ভগবৎস্বরূপ বলিয়া আত্মপরিচয় পাওয়া যায়, তাহা আমরা আলবন্দার যামুনাচার্য্যকৃত স্তোত্ররত্নে জানিতে পারি। তিনি বলিয়াছেন,

"ত্বাং শীল-রূপ চরিতৈঃ পরম প্রকৃষ্টৈঃ।
সত্ত্বেন সাত্ত্বিকতয়া প্রবলৈশ্চ শাস্ত্রৈঃ॥
প্রখ্যাতদৈবপরমার্থবিদাং মতৈশ্চ।
নৈবাসুরপ্রকৃতয়ঃ প্রভবন্তি বোদ্ধুম্॥"

হে ভগবন্, তোমার অবতার-তত্ত্বজ্ঞ পরমার্থ-বিদ্ ব্যাসাদি ঋষিগণ প্রবল সাত্ত্বিক শাস্ত্র দ্বারা তোমার শীল, রূপ, চরিত্র ও পরম সাত্ত্বিকভাব লক্ষ্য করিয়া তোমাকে জানিতে পারে, কিন্তু রাজস ও তামস গুণবিশিষ্ট অসুরপ্রকৃতি জীবগণ তোমাকে জানিতে সমর্থ হয় না।

সত্ত্ব, রজঃ ও তমোগুণ অতিক্রম করিয়া শুদ্ধসত্ত্বে প্রতিষ্ঠিত না হইতে পারিলে ভগবান্ বাসুদেবের অধিষ্ঠান সম্ভব হয় না। তাই এস্থলে শ্রীপাদ যামুনাচার্য্য প্রবল সাত্ত্বিক ও পরম সাত্ত্বিক শব্দের ব্যবহার করিয়াছেন। মহাদেব কর্ত্তৃক শ্রীভগবানের স্তবেও আমরা শুনিতে পাই, তিনি বলিয়াছেন,—

"সত্ত্বং বিশুদ্ধং বসুদেবশব্দিতং
যদীয়তে তত্র পুমানপাবৃতঃ।
সত্ত্বে চ তস্মিন্ ভগবান্ বাসুদেবো
হ্যধোক্ষজো মে মনসা বিধীয়তে॥"

আমরা অনেক সময় আমাদের নিজ নিজ রুচি অনুযায়ী সাধু, গুরু ও শাস্ত্র পছন্দ করিয়া লইয়া থাকি। অর্থাৎ আমার ইন্দ্রিয়ের মধ্যে যাহাকে পুরিয়া লইতে পারি তাহাই আমার গ্রাহ্য। তদতিরিক্ত যাহা কিছু তাহা অগ্রাহ্য। এই ভ্রম অপনোদনের জন্য শ্রীমদ্ভাগবতগ্রন্থ ও পরম প্রাধ্য শ্রীশ্রীল প্রভুপাদ অধোক্ষজ-শব্দটী প্রচুর পরিমাণে ব্যবহার করিয়াছেন। অক্ষজজ্ঞানের দ্বারা অধোক্ষজবস্তুকে মাপিতে গেলে সাধু, গুরু ও শাস্ত্রে শ্রদ্ধার পরিবর্ত্তে জ্ঞানে বা অজ্ঞানে অশ্রদ্ধারই বিষময় ফল উদ্গীরণ করে। ত্রিগুণাক্রান্ত ব্যক্তির রাজসিক ও তামসিক শাস্ত্রেই শ্রদ্ধা হইয়া থাকে। ত্রিগুণাতীত ব্যক্তির নিকট নির্গুণ শাস্ত্রই আদরণীয় হইতে দেখা যায়। শাস্ত্র কাহাকে বলে, তাহা প্রকৃত শাস্ত্রকারগণের সিদ্ধান্ত জানিয়া লইতে পারিলে আমাদের সুবিধা হয়।

"ঋগ্‌যজুঃ সামাথর্ব্বাশ্চ ভারতং পঞ্চরাত্রকম্।
মূল রামায়ণঞ্চৈব শাস্ত্রমিত্যভিধীয়তে॥
যচ্চানুকূলমেতস্য তচ্চ শাস্ত্রং প্রকীর্ত্তিতম্।
অতোঽন্যগ্রন্থবিস্তারো নৈব শাস্ত্রং কুবর্ত্ম তৎ॥"
(মধ্বভাষ্যধৃত স্কান্দবচন।)

ঋক্, যজু, সাম ও অথর্ব্ব এই চারিবেদ এবং মহাভারত, মূল রামায়ণ ও পঞ্চরাত্র এই সকল শাস্ত্র বলিয়া কথিত হইয়াছে। ইঁহাদের অনুকূলে যে সকল গ্রন্থ তাহাও শাস্ত্র মধ্যে পরিগণিত। এতদ্ব্যতীত যে সকল গ্রন্থ তাহা শাস্ত্র নহেই, বরং তাহাকে 'কুবর্ত্ম' বলা যায়। কাজেই বুদ্ধিমান্ ব্যক্তি প্রকৃত শাস্ত্র কাহাকে বলে, তাহা জানিয়া লইয়া শাস্ত্রানুগত হইলে লাভবান্ হইতে পারেন।

আমাদের প্রত্যেকের নিজ নিজ রুচি অনুযায়ী শ্রদ্ধা দুর্ভাগ্যক্রমে সাধু, শাস্ত্র ও ভগবানে প্রযোজিত না হইয়া ক্ষুদ্র ক্ষুদ্র অনিত্যবস্তুতে হইয়া থাকে। শ্রদ্ধার এই অপব্যবহারের দরুণ আমাদের জন্ম জন্মান্তরব্যাপী বিষয়ে আসক্তিরূপ ভবব্যাধি মোচন হইতে পারে না। রোগীর রোগ যদি ঠিক ধরিতে না পারিয়া তাহাকে ঔষধ প্রয়োগ করা হয়, তবে তাহার দ্বারা কোনও সুফল পাওয়া যায় না। সেইরূপ আমাদের শ্রদ্ধাও যদি নিত্য, সত্য, পূর্ণবস্তুতে না হইয়া যেখানে সেখানে হয় তবে তাহাতে কোনও মঙ্গলোদয়ের সম্ভাবনা থাকে না। শাস্ত্রের অনুগত হইতে গেলেই নানারূপ বিধি মানিয়া চলিতে হয়। শাস্ত্রাদেশপালনরূপ বিধি মানিতে গেলেই আমাদিগকে তাহার অধীনতা স্বীকার করিতে হয়। প্রত্যেক জীব-স্বরূপেই অধীনতা বা দাসত্বরূপ ধর্মটী অনুস্যূত রহিয়াছে, কিন্তু বদ্ধজীব ভগবানের অধীনতা, শাস্ত্রের অধীনতা বা সাধু-গুরুর অধীনতা কিছুতেই স্বীকার করিতে চাহে না। এই মঙ্গলময়ী অধীনতা স্বীকার না করিলে আমাদের স্বরূপের ধর্ম বিরূপগ্রস্ত হইয়া জগতের অনিত্য পদার্থ সমূহে যথা দেহ গেহ, ধন জন, বিলাস-ব্যসনাদি, মন, বুদ্ধি, অহঙ্কারাদির অধীনতা করিতে করিতে অমঙ্গলের পথ প্রশস্ত করিয়া থাকে। নিষ্কপটভাবে শাস্ত্রে শ্রদ্ধা হইলে বা শাস্ত্রানুগত হইয়া চলিতে পারিলে আমরা এই সকল অনর্থের হাত হইতে মুক্তিলাভ করিতে পারি। শ্রীচৈতন্যচরিতামৃতগ্রন্থে শ্রীশ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

"শাস্ত্রযুক্ত্যে সুনিপুণ দৃঢ় শ্রদ্ধা যাঁ'র।
উত্তম অধিকারী তেঁহো, তারয়ে সংসার॥"

মিলন প্রস্তাবে

(শ্রীপাদ সচ্চিদানন্দ দাসাধিকারী)

(১)

অসতের সঙ্গে হ'লে সতের আপোষ।
দুঃখ নাহি কর মন! কিবা তায় দোষ॥
কে না হবে সুখী, হেরি এ মহামিলন।
জোনাকের তত্ত্বের এই "নিউ এডিসন"॥

(২)

অমাবস্যা পূর্ণিমায় হ'বে আলিঙ্গন।
তেলে জলে মিশে হ'বে অপূর্ব্ব মিশ্রণ॥
মুড়ি মিশ্রী এক দরে বিকাবে বাজারে।
সুখী তার নাহি হ'বে কোন্ মূর্খ নরে॥

(৩)

গঙ্গার পবিত্র বারি নর্দমার জল।
অমৃতের সুধা আর তীব্র হলাহল॥
এসব মিশিয়ে হবে যেই সঙ্গৌষধ।
চিরদিন খাইবে সকলে, পিয়ে নিরবধি॥

(৪)

প্রাকৃত কড়ীর কাম আর শুদ্ধ প্রেম।
এক দরে বিকে যাবে'যথা শুদ্ধ হেম॥
কৃষ্ণবাঞ্ছাপূর্ত্তি আর অন্য অভিলাষ।
সম হবে সেবা আর ভোগীর বিলাস॥

(৫)

ব্রজগোপী আর ঘৃণ্য বারবিলাসিনী।
কামুক লম্পট আর প্রেমধনে ধনী॥
এদের মাঝারে আর ভেদ নাহি রবে।
তুলাদণ্ডে পদধূলি সবে দিবে লবে॥

(৬)

মণিমুক্তা আর যত প্রস্তর-কঙ্কর।
হেরিবে না ভেদ তায় কোন্ 'বুধ' নর॥
পুরীষ চন্দন সম হবে সমাদৃত।
সমস্তে আলিঙ্গিবে হয়ে মহাপ্রীত॥

(৭)

দুর্জ্জন সজ্জন ব'লে না রবে বিচার।
সে সব বাছিতে আর মাথা ব্যথা কা'র॥
'অপসম্প্রদায়' সব "বন্ধু-বান্ধব তারা"।
কার সাধ্য এর পরে খুঁজিয়া পায়॥

(৮)

শ্রীগুরু-নিন্দক তাঁর হিতৈষিকারী।
গুরুদেব-আজ্ঞা তাঁর পরাভবকারী॥
সাধক নরকপ কিম্বা উদ্দেশ্য তাঁ'দের।
ভেদমাত্র নাহি রবে কিছুরে এ'দের॥

(৯)

গুরুদেবে কুশুক্তা কিম্বা কুতর্ক।
"কৃষ্ণ"-জ্ঞান তাঁর কিম্বা "মনুষ্য" আরোপণ॥
এর মাঝে অন্তর যে কে'বে ভেদ।
কে বলিবে সেই ভাবে শাস্ত্রভর বেদ॥

(১০)

দ্রৌপদীর বস্ত্রহারী পাপী দুঃশাসন।
পাণ্ডবের প্রিয়তম ভৌক্ নর্কগণ॥
জিতেন্দ্রিয় বেশধারী সে দুষ্ট রাবণ।
ব্রজাঙ্গনা করুক প্রেমে আলিঙ্গন॥

(১১)

জটায়ু করুক কিম্বা তাহার স্মরণ।
কংসেরে করুক কৃষ্ণ প্রেম-সম্ভাষণ॥
বিশ্বের মধ্যস্থতা ঘটা'ক মিলন।
শান্ত হয়ে তাতা দেখ ওহে দুষ্ট মন॥

(১২)

মধুর মধুর এই মঙ্গল মিলন।
কত নাহি পারা হেরিক নিষ্ঠ বিড়ম্বন॥
'সমন্বয়' 'সমন্বয়' সর্ব্ব জনে কয়।
জয় জয় সম্মিলন জয় সমন্বয়॥

"মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্ যততি সিদ্ধয়ে।"
সমাজনে এই বাক্য যা'ক দূরে দূ'রে॥
"[illegible]
পারং গতা ভিদবিদোঽভবসাগরস্য।
সমর্পণঃ বিশ্বমিদং যোগিতাক
হা হন্ত হন্ত বিরলাদর্শনোঽস্য সাধুঃ॥"
এই সারবাক্য কিম্বা সাধু-উপদেশ।
শুনিবে না কেহ আর বিনা বোকা মেষ॥
"বৈষ্ণবানাং সহস্রেভ্যঃ একান্তিকো বিশিষ্যতে।"
লুপ্ত হ'ক এই বাক্য মুখ্য যথা হ'তে॥
উভয় পক্ষেতে হ'লে তব উপকার।
সন্ধিপত্র স্বীয় শীয় স্বাক্ষরিত হ'ক॥
"অহং দ্বিজোহা'ভিনিবেশতঃ তাদৃশ্যাংশেন 'বিপর্য্যয়োঽস্মৃতিঃ"।
ভক্তদের হৈতে কেন হইবে 'বিস্মৃতি?

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

ভগবদ্ভক্তের ভাষায় 'সম্বন্ধ' কথাটী পরম প্রয়োজনীয়—যেহেতু তাঁ'রা ভগবানের ভক্তি আলোচনা করেন। সেই ভক্তি 'সম্বন্ধের' পরবাচ্য। যে কোন শব্দই উচ্চারিত হউক না কেন, তা'তে কিপ্রকারে কৃষ্ণসেবা হয়; সেই শব্দে কিপ্রকার সেবাসম্বন্ধ অবস্থিত আছে তা' অনুভব করবার সুযোগ হ'লেই সর্ব্ব অমঙ্গল বিনষ্ট হয়।

সকল কথাই বিষ্ণু। যত কথা, সব গুরে ফিরে বিষ্ণুতে পর্য্যবসিত হয়। যত কিছু শব্দ আছে, তা'তে কৃষ্ণসম্বন্ধ যোজনা না করতে পারলেই তা' শব্দের 'অজরূঢ়ি' বা অপরূঢ়ি, আর কৃষ্ণ সম্বন্ধে নির্দ্দিষ্ট ক'রতে পারলেই তাতে শব্দের 'বিদ্বদ্রূঢ়ি' প্রকাশিত হয়। অক্ষজদর্শনকারী শব্দসমূহকে ভোগ্যের পথে ধা'বত করবার জন্য যে চেষ্টা হয়, তা' নিরস্ত ক'রে সকল বাক্যকে কৃষ্ণসেবার নিযুক্ত করাই বাক্যের ধারণ। বাক্যকে যা'র বিদ্বদ্রূঢ়ি আবিষ্কার না ক'রে, তা'দের তা'তে অনুকূলভাবে কৃষ্ণের অনুশীলন হয় না—কখনো প্রতিকূল ভাবের অনুশীলন হ'য়ে যায়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ-মায়াপুর

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর,গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থাদি-প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, সেবাচতুষ্টয়-সেবায় শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্‌মনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রোত্রাচার্য্য শ্রীপাদ নবীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী।

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীমাধবদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণ শ্রীমায়াপুর

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগবন্ধুদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিপাবন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁদপুর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীশ্যামসুন্দর ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদর্জ্জুনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতাড়া -(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোপীবল্লভ অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিমণ্ডপ

(১৯) একায়নমঠ

যোগিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরঘুনাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীগিরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীকুঞ্জেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা। পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীশ্যামদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীধর্ম্মকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীপ্রণব ভক্তিশাস্ত্রী এম এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমেশ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

জলাপাহাড়, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিয়ার, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক শ্রীকৃষ্ণস্বরূপ ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমনা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৩২নং দশাশ্বমেধ, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) একচক্রানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গৌড়বাটী

রক্ষক—ডক্টর শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গৌড়বিহারী মঠ—সেবাকুঞ্জ

পোঃ হোডাল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগৌড়বিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং হনুমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু-ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণধাম বিল্‌ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশপলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীদাদা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকণিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীজগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাহু (ঢাকা)

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনেশ্বর,-পোঃ চিত্রকুলা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ভাউনরোড

গ্ল্যাষ্টন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

১লা আগষ্ট, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
দাদখানি	৬৷০
বালা চাল	৫৸০
ঐ নতুন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
বাঁকতুলসী	৫৷০
পাটনাই নতুন	৪৶০
ঐ পুরাতন	৫৲
রেঙ্গুন কোয়ালিটি সিদ্ধ রেঙ্গুন	৩৸৶০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
দেশোয়ারী	১০৲-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০-৫৷৶
ঐ দাদখানি	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ রেঙ্গুন	৩৶০

চিনির দর

ইং, টাইগ	১০৷৶০
...ম ১০০০ নং	১০৶০
...দানা	৯০
...র সাদা	৮৷০—৯৶০
...র লাল	৭৷৶০—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

...র বার	৩৪৷০
...	২২৲
...গিনিবার	৫২৷০

পাটের দর

...—	৪০৸০
...—	৪০৸০
...—	৪১৷০
...বরের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

...ময়দা প্রতি মণ	৬৷০—৬৷৶০
...ইন ঐ	৬৲—৬৶০
...জোড় ঐ	৫৷৶০—৫৸০
	৬৲—৬৶০
(বি)	৫৸০—৫৸৶০
...নং (২	৫৶০—৫৷৶০
(এল)	৫৲—৫৷০
(কে)	৪৸০—৪৸৶০
...আটা নং (৩)	৩৷০—৩৷৶০
গোলাটি	১৪৶০—১৸০
...সুজি	১৪৶০—১৪৶০

ঘৃতের দর

...ওয়া	৫৭৲
...কাবীজ	৫৭৲
...নেয়ারী	৫০৲
...ন্দী	৪৫৲

পাতিবুরাম	৪২৷০
...	৪৬৲
কাবুলে	৩৬৲
গাওয়া ঘাওয়া	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— ·দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৸০—৯৷০
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৸০—৮৷০
ঐ টাটা টেসটেড জয়েষ্ট বীমসব সাইজ	১০৷
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸০
বরগা (টি আয়রণ)	৮৸০—৯৷০
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷০—৯৲
টাটা গ্যাঃ করগেট টিন।	
২৪ গেজ—	১৩৷০
২৬ গেজ—	১৩৶০
২৮ গেজ—	১৫৷০
টাটা গ্যাঃ প্লেন সীট।	
২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
২৮ গেজ—	১৫৲
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ	
সীস	১৷৶৫—৸০
বাগান বেড়া কাটা তার (বান্ডিল)	১০৷০
প্লেট কাটিং বা ডিট, কাটা দর	৩৷০—৪৲
পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা	৭৷০—৮৲ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাত, গোলটু গরাদে	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের রড	৯৸০—১২৲
মুঃ ইস্পাত আসল ২৩৲,	নকল ২১৲

১টবলের হাপর ৫৶০, পাটের হাপর ৬৷০

তুলার হাপর ৪৸০

তুলের দর

কলিকাতা ২৬শে জুন,

আমেরিকান দোলার কাইন	৫৪৲
মিট ল আমেরিকান কড়ক	৪০৲
কণাদি সুরতির কাইন	৪৩৲
হাবশী ...	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মশলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
পাকা লাল	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷০—১১৷০
শুট বরিশাল	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স লিঃ

৬-৫ বনমালী বাড়ী,গোলাপটি, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাত্বিক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা রহিয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছেন।

অন্যান্য ছাত্রদের অতিরিক্ত সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৬৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়।

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—১১	১৭—৫৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—১৭,	১১—৩	১৪—০	১৮—১,	২০—০৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৫৫	১১—১০,	১৪—৯	১৮—১৩	২০—১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৫৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের



ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য প্লীহা-যকৃতের প্রাণঘাতী একমাত্র উপায় বলিয়াই ... কার্য্যতঃ অভাব আছে। ... মাত্রা ... ব্যবহার করিয়া দেখুন যে আপনার অবস্থার সাথক হয় কিনা। ... ছোট বোতল ৮০ আনা, বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ... রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেলঘরিয়া, ২৪ পরগণা।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের দ্বন্দ্বময় যুগে এই গ্রন্থখানি পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের ব্যাখ্যা, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য, সামবর্ণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে উৎসুক, তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে অকারাদি শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আখ্যা শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী এম-এ মহোদয়ের শ্রীগবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে ... এবং ... জীবনচরিত পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০টি অধ্যায়ে প্রায় ... পৃষ্ঠা ব্যাপী। ও'ঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা,—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,

১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট

বাগবাজার, কলিকাতা।

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব আরম্ভ হইয়াছে।

দৈনিক নদীয়া-প্রকাশ

——:(০):——

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি পংক্তিতে ।০	৷৵০	৷৵০	।০
" ইঞ্চি ২	১৷০	১৷০	১৲
সিকি কলম ৫৲	৪৲	৪৲	৩৲
অৰ্দ্ধকলম ৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম ১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬০	২৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অৰ্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৵৫; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে।
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬এ নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REGD NO C 1544

ভারতের সর্ব্বত্র সমাদৃত-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১০ই ভাদ্র, ১৩৪৪, ২৬শে আগষ্ট, ১৯৩৭, বৃহস্পতিবার [সংখ্যা ১৫৩]

বিবিধ সংবাদ

—(০:০:০)—

রসায়ন ও গণিতশাস্ত্র গবেষণার বৃত্তি

পাটনার বিহারপতি মুসোলমান শিক্ষামন্ত্রী ডাঃ সৈয়দ মাহমুদকে একখানি চিঠিতে জানাইয়াছেন যে, তিনি একজন পোষ্ট গ্রেজুয়েট ছাত্রকে রসায়নশাস্ত্র গবেষণার জন্য মাসিক ১০০্ টাকার একটি বৃত্তি এবং তৃতীয় বার্ষিক শ্রেণীর দুইজন ছাত্রকে গণিত ও রসায়নশাস্ত্র গবেষণার জন্য মাসিক ১৫ টাকা করিয়া দুইটি বৃত্তি দিতে ইচ্ছা করেন। [illegible] ছাত্রদের বৃত্তিদানের [illegible] ম্যাজিষ্ট্রেট [illegible] টাকা দান করিয়াছেন। [illegible] হইয়াছে।

মাদ্রাজে মাদক নিবারণের চেষ্টা

মাদ্রাজ চিঙ্গলপেটের কালেক্টরের অফিসে গত [illegible] আগষ্ট সন্ধ্যায় চিঙ্গলপেট ডিষ্ট্রিক্ট বোর্ডের কাউন্সিলের এক সভা হয়। মদ্যদোষ নিবারণের উদ্দেশ্যে [illegible] আলোচিত হয়। [illegible] গবর্ণমেন্টের নিকট [illegible] প্রার্থনা করিবার চেষ্টা করিতে পারেন।

রাজনৈতিক মতামতের জন্য দেওয়া হইবে না

কর্পোরেশন মিউনিসিপ্যালিটির কর্ম্মচারী সমিতির [illegible] বার্ষিকী অনুষ্ঠানের সভাপতি স্থানীয় স্বায়ত্ত-শাসন বিভাগের মন্ত্রী বাবু [illegible] প্রসঙ্গে বলেন, ভবিষ্যতে মিউনিসিপ্যালিটির কোনও কর্ম্মচারীর রাজনৈতিক মতামতের জন্য শাস্তি পাইতে হইবে না। স্থানীয় প্রতিষ্ঠানসমূহের কর্ম্মচারীদের [illegible] এই যে, অনেক সময় [illegible] পরিবর্ত্তন হইলে কর্ম্মচারীর বদল করা হইয়া থাকে। [illegible] স্থির করিয়াছেন যে, মিউনিসিপ্যালিটির কর্ম্মচারী নিয়োগের জন্য একটি [illegible] গঠিত হইবে এবং কর্ম্মচারীদিগকে এক মিউনিসিপ্যালিটি হইতে অন্য মিউনিসিপ্যালিটিতে বদলী করা যাইবে। তিনি [illegible] একটি বিল আনিবেন।

ডাকাতদলের ভীষণ অত্যাচার

গত [illegible] আগষ্ট রাত্রিতে [illegible] থানার অধীন [illegible] গ্রামে শ্রীযুক্ত [illegible] বাড়ীতে ডাকাতি হইয়া গিয়াছে।

প্রকাশ, একদল ডাকাত [illegible] [illegible]

সিংহলের পল্লীতে স্ত্রীলোকদের ভোটাধিকার রদ

গত ২১শে আগষ্ট [illegible] [illegible]

ব্যাঙ্ক-প্রতারণা মামলা

[illegible]

বাঙ্গালোরে দুই হাজার ছাত্রের সভা ও শোভাযাত্রা

[illegible]

মঠ হইতে চোরা মাল

[illegible]

দৈনিক নদীয়াপ্রকাশ

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সম্পূর্ণ ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। আকারে বিরাট শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। আকারে শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ১৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমণি (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। বাহ্মণ-আদর্শ ৷০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-গান ৷৵০
২২। ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল বাঙ্গালা ভাষা ৷০
২৭। দুর্গমসঙ্গমনী ও শ্রীগৌরকৃষ্ণোদয় (সানুবাদ) ২৲
২৮। বেদান্ত তত্ত্বসার (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵০
৪৬। অর্চ্চনকণ ৵০
৪৭। সদাচারবৃত্তিঃ ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। প্রমেয়রত্নাবলী ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। গুর্ব্বষ্টকাদি বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণবোধ ৶০
৫৯। শ্রীচৈতন্যদর্পণ ৶০
৬০। "সারস্বতী" ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীতত্ত্বসারঃ ৷০
৬২। শ্রীভক্তিসিদ্ধান্ত দিগ্বিজয়ঃ ৷০
৬৩। শ্রীকৃষ্ণ-শিক্ষাষ্টকমূলম্ ৷০
৬৪। স্তবমালা ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ
৬৯। এ কিউ ওয়ার্ড স অন্ বেদান্ত ৷০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইট্স্ মরফলজী অ্যাণ্ড অণ্টলজি ৷০
৭২। সিলেক্টেড ওয়ার্ক্স ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্ট্স্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। রেজাপট্ গৌড়ীয়মঠ ইন্ ভুইং ৵০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপল্ অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোসন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (১ম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০ শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১ সাধন পথ ৷০
৮২ কল্যাণ-কল্পতরু ৵১০
৮৩ গীতাবলী ৵০
৮৪ শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৪৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তের অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী-মহারাজ-সম্পাদিত-ইংরেজী পাক্ষিক, পত্রিকা ষাণ্মাসিকে প্রকাশিত হয়। সডাক ২ টিকা ৪৷০ কলিকাতা বাগবাজারে শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিকভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—তিনিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীগৌর-জেলায় মঠে হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ দাসাপাল সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
লোককল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কীত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-দর্শনের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীনদীয়া-প্রকাশ

বিশ্বে একমাত্র দৈনিক

— পারমার্থিক পত্র —

শ্রীধাম-মায়াপুর, নদীয়া

অনাসক্তস্য বিষয়ান্
যথার্হমুপযুঞ্জতঃ।
নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে
যুক্তং বৈরাগ্যমুচ্যতে॥
প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা
হরিসম্বন্ধিবস্তুনঃ।
মুমুক্ষুভিঃ পরিত্যাগো
বৈরাগ্যং ফল্গু কথ্যতে॥

আরাধ্যো ভগবান্ ব্রজেশ-
তনয়স্তদ্ধাম বৃন্দাবনং,
রম্যা কাচিদুপাসনা
ব্রজবধূবর্গেণ যা কল্পিতা।
শ্রীমদ্ভাগবতং প্রমাণমমলং
প্রেমা পুমর্থো মহান্,
শ্রীচৈতন্যমহাপ্রভোর্মতমিদং
তত্রাদরো নঃ পরঃ॥

১২শ বর্ষ ॥ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ১০ই ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ২৭শে, আগষ্ট ইং ১৯৩৭, শুক্রবার } ১৭৩তম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

:০:

সজ্জনতোষণী বা হারমনিষ্ট

পাঠকগণ অবগত আছেন যে, জগদ্গুরু শ্রীশ্রীল প্রভুপাদ অকস্মাৎ অপ্রকট-লীলা প্রকাশ করায় তাঁহার সম্পাদকতায় পরিচালিত শ্রীগৌড়ীয়মিশনের অন্যতম পাক্ষিক পত্রিকা 'সজ্জন-তোষণী' বা 'হারমনিষ্ট'র সেবাকার্য্য কিছুদিন ধরিয়া লোকলোচনের অন্তরালে ছিলেন। বর্ত্তমানে গৌড়ীয়মঠাচার্য্য পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পুরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুপাদের সেবাধ্যক্ষতায় ত্রিদণ্ডিপাদাগ্রণী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ ও গৌড়ীয়মঠ-সম্পাদক মহামহোপদেশক অধ্যাপক আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী, এম্-এ মহোদয়ের সেবোৎসাহে অতি শীঘ্রই উক্ত পত্রিকা নব নব প্রবন্ধাবলীতে বিভূষিত হইয়া নব পর্য্যায়ে প্রকাশিত হইতেছেন। পূর্ব্বের ন্যায় প্রতি একাদশীতেই শ্রীপত্রিকা প্রকাশিত হইবেন। পরমার্থ-পিপাসু সজ্জনগণ সতর্ক হউন।

শ্রীধাম-দর্শনের অপূর্ব্ব সুযোগ

গঙ্গার জল বর্দ্ধিত হইয়া শ্রীধাম-মায়াপুর শ্রীমন্মহাপ্রভুর আলয়ের গেটের সম্মুখে, শ্রীবাস-অঙ্গনের সম্মুখে এবং শ্রীচৈতন্যমঠের গেট পর্য্যন্ত আসিয়াছে। শ্রীধাম-দর্শনের এই অপূর্ব্ব সুযোগ গ্রহণ করিয়া এবং শ্রীশ্রীকৃষ্ণের ঝুলনযাত্রার মহামহোৎসবের দর্শনার্থী হইয়া বাংলার বিভিন্ন জেলার বিভিন্ন স্থান হইতে বহু সুকৃতিমান্ ব্যক্তি শ্রীধাম-দর্শন করিয়া ও শ্রীধামবাসী শুদ্ধভক্তমুখ-বিগলিত শ্রীবৈকুণ্ঠবাণী শ্রবণে নিত্য সুকৃতি অর্জ্জন করিতেছেন।

শ্রীমাধবগৌড়ীয়মঠে বক্তৃতা

বিগত ৬ই ভাদ্র রবিবার ঢাকা শ্রীমাধব-গৌড়ীয়মঠের সাপ্তাহিক অধিবেশনের সভায় 'গৌড়ীয়'-সম্পাদক মহামহোপদেশক শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় "ভোগ ও সেবা" সম্বন্ধে সন্ধ্যা ৭॥ টা হইতে রাত্রি প্রায় ৯টা পর্য্যন্ত একটী সারগর্ভ বক্তৃতা প্রদান করিয়া ভোগ ও সেবা বাহ্যদৃষ্টিতে এক প্রকার মনে হইলেও এতদুভয়ের মধ্যে কি প্রকার আকাশ-পাতাল ভেদ রহিয়াছে, তাহা শাস্ত্রযুক্তি-প্রমাণের দ্বারা অতি বিশদভাবে সকলকে বুঝাইয়া দেন। ঢাকা ও তৎপার্শ্ববর্ত্তী স্থানসমূহের বহু পুরুষ ও মহিলা এই সভায় যোগদান করিয়াছিলেন। বক্তৃতা-শ্রবণে সকলেই বিশেষ উপকৃত ও আনন্দিত হইয়াছেন।

মাধবগৌড়ীয়মঠে ও শ্রীগোপাল-জিউর মঠে হিন্দোলযাত্রা মহোৎসব

গৌড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায়ৈকসংরক্ষক পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের কৃপাদেশে ও তদীয় একান্ত আনুগত্যে বিগত ১লা ভাদ্র মঙ্গলবার হইতে ৫ই ভাদ্র শনিবার পর্য্যন্ত ঢাকা [illegible]গৌড়ীয়মঠে শ্রীশ্রীবিনোদবিহারী জিউ এবং কমলাপুর শ্রীগোপালদেবের মঠে শ্রীশ্রীগোপালদেবের হিন্দোল-মহোৎসব মহাসমারোহে সম্পন্ন হইয়াছে।

শ্রীমাধবগৌড়ীয়মঠের নব [illegible] মন্দিরের সম্মুখে একটি সুন্দর চন্দ্রাতপের নিম্নে একদিকে শ্রীশ্রীগোপালদেব ও অপরদিকে শ্রীশ্রীবিনোদবিহারী জিউ কারুকার্য্যখচিত রৌপ্যনির্ম্মিত সুরম্য সিংহাসনোপরি দোদুল্যমান হইয়া দর্শকগণের নয়ন-মন আকর্ষণ করিতেছিলেন। প্রত্যহ সন্ধ্যা ৭॥০টা হইতে রাত্রি প্রায় ৯টা পর্য্যন্ত হিন্দোলযাত্রা উৎসব দর্শনার্থী হইয়া অসংখ্য পুরুষ ও মহিলা শ্রীমঠে আগমন করেন। সব দিনই প্রাতে উষঃকীর্ত্তন, শ্রীচৈতন্যভাগবত পাঠ এবং সন্ধ্যা ৭॥০টা হইতে রাত্রি প্রায় ১০টা পর্য্যন্ত শ্রীমদ্ভাগবত পাঠ, ব্যাখ্যা ও মহাজন-পদাবলী কীর্ত্তন হইয়াছে। সমাগত জনগণকে মধ্যে মধ্যে প্রসাদও বিতরণ করা হয়। শ্রীপাদ রাধারমণ ব্রজবাসী ভক্তিশাস্ত্রী প্রভুর তত্ত্বাবধানে ও সেবা-চেষ্টায় শ্রীমাধবগৌড়ীয়মঠের এই ঝুলনযাত্রা উৎসব এবং শ্রীপাদ শ্যামদাস ব্রজবাসী প্রভুর তত্ত্বাবধানে ও সেবা-চেষ্টায় কমলাপুর গোপালজীউ মঠের উৎসব সাফল্যমণ্ডিত হইয়াছে। শ্রীবিগ্রহের পূজাদি-সেবা-কার্য্যে ব্রহ্মচারী শ্রীবামনদাসজীর অক্লান্ত পরিশ্রম প্রশংসনীয়।

দিল্লীগৌড়ীয়মঠে প্রচার

দিল্লী শ্রীগৌড়ীয়মঠে বর্ত্তমান্ শ্রীগৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের নির্দ্দেশানুসারে সম্পূর্ণ আনুগত্যে শ্রীপবন-একাদশী হইতে উক্ত মঠের সেবকবৃন্দ শ্রীগুরুবৈষ্ণবগণের শ্রীপাদপদ্মানুসরণে শ্রীকৃষ্ণের ঝুলনযাত্রা চাতুর্ম্মাস্য ব্রত পালন এবং তদুপলক্ষে মঙ্গলারাত্রিকের পর শ্রীগুরুবৈষ্ণব ও আচার্য্য পঞ্চবন্দনার পর শ্রীগৌরসুন্দরের শ্রীঅষ্টক, পঞ্চতত্ত্ব মহাজন-গীতি ও মহামন্ত্র কীর্ত্তন এবং শ্রীচৈতন্যভাগবত পাঠ করিতেছেন।

গত ২১শে শ্রাবণ হইতে মঠরক্ষক পণ্ডিত শ্রীপাদ নরোত্তমানন্দ ব্রহ্মচারী ভক্তিকমল, ভক্তিশাস্ত্রী মহোদয় প্রত্যহ অপরাহ্ণ ৩ ঘটিকা হইতে ৪ ঘটিকা পর্য্যন্ত মঠসেবকদের নিকট শ্রীমদ্ভগবদ্গীতা পাঠ ও ব্যাখ্যা করিতেছেন এবং সন্ধ্যারাত্রিকের পর শ্রীমদ্ভাগবতের চতুর্থ স্কন্ধ পাঠ ও ব্যাখ্যা আরম্ভ করিয়াছেন। তাঁহার প্রাঞ্জলভাষায় শ্রীমদ্ভাগবত ব্যাখ্যা শ্রবণ করিয়া উপস্থিত শ্রোতৃবৃন্দ পরমানন্দ লাভ করিতেছেন। পাঠের আরম্ভে পঞ্চতত্ত্ব, মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হইতেছে।

গত ৭।৮।৩৭ তারিখে নূতন দিল্লীর হনুমান্ রোডস্থিত সেন্ট্রাল ব্যাঙ্কের ম্যানেজার মহোদয়ের আগ্রহে তদীয় বাসভবনে সন্ধ্যারাত্রিকের পর দিল্লী গৌড়ীয়মঠের সেবকগণ তথায় মহাজন-গীতি ও মহামন্ত্র কীর্ত্তন করিয়া শ্রোতৃবৃন্দের আনন্দবিধান করিয়াছেন।

উক্ত রূপরূপ হন শাস্ত্রের প্রমাণে। ভক্তরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

'অব্রাহ্মণ' কখনও 'গুরু' হ'তে পারেন না। 'গুরু' মানেই—'ব্রাহ্মণ'। যিনি শোক করেন, কিম্বা যিনি ইতর চেষ্টায় থাকিত, তিনি 'গুরু' নহেন। লোকে পরিচিত থাকুন 'শূদ্র' ব'লে, 'সন্ন্যাসী' ব'লে, তথাপি তিনি কৃষ্ণতত্ত্ববিৎ হ'লে 'ব্রাহ্মণ'—'গুরু'। যিনি কৃষ্ণতত্ত্ববিৎ অর্থাৎ অদ্বয়জ্ঞানের পূর্ণপ্রতীতি বিষয়ে অভিজ্ঞ, তাঁ'তে আনুষঙ্গিকভাবে 'ব্রহ্মজ্ঞতা' আছে, তিনি নিশ্চয়ই অব্রাহ্মণ নহেন।

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৪ আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৪১.

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

আমরা যখন ভগবদ্ভক্তের সেবক—আমরা যখন কর্ম্মি-জ্ঞানিগণের সেবক নই—আমরা যখন হরিজনগণের পাদুকাবহনকারী, তখন অন্যাভিলাষী, কর্ম্ম-জ্ঞানি-সম্প্রদায়ের সহিত আমাদের কোন বিরোধ নাই—অপরাজয়ের কোনও ভয় নাই।

কতকগুলি লোক কর্ম্মবীরদের জন্য যত্ন করে, কতকগুলি লোক অন্যাভিলাষের জন্য যত্ন করে, কতকগুলি লোক ব্রহ্মানুসন্ধানের জন্য যত্ন করে কিন্তু আমরা জ্ঞান, ধর্ম, অর্থ, কাম বা মোক্ষের উপাসনা ছলনা মাত্র অর্থাৎ সে সকল কেবল আমার অপস্বার্থপরতার সহিত সংশ্লিষ্ট; তা' মুক্ত আত্মার কথা নয়,- liberated soul এর কথা নয়, conditioned soul এর প্রলাপ মাত্র।

ভগবদ্ভক্তের জন্য যত্ন কর, যেখানে ব'সে আছ, সেখান থেকেই যত্ন কর। যে দেশে, যে-কালে, যে-পাত্রে থাক না কেন, ভগবদ্ভক্তের জন্য যত্ন কর। শ্রীচৈতন্য-আজ্ঞা পালন করতে হ'লে শ্রীগুরুপাদপদ্ম থেকে যে সুন্দর কথা শুনেছ, সেই সকল আলোচনা ছাড়া আর উপায় নাই। ভগবৎ-সেবকের একমাত্র কার্য্য হ'চ্ছে, যা'তে ভগবৎ-কার্য্য করবার কৌশল উত্তরোত্তর বৃদ্ধি হয়। কৃষ্ণে আমাদের মতি উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হউক, ইহাই আমাদের প্রার্থনীয়। আমরা ধন, জন—কিছুই চাই না, জন্মান্তররহিত হ'তেও চাহি না।

জগতে অন্যাভিলাষের বশীভূত হ'য়ে ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষের প্রার্থী হ'য়ে নানা লোকে নানা দেবতার আরাধনা ক'রে থাকেন। কিন্তু আমরা যখন কাত্যায়নীর নিকট উপস্থিত হই; তখন বলি,—

"কাত্যায়নি মহামায়ে মহাযোগিন্যধীশ্বরি।
নন্দগোপসুতং দেবি পতিং মে কুরু তে নমঃ॥"

ব্যাধি নিরাময় হউক কিম্বা রোগ-রোগী উভয়েই একেবারে বিনষ্ট হ'য়ে মুক্তি লাভ করুক এরূপ প্রার্থনা আমরা করি না। আমরা তাঁ'দের নিকট উপস্থিত হ'য়ে ব'ল,—'কৃষ্ণে মতি হউক' আপনারা এইরূপ আশীর্ব্বাদ করুন। জগতের লোকে কৃষ্ণেতর বিষয়ে বিষয়ী হ'বার জন্য প্রার্থনা ক'রে থাকেন; কিন্তু আমাদের গুরুপাদপদ্ম উপদেশ করেন—নিত্য একমাত্র কৃষ্ণ। অনাত্মপ্রতীতি-বশে যদি আমাদের কৃষ্ণানুসন্ধানের কোন বাধা হ'য়ে থাকে, তা' হ'লে সেই বাধা হ'তে উদ্ধারলাভের জন্য আলোচনা হউক।

বিষ খেয়ে মরে যাওয়া ভাল, তথাপি কৃষ্ণেতর বিষয়ী ও বিষয়ের সঙ্গ করা উচিত নয়। হরিভজন আরম্ভ ক'রে যে ব্যক্তি বিষয়ের সহিত সংশ্লিষ্ট হ'য়ে পড়ে, তা'র সর্ব্বনাশ হ'য়ে গেল। ভরত—যিনি ভারতবর্ষের রাজা হ'য়েছিলেন, তিনি পূর্ব্বে অনেক সাধনা, তপস্যা ক'রেছিলেন,—হরিভজনের পথে অগ্রসর হ'য়েছিলেন, কিন্তু তাঁ'রও সামান্য একটু কৃষ্ণেতর বিষয়ের অভিলাষ—একটু সৎকর্ম্মী হওয়ার ইচ্ছা—জীবে দয়ার পরিবর্ত্তে জীবসেবা (?) করবার একটু সামান্য স্পৃহা উদিত হওয়ায় তাঁ'কে হরিণশিশু হ'য়ে জন্মলাভ করতে হ'য়েছিল। তাই আমাদের গুরুপাদপদ্ম আদেশ করেন,—কৃষ্ণসেবা ব্যতীত আর আমাদের কোন কর্ত্তব্য নাই। 'কৃষ্ণে মতিরস্তু' ইহা একমাত্র আশীর্ব্বাদ।

সাধুগণের একমাত্র কর্ত্তব্য—জীবের যে সকল সংকীর্ণ দুষ্টবুদ্ধি আছে, তা' ছেদন ক'রে দেওয়া, ইহাই সাধুগণের অকৃত্রিম অহৈতুকী দয়া। দ্বিচারিতা প্রকাশ ক'রে জগতের লোক বাহিরের দিকে একরকম কথা, ভিতরের দিকে অন্যরকম কথা পোষণ করে, আর এই দ্বিচারিতাকেই উদারতা বা সমন্বয়ের ধর্ম্ম ব'লে প্রচার করতে চায়। যাঁ'রা দ্বিচারিতা প্রকাশ না ক'রে সরল হ'তে চান,—সরলভাবে আত্মার বৃত্তি যাজন করতে চান, তাঁ'দিগকে ঐ সকল দ্বিচারী ব্যক্তি সাম্প্রদায়িক, গোঁড়া প্রভৃতি ব'লে থাকেন। যাঁ'রা সরল, আমরা তাঁ'দেরই সঙ্গ করবো, অপরের সঙ্গ ক'রব না। দুঃসঙ্গকে আমাদের সর্ব্বতোভাবে পরিবর্জ্জন করতে হ'বে, যেমন সূর্য্যের নিকট হ'তে শত্রুকে পরিমাণ দূরে থাকতে হয়।

আমরা যে সকল কথা সাধুকে জানতে দেই না, গোপনে যে সকল কথা রেখে দেই, প্রকৃত সাধু সে সকল কথা আমাদের অন্তর থেকে বের ক'রে তা'র উপর অস্ত্র প্রয়োগ করেন। 'সাধু' মানেই হ'চ্ছে—তিনি একটা খড়্গ হাতে নিয়ে যূপকাষ্ঠের নিকট দণ্ডায়মান র'য়েছেন—মানুষের যে ছাগের ন্যায় বাসনা সেই বাসনাকে বলি দিবার জন্য দণ্ডায়মান আছেন পরম ভাবরূপ তীক্ষ্ণ খড়্গের দ্বারা। সাধু যদি আমার তোষামুদে হন, তা' হ'লে তিনি আমার অমঙ্গলকারী—আমার শত্রু। তা' হ'লে আমরা প্রেয়ঃপন্থা গ্রহণ করলাম, শ্রেয়ঃ চাইলাম না। ভাগবত জীবন যাঁ'র নয়, তাঁ'র কাছে ভাগবত শোনা উচিত নয়। নিজ অপেক্ষা শ্রেষ্ঠ সাধুর সঙ্গ করাই কর্ত্তব্য। ব্যভিচার-বুদ্ধি দ্বারা কখনও সেবা হয় না। সেবা জিনিষটা অব্যভিচারিণী, অহৈতুকী, অপ্রতিহতা আত্মবৃত্তি। সেবা-সম্বোধই হ'তে পারে না—গুরুপাদপদ্মের অব্যভিচারিণী সেবা ব্যতীত। ভগবদ্ভক্ত ব্যতীত কেহই গুরু হ'তে পারেন না, এটা গোঁড়ামির কথা নয়, ইহা বাস্তব সত্যকথা।

আমাদের বাহাদুরী!

(শ্রীযুক্ত কিশোরীমোহন ভক্তিবান্ধব বি-এল)

ওহে পারমার্থিকগণ, ওহে গুরুভক্তির অনুগত জনগণ, ওহে শ্রীরূপানুগগণ, ওহে শ্রীগৌড়ীয়মঠের আচার্য্য-স্বীকারকারী ও আনুগত্যকারিগণ, তোমাদের দুই একটী কথা না বলিয়াও থাকিতে পারিতেছি না। জগদ্‌গুরু শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী প্রভুপাদ তোমাদিগকে যে কিরূপ বঞ্চনা করিয়াছেন, তাহা তোমরা এখন হাড়ে হাড়ে বুঝিতে পারিতেছ, তাই উপায়ান্তর না দেখিয়া কোন প্রতিকার চেষ্টার ক্ষমতা না থাকায়, নিঃস্ব হইয়া কেবলমাত্র কাগজে কলমে চীৎকার করিয়া লোকের কাণ ঝালাপালা করিতেছ! তোমরা বলিতেছ যে, শ্রীল প্রভুপাদ আমাদের বঞ্চনা করিয়াছেন আর (স্পষ্ট ভাবে না বলিলেও যেন) তিনি তোমাদের কৃপা করিয়াছেন। বলি, দুনিয়ার লোকগুলি এতই বোকা যে তোমাদের এই চালাকীটুকু বুঝিতে পারেন না। তোমাদের অনেকেই তোমাদের সমস্ত রক্ত জল করিয়া সারাজীবনের পরিশ্রমের দ্বারা লব্ধ যথাসর্ব্বস্ব আত্মীয়স্বজনকে বঞ্চিত করিয়া শ্রীগুরুপাদপদ্মে সমর্পণ করিয়া বলির মত বোকা হইয়া গেলে, আর বাহাদুর আমরা বিনা পরিশ্রমে, কৌশলের দ্বারা সেই সকল একত্র করিয়া কেমন নিজেন্দ্রিয়তর্পণ করিবার সুযোগ ক'রে লইয়াছি!

আজ আমাদের সুকের পাটা দেখিয়াও কি লোকে বুঝিবে না যে, আমরা বঞ্চিত কি তোমরা বঞ্চিত! কলিকাতার মত সহরে একটা প্রকাণ্ড বাড়ী ভাড়া লইয়া এত লোকজন ও আত্মীয়স্বজন লইয়া, দৈনন্দিন কত রকমের ভোগোপকরণ, নানা ছানার ডালনা, পুলাও প্রভৃতি দ্বারা ইন্দ্রিয়-লালসা-চরিতার্থ পূর্ব্বক মঠ ও গৃহের মিশ্রণে (amalgam) একটি অদ্ভুত জিনিষের সৃষ্টি করিয়া লোকের চক্ষু ঝলসাইয়া দিতেছি। আর তোমরা লোকের দ্বারে দ্বারে ভজন হরিকথা-কীর্ত্তন পূর্ব্বক ভিক্ষা করিয়া কোন রকমে দিন গুজরান্ করিতেছ। শ্রীল প্রভুপাদের মত পুরুষসিংহকে কন্দর্পের মধ্যে রাখিয়া তাঁহার দ্বারা আমাদের কতপ্রকারের অভাভিলাষ চরিতার্থ করিয়া লইয়াছি, এমন কি তাঁহাকে আমাদের ক্রীড়নকরূপে পরিণত করিয়া রাখিয়া আসিয়াছি।

আমাদের কত কর্ম্মকুশল, 'কাজের লোক', বক্তা, প্রাক্টিক্যাল মানুষ কয়জন আছে? তোমরা আজ যে গুরুনিন্দা দোষ বলিয়া আমাদের ছিদ্রানুসন্ধান কার্য্যে প্রচুর পরিমাণে লেখনী চালনা করিতেছ, তর্কস্থলে সেগুলিকে দোষ স্বীকার করিলেও, অন্তর্যামী শ্রীল প্রভুপাদ কখনও প্রকাশ্যভাবে তাহার প্রতিবাদ করেন নাই; অধিকন্তু আমাদিগকে বিবর্ত্ত দানে কৃপাই করিয়াছেন। তোমরা এখন 'আঙ্গুর ফল টক', (Grapes are sour) বিচারে সেই সব কৃপা (?) হইতে বঞ্চিত হইয়া আমাদের বিরুদ্ধে অভিযান চালাইতেছ। আমাদের সকল বাহাদুরী তোমাদের অন্তর্দাহের কারণ হইয়াছে। আমরা ত' বাৎসল্য জন্য তোমাদিগকে ডাকিতেছি। তোমরা আস, আমাদের দলে মিশাইয়া যাও। মহাপ্রভুর আদেশ তোমরা অমান্য করিতেছ কেন? তিনি ত' ব'লেছেন, "আমার আজ্ঞায় গুরু হঞা তার এই দেশ।" অতএব তোমরা সকলেই 'গুরু' না হইয়া একজনের শিষ্যত্ব গ্রহণ পূর্ব্বক মহাপ্রভুর বাণীর অবমাননা ক'রছ কেন? আমরা দেখ, সকলেই সেই বাণীর অনুসরণ পূর্ব্বক 'গুরু' (?) সাজিয়া বসিয়াছি। "প্রতিষ্ঠার স্বভাব এই জগতে বিদিত। যে না বাঞ্ছে, তার হয় বিধাতা নির্ম্মিত।" কথায় বলে, "ভাগ্যবানের বোঝা ভগবান বয়।" তাই আজ তোমরা সকলে মিলিয়া নানাভাবে আমাদের কীর্ত্তি-কলাপ প্রকাশ করিয়া জগতের নিকট আমাদের বিজ্ঞাপন জাহির করিয়া দিতেছ। "কীর্ত্তির্যস্য স জীবতি"। তোমরা যদি কোমর বাঁধিয়া না লাগিয়া আমাদের গুণাবলী (?) প্রকাশ

না করিতে তাহা হইলে কি এত শীঘ্র আমাদের নাম জাহির হইত? তোমাদের এই প্রকার ব্যতিরেক-চেষ্টা প্রশংসনীয় বটে! তজ্জন্যই অনেকে বাধ্য হইতেছেন। শ্রীল প্রভুপাদের অন্তরঙ্গ ভক্ত তোমরা, তাই অদ্ভুত ভক্তগণের কল্পনা (?) প্রকাশ করিতে শিক্ষিত। শ্রীল প্রভুপাদের লেখনী-নিঃসৃত যে সকল বাণী ব্যক্তিবিশেষের মধ্যে গুপ্তভাবে রক্ষিত ছিল এবং যদ্দ্বারা তিনি গৌড়ীয়-মিশনে আমাদিগের মত show bottleএরও উপযোগিতা স্বীকার করিয়াছেন, সেই সকল গ্রন্থ তোমরা প্রকাশ করিয়া সাধারণ্যে show bottleএরও আবশ্যকতা জানাইয়া দিয়াছ।

আচার্য্যবিরোধের মধ্যে আমাদের যে শুধু উদ্দেশ্য নিহিত আছে তাহা এত বুদ্ধিমান্ হইয়াও তোমরা ধরিতে না পারিয়া আমাদের নানা প্রকার দোষ ও অপরাধের কথা বিশ্লেষণ পূর্ব্বক সাধারণ লোকের চক্ষে ধূলি নিক্ষেপ করিতেছ। যদি অঘ, বক, পূতনা, অরিষ্টাসুর প্রভৃতি না থাকিত, যদি হিরণ্যাক্ষ, হিরণ্যকশিপু না থাকিত, যদি রাবণ না থাকিত, তবে কি ভগবানের মাহাত্ম্য এত উজ্জ্বলরূপে প্রচারিত হইত? আচার্য্যবিরোধ করিয়া আমরা যদি গৌড়ীয়-মঠ পরিত্যাগ না করিতাম, তাহা হইলে কি জগদ্বাসী—বৈষ্ণবধর্ম্মের গুহ্য ভক্তিসিদ্ধান্তবিৎ ব্যক্তিগণ তোমাদের লেখনী হইতে আচার্য্যতত্ত্ব ও আচার্য্যশিষ্য সম্বন্ধে এত বিস্তারিত বিশ্লেষণ জানিবার সুযোগ পাইত? অতএব ব্যতিরেকভাবে আমাদের দ্বারা শিষ্যবৃন্দের আচার্য্যেরই মাহাত্ম্য প্রচারিত হইতেছে, ইহাতে তোমাদের চটিবার কি কারণ আছে?

গঙ্গার তীরে একই সুমিষ্ট জল আকর্ষণ করিয়া আম্রবৃক্ষ ও নিম্ববৃক্ষ পরস্পর স্বাদু অনুযায়ী বিভিন্ন স্বাদযুক্ত ফল প্রদান করিয়া থাকে। একই প্রভুর নিকট দেবরাজ ইন্দ্র ও অসুর বিরোচন বিভিন্ন প্রকার শিক্ষা লাভ করিয়া থাকেন। অতএব একই শ্রীগুরুদেবের আশ্রয়ে থাকিয়া তোমাদের ও আমাদের মধ্যে যদি বিভিন্ন প্রকার লক্ষণ প্রকাশ পায় তাহাতেই বা আপত্তি কি? অত দোষ দেখিতেছ কেন? শাস্ত্রে যখন ভূরি ভূরি নজির আছে, তখন আমাদেরই বা লজ্জার কি কথা আছে? তোমরা না হয় ৫টা (অর্থাৎ—৫ম) অপবর্গের জন্য লালায়িত, আর আমরা ১ম হইতে চতুর্থ বর্গের জন্য প্রধাবিত। আমরাই বা কমি কিসে?

শ্রীল প্রভুপাদের লীলাটা তোমরা ঠিক বুঝিতে পারিলে না। "যস্যাহমনুগৃহ্নামি হরিষ্যে তদ্ধনং শনৈঃ"—এই শ্লোকটি পড়িয়া দিয়া তোমরা শ্রীল প্রভুপাদকে সব দিয়া দিলে, আর তিনি কৃপা (?) পূর্ব্বক সেগুলি আমাদিগকে হস্তগত করিবার অধিকার দিলেন। আমরা এখন পায়ের উপর পা দিয়া উহা পুরুষানুক্রমে ভোগ দখল করিতে থাকিয়া জনসাধারণকে উত্তেজিত করিয়া তোমাদের কণ্ঠ রুদ্ধ করিবার চেষ্টা করিব। আর অর্থের দ্বারা বড় বড় ব্যবহারজীবীকে বাধ্য করিয়া শ্রীল প্রভুপাদকেও হাতের পুংপুত্তলিকার মত গঠিত (mould) করিয়া নিজেদের ভাবী স্বার্থসিদ্ধিরই বাহাদুরী দেখাব!

কলিযুগ সম্বন্ধে মহাত্মা তুলসী দাসের বাণীগুলি বোধ হয় তোমরা ভুলিয়া গিয়াছ। কলির ব্রহ্মাণ্ডে বাস করিয়া তোমরা যে নিছক খাঁটি হরিকথা এখানে প্রচার করিবে ও শুদ্ধ ভক্ত বলিয়া পরিগণিত হইবে, সতীনের সংসারের লোক আমাদের দেহে একবিন্দু রক্ত থাকিতে আমরা তাহা করিতে দিব না। কলির রাজ্যে বাস করিবার যোগ্য ব্যক্তি তোমরা নহ। ব্যবহারিক জগতে পাঁচ দুধের সাক্ষী তৈয়ারী করিয়া বানাইয়া চলার কৌশল তোমাদের জানা নাই, অথবা স্বার্থসিদ্ধির মূলে কার্য্যোদ্ধারের জন্য পরমার্থকে ব্যবহারের নিকট বলি দিবার সাহসও তোমাদের নাই। নিঃস্ব ও নিষ্কিঞ্চন তোমরা কেবল শাস্ত্র পুঁথি লইয়া এই কলির রাজ্যে, যদি আমাদের সহিত লড়াই করিতে যাও, তবে শেষে রণে পৃষ্ঠপ্রদর্শনই সার হইবে।

প্রথম নম্বরের অর্থাৎ এফিডেভিটে শ্রীল প্রভুপাদকে 'মূর্খ' উল্লেখে অভিহিত করাতেই তোমরা যেরূপ উত্তেজিত ও অস্থির হইয়া ছটফট করিতেছ ও বাধা প্রদান করিতেছ, তাহাতেই শেষ পর্য্যন্ত যে তোমরা ধৈর্য্য রাখিতে পারিবে বলিয়া মনে হয় না। তোমরা কি জান না যে, এ রকম অপকর্মে আমাদের প্রত্যেকেই সিদ্ধহস্ত এক একজন। আমাদের না থাকিলে কি শ্রীল প্রভুপাদ আমাদের এত আদর করিতেন বা তাঁহার মিশন এতদিন চালাতে পারিত? গুরুদেব ও মূর্খ এর মত লোক তোমরা, আমাদের এই সামান্য কার্য্যেই তোমরা শিহরিয়া উঠিয়াছ, এত দুর্বলতা লইয়া তোমরা এত বড় মিশন চালাইতে সাহসী হইয়াছ। দেখা যাবে, বাহাদুরী তোমাদের কি আমাদের!

আমরা পারি না কি? আমাদের বাহাদুরীর কতটুকুই বা এখন তোমরা দেখিয়াছ? একটা সত্য দৃষ্টান্তদ্বারা আমাদের ভাবী বাহাদুরীর কিঞ্চিৎ দিগ্দর্শন মাত্র করিতে চেষ্টা পাইব। যাঁহারা আদালতের কাজ কিছু বোঝেন, তাঁহারা জানেন যে কোন মোকর্দ্দমায় কোন পক্ষের সাক্ষীর যখন এজাহার হয়, তখন হাকিম সেই সাক্ষীর নাম, পিতার নাম, ঠিকানা, বয়স প্রভৃতি লিখিয়া লয়েন। একটী মোকর্দ্দমাতে একজন সাক্ষীর প্রথম এজাহার (Examination in chief) হইবার পর বিপক্ষের উকিল সেই সাক্ষীকে জেরা (cross-examine) করিতে থাকেন। একটা ঘটনা সম্বন্ধে ঐ সাক্ষী ৫ বৎসর পূর্ব্বে অন্য একটী মোকর্দ্দমার এজাহার করিয়া যে সকল কথা বলিয়াছিল এবারে এই মোকর্দ্দমার এজাহারে ঠিক তাহার বিপরীত বলিয়া গেল। জেরাকারী উকিল তাহাকে (ঐ সাক্ষীকে) ভয় দেখাইয়া বলিলেন, "দেখ তুমি ৫ বৎসর পূর্ব্বে অন্যরকম এজাহার করিয়াছ, এবার একেবারে মিথ্যা বলিতেছ।" সাক্ষী বলিল, আমি "এবার ঠিক বলিতেছি।" জেরাকারী উকিল পুনঃ মোকদ্দমায় ঐ সাক্ষীর এজাহারের জাবেদা নকল (certified copy) আদালতে দাখিল করিলেন।

ঐ সাক্ষী যখন কাটগড়া (witness box) হইতে নামিয়া আসিল, তখন যে পক্ষের ঐ সাক্ষী, সেই পক্ষের উকিল বাবু উহাকে বলিলেন, "তুমি মিথ্যা এজাহার করিলে, সর্ব্বনাশ করিলে, তোমার ফৌজদারীতে জেল অবশ্যম্ভাবী—পূর্ব্ব এজাহারের জাবেদা নকল যখন দাখিল হয়েছে।" উত্তরে ঐ সাক্ষী বলিল, "উকিল বাবু, ভয় নাই, চিন্তা করিবেন না। আমার বাহাদুরী ধরিতে পারিবেন না। আমি নিজেকে বাঁচাইয়া কাজ করিয়াছি। আমি মোকর্দ্দমার এজাহারে আমার পিতার নাম যাহা দিয়াছিলাম, এবারে একেবারে বাবার নামই বদলাইয়া দিয়াছি। আমি যে সেই লোক তাহা ধরিবার উপায় নাই। কার্য্যসিদ্ধ করিতে হলে বাবার নাম পাল্টাইয়া দিতেও পশ্চাৎপদ হওয়া উচিত নয়।"

অতএব ব্যবহারিক জগতে বিশেষতঃ এই কলিযুগে স্বার্থসিদ্ধির জন্য শ্রীগুরুদেবকে 'মূর্খ' সম্বোধন করার জন্য তোমরা যে এত হৈ চৈ কেন করিতেছ তাহা আমরা ত' বুঝিতে পারিতেছি না। একটু স্থির হও, আমাদের বাহাদুরী, বুদ্ধি-কৌশলের দৌড় ও নবনবায়মানতা আরও কত দেখিবে!

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড—৷৵০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৷৵০ ৪র্থ খণ্ড—৷৵০

প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর

শ্রীচৈতন্যমঠ

যৎকিঞ্চিৎ

শ্রদ্ধাই ভক্তির বীজ। গুরু-কৃষ্ণ-পদাশ্রয়ে এই অনুরাগ বা প্রীতিরূপা ভক্তির বীজ সত্তা লাভ হয়। এই ভক্তি কায়িক, মানসিক ও বাচিক—এই ত্রিবিধ আনুগত্যময়ী। এককথায় নিষ্কপট আনুগত্যই সেবা। হরিগুরু-বৈষ্ণবের আনুগত্যই তাঁহাদের কৃপালাভের একমাত্র উপায়। শ্রীল জীবগোস্বামিপ্রভু বলিয়াছেন,—"আনুগত্যং বিনা কিং ভজনং ভবেৎ।" শ্রদ্ধাবান্ জনই এই ভক্তির অধিকারী।

শ্রদ্ধার অপর নাম হরি-গুরু-বৈষ্ণবে বিশ্বাস বা নির্ভরতা। "শ্রদ্ধা হি শাস্ত্রার্থবিশ্বাস" অর্থাৎ শাস্ত্র ও গুরুপাদপদ্মে বিশ্বাসই শ্রদ্ধা। এই শ্রদ্ধা যাঁহার হৃদয়ে যে পরিমাণে দৃঢ় তিনি সেই পরিমাণেই ভক্তিপথে অগ্রসর হইয়াছেন। এই শ্রদ্ধা বা বিশ্বাসের অল্পতাতেই চেতনের বিকাশ উপলব্ধির বিঘ্ন হয়। শ্রীগুরু ও সাধুগুরুপাদপদ্মে যাঁহাতে অচঞ্চল বিশ্বাস দৃঢ় হইতে দৃঢ়তর হয় তজ্জন্য সাধুসঙ্গে হরিকথা-শ্রবণ-কীর্ত্তনরূপ মুখ্য সাধনে তৎপর হওয়া যে বিশেষ আবশ্যক তাহা বলাই বাহুল্য।

বস্তুতঃ আমাদের হরি-গুরু-বৈষ্ণবে দৃঢ়-বিশ্বাস নাই। আমাদের চিত্ত পাপমলিন বলিয়া সেই মহাত্মগণের প্রতি আমাদের বিশ্বাস সহসা হয় না। ইহা দুর্দ্দৈব ব্যতীত আর কিছুই নহে। শ্রদ্ধার বহু পরোক্ষতা। কিন্তু আমরা এত অল্পবুদ্ধিবিশিষ্ট যে দৃঢ় শ্রদ্ধা লাভের পূর্ব্বেই নিজেকে ভক্ত বলিয়া মনে করি ও আমা অপেক্ষা শ্রেষ্ঠ সাধুগণকে আমার চেয়ে নিকৃষ্ট মনে করি। এই সব দুর্দ্দৈবের হস্ত হইতে বাঁচিতে হইলে নিরন্তর হরিকথা আলোচনা করিতে হইবে। এতদ্ব্যতীত অন্য উপায় নাই। তাই শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

সতাং প্রসঙ্গান্মম বীর্য্যসংবিদো
ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ।
তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি
শ্রদ্ধা রতির্ভক্তিরনুক্রমিষ্যতি॥

শ্রীরাধাকুণ্ডে শ্রীঝুলনযাত্রা

শ্রীপ্রপন্নাশ্রমের সাময়িক লীলা-স্থলী শ্রীরাধাকুণ্ডস্থ শ্রীকৃষ্ণানন্দসদনে ১লা ভাদ্র মঙ্গলবার হইতে শ্রীশ্রীরাধাগোবিন্দের ঝুলনযাত্রা উৎসব আরম্ভ হইয়াছে। ঐ 'প্রভুপাদ পরমহংস শ্রীশ্রীল [illegible] পরাশ্রয়ে সেবা [illegible] ঠাকুরের [illegible] প্রচুর লোক [illegible] হইয়াছে। [illegible] শ্রীবিগ্রহের অতি মনোরম শৃঙ্গার দর্শন করিয়া পরমানন্দিত হইতেছেন। [illegible] মঠবাসী সেবকগণের সেবা [illegible] বিশেষ প্রশংসার্হ।

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ-রাজ

প্রাচীন নবদ্বীপ, অন্তর্দ্বীপ শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-ভক্তিপ্রচারকর্ত্তে 'নদীয়া-প্রকাশ' প্রকাশ আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রধানতঃ ষট্-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি শুদ্ধগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্ম্মণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ সদীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেশগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্‌দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) মার্কণ্ডেয়-গৌড়ীয়মঠ

বিজয়নগর, পোঃ অম্বিকা (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীমিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীবাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জয়দেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীসত্যানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

বাউতারা—(শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিমণ্ডপ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীভূপেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরা গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীযতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

জলাপাহাড়, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক—শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৫২নং কবিরপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅর্দ্ধানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাগারী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৫৩নং হনুমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্বালাহিল বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ কুমনেক্ষা, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি; মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাহু (ঢাকা

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ডুমরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট্ নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন্, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎপ্রভু ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে মহোপদেশক শ্রীপ্রবোধভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত

শ্রীঅনন্তানন্দ ব্রহ্মচারী কর্ত্তৃক, ভাজনীতি কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

[১লা আগষ্ট, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
লাড়খানি	৬৷৹
বাঁকা চাল	৫৸৹
ঐ নূতন	৬৲
কাটারীভোগ	৭৲-৭৷৹
বাঁকতুলসী	৬৷
বালাম নূতন	৪৵
ঐ পুরাতন	৫৲
বাবেজ কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেরুণ	৩৷৴৹

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷৹
পেশোয়ারী	১০৲-১০৷৹
বাঁকতুলসী আতপ	৫৷৹ ৫৷৵
ঐ মাঝারি	৫৲ ৫৵৹
পাটনাই আতপ	৫৷৹-৫৷৹
কাটারীভোগ	৭৲
ঐ বেরুণ	৩৴৹

চিনির দর

বিলাতি, টাইপ	১০৷৴৹
রঙ্গপুর ১০০৭ নং	১০/৹
কাশীপুর দানা	৯৷৹
তারপুর সাদা	৮৷৹—৯৵৹
তারপুর লাল	৭৷৴৹—৮৲

সোণা-রূপারদর।

	প্রতি তোলা
টাকশালের বার	৩৪৷৹
গিনি	৩১৲
চাঁদিবার	৫৩৷৹

পাটের দর

আষাঢ়ে—	৪৬৸৹
শ্রাবণ—	৪৬৸৹
ভাদ্র—	৪৩৷৹
বাজার বন্ধের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬৷৹—৬৷৵
চণ্ডীকালচন ঐ	৬৲—৬৵
হাউসহোল্ড ঐ	৫৸৴৹—৫৸৹
সুজী	৬৲—৬৵৹
আটা (বি)	৫৸৹—৫৸৴৹
আটা নং (২	৫/৹—৫৷/৹
আটা (এস)	৫৲—৫৷৹
আটা (কে)	৪৸৹—৪৸৴৹
আটা নং (৩)	৪৷৹—৪৸৴৹
গোলাই	১৷৴৹—১৸৹
ভুষি	১৸৴৹—১৷৴৹

ঘৃতের দর

ভয়সা	৫৭৲
ঝাঁনীমা	৫৭৲
কৃষ্ণবেণী	৫০৲
বেরী	৪৩৲

পাতিয়ালা	৪৬৷৹
ভার	৫৬৲
কানপুর	৩৬৲
রাজা গাওয়া	৪১৸৹

লৌহ ও কাষ্ঠ দর

টাটার তৈয়ারী— প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৸৹—৯৷৹
ঐ সে মার্কা হাল্কা ওজন	৮৸৹—৮৷৹
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীমসব সাইজ	১০৷
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৹
বরগা (টি আয়রণ)	৮৸৹—৯৷৹
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷৹—৯৲

টাটা গ্যাঃ করগেট টিন।

২৪ গেজ—	১৩৷৹
২৬ গেজ—	১৫৷৴৹
২৮ গেজ—	১৫৷৹

টাটা গ্যাঃ প্লেন সীট।

২৪ গজ—	১৩৷৹
২৬ গেজ—	১৪৸৹
২৮ গেজ—	১৫৲

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৭৲
২৬ গেজ—	১৬৸৹

গ্যাঃ মটকা ২৪—৩০ গেজ

সীস	১৷৵৫—৸৹
বাগান সেরা কাটা দাও (মাঝিল)	১০৷৹
স্লেট কাটি বা চিট কাটা মণ	৩৷৹- ৪৲

পাটি কাটিং ১—৯ ফুট লম্বা

	৭৷৹—৮৲ হন্দর
গোল বড় কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷৹—১০৷৹
টিন শাটি, গোলটু গরাদে	৮৲—৯৲

গোল রড রি-ইনফোর্স ও কংক্রিটের

জন্য	৯৸৹—১২৲

মুঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

চটকলের চালান ৫৵৹, পাটের চালান ৬৷৹

তুলার চালান ৪৸৹

সুদের দর

কলিকাতা ২৬শে জুন,

আবের গোলার কাটন	৫৪৲
মিট্‌ন আবের তকচ	৪০৲
কতাবি খুবনিয় কাটন	৪৩৲
হাথর্দ আথা	৫৩৲
ঐ কাটন	৫১৲

বেনেতি মশলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
গোলমরিচ	৮৷৹
সুপারী দেশী	১৬৷৹—১৭৲
কাটা সুপারী	১০৷৹—১৩৷৹
শুঁঠ বরিশাল	১৫৷৹—১৭৷৹
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷৹

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স লিঃ

৬-২ বনফিল্ডস লেন গোলপটী, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম—মায়াপুরে

— ::০:: —

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ আদর্শ ও আচারবান। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। ছাত্রগণের খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রদিগের অবৈতনিক ব্যবস্থা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র দরিদ্র ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর 'ভক্তিবিনোদ' ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৫,	৮—৩১	১৩—২২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—১৭,	১১—৩	১৪—৩	১৮—৯,	২০—০৪
স্বরূপগঞ্জ	পৌঃ		১১—১০,	১৪—৯	১৮—১৬	২০—১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

স্বরূপগঞ্জ	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৩-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-১৫	১০-৩	১২-১৮	১৬-৩৭	

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

মেহালার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় বঙ্গ পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। জিহ্বার গ্রীতা সংযুক্ত ব্যবহার এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার আর অন্য ঔষধ লইতে হইবে না। মূল্য ছোট বোতল ৮৹ আনা, বড় বোতল ১৷৹ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং কর্ণওয়ালিশ রোড, কলিকাতা।

অথবা

পোঃ মেহালা, ২৪ পরগণা।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের দ্বন্দ্বের যুগে এই গ্রন্থখানা পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের মাহাত্ম্য, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য, মানবগণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে উৎসুক, তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। গ্রন্থোক্ত প্রত্যেক শ্লোকের শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক বহুসংখ্যক পণ্ডিত আচার্য্য শ্রী নিশিকান্ত সান্যাল এম্-এ মহোদয়ের শ্রীচৈতন্যের এবং পরিশ্রমের সুধামাখা অমৃতফল আস্বাদন করিয়া প্রকাশক ধন্য এবং ... ... হইবে। এই বিরাট, অভিনব ও অপূর্ব্ব গ্রন্থ ... ... পাশ্চাত্য যাবতীয় প্রাচ্য দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৬০০ অধ্যায় আর ... পৃষ্ঠা ব্যাপী। ... শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), ... গ্রন্থকারের মুখবন্ধ (Preface), বিষয়-সূচী (Content-) ও ... ... বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ, ... ; শ্রীগৌড়ীয় মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্য মঠ, শ্রীধাম-মায়াপুর, নদীয়া জেলা,—

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,

১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট

বাগবাজার, কলিকাতা।

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব আরম্ভ হইয়াছে।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

সংবাদের পৃষ্ঠায়	১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	৵০	৵০	১০
" ইঞ্চ ২৲	১।০	১।০	১৲
সিকি কলম ৫৲		৪৲	৩৲
অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬	৪।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যা, ভিক্ষা স্বতন্ত্র।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গৌড়ীয় বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন।

ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত হইবে।

যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি অতি সুন্দরভাবে ইহাতে সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বঙ্গের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।এ নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষার "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'[illegible]'—শ্রীমায়াপুর

দৈনিক

REG NO C 1555

শ্রীরূপানুগবরপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

নদীয়াপ্রকাশ
THE NADIA-PRAKASH

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের অন্তরঙ্গ
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বাগ্র মঙ্গল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিকমুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১১ই ভাদ্র, ১৩৪৪, ২৭শে আগষ্ট, ১৯৩৭, শুক্রবার [সংখ্যা ১৫৪]

বিবিধ সংবাদ

——(০(:০:)০)——

চীন-সংগ্রাম

সাংহাই এর পূর্ব্বাঞ্চলে অবিরত তাণ্ডবলীলা চলিতেছে। বহু বর্গ মাইল স্থান ব্যাপিয়া আগুন জ্বলিতেছে। পৃথিবীর বৃহত্তম কারাগার ওয়ার্ড রোড জেলের উপর ছয়টী বোমা পড়ার ফলে দশজন বন্দী নিহত ও বহু বন্দী আহত হইয়াছে। উক্ত জেলে প্রায় সাত হাজার বন্দী আছে। জাপানীরা বাধা দেওয়ায় বন্দীদের মুক্তি দেওয়া সম্ভব হয় নাই। সাংহাইতে বৃটিশ সম্পত্তির ক্ষতির পরিমাণ ৫০ হইতে ৭০ লক্ষ পাউণ্ড হবে। জাপানীরা বলিতেছে যে, চীনাদের প্রচণ্ড গোলাবর্ষণ সত্ত্বেও ৫০ হাজার জাপ-সৈন্য সাংহাই এ উপকূলে অবতরণ করিয়াছে। পিপিং এর দক্ষিণ পশ্চিম দিকে ভীষণ যুদ্ধ চলিতেছে। একটী জনবহুল রাস্তায় বোমা পড়িয়া ৩৫০ জন লোক নিহত ও বহু লোক আহত হইয়াছে।

বঙ্গীয় ব্যবস্থা পরিষদে বাজেট দাবীর আলোচনা

গত মঙ্গলবার বঙ্গীয় ব্যবস্থা পরিষদে মন্ত্রী স্যার বিজয়প্রসাদ সিংহ রায় প্রস্তাব করেন যে, বাঙ্গলা গবর্ণমেণ্টের ১৯৩৭-৩৮ সালের বাজেটের "ভূমিরাজস্ব বরাদ্দ" ব্যয়-বরাদ্দ ৫৩,১২,০০০৲ টাকা মঞ্জুর করা হউক।

মৌলবী আবদুল বারী (কোয়ালিশন) প্রস্তাব করেন যে, উক্ত ব্যয়-বরাদ্দ হইতে ১০০৲ টাকা ছাঁটাই করা হউক। মৌলবী আবদুল বারী তাঁহার প্রস্তাব দ্বারা জমী জরীপ সম্পর্কে রাজস্ব বিভাগের কার্য্যাবলীর সমালোচনা করিতে চাহেন। প্রস্তাবক গবর্ণমেণ্টের আশ্বাসে তাঁহার প্রস্তাব প্রত্যাহার করেন।

প্রজা পার্টির মৌলবী আবদুল হাকিম এই মর্ম্মে এক ছাঁটাই প্রস্তাব করেন যে, বঙ্গীয় প্রজাস্বত্ব আইন সংশোধন করিয়া অবিলম্বে বর্ত্তমান অত্যধিক খাজনার হার কমান হউক। কংগ্রেসী দল এই প্রস্তাব সমর্থন করেন। প্রস্তাবটি ভোটে দেওয়া হইলে উহা ১১২-৮০ ভোটে অগ্রাহ্য হইয়া যায়। তারপর তার বিভাগের মূল প্রস্তাবটী গৃহীত হয়।

আগামী বুধবার বাঙ্গলা সরকারের পুলিশ বাজেটের আলোচনা হবে। গত রবিবার বঙ্গীয় প্রাদেশিক মুসলিম লীগের সভায় পুলিশ বরাদ্দের ফলে যে অসন্তোষের সৃষ্টি হয়, তৎসম্পর্কে সৈয়দ জালালুদ্দিন হাসেমী একটি ছাঁটাই প্রস্তাব উপস্থিত করিবেন। পুলিশ বাজেটের আলোচনাকালে পুনরায় তাঁহার প্রস্তাবই সর্ব্বপ্রথম আলোচিত হইবে।

স্যার বিজয় জানান যে, গবর্ণমেণ্ট চলতি বৎসরে মেদিনীপুর জেলায় রিভিশনাল সেটেলমেণ্টের কাজে হাত দেওয়ার প্রস্তাব করিয়াছিলেন কিন্তু গবর্ণমেণ্ট তাহা করিবেন না।

ভারতীয় ব্যবস্থা পরিষদের শরৎ-কালীন অধিবেশন আরম্ভ

ভারতীয় ব্যবস্থা পরিষদের শরৎকালীন অধিবেশন আরম্ভ হইয়াছে। প্রথম দিনের অধিবেশনে কোম্পানী আইন, পেট্রোলিয়াম আইন, রেলওয়ে আইন, শ্রমিক ক্ষতিপূরণ আইন ইত্যাদি সম্পর্কে বহু বিল আনীত হয়। আসামের রাজনৈতিক বন্দীদের সম্পর্কে একটী প্রশ্নের উত্তরে স্বরাষ্ট্র-সচিব নৈরাশ্যজনক উত্তর দেন। পরিষদের সদস্যের অধিকার সম্পর্কিত প্রস্তাব আলোচনার ব্যাপারে বড়লাটের হস্তক্ষেপ করার ক্ষমতা দিবার জন্য স্যার এন্, এন্, সরকার এক প্রস্তাব উপস্থিত করেন। পরিষদে উক্ত প্রস্তাবের বিরুদ্ধে প্রবল প্রতিবাদ হওয়ায় শেষ পর্য্যন্ত প্রস্তাবটী প্রত্যাহৃত হয়।

হাজার হাজার লোক গৃহহীন

বন্যা সম্পর্কে দারভাঙ্গা হইতে যে সংবাদ পাওয়া গিয়াছে তাহাতে প্রকাশ যে, বন্যার জল যদিও হ্রাস পাইতেছে, তথাপি বন্যাপীড়িত লোকের দুর্দ্দশার কিছুমাত্র লাঘব হয় নাই। হাজার হাজার লোক গৃহহীন, বহু গ্রাম এখনও জলমগ্ন; শস্য সম্পূর্ণরূপে নষ্ট হইয়া গিয়াছে। কেহ কেহ এখনও ঘরের চালার উপর দিনরাত্রি কাটাইতেছে। অপরাপরে আশ্রয় খুঁজিয়া বেড়াইতেছে। যাহাদের জিনিষপত্র সব ভাসিয়া গিয়াছে, তাহারা চিড়া-গুড় খাইয়া জীবন ধারণ করিতেছে। মধুবনীর মহকুমা ম্যাজিষ্ট্রেট, মিউনিসিপ্যালিটি ও লোক্যাল বোর্ডের চেয়ারম্যান এবং চরখা সঙ্ঘের সদস্য প্রভৃতিকে লইয়া একটি বন্যা-কমিটি গঠিত হইয়াছে। ঐ কমিটি সাহায্যের ব্যবস্থা করিতেছেন।

বিহার গবর্ণমেণ্টের বাজেট পেশ

গত ২৩শে আগষ্ট বিহার ব্যবস্থা পরিষদে অর্থ-সচিব শ্রীযুত অনুগ্রহ নারায়ণ সিংহ ১৯৩৭-৩৮ সালের বাজেট পেশ করিয়াছেন।

চলতি বৎসরের আনুমানিক আয় ৫ কোটী ১৫ লক্ষ টাকা এবং ব্যয় ৫ কোটী ৩ লক্ষ ৩৪ হাজার টাকা। কিন্তু চলতি বৎসরে গবর্ণমেণ্ট বিভিন্ন প্রতিষ্ঠান বা ব্যক্তিকে যে ঋণ দিবেন, চলতি বৎসর বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তি হইতে ঋণ পরিশোধ বাবদ তাহা অপেক্ষা ১১ লক্ষ টাকা বেশী আদায় হইবে। এই ১১ লক্ষ টাকাও রেভিনিউ একাউন্টে ধরিয়া ব্যয় করা যাইবে। সুতরাং চলতি বৎসরে ২ কোটী ৬৬ লক্ষ টাকা উদ্বৃত্ত হইবে। অর্থ-সচিব বলেন, বিহারের ন্যায় একটী প্রদেশের জন্য ন্যূনকল্পে যত টাকা ব্যয় করা প্রয়োজন, বহু বৎসর যাবৎ তাহা অপেক্ষাও কম ব্যয় করা হইতেছে।

অতীত ইতিহাস, সভ্যতা, সংস্কৃতিতে গৌরবোজ্জ্বল ভারত

গত সোমবার টাউন হলের এক বিরাট সভায় "দেশাত্মবোধ" সম্বন্ধে বক্তৃতা প্রসঙ্গে স্যার [illegible] বলেন যে, ভারতবর্ষের মত এমন কোন দেশ আছে কি—যাহার অতীত ইতিহাস, সংস্কৃতি ও সভ্যতার গৌরব বোধ করা যায়। 'দেশাত্মবোধ' এই কথা যখন ভারতবর্ষে প্রযুক্ত হয় তখন তাহার অর্থ হইতেছে—ভারতকে ভালবাসিয়া স্বার্থত্যাগ করিয়া উহার সেবাব্রত গ্রহণ করা। তিনি বলেন,—দেশাত্মবোধের নামে যে কাজটী আমি আপনাদিগকে প্রথমে করিতে অনুরোধ করিব তাহা হইতেছে, রাজনীতি হইতে আপনারা সাম্প্রদায়িকতার বিষ দূর করুন।

ভারত সরকারের রেল কোম্পানীর আয়

১৯৩৭ সালের ১০ই আগষ্ট তারিখ পর্য্যন্ত দশ দিনে ভারত সরকারের নিজস্ব রেল কোম্পানীসমূহের আনুমানিক মোট আয় ২০৬ লক্ষ টাকা হইয়াছে। পূর্ব্ব বৎসরের ঐ সময়ের আয়ের তুলনায় এবার ১২ লক্ষ টাকা আয় বেশী হইয়াছে। ১৯৩৭ সালের ১লা এপ্রিল হইতে ১০ই আগষ্ট পর্য্যন্ত ঐ রেল কোম্পানী সমূহের মোট আয় ৩৩৭০ কোটী টাকা হইয়াছে।

দৈনিক নদীয়াপ্রকাশ

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈ[illegible] (বাঁধা)
১২। [illegible] বাঁধা) ২৲
১৩। হরিনামচিন্তা (৪র্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। বাদশ-আলবর ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়-সাহিত্য ।৶০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল বাংলা-ভাষ্য ।০
২৭। মুক্তিফলিকা গুণলোকতঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵০
৪৬। আর্য্যশতক ৵০
৪৭। সদাচারস্মৃতিঃ ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। আর্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও কর্মফল
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভূগবেদব ৶০
৫৯। শিক্ষাদর্পণ ৶০
৬০ সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ।০
৬৪। তত্ত্বত্রয়ম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ।৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৸০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন্ বেদান্ত ।০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী অ্যাণ্ড অণ্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ক্‌স ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। শ্রেবজীবন্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপ্‌ল অ্যাণ্ড আনআলয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অখণ্ড ভল্যুম) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵১০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৫৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST - প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, পরি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ২ টাকা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় - মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত —ভিদিওয়ায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। মেদিনীপুর শ্রীশ্যামানন্দ গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ২।০।

৪। পরমার্থী - শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

——:০:——

নির্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এইগ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীনদীয়া-প্রকাশ

বিশ্বে একমাত্র দৈনিক
— পারমার্থিক পত্র —
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

অনাসক্তস্য বিষয়ান্
যথার্হমুপযুঞ্জতঃ।
নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে
যুক্তং বৈরাগ্যমুচ্যতে।
প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা
হরিসম্বন্ধিবস্তুনঃ।
মুমুক্ষুভিঃ পরিত্যাগো
বৈরাগ্যং ফল্গু কথ্যতে।

আরাধ্যো ভগবান্ ব্রজেশ-
তনয়স্তদ্ধাম বৃন্দাবনং,
রম্যা কাচিদুপাসনা
ব্রজবধূবর্গেণ যা কল্পিতা।
শ্রীমদ্ভাগবতং প্রমাণমমলং
প্রেমা পুমর্থো মহান্,
শ্রীচৈতন্যমহাপ্রভোর্মতমিদং
তত্রাদরো নঃ পরঃ।

১২শ বর্ষ { হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ১১ই ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ২৭শে আগষ্ট ইং ১৯৩৭, শুক্রবার } ১৫৪৩ম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

বর্ত্তমান গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ও [illegible] পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুর আনুগত্যে আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠে ও তাঁহার শাখামঠসমূহে আগামী ২৯শে ও ৩০শে আগষ্ট শ্রীশ্রীকৃষ্ণজন্মাষ্টমী-উৎসব ও শ্রীনন্দোৎসব সমারোহের সহিত সম্পন্ন হইবে। এতদুপলক্ষে ২৯শে আগষ্ট রোবে শ্রীগৌড়ীয়মঠে অপরাহ্ণ ৬ ঘটিকা হইতে ৬-২০ পর্য্যন্ত সংকীর্ত্তন, ৬-২০ হইতে ৮ ঘটিকা পর্য্যন্ত ইংরাজী ও গুজরাটী ভাষায় বক্তৃতা, ৮ ঘটিকা হইতে ৮-৫ মিনিট পর্য্যন্ত সন্ধ্যারাত্রিক, ৮-৫ মিঃ হইতে রাত্রি ১১ ঘটিকা পর্য্যন্ত শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা হইবে। অনন্তর ১১ ঘটিকা হইতে ১২ ঘটিকা পর্য্যন্ত কীর্ত্তন, ভোগরাগ ও আরাত্রিকাদি হইবে।

তৎপর দিবস শ্রীনন্দোৎসব উপলক্ষে বেলা ১২ ঘটিকা হইতে ৩ ঘটিকা পর্য্যন্ত কাঙ্গালী ভোজন, সন্ধ্যা ৭-৩০ হইতে ৮টা পর্য্যন্ত সন্ধ্যারাত্রিক ও সংকীর্ত্তন এবং ছায়াচিত্রযোগে কৃষ্ণলীলা প্রদর্শনান্তে সমাগত ব্যক্তিগণকে মহাপ্রসাদ বিতরণ করা হইবে। সকলের যোগদান প্রার্থনীয়।

———

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিভূদেব শ্রৌতী মহারাজ কিছুকাল জামালপুর, [illegible], পাটনা, গয়া ও কাশী প্রভৃতি স্থানে শ্রীচৈতন্যবাণী প্রচার করিয়া বর্ত্তমানে প্রয়াগ শ্রীরূপগৌড়ীয়মঠে অবস্থান পূর্ব্বক হরিকথা প্রচার করিতেছেন।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিচার যাযাবর মহারাজ শ্রীমান্ রামকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী সহ আগরপাড়া [illegible] টাকী, কাশী প্রভৃতি স্থানে হরিকথা প্রচারপূর্ব্বক গত ১২শে আগষ্ট বৃহস্পতিবার [illegible] কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠে প্রত্যাবর্ত্তন করিয়া কলিকাতার বিভিন্ন স্থানে হরিকথা কীর্ত্তন করিতেছেন।

———

গত ২২শে আগষ্ট রবিবার কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীবলদেবাবির্ভাব-উৎসব সমারোহের সহিত পাঠ কীর্ত্তন ও বক্তৃতা মুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। ঐ দিবস সন্ধ্যাকালে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ ও ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিবিচার যাযাবর মহারাজ "শ্রীশ্রীবলদেবাবির্ভাব সম্বন্ধে" দুইটী বক্তৃতা প্রদান করিয়া শ্রোতৃবৃন্দের আনন্দবর্দ্ধন করিয়াছেন। বক্তৃতা সকলেরই হৃদয়গ্রাহী হইয়াছিল। বক্তৃতার আদি ও অন্তে মহাজন-পদাবলীকীর্ত্তন হয়।

ঐ দিবস বেলা ৪॥ ঘটিকার সময় কলিকাতার কাউন্সিলের মেম্বর (এম এল সি) ও কর্পোরেশনের কাউন্সিলার মিঃ কে: সি রায় চৌধুরী মহোদয় শ্রীগৌড়ীয়মঠে আসিয়াছিলেন। তিনি শ্রীপাদ [illegible] মহারাজ, শ্রীপাদ [illegible] দাস ব্রহ্মচারী ও শ্রীপাদ ভক্তিসুধাকর প্রভুর নিকট গৌড়ীয়মঠের প্রচার বিষয়-সম্বন্ধে বহু কথা শ্রবণ করিয়া অত্যন্ত সন্তুষ্ট হন এবং শ্রীকৃষ্ণচৈতন্য [illegible] গ্রন্থাদি আগ্রহ সহকারে পড়িবার জন্য সঙ্গে লইয়া যান।

পরলোকে মধুসূদন তত্ত্ববাচস্পতি

হুগলী জেলার আরামবাগ মহকুমার অন্তর্গত পশ্চিমপাড়া গ্রামনিবাসী পণ্ডিত শ্রীযুত মধুসূদন তত্ত্ববাচস্পতি মহাশয় গত ১২ই শ্রাবণ বুধবার রাত্রে রাত্রি ৮টা ঘটিকার সময় ৫৮ বৎসর বয়সে [illegible] সজ্ঞানে পরলোক গমন করিয়াছেন। ইনি হুগলী জেলার [illegible] গ্রামে '[illegible]' নামে একটী কুটীর নির্ম্মাণ করিয়া প্রায় বৎসরাধিককাল তথায় [illegible] করিতেন এবং মধ্যে মধ্যে পশ্চিমপাড়া গ্রামে আসিয়া পুস্তকাদির কার্য্য পরিদর্শন করিয়া যাইতেন। তাঁহার মধ্যম সহোদর শ্রীযুত সুরেন্দ্রমোহন বিদ্যাবিনোদ মহাশয় বর্ত্তমানে উক্ত পুস্তকাদির কার্য্য পরিচালনা করিতেছেন। বাচস্পতি মহাশয় শৈশব হইতেই বৈষ্ণবশাস্ত্রের অনুশীলন ও সংস্কৃত আলোচনা করিতেন। ইনি 'শ্রীবৈষ্ণবসঙ্গিনী' নামক বৈমাসিক পত্রিকা প্রথমে বাহির করেন। গ্রাহকবর্গের অনুরোধে ইনি বৈষ্ণবসঙ্গিনীকে মাসিক আকারে পরিণত করিয়া '[illegible]' নামে বাহির করিতে থাকেন। ২৬ বৎসর কাল [illegible] সম্পাদন [illegible] প্রকাশিত হয়। কিন্তু শারীরিক অসুস্থতা প্রযুক্ত তিনি কিছুদিন পত্রিকা প্রকাশে বিরত থাকেন। পুনরায় ১৩৩১-৩২ সালে পত্রিকা ত্রৈমাসিক আকারে বাহির করিতে থাকেন। তাঁহার [illegible] অপ্রকাশিত গ্রন্থসমূহ প্রচার করা। [illegible], কৃষ্ণকর্ণামৃতম্, [illegible], উপাসনা শিক্ষা, বেদান্ত [illegible], [illegible] প্রভৃতি [illegible] সহ প্রকাশ করিয়া বৈষ্ণব সাহিত্যের প্রভূত উপকার করিয়া গিয়াছেন। ইনি নিজে [illegible], প্রেম ও [illegible], ভক্তের জয়, [illegible], বৈষ্ণবতত্ত্ব দীপিকা, [illegible] প্রভৃতি বহু গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন। শ্রীমৎ কবিকর্ণপুর গোস্বামী বিরচিত শ্রীআনন্দবৃন্দাবনচম্পূঃ ১১ স্তবক পর্য্যন্ত বাহির করিয়া তিনি দেহত্যাগ করিয়াছেন।

শ্রীমৎ গোপালভট্ট গোস্বামীর সৎক্রিয়াসারদীপিকা অবলম্বনে [illegible] নামক একখানি বৃহৎ বৈষ্ণবস্মৃতি প্রণয়ন করিয়াছিলেন। এই [illegible] উপকার হইয়াছে।

বাচস্পতি মহাশয় [illegible] ছিলেন। তিনি [illegible] করিয়াছেন। [illegible] নবদ্বীপ, কাশী, বৃন্দাবন প্রভৃতি [illegible] তিনি নানাবিধ উপাধি লাভ করেন। [illegible] ভগবান্ গৌরসুন্দর তাঁহার আত্মার কল্যাণ বিধান করুন ইহাই আমাদের প্রার্থনা।

'অব্রাহ্মণ' কখনও 'গুরু' হ'তে পারেন না। 'গুরু' মানেই—'ব্রাহ্মণ'। যিনি লোক ঠকান, কিম্বা যিনি ইন্দ্রিয় চেষ্টায় ধাবিত, তিনি 'গুরু' নহেন। লোকে পরিচিত থাকুন 'শূদ্র' ব'লে, 'সন্ন্যাসী' ব'লে তথাপি তিনি কৃষ্ণতত্ত্ববিৎ হ'লে 'ব্রাহ্মণ'—'গুরু'। যিনি কৃষ্ণতত্ত্ববিৎ অর্থাৎ অদ্বয়জ্ঞানের পূর্ণপ্রতীতি-বিষয়ে অভিজ্ঞ, তাঁ'তে আনুষঙ্গিকভাবে 'ব্রহ্মজ্ঞতা' আছে, তিনি নিশ্চয়ই অব্রাহ্মণ নহেন।

(শ্রীল প্রভুপাদ)

ॐ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

উৎসবের

"সজ্জনগণ কর্তৃক আদৃত কীর্ত্তি আপনার প্রতি উপযুক্ত হওয়া থাকে। ভক্তশ্রেষ্ঠ শ্রীউদ্ধবের এই প্রশ্নোত্তরে শ্রীভগবান্ ভক্তির লক্ষণসমূহ জানাইতেছেন,—

"হে উদ্ধব! মদীয় শ্রীমূর্ত্তি ও মদীয় ভক্তগণের দর্শন, স্পর্শন, অর্চ্চন, পরিচর্য্যা, স্তুতি, প্রণাম, গুণকর্ম্মকীর্ত্তন, কথা শ্রবণে অনুরাগ, নিরন্তর মদীয় ধ্যান, সর্ব্বলাভ অর্পণ, দাস্যস্বীকার, আত্মনিবেদন, জন্ম-কর্ম্ম-কীর্ত্তন, পর্ব্ব (জন্মাষ্টমী প্রভৃতি) পর্ব্বসমূহের অনুমোদন, গীত, বাদ্য, নৃত্য ও গোষ্ঠী সহকারে মদীয় মন্দিরে উৎসব, সর্ব্বপ্রকার বার্ষিক পর্ব্বদিবসসমূহে (কাল্গুনীপূর্ণিমাদি) উৎসব, উপহার অর্পণ, বৈদিকী ও তান্ত্রিকী (পাঞ্চরাত্রিকী) দীক্ষা, মদীয় ব্রতপালন (চাতুর্ম্মাস্য, হরিবাসর বা হরির আবির্ভাবাদি জয়ন্তী তিথির পালন), মদীয় শ্রীমূর্ত্তিস্থাপনে শ্রদ্ধা, মদীয় উদ্যান পুষ্পপ্রদান, উপবন (নন্দনকানন), ক্রীড়াস্থান, পুর (চণ্ডীমণ্ডপ), মন্দিরাদি নির্ম্মাণবিষয়ে একাকী অথবা মিলিতভাবে উদ্যোগী এবং অকপটভাবে ভৃত্যের ন্যায় সম্মার্জ্জন, লেপন, জলসেচন ও মণ্ডলরচনা দ্বারা আমার গৃহসেবা করিবে। মান ও দম্ভ পরিত্যাগ করিবে। কখনও আচরিত বিষয়ের কীর্ত্তন করিবে না। অন্যের উদ্দেশ্যে নিবেদিত দ্রব্য আমার সেবায় অর্পণ করিবে না। আমার উদ্দেশ্যে প্রদত্ত প্রদীপের আলোকদ্বারা অন্য কোন কার্য্য করিবে না। যে সকল বস্তু লোকের অভীষ্ট এবং যাহা নিজের অতি প্রিয়, তাহা আমার উদ্দেশ্যে সমর্পণ করিবে; তাহা হইলে উক্ত দান অনন্তকল্যাণরূপে উক্ত হইয়া থাকে।"

—শ্রীমদ্ভাগবত ১১শ স্কন্ধ ১১শ অধ্যায় ৩৪-৪১ শ্লোক

আমাদের নিত্যারাধ্য নিত্যলীলাপ্রবিষ্ট জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ তাঁহার প্রকটকালে যাবতীয় শুদ্ধভক্তিধামনগর মঠমন্দিরে উপর্যুক্ত প্রকারে ভগবদ্ভক্তির সাময়িক ও সর্ব্বাঙ্গীন অনুষ্ঠানের যে ব্যবস্থা রাখিয়া গিয়াছেন, তাহা তাঁহার যোগ্যতম অধস্তন পরমশ্রেষ্ঠ বেদবিগ্রহ বর্ত্তমান গৌড়ীয়মঠাধ্যক্ষ পরমহংস পরিব্রাজকাচার্য্য শ্রীমদ্ভক্তিপ্রসাদপুরী গোস্বামী মহারাজের সেবাধ্যক্ষতায় সর্ব্বোৎসাহে সুষ্ঠুভাবে সম্পন্ন হইতেছে। শ্রীশ্রীল প্রভুপাদের প্রবর্ত্তিত উৎসবাদির মধ্যে শ্রীগৌরজন্মোৎসব উপলক্ষে শ্রীধাম-নবদ্বীপ-পরিক্রমা ও শ্রীগৌর-প্রকটস্থান শ্রীধাম মায়াপুরে গৌরজন্মোৎসব, শ্রীব্রজমণ্ডল শ্রীরাধাকুণ্ডে কার্ত্তিক মাসে ঊর্জ্জব্রতপালন ও পরিক্রমা, শ্রীক্ষেত্রমণ্ডলে পুরুষোত্তমে আষাঢ় মাসে শ্রীজগন্নাথদেবের রথযাত্রাকালে শ্রীজগন্নাথ গৌরসুন্দর ও গৌরপার্ষদ ঠাকুরের বিরহ-মহোৎসব ও শ্রীল ঠাকুর [illegible] বিরহ মহোৎসব এবং কলিকাতা (বাগবাজার, শ্রীগৌড়ীয়মঠে) ভাদ্রমাসে মাসাধিককালব্যাপী হরিকথা মহোৎসবই প্রধান। এতদ্ব্যতীত শাখা মঠ কাশী, প্রয়াগ, বৃন্দাবন, কুরুক্ষেত্র, দিল্লী, নৈমিষারণ্য, বোম্বে, মাদ্রাজ, কভুর, কটক, ও বঙ্গদেশের যাবতীয় মঠে বার্ষিক-মহোৎসব সম্পাদিত হইয়া থাকে। এই সকল উৎসবের মূল-উদ্দেশ্য—আমাদিগকে কৃষ্ণেতরবিষয়ভোগ বিচারে পারঙ্গত করিয়া আমাদিগের নিত্যমঙ্গল সম্পাদন। শ্রীল প্রভুপাদ তাঁহার সেবকবৃন্দকে উৎসবের আনুকূল্য সংগ্রহার্থ ধনী-নির্ধন, পণ্ডিত মূর্খ, উচ্চ-নীচ—সকলেরই নিকট প্রেরণ করিতেন, উদ্দেশ্য—তাঁহাদিগকে [illegible] বৃত্তি উন্মোচিত করিতে দেওয়া—ভোগ ত্যাগ-চিন্তার কষ্ট হইতে নিষ্কৃতি প্রদান করিয়া তাঁহাদিগকে গুরুসেবা-রাজ্যে প্রতিষ্ঠিত করা। বিশেষ বিশেষ সভায় অধিবেশনে বহু লোককে নিমন্ত্রণ করিয়া তিনি স্বয়ং বা তাঁহার আশ্রিত বিশিষ্ট বক্তৃগণ দ্বারা বক্তৃতা প্রদান করিতেন বা করাইতেন, মহাপ্রসাদ বিতরণের ব্যবস্থা থাকিত, উদ্দেশ্য—আমাদের কৃষ্ণবহির্মুখ-চিত্তকে কৃষ্ণোন্মুখী করিয়া দেওয়া—কৃষ্ণপাদপদ্মে প্রবৃত্তি আনয়ন-দ্বারা অনর্থবিনাশ ও নিত্যমঙ্গলোৎপাদন করা। উচ্চৈঃ আহার, কর্ণরসায়ন কীর্ত্তন, জনমনোরঞ্জনকারী বাক্চাতুর্য্য এবং লোকের আত্মেন্দ্রিয় তর্পণবিচারে উৎসবপ্রদানের ব্যবস্থা করিয়া লোকের কনক কামিনী বা প্রতিষ্ঠা-সংগ্রহ দ্বারা জগতের অহিতাকাঙ্ক্ষা শ্রীল প্রভুপাদের প্রবর্ত্তিত উৎসবের উদ্দেশ্য নহে। তাৎকালিক অর্থবিত্ত প্রতিপত্তিশালী ব্যক্তিগণকে আহ্বান করিয়া তাঁহাদিগের স্তুতিপর বাক্য শুনাইয়া তাঁহাদের নিকট হইতে অর্থ বা প্রতিষ্ঠালোভনকার্য্য নিষ্প্রয়োজন ভাগবতধর্ম্ম হইতে বহুদূরে অবস্থিত। আবার যে সকল ব্যক্তি কেবল কতকগুলি বুভুক্ষু বাক্য বা তাঁহাদের আচারবিচার অভিলাষ বাক্য শুনিবার জন্য মঠে আসিবার বা সাধুসঙ্গ করিবার প্রয়োজন বুঝিয়া থাকেন, তাঁহারা গুরুনিষ্ঠ ও শুদ্ধভক্ত-সাধুসঙ্গাশ্রয় হইতে বঞ্চিত হইলেন। জীবের অনাদি-বহির্ম্মুখতা অপসারিত করিয়া তাঁহার হৃদয়ে কৃষ্ণস্মৃতি জাগরুক করিয়া দেওয়াই সাধুর কার্য্য এবং তজ্জন্যই উৎসবাদির প্রয়োজন। শ্রীগৌড়ীয় মঠের উৎসবের তাহাই বৈশিষ্ট্য এখানে উচ্চ উচ্চ পাকের যোগাড় নাই, কড়ক্ষণ ব্যাপিয়া নিত্যবিরুদ্ধ ও রসাভাসময় ভাবপ্রবণতামূলক বিভিন্ন সুর তাল-লয়-সংযুক্ত আত্মসুখকর গানের কোলাহল নাই, অপ্রাকৃত অপব্যবহার-মূলে কপট ভাবপ্রবণতা আদর নাই, অনধিকারীর সেবা অনাদর করিয়া প্রাকৃতবৈষ্ণব বা বৈষ্ণবপাদের ন্যায় আড়ম্বর নাই, শুদ্ধ-বৈষ্ণবানুগত্যে শুদ্ধভক্তিসিদ্ধান্তমূলক শ্রবণ-কীর্ত্তন সেবাই এই উৎসবের প্রাণ। আমরা জগদ্বাসীকে এই উৎসবে যোগদান করিয়া আত্মমঙ্গল বরণের জন্য আহ্বান করিতেছি। ভগবদ্ভক্তগণ ব্যতীত ভগবদ্ভক্ত ভক্তদ্বার কখনই সমর্থন হইবে না।

শ্রীশ্রীল প্রভুপাদের মনোহভীষ্টপূর্ত্তিকারী বর্ত্তমান আচার্য্যদেব শ্রীল প্রভুপাদের প্রতিষ্ঠিত শ্রীগৌড়ীয়মঠের প্রকৃত স্বরূপজ্ঞানে জগদ্বাসীকে বঞ্চিত করিয়া কেবল গৌড়ীয়মঠের কয়টা ঘাঁ, কত বড় দালান, কত বড় ছাদ প্রভৃতি বাহিরের দৃশ্য দেখাইয়া ব্যবসা চালাইয়া বিদায় দিবার পক্ষপাতী নহেন; যিনি নিত্যলীলাপ্রবিষ্ট শ্রীল প্রভুপাদেরই ন্যায় বাস্তব-সত্যকীর্ত্তনে সম্পূর্ণ নির্ভীক, লোকাপেক্ষা স্বীকার করিয়া সত্য গোপন করিবার আচার্য্য তিনি নহেন। সত্যকথা বলিলে পাছে লোকে অসন্তুষ্ট হয়, এই বলিয়া সত্য গোপন করিয়া বিভিন্ন ব্যক্তির বিভিন্ন রুচির বিনোদন করা তাঁহার স্বভাবের সম্পূর্ণ বিরুদ্ধ। মূর্ত্তিমান্ সত্য তিনি দৈন্যমুখে বলেন,—"আমার বন্ধুপরিচয়ে পরিচিত সমগ্র বিশ্বব্রহ্মাণ্ড যদি আমার বিরুদ্ধ হইয়া যায়; তথাপি শ্রীগুরু-গৌরাঙ্গপাদপদ্মে আমার ইহাই একমাত্র প্রার্থনা যেন আমি সত্যপথ হইতে একতিলমাত্রও বিচলিত না হই।" তাঁহার ন্যায় বজ্রাদপি কঠোরাণি মৃদূনি কুসুমাদপি স্বভাব আচার্য্যবর্য্যের বাস্তব-সত্যানুসরণের সুদৃঢ় প্রতিজ্ঞার মহান্ আদর্শ আমাদিগের সত্যানুসরণ-সঙ্কল্প দৃঢ় হইতে দৃঢ়তর করিয়া আমাদিগকে তাঁহার আনুগত্যে শ্রীভক্তিবিনোদ-গৌরসরস্বতী-সেবায় নিত্যকাল প্রতিষ্ঠিত রাখুন, ইহাই আমাদের একমাত্র প্রার্থনা।

শ্রীগুরুদেব সাক্ষাৎ বস্তুশক্তির প্রকাশবিগ্রহ, তিনি কৃপাবল প্রদান করিলেই তাঁহার বলে বলীয়ান্ হইয়া তাঁহার কৃপায় দুরত্যয়া মায়া উত্তীর্ণ হইবার সৌভাগ্য লাভ করিয়া কৃষ্ণপাদপদ্মে প্রপন্ন হইতে পারিব। শ্রীবলদেবই আসনরূপে আমাদের হৃদয়ে আবির্ভূত হইয়া কৃষ্ণপাদপদ্মের উৎসব সম্পাদন করাইবেন। কৃষ্ণপাদপদ্মসেবার বিঘ্নোৎপাদনকারী নানা মনোধর্ম্ম অসাধুগণকে বলদেবই সমুচিত শাস্তি বিধান করিবেন।

নাথ জগন্নাথ নিত্যানন্দ রায়।
আচার্য্য-হৃদয়ে পাপ পাষণ্ডী পলায়॥

শ্রীল বৈষ্ণব

(শ্রীপাদ নরোত্তমদাস ব্রহ্মচারী)

পরম প্রেমপূজ্যচরণ শ্রীবৈষ্ণব ঠাকুরের শ্রীমুখ হইতে শ্রবণ করিবার সৌভাগ্য হইয়াছে যে, ভগবান্ শ্রীকৃষ্ণের অচিন্ত্য এবং অহৈতুক কৃপা-সম্বলে জীব আত্ম-বিস্মৃত শ্রীগুরুদেবের কোটিচন্দ্র সুশীতল শ্রীপাদপদ্মে জীব আশ্রয়-গ্রহণের সৌভাগ্য পায়। কিন্তু অদ্বৈত-সর্ব্বস্ব বিষয় প্রথমতঃ চিত্তাধারে অচিন্ত্যনীয় বিষয় সম্বন্ধে সে কোন প্রকার ধারণাই করিতে পারে না। এতাবতঃ পাণ্ডিত্যের বন্ধু বৈষ্ণব ঠাকুরই তাহার একমাত্র আশ-ভরসা, সহায়-সম্বল, ভজন-পূজন ও যাহা কিছু সব। এককথায় বৈষ্ণবই ভজনরত সাধক জীবের একমাত্র সহায়।

কোন বিরুদ্ধেন্দ্রিয় ব্যক্তির জীবনযাত্রা নির্ব্বাহকল্পে সবল ব্যক্তির সাহায্যে অপরিহার্য্য রূপে আবশ্যক, অন্যের পক্ষে "অজ্ঞ-ভক্ত-জনের জন্য আবশ্যকতা যে অনন্ত গুণে অধিক তাহা বলাই বাহুল্যমাত্র। একটি দেহের

অপরাধই আবোরতি। তবে একবার জন্য আত্মবুদ্ধিহীন ভগবদ্বিমুখ আমরা বুঝিয়া উঠিতে পারি না।

জন্মান্ধ ব্যক্তি যেমন এ জগতের বর্ণনীয় বস্তু সম্বন্ধে কোন ধারণা করিতে পারে না—দিবারাত্রিতে সমজ্ঞান—একমাত্র অন্ধকার ব্যতীত আর কিছুই বুঝে না বা বুঝিতে সমর্থ হয় না অথবা মনঃকল্পনায় তাহা বুঝিতে গিয়া এক বুঝিতে আর এক বুঝিয়া বসে—শিব গড়িতে গিয়া হয় ত' বা বানরই গড়িয়া ফেলে, চিৎসূর্য্যালোকে চির-উদ্ভাসিত চিন্ময়-ধাম শ্রীমায়াপুরে আগত মাদৃশ অজ্ঞানান্ধজনের অবস্থাও তদ্রূপ। মায়ার অপ্রতিহত প্রভাব বশতঃ আমি উপলব্ধি করিতে পারি না যে, আমি অন্ধ পরন্তু আমার এই অদর্শনকেই দর্শন মনে করিয়া শ্রীধাম এবং শ্রীধামবাসিগণ কিম্বা ভজনরাজ্যের যাবতীয় ব্যাপার সম্বন্ধে নিজের একমাত্র পুঁথি ওক-বুকিস (?) সংলাপে এক একটা অদ্ভুত কল্পনা করিয়া বসি, ফলে দুর্ভাগ্যবশতঃ সবজান্তা সাজিয়া নিজেই বৈষ্ণব (?) হইয়া পড়ি অথবা—চিনিতে আর বাকিতে—জড়ে আর চেতনে—মঠে আর বাড়ীতে—মানুষে আর বৈষ্ণবে কোন পার্থক্য দেখিতে না পাইয়া—চরিত্রজন হইতে চিরতরে বিদায় গ্রহণ করিয়া থাকি।

মাদৃশ হতভাগ্য আত্মবঞ্চক হরিবিমুখ জনের হয় ত' বৈষ্ণবে কোন প্রয়োজন না থাকিতে পারে কিন্তু যিনি সত্যনিষ্ঠ ভজনাকাঙ্ক্ষিত্ব, যিনি সত্যসত্যই ভজনপিপাসু, বৈষ্ণব ঠাকুর তাঁহার মাথার মণি, বৈষ্ণব ঠাকুর তাঁহার প্রাণের প্রাণ—বৈষ্ণবঠাকুর তাঁহার জীবনের জীবন, তাঁহার সাধন-ভজন সব ঐ শ্রীবৈষ্ণবচরণ। বৈষ্ণব ঠাকুরের শ্রীপাদপদ্ম-দর্শনে তাঁহার আনন্দ ধরে না, বৈষ্ণব ঠাকুরের স্মৃতিতে তাঁহার প্রাণ নাচিয়া উঠে, চক্ষু পুলকাশ্রুপূর্ণ হয়, কণ্ঠ রুদ্ধ হইয়া আসে। এক কথায় বৈষ্ণব বলিতে তিনি একেবারে আত্মহারা। শ্রীল ঠাকুর মহাশয় বলিয়াছেন—

বৈষ্ণবচরণ-রেণু, ভূষণ করিয়া তনু,
যাহা হৈতে অনুভব হয়।
মার্জ্জন হয় ভজন, সাধুসঙ্গে অনুক্ষণ,
অজ্ঞান অবিদ্যা পরাজয়॥

ভজন প্রবেশোন্মুখজন সাধনপথে প্রবেশ করিয়া, অনাদি অজ্ঞানান্ধকারাবৃত অন্ধীভূত নয়নে যখন কিছুই দেখিতে না পাইয়া হতাশ হইয়া পড়ে, স্বীয় অনধিকারই অসারতা বুঝিতে পারিয়া ভীতিকম্পিত-কাতর-কণ্ঠে উপায়হীন হইয়া যখন যুক্তকরে নিষ্কপটে কৃপাভিক্ষা করিতে থাকে, ভজনরাজ্যের একমাত্র অধিবাসী শ্রীল বৈষ্ণব ঠাকুর জীবের এই জীবন-মরণ-সমস্যা জটিল সঙ্কট মুহূর্ত্তে তাহার মস্তকে স্বীয় অভয় চরণখানি অর্পণ করিয়া তাহাকে ভজনরাজ্যের সর্ব্বোচ্চ সম্রাট্ শ্রীগুরুপাদপদ্মান্তিকে স্থাপন করেন।

বস্তুতঃ বিষয়বিগ্রহ অথবা বিষয়াশ্রিত আশ্রয় মুকুন্দপ্রেষ্ঠ শ্রীগুরুদেবের সেবা বদ্ধজীব করিতে পারে না। শ্রীগুরুপাদপদ্ম-সেবার অণুমাত্র যোগ্যতাও তাহাতে বর্ত্তমান নাই কিন্তু শ্রীগুরুপাদপদ্মের অন্তরঙ্গ পরম কারুণিক বৈষ্ণব ঠাকুর সেই বদ্ধজীবকে উপদেশ প্রদানমুখে সেবোন্মুখ করিয়া শ্রীগুরুপাদপদ্মের সেবালাভের সুযোগ করিয়া দেন। তিনি এত দয়াল! ইহা যে কত বড় অহৈতুক-করুণার পরাকাষ্ঠা তাহা যাহাকে বৈষ্ণব ঠাকুর জানাইয়াছেন, তিনিই জানেন; আমার মত আবাক্কিক-বিচারসম্পন্ন জীবাধম ইহা আর কি বুঝিবে? তাই ঠাকুর মহাশয় পুনরায় সতর্ক করিয়া দিয়াছেন,—

"ছাড়িয়া বৈষ্ণব-সেবা নিস্তার
পেয়েছে কেবা।"

বৈষ্ণব-সেবা না করিয়া অথবা বৈষ্ণব-সেবায় উদাসীন থাকিয়া যাহারা শ্রীগুরুসেবা বা কৃষ্ণসেবার অভিনয় করেন, তাঁহাদের কোন কালেই সুবিধা হয় না।

শাস্ত্র বলেন,—

"কুরস্য ধারা নিশিতা দুরত্যয়া।
দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি॥"

সুতরাং দুরতিক্রম্য সাধনপথে প্রতি-পদবিক্ষেপে বদ্ধজীব আমার পদস্খলন অনিবার্য্য—নিজের উপর বিশ্বাস করিয়া কোনক্রমেই আমি অগ্রসর হইতে পারি না। "একাকী আমার নাহি পায় বল হরিনাম সংকীর্ত্তনে"। অতএব যদি বাঁচিতেই হয়, তাহা হইলে ... সর্ব্ব শক্তির আশ্রয় গ্রহণ করিতে হইবে। তখন আমাকে দন্তে তৃণ ধারণ করত বলিতে হইবে,—

কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার
তোমার শকতি আছে।
আমি ত' কাঙ্গাল কৃষ্ণ কৃষ্ণ বলি
ধাই তব পাছে পাছে॥
• • • •
তুমি কৃপা করি শ্রদ্ধাবিন্দু দিয়া
দেহ কৃষ্ণনাম ধনে॥

নিষ্কপট কৃপার্থীকে বৈষ্ণব ঠাকুর কৃপা করিয়া থাকেন। তিনি স্বেচ্ছাময়, কৃপা করা না করা সম্পূর্ণভাবে তাঁহার স্বাধীন ইচ্ছার উপর নির্ভর করে, কিন্তু তাই বলিয়া এই মনে করিতে হইবে না যে আমার নিষ্কপট এবং আনুগত্যের বিনিময়ে আমি বৈষ্ণব কৃপা লাভ করিয়াছি। আমি সম্পূর্ণ অযোগ্য, তবে তাঁহার কৃপা অহৈতুকী—ইহাই সুবিচার। স্বেচ্ছাময় বলিয়া তিনি, আমার শত নিষ্কপটতা বা আনুগত্য তিনি অবলীলাক্রমে উপেক্ষা করিতে পারেন। তবে তাঁহারা দয়ার সাগর, তাই আমাদের ভরসা। এই বিশ্বব্রহ্মাণ্ডে, এমনকি গোলোকবৃন্দাবনেও এমন কোন জিনিষ নাই যাহার বিনিময়ে বৈষ্ণব-কৃপা লাভ করিতে পারা যায়। বৈষ্ণব কৃপা এত বড় জিনিষ! কিন্তু অহৈতুকদয়াময় ঠাকুর, এহেন ধন যাহাকে ইচ্ছা বিলাইয়া দেন, যোগ্য-অযোগ্য বিচার করেন না। এমনি তাঁহারা দয়াল দাতা।

এখন যদি আমি দুরতিক্রম্য সাধনপথে এহেন বৈষ্ণব ঠাকুরের শ্রীচরণাশ্রয়তা পরিহার করিয়া স্বতন্ত্রভাবে চলিতে থাকি, তাহা হইলে আর বিপদ হইতে কে আমাকে রক্ষা করিবে? প্রভাত কাঁপিতেছে রেখা টুকুকেও নিঃশেষে মুছিয়া দিবার জন্য সংশয়ের পর সংশয় তর্কের পর তর্ক, যুক্তির পর যুক্তি আসিয়া যখন আঘাতের পর আঘাত করিয়া আমার পদস্খলন করিবার জন্য সব একযোগে উপস্থিত হইবে, কে তখন আমায় এ বিপদ হইতে নিস্তার করিবে? চতুর্দ্দিকে ঘোর বিপজ্জাল-সমাচ্ছন্ন দেখিয়া কে তখন "মাভৈঃ" রবে আমার কাছে আসিয়া তাঁহার অশোক, অভয় শ্রীপাদপদ্ম রজঃকণ দানে এই সমূহবিপদ হইতে মুক্ত করিবে? পরমপূজ্যপাদ বৈষ্ণব ঠাকুর তিনি ভিন্ন এ দুর্দ্দিনে আর গত্যন্তর নাই।

প্রণাম মন্ত্রে দেখিতে পাওয়া যায়,

"বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো
নমো নমঃ"

বৈষ্ণব ঠাকুর বাঞ্ছাকল্পতরু, তিনি কৃপা সিন্ধু, পতিতপাবন এবং চিরনমস্য। প্রণামমন্ত্রের প্রত্যেকটী বাক্য যে কিরূপ অবিসংবাদিতভাবে সত্য, তাহা বৈষ্ণবচরণে প্রপন্ন নিষ্কপট সেবকমাত্রই অবগত আছেন। ইহা শুধু মুখে বলা বা "আওড়াইবার" জন্য রচিত কোন বুলি বিশেষ নয়। ইহা প্রতিপদক্ষেপে, প্রতি নিঃশ্বাস প্রশ্বাসে, প্রতি নিমেষে নিমেষে, অস্থি-মজ্জায় লোকের প্রতি উপলব্ধি করিবার বিষয়।

কিন্তু তাহা হইলে কি হইবে—শ্রীগুরু-বৈষ্ণবে চিরবিমুখ বিষয়নিষ্ঠ লোলুপ আমি কোন ক্রমেই ত' তাঁহাদের শ্রীপাদপদ্মে নম্র চিত্ত হইতে পারিলাম না। হায় আমার কি গতি হইবে! হে পরম দয়াল বৈষ্ণব ঠাকুর! আপনার শ্রীপাদপদ্মে প্রপন্ন এই কীটাধমের প্রতি একটু করুণনয়নে দৃষ্টিপাত করুন।

হে ঠাকুর! বিষয়ের বিষম আকর্ষণে—অজস্রবাসনার অমোঘ তাড়নে নিরন্তর ব্যতিব্যস্ত আমি কিছুতেই আপনার শ্রীচরণে স্থির থাকিতে পারিতেছি না। হে ঠাকুর, আপনি বাঞ্ছাকল্পতরু, আপনি কৃপাসিন্ধু, আপনি পতিতপাবন। আপনার কৃপাই আমার সম্বল।

হে দয়াময় দেবো, আপনার শ্রীচরণে কৃপা ভিক্ষা করিবার অবসরও হয়ত তাহারা আমাকে আর দিবে না। তাই সময় থাকিতে দন্তে তৃণ ধারণ করিয়া দণ্ডবন্নতি পূর্ব্বক নিবেদন করিতেছি, হে ঠাকুর, আপনার দাসানুদাসের দাস্য ব্যতীত অপর কোন কিছু যদি আমি কোন জন্মে কখনও প্রার্থনা করি, আপনি কৃপা করিয়া তাহা আমাকে দিবেন না। নিরাশার ঘনান্ধকার-সমাচ্ছন্ন অনন্তবাসনা-পাপসঙ্কুল হৃদয় অন্ধকারে একমাত্র আশার আলো করুণাময়ের সেই মূর্ত্তিমতী অভয় বাণী—

"আমি বিজ্ঞ, সেই মূর্খে বিষয় কেন দিব।
স্বচরণামৃত দিয়া বিষয় ভুলাইব॥"

হে ঠাকুর!

সর্ব্বস্ব তোমার, চরণে সঁপিয়া
পড়েছি তোমার ঘরে।
তুমি ত' ঠাকুর, তোমার কুকুর
বলিয়া জানহ মোরে॥
বাঁধিয়া নিকটে, আমারে পালিবে
রহিব তোমার দ্বারে।
প্রতীপজনেরে, আসিতে না দিব
রাখিব গড়ের পারে॥
তব নিজজন, প্রসাদ সেবিয়া
উচ্ছিষ্ট রাখিবে যাহা।
আমার ভোজন, পরম আনন্দে
প্রতিদিন হবে তাহা॥
বসিয়া শুইয়া, তোমার চরণ
চিন্তিব সতত আমি।
নাচিতে নাচিতে, নিকটে যাইব
যখন ডাকিবে তুমি॥

হে দয়াময় দেবো, জন্মে জন্মে আপনার চরণে প্রপন্ন নির্ব্বাণীক অন্তরে রহাই যেন আমার একমাত্র আকাঙ্ক্ষার বিষয় হয়।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্বন্ধীয় বক্তৃতাবলি
ভিক্ষা :—১ম খণ্ড—৶০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৶০ ৪র্থ খণ্ড—৶০
প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর
শ্রীচৈতন্যমঠ

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্য মঠ—মূলমঠ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীগৌর-পঞ্চতত্ত্ব, গান্ধর্বিকা-গিরিধারী, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্নতাত্ত্বিকগবেষকগণের 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, মহামহোপদেশক-লোক-শ্রীমদ্ভাগবত, বি তত্ত্ব গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও ত্রৈমাসিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য শ্রীপাদ কুঞ্জবিহারী রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীবিধিভূষণ ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীরামাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান
রক্ষক—শ্রীউপেন্দ্রনাথ অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
রক্ষক—শ্রীমদনার্দ্দনভজন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব গৌড়ীয়মঠালয়
রক্ষক—শ্রীমধ্বানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ
রাউতারী (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)
রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)
রক্ষক—শ্রীচরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাসন
রক্ষক—শ্রীকুঞ্জেশ্বরনাথ মল্লিক।

(২২) পুন্ডা গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপীনাথমঠ
কমলাপুর, পোঃ ঢাকা
রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) মধাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
রক্ষক—শ্রীবাঁকেকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ
রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীমৎ ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
অগষ্টাভিলা, দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারঙ্গ-গৌড়ীয়মঠপীঠ
পোঃ রবিদাস, জিঃ সাহারাণপুর, ইউ, পি
রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক—শ্রীমহেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ
পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার
রক্ষক শ্রীবৃন্দাবনমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ
৪২নং কবিরপুরা, বেনারস সিটি
রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)
রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা
রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী
রক্ষক—শ্রীশচীনাথব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা মথুরা।
রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাশ্রম,
পোঃ রোহতক, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র, পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ
৪৩নং কুতবান রোড, নিউ দিল্লী;
রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভ ব্রহ্মচারী

(৫০) বোম্বে-গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং বোম্বে ৭
রক্ষক—শ্রীঅদিত্য ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা
রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী কাব্যতীর্থ

(৫২) রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগৌড়েশ্বরনাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী
রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ
বাঁশপলি, পোঃ কটক (উড়িষ্যা)
রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ
রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ
ব্রাহ্মণপাড়া পোঃ মাড় (চাকদা
রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রূপগঞ্জ (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীনরেন্দ্রকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ
ভুবনেশ্বর, পোঃ চিরুলিয়া, (মানভূম)
রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়
১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।
রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, ডাউনরোড
ক্লাপটন, লণ্ডন, ই ৫
রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়
রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধকৃষ্ণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীমৎ প্রভুপাদ ব্রহ্মচারী, বেদন্তশাস্ত্রী, এবং ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

১লা আষাঢ়, ১৩৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
দাদখানি	৬॥০
বালাম চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
বাঁকতুলসী	৫॥০
পাটনাই নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
[illegible] কোম্পানি	৪৲
সিদ্ধ [illegible]	৩৸৶০

আতপ—

নূতন [illegible]	৪৲—৪।০
[illegible]	১০৲ ১০।০
বাঁকতুলসী আতপ	৫।০-৫।৶
ঐ দাদখানি	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫।০-৫।৹
কাটারীভোগ	
ঐ [illegible]	৩৶০

চিনির দর

[illegible], টাইপ	১০॥৶
[illegible] ১০০০ নং	১০৶
[illegible] দানা	৯.০
[illegible] দানা	৮।০—৯৶০
গুড় লাল	৭॥৶০—৮৲

সোনা-রূপার দর

প্রতি ভরি

পাকের বার	৩৪॥০
[illegible]	৩৩৲
চাঁদিবার	৫৩।০

পাটের দর

[illegible]—	৪০৸০
[illegible]—	৪০৸০
[illegible]—	৪৩।০
[illegible] সময়—	৪১৲

আটা ও ময়দার দর

[illegible] প্রতি মণ	৬৸০—৬৸৶০
[illegible] ঐ	৬৲—৬৶০
[illegible] ঐ	৫৸৶০—৫৸০
[illegible]	৬৲—৬৶০
[illegible] (বি)	৫৸০—৫৸৶০
[illegible] নং (২	৫৶০—৫।৶০
[illegible] (এল)	৪৲—৪।০
[illegible] (কে)	৪৸০—৪৸৶০
[illegible] নং (৩)	২৸০—২৸৶০
[illegible]	১৸৶০—১৸০
	১৸৶০—১৸৶০

[illegible] দর

	৫৭৲
	৫৭৲
	৫৩৲
	৪৫৲

গাভিওয়া	৪৷০
[illegible]	৪৬৲
[illegible]	৩৬৲
[illegible]	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৸০—৯।০
ঐ সে মার্কা [illegible]	৮৸০—৮॥০
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৲
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸০
বরগা (টি আয়রণ)	৮৸০—৯।০
এঙ্গেল আয়রন (কোনা)	৮॥০—৯৲

টাটা গ্যাঃ করগেট টিন।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৫৶০
২৮ গেজ—	১৫।০

টাটা প্যাঃ প্লেন সীট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
	১৫৲

ইংলিশ [illegible] সীট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ বল্টু ২৪—৩০ গেজ

সীস	।৶৫—৸০
বাগান ঘেরা কাঁটা তার (গার্ডেন	১০।০
গ্রেট কাটিং বা ছিট কাটা মণ	৩৸০—৪৲

পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা

১০—৮৲ হন্দর

গোল রড কাটিং লম্বা ১—৩ ফুট	৯৲—১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯।০—১০।০
পাতি, গোলটু সবারে	৭৲

গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের

এক ৯৸০—১২৲

ক্ষুঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

নটকলের চালন ৫৶০, পাটের চালন ৬৲

তুলার চালন ৪৸০

সুতের দর

কলিকাতা ২৬শে জুন;

আমের লোমার কাটন	৫৯৲
[illegible] আমের [illegible]	৫০৲
[illegible] কাটন	৪৩৲
[illegible]	৫৩৲
ঐ কাটন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

প্রতি মণ

[illegible]	৮।০
সুপারী বেনী	১৬।০—১৭৲
কাটা সুপারী	১০৸০—১১।০
[illegible]	১৫।০—১৭।০
[illegible] নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স্ লিঃ
৬-৫ [illegible] ঘাট গোলাপটি, [illegible]
কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

[illegible] উচ্চ ইংরেজী বিদ্যালয়

[illegible] বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ [illegible] ও [illegible]। [illegible] ছাত্রগণের জন্য [illegible] সুন্দর [illegible] ব্যবস্থা [illegible] খোরাক ও [illegible] প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ স্থান [illegible] আছেন।

[illegible] সুবিধা

পরীক্ষায় [illegible] পারিবে, [illegible] শ্রেণীর [illegible] ছাত্রগণকে [illegible] দেওয়া হইবে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৭	৯—৩১	১৩—২২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭	১১—৩	১৪—	১৮—৯	২০—৩৫
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৫৫	১১—১০	১৪—	১৮—১৩	২০—১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

স্বরূপগঞ্জ ঘাট	ছাঃ	৫—৩৪	৯—৫৫	১১—৪০	১৬—০	১৮—৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫—৫৩	৯—৩৩	১১—৫৮	১৬—৮	১৮—৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬—২০	১০—৩	১২—১৮	১৬—৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠভূষণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত [illegible] পল্লীবাসীর [illegible] এক মাত্র উপায় [illegible] জ্বর কাটিতে [illegible] [illegible] প্রীহা যকৃৎ [illegible] একবার [illegible] দেখুন যে আপনার [illegible] হয় কিনা। মূল্য ছোট বোতল ১০ আনা, বড় বোতল ১৷০ আনা। [illegible] স্বতন্ত্র।

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের দ্বন্দ্বময় যুগে এই গ্রন্থখানা পাঠ করা সকলেরই একান্ত কর্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের মাহাত্ম্য, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, এবং বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য, মানবগণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে উৎসুক, তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত এতে বর্ণানুসারে শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইংরাজীর প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত অধ্যাপক শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গবেষণা এবং পরিশ্রম লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্তি সম্প্রদায়ের শ্রীগ্রন্থ পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্ভুত গ্রন্থ যাবতীয় বহু চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দর্শন মতের তুলনা-মূলক শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৭ অধ্যায়ে প্রায় ৭০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), ... গ্রন্থকারের ভূমিকা (Preface) বিষয় তালিকা (Contents) ও ... বর্ণানুক্রমে ... সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১০, দশ টাকা। প্রাপ্তিস্থান—শ্রী মাধ্ব গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর নদীয়া জেলা,—

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,

১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী

স্ট্রীট বাগবাজার, কলিকাতা।

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার

শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব

আরম্ভ হইয়াছে।

দৈনিক নদীয়া প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে ১০	।৵০	।৵০		১০
" " ইঞ্চি ২৲	১।০	১।০		১৲
সিকিকলম ৫৲	৪০	৪৲		৩৲
অর্দ্ধকলম ৮	৭৲	৭৲		৫৲
এক কলম ১২	১০৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	৪।০
সিকি কলম ১২৲	১২৲
অর্দ্ধকলম ২৪৲	১৮৲
এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ১০ , বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন

ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে

শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত

হইবে

যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি

অতি সুন্দরভাবে ইহাতে

সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্মনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত এখান হইতে অনেক ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম' শ্রীমায়াপুর

শ্রীরূপানুগবর্য্যপাদক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রবর্ত্তিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1844
ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের অভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র প্রচুর-প্রচার-নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১২ই ভাদ্র, ১৩৪৪, ২৮শে আগষ্ট, ১৯৩৭, শনিবার [সংখ্যা ১৫৫]

বিবিধ সংবাদ

—(০)—

ওতাস মেমোরিয়াল শীল্ড প্রতিযোগিতা

গোহাটী ২৪।৮।৩৭

অদ্য এখানে ওতাস মেমোরিয়াল শীল্ড প্রতিযোগিতায় কটনগর কাজেম্ ইলেভেন ও কটনগর মিউনিসিপ্যালিটির খেলা হয়। দুই খেলা দেখিবার জন্য টাউনের অনেক গণ্যমান্য ভদ্রলোক উপস্থিত ছিলেন। তন্মধ্যে মিঃ বি, এম, মিত্র (ডিষ্ট্রিক্ট জজ) মিঃ এন. এম, হুয়াট (ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট) এস, এন, মৌলিক, (চেয়ারম্যান) মৌঃ এম, এম, আকবর ইমাম (ভাইস চেয়ারম্যান,) বাবু বি, কে, ব্যানার্জ্জি (সেক্রেটারী বার এসোসিয়েশন) ও বাবু টি, সি, ব্যানার্জ্জি (১ম মুন্সেফ) নাম বিশেষ উল্লেখযোগ্য।

খেলা আরম্ভ হওয়া মাত্র কাজেম্ ইলেভেন মিউনিসিপ্যালিটিকে চাপিয়া ধরে। হাফটাইমের মধ্যে কাজেম্ ইলেভেন মিউনিসিপ্যালিটিকে ২ গোলে পরাজিত করিয়া সকলের বাহাবা লাভ করে। এই ভাবে অবশিষ্ট অতিবাহিত হয়। বিশ্রামের পর মিউনিসিপ্যালিটির খেলোয়াড়গণ প্রাণপণ চেষ্টায় গোল পরিশোধ করিবার প্রয়াস পায়। কিন্তু তাহাদের সে চেষ্টা ব্যর্থ করিয়া কাজেম্ ইলেভেন পুনরায় আর একটী গোল করিয়া তাহাদের প্রতিপত্তি বজায় রাখে। খেলা শেষ হইবার কয়েক মিনিট পূর্ব্বে মিউনিসিপ্যালিটি একটী গোল পরিশোধ করিতে সমর্থ হয়। অদ্যকার খেলার মধ্যে মৌলভী আকাচ আলি খাঁর (মুন্সেফ) খেলাই সকলের দৃষ্টি আকর্ষণ করিয়াছিল। কাজেম্ ইলেভেনের কাপ্তেন বাবু কিরণ চন্দ্র [illegible] উৎসাহ ও চেষ্টা প্রশংসার্হ।

চীন-সংগ্রাম

জাপানীরা ভীষণভাবে চীনাদের আক্রমণ করিয়াছে। উসুং-এ ভীষণ যুদ্ধ চলিতেছে। জাপানীরা বলিতেছে যে, তাহারা কান-কাও [illegible] দখল করিয়াছে।

জাপানীরা বলিতেছে যে, জাপ-সেনাদল চাহার প্রদেশের রাজধানী কালগান দখল করিয়াছে। জাপ সেনাবাহিনী এক্ষণে দ্রুতবেগে পিপিং-মিউইয়ান রেলপথের ধার দিয়া দক্ষিণ-পূর্ব্বদিকে কানকাও নিকটবর্ত্তী অঞ্চলে অগ্রসর হইতেছে। কানকাও নিকটবর্ত্তী ৫০ হাজার চীনা সৈন্যকে জাপ সেনারা ঘিরিয়া ফেলিয়াছে বলিয়া প্রকাশ।

বিস্ফোরণে ১২ জন নিহত ও ৬৭ জন আহত

গত ২৬শে আগষ্ট বার্লিন হইতে প্রকাশ, হানোভারের নিকটবর্ত্তী উষ্টারম্যুয়েসে একটী বারুদাগারে বিস্ফোরণের ফলে ১২ জন নিহত ও ৬৭ জন আহত হইয়াছে। উষ্টারম্যুয়েস কাম্প্যান গোলাবারুদাদির গোলাবর্ষণ অভ্যাস করার উপযুক্ত স্থান।

প্রাদেশিক মুসলীম লীগ

গত মঙ্গলবার বঙ্গীয় ব্যবস্থা পরিষদে বাঙ্গলা সরকারের পুলিশ বাজেটের আলোচনা আরম্ভ হয়। মৌঃ আর নাজিমুদ্দিন প্রস্তাব করেন যে, পুলিশ বিভাগের ব্যয়বরাদ্দ হইতে ১০০্ টাকা ছাঁটাই করা হউক। গত রবিবার স্যার উহার চাঁদনের সভাপতিত্বে অনুষ্ঠিত বঙ্গীয় প্রাদেশিক মুসলিম লীগের সভায় পুলিশের আচরণের ফলে যে গণ্ডগোল হইয়াছিল, সৈয়দ হাসেমী ছাঁটাই প্রস্তাব দ্বারা তাহারই আলোচনা করিতে চাহেন। সৈয়দ হাসেমীর প্রস্তাব অগ্রাহ্য হইয়া যায়।

তারপর মিঃ পি, ব্যানার্জ্জি আর একটি ছাঁটাই প্রস্তাব করেন। বিভিন্ন প্রতিষ্ঠানের তারসমূহ ও শান্তিপূর্ণ শোভাযাত্রা এবং সভাসমিতিতে গবর্ণমেণ্টের হস্তক্ষেপ সম্বন্ধে মিঃ ব্যানার্জ্জি আলোচনা করেন। মিঃ ব্যানার্জ্জির প্রস্তাবও ভোটে অগ্রাহ্য হয়।

পুলিশ বাজেট আলোচনাকালে শ্রীযুক্ত শরৎচন্দ্র বসু কিছু-সময় সভাপতির কার্য্য করেন।

গত বুধবার পুনরায় পুলিশ বাজেটের আলোচনা হইয়াছিল।

ভারতীয় ব্যবস্থা পরিষদের দ্বিতীয় অধিবেশন

ভারতীয় ব্যবস্থা পরিষদের দ্বিতীয় দিনের অধিবেশন হইয়া গিয়াছে। সীমান্ত উপজাতি অধ্যুষিত অঞ্চল সম্পর্কে পর উত্থাপনের নিয়ম সংশোধনের বিরুদ্ধে শ্রীযুক্ত সত্যমূর্ত্তি যে মুলতুবী প্রস্তাব আনয়ন করেন তাহা বিনা বিভাগে গৃহীত হয়। পরিষদের প্রথম দিনের অধিবেশনে আইনসভার সদস্যগণের অধিকার সম্পর্কে যে প্রস্তাব আনয়ন করিয়াছিলেন, তাহা অগ্রাহ্য হইয়া যায় এবং সভার সভ্য দিগের সংশোধন প্রস্তাব গৃহীত হয়। বাণিজ্যাংশের আইন-সংশোধনের জন্য সরকার পক্ষ যে প্রস্তাব উপস্থিত করেন তাহা সভা [illegible] আরম্ভ হইলে এই সম্পর্কে উহার বিরোধিতা করেন। ইউরোপীয়ান সদস্যদের পক্ষ হইতে মিঃ পি, জে, গ্রিফিথ্ ও উক্ত প্রস্তাবের বিরোধিতা করেন। তিনি বলেন, জরুরী অবস্থার উদ্ভব না হইলে অর্ডিন্যান্স বা এক-আইন বে-আইনী ঘোষণা করার ভার অন্যান্য গবর্ণমেণ্টের হাতে দেওয়া উচিত নহে।

নোট জাল মামলায় একজনের কারাদণ্ড একজনের মুক্তি

দীর্ঘকাল ধরিয়া বিচারের পর গত ২৪শে আগষ্ট হায়দ্রাবাদ নোট জাল মামলার রায় প্রদত্ত হইয়াছে। এই মামলায় ৮ জন অভিযুক্ত হইয়াছিল। নিজামের মিঃ নবাব নাজির যশোর জজ বাহাদুর রায় দান করেন। তিনি ৫ জন আসামীকে দণ্ডিত করিয়াছেন এবং যথেষ্ট প্রমাণ না থাকায় অপর তিন জনকে মুক্তি দিয়াছেন। বিশ্বনাথ ও যোগিন্দ্রনাথকে পাঁচ ও বৎসর করিয়া এবং আর তিন জনের প্রতি ২ বৎসর করিয়া সশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে। ১০ লক্ষ টাকা মূল্যের নোট জাল করার ষড়যন্ত্রের অভিযোগে ১৯৩৬ সালের ৪ঠা জুলাই তারিখে ৯ জনকে গ্রেপ্তার করা হয়। ইহাদের মধ্যে একজন রাজসাক্ষী হওয়ায় তাহাকে মুক্তি প্রদান করা হয়।

ছাত্রগণের ধর্ম্মঘট

বরোদা ট্রেনিং কলেজের প্রায় ৮২ জন ছাত্র পরীক্ষায় অকৃতকার্য্য হওয়ায় ঐ কলেজের প্রিন্সিপাল তাহাদের বৃত্তি বন্ধ করিয়া দেন। তাহার প্রতিবাদে উক্ত কলেজের ছাত্রগণ গত ২৩শে আগষ্ট হইতে পাঠ বর্জ্জন ধর্ম্মঘট করিয়াছে। প্রথমে ৮২ জন ছাত্র ধর্ম্মঘট করিয়াছিল, পরে তাহা সম্প্রসারিত হইয়া কলেজের অন্যান্য সকল ছাত্রই ধর্ম্মঘটে যোগদান করে।

ছাত্রেরা দাবী করিতেছে যে যদি তাহাদিগকে পরীক্ষায় উত্তীর্ণ বলিয়া ঘোষণা করা হয়, তবে তাহারা ধর্ম্মঘট প্রত্যাহার করিবে।

প্রকাশ, পূর্ব্ব হইতে ছাত্রদের পরীক্ষায় অকৃতকার্য্য হইলে তাহাদিগকে কেবল জানাইয়া দেওয়া হইত; কিন্তু সম্প্রতি বৃত্তি বন্ধ করিবার নূতন নিয়ম প্রবর্ত্তিত হইয়াছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত —সম্পূর্ণ ৪০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ৮
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী ১৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। জৈবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-প্রাণবর ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-গাথা ৷৵০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতায় কেবল বাক্য ভাষা ।
২৭। মুক্তিবাহ্মিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তদর্পণ (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৬
৩০। দ্বীপ-দিগ্-দর্শন
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা)
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা)
৩৫। গীতমালা ৵১
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৬
৩৭। ঐ প্রমাণ-খণ্ড
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্শ ।০
৪০। শরণাগতি
৪১। গীতাবলী ৵
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸
৪৩। সাধনতত্ত্ব ৵
৪৪। [illegible]
৪৫। নবদ্বীপশতক ৵০
৪৬। অর্থপঞ্চক ৵০
৪৭। সাধ্যসাধনম্ ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পরমার্থ নির্ণয় ।০
৫৫। ভক্তমালাগ্রন্থী বা মায়াবাদশতদূষণী ।
৫৬। ভারতবর্ষ ও বৈষ্ণবগণ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেব ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।
৬৯। এ ভিউ অব গৌড়ীয় মঠ ।
৭০। নামভজন ৵
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী অ্যাণ্ড অন্টোলজি ।
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম্ ।
৭৫। শ্রী গৌড়ীয়মঠ ইন ব্রিটেন
৭৬। দি ভাগবত
৭৭। ইরোটিক প্রিন্সিপ্‌ল অ্যাণ্ড আনরিজনড্ রিপালসন
৭৮। ব্রহ্মসংহিতা ১
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।
৮১। সাধন-পথ ।
৮২। কল্যাণ-কল্পতরু ৵১
৮৩। গীতাবলী ৵
৮৪। শরণাগতি ৵

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক, পত্রি একাদশীতে প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—তিনিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীগরুড়-স্তম্ভ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ৷১০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে গ্রথিত করা
হইয়াছে।

নিঃসংশয় শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-গর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৩৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীনদীয়া-প্রকাশ

অনাসক্তস্য বিষয়ান্
যথার্হমুপযুঞ্জতঃ।
নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে
যুক্তং বৈরাগ্যমুচ্যতে॥
প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা
হরিসম্বন্ধিবস্তুনঃ।
মুমুক্ষুভিঃ পরিত্যাগো
বৈরাগ্যং ফল্গু কথ্যতে॥

বিশ্বে একমাত্র দৈনিক
— পারমার্থিক পত্র —
শ্রীধাম-মায়াপুর-নদীয়া

আরাধ্যো ভগবান্ ব্রজেশ-
তনয়স্তদ্ধাম বৃন্দাবনং,
রম্যা কাচিদুপাসনা
ব্রজবধূবর্গেণ যা কল্পিতা।
শ্রীমদ্ভাগবতং প্রমাণমমলং
প্রেমা পুমর্থো মহান্,
শ্রীচৈতন্যমহাপ্রভোর্মতমিদং
তত্রাদরো নঃ পরঃ॥

১২শ বর্ষ { ৬ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ১২ই ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ২৮শে আগষ্ট ইং ১৯৩৭, শনিবার } ১৭৫তম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

আগামী কল্য ও তৎপর দিবস শ্রীধাম-মায়াপুরস্থ আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠে শ্রীকৃষ্ণজন্মাষ্টমী ও নন্দোৎসব পাঠ, কীর্ত্তন, বক্তৃতা, হরিকথা আলোচনা ও ইষ্টগোষ্ঠীমুখে মহাসমারোহের সহিত সম্পন্ন হইবে। ভক্তবৃন্দ দিবারাত্র উপবাস ও হরিকথা আলোচনায় এই জয়ন্তী তিথি যথারীতি পালন করিবেন। নন্দোৎসব উপলক্ষে সমাগত সজ্জনবৃন্দকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হইবে।

গত ২৫শে আগষ্ট উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, কাব্য-পুরাণ-সাংখ্যতীর্থ মহোদয় সন্ধ্যারাত্রিকের পর শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করিয়া শ্রোতৃবৃন্দের আনন্দবর্দ্ধন করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

গত ২৫শে আগষ্ট শ্রীপাদ গদাধর দাস অধিকারী ও শ্রীপাদ কেশবানন্দ ব্রহ্মচারীজী পুরী হইতে এবং শ্রীপাদ অনাদিকৃষ্ণ ব্রহ্মচারীজী [illegible] গৌড়ীয়মঠ হইতে আসিয়া কলিকাতা শ্রীগৌড়ীয়মঠের বার্ষিক-মহামহোৎসবে যোগদান করিয়াছেন।

বাগ্মিপ্রবর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ গত ২৬শে আগষ্ট কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে সন্ধ্যার পর শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করিয়াছেন। তৎপর দিবস প্রাতে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিচার যাযাবর মহারাজ শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হইয়াছিল।

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ভক্তিশাস্ত্রী শ্রীমদ্ ভক্তিভূদেব শ্রৌতী মহারাজ বর্ত্তমানে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে আগমন করিয়া সমাগত শ্রোতৃবৃন্দের নিকট শ্রীহরিকথা কীর্ত্তন করিতেছেন।

অদ্য সন্ধ্যা ৭॥ ঘটিকার সময় কলিকাতা বাগবাজারস্থিত শ্রীগৌড়ীয়মঠের সারস্বত-শ্রবণসদনে শ্রীমঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ 'সাধুসঙ্গ ও অসাধুসঙ্গ' বিষয়ে একটী চিত্তাকর্ষিণী বক্তৃতা প্রদান করিবেন। সকলের যোগদান প্রার্থনীয়।

গত ১৭ই আগষ্ট মঙ্গলবার হইতে ২২শে আগষ্ট রবিবার পর্য্যন্ত দার্জ্জিলিঙ্গস্থ শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ গান্ধর্ব্বিকা-গিরিধারীর শ্রীঝুলনযাত্রা-উৎসব সমারোহের সহিত নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়াছে।

এতদুপলক্ষে ২২শে আগষ্ট রবিবারে বিশেষ মহামহোৎসবের আয়োজন হওয়ায় সহরস্থ ও নিকটবর্ত্তী গ্রাম হইতে আগত বহু স্ত্রী, পুরুষ, বালক, বৃদ্ধ ও সজ্জন শ্রদ্ধাবান্ শিক্ষিত ব্যক্তি উৎসবে যোগদান করিয়াছিলেন।

শ্রীমদ্ভাগবত-লীলাকথা ও মহাজন-পদাবলী কীর্ত্তন শ্রবণান্তে বিচিত্র চতুর্ব্বিধ মহাপ্রসাদ ভোজন করিয়া সকলেই অজস্র সুকৃতি অর্জ্জন করিয়াছেন।

রাত্রি ১২ ঘটিকা পর্য্যন্ত মঠের ভক্তবৃন্দ অক্লান্ত পরিশ্রম দ্বারা নির্ব্বিঘ্নে সুচারুরূপে উৎসবযাত্রা নির্ব্বাহ করিয়াছেন। প্রত্যেক সজ্জন ব্যক্তিই শ্রীগৌড়ীয়মঠের প্রচার-বৈশিষ্ট্য-শ্রবণে ও সদাচারে [illegible] শ্রীআচার্য্যদেবের জয়-কীর্ত্তন ও শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকাগিরিধারীর জয়গান করিতে করিতে [illegible] হইয়াছেন।

লণ্ডনে বিষ্ণুমূর্ত্তি আবিষ্কার

বিস্ময়কর ঘটনা

গৌড়ীয়মঠের প্রচারকের স্বপ্ন দর্শনের কাহিনী

১৭ই আগষ্ট বোম্বাই "সাণ্ডে ষ্ট্যাণ্ডার্ড" পত্রিকায় নিম্নলিখিত সংবাদটি প্রকাশিত হইয়াছে—

"লণ্ডন-গৌড়ীয়-মিশনের ভারপ্রাপ্ত মিশনারী পণ্ডিত এ-বি গোস্বামী লণ্ডনের কোন পথের পার্শ্বে একটি বিগ্রহ কুড়াইয়া পাইয়াছেন। বিগ্রহটি শীঘ্রই গৌড়ীয় মিশনের মঠে প্রতিষ্ঠিত করা হইবে। পণ্ডিতজী মূর্ত্তি-প্রাপ্তি সম্পর্কে সম্প্রতি প্রেস-প্রতিনিধির নিকট যে বিবৃতি প্রদান করিয়াছেন, তাহা খুবই বিস্ময়কর ও রহস্যজনক। তিনি বলিয়াছেন, কয়েকদিন পূর্ব্বে বিগ্রহটি স্বপ্নে আমার নিকট আবির্ভূত হন। সেদিন আমি [illegible] ক্লাব গার্ডেনের নিকট মালা জপ করিতে করিতে হাঁটিতেছিলাম, এমন সময় পার্শ্ববর্ত্তী ঝোপের আড়ালে সোণার মত কি যেন ঝক্ ঝক্ করিয়া উঠে। প্রথমে মনে করিয়াছিলাম হয়ত উহা ছেলেমেয়েদের খেলার পুতুল হইবে। কিন্তু হাতে লইয়াই দেখি উহা অবতারের বিগ্রহ। মূর্ত্তিটি শঙ্খ-চক্র-গদা-পদ্ম-শোভিত চতুর্ভুজ বিষ্ণুমূর্ত্তি। লণ্ডনে এই প্রকার মূর্ত্তি কিনিতে পাওয়া যায় না, একমাত্র ভারতেই এইপ্রকার মূর্ত্তি পাওয়া সম্ভব। মূর্ত্তিটি কি প্রকারে লণ্ডনে আসিল তাহা ভাবিয়া আমি একেবারে বিস্মিত হইয়াছি। এখন প্রত্যহ বিগ্রহের পূজা করিতেছি। লণ্ডনে আমাদের মঠের নির্ম্মাণ-কার্য্য সমাপ্ত হইলে উহা সেখানে প্রতিষ্ঠিত হইবেন।"

(কেশরী, ৭ই ভাদ্র সোমবার)

জয়ন্তী-অধিবাস

থেকে থেকে আজি সবারে কেন
 স্বজন সকলে প্রাণ প্রাণ।
ওই বহিছে অপূর্ব্ব গন্ধ
 করিছে আনন্দ উল্লাস।
আজিকে [illegible] মনের [illegible]
 পাব না [illegible]।
কি জানি শঙ্কা জাগে অন্তরে
 বাড়িছে ঘন নিশ্বাস।
অনাদিকাল এক নব আনন্দে
 শিহরে উঠিছে ভুবন।
আগমনী গাহে মধুর ছন্দে
 জাগিছে নয়নে স্বপন।
হৃদকারায় যাঁহার [illegible]
 যাওয়া আসার সাধন—
তবু বসুদেব দেবকী দেবীর
 বাঁধিছে পুলকে বন্ধন।
ব্রজের মথুরা-পুরবাসী যত
 অজানা হরিষে বিভোর,
সাধুজন যত [illegible]
 অদ্ভুত [illegible] পায়।
কংসের [illegible] কথা
 [illegible] পথ চায়?
আসিছেন তিনি আজি এ ধরায়
 অসুর চিন্তিত ভয় পায়।
ভক্তজনের প্রাণ অন্তরে
 উঠিছে জয়-কোলাহল,
অসুর সকলে মরণ ডরে
 [illegible]।
হিংসা, দ্বেষ, ভয় আর দুঃখ
 [illegible]।
হরিনাম আজি উঠুক সবে মুখে
 হরিবাসে সব [illegible]।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে।

'অব্রাহ্মণ' কখনও 'গুরু' হ'তে পারেন না। 'গুরু' মানেই—'ব্রাহ্মণ'। যিনি শোক করেন, কিম্বা যিনি উদর চেষ্টায় ধাবিত, তিনি 'গুরু' নহেন। লোকে পরিচয় থাকুন 'শূদ্র' ব'লে, 'সন্ন্যাসী' ব'লে তথাপি তিনি কৃষ্ণতত্ত্ববিৎ হ'লে 'ব্রাহ্মণ'—'গুরু'। যিনি কৃষ্ণতত্ত্ববিৎ অর্থাৎ অদ্বয়জ্ঞানের পূর্ণ-প্রতীতি-বিষয়ে অভিজ্ঞ, তাঁ'তে আনুষঙ্গিকভাবে 'ব্রহ্মজ্ঞতা' আছে, তিনি নিশ্চয়ই অব্রাহ্মণ নহেন

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৬ হৃষীকেশ অধম কীরোদশায়ী গৌরাব্দ ৪৪১

অণুভাষ্য

শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ের পূর্ব্বাচার্য্য শ্রীমন্মধ্বাচার্য্যপাদ ব্রহ্মসূত্রের যে তিনটী ভাষ্য রচনা করেন; তাহারই অন্যতম শেষোক্ত ভাষ্যের নাম 'অণুভাষ্য'। মদীয় আচার্য্য-দেব জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের মনোভীষ্ট অনুসারে এই গ্রন্থটী পাঠকগণের শ্রীল প্রভুপাদের যোগ্যতম সেবক বেদান্ত ও ভাগবতশাস্ত্রে অদ্বিতীয় পণ্ডিত শ্রীগৌড়ীয়মঠাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুর কৃপাপূর্ব্বক বহু পরিশ্রম স্বীকার করিয়া সঙ্কলন করিয়াছেন। বর্ত্তমান শ্রীবিশ্ববৈষ্ণব-রাজসভা হইতে প্রকাশিত ইহাই সর্ব্বপ্রথম বেদান্তগ্রন্থ।

শ্রীবেদব্যাস-কৃত চতুরধ্যায়াত্মক ব্রহ্মসূত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্য্য ইহাতে শ্লোকাকারে অতি সংক্ষেপে প্রকাশিত হইয়াছে বলিয়া এই ভাষ্যের নাম 'অণু' বা 'সূক্ষ্ম'। শ্রীমধ্বাচার্য্য এই অণুভাষ্য রচনা ক'রিয়া ইহাই পূর্ব্ব সন্ন্যাস-গুরু শ্রীঅচ্যুতপ্রেক্ষাচার্য্যকে প্রদান করিয়াছিলেন। আচার্য্য শ্রীল রাঘবেন্দ্র তীর্থপাদ এই অণুভাষ্যের "তত্ত্বমঞ্জরী" টীকা রচনা করিয়া মূল অণুভাষ্যের প্রত্যেক শব্দটিকে ভাষ্যরূপে স্থাপিত ও প্রমাণিত করিয়াছেন।

বঙ্গদেশে বঙ্গভাষায় এই সর্ব্বপ্রথম তত্ত্বমঞ্জরী টীকার সহিত অণুভাষ্য ও উহার বঙ্গানুবাদ প্রকাশিত হইল। প্রথমেই ব্রহ্মসূত্রের প্রতি অধ্যায়ের প্রতি পাদের শ্রীমধ্বাচার্য্যকৃত অণুভাষ্য মূল, তৎপরে প্রতি অধ্যায়ের প্রতি পাদের ব্রহ্মসূত্র সমূহ, তৎপরে অণুভাষ্যমূলের বঙ্গানুবাদ, তৎপরে প্রতি পাদের শ্রীরাঘবেন্দ্র তীর্থকৃত বিবৃতি তত্ত্বমঞ্জরী টীকা, তাহার বঙ্গানুবাদ ও তাৎপর্য্য—এই ক্রমে খণ্ডিত করিয়া এই গ্রন্থ মুদ্রিত হইয়াছে। এতদ্ব্যতীত বাঙ্গলা-রূপে ব্রহ্মসূত্রসমূহ, উহাদের অধ্যায়াঙ্ক, পাদাঙ্ক ও সূত্রাঙ্কের সহিত সূচীপত্রও প্রকাশিত হইয়াছে। প্রত্যেক অধ্যায়ের প্রত্যেক পাদের অণুভাষ্যোক্ত পদ ও সেই পদের প্রতিপাদ্য ব্রহ্মসূত্র ও অধিকরণের একটী বিশেষ মূল্যবান্ সূচীও বাংলাতে সন্নিবিষ্ট হইয়াছে। এতদ্ব্যতীত অধ্যায়ের প্রতি পাদের অণুভাষ্যের শ্লোক সংখ্যা, অণুভাষ্যের বঙ্গানুবাদ, তত্ত্বমঞ্জরী-টীকা, তত্ত্বমঞ্জরীর বঙ্গানুবাদ, অধিকরণ-সংখ্যা ও ব্রহ্মসূত্র সংখ্যার আর একটি সংক্ষিপ্ত সূচীও প্রদত্ত হইয়াছে।

উক্ত গ্রন্থের শ্রীমধ্বাচার্য্যকৃত মূলগুলি বড় অক্ষরে (ইংলিশ নামক টাইপে) ও তাহিরে ব্রহ্মসূত্রসমূহ (বর্জ্জেস টাইপে), তত্ত্বমঞ্জরী-টীকা পাইকা টাইপে ও বঙ্গানুবাদ স্মল পাইকায় মুদ্রিত হইয়াছে। সূচী, ভূমিকা প্রভৃতির সহিত গ্রন্থটী প্রায় ৫০০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে।

শ্রীগৌড়ীয়মঠাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুর ভূমিকায় কতিপয় মূল্যবান্ তথ্য সংযুক্ত করিয়াছেন। গ্রন্থটী ডবলক্রাউন ষোল পেজি আকারে উত্তম কাগজে মুদ্রিত হইয়াছে।

বৈষ্ণবধর্ম্ম যে ব্রহ্মসূত্রের বা বেদান্তের একমাত্র প্রতিপাদ্য, ইহা যাঁহারা বিশেষ বিচার ও শাস্ত্র-প্রমাণের সহিত জানিতে চাহেন, বিশেষতঃ সংক্ষেপে যাঁহারা শ্রীমধ্বাচার্য্যের সিদ্ধান্ত ও ভেদাভেদ-বেদান্তের বিচার অবগত হইতে চাহেন, তাঁহাদের এই গ্রন্থ সংগ্রহ করা একান্ত কর্ত্তব্য। প্রত্যেক পারমার্থিক ও বঙ্গদেশের সমস্ত শিক্ষিত পাঠাগারে বঙ্গভাষায় প্রকাশিত এই সর্ব্বপ্রথম বেদান্তগ্রন্থটি সকলেরই পাঠ করা একান্ত প্রয়োজন। পণ্ডিত ও অধ্যাপকমণ্ডলীও এই গ্রন্থ পাঠ করিয়া বিশেষ লাভবান্ হইবেন। এই গ্রন্থ শ্রীচৈতন্যমঠ, পোঃ আঃ শ্রীমায়াপুর, শ্রীগৌড়ীয়মঠ পোঃ আঃ বাগবাজার, কলিকাতা ও শ্রীমাধবগৌড়ীয়মঠ, পোঃ আঃ ওয়ারী, ঢাকা ঠিকানায় পাওয়া যায়। ভিক্ষা ২৲ দুই টাকা, ডাকমাশুল স্বতন্ত্র।

শ্রীশ্রীল আচার্য্যদেবের অভিভাষণ

[স্থান—শ্রীগৌড়ীয়মঠের নাটমন্দির-সভা, কাল ৩১।৫।৩৭, তারিখ পূর্ব্বাহ্ন শ্রীল আচার্য্যদেবের কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে শুভ-পদার্পণ উপলক্ষে]

নামশ্রেষ্ঠং মনুমপি শচীপুত্রমত্র স্বরূপং
রূপং তস্যাগ্রজমুরুপুরীং মাথুরীং গোষ্ঠবাটীম্।
রাধাকুণ্ডং গিরিবরমহো রাধিকামাধবাশাং
প্রাপ্তো যস্য প্রথিতকৃপয়া শ্রীগুরুং তং নতোঽস্মি॥

বাঞ্ছা-কল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ॥

অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ
সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্।
হরিঃ পুরটসুন্দরদ্যুতিকদম্বসন্দীপিতঃ
সদা হৃদয়কন্দরে স্ফুরতু বঃ শচীনন্দনঃ॥

আমার পরমপূজনীয় শ্রীপাদ বৈষ্ণববৃন্দ, সমবেত সজ্জন-মণ্ডলি! আজ শ্রীল প্রভুপাদের অপ্রকটের পর প্রায় সাড়ে চারি মাস কাল পরে এই কলিকাতা-শ্রীগৌড়ীয়মঠে আগমন ক'রে আমার যুগপৎ বিষাদ ও হর্ষ উপস্থিত হ'চ্ছে। বিষাদ, কেননা, শ্রীল প্রভুপাদের সমগ্র চরিতে আচরিত ও প্রচারিত শ্রীমন্মহাপ্রভু ও তাঁহার অন্তরঙ্গ পার্ষদগণের উপদিষ্ট যে উজ্জ্বল কৃষ্ণভক্তির কথা কীর্ত্তিত হ'চ্ছে, সেই উজ্জ্বল ভক্তির ন্যূনাধিক ব্যতিক্রম দর্শন ও উপলব্ধি ক'রে তিনি কতই না ব্যথিত হ'চ্ছেন! নিত্যলীলায় প্রবিষ্ট হ'য়েও শ্রীল প্রভুপাদ সর্ব্বত্র ব্যাপকরূপে অবস্থান ক'চ্ছেন। যাঁ'রা তাঁ'র নিকট আসবার অধিকার পে'য়েছেন, আমার বিশ্বাস, তাঁ'রাও তাঁ'র আচরিত ও প্রচারিত উজ্জ্বল ভক্তির ব্যতিক্রম দর্শন ক'রে আজ নিশ্চয়ই ব্যথিত ও ক্ষুভিত হ'চ্ছেন। প্রকৃত প্রস্তাবে তাঁ'র নিষ্কপট সেবাপ্রবৃত্তি-যুক্ত প্রত্যেক শিষ্যই, এমন কি, কলিকাতাবাসী প্রত্যেক সজ্জন—যাঁ'রা একটুকুও সময় ক'রে আমাদের নিত্যারাধ্য শ্রীল প্রভুপাদের শ্রীমুখে হরিকথা-শ্রবণের সৌভাগ্য লাভ ক'রেছেন, তাঁ'রাও কিছু কিছু ব্যথিত হ'য়েছেন। আমার মনে হয়, আমার সঙ্গে সকলেই একবাক্যে ব'লবেন এবং ইহা অস্বীকার ক'রবারও উপায় নাই যে, উজ্জ্বল ভক্তি যেখানে, সেখানেই গৌড়ীয়মঠ। মহাপ্রভুর অন্তরঙ্গ-সেবক শ্রীদামোদর-স্বরূপ, সেই স্বরূপের অনুগতগণই গৌড়ীয়। তদ্ গৌড়ীয়গণের অবস্থানই গৌড়ীয়মঠ। যেখানে শ্রীদামোদর-স্বরূপের অভিন্ন বান্ধব শ্রীরূপ-সনাতন এবং শ্রীজীব-রঘুনাথ-কৃষ্ণদাস-কবিরাজ শ্রীঠাকুর নরোত্তম-বিশ্বনাথ-বলদেব-ভক্তিবিনোদ-শ্রীজগন্নাথ-শ্রীভক্তিবিনোদ-গৌরকিশোর-শ্রীবার্ষভানবী দয়িতদাস—যিনি শ্রীশ্রীভক্তি-সিদ্ধান্তসরস্বতী নামে জগতে বিদিত—এঁদের আচরিত ও প্রচারিত উজ্জ্বল কৃষ্ণভক্তি; যেখানে এই গুরু-পরম্পরায় আম্নায়ে শ্রীরাধাগোবিন্দের কিঙ্কর অকিঞ্চনা অহৈতুকী কেবলা সেবাপ্রবৃত্তি, সেখানেই গৌড়ীয়মঠ। ঐ প্রকার শুদ্ধা কৃষ্ণভক্তি যেখানে নাই, সে স্থান অনুষ্ঠান-হীন, তাহা কখনও গৌড়ীয়মঠ নয়। শ্রীল প্রভুপাদ তাঁ'র অপ্রকটকাল-পর্য্যন্ত সমগ্র বিশ্ববাসীকে জানিয়ে দিয়েছেন, কেবল সেবোর স্বর্ণবাঞ্ছা যেখানে, সেখানে গৌড়ীয়মঠ। নতুবা অবাস্তর বস্তু এসে যেখানে নির্ম্মলা সেবা-বৃত্তিকে আচ্ছাদন করে, তা' বিষয়িগণের ভোগের আড্ডাখানা হ'য়ে দাঁড়ায়।

মহাপ্রভুর প্রদত্ত শিক্ষা হ'তে ভক্তিসিদ্ধান্ত গুরুপরম্পরায় অবতীর্ণ হ'য়ে এই কথাটির উপরই জোর দিয়েছেন যে, যেখানে মায়া—ছলনা, নিজের কর্ত্তৃত্বাভিমান নিয়ে অহঙ্কারবিমূঢ় হ'য়ে "আমার ক্ষমতা এত, আমার এত ধন-বল, এত জন-বল, এত সঙ্ঘ-বল" এইরূপ বৃথা অহঙ্কার—বাল্য জগৎকার অর্থাৎ কেনোপনিষৎ দেবগণের দর্প, গর্ব্ব, দম্ভ, অহঙ্কার চূর্ণ বিচূর্ণ ক'রে শ্রদ্ধাবান্ জীবের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছেন, সেখানে শ্রীল প্রভুপাদের প্রতিষ্ঠিত গৌড়ীয়মঠের কোন কথা নাই। Electric power house এর সঙ্গে connection না থাকলে বাল্ব (bulb) দিয়ে যতই না কেন সূক্ষ্ম বা বৃহৎ, অল্পমূল্য বা বহুমূল্য হ'ক, তা' কিছুতেই জ্ব'লবে না।

"সকলের মূল মালিক বিষ্ণু, সেই বিষ্ণুরই পরতত্ত্ব-স্বরূপ যে স্বয়ংরূপ কৃষ্ণ, তাঁ'র অত্যন্ত প্রেষ্ঠ—তদীয় বস্তু শ্রীগুরু-পাদপদ্ম দয়িতরূপে আমাকে সাহায্য ক'রে তাঁরই যে কিছু সেবার কাজ করাচ্ছেন" —এইরূপ বিচারই বৈষ্ণবদাসগণের। আমার শ্রীগুরুপাদপদ্মের প্রেমসেবায় স্বীকৃত যে স্বয়ং ভগবান, তাঁ'কে ছেড়ে অর্থাৎ সেই পরিচালক, প্রেরক, নিয়ামক, পূর্ণচেতন, স্বতঃকর্ত্তৃত্ব-ধর্ম্ম বা স্বেচ্ছাময়তা বজায় রাখতে পারেন যিনি, এমন অধোক্ষজের অনুগত না হ'য়ে আমি বড় দ্রষ্টা, যাহাদের আমার প্রতিষ্ঠাশা চাই, বাহাদুরী চাই—যেখানে এইরূপ প্রবৃত্তি প্রবলা, সেখানে গৌড়ীয়মঠ নাই—সেটা বিলাসীর আড্ডা; রজস্তমোগুণ-তাড়িত কতকগুলি লোক থেকে পরস্পরের অপস্বার্থ নিয়ে কোন্দল ক'রে অধঃপতন লাভ করে। সেখানে থাকে প্রাণহীন শব—অনুষ্ঠানহীন কাঠামো, সেখানে আমরা আসি না, কোন গৌড়ীয়'

দেন না আসেন। আমাদের নিত্যমঙ্গলাদের জন্যই গৌড়ীয়মঠে আসা। কিন্তু যেখানে কেউ নিত্যমঙ্গলের কথা বলেন না, সেখানে এসে কোন লাভ নাই, যে-জিনিষে সেই জিনিষেই থাকা হয়। সাধুর পদাশ্রিত হ'য়ে যদি নিঃশ্রেয়স লাভই না হ'লো, তা' হ'লে আর কি হ'লো?—"জীবন্নপি মৃতো হি সঃ।" যদি কোন অধাস্তর উদ্দেশ্য তোমার ও তোমার আরাধ্য বস্তুর মধ্যে এসে তোমাকে বঞ্চনা করে, তা' হ'লে তুমি নিজে বঞ্চিত হ'লে এবং অপরকেও বঞ্চনা ক'র্‌তে গেলে। যেখানে সেরূপ বঞ্চিত ও বঞ্চক লোক বাস করে, সেটা কখনও 'মঠ'-পদ-বাচ্য নহে। যেখানে শুদ্ধ চেতনবৃত্তি সর্ব্বদা জাগরূক, সর্ব্বতোভাবে শ্রীসচ্চিদানন্দবিগ্রহ-সেবার প্রচেষ্টা সর্ব্বক্ষণ বর্ত্তমান, সেইস্থান — সেই কৃষ্ণপ্রীতিবিধান-চেষ্টাপূর্ণ স্থানই মঠ শব্দবাচ্য, সেখানেই সকলের আসা উচিত। যাঁ'রা পরলোকের কথায় বিশ্বাস করেন, যাঁ'দের তা'তে একটুকুও শ্রদ্ধা আছে, যাঁ'রা পরমার্থের জন্য চেষ্টাবান্, আশাবান্, তাঁ'রাই সে-স্থানে আসেন। পরমার্থ-সংস্কারকেরই নামই মঠ, নতুবা তাহা কতকগুলি বিষয়ীর আড্ডা।

আমাদের উত্তমা, কেবলা, অহৈতুকী, নিষ্কাম ভক্তি-পথের পথে অন্যাভিলাষরূপ বিষ্ণ ও জ্ঞান-কর্ম্মাদি আবরণ এসে উপস্থিত হয়; উত্তমা ভক্তির লক্ষণে 'অন্যাভিলাষিতাশূন্যং' পদটী থাকায় 'ভক্তি'-পথ ব'ল্‌তে অন্যাভিলাষের নাম-গন্ধও থাক্‌তে পারে না। আর 'জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতং' পদে ঐ সকল আবরণ এসে ভক্তির ভাণ দেখাতে পারে বটে কিন্তু "সে সব ভক্তির প্রবঞ্চ"।

যেখানে মঠ, সেখানে ঐ সকল ভক্তিপ্রতিকূল অবস্থা থাকে। নির্ম্মৎসরসাধুগণের ঐরূপ কোন পাপপ্রবৃত্তি থাক্‌তে পারে না। সেখানে গুণত্রয়ের তাণ্ডবনৃত্য নাই—দুর্নীতির কোন গন্ধ নাই। সে-স্থান বৈকুণ্ঠ, গুণাবর্ত্ত বিগত হ'য়েছে যেখানে, সেখানেই মঠ। যেখানে দুর্নীতির কোন গন্ধ থাকে, সেখানে আমার থাক্‌বার কোন প্রয়োজন নাই। অন্যাভিলাষ বা কৃষ্ণেতরবিষয়ভোগস্পৃহা—দুর্নীতি প্রভৃতির প্রস্রবণ; দুর্নীতি যেস্থান হ'তে সম্পূর্ণ বিগত হ'য়েছে, সে-স্থানই আমাদের বাসযোগ্য।

কর্ম্মও জ্ঞানাবরণের হাত থেকেও রক্ষা পেতে হ'বে। স্ব-সুখ-বাঞ্ছামূলে কর্ম্মকলাপ প্রাপক আদি,—এই ভিত্তিতে যে পুণ্যকর্ম্মাদির অনুষ্ঠান, তা' বশিষ্ঠ-বিষ্ণু-হারীতাদি ঋষি-প্রণীত ধর্ম্মশাস্ত্র-বিহিত হ'লেও তাকে নিঃশ্রেয়স্ ব'লে জ্ঞান ক'র্‌তে হ'বে না। যেহেতু ভক্ত্যঙ্গের অঙ্গ নয়, অনিত্য, প্রাকৃ অনাদি হ'লেও বিনাশী। অবশ্য জীবের এইনের মধ্যে কর্ম্মের অবশ্যম্ভাবিতা আছে—জীব কাজ না ক'রে থাক্‌তে পারে না। কিন্তু কাজ ক'রে ফল আমি পাব— এই বিচার যখন এসে যায়, তখনই তা নিগড়-বোঝা হ'য়ে থাকে। সেখানে সুখবাঞ্ছা যেখানে, সেখানে ঐরূপ কোন কর্ম্ম নাই; তবে ক্রিয়া আছে বটে, কিন্তু তা'তে স্ব সুখপরতা নাই। আত্মাতে স্বসুখবিচারমূলক কোন কর্ম্ম নাই। অন্যাত্মাতে আত্মবুদ্ধি ক'রে যে ক্রিয়া অনুষ্ঠিত হয়, তা'কেই ভাগবত শাস্ত্র সর্ব্বতোভাবে গর্হণ ক'রেছেন, তা' বিনাশী। Bartering system বা commercial interest দেখ'লে, সেখানে মঠ ব'লে কোন কথা নাই। যেখানে মঠ, সেখানে কোন বণিগ্‌বৃত্তি নাই। এইটি হ'লো কর্ম্মাবরণের কথা।

জ্ঞানাবরণটি আরও অধিক বঞ্চনাময়। নির্ভেদ-ব্রহ্মানুসন্ধান—ব্রহ্মের সহিত-নির্ব্বিশেষ হ'য়ে যাওয়া, উপাস্য, উপাসক ও উপাসনা, জ্ঞেয়, জ্ঞান ও জ্ঞাতার ভেদ-কল্পনা ও ব্রহ্মসাযুজ্যাদি জ্ঞানীর বিচার। জ্ঞানমার্গে সাধক-অবস্থার যা' গ্রহণ করা যায়, সিদ্ধিতে তা' থাকে না, সাধ্য ও সাধনে ভেদ উপস্থিত হয়। এই প্রণালীতে যেখানে কার্য্য হয়, সেখানকার সহিত ভক্তের কোন সম্পর্ক নাই। প্রথমে ভোগের বাসনায় নিয়ে কর্ম্মী, শেষে ত্যাগের বাতাবর্ত্তা নিয়ে জ্ঞানী আত্মবঞ্চনা ক'রে থাকেন। জ্ঞান—বৈরাগ্যমূলক। নিজের বস্তু যা'তে না হয়, সেটা দেখ্‌তে গিয়ে শেষে ভগবানের চিচ্ছক্তি-বিলাসকেই বর্জ্জন করবার, যে চেষ্টা এসে পড়ে, তা' ভক্তিশাস্ত্রে অত্যন্ত নিন্দিত। ঐরূপ বৈরাগ্য সমূহ-অমঙ্গলকর। উহা জ্ঞান বা বৈরাগ্য শব্দের অপব্যবহার মাত্র। বস্তুতঃ যেখানে স্বরূপতঃ জীবকে অপ্রাকৃতানন্দ দর্শন নাই, সেখানে বাহিরের কাঠামো-দর্শনে accept বা reject, তৃষ্ণা বা বিতৃষ্ণা, গ্রহণ বা ত্যাগ—এরূপ বিচার-বৈষম্যের উদয় হয়। আসক্তি বা বৈরাগ্য—দু'টাই খারাপ। ঐ দুটা আবরণ যেন মঠে না আসে। সেব্যবস্তুর স্বর্ণসিংহাসন উত্তমা ভক্তির মাঝখানে যা'তে কোন আবরণ এসে না পড়ে— dropscene না পড়ে, তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখ্‌তে হ'বে। ঈশ-শ্রুতি ব'লছেন,—

হিরণ্ময়েন পাত্রেণ সত্যস্যাপিহিতং মুখম্।
তত্ত্বং পূষন্নপাবৃণু সত্যধর্ম্মায় দৃষ্টয়ে॥

[সেই পরমাত্মার রূপ জ্যোতির্ম্ময় পাত্রে আচ্ছাদিত আছে। হে সূর্য্য! সত্যধর্ম্ম প্রকাশ ও আত্মতত্ত্ব-দর্শনের জন্য সেই আচ্ছাদন দূর কর।]

সোনার পাত্র দিয়ে-ঢাকা সত্যের— বিশ্বনাথের দর্শন আচ্ছাদিত হ'য়ে যাচ্ছে। মহামায়া বিবর্ত্তন করিয়া দিয়ে আমাদিগকে বিশ্বনাথের দর্শন থেকে বঞ্চিত ক'র্‌ছে। গৌড়ীয়মঠ সেবকগণ মহামায়ার ভোগায় ভুল্‌বেন না।

অনুকূল-কৃষ্ণানুশীলন-শিক্ষাপ্রদাতা অনুকূল-শ্রীগুরুপাদপদ্ম—যিনি কৃষ্ণের সর্ব্বাপেক্ষা প্রিয় বস্তু, তিনিই একমাত্র বিশ্বের বাস্তব-সত্য প্রদর্শনের transparent medium. তিনি বিশ্বের মত কৃষ্ণ-দর্শনে বাধা দেন না। কৃষ্ণের সর্ব্বাপেক্ষা প্রিয় তিনি—প্রেমের দ্বারা কৃষ্ণকে বশীভূত ক'রেছেন তিনি, সর্ব্বাপেক্ষা প্রেমিক সেই কৃষ্ণপ্রেষ্ঠ গুরুদেব তাঁ'কেই সকল সম্মান, মর্য্যাদা দিতে হ'বে—যা' কিছু উপাদেয় সব তাঁ'রই প্রাপ্য। আমাকে আজ যে সম্মান দেওয়া হ'লো, সেটা শ্রীগুরুদেবেরই জিনিস—আমার নয়। আমি যদি মাঝ পথ হ'তে এর কিছু আত্মসাৎ ক'র্‌তে যাই, তা'হ'লে আমার বিশ্বাসঘাতকতা হ'লো। মনিবকে কেহ কোন দ্রব্য উপঢৌকন দিলে ভৃত্য যদি মাঝপথ থেকে মনিবকে ও তাঁ'র পরিবারকে বঞ্চনা ক'রে তা' নিজের ভোগে লাগায়, তা'হ'লে সেই ভৃত্যের আর ভৃত্যত্ব রইল না। সেইরূপ কোন গুরুসেবক বৈষ্ণব যদি নিজের লাভ-পূজা-প্রতিষ্ঠাশা এক মুহূর্ত্তের জন্যও একটু চিন্তা করে, তা' হ'লে সে গুরুদ্রোহরূপেই বঞ্চিত। আমরা যেখানে যা'ব না'—বঞ্চিত হ'ব না। শ্রীগুরুদেবের শ্রীমুখবাণী শ্রবণপুটে পান ক'র্‌তে হবে; প্রথমে কাণ দিয়েই সমস্ত ইন্দ্রিয়ের কার্য্য পরিচালিত হ'বে। কাণই সকল ইন্দ্রিয়কে regulate ক'র্‌বে—এইরূপে উদ্যান প্রতিপরম্পরায় চ'লে আস্‌ছে। বেদ যে সত্য অবতারে, নিরবচ্ছিন্নভাবে ব'লে আসছেন; তাহাই অবতার-বাণী, তা' কাণ দিয়ে শুন্‌তে হ'বে। যিনি গুরুপাদপদ্মে সর্ব্বতোভাবে শরণাগত হ'য়ে তাঁ'র সর্ব্বস্ব সম্পূর্ণভাবে গুরুদক্ষিণা দিয়েছেন, তাঁ'রই কাছে শ্রীগুরুদেব তাঁ'র সর্ব্বশ্রেষ্ঠ পরমার্থ-সম্পত্তি দিয়ে যান। শ্রীগুরুদেবের সেবক-বাৎসল্য এইরূপ।

সেবকবৎসল শ্রীগুরুদেবের এই কৃপা যে কত বড় জিনিষ, সমগ্র জগতের কত বড় মঙ্গলের কথা যে উহা, কত বড় অমূল্য সম্পত্তির উত্তরাধিকারী ক'রে দেন শ্রীগুরুদেব—যেটি কেবল একমাত্র গুরুদেবেরই একচেটিয়া সম্পত্তি, যা গুরুদেব তাঁর একান্ত অনুগত শিষ্যকেই দিয়ে যান, তা' বুঝ্‌তে পারলে মনুষ্যজাতি কত লাভবান্—কত ভাগ্যবান্ হ'তে পারে।

সমগ্র জগৎকে ও বহুরূপী বিশিষ্ট বস্তু যে গৌরকৃষ্ণ, তাঁ'র প্রিয়তম স্বরূপ-রূপাদির আশ্রয়-বাহক ও বিগ্রহাদি শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর এবং সেই ভক্তিবিনোদ-ধারার শ্রীল প্রভুপাদ পর্য্যন্ত যাঁ'রা সাক্ষাৎ শ্রীচৈতন্যবাণী শ্রবণ ক'রেছেন, তাঁ'দের কথাই শুন্‌তে হ'বে, যারা শ্রৌতপথানুসরণে তা' শ্রবণ করেন নাই, তাঁ'দের কাছে যেতে হ'বে না। পৃথিবীতে অনেক ভোগের বস্তু আছে, আমরা তা' ভোগের জন্য মঠে আসি নাই। যাঁ'র রূপ দর্শন ক'রলে আর অন্য-রূপ দর্শনের স্পৃহা থাকে না, যাঁ'র অমৃতময়ী বাণী শুনলে ইতরপথ শ্রবণের আকাঙ্ক্ষা চিরতরে বিনষ্ট হয়, যাঁর শ্রীপাদপদ্মে অর্পিত বিল্বাদ্যের আঘ্রাণ নিলে অন্য কোন বস্তুর আঘ্রাণ নিবার ইচ্ছা হয় না, যাঁ'র অধরামৃতের একটুকু আস্বাদন পেলে আর কিছু আস্বাদনযোগ্য ব'লে মনে হয় না, যাঁ'র শ্রীপদনখস্পৃষ্ট ধূলিকণা-স্পৃষ্ট ধূলিকণারও স্পর্শ-সৌভাগ্য লাভ হ'লে অন্যের কৃষ্ণেতরবিষয়-স্পর্শাকাঙ্ক্ষা সম্পূর্ণরূপে তিরোহিত হয়—এমন যে পরিপূর্ণ বস্তুরূপও যাঁর রূপরস-গন্ধে আকৃষ্ট—সম্পূর্ণ বশীভূত, সেই বস্তুরূপার পাদপদ্মে সকল লাভ-পূজা-প্রতিষ্ঠা—সর্ব্বস্ব সমর্পণ ক'রে— তাঁ'র পরিপূর্ণ অনুগত হ'য়ে তাঁ'র শ্রীমুখে শ্রবণ ক'রতে হ'বে।

গৌড়ীয়গণ যেখানে অবস্থান করেন, সেখানেই 'গৌড়ীয়মঠ'। বহু গৌড়ীয় যেখানে একত্রে অবস্থান, ইহাতে সর্ব্বপ্রকার আত্মবিহিত হ'য়ে অহৈতুকী সেবাবুদ্ধিতে বাস্তবস্তুর অনুসন্ধানতৎপর হয়, সেখানেই গৌড়ীয়মঠ দর্শন। এতদ্ব্যতীত অন্য জিনিষের দর্শন হ'লে সেটি কাগজের, প্রাণহীন মৃত্তিকার দর্শন হ'বে। চেতনের দর্শন যাতে হয়, তাহাই শ্রীল প্রভুপাদ ও আরাধ্য শ্রীগৌরসুন্দরের একমাত্র ইচ্ছা।

আপনারা আজ আমাকে শ্রীগুরুপাদপদ্মের যে সেবা-সৌভাগ্য প্রদান ক'রলেন, তা'তে আমি আপনাদের নিকট চিরকৃতজ্ঞ। শ্রীগুরুপাদপদ্মের কৃপাছায়াতলে, আমার প্রতি আপনাদের প্রদত্ত অভিনন্দনাদি সমস্তই আমি শ্রীগুরুপাদপদ্মের প্রাপ্যজ্ঞানে তাঁ'কেই অর্পণ ক'র্‌ছি।

বিশেষ দ্রষ্টব্য

গত ২১শে আগষ্ট শ্রীশ্রীকৃষ্ণজন্মাষ্টমী উপলক্ষে প্রেস বন্ধ থাকায় আগামী সোমবার শ্রীশ্রীনদীয়াপ্রকাশ প্রকাশিত হইবেন না।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড—৵০; ২য় খণ্ড ·১৵; ৩য় খণ্ড—৵০ ৪র্থ খণ্ড—৵০

প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠ

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, গান্ধর্ব্বিকা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্নতাত্ত্বিক ও প্রচারকগণের 'নদীয়া-প্রকাশ' কার্য্যালয় আছে। রক্ষক—শ্রীমদ্ ... ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫। কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ চতুর্দ্দশ-বেলার শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাখ্য শ্রীপাদ শশীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)।

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীধীরেন্দ্রকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীবাসপণ্ডিতের ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ চাঁপাহাটী, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনকৃষ্ণ ব্রহ্মচারী।

(১৪) জন্নুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণ... ব্রহ্মচারী ভক্তিরঞ্জন

(১৯) [illegible] মঠ

গোবিন্দপুর, পোঃ [illegible], (নদীয়া)

রক্ষক—শ্রীপ্যারীনাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীনরোত্তমদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীগতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

মৃত্যুঞ্জয়, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অকল্যাণ্ড, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীরাজেশ্বরী প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক - শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীপ্রণববিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৪২নং ফরিদপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) প্রেমানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবৰ্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাগ্রী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)।

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং হমবার্ন রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়র ট্যাঙ্ক রোড, কম্বালাহিল বিল্‌ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ মাদ্রাজেট্টী, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীদাদা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাজু (হাওড়া)

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুমুরহুদা, পোঃ চিরুগুড়া, (মানভূম)।

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ভাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসার গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-কর্ত্তৃক
[illegible]।

কলিকাতার বাজার দর

১লা আগষ্ট, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
দাদখানি	৬॥০
বালাম চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭॥০
বাঁকতুলসী	৫।০
নাগরা নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
কাজলা কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেতুণ	৩॥৵০
আতপ—	
নূতন আতপ	—৪।০
পেশোয়ারী	৩।০
বাঁকতুলসী আতপ	৫।০-৫।৵
ঐ মাঝারি	৫৲ ৫৵০
পাটনাই আতপ	৫।০-৫॥০
কাটারীভোগ	৭৲
ঐ বেতুণ	৩৵০

চিনির দর

কাশীর, টাইপ	১০॥৵০
নিমুর ১০০০ নং	১০৵০
বগোলা সাদা	৯।০
রংপুর সাদা	৮।০—৯৵০
রংপুর লাল	৭॥৵০—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

গিনি সোণার বার	৩৪।৷০
গিনি	২২৲
চাঁদির বার	৫১।০

পাটের দর

আবণে—	৪০৸০
মিডল—	৪০৸০
বটম—	৪১।০
ডোর বন্ধের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

পচেন্ট ময়দা প্রতি মণ	৬।০—৬।৵
পাঞ্জাবের ঐ	৬৲—৬৵০
ভিক্টোরিয়া ঐ	৫৸৵০—৫৸০
সুজী	৬৲—৬৵০
আটা (বি)	৫৸০—৫৸৵০
আটা নং (২	৫৵০—৫৶০
আটা (এস)	৫৲—৫।০
আটা (কে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	২।০—২৸৵০
গোলাই	১॥৵০—১৸০
ভুষি	১॥৵০—১॥৵০

মুড়ের দর

ভেলা	৫৭৲
দাঁতগাঁজা	৫৭৲
গুঁড়	৫০৲
ভুরী	৪৪৲

পাঞ্জাব	৪১।০
ভাব	৭৬৲
কাবুল	৩৬৲
রাখা দাবরা	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

সাদা	৯৸০—৯।০
ঐ বে মার্কা হাল্কা ওজন	৮৸০—৮।০
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ	১০।
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸০
বরগা (টী আয়রণ)	৮৸০—৯।০
এঙ্গেল আয়রণ (কোণা)	৮।০—৯৲

টাটা প্যাঃ করগেট টিন।

২৪ গেজ—	১৩৷০
২৬ গেজ—	১৪॥৵০
২৮ গেজ—	১৪।০

টাটা প্যাঃ প্লেন সীট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
২৮ গেজ—	১৫৲

ইংলিশ প্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

প্যাঃ বটকা ২৫—৩০ গেজী

সীস	।৵৫—৸০
বাগান ঘেরা কাঁটা তার (বার্লিন)	১০।০
মেট কাটিং বা ফিট কাটা রূপ	৩৷০—৪৲
পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৭৷০—৮৲ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩২ ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন শাট, গোলচু দরাজে	৮৲ ৯৲

গেজ ও মি-ডক্সকোল ও কর্ণ কটেজ

রড	৯৸০—১২৲

ষ্টঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

চটকলের চালান ৫৵০, পাটের চালান ৬৷০

ভুলার চালান ৪৸০

সুদের দর

কলিকাতা ২৬শে জুন,

আমের গোলার কাটন	৫৪৲
লিট ন আমের ওজন	৪০৲
কলাদি পুরনি কাটন	৪৩৲
হাবসী পাখা	৫৩৲
ঐ কাটন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

প্রতি মণ

গোলমরিচ	৩৮।০
সুপারি রেণী	১৬।০—১৭৲
কাটা সুপারি	১০।০—১১।০
শুটি খয়ের	১৫।০—১৭।০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স্ লিঃ

ডি-৪ জগন্নাথ ঘাট লোহাপটী, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম—মায়াপুরে

—:o:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"।

—:o:—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সান্নিধ্যে। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাধক ও সদাচারী। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও দেবসেবাদি প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

অবস্থাপন্ন ছাত্রগণের জন্য সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৬০ নম্বর রাখিতে পারিবে, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হইবে।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	৮—৩১,	১০—[illegible]	৩৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—১৭,	১১—৩	১৪ ০	৩৮—৯,	২০—০৪
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৩৫	১১—১০	১৪—৮	১৮—১৩	২০—১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-৩	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় বঙ্গবাসীর পক্ষে ইহা একমাত্র উপায় বলিলেও অত্যুক্তি হয় না। জ্বরের প্লীহা যকৃত কামলা নব ও পুরাতন জ্বর একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হইবে। ছোট বোতল ৸০ আনা, বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ভবানীপুর রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের বাদানুবাদ যুগে এই গ্রন্থখানা পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ বাঙ্গালী ব্রাহ্মণের বাধ্যতা, ব্রাহ্মণের কথা, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য, ব্রাহ্মণগণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে উচ্ছুক তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। গ্রন্থশেষে বর্ণানুসারে শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত আর্য্যধর্ম্ম্যাধিকারী মহাশয় ও শ্রীমদ্ভাগবত-বৈষ্ণব সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য শ্রী মহোপদেশক শ্রী গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের লীলা-চরিত্র পাঠে মগ্ন হউন। এই বিরাট অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় দার্শনিক দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০০ অধ্যায় প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের মূল্যবান মুখবন্ধ (Foreword), গ্রন্থকারের ভূমিকা (Preface), বিষয়-সূচী (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংস্কৃত সূচিপত্র ও সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, রায়পেট্টা, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর নদীয়া,—

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,

১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট

বাগবাজার, কলিকাতা।

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব আরম্ভ হইয়াছে।

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(:০:):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" ইঞ্চি	২৲	১।০	১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲	৪৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬	৪।০
সিকি কলম	১০৲	১২৲
অর্দ্ধকলম	২৪৲	১৮৲
এক কলম	৩৬৲	

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা এক পয়সা; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইহা একটী অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত হইবে।

যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি অতি সুন্দরভাবে ইহাতে সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্ম্মনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

শ্রীকৃষ্ণজন্মাষ্টমী-সংখ্যা Regd No. C 1544.

১২শ বর্ষ ৭ হৃষীকেশ, গৌরাব্দ ৪৫১ ; ১৩ই ভাদ্র, বঙ্গাব্দ ১৩৪৪ ; ২৯শে আগষ্ট, ইং ১৯৩৭ ; রবিবার শ্রীশ্রীকৃষ্ণজন্মাষ্টমী সংখ্যা

শ্রীশ্রীনন্দ-নন্দনাষ্টকম্

(১)

সিদ্ধচিদানন্দ-বিশুদ্ধবিগ্রহং
নবাম্বুদ-শ্যামল-ভঙ্গিমাঙ্গকম্ ।
গো-গোপ-গোপীজন-নেত্রনন্দনং
বন্দে মুকুন্দং ব্রজনন্দনন্দনম্ ॥

(২)

কন্দর্পকোট্যঙ্গ-প্রভাবিভাস্বরং
ত্রিভঙ্গ-সর্বাঙ্গ-সুবেশসুন্দরম্ ।
ঈষদ্ধভালী ভবতীতি ভঙ্গুরং
বন্দে মুকুন্দং ব্রজনন্দনন্দনম্ ॥

(৩)

সুধাংশুকোটিচ্ছবিধৃগ্মুখাম্বুজং
ব্রহ্মাদিভির্বন্দিতপাদপঙ্কজম্ ।
শিখণ্ডিবর্হোজ্জ্বলকেশবন্ধনং
বন্দে মুকুন্দং ব্রজনন্দনন্দনম্ ॥

(৪)

কেয়ূরকাঞ্চীমণিহারধারিণং
আভীরনারীহৃদকুলহারিণম্ ।
ব্রজাঙ্গনাভাববিলাসনন্দনং
বন্দে মুকুন্দং ব্রজনন্দনন্দনম্ ॥

(৫)

শ্রুতিদ্বয়দ্যোতিতদিব্যকুণ্ডলং
সুতাণ্ডবানন্দিতগোপমণ্ডলম্ ।
শ্রীমন্মুরস্মিতমগন্ধিচন্দনং
বন্দে মুকুন্দং ব্রজনন্দনন্দনম্ ॥

শ্রীশ্রীগৌরবিনোদপ্রাণচিত্ত (শ্রীচৈতন্যমঠের শ্রীবিগ্রহ

(৬)

[illegible]
[illegible] ।
[illegible]
বন্দে মুকুন্দং ব্রজনন্দনন্দনম্

[illegible]
[illegible] ।
[illegible]
বন্দে মুকুন্দং ব্রজনন্দনন্দনম্ ॥

(৮)

[illegible]
[illegible] ।
[illegible]
বন্দে মুকুন্দং ব্রজনন্দনন্দনম্ ॥

[illegible]

[illegible]

স্বয়ং ভগবান আর লীলা-পুরুষোত্তম
এই দুই নাম ধরে ব্রজেন্দ্রনন্দন

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস বাবাজী মহারাজ।

বৈষ্ণব-আচার্য্যমুকুটমৌলি পরমকরুণাময় পরমারাধ্যতম সরস্বতীবাবাজীর গৌরকৃষ্ণশ্রেষ্ঠ জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ।

ওঁ বিষ্ণুপাদ সচ্চিদানন্দ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুর।

শ্রীভক্তিসিদ্ধান্ত-বাণী

"'কৃষ্ণাবির্ভাব' বিষয়টী—প্রত্যেক জীবহৃদয়ে যে শুদ্ধচেতনের ভাব আছে, তাহাতে পূর্ণ-চেতনের পূর্ণ-প্রকাশ। শ্রীকৃষ্ণ পরিপূর্ণ বস্তু। তিনি গোবিন্দ—স্বয়ং অবিমিশ্র পরমানন্দ-বিগ্রহ। শ্রীকৃষ্ণ অধোক্ষজ বস্তু অর্থাৎ তিনি মানবের ভোগ্যবস্তু নহেন। Krishna is He, Who has reserved the absolute right of not being exposed to human senses. এই অপ্রাকৃত জ্ঞান কেবল সেবোন্মুখ ইন্দ্রিয়ে স্বেচ্ছায় অবতীর্ণ হন, তখনই তাহা উপলব্ধির বিষয় হন। নতুবা কৃষ্ণতত্ত্ব জাগতিক সর্ব্বশ্রেষ্ঠ প্রতিভা, সর্ব্বশ্রেষ্ঠ সাধনা, সর্ব্বশ্রেষ্ঠ বুদ্ধিমত্তা, বিচার-শক্তি প্রভৃতি কোন কিছুর দ্বারাই আংশিকভাবেও জানা যায় না। পরম করুণাময় কৃষ্ণ তাঁহার পরিকরের সহিত প্রপঞ্চে অবতীর্ণ হন—ভাগ্যহীন জীবের সে বিচার আসে না। ভগবানের সেবার জন্য অবিমিশ্রা চেষ্টা না করা পর্য্যন্ত এসকল কথা উপলব্ধির বিষয় হয় না; মিশ্রা চেষ্টাতে ভগবদ্বস্তুর উপলব্ধি হয় না। আমার আত্মার নিত্যা বৃত্তি যে ভক্তি, যদি তা'র সন্ধান না পাই, যদি তা'দ্বারা নিত্যবস্তুর সেবা না করি, তা' হ'লে সত্যবস্তুর সন্ধান করলাম না—প্রেয়ঃ-পন্থাকে বরণ ক'রে নরকের পথে ধাবিত হ'লাম মাত্র। যদি কোন দিন কোন কার্ষ্ণের নিকট আমরা পৌঁছিতে পারি, তা' হ'লে সুবিধা হ'তে পারে। নিষ্কপট যাঁহারা ভগবদ্ উপাসনা করেন, তাঁহাদের আশ্রয়েই—তাঁহাদের প্রদত্ত দ্বারা উন্মীলিত চক্ষেই আমাদের ভগবদ্দর্শন হয়।

ভক্তিবিনোদ গৌরবাণীশ্রেষ্ঠ স্বরূপরূপানুগবর গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল অনঙ্গবাবাজীদেব পরবিদ্যাভূষণ গোস্বামিপাদ।

শ্রীভক্তিসিদ্ধান্ত-বাণী

শ্রীভগবান্ পঞ্চরূপে প্রকাশিত হন—(১) স্বরূপ বা স্বয়ংরূপ, (২) পরস্বরূপ, (৩) বৈভবরূপ, (৪) অন্তর্যামি রূপ ও (৫) অর্চ্চারূপ। স্বরূপ বা স্বয়ংরূপই ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ। তাঁহার রূপ নশ্বর পরিবর্ত্তনীয়রূপ নহে—কাল্পনিক নহে; বা তিনি আমার বিচারের বা ধারণার কারখানায় গঠিত একটা দ্রব্যবিশেষ নহেন। তিনি—স্বতন্ত্রস্বরূপবিশিষ্ট। শ্রীব্রহ্মসংহিতা তাঁহাকে 'পরমেশ্বর', 'সর্ব্বকারণ কারণ,' 'অনাদি', 'আদি' বলিয়া উল্লেখ করিয়াছেন।

'পরস্বরূপ' বা 'পরতত্ত্ব-স্বরূপ' বলিতে বৈকুণ্ঠস্থ পরব্যোমনাথ শ্রীবিষ্ণু নারায়ণ। বেদাদি নিখিলশাস্ত্র বিষ্ণুতত্ত্বকেই পরতত্ত্ব বলিয়া কীর্ত্তন করেন। দিব্যসূরিগণ নিত্যকাল অপ্রাকৃত ভক্তিলোচনে বিষ্ণুর পরমপদ দর্শন করেন।

বৈভবপ্রকাশ মূলনারায়ণ বলদেব প্রভু—আমার গোবিন্দেরই প্রকাশ মূর্ত্তি। সমস্ত বিষয়েরই মূলকারণ—স্বয়ংরূপের বৈভব—Personal Godhead এর All Pervading Function-holderই বলদেব, তিনি স্বয়ং-প্রকাশ। 'প্রকাশ' অর্থে ভক্তপরতা; এবং 'বিলাস' অর্থে ভক্তবিষয়ে অভিজ্ঞতা 'প্রভুতা' অর্থে নিগ্রহানুগ্রহে সামর্থ্য, 'বিভুতা' অর্থে সর্ব্বালিঙ্গন-যোগ্যতা; শ্রীবলদেব—তাদৃশ গুণবিশিষ্ট। এই সকল পরিশব্দ পরিমিত বাক্যের ভাষাদ্বারা আচ্ছন্ন হইলেও উহাদের প্রকৃত অর্থ গুরুকৃপা ব্যতীত কখনই সম্যগ্‌রূপে বুঝা যাইবে না।

—০:০—

অনন্তশক্তি-মধ্যে কৃষ্ণের তিন শক্তি প্রধান। 'চিচ্ছক্তি', 'ক্রিয়াশক্তি', 'জ্ঞানশক্তি' নাম।

আমার শ্রীগুরুদেব আশ্রয়জাতীয় বিষ্ণুবিগ্রহ-লীলার প্রকটকারী। তিনি ভগবৎপ্রিয়তম বিষ্ণুবিগ্রহ হইয়াও বৈষ্ণবরূপে মাদৃশ পতিতকে উত্তোলন করিবার জন্য প্রপঞ্চে সর্বপ্রাণীতে অধিষ্ঠিত। (বক্তৃতাবলী ১ম খণ্ড)

কৃষ্ণজন্ম বিনা জীবের জীবন বৃথা
(শ্রীল প্রভুপাদ)

'কৃষ্ণাবির্ভাব' জিনিষটী—প্রত্যেক জীবহৃদয়ে যে শুদ্ধচেতনের ভাব আছে, তাহাতেই পূর্ণচেতনের পূর্ণপ্রকাশ। (বক্তৃতাবলী ৩য় খণ্ড)

শ্রীকৃষ্ণগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ ১০৮শ্রী

শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী
গোস্বামি-প্রভুপাদ-প্রতিষ্ঠিত
দৈনিক নদীয়াপ্রকাশ
৭ হৃষীকেশ, সর্ব, বাসুদেব, ৪৫১ গৌরাব্দ

শ্রীজন্মাষ্টমী

'জন্মাষ্টমী'-শব্দটী কৃষ্ণাবির্ভাবকেই লক্ষ্য করে। ইহার অপর নাম জয়ন্তী। এই মাধবী তিথির সেবায় সংসার জয় ও অপ্রাকৃত সৌভাগ্য লাভ হয় বলিয়া পণ্ডিতগণ জন্মাষ্টমীকে জয়ন্তী বলিয়া থাকেন। সেই পরমমঙ্গলময়ী জন্মাষ্টমী তিথি আমাদিগকে সেবা-সৌভাগ্য প্রদান করিবার জন্য আজ কৃপাপূর্বক সমাগতা হইয়াছেন। আজ জীবহৃদয়ে কৃষ্ণাবির্ভাবের দিন। কিন্তু দুর্দৈবগ্রস্ত আমাদের ভাগ্যে সেই সুযোগ ঘটিবে কি? ঘটিবে কি করিয়া? বিশুদ্ধসত্ত্ব অর্থাৎ বসুদেবের ন্যায় নির্মল হৃদয় না হইলে অজ ভগবান্ বাসুদেব ত' মলিন হৃদয়ে আবির্ভূত হন না। সুতরাং আমার ন্যায় বঞ্চিতের ভাগ্যে কৃষ্ণাবির্ভাব যে আকাশ-কুসুমকল্পনা! শ্রীশ্রীল প্রভুপাদের ন্যায় অহৈতুক-করুণাময়, অযাচকে কৃষ্ণপ্রেম-প্রদানকারী সদ্গুরু-চরণাশ্রয়ের সৌভাগ্য পাইয়াও আমি আজ কৃষ্ণধনে বঞ্চিত, কৃষ্ণসেবায় উদাসীন, হৃদয়ে কৃষ্ণকে ধারণ করিতে অযোগ্য ও অসমর্থ। ইহা অপেক্ষা দুঃখ ও অনুতাপের বিষয় আর কি হইতে পারে? শ্রীল প্রভুপাদ বহুবার জানাইয়াছেন, "শ্রীকৃষ্ণজন্ম বিনা জীবের জীবন বৃথা"। কিন্তু তাঁহার সেই মঙ্গলময়ী বাণী আমার কর্ণকুহরে প্রবেশ করিল কৈ? তাঁহার প্রকৃত শিষ্য হইয়া আনুগত্যে আমি কৃষ্ণকে হৃদয়ে ধারণ পূর্বক সতত কৃষ্ণের সেবায় নিযুক্ত হইতে পারিলাম কৈ? সেইজন্যই বলিতেছি, আমার ন্যায় দুর্দৈবগ্রস্ত, গুরুকৃপাবঞ্চিত, কপট আছে আর কে?

কৃষ্ণই আমাদের জীবনের জীবন, প্রাণের প্রাণ—হৃদয়ের দেবতা, হৃদয়ে কৃষ্ণজন্ম বা কৃষ্ণাবির্ভাবই পরমপ্রয়োজনীয় বস্তু; এই জন্যই মঙ্গলকামী জীবের সাধন যা যা কিছু, একথা আমি বুঝিতে পারি না বলিয়াই এরূপভাবে আলস্যে বৃথা দিন কাটাইতেছি। কৃষ্ণের সেবার জন্য যখন ব্যাকুলতা আসিতেছে না, কৃষ্ণদর্শন বা কৃষ্ণাবির্ভাবের জন্য প্রাণ যখন কাঁদিতেছে না, তখন আমি যে মূঢ়শ্রেষ্ঠ শ্রীগুরুদেবের পাদপদ্মে সম্পূর্ণভাবে আশ্রয় গ্রহণ করি নাই, তাঁহার শরণাগত হই নাই, তাহা সহজেই অনুমেয়। শ্রীগুরুপাদপদ্মের ইচ্ছার সহিত যদি আমার ইচ্ছা মিশাইতে পারিতাম, যদি শ্রেয়ঃই আমার প্রেয়ঃ হইত, শ্রীগুরুপাদপদ্মের অযোগ্য দাসাভিমান আমার হৃদয়ে যদি কিছুমাত্রও স্থান পাইত, তাঁহাকে প্রাণের সহিত নিত্য প্রভু বলিয়া বরণ করিবার সৌভাগ্য যদি আমার একদিনও হইত, তাহা হইলে কি আমি কৃষ্ণসেবানন্দে বঞ্চিত থাকিতাম? নিশ্চয়ই না। আমার কপটতাই—ধর্ম অর্থ কাম-মোক্ষ-বাঞ্ছাই আমার সর্বনাশ করিয়াছে। সাধুসঙ্গে ঔদাসীন্যই আমার মঙ্গলের পথে কণ্টক দিয়াছে। সেই জন্যই এমন দিনেও—এই শুভক্ষণেও আমার বস্তুপ্রাপ্তি হইতেছে না—কৃষ্ণদর্শন বা কৃষ্ণজন্ম আমার ভাগ্যে ঘটিতেছে না। হা দুর্দৈব! কি আর বলিব? ধিক্ আমার ভাগ্যকে। ধিক্ অলস অপরাধী আমাকে। ইহার জন্য ত' আমিই দায়ী, আমিই দোষী। যে সময় জীব সেবোন্মুখ হন, সেই সময়ই শ্রীকৃষ্ণ তাঁহার হৃদয়ে আবির্ভূত হন। জীবের তমসাচ্ছন্ন হৃদয়-নিশার মধ্যভাগে বর্ষাকালে শ্রীগুরুপাদপদ্মের কৃপায় প্রতিবর্ষে কৃষ্ণের উদয় হয়। বর্ষাকালেই হরিশয়ন ও ভাদ্র-পূর্ণিমার মধ্যভাগে তাঁহার প্রকটকাল। ভগবজ্জন্ম নিত্য, তাই প্রতিবর্ষে ভগবানের আবির্ভাব-দিবস নিত্যকাল বর্তমান আছে।

"আমরা পরমেশ্বরকে অজ বা জন্মরহিত বলিয়াই জানি। নারায়ণের মাতাপিতা বা জন্ম নাই; কিন্তু মূল নারায়ণ শ্রীকৃষ্ণ এমনি বস্তু যে, তিনি জন্মরহিত পরব্রহ্ম হইয়াও স্বেচ্ছায় নিত্যজন্মলীলা প্রকাশ করেন। গীতোপনিষদে পাই—

"অজোঽপি সন্নব্যয়াত্মা ভূতানামীশ্বরোঽপি সন্।
প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া॥"

[আমার জন্মের সঙ্গে অন্যান্য সকলের জন্মের বিশেষ ভেদ আছে। আমি সকল প্রাণীর ঈশ্বর, জন্মরহিত ও ক্ষয়রহিত; আমি নিজের ইচ্ছায় জগতে আসি, আর জীব আমার মায়ায় বাধ্য হইয়া জগতে জন্মগ্রহণ করে, আমি মায়াধীশ, আর জীব—মায়াধীন।]

অজের জন্ম বাস্তবিকই মহাশ্চর্য্য ব্যাপার। কিন্তু এরূপ নিরঙ্কুশ স্বেচ্ছাময় একমাত্র ভগবানেই সম্ভব। ভগবানের জন্মাদি সকল লীলাই অচিন্ত্য। যে কেবল সাধুরা ভগবানের জন্ম ও কর্মকে শ্রীগুরুকৃপায় দিব্য অর্থাৎ অপ্রাকৃত বলিয়া জানিতে পারেন, ভগবানের অচিন্ত্যশক্তি-সম্ভূত জন্মাদি লীলার কথা

বিশদ হয়; সেই ভাগ্যবান্ পুনরায় জন্মগ্রহণ করেন না, একথা ভগবান্ই আমাদিগকে জানাইয়াছেন। কৃষ্ণ যেমন অনাদি ও নিত্য, তাঁহার জন্মলীলাও সেইরূপ অনাদি ও নিত্য। তিনি তাঁহার অচিন্ত্যশক্তিবলে কোন ঐতিহাসিক কালের মধ্যে জগতে আসেন বলিয়া তিনি কখনও কালের অধীন হন না, কাল, মহাকাল তাঁহার অধীন। তিনি যখন আসেন তখন তাঁহার সঙ্গে সঙ্গে তাঁহার নিত্য ধামও এ জগতে আবির্ভূত হন। কাজেই এ দেশের কোন কিছুই তাঁহাকে স্পর্শ করিতে পারে না। অল্পবুদ্ধিবিশিষ্ট মানব আমরা সেই অধোক্ষজ কৃষ্ণকে সঙ্কীর্ণ প্রতিভা ও ক্ষণভঙ্গুর মনীষাদি দ্বারা মাপিয়া লইবার ধৃষ্টতা করিতে যাই বলিয়া তাঁহার কোন সন্ধানই পাই না। স্বয়ং ব্রহ্মাও যাঁহার অলৌকিক চরিত্র বুঝিতে পারেন না, তাঁহাকে নিজ বিদ্যা-বুদ্ধি দ্বারা আমাদের জানিতে যাওয়া যে কিরূপ মূর্খতা তাহা বোধ হয় আর বেশী করিয়া বলিতে হইবে না। তবে আমরা যদি কৃষ্ণের শরণাগত হই, তাহা হইলে তাঁহার কৃপায়ই আমরা আমাদের ক্ষুদ্রতা ও ভগবানের অচিন্ত্যশক্তি উপলব্ধি করিতে পারিব। অবরোহপথ বা শ্রৌতপথ ছাড়িয়া অন্য চেষ্টায় তিনি কোনকালেই লভ্য হন না, বরং আমাদের নিকট হইতে দূর দূরান্তরে আত্মগোপন করেন। শাস্ত্র বলেন,—

"নায়মাত্মা প্রবচনেন লভ্যো
ন মেধয়া ন বহুনা শ্রুতেন।
যমেবৈষ বৃণুতে তেন লভ্য-
স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বাম্॥"

ব্রহ্মার আদেশে দেবাদির অংশ-পরম্পরা অবতরণ করিতে প্রবৃত্ত হইলে বসুদেবাদির অংশ বর্ণাশ্রিত কশ্যপাদি নিত্যলীলাশ্রিত বসুদেবাদি [illegible] সহিত [illegible] হন। [illegible] সর্বাগ্রে, সেই [illegible]

[illegible]

যথাকালে আবির্ভূত হইলেন [illegible] করিয়া বিশুদ্ধসত্ত্বস্বরূপ বসুদেবের অংশে প্রকটিত হন। তখন পৃথিবীর ভার-অবতারণ উপস্থিত হয়। [illegible] কারাগারে [illegible] ভগবানের কারা নহে [illegible] প্রাকট্য [illegible] হইয়া [illegible] হইতে বিশুদ্ধসত্ত্বস্বরূপা দেবকীর হৃদয়ে প্রকটিত হন।

শ্রীকৃষ্ণ শ্রীবসুদেব-দেবকীপুত্ররূপে আবির্ভূত হইলেও প্রাকৃত মাতার ন্যায় চরম ধাতু প্রবৃত্তিক্রমে প্রবিষ্ট হইয়া জন্মগ্রহণ করেন না। সচ্চিদানন্দ-বিগ্রহ শ্রীকৃষ্ণ বিশুদ্ধসত্ত্ব ও অন্তরঙ্গস্বরূপা দেবকী বসুদেবের অপ্রাকৃত মনে আবিষ্ট হইয়াই জন্মলীলা আবিষ্কার করেন। তজ্জন্যই শ্রীমদ্ভাগবতে (১০।২।১৮) বলা হইয়াছে,—"পূর্বদিক্ যেরূপ আনন্দকর চন্দ্রকে ধারণ করে, তদ্রূপ দেবকী দেবীও বসুদেব কর্তৃক বৈধ দীক্ষা-বিধানে সমর্পিত জগন্মঙ্গল সর্বাংশপরিপূর্ণ সর্বাত্মস্বরূপ সর্বভূতনিধান শ্রীহরিকে মনোমধ্যে ধারণ করিয়াছিলেন।" নারদ, প্রহ্লাদ, ধ্রুব প্রভৃতি মহাভাগবতগণের হৃদয়ে ভগবান্ প্রথমে প্রকাশিত হইয়া পরে তাঁহাদের দৃষ্টিগোচর হইলেন। হিরণ্যকশিপুর সভার একটী স্তম্ভ হইতে নৃসিংহদেব এবং ব্রহ্মার নাসিকা হইতে বরাহদেব প্রকাশিত হইয়াছিলেন বলিয়া ঐ সভাস্তম্ভকে বা ব্রহ্মার নাসিকাকে বিষ্ণুর মাতাপিতা বলা যায় না। সূর্য্য পূর্বদিকে উদিত হন বলিয়া কি পূর্বদিক্ সূর্য্যের মাতা? ভগবদাবির্ভাবও তদ্রূপই।

শ্রীকৃষ্ণের জন্ম যে প্রাকৃত ব্যক্তির ন্যায় নহে, তাহার আর একটী প্রমাণ এই যে, প্রাকৃত জন্মশীল শিশু সর্বতোভাবে দিগম্বর হইয়াই মাতৃকুক্ষি হইতে ভূমিষ্ঠ হয়; কিন্তু শ্রীকৃষ্ণ যখন আবির্ভূত হইলেন, তখন তিনি চতুর্ভুজ শঙ্খ-চক্র-গদা-পদ্মধৃক্, কিরীট-কুণ্ডলাদি নানা-প্রকার ভূষণে বিভূষিত, অপরিমিত কেশদামযুক্ত ও পীতবসন-পরিহিত। প্রাকৃত বালক কখনও মাতৃকুক্ষি হইতে বসনাদি পরিহিত বা অলঙ্কারাদি বিভূষিত হইয়া জন্মগ্রহণ করে না।

শ্রীকৃষ্ণ ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমী তিথিতে বুধবারে রোহিণীনক্ষত্রে মহানিশায় দেবকীর হৃদয় হইতে কংসকারাগারস্থ সূতিকাগৃহে দেবকীর শয্যায় আবির্ভূত হন। অনন্তর বসুদেব শ্রীকৃষ্ণকে লইয়া গোকুলে যশোদার গৃহে প্রবেশ পূর্ব্বক, শ্রীকৃষ্ণকে তথায় রাখিয়া যশোদার শয্যাস্থ যোগমায়াকে লইয়া প্রত্যাগমন করেন।

সংক্ষেপ-ভাগবতামৃতে উক্ত হইয়াছে,—

"কৃষ্ণোঽন্যো যদুসম্ভূতো যঃ পূর্ণঃ
সোঽস্ত্যতঃ পরঃ।
বৃন্দাবনং পরিত্যজ্য স কচিৎ নৈব
গচ্ছতি॥"

"দ্বিভুজঃ সর্ব্বদা সোঽত্র ন কদাচি-
চ্চতুর্ভুজঃ।
গোপ্যৈকয়া যুতস্তত্র পরিক্রীড়তি
নিত্যদা॥"

"যদুকুলে অবতীর্ণ বসুদেবনন্দন শ্রীকৃষ্ণ—স্বয়ংভগবান্ নন্দনন্দন শ্রীকৃষ্ণ হইতে স্বরূপতঃ অভিন্ন হইলেও তিনি স্বয়ংরূপ ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ নহেন। স্বয়ংরূপ ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ বৃন্দাবন পরিত্যাগ করিয়া কোন স্থানে গমন করেন না অর্থাৎ প্রকটলীলায় দ্বারকা, মথুরা, কুরুক্ষেত্র প্রভৃতি স্থানে গমনাগমন করিলেও অপ্রকটলীলায় কেবলমাত্র বৃন্দাবনেই অবস্থান করেন।"

"এই স্বয়ংরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ সর্ব্বদা দ্বিভুজ, কোন কালে চতুর্ভুজ নহেন। তিনি একমাত্র গোপীর সহিত মিলিত হইয়া নিত্যকাল বৃন্দাবনে ক্রীড়া করিয়া থাকেন।"

কোন কোন প্রাচীন ভাগবতগণ বলিয়া থাকেন যে, কংসকারাগারে বসুদেব-গৃহে প্রথম ব্যূহ বাসুদেব আর গোকুলে নন্দগৃহে যোগমায়ার সহিত স্বয়ংরূপ শ্রীকৃষ্ণ আবির্ভূত হন। বসুদেব যশোদার সূতিকাগৃহে প্রবিষ্ট হইয়া কেবলমাত্র একটী কন্যাই দেখিতে পান। তিনি সেই যোগমায়াকে লইয়া মথুরায় আগমন করেন। এ দিকে বাসুদেবও স্বয়ংরূপে প্রবিষ্ট হন।

দ্বারকার এই শ্রীকৃষ্ণরূপী দ্বিভুজ-বাসুদেব বা দেবকীনন্দন দ্বিভুজ স্বয়ংরূপেরই বৈভব-প্রকাশ। আর কৃষ্ণরূপী চতুর্ভুজ বাসুদেব দেবকীনন্দনরূপ দ্বিভুজ-বাসুদেবেরই প্রাভববিগ্রহ।

বৈভবপ্রকাশ যৈছে দেবকী-তনুজ।
দ্বিভুজ স্বরূপ কভু, কভু হন চতুর্ভুজ।
যেকালে দ্বিভুজ, নাম—বৈভবপ্রকাশ।
চতুর্ভুজ হৈলে, নাম—প্রাভববিলাস।
স্বয়ংরূপের গোপবেশ, গোপ-অভিমান।
বাসুদেবের ক্ষত্রিয়বেশ, 'আমি ক্ষত্রিয়'
জ্ঞান।

অহো বলীয়সী প্রতিষ্ঠাশা!

—:০:—

[ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর]

আমরা যতই আত্মোন্নতির চেষ্টা করি, যতই ধার্ম্মিক হইতে যত্ন করি, যতই বৈরাগ্য-ধর্ম পালন করি বা যতই জ্ঞান-চর্চ্চা করি, ততই যেন প্রতিষ্ঠার আশা আমাদের চিত্তকে মলিন করে এবং চরিত্রকে দূষিত করে। অনেক যত্ন করিয়া কাম, ক্রোধ, লোভ, মোহ ও মদকে খর্ব্ব করি। কঠোর তপস্যা করিয়া ইন্দ্রিয় দমন করি, তথাপি হৃদয়ে অতি গুপ্তরূপে প্রতিষ্ঠাশারূপ ব্যালশাবক সম্বর্দ্ধিত হইতে থাকে। অষ্টাঙ্গযোগ শিক্ষা করিয়া যোগী রূপে খ্যাত হইতে বাসনা করি। যদি কেহ বলে যে, আমার যোগশিক্ষা কেবল ধূর্ত্ততামাত্র, তখনই আমি ক্রোধে প্রজ্বলিত হই। আমি অনেক শাস্ত্র আলোচনা করিয়া আপনাকে ব্রহ্মতত্ত্বে লীন করিবার চেষ্টা করি। যদি কেহ বলে, ঐ প্রক্রিয়াটি নিষ্ফল, তখনই আমার মনে উদ্বেগ হয়। আমার নিন্দককে নিন্দা করিতে থাকি। শম, দম, তপঃ, অস্তেয় প্রভৃতি দশবিধ ধর্ম শিক্ষা করি এবং নিত্য-নৈমিত্তিক কর্ম্ম করিতে করিতে সংসার নির্ব্বাহ করি। যদি কেহ বলে যে, কর্ম্মকাণ্ড কেবল নিরর্থক শ্রম-মাত্র, তখনই আমার মনে দুঃখ হইয়া থাকে; কেন না, আমার প্রতিষ্ঠার খর্ব্ব হইলে আমার কিছুই ভাল লাগে না।

সৌন্দর্য্য, ঐশ্বর্য্য, মাধুর্য্য, বৈদগ্ধবিলাস।
ব্রজেন্দ্রনন্দনে ইহার অধিক উল্লাস।

(চৈঃ চঃ মঃ ২০।১৭৭-১৭৮)

শ্রীকৃষ্ণ যশোদানন্দন ও দেবকীনন্দন এই উভয় নামে প্রসিদ্ধ। বাৎসল্য প্রেমহেতু শ্রীবসুদেব-দেবকী ও শ্রীনন্দ-যশোদা উভয়ত্র কৃষ্ণের আবির্ভাব হইলেও শ্রীনন্দ-যশোদার সেই বাৎসল্যপ্রেম প্রচুর ও ঐশ্বর্য্যগন্ধহীন।

শ্রীকৃষ্ণ বা শ্রীবাসুদেব অপ্রাকৃত বস্তু। এই কৃষ্ণধনের মালিক—একমাত্র আশ্রয়-বিগ্রহ শ্রীগুরুপাদপদ্ম। তাঁহার কৃপাতেই জীব বিশুদ্ধসত্ত্ব হইয়া কৃষ্ণকে হৃদয়ে ধারণ করিতে সমর্থ হন। তাই অযোগ্য আমরা আজ বড় আশা লইয়া আশ্রয়-বিগ্রহ পতিতপাবন ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্য অষ্টোত্তরশত শ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুপাদের কোটিচন্দ্রসুশীতল শ্রীচরণ-কমলে নিষ্কপট শরণ লইতেছি।

—:০:—

কর্ম্মী, জ্ঞানী, যোগী প্রভৃতি যখন ভুক্তি ও মুক্তিরূপ আশার বশ করিতে থাকেন, তখন তাঁহাদের শান্তি কোথায়? সুতরাং তাঁহারা প্রতিষ্ঠার আশাকে পরিত্যাগ করিতে পারেন না। কিন্তু ভুক্তি-মুক্তি-পিপাসাশূন্য বৈষ্ণবগণের পক্ষে প্রতিষ্ঠার আশা নিতান্ত হেয়। আজকাল যাঁহারা বৈষ্ণব-ধর্ম্মের 'আচার্য্য' তাঁহারা কোন প্রকার অসম্মান সহিতে পারেন না। প্রথমেই সকলের মস্তকে পদ উত্তোলন করিয়া স্বীয় গৌরববৃদ্ধি করিবার চেষ্টা করেন। 'আচার্য্য' বলিয়া অপরে সম্মান করে, তাহা অন্যায় নয়; কিন্তু নিজে সেই সম্মান হস্তগত করিবার বিধি যত্ন করেন, তাঁহার শ্রেয়ঃ কোথায়? আবার কোন ব্যক্তি সাষ্টাঙ্গ দণ্ডবৎপ্রণাম করে নাই, তাহা দেখিয়া তাহার প্রতি ক্রোধ করা নিতান্ত গর্হিত ব্যাপার। আচার্য্যদিগকে সম্মান করিবার জন্য শিষ্টলোক তাঁহাদিগকে পৃথক্ আসন দিয়া থাকেন। যাঁহারা আসন দেন, তাঁহারা যথাশাস্ত্র আচার্য্য-সম্মান করেন; কিন্তু ঐ আচার্য্যদিগের আসনে অন্য কেহ বসিলে তাঁহাদের যে ক্রোধোৎপত্তি হয়, তাহা নিতান্ত দুঃখের বিষয়। এই সকল কার্য্য কেবল প্রতিষ্ঠাশা হইতে উদিত হয়। বৈষ্ণবদিগের মধ্যে কতকগুলি লোক গৃহত্যাগ করিয়া ভেক গ্রহণ করেন। প্রতিষ্ঠার আশা গৃহস্থ লোকের অধিক হইবে বলিয়া সাত্ত্বিকস্বভাব ব্যক্তিগণ সংসার ছাড়িয়া ভেক গ্রহণ করেন। কিন্তু সেই অবস্থায় আবার প্রতিষ্ঠাশা অধিক বলবতী হইয়া উঠে! কোন ভেকধারীকে যদি সম্মান না করা যায়, তাহা হইলে তিনি বিশেষ রাগান্বিত হন। গৃহস্থ-বৈষ্ণবাচার্য্য এবং ভেকধারী বৈষ্ণবের মধ্যে যদি প্রতিষ্ঠার আশা রহিল, তবে আর কাহার চিত্ত সেই আশাশূন্য হইতে পারিবে? আমরা অনেক চিন্তা করিয়া এবং মহৎ লোকের উপদেশ সংগ্রহ করিয়া জানিয়াছি যে, যতদিন প্রতিষ্ঠার আশা ত্যাগ করিতে না পারি, ততদিন বৈষ্ণব হইয়াছি—এরূপ মনে করিতে পারি না। কেবল কথায় বৈষ্ণব হইলে হয় না। আমি বলিয়া থাকি—আমি বৈষ্ণবদিগের দাসের দাস হইবার যোগ্য নই। কিন্তু মনে মনে করি যে, [illegible] এই কথা শুনিয়া আমাকে শুদ্ধ-বৈষ্ণব বলিয়া প্রতিষ্ঠা প্রদান করিবেন। হায় প্রতিষ্ঠার আশা আমাদিগকে ছাড়িতে চাহে না! অতএব বৈষ্ণবাগ্রগণ্য শ্রীল রঘুনাথদাস গোস্বামী বলিয়াছেন,—

প্রতিষ্ঠাশা ধৃষ্টাশ্বপচরমণী মে হৃদি নটেৎ
কথং সাধুপ্রেমা স্পৃশতি শুচিরেতন্নু মনঃ।
সদা ত্বং সেবস্ব প্রভুদয়িতসামন্তমতুলং
যথা তাং নিষ্কাশ্য ত্বরিতমিহ তং
বেশয়তি সঃ॥

এই শ্লোকের অর্থ এই যে, যতদিন আমার হৃদয়ে প্রতিষ্ঠাশারূপ নির্লজ্জ চণ্ডালিনী নৃত্য করিতেছে, ততদিন নির্ম্মল সাধুপ্রেম এই মনকে কিরূপে স্পর্শ করিবে? অতএব হে মন! তুমি তোমার প্রভু শ্রীকৃষ্ণের অতুল সামন্তরূপ শুদ্ধবৈষ্ণবের সেবা কর। তাহা হইলে তিনি সেই চণ্ডালিনীকে তোমার হৃদয়-মন্দির হইতে শীঘ্র দূর করিয়া প্রেমবস্তুকে প্রবেশ করাইবেন।

এই মহাজনবাক্য হইতে আমরা কি সংগ্রহ করি? আমরা জানিতে পারিতেছি যে, কেবল ব্রহ্মচর্চ্চা, অপ্রাপ্ত-প্রেম-ব্যক্তির উপদেশ এবং শারীর-যোগাদি দ্বারা প্রতিষ্ঠাশা কখনই দূর হইতে পারে না। কেবল বিশুদ্ধ-বৈষ্ণবসঙ্গ ও বৈষ্ণব-সেবা-দ্বারাই তাহা নিশ্চিতরূপে দূর হয়। আমরা বিশেষ যত্নসহকারে বিশুদ্ধ বৈষ্ণব অন্বেষণ করিয়া তাঁহার সঙ্গ ও সেবা করিব, ইহাই আমাদের চরম কর্ত্তব্য। বৈষ্ণব-সঙ্গে আমাদের হৃদয়ে সাধুতা উদয় হইবে এবং অসাধুতা সম্পূর্ণরূপে দূর হইবে। হৃদয় পরিষ্কৃত হইলে সেই সাধু বৈষ্ণবের হৃদয়স্থ প্রেম-সূর্য্যের কিরণ আমাদের হৃদয়ে প্রবেশ করতঃ প্রেম-রূপে সমৃদ্ধ হইবে। এই উপায় ব্যতীত অন্য উপায় নাই। ইহাই সাধু হইবার স্বাভাবিক উপায়। অন্যপ্রকার সকল যত্নই বিফল হয়। তাৎপর্য্য এই যে, সৎস্বভাব গ্রহণ ও অসৎস্বভাব দূরীকরণ একই কথা। প্রেম যে ধর্ম্ম, তাহা কেবল বিশুদ্ধ কৃষ্ণপরায়ণ আত্মায় নিহিত থাকে। প্রেমের অন্য আধার নাই। এক আত্মা হইতে প্রেম অন্য আত্মায় সঞ্চারিত হয়। এক মেঘ হইতে অন্য মেঘে যেরূপ বিদ্যুৎ সঞ্চারিত হয়, তদ্রূপ। সঙ্গক্রমে যখন প্রেম-ধনক বৈষ্ণব আত্মা হইতে অন্য জীবের আত্মায় স্বভাবক্রমে চালিত হয়, তখনই অন্য জীবের হৃদয়ের অসৎ স্বভাব দূরীভূত হইয়া সাধু-স্বভাব অগ্রে সঞ্চারিত হয়। সকল সদ্গুণই প্রেমের সঙ্গী। সুতরাং প্রেমের প্রবেশকালে সদ্গুণগুলি অগ্রসর হইয়া হৃদয় শোধন করে। অতএব সাধুসঙ্গ-দ্বারা প্রতিষ্ঠাশা দূর করা কর্ত্তব্য।

কাম লাগি' কৃষ্ণে ভজে, পায় কৃষ্ণরসে। কাম ছাড়ি' 'দাস' হৈতে হয় অভিলাষে

ভক্তি-প্রগতি

(ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিভূদেব শ্রৌতী মহারাজ)

আত্মার নিত্যবৃত্তি—ভক্তি। শরীর ও মনের অতিরিক্ত আত্মবস্তুর সম্বন্ধজ্ঞান লাভ না হইলে ভক্তির উদয় হয় না। তজ্জন্য পরমমঙ্গল-বিধাতা শ্রীচৈতন্যদেব নিজ পার্ষদগণের নিকট ভক্তির বীজ-রোপণ অবস্থা হইতে ভক্তিলতার সম্যক্ পরিস্ফুটাবস্থা পর্য্যন্ত স্বষ্টুরূপে বর্ণন করিয়াছেন। শরীর ও মনের সঙ্গে আত্মার কোন সম্বন্ধ না থাকিলেও বদ্ধাবস্থায় তাহার বন্ধন ও মোক্ষ সম্পূর্ণরূপে একজাতীয় ক্রিয়ার উপরই নির্ভর করে অর্থাৎ শরীর ও মনের বৃত্তিগুলি বহির্মুখী থাকিলে আত্মার বন্ধন-মুক্তির কোন ভরসা নাই। অনেকে শারীর ক্রিয়াগুলিকেই ভক্তি বলিয়া ভুল করেন; আবার মনের খেয়ালকেও অনেকে 'ভক্তির ক্রিয়া' বলিয়া ভ্রান্ত হন। সকল কার্য্যই ভগবৎ-সম্বন্ধযুক্ত হইলে তাহা ভক্তির অন্তর্গত বলিয়া গণ্য হইবে, আর ভগবৎ-সেবানুকূল না হইলে কর্ম-জ্ঞানাদিতে পরিগণিত হইবে।

সম্বন্ধ-জ্ঞান না হইলে ভক্তির কার্য্যগুলি কর্মাঙ্গ, কখনও বা কর্মমিশ্রা ভক্তিতে গণিত হয়। দশ ইন্দ্রিয় ও মন সম্পূর্ণরূপে কৃষ্ণোন্মুখ হইলেই সম্বন্ধজ্ঞান পরিস্ফুট হইবে, নচেৎ যাবতীয় ক্রিয়া অভক্তির মধ্যে পর্য্যবসিত হইবে। এইখানেই গৌড়ীয়বৈষ্ণবগণের সঙ্গে অন্যান্য সম্প্রদায়ের পার্থক্য। ভক্তির প্রাথমিক অবস্থার নাম বৈধী বা সাধনভক্তি। সকল ইন্দ্রিয়কে ক্রমশঃ অন্তর্মুখ করা—নিত্যসিদ্ধ বৃত্তিকে সুপ্তাবস্থা হইতে জাগ্রত করার নামই সাধন।

"কৃতিসাধ্যা ভবেৎ সাধ্যভাবা সা সাধনাভিধা। নিত্যসিদ্ধস্য ভাবস্য প্রাকট্যং হৃদি সাধ্যতা॥"

সাধ্য ভাবভক্তি যখন কৃতি (ইন্দ্রিয়)-সাধ্য হয়, তখন তাহাকে সাধন-ভক্তি বলে। ভক্তিই জীবের নিত্যসিদ্ধ ভাব। তাহাকে হৃদয়ে প্রকটাবস্থায় আনয়নের নামই সাধ্যতা।

শ্রীচৈতন্যমহাপ্রভু ভক্তিপ্রগতি সম্বন্ধে একটী ক্রমপন্থা বর্ণন করিয়াছেন,—

আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ
ভজনক্রিয়া।
ততোঽনর্থনিবৃত্তিঃ স্যাত্ততো নিষ্ঠা
রুচিস্ততঃ।
অথাসক্তিস্ততো ভাবস্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি
সাধকানাময়ং প্রেম্ণঃ প্রাদুর্ভাবে
ভবেৎ ক্রমঃ।

শ্রদ্ধাই ভক্তিমার্গের দ্বার-স্বরূপ। আদৌ শ্রদ্ধা না হইলে সমস্ত কর্মই পণ্ড হইয়া যায়। যিনি সকাম কর্মাধিকারীর ন্যায় কর্মফলে অত্যন্ত আসক্ত নহেন বা মোক্ষকামী জ্ঞানীর ন্যায় সংসারে অতিবিরক্ত নহেন, কিন্তু ভগবানে শরণাগত হইয়া ভক্ত্যঙ্গসমূহের যাজন করাই ভগবানের শেষ আদেশ—এই প্রকার দৃঢ়বিশ্বাসে ভক্তির অনুষ্ঠানে একনিষ্ঠ, তাঁহারই শ্রদ্ধা জন্মিয়াছে। শ্রীচৈতন্যদেব শ্রদ্ধাবানের তিন প্রকার বিভাগ করিয়াছেন,—যিনি শাস্ত্রযুক্তিতে সুনিপুণ এবং দৃঢ় শ্রদ্ধাসম্পন্ন, তিনিই উত্তম; যিনি শাস্ত্রযুক্তিতে সুনিপুণ নহেন, কিন্তু শ্রদ্ধাযুক্ত, তিনি 'মধ্যম'; আর শাস্ত্রযুক্তিতেও নিপুণ নহেন, শ্রদ্ধাও কোমল, তিনি কনিষ্ঠ।"

ভক্তিশাস্ত্রে দৃঢ় প্রত্যয়ই শ্রদ্ধা। শাস্ত্রবিধানের তদ্রূপ অনুষ্ঠানে যে আদর স্পৃহা, তাহা শ্রদ্ধারই অন্তর্গত। ঐ শ্রদ্ধা স্বাভাবিকী ও বলোৎপাদিকা। অনেকের নিজ-স্বভাবে শ্রদ্ধা দৃষ্ট হয়, তাহাই স্বাভাবিকী। তাহা সহজে ধ্বংস হয় না, কিন্তু সাধুসঙ্গক্রমে ধীরে ধীরে যে শ্রদ্ধার উদয় হয়, তাহা বলোৎপাদিকা, তাহার উত্থান-পতনাবস্থা দৃষ্ট হয়। স্বভাবতঃই বহির্মুখচিত্ত ও ইন্দ্রিয়সকল শাস্ত্র-শাসন, কর্তব্যবুদ্ধি ও ধর্মভয়াদি ভয়ে ভক্ত্যঙ্গ-যাজনে শ্রদ্ধাবিশিষ্ট হয়, কিন্তু বহুজন্ম যাবৎ বিষয়ভোগে আসক্ত চিত্ত পুনঃ পুনঃ বিষয়ের প্রতি ধাবিত হয়। এজন্য শ্রবণ-কীর্তন-জলে ভক্তিলতায় সেচন করার উপদেশ, অর্থাৎ 'অস্থির' শ্রদ্ধ ব্যক্তিগণ অনুক্ষণ সাধুসঙ্গে থাকিয়া শ্রবণ-কীর্তন করিতে থাকিলে ঐ শ্রদ্ধা ক্রমে স্বাভাবিকী হইয়া দাঁড়াইবে। শ্রদ্ধার উদয়ে সাধুগুরু-চরণাশ্রয়ে ভজনস্পৃহা ও তত্ত্বজিজ্ঞাসার অভিলাষ জন্মে; সজাতীয়-আশয়-সমন্বিত স্নিগ্ধ ও নিজ হইতে শ্রেষ্ঠ, ভক্তিঅভিজ্ঞ-সাধু-সঙ্গপ্রাপ্তি-সৌভাগ্য ঘটে; শ্রদ্ধার অনুরূপ সাধুসঙ্গ লাভ হয়। যেখানে নিষ্কপট জিজ্ঞাসা, সেখানে নিষ্কপট প্রকৃত সাধুর দর্শন ও সঙ্গপ্রাপ্তি হয়, আর যেখানে অন্যাভিলাষ বা অন্তরের ভোগ-মোক্ষ-বাঞ্ছা, তথায় তদ্রূপ ব্যক্তির সঙ্গকেই সাধুসঙ্গ বলিয়া ভ্রান্তি ঘটে, প্রকৃত সাধুসঙ্গে শুদ্ধভজনস্পৃহার উদয়ে ভজনক্রিয়া আরম্ভ হয়; তাহা দুইপ্রকার নিষ্ঠিতা ও অনিষ্ঠিতা; অনিষ্ঠিতা ভজনক্রিয়ার ক্রমে ক্রমে কএকটী অবস্থা দৃষ্ট হইবার কথা শ্রীল চক্রবর্ত্তীপাদ বর্ণন করিয়াছেন। উৎসাহময়ী, ঘনতরলা, ব্যূঢ়বিকল্পা, বিষয়সঙ্গরা, নিয়মাক্ষমা ও তরঙ্গরঙ্গিণী ভেদে তাহা ষড়্বিধা। শাস্ত্র অধ্যয়ন আরম্ভের পর বালকের যেমন 'আমি সুধী পণ্ডিত হইলাম'—এইরূপ একটী নূতন উৎসাহের সহিত উদ্যম দেখা যায়, ভক্তিমার্গে প্রথম প্রবেশে সেইরূপ তদ্রূপ একটী উদ্যম দৃষ্ট হয় এবং তাহাই এই অনিষ্ঠিতা ভজনক্রিয়ার প্রথমাবস্থাকে উৎসাহময়ী বলা হয়।

আবার ঐ বালকের শাস্ত্রাভ্যাস যেমন কখন গাঢ় হইয়া থাকে এবং কখনও বা অতীত শাস্ত্রার্থে প্রবেশের অসামর্থ্য প্রযুক্ত ঐ সকল শাস্ত্রের রসবোধ না হওয়ায় শাস্ত্রাভ্যাস যেমন শিথিল হইয়া পড়ে, তদ্রূপ ভক্তের ও ভক্ত্যঙ্গের নিষ্ঠাভাব ও অনির্ব্বাহ বশতঃ ভজনক্রিয়ার সময় ও অবসর দর্শনে উহা ঘনতরলা সংজ্ঞায় সংজ্ঞিত হয়। তৎপরের অবস্থায় ভক্তের অন্তঃকরণে যদি আমার পুত্রকলত্রাদিকে বৈষ্ণব করিয়া সপরিবারে ভগবৎ-পরিচর্য্যায় নিযুক্ত হইয়া গৃহে থাকিয়াই সুখে কালযাপন করিব, অথবা সংসার পরিত্যাগ করিয়া কোন স্থানে শ্রীবৃন্দাবনে গমনপূর্বক নির্বিক্ষেপে শ্রবণ কীর্তনাদি দ্বারা নিজেকে কৃতার্থ করিব, যদি বা সংসার ত্যাগই করি, তবে ঐ ত্যাগ কিছুকাল ভোগের পর ভোগকে কষ্টকর জানিয়াই করা উচিত, কি এখনই করা উচিত? এই সংসারে মরণ ত' তৃণাবৃত কূপের ন্যায় অলক্ষ্য, অতএব এই যৌবনাবস্থাতেই এই আবশ্যক আশ্রম ত্যাগ করা হইবে বা বৃদ্ধ পিতামাতার মৃত্যুর পরই ত্যাগ করা হইবে? অজ্ঞাবস্থায় সংসার ত্যাগ করিলে ত্যাগের পরও সংসারকেই চিন্তা করিতে হয় এবং তদবস্থায় মৃত্যু ঘটিলে নরকে গমন করিতে হয়। যখন নরকের ভয় হইতেছে, তখন ত্যাগে এখনও ফল নাই। সম্প্রতি কেবল জীবিকা-নির্বাহ করিয়া থাকি, পরে যথাসময়ে শ্রীবৃন্দাবনে গমনপূর্বক অষ্টপ্রহর ভজনেই অতিবাহিত করা যাইবে। বৈরাগ্যকে লোকে দোষ দিয়া থাকে, কিন্তু উহার ভক্তিশূন্যতাই দোষ। ঐ বৈরাগ্য যদি ভক্তি হইতে উৎপন্ন হয়, তবে তাহাতে কোন দোষই দেখা যায় না। কারণ উহা ভক্তির অধীন। সন্ন্যাসী হইলে জীবিকানির্বাহেরও আশঙ্কা নাই। যেহেতু সকল আশ্রমই ধর্ম দ্বারা পরিপূর্ণ আছে। সংসার ত্যাগ না করিলেই বা ক্ষতি কি? যাহার ভক্তি জন্মে নাই, তাহার পক্ষেই সংসার বন্ধনের কারণ। কিন্তু ভক্তের কোন বন্ধনই হইতে পারে না। আমি ভক্তির কোন্ অঙ্গ সাধন করিব? শ্রবণই করিব, না অন্যান্য ভক্ত্যঙ্গের কোন একটী, কি অম্বরীষাদির ন্যায় অনেক অঙ্গের সাধন করিব? [illegible] ব্যূঢ়বিকল্পা।

[illegible] বিষয়সঙ্গরা। [illegible] ত্যাগে [illegible] চেষ্টার সময়ে সময়ে [illegible] এবং [illegible]

অনন্তর নিয়মাক্ষমা। [illegible] থাকিলেও নিয়মরক্ষা করিতে অক্ষম হয়। যেমন কোন [illegible] নিয়ম করিলেন যে, "[illegible] প্রতিদিন এক সহস্র নাম করিব, সহস্র প্রণাম করিব, ভক্তের সেবা করিব, ভগবৎসম্বন্ধশূন্য বাক্য উচ্চারণ করিব না, গ্রাম্যকথাবক্তা ব্যক্তির সঙ্গত্যাগ করিব" ইত্যাদি। কিন্তু নানা বিঘ্ন বশতঃ ঐ সকল নিয়ম পালনে অক্ষম হইলেন। বিষয়সঙ্গরাতে বিষয়ত্যাগে অক্ষমতা। আর ইহাতে নিয়ম পালনে অর্থাৎ ভক্তির পরিবর্দ্ধনে অসামর্থ্য, এই প্রভেদ।

অবশেষে তরঙ্গরঙ্গিণী। এই অবস্থায় লোকে ভক্তের প্রতি অনুরাগী হয়। তজ্জন্য ভক্তের লাভ, পূজা ও প্রতিষ্ঠাদি-প্রাপ্তির সুযোগ ঘটে। এই অবস্থায় ভজনকারী লাভ, পূজা ও প্রতিষ্ঠাদি তরঙ্গে রঙ্গ করিতে থাকেন। ফলতঃ উহা ভক্তিকল্পলতার উপশাখা। তদ্দ্বারা লাভ না হইয়া হানি হইয়া থাকে।

অনেকে উপরি-উক্ত অবস্থাকে ভক্তের বিশুদ্ধাবস্থা মনে করিয়া ভ্রম করেন। [illegible] তখন তাহার ভূসম্পত্তি ধনৈশ্চর্য্য প্রভৃতি ধর্মগুলি লোপ হইয়া যায়। ভগবানের নিজ উক্তি এই যে, তিনি যাহাকে কৃপা করেন, তাহার ধনাদি ক্রমে হরণ করিয়া লন, কিন্তু ধনাদির আগমন বা [illegible] কিন্তু [illegible] রক্ষা করিয়া থাকেন। অনেক সময় মনে হয় যে, আমি যখন প্রাচীন ভক্ত, তখন আমা [illegible] ছেড়ে, অথবা [illegible]

উচ্চস্তরে অবস্থিত, তখন ব্রহ্মচারী গৃহস্থ প্রভৃতি ভক্তগণ আমা অপেক্ষা নীচ, আমি তাঁহাদিগের নিকট হইতে সম্মান আদায় করিয়া লইব’ বলিয়া দম্ভ-পর্ব্বতের উচ্চচূড়ায় বসিয়া থাকেন! কিন্তু আমার এ বিচার আসা উচিত যে, কোন ব্যক্তির শরীর রাজার ন্যায় সুসজ্জিত ভজনেই ভগবৎ-পাদপদ্মে প্রীতি লাভ হইতে পারে, কিন্তু আমার [illegible] ভগবচ্চরণারবিন্দ হইতে বহুদূরে অবস্থিত। কাহারও প্রত্যাদি প্রতীক্ষা, ভক্তের ন্যায় সাজসজ্জা, দীনতা ও মানদত্বের অভাব দৃষ্ট হইলে তাহাকে ভক্ত বলিয়া গ্রহণ করা যাইবে না। ভজনের নামে—শিক্ষার ছলনায় পরস্ত্রী-দর্শন বা সম্ভোগাদি যে ভয়ঙ্কর অনর্থ, তাহা বিচার ও চিন্তা না করিয়া অবাধে ভোগপ্রবৃত্তি চালাইতে থাকিব, আর কপটতা করিয়া বৃথা দম্ভ আস্ফালন বা শরীরের শোভা প্রভৃতির নৈপুণ্য দেখাইয়া ব্রহ্মচর্য্যের বাহাদুরী লইব, এ সমস্ত চেষ্টা ভজনরাজ্য হইতে বহুদূরে অবস্থিত। এগুলি অনর্থ থাকাকালীন বিচার। অনর্থ চারি প্রকার—তত্ত্বভ্রম, অসত্তৃষ্ণা, হৃদয়দৌর্ব্বল্য ও অপরাধ। তত্ত্বভ্রম চতুর্ব্বিধ—স্বতত্ত্বে, পরতত্ত্বে, সাধ্য সাধনতত্ত্বে ও বিরোধিতত্ত্বে ভ্রম। অসত্তৃষ্ণা চতুর্ব্বিধা। যথা—ঐহিক এষণা, পারত্রিক এষণা, ভুক্তিকাম ও মুক্তি-কাম। হৃদয়-দৌর্ব্বল্য চতুর্ব্বিধ—তুচ্ছ বিষয়ে আসক্তি, কুটিনাটী, মৎসরতা ও স্বপ্রতিষ্ঠা। অপরাধও চতুর্ব্বিধ—কৃষ্ণনামে, কৃষ্ণস্বরূপে, কৃষ্ণভক্তে ও অন্য জীবে। এই সমস্ত অবস্থায় কেবল শুদ্ধভক্তের আনুগত্যে থাকিয়া শ্রবণ-কীর্ত্তনাদি-সেবায় নিযুক্ত থাকিলে অনর্থ-নিবৃত্ত হইয়া নিষ্ঠার উদয় হয়। শ্রীমদ্ভাগবতে উক্ত আছে,—"সাধুগণের সুহৃৎ ভগবান্ স্বকথা-শ্রবণকারী ব্যক্তিদিগের হৃদয়স্থ হইয়া তাঁহাদের সমস্ত অমঙ্গল নষ্ট করিয়া থাকেন। নিত্য ভাগবত-সেবা দ্বারা অমঙ্গলসমূহ নষ্টপ্রায় হইলে উত্তমশ্লোক ভগবানে নৈষ্ঠিকী ভক্তি হয়।" পূর্ব্বে নিষ্ঠিতা ও অনিষ্ঠিতা ভজনক্রিয়ার কথা উক্ত হইয়াছে। এক্ষণে নিষ্ঠিতা ভক্তির কথা বলা হইতেছে। যাহার নিষ্ঠা হইয়াছে, তাহার নাম নিষ্ঠিত। প্রত্যহ চেষ্টা করা সত্ত্বেও অনর্থ দশায় লয়, বিক্ষেপ, অপ্রতিপত্তি, কষায় ও রসাস্বাদ এই পাঁচটী অন্তরায়রূপ বিঘ্নের দুর্নিবার-হেতু ভক্তির নৈষ্ঠিক্য সিদ্ধি হয় না, অনর্থ-নিবৃত্তির পরে এগুলি নিবৃত্তপ্রায় হইতে দেখা যায়। সুতরাং লয় প্রভৃতির অভাবই নিষ্ঠার লক্ষণ। শ্রবণ-কীর্ত্তন-স্মরণকালে নিদ্রাদির আগমনই লয়। কীর্ত্তনাদিতে ব্যবহারিক বিষয়ের সম্পূর্ণ বিক্ষেপ। লয়-বিক্ষেপ না থাকিলেও কীর্ত্তনাদিতে অসামর্থ্যই অপ্রতিপত্তি। ক্রোধলোভ-গর্ব্বাদির সংস্কার—কষায় এবং বিষয়-সুখোদয়কালে কীর্ত্তনাদিতে মনের অনভিনিবেশের নাম রসাস্বাদ। এই সকল বিঘ্নের অভাবেই নিষ্ঠার উদয় হইয়া থাকে।

বিষয়ান্তর শ্রবণ কীর্ত্তনাদির বিলক্ষণভাবে যে রোচকত্ব, তাহাই রুচি। ইহা উৎপন্ন হইলে পুনঃ পুনঃ শ্রবণ কীর্ত্তনাদিতেও শ্রমগন্ধ হয় না। পৈত্তিক দোষদুষ্ট রসনায় মিছরির স্বাদ ভাল না লাগিলেও তাহা সেবন করিতে করিতে ব্যাধি বিদূরিত হইয়া যেরূপ মিছরিতে রুচি জন্মে, তদ্রূপ শ্রবণাদি-দ্বারা অন্তঃকরণের দোষ প্রশান্ত হইলে রুচি উৎপন্ন হয়। রুচি যখন প্রৌঢ়তমা হইয়া ভজনীয় ভগবানকে বিষয় করেন, তখন তাহাকে 'আসক্তি' বলে। ইহা ভক্তের চিত্তদর্পণকে এরূপ মার্জ্জিত করেন যে, তাহাতে সহসা প্রতিবিম্বিত হইলে শ্রীভগবান্ প্রতিবিম্বিতের ন্যায় অবলোকিত হন। প্রথমে ভক্তের নিজচেষ্টায় তাঁহার বিষয়াক্রান্ত চিত্ত শ্রীভগবানের রূপ-গুণাদিতে প্রবিষ্ট হয়। পরে আসক্তি জন্মিলে উহা বিনা চেষ্টাতেই সম্পন্ন হয়। এই আসক্তি পরম পরিণাম প্রাপ্ত হইয়া ভাব আখ্যা লাভ করে। উহার অপর নাম রতি। উহার অত্যল্প মাত্রও সর্ব্বপ্রকার অন্ধকার নাশ করিতে সমর্থ। উহাই ভক্তিকল্পলতার পুষ্প। ভাবকুসুম-সংলগ্ন মকুভাবাখ্য অসংখ্য পত্র সহসা আবির্ভূত হইয়া প্রেমাখ্য ফল উৎপাদন করে। প্রেম ভক্তজনের চিত্তকে আত্মীয়-গৃহ-বিত্ত প্রভৃতির মমতারজ্জু ছেদন করিয়া ভগবানের নাম-গুণ-মাধুর্য্যে নিবদ্ধ করে। প্রেমের আস্বাদ্যমান রস—সান্দ্রানন্দবিশেষাত্মা। তখন ভক্ত ভগবানের রূপ-গুণ-মাধুর্য্যাদি আস্বাদন করিয়া কোটিচন্দ্র-উদয়ের ন্যায় স্নিগ্ধ ও সুশীতল হন। ভগবান্ ভক্তের নয়নগোচর হইয়া নিজ সৌন্দর্য্য, সৌকুমার্য্য, সৌরভ্য, ঔদার্য্য ও কারুণ্য প্রভৃতি গুণসকলকে ভক্তের ইন্দ্রিয়ের বিষয়ীকৃত করেন। তাহার আস্বাদনে ভক্তের এক অনির্ব্বচনীয় আনন্দ-সমুদ্রের আবির্ভাব হইয়া থাকে। ভক্তির উদয়ে অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশাখ্য পঞ্চ-ক্লেশ বিনষ্ট হইয়া বিষয়-বিতৃষ্ণা, ভগবদ্বিষয়ক সন্তোষ, আনুকূল্য, কৃপা, ক্ষমা, সত্য, সারল্য, সাম্য, ধৈর্য্য, গাম্ভীর্য্য, মানদত্ব, অমানিত্ব ও সর্ব্বশুভদত্ব প্রভৃতি সদ্গুণরাশি ভক্তের উদয় হয়। তখন মোক্ষ অতি তুচ্ছ বোধ হয়। নিষ্কপটে শুদ্ধভক্তানুগত্যে ভক্তিদেবীর অনুসরণ করিলে ভক্ত ভক্তিবলে শ্রীকৃষ্ণকে আকর্ষণ করিয়া তদ্রূপ-গুণ-মাধুর্য্যের আস্বাদনে ধন্য হন। আর ভক্তি উৎপত্তির পূর্ব্বেই কপটতা, অসৎক্রিয়া, জীব-হিংসা, লাভ-পূজা-প্রতিষ্ঠাদির বশীভূত হইলে সাধকের দুর্ভাগ্যের উদয় হয়। অতএব সাধু সাবধান! বহু জন্মফলে দুর্লভ মনুষ্যজন্ম লাভ করিয়া হেলায় হারাইবেন না। ভক্তিদেবীর কৃপা লাভ করিয়া ধন্য হউন।

দুর্গমে পথিমেহন্ধে স্খলৎপাদগতের্মুহুঃ।
স্বকৃপাযষ্টিদানেন সন্তঃ সন্ত্ববলম্বনম্॥

আশ্রয় ও বিষয়-বিগ্রহ শ্রীবাসুদেবের আবির্ভাব

——(:০:)——

[মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ]

শ্রীকৃষ্ণতত্ত্ব বা বিষয়-বিগ্রহ বাসুদেবের আবির্ভাব প্রকৃত বিশুদ্ধ সত্ত্বেই হইয়া থাকে। মহর্ষি জড়ভরত রহূগণের প্রশ্নে বলিয়াছিলেন,—

জ্ঞানং বিশুদ্ধং পরমার্থমেকমনন্তরন্ত্ববহির্ব্রহ্ম সত্যম্।
প্রত্যক্ প্রশান্তং ভগবচ্ছব্দসংজ্ঞং যদ্ বাসুদেবং কবয়ো বদন্তি॥
ভাঃ ৫।১২।১১

তাহা হইলে সত্য কি? তদুত্তরে বলিতেছেন,—অদ্বয়জ্ঞানই সত্য. সেই জ্ঞান বিশুদ্ধ (গুণাতীত), পরমার্থ (মোক্ষপ্রদ), এক (অদ্বিতীয়), সর্ব্বব্যাপক ও নির্ব্বিকল্প (ইহার দ্বারা অদ্বয়জ্ঞানের প্রথম প্রতীতি ব্রহ্ম লক্ষিত হইয়াছেন), এবং প্রত্যক্ (সর্ব্বজীবের অন্তরে বিরাজমান) ও প্রশান্ত (ক্ষোভশূন্য) (ইহার দ্বারা অদ্বয়জ্ঞানের দ্বিতীয় প্রতীতি 'পরমাত্মা' লক্ষিত হইতেছেন); এবং সেই জ্ঞানের পূর্ণ-প্রতীতির নাম ভগবান্; কবিগণ তাঁহাকেই "বাসুদেব" বলেন। (তিনিই ব্রহ্মের প্রতিষ্ঠা, আশ্রয়, পরমাত্মার অংশী এবং ভক্তগণের উপাস্য বস্তু)।

শ্রীবাসুদেব-মহাপ্রভুই বাস্তব সত্য। তিনি সকল বেদ-বেদান্তের প্রতিপাদ্য ও উপাস্য। বেদাদি শাস্ত্র তাঁহারই গান করিয়া কৃতার্থ হন, যজ্ঞ বাসুদেব-কীর্ত্তনময় হইয়া ধন্য হন, জ্ঞান, তপস্যা, ধর্ম্ম, সমস্তই বাসুদেব-তৎপর হইলে সার্থকতা মণ্ডিত হইতে পারে। জীবের একমাত্র গতি বাসুদেব-পাদ-পদ্ম-সেবা।

বাসুদেবপরা বেদা বাসুদেবপরা মখাঃ।
বাসুদেবপরা যোগা বাসুদেবপরাঃ ক্রিয়াঃ।
বাসুদেবপরং জ্ঞানং বাসুদেবপরং তপঃ।
বাসুদেবপরো ধর্ম্মো বাসুদেবপরা গতিঃ॥
(ভাঃ ১।২।২৮-২৯)

আমাদের পূর্ব্বগুরু শ্রীকৃষ্ণচৈতন্যানুচর শ্রীসনাতন গোস্বামী প্রভু শ্রীহরিভক্তি-বিলাসের স্কন্দপুরাণের ব্রহ্ম-নারদ-সংবাদ উদ্ধার করিয়া বলিয়াছেন-

বাসুদেবং পরিত্যজ্য যোঽন্যদেবমুপাসতে।
স্বমাতরং পরিত্যজ্য স্বপচীং বন্দতে হি সঃ॥
বাসুদেবং পরিত্যজ্য যোঽন্যদেবমুপাসতে।
ত্যক্ত্বামৃতং স মূঢ়াত্মা ভুঙ্ক্তে হালাহলং বিষম্॥
(হঃ ভঃ বিঃ ১১ বিঃ ৭০)

যে ব্যক্তি বাসুদেবকে পরিত্যাগ করিয়া অন্য দেবতার উপাসনা করে, সেই ব্যক্তি নিজ মাতাকে পরিত্যাগ করিয়া চণ্ডালিনীকে বন্দনা করিয়া থাকে।

যে ব্যক্তি বাসুদেবের উপাসনা পরিত্যাগ করিয়া দেবতান্তরের উপাসনা করে, সেই মূঢ়াত্মা অমৃত পরিত্যাগ করিয়া হলাহল পান করিয়া থাকে।

শ্রীমদ্ভাগবত উপক্রমে, উপসংহারে ও মধ্যে সর্ব্বত্রই শ্রীবাসুদেবের জয় গান করিয়াছেন। উপক্রমে যেরূপ 'বাসুদেবপরা বেদা' শ্লোক কীর্ত্তিত হইয়াছে উপসংহারেও তেমনি শ্রীবাসুদেবের নমস্কার বিধান করিয়া গ্রন্থসমাপ্তি হইয়াছে।

নমস্তস্মৈ ভগবতে বাসুদেবায় সাক্ষিণে।
য ইদং কৃপয়া কস্মৈ ব্যাচচক্ষে মুমুক্ষবে॥
(ভাঃ ১২।১৩।২০)

যিনি কৃপাবশতঃ মুমুক্ষু ব্রহ্মার নিকট ইহার ব্যাখ্যা করিয়াছিলেন, সেই বিশ্বসাক্ষী ভগবান্ বাসুদেবকে প্রণাম করিতেছি।

শ্রীমদ্ভাগবতের উপক্রমেই উক্ত হইয়াছে যে, "বিশ্বের স্থিতি, সৃষ্টি ও লয়ের জন্য সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটি গুণের পৃথক্ পৃথক্ অধিষ্ঠাতৃরূপে বিষ্ণু, ব্রহ্মা ও রুদ্র এই ত্রিবিধ সংজ্ঞা ধারণ করিলেও সত্ত্বতনু বিষ্ণু হইতেই জীবের অশেষ কল্যাণ সাধিত হয়। সত্ত্বগুণ হইতেই ব্রহ্ম-দর্শন হয়। এই কারণে প্রাচীনকালে আত্মারাম মুনিগণ বিশুদ্ধ-সত্ত্বমূর্ত্তি অধোক্ষজের ভজনা করিতেন। যাঁহারা তাঁহাদের অনুবর্ত্তন করিয়া আচার-পারম্পর্য্য স্বীকার করেন, তাঁহারাও ক্ষেম

সাধুসঙ্গে কৃষ্ণভক্ত্যে শ্রদ্ধা যদি হয়। ভক্তিফল 'প্রেম' হয়, সংসার যায় ক্ষয়।

কল্যাণ লাভ করেন।"—(শ্রীল প্রভুপাদ-কৃত শ্রীমদ্ভাগবতের গৌড়ীয়-ভাষ্য)

এতৎপ্রসঙ্গে শ্রীমাধ্বগৌড়ীয় সম্প্রদায়ের পূর্ব্বগুরু শ্রীমধ্বাচার্য্য শ্রীভাগবত-তাৎপর্য্যে লিখিয়াছেন,—

৬ "সাত্বিকানাং বাসুদেবে ভক্তি-রুৎপদ্যতে" (ভাঃ তাঃ ১।২।২৩)

এই বিশুদ্ধ-সত্ত্বমূর্ত্তি অধোক্ষজ-তত্ত্বই শ্রীবাসুদেব। তিনি শুদ্ধ-সত্ত্বগুণসম্পন্ন মুনিগণের ভজনীয় বস্তু।

ইহার অব্যবহিত পরের শ্লোকে (ভাঃ ১।২।২৬) "অনসূয়বঃ" শব্দের প্রসঙ্গে শ্রীল প্রভুপাদ বিবৃতিতে লিখিয়াছেন—



ত্রিদণ্ডীস্বামী ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামিপ্রভুপাদ

"কপটভক্তি-সাহায্যে অসূয়া-পরগণ যে তুর্য্যাশ্রয় করেন, তাহাতে কোন সুফল উদয় হয় না। ছলধর্ম্মিগণ কখনই নিষ্কপট নহেন। আরোহবাদীকে শাস্ত্রে যে উপদেশ দিয়াছেন, তাহাতে শ্রীগুরুপাদপদ্মে অসূয়া পরিহার করিবারই ব্যবস্থা আছে।

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥
(গৌড়ীয়ভাষ্য)

এতৎ প্রসঙ্গেই আমরা 'রজস্তমঃ-প্রকৃতয়ঃ সমশীলা ভজন্তি বৈ' (ভাঃ ১।২।২৭) শ্লোক শ্রবণ করি। শ্রীগীতায়ও শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে এইরূপ উপদেশই প্রদান করিয়াছেন—

বহূনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপদ্যতে।
বাসুদেবঃ সর্ব্বমিতি স মহাত্মা সুদুর্লভঃ॥

শ্রীমদ্ভাগবতের বাসুদেব-ভজনের নিম্নলিখিত উক্তিটী আমাদের শ্রীল প্রভুপাদের পরম প্রিয় ছিল। অনুক্ষণ তিনি এই শ্লোকটী কীর্ত্তন ও ব্যাখ্যা করিতেন—

"যৎ পাদ-পঙ্কজপলাশবিলাস-ভক্ত্যা
কর্ম্মাশয়ং গ্রথিতমুদ্গ্রথয়ন্তি সন্তঃ।
তদ্বন্ন রিক্তমতয়ো যতয়োঽপি রুদ্ধ-
স্রোতোগণাস্তমরণং ভজ বাসুদেবম্॥"
(ভাঃ ৪।২২।৩৯)

ভক্তগণ ভগবানের পাদ-পদ্মের পত্র-সদৃশ অঙ্গুলিসমূহের কান্তি ভক্তির সহিত স্মরণ করিতে করিতে যেরূপ কর্ম্মবাসনাময় হৃদয়-গ্রন্থিকে ছেদন করেন, ভক্তিরহিত নির্ব্বিষয় যোগিগণ ইন্দ্রিয়গণকে সংযত করিয়াও তদ্রূপ ছেদন করিতে সমর্থ হন না। অতএব ইন্দ্রিয়নিগ্রহাদির চেষ্টা ত্যাগ করিয়া বাসুদেবের ভজনা কর।

শ্রীল শুকদেব গোস্বামিপ্রভু ১০ম স্কন্ধের প্রারম্ভে শ্রীল পরীক্ষিৎ মহারাজকে বলিয়াছেন,—

সম্যগ্ব্যবসিতা বুদ্ধিস্তব রাজর্ষিসত্তম।
বাসুদেবকথায়াং তে যজ্জাতা নৈষ্ঠিকী রতিঃ॥
বাসুদেবকথাপ্রশ্নঃ পুরুষাংস্ত্রীন্ পুনাতি হি।
বক্তারং প্রচ্ছকং শ্রোতৄংস্তৎপাদসলিলং যথা॥
(ভাঃ ১০।১।১৫-১৬)

হে নৃপশ্রেষ্ঠ, আপনার বুদ্ধি সম্যক্‌রূপেই স্থির হইয়াছে, অর্থাৎ উপযুক্ত বিষয়েই প্রবৃত্ত হইয়াছে। কারণ আপনার শ্রীবাসুদেবের কথায় অবিচ্ছিন্নচারিণী রতির উদয় হইয়াছে। বিষ্ণুপাদোদ্ভূতা গঙ্গা অথবা শ্রীবিষ্ণুচরণোদক যেরূপ ঊর্দ্ধ, মধ্য ও অধঃ লোকসমূহকে (ত্রিভুবনকে) পবিত্র করিয়া থাকেন, তদ্রূপ বাসুদেব-চরিত্র-বিষয়ক প্রশ্ন বক্তা, প্রশ্নকর্ত্তা ও শ্রোতা—এই ত্রিবিধ ব্যক্তিকেই পবিত্র করেন, ইহাতে কোন সন্দেহ নাই।

শ্রীউদ্ধব গোপীগণকে বলিয়াছিলেন—

অহো যূয়ং স্ম পূর্ণার্থা ভবত্যো লোক-পূজিতাঃ।
বাসুদেবে ভগবতি যাসামিত্যর্পিতং মনঃ॥
(ভাঃ ১০।৪৭।২৩)

অহো! যাঁহাদের চিত্ত এইরূপে ভগবান্ বাসুদেবে অর্পিত হইয়াছে, তাদৃশ আপনারা কৃতার্থ এবং লোকপূজ্য হইয়াছেন।

শ্রীবাসুদেব নিত্য বিষয়-আশ্রয়-বিগ্রহ-রূপে স্বপ্রকাশিত ও আবির্ভূত। আশ্রয়-বিহীন বিষয় বা বিষয়-বিহীন আশ্রয়ের বিচার—শ্রুতিবিরোধী মতবাদ। অনেকে এক-জগদ্গুরু-বাদের ন্যায় একল-বাসুদেবের বিচারকেও বুঝিতে ভুল করিয়া অপরাধ-পঙ্কে পতিত হয়। শক্তি বা লক্ষ্মীহীন বাসুদেবের ধারণা আস্তিক্য-ধারণা নহে। একল-বাসুদেব বলিতে বাসুদেব শক্তিহীন, লক্ষ্মীহীন, আশ্রয়হীন, সেবকহীন, ইহা বুঝা যায় না। বস্তুতঃ যাহারা ঐরূপ নির্ব্বিশেষ-বিচারপর, তাহাদের ধারণাকেই একল-বাসুদেবের ধারণা বলা হইয়াছে। 'একজগদ্গুরুবাদ' কথাটি যেরূপ ভাগবত-ধর্ম্ম-বিরোধী মতবাদ-বিশেষ, একলবাসুদেবের বিচারও তদ্রূপ। কাজেই শ্রীবাসুদেব-মহাপ্রভুর বা বিষয়-বিগ্রহ শ্রীবাসুদেবের সহিত শ্রীবাসুদেব প্রভু বা আশ্রয় বিগ্রহ শ্রীবাসুদেবের আবির্ভাব নিত্যসিদ্ধ ব্যাপার। এজন্যই শ্রীল প্রভুপাদ গৌড়ীয় বৈষ্ণবদের মূল প্রমাণশিরোমণি, বেদান্তের অকৃত্রিমভাষ্য ও শ্রীচৈতন্যদেব-প্রচারিত একমাত্র সাধ্য ও সাধনতত্ত্ব প্রদর্শনের প্রতিপাদ্য গ্রন্থরাজ শ্রীমদ্ভাগবতের [illegible] আশ্রয়বিগ্রহ বাসুদেবের [illegible] থাকিয়া অনুক্ষণ নামকীর্ত্তনের আদেশ প্রদান করিয়াছেন—

'বাসুদেবানন্দপাদে থাকিয়া ও সদা লহ নাম।'

বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্য ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ ভক্তপ্রসাদের পরিব্রাজক গোস্বামিপাদ

আশ্রয়-বিগ্রহ বাসুদেব বিষয় বিগ্রহ বাসুদেবের প্রকাশতত্ত্ব। বিষয়-বিগ্রহ বাসুদেবকে আশ্রয়-বিগ্রহ বাসুদেবই প্রকাশ করেন। এই দুই অধোক্ষজ-তত্ত্বেরই জগতে আবির্ভাব।

অন্ধকার যুগের মধ্যে বিষয়বিগ্রহ ও আশ্রয়বিগ্রহ বাসুদেব বিশুদ্ধসত্ত্বে নিত্য আবির্ভূত হন। হরিদ্বেষকারী কংসাদি অসুরগণের অন্ধকার যুগ; কারণ সেইসময় তাঁহারা হরিকীর্ত্তন বন্ধ রাখিবার উপদেশ প্রদান করেন। হরিদ্বেষ ও বর্ষাকালে কৃষ্ণপক্ষের মধ্যরাত্রে কংস ও কংসপক্ষীয়-গণকে বঞ্চনা করিয়া বিষয় ও আশ্রয়বিগ্রহ বাসুদেবের অবতার হইয়া থাকে। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার "কৃষ্ণসংহিতা" গ্রন্থে শ্রীবাসুদেবের আবির্ভাব ও লীলা সম্বন্ধে অপ্রাকৃত তত্ত্বগত বিচার প্রদর্শন করিয়াছেন। এই বিচার তথাকথিত আধ্যাত্মিক বা রূপক ব্যাখ্যা নহে, বস্তুতঃ উহা অধোক্ষজতত্ত্ব শ্রীবাসুদেবের আবি[illegible] জীবাদি লীলার [illegible] বিচার। [illegible] ঠাকুর লিখিয়াছেন -

[illegible]

[illegible] যদুবংশের মধ্যে সাত্বতকুল ভগবৎপর ছিলেন এবং ভোজবংশ নিতান্ত যুক্তিপর ও ভগবদ্বিরুদ্ধভাবাপন্ন ছিলেন, এরূপ বোধ হয়। [illegible] প্রভৃতি ছয়টী পুত্র [illegible] হয়, [illegible] বাল্যকালেই [illegible] বিশুদ্ধ [illegible] তাঁহাদের প্রথম পুত্র। [illegible] শুদ্ধজীবের [illegible] [illegible] সেই তত্ত্ব ব্রজভূমিতে গমন করিলেন। [illegible] বিজ্ঞাপিত হইল [illegible] ভগবদ্ভাব [illegible] [illegible] যুক্তিবিভাগে বা জ্ঞান বিভাগে ঐ স্ফূর্ত্তি থাকে না, কিন্তু বিশ্বাস-বিভাগেই তাহার [illegible] না, [illegible]

কৃষ্ণভক্তি-জন্মমূল হয় 'সাধুসঙ্গ'। কৃষ্ণপ্রেম জন্মে, পুনঃ মুখ্য অঙ্গ

অধিকারী। এতত্ত্বে জাতির উচ্চত্ব বা নীচত্ব বিচার নাই, এই জন্যই আনন্দমূর্তি গোপত্বে লক্ষিত হইয়াছেন। বিশেষতঃ গোচারণ ও গোরক্ষণ এবং অবৈধর্য্যাত্মক মাধুর্য্যাত্মক মাধুর্য্যেও লক্ষিত হয়। উদারসর্ব্বপিণী নন্দপত্নী যশোদা, যে জগতের তত্ত্ব যাহাকে প্রসব করেন, তাহা ব্রজ হইতে বসুদেব কর্তৃক নীত হইল। পরানন্দধাম-চিন্তায় বদ্ধজীবের পক্ষে যে মায়িক ভাব অনিবার্য্য, তাহা শ্রীকৃষ্ণাগমনে দূরীকৃত হইল। বিশুদ্ধপ্রেমপূর্ণ্য-কিরণ-সমূহ-পরিপূরিত গোকুলে শুদ্ধজীবতত্ত্ব-রূপ রাধের সহিত অচিন্ত্যভগবত্তত্ত্ব শ্রীকৃষ্ণ বৃদ্ধি পাইতে লাগিলেন। নাস্তিক্য-রূপ কংস শ্রীকৃষ্ণকে বিনাশ করিবার বাসনায় বালঘাতিনী পূতনাকে ব্রজে প্রেরণ করিলেন। মাতৃস্নেহ ছলনা করিয়া পূতনা কৃষ্ণকে স্তন্য দান করিয়া কৃষ্ণস্নেহে নিহত হইল। ভগবদ্ভাবের প্রভাবে তর্করূপ তৃণাবর্ত্ত প্রাণত্যাগ করিল। ভারবাহিত্বরূপ শকট ভগবৎ কর্তৃক ভগ্ন হইল। মুখব্যাদান করিয়া শ্রীকৃষ্ণ জননীকে মুখ-মধ্যে সমস্ত জগৎ দেখাইলেন। জননী চিৎকণগত প্রতি-পোষিকা অবিদ্যা দ্বারা মুগ্ধ থাকায় কৃষ্ণৈশ্বর্য্য মানিলেন না। চিদ্বিলাসগত ভক্তগণ ভগবন্মাধুর্য্যে এতদূর মুগ্ধ থাকেন যে, ঐশ্বর্য্য-সত্ত্বেও তাহা তাঁহাদের নিকট প্রতীত হয় না। এ অবিদ্যা মায়াভাবগত নয়। কৃষ্ণের বাল্যচাপল্য (চিন্ময়নবনীত-চৌর্য্য) দেখিয়া উদারসর্ব্বপিণী যশোদা রজ্জুদ্বারা কৃষ্ণকে বন্ধন করিবার জন্য বৃথা যত্ন পাইলেন। যাঁহার মায়িক পরিমাণ নাই, তাঁহাকে কেবল প্রেমসূত্রের দ্বারা যশোদা বন্ধন করিয়াছিলেন। মায়িক রজ্জুদ্বারা তাঁহার বন্ধন সিদ্ধ হয় না। শ্রীকৃষ্ণের বাল্যলীলাক্রমে দেবপুত্রদ্বয়ের বার্ক্ষভাব হইতে অনায়াসে বন্ধচ্ছেদ হইল। এই যমলার্জ্জুনমোক্ষ আখ্যায়িকা দ্বারা দুইটি তত্ত্ব অবগত হওয়া গেল, অর্থাৎ সাধুসঙ্গে অপরাধের জীবের বন্ধমোক্ষ হয় এবং অসাধু-সঙ্গে দেবতারাও বৃক্ষধর্ম্মবশ হইয়া জড়তা প্রাপ্ত হন। সখাদিগের সহিত বালরূপী কৃষ্ণ গোবৎস-চারণার্থে কাননে প্রবেশ করেন অর্থাৎ চিজ্জগতে স্বা শুদ্ধজীবসকল নিত্যক্রমে গোবৎসত্ব প্রাপ্ত হইয়া শ্রীকৃষ্ণের তত্ত্বাধীন হন। ধেনু অর্থাৎ গোচারণস্থলে বালদোষরূপ বৎসাসুরবধ হয়। কংসপালিত ধর্ম্ম-কাপট্যরূপ বকাসুর ভক্তবৃন্দ কৃষ্ণ-কর্তৃক বিনষ্ট হয় নৃশংসত্বস্বরূপ অঘনামা সর্প মর্দ্দিত হইল। তদনন্তর ভগবান্ সখাভাবরূপ একত্র পুলিনভোজন আরম্ভ করিলেন। ইত্যবসরে সমস্ত জগতের বিধাতা চতুর্বেদবক্তা চতুর্মুখ কৃষ্ণের মায়ায় মুগ্ধ হইয়া গোপবালক ও গোবৎস সকল চুরি করিলেন। এই আখ্যায়িকা দ্বারা শ্রীকৃষ্ণের পরমমাধুর্য্যে সম্পূর্ণ প্রভুতা প্রদর্শিত হইল। গোপাল হইয়াও জগদ্বিধাতার উপর পূর্ণপ্রভাব দেখাইলেন। চিজ্জগতের অভিপ্রিয় কৃষ্ণ কোন বিধির বাধ্য নহেন, ইহাও জানা গেল। ব্রহ্মা গোবৎসসকল ও গোপবালকসকল হরণ করিলে ভগবান্ অপহৃত সকলকেই স্বয়ং প্রকাশ করিয়া অনায়াসে চালাইতে লাগিলেন। এতদ্দ্বারা স্পষ্ট বোধ হয় যে, চিজ্জগৎ ও অচিজ্জগৎ সমস্ত বিনষ্ট হইলেও কৃষ্ণৈশ্বর্য্য কখনই কুণ্ঠিত হয় না। যিনি যত্নই সমর্থ হউন শ্রীকৃষ্ণ-সামর্থ্য লঙ্ঘন করিতে কেহই পারেন না। স্থূলবুদ্ধিস্বরূপ গর্দ্দভরূপী ধেনুকা-সুর, শুদ্ধজীব বলদেব-কর্তৃক হত হয়। ক্রূরতা-স্বরূপ কালীয় সর্প চিজ্জ-সাত্বিক যমুনাজল দূষিত করিলে ভগবান্ তাহাকে দমন করিয়া দূরীভূত করিলেন। পরস্পর বৈষ্ণব-সম্প্রদায়-বিবাদরূপ ভয়ঙ্কর দাবানলকে ব্রজ-ধাম রক্ষার্থে ভগবান্ ভক্ষণ করিলেন। নাস্তিক্যরূপ কংসের প্রেরিত প্রচ্ছন্ন-বৌদ্ধমত মায়াবাদস্বরূপ জীব-চোর দুই প্রলম্বাসুর শুদ্ধ বলদেব কর্তৃক নিহত হইল।"

বিষয়-বিগ্রহ শ্রীবাসুদেবের আবির্ভাব হইয়াছিল মৎসর নাস্তিক্যবাদরূপ কংসের কারাগারে—ইহাই বিষয় বিগ্রহ শ্রীবাসু-দেবাবির্ভাবের বাহ্য প্রতীতি। আবির্ভা-বের পরেও ব্যতিরেকভাবে লীলাপুষ্টি ও ও অধিকতর সৌন্দর্য্য-মাধুর্য্য প্রকটনের জন্য নাস্তিক্যবাদরূপ কংসের প্রেরিত নানাপ্রকার চরের উপদ্রব পরিলক্ষিত হইয়াছিল। প্রথমে কংস নিজ অপস্বার্থ-সংযোজনোদ্দেশ্যে দেবকী-বসুদেবের প্রীতি উৎপাদনের জন্য বিশেষ সচেষ্ট ছিল; কিন্তু শ্রীবাসুদেবের আবির্ভাবে কংস তাহার ও অনুচরগণের ভাবি বিনাশের কথা জানিতে পারিয়া শ্রীবাসুদেবের বিনাশের (?) জন্য যাবতীয় প্রতিকূল চেষ্টা আরম্ভ করিল। আশ্রয় বিগ্রহ বাসুদেবের আবির্ভাবেও সেই জাতীয় লীলারই প্রকাশ দেখা যায়।

এক সময় শ্রীবাসুদেবের ভগবৎ-চিকীর্ষা দর্শন করিয়া 'কালযবন' শ্রীবাসু-দেবকে কুবাক্য ও গ্রাম্য পরিভাষার দ্বারা লাঞ্ছিত করিতে উদ্যত হইল। শ্রীবাসুদেব তিরস্কৃত হইয়া এক পর্ব্বত-গহ্বরে প্রবেশ করিলেন। কালযবনও সেই গিরিগুহায় প্রবেশ করিয়া এক ব্যক্তিকে তথায় শায়িত দেখিয়া শ্রীবাসুদেব মনে করিয়া তাঁহাকে পদাঘাত করিল। কিন্তু সেই মহাপুরুষ মান্ধাতার পুত্র মুচুকুন্দ। তিনি ব্রহ্মপরায়ণ ও সত্যপ্রতিজ্ঞ। তাঁহার প্রখর দৃষ্টিতে ও অদম্যতায় কালযবন মুহূর্ত মধ্যেই ভস্মীভূত হইল। শ্রীবাসুদেব মুচুকুন্দের নিকট নিজ-স্বরূপ প্রদর্শন করিয়া জানাই-লেন যে, তিনি ব্রহ্মাদি দেবতাগণ কর্তৃক অনুরুদ্ধ হইয়া ভূভার হরণের জন্য সম্প্রতি যদুবংশে বাসুদেব নামে অবতীর্ণ হইয়াছেন। ইতঃপূর্ব্বে তিনি কালনেমি, কংস প্রভৃতি সজ্জন-বিদ্বেষী অসুরদিগকে সংহার করিয়াছেন। মুচুকুন্দকে শ্রীবাসুদেব বর দিতে চাহিলে মুচুকুন্দ বলিলেন,—যাঁহার শ্রীবাসুদেবে অহৈতুকী ভক্তি বর্ত্তমান, তিনি কখনও অন্য কোনপ্রকার বরের দ্বারা প্রলোভিত হন না।

বিষয়বিগ্রহ শ্রীবাসুদেবের এই লীলার ন্যায় আশ্রয়-বিগ্রহ শ্রীবাসুদেবের মহা-বদান্য-লীলার মধ্যেও কালযবন, কালনেমি প্রভৃতির প্রতিকূল আচরণ ও ধ্বংস দেখিতে পাওয়া যায়। এই কালনেমিই পরজন্মে নাস্তিক্যবাদরূপ কংস হইয়া জন্মিয়াছিল। কালনেমি দুর্দ্দান্ত অসুর, নির্ব্বিশেষবাদ বা ভক্তিসিদ্ধান্তবিরোধের প্রতীক; আর কালযবন যবন বা সিমাইট পণের চিন্তাস্রোতের সংক্রামক ব্যাধিতে প্রপীড়িত হইয়া শ্রীবাসুদেবকে নানাপ্রকার গ্রাম্য-কথা। তৎসমাকারী, সুতরাং ব্রহ্ম-পরায়ণ বা সত্যপ্রতিজ্ঞ মহাপুরুষ মুচুকুন্দের দ্বারা বিনাশ-যোগ্য।

পৌণ্ড্রক নামক এক ব্যক্তি আপনাকে কনক ও কামিনীর মহাধাম মনে করিয়া বিষয়-বিগ্রহ শ্রীবাসুদেবের ন্যায় ভোক্তা সাজিয়া বসিল এবং বলিল যে, নিত্য বিষয় ও আশ্রয়-বিগ্রহ বাসুদেব আবার কে? আমি যখন মহারাজ, তখন আমিই ভগবান্ বাসুদেব—এইরূপ এক বাউলিয়া মত প্রচার করিলে শ্রীবাসুদেব সুদর্শন চক্রের দ্বারা পৌণ্ড্রক ও তাহার ভোগী বিলাসী বন্ধু কাশীরাজের মস্তক ছেদন করিলেন। "আমিই বিষয়-বিগ্রহ, আমি কৃষ্ণের ন্যায় কনক-কামিনী ও প্রতিষ্ঠার ভোক্তা—আমি আশ্রয়বিগ্রহের আনুগত্য স্বীকার করিয়া বিষয়-বিগ্রহের সেবা করিব না—আমি 'বড় আমি' হইব, 'তাল আমি' হইব না—এই বিচারই সৃগাল-বাসুদেবমত। বিষয়-বিগ্রহ-আশ্রয়বিগ্রহ-বাসুদেব এই নির্ব্বি-শেষ-মতকে বিনাশ করেন।

পরমারাধ্য শ্রীল প্রভুপাদ লিখিয়াছেন,—

"শ্রীকৃষ্ণ নিত্য বর্ত্তমান ও চিদানন্দময়, সুতরাং পার্থিব-জ্ঞানে জন্ম বলিলে যাহা বুঝায়, পরমেশ্বর শ্রীকৃষ্ণের তাদৃশ অভি-নয়ের সার্থকতা নাই। বদ্ধজীব যে-কালে কৃষ্ণোন্মুখ হন, সেইকালে শ্রীকৃষ্ণ তাঁহার হৃদয়ে আবির্ভূত হন। জীবের তমসাচ্ছন্ন হৃদয়-নিশার মধ্যভাগে প্রাবৃট্কালে বর্ষে বর্ষে উদয় হয়। প্রাবৃট্কালেই হরিশয়ন, সুতরাং ভাদ্রকৃষ্ণাষ্টমীর মধ্যভাগে তাঁহার প্রকটকাল। * * শ্রীকৃষ্ণজন্ম বিনা জীবের জীবন বৃথা। কৃষ্ণজন্মোৎসবে যাঁহাদের পরমার্থ-প্রবৃত্তি উদ্বোধিত হয় না, তাঁহারা বাহ্য জগতের উচ্চাবচ-বিষয়ের অনুসরণ করিয়া ভগবদ্বৈমুখ্যের আবাহন করেন; উহা তাঁহাদের শোচনীয় পরিণাম-মাত্র।" —(শ্রীল প্রভুপাদ-লিখিত প্রবন্ধ, 'গৌড়ীয়' ১ম বর্ষ ১ম সংখ্যা ৯ম ও ১০ম পৃষ্ঠা)

শ্রীধাম নবদ্বীপ শ্রীমায়াপুর যোগপীঠের শ্রীমন্দিরের ভিত্তি খননকালে শ্রীল প্রভু-পাদের প্রকট-লীলায় ১৩৩১ সনের ৩০শে জ্যৈষ্ঠ বুধবার (১৩ই জুন, ১৯৩৪) শ্রীঅধোক্ষজ চতুর্ভুজ বিষ্ণুমূর্ত্তির আবির্ভাব



শ্রীধাম মায়াপুর-যোগপীঠে আবির্ভূত শ্রীঅধোক্ষজ বিষ্ণুমূর্ত্তি

হয়। আর শ্রীল প্রভুপাদের অপ্রকট-লীলাবিষ্কারের পর আশ্রয়-বিগ্রহ শ্রীল বাসুদেব প্রভু শ্রীগৌড়ীয় মঠাচার্য্যরূপে আত্মপ্রকাশ করিলে, যেদিন কলিকাতা-শ্রীগৌড়ীয় মঠে অভিনন্দন-সভায় নিখিল ভাগবতগণ তাঁহার পাদপদ্মে অভিনন্দন-অঞ্জলি প্রদান করেন, সেইদিন অর্থাৎ বঙ্গাব্দ ১৩৪৪, ২রা আষাঢ়, ১৬ই জুন, ১৯৩৭ বুধবার প্রাতে প্রায় ৯ ঘটিকার সময় অচিন্তনীয় অলৌকিকভাবে স্বপ্রকাশ শ্রীবাসুদেব চতুর্ভুজমূর্ত্তি প্রকাশিত হন। শ্রীমায়াপুরে শ্রীঅধোক্ষজমূর্ত্তি ও লণ্ডনে শ্রীবাসুদেবমূর্ত্তি উভয়েই বুধবারে একই মাসে আত্মপ্রকাশ করিয়াছেন। শ্রীঅধোক্ষজমূর্ত্তির আবির্ভাব-তারিখ ৩০শে জ্যৈষ্ঠ, ১৩ই জুন, আর শ্রীবাসুদেব-মূর্ত্তির প্রকটকাল ২রা আষাঢ়, ১৬ই জুন।

ঠিক তিন বৎসর পরে ও ঠিক তিন দিন ব্যবধানে উভয় বাসুদেব-শ্রীমূর্ত্তি আত্মপ্রকাশ করিয়াছেন। ইহারই বা রহস্য কি ?

লণ্ডনে আবির্ভূত শ্রীঅর্চাবতার-বাসুদেব মূর্ত্তি

পরম পূজনীয় মহামহোপদেশক শ্রীল ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু লণ্ডন-শ্রীবাসুদেবগৌড়ীয় মঠ হইতে তাঁহার এই অযোগ্য ভৃত্যাভাসকে বিগত ৪।৮।৩৭ তারিখে বিমান-ডাকে এক পত্রে লিখিয়াছেন,—

"পূর্ব্বরাত্রে আমি একটি স্বপ্ন দেখি, সেই রাত্রি-প্রভাতে বড়ই আনন্দ পাইয়া কি জানি কি এক আশ্চর্য্যভাবে যেদিকে কখনও যাবার নয়, সেইদিকে 'শ্রীহরেকৃষ্ণ' মহামন্ত্র কীর্ত্তন করিতে করিতে হঠাৎ এক অপূর্ব্বদর্শন সুবর্ণজটাময়ী শ্রীমূর্ত্তি দেখিয়া

গৌড়ীয়মিশনের তদানিং বর্ত্তিত ভাইস প্রেসিডেণ্ট পাশ্চাত্যে গৌড়ীয়-মিশনারী ইংচার্জ্জ মঃ মঃ পণ্ডিত শ্রীপাদ মদ্ভক্তি ভক্তিসারঙ্গ গোস্বামী

বুকটা কাঁপিয়া উঠিল। শ্রীমূর্ত্তি একটি ছোট plant-এর নিকট দণ্ডায়মান অবস্থায় ছিলেন। কত ভাবিলাম, কাঁদিলাম, বুকে, শিরে করিয়া ঘরে আনিয়া পূজিলাম, ইহা অলৌকিক ও আশ্চর্য্য বলিয়াই আমার জীবনে চিরস্মরণীয় হইয়া থাকিবে। ••• আমার ভাষাজ্ঞান নাই, নতুবা শ্রীবাসুদেবের প্রাকট্য-সম্বন্ধে অনেক কিছু বলি-

"কলিকালে নামরূপে কৃষ্ণ অবতার"

[মহামহোপদেশক অধ্যাপক শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর এম-এ]

কৃষ্ণের সেবা শ্রীমন্মহাপ্রভুর আচরিত ও প্রচারিত —যুগধর্ম। রাধাভাবদ্যুতি-সুবলিত শ্রীকৃষ্ণস্বরূপ শ্রীকৃষ্ণচৈতন্য স্বতন্ত্রস্বরূপ যুগল উপাসনার শ্রী প্রকাশিত করিয়াছেন। শ্রীমতী কৃষ্ণের মাধুর্য্য আস্বাদন করিয়া থাকেন। শ্রীমতীর অন্তরে-বাহিরে কৃষ্ণ।

যে ভাবে কৃষ্ণ আরাধনা করেন, কৃষ্ণের সেইরূপ আরাধনা কৃষ্ণ নিজে আচরণ করিয়া তাহা জগৎকে জানাইয়াছেন। ইহাই স্বয়ং শ্রীকৃষ্ণের শ্রীচৈতন্য-লীলা। শ্রীচৈতন্যলীলা নিত্যা। •

শ্রীচৈতন্যদেব সপার্ষদে কৃষ্ণের আরাধনা করিয়া থাকেন। শ্রীচৈতন্যের পার্ষদগণের অগ্রগণ্য শ্রীগদাধর ও শ্রীকৃষ্ণের সর্ব্বপ্রধানা সেবিকা শ্রীমতী বার্ষভানবী একই তত্ত্ব। শ্রীচৈতন্যদেব শ্রীগদাধর-প্রমুখ পার্ষদগণের প্রতি ভোগ্যবিচার প্রদর্শন করেন না। তাঁহাদের সহিত গুরুশিষ্যভাবে ব্যবহার করেন। শ্রীমন্মহাপ্রভুর পার্ষদগণ তাঁহাকে সম্ভোগরসে তাঁহাদের ভোক্তা-বিচারে সেবা করেন না। তাঁহারা শ্রীমন্মহাপ্রভুর স্বভজন-সেবার উপকরণ।

শ্রীমন্মহাপ্রভু দুইবার দারপরিগ্রহ-লীলার অভিনয় করিয়াছিলেন। কিন্তু তাঁহার বিবাহিতা পত্নীদ্বয় শ্রীলক্ষ্মীপ্রিয়া-দেবী ও শ্রীবিষ্ণুপ্রিয়াদেবীও শ্রীমন্মহাপ্রভুকে তাঁহাদের পতিরূপে সেবা করেন নাই। শ্রীমন্মহাপ্রভু শ্রীকৃষ্ণকে সর্ব্বপতিরূপে যে সেবার অভিনয় করেন, সেই সেবার ভার এখানে বহু সংবাদপত্রে শ্রীবাসুদেব-মূর্ত্তি-প্রাপ্তির সংবাদ প্রকাশিত হইয়াছে।"

কৃষ্ণা-পঞ্চমী-তিথিতে শ্রীভক্তিবিনোদ-গৌরসরস্বতীর আবির্ভাব আর গৌর-পঞ্চমী-তিথিতে শ্রীভক্তিবিনোদগৌরবাণী-শ্রেষ্ঠ আশ্রয়বিগ্রহ শ্রীবাসুদেবের আবির্ভাব। শ্রীকৃষ্ণাষ্টমী তিথিতে বিষয়-বিগ্রহ বাসুদেব বিশুদ্ধচিত্তে নিত্য আবির্ভূত, আর গৌরাষ্টমী-তিথিতে লণ্ডনে বিষয়-বিগ্রহ শ্রীবাসুদেব অর্চ্চাবতাররূপে অপ্রাকৃত বিশুদ্ধ সত্ত্বে প্রকাশিত। এই 'আশ্রয়' ও বিষয়-বিগ্রহের আবির্ভাব-লীলার যোগসূত্র এক অদ্বয়-জ্ঞানতত্ত্বরূপে বিশুদ্ধচিত্তেই স্ফূর্ত্তি লাভ করে। অতএব সেই অদ্বয়-জ্ঞানতত্ত্ব শ্রীবাসুদেবকে আমরা আশ্রয়-বিগ্রহগণের আনুগত্যে বন্দনা করি।

নমঃ পরমকল্যাণ নমঃ পরমমঙ্গল।
বাসুদেবায় শান্তায় যদূনাং পতয়ে নমঃ।
(ভাঃ ০।১০।৫৬)

—:o:—

সাহায্যকারিণীরূপেই আমরা তাঁহার পত্নীদ্বয়কে দেখিতে পাই। শ্রীলক্ষ্মীপ্রিয়া ও শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী শ্রীচৈতন্যকে তাঁহাদের ভোক্তা পতিরূপে দর্শন করেন না, তাঁহাদের গুরুরূপে দর্শন করেন।

শ্রীকৃষ্ণের পার্ষদবর্গ—পুত্র, কৃত্য, কলত্র —সকলেই তাঁহার আনুগত্যে বিশ্রম্ভময় শ্রীকৃষ্ণ-সেবায় নিযুক্ত আছেন।

এবম্বিধ সেবাবৈশিষ্ট্য অত্যন্ত আশ্চর্য্য-জনক সন্দেহ নাই। শ্রীকৃষ্ণ নিজের সেবার জন্য কেন বহুবিশিষ্ট হইবেন ?

শ্রীকৃষ্ণের স্বরূপতত্ত্ব ভালরূপ অনুধাবন না করিলে এই রহস্যের কারণ উপলব্ধ হইতে পারে না।

সাধারণতঃ ভগবান্ বলিলে, বদ্ধজীব একটি স্বতন্ত্র বস্তু-মাত্র ধারণা করে। বস্তু-সত্তা আলোচনা দ্বারা সেরূপ বস্তুর সহিত অপর যাবতীয় বস্তুর সেব্যসেবক সম্বন্ধের সঙ্গতি বুঝিতে পারা যায় না। যদি ভগবানের সহিত সর্ব্বতোভাবে দাস্যসম্বন্ধ-বিশিষ্ট হইয়া তদ্দ্বারা নিজের ব্যক্তিগত সত্তার সম্পূর্ণ স্বাধীনতা-সংরক্ষণ সম্ভব হয়, তাহা হইলে ভগবান্ ও নিজের স্বরূপের সম্পূর্ণ স্বরূপ উপলব্ধির আবশ্যক হইয়া পড়ে।

'কে ?' প্রশ্নের উত্তরে শ্রীমন্মহাপ্রভু বলেন, "তুমি কৃষ্ণদাস,—তুমি কৃষ্ণের স্বপুত্র, স্বভৃত্য, স্বকলত্র নহ। তুমি স্বরূপে কৃষ্ণশক্তির তটস্থপ্রভাব-পরিণত বিভিন্নাংশ অনুচিৎ ভাবসমূহের অন্তর্গত। তুমি স্বতন্ত্র। স্বতন্ত্রতার বিনাশচেষ্টা দ্বারা তোমার বাধাবদ্ধ হইবার যোগ্যতা আছে এবং তজ্জন্যই তুমি বর্ত্তমানে মায়াবদ্ধ।"

কিন্তু 'কৃষ্ণের দাস' এই সংবাদ শ্রবণ হওয়া মাত্র কৃষ্ণের সহিত তোমার সম্বন্ধের স্বরূপ তুমি উপলব্ধি করিতে পার [illegible] দাস হইয়া তোমার যে সমুদয় নিজের অভিমান অহরহঃ উদিত হইতেছে, কৃষ্ণ-দাস্যকেও তাহাদেরই অন্যতম [illegible] করিয়া তুমি কৃষ্ণদাস্যের [illegible] ছলনায় প্রাকৃত সৎক্রিয়া, [illegible] নির্ব্বিশেষপর যোগী, তপস্বী, সন্ন্যাসী প্রভৃতি হইয়া পড়িতে বাধ্য।

হঠাৎ ভক্ত হইয়া পড়িবার দরুণ হইলেই তোমার এইরূপ দুর্দ্দশা উপস্থিত হওয়া অনিবার্য্য হয়। তোমার এইপ্রকার দুর্ব্বিসন্ধি নিবৃত্ত করিবার জন্য দৈব-বর্ণাশ্রম-বিধিনিষেধের ব্যবস্থা স্বয়ং ভগবান্ কর্ত্তৃক বিহিত হইয়াছে। মিছাভক্ত দৈব-বর্ণাশ্রম-বিধিনিষেধের [illegible] তাহারা এড়াইতে পারে নাই [illegible] ছলনায় জগতের সমুদয় ভোগ [illegible] করিতে [illegible] কবলিত হইয়া [illegible]

কৃষ্ণসেবারূপ [illegible] বিমুখ হইলেই জীব [illegible] জড়ীয় উপাধিগ্রস্ত হয়। তখন জীব ইন্দ্রিয়তর্পণের অধিকারে স্বীয় উপাধিগত প্রাকৃত ইন্দ্রিয়তর্পণের জন্য আবার প্রবল আকাঙ্ক্ষা উদিত হয়। রিপুষট্কে [illegible] ইন্দ্রিয়তর্পণের অধিকতর [illegible] দুষ্প্রবৃত্তি তখন তাঁহার [illegible] হয়। তত্ত্ব-[illegible] গ্রহণ না করিলে সমাজের [illegible] এড়াইবার উপায় নাই। [illegible] জীবমাত্রেরই [illegible] স্বাভাবিক বদ্ধ অবস্থাতেও আমাদের স্বরূপের [illegible] একেবারে নষ্ট হয় না, [illegible] হয় মাত্র। জড়ভোগ-বাসনা উদিত হইলে কৃষ্ণদাস্য অভিমানকে আমরা ভুলিবার চেষ্টা করি এবং ভোগবাসনা অত্যন্ত প্রবল হইলে লোক ঠকাইবার [illegible] কৃষ্ণদাসের [illegible] কামিনী, প্রতিষ্ঠা সংগ্রহে নিযুক্ত হইতে দ্বিধাবোধ করি না। কিন্তু সেবাবিহীন জীবন কখনই আমাদের স্থায়ী সত্তা সাধন করিতে পারে না।

কৃষ্ণবিমুখতার হাত হইতে [illegible] হইবার একমাত্র উপায় কৃষ্ণের স্বরূপ-অনুভূতি লাভের জন্য [illegible] অবলম্বন করা।

শ্রীচৈতন্যলীলা [illegible] দ্বারা [illegible] ক্রমশঃ সেবোন্মুখ-চিত্তবিশিষ্ট হইয়া [illegible] [illegible] হয়। শ্রীচৈতন্য-লীলা [illegible] কৃষ্ণজন্মলীলা [illegible] বিচার [illegible]।

শ্রীকৃষ্ণ-জন্ম [illegible] কৃষ্ণের [illegible] হয়। শ্রীচৈতন্যলীলা [illegible] শ্রীকৃষ্ণ-জন্মলীলার [illegible] বসুদেব-দেবকী, [illegible] প্রাকৃত পিতামাতা [illegible] কৃষ্ণ [illegible] কৃষ্ণদাসের [illegible] কৃষ্ণ [illegible] ভাবের [illegible] হয়। শ্রীকৃষ্ণজন্মলীলা [illegible] না। হিন্দু-সমাজের [illegible] কৃষ্ণবিরোধী [illegible] ব্যক্তি কৃষ্ণজন্মতিথির সেবার [illegible] এইরূপ [illegible] করিতেছে। ইহা [illegible] পরিত্রাণের বিষয় আর কি হইতে পারে

সর্ব্ব মহা-গুণ-গণ বৈষ্ণব-শরীরে । কৃষ্ণভক্তে কৃষ্ণের গুণ সকলি সঞ্চারে ।

মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের আবির্ভাবের সময়েও তাৎকালিক বঙ্গীয় হিন্দুসমাজের পারমার্থিক অবস্থা অতীব শোচনীয় ছিল। তথাপি শ্রীচৈতন্যদেবের শিক্ষার দোহাই দিয়া কৃষ্ণদাসের সজ্জা গ্রহণপূর্ব্বক নিজেন্দ্রিয়-তর্পণের অধিকতর সুযোগ-অন্বেষণরূপ সর্ব্বাপেক্ষা ঘৃণিত কাপট্যনাট্য তখনও মায়ার রঙ্গমঞ্চে প্রদর্শিত হয় নাই। শ্রীচৈতন্যদেবের প্রাকট্যের অব্যবহিত পরবর্ত্তিকাল হইতেই শ্রীমহাপ্রভুর নামে বহু অসৎ মতবাদ এবং কদাচার 'ধর্ম্ম' বলিয়া প্রচারিত হইতে আরম্ভ হয়। শ্রীমহাপ্রভুর প্রকটকালে তাঁহার আচরিত ও প্রচারিত বিমল বৈষ্ণবধর্ম্মের প্রতি প্রবল আক্রমণ হইয়াছিল। পাষণ্ড ধর্ম্মমতসমূহের আবির্ভাব উৎস্থান শ্রীগৌরলীলার একটি সর্ব্বোত্তম বৈশিষ্ট্য। পার্ষদগণ তাঁহার প্রতি পাশবিক বলপ্রয়োগ করিতেও পশ্চাৎপদ হয় নাই এবং তাহাদের হৃদয়ে অনুশোচনার উদয় করাইবার জন্যই শ্রীমহাপ্রভুর সন্ন্যাসলীলার অভিনয়।

শ্রীকৃষ্ণের জন্মবিবরণ যাহা শ্রীমদ্ভাগবতে প্রকাশিত হইয়াছে, তাহা প্রাকৃতবুদ্ধির অগোচর নিত্য ব্যাপার বিশেষ। কিন্তু শ্রীমদ্ভাগবতের বর্ণনা পাঠ করিলে আমাদের বর্ত্তমান বিচার-শক্তির সাহায্যেও শ্রীকৃষ্ণজন্ম-সম্বন্ধে শ্রীমদ্ভাগবতের প্রতিপাদ্য বিষয় একপ্রকার অবগত হইতে পারা যায়, ইহা সকলেরই প্রত্যক্ষ অনুভূতির বিষয়। নন্দ-যশোদা, বসুদেব-দেবকীর আখ্যান হিন্দু শিশুমাত্রের নিকটই ন্যূনাধিক সুপরিচিত। অপ্রাকৃত শ্রীকৃষ্ণজন্ম কিরূপে সকলের পক্ষে সহজবোধ্য হইতে পারে, ইহাই শ্রীমদ্ভাগবতবর্ণিত পারমহংস্য-ধর্ম্মের সর্ব্বপ্রথম সমস্যা।

যাহা প্রাকৃত ভাষায় ব্যক্ত হইবার যোগ্য, তাহা সুতরাং প্রাকৃত বিচারগ্রাহ্য, এরূপ তর্ক উত্থাপন করা স্বাভাবিক; আবার "যাহ ভাগবত পড় বৈষ্ণবের স্থানে। একান্ত আশ্রয় কর চৈতন্যচরণে॥" এই প্রামাণিক সিদ্ধান্তও যত্নপূর্ব্বক অনুধাবনযোগ্য। ইহার একটিকে বাদ দিয়া অপরটি বুঝিতে পারা যায় না।

শ্রীকৃষ্ণ স্বধামে প্রয়াণ করিবার পরে শ্রীমদ্ভাগবত-সূর্য্যরূপে শ্রীকৃষ্ণই জগতে পুনরায় প্রকাশিত হইয়াছেন। কিন্তু শ্রীকৃষ্ণকেও যেরূপ কংস, শিশুপাল ও তাহাদের অনুচরগণ অঘ, বক, পূতনা প্রভৃতি দেখিয়াও দেখিতে পায় নাই, সেইরূপ শ্রীমদ্ভাগবত আদ্যোপান্ত পাঠ করিয়াও " .. ..কাব্যে বুদ্ধিনাশ। নিত্যানন্দ নিন্দা করে যাইবেক নাশ।" আমার পারম্পর্য্যে শ্রীসদ্গুরুর একান্ত আশ্রয় গ্রহণ না করিলে অপ্রাকৃত বিষয়ের কিঞ্চিন্মাত্রও উপলব্ধি হইতে পারে না।

"অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত গোচর।
বেদপুরাণেতে এই কহে নিরন্তর॥"

শ্রীগুরুতত্ত্ব ভালরূপ আলোচনা না করিলে শ্রীগুরুদেবের আনুগত্যের অভিনয় মাত্র দ্বারা কৃষ্ণসেবা লাভ হইতে পারে না।

শ্রীমহাপ্রভু মূল গুরুতত্ত্ব শ্রীনিত্যানন্দ প্রভুর প্রভু। শ্রীমহাপ্রভুর অপ্রাকৃত লীলা-বৈশিষ্ট্য আলোচনা দ্বারা শ্রীগুরুতত্ত্বের স্বরূপ অনর্থ অপগমে ক্রমশঃ শুদ্ধচিত্তে স্ফূর্ত্তি লাভ করে। তখন শ্রীগুরুদেবের সহিত আমাদের পারমার্থিক সম্বন্ধ অর্থাৎ গুর্ব্বানুগত্যধর্ম্মে বাস্তব অনুশীলনধারা ফলস্বরূপ কৃষ্ণসেবা-লাভ সম্ভব হয়। শ্রীগুরুসেবা ও কৃষ্ণ-সেবায় কোন প্রভেদ নাই। শ্রীগুরুদেব আমাদিগকে কৃষ্ণসেবার যোগ্যতা প্রদান পূর্ব্বক কৃষ্ণসেবায় নিযুক্ত করেন। শ্রীগুর্ব্বানুগত্যেই কৃষ্ণসেবা সম্ভব। সুতরাং গুর্ব্বানুগত্য কেবল সাধক অবস্থার উপায় মাত্র নহে। উহাই সিদ্ধাবস্থায় উপেয়-স্বরূপ।

শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান্। তিনি শ্রীগৌরাঙ্গরূপে সেবোন্মুখ সাধককে কৃপা করেন। তিনিই শ্রীগৌরাঙ্গরূপে মুকুন্দের কৃষ্ণসেবার মূলাশ্রয়। সাধক ও সিদ্ধ কোন অবস্থাতেই শ্রীগৌরাঙ্গ সেবা বাদ দিয়া শ্রীকৃষ্ণসেবা হয় না।

শ্রীকৃষ্ণজন্মাষ্টমী-তিথি শ্রীগুরুবৈষ্ণবের আনুগত্যে শ্রীগৌরাঙ্গলীলা আলোচনা-মুখে অনুষ্ঠিত না হইলে উহা প্রাকৃত বাসন মাত্রে পর্য্যবসিত হয়। শ্রীগৌরাঙ্গের লীলা-কীর্ত্তন-দ্বারা চিত্তদর্পণ মার্জ্জিত হয়। তখন গৌরবিহিত কৃষ্ণকীর্ত্তন সম্ভব হয়। তখন শ্রীকৃষ্ণ শ্রীগুরুমুখকীর্ত্তিত নামরূপে সাধকের কর্ণদ্বারা হৃদয়ে প্রবিষ্ট হইয়া তাহার হৃদয়ে স্বীয় নিত্যজন্মলীলা প্রকাশ করেন।

শ্রীমদ্ভাগবতের দান

—:—

[শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী, বাদ-কাব্য-পুরাণতীর্থ]

তমাদিদেবং করুণানিধানং তমালবর্ণং
সুহিতাবতারম্।
অপারসংসার-সমুদ্র-সেতুং ভজামহে
ভাগবত-স্বরূপম্॥
(পদ্ম-পুরাণ)

আমি সেই আদিদেব, করুণানিধান, তমালবর্ণ শ্রীকৃষ্ণের মঙ্গলময় শাব্দিক অবতার, অপার-সংসার-সাগর পার হইবার সেতু-স্বরূপ শ্রীমদ্ভাগবতকে ভজনা করি।

অনাদিকাল হইতে স্বয়ং-ভগবান্ শ্রীকৃষ্ণের শাব্দিক অবতার স্বতঃপ্রকাশিত শ্রীমদ্ভাগবত প্রকটিত আছেন। তিনি আমাদের শ্রীগোবিন্দের অভিন্নবিগ্রহ। স্বয়ং ভগবান্ নিজে এবং তাঁহার শক্ত্যাবিষ্ট, কৃপাবিষ্ট অথবা স্বরূপশক্তির কায়ব্যূহগণের অন্তর্ভুক্ত ভগবৎপার্ষদবর্গ শ্রীমদ্ভাগবতের মহিমা যুগে যুগে জগতে বিস্তার করিয়াছেন। শ্রীমদ্ভাগবত সেবোন্মুখকে অযাচিত কৃপা করিবার জন্য নিজেই নিজের মহিমা কীর্ত্তন করিয়াছেন। কিন্তু ভাগবতবিরোধী অসুরপ্রকৃতির অনেক স্মার্ত্ত, কর্ম্মী, জ্ঞানী, যোগী, মিছাভক্ত প্রভৃতি শ্রীমদ্ভাগবতের অস্তিত্বকে জগৎ হইতে লোপ করিবার জন্য কালে কালে বহু চেষ্টা করিয়াছে। কিন্তু কৃষ্ণাভিন্নবস্তু অপ্রাকৃত শ্রীমদ্ভাগবতের বিরোধ করিতে যাইয়া উহারা নির্ব্বিশেষগতি লাভ করিয়াছে এবং চিরতরে আত্মঘাতী হইয়াছে। শ্রীমদ্ভাগবতের মাহাত্ম্যপ্রকাশ এবং ভাগবত-বিরোধিগণের অসত্য নিরাস জন্য চারিসম্প্রদায়ের আচার্য্য এবং তদনুগামী মহাজনগণ বহু প্রবন্ধ, নিবন্ধ ও ভাষ্যাদি প্রণয়ন করিয়াছেন। কলিযুগ-পাবনাবতারী অভিন্নব্রজেন্দ্রনন্দন শ্রীগৌরহরি এই শ্রীমদ্ভাগবতেরই একমাত্র সমাদর ও সর্ব্বত্র আচার-প্রচারের শিক্ষা দিয়াছেন। তৎপরবর্ত্তী গোস্বামিবর্গ, শ্রীল চক্রবর্ত্তী ঠাকুর, শ্রীল বিদ্যাভূষণপাদ, শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ, ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত-সরস্বতী গোস্বামী প্রভুপাদ প্রভৃতি নিত্যসিদ্ধ গৌরকৃষ্ণপার্ষদবর্গ তাঁহাদের প্রকটকালের সমগ্র জীবনের আচার-প্রচারে, ভাব-ভাষায় সর্ব্বত্র শ্রীমদ্ভাগবতের সেবাই প্রচার করিয়াছেন। অনন্তদেব অনন্তমুখেও যে শ্রীমদ্ভাগবতের মহিমা কীর্ত্তন করিয়া অন্ত পান না, সেই শ্রীকৃষ্ণাভিন্নবিগ্রহ শ্রীমদ্ভাগবতের মহিমা কীর্ত্তন করিবার প্রয়াস মাদৃশ অনর্থগ্রস্ত, অল্পবুদ্ধি, হরি-গুরু-বৈষ্ণব-সেবাবিমুখ ব্যক্তির পক্ষে কেবল যে ধৃষ্টতা মাত্র তাহা নহে, অধিকন্তু দুঃসাহসিকতাও বটে। শ্রীমদ্ভাগবত-সম্রাট্, স্বয়ং-প্রকাশবস্তু। তিনি কাহারও কোন বস্তু দ্বারা প্রকাশযোগ্য নহেন। শ্রীমদ্ভাগবতের মহিমাপ্রসঙ্গরূপ কার্য্যের দ্বারা শ্রীমদ্ভাগবতের সেবায় মাদৃশ পতিত জীবের কোনও জন্মে যোগ্যতা-লাভ হইতে পারে, এই আশায় "আবৃত্তি-রসকৃৎ-উপদেশাৎ", 'অনাবৃত্তিঃ শব্দাৎ' প্রভৃতি বেদান্ত-বাক্য এবং 'কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ' এই মহাবাক্যকে শিরোধার্য্য করিয়া কিঞ্চিৎ সেবাপ্রয়াসের প্রয়াস পাইতেছি মাত্র। নূতন করিয়া শ্রীমদ্ভাগবতের সম্বন্ধে কিছু বিজ্ঞাপিত করিব, এমন ঔদ্ধত্য যেন, আমার না হয়। শ্রৌতবাণীর শ্রবণ ও অনুকীর্ত্তন যেন একমাত্র সম্বল হয়—ইহাই বৈষ্ণবগণের শ্রীচরণে একান্ত প্রার্থনা।

শ্রীমদ্ভাগবতের পরিচয় 'গরুড়পুরাণে' এইরূপ উক্ত হইয়াছে—

"অর্থোঽয়ং ব্রহ্মসূত্রাণাং ভারতার্থবিনির্ণয়ঃ।
গায়ত্রীভাষ্যরূপোঽসৌ বেদার্থপরিবৃংহিতঃ॥
গ্রন্থোঽষ্টাদশসাহস্রঃ শ্রীমদ্ভাগবতাভিধঃ।
সর্ব্ববেদেতিহাসানাং সারং সারং সমুদ্ধৃতম্॥
সর্ব্ববেদান্তসারং হি শ্রীভাগবতমিষ্যতে।
তদ্রসামৃততৃপ্তস্য নান্যত্র স্যাদ্রতিঃ ক্বচিৎ॥"

শ্রীমদ্ভাগবত-সম্বন্ধে কলিযুগপাবনাবতার স্বয়ং ভগবান্ শ্রীমদ্ভাগবতবিগ্রহ শ্রীমহাপ্রভুর উক্তি—

"তাঁর (ব্যাসের) সূত্রের অর্থ কোন জীব
নাহি জানে।
অতএব আপনে সূত্রার্থ করিয়াছে
ব্যাখ্যানে॥
যেই সূত্রকর্ত্তা, সেই যদি করয়ে ব্যাখ্যান।
তবে সূত্রের মূল অর্থ লোকের হয় জ্ঞান॥
প্রণবের যেই অর্থ, গায়ত্রীতে সেই হয়।
সেই অর্থ চতুঃশ্লোকীতে বিবরিয়া কয়॥
ব্রহ্মারে ঈশ্বর চতুঃশ্লোকী যে কহিলা।
ব্রহ্মা নারদে সেই উপদেশ কৈলা॥
নারদ সেই অর্থ ব্যাসেরে কহিলা।
শুনি' বেদব্যাস মনে বিচার করিলা॥
'এই অর্থ—আমার সূত্রের ব্যাখ্যানুরূপ।
'ভাগবত' করিব সূত্রের ভাষ্যস্বরূপ॥'
চারিবেদ, উপনিষদে যতকিছু হয়।
তা'র অর্থ লঞা ব্যাস করিলা সঞ্চয়॥
যেই সূত্রে যেই ঋক্—বিষয়বচন।
ভাগবতে সেই ঋক্ শ্লোকে নিবন্ধন॥
অতএব ব্রহ্মসূত্রের ভাষ্য—শ্রীভাগবত।
ভাগবত-শ্লোক, উপনিষৎ কহে 'এক'মত॥"
(চৈঃ চঃ মঃ ২৫।৯০-৯৮)

শ্রীমদ্ভাগবত যে গায়ত্রীর ভাষ্য, তৎসম্বন্ধে স্বয়ং ভগবান্ শ্রীগৌরসুন্দরের উক্তি—

গায়ত্রীর অর্থে এই গ্রন্থ-আরম্ভন।
"সত্যং পরং"—সম্বন্ধ, "ধীমহি"—
সাধনে প্রয়োজন॥
(চৈঃ চঃ মঃ ২৫।১৫০)

"জন্মাদ্যস্য যতোঽন্বয়াদিতরতশ্চার্থেষ্বভিজ্ঞঃ
স্বরাট্
তেনে ব্রহ্ম হৃদা য আদিকবয়ে মুহ্যন্তি
যৎ সূরয়ঃ।
তেজোবারিমৃদাং যথা বিনিময়ো যত্র
ত্রিসর্গোঽমৃষা
ধাম্না স্বেন সদা নিরস্তকুহকং সত্যং পরং
ধীমহি॥
(ভাঃ ১।১।১)

এই বিশ্বের জন্ম, স্থিতি ও লয় যে তত্ত্ব হইতে হইয়াছে বলিয়া নিশ্চয় হয়, অন্বয়ব্যতিরেক-দ্বারা বিচার করিলে যিনি

যাঁর চিত্তে কৃষ্ণপ্রেমা করয়ে উদয়। তাঁর বাক্য, ক্রিয়া, মুদ্রা বিজ্ঞেহ না বুঝায়

সমস্ত অর্থ বা ব্যাপারে একমাত্র পরম তত্ত্ব অর্থাৎ 'স্বরূপতত্ত্ব' বলিয়া স্থিরীকৃত হন, যি নি একমাত্র স্বরাট্ অর্থাৎ স্বতন্ত্র-রাজা, যিনি আদি কবি ব্রহ্মাকে অন্তর্যামিরূপে ব্রহ্মতত্ত্ব শিক্ষা দিয়াছেন, যাঁহাতে দেবগণেরও মোহ জন্মিয়া থাকে, যেরূপ তেজ, জল ও মৃত্তিকার পরস্পরের মধ্যে একের পরিবর্তে অন্য বস্তু-জ্ঞান সত্যের ন্যায় প্রতীত হয়, তদ্রূপ যে পরমেশ্বরে সত্ত্ব-রজস্তমোগুণের অবস্থান সত্যের ন্যায় প্রতীত হইলেও বস্তুতঃ জড় ধর্ম যাঁহাতে অসম্ভব, সেই নিত্য-কুহক-শূন্য পরম-সত্য-স্বরূপ শ্রীকৃষ্ণকে আমরা ধ্যান করি।

ধর্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমো
নির্মৎসরাণাং সতাং
বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং
তাপত্রয়োন্মূলনম্।
শ্রীমদ্ভাগবতে মহামুনিকৃতে কিম্বাপরৈরীশ্বরঃ
সদ্যো হৃদ্যবরুধ্যতেঽত্র কৃতিভিঃ
শুশ্রূষুভিস্তৎক্ষণাৎ।
(ভাঃ ১।১।২)

এই শ্রীমদ্ভাগবত গ্রন্থ আদৌ মহামুনি শ্রীনারায়ণ কর্ত্তৃক চতুঃশ্লোকীরূপে প্রকাশিত; ইহাতে নির্মৎসর অর্থাৎ সর্বভূতে দয়া-বিশিষ্ট ব্যক্তিদিগের জন্য ধর্ম অর্থ, কাম ও মোক্ষ পর্য্যন্ত কৈতবশূন্য পরম ধর্ম ব্যাখ্যাত হইয়াছে। সেই ধর্ম জীবের ত্রিতাপ-নাশক, শিবদ ও বাস্তব-বস্তুতত্ত্ব-জ্ঞান-প্রদ। ইঁহার শ্রবণেচ্ছু ব্যক্তিগণ অদ্বিতীয় ঈশ্বরকে হৃদয়ে অবরুদ্ধ করিতে সমর্থ হন। অতএব শ্রীমদ্ভাগবত-ব্যতীত অন্য শাস্ত্রের প্রয়োজন কি?

'কৃষ্ণভক্তিরসস্বরূপ' শ্রীভাগবত।
তাতে বেদশাস্ত্র হৈতে পরম মহত্ত্ব॥
(চৈঃ চঃ মঃ ২৫।১৪৩)

শ্রীমদ্ভাগবত 'যে বেদার্থ-পরিবৃংহিত' অর্থাৎ বেদকল্পতরুর প্রপক্ব-ফল, তৎসম্বন্ধে শ্রীব্যাসদেব বলিয়াছেন,—

নিগমকল্পতরোর্গলিতং ফলং
শুকমুখাদমৃতদ্রবসংযুতম্।
পিবত ভাগবতং রসমালয়ং
মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ॥
(ভাঃ ১ম স্ক, ১ম অঃ ৩য় শ্লোক)

হে ভগবৎ-প্রীতিরসজ্ঞ অপ্রাকৃত রসবিশেষ-ভাবনাচতুর ভক্তবৃন্দ! শ্রীশুক-মুখ হইতে বিগলিত হইয়া শিষ্যপ্রশিষ্যাদি পরম্পরাক্রমে বেদ্যার পৃথিবীতে অখণ্ড-রূপে অবতীর্ণ, পরমানন্দময়, ত্বক্-অষ্টি প্রভৃতি কঠিন হেয়াংশ-রহিত অমল পান-যোগ্য এই শ্রীমদ্ভাগবত নামক বেদকল্প-তরুর প্রপক্ব ফল আপনারা মুক্ত অবস্থায়ও পুনঃ পুনঃ পান করিতে থাকুন।

"যস্ত ন বিতৃপ্যাম উত্তমশ্লোকবিক্রমে
যচ্ছৃণ্বতাং রসজ্ঞানাং স্বাদু স্বাদু
পদে পদে॥"
(ভাঃ ১ম স্ক, ১ম অ, ১৯শ শ্লোক)

আমরা উত্তমঃশ্লোক কৃষ্ণের বিক্রম যত শুনিতেছি, ততই আমাদের তৃষ্ণা বৃদ্ধি পাইতেছে, তৃষ্ণোপশমরূপ তৃপ্তি হইতেছে না; কেন না, রসজ্ঞ শ্রোতৃগণের কৃষ্ণকথায় পদে পদে স্বাদের উদয় হয়।

অতএব ভাগবত করহ বিচার।
ইহা হইতে পাবে সূত্র-শ্রুতির অর্থ-সার।
(চৈঃ চঃ মঃ ২৫ পঃ ১৪৬)

চতুঃশ্লোকীতে শ্রীমদ্ভাগবতের প্রতি-পাদ্য সম্বন্ধাভিধেয়-প্রয়োজনতত্ত্ব সূত্রাকারে গ্রথিত হইয়াছে। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃতে চতুঃশ্লোকীর যে প্রকার ব্যাখ্যা করিয়াছেন, তাহা নিম্নে প্রদত্ত হইল—

সৃষ্টির পূর্বে ষড়ৈশ্বর্যপূর্ণ 'আমি ত' হইয়ে।
'প্রপঞ্চ', 'প্রকৃতি', 'পুরুষ' আমাতেই লয়ে॥
সৃষ্টি করি' তার মধ্যে আমি ত' বসিয়ে।
প্রপঞ্চ যে দেখ সব, সেহ আমি হইয়ে॥
প্রলয়ে অবশিষ্ট আমি 'পূর্ণ' হইয়ে।
প্রাকৃত প্রপঞ্চ পায় আমাতেই লয়ে।
(চৈঃ চঃ মঃ ২৫।১০৮-১১০)

"অহমেবাসমেবাগ্রে নান্যদ্ যৎ সদসৎপরম্।
পশ্চাদহং যদেতচ্চ যোঽবশিষ্যেত
সোঽস্ম্যহম্॥" (ভাঃ ২।৯।৩২)

"সৃষ্টির পূর্বে একমাত্র আমিই ছিলাম; স্থূল, সূক্ষ্ম ও এতদুভয়ের কারণভূত প্রধান বা প্রকৃতি পর্য্যন্ত আমা হইতে পৃথগ্রূপে অন্য কিছুই ছিল না। সৃষ্টির পরেও একমাত্র আমিই আছি এবং প্রলয়েও এক-মাত্র আমিই অবশিষ্ট থাকিব।

"অহমেব"-শ্লোকে 'অহম্'—তিনবার।
পূর্ণৈশ্বর্যবিগ্রহের স্থিতির নির্দ্ধার॥
যে 'বিগ্রহ' নাহি মানে, 'নিরাকার' মানে।
তারে তিরস্কারিবারে করিলা নির্দ্ধারণে॥
এই সব শব্দে হয় জ্ঞান-বিজ্ঞান-বিবেক।
মায়া-কার্য্য, মায়া হৈতে আমি ব্যতিরেক॥
যৈছে সূর্যের স্থানে ভাসয়ে 'আভাস'।
সূর্য্য বিনা স্বতঃ তার না হয় প্রকাশ॥
মায়াতীত হৈলে হয় আমার 'অনুভব'।
এই 'সম্বন্ধ'-তত্ত্ব কহিলুঁ, শুন আর-সব॥
(চৈঃ চঃ মঃ ২৫।১১২—১১৬)

ঋতেঽর্থং যৎ প্রতীয়েত
ন প্রতীয়েত চাত্মনি।
তদ্বিদ্যাদাত্মনো মায়াং যথাভাসো যথা তমঃ॥
(ভাঃ ২।৯।৩৩)

বাস্তব প্রয়োজনতত্ত্ব ব্যতীত যাহা কিছু প্রতীয়মান হয়, সত্তাবিশিষ্ট হইলেও আমার অধিষ্ঠানে যাহার প্রতীতি নাই, তাহাকেই আমার মায়া বলিয়া জানিবে। দৃষ্টান্ত—যে প্রকার দুইটী চন্দ্রের অধিষ্ঠান না থাকিলেও কাচাদিতে দ্বিচন্দ্রাদির প্রতিচ্ছবি দৃষ্ট হয়, অথবা যে-প্রকার রাহু গ্রহমণ্ডলে থাকিলেও তাহা দৃষ্ট হয় না, তদ্রূপ। তাৎপর্য্য এই যে—আভাস ও অন্ধকার দর্শন বিনা জ্যোতির্ময় বস্তু দর্শনকালে ঘটে না এবং জ্যোতির্ময় বস্তুর দর্শনও আভাস এবং অন্ধকারের দর্শনকালে ঘটে না। অথচ, আভাস ও অন্ধকারের কর্তৃসত্তায় জ্যোতির্ময় বস্তু ব্যতীত স্বতন্ত্রতা নাই। তদ্রূপ ভগবান্ ও তাঁহার মায়া ভগবান্ জ্যোতির্ময় বস্তু, তাঁহার দ্বিবিধ —আভাসস্থানীয়া জীবমায়া ও তমঃস্থানীয়া গুণমায়া। উভয়ই ভগবদাশ্রিত হইলেও ভগবৎস্বরূপ-প্রতীতিতে জীব ও মায়ার প্রতীতির অভাব এবং জীব ও মায়িক প্রতীতিতেও ভগবৎ-প্রতীতি নাই।

'অভিধেয়' সাধনভক্তির শুনহ বিচার।
সর্ব-জন-দেশ-কাল-দশাতে ব্যাপ্তি যার॥
'ধর্ম্মাদি' বিষয়ে যৈছে এ 'চারি' বিচার।
সাধন-ভক্তি—এই চারি বিচারের পার॥
সর্ব দেশ-কাল-দশায় জনের কর্ত্তব্য।
গুরু-পাশে সেই ভক্তি প্রষ্টব্য, শ্রোতব্য॥
(চৈঃ চঃ মঃ ২৫।১১৮-২০)

"এতাবদেব জিজ্ঞাস্যং তত্ত্বজিজ্ঞাসুনাত্মনঃ।
অন্বয়ব্যতিরেকাভ্যাং যৎ স্যাৎ সর্বত্র
সর্বদা॥" (ভাঃ ২।৯।৩৫)

যিনি আত্মতত্ত্বজিজ্ঞাসু, তিনি অন্বয়-ব্যতিরেক দ্বারা এই বিষয়ের বিচার পূর্বক যে বস্তু সর্বত্র ও সর্বদা নিত্য, তাঁহারই অনুসন্ধান করিবেন। তাৎপর্য্য,—প্রেমরহস্য যে উপায়ে সাধিত হয়, তাহার নাম সাধন-ভক্তি। তত্ত্বজিজ্ঞাসু পুরুষ সদ্গুরুচরণ হইতে অন্বয়-ব্যতিরেক অর্থাৎ বিধিনিষেধ শিক্ষাপূর্বক তত্ত্বানুশীলন করিতে করিতে তত্ত্বজ্ঞান লাভ করিবেন।

আমাতে যে 'প্রীতি', সেই 'প্রেম'—
'প্রয়োজন'।
কার্য্যদ্বারে কহি তার 'স্বরূপ'-লক্ষণ॥
পঞ্চভূত যৈছে ভূতের ভিতরে-বাহিরে।
ভক্তগণে স্ফুরি আমি বাহিরে-অন্তরে॥
(চৈঃ চঃ মঃ ২৫।১২২-২৩)

যথা মহান্তি ভূতানি ভূতেষূচ্চাবচেষ্বনু।
প্রবিষ্টান্যপ্রবিষ্টানি তথা তেষু ন তেষ্বহম্॥
(ভাঃ ২।৯।৩৪)

যেরূপ মহাভূতসকল বৃহৎ ও ক্ষুদ্র ভূত মধ্যে প্রবিষ্ট হইয়াও অপ্রবিষ্টরূপে বাহিরে বর্ত্তমান, সেইরূপ আমি ভূতময় জগতে সর্বভূতে সত্তাস্বরূপ পরমাত্মভাবে প্রবিষ্ট থাকিয়াও পৃথগ্ ভগবদ্রূপে নিত্য বিরাজ-মান ও ভক্তগণের একমাত্র প্রেমাস্পদ। তাৎপর্য্য,—ক্ষিতি-জল তেজো-বায়ু ও আকাশরূপ মহাভূতসকল পঞ্চীকৃত হইয়া যেমন স্থূল জগৎকে প্রকাশ করত তাহার উপকরণরূপে অবস্থিত হইয়াও মহা-ভূতাবস্থায় স্বতন্ত্র আছে, [illegible] পরমেশ্বর স্বীয় অচিন্ত্যশক্তি ও [illegible] জগৎ সৃষ্টি করিয়া একাংশে [illegible] ব্যাপী থাকিয়াও যুগপৎ স্বীয় চিন্ময় [illegible] চিদ্বিগ্রহরূপে নিত্য বিরাজমান। [illegible] চিদ্বিগ্রহের 'করণপর্যায়' [illegible] ভক্ত-প্রেমযোগে তাঁহার [illegible] আস্বাদন করেন, ইহাই [illegible]।

এই চতুঃশ্লোকীর ব্যাখ্যা সম্বন্ধে শ্রীমৎ সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর 'শ্রীচৈতন্যচরিতামৃতের অমৃত-প্রবাহ-ভাষ্যে' লিখিয়াছেন—

"শ্রীমদ্ভাগবতে মহাপ্রভু শ্রীচৈতন্য-দেবের [illegible] [illegible] [illegible] [illegible] ভগবত্তত্ত্ব, [illegible] [illegible] প্রথমে তিনি [illegible] ভগবানের নিত্যস্বরূপের পৃথগবস্থান এবং জীবগণের তাঁহার চরণ-প্রাপ্তিক্রমে মহাপ্রেম-সম্পত্তিরূপ পরম-প্রয়োজন কথিত হইয়াছে। 'এতাবদেব' শ্লোকে সেই পরমপ্রয়োজন লাভের একমাত্র উপায়স্বরূপ সাধনভক্তি উল্লিখিত হইয়াছে। সাধন ভক্তির [illegible] প্রাপ্তি-সাধক বিধি-সকলকে [illegible] 'অন্বয়' বলিয়া উক্তি করা গিয়াছে। [illegible] বাধকরূপ প্রতিকূলাচরণ [illegible] নিষেধ মধ্যে পরিগণিত করিয়া ব্যতিরেক-শব্দে উক্ত করা গিয়াছে। সাধনতত্ত্বের নাম 'অভিধেয়' অর্থাৎ শাস্ত্রের অভিধাবৃত্তিক্রমে যে উপদেশ লব্ধ হয়, তাহাই অভিধেয়।"

শ্রীচৈতন্য ভাগবত মধ্যখণ্ড, একবিংশ অধ্যায় পাঠে অবগত হওয়া যায়, যে যখন ভগবান্ শ্রীগৌরাঙ্গ-সুন্দর [illegible] ব্রহ্ম-চারী, মোক্ষকামী এবং [illegible] অধ্যাপক বলিয়া বিখ্যাত [illegible] পণ্ডিতকে 'বৈষ্ণবাপরাধের [illegible] ভাগবত অধ্যাপনকারী এবং ভাগবতে [illegible] বলিয়া [illegible] করিয়া [illegible]। এমনকি, পণ্ডিতের [illegible] ভাগবতের বক্তা [illegible] গ্রন্থখানি খণ্ড খণ্ড করিতে উদ্যত হইয়াছিলেন। তাঁহার সঙ্গী ভক্তবৃন্দের অনুরোধে [illegible] হইতে তিনি বিরত হন। বাস্তবিক শ্রীমদ্ভাগবতের সেবা করিবার উপযুক্ত কে

এবং ভগবদ্ভক্তিতত্ত্ব শ্রীমদ্ভাগবত কিরূপ ব্যক্তিকে কৃপা করেন এবং শ্রীমদ্ভাগবতের দান কৃষ্ণপ্রেম কোন্ স্তরের ভক্ত লাভ করিতে পারেন, তাহাও পতিতপাবন শ্রীগৌরসুন্দর আমাদিগকে জানাইয়াছেন—

ভক্তি বিনু ভাগবত যে আর বাখানে।
প্রভু বলে,—"সে অধম কিছুই না জানে"
মহাচিন্ত্য ভাগবত সর্ব্বশাস্ত্রে গায়।
ইহা না বুঝিয়ে বিদ্যা, তপ, প্রতিষ্ঠায়।
'ভাগবত বুঝি' হেন যার আছে জ্ঞান।
সে না জানে কভু ভাগবতের প্রমাণ॥
ভাগবতে অচিন্ত্য ঈশ্বর-বুদ্ধি যার।
সে জানয়ে ভাগবত-অর্থ ভক্তিসার॥
(চৈঃ ভাঃ মঃ ২১।২০, ১৩-১৪)

কৃপাবতার শ্রীগৌর - নিত্যানন্দের অহৈতুকী করুণা যে নিষ্কপট সেবকের প্রতি হইয়া থাকে, তাঁহারাই তাঁহাদের কৃপাস্বরূপে ভক্ত ভাগবত ও গ্রন্থ ভাগবতের সেবা-সুযোগ লাভ করেন।

সূর্য্য চন্দ্র বাহিরের তমঃ সে বিনাশে।
বহির্বস্তু ঘট পট আদি সে প্রকাশে॥
দুই ভাই হৃদয়ের ক্ষালি' অন্ধকার।
দুই ভাগবত-সঙ্গে করান সাক্ষাৎকার।
এক ভাগবত বড় ভাগবতশাস্ত্র।
আর ভাগবত ভক্ত ভক্তিরসপাত্র॥
দুই ভাগবত দ্বারা দিয়া ভক্তিরস।
তাঁহার হৃদয়ে তাঁর প্রেমে হয় বশ॥
(চৈঃ চঃ আঃ ১।৯৭-১০০)

অচিন্ত্য ভগবদভিন্নতত্ত্ব শ্রীমদ্ভাগবতের কৃপা কস্মিন্‌কালেও হইবে না, যদি আমরা ভক্তভাগবতের অর্থাৎ মহাভাগবত গুরুর পাদপদ্মে শরণাগত না হই। যাহারা আম্নায় পারম্পর্য্যক্রমে আগত ভক্তভাগবত মহান্তগুরুর কৃপাকে উপেক্ষা করিয়া নিজের অহঙ্কারে ভাগবত বুঝিয়াছি মনে করে বা বুঝিবার জন্য প্রয়াস পায়, তাহারা শ্রীমদ্ভাগবতের বঞ্চনায় পতিত হইয়া মৎসর ধর্ম্মবশে গুরুবৈষ্ণবের দ্রোহাচরণ করিয়া রৌরব নরকে পতিত হয়। যাঁহাদের জীবন মূর্ত্তিমান ভাগবত, তাঁহাদিগের কৃপা ব্যতীত কোন জন্মেও গ্রন্থ ভাগবতের কৃপালাভ হইবে না। শ্রীল সনাতন-গোস্বামী প্রভুর ন্যায় নিত্যসিদ্ধ ভগবৎপার্ষদও শ্রীমন্মহাপ্রভুর নিকট শ্রীমদ্ভাগবতের সিদ্ধান্তসকল অবগত হইয়া তাঁহারই নির্দ্দেশ অনুসারে বহুগ্রন্থে তাহা প্রকাশিত করিয়াছিলেন—

তবে সনাতন সব সিদ্ধান্ত পুছিলা।
ভাগবত-গূঢ়সিদ্ধান্ত প্রভু সকলই কহিলা।
(চৈঃ চঃ মঃ ২৩।১০৩)

শ্রীগৌরসুন্দরই অভিন্ন ব্রজেন্দ্রনন্দন। তিনি 'বিষয়-বিগ্রহ ভগবান্ হইয়াও আশ্রয়-বিগ্রহ বা মহাভাগবত-শিরোমণির লীলা করিয়াছেন। তিনিই সাক্ষাৎ

সম্বন্ধের সাধন

[ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ]

বদ্ধ অবস্থায় বহির্ম্মুখতাই জীবের স্বভাব। বদ্ধজীব গুরুস্বরূপ বিস্মৃত হইয়া নিজের ইন্দ্রিয়তর্পণের জন্যই সর্ব্বক্ষণ নিযুক্ত। নিজস্বধবাঞ্ছা কখনও ভোগপর, কখনও বা ত্যাগপর হইয়া তাহাকে কৃষ্ণেন্দ্রিয়তর্পণ হইতে সর্ব্বদা দূরে রাখে। ভোক্তা সাজিয়া কর্ম্ম করিতে করিতে সে নিজেই তাহার ফল আস্বাদন করে, আবার কখনও বা ত্যাগী হইয়া নৈষ্কর্ম্ম্য সিদ্ধি করিয়া নিজেই মুক্তাভিমানী হয়। এই উভয় বিচারে সে নিজেই ফলপ্রার্থক। ফলটা যখন সম্পূর্ণভাবে জীবের নিজের প্রাপ্য হয়, তখনই সে বদ্ধ। কৃষ্ণকে বঞ্চিত করিয়া নিজে ভোক্তা সাজিবার নামই স্বরূপ-ভ্রান্তি। এই বিরূপতার নামই বদ্ধদশা। এই অবস্থায় নিজের সেবকরূপতা এবং কৃষ্ণের সেব্যরূপতা জ্ঞানের অভাব হয়। কৃষ্ণ—ভোক্তা, জীব—ভোগ্যতত্ত্ব, এই বিচারের অভাবই বন্ধন। মায়াবদ্ধজীব শ্রীমদ্ভাগবত বিগ্রহ। অতএব তাঁহার দানকেই আমরা শ্রীমদ্ভাগবতের দান বলিয়া গ্রহণ করিয়া ধন্য হইব। আমরা স্ব-স্ব চেষ্টাবলে যদি অপ্রাকৃত প্রেমরসময়-তনু ভগবদভিন্নবিগ্রহ শ্রীমদ্ভাগবতকে জানিয়া লইতে চেষ্টা করি অথবা অজ্ঞতাবশে বিসর্গের পাণ্ডিত্য শিখিয়া কনক-কামিনী-প্রতিষ্ঠা অথবা মোক্ষলাভের আশায় যদি শ্রীমদ্ভাগবতকে আমাদের ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু মনে করি, তাহা হইলে স্বচ্ছন্দে অপরাধ হইবে এবং তৎফলে অপরাধযুক্ত হইয়া কোটি কোটি জন্ম ধরিয়া ভাগবতের শ্রবণ কীর্ত্তন করিলেও আমাদের হৃদয়ে কৃষ্ণপ্রেমের লেশও উদয় হইবে না। শ্রীমদ্ভাগবতের যে মাধুর্য্যময় স্বরূপ, তাহা ঔদার্য্যময় শ্রীগৌরসুন্দর এবং তদীয় শ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্মের কৃপা ব্যতীত কখনও উপলব্ধির বিষয় হয় না। শ্রীমন্মহাপ্রভুর কৃষ্ণপ্রেম-দানই অবদান শ্রেষ্ঠ পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতের দান। শ্রীমদ্ রূপ গোস্বামিপাদ শ্রীমন্মহাপ্রভুর ঔদার্য্যলীলা যেরূপ ভাবে বন্দনা করিয়াছেন, তাহাই আমাদের অনুসরণীয় হউক।

নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনাম্নে গৌরত্বিষে নমঃ॥

কৃষ্ণপ্রেম-প্রদানই শ্রীচৈতন্যের মহাবদান্য লীলা। ঐকান্তিক শরণাগত মুক্তকুলই শ্রীমহাপ্রভু-প্রদত্ত শ্রীমদ্ভাগবতের দান-গ্রহণে সমর্থ।

ভক্ত সকলকে উলট-পালট করিয়া নিজে সম্ভোক্তা সাজিয়া কৃষ্ণ ও কৃষ্ণের যাবতীয় বৈভবকে ভোগ্যবুদ্ধি করে—ফলে এই মায়ার সংসার লাভ।

সংসারবদ্ধ জীব কেবল বিরূপতারই পুষ্টি সাধন করে। ভোক্তৃত্বের অভিমান তাহাকে স্বরূপের বৃত্তি হইতে ক্রমশঃ দূরে লইয়া যায়।

এই বিরূপতার বশে সে কর্ত্তা, ভোক্তা ও প্রভু সাজিয়া বসে। স্বরূপে যাহার দাস্য, সে যদি প্রভু হয়, তবে তাহার ক্রিয়াকলাপগুলি কেবল বিপরীত ফলই প্রসব করিবে। তাই তাহার সদ্বিচার পদে অসুবিধা। মঙ্গলের মুখ আর সে দেখিতে পায় না। বিরূপের বিচারে অবস্থিত হইয়া সে যাহা ভাল বলিয়া করিতে যায়, তাহা মন্দ ছাড়া আর কিছুই নহে। এই অবস্থায় তাহার গুণ বলিয়া কিছু থাকিতে পারে না। তাহার সব কর্ম্মই দোষ। বিরূপস্থ জীবের কর্ম্মগুলি শুধু বন্ধনকে দৃঢ় করে। এইজন্য পুণ্যলালসায় সে যে সৎকর্ম্ম করিতে যায়, তাহা তাহার অসৎকর্ম্মের ন্যায়ই বন্ধনের হেতু হয়। এইরূপে সংসার-পাকে পড়িয়া তাহার জন্মের পর জন্ম শুধু ঘুরিয়া বেড়ান সার হয়।

এইরূপে বিমুখ জীব যখন ভাগ্যক্রমে কোনও স্বরূপস্থ মহাজনের কৃপায় নিজের দুরবস্থার কথা বুঝিতে পারে, তখনই তাহার শুভদিনের উদয় হয়। মহাজন সম্বন্ধ-জ্ঞানের কথা বলিয়া তাহার বন্ধনের মূলে কুঠারাঘাত করেন। যে বন্ধন অষ্ট পাশে বদ্ধ করিয়া ক্রমশঃ তাহাকে অসাড় করিয়া তুলিয়াছিল, স্বরূপের কথা-শ্রবণের ফলে তাহা ক্রমশঃ শিথিল হইতে থাকে। মহাজন তাহার বিরূপতার গ্রন্থি খুলিয়া তাহার বন্ধনের ছুটী করিয়া দেন। স্বরূপ ভুলিয়া থাকাই জীবের অমঙ্গলের কথা। স্বরূপের উদ্বোধনেই পুনঃ মঙ্গলের সূত্রপাত। জীব নিজের দুর্বুদ্ধিবশতঃই আত্মভোলা হয়। আবার আঘাত পাইয়া সুবুদ্ধির উদয় হইলেই সাধুর দর্শন-ক্রমে সুহৃতা লাভ করে।

বিরূপগ্রস্ততাই বন্ধন, স্বরূপস্থ হওয়াই মুক্তি। বিরূপতা হইতে স্বরূপতার অভিমুখে যে অভিযান, তাহারই নাম সাধন। চেতনবৃত্তির অপব্যবহার করিয়াই বিরূপতা সে নিজেই আবাহন করিয়াছে। স্বরূপস্থ হওয়ার বিচারও তাহাকেই গ্রহণ করিতে হইবে। "আমি আমার মঙ্গল চাই" এই কথাটি তাহাকেই সরলভাবে বলিতে হইবে। তাহার চাওয়াটি এইরূপ নির্ম্মল হইলেই মঙ্গলের সূচনা হইল। মঙ্গলাকাঙ্ক্ষী জীবের নিকট কৃষ্ণ দয়া করিয়া গুরুরূপে উপস্থিত হ'ন। গুরুদেবের সঙ্গফলে তাহার সাধনক্রিয়া আরম্ভ হয়। সদ্ধর্ম্মে প্রপত্তি অর্থাৎ আশ্রয়। এই কার্য্যটী জীবকে নিজেকেই করিতে হইবে। আশ্রয় লইবার বিচার বরণ করিতে না পারিলে সাধন আরম্ভ হয় না। গুরুপাদাশ্রয়ের সহিতই সাধনের সূত্রপাত।

গুরুদেবের নির্দ্দেশেই সাধন সম্ভব। বদ্ধজীব নিজে যাহা করিতে যায়, তাহা সবই ভুল। তাহার বহির্ম্মুখ প্রবৃত্তি তাহাকে কেবলই স্বরূপতার বিচার হইতে অর্থাৎ কৃষ্ণসেবার দিক্ হইতে অন্তরে লইয়া যায়। বদ্ধদশার এই স্বাভাবিক বহির্ম্মুখতা বস্তুতঃ অস্বাভাবিক। জীবের যথার্থ স্বাভাবিক বৃত্তি কৃষ্ণ-সেবা, কেননা স্বরূপতঃ সে কৃষ্ণের দাস। বদ্ধজীবের এই অস্বাভাবিক বহির্ম্মুখ-প্রবণতাকে কৃষ্ণসেবোন্মুখতার অভিমুখে লইয়া যাইতে পারেন কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেব। তিনি স্বরূপস্থ আছেন। সুতরাং বিরূপস্থকে সুস্থতার দিকে ফিরাইয়া দিতে তিনিই সমর্থ। এইজন্যই সদ্‌গুরুদেবের নির্দ্দেশ ব্যতীত অসুস্থ বদ্ধজীব পুনঃ স্বাস্থ্য লাভ করিতে পারে না। বদ্ধজীব বিকারগ্রস্ত। তাহার এই বিকৃতিকে প্রকৃতিস্থ করিবার জন্য শ্রীগুরুদেব যে-সব কার্য্যপ্রণালীর ব্যবস্থা করেন, তাহা অনুসরণ করার নামই ভক্তি-সাধন। এই সাধনগুলি বদ্ধজীবের আশ্রয়ীয় বিরূপস্থ জীব কর্ম্মেন্দ্রিয়, জ্ঞানেন্দ্রিয়, মন, বুদ্ধি, অহঙ্কার প্রভৃতি কতকগুলি উপাধি জুটাইয়াছে। বদ্ধভূমিকায় এইগুলির সঙ্গ হইতে সে কিছুতেই নিজকে অব্যাহতি দিতে পারে না। এইগুলির পরিচালনা তাহাকেই করিতে হয়। এইজন্য মহাজনগণ কৃষ্ণেচ্ছায় সাধনভক্তিরূপ কৌশলটী তাহার জন্য আবিষ্কার করিয়াছেন। তাঁহারা বলেন, তোমার হাত, পা, নাক, কান, চোখগুলি ত' একটা না একটা কার্য্য করিবেই—বর্ত্তমানে সেগুলি কেবল তোমার নিজের ইন্দ্রিয়তর্পণের জন্য নিয়োজিত আছে—ঐ গুলিকে কৃষ্ণেন্দ্রিয়-তর্পণের জন্য লাগাইয়া দাও—তাহা হইলেই ঐ গুলি তোমাকে কর্ম্মের মধ্যে ফেলিয়া তোমার বন্ধন সৃষ্টি করিতে পারিবে না, পরন্তু কৃষ্ণসেবার অভিমুখী হওয়ার জন্য ঐ গুলি অন্তর্ম্মুখী হইয়া তোমার সুস্থতালাভের সহায়ক হইবে। ইন্দ্রিয়গুলিকে নিজের কার্য্যে না লাগাইয়া কৃষ্ণতোষণের জন্য নিয়োগ করিবার যে প্রচেষ্টা, তাহাই সাধন-ভক্তি।

মহাজনগণ কৃপাপূর্ব্বক যে চতুঃষষ্টি ভজনের কথা বলিয়াছেন, তাহা আর কিছুই নহে, শুধু বহির্ম্মুখ ইন্দ্রিয়গুলিকে

কৃষ্ণ কহে,—আম্র ত্যজে মাগে বিষয়-সুখ। অমৃত ছাড়ি' বিষ মাগে,—এই বড় মূর্খ।

শ্রীশ্রীকৃষ্ণাবির্ভাব

শুদ্ধসত্ত্ব বসুদেবহৃদয়েই নিরস্তকুহক স্বপ্রকাশ বাস্তবসত্য কৃষ্ণপাদপদ্ম নিত্য প্রকটিত। তিনি কৃষ্ণ-দীক্ষাশিক্ষাপ্রদাতা গুরুদেবরূপে তৎপাদমূলে শরণাগত যাঁহাকে কৃপা পূর্ব্বক দীক্ষা প্রদান করেন, তিনিই গুরু-কৃপা-বলে তাঁহার হৃদয়ে কৃষ্ণপাদপদ্মাবির্ভাব উপলব্ধি করিতে সমর্থ হন। "কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার, তোমার শকতি আছে।" কৃষ্ণ প্রসন্ন হন। নচেৎ কৃষ্ণের প্রসন্নতা-লাভের আর উপায়ান্তর নাই। "দীক্ষা-কালে ভক্ত করে আত্মসমর্পণ। সেই কালে কৃষ্ণ তারে করে আত্মসম। সেই দেহ করে তার চিদানন্দময়। অপ্রাকৃত দেহে তাঁর চরণ ভজয়।"—এরূপ আত্মসমর্পণ-বিচারে ব্যলীকতা থাকিলে শ্রীগুরুপাদপদ্মের নির্ব্ব্যলীক কৃপালাভে পরাঙ্মুখ হইয়া কৃষ্ণধনে বঞ্চিত হইতে হয়। যেখানে শ্রীগুরুপাদাশ্রয়ের বিচারে কপটতা প্রবেশ করিয়াছে, গুরু-পাদপদ্মে উচ্চ বা নীচজাতি বুদ্ধি রূপ পিহিত্য দুরত্যয় [illegible] বহু কপাটাবদ্ধ [illegible] লৌহকীলকযুক্ত [illegible] শ্রাবন্ধ [illegible]। আর শুধু তাহাই নহে, চতুর্দ্দিকে কংসের বিকটাকৃতি প্রহরীসকল কারাগার পাহারা দিতেছে। [illegible] কংস বিনাশ করিয়াছে, সপ্তম গর্ভ [illegible] প্রকাশ তাহা হইতে একরূপ নিষ্কৃতি [illegible] কংস নিশ্চিন্ত হইয়াছে বটে, কিন্তু "অষ্টম গর্ভ [illegible]

ঢাকা-শ্রীমাধবগৌড়ীয়মঠপ্রাঙ্গণে ভক্তগণ-পরিবৃত শ্রীশ্রীল গৌড়ীয়-মঠাচার্য্যদেব

শ্রীগুরুদেবই কৃষ্ণ-ধন-প্রদাতা মহাবদান্য। তিনি কৃষ্ণ-প্রেষ্ঠ, তাঁহার পাদপদ্মে শরণাপন্ন হইলে—তিনি সুপ্রসন্ন হইলেই কৃষ্ণোন্মুখ করিবার জন্য যত্ন। বদ্ধ অবস্থায় অবস্থিত জীব-এই ভক্ত্যঙ্গগুলি যাজন করিতে করিতে ক্রমশঃ স্বেন্দ্রিয়-পরায়ণতা হইতে কৃষ্ণেন্দ্রিয়-পরতার দিকে অগ্রসর হয়। শ্রীগুরুদেবের সঙ্কল্পে ক্রমশঃ তাহার অন্তর্ম্মুখতা প্রবল হইতে প্রবলতর হইয়া উঠে, পরিশেষে উহা শুদ্ধকৃষ্ণসেবায় পর্য্যবসিত হয়। ভক্ত্যঙ্গের ক্রিয়াকলাপগুলি সাধক-অবস্থায় বিশুদ্ধ হইতে পারে না বলিয়া সাধকের ভক্তি মিশ্রা ভক্তিই হইয়া থাকে, কিন্তু এই মিশ্রা ভক্তি ক্রমশঃ শ্রীগুরুবৈষ্ণবের সঙ্কল্পে শুদ্ধ সত্ত্বকে উদয় করাইয়া বিমলা ভক্তিতে পর্য্যবসিত হয়।

বদ্ধজীবকে গুরুপাদ-পদ্ম আশ্রয়পূর্ব্বক এইসাধন-ভক্তিই অবলম্বন করিতে হয়। সাধন করিবার ফলে বদ্ধজীব তাহার ইন্দ্রিয়পরিচালনায় স্বীয় ভোগবুদ্ধিকে যতটুকু নিরস্ত করিতে পারিবে এবং তৎস্থানে গুরুকৃপায় যতটুকু কৃষ্ণভোগ-বিচারকে স্থাপিত করিতে পারিবে, ততটুকু তাহার সাধনের উন্নতি হইবে। এইরূপে গুরুকৃপায় সাধনের উন্নতিকল্পে জীবের ইন্দ্রিয়বৃত্তি যখন নিজভোগবৃত্তি হইতে সম্পূর্ণরূপে মুক্ত হইয়া সর্ব্বতোভাবে কৃষ্ণতুষ্টিপর হইবে, তখনই উহা নির্ম্মলতা লাভ করিবে এবং তখনই সাধনভক্তি ভাবভক্তির পর্য্যায়ভুক্ত হইয়া তাহাকে সেবারাজ্যে প্রতিষ্ঠিত করিবে। তখন বিকৃতপ্রভ জীব স্বরূপস্থ হইয়া স্বীয় শুদ্ধ সত্ত্বে অবস্থিত হইবে। গুরুপাদাশ্রয়ে সম্বন্ধজ্ঞানের এই সাধনের ফলে সম্বন্ধাধি দেব কৃপাপূর্ব্বক তাহাকে সেবায় অধিকার প্রদান করিবেন।

যদি অন্তর দৌরাত্ম্য উপস্থিত হইতেছে, শ্রীগুরুদেবের অন্তর্য্যামিত্বে সন্দেহ উপস্থিত হইতেছে, শ্রীগুরুদেবের প্রিয়-জনে শত্রুবুদ্ধি হইতেছে, গুরুপাদপদ্মের আনুগত্যের দোহাই দিয়া অন্তরে অন্তরে স্বীয় কনক-কামিনী-প্রতিষ্ঠা-ভোগাকাঙ্ক্ষা অবাধে প্রশ্রয় পাইতেছে, শ্রীগুরুদেবের কৃষ্ণসেবার জন্য সাজ্জিত ধনসম্পত্তির Trustee থাকিবার পরিবর্ত্তে বিশ্বাস-ঘাতক হইয়া তৎসমুদয় নিজেরা ভোগ করিবার সম্পূর্ণরূপে আত্মসাৎ করিবার লালসা প্রবল হইতেছে, গুরুবর্গকে ও বৈষ্ণবপ্রাণকে অগ্রাহ্য করিয়া আত্মপ্রতিষ্ঠাতর্পণ সাধন মূল মন্ত্র হইয়া পড়িয়াছে, শ্রীগুরুদেবকে দিয়া নিজকে প্রচার করাইবার দুর্ব্বুদ্ধি পোষণ করা হইতেছে, সেখানে কৃষ্ণের বহিরঙ্গা শক্তি মায়াই কংসরূপে প্রবেশ করিয়া আমাদিগকে কৃষ্ণপাদপদ্ম হইতে বহুদূরে অপসারিত করিয়া রাখিয়াছে।

অধোক্ষজ সর্ব্বতন্ত্রস্বতন্ত্র পুরুষোত্তম স্বয়ং ভগবান্ [illegible] জননীলা পরিগ্রহ করিবেন কেন? তাঁহার এমন কি অনিবার্য্য প্রয়োজন পড়িয়া গিয়াছে? তিনি কি বসুদেবের ন্যায় কর্ম্মফল-বাধ্য হইয়া জন্মাদি স্বীকার করিতে বাধ্য? আবার কংসাদি অসুর বহু চেষ্টা করিয়াও ত' তাঁহার জন্ম রোধ বা তাঁহার বিনাশ সাধন করিতে পারে নাই? ভগবান্ তাঁহার আবির্ভাবের স্থানাস্থান কালাকাল বা পাত্রাপাত্রও ত' বিচার করেন নাই? তাঁহাকে পাইবার জন্য বসুদেবকে ত' যাগ যজ্ঞ ব্রত হোম জপ তপঃ প্রভৃতি কষ্টসাধনাড়ম্বর কিছুই করিতে হয় নাই? ঘটা বাজাইয়া অর্চ্চনাড়ম্বর-প্রদর্শনেরও ত' প্রয়োজন হয় নাই? কংস 'দেবকীং বসুদেবঞ্চ নিগৃহ্য নিগড়ৈর্গৃহে'—অন্ধকার কারাগারে দেবকী ও বসুদেবকে শৃঙ্খলাবদ্ধ করিয়া রাখিয়াছিল। আর সেই কারাগারটি ছিল কি প্রকার? না—"দ্বারশ্চ সর্ব্বাঃ সংবৃতা করিবে' [illegible] কংস [illegible] সদর্প [illegible] আছে [illegible] কারা হইতে সন্তান লইয়া কেহ পলায়ন করিতে না পারে প্রহরিগণ সতর্কভাবে থাকিয়া পাহারা দিতেছে। কিন্তু হায়! কংসের সকল চেষ্টা [illegible] ব্যর্থ হইল! [illegible] বসুদেব দেবকীর [illegible] তাঁহাদের সেই কংস-কারাগারের দুঃখ নষ্ট [illegible] আবির্ভূত হইলেন। [illegible] কাল-পাত্রের তুলামূলক কোন বিচারই ত' সেই দৈবকী-পুরুষকে [illegible] করিতে পারিল না। [illegible] প্রধান [illegible] চাহি [illegible] না [illegible] করিয়া অমন [illegible] ভয়াবহ পোষণ করিয়াছিল বটে, কিন্তু [illegible] ভগবান্ ত' তাহার [illegible] মনোরথ [illegible] চূর্ণ বিচূর্ণ করিয়া দিলেন—সে [illegible] পারে নাই, ভগবানের [illegible] অচিন্ত্য [illegible] করিয়া [illegible] বিনাশ [illegible] করিলেন। [illegible] ভগবানের [illegible] শক্তি [illegible] নাই

কালনেমি [illegible] কংস [illegible] উৎপাটিত করিবার জন্য দেবকীকে বধ করিবার সঙ্কল্প করিয়াছিল বটে, কিন্তু বসুদেব যখন বুঝাইলেন - অষ্টমগর্ভ হইতে তোমার বিনাশ, দেবকী হইতে ত' তোমার কোন ভয়ের কারণ নাই, তবে তুমি দেবকীকে হত্যা করিতে চাহ কেন? দুরাত্মা কংস তখন মন্ত্র-মুগ্ধবৎ দেবকী-বধ-সংকল্প হইতে নিরস্ত হইল। ভগবানের মায়া-শক্তি এ প্রকারেই বদ্ধ জীবের সর্ব্ববিধ বুদ্ধির অকিঞ্চিৎকরতা প্রদর্শন করেন। কালনেমির দৌরাত্ম্যকে শ্রীভগবান্ তাঁহার বহিরঙ্গা-দ্বারা এমনি করিয়াই ব্যর্থ করিয়া দেন! শ্রীভগবদ্ভক্তি

আমি—বিজ্ঞ, এই মূর্খে 'বিষয়' কেনে দিব স্ব-চরণামৃত দিয়া 'বিষয়' ভুলাইব

গীতা-ভোগের দুর্ব্বুদ্ধি পোষণকারী কপট ত্রিদণ্ডী রাবণাদি অসুরের নিজ চেষ্টাই নিজ নিজ বিনাশের কারণ হইয়া থাকে। হিরণ্যাক্ষ-হিরণ্যকশিপু, রাবণ-কুম্ভকর্ণ, শিশুপাল-দন্তবক্রাদি অসুরকুল শ্রীভগবান্ এবং তৎপক্ষীয়গণকে জয় করিবার বিবিধ কৌশলজাল বিস্তার করিয়াও শেষে নিজেদের জালেই নিজেরা আটকাইয়া পড়ে, ইহা ধন-জনাদির অহঙ্কার-বলদৃপ্ত মানব বুঝিয়াও বুঝিতে চাহে না! ধন্য বহির্ম্মুখমোহিনী মহামায়ার অঘটনঘটনপটীয়সী বঞ্চনা শক্তি!

কংসের সকল উদ্যম বিফলীকৃত করিয়া ভগবান্ শ্রীহরি যখন কংসকারাগারে বসুদেবদেবকীকে তাঁহার পূর্ব্বপূর্ব্ব অবতারের (পৃশ্নিগর্ভ ও বামন) নিত্য মাতা-পিতা এবং তাঁহাকে তাঁহাদের নিত্যপুত্ররূপে স্মরণ করাইবার জন্য চতুর্ভুজ-শঙ্খচক্রগদা-পদ্ম-ধারী বাসুদেবরূপে অবতীর্ণ হইলেন, তখন বসুদেব কৃষ্ণাবতার-মহোৎসবানুষ্ঠানের জন্য বড়ই ব্যস্ত হইলেন। কিন্তু কই, কেহই ত' তখন তাঁহার সেই উৎসবানুষ্ঠানে বাধা দিতে পারিল না! বসুদেব ত' মানসে মহানন্দে দানধ্যানবহুল পুত্রজন্মমহামহোৎসব সম্পাদন করিলেন। বসুদেব-দেবকী উভয়েই পুত্রকে ভগবদ্দর্শনে স্তব করিতে লাগিলেন, আবার তৎক্ষণাৎ স্নেহোদয়ে কংসভয় আসিয়া পড়ায় ভগবানকে অলৌকিক রূপ গোপন করিতে বলিলে ভগবান্ বাসুদেব দ্বিভুজ সদ্যঃ-শিশুর প্রায় বাৎসল্যরসিক রূপ ধারণ করিলেন। অতঃপর শ্রীভগবানেরই প্রেরণা-ক্রমে বসুদেব বালককে নন্দালয়ে নিরাপদে রাখিবার ইচ্ছাবিশিষ্ট হইয়া যেমন তাঁহাকে ক্রোড়ে করিয়া বাহির হইতে যাইবেন, অমনিই তাঁহার সম্মুখস্থ সকল বিঘ্ন অপসারিত হইল—শ্রীভগবানের যোগমায়াপ্রভাবে সুদৃঢ় লৌহকীলযুক্ত শৃঙ্খল স্বতঃই অপসারিত হইয়া সুবৃহৎ কপাটসমূহ উন্মুক্ত হইয়া গেল—'স্বয়ং ব্যবর্য্যন্ত যথা তমো রবেঃ' অর্থাৎ সূর্য্যের উদয়ে অন্ধকার যেমন আপনা হইতেই দূরীভূত হয়, তদ্রূপ সেই দুর্ভেদ্য দ্বারসকল স্বয়ংই উদ্ঘাটিত হইয়া গেল। এদিকে প্রহরিগণও যোগমায়াপ্রভাবে নিদ্রিত হইয়া পড়িয়াছিল, মন্দ মন্দ মেঘগর্জ্জন সহকারে বারিবর্ষণ হইতে লাগিল, ভোগিকুল এই অবসরে তমোগুণাক্রান্ত হইয়া মায়াপিশাচীর ক্রোড়ে মোহনিদ্রায় আচ্ছন্ন, বসুদেব কিন্তু চলিয়াছেন ব্রজের পথে তাঁহার প্রাণাধিকপ্রিয়তম তনয়কে বুকে করিয়া নন্দালয়ে রাখিবার জন্য। ভক্তসৎ এই প্রকারে ভগবৎ-সেবাচেষ্টায় সর্ব্বদাই উন্মুখ। শ্রীঅনন্তদেব যিনি অনন্তদেহে তাঁহার প্রাণপ্রভুর সেবায় সতৃষ্ণ, তিনি তাঁহার প্রভুর সেবককে প্রভু-সেবায় সর্ব্বতোভাবে সহায়তা করিয়া থাকেন, তাই অনন্তদেব কারাগার হইতেই আরম্ভ করিয়া তাঁহার সুবিস্তৃত ফণাদ্বারা কৃষ্ণ ও বসুদেবকে বারিপাত হইতে রক্ষা করিতে করিতে বসুদেবের অনুগমন করিলেন। উত্তালতরঙ্গ, বারিবর্ষণহেতু প্রবল স্রোতোবেগ ও ভয়ানক আবর্ত্তসমূহে যমুনা অত্যন্ত আকুলা হইলেও সমুদ্র যেমন রামচন্দ্রকে পরপারে গমনের পথ প্রদান করিয়াছিলেন, আজ যমুনাও সেইপ্রকার বসুদেবকে পথ প্রদান করিলেন, ভক্তসৎ সেবকপ্রবর বসুদেবের অকৃত্রিম সেবা-সঙ্কল্পমাত্রেই সকলই অনুকূল হইয়া গেল। বসুদেব বেশ জানিতেন, তাঁহারা শৃঙ্খলাবদ্ধ সুকঠিন অর্গলবদ্ধ কারারুদ্ধ, তথাপি কৃষ্ণ-সেবা-সঙ্কল্প হইতে বসুদেবকে কেহই বাধা দিতে পারে নাই, সেবার প্রতিকূল অবস্থা সমূহ চিন্তা করিয়াও বসুদেব বিন্দুমাত্র ব্যাকুল বা হতাশ হন নাই। "রক্ষিষ্যতীতি বিশ্বাসঃ" এই শরণাগতিই তাঁহার সেবার বিচার। আমরা সেবার কার্য্য উপস্থিত হইলে প্রথমেই তৎপ্রতিকূল অবস্থাগুলি কল্পনা করিয়া হতাশ হইয়া পড়ি, তাই উন্মুখতোষিণী যোগমায়ার কৃপা হইতে বঞ্চিত হইয়া বিমুখ-মোহিনী মহামায়ার মায়ায় মুগ্ধ হইয়া যাই। শ্রীবসুদেবের কৃষ্ণসেবাদর্শ অনুসরণ করিলে শ্রীবসুদেব-কৃপায় কৃষ্ণ আমাদিগের ব্রজে নন্দালয়ে গমনের সকল বিঘ্ন অপসারিত করিবেন। বসুদেব নন্দালয়ে গমন করিয়া ও চিচ্ছক্তি যোগমায়া প্রভাবে নন্দালয়ের সকলকেই নিদ্রিত দেখিয়া, শিশুকে অবাধে জননী যশোদার ক্রোড়ে স্থাপন করিয়া তাঁহার ক্রোড় হইতে তাঁহার যোগমায়ারূপিণী কন্যাকে গ্রহণ করিয়া কংসকারাগারে প্রত্যাবর্ত্তন করিলেন এবং সেই কন্যাকে দেবকীর শয্যায় স্থাপন করিয়া নিজ পাদযুগলে পুনরায় লৌহময় শৃঙ্খল ধারণ পূর্ব্বক পূর্ব্বের ন্যায় আবদ্ধভাবে অবস্থিত হইলেন। মা যশোদাও কৃষ্ণের লীলাশক্তি-বলে নিদ্রিতা হইয়া পড়ায় তাঁহার শ্রীঅঙ্গে পুত্র কি কন্যা কিছুই জানিতে পারেন নাই। এদিকে দেবকী-ক্রোড়ে কন্যারূপী শিশু ক্রন্দন করিয়া উঠিলে প্রহরিগণ জাগিয়া উঠিয়া কংসকে জানাইল। কংস দুষ্ট শিশুই তাহার মৃত্যুস্বরূপ জানিয়া তৎক্ষণাৎ কারাগৃহে প্রবিষ্ট হইল এবং দেবকীর সকাতর নিষেধ সত্ত্বেও অতি নিষ্ঠুরভাবে তাহাকে শিলাপট্টে নিক্ষেপ করিতেই সেই যোগমায়ারূপিণী কংসস্বপ্নমোহিনী কন্যা আকাশে অষ্টভুজা-রূপে প্রকাশিত হইয়া কংসকে সম্বোধন করিয়া বলিতে লাগিলেন—'ওরে মূঢ়, যিনি তোর পূর্ব্বশত্রু ও বিনাশক, তিনি অন্য কোথায়ও উদ্ভূত হইয়াছেন।'

"কিং ময়া হতয়া মন্দ জাতঃ খলু তবান্তকৃৎ।
যত্র ক্ব বা পূর্ব্বশত্রুর্মা হিংসীঃ কৃপণান্ বৃথা॥"

কংস এই বাক্য শুনিয়া প্রথমে একটু নির্ব্বেদ প্রাপ্ত হইল বটে, কিন্তু রাত্রি-প্রভাতেই পুনরায় তাহার দুষ্ট মন্ত্রিগণের পরামর্শে তাহার সকল নির্ব্বেদ দূর হইল। কংসের অসুর-মন্ত্রিগণ যোগমায়ার বাক্য শুনিয়া তখন পরামর্শ দিতে লাগিল—"মহারাজ! যদি আপনার অন্তক জন্মগ্রহণই করিয়া থাকে, তাহা হইলেই বা আপনার চিন্তা কি, আমরা পুরগ্রাম-ব্রজাদিতে "অনির্দশানির্দশাংশ্চ হনিষ্যামোঽদ্য বৈ শিশূন্"—দশদিনের অনধিক ও অধিকবয়স্ক সকল শিশুকেই হত্যা করিব। আর দেখুন, দেবতারা যদিও আপনার শত্রু, কিন্তু তাহারা আপনার ভয়ে সর্ব্বদা শঙ্কিত, তথাপি মহারাজ তাহাদিগকে উপেক্ষা করা যায় না, কেননা রোগ বা ইন্দ্রিয়গণকে প্রথম অবস্থায় নিগ্রহ না করিলে পরে তাহারা অত্যন্ত দুঃপ্রবল হইয়া উঠে। সুতরাং আমরা এক উপায় স্থির করিয়াছি—এই দেবতাগণের মূল হইতেছেন বিষ্ণু, বেদপ্রসিদ্ধ সনাতনধর্ম্ম যেখানে, সেখানেই সেই বিষ্ণু অবস্থান করিয়া থাকেন; বেদ, গো, ব্রাহ্মণ, তপস্যা ও দক্ষিণাযুক্ত যজ্ঞাদিই সেই ধর্ম্মের মূলস্বরূপ।

তস্মাৎ সর্ব্বাত্মনা রাজন্ ব্রাহ্মণান্ ব্রহ্মবাদিনঃ।
তপস্বিনো যজ্ঞশীলান্ গাশ্চ হন্মো হবির্দুঘাঃ॥
বিপ্রা গাবশ্চ বেদাশ্চ তপঃ সত্যং দমঃ শমঃ।
শ্রদ্ধা দয়া তিতিক্ষা চ ক্রতবশ্চ হরেস্তনূঃ॥

—সুতরাং হে রাজন্, আমরা সর্ব্বতোভাবে বেদজ্ঞ ব্রাহ্মণ, যাজ্ঞিক তপস্বী এবং যজ্ঞের হবিঃপ্রদায়িনী ধেনুগণকে বিনাশ করিব। ব্রাহ্মণ, ধেনু, বেদ, তপস্যা, সত্য, দম, শম, শ্রদ্ধা, দয়া, সহিষ্ণুতা ও যজ্ঞ এই সমস্ত বিষ্ণুর শরীর। এই সকলের অন্তর্যামী বিষ্ণু দৈত্যগণের শত্রু ও দেবতাগণের নায়ক। ব্রহ্ম-মহেশ্বর-প্রমুখ সকল দেবতা সেই বিষ্ণুকেই আশ্রয় করিয়া বর্ত্তমান। সুতরাং ব্রাহ্মণাদির হিংসাই সেই বিষ্ণুর বধোপায়।" কালপাশাবৃত দুর্ম্মতি তোজাধম কংস দুষ্ট মন্ত্রিগণের সহিত পরামর্শ করিয়া এইরূপে "ব্রহ্মহিংসাং হিতং মেনে"—বিষ্ণুপাসক ব্রাহ্মণ-হিংসাই তাহার মঙ্গলোপায় বলিয়া মনে করিল। কংসাবেশে আসন্নমৃত্যু, তমোগুণবশতঃ হিতাহিতবিবেকশূন্য-চিত্ত রজঃপ্রকৃতি কংসানুচরগণ তখন "সতাং বিদ্বেষমাচেরুঃ"—সজ্জনগণের উৎপীড়ন আরম্ভ করিয়া দিল। এই সজ্জনবিদ্রোহই সর্ব্বনাশের মূল। তাই শ্রীশুকদেব, মহারাজ-পরীক্ষিৎকে সম্বোধন করিয়া বলিলেন—

আয়ুঃ শ্রিয়ং যশো ধর্ম্মং লোকানাশিষ এব চ।
হন্তি শ্রেয়াংসি সর্ব্বাণি পুংসো মহদতিক্রমঃ॥

—সাধুগণের উৎপীড়ন, উৎপীড়নকারীর আয়ুঃ সৌভাগ্য, যশঃ, ধর্ম্ম, স্বর্গাদি লোক, মঙ্গলসমূহ এবং সর্ব্ববিধ শুভবিষয় বিনাশ করিয়া থাকে।

আত্মেন্দ্রিয়তর্পণসাধনোদ্দেশে অপহৃত-বিবেক হইয়া যে সকল ব্যক্তি বর্ত্তমানে কংসাসুরের চিত্তবৃত্তির অনুসরণে শুদ্ধ বিষ্ণুবৈষ্ণববিদ্বেষ আরম্ভ করিয়াছে, তাহাদেরও ধ্বংস অনিবার্য্য; কৃষ্ণ স্বয়ং তাহাদের দণ্ড বিধান করিবার জন্য যুগে যুগে আবির্ভূত হইয়া থাকেন। "দৈবী সম্পদ্ বিমোক্ষায় নিবন্ধায়াসুরী মতা"—শ্রীভগবানের এই শ্রীমুখবচন অনাদর করিয়া ভুক্তি অপবার্গসাধনোদ্দেশে ঐ সকল রজস্তমোগুণ-তাড়িত অসুর-প্রকৃতি লোকসকল শ্রীগুরুদেবের প্রকৃত "Will" বা মনোভীষ্টের মর্ম্ম বুঝিতে না পারিয়া—যাহা 'Will' নয়, তাহাকে 'Will' বলিয়া সাধুনিন্দা, গুর্ব্ববজ্ঞা, শাস্ত্রনিন্দা প্রভৃতি নামাপরাধ অর্জ্জনপূর্ব্বক আসুরী-সম্পৎ লাভ করিয়া আত্মবিনাশ সম্পাদনে এবং তৎসহ জগৎক্ষয় সাধনে দৃঢ়প্রতিজ্ঞ হইয়া থাকে। (গীতার ১৬শ অধ্যায় এতৎপ্রসঙ্গে আলোচ্য।) শ্রীভগবৎপ্রণীত বাস্তবসত্যধর্ম্মের গ্লানি উপস্থিত হইলে দুষ্টের দমন ও শিষ্টের পালনের জন্য ভগবান্ স্বয়ং প্রকটিত হইয়া বা তাঁহার নিজজনের প্রাকট্য সম্পাদন করিয়া তাঁহার বস্তু তিনিই রক্ষা করেন। 'কৃষ্ণের সংসারকে অগ্রে লুটিয়া খাইবার' স্পর্দ্ধা করিলেও সর্ব্বযজ্ঞের ভোক্তা ও প্রভু কৃষ্ণই তাহাতে বাধা দেন, কৃষ্ণ-ভোগ্যবিষয়ে ভোগবুদ্ধিকারী জনগণকে কৃষ্ণ স্বয়ং তাঁহার স্থান হইতে বিতাড়িত করেন, কৃষ্ণকার্য্যবৈরের সকল উদ্যমই বিফল করিয়া দেন, চতুরচূড়ামণি কৃষ্ণের চাতুর্য্যের নিকট বিশ্বব্রহ্মাণ্ডের কাহারও চাতুর্য্য স্থান পাইতে পারে না। ব্রহ্মার সৃষ্ট মনোময়-চক্রের নেমি কৃষ্ণের সুদর্শনচক্রের নিকট স্বতঃই বিশীর্ণ হইয়া যায়।

জন্মাষ্টমীর কতকগুলি আনুষ্ঠানিক ক্রিয়া অনুষ্ঠান বা উপবাসাদি পালন, লোকজন লইয়া হৈ চৈ করিলেই কৃষ্ণাবির্ভাব লীলা উপলব্ধির বিষয় হয় না। কৃষ্ণের আবির্ভাব উপলব্ধি করিতে হইলে কৃষ্ণাগ্রজ বলদেবাভিন্ন শ্রীগুরু-পাদপদ্মে একান্তভাবে শরণাগত হইতে হইবে। কৃষ্ণেচ্ছায়ই সন্ধিনীশক্তিমদ্বিগ্রহ শ্রীবলদেব জীবহৃদয়ে কৃষ্ণপাদপদ্ম প্রতিষ্ঠিত করিবার জন্য অগ্রেই আবির্ভূত হন। ভুক্তিমুক্তি-সিদ্ধিকামী পাণ্ডবদ্বেষী দুর্য্যোধনাদির ন্যায় অসাধুগণকে শাসন করিবার জন্য শ্রীবলদেব 'পশূনাং লগুড়ো যথা' নীতি অবলম্বন করেন। শ্রীবলদেবপাদপদ্মে নিষ্কপটে শরণাগত ব্যক্তিগণেরই কৃষ্ণাবির্ভাব উপলব্ধির বিষয় হয়। যাহারা শ্রীল প্রভুপাদের প্রতিষ্ঠিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহ-সেবার উপকরণ-সমূহ নিজেন্দ্রিয়তর্পণার্থ অপহরণ করিয়া হরিগুরুবৈষ্ণবসেবায় বাধা-প্রদানকারী, তাঁহাদের জন্মাষ্টমী উৎসবাদি কেবল আত্মবঞ্চনা ও লোকবঞ্চনা মাত্র। ভগবান্ তাহাদের প্রতি কখন প্রসন্ন হইবেন না। কার্য্যবৈরীকে কৃষ্ণ কখনই কৃপা করিবেন না, তাহাদের বিগ্রহ-সেবা, পাঠ-কীর্ত্তন, প্রচারকার্য্যাদি, হরিগুরুবৈষ্ণব-সেবার অভিনয় 'কৃষ্ণ অন্নে বহু যাবে'। কৃষ্ণ কার্য্যবিদ্বেষীর সংহার সাধন করিয়াই নিষ্কপটভক্তহৃদয়ে তাঁহার জন্মাষ্টমীলীলা বিস্তার করিয়া থাকেন।

—০:::০—

শ্রীনন্দকিশোরাষ্টকম্

—:•:—

(১)

নবনীরদ-সুন্দর-দিব্যনট'
তনুকুঞ্চিত-মেদুরপীতপটম্ ।
কুটিলালকভাসিতভালপুর'
ভজ নন্দ-কিশোর-রসজ্ঞবরম্ ॥

(২)

অসিতাম্বুজমঞ্জুলদিব্যদৃশং
মুখচন্দ্র-বিভাসিত সর্বদিশম্ ।
কুসুমোৎকরগুম্ফিত-মাল্যধরং
ভজ নন্দকিশোর-রসজ্ঞ-বরম্ ॥

কমলাম্বরভা-শতকোটা-রুচং
চিকুরোপরিচারুশিখণ্ডরুচম্ ॥
মদনার্বুদ সুন্দররূপধর'
ভজ নন্দকিশোর-রসজ্ঞবরম্ ॥

(৪)

মণিনূপুর-রাজিতপাদযুগং
ধৃত-বামকরাঙ্গুল-পর্বতনগম্ ।
ব্রজবল্লভমানসচিত্তকরং
ভজ নন্দকিশোর-রসজ্ঞবরম্ ॥

(৫)

শরণাগত-বৎসলমঙ্গলদং
সুরনায়ককালিয়দর্পভিদম্ ।
মৃদুমঞ্জুলহাস্য-কটাক্ষগিরং
ভজ নন্দকিশোর-রসজ্ঞবরম্ ॥

(৬)

অরুণাধররঞ্জিত-বংশীধরং
মুরলী-তরলীকৃত-গোপীকুলম্ ।
নিজ-গোধন-চারণ-কেলি-পরং
ভজ নন্দকিশোর-রসজ্ঞবরম্ ॥

(৭)

কনকাঙ্গদকৌস্তুভহারধরং
বৃষভানুসুতারতিবশ্যকরম্ ।
ভ্রমবেষ্টিত-যামুনতীরচরং
ভজ নন্দকিশোর-রসজ্ঞবরম্ ॥

(৮)

সরসীরুহকোমলপাণিপদং
বলধর্ষিত-দানবদুষ্টমদম্ ।
শ্রিত-সজ্জন-রক্ষণ-দক্ষতরং
ভজ নন্দকিশোর-রসজ্ঞবরম্ ॥

(৯)

নন্দকিশোরাষ্টকং সুললিতং
শ্রীগৌরকিঙ্কর-গৌর-রচিতম্ ।
সংসারসাগর-সুনিস্তারং
পাঠন্তু ভাবুকচিত্তহারম্ ॥

— — —

বসুদেব ও বাসুদেব

—:•:—

(শ্রী[illegible])

কংস-শাসন [illegible]-ঘের,
কঠিন কারাগার,
মৌন বেদন কাঁদছে বসে,
[illegible] চারিধার ।
(শুধু) [illegible]
প্রহর বাজে [illegible],
[illegible] 'নাঁ খিন',—
[illegible] ।
(আজি) [illegible] ভরা
কার, মধ্যরাত ।
[illegible] ।

শঙ্খ চক্র-গদ [illegible],
(এল পীত-বাসা [illegible],
[illegible],
[illegible] ।
[illegible], অনাথ [illegible],
[illegible] ।
[illegible]?
[illegible] ।
[illegible],
[illegible] ।
[illegible]
[illegible] ।

(৫)

[illegible],
ব [illegible],

[illegible] ২৮শে শ্রাবণ, ২১শে জুলাই ; ১৯২৭ [illegible]
[illegible] মূর্ত্তি

(২)

দম্ভ [illegible] ঐ [illegible],—
বিরাট-বপু পাষাণ [illegible] রূপ,
(হায়) বধিবে সে সেবা ভগবান্ ।
(তাই) [illegible] কাঁদছে অপমান ।
বসুদেব আর দেবী দেবকী যে,
রেখেছে সে শিকল দিয়ে ঘিরে,
কংসের ঐ মোহের অন্ধকার,
জানে না সে, ভোগের [illegible]
তুর্ণ বেগে [illegible]-পানে খুঁজি ।
তাঁর [illegible] ।

(৩)

কঠিন কারার বাঁধন গেল টুটি'
একি আলো উঠল হাসে ফুটি',—
কোটি চাঁদের কিরণ ছানি' গড়া
দিব্য-মধুর কান্তি মনোহর ।

বসুদেবের [illegible],
[illegible] ।
[illegible],—[illegible],—
[illegible] ।
[illegible]?
ঐ [illegible] ।
[illegible],
[illegible],
[illegible],—
[illegible] ।
[illegible] কমল,
ধন্য [illegible] নয়ন-জল,
বসুদেবের [illegible]
বাসুদেব উদয় ।
ধন্য কৃপাময় ।

—:•:—

জয়ন্তি-উৎসব

[illegible]
উঠল [illegible] ।
[illegible]
[illegible]
[illegible] ।
[illegible]
[illegible] ।
[illegible] ।
পূর্বাদি বাতাসে [illegible]
[illegible] ।
[illegible]
[illegible] ।
[illegible] ।
[illegible],
বন্দীরা গাহে জয়গান,
পরাণ মাতান কোন্ তান ।
[illegible] পুলকে সে গানের রবে
ব্রজ-পথে [illegible] চলে সবে,
যত গোপকুল গোপিকা সমাজ
[illegible] মান,
[illegible] ।
[illegible]
[illegible] ভগবান ।
চির-[illegible], [illegible],
[illegible] পরাণ ।
কেমনে [illegible] ।
[illegible] বসন ভূষণ
[illegible],
[illegible] ।
[illegible],
[illegible]
[illegible]
[illegible] আয়োজন ।
[illegible] ।
[illegible]
রচিছে [illegible] ।
[illegible],
[illegible]
[illegible] ।
নন্দভবনে [illegible]
[illegible] গোপাল-[illegible]
[illegible] ।
[illegible],
[illegible],
[illegible]
[illegible]
[illegible] হায় ।
জয়-[illegible] মধু স্বরে
[illegible]-পথিক পথ ধায়,
উচ্ছসিত [illegible]
[illegible] পদছায়;
গাহি গান এই [illegible] ।

পরম ঈশ্বর কৃষ্ণ স্বয়ং ভগবান্ ।　　তাতে বড়, তাঁর সম কেহ নাহি আন ॥

শ্রীশ্রীগৌরকৃষ্ণাবির্ভাবক্ষেত্র শ্রীধাম মায়াপুরের কতিপয় দৃশ্য

ঊনত্রিংশ চূড়াযুক্ত শ্রীচৈতন্যমঠের শ্রীমন্দির

পরমহংস ওঁবিষ্ণুপাদ শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজের সমাধি মন্দির।

শ্রীযোগপীঠের শ্রীমন্দির ও শ্রীগৌরকুণ্ড



শ্রীযোগপীঠের ক্ষেত্রপাল শিবের মন্দির



আচার্য্যমুকুটমৌলি পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামি প্রভুপাদের ভজনস্থলী শ্রীভক্তিবিজয়-ভবন



শ্রীগৌরোদয় স্থানে অবস্থিত আদর্শ উচ্চ ইংরেজী বিদ্যালয়—ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্

চাঁদ কাজির সমাধি

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

[illegible]
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের স্বলাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৫ই ভাদ্র, ১৩৪৪, ৩১শে আগষ্ট, ১৯৩৭, মঙ্গলবার [সংখ্যা ১৫৬]

বিবিধ সংবাদ

——(০(:০:)০)——

চীন-জাপান যুদ্ধের অবস্থা

গত ২৪শে আগষ্ট মিসেস্ চাপ বার্ড নামে একজন বৃদ্ধা আমেরিকান মহিলা "প্রেসিডেন্ট হুভার" নামক জাহাজে সাংহাই, হংকং ও ম্যানিলা হইয়া সিঙ্গাপুরে পৌঁছিয়াছেন। মিসেস্ বার্ড পিপিং ও সাংহাইতে বহুকাল ছিলেন; বর্ত্তমানে তিনি যুদ্ধের জন্য সে স্থান ত্যাগ করিতে বাধ্য হইয়াছেন।

তিনি বলেন,—"আমি যখন পিপিংএ ছিলাম তখন সেখানে যুদ্ধ পূর্ণোদ্যমে চলিতেছিল। জরুরী কার্য্য ব্যতিরেকে কেহ নগর প্রাকারের বাহির হইত না। রাস্তাঘাটে সর্ব্বত্র মৃতদেহের কার্য্য দ্রুতবেগে চলিতেছে। স্থানে স্থানে বালির বস্তা স্তূপীকৃত করা হইয়াছে, সর্ব্বত্র সামরিক আইন জারী হইয়াছে। প্রত্যহ শত শত গৃহহীন, অন্নহীন নরনারী নিরাশ্রয় অবস্থায় নগরাভ্যন্তরে প্রবেশ করিতেছে।

সাংহাইতে যুদ্ধারম্ভের পর আমি প্রায় এক সপ্তাহ সেখানে ছিলাম। সেখানকার শোচনীয় দৃশ্য আমি জীবনে ভুলিতে পারিব না। চতুর্দ্দিকে শুধু গৃহহারা নরনারীর ভিড়, তাহারা একবস্ত্রে অনাহারে বিচরণ করিতেছে। বাহির হইতে সাংহাইতে আসিতে দুটী পুল রহিয়াছে, উহার এক একটী পুলের উপর দিয়া দৈনিক ৩৫০০০ গৃহহীন ব্যক্তি সাংহাইতে প্রবেশ করিতেছে। তাহারা খাদ্যাভাবে নিজেদের সন্তানদিগকে মাত্র ২।০ ডলারে বিক্রয় করিয়া নিজেদের খাদ্য সংস্থান করিতেছে। সাংহাইতে খাদ্যাভাব প্রবল হইয়াছে।

এই মহিলার নিকট আরও জানা গেল যে, চীনের সামরিক বিমান চালনা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বহু আমেরিকান শিক্ষক ছিল। তাহারা সম্প্রতি একযোগে পদত্যাগ করিয়াছে বর্ত্তমান যুদ্ধের জন্য কোনরূপ শাস্তিভোগ হইবার সম্ভাবনা আছে; সে জন্যই তাহারা পদত্যাগ করিয়াছে।

সিন্ধু ব্যবস্থাপরিষদ

গত ২৬শে আগষ্ট সিন্ধু ব্যবস্থা-পরিষদের অধিবেশনে স্পীকার ও ডেপুটী স্পীকারের মধ্যে কথা কাটাকাটির ফলে এক উপভোগ্য দৃশ্যের অবতারণা হইয়াছিল। শেষ পর্য্যন্ত ডেপুটী স্পীকার খাঁ সাহেব সেবল ক্ষমা প্রার্থনা করেন।

সিন্ধু পরিষদের সভায় তখন একটী বে-সরকারী প্রস্তাবের আলোচনা হইতেছিল। কোনও সদস্য প্রস্তাব করিয়াছিলেন যে, স্থানীয় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানে সদস্য মনোনীত করিবার প্রথা রহিত করা উচিত।

ডেপুটী স্পীকার খাঁ সাহেব সেবল ইহার প্রতিবাদ করেন। তিনি বলেন যে, এই পরিষদেরই একজন সদস্য ইতিপূর্ব্বে বলিয়াছেন, কোনও স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানের সভ্য মনোনীত হইবার জন্য তিনি কোনও সরকারী কর্ম্মচারীকে ২০০ টাকা দিতে বাধ্য হইয়াছিলেন।

কয়েকজন সদস্য দণ্ডায়মান হইয়া এই উক্তির প্রতিবাদ করেন। তাঁহারা বলেন যে, পরিষদের সভায় কেহই এরূপ কথা বলেন নাই।

স্পীকার তখন দণ্ডায়মান হইয়া বলেন,—আমি ডেপুটী স্পীকারকে অনুরোধ করি, তিনি যেন তাঁহার উক্তি প্রত্যাহার করেন এবং ভবিষ্যতে যেন কোন প্রকার অমূলক উক্তি না করেন।

ডেপুটী স্পীকার বলেন—আমি যে সদস্য মহোদয়কে লক্ষ্য করিয়া এই কথা বলিয়াছি, তিনি যদি দাঁড়াইয়া আমার কথার প্রতিবাদ করেন, তাহা হইলে আমি আমার উক্তি প্রত্যাহার করিতে পারি।

স্পীকার বলেন—ডেপুটী স্পীকার যে উক্তি করিয়াছেন, সেইরূপ উক্তি এই পরিষদের কোন সদস্য করেন নাই, ইহাই আমার ধারণা।

অতঃপর ডেপুটী স্পীকার তাঁহার কথা প্রত্যাহার করেন।

এক সঙ্গে পিতা-পুত্রের মৃত্যু

গত ২৩শে আগষ্ট লাউদকাশী থানার এলাকা হইতে এক দরিদ্র কৃষক পরিবারের পিতা ও পুত্রের একই সময় শোচনীয়ভাবে মৃত্যুর সংবাদ পাওয়া গিয়াছে। ময়না তদন্তের জন্য উভয়ের মৃতদেহ কুমিল্লায় আনা হইয়াছিল। তাহাদের পাকস্থলী দুইটী রাসায়নিক পরীক্ষার জন্য কলিকাতায় পাঠান হইয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ, এক মুসলমান কৃষকের জ্বর রোগের চিকিৎসার জন্য জনৈক ডাক্তারকে ডাকা হয়। তিনি রোগীকে একটী ইন্জেকশন দেন। ঐ কৃষকের পুত্র শস্যক্ষেত্রে কাজ করিতেছিল, তাহাকেও ডাকাইয়া আনিয়া পুরাতন জ্বরের জন্য ইন্জেকশন দেওয়া হয়। উভয়েই ৩০।৪০ মিনিটের মধ্যেই যন্ত্রণায় অস্থির হইয়া মারা যায়। প্রকাশ, ডাক্তার কিছু টাকা দিয়া ঐ ব্যাপার আপোষে নিষ্পত্তি করিবার চেষ্টা করায় মৃতদেহ তিনদিন গোপন রাখা হয়। ইতিমধ্যে লাউদকাশী থানার পুলিশ কোন সূত্রে সংবাদ পাইয়া মৃতদেহ কুমিল্লা মর্গে প্রেরণ করে।

---

১২ হাজার টাকার কোকেন প্রাপ্তি

কলিকাতায় একদল লোক অনেক কোকেন আমদানী করিয়া, তাহা বিক্রয় করিবার চেষ্টা পাইতেছে বলিয়া সংবাদ পাইয়া কলিকাতার আবগারী সুপারিন্টেণ্ডেণ্ট রায় সাহেব ডি. এন. মুখার্জী একজন গোয়েন্দাকে জাল ক্রেতা সাজাইয়া উহা ক্রয়ের বন্দোবস্ত করেন।

এইরূপ বন্দোবস্ত করা হয় যে, উক্ত বে-আইনীভাবে আমদানী কোকেন ওয়েলেসলী বাই লেনের এক বাড়ীতে আনা হইবে এবং তথা হইতে উহার উপযুক্ত মূল্য দিয়া উহা গ্রহণ করা হইবে।

তিনজন লোক (সকলেই মুসলমান) একটী ট্রাঙ্ক লইয়া ঐ বাড়ীতে প্রবেশ করে এবং তাহাদের দুইজনকে আবগারী ইন্সপেক্টর কে, সি, সেন ও তাঁহার লোকজন অবিলম্বে গ্রেপ্তার করেন। তাঁহারা ছদ্মবেশে অপেক্ষা করিতেছিলেন। তৃতীয় ব্যক্তি পলায়ন করে। কিন্তু তাহাকেও অনতিবিলম্বে [illegible] গ্রেপ্তার করা হয়। এই বে-আইনী ব্যবসায় [illegible] একজন [illegible] গ্রেপ্তার করা হইয়াছে। তথায় সে [illegible] টাকার জন্য অপেক্ষা করিতেছিল।

ট্রাঙ্কটী খুলিয়া উহার মধ্যে হইতে প্রায় ১০৬ আউন্স কোকেন পাওয়া গিয়াছে। উহার মূল্য প্রায় ১২ হাজার টাকা।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্, —সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। দৈববর্ণ ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত-তত্ত্ব ।
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। মাধুর্য্য-কাদম্বিনী ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
শিব-পারম্য ।৶০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল বাঙ্গলা ভাষা ।০
২৭। [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনকল্প ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্থপঞ্চক ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। ভজনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৩৲
৫১। [illegible] ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। [illegible] ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। [illegible] ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সাধ্যসাধন শিক্ষাষ্টকম্ ।৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন্ বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্স্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্স ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। [illegible] ৴০
৭৬। দি ভাগবত
৭৭। থেইস্টিক প্রিন্সিপল্স অ্যাণ্ড আনঅ্যালয়েড রিলিজন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶১০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত -

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, পত্রিকা একাদশবর্ষে প্রকাশিত হয়। সডাক ৬৲ ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি.এ. সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

৩। আর্য্যাবর্ত্ত—হিন্দীভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। [illegible] গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের জগৎকল্যাণকর জীবন-চরিত ইহাতে সঙ্কলিত করা হইয়াছে।

নিষ্কপট শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ পাঠ ও বহু সাধুসঙ্গের ফল লাভ করিতে পারিবেন। বৈষ্ণব-দর্শনের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী আকারে এণ্টিক কাগজে উজ্জ্বলরূপে মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র ইহাতে সংযোজিত আছে; ভিক্ষা ৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

অনাসক্তস্য বিষয়ান্ যথার্হমুপযুঞ্জতঃ। নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে যুক্তং বৈরাগ্যমুচ্যতে। প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা হরিসম্বন্ধিবস্তুনঃ। মুমুক্ষুভিঃ পরিত্যাগো বৈরাগ্যং ফল্গু কথ্যতে।

শ্রীনদীয়া-প্রকাশ

বিশ্বে একমাত্র দৈনিক

—পারমার্থিক পত্র—

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

আরাধ্যো ভগবান্ ব্রজেশ-তনয়স্তদ্ধাম বৃন্দাবনং, রম্যা কাচিদুপাসনা ব্রজবধূবর্গেণ যা কল্পিতা। শ্রীমদ্ভাগবতং প্রমাণমমলং, প্রেমা পুমর্থো মহান্, শ্রীচৈতন্যমহাপ্রভোর্মতমিদং তত্রাদরো নঃ পরঃ।

১২শ বর্ষ { ১ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ১৫ই ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ৩১শে আগষ্ট ইং ১৯৩৭, মঙ্গলবার } ১৭৩তম সংখ্যা

চৈতন্যমঠে জন্মাষ্টমী

শুদ্ধভক্তির মূল প্রচারকেন্দ্র আকর-মঠরাজ শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীকৃষ্ণের জন্মাষ্টমী মহোৎসব গত ১৩ই ভাদ্র ২৯শে আগষ্ট রবিবার বিশেষ সমারোহের সহিত অনুষ্ঠিত হইয়াছে। প্রত্যূষ হইতে রাত্রি ১২টা পর্য্যন্ত পাঠ, কীর্ত্তন, প্রদর্শনী প্রভৃতি মুখে মহোপবাস যথাবিধি প্রতিপালিত হইয়াছে। সকাল হইতে শ্রীচৈতন্যভাগবত পারায়ণ আরম্ভ হয়। দিবারাত্র পারায়ণ চলিতে থাকে।

এই উৎসবোপলক্ষে শ্রীচৈতন্যমঠের অধিষ্ঠানবর্গ নাটমন্দিরের সংশ্লিষ্ট পরমাটোমক-গৃহে বিচিত্র পত্র, পুষ্প, বৃক্ষ, তোরণ, রাজপথ, সুবৃহৎ অট্টালিকা, হংস কিসলয়সমন্বিত জলাশয় প্রভৃতি প্রদর্শনী ও অংশাখণ্ড শ্রীবাসুদেবের আবির্ভাব-বিষয়ক বিভিন্ন দৃশ্যসাহায্যে শ্রীভগবদাবির্ভাব-মাহাত্ম্য উপলব্ধি করিবার বিশেষ সুযোগ প্রদান করা হইয়াছিল। মঠ-সেবকগণ সমাগত শত শত যাত্রীর নিকট শ্রীভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্রের তত্ত্ব ও তাৎপর্য্য কীর্ত্তন করিয়া তাঁহাদিগকে ভগবত্তত্ত্ব অবগত হইবার সুযোগ প্রদান করিয়াছিলেন।

নিম্নে প্রদর্শিত কতিপয় দৃশ্যের বিবরণ প্রদত্ত হইল।

১ম দৃশ্য—মথুরার রাজা কংস স্বয়ং রথের সারথি হইয়া নবপরিণীতা ভগ্নী দেবকীদেবী ও তৎপতি বসুদেবকে আনন্দভরে রথে করিয়া লইয়া যাইতেছেন।

২য় দৃশ্য—সহসা দৈববাণী শ্রবণ করিয়া কংস স্তম্ভিত এবং তৎকাল মধ্যেই ক্রোধে অগ্নিশর্ম্মা হইয়া দেবকীর বিনাশসাধনে উদ্যত। বসুদেব কংসকে শান্ত করিবার চেষ্টা করিতেছেন।

৩য় দৃশ্য—কংসের আদেশে দেবকী ও বসুদেব শৃঙ্খলাবদ্ধ ও কারারুদ্ধ।

৪র্থ দৃশ্য—স্বয়ং ভগবান্ চতুর্ভুজ বাসুদেবের আবির্ভাব, প্রহরিগণ নিদ্রিত, বসুদেব ও দেবকী ভগবানের প্রার্থনা করিতেছেন।

৫ম দৃশ্য—বসুদেব বাসুদেবকে ক্রোড়ে লইয়া কংসের কারাগার হইতে গোকুলে যাইতেছেন, কারাগারের কটক আপনি খুলিয়া গেল, অনন্তদেব ছত্ররূপে মস্তকোপরি সেবা করিতেছেন, সম্মুখে যমুনা নদী।

৬ষ্ঠ দৃশ্য—বসুদেব শ্রীকৃষ্ণকে লইয়া যমুনা পার হইতেছেন।

৭ম দৃশ্য—বসুদেব শ্রীকৃষ্ণকে নন্দালয়ে যশোদার পার্শ্বে রাখিয়া যোগমায়াকে লইয়া আসিতেছেন।

৮ম দৃশ্য—বসুদেবের কংসকারাগারে পুনঃ প্রবেশ। কটক আপনি বন্ধ হইল। যোগমায়া কাঁদিয়া উঠিলেন। প্রহরিগণ জাগিয়া কংসকে সংবাদ দিতেছে।

৯ম দৃশ্য—কংসের কারাগারে আগমন, তৎপরে কংস যোগমায়াকে নিষ্ঠুরভাবে ধরিয়া প্রস্তরে আছাড় মারিতে উদ্যত হইলে যোগমায়ার অন্তর্দ্ধান ও পুনরায় দৈববাণী।

১০ম দৃশ্য—যশোমতী আনন্দভরে শ্রীকৃষ্ণকে ক্রোড়ে লইয়া স্তন্যপান করাইতেছেন।

১১শ দৃশ্য—শ্রীনন্দোৎসব ও পরমানন্দভরে শ্রীনন্দ মহারাজের দান।

হিন্দোলোৎসব

শ্রীশ্রীনবদ্বীপধামপ্রচারিণী সভার বর্ত্তমান সম্পাদক গৌড়ীয় ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামিপাদের আশ্রয়ে আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠে ও অন্যান্য শাখামঠসমূহে গত ১লা ভাদ্র ১৭ই আগষ্ট হইতে ৬ দিন ব্যাপী শ্রীশ্রীরাধাগোবিন্দের হিন্দোলা মহোৎসব সুচারুরূপে সম্পন্ন হইয়াছে।

এই উৎসব উপলক্ষে শ্রীচৈতন্যমঠের সেবকগণ মঠরক্ষক শ্রীপাদ রমানাথ গোস্বামী মহোদয়ের উপদেশানুসারে শ্রীবিগ্রহের শৃঙ্গারাদি সেবা উত্তমরূপে সম্পাদন করিয়াছিলেন। উৎসবের শেষ দিবস বহু ব্যক্তিকে পাঠ কীর্ত্তনান্তে মহাপ্রসাদ বিতরণ করা হয়। স্থানীয় প্রধান পণ্ডিত উক্ত উৎসবের আলোচনা করিয়া ভক্তপ্রাণ সুকৃতি অর্জ্জন করিয়াছেন।

ঝুলনযাত্রা উপলক্ষে গত গৌড়ীয়মঠে প্রত্যহ সন্ধ্যা ৬।০ ঘটিকা হইতে রাত্রি ১০টা পর্য্যন্ত সহস্র সহস্র লোক শ্রীবিগ্রহের অপূর্ব্ব শৃঙ্গার ও ঝুলনলীলা দর্শন করিয়া বিশেষ মুগ্ধ হইয়াছেন এবং শতমুখে গৌড়ীয়মঠসেবকগণের সেবার প্রশংসা করিয়াছেন। প্রত্যহ সন্ধ্যায় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি ... আলোচনা পাঠ ও ব্যাখ্যা করিয়াছেন। ঝুলন উৎসবে মঠসেবকগণ বিশেষ পরিশ্রম করিয়া উৎসবটী সর্ব্বাঙ্গসুন্দর করিয়াছেন।

শ্রীপাদ [illegible] মহারাজের হরিকথা।

(৫ম পৃষ্ঠার পর)

এমন কথা বল্‌তে পারি না। তাঁর সেবা ক'রতে হ'লে তাঁকে 'নরহরি' দেবের ভিতর দিয়ে ক'রতে হ'বে। আবার শ্রীগুরুদেবের সেবা ক'রতে হ'লে বৈষ্ণবের সেবা ক'রতে হ'বে; সুতরাং বৈষ্ণব-সেবা বাদ দিয়ে শ্রীকৃষ্ণের সেবা হয় না, বৈষ্ণবের সেবা না হ'লে গুরুদেবের সেবা হ'বে না —গুরুসেবা না হ'লে তাঁহার সেবা হ'বে না। বিষ্ণুর সেবার চেয়ে বৈষ্ণবের সেবার মূল্য বেশী। তাই গৌড়ীয়গণের এরূপ বিচার। বিষ্ণু আপনার কাছে বন্ধ আছেন। গৌড়ীয়গণ বিষ্ণুর সেবার চেয়ে আশ্রয় সেবার মূল্য বেশী মনে করেন।

সাধারণ লোক ঠাকুর দেখ্‌বার জন্য দৌড়াবে, বৈষ্ণবের সেবা বুঝ্‌বে না। গৌড়ীয়গণ বাংলাদেশ থেকে ... দিয়ে প্রথমে মহাপ্রভুর কাছে গেছেন এবং মহাপ্রভুর আদেশ নিয়ে তবে জগন্নাথ দর্শন ক'রতে গেছেন।

আমাদের শ্রীল প্রভুপাদের শিষ্য যাঁরা হয়েছেন, তাঁরা নিজে নিজে ঠাকুর সেজে বেড়ান, অথবা মনে করেন যে ... কোথায় ঠাকুর আছে, সেখানে গিয়ে ঠাকুরের কোন প্রয়োজন বোধ করেন না। তাঁরা ... প্রভুপাদের সেবার সন্ধান। যাঁরা নিষ্কপট, তাঁরা এ কথাটার মর্ম্ম বুঝেন।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে।

শ্রীকৃষ্ণের চরণাশ্রয় করিতে হইলে গৌরসুন্দরের চরণ আশ্রয় করিতে হইবে, গৌরসুন্দরের চরণ আশ্রয় করিতে হইলে নিত্যানন্দ প্রভুর পাদপদ্ম আশ্রয় করিতে হইবে। ছয় গোস্বামীর পদাশ্রয় করিলে শ্রীনিত্যানন্দ প্রভুকে ভাল করিয়া বুঝা যাইবে।

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৫ হৃষীকেশ ৪৫১ শ্রীগৌরাব্দ ৪৫১

নন্দোৎসব

পরিপূর্ণ আনন্দবিগ্রহ "রসো বৈ সঃ" শ্রুতিপ্রতিপাদ্য রসস্বরূপ শ্রীকৃষ্ণের আবির্ভাব-উপলক্ষে যে সকল ভক্ত আনন্দ প্রকাশ করিয়া থাকেন, তন্মধ্যে শ্রীনন্দ সর্ব্বপ্রধান; নন্দ শব্দের অর্থ "আনন্দ"।

শ্রীকৃষ্ণ তদীয় নিত্যধামে পঞ্চরসের বিষয়বিগ্রহরূপে সেবিত হন: যখন তিনি শান্তরসের বিষয়, তখন তাঁহার আশ্রয়—গো, বেত্র, বিষাণ, বেণু, যমুনা-পুলিন প্রভৃতি। ইঁহারা অজ্ঞাতভাবে শ্রীকৃষ্ণের সেবা করিতেছেন। ইঁহারা জানেন না—ইঁহারা কাহার সেবা করিতেছেন। শ্রীকৃষ্ণ গোচারণ করিতেছেন, গাভী হইতে দুগ্ধ পাইতেছেন, বেত্র দ্বারা গাভী-পালকে তাড়না করিতেছেন, কখনও বা বেণু বাদন করিতেছেন, কখনও যমুনার সৈকতরাশির উপর পাদবিক্ষেপ করিয়া চলিতেছেন—তাঁহারা সকলেই শ্রীকৃষ্ণের ইন্দ্রিয়তৃপ্তির সহায়ক হইয়াছেন, কিন্তু তাঁহারা তাহা বুঝিতে পারিতেছেন না। "কৃষ্ণ-নিষ্ঠা তৃষ্ণা-ত্যাগ শান্তের দুইগুণে"। জীবের যখন প্রাকৃত তৃষ্ণা ত্যাগ হয় এবং কৃষ্ণ আছেন, এইরূপমাত্র অনুভূতি হয়, তখন শান্তরস মুনিগণ শান্তরসের উপাসক। তাঁহারা উপনিষদাদি পাঠ করিয়া থাকেন, তাঁহারা "ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা" হন। কিন্তু তাঁহাদের প্রাকৃত অভিনিবেশ দূর হইয়া চৈতন্যনিষ্ঠা লাভের জীবাত্মবৃত্তির সময়ে ভগবানের সহিত জীবের সজাতীয়তার উপলব্ধিতে তাঁহারা কিয়ৎপরিমাণে ভগবানের সহিত সমবুদ্ধি হন, কিন্তু তখনও মমতার উদ্রেক না হওয়ায় অনেক সময় নিত্য আত্মবিগ্রহ বা বিষয়-বিগ্রহের সহিত নিজকে একীভূত মনে করিয়া বসেন। যেমন, কোন দ্রষ্টা কোন পুরুষকে দূর হইতে নানাজাতীয় বৃক্ষাদি-পরিশোভিত পর্ব্বতমধ্যে প্রবেশ করিতে দেখিয়া কল্পনা করেন যে, ঐ ব্যক্তি অরণ্যের সহিত একীভূত হইয়া গিয়াছে. কিন্তু প্রকৃত পক্ষে যেমন ঐ পর্ব্বতপ্রবিষ্ট পুরুষ পর্ব্বতে প্রবেশ করিয়া বৃক্ষাদির শোভা পরিদর্শন করেন এবং সেই সময় ঐ পুরুষের ঐসকল হইতে একটী পৃথক্ অবস্থানও বিদ্যমান থাকে অর্থাৎ দ্রষ্টা, দৃশ্য ও দর্শন ব্যাপার অপগত হয় না, তদ্রূপ এতল্লোকের অযোগ্যে দেবীধামে স্থিত বহির্দ্দর্শী ভক্তপরী লোকসমূহ বৈকুণ্ঠের বিচিত্রতা-ধারণা করিতে না পারিয়া অদ্বয়জ্ঞানতত্ত্বকে নির্ব্বিশেষ, নিরাকার প্রভৃতি কল্পনা করিয়া থাকেন, সুতরাং শান্তরসটী একপক্ষে প্রথম রস অর্থাৎ জীবের সংসারতাপ-নিবৃত্তির পর পরব্রহ্মে অবস্থানমাত্র। ঐ অবস্থায় কিয়ৎপরিমাণে জড়ব্যতিরেক সুখ ব্যতীত স্বাধীন ভাব কিছু নাই। তখনও পরব্রহ্মের সহিত সাধকের কোনও সম্বন্ধ স্থাপিত হয় নাই।

দ্বিতীয় রস—দাস্যরস; ইহাতে মমতা বিদ্যমান। আমি দাস ও ভগবান্ আমার নিত্যপ্রভু এবং প্রভুর ইন্দ্রিয়প্রীতির জন্য জীবাত্মার স্বাভাবিকী দাস্যপ্রবৃত্তি,ইহাই দাস্য-রসের লক্ষণ। দাস্য-রসের আশ্রয়—রক্তক, পত্রক, চিত্রক, বকুল প্রভৃতি।

তৃতীয় রস—সখ্যরস। সখ্যরস দুই প্রকার, গৌরব-সখ্য ও বিশ্রম্ভ সখ্য। দাস্যরসে ও গৌরবসখ্যে সম্ভ্রমগুণ কর্তৃক বর্ত্তমান। সম্ভ্রমের স্বভাব এই যে, উহা বিষয়কে আশ্রয় হইতে কিঞ্চিৎ দূরে রাখে, বিশ্রম্ভসখ্য-রসের রসিক গোপবালক সখাগণ কৃষ্ণের ঘাড়ে চড়িতে, কৃষ্ণকে নিজের উচ্ছিষ্ট ফল খাওয়াইতে, তাঁহার সঙ্গে মারামারি করিতে কখনও দ্বিধা বোধ করেন না, বরং আপনার ভাব। আবার দাস্য হইতে সখ্য যেমন শ্রেষ্ঠ, সখ্য হইতে বৎসল-রসও তদ্রূপ আরও শ্রেষ্ঠ। জগতেও দেখা যায়, সমস্ত সখাগণ অপেক্ষা পুত্রই অধিকতর প্রিয় ও আনন্দোৎপাদক; নন্দ যশোদা সেই-বৎসলরসের রসিক।

ঐশ্বর্য্যরসের বিষয় শ্রীপতি নারায়ণ, আর মাধুর্য্যরসের পরমবিষয় শ্রীকৃষ্ণ। ঐশ্বর্য্যবাদ শিথিলপ্রেমে কৃষ্ণের প্রীতি নাই, কেন না, ঐশ্বর্য্যরসের রসিকগণ বিচার করেন যে, বিশ্রম্ভভাবধারা বুঝি তাঁহাদের ভগবৎসেবা লঘু হইয়া পড়িবে। প্রকৃতপক্ষে তাহা নয়,—বিশ্রম্ভ-সেবার সেবার গাঢ়তা ও মমতার আস্পদের প্রতি আরও আপনার হইতে আপনার জ্ঞান অধিকতর বর্ত্তমান।

কিন্তু কতকগুলি লোক আমাদের এই সকল অতি উচ্চতর ধারণা করিতে না পারিয়া ত্রিবিধ দুঃখের আত্যন্তিক-নিবৃত্তি, জড়মুক্তি বা নির্ব্বিশেষ ব্রহ্মানুসন্ধানকে পরমপ্রাপ্য বস্তু মনে করেন। তাঁহারা জড়-বৈচিত্র্যের হেয়তা-দর্শনে চিদ্বৈচিত্র্যের অভাব বা অসম্পূর্ণতা কল্পনা করেন। কেহ কেহ দাস্য-সখ্যাদি ভাবসকলকে নির্ব্বিশেষ অবস্থার পূর্ব্বাবস্থা বলিয়া কল্পনা করিতেও ত্রুটি করেন না। শ্রীমন্মহাপ্রভু ঐ সকল লোককে 'মূর্খ' আখ্যা দিয়াছেন। জড় মুক্তি ত' অতি নীচের কথা, সাধারণ কথা—ব্রজবাসিগণের নিকট সাযুজ্য একমুষ্টি অন্নের প্রার্থনার ন্যায়। ঐ প্রকার সহস্র সহস্র মুক্তি ভক্তগণের পদে অবলুণ্ঠিত হইয়া তাঁহাদের সেবার জন্য অপেক্ষা করিতে থাকিলেও ভক্তগণ তাহাতে দৃক্পাত করেন না।

জগৎ বুভুক্ষু ও মুমুক্ষু লোকের সংখ্যায় পরিপূর্ণ। সংসারধর্ম্মযুক্ত জীবের আদর্শ—হয় 'ভোগ,' না হয় 'ত্যাগ'; কিন্তু শ্রীগৌরসুন্দর বলিলেন,—

জীবের স্বরূপ হয় কৃষ্ণের নিত্যদাস।
কৃষ্ণের তটস্থা-শক্তি, ভেদাভেদপ্রকাশ॥
কৃষ্ণ ভুলি' সেই জীব অনাদিবহির্ম্মুখ।
অতএব মায়া তারে দেয় সংসার-দুঃখ॥

ত্যাগিবৃন্দ ভোগিবৃন্দকে ঘৃণা করেন। ভোগিবৃন্দ ও ত্যাগিবৃন্দের আদর্শ সম্পূর্ণ বিপরীত বোধ হইলেও উভয়েই সমান। ভোগী আপাত-মধুর বিষমিশ্র পূপাদের লোভ সম্বরণ করিতে না পারিয়া উহা গ্রহণ-পূর্ব্বক মৃত্যুর কবলে কবলিত হয়, আর ত্যাগী ঐ খাদ্য ত্যাগ করিয়া অনাহারে নিজেই নিজের বিনাশ সাধন করে, যেমন দুইটী ব্যক্তির ফোড়া হইয়াছে, ঐ দুই ব্যক্তি দুইজন ভিন্ন ভিন্ন চিকিৎসকের নিকট গেলেন। একজন চিকিৎসক রোগীর ফোড়ায় বাতাস দিয়া (অর্থাৎ তাহাকে আপাত শান্তি প্রদান করিয়া) বিদায় দিলেন। অপর চিকিৎসক বলিলেন, অস্ত্রোপচার করিলে তোমার পুনরায় ফোড়া হইতে পারে,অতএব যদি তোমার প্রাণ সংহার করা যায়, তাহা হইলে আর ফোড়ার সম্ভাবনা থাকিবে না,—এই বলিয়া রোগীর গলায় ছুরি বসাইয়া দিলেন অর্থাৎ চিরতরে রোগীর জীবন বিনাশ করিলেন। সেইরূপ, কর্ম্মীর লক্ষ্য ইহকালে ও পরকালে ভোগ, নির্ব্বিশেষ-জ্ঞানীর লক্ষ্য নির্ব্বাণ। সেই নির্ব্বাণ দ্বিবিধ—বোধরাহিত্য নির্ব্বাণ ও বোধ-রাহিত্য নির্ব্বাণ। বোধ-রাহিত্য বা অচিৎ-পরিণতি শাক্যসিংহের লক্ষ্যবস্তু, বোধ-সাহিত্য বা চিন্মাত্রে লয় শাঙ্কর মায়াবাদি-গণের লক্ষ্য। শ্রীমদ্ভাগবত বলেন,—

যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিন-
স্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ
পতন্ত্যধোঽনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ॥
তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিদ্
ভ্রশ্যন্তি মার্গাৎ ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া
বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো॥

হে কমললোচন কৃষ্ণ, যাহারা সাধন করিতে করিতে 'আমরা মুক্ত হইয়াছি, অতএব আর ভগবচ্চরণ-সেবার আবশ্যকতা নাই, সেব্য, সেবক ও সেবার নিত্য পৃথক্ পৃথক্ অবস্থানের প্রয়োজন নাই'—এইরূপ বুদ্ধি করিয়া তোমার শ্রীচরণে অনাদর করে, তাহারা যোগাদি নানাপ্রকার কৃচ্ছ্রসাধ্য সাধনদ্বারা অনেক উচ্চ পদবী লাভ করিয়াও ভগবচ্চরণে অপরাধ হেতু সেই উচ্চ উচ্চ পদবী হইতে অধঃপতিত হয়। কিন্তু হে মাধব, যাহারা তোমার সেবাপ্রার্থী ভক্ত, তাঁহারা তোমাতে পরিনিষ্ঠিত বুদ্ধি হওয়ায় সম্পূর্ণভাবে তোমার সহিত বান্ধ প্রেমযুক্ত, সুতরাং তাঁহারা সর্ব্বদা তোম কর্ত্তৃক রক্ষিত হন এবং তজ্জন্য তাঁহাদের বি হওয়া ত' দূরের কথা, তাঁহারা বিঘ্নবিনায়ক-গণের মস্তকে পদার্পণ পূর্ব্বক নির্ভয়ে বিচর করিয়া থাকেন।

ভক্তের বিনাশ নাই,—ভক্ত পরমা-নন্দ-ময়; সুতরাং কোন কালে ভক্তে বিনাশ নাই—"ন মে ভক্তঃ প্রণশ্যতি" ইহা গীতার বাক্য। আজ সেই ভক্তরাজ নন্দের আনন্দ-প্রকাশের দিন। পরিপূর্ণ সচ্চিদানন্দবিগ্রহ শ্রীভগবান্ তাঁহার হৃদয়ে সর্ব্বদা বিশ্রাম করেন বলিয়া তিনিও আনন্দময় এই জন্য তাঁহার নাম 'নন্দ'।

(শ্রীল প্রভুপাদ)

দুর্দ্দৈব

ত্রিতাপের মধ্যে আধিদৈবিক তাপ আমাদিগকে অত্যন্ত নিষ্ঠুর উপহাসচ্ছলে দগ্ধ করে। প্রাগৈতিহাসিকযুগের আদি মানুষ হইতে এ পর্য্যন্ত দৈবের বিরুদ্ধে যুদ্ধ করিয়া মানব যথেচ্ছ বিহারের অভিযানে দৃঢ় সঙ্কল্প হইয়া চলিয়াছে। কিন্তু প্রকৃতি পরিহাসের কাছে সকলই বিফল। দৈবের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইয়া মানব ভোগ স্পৃহায় উন্মত্ত হইয়া জ্ঞান-বিজ্ঞানের নিত্য নব নব উদ্ভাবনে ব্যস্ত, আর তাহারই ফলে গড়িয়া উঠিয়াছে কৃষি, বাণিজ্য, রাষ্ট্রনীতি সমাজনীতি আর নানাপ্রকার আমোদ প্রমোদের সাহায্যে চিত্তবিনোদনের ব্যবস্থা সেই সাথে মানবের ব্যবসায়ও জগতে প্রকাশ পাইতেছে। মানবমেধা বহু পরিশ্রম

কৃষ্ণ তারে দেন চিচ্ছক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্ব্বল॥

ও স্বার্থবিসর্জনের মধ্য দিয়া যে সুবিধাটুকু অর্জন করে, দৈবের সুদূর্ত্তকাল প্রতিকূলতায় সকলই চিরতরে-ধ্বংস হইয়া যায়। প্রতিকূল দৈবকে আমাদের দুর্দ্দৈব বলিয়াই জানিয়াছি, কিন্তু প্রকৃত দুর্দ্দৈব আমাদের কি?

নিখিল মানব বা প্রাণিসত্তা যাঁহার এক অংশের সহিত সূত্রে মণিগণের ন্যায় যোগসূত্র-বিশিষ্ট, তিনিও দুর্দ্দৈবগ্রস্ত জীবের দুঃখে পরম সহানুভূতি লইয়াই করুণায় অবতীর্ণ হ'য়াছিলেন। তিনি দুর্দ্দৈবের স্বরূপ জীবকে এই শ্লোকে জানাইয়াছিলেন—

"নাম্নামকারি বহুধা নিজ সর্ব্বশক্তি-
স্তত্রার্পিতা নিয়মিতঃ স্মরণে ন কালঃ।
এতাদৃশী তব কৃপা ভগবন্মমাপি
দুর্দ্দৈবমীদৃশমিহাজনি নানুরাগঃ॥"
'দুর্দ্দৈব আমার সে নামে আদর
না হইল দয়াময়'।

দুর্দ্দৈবের প্রকাশমান অবস্থা দশ অপরাধ। নিখিল-শ্রুতি-রত্ন-প্রদীপে নিরাজিত মুকুন্দের উপাস্য অমল শ্রীহরিনাম— যাহা মুক্ত, মুমুক্ষু ও ভোগী সকলেরই শ্রুতকর্ণরসায়ন ও নিত্যানন্দদানকারী তাহাতে অনুরাগ না হওয়া অপেক্ষা জীবের দুর্দ্দৈব আর কি হইতে পারে? দশ অপরাধ আমার শ্রীনামে বিরক্তি বা বৈরাগ্যরূপ দুর্দ্দৈবের নিষ্ঠুর পরিহাস। প্রাকৃতিক প্রবল দুর্দ্দৈব নহে—একে ত' তাহা তাৎকালিকমাত্র, অল্পকালের সর্ত্তে (contractএ) গ্রাস করে না, তাহার পর সে যে ক্ষতি করে, তাহা জড় দেহেরই—যাহা অবশ্যই ধ্বংস হইবে, তাহারই উপর করে—চেতনবৃত্তির কণ্ঠরোধ করিয়া প্রাণহীন শব করিবার চেষ্টা ত' করিতে পারে না।

অপার-করুণাময় শ্রীনামে অনুরাগ না থাকায় আজ সাধুনিন্দা, শ্রীগুরুপাদপদ্ম-বিদ্বেষ প্রভৃতি নামাপরাধের চক্কানিনাদ আমাদের কর্ণবেধ সংস্কার-বিহীন কর্ণের পটহ ভেদ করিতেছে, আর হরি-রসমদিরামত্ত শ্রীগুরুপাদপদ্ম-ভক্তবৃন্দের শ্রীগুরুমহিমা কীর্ত্তনের কাছে সেই অনর্থবিধায়ক শব্দ যেন অগ্রসর হইতেছে—ইহাই দেখিতেছি। হায়! হায়! শ্রীনামে অনুরাগবিহীন ভক্তজনের সেবাপথে অগ্রসর হইবার মুখে ইহা অপেক্ষা ভীষণ দুর্দ্দৈব আর কি আসিবে?

কৃষ্ণকর্ণানন্দবিধানকারী শ্রীগুরুদেবের কর্ণপীড়া-দায়ক সিদ্ধান্তবিরোধ ও রসাভাস-পূর্ণ ছড়াগান যাহাতে শ্রীগুরুপাদপদ্মের শ্রুতি-গোচর না হয় তজ্জন্য সুকৌশলী শ্রীগুরুসেবক উচ্চৈঃস্বরে শ্রীনাম-মহামন্ত্রের আহ্বানে সকল ধ্বনিকে স্তব্ধ করিয়াছেন—সকলকে সেই নামাপরাধ-ধ্বনি-স্তব্ধকারী কীর্ত্তন-কোলাহলে যোগদান করাইয়া সংকীর্ত্তনে ভক্তগোষ্ঠীর বৈভবায়তন বৃদ্ধি করিয়াছেন। অপরাধদুষ্ট শ্রুতিকটু ধ্বনিকে শ্রীগুরুপাদপদ্মের কর্ণ-সুখের ব্যাঘাত করিতে ত' দেনই নাই, বরং চেতন-সম্মিলনীর সংকীর্ত্তনে শ্রীগুরুপাদপদ্মের কর্ণামৃত বিধান করিয়াছেন। চেতন সম্মিলনীতে যোগদানের আহ্বান শুনিয়া যদি মূক হইয়া থাকি তাহা হইলে কি ক'রয়া সংকীর্ত্তনপ্রাণহীন মৃত্যু-আনয়নকারী দুর্দ্দৈবের হস্ত হইতে রক্ষা পাইব? নামাপরাধী দুর্দ্দৈব আমাদিগকে নিষ্পেষিত করিয়া দিবে।

সজ্জন অপ্রতিহতগতিকে লক্ষ্য করিয়া প্রাকৃতিক দুর্দ্দৈবের বিরুদ্ধে যে অভিযান জগতে চলিতেছে, তাহার মধ্য দিয়া সমস্ত প্রাণীর যোগসূত্র স্থাপিত হইয়াছে। পরস্পরের প্রতি পরস্পরের সহানুভূতিও আসিয়াছে, কাজেই একদিক্ দিয়া দেখিতে গেলে দুর্দ্দৈব মানবের পক্ষে কেবল প্রকৃতির অভিশাপ নহে, আশীর্ব্বাদও বটে।

আজ এই ভীষণ-তম দুর্দ্দৈবের দিনে চেতনবাণীর স্বচ্ছন্দ অপ্রতিহত ধারার উদ্দেশ্যে শ্রীনামসংকীর্ত্তন করিতে পারিলেই শ্রীগুরুপাদপদ্মের যোগসূত্র আমাদের বক্ষকে সম্মিলিত করিবে।

আমার দুর্দ্দৈবের সুযোগ লইয়া যে সকল দস্যু, তস্কর, বাটপাড় আমার কণ্ঠরোধের জন্য প্রবল পরাক্রম করিতেছে, তাহার প্রচুর আসুরিক বলের কাছে আমি কি করিব? শ্রীগুরুপাদপদ্ম বলিয়াছেন—

'আর কিছু না করিয়া বৈষ্ণবের নাম লঞা
ফুকারিয়া ডাক উচ্চরায়।
ধর্ষণক্রসেনাগণে কৃপা করি' নিজ জনে
যাতে করে উদ্ধার তোমায়॥'

সুজন, গোষ্ঠানন্দী ও গোষ্ঠের অনুগত হইয়া উচ্চকীর্ত্তন করিতে হইবে। 'গোষ্ঠী'-শব্দে আত্মারাম গোষ্ঠীমুখ। গোষ্ঠীর কীর্ত্তনই বহুচেতন-সম্মিলিত কণ্ঠের সংকীর্ত্তন। কৃষ্ণ-কর্ণানন্দবিধানে অতি ক্ষুদ্রতম জন যখন গোষ্ঠীপতি ও গোষ্ঠীস্থ-জনের কর্ণসুখ-ব্যাঘাতকারক ভেক-কোলাহল দূর করিবার জন্য সংকীর্ত্তন আহ্বান বা গোষ্ঠীবর্দ্ধন করেন, তখনই জানিতে হইবে যে, দুর্দ্দৈবের বিরুদ্ধে অপরাধের সংগ্রাম চলিতেছে। বহু চেতন-কণ্ঠ-ধ্বনিত উচ্চকীর্ত্তনে আমার ক্ষীণতম কণ্ঠ মিলিত হইলে আর দুর্দ্দৈব আমাকে গ্রাস করিতে পারিবে না। তখন আর ঐ সকল কর্ণপটভেদকারী কোলাহল যে শ্রীগুরুপাদপদ্মের সুখের ব্যাঘাত করিতে উদ্যত, তাহা জানিতে হইবে না। তখন দেখিব—

"শুনিয়া গোবিন্দরব আপনি পলাবে সব
সিংহরবে যথা করিগণ।
তখন দেখিব—
"পলায় দুরন্ত কলি পড়িয়া বিভ্রাটে।"

কীর্ত্তন ছাড়িলে প্রতিষ্ঠারূপিণী শৌকরী-বিষ্ঠা রাখিতে হইবে। ধর্মমূর্ত্তি কপটতার মূর্ত্তে আমাকে আধিদৈবিকাদি ত্রিতাপের জ্বালা অপেক্ষা কোটিগুণ অধিকরূপে জ্বালাইবে। প্রতিষ্ঠার ক্লেশ হরিজনবিদ্বেষরূপ বিষ উদ্গীরণ করিয়া প্রতিষ্ঠাশাকিস্থূক আমাকেই প্রাণহীন করিবে। এই দুর্দ্দৈব প্রতিষ্ঠা-ভিক্ষার মূলকণ্ঠ প্রকাশ ক'রয়া দিতেছে। আলস্য জাড্যের প্রশ্রয় আর দিতে হইবে না—এখনও সাবধান! ভোগের সুখস্বপ্ন ভাঙ্গিয়া যাউক। শ্রীগুরুপাদপদ্মের-কর্ণপীড়া-বরণস্বরূপ ভক্তগণের—পরমার্থীর বান্ধবগণের নির্দ্দেশানুসারে উচ্চৈঃস্বরে কীর্ত্তন করিতে ক'রতে চেতন সম্মিলনীতে যোগ দেওয়া ছাড়া গতি নাই।

অনুকূল কৃষ্ণ-সংকীর্ত্তনে যিনি গোষ্ঠী আহ্বান করিতে পারেন, কৃষ্ণসংকীর্ত্তন-সম্মিলনীতে মূক করিতে তিনিই দক্ষ। আমার কণ্ঠ ক্ষীণ হইতে ক্ষীণতম হইলেও শ্রীগুরুপাদপদ্ম অতুল বিক্রমশালী, তাঁহার পশ্চাতে সম্মিলিত চেতনকণ্ঠের উচ্চ কৃষ্ণ-কোলাহলে যোগদান করিতে পারিলে সিদ্ধান্ত-বিরোধ ও নামাপরাধাবিচ্ছিন্নধ্বনিতে আমাদের চিত্ত গ্রাস করিবার সুযোগ পাইবে না। চতুর্দ্দিক্ কৃষ্ণগানে মুখরিত এবং ইতর কথা-সকল স্তব্ধ হইবে, ইহা জানিতে পারিব।

বলদেবাভিন্ন পতিতপাবন শ্রীগুরুপাদপদ্ম ও ভুবনপাবন বৈষ্ণববৃন্দের অবমাননা শ্রবণ করিয়া যদি নীরব, নিথর, নিস্পন্দ হইয়া থাকি, তাহা হইলে মৃত্যু আপনা হইতেই আসিবে। অবমাননাকারীর জিহ্বা স্তম্ভন করাই শ্রীগুরুপাদপদ্মের শ্রেষ্ঠ সেবা। যেখানে সে শক্তি নাই, সেখানে নিজের প্রাণ দিতে হইবে। শ্রীগুরুপাদপদ্মের বাণী সাধক-জিহ্বা বঞ্চিত করিবার জন্য অনর্থচ্ছিন্ন-শালিনীরূপে শত শত চেতন কণ্ঠের সংকীর্ত্তনে আবির্ভূতা। তাহাতে যোগদান করিতে পারিলে অপরাধীর জিহ্বা-স্তম্ভনরূপ সেবা-যজ্ঞে আমিও আহুতি দান করিতে পারিব,—তাহাই মহতের নিন্দন শ্রবণ ও দর্শনজনিত অপরাধের একমাত্র প্রায়শ্চিত্ত। এই প্রায়শ্চিত্ত করিলেই সেই অপরাধ আর আক্রমণ করিতে পারিবে না, রক্ষা পাইতে পারিব, নতুবা এই অসহায় প্রাণ থাকিয়া কাজ কি? শ্রীগুরুপাদপদ্মের এই অবমাননাতেও যে প্রাণ স্থির থাকে, তাহা ত্রিশূলের ত্রিশূলাঘাতে শেষ হইয়া যায় না কেন? যে অপদার্থ জনগণ শ্রীগুরুবৈষ্ণবের নিন্দা কর্ণে প্রবেশের পরও প্রাণ ধারণ করিতে বদ্ধ করে, সে জনগণ চেতনহীন হইয়া আছেরেই প্রমথেশের প্রমথ-গণের অন্বেষক বিচরণকারী হইয়া দাঁড়াইবে, দুর্দ্দৈবের পরাক্রমে আমাদের তখন শমন-ব্রত সমস্তই নষ্ট হইবে, যদি না বকশত্রু-সেনাগণের নাম লইয়া উচ্চৈঃস্বরে কীর্ত্তন করি।

শ্রীপাদ ঔড়ুলোমি মহারাজের হরিকথা.

গত ১৫ই আগষ্ট রবিবার সন্ধ্যা আহ্নিকের পর শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠের অধিবাসগণ প্রবণ-সদনে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত মধ্যখণ্ড দ্বাবিংশ পরিচ্ছেদ হইতে সনাতন-শিক্ষা পাঠ করেন। স্বামীজী "কামাদীনাং কতি ন কতিধা" শ্লোকের ব্যাখ্যামুখে বলেন, 'কাম' অর্থাৎ বাসনা, উপস্থাদি ইন্দ্রিয়ের তাড়না, কৃষ্ণের সেবা করব এই ইচ্ছা ছাড়া অন্য কোন ইচ্ছা। আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছার নাম কাম। আমি একটা কাজ ক'রব সে কাজটার ফল যদি কৃষ্ণ না পান তবে তাহার মূল্য কিছুই নয়।

কর্ম্ম যদি ধর্ম্মের জন্য না হয়, ধর্ম্ম যদি বিরাগের জন্য না হয় এবং বৈরাগ্য যদি তীর্থপাদ শ্রীহরির সেবার জন্য না হয় তবে সে ধর্ম্ম, কর্ম্ম, বৈরাগ্যের কোনই মূল্য নাই। কার্য্যের ফল আমি নিজে ভোগ ক'রব তা'র নাম কাম—এই কামের যত নির্দ্দেশ অর্থাৎ স্ব-সুখভোগের জন্য যত কিছু কাম সে সবই দুর্নির্দ্দেশ। তাহা সমস্তই অকল্যাণকর। এই কাম-ক্রোধ প্রভৃতি আমাদের প্রতি কখনও দয়ালু হ'তে পারে না। তাদের সেবায় কখনও শান্তি হয় না। হে যদুপতে, এখন আপনার অভয় পাদপদ্মে শরণ গ্রহণ ক'রলাম—এখন আমার বুদ্ধি হ'য়েছে, আমি সকল পরিত্যাগ ক'রে এসেছি, আমাকে গ্রহণ করুন। এতদিন আমার কোন বুদ্ধি ছিল না। কোন্‌টা সৎ, কোন্‌টা অসৎ—এই বিচারশক্তির নামই বুদ্ধি। যখন আমি বুঝলাম কামাদির সেবা—অসতের সেবা করা আমাদের কর্ত্তব্য নয় তখন আমার বুদ্ধি লাভ হইল। যদুপতির সেবাছাড়া আমার অন্য গতি নাই বুঝিতে পারিলাম।

সেবক সেব্যকে সেবা করিতে পারে না যদি সেব্য অধিকার না দেন। যাঁ'র সেবা ক'রতে হ'বে, সেবককে তাঁ'র উপর সম্পূর্ণ নির্ভর ক'রতে হ'বে। শাস্ত্র, বেদ, পুরাণ, পঞ্চরাত্র প্রভৃতির মর্ম্ম আমরা নিজেরা বুঝতে পারি না। শাস্ত্র অগাধ এবং ব্যাকরণ বা ভাষাজ্ঞানের বহির্ভূত। কেউ বলেন— যদুপতির সেবা দরকার। কিন্তু যাঁ'রা দার্শনিক, তাঁ'রা বলেন, কৃষ্ণের সেবার চেয়েও বড় কথা আছে বৈষ্ণব-সেবা। কৃষ্ণের সেবা দরকার—কিন্তু কৃষ্ণের সেবা কি প্রকারে হ'বে? যাঁ'রা অভক্ত অসদ্গুরু-আশ্রিত বা সদ্গুরুর আশ্রিত নয় যাঁ'রা

(অতঃপর এর পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ,গরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ,শ্রীগৌর,গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রা-চ্যবিদ্যাপ্রচারকল্পে'নদীয়া-প্রকাশ'গ্রন্থালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, প্রদানচতুষ্টয়-বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থ-গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও চারবর্ণাঙ্ক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাশ্রমী শ্রীপাদ সদীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীপ্রাণগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীবরেণ্যগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামদনের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ কাষগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীঘিরিকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ কাষগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনভজন ব্রহ্মচারী।

(১৪) জয়দেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীযশানন্দ ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা - (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিশরণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাক্দা (নদীয়া)

রক্ষক—শ্রীচরিকিশোর বনবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধবগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস বনবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীমত্তিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীনন্দন ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অসর্টাবিলা, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিবাম, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীবৃন্দেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক শ্রীসুকৃষ্ণদাস ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং কবিরপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅচ্যুতানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) প্রকাশানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—শেরশাহী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং রেলমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিলডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলকৃষ্ণ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভূর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী "

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীজগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাজু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবরকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, আউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীপ্রাণগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত শ্রীসুন্দরানন্দ ব্রহ্মচারী ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২৯শে আগষ্ট, ১৯৩৫

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
লাফাগি	৬।০
বালাম চাল	৫৸০
ঐ নূতন	৫৲
আটপৌরে	৭৲-৭॥০
বাঁকতুলসী	৫।০
মাগরা নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
কলেজ কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেঙ্গল	৩॥৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪।০
দেশোয়ারী	১০৲-১০।০
বাঁশফুলি আতপ	৫।০ ৫।৵
ঐ মাঝারি	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫।০-৫॥০
আটপৌরে	৭৲
ঐ বেঙ্গল	৩৵০

চিনির দর

কাশীপুর, টাইপ	১০॥৵০
কাশীপুর ১০০০ নং	১০/০
জাভা দোবারা	৯০
গুড় পাট্না	৮।০—৯৵০
কাশীপুর লাল	৭॥৵০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

বুলিয়ানের বার	৩৪॥০
গিনি	২২৲
চাঁদির বাট	৫৩।০

পাটের দর

কাবেক—	৪০৸
পুরাতন—	৪০৸
নূতন—	৪৩।০
বাজার বন্ধের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬।০—৬।৵
ক্লাউন ঐ	৬৲—৬৵০
রাইসোরাডে ঐ	৫৷৵০—৫৸০
সুজী	৯৲—৯৵০
আটা (বি)	৫৸০—৫৸৵০
আটা নং (২)	৫/০—৫।/০
আটা (এস)	৫৲—৫।০
আটা (কে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	২॥০—২॥৵০
সোনাউ	১৯৵০—১৯॥০
ভুষি	১৯৵০—১৯৵০

তুলার দর

ঢাকা	৫৭৲
কাসিয়া	৫৭৲
মুলতানী	৫০৲
কাঁচী	৪৫৲

গাজিপুর	৪১।০
আং	৪৯৲
কাবুলে	৩৮৲
রাঙা খয়ের	৪১৸০

লৌহ ও কাষ্ঠ দ্রব্যের

টাটার তৈয়ারী— ৩৫ প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মাকা	৯৸০—৯।০
ঐ বে সর্কী চাদ্দরা গড়ন	৮৸০—৮।০
ঐ টাটা টেসটের জয়েষ্ট বীমসব সাইজ	১০৲
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸০
বরগা (টী আয়রণ)	৮৸০—৯।০
এঙ্গেল আয়রণ (কোনা)	৮।০—৯৲

টাটা গ্যাঃ করগেট টিন।

২৪ গেজ—	১৩॥০
২৬ গেজ—	১৪৵০
২৮ গেজ—	১৫।০

টাটা গ্যাঃ প্লেন সীট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
২৮ গেজ—	১৫৲

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ মটকা ২৪—৩০ গেজ

সীস	।৵৫—৸০
বাখারি দেশী কাটি ৮ হাত (২৭ গন্ডা)	১০।
সেট কাঠি বা চিট কাঠা মণ	৩।০—৪৲

পাটি কাটিং ১—২ ফুট লম্বা

গোল বড় কাটিং লম্বা ১—ফুট ১০—১০৲

ঐ „ ৩—১০ ঐ ৯।০—১০।০

টিন পাটি, গোপাট্টি সহকারে ৮৲—৯৲

গোল বড় বি-কমকোয়া ও কর্ণারেট

বড়	৯৸০—১২৲

সুঃ ইস্পাত আসল ১৩৲, নকল ১১৲

চটকলের চালান ৫৵০, পাটের চালান ৬০

তুলার চালান ৪৸০

সুতের দর

কলিকাতা ২৬শে জুন,

আমেন লোলার কাটন	৫৪৲
সিটি মাদ্রেন কটন	৬০৲
কসাপি পুরমিল কাটন	৬৩৲
চাবর্ণ মাপা	৫৯৲
ঐ কাটন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

প্রতি মণ

পানের মাথা	৮।০
সুপারী দেশী	১৬।০—১৭৲
কাটা সুপারী	১০।০ ১১।০
ভুট পরিষ্কার	১৫।০—১৭।০
নং নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স্ লিঃ

৮ ও ৯নং [illegible] খাট কোম্পানী, [illegible]

কলিকাতা

এম বি সরকার এণ্ড সন্স

সন্স এণ্ড গ্র্যাণ্ড সন্স অব লেট বি সরকার

একমাত্র গিনি সোনার অলঙ্কার ও রৌপ্যের বাসন নির্ম্মাতা



পুরাতন সোনার বদলে নূতন গহনা দেওয়া হয়। মজুরী সুলভ

আমাদের নিজ কারখানায় প্রস্তুত একমাত্র গিনিসোনার নানাবিধ হাল ফ্যাসানের গহনা বিক্রয়ার্থ মজুত থাকে এবং অর্ডার অনুযায়ী প্রস্তুত করিয়া অতি সত্বর দিয়া থাকি ও পাঠান হয়। পত্র লিখিলে বিনা মূল্যে নূতন ক্যাটালগ পাঠান হয়।

ফোন ১৭৬১ বড়বাজার টেলি-ব্রিলিয়্যান্টস্

১২৪,১২৪-১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা

বহুবাজার ও আমহার্ষ্ট ষ্ট্রীটের মোড়

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শান্তিপুর-নবদ্বীপে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৭		১১—২২	১৭—৩৮	২১—৫১
নবদ্বীপঘাট	ছাঃ	৭—২৭	১—৩	১৪—০	১৮ ৪	২০—৫৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৫	১১—১৫	১৬—৬	২১	২০—১

শান্তিপুর নবদ্বীপ হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৫১
নবদ্বীপঘাট	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৫৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-১৩	১০-৩	১২ ১৮	১৬ ৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

অজীর্ণ পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণ [illegible] [illegible] [illegible] উহার [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]।

ঠিকানা—১৯০ কর্ণওয়ালিস রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেতাই, ২৪ পরগণা।



শ্যামবাজার ষ্টীম বিস্কুট এণ্ড বার্লী ফ্যাক্টরী
কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে ।০	৵১০	।৵০	।০
" ইঞ্চি ২৲	১।০	১।০	১৲
সিকিকলম ৫৲	৪০	৪৲	৩৲
অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	৪।০
সিকি কলম ১২	১২৲
অর্দ্ধকলম ২৪	১৮৲
এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের সঙ্ঘর্ষ যুগে এই গ্রন্থখানা পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের মাহাত্ম্য, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য, মানবগণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে ইচ্ছুক; তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮০ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে বর্ণানুক্রমে শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার
শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব
আরম্ভ হইয়াছে।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন।
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে।
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক [illegible] একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

ফোনঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

REG NO C 1844

দৈনিক নদীয়াপ্রকাশ
THE NADIA-PRAKASH

শ্রীমায়াপুরধর্মপালক
শ্রীগৌড়ীয়মঠ-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপানির্দ্দিষ্ট
আচার্য্যবর্য্য
শ্রীচৈতন্যমঠাধ্যক্ষ
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৬ই ভাদ্র, ১৩৪৪, ১লা সেপ্টেম্বর, ১৯৩৭, বুধবার [সংখ্যা ১৫৭]

নীলাম ইস্তাহার

কৃষ্ণনগর, ১ম মুন্সেফ আদালত

নিলামের দিন ৬।৯।৩৭

(১)

২৯৭ খাং জারি ৩৭ দাবী ১১৸৵৩

ডিঃ আবদুল রহমান জোয়ার্দ্দার গং

দেঃ এনামুল খাঁ গং সাং বিটকীপোতা পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে বিটকীপোতা গ্রামে ডিঃ সং ৩৬৮নং খং ৮-৫২ শতক জমির ১৸৵৩ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ২০৲

(২)

৫১০ খাং জারি ৩৭ দাবী ১৭৷৵০

ডিঃ মনমোহন ভট্টাচার্য্য গং

দেঃ গোবরা মল্লিক গং সাং রুকুনপুর পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে রুকুনপুর গ্রামে ডিঃ সং ৪০৩নং খং ৪৫ শতক জমির ।৵৩ জমা, মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ১০৲

(৩)

৬১৩ খাং জারি ৩৭ দাবী ২৭৷৵৩

ডিঃ নারায়ণ চন্দ্র সরকার গং

দেঃ ভবতারিণী দাসী সাং পাঁপুর পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে পাঁপুর গ্রামে ডিঃ সং ১৪৯নং খং ১৫১।১৫২।১৫৮।১৬৯।১৬৬।১৬৮নং খং যে জমা প্রচলিত আছে মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ২০৲

(৪)

৬১৪ খাং জারি ৩৭ দাবী ১৪৵৬

ডিঃ সুরথ নাথ বন্দ্যোপাধ্যায়

দেঃ হরি দুলাল গং সাং গোয়াড়ি পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে গোয়াড়ি গ্রামে ডিঃ সং ১১৫নং খং ২-৩১ শতক জমির ৬৵৬ জমা, মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ১০৲

(৫)

৬৩৩ খাং জারি ৩৭ দাবী ১৮।৬

ডিঃ কালীরাম ভট্টাচার্য্য গং

দেঃ ফকির শেখ গং সাং রুকুনপুর পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে রুকুনপুর গ্রামে ডিঃ সং ৬৮৩নং খং ৩৬ শতক জমির ৩৵০ জমা, মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ১০৲

(৬)

৬৬৫ খাং জারি ৩৭ দাবী ২২৲৯

ডিঃ পূর্ণচন্দ্র চৌধুরী

দেঃ বীরচন্দ্র আচার্য্য সাং ঐ পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপ মিউনিসিপ্যালিটীর মধ্যে ডিঃ সং ২৬৭৫নং খং ১-২৮ শতক জমির ২৲ জমা, মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য ১০৲

(৭)

৬৬৬ খাং জারি ৩৭ দাবী ১২।৵৬

ডিঃ ঐ

দেঃ কানাইলাল দাস গং সাং ঐ পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপ মিউনিসিপ্যালিটির মধ্যে ডিঃ সং ৩৬৭৩নং খং ৪৬ শতক জমির ২৸০ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য ১৫৲

(৮)

৬৭৮ খাং জারি ৩৭ দাবী ৩২৵৩

ডিঃ রাজকুমারী প্রফুল্লনলিনী দাসী গং

দেঃ রামলাল ঘোষ গং সাং শ্রীনাথপুর পোঃ শ্রীমায়াপুর

থানা নবদ্বীপ মৌজে টোটা মধ্যে ডিঃ সং ৭৭নং খং ৫-৮৫ শতক জমির ৬৸৵৯ জমা, মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ২০৲

(৯)

৬৭৯ খাং জারি ৩৭ দাবী ৩৮।৯

ডিঃ ঐ

দেঃ কোদাই শেখ গং সাং মায়াপুর পোঃ শ্রীমায়াপুর

থানা নবদ্বীপ মৌজে শঙ্করপুর গ্রামে ডিঃ সং ১-৭২ শতক জমির ৫৸৵৩ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ২০৲

(১০)

৬৮০ খাং জারি ৩৭ দাবী ৩৩৸৵৬

ডিঃ ঐ

দেঃ রামচন্দ্র ঘোষ সাং এনায়েতপুর পোঃ শ্রীমায়াপুর

থানা নবদ্বীপ মৌজে শঙ্করপুর মধ্যে ডিঃ সং বার্ষিক ৫৵ খাজনার আন্দাজ বিঘা জমি কাত দেনদার যে জমা রাখেন উক্ত বাকী পড়া জমির ষোলআনা রকম দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ১৫৲

(১১)

৬৮১ খাং জারি ৩৭ দাবী ৪০।৬

ডিঃ ঐ

দেঃ ঐ

থানা নবদ্বীপ মৌজে শঙ্করপুর মধ্যে ডিঃ সং বার্ষিক ৬৵০ খাজনা আন্দাজ ৭ বা০ ৸৵০ বিঘা জমির কাত যে জমা রাখেন তাহাতে দেনদারগণের বাকী পড়া জমার ষোলআনা রকম দখলস্বত্ব হুকুক মূল্য ২০৲

(১২)

৬৮৯ খাং জারি ৩৭ দাবী ৮০৲০

ডিঃ শ্রী বিধু চন্দ্র দাস চৌধুরী

দেঃ সাদেক মণ্ডল গং সাং পাথরঘাটা পোঃ কোতয়ালী

থানা কোতয়ালী মৌজে নওপাড়া গ্রামে ডিঃ সং ২৩৭নং খং ৪ ৩ শতক জমির ।৵৯ জমা, মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ৫০৲

(১৩)

৭৪৯ খাং জারি ৩৭ দাবী ১৫৯২৸৵০

ডিঃ কমলা বালা দাসী

দেঃ সতীশ চন্দ্র ঘোষ সাং সাহেবনগর পোঃ নাকাশীপাড়া

থানা নাকাশীপাড়া মৌজে সাহেবনগর মধ্যে ডিঃ সং বার্ষিক সাবেক ১৪৮৸৵৩ টাকা জমা লেখা থাকা (উহার মধ্যে ডিঃ ৫০ আট আনা অংশের পাওনা থাকা ৭৪৩৸৵১৷ ও ২১৩ ৭নং রোঃ বিবাদিগণের অংশের আট আনা অংশের পাওনা থাকা ৭৪৩।৵১৷০ টাকা হইয়াছে) উক্ত নাকাশীপাড়া তৌজির স্বত্ব ষোলআনা মায় সর্বস্ব আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ১০০৲

(১৪)

৭৭৭ খাং জারি ৩৭ দাবী ৩৪৸৵৯

ডিঃ সত্যশরণ বন্দ্যোপাধ্যায় গং

দেঃ দয়ালাল মণ্ডল গং সাং আলিপুর পোঃ কোতয়ালী

থানা কোতয়ালী মৌজে রাইতালা মধ্যে ডিঃ সং ৩৭২নং খং ৩ তন্মধ্যে ৩৫১।৩৫২নং খং ৮ ৭ শতক জমির ৯৲ টাকা জমা, মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ২৫৲

(১৫)

৮২২ খাং জারি ৩৭ দাবী ১৭৸৵৯

ডিঃ মোহর আলি মণ্ডল গং

দেঃ আলি হোসেন শেখ গং সাং বসন্তকোলা পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে বসন্তকোলা গ্রামে ডিঃ সং ৭১০নং খং ১ ১৬ শতক জমির ২৲ জমা, মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ৮৲

(১৬)

৮৫৩ খাং জারি ৩৭ দাবী ৩৮৵৬

ডিঃ ঐ

দেঃ ঐ

ঐ থানা ঐ মৌজে ডিঃ সং ৩৭৪নং খং ২ ২৫ শতক জমির ৫।০ জমা, মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হুকুক মূল্য আঃ ২০৲

(১৭)

৮২৪ খাংজারি ৩৭ দাবী ২৫৻৯

ডিঃ ঐ

দেঃ নেসা বিবি দিং সাং বসরকোলা পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে বসরকোলা গ্রামে ডিঃ সং ৩৭১নং খং -৮৮ শতক জমির ২৷/০ জমা, যার তদুপরিস্থিত, আকর আওলাত দখল হউক মূল্য আঃ ১০৲

(১৮)

৮৩০ খাংজারি ৩৭ দাবী ৩১৬৮৷৯

ডিঃ মেদিনীপুর জমিদারী কোম্পানী লিমিটেড

দেঃ অভিকুল রায় দিং সাং গোপালবাড়িয়া পোঃ মৌরডপুর

থানা মৌরডপুর মৌজে গোপালবাড়িয়া গ্রামে ডিঃ সং দেনাদারগণের নামীয় ১৫৮-৫২ শঃ জমির ৫০০৲ টাকা জমা যার তদুপরিস্থিত আকর আওলাত দখল হউক মূল্য আঃ ১০০০৲

(১৯)

৮৯২ খাংজারি ৩৭ দাবী ২৬৬৬/০

ডিঃ ঐ

দেঃ ভূপতি চন্দ্র বিশ্বাস দিং সাং [illegible] পোঃ মেহেরপুর

থানা মেহেরপুর মৌজে খোকসার ৬১৭ নং খং মৌজে বিষ্ণকান্দির ৯ নং খং, মৌজে চাঁদপুরের, ১৬ নং খং মৌজে খাঁপুরের, ৭৭ নং খং মৌজে গোপালপাড়ার, ৬নং খং মৌজে গোবিন্দপুরের, ১০ নং খং মৌজে কাঠালিয়া, ৫২ নং খং মৌজে মানিকডিহির, ১০ নং মৌজে মুকুটিয়ার, ১১নং খং মৌজে চকহাতিশালা, ৯ নং খং মৌজে বানিয়াডাঙ্গা প্রভৃতি খং নং দিগের ও মৌজে দিগের অন্তর্গত ৮২৯৶১০ যে দরপত্তনী জমার লিপিবদ্ধ হইয়াছে ও যাহা ডিঃ সং পৃথক্ পৃথক্‌ভাবে ৭৩৮৸১০ ও ৯০৷৶ দুইটী পৃথক জমা প্রচলিত ছিল ও যাহা ডিঃ সং দেনাদারগণের নামে ৪৭৫৶৮ ও ৫৮৶৫ পৃথক পৃথক জমা প্রচলিত আছে যার তদুপরিস্থিত আকর আওলাত দখল হউক মূল্য আঃ ২৭০৲

(২০)

৮৯৩ খাংজারি ৩৭ দাবী ১১২৮৸/৯

ডিঃ ঐ

দেঃ ঐ

ঐ থানা ঐ মৌজে ডিঃ সং ১১৭, ৯, ৭ প্রভৃতি খং নং ৮২৯৶১০, ৭৩৮৸১০ ও ৯০৷৶ প্রভৃতি জমা প্রচলিত আছে যার তদুপরিস্থিত আকর আওলাত দখল হউক মূল্য আঃ ১৩৭৫৲

(২১)

৯১৩ খাংজারি ৩৭ দাবী ২০৸/৩

ডিঃ কনকলতা দাসী

দেঃ জিতেন্দ্রনাথ ঘোষ দিং সাং এরোকপুর পোঃ শ্রীমায়াপুর

থানা কোতয়ালী মৌজে পাঁচবেড়িয়ার অন্তর্গত ডিঃ সং ৮ নং ও তদধীন ৯৯।১০৯। ১১২ নং খং যার তদুপরিস্থিত আকর আওলাত দখল হউক মূল্য আঃ ১০৲

(২২)

২২৯ খাংজারি ৩৭ দাবী ১২৭৸/৯

ডিঃ এরফান মণ্ডল

দেঃ সরিবত মণ্ডল দিং সাং টেংরা পোঃ নবদ্বীপ

নিজে সত্যে প্রতিষ্ঠিত না হইলে নির্ভীক সত্য প্রচার করা যায় না। বাহিরে বৈরাগ্যের অভিনয় ও অন্তরে পূর্ণসম্ভোগবাদ রূপ কপটতা মহাপ্রভুর শিক্ষা নহে। নাম-সংকীর্ত্তন-প্রভাবেই স্মরণ সম্ভব হয়। পূর্ণ-প্রস্ফুটিত নামই অষ্টকালীয় নিত্যলীলা। নাম-কীর্ত্তনমুখে স্মরণ না হইলে নামীর সাক্ষাৎকার ও সেবালাভ হয় না। নামরূপ কলিকা সম্যক্ ফুট হইতে হইতেই রূপাদি চিন্ময়রূপ বিকশিত হন, পুষ্পের সৌরভের ন্যায় স্ফুটিত কলিকায় কৃষ্ণের চতুঃষষ্টি গুণ-সৌরভ অনুভূত হয়। নাম কুসুম পূর্ণ প্রস্ফুটিত হইলে কৃষ্ণের অষ্টকালীয় চিন্ময়ী নিত্যলীলা প্রকৃতির অতীত হইয়াও জগতে উদিত হন।

যিনি মহাপ্রভুর শিক্ষা অকপটভাবে প্রচার করিবেন, তাঁহার সুবিধা হইবে। যিনি কীর্ত্তন পরিত্যাগ করিয়া কেবল অর্চ্চন করিবেন, বসিয়া বসিয়া নাক টিপিবেন, তিনি হয় ভোগী, না হয় ত্যাগী হইয়া যাইবেন। শ্রীমন্মহাপ্রভু সকলকেই কীর্ত্তন করিতে বলিয়াছেন। গুরুর কথা করিতে পারিলেই সুবিধা হইবে। কেবল শিষ্য (?) হইয়া জগৎ হইতে চলিয়া গেলে সুবিধা হইবে না। যেমন আমরা স্মৃতির বচনে শুনিতে পাই যে, সংসারে প্রবিষ্ট হইয়া পুত্রোৎপাদন না করিতে পারিলে তাহাকে নরকভোগ করিতে হয়। সেইরূপ কৃষ্ণের সংসারে প্রবিষ্ট হইয়া পুত্রোৎপাদন অর্থাৎ গোত্রবর্দ্ধন বা কীর্ত্তন না হইলে আপনারাও ভোগী ও ত্যাগীর সম্প্রদায় মহাপ্রভুর কৃপা হইতে বঞ্চিত হইবেন। নিষ্কিঞ্চন না হইলে হরিকীর্ত্তন হয় না।

সেব্য, সেবক ও সেবা

'সেবা' কথাটী যেখানে, সেখানে সেব্য ও সেবকের যুগপৎ অস্তিত্ব পরিলক্ষিত হয়। এখন এই সেবা শব্দটী কি তাহা জানিতে পারিলেই তৎসেবকের পরিচয় আপনা হইতেই আসিয়া যায়। জড় জগতের সেবা সেবক-সম্বন্ধে দেখা যায়, সেব্য যিনি তাঁহার কিছু অভাব আছে; অতএব আমি সেবক হইয়া তাঁহার কিছু সেবা করিয়া অভাব পূরণ করিয়া দিই। বর্ত্তমান জগতে প্রচলিত জীব-সেবা, দরিদ্রনারায়ণ-সেবা, দেশের সেবা, দশের সেবা প্রভৃতি উহারই অন্তর্গত। এই সকল সেবা বস্তু সকল সময়েই অভাবগ্রস্ত। অভাব তাহাদের কোন দিনই মেটে না। অগ্নিতে ঘৃত সংযোগ করিলে যেরূপ তাহা নির্ব্বাপিত না হইয়া আরও অধিকতর বর্দ্ধিত হইতে থাকে, তদ্রূপ অভাবগ্রস্ত জীবের সেবা করিতে গেলে তাহার অভাবের নিবৃত্তি না হইয়া আরও বাড়িতেই থাকে। অমনুষ্য মানব আমরাও মনে করিয়া থাকি যে, সেব্য বস্তু উহারাই, এবং সেবক আমরা। আবার কখনও কখনও মনে হয়, সেবক উহারা, সেব্য আমরা। কখনও নিজে সেবক সাজিয়া অন্যের সেবা করিতে ছুটিতেছি, আবার কখনও নিজে সেব্য সাজিয়া অন্যের দ্বারা সেবা করাইয়া লইতেছি। ইহাই বহির্জগতের মনোধর্ম্মী জীবের চিন্তাস্রোতের ধারা। নিত্য, সত্য এবং লক্ষ্মীপতি নারায়ণের অভাব বলিয়া কোন কথা নাই। তিনি—নিত্যকালই স্ব-ভাবে অধিষ্ঠিত। কাজেই বৈষ্ণবের ভগবৎসেবা ভগবানের অভাবপূরণের নিমিত্ত নহে পরন্তু প্রভুর সুখবিধানের জন্য।

গোলোক হইতে আগত শ্রীহরি, গুরু, বৈষ্ণব কৃপা পূর্ব্বক আমাদিগকে যে সেব্য, সেবক ও সেবার সন্ধান দিয়া থাকেন তদ্বিষয়ে এখন আমরা কিছু আলোচনায় প্রবৃত্ত হইয়া আত্ম-শোধনের যত্ন পাইব। অণুচৈতন্য জীব আমরা স্বরূপবিস্মৃতিবশতঃ বিষ্ণু বৈষ্ণবসেবা বিস্মৃত হইয়া মায়ার সেবায় আত্মনিয়োগ পূর্ব্বক এই মহামায়ার দুর্গে জন্ম জন্ম লাঞ্ছিত ও নিপীড়িত হইতেছি। এক বদ্ধ জীবের দুঃখ অন্য বদ্ধ জীব দূর করিতে পারে না, তাই জীবদুঃখে স্থির থাকিতে না পারিয়া ভগবান্ শ্রীকৃষ্ণচৈতন্যদেব জগতে অবতীর্ণ হইয়া নিজ ভজন স্বয়ং নিজে এবং অন্তরঙ্গ পার্ষদবর্গ দ্বারা জগজ্জনকে শিক্ষা দান করিলেন। ভগবানের দয়া কিরূপ অবিচ্ছিন্ন তৈলধারার ন্যায় নিত্য প্রবাহিত, তাহা বোধগম্য করাইবার জন্য শ্রীশ্রীল কৃষ্ণদাস গোস্বামী প্রভু বলিয়াছেন—

"চৈতন্যচন্দ্রের দয়া করহ বিচার।
বিচার করিলে চিত্তে পাবে চমৎকার॥"

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু নিজে প্রকটাবস্থায় স্বয়ং ও ভক্তগণ দ্বারা এবং অপ্রকটকালে নামরূপে প্রকাশিত থাকিয়া আজও জগতে কৃষ্ণসেবাবিমুখ জীবকুলকে সেবা শিক্ষা দান করিতেছেন। ইহা অস্বীকার করিলে ভগবানের দয়ায় নামে কলঙ্ক আরোপ করা হয়।

"অদ্যাপিও সেই লীলা করে গৌররায়।
কোন কোন ভাগ্যবানে দেখিবারে পায়॥"

(শ্রীচৈতন্যভাগবত)

সৎ শিষ্য গুরুকে কিরূপ চক্ষে দর্শন করিবেন, তাহা শাস্ত্রকারগণ আমাদিগকে জানাইয়া দিয়াছেন। স্বয়ং ভগবান্ শ্রীশ্রীমন্মহাপ্রভু নিজে সেব্যবস্তু হইয়াও সেবক-সাজিয়া জগতে সেব্যের সেবা-শিক্ষার আদর্শ দেখাইয়াছেন। শ্রীশ্রীগুরুদেব শিষ্যের নিকট কৃষ্ণপ্রিয়তম বলিয়াই প্রতিভাত হইয়া থাকেন। সমস্ত শাস্ত্র তাঁহাকে সাক্ষাৎ হরি বলিয়া কীর্ত্তন করিয়াছেন। তিনি নিজে হরিসেবা করিয়া জগৎকে হরি-সেবা শিক্ষা দিয়া থাকেন। কৃষ্ণ নিত্য বস্তু, তাঁহাতে অভাব বলিয়া কোনও কথা নাই; আবার শ্রীগুরুদেবও নিত্যবস্তু, পূর্ণবস্তু। তাঁহাতেও অভাব বলিয়া কোন কথা নাই। তিনি সেবাবিমুখ জীবের উদ্ধারের নিমিত্ত কপট-মানববেশে জগতের যাবতীয় বস্তু কৃষ্ণ-সেবায় লাগাইবার সুযোগ প্রদান ও সুকৌশল শিক্ষা দিয়া থাকেন। কিন্তু আমার এমনই দুর্ব্বুদ্ধি যে, আমি মনে করিয়া থাকি, শ্রীগুরুদেবও দেখি আমারই ন্যায় মর্ত্ত্য, অভাবগ্রস্ত জীববিশেষ। তাঁহার কৃষ্ণ-সেবার উপকরণের কিছু অভাব পড়িয়াছে, তাই তিনি আমার দ্বারস্থ হইয়া আমার দ্বারা তাঁহার কিছু অভাব পূরণ করিয়া লইতেছেন বা লইবেন। বহির্ম্মুখ বুদ্ধি দ্বারা চালিত হইয়া যাহারা গুরুকৃষ্ণ-সেবার অভিনয় করেন তাঁহাদের সেবা গুরুকৃষ্ণ কাস্মিন্কালেও গ্রহণ করেন না। মায়াবাদীর অন্তরের অন্তঃস্থল অনুসন্ধান করিয়া দেখিলে দেখা যায় যে, তাহারা বিষ্ণুবিগ্রহ শ্রীভগবান্ ও আশ্রয়বিগ্রহ শ্রীগুরুপাদপদ্মকে অনিত্য বলিয়া ধারণা করে। কিন্তু বাহিরে তাহাদের কৃষ্ণসেবা, গুরুসেবা বা শ্রবণ-কীর্ত্তনাদির অভিনয় কিছু কম বলিয়া লোকে বুঝিতে পারে না। শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুর গাহিয়াছেন—

ভক্তির স্বরূপ আর বিষয় আশ্রয়।
মায়াবাদী অনিত্য বলিয়া সব কয়॥
ধিক্ তার কৃষ্ণ-সেবা, শ্রবণ-কীর্ত্তন।
কৃষ্ণ-অঙ্গে বজ্র হানে তাহার স্তবন॥

আমরা জড় জগতের জড় বস্তু সামান্য ইট, কাঠ, প্রস্তরাদি বা জড় দেহের দ্বারা

কৃষ্ণ তারে দেন চিচ্ছক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্বল॥

ভগবানের সেবা করিতে গিয়া তাহাতে 'আমি'-'আমার' বুদ্ধি ত্যাগ করিতে পারি না; এ অবস্থায় চেতনের দ্বারা চেতনের সেবা, 'গুরুদেবের আমি' হইয়া থাকা কিরূপে সম্ভব হইতে পারে? তাই বলিতে গুরুদেবের আমি বলিয়া অভিমান পূর্ণমাত্রায় থাকিলেও কাহারঃ স্বতন্ত্রতার অপব্যবহারফলে অনেক কিছু মনে করি। তৎফলে আমি গুরুদেবের কিছু সুবিধা করিয়া দিতে পারি, আবার ইচ্ছা ক'রলে তাঁহাকে অসুবিধায় ফেলিতে পারি ইত্যাদি দুর্ব্বুদ্ধির উদয় হইয়া শ্রীগুরুপাদপদ্ম হইতে শত কোটি যোজন দূরে অবস্থান করি। শ্রীগুরু-গৌরাঙ্গের উদ্দেশ্যে নৈবেদ্য সাজাইয়া লোকসমক্ষে ধার্ম্মিকতা লাভ কিনিবার বা প্রতিষ্ঠালাভ তাহাতে সম্পূর্ণরূপে নিজ ভোগবুদ্ধি বজায় রাখিয়া গুরুদেবকে সেবাইত মনে করিয়া যে কৃষ্ণসেবা বা গুরুসেবার অভিনয় তাহা আদৌ সেবা নামে অভিহিত হইতে পারে না। বস্তুতঃ এই পরিদৃশ্যমান জগৎ এবং জগতের যাবতীয় বস্তু কৃষ্ণেরই ভোগ্য। গঙ্গাজলে গঙ্গা-পূজা আমরা সুকৃত অপরাধী মাত্র করিতে পারি। কৃপাপূর্ব্বক আমাদের ক্ষুদ্র সেবা শ্রীহরি-গুরু-বৈষ্ণবগণ গ্রহণ করিলে আমরা কৃত-কৃতার্থ হইতে পারি। সেবা, সেবক এবং সেবার ইহাই দিগ্দর্শন।

শ্রীশ্রীবাসুদেবাবির্ভাব

(শ্রীযুক্ত ভবদেব চট্টোপাধ্যায়, ভক্তিশাস্ত্রী)

(১)

জগতে যখন ঘোর হাহাকার,
ভক্ত-সনে করে নানা বিসম্বাদ,
ভোগপুর-মাঝে করে কলনাদ,
আমি সর্ব্বকর্ত্তা এ বিশ্বমাঝারে।
সাধু সব মোর শাসনের প্রজা,
ভক্ত বসুদেবে বেঁধে দিব সাজা,
আমি হ'য়ে চির মথুরার রাজা,
করিব বিনাশ শ্রীকৃষ্ণ মায়ারে॥

(২)

ভাগবতে আমি অমূল্য রতন,
বিশ্ব-মাঝে আমি বাণীপ্রেষ্ঠজন,
সকিঙ্ সঙ্গিনী সেবে অনুক্ষণ,
ব্রহ্মাণ্ড-মাঝে আমি সাধাসার।
ক'রেছি গোপনে শ্রীকৃষ্ণ-রচনা,
মোর তত্ত্ব বিশ্বে কেহ কি জান না?
দেখ গুরুদত্ত নিদর্শন-খানা,
সাধু রক্ষা করে মোর কৃপায়॥

(৩)

গৃহস্থ সন্ন্যাসী বন ব্রহ্মচারী,
সেবিবে আমারে সর্ব্ব সদাচারী,
শ'ত্রুসনে আমার বাণী শুভকারী,
কোনভাবে তার নাহিক নিস্তার।
যে গাহিবে হেথা বাসুদেব জয়,
বন্দী কর তা'রে কিঙ্কর-নিচয়,
অনাহারে মারি' কর তা'র লয়,
উচ্চনাদে গর্জ্জে কংস দুরাচার॥

(৪)

নানাভাবে দুষ্ট করিছে ছলনা,
ভক্তে প্রদানে অশেষ যন্ত্রণা,
দুষ্ট মন্ত্রী সবে করে কুমন্ত্রণা,
বসুদেব-ভক্তে ক'রিতে বিনাশ।
সেই বাসুদেবে যে ক'রেছে সার,
বন্ধ কর তা'র পানীয় আহার,
বন্ধ কর সেবা-মন্দিরের দ্বার,
সেবা-উপায়ন দেও মোর পাশ॥

(৫)

এ দুর্দ্দিনে বিশ্বে করিতে নিস্তার,
কেও কি গো নাই এ-বিশ্বমাঝার,
ভক্ত-নয়নে বহে অশ্রুধার,
কংস-করে হ'রি কর গো উদ্ধার।
কুতর্ক-কুযুক্তি-প্রাকার-বেষ্টিত,
ঘন অন্ধকারে ভক্ত শৃঙ্খলিত,
ভক্ত-দুঃখ হেরি' শ্রীহরির চিত,
বিগলিত হ'ল কৃপায় অপার॥

(৬)

ঘন-ঘটা-বাধা হ'ল নিবারিত,
শুভ্র সুধাকর হ'ল প্রকাশিত,
অন্ধকার গৃহ করি' আলোকিত,
গোলোকচন্দ্রমা উদিল কারায়।
অপূর্ব্ব প্রকাশ নেহারি তাঁহায়,
ভক্তচিত্ত হ'ল আনন্দে অধীর,
ভক্ত ল'য়ে যায় যথা নন্দ ধীর,
সুন্দরে আনন্দ মিলিল তথায়॥

(৭)

সুন্দর আনন্দ তনুখানি তাঁর,
গোকুলেতে ল'য়ে করেন বিহার,
গোকুলেতে বহে আনন্দের ধার,
দুষ্ট পাপ কংসে বঞ্চিল মায়ায়।
সেবার বিগ্রহে পেয়ে ভক্তগণ,
গোকুল উৎসবে নাচে অনুক্ষণ,
সত্ত অদে তাঁরে বাঁধে কতী ধন,
ভক্তিরক্ষক রক্ষিল সবায়॥

(৮)

অপ্রাকৃত ভক্ত বেশ-বেশান্তরে,
আজি অলোকজ বাসুদেবে ধ'রে,
প্রেমে ভাসে কান্দে আনন্দ অন্তরে,
তাত্ত্বিক হেথায় না পায় উল্লাস।
মাৎসর্য্য-অনলে কংস দগ্ধ হয়,
নিজ মৃত্যু দেখে অন্ধকারময়।
বন্ধু অঘ-বক-শকট-নিচয়,
ল'য়ে মুক্তি করে পেয়ে ভবে ত্রাস॥

(৯)

ভক্তির প্রদীপ জ্বলে ভক্তঘরে,
উৎফুল্ল সাগর নাচে প্রেমভরে,
ভক্তি-বিজ্ঞান বৃন্দারণ্য পরে,
নেহারি' বান্ধব আনন্দে মগন।

এস বাসুদেব!

(শ্রীরামকৃষ্ণ ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

(১)

এস যদুরায়!
বেদদের ধোয়সায়, চারুরুচি নরাকার,
চির গুরুগুণগানার;
মাধুরিমা-মণ্ডিত, মৃদুহাসি-রঞ্জিত,
বেণুনীলবর্ণেত কায়,
এস কৃষ্ণ, এস দেব, এস প্রভো বাসুদেব,
এস এস যদুকুলরায়!
মঙ্গল মহত্ত-লীলায়॥

(২)

যামুন কল্লোলে—
অবিরত অবিকল, তুয়া গুণ কল কল,
গাহিতেছে সুবিমল
আনন্দ-হিল্লোলে,
অদূরে গোকুলপুরে, নন্দ শ্রী নিদ্রাঘোরে,
কি শুভ স্বপন হেরে
আনন্দে উথলে;
মথুরার এ কারার ছটী 'বন্দী' কি আশায়
কোথা কৃষ্ণ যদুরায়
এস এস ব'লে।
ডাকে সদা কারাব্যথা ভুলে॥

(৩)

কাঁদে নিশিদিন—
বসুদেব শ্রীদেবকী, তব আশা-পথ লখি'
আসিবে না তবুও কি
এত কি কঠিন?
সেবক-নয়ন-থার এত কি প্রিয় তোমার?
কারামাঝে একবার
কে চির আসিন্!
তুমি—দেখাবে না মূরতি নবীন?

(৪)

জয়শ্রী-জীবনরায়!
আয়ুধ-করেতে, এ ভাদর রাতে,
এস এস গো ত্বরায়,
সত্ত্বগুণময় তব প্রিয়জন
আর কত স'বে কারায় বেদন?
তাই ডাকি উভরায়।
তুমি—এস এস যদুরায়!!

(৫)

কর কৃপা-কণা দান,
মাথুর কারায় আসিয়া ত্বরায়
চল চল ব্রজধামে;
গোকুল-নগরে, সবে তব তরে,
আছে উচলিত প্রাণ,
নবনীত করে নন্দ-গৃহিণী,
দেহ-গেহ ল'য়ে ব্রজের রমণী,
পাচান-করে শ্রীদাম,
গোপ ডাকিছে—“এস হে শ্যাম!!”

(৬)

ধরণী ধরিয়া ধৈর্য্য,
আশা-পথ চেয়ে, নানা বাধা স'য়ে
ক'রেছে সেবার কার্য্য,
অবনীর ভার, ধরণীধারণ,
এস, এসে কর ত্বরায় হরণ,
নিধন, শোধন, হে নীলবরণ!
যত কিছু আছে বাধা।
তুমি—এসে কর সব কার্য্য॥

(৭)

মেঘ-মালা মৃদুস্বরে,
তব আগমন, করিছে ঘোষণ,
বিপুল জলদানন্দে;
চপলা চমকে ক্ষণে থেকে থেকে,
আরতি-প্রদীপ-ছন্দে।
যেন—ও চারুচরণ বন্দে॥

(৮)

জয়শ্রী-জীবনধন,
এস পরিয়া গলায়, জয় মালিকায়,
করি তোমা আবাহন;
'পূজারী জীবন' তোমার পূজার
গড়ি যেন মোর, কৃপায় তোমার
জীবনে মরণে দীন অভাগার
এই পদে নিবেদন।
তুমি—দিও না ইতর ধন॥

(৯)

এস মা জয়শ্রি আজ,
লইয়া তোমার নীলমণি-হার,
গোকুলের নটরাজ;
“কৃষ্ণ-চন্দ্র-বিনা জীবন বিফল”
তব আগমনে হউক সফল,
এস গো জননী, কৃষ্ণ প্রণয়িনী,
প'র' মনোরম সাজ।
তুমি—এস এস মা গো আজ!!

(১০)

সাবধান সাধুকুল!
প্রভু বাসুদেবে সমাদরে সবে,
সেবিতে ক'রো না ভুল;
অঘ বক, কেশী, যত ছদ্মবেশী,
সবে যা'রা প্রতিকূল,
গোপাল বিনাশে সাধু-সাধী-বেশে,
সদা তোমাদের 'ধরে' আশে পাশে,
ভোজপা.ত-পাশে, প্রতিষ্ঠার আশে,
পাষণ্ডি প্রাণোপকূল।
চাহে—নাশিতে 'আয়ায়-মূল'॥

বাসুদেবে পেয়ে নাচে ভক্তগণ,
বাসুদেব-গানে ভরিল ভুবন,
বাসুদেব নামে উন্মত্ত পবন,
বাসুদেব জয় গায় অনুক্ষণ॥

মায়াকে পিছনে রাখি কৃষ্ণপানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ-রাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, সোনার আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ ভক্তিপ্রচারকগণের নদীয়া প্রকাশ যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রাচ্যানচতুষ্টয় সেবা-শ্রীমদ্ভাগবতপাঠ ও গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও চাবেশিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাশ্রমী শ্রীপাদ সনাতন দাস ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেশগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভজনানন্দদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনভজন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমধ্বানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী -(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক -শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ আচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীঅধিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীহয়বর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

জলাপাহাড়, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ নরিবার, জিঃ নারায়ণপুর, ষ্টেট, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বেহার

রক্ষক শ্রীমধুসূদন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

নবগঃ রোড, গয়া

রক্ষক—শ্রীপ্রণবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৪৩নং ক্ষরিদপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজানন্দ-সুখদ-কুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা।

রক্ষক—শ্রীচিদ্রানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবৰ্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—শেরগাঢ়ী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল (পাঞ্জাব)

রক্ষক—শ্রীনরোত্তমগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৩০নং কুতুব রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গদেব ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গৌরালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅধিবর ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ কৃষ্ণদাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিশোভন দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

নীলগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীজগন্নাথদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) আমলি গৌড়ীয়মঠ

পোঃ আমলি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাড়ু (ভাণ্ডা)

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনকুড়া, পোঃ চিনকুড়া, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ সেবাপরা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীঅপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীমদনগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত [illegible] ব্রহ্মচারী [illegible], ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২৯শে আগষ্ট, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬॥০
ঢাকা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭॥০
বাঁকতুলসী	৫॥০
মাগরা নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
এক্সপোর্ট কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেরুণ	৩।৶০

আতপ—

নূতন আতপ	৪৲—৪॥০
পেশোয়ারী	১০৲-১০।০
বাঁকতুলসী আতপ	৫।০-৫।৵
ঐ মাঝারি	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫।০-৫।০
কাটারীভোগ	৭৲
ঐ বেরুণ	৩৶০

চিনির দর

মিরাট, টাইপ	১০৷৶০
রপিসুর ১০০০ নং	১০৴০
কাশীপুর সাদা	৯।০
কানপুর সাদা	৮।০—৯৶০
কানপুর লাল	৭৷৶০—৮৲

সোণা-রূপারদর।

	প্রতি ভরি
টাকশালের বার	৩৪॥
গিনি	২২৲
চাঁদিরবার	৫৩।০

পাটের দর

আরহে—	৪৩৸০
মিডল—	৪০৸০
উত্তম—	৪১।০
আকার বস্তের সবর—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬।০—৬৷৶০
রূপাংকারন ঐ	৬৲—৬৶০
ডাউসংকড় ঐ	৫৸৶০—৫৸০
সুজী	৬৲—৬৶০
আটা (বি)	৫৸০—৫৸৶০
আটা নং (২)	৫৴০—৫৷৶০
আটা (এস)	৫৲—৫।০
আটা (কে)	৪৸০—৪৸৶০
আটা নং (৩)	২।০—২৸৶০
সোনাই	১৷৶০—১৸০
ভুষি	১৷৶০—১৷৶০

ঘৃতের দর

ঢাকা	৫৭৲
বাঁকীপুর	৫৭৲
কুমারখালী	৫০৲
দিল্লী	৪৫৲

পাকিস্তান	৪৮।০
তার	৪৩৲
কাবুলে	৩৬৲
বাজা দাগরা	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

গোলার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৸০—৯।০
ঐ বে মার্কা হাল্কা ওজন	৮৸০—৮।০
ঐ টাটা টেসটেড জয়েষ্ট বীম সব সাইজ	১০॥
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸০
বরগা (টি আয়রণ)	৮৸০—৯।০
এঙ্গেল আয়রণ (কোনা)	৮।০—৯৲

টাটা গ্যাঃ করগেট-টীন।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৫৴০
২৮ গেজ—	১৫।০

টাটা গ্যাঃ প্লেন সীট।

২৪ গেজ—	১৩৸০
২৭ গেজ—	১৪৸০
২৮ গেজ—	১৫৲

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ ঘটকা ২৪—৩০ গেজ

সীস	।৶৫—৸০
বাগান ঘেরা কাটা তার (বান্ডিল)	১০।০
প্লেট কাটিং বা সিট কাটা মণ	৩।০—৪৲
পাটী কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৭।০—৮৲ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন পাতি, পোস্টু, নমারে	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের জন্য	৯৸০—১২৲

নূঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

৫টকলের হাপর ৫৶০, পাটের হাপর ৩।০

জুতার হাপর ৪৸০

ঘৃতের দর

কলিকাতা ২৬শে জুন,

আমেন সেলিমের কাইন	৫৪৲
লিটন আমের ফরকত	৪০৲
কবাদি গুরমিন কাইন	৪৩৲
হাথার্স সাদা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
পাতন সাদা	৮।০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০।০—১১।০
শুটি খয়ের	১৫।০—১৭।০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স্ লিঃ
ডি-৫ জগন্নাথ ঘাট লোহাপটী, বড়বাজার
কলিকাতা

শ্রীধাম—মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। ছাত্রাবাসে খোরাক ও সেন্ট্রালবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের অতিরিক্ত সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—০,	১৪—০	১৮—৯,	২০—০৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৭৫	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—১১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫০	৯-৩৩	১১-৫৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় বঙ্গ পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিলেও অত্যুক্তি হইবে না। ইহার সহিত ম্যালেরিয়া এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৮০ আনা, বড় বোতল ১৶০ আনা। পাইকারী দর পত্রে।

ঠিকানা—১১নং চক্রবেড়িয়া রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেলেঘাটা, ২৪ পরগণা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনের ॥০	।৶০	।৶০	।০
" ইঞ্চি ২৲	১॥০	১॥০	১৲
সিকি কলম ৫৲	৪৲	৪৲	৩৲
অর্দ্ধ কলম ৮৲	৬৲	৬৲	
এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	৪॥০
" সিকি কলম ১০৲	১২৲
" অর্দ্ধকলম ১৪৲	১৮৲
" এক কলম ৩০৲	৪০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫, বিশেষ সংখ্যা॥ তিন পয়সা।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের দ্বন্দ্বের যুগে এই গ্রন্থখানা পাঠ করা সকলের একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের মাহাত্ম্য, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণ লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য ব্রাহ্মণগণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে উৎসুক, তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে অকারাদি শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার
শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব
আরম্ভ হইয়াছে।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতি প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হয়। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশি থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক একখানি পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

দৈনিক

শ্রেষ্ঠ জনসাধারণ
টেলিগ্রাম—"শ্রীধাম"—শ্রীমায়াপুর

REG NO C 1544

শ্রীপাদ্মনর্ত্তপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

নদীয়াপ্রকাশ
THE NADIA-PRAKASH

ওঁ বিষ্ণুপাদ
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের অন্যতিরিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৯শে ভাদ্র, ১৩৪৪, ৪ঠা সেপ্টেম্বর, ১৯৩৭, শনিবার [সংখ্যা ১৬০]

বিবিধ সংবাদ

——(০(::০:)০)——

উড়িষ্যার নূতন রাজধানী

গত ৩১শে আগষ্ট তারিখে প্রকাশ, যে চারিটি স্থানে উড়িষ্যার নূতন রাজধানী স্থাপনের প্রস্তাব হইয়াছে তন্মধ্যে কোন্ স্থান অপেক্ষাকৃত উপযোগী তাহা নির্দ্ধারণ করিবার জন্য উড়িষ্যা গবর্ণমেণ্ট যে কমিটী নিয়োগ করিয়াছিলেন, তাঁহারা এই মর্ম্মে রিপোর্ট দিয়াছেন :—

উড়িষ্যার বিভিন্ন স্থান হইতে দূরত্বের দিক হইতে বিচার করিলে পুরী হইতে কটক বা তৎসংলগ্ন চৌদ্বার এবং বারং-ই অধিকতর উপযোগী। কিন্তু নদীপরিবেষ্টিত এই সমস্ত স্থান। বৎসরের মধ্যে পাঁচ মাসই প্লাবনের জল উহাদের চতুর্দ্দিক বেষ্টিয়া ফেলে। সুতরাং উহার যে কোনও স্থানে রাজধানী স্থাপন করিতে হইলে প্রথম কর্ত্তব্য হইবে, নদীগুলির উপর সাঁকো নির্ম্মাণ করা; কিন্তু তাহা অত্যন্ত ব্যয়সাধ্য। উপযুক্ত সংখ্যা সাঁকো নির্ম্মাণ করিতে পারিলে অবশ্য চৌদ্বার বা বারং-এর সহিত যুক্ত হইয়া কটকের আয়তন বহু গুণ বৃদ্ধি পাইতে পারে এবং তাহা হইলে কটক রাজধানী স্থাপনের পক্ষে যোগ্য হইতে পারে। কিন্তু বহু ব্যয়সাধ্য সাঁকো নির্ম্মাণ যদি সম্ভব না হয়, তাহা হইলে পুরীই যোগ্যতর।

অবশ্য কটক সম্বন্ধে আরও একটী সুবিধা হইতেছে এই যে, পুরী, বারং বা চৌদ্বারে অট্টালিকাদি নির্ম্মাণে যাহা ব্যয় হওয়ার সম্ভব, কটকে তদপেক্ষা প্রায় ৩ লক্ষ টাকা কম লাগিতে পারে।

কমিটী তাঁহাদের রিপোর্টের উপসংহারে বলিয়াছেন—অবশ্য আমাদের বাধ্য হইয়াই উল্লিখিত চারটী স্থানের মধ্যে আমাদের পছন্দ নিবদ্ধ করিতে হইয়াছে। তাহা না হইলে, এমন কোনও স্থানের কথা আমরা উল্লেখ করিতাম, যাহা উক্ত চারটী স্থান হইতে রাজধানী স্থাপনের পক্ষে যোগ্যতর।

আসামে ভীষণ বন্যা

গত ৩১শে আগষ্ট তারিখের এক সংবাদে প্রকাশ, নাগা পাহাড়ে অত্যধিক বৃষ্টির ফলে আসামের উত্তর-পূর্ব্ব অঞ্চলের দিখাউ, ঝাঁঝি, জোগসই, কাকাডোঙ্গা ও ধানশ্রী নদীর জল অপ্রত্যাশিতরূপে বৃদ্ধি পাওয়ায় জনসাধারণকে অশেষ দুঃখ-দুর্দ্দশা ভোগ করিতে হইতেছে।

নওবয়সা নামক স্থানে ৭০০ ফুট ভাঙ্গিয়া যাওয়ায় জোগসই নদীর জলে ব্রহ্মপুত্র পর্য্যন্ত সমস্ত স্থান জলপ্লাবিত হইয়াছে। নিরভূম এবং ধানের জমির উপর দিয়া প্রবল স্রোত প্রবাহিত হইতেছে। টিটাবরে ১০ হইতে ১২ মাইল দীর্ঘ এবং ৬ হইতে ৮ মাইল প্রস্থ স্থান জলপ্লাবিত হইয়াছে। টিটাবরে একটি সাহায্য কমিটি গঠিত হইয়াছে। এই বন্যা হইবে বলিয়া কেহ আশা করে নাই। কেহ কলাগাছের ভেলায়, কেহ গাছের উপর উঠিয়া প্রাণ রক্ষা করিতেছে।

টিটাবরে কাকাডাঙ্গা, ঢেকেলীজান, চারাইপানি ও কাকাজান নদীতে সহসা জলোচ্ছ্বাস হইয়াছে। কাকাডাঙ্গা নদীর গতি ফিরিয়াছে। তাহার ফলে জমির ফসল ও কতকগুলির গ্রাম ডুবিয়া গিয়াছে। ঐ সকল অঞ্চলে ঘর-বাড়ীতে বাস করা একরূপ অসম্ভব হইয়া পড়িয়াছে।

টিটাবরের সাহায্য-কমিটিতে ১১জন সভ্য আছেন। তাঁহারা বন্যাপীড়িত অঞ্চলের জনসাধারণকে খাদ্য ও নৌকা সরবরাহ করিতেছেন। আসাম ব্যবস্থা পরিষদের কংগ্রেসী সভ্যগণের নিকট টেলিগ্রাম প্রেরিত হইয়াছে। গবর্ণমেণ্টের উচ্চপদস্থ কর্ম্মচারীদিগের নিকটও টেলিগ্রাম করা হইয়াছে। তাঁহাদের সকলের নিকটই সাহায্য চাওয়া হইতেছে।

শিবসাগরের একটি সংবাদে প্রকাশ, গত সোমবার হইতে দিখাউ নদীর জল অত্যধিক বৃদ্ধি পাইতেছে। ফলে, নাজিরা রোড ও এ, বি, রেল-লাইনের মধ্যবর্ত্তী সমস্ত অঞ্চল প্লাবিত হইয়াছে। কুজিবালি রেল ষ্টেশন ও পোষ্ট অফিস জলময়। নাজিরা রোডের উপর দিয়া জলের স্রোত বহিতেছে। স্থানে স্থানে রেল লাইনও জলে ডুবিয়া গিয়াছে। স্থানে স্থানে স্রোতের মুখে গরু-বাছুর ও অন্যান্য গৃহপালিত পশু ভাসিয়া চলিয়াছে।

ঝাঁঝি অঞ্চল হইতে প্রাপ্ত একটি সংবাদে প্রকাশ, গত শনিবার হইতে ঝাঁঝি নদীর জল বাড়ে। সম্প্রতি বাগীও, ভা টি না গাঁ ও অঞ্চলের শত-করা আশীখানি বাড়ী জলময় হইয়াছে। পর্য্যাপ্ত গোচারণ ভূমির অভাবে গরু-বাছুর মারা যাইতেছে।

——

সম্পাদক সাজিয়া প্রতারণা

গত ৩০শে আগষ্ট শিয়ালকোটে, সিটি ম্যাজিষ্ট্রেট বলো বার্কার নামে জনৈক ইউরোপীয়ানকে প্রতারণার দায়ে আদালতের কার্য্য শেষ না হওয়া পর্য্যন্ত আটক রাখিবার আদেশ দিয়াছিলেন। তাহার বিরুদ্ধে মাউণ্ট ভিউ হোটেলকে ৫৮৵০ ঠকাইবার জন্য মামলা আনা হইয়াছিল। মিঃ ফীক নামক স্থানীয় একজন ম্যাজিষ্ট্রেটের বিচারে প্রথমে তাহার ৮ মাস সশ্রম কারাদণ্ড হয়। আপীলে দায়রা জজ ঐ দণ্ড বাতিল করিয়া পুনরায় বিচারের আদেশ দেন।

মামলার বিবরণে প্রকাশ, আসামী নিজকে ষ্টেটসম্যানের সম্পাদক বলিয়া পরিচয় দিয়া উক্ত হোটেলে কিছু দিন ছিল। সে হোটেল ম্যানেজারকে বলে যে, 'হুকুম' পুস্তকের তথ্য সংগ্রহের জন্য সফরে বাহির হইয়াছে এবং কাশ্মীর যাইতেছে তথা হইতে ফিরিয়া হোটেলের পাওনা ৫৮৵০ পরিষ্কার করিয়া দিবে। কিন্তু আসামী সেই যে বাহির হয়, আর ফিরিয়া আসে না। 'ষ্টেটসম্যান' অফিসে খোঁজ করিলে জানা যায় যে, ঐ নামের কোন লোকই সম্পাদকীয় বিভাগে নাই।

প্রথম বিচারের সময় (যখন আট মাস কারাদণ্ড হয়) তাহার পক্ষ হইতে পাওনা টাকা পরিশোধ করা হইয়াছিল। ঐ সময় আপোষের আবেদন ম্যাজিষ্ট্রেট কর্তৃক না মঞ্জুর হয়।

——

সীমান্ত মুস্লিম লীগের সভা ছত্রভঙ্গ

গত ৩১শে আগষ্ট প্রভাতে টাউন হলের সন্নিকটে মুস্লিম লীগ সম্মেলনের এক সভায় জনৈক বক্তা কংগ্রেস নেতৃবৃন্দের বিরুদ্ধে নিন্দাসূচক মন্তব্য করায় সভাস্থলে উত্তেজিত প্রতিবাদ সুরু হয় এবং তাহার ফলে সভা ছত্রভঙ্গ হইয়া যায়।

এই মুস্লিম লীগ সম্মেলনের সহিত অবশ্য নিখিল ভারত মুস্লিম লীগের কোনও যোগা-যোগ নাই; সীমান্ত প্রদেশের বর্ত্তমান মন্ত্রী-সভাকে সমর্থন করিয়া তথায় কংগ্রেসের প্রতিদ্বন্দ্বী কোনী প্রতিষ্ঠান গড়িয়া তুলিবার উদ্দেশ্যে বর্ত্তমান মাসের মধ্যভাগে কয়েকজন মোল্লা এবং মৌলবী ইহার উদ্বোধন করেন।

——

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। তাৎপর্য্য বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৯৲
৩। অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲, ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। দৈববর্ণ ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। বামন আনন্দ ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়-গণ্ডকা ।৶০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল মাধ্ব ভাষ্য ।০
২৭। মুক্তাচরিত্রিকা ও গৌরকৃষ্ণোদয় (সানুবাদ) ২৲
২৮। বেদান্তদর্শন (সানুবাদ ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্চ্চনকৃত্য ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১৹
৪৯। অর্চ্চনদর্পণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। তারতম্য ও তাৎপর্য্য ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবেদান্ত ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সারস্বত শিক্ষাষ্টকম্ ।৶০
৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ ৴০
৬৭। সারাংশবর্ণনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিউ ওয়ার্ডস্ অন্ বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্স্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপ্ল্ অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (১ম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৴১০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ৫ ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় মহাবদান্যবতারের পরিকর শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত -[illegible] একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীগৌরচন্দ্রমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।০।

৪। পরমার্থী -শ্রীযুক্ত রঘুনাথ মহোদয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন চরিত্র
ইহাতে সঙ্কলিত করা
হইয়াছে।

——:০:——

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

১২শ বর্ষ   ১৩ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ১৯শে ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ৪ঠা সেপ্টেম্বর ইং ১৯৩৭, শনিবার } ১৬০তম সংখ্যা

আচার্য্যপ্রকটতিথি-পূজা

—::•::—

আগামী ২৫শে ভাদ্র (১৩৪৪), ১০ই সেপ্টেম্বর (১৯৩৭) শুক্রবার গৌরপঞ্চমী-তিথিতে আমাদের পরমারাধ্য জগদ্গুরু নিত্যলীলা-প্রবিষ্ট ও বিষ্ণুপাদ পরমহংস ১০৮শ্রী শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের যোগ্যতম প্রবর্ত্তন বর্ত্তমান গৌড়ীয়াচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুরের শুভপ্রকট-বাসর। 'আকরমঠরাজ' শ্রীচৈতন্যমঠপ্রমুখ যাবতীয় মঠে ঐ দিবস আচার্য্যবন্দনা-কীর্ত্তন-মুখে আচার্য্যপ্রকটতিথি-পূজা অনুষ্ঠিত হইবে। তন্মধ্যে কলিকাতায় বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়-মঠে ঐ দিবস বিশেষভাবে মহাসমারোহে আচার্য্যাবির্ভাব-মহোৎসব সম্পাদিত হইবে। আমাদের সতীর্থ গুরুভ্রাতা ও ভক্তগণকে আমরা কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে এই উৎসবে যোগদানের জন্য সাদর আহ্বান করিতেছি। ১০ই সেপ্টেম্বর তিথিপূজা এবং ১২ই সেপ্টেম্বর সাধারণ সভার অধিবেশন হইবে। তাঁহাদের প্রতি আমাদের আর একটী নিবেদন,— তাঁহারা শ্রীল আচার্য্যদেবকে অভিনন্দন-পত্রাদি দিতে চাহিলে তাহা যেন ঐ তারিখের পূর্ব্বে গৌড়ীয়মঠের সেক্রেটারী মহামহোপদেশক আচার্য্যত্রিক শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী মহোদয়ের নামে—'শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা' এই ঠিকানায় প্রেরণ করেন। উৎসবের আনুষঙ্গিক প্রণামী ও উপঢৌকন ঐ ঠিকানায় শ্রীগৌড়ীয়মঠের সেক্রেটারী মহোদয়ের নিকট প্রেরিতব্য।

বিরাট্ নগর-সংকীর্ত্তন শোভাযাত্রা

বাগবাজার শ্রীগৌড়ীয়মঠের মহামহোৎসব উপলক্ষে আগামী ২০শে ভাদ্র, ৫ই সেপ্টেম্বর রবিবার তারিখে অপরাহ্ণ ৪ ঘটিকার সময় বাগবাজার শ্রীগৌড়ীয়মঠের শ্রীমন্দির হইতে এক বিরাট্ নগর-সংকীর্ত্তন-শোভাযাত্রা বাহির হইবেন। শোভাযাত্রা কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার ষ্ট্রীট, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, মাণিকতলা স্পার, আমহার্ষ্ট ষ্ট্রীট, বৌবাজার ষ্ট্রীট, কলেজ ষ্ট্রীট, কলেজ স্কোয়ার চতুষ্পার্শ্ব, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, বাগবাজার ষ্ট্রীট হইয়া পুনরায় শ্রীগৌড়ীয়মঠে প্রত্যাবর্ত্তন করিবে। সকলের যোগদান প্রার্থনীয়।

এলবার্টহলে বক্তৃতা

আগামী ১১ই সেপ্টেম্বর শনিবার, সন্ধ্যা ৬৷০ ঘটিকার সময় আলবার্ট হলে (১৫ নং কলেজ স্কোয়ার) সুপ্রসিদ্ধ সাপ্তাহিক "গৌড়ীয়" পত্রের সম্পাদক বাগ্মিবর মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় "ধর্ম্ম ও সমন্বয়" বিষয়ে একটী বক্তৃতা প্রদান করিবেন। সন্তোষের মাননীয় মহারাজা স্যর মন্মথনাথ রায়চৌধুরী কে-টি মহোদয় সভাপতির আসন গ্রহণ করিবেন। সকলের উপস্থিতি ও যোগদান প্রার্থনীয়।

আমার দুর্দ্দৈব কি ?

(৫ম পৃষ্ঠার পর)

সর্ব্বদা সর্ব্বপ্রকারের দম্ভ পরিত্যাগ পূর্ব্বক অনুতাপী হও। এই বাণী তুমি সর্ব্বদা অনুধ্যান কর,—

"গুরৌ গোষ্ঠে গোষ্ঠালয়িষু
সুজনে ভূসুরগণে
স্বমন্ত্রে শ্রীনাম্নি ব্রজনবযুবদ্বন্দ্বশরণে।
সদা দম্ভং হিত্বা কুরু রতিমপূর্ব্বামতিতরা-
ময়ে স্বান্তর্ভ্রাতশ্চটুভিরভিযাচে ধৃতপদঃ॥"

এখন ক্ষমা প্রার্থনা ছাড়া অপরাধ খণ্ডনের আর দ্বিতীয় উপায় নাই।

যে বৈষ্ণবস্থানে অপরাধ হয় যার।
পুনঃ সেই ক্ষমিলে সে ঘুচে, নহে আর॥
কাঁটা ফুটে যেই মুখে সেই মুখে যায়।
পায়ে কাঁটা ফুটিলে কি স্কন্ধে বাহিরায়?

শ্রীগুরুদেব অত্যন্ত দয়াল, তুমি তাঁহার কোটিচন্দ্রসুশীতল শ্রীচরণকমল দৃঢ়ভাবে আশ্রয় কর, তাঁহার সহিত সম্বন্ধযুক্ত না হইতে পারিলে তোমার দুর্ল্লভ মানবজন্ম বৃথাই যাইবে; তাঁহার করুণা না হইলে তুমি ব্রজনবযুবদ্বন্দ্বপদ্মপদে নিত্যকাল বঞ্চিত থাকিবে; শ্রীনাম তোমার জিহ্বায় স্ফূর্ত্তিপ্রাপ্ত হইবেন না; ধাম তাঁহার কোন প্রভাব বিস্তার করিবেন না, তোমার অনর্থ-নিবৃত্তি হইবে না, তুমি অনন্তকাল ত্রিতাপ-গ্রস্ত হইতে থাকিবে। হায়! মহাজনগণের বীর্য্যবতী বাণী কি তোমার বিষয়ের অবসান করিয়া স্বভাবের বিকাশ করাইবে না? তুমি কি তোমার কপট কর্ম্মধর্ম্মের সংস্কার করিয়া পূর্ণ বিশ্বাসে ও সরলতার সহিত এই সমস্ত বাণী শ্রবণপূর্ব্বক তাহা হৃদয়ে ধারণ ও তদ্বারা অনুপ্রাণিত হইয়া পরম-নিঃশ্রেয়সলাভে যত্নবান্ হইবে না?

"নিতাইপদকমল, কোটিচন্দ্রসুশীতল"
যে ছায়ায় জগৎ জুড়ায়।
হেন নিতাই বিনা ভাই, রাধাকৃষ্ণ পাইতে নাই,
দৃঢ় করি' ধর নিতাইর পায়॥
সে সম্বন্ধ নাহি যার, বৃথা জন্ম গেল তার,
সেই পশু বড় দুরাচার।
নিতাই না বলিল মুখে, মজিল সংসার-সুখে,
বিদ্যাকুলে কি করিবে তার॥
অহঙ্কারে মত্ত হঞা, নিতাই পদ পাসরিয়া,
অসত্যেরে সত্য করি মানি।
নিতাইর করুণা হ'বে, ব্রজে রাধা-কৃষ্ণ পাবে,
ধর নিতাই চরণ দুখানি॥

রে পাষাণ মন! এই সমস্ত বাণী শ্রবণ করিয়াও তোমার কি কিছুই পরিবর্ত্তন হইবে না? তোমার অনুরাগ বিরাগে পরিবর্ত্তিত হইয়া শ্রীগুরু-বৈষ্ণবে বিরাগ কি কোন দিন অনুরাগে পর্য্যবসিত হইবে না? তোমার দোষ নাই, আমি অত্যন্ত অপরাধী, আমার দুর্দ্দৈব অপার, জন্মজন্মান্তর ধরিয়া শ্রীগুরু-বৈষ্ণবচরণে কাতর নিবেদন জ্ঞাপন ভিন্ন আর আমার গত্যন্তর নাই। তাই বলি—

"প্রভু হে পদযুগে মোর নিবেদন।
নাহি মাগি দেহসুখ বিদ্যাধন-জন॥
নিজ কর্ম্ম-গুণ-দোষে যে যে জন্ম পাই।
জন্মে জন্মে যেন তব নাম গুণ গাই॥
বিষয়ে যে প্রীতি এবে আছয়ে আমার।
সেই মত প্রীতি হউক চরণে তোমার॥
পশু পক্ষী হ'য়ে থাকি স্বর্গে বা নিরয়ে।
তব ভক্তি রহু এ দীন হৃদয়ে॥"

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

শ্রীকৃষ্ণের চরণাশ্রয় করিতে হইলে গৌরসুন্দরের চরণ আশ্রয় করিতে হইবে, গৌরসুন্দরের চরণ আশ্রয় করিতে হইলে নিত্যানন্দ প্রভুর পাদপদ্ম আশ্রয় করিতে হইবে। ছয় গোস্বামীর পদাশ্রয় করিলে শ্রীনিত্যানন্দ প্রভুকে ভাল করিয়া বুঝা যাইবে।

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ হৃষীকেশ শুক্রবার ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৪১

চিত্রকেতু

এক সময় শূরসেনদেশে চিত্রকেতু নামক এক সার্বভৌম নরপতি রাজত্ব করিতেন। তাঁহার এককোটি ভার্য্যা ছিল। তিনি সন্তান উৎপাদনে সমর্থ হইলেও সেই সকল ভার্য্যা হইতে তাঁহার সন্তান লাভ হয় নাই। অর্থাৎ দৈবযোগে তাঁহার সকল ভার্য্যাই বন্ধ্যা ছিল। রাজা চিত্রকেতু রূপ, উদারতা, বয়স, সৎকুলে জন্ম, বিদ্যা, ঐশ্বর্য্য ও সৌন্দর্য্য প্রভৃতি সর্ব্বগুণে ভূষিত হইলেও সন্তানাভাবে তাঁহার মনে শান্তি ছিল না। সেই চারুলোচনা মহিষীগণ এবং অতুল সম্পদাদি এসব কিছুই তাঁহার প্রীতি উৎপাদন করিতে পারে নাই। তিনি দুশ্চিন্তাগ্রস্ত হইয়া দিনপাত করিতেছেন, এমন সময় একদিন অঙ্গিরা ঋষি যেচ্ছাক্রমে পৃথিবী ভ্রমণ করিতে করিতে রাজা চিত্রকেতুর গৃহে আসিয়া উপস্থিত হইলেন। রাজা চিত্রকেতু তাঁহাকে বিশেষভাবে সম্বর্দ্ধনা করিয়া সসম্মানে উচ্চাসনে উপবেশন করাইয়া বিনয়াবনতভাবে নিজে ক্ষিতিতলে উপবিষ্ট হইলে মহর্ষি অঙ্গিরা মহারাজের কুশল জিজ্ঞাসা করিলেন। রাজার মনোভাবসমূহ জানিয়াও সর্ব্বজ্ঞ অঙ্গিরা মহারাজকে তাঁহার মনোদুঃখের কথা জিজ্ঞাসা করিলে পুত্রার্থী রাজা চিত্রকেতু বিনীতভাবে অঙ্গিরাকে বলিলেন,—'হে ভগবন্! তপোজ্ঞান ও সমাধির দ্বারা পাপধ্বংসকারী ভবাদৃশ যোগিগণের মাদৃশ সংসারীদিগের আন্তরিক ও বাহিক কোন বিষয়ই ত' অজ্ঞাত নাই। কিন্তু আপনি সর্ব্বজ্ঞ হইয়াও যখন আমাকে এ সব কথা জিজ্ঞাসা করিতেছেন তখন আমি আপনার আজ্ঞায় প্রেরিত হইয়া আমার মানসিক চিন্তার বিষয় বলিতেছি। ক্ষুৎপিপাসার্ত্ত ব্যক্তিকে যেমন স্রক্ চন্দনাদি সুখপ্রদ বিষয়ও সুখ দিতে পারে না, সেইরূপ মাদৃশ অপুত্রক ব্যক্তিকেও লোকপালগণের অভিলষিত সাম্রাজ্য, ঐশ্বর্য্য-সম্পদ্ও সুখ দিতে পারে না। অতএব হে মহাভাগ! যাহাতে আমি পুত্রোৎপাদন করিয়া পিতৃপিতামহের সহিত দুস্তর নরক হইতে ত্রাণ পাইতে পারি তদুপায় বিধান করুন।'

চিত্রকেতু সরলভাবে পরম কৃপালু ব্রহ্মপুত্র অঙ্গিরাকে নিজ অভীষ্ট জ্ঞাপন করিলে অঙ্গিরা ত্বষ্টৃযাগ সম্পন্ন করিলেন এবং চিত্রকেতুর রাণীগণের মধ্যে যিনি সর্ব্বশ্রেষ্ঠা এবং জ্যেষ্ঠা সেই প্রথম বিবাহিতা কৃতদ্যুতি-নাম্নী রাণীকে যজ্ঞশেষ প্রদান পূর্ব্বক রাজাকে 'তোমার হর্ষ-শোকপ্রদ একটী পুত্র জন্মিবে' এই বলিয়া প্রস্থান করিলেন।

যজ্ঞাবশিষ্ট প্রসাদ ভক্ষণ করিয়া কৃতদ্যুতি চিত্রকেতু হইতে যথাসময়ে একটী অতি সুন্দর পুত্ররত্ন লাভ করিলেন। রাজা পরমানন্দে বিপ্রগণ দ্বারা কুমারের আশীর্ব্বাদবাণী পাঠ ও জাতকর্ম্ম করাইলেন এবং ঐ সব বিপ্রগণকে স্বর্ণ, রজত, বসন, ভূষণ, গ্রাম, অশ্ব, হস্তী ও ষাট কোটী ধেনু দান করিলেন। পুত্রমুখদর্শনে রাজা ও রাণী উভয়েই আনন্দে আত্মহারা হইলেন। কিন্তু কৃতদ্যুতির সন্তান প্রাপ্তি ও রাজার অনাদর হেতু অন্যান্য রাজপত্নীগণের পুত্রকামনায় পরিতাপ উপস্থিত হইল এবং বিদ্বেষ সহ্য করিতে না পারিয়া তাহারা সেই পুত্রকে বিষ প্রদান করিল। পুত্রের আকস্মিক মৃত্যুসংবাদে রাজা রাণী শোকে বিহ্বল হইয়া হতজ্ঞান হইয়া পড়িলেন। রাজা রাণীর আকুল ক্রন্দনে সকলেই রোদন করিতে লাগিল। রাজাকে এইরূপ দুঃখমগ্ন, হতচেতন, অনাথ জানিতে পারিয়া পরমকরুণাময় অন্তর্য্যামী শ্রীঅঙ্গিরা ঋষি শ্রীনারদ মুনির সহিত সেইস্থানে আসিয়া উপস্থিত হইলেন।

মহর্ষি নারদ ও অঙ্গিরা পুত্রশোককাতর রাজা চিত্রকেতুর সমীপে আগমন পূর্ব্বক তদীয় শোকদূরীকরণার্থ বলিতে লাগিলেন—"পিতা-পুত্রাদিসম্বন্ধ—ভগবানের মায়া দ্বারা কল্পিত, বাস্তবসত্য নহে; কেন না, এরূপ সম্বন্ধ পূর্ব্বে ছিল না, বা পরেও থাকিবে না; বর্ত্তমানে কালবশে এইরূপ সম্বন্ধ স্থাপিত হইয়াছে, অনিত্যসম্বন্ধী বস্তুর জন্য শোক করা উচিত নহে। এই চরাচর সমগ্র জগৎ একেবারে অস্তিত্বশূন্য না হইলেও বাস্তব অস্তিত্বরহিত। বিশ্বস্রষ্টা ভগবান্ই মূল-কারণরূপে পঞ্চভূত অর্থাৎ পিতাদিরূপে সন্তানাদি উৎপাদন করিয়া থাকেন, এই সকল কার্য্যে ভগবান্ ব্যতীত অন্যের কর্তৃত্ব থাকিতে পারে না। তবে জীবের যে পিত্রাদিরূপ অভিমান তাহা মায়াবশতঃই হইয়া থাকে"।

ঋষিদের এইপ্রকার বাক্য শ্রবণ করিয়া রাজা বিগতশোক হইয়া তাঁহাদের পরিচয় জিজ্ঞাসা করিলে ঋষিদ্বয় নিজ পরিচয় প্রদান করিলেন। অনন্তর অঙ্গিরা ঋষি বলিলেন,—হে রাজন্, তুমি ভগবদ্ভক্ত, শোকমোহাদি দ্বারা অভিভূত হইবার যোগ্য নও, এইরূপ বিচার করিয়া আমরা দুইজন এপ্রকার পুত্রশোকে ঘোরতর অন্ধকারে নিমগ্ন তোমাকে কৃপা করিবার জন্য তোমার সন্নিধানে আগমন করিয়াছি; ব্রাহ্মণগণের সেবারত ভগবদ্ভক্ত তোমার শোকে অভিভূত হওয়া উচিত নহে। আমি যখন পূর্ব্বে তোমার গৃহে আসিয়াছিলাম তখনই তোমাকে পরমজ্ঞান দান করিতাম; কিন্তু তোমার অন্তঃকরণে অর্থ ও পুত্রলাভে আসক্তি আছে জানিয়া তখন তোমাকে পুত্রই প্রদান করিয়াছি। এখন তুমি নিজেই পুত্রবান্ হইয়া পুত্রবান্গণের দুঃখ অনুভব করিতেছ। হে শূরসেন! স্ত্রী, গৃহ, ধন বিবিধ ঐশ্বর্য্য সম্পদ্ এবং শব্দ-স্পর্শাদিসুখ ও সার্ব্বভৌমত্ব—এই সকলই অনিত্য। মহীরাজ্য, সৈন্য, ধনাগার, ভৃত্য, অমাত্য ও সুহৃজ্জন—ইহারা সকলেই ভয়, মোহ, শোক ও পীড়া প্রদান করিয়া থাকে। ইহারা ক্ষণে আসে ও ক্ষণে চলিয়া যায়। স্বপ্ন, মায়া ও মনোরথের ন্যায় ইহারা ক্ষণভাবী। এই পরিদৃশ্যমান স্ত্রী-পুত্রাদি, বিষয়বৈভব সবই নশ্বর। এই সকল বিষয়ের বাস্তব সত্তা না থাকায় ইহারা অনিত্য, প্রাক্তন কর্ম্মবাসনাবশতঃ বিষয়চিন্তা করিতে করিতে পুরুষের মন হইতে নানাবিধ কর্ম্মের—ভোগবাসনার উৎপত্তি হইয়া থাকে। এই পঞ্চভূতাত্মক দেহই দেহাভিমানী জীবকে আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক, এই ত্রিবিধ দুঃখ ও সন্তাপাদি প্রদান করিয়া থাকে। এই দেহাভিমানই যাবতীয় ক্লেশের মূল। অতএব তুমি শান্তচিত্তে আত্মতত্ত্ব বিচার কর। তুমি কে? কোথা হইতে আসিয়াছ? পরিণামেই বা কোথায় যাইবে? শোক-মোহাদি দ্বারা তুমি অভিভূত হইবার যোগ্য কিনা, ইত্যাদি বিচার করিয়া এই অনিত্য গৃহাদি দ্রব্যে দ্বিতীয় বস্তুতে নিত্যত্ব বিশ্বাস পরিত্যাগ কর এবং উপশম লাভ কর।

অনন্তর মহর্ষি শ্রীনারদ যোগবলে মৃত রাজপুত্রকে শোকাকুল বন্ধুবর্গের প্রত্যক্ষ-গোচর করিয়া বলিলেন, হে জীবাত্মন্! তোমার মঙ্গল হউক, তোমার শোকে অভিভূত সমস্ত তোমার মাতাপিতা ও সুহৃদ্বর্গকে দর্শন কর। তুমি অপমৃত্যুতে মৃত হইয়াছ বলিয়া তোমার আয়ুষ্কাল এখনও অবশিষ্ট আছে; অতএব তুমি পুনরায় পূর্ব্ব কলেবরে প্রবেশ করিয়া সুহৃদ্গণদ্বারা পরিবৃত হইয়া অবশিষ্ট আয়ুষ্কাল পিতৃপ্রদত্ত রাজ্য ভোগ কর এবং রাজাসনে অধিষ্ঠিত হও।

তদুত্তরে জীবাত্মা বলিলেন,—আমি কর্ম্মবশে দেবতা, তির্য্যক্ ও নরযোনিতে ভ্রমণ করিয়া থাকি, অতএব ইহারা কোন্ জন্মে আমার মাতাপিতা ছিল? জীবাত্মা নিত্য; সুতরাং তাহার জন্মমৃত্যু প্রভৃতি নাই. কর্ম্মফল-বশেই জীব দেব, তির্য্যগাদি নানা যোনিতে পরিভ্রমণ করে এবং অনিত্য কালের জন্য পিত্রাদির সহিত সম্বন্ধ স্থাপন পূর্ব্বক বন্ধু, জ্ঞাতি শত্রু, মিত্র প্রভৃতি সম্বন্ধ-বিশিষ্ট হইয়া কখনও আপনাকে সুখী আবার কখনও আপনাকে দুঃখী মনে করে; বস্তুতঃ নিত্য জীবস্বরূপে ঐ সকল অনিত্য সম্বন্ধ না থাকায় তাহার নিমিত্ত শোক করা কর্ত্তব্য নহে।

চিত্রকেতু স্বীয় ভার্য্যাগণের সহিত মৃত-পুত্রের মুখে এইরূপ তত্ত্ব-উপদেশ শ্রবণপূর্ব্বক পুত্রাদিকে দুঃখের হেতু জানিয়া শোক-মোহাদির আকর গৃহান্ধকূপ হইতে নির্গত হইলেন। যাঁহারা ঈর্ষাবশতঃ পুত্রকে বিষ প্রদান করিয়াছিলেন সেই কৃতদ্যুতির সপত্নীগণও নিজ দুষ্কার্য্যবশে লজ্জিত হইয়া পুত্রকামনা পরিত্যাগপূর্ব্বক যমুনার উপকূলে বালহত্যা-পাপের যথাবিধি প্রায়শ্চিত্ত করিলেন। পরে নারদমুনি চতুর্ব্যূহাত্মক নারায়ণের স্তব করিয়া পরমভাগবত জিতেন্দ্রিয় চিত্রকেতুকে সৃষ্টি, স্থিতি ও লয়ের একমাত্র হেতু, প্রকৃতির ঈক্ষণকর্ত্তা ভগবানের উপদেশ প্রদান পূর্ব্বক পুনঃ ব্রহ্মলোকে গমন করিলেন। মহারাজ চিত্রকেতু এই উপদেশপ্রভাবে সপ্ত দিবস পরে সনৎকুমারাদি সিদ্ধেশ্বরগণদ্বারা-পরিবৃত সঙ্কর্ষণ-সমীপে উপনীত হইলেন এবং তদ্দর্শনে প্রেমে পুলকিত ও রোমাঞ্চিত হইয়া সঙ্কর্ষণকে প্রণাম করত স্তব করিতে লাগিলেন। পরে চিত্রকেতু ভগবান্ সঙ্কর্ষণ ও তৎ-পার্ষদগণের নিত্যত্ব ও অন্যদেবতা ও তদুপাসকগণের অনিত্যত্ব, পরমহংস মুনি ও নিত্য উপাস্য ভাগবত-ধর্ম্মের মহিমা প্রভৃতি বর্ণন করিলে শ্রীভগবান্ অনন্তদেব তাঁহার নিকট আপন তত্ত্ব প্রকাশ করিলেন।

অসদ্ব্যক্তির সঙ্গ বা বিষয়াসক্তি যে সকল অমঙ্গলের মূল, দুঃখ, শোক ও ভয়াদির মূল কারণ, জাগতিক বিষয়-সম্পদাদি সবই যে অনিত্য সুখ-দুঃখপ্রদ এবং সাধুর সঙ্গই যে একমাত্র পরমমঙ্গলজনক এবং সাধুগণের কৃপা যে অহৈতুকী, তাহা আমরা মহারাজা

কৃষ্ণ তারে দেন চিচ্ছক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্ব্বল।

চিত্রকেতুর জীবনীতে ও অন্যান্য বহু দৃষ্টান্তে দেখিতে পাই। আমরা যদি বুদ্ধিমান্ হই, মঙ্গলকামী হই, তাহা হইলে অসৎসঙ্গ ছাড়িয়া সৎসঙ্গে অবস্থানপূর্ব্বক নিরন্তর ভগবৎকথা-শ্রবণ-কীর্ত্তনে জীবন অতিবাহিত করিব। এতদ্ব্যতীত দুঃখনিবৃত্তি বা শান্তি-লাভের অন্য কোন উপায় নাই। সেইজন্য শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

"ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্।
সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ॥"

আমার দুর্দ্দৈব কি ?

(শ্রীযুক্ত মন্মথনাথ দাসাধিকারী, কাব্যতীর্থ)

ভগবন্নাম-গ্রহণই জীবের নিত্য ও পরধর্ম্ম। বেদেও নামের মাহাত্ম্য পরিদৃষ্ট হয়। "ওঁ আহস্য জানন্তো নাম চিদ্বিবক্তন্ মহস্তে বিষ্ণো সুমতিং ভজামহে ওঁ তৎসৎ।" অর্থাৎ হে বিষ্ণো, তোমার নাম চিৎস্বরূপ অতএব তাহা স্বপ্রকাশস্বরূপ ; সুতরাং এই নামের সম্যক্ উচ্চারণাদি মাহাত্ম্য না জানিয়াও যদি কিঞ্চিন্মাত্র মাহাত্ম্য অবগত হইয়াই নামোচ্চারণ করি অর্থাৎ সেই নামাক্ষরগুলির মাত্র অভ্যাস করি, তবেই আমরা তদ্বিষয়ক জ্ঞান প্রাপ্ত হইব। যেহেতু সেই প্রণবব্যঞ্জিত পদার্থ 'সৎ' অর্থাৎ স্বতঃসিদ্ধ (ভগবৎ-সন্দর্ভ)। স্মৃতি-শাস্ত্রাদিতেও নাম-মাহাত্ম্য কীর্ত্তিত হইয়া থাকে। যথা হরিবংশে—

"বেদে রামায়ণে চৈব পুরাণে ভারতে তথা।
আদাবন্তে চ মধ্যে চ হরিঃ সর্ব্বত্র গীয়তে॥"

অর্থাৎ বেদে, রামায়ণে, মহাভারতে, পুরাণের আদি, মধ্য এবং অন্ত্য সর্ব্বত্রই একমাত্র শ্রীহরিই কীর্ত্তিত হইয়া থাকেন। নামই যে সর্ব্বসিদ্ধি, সর্ব্বশাস্ত্র-শিরোমণি শ্রীমদ্ভাগবতেও তাহার যথেষ্ট প্রমাণ আছে।

যথা—

কলেৰ্দোষনিধে রাজন্নস্তি হ্যেকো মহান্ গুণঃ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তসঙ্গঃ পরং ব্রজেৎ॥"
(ভাঃ ১২।৩।৫১)

অর্থাৎ হে রাজন্, কলির দোষরাশির মধ্যেও একটী মহান্ গুণ দেখিতে পাওয়া যায়, কৃষ্ণের কীর্ত্তন মাত্রেই জীব বন্ধনমুক্ত হইয়া ভগবান্‌কে প্রাপ্ত হয়।

শ্রীচৈতন্যচরিতামৃতেও কলিকালে নাম বিনা আর ধর্ম্ম নাই, এই প্রমাণই পরিলক্ষিত হয়। যথা—

কলিকালে নামরূপে কৃষ্ণ অবতার।
নাম হৈতে হয় সর্ব্বজগত নিস্তার॥
নাম বিনা কলিকালে নাহি আর ধর্ম্ম
সর্ব্বমন্ত্র সার নাম, এই শাস্ত্রমর্ম্ম।

সকল শাস্ত্রই সমস্বরে নামেরই শ্রেষ্ঠতা স্বীকার করিয়াছেন। নামই জীবের একমাত্র গতি। সেই নামসাধনই জীবের একমাত্র কর্ত্তব্য।

সেই নামসাধন জীবের পক্ষে সুলভ না দুর্লভ, এ কথা আলোচনা করিতে গিয়া মহাবদান্য শ্রীকৃষ্ণচৈতন্যদেবের শ্রীমুখবিগলিত শ্রীশিক্ষাষ্টকে আমরা দেখিতে পাই—

"নাম্নামকারি বহুধা নিজ সর্ব্বশক্তি-
স্তত্রার্পিতা নিয়মিতঃ স্মরণে ন কালঃ।
এতাদৃশী তব কৃপা ভগবন্মমাপি
দুর্দ্দৈবমীদৃশমিহাজনি নানুরাগঃ॥"

হে ভগবন্, আপনি আমাকে নিরাশ্রয়, দুর্ব্বল, কপট ও বহির্ম্মুখ দেখিয়া অপার করুণা বিস্তারপূর্ব্বক মুখ্য ও গৌণ ভেদে বহু প্রকারে আপনার শ্রীনামকে প্রকাশিত করিয়া রাখিয়াছেন। হরি, কৃষ্ণ, গোবিন্দ, অচ্যুত, রাম, অনন্ত, বিষ্ণু ইত্যাদি মুখ্য ও ব্রহ্ম, পরমাত্মা, নিয়ন্তা, পাতা, স্রষ্টা, মহেন্দ্রাদি আপনার গৌণ নাম। আপনার মুখ্য নাম-সমূহ আপনা হইতে অভিন্ন এবং তাহাতে সকল শক্তি একাধারে সমর্পিত আছে, আর আপনার গৌণ-নাম-সমূহেও বিবিধ শক্তি আংশিকভাবে বর্ত্তমান। অর্থাৎ আপনি নামে আপনার সমস্ত শক্তি অর্পণ করিয়াছেন। এতদ্ব্যতীত শ্রীনাম-স্মরণের কাল কোন নিয়মে আবদ্ধ করেন নাই অর্থাৎ ভোজন, শয়ন ও নিদ্রা কোন কালেই নাম স্মরণ করিবার অসুবিধা নাই। কিন্তু আমার এতই দুর্ভাগ্য যে, শ্রীনামসমূহে কোন অনুরাগ জন্মিল না। দুর্দ্দৈবোৎপত্তির প্রধান কারণরূপ দশবিধ অপরাধ আমাতে পরিপূর্ণভাবে বর্ত্তমান। অন্যাভিলাষিতা, কর্ম্ম ও জ্ঞান এই ত্রিবিধ ভোগময় পথে প্রবৃত্তিই আমার স্বভাব হইয়াছে। সেবোন্মুখতা তো আমার হৃদয়ে দৃঢ়ভাবে প্রতিষ্ঠা লাভ করিতেছে না। তবে যে আমার কপটতাকে চাপাচাপা দিবার জন্য শ্রীনামের সেবা করি, সেটা অনুরাগ নয় তবে ভূতের কথা স্মরণে হরিনামোচ্চারণের মত জানিও ইহা নামাপরাধ মাত্র। কিন্তু আমি কি যথার্থই যম-ভয়ে ভীত? এখানেও কপটতা আছে, কেন না, যদি আমি শ্রীমদ্ভাগবতের—

তানানয়ধ্বমসতো বিমুখান্ মুকুন্দ-
পাদারবিন্দমকরন্দরসাদজস্রম্।
নিষ্কিঞ্চনৈঃ পরমহংসকুলৈরসঙ্গৈ-
র্জুষ্টাদ্ গৃহে নিরয়বর্ত্মনি বদ্ধতৃষ্ণান্
জিহ্বা ন বক্তি ভগবদ্গুণনামধেয়ং
চেতশ্চ ন স্মরতি তচ্চরণারবিন্দম্।
কৃষ্ণায় নো নমতি যচ্ছির একদাপি
তানানয়ধ্বমসতোঽকৃতবিষ্ণুকৃত্যান্॥
(ভাঃ ৬।৩।২৮-২৯)

অর্থাৎ মুকুন্দপাদারবিন্দের যে মকরন্দরস অসৎসঙ্গবর্জ্জিত নিষ্কিঞ্চন পরমহংসকুল নিরন্তর পান করিয়া থাকেন তাহাতে বিমুখ হইয়া যে-সকল অসদ্ব্যক্তি নরকের দ্বার-স্বরূপ গৃহেই একান্ত আসক্ত, (হে দূতগণ), তাহাদিগকে তোমরা আমার সমীপে আনয়ন করিবে।

আর যে সকল পাপীর জিহ্বা একবারও অপরাধশূন্য হইয়া কৃষ্ণনামগুণাদি কীর্ত্তন করে না, যাহাদের চিত্ত একবারও তাঁহার পাদপদ্মস্মরণ করে না, যাহাদের মস্তক একবারও তাঁহার চরণে প্রণত হয় না, যাহারা কখনও বৈষ্ণব-ব্রতাদি অনুষ্ঠান করে না, তাহাদিগকে তোমরা আমার নিকট লইয়া আসিবে।—এই সমস্ত যমরাজের উক্তি যদি আমাকে শাসন করিয়া আমার ভীতি উৎপাদন করিত তাহা হইলে আমার এখনও অসৎসঙ্গত্যাগে কুণ্ঠা বা নিষ্কিঞ্চন পরমহংসকুলের উপাস্য শ্রীনামগ্রহণে বৈরস্য আসে না কেন? তাহাতে স্বাভাবিক অনুরাগ আসে না কেন? সকলনিগমবল্লীচিৎস্বরূপ শ্রীনামের মাধুর্য্য উপলব্ধির বিষয় হয় না কেন? যাহা একবার গীত হইলে নরমাত্রেরই পরমপুরুষার্থ লাভ হয়, যে নামের আভাসমাত্র হইলে সংসারান্ধকার বিনষ্ট হয় এবং অজামিলেরও কৃষ্ণভক্তি-বিষয়ক চক্ষু লাভ হয়, যাঁহার মহিমা সম্যগ্রূপে বর্ণন করা অসম্ভব, সেই শ্রীনামের প্রতি আমার অনুরাগ বৃদ্ধি হইতেছে না কেন? সেই শ্রীকৃষ্ণনামচরিতাদিরূপ সিতোপল অবিদ্যা-পিত্তোপতপ্ত রসনার রুচিপ্রদ হয় না কেন? "কৃষ্ণনাম চিন্তামণি অখিল রসের খনি" এই পরমসত্য মহাজনবাক্যের তাৎপর্য্য আমার গোচরীভূত হয় না কেন? এই সমস্ত অকৃতকার্য্যতার মূল—গুর্ব্বানুগত্যরূপ অনুষ্ঠানের শৈথিল্যাদিরূপ মহাপরাধের আহ্বান। শ্রীগুরুবৈষ্ণবে প্রীতি আমার কতটুকু হইয়াছে বা কতটুকু হওয়ার সম্ভাবনা আছে তাহা আমি মনে মনে চিন্তা করিলেও কতকটা বুঝিতে পারি ; আমার যদি শ্রীগুরুবৈষ্ণবের সেবায় প্রীতি থাকিত, আমার এই দুর্জ্জন যদি কোন দিন তাঁহাদের সেবা সম্পাদনে অধিকারিত্ব-বিশিষ্ট হইত তাহা হইলে তাহার (মনের) সেই পতিতপাবন পরমহংসকুলতিলক শ্রীগুরুদেব ও বৈষ্ণবগণের, তদ্দাস অসুর-স্বভাব গুরুবিদ্বেষী লোক-গত নিন্দাবাদ শ্রবণ করিয়াও সেই সমস্ত অসতের অকথ্যকথন জিহ্বাকে সমূলে ছেদন না করিয়া অপরাধপূর্ণ এই অভাগ্যজনকরূপ নিরর্থক দেহকে ধারণ করিবার সমূহ চেষ্টা বর্ত্তমান থাকিবে কেন?

শাস্ত্রে দেখা যায়, যিনি বৈষ্ণব-নিন্দা শ্রবণ করেন তাঁহারও উৎকট অপরাধ হয়। যথা—

"নিন্দাং ভগবতঃ শৃণ্বন্ তৎপরস্য জনস্য বা।
ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ সুকৃতাচ্চ্যুতঃ॥"

অর্থাৎ ভগবানের বা ভক্তের নিন্দা শ্রবণ করিয়াও যে ব্যক্তি সেইস্থান ত্যাগ না করেন সেই ব্যক্তি সুকৃতি হইতে চ্যুত হইয়া অধঃপতিত হন। তথা ভাগবতে—

"কর্ণৌ পিধায় নিরিয়াৎ যদকল্প ঈশে
ধর্ম্মাবিতর্য্যসৃণিভির্নৃভিরস্যমানে।
ছিন্দ্যাৎ প্রসহ্য রুশতীমসতীং প্রভু-
শ্চেজ্জিহ্বামসূনপি ততো বিসৃজেৎ স ধর্ম্মঃ॥"

মার্কা	৯৸৹—৯৷৹
ঐ সে মার্কা হাল্কা ওজন	৮৸৹—৮৷৹
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বাঁধন সহিত	১০৷
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৹
বরগা (টী আয়রণ)	৮৸৹—৯৷৹
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷৹—৯৲

টাটা গ্যাঃ করগেট টিন।

২৪ গেজ—	১৩৸৹
২৬ গেজ—	১৫৶৹
২৮ গেজ—	১৫৷৹

টাটা গ্যাঃ প্লেন শীট।

২৪ গেজ—	১৩৸৹
২৬ গেজ—	১৪৸৹
২৮ গেজ—	১৫৲

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸৹
২৬ গেজ—	১৪৸৹

গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ

শীট	।৶৫—৸৹
বাজার বেদা কাটা তার (বান্ডিল)	১০৷৹
প্লেট কাটিং বা ভিট কাটা মণ	৩৷৹—৪৲

পাটী কাটিং ৩—৯ ফুট লম্বা

৭৷৹ - ৮৲ হন্দর

গোল রড কাটিং লম্বা ১—৩ফুট ৯৲-০-১০৲

ঐ ,, ৩—১০ ঐ ৯৷৹—১০৷৹

টিন পাতি, গোলট্ট মরাবে ৮৲—৯৲

গোল রড বি-টিনকোস ও কনক্রিটের

রড ৯৸৹-৩১২

নুঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

স্টিকলের হাপবল ৫৶৹, গাটের হাপবল ৬৷৹

ছুলার হাপবল ৪৸৹

ফুলের দর

কলিকাতা ২৮শে জুন,

আবের সোনার কাটন

সিট্ন আবের কাঠ

কবাডি খুরদির কাটন

বাদাম বাধা

ঐ কাটন

বেনেতি মসলা

কলিকাতা, ২৮শে জুন,

	প্রতি মণ
পাকা সাবু	৮৷৹
সুপারী দেশী	১৬৷৹—১৭৲
কাটা সুপারী	১০৷৹—১১৷৹
ঘুটি খরিদ্দার	১৫৷৹—১৭৷৹
নং নূতন পাটনাই	১৭৲—১৮৷৹

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স লিঃ
৬-৫ জগন্নাথ ঘাট সোনাপটী, পোস্তা
কলিকাতা



রেলওয়ের সময়

কৃষ্ণনগর হইতে শান্তিপুর-নবদ্বীপঘাট যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩-		১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—১৭,	১১—৩,	১৪-		১৮—২,	২০—৪৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭	৫	১১—১৩,	১—৯	১৮—১৩,	২০—৯

নবদ্বীপঘাট হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-৩	১৮-৫১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৯	৯-৪০	১১-৫৮	১৬-৮	১৮-৫৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮	১৬ ৩৮	

কবিরাজ মণিভূষণ কাব্যকণ্ঠাভরণের

জ্বরশোধক বটিকা

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত শীর্ণ দীনকায় রুগ্ন পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিলে অত্যুক্তি হইবে না। জ্বরের প্লীহা, যকৃৎ, কামলা এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার জ্বরের আর ভয় নাই। মূল্য ছোট বোতল ।৶৹ আনা, বড় বোতল ১৶৹ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং কর্ণওয়ালিশ রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেলঘরিয়া, ২৪ পরগণা।



দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চ	২৲	১।০	১।০	১৲
" সিকিকলম	৫৲		৪৲	৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬	৪।০
" সিকি কলম ১৲	১২৲
" অর্দ্ধকলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১.

প্রতি সংখ্যা ।৫ ; বিশেষ সংখ্যা।০ ভিক্ষা মাত্র।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের দ্বন্দময় যুগে এই গ্রন্থখানা পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের মাহাত্ম্য, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও ভাগবত মানবগণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে উৎসুক তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ্, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে ব্যবহৃত শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার
শ্রীগৌড়ীয় মঠে বার্ষিক মহামহোৎসব
আরম্ভ হইয়াছে।

আগামী ১১ই সেপ্টেম্বর শনিবার সন্ধ্যা ৬॥০ ঘটিকায় কলিকাতা আলবার্টহলে 'গৌড়ীয়' সম্পাদকের 'সম্প্রদায় ও সমন্বয়' সম্বন্ধে বক্তৃতা হইবে।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গৌড়ীয় বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

—:(০):—

১। নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কাশিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

REG NO C 151

শ্রীমাধ্বগৌড়েশ্বর
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়াপ্রকাশ
THE
NADIA-PRAKASH

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র মঙ্গল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২২শে ভাদ্র, ১৩৪৪, ৭ই সেপ্টেম্বর, ১৯৩৭, মঙ্গলবার [সংখ্যা ১৬২]

বিবিধ সংবাদ

যুক্তপ্রদেশের ব্যবস্থা-পরিষদ

গত ২রা সেপ্টেম্বর প্রাতঃকালে যুক্তপ্রদেশের ব্যবস্থা-পরিষদের বাজেট অধিবেশন আরম্ভ হয়। শ্রীযুক্ত পুরুষোত্তম দাস টাণ্ডন সভাপতির আসন গ্রহণ করেন। পার্লেমেন্টারি দিবস পালন উপলক্ষে যে-সকল স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হইয়াছিল, তাহারা মুক্ত হওয়ায় মুসলিম লীগ দল মূলতবী প্রস্তাব উত্থাপন করেন নাই।

অধিবেশনের প্রারম্ভে মাননীয় স্পীকার বলেন যে, ব্যবস্থা পরিষদের ও ব্যবস্থাপক সভার গত অধিবেশনে যুক্তপ্রদেশের পার্লিয়ামেণ্টারী সেক্রেটারীগণ এক্ট (১৯৩৭) এবং মন্ত্রীগণের বেতন সংক্রান্ত 'ডিমাইস' তামাদি এক্ট পাশ হয়। সম্রাট গবর্ণর ঐ দুই আইনে সম্মতি দিয়াছেন।

যুক্তপ্রদেশের বাজেটের পূর্ব্বাভাষ

বিশ্বস্তসূত্রে জানা গিয়াছে যে, এবারকার বাজেট আয়-ব্যয়ের সমতাযুক্ত বাজেট হইবে। সরকারী কর্ম্মচারীদের বেতন ছাঁটাই না করিয়াও আয়-ব্যয়ের সমতা রক্ষিত হইয়াছে, ইহা প্রধান মন্ত্রী মাননীয় গোবিন্দবল্লভ পন্থের (অর্থ বিভাগও ইহার হাতে আছে) কৃতিত্বের পরিচায়ক।

প্রথমে প্রায় ৪১ লক্ষ টাকা ঘাটতি দেখা যায় এবং পাবলিক সার্ভিসের চাকুরিয়াদের বেতন ছাঁটাই করিয়া উহা পূরণ করার প্রস্তাব হয়। কিন্তু দেখা যায় যে, উহাতে বৎসরে ৬০০০০৲ টাকার বেশী সাশ্রয় হইবে না। তখন ঐ প্রস্তাব পরিত্যক্ত হইয়া অন্যদিকে ব্যয়-সঙ্কোচের চেষ্টা করা হয়। বহুদিন হইতে যে সকল পদে লোক ছিল না সেই সকল পদ একেবারে তুলিয়া দিয়া প্রায় এগার লক্ষ টাকা এবং ভাতা, ভ্রমণ খরচ প্রভৃতি কমাইয়া প্রায় চৌদ্দ লক্ষ টাকার সাশ্রয় হয়। জনসাধারণের পক্ষে ক্লেশকর কোন কর ধার্য্য হইবে না। প্রমোদ-কর প্রবর্ত্তন একরূপ নিশ্চিত। উহা হইতে প্রায় ৮।১০ লক্ষ টাকা আসিবে। এইভাবে মাননীয় গোবিন্দবল্লভ পন্থ মহাশয় বাজেটের সমতা রক্ষা করিয়াছেন বলিয়া প্রকাশ।

বিহার পরিষদ

বিহার ব্যবস্থা পরিষদের স্পীকার সদস্যদের হিন্দুস্থানীতে বক্তৃতা করার অধিকার সম্পর্কে গুরুত্বপূর্ণ রুলিং দিয়াছেন। ভারত-শাসন আইনের উল্লেখ করিয়া তিনি বলেন, যে সকল সদস্য ইংরাজী জানেন তাঁহাদের পক্ষে ইংরেজীতে বক্তৃতা করা বাধ্যতামূলক। যে সকল সদস্য দেখাইয়াছেন যে, তাঁহারা ইংরেজীতে খুব ভাল বক্তৃতা করিতে পারেন, তাঁহাদিগকে কেবল ইংরেজীতেই বক্তৃতা করিতে হইবে। যে সকল সদস্য তাঁহাদের বক্তব্য ইংরেজীতে ভাল করিয়া প্রকাশ করিতে পারেন না, তাঁহারাই কেবল তাঁহারা যে ভাষায় তাঁহাদের বক্তব্য প্রকাশ করিতে পারেন সেই ভাষায় বক্তৃতা করিবেন।

এই রুলিং এর ফলে যে সকল অসুবিধার সৃষ্টি হইবে সরকার পক্ষীয় ও অন্যান্য সদস্যগণ তৎপ্রতি স্পীকারের দৃষ্টি আকর্ষণ করেন। তদুত্তরে স্পীকার বলেন যে যখন স্পীকার মনে করিবেন যে, কাহারও তাহার বক্তব্য বিষয় সুস্পষ্ট করার জন্য হিন্দুস্থানীতে বক্তৃতা করা প্রয়োজন, কেবল সেইরূপ ক্ষেত্রে কোন সদস্যকে ঐ ভাষায় বক্তৃতা করিবার অনুমতি দেওয়া হইবে।

মাদ্রাজ পরিষদ

মাদ্রাজ ব্যবস্থা পরিষদে কোনও প্রশ্নের উত্তরে প্রধান মন্ত্রী শ্রীযুক্ত রাজগোপালাচারি বলেন—সরকারী কর্ম্মচারীদের বেতন হ্রাস সম্বন্ধে গবর্ণমেণ্ট এখনও সুনির্দ্দিষ্ট কোন প্রস্তাব করেন নাই। তবে সাবর্ডিনেট সার্ভিসের বেতন হ্রাসের বিষয় চিন্তা করা হইতেছে। নিরপেক্ষভাবে সমস্ত বিষয় তদন্ত করা হইবে। তবে এই তদন্তের ফলে উৎপাদিত সুপারিশগুলি যে কোনও ট্রাইব্যুনালের নিকট পেশ করা হইবে, এমন প্রতিশ্রুতি গবর্ণমেণ্ট দিতে পারেন না।

হংকংএ প্রচণ্ড ঝড়ে বহু জাহাজ জলমগ্ন ও বহু লোকের জীবন নাশ

গত ১লা সেপ্টেম্বর রাত্রি ২টার সময় হংকং এর উপর দিয়া প্রচণ্ড ঝড় বহিয়া গিয়াছে। জাপানীদের অবরোধের ফলে বহু জাহাজ হংকংএ আশ্রয় গ্রহণ করায় পোতাশ্রয়ে জাহাজের ভিড় জমিয়া গিয়াছে। এই কারণে ঝড়ের দরুণ তথায় সমূহ ক্ষতি হইয়াছে।

খুঁটির উপর জাহাজ ঝড়ের বেগে জাহাজ ঠেলিয়া উঠিয়াছে বা জলমগ্ন হইয়াছে। ডাঙ্গায় ঝড়ের ফলে মৃত্যু সংখ্যা বোধ হয় এক শতের নীচে, কিন্তু সমুদ্রে তাহা অনেক বেশী বলিয়া আশঙ্কা করা হইতেছে।

একটি পকেট ঝড়ের ফলে আগুন লাগিয়া যায়। তথা হইতে ১৩টী মৃতদেহ উদ্ধার করা হইয়াছে। ঝড়ের বেগ এত বাড়িয়া যায় যে, আবহাওয়া অফিসের যন্ত্রে ঘণ্টায় ১৩০ মাইল গতিবেগ সূচিত হওয়ার পর যন্ত্রটি অচল হইয়া যায়।

সর্পাঘাতে স্বামী-স্ত্রীর মৃত্যু

গত ২রা সেপ্টেম্বর [illegible] রাত্রিতে বেলহরপুরের অন্তর্গত চুওয়া ঘাটের এক হিন্দু কৃষক ও তাহার স্ত্রী সর্পদংশনে মারা গিয়াছে।

প্রকাশ, স্বামী স্ত্রী রাত্রিতে নিদ্রিত ছিল, এমন সময় একটি গোখুরা সাপ প্রথমে স্ত্রীলোকটিকে আক্রমণ করিয়া দংশন করে। তাহার চীৎকারে তাহার স্বামী জাগিয়া উঠিয়া তাহাকে রক্ষা করিতে গেলে সাপ তাহাকেও দংশন করে। লোকটির ভগিনী অন্য ঘরে নিদ্রিত ছিল; চীৎকারে তাহার ঘুম ভাঙ্গিয়া যায় এবং সে দৌড়াইয়া তাহার সাহায্যার্থ গেলে সাপ তাহাকেও দংশন করে। স্থানীয় ওঝারা তাহাদিগকে চিকিৎসা করিয়াছিল, কিন্তু স্বামী স্ত্রী তিন ঘণ্টার মধ্যেই মারা গিয়াছে; সৌভাগ্যক্রমে অপর স্ত্রীলোকটি রক্ষা পাইয়া গিয়াছে। সাপটি পলাইয়া গিয়াছে।

ইউক্রেনের প্রধান মন্ত্রীর আত্মহত্যা

একটী ইস্তাহারে ঘোষণা করা হইয়াছে যে, ইউক্রেনের প্রধান মন্ত্রী প্যানাস লুবচেঙ্কো আত্মহত্যা করিয়াছেন।

একটী ঘোষণায় প্রকাশ, মিঃ লাবচেঙ্কো সোভিয়েট রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত ছিলেন, ইহা আবিষ্কৃত হওয়ার পর ধরা পড়িবার ভয়ে তিনি গত সোমবার আত্মহত্যা করিয়াছেন। ভূতপূর্ব্ব [illegible] ত্রিশ বৎসর বয়স্ক মিঃ মিকেল বণ্ডারেঙ্কোকে তাঁহার পদে নিযুক্ত করা হইয়াছে।

"জনসাধারণের শত্রু" নামে অভিহিত ১০ জন ষড়যন্ত্রকারী এবং কম্যুনিষ্ট বিপ্লবের প্রতিক্রিয়াশীল প্রবাসী ট্রট্স্কি পন্থী [illegible] আন্দোলনকারীকে সামরিক আদালতের বিচারে মৃত্যুদণ্ডে দণ্ডিত করা হইয়াছিল. সোভিয়েট রাষ্ট্রের মুখপত্র 'প্রাভদা'য় তাহাদের মৃত্যুদণ্ড ঘোষণা করা হইয়াছে। তাহাদের বিরুদ্ধে অভিযোগ এই যে, তাহারা জনসাধারণ ও শ্রমিকদের শত্রুদের উদ্দেশ্যে রাষ্ট্রীয় সার্ব্বভৌম উপনিবেশগুলি ধ্বংসের ষড়যন্ত্র করিয়াছিল।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১।	শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র	৬০৲
	প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত—	২৮৲
	দশম স্কন্ধ—	৯৲
২।	ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত	৭৲
৩।	ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত	৭৲
৪।	সরস্বতী-জয়শ্রী	৪৲
৫।	শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী	
	১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০	
৬।	শ্রীল প্রভুপাদের পত্রাবলী	
	১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০	
৭।	শ্রীচৈতন্যদেব	১৲
৮।	সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা	১।০
৯।	জৈবধর্ম্ম	২৲
১০।	গৌড়ীয়-কণ্ঠহার	২৲
১১।	শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)	২৲
১২।	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
১৩।	হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪।	সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)	।০
১৫।	বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব	।০
১৬।	ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭।	চৈতন্যোপনিষৎ	।০
১৮।	বাদন-আনন্দ	।০
১৯।	ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা)	১৲
২০।	গৌড়ীয়-গৌরব	।৵০
২১।	গৌড়ীয়-সাহিত্য	।৵০
২২।	ভজন-রহস্য	।০
২৩।	শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)	১
২৪।	গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)	২৲
২৫।	গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ)	২৲
২৬।	গীতার কেবল মাধ্ব-ভাষ্য	।০
২৭।	মুক্তিমঞ্জরিকা গুণসৌরভঃ (সানুবাদ)	২৲
২৮।	বেদান্তরত্নসার (সানুবাদ)	।০
২৯।	প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)	৸০
৩০।	দীপ-দিগ্-দর্শন	৶০
৩১।	সাধনপথ (তৃতীয়-সংস্করণ)	।৵০
৩২।	গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা)	১০
৩৩।	নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
৩৪।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা)	৶০
৩৫।	গীতমালা	৴১০
৩৬।	নবদ্বীপধাম মাহাত্ম্য	৶০
৩৭।	ঐ প্রমাণ-খণ্ড	৶০
৩৮।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	।০
৩৯।	শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ	।০
৪০।	শরণাগতি	৴০
৪১।	গীতাবলী	৴০
৪২।	শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	৸০
৪৩।	সাধনতত্ত্ব	৴০
৪৪।	প্রেমভক্তিচন্দ্রিকা	৴০
৪৫।	নবদ্বীপশতক	৴০
৪৬।	অর্চ্চনকণ	৴০
৪৭।	সদাচারস্মৃতি	৴০
৪৮।	কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)	৴১০
৪৯।	অর্চ্চনকণ	৴১০
৫০।	বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড)	৩৲
৫১।	ব্রহ্মসংহিতা	।০
৫২।	মণিমঞ্জরী (সানুবাদ)	।০
৫৩।	গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৫৪।	পুরুষার্থ-বিনির্ণয়	।০
৫৫।	তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী	।০
৫৬।	ভারতবর্ষ ও ভক্তিপথ	৶০
৫৭।	ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ	
৫৮।	শ্রীকৃষ্ণদেবম্	৶০
৫৯।	সিদ্ধান্তদর্পণ	৶০
৬০।	সাংখ্যবাণী	

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১।	শ্রীচৈতন্যলীলামৃতসারঃ	।০
৬২।	সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ	।০
৬৩।	সটীক-সিদ্ধান্তসূত্রম্	।০
৬৪।	তত্ত্বসূত্রম্	।০
৬৫।	সানুবাদ শিক্ষাষ্টকম্	।৵০
৬৬।	গৌড়ীয়মঠপরিচয়ঃ	৴০
৬৭।	সারাংশবর্ণনম্	৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮।	রায় রামানন্দ	।০
৬৯।	এ ফিউ ওয়ার্ডস্ অন্ বেদান্ত	।০
৭০।	নামভজন	৴০
৭১।	বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি	।০
৭২।	রিলেটিভ ওয়ার্ল্ডস	৶০
৭৩।	লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু	।০
৭৪।	বৈষ্ণবীজম্	।০
৭৫।	হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং	৴০
৭৬।	দি ভাগবত	।০
৭৭।	ইরোটিক প্রিন্সিপ্ল্ অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন	।০
৭৮।	ব্রহ্মসংহিতা	২।০
৭৯।	শ্রীকৃষ্ণচৈতন্য (ফার্ষ্ট ভল্যুম	১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০।	শ্রীহরিনামচিন্তামণি	।০
৮১।	সাধন-পথ	।০
৮২।	কল্যাণ-কল্পতরু	৴১০
৮৩।	গীতাবলী	৴০
৮৪।	শরণাগতি	৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫।	শরণাগতি	৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬।	শ্রীচৈতন্যশিক্ষামৃত	২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, পত্রি একাদশীতে প্রকাশিত হয়। মূল্য ৲ ভিক্ষা ৫।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক, পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—[illegible] পাক্ষিক। [illegible] হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

—————:০:—————

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-স্মৃতির প্রথমখণ্ড ডবল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

১২শ বর্ষ { ১৬ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ২২শে ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ৭ই সেপ্টেম্বর ইং ১৯৩৭, মঙ্গলবার } ১৬২তম সংখ্যা

বিরাট্ ধর্ম্মসভায় গৌড়ীয় মঠের বক্তৃতা

——::(o::——

"ইউনিভার্সিটি ইন্‌ষ্টিটিউট হলে"

গত ৩রা সেপ্টেম্বর শুক্রবার অপরাহ্ন সাড়ে ছয় ঘটিকার সময় কলিকাতা মহানগরীর সুবিখ্যাত "ইউনিভার্সিটি ইনষ্টিটিউট হলে" বিশ্বব্যাপী শ্রীগৌড়ীয়মঠের প্রচারক জার্ম্মাণ-দেশীয় দার্শনিক পণ্ডিত শ্রীপাদ সদানন্দ ব্রহ্মচারী (হার ই জি, শুলৎসে) মহানগরীর জজ, ম্যাজিষ্ট্রেট, প্রিন্সিপ্যাল, প্রফেসার, ব্যারিষ্টার, উকিল, মোক্তার, ডাক্তার, কলেজের ছাত্র প্রভৃতি বহু বিশিষ্ট শ্রোতার সমক্ষে 'How East and West can meet'. সম্বন্ধে একটী সর্বজন-চিত্তাকর্ষক সুগবেষণাময়ী বক্তৃতা প্রদান করেন। শ্রীযুক্ত শৈলজানন্দ ভট্টাচার্য্য মহোদয়ের প্রস্তাবে ও শ্রীযুক্ত কমলেশ ব্যানার্জি মহোদয়ের সমর্থনে স্যর এস্ রাধাকৃষ্ণন্ এম-এ, ডি-লিট্, মহোদয় সভাপতির আসন অলঙ্কৃত করেন। অতঃপর পণ্ডিত শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় সভাপতির গলদেশে পুষ্পমাল্য প্রদান করেন।

সভাপতির আসন গ্রহণের পর শ্রীযুক্ত রাধাকৃষ্ণ শুক্লা মহোদয় সুললিতকণ্ঠে "কেশব তুয়া জগত বিচিত্র" এই উদ্বোধন সঙ্গীতটী কীর্ত্তন করেন। তৎপরে সভাপতি মহোদয় বক্তার পরিচয়-প্রদানমুখে কিছু বলেন। তাহার পর শ্রীযুক্ত সদানন্দ ব্রহ্মচারীজী এক ঘণ্টা কালব্যাপী একটী দার্শনিক তত্ত্বপূর্ণ বক্তৃতা প্রদান করেন।

অতঃপর সভাপতি মহোদয় বক্তার সুযুক্তিপূর্ণ বক্তৃতা-শ্রবণে বক্তাকে ধন্যবাদ-প্রদানমুখে একটী অভিভাষণ প্রদান করেন।

অনন্তর মহানাম কীর্ত্তনের পর সভা ভঙ্গ হয়।

সভায় প্রায় পাঁচ শতাধিক বিশিষ্ট সম্ভ্রান্ত শিক্ষিত ভদ্রলোক ও ভদ্র মহিলার সমাবেশ হইয়াছিল। তন্মধ্যে অল্প কয়েকটী নাম নিম্নে প্রকাশিত হইল।

রাজা ক্ষিতীন্দ্র দেবরায়; ডাঃ এস্, কে, গুপ্ত বার-য়্যাট-ল; সম্পাদক ইউনিভার্সিটি ইন্‌ষ্টিটিউট্; রায় বাহাদুর হেমচন্দ্র দে, আই-ই-এস্, রাজসাহী কলেজের ভূতপূর্ব্ব প্রিন্সিপ্যাল; প্রফেসর এস্, এন্, বোস, প্রেসিডেন্ট ইউনিভার্সিটী ইন্‌ষ্টিটিউট; মিঃ ও, সি, গাঙ্গুলী সম্পাদক 'রূপম্' পত্রিকার সম্পাদক; ডাঃ পঞ্চানন নিয়োগী; রায় বাহাদুর পান্নালাল মুখার্জী; কুমার শ্রীযুক্ত সনৎকুমার মুখার্জী (উত্তরপাড়া); শ্রীযুক্ত ভূতনাথ মুখার্জী, মিঃ নরিম্যান ডি সাহেব; মিঃ জ্ঞানেন্দ্রনাথ বসু, মিঃ এ, আর, বসু, পুলিস ম্যাজিষ্ট্রেট, মিঃ এল, এম্, বসু, অবসরপ্রাপ্ত ডিষ্ট্রিক্ট ও সেসন্‌স জজ, রায় বাহাদুর টি, সি রায় রিটায়ার্ড ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, মিঃ সতীশচন্দ্র সরকার, অবসরপ্রাপ্ত সিভিল সার্জ্জেন, মিঃ এস, এন্ রায় বার-য়্যাট-ল, মিঃ এম, এন্ ব্যানার্জী এ-সি, মিঃ আর, এন্ সেন সলিসিটর।

——

ঝুলনযাত্রা, শ্রীজন্মাষ্টমী ও শ্রীনন্দোৎসব

——::(o::——

গত ১৭ই শ্রাবণ মঙ্গলবার হইতে ২২শে শ্রাবণ রবিবার পর্য্যন্ত শ্রীবৃন্দাবনস্থিত শ্রীকৃষ্ণচৈতন্যমঠে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ গান্ধর্ব্বিকা-গিরিধারীর শ্রীঝুলনযাত্রা উৎসব মহাসমারোহের সহিত সম্পন্ন হইয়াছে। শ্রীবৃন্দাবন-স্থিত উপস্থিত যাত্রিবৃন্দের নিকট ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ শ্রীমদ্ভাগবত হইতে হরিকথা কীর্ত্তন করেন। পরে মহাজন-পদাবলী কীর্ত্তন এবং সমাগত স্ত্রী, পুরুষ, বালক অনাথ ও আতুরদিগকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

গত ১৩ই ভাদ্র রবিবার শ্রীশ্রীকৃষ্ণের জন্মাষ্টমী ব্রতোপবাস এবং পরদিবস শ্রীনন্দোৎসব মহাসমারোহে সম্পন্ন হইয়াছে।

এতদুপলক্ষে ব্রাহ্মমুহূর্ত্ত হইতে ব্রহ্মচারিবৃন্দ শ্রীগুরুবন্দনা, শ্রীগুর্বষ্টক, নগরকীর্ত্তন, দোলায়িত কীর্ত্তন করেন। পরে শ্রীচৈতন্য-চরিতামৃত পারায়ণ ও পাঠ হয়। সন্ধ্যারাত্রিকের পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ [illegible] মহারাজ আবেগপূর্ণ ভাষায় শ্রীকৃষ্ণের আবির্ভাব-মাহাত্ম্য কীর্ত্তন করেন। বহু বিশিষ্ট শ্রোতা উৎসাহের সহিত যোগদান করিয়া পাঠ-কীর্ত্তন শ্রবণ করেন। স্থানীয় মঠসমূহ হইতেও ভক্তগণ আসিয়া নানাভাবে উৎসবে সহায়তা করেন।

—

শ্রীমাধ্বগৌড়ীয় মঠে

গৌড়ীয়মঠাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের কৃপায় গত ১৩ই ভাদ্র রবিবার ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠে শ্রীকৃষ্ণজন্মাষ্টমী তিথি-পালন-মহোৎসব বিশেষ সমারোহের সহিত সম্পন্ন হইয়াছে। উক্ত দিবস মঙ্গলারাত্রিকের পর শুক্লাম্বরাদি পূর্ব্বক উষাকাল হইতে অপরাহ্ন শ্রীচৈতন্যভাগবত পারায়ণ ও মহাজন পদাবলী কীর্ত্তন অনুষ্ঠিত হয়। সন্ধ্যারাত্রিকের পর উপস্থিত ভক্তমণ্ডলী ও বহু সজ্জন সমক্ষে মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু দৈনিক নদীয়া-প্রকাশের বিশেষ সংখ্যা হইতে সম্পাদকীয় স্তম্ভের "শ্রীকৃষ্ণজন্মাষ্টমী" শীর্ষক প্রবন্ধটী পাঠ করিয়া সরল ভাষায় বুঝাইয়া দেন এবং শ্রীকৃষ্ণাবির্ভাবকালে শ্রীমদ্ভাগবত হইতে শ্লোকগুলি পাঠ করিয়া ব্যাখ্যা করেন।

গত ১৪ই ভাদ্র সোমবার শ্রীনন্দোৎসবও বিশেষ সমারোহের সহিত সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে সন্ধ্যা ৭॥ ঘটিকায় একটী বিশেষ সভার অধিবেশন হয়। শ্রীনন্দোৎসব উপলক্ষে শ্রীনবদ্বীপ-ধাম প্রচারিণী সভার সাধারণ সভার সম্পাদক বাঙ্গালি প্রাজ্ঞ ভুবনমোহন শ্রীযুক্ত শরৎচন্দ্র নারায়ণ রায় মহোদয় ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠে উপস্থিত হইয়াছিলেন। এই সভায় তাঁহাকে একটী অভিনন্দন প্রদত্ত হয়।

নন্দোৎসব সম্বন্ধে মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু একটী গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করেন এবং তৎপর মহাজন পদাবলী এবং মহামন্ত্র কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হইলে উপস্থিত সকলকে বিচিত্র মহাপ্রসাদ বিতরিত হয়।

— —

"কায়মনোবাক্যে হরিকীর্ত্তন বিধেয়।' কায়িক কীর্ত্তন, বাচনিক কীর্ত্তন, মানসিক কীর্ত্তন যুগপৎ করিতে হইবে। মন যদি কৃষ্ণ কীর্ত্তন না করে, অন্যমনস্ক হইয়া থাকে, তাহা হইলে কৃষ্ণের সম্যক্ কীর্ত্তন হয় না। নিজের আদর্শ আচরণের মধ্যেও কৃষ্ণকীর্ত্তন করিতে হইবে।'

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৬ হৃষীকেশ শুক্র প্রতিপদা গৌরাব্দ ৪৫১

কৃপা

——॥০॥——

শ্রীকৃষ্ণভজন সহজ ব্যাপার কারণ, উহা চেতনের নিত্যবৃত্তি—জীবের নিত্য-স্বভাব। পুত্রস্নেহ যেরূপ জননীর হৃদয়ে সহজ, জীবের পক্ষে কৃষ্ণভজনও তদ্রূপ সহজ। তবে দূষিত হৃদয়ে যেরূপ পুত্রস্নেহ অপ্রকাশিত থাকে, পাপকলিকর্চিত জীবেরও সেইরূপ কৃষ্ণসেবা-প্রবৃত্তি স্বভাবতঃ সুপ্ত আছে। সাধুসঙ্গে শিক্ষাপ্রভাবে এই নিত্য-ভক্তবৃত্তিটী অর্থাৎ কৃষ্ণপ্রীতি স্বতঃই স্ফূর্ত্তি-প্রাপ্ত হয়। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ লিখিয়াছেন,—

"পুত্রের জননী, সহজ হৃদয়ে স্থিত,
দূষিত হৃদয়ে শিক্ষা চাই।
কৃষ্ণপ্রেম সেইরূপ, নিত্যসিদ্ধ অপরূপ,
বদ্ধজীবে অপ্রকট তাই॥
সেই ত' সহজ রতি, পাইয়াছে অপগতি,
শিক্ষাদ্দীপন বৃদ্ধি পায়।
সে রতি জাগিয়া উঠে, জীবের বন্ধন টুটে,
ব্রহ্মানন্দ ডাগরে নাচায়॥"

শ্রদ্ধা বা বিশ্বাস এই পথের প্রথম স্তর বা ভক্তি-পথের দ্বারস্বরূপ। এই শ্রদ্ধা দ্বিবিধা—বৈধী শ্রদ্ধা ও রাগানুগা শ্রদ্ধা। বিধিমূল ও রুচিমূল ভেদে এই শ্রদ্ধার দুইটী স্বভাব আছে। বৈধী ভক্তিতে শাস্ত্র ও যুক্তিগত বিধিই একমাত্র কারণ; আর রাগানুগা ভক্তিতে শ্রীকৃষ্ণ বা কৃষ্ণভক্তের করুণাই একমাত্র কারণ। এই বৈধী ভক্তি সর্ব্বদাই মর্য্যাদা-যুক্ত আর রাগানুগা ভক্তি সর্ব্বদাই মর্য্যাদা-শূন্য। এই শ্রদ্ধার অভাব যেখানে, সেখানে আবার ভক্তির কি কথা আছে? কারণ, শ্রদ্ধাই যে ভক্তির বীজ। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ লিখিয়াছেন—

'কর্ম্ম, জ্ঞান, তপ, যোগ, সকলই ত' কর্ম্মভোগ,
কর্ম্ম ছাড়াইতে কেহ নারে।
সকল ছাড়িয়া ভাই, শ্রদ্ধাদেবীর গুণ গাই,
যাঁ'র কৃপা ভক্তি দিতে পারে॥
যোগ, যাগ সব ছার, শ্রদ্ধা সকলের সার,
সেই শ্রদ্ধা হৃদয়ে বাড়ায়।
উদিয়াছে একবিন্দু, ক্রমে ভক্তিরসসিন্ধু,
লাভে তার হয় অধিকার॥
জ্ঞান, কর্ম্ম, দেবদেবী যত বস্তুতে সেবি',
প্রাপ্ত ফলে হইলে তুচ্ছজ্ঞান।
সাধুজন-সন্দর্শনে, কৃষ্ণকথার শ্রবণে,
বিশ্বাস ত' হয় বলবান্॥
সেই ত' বিশ্বাস ভাই, শ্রদ্ধা বলি সদা গাই,
ভক্তিলতা-বীজ বলি তা'নে॥"

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ (১) সাধুকৃপা, (২) মহৎ-সেবা, (৩) শ্রদ্ধা, (৪) গুরুপদাশ্রয়, (৫) ভজনস্পৃহা, (৬) ভজন, (৭) অনর্থাপগম, (৮) নিষ্ঠা (৯) রুচি, (১০) আসক্তি, (১১) ভাবভক্তি বা রতি, (১২) প্রেমভক্তি, (১৩) কৃষ্ণ-দর্শন, (১৪) কৃষ্ণমাধুর্য্যানুভব—ভক্তি ভূ'মিকার আরোহণের এই চতুর্দ্দশটী ক্রম-পন্থার কথা বলিয়াছেন। সাধকগণ ত্রিবিধ—শ্রদ্ধাবান্ সাধক, নৈষ্ঠিক সাধক ও রুচিযুক্ত সাধক। শ্রদ্ধাবান্ সাধকগণ শ্রদ্ধাসহকারে গুরুপদাশ্রয়পূর্ব্বক সাধুসঙ্গে ভজন করেন। সৎসঙ্গে ভজন করিতে করিতে অনর্থ দূর হয়। অনর্থ দূর হইলে শ্রদ্ধা দৃঢ় হইয়া নিষ্ঠারূপে পরিণত হয়। নিষ্ঠা ক্রমশঃ অভিলাষ-রূপ হইয়া রুচিনাম প্রাপ্ত হয়। এই রুচি আসক্তি হইয়া ক্রমশঃ ভাব হইয়া পড়ে।

এই ভাব দুই প্রকার। সাধনাভিনিবেশজ ও কৃষ্ণ এবং তদ্ভক্ত-প্রসাদজ। সাধন দ্বারা যে ভাব উদিত হয় তাহাই সাধনাভিনিবেশজ ভাব এবং—

সাধনেন বিনা যস্তু সহসৈবাভিজায়তে।
স ভাবঃ কৃষ্ণ-তদ্ভক্ত-প্রসাদজ ইতীর্য্যতে॥

সাধন ব্যতীত সহসা যে ভাব উদিত হয় তাহাই কৃষ্ণ অথবা কৃষ্ণভক্তের প্রসাদ-জনিত ভাব। কৃষ্ণপ্রসাদ তিন প্রকার—বাচিক, আলোকদান ও হার্দ্দ।

ভগবান্ যখন কাহারও প্রতি প্রসন্ন হইয়া বাক্যদ্বারা আনন্দ প্রদান করেন তখন বাচিক প্রসাদ হয়। বাচিক প্রসাদজ ভাবের উদাহরণ—নারদ পুরাণের নারদের প্রতি ভগবদ্বাক্যে দৃষ্ট হয়। 'হে নারদ, আমাতে তোমার পূর্ণানন্দময়ী, সর্ব্বমঙ্গলশিরোমণি, অব্যভিচারিণী সেবা উদিত হউক।'

ভগবান্ স্বীয় মূর্ত্তি দর্শন দিয়া যে প্রসাদ বিতরণ করেন, তাহাকে আলোকদান বলে। স্কন্দপুরাণের কোন একটী বাক্যে আলোক-দানজ ভাবের দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়—জাঙ্গলদেশবাসী ব্যক্তিগণ অদৃষ্টপূর্ব্ব দর্শন করিয়া আর্দ্র চিত্ত হইয়াছিলেন। সুতরাং কৃষ্ণ হইতে আর নয়ন ফিরাইতে পারেন নাই।

হৃদয়ে যখন হঠাৎই ভাব উদয় করান, তাঁহাকে হার্দ্দ প্রসাদ বলে। শুক-সংহিতা গ্রন্থে তাহার উদাহরণ দেখিতে পাওয়া যায় 'হে বাদরায়ণ, তোমার একটি মহাভাগবত পুত্র আবির্ভূত হইয়াছেন, সাধন ব্যতীত ইঁহাতে বহু বহু সাধনলভ্য বিষ্ণুভক্তির উদয় হইয়াছে।'

অনেক জীবের হৃদয়ে নারদাদি ভক্তগণের কৃপায় ভাব উদিত হইয়াছে। সে-সমুদয় ভক্তপ্রসাদজ ভাব। কৃষ্ণভক্ত-প্রসাদজ ভগবদ্ভক্তির উদাহরণ শ্রীপ্রহ্লাদ ও ব্যাধাদির চরিত্রেও দেখিতে পাই। সাক্ষাৎ ভগবান্ ও ভক্ত প্রসাদজ ভগবদ্ভক্তিও বিচার করিয়া দেখিলে ভগবৎ সেবোন্মুখের প্রতিই বর্ষিত হয়। শ্রীনারদের প্রতি মহাজন ভগবানের যে প্রসাদ তাহার কারণ শ্রীনারদের সেবোন্মুখতা বা পূর্ব্বজন্মার্জ্জিত সাধু বৈষ্ণব-সেবোন্মুখী সুকৃতি। জাঙ্গলদেশবাসিগণের শ্রীকৃষ্ণদর্শনে শ্রীকৃষ্ণপ্রতি বিমুখ না হইয়া হৃদয়ে যে আনন্দানুভূতি, ইহাই তাহাদের সেবোন্মুখী সুকৃতি উদয়ের লক্ষণ এবং কৃষ্ণভক্তির পূর্ব্বাভাস। প্রহ্লাদের সেবোন্মুখতা দর্শনে মাংসের যে প্রসাদ তাহাই প্রহ্লাদের প্রতি নারদের কৃপা।

শ্রীভগবান্ সর্ব্বদাই আমাদিগকে কৃপা-বর্ষণ করিতেছেন। বৃহৎ চুম্বক যেমন ক্ষুদ্র লৌহখণ্ডকে সর্ব্বদা আকর্ষণ করিতেছে, সূর্য্যদেব যে-প্রকার নিজ শক্তির দ্বারা নবগ্রহ ও উপগ্রহকে সর্ব্বদাই আকর্ষণ করিতেছেন, তদ্রূপ শ্রীকৃষ্ণও অণুচৈতন্য বিভিন্নাংশ জীবসমূহকে নিয়তই আকর্ষণ করিতেছেন। তিনি শ্রৌতপন্থার বেদবাক্য দ্বারা, সাধুমুখ-নিঃসৃত বাক্যদ্বারা অনন্তজীবগণকে নিত্যই আকর্ষণ করিতেছেন। ভগবানের কৃপাকর্ষণ নাই—এরূপ ধারণা ভ্রান্তিমূলক। ইহ দ্বারা ভগবৎ বিষয়ে অজ্ঞতা এবং বিশ্বাস বা নির্ভরতার অভাবই জ্ঞাপিত হয়। তবে দয়াময় শ্রীভগবান্ স্বীয় তটস্থা-শক্তি-প্রসূত জীবগণকে স্বতন্ত্রতারূপ যে একটি অমূল্য রত্ন প্রদান করিয়াছেন, কতকগুলি জীব সেই স্বতন্ত্রতার অপব্যবহার করায় ভগবানের কৃপা হইতে ইচ্ছা করিয়াই দূরে পড়িয়া রহিয়াছে। আবার যে-সকল জীব সেই স্বতন্ত্রতার সদ্ব্যবহার করিয়াছেন বা করিতেছেন তাঁহারাই ভগবানের নিত্য কৃপায় নিত্য-কাল অভিষিক্ত হইয়া নিত্য সেবা ও উত্তরোত্তর নিত্য-কৃপা লাভ করিতেছেন। যদি বল, ভগবান্ জীবকে ঐরূপ স্বতন্ত্রতা প্রদান করিলেন কেন? ঐ স্বতন্ত্রতা প্রদান করিয়াই ত' ভগবান্ মূলে ভুল করিয়াছেন। সুতরাং মূলতঃ তিনিই দায়ী। কিন্তু একটী কথা বলি, পুত্রের শুভাকাঙ্ক্ষী ও স্নেহশীল পিতা যদি পুত্রের মঙ্গলের জন্য তাহাকে বহু মূল্যবান্ সম্পত্তি দান করেন এবং পুত্র যদি ঐ সম্পত্তির সদ্ব্যবহার বা সদ্ব্যয় না করিয়া অসদ্ ব্যয়ে তৎপর হয়, তবে সম্পত্তি প্রদান জন্য পিতার পুত্রের প্রতি কি স্নেহ, কৃপা বা মঙ্গলাকাঙ্ক্ষা কম বুঝিতে হইবে?

স্বতন্ত্রতা চেতনধর্ম্ম। জীবকে যদি সেই স্বতন্ত্রতা হইতে বিচ্যুত করা হয় তবে সে চেতন না হইয়া জড় হইয়া পড়ে, সেইজন্যই ভগবান্ জীবের স্বতন্ত্রতার উপরে হস্তক্ষেপ না করিয়া স্বতন্ত্রতা-রত্নের কিভিন্নায় সদ্-ব্যবহারকারী ব্যক্তির প্রতিও উত্তরোত্তর স্বরূপ, ভক্ত, ভাগবত প্রভৃতির দ্বারে অযাচিত-ভাবে কৃপা করেন; আবার স্বতন্ত্রতার সম্পূর্ণ অসদ্ব্যবহারকারিগণকে ব্যতিরেকভাবে মায়াশক্তির নিপীড়নে পীড়িত করিয়া এই সকল জীবকে কৃপা করিবার জন্য ভগবান্ কখনও নিজে আসেন, কখনও ভক্তগণকে প্রেরণ করেন, শাস্ত্রাদি প্রভৃতি দ্বারা উঁহাদিগকে উন্মুখী করিবার চেষ্টা করেন। শ্রীভগবান্ সংসারারূপ পতিত-আমাদের জন্য সর্ব্বদাই কৃপারজ্জু ফেলিয়া রাখিয়াছেন। সাধুগণ আমাদের নিকট আসিয়া পুনঃ পুনঃ আমাদের কর্ণে উচ্চ ধ্বনিতে করুণাময় ভগবানের অসীম করুণার কথা জানাইতেছেন, এমন কি ভগবৎ-কৃপারজ্জু আমাদের অঙ্গে পুনঃ স্পর্শ করাইতেছেন কিন্তু তথাপি আমরা হস্ত দ্বারা ঐ রজ্জুটী একবারের জন্যও ধরিতেছি না। সাধুগণ ঐ রজ্জুটী আমাদের হস্তের সম্মুখে ধরিয়া দিতেছেন আমরা তজ্জন্য জড়বৎ হইয়া হস্ত গুটাইয়া লুকাইয়া রাখিতেছি। আমরা যদি সেই কৃপারজ্জু হস্ত দ্বারা ধরিবার পরিশ্রমটী স্বীকার না করি তাহা হইলে নিতান্ত ঈশবিমুখ আমরা যে বঞ্চিতই হইব তাহাতে আর সন্দেহ কি?

বলদেবস্বরূপ অভিন্ন-নিত্যানন্দ শ্রীগুরু-দেবের কৃপা ব্যতীত জীব সেবাতে অধিষ্ঠিত হইতে পারে না। শরণাগতির অভাব দ্বারা কখনও আত্মতত্ত্বের উপলব্ধি হয় না। যাঁহারা শ্রীগুরু-কৃপা, ভক্তসাধুগণ-মুখনিঃসৃত বাক্য এবং শরণাগতির দ্বারা ভগবৎসেবা-লাভের যত্ন করেন, তাঁহারা অপ্রাকৃত ধামে প্রবেশ করিয়া নিত্যসেবা লাভে কৃতকার্য হন। শ্রুতি বলিয়াছেন—

"নায়মাত্মা বলহীনেন লভ্যো
ন চ প্রমাদাৎ তপসো বাপ্যলিঙ্গাৎ।
এতৈরুপায়ৈর্যততে যস্তু বিদ্বান্।
তস্যৈষ আত্মা বিশতে ব্রহ্মধাম॥"

(মুণ্ডক ৩।২।৪)

এই দৃষ্টান্ত হইতে আমরা জানিতে পারি যে, সাধন ও কৃপা যুগপৎ একসঙ্গে মিলিত হইলে ভগবানের নিত্যসেবা লাভ করাইয়া থাকে। ভক্ত-ভাগবতের আনুগত্য পরিত্যাগ পূর্ব্বক সাধনের কোনও মূল্য নাই; আবার কৃপার আশায় কপটতা-পূর্ব্বক সাধন-ভক্তিকে বাদ দিলেও পরা-সেবা লাভ অসম্ভব। তাই শ্রীমদ্ভাগবত বলিয়াছেন—

তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো।
ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকম্।
হৃদ্বাগ্বপুর্ভির্বিদধন্নমস্তে
জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্।

হে ভগবন্, যিনি তোমার কৃপা-লাভের আশায় স্বকর্ম্মের ফলভোগ করিতে করিতে তোমাতে আত্মসমর্পণ করিয়া জীবনযাপন করেন, তিনি তোমার এই নিত্য সেবা ও আনুষঙ্গিকভাবে অনর্থ-মুক্তির অবস্থা লাভ করিয়া থাকেন। সুতরাং সেবোন্মুখতাই ভগবৎ-কৃপার মূল; আবার ভগবৎকৃপাও সেবোন্মুখী বৃত্তিকে ক্রমবিকশিত ও পরিস্ফুট করিবার কারণ। সুতরাং সেবা ও কৃপা পরস্পর একসূত্রে গ্রথিত, একটিকে বাদ দিয়া অপরটী সিদ্ধ হইতে পারে না।

বিচারের মানদণ্ড

(২)

শাস্ত্রবাণী পূর্ণচেতন বস্তু। যে বাণীকে আমার পরিমাপের মানদণ্ডরূপে ব্যবহার করিতে যাই, তিনিই বিচার-সুদর্শনরূপে মাপাকাঙ্ক্ষাকে তত্ত্ব করেন। জড়বস্তুতে যে আপাত-বিরোধ দেখা যায়, তাহাতে সেই বস্তু ছাড়িয়া দিলেও বিচার প্রযোজ্য নহে। বাণী সর্ব্বদাই ঐকান্তিকবিশিষ্টা। মাপাকাঙ্ক্ষা ইন্দ্রিয়ের; আর বিচার অধোক্ষজ বস্তু হইতে শ্রুতি-পথে আপনি প্রকাশিত হন। যেখানে অর্থের সংস্পর্শ, সেখানে শাস্ত্র কখনও ব্যাহত হন না; আর যেখানে পরমার্থ, সেখানে শাস্ত্রই একমাত্র মীমাংসক। শাস্ত্র বিচারের মানদণ্ড—পরিমাপের নহে।

ভক্তের যত্ন মৃত্তিকা চিন্তামণিময়ী—চিন্ময়ী, কিন্তু আবার সোনা জড়-মৃত্তিকাই বিকার যায়, আবার কনক—কৃষ্ণপ্রতি-যোগী ভোগবাঞ্ছার জনক। ভক্তের মাটী ফেলিয়া তাহার বিনিময়ে যে মূল্য জিনিষ গোবিন্দের আসনে দিতে যাইতেছ, গোবিন্দ-দাসগণ সেই কণিক অবস্থান হইতে গোবিন্দকে অনেক দূরেই রাখিয়াছেন।

"চৈতন্যচন্দ্রের দয়া করহ বিচার" বলিতে বা ভাগবতের 'শৃণ্বন্ সুপঠন্ বিচারয়ন্' এই কথায় যে বিচারের কথা পাওয়া যায়, তাহা কেবল সংশয় বা আবার অজ্ঞতা-মূলক বিরোধবুদ্ধির সমন্বয়কারী যুক্তির কসরৎমাত্র নহে। শ্রীল কবিরাজ গোস্বামি-প্রভু ত' বিচার করিতে বলিয়াছেন, সে বিচারের ফল কি হইবে? তিনি অতীব সুদৃঢ় বাক্যে জানাইয়াছেন—"বিচার করিলে চিত্তে পাবে চমৎকার" এবং শ্রীব্যাসদেব জানাইয়াছেন যে, বিচার করিতে করিতে ভক্তিপথে বিমুক্তি লাভ হইবে। শ্রীগুরুপাদপদ্ম-সেবা-লাভই বিমুক্তি আর সেবা-সৌন্দর্য্যই চমৎকারিতা। সুতরাং বিচার-শব্দে অনুশীলনই বুঝায়।

শ্রীমদ্ভাগবত—যাহাতে পরমহংসগণের অমল ধর্ম বর্ণিত হইয়াছে, সেখানে বাদপ্রতিবাদমূলক যুক্তির অবতারণা-ক্রমে বিচারের অবকাশ কোথায়? ভগবৎস্বরূপোদ্ভাসিত সদ্যুক্তিমূলে শাস্ত্রানুশীলন প্রয়োজন। ভগবৎস্বরূপোদ্ভাসিত সদ্যুক্তি ব্যতীত মহাগাধ শাস্ত্রসিন্ধুর ভিতরে প্রবেশ করা দুঃসাধ্য। এই যুক্তি নিজবুদ্ধি-বৃত্তির ব্যাপার নহে। আমার মস্তিষ্ককে আলোড়িত করিয়া যুক্তির প্যাঁচ বাহির করিব, আর সেই যুক্তির সাহায্যে শাস্ত্রসিন্ধু মথিত করিয়া ফেলিব, ইহা সম্ভব নহে। আমার মস্তিষ্ক-আলোড়নজাত বা আলোড়ন-কারী বুদ্ধির মারপ্যাচ কখনও বেদশাস্ত্রকে স্পর্শ করে না। বেদশাস্ত্র বা শব্দ অচেতন নহেন—তিনি পরিপূর্ণ ব্যক্তিসত্তা-বিশিষ্ট। বহু ভাগ্যফলে অধোক্ষজ বস্তু হইতে যুক্তি আমাদিগের নিকট অবতরণ করেন। এই যুক্তিই সম্বন্ধজ্ঞানালোকসংযুক্তা।

শ্রীগুরুপাদপদ্মের বাণী সর্ব্বদাই নূতনবপু-যুগের কর্ণানন্দবিধানকারী অপূর্ব্ব গোচারণ দুর্নীল-কর্ণাবতংসরূপে প্রকাশ পাইয়া থাকেন। বদ্ধজীব আমাদের নিকট সেই বাণী কখনও দুর্ব্বুদ্ধির সকল তর্কজালকে তত্ত্ব করিবার অপূর্ব্ব কৌশলজাল বিস্তার করেন, কখনও বহির্ম্মুখ 'চক্রান্তের উপর প্রবল আঘাত দিয়া বিপ্লব আনয়ন করেন। ভক্তগণের দুর্যুক্তিসকল তাঁহার যুক্তিবলে দূর হয় এবং সকল সংশয়ের মীমাংসামুখে শাস্ত্রের বিচার উপলব্ধ হয়। এই বিচার কেবল অপর পক্ষ তত্ত্ব করিবার জন্য অকুণ্ঠিতভাবে বাগ্‌বৈখরীর কৌশলজাল মাত্র নহে, অথবা জীবের সহজ বুদ্ধির উপর বিপ্লব আনিবার উদ্দেশ্যে রহস্য বা বিদ্রোহপূর্ণ হেঁয়ালী কথার নামান্তর বা বিরুদ্ধযুক্তির পরিবর্ত্তে সর্ব্বসমন্বয় করিবার প্রয়াস কিছু "বিচার"শব্দবাচ্য নহে। শ্রীগুরুপাদপদ্ম হইতে আগত শাস্ত্রবিচার তাহা নহে। তাঁহার কৃষ্ণানুশীলন বা বহু চেতনের কীর্ত্তন-সম্পাদনে কৃষ্ণকর্ণতর্পণবর্দ্ধন, আমাদের যোগ্যতানুসারে সংশয় নাশ, উদ্বোধন হেতুকতা, সদ্যুক্তিমূলে শাস্ত্রার্থপ্রকাশ ইত্যাদি-রূপে স্ফূর্ত্তি পায়। "বিচার" বলিতে অনুশীলনকে ও শ্রীরূপানুগ ধারায় তাহা অনুকূল কৃষ্ণ অনুশীলনকে উদ্দেশ করে।

শ্রীমদ্ভাগবতেরই অপর নাম—জ্ঞান, বিরাগ ও ভক্তিসমন্বিত কেবলপ্রেমের বর্ণনকারিণী পারমহংস সংহিতা, তিনি তাঁহার শ্রবণ, সুপঠন ও বিচারণের কথাই বলিয়াছেন। এখানে "শৃণ্বন্" বলিতে সম্বন্ধ, "সুপঠন্" বলিতে অভিধেয় এবং "বিচারণ" বলিতে সরণাখ্য প্রয়োজনেরই উদ্দেশ করিয়াছেন।

"সদা বক্তুং হিতা" কার্য্যটীই বিচার। বিচার-দ্বারা শরণাগতিই লাভ হইবে। তখন শ্রীগুরুপাদপদ্মের বাণী শ্রুতিপথ দ্বারে অঙ্কুর হইবেন,—জড়কর্ণ দ্বারা নহে। তটস্থজীব বাণীর অনুশীলন করিতে যাইয়া দুর্ব্বুদ্ধিক্রমে তত্ত্ব হইয়া পড়ে, তখনই তাহার বিচারবিভ্রম উপস্থিত হয়, ভগবদ্দত্ত বুদ্ধিযোগ হইতে বিচার উৎপন্ন হয়; আর দুর্ব্বুদ্ধিদোষের ফলই বিচারবিভ্রম। বিচারবিভ্রম জীবের বিনাশস্বরূপ, কারণ উহা চেতনের জিহ্বাকে তত্ত্ব করিয়া দেয়।

সারকথা

কৃষ্ণ নিরন্তর কোথায় থাকেন ও কি করেন?

সাধুজন-হিতে কৃষ্ণ থাকে নিরন্তর।
সাধুর হৃদয়ে শ্রীকৃষ্ণের নিজঘর॥

সাধু কে?

কৃষ্ণৈকশরণ যার কৃষ্ণনাম গায়।
সাধুনামে পরিচিত কৃষ্ণের কৃপায়॥
যে বলিবে আমি দীন কৃষ্ণৈকশরণ।
কৃষ্ণনাম যার মুখে সাধু সেই জন॥
কৃষ্ণভক্ত ব্যতীত নাহিক সাধু আর।
আমি সাধু বলি হয় 'দম্ভ' অবতার॥
কৃষ্ণৈকশরণ সাধুর স্বরূপলক্ষণ।
তটস্থ লক্ষণে অষ্ট গুণের গণন॥
গৃহী, ব্রহ্মচারী, বানপ্রস্থ, ন্যাসিভেদে।
শূদ্র, বৈশ্য, ক্ষত্র,—বিপ্রগণের প্রভেদে॥
সাধুর কখনও নাহি হইবে নির্ণীত।
'কৃষ্ণৈকশরণ' সাধু, শাস্ত্রের বিহিত॥

কৃষ্ণভক্তি লাভের উপায় কি?

ভক্তি লভিবারে আর নাহিক উপায়।
ভক্তি লভে সর্ব্বজীব বৈষ্ণব-কৃপায়॥
বৈষ্ণব নিকটে যদি বৈসে কতক্ষণ।
কৃষ্ণশক্তি তাঁহা হৈতে হয় নিঃসরণ॥
নিষ্কপট একাধান্ হৃদয়ে পশিয়া।
ভক্তির উদয় করে দেহ কাঁপাইয়া॥
বৈষ্ণব-দেহেতে থাকে শ্রীকৃষ্ণের শক্তি।
সেই দেহস্পর্শে হয় অন্যে কৃষ্ণভক্তি॥

বৈষ্ণব কাহাকে বলা যায়?

কর্ম্ম-যোগ-জ্ঞান-চেষ্টা কভু নিরর্হন।
নামের আশ্রিত যিনি বৈষ্ণব সে-জন॥
যার যত নামে রতি সে তত বৈষ্ণব।
বৈষ্ণবের ক্রম এইমতে অনুভব॥
যত দেব-দেবী সব কৃষ্ণের কিঙ্কর।
কৃষ্ণ সুখ-রসে সব মগ্ন নিরন্তর॥

কিরূপ সাধুসঙ্গে কৃষ্ণকৃপা লাভ হয়?

নাবৈকশরণ সেই ভক্ত মহাজন।
একেবার কৃষ্ণ ভজি' ছাড়ে অন্যজন॥
হেন সাধু সঙ্গ কর, তবে কৃষ্ণ প্রভু।
সাধুসঙ্গ বিনে কৃষ্ণ না পাইবে কভু॥

কাহার উপদেশ শুনা অকর্ত্তব্য?

অনন্যশরণ কাক' না হয় যে জন।
তার স্থানে উপদেশ না লবে কখন॥

কিরূপ গুরু আশ্রয় করা কর্ত্তব্য

অনন্যশরণ গুরু করিবে আশ্রয়।
ভববন্ধ বিমোচন যাঁহা হৈতে হয়॥
অনন্য-শরণ বিনে কোন ভক্তি হয়।
সর্ব্বতোভাবেতে কৃষ্ণ করয়ে আশ্রয়॥
সেই গুরু আশ্রয় করিবে দৃঢ়ভাবে।
যাঁহার কৃপায় যায় মনের উদ্বেগ॥

কিরূপ বয়সে কৃষ্ণভজন কর্ত্তব্য?

বয়স নির্ণয় নাই কৃষ্ণের ভজিতে।
ধ্রুব, প্রহ্লাদ, শুক ভজে বাল্য হইতে॥

কা'র ভজনে সকলের মঙ্গল হয়?

সর্ব্ব শাস্ত্রে নিষ্ঠা কহে—কৃষ্ণের ভজন।
সব ছাড়ি' লও প্রভু কৃষ্ণের শরণ॥
কৃষ্ণ হৈতে সব দেব হয়ত উৎপত্তি।
সবাকার প্রাণ কৃষ্ণ সবাকার পতি॥
নানা দেবদেবী পূজা না করিও আর।
একান্ত হইয়া ভজ নন্দের কুমার॥
দেবাসুর, মনুষ্য, যক্ষ, কিন্নর, গন্ধর্ব্বাদি।
সবার মঙ্গল হয় ভজে কৃষ্ণে যদি॥

কৃষ্ণদাসের মহিমা কিরূপ?

অন্য কেহ না মানিহ—'কৃষ্ণদাস' নাম।
অন্য হাওয়া দাস নাহি করে ভগবান্।
আগে হয় মুক্তি—তবে সর্ব্ববন্ধ নাশ।
তবে সে হইতে পারে শ্রীকৃষ্ণের দাস।
কৃষ্ণদাস অভিমানে যে আনন্দসিন্ধু।
কোটি ব্রহ্ম-সুখ নহে তার একবিন্দু।
কৃষ্ণের প্রেয়সী যত ব্রজ-গোপীগণ।
যাঁর পদধূলি করে উদ্ধব প্রার্থন।
যাঁ সবার উপরে কৃষ্ণের প্রিয় নাহি আন।
তাঁরাও করেন কৃষ্ণের দাসী অভিমান।
দাস-শব্দে ব্রহ্মা শিব হরিষ অন্তর।
ধরণী সংকর্ষণেতে 'দাস' অধিকার।
দাস্য-প্রেমে শ্রীঅদ্বৈত আপন পাসরে।
কৃষ্ণদাস হৈতে জীবে উপদেশ করে॥
কৃষ্ণদাস্য বিনা নাশ দরিদ্র-জীবন।
দাস করি' বেতন মোরে দেহ' প্রেমধন॥

—শ্রীললিতা মদনমোহন দাস

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ-রাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থাবলি-প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রধানচতুষ্টয়-বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি তত্ত্ব গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাধ্য শ্রীপাদ কুঞ্জবিহারী রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীরমেশগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিধিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের ধাম

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনভজন ব্রহ্মচারী।

(১৪) জয়দেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীসদানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিমণ্ডপ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীভূপেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীমধুকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অকল্যাণ্ডিলা, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চন্দিয়ার, জেঃ নারায়ণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক—শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীপ্রণবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং কালিদপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) শ্যামাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—দেওয়ালী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং হনুমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরসুন্দর ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলকৃষ্ণ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ বাদ্ধু (ঢাকা)

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ঝুনুরহুদা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন্, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীঅপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তাগোপ, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২৯শে আষাঢ়, ১৩৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬৷০
মোটা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
দাদখানি	৫৷০
মাগরা নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
এক্সেল কোম্পানি সিদ্ধ বেগুন	৩৸৶০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
পেশোয়ারী	১০৲-১০৷০
দাদখানি আতপ	৫৷০-৫৸৶
ঐ মাঝারি	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৶০

চিনির দর

বিলাতি, চাঁপা	১০৷৶০
কাশীপুর ১০০০ নং	২৬৶০
মাদ্রাজী দানা	৯৷০
কানপুর দানা	৮৷০৲ ৯৶০
কানপুর লাল	৭৷৶০—৮৲

সোনা-রূপার দর

প্রতি ভরি

টাকশালের বার	৩৩৷০
গিনি	২১৲
চাঁদির বার	৫২৷০

পাটের দর

আবদে—	৪০৸০
মিডল—	৪০৸০
উত্তম—	৪১৷০
বাজার বন্ধের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬৷০—৬৸৶০
ক্লাসিক্যাল ঐ	৬৲—৬৶০
কহিনুর ঐ	৫৸৶০—৫৸০
সুজী	৬৲—৬৶০
আটা (বি)	৫৸০—৫৸৶০
আটা নং (২	৫৶০—৫৷৶০
আটা (এল)	৫৲—৫৷০
আটা (কে)	৪৸০—৪৸৶০
আটা নং (৩)	৪৷০—৪৸৶০
গোলাপী	১৪৶০—১৸০
ভূষি	১৸৶০—১৸৶০

দুধের দর

কলম্বো	৫৭৲
মালদীপ	৫৭৲
ভুবনেশ্বরী	৫০৲
খাসী	৪৪৲

পাতিপাড়া	৪৸০
আদা	৪৲
কালজিরে	৩৬৲
মাখা কাগজ	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৸০—৯৷০
ঐ বে-মার্কা হালকা ওজন	৮৸০—৮৷০
ঐ টাটা টেসটেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৷
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸০
বরগা (টি-আয়রণ)	৮৸০—৯৷০
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷০—৯৲

টাটা গ্যাঃ করগেট-টিন।

২৪ গেজ—	১৩৷০
২৬ গেজ—	১৫৶০
২৮ গেজ—	১৫৷০

টাটা গ্যাঃ প্লেন শীট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
২৮ গেজ—	১৫৲

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸৶
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ বউলা ২৪—৩০ গেজ

শীট	।৶৫—৸০
পুরাণ পেরেক টাটা তার (বাণ্ডিল)	১০৷০
গেট কাটিং বা ডিউ কাটা দব	৩৷ —৪৲
লাঠি কাটিং ৩—৯ সুত নম্বর	
	৭৷০—৮৲০ হন্দর
গোল রড কাটিং নম্বর ১—৩ইঞ্চ	৯৲—১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, বোল্টু, নয়াদে	৮৲—৯
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের রড	৯৸০—১২৲

বুঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

চটকলের হাপ্তা ৫৶০, পাটের হাপ্তা ৬৷০

তুলার হাপ্তা ৪৸০

সুরের দর

কলিকাতা ২৭শে জুন,

আমেরি সোনার কাইন	৫৪৲
সিল্ক আমের কয়েক	৪০৲
কমতি সুপিরিয়র কাইন	৪৩৲
হাবার্ট ভাঙ্গা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মশলা

কলিকাতা, ২৭শে জুন,

	প্রতি মণ
পাতলা সাগু	৩৸০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷০—১১৷০
ছোট এলাচ	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার অধিকারী
এণ্ড সন্স্ লিঃ
ডি-৫ কলাবাগান ঘাট লোহাপট্টী, বড়বাজার
কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—“ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট”—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে: বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ আদর্শ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। ছাত্রাবাসে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের অশেষ সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৫,	১০—৩১,	১৩—২২,	১৭—৩৮	১৯—৩০
মহেশগঞ্জ	ছাঃ	৭—১৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—৫৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৫৫	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৩৫	৯-২৫	১১-৪০	১৬-৩	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৫৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় বহু পল্লীবাসীর প্রাণরক্ষায় একমাত্র উপায় বলিয়া ইহার খ্যাতি অতুল্য আছে। লিভার প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বর একবার সেবন করিয়া দেখুন যে আপনার অবস্থা সাধন হয় কিনা। মূল্য ছোট বোতল ৮৵০ আনা, বড় বোতল ১৸০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ব্রাহ্মণ ও বৈষ্ণব

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের বন্দময় যুগে এই গ্রন্থখানা পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের মাহাত্ম্য, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য, ব্রাহ্মণগণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে উৎসুক, তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণসমূহ সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণসমূহ স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে বর্ণানুক্রমে শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব আরম্ভ হইয়াছে।

আগামী ১১ই সেপ্টেম্বর শনিবার সন্ধ্যা ৬॥০ ঘটিকায় কলিকাতা আলবার্টহলে 'গৌড়ীয়' সম্পাদকের 'সম্প্রদায় ও সমন্বয়' সম্বন্ধে বক্তৃতা হইবে।

দৈনিক নদীয়া-প্রকাশ

———:(০):———

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি ২৲	১॥০	১॥০	১৲
সিকিকলম ৫৲	৪৲	৪৲	৩৲
অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲	৲
এক কলম ১২৲	১০৲	১০৲	৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬	॥০
সিকি কলম ১৲	১২৲
অর্দ্ধকলম ২৪৲	১৮৲
এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ পয়সা, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

শ্রীকৃষ্ণচৈতন্য

বাংলাভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক ঐতিহাসিক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী মহোদয়-বৈষ্ণবাচার্য্য এম-এ মহোদয়ের শ্রেষ্ঠ গবেষণা এবং পরিপক্ব লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিবার জন্য ভক্ত ও ভগবানের লীলাচরিত্র-পাঠে রত হউন। এই গ্রন্থ অতিসুন্দর ও আবশ্যকীয় বহু মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য দর্শনীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৪ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), গ্রন্থকার ও প্রকাশকের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও শেষ ভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—ম্যানেজার, গৌড়ীয় মঠ, কটক; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর, নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ, ১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গৌড়ীয় বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত হইবে।

যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি অতি সুন্দরভাবে ইহাতে সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাংলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীরূপানুগবর্য্যপাদক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REGD. NO. C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের শ্রীপাদপদ্ম
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২৩শে ভাদ্র, ১৩৪৪, ৮ই সেপ্টেম্বর, ১৯৩৭, বুধবার [সংখ্যা ১৬৩]

বিবিধ সংবাদ

——(০(১৯১)০)——

ভূমধ্যসাগরে সাবমেরিণ আক্রমণ

ইজিয়ান সাগরে স্কাইরস দ্বীপের নিকট একটী সাবমেরিণের আক্রমণে সোভিয়েট জাহাজ "বোলাফিক" জখম হইয়াছে। প্রকাশ, সাবমেরিণটী স্পেনীয় বিদ্রোহী পক্ষের পতাকা উত্তোলন করে। নাবিকদের মধ্যে একজন নিহত হইয়াছে, অবশিষ্ট সকলে নিরাপদে তীরে পৌছিয়াছে। পাঁচজন নাবিক একটী বোটে করিয়া পলাইতেছিল, সেই সময়ে সাবমেরিনের নিক্ষিপ্ত টর্পেডোর একটী টুকরা সেই বোটে আসিয়া পড়ে। ফলে নাবিকদের একজন নিহত হয় এবং বাকি চারজন জলে নিক্ষিপ্ত হয়। তাহারা বিশ ঘণ্টাকাল জলে ছিল। বোলাফিক্-এর নাবিকদের মধ্যে একজন স্ত্রীলোক ছিল।

স্পেনের দক্ষিণ পূর্ব উপকূলবর্ত্তী সান এন্টোনিয়া অন্তরীপের নিকট ব্রিটিশ জেষ্ট্রয়ার "হ্যাভক"এর উপর যে সাবমেরিণটী আক্রমণ করিয়াছিল, "হ্যাভক"এর পাল্টা আক্রমণে উহা জখম হইয়াছে বলিয়া মনে করা হইতেছে; কারণ কিছুক্ষণ পরেই উপরে তৈল ভাসিয়া উঠিতে দেখা যায় এবং আক্রমণের পর কোন সাবমেরিণকে উপরে উঠিতে দেখা যায় না,—যদিও "হ্যাভক" ও অন্যান্য ব্রিটিশ রণপোত ১০ হইতে ১৫ মাইল ব্যাসার্দ্ধের মধ্যে কয়েক ঘণ্টা ধরিয়া অনুসন্ধান চালায়।

স্পেনীয় উপকূলের "অসর ক্যাসেলিয়া" ও 'বার্সিলোনার' মধ্যবর্ত্তী স্থানে "ওডেক-৩" নামক টেনশাহী জাহাজটী সাবমেরিণের আক্রমণে জখম হইয়াছে। উহার ক্যাপ্টেন একজন গ্রীক। ঐ জাহাজে একজন মাত্র ইংরাজী ছিলেন—তিনি হইতেছেন উহার 'কন্ট্রোল অফিসার'। ঐ জাহাজের যে, সমস্ত লোক বাঁচিয়া আছে তাহারা বলে যে, সাবমেরিণটী তাহাদিগকে বাঁচাইবার কোন চেষ্টাই করে নাই।

কোয়েটার আণ্ডেমান কেল্লায় বিস্ফোরণ

আণ্ডেমান কেল্লায় প্রায় অর্দ্ধটন বারুদে প্রচণ্ড বিস্ফোরণ হইবার ফলে সাতজন নিহত এবং নয়জন আহত হইয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ, স্থানীয় একজন ঠিকাদার সৈন্য বিভাগের কর্ত্তৃপক্ষের নিকট হইতে অর্দ্ধটন বারুদ গ্রহণ করে। এই বারুদ মোটর লরীতে বোঝাই করিবার পর হঠাৎ অগ্নিসংযোগে বিস্ফোরণ হয় ফলে লরীর লোকজন, ড্রাইভার এবং কয়েকজন পথিক নিহত হইয়াছে। এরূপই প্রচণ্ড বেগে বিস্ফোরণ হইয়াছিল যে, মৃতদেহগুলি ঘটনাস্থল হইতে একশত গজ দূরে নিক্ষিপ্ত হইয়াছিল।

ফরাসী গবর্ণমেণ্টের প্রস্তাব

ভূমধ্যসাগরে যে পরিস্থিতির উদ্ভব হইয়াছে তৎসম্পর্কে আলোচনার উদ্দেশ্যে ভূমধ্যসাগরের ব্যাপারে স্বার্থসংশ্লিষ্ট দেশসমূহের একটী বৈঠক আহ্বান করার জন্য ফরাসী গবর্ণমেণ্ট এক প্রস্তাব করিয়াছেন। মিঃ এন্টনী ইডেন ফরাসী রাজদূতকে জানাইয়াছেন যে, ব্রিটিশ গবর্ণমেণ্ট এই প্রস্তাব গ্রহণ করিয়াছেন। রাষ্ট্রসঙ্ঘ পরিষদের সভা উপলক্ষে জেনেভায় আগামী সপ্তাহে এই বৈঠক হইবে।

ইতিমধ্যে ব্রিটিশ গবর্ণমেণ্ট স্থির করিয়াছেন যে, ভূমধ্যসাগরে ব্রিটিশ জাহাজী ব্যবসায়ের উপর যেরূপ আক্রমণ করা হইতেছে, তজ্জন্য ভূমধ্যসাগরের পশ্চিমাংশে ব্রিটিশ নৌবহরের ডেষ্ট্রয়ারের সংখ্যা বাড়ানো হইবে। ব্রিটিশ মন্ত্রিবর্গের সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। স্যার জন সাইমনের সভাপতিত্বে এই সভা হয় এবং সকালে আড়াই ঘণ্টা ও বৈকালে এক ঘণ্টাকাল আলোচনা চলে। অর্থ-সচিব ও পররাষ্ট্র সচিব ছাড়া, লর্ড হ্যালিফ্যাক্স, নৌ-সচিব, সমর সচিব, ডোমিনিয়ন সচিব, উপনিবেশ সচিব ও শিক্ষা সচিব সভায় উপস্থিত ছিলেন। বৈকালে সভার সময় স্পেনের রাজদূত পররাষ্ট্র বিভাগের অফিসে আসিয়াছিলেন; কিন্তু সভা শেষ হইবার কিছু পূর্ব্বেই তিনি চলিয়া যান।

সভার সিদ্ধান্ত ঘোষণা করিয়া পররাষ্ট্র বিভাগের একটী ইস্তাহারে বলা হইয়াছে যে, সভায় সুদূর প্রাচ্যের পরিস্থিতি সম্পর্কেও আলোচনা হয়। আগামী সপ্তাহে মন্ত্রিসভার একটী বৈঠক হইবে।

কংগ্রেসের মন্ত্রিত্ব গ্রহণে শ্রীযুক্ত মানবেন্দ্র রায়

স্থানীয় টাউনহলে কোলাপাটুর 'মিউনিসিপ্যাল কাউন্সিলের সভ্যগণের এক বৈঠকে শ্রীযুক্ত মানবেন্দ্র নাথ রায় বক্তৃতা করেন বক্তৃতা প্রসঙ্গে শ্রীযুক্ত রায় বলেন:—

মিউনিসিপ্যাল প্রতিষ্ঠানের সদস্য হিসাবে কংগ্রেসী মন্ত্রিমণ্ডলীর আমলে স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানসমূহের অবস্থা সম্পর্কে আপনাদের আগ্রহ থাকা স্বাভাবিক। আমরা কংগ্রেসী মন্ত্রিত্ব পাইয়াছি বটে, কিন্তু এই সম্পর্কে আমাদের কোন ভ্রান্ত ধারণা থাকা উচিত নয়। কারণ, আমাদের শাসনতন্ত্র সীমাবদ্ধ এবং সেই গণ্ডীর মধ্যে থাকিয়া মন্ত্রিমণ্ডলী শাসনকার্য্য পরিচালনা করিতে হয়। সুতরাং প্রকৃত অবস্থাটা কি তাহা জনসাধারণের উপলব্ধি করা উচিত। সত্যিকার স্বাধীন ভাবে তাহাদের সার্থকতা যত শীঘ্র আমরা উপলব্ধি করিতে পারি, ততই আমরা ঐকান্তিক হওয়ার প্রয়োজন উপলব্ধি করিতে পারব স্থানীয় ব্যাপারে কংগ্রেস যোগ দিলে তদ্বারা কংগ্রেস সেবীরা সর্ব্বশ্রেণীর লোকের সংস্পর্শে আসিবেন এবং তাহাদের সহযোগিতালাভের সুযোগ পাইবেন।

সুতরাং আশা করি, কংগ্রেসের মন্ত্রিত্ব গ্রহণের ফলে বিভিন্ন রাজনৈতিক দলের কর্ম্মীদের মধ্যে মেলামেশা, সহযোগিতা ও সৌহার্দ্য বৃদ্ধি পাইবে।

স্পেন সরকারের অস্ত্রবোঝাই জাহাজ শত্রুপক্ষের হস্তগত

স্পেন সরকারের "মারবেলো" নামক জাহাজের অর্দ্ধাধিক নাবিক যখন বোটে করিয়া তীরে নামে, তখন "আলকোয়ার" নামক জাহাজের ক্যাপ্টেন এবং বিদ্রোহীদের অজ্ঞাত সমর্থকগণ আসিয়া জাহাজখানি দখল করে এবং উহাকে সান্তান্দারের দিকে লইয়া যায় বলিয়া বিশ্বাস। জাহাজখানি লাক ওডেসা হইতে ট্যাঙ্ক ও বিমানপোত বোঝাই হইয়া আসিয়াছিল।

বৃটিশ একাডেমী কর্ত্তৃক অধ্যাপক স্যার রাধাকৃষ্ণণ আমন্ত্রিত

বৃটিশ কাউন্সিল অব একাডেমী "প্রাচ্যের মনীষিগণ" সম্বন্ধে তাঁহাদের বার্ষিক লেকচার দিবার জন্য স্যার সর্ব্বপল্লী রাধাকৃষ্ণণকে আমন্ত্রণ করিয়াছেন। ইতিপূর্ব্বে দান্তে, মাইকেলেঞ্জেলো ও শেক্সপীয়র সম্বন্ধে লেকচার প্রদত্ত হইয়াছে এবং যাঁহারা পূর্ব্বে লেকচার দিয়াছেন তাঁহাদের মধ্যে ক্রোচে ও অধ্যাপক মুর অন্যতম।

অধ্যাপক স্যার রাধাকৃষ্ণণ ১৯৩৮ সালের প্রথমেই "বুদ্ধ" সম্বন্ধে লেকচার দিবেন। বৃটিশ একাডেমী কর্ত্তৃক তাঁহার লেকচার পুস্তিকাকারে প্রকাশিত হইবে এবং একাডেমীর বার্ষিক কার্য্যবিবরণীতে ও উহা থাকিবে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ শ্রীচৈতন্যভাগবত ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিগ্রহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। বাদল-আসর ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়-পঞ্জিকা ।৶০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ)
২৬। গীতার কেবল বাঙ্গলা-ভাষা ।০
২৭। মুক্তিপত্রিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দ্বীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধামমাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্থপঞ্চক ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেব ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ।৶০
৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ ৴০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন্ বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪ বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ৴০
৭৬। দি ভাগবত
৭৭। থিয়েটিক প্রিন্সিপ্ল্স্ অ্যাণ্ড অ্যাপ্লায়েড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভল্যুম্ ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৴১০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীপরমহংসমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

—:o:—

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথম খণ্ড রয়েল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

১২শ বর্ষ { ১৭ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ২৩শে ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ৮ই সেপ্টেম্বর ইং ১৯৩৭, বুধবার } ১৬৩তম সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

আশুতোষ কলেজ হলে সভা

গত ৫ঠা সেপ্টেম্বর শনিবার ভবানীপুর 'আশুতোষ কলেজ হলে' একটী বক্তৃতা সভার অধিবেশন হয়। প্রফেসর মন্মথনাথ বসু মহোদয়ের প্রস্তাবে ও ডাক্তার দ্বিজেন্দ্রনাথ মৈত্র এম-বি মহোদয়ের অনুমোদনে অনারেবল্ জাষ্টিস্ মিঃ সি, সি, বিশ্বাস, সি-আই-ই মহোদয় সভাপতির আসন গ্রহণ করিলে পর আমন্ত্রণকারী শ্রীপাদ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সভাপতি মহোদয় ও বক্তা ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিহৃদয় বন মহারাজ ও অধ্যাপক শ্রীযুত সদানন্দ ব্রহ্মচারী মহোদয়দ্বয়ের গলদেশে পুষ্পমালা প্রদান করেন।

সভার প্রারম্ভে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিচার যাযাবর মহারাজ ও অন্যান্য ব্রহ্মচারিবৃন্দ উদ্বোধন-সঙ্গীত কীর্ত্তন করিলে পর মাননীয় সভাপতি মহোদয় বক্তৃমহোদয়দ্বয়ের পরিচয় প্রদান করেন।

অনন্তর বাগ্মিপ্রবর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিহৃদয় বন মহারাজ ও দার্শনিক পণ্ডিত শ্রীযুত সদানন্দ ব্রহ্মচারীজী 'বেদান্তের উদ্দিষ্ট বিষয়' সম্বন্ধে যথাক্রমে বাংলা ও ইংরেজী ভাষায় দুই ঘণ্টাকাল বক্তৃতা প্রদান করেন। বক্তৃতা সকলেরই হৃদয়গ্রাহী হইয়াছিল। বক্তৃতান্তে সভাপতি মহোদয় ইংরাজী ভাষায় বক্তৃদ্বয়ের প্রশংসা করিয়া একটী অভিভাষণ প্রদান করেন।

প্রায় সহস্র ব্যক্তি হরিকথা শ্রবণার্থ সভায় যোগদান করিয়াছিলেন। তন্মধ্যে নিম্নে কতিপয় ব্যক্তির নাম প্রদত্ত হইল।

ডাঃ মহেন্দ্রনাথ সরকার এম.এ, পি-এইচ-ডি; ডাঃ দ্বিজেন্দ্রনাথ মৈত্র এম-বি, প্রফেসর মন্মথনাথ বসু, মিঃ জে এন মজুমদার, মিঃ আর এন্ সেন, মিঃ এস্, এন্ ব্যানার্জী, রায় বাহাদুর এস্-সি ব্রহ্মচারী প্রভৃতি

গয়া শ্রীগৌড়ীয়মঠে শ্রীজন্মাষ্টমী ও শ্রীনন্দোৎসব

গৌড়ীয়মঠাচার্য্য ওঁবিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের কৃপাদেশে গয়া শ্রীগৌড়ীয়মঠে দিবসদ্বয়ব্যাপী শ্রীজন্মাষ্টমী ও নন্দোৎসব পালিত হইয়াছে। জন্মাষ্টমীর দিবস মঙ্গলারাত্রিকের পর শ্রীগুরু-গৌরাঙ্গের জয়কীর্ত্তন-মুখে মঠসেবকগণ জন্মাষ্টমী-ব্রত আরম্ভ করেন। সমস্ত দিন হরিকীর্ত্তন-মুখে ব্রত পালিত হয়। প্রাতঃ কীর্ত্তনের পর শ্রীপাদ গুরুপাদপদ্মমধুপ ভাগবতাধিকারী শ্রীচৈতন্য-ভাগবত পারায়ণ আরম্ভ করেন। মধ্যে মধ্যে অন্যান্য ব্রহ্মচারিবৃন্দ সুললিতকণ্ঠে মহাজন-পদাবলী কীর্ত্তন করেন

সন্ধ্যা শ্রীচৈতন্য-ভাগবত পারায়ণ সমাপনান্তে অপূর্ব্ব মূর্ত্তিযুক্ত শ্রীরাধা-গোবিন্দের সম্মুখে বৈদ্যুতিক আলোকসজ্জা দর্শন-মানসে শ্রীরাধাগোবিন্দের প্রার্থনা-সূচক কীর্ত্তন হয়। তৎপর পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী বি-এ, মহোদয় শ্রীমদ্ভাগবতের দশম স্কন্ধের দ্বিতীয় ও তৃতীয় অধ্যায় হইতে ব্রহ্মাদিদেবতাবৃন্দের গর্ভস্তুতি ও জন্মলীলা প্রসঙ্গ পাঠ ও হিন্দিভাষায় ব্যাখ্যা করেন। উৎসবে শত শত শ্রোতা ও দর্শকের সমাগম হয়। ঠাকুরের যথারীতি অভিষেক ও ভোগরাগাদির পর উপস্থিত ভক্তবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

উৎসবের দ্বিতীয় দিবস যথারীতি নন্দোৎসব পালিত হয়। ঐ দিবস প্রাতে 'নন্দোৎসব' সম্বন্ধে বক্তৃতার পর শত শত ব্যক্তিকে মহাপ্রসাদ দানে পরিতৃপ্ত করা হইয়াছিল। উৎসবের তৃতীয় দিবস প্রাতে মঠের অধিকাংশ কাঙ্গালীকে যথেচ্ছায় প্রসাদে পরিতৃপ্ত করা হয়।

এই উৎসবে মঠবাসী সেবকবৃন্দের, স্থানীয় গৃহস্থ ভক্তবৃন্দের ও স্কুলের ছাত্রবৃন্দের

শ্রীরামানন্দ গৌড়ীয়মঠে

পরমারাধ্য শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যের নির্দ্দেশানুসারে গত ২৯।৮।৩৭ তারিখে শ্রীরামানন্দগৌড়ীয়মঠে শ্রীশ্রীকৃষ্ণের জন্মোৎসবোপলক্ষে শ্রীমঠের সেবকবৃন্দ শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর মঙ্গলারাত্রিকের পর প্রভাতিক, গুরুপরম্পরা, পঞ্চতত্ত্ব মঙ্গলপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করিয়া শ্রীচৈতন্য-ভাগবত-পারায়ণ আরম্ভ করেন মধ্যাহ্নে ভোগারাত্রিক কীর্ত্তনের পর মহামন্ত্র কীর্ত্তনান্তে পুনরায় পারায়ণ হইতে থাকে। তৎপর সন্ধ্যারাত্রিকের পর শ্রীমদ্ভাগবত দশম স্কন্ধ হইতে শ্রীশ্রীকৃষ্ণের জন্মলীলা রাত্রি ১২টা পর্য্যন্ত পাঠ করা হয়। অনন্তর অর্চ্চন ও ভোগারাত্রিকের পর সমাগত ভক্তগণকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। পরদিবস অপরাহ্ন নানাবিধ বাদ্য, নৃত্য, ভোগরাগ, হরিকথা আলোচনা ও শ্রীনাম-সংকীর্ত্তনের পর সমাগত বহু ব্যক্তিকে শ্রীমহাপ্রসাদ বিতরণ করা হয়।

শ্রীরূপগৌড়ীয় মঠে জন্মাষ্টমী-মহোৎসব

বিগত ২৯শে আগষ্ট রবিবার ও ৩০শে সোমবার 'শ্রীকৃষ্ণ জন্মাষ্টমী' ও নন্দোৎসব শ্রীপাদ মাধব শ্রীচৈতন্যদেবের ভক্তপ্রবর শ্রীরূপগৌড়ীয়মঠে বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের সম্পূর্ণ আনুকূল্যে ও উৎসাহে সুচারুরূপে সুসম্পন্ন হইয়াছে।

জন্মাষ্টমী দিবস মঙ্গলারাত্রিকের পর উষঃকীর্ত্তন ও শ্রীচৈতন্যভাগবত পারায়ণ, মধ্যাহ্ন ভোগরাত্রিক ও হরিকথা আলোচনা, সন্ধ্যায় সন্ধ্যারাত্রিক ও কীর্ত্তনান্তে শ্রীমদ্ভাগবত হইতে শ্রীকৃষ্ণের জন্মলীলা পাঠ ও ব্যাখ্যা হয়।

শ্রীনন্দোৎসব দিবস সন্ধ্যারাত্রিকের পর সমাগত সজ্জনদের সমক্ষ শ্রীগৌড়ীয়মঠের ভক্ত শ্রীপাদ অধিকেশব ব্রহ্মচারী এম এ, মহোদয় ত্রিশোত্তর প্রায় এক ঘণ্টাকাল 'শ্রীনন্দোৎসব' সম্বন্ধে একটী গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করিয়াছিলেন। সহরের সমস্ত বিশিষ্ট সজ্জন ব্যক্তি উপস্থিত ছিলেন। সকলেই বক্তার যোগ্যতাপূর্ণ বক্তৃতা শ্রবণ করিয়া বিশেষ লাভবান করিয়াছেন।

মহোৎসবকালে বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হইবার পর সমাগত প্রায় ৩০০ তিন শত ভদ্রমহোদয় ও বালকদিগকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছিল।

"কায়মনোবাক্যে হরিকীর্ত্তন বিধেয়। কায়িক কীর্ত্তন, বাচনিক কীর্ত্তন, মানসিক কীর্ত্তন যুগপৎ করিতে হইবে। মন যদি কৃষ্ণ কীর্ত্তন না করে, অন্যমনস্ক হইয়া থাকে, তাহা হইলে কৃষ্ণের সম্যক্ কীর্ত্তন হয় না। নিজের আদর্শ আচরণের মধ্যেও কৃষ্ণকীর্ত্তন করিতে হইবে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৭ হৃষীকেশ বৃহ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫১

পাপ ও অপরাধ

পাপ হইতে অপরাধ স্বতন্ত্র জিনিষ। সামাজিক নীতিভঙ্গ হয় 'পাপ' ও বিষ্ণু বৈষ্ণবচরণে অবজ্ঞা প্রদর্শিত হইলে অপরাধ হইয়া থাকে। পাপ ও পুণ্য—এ জগতের কথা। ইহা মনের ধর্ম। আত্মধর্ম্মে—বৈষ্ণবধর্ম্মে পাপ-পুণ্যের আবাহন নাই। পাপ-পুণ্যের অতীত না হইলে বৈষ্ণবধর্ম্মে স্থায়ী দীক্ষালাভ হয় না। পাপিগণের স্থান—নরকে। স্বর্গ—প্রাকৃত ভোগময় নশ্বর স্থান। আর বৈকুণ্ঠ—অপ্রাকৃত হরিসেবাময় অবিনশ্বর ধাম। বৈষ্ণবগণ এই বৈকুণ্ঠের নিত্য অধিবাসী। যাহারা সেবাধর্ম্ম ছাড়িয়া কৃষ্ণেতর অপর ধর্ম্ম-যাজনকারী অর্থাৎ অন্যাভিলাষী বা কর্ম্মী, তাহাদের ধর্ম্মের পাপ-বিচার ও শুদ্ধবৈষ্ণবধর্ম্মের হরিসেবার প্রতি-বন্ধক দূরীকরণার্থ অপরাধ বা অনর্থবিচার সম্পূর্ণ পৃথক্।

পাপ অপেক্ষা অপরাধ কোটীগুণ অধিক ভীষণ। পাপ প্রায়শ্চিত্তে বিনষ্ট হয়। কিন্তু অপরাধ তাহাতে যায় না। পতিতপাবন ভুবনমঙ্গল শ্রীগৌরনিত্যানন্দের নামের কেবল অপরাধ দূরে পলায়ন করে। যাহারা ভক্তি-পথের পথিক, তাহারা পাপ হইতে অনন্ত-কোটি যোজন দূরে অবস্থিত। হরির অভাব যেখানে, মিথ্যা কথা বা পাপের প্রশ্রয় যেখানে, গোপনে স্থূল বা সূক্ষ্মভাবে ইন্দ্রিয়-তর্পণের দুরাশা যেখানে, এই সব সাধারণ নৈতিকতা রক্ষা হয় না যেখানে, সেখানে ভগবদ্ভজনের কোন কথা নাই। কারণ, সাধারণ হৃদয় শুদ্ধবৈষ্ণবের অনুসরণ না করিলে কনিষ্ঠাধিকার পর্য্যন্তও পৌঁছান যায় না। এই ধর্ম্মাধর্ম্মের অতীত ভগবদ্ভজনের কথা। তাই শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভু লিখিয়াছেন,—

"ন ধর্ম্মং নাধর্ম্মং শ্রুতিগণনিরুক্তং কিল কুরু
ব্রজে রাধাকৃষ্ণ-প্রচুরপরিচর্য্যামিহ তনু।
শচীসূনুং নন্দীশ্বরপতিসুতত্বে গুরুবরং
মুকুন্দপ্রেষ্ঠত্বে স্মর পরমজস্রং ননু মনঃ॥"

[হে মন, তুমি বেদবিহিত ধর্ম্ম বা বেদ-নিষিদ্ধ অধর্ম্মের অনুষ্ঠান করিও না; পরন্তু ইহলোকে ব্রজধামে অবস্থানপূর্ব্বক শ্রীরাধা-কৃষ্ণের প্রচুর সেবা বিস্তার কর এবং শ্রীশচীনন্দনকে শ্রীকৃষ্ণজ্ঞানে এবং শ্রীগুরু-দেবকে শ্রীকৃষ্ণপ্রেষ্ঠজ্ঞানে নিরন্তর স্মরণ কর।]

যাঁহারা মঙ্গলেচ্ছু—ভগবৎ-কৃপাভিলাষী, সেই ভক্তিসাধকগণের এই অপরাধ সম্বন্ধে বিশেষ সাবধান হওয়া আবশ্যক। কারণ, অপরাধ জিনিষটী আত্মধর্ম্ম-যাজনে প্রবল অন্তর্য্য বা ভীষণ বাধা। আমরা সকলেই ভগবানের সেবক। সুতরাং ভগবানের সুখবিধানই আমাদের একমাত্র কৃত্য। এতদ্-ব্যতীত আমাদের আর অন্য কোন কর্ত্তব্য নাই। কিন্তু চেতন জীব আমি স্বতন্ত্রতার অপব্যবহার করিয়া ভগবৎ সুখবিধানের পথের অর্গল বা প্রতিবন্ধকগুলিকে নিজেই আনয়ন করিয়াছি। ইহাই আমার অপরাধ। আমি ভোগী ও ত্যাগী সাজিয়া নিজেরই তর্পণে ব্যস্ত হইয়া অপরাধী হইয়াছি। আমার ভোক্তাভিমানই আমার সর্ব্বনাশ সাধন করিয়াছে। এখন সাধুগুরুকৃপা-যষ্ঠি ধরিয়া তাঁহাদের নিষ্কপট সেবক হইতে পারিলে আর অপরাধ বা প্রতিবন্ধকের কোন ভয় নাই। নতুবা বিপদ্ পদে পদে।

কর্ম্মমার্গের লোকগুলি নিত্য পঞ্চসূনা পাপ করিয়া থাকে, কিন্তু আমি ভক্তিমার্গে প্রবেশের ছলনা করিয়া যে কত প্রকার অপরাধের আবাহন করিতেছি, তাহার ইয়ত্তা নাই। আমি নিজ ভোগের জন্য কৃষ্ণের ভোগের জিনিষগুলি আটকাইয়াছি। কৃষ্ণের ভোগ্য দুগ্ধ, বাতাস, আলোকাদি উপভোগ করিয়া কৃষ্ণবিমুখ জীবননির্ব্বাহের জন্য উঠিয়া পড়িয়া লাগিয়াছি। সকলেই স্বরূপতঃ কৃষ্ণের নিত্যভৃত্য, কিন্তু কৃষ্ণের সেই সেবকগণকে কৃষ্ণের সেবায় নিযুক্ত না করিয়া নিজ দাস্যে নিযুক্ত করিয়াছি, ভগবানের গৃহের ভৃত্যগণ হরিবিমুখ আমার স্নান-পান পদপ্রক্ষালনাদির জল যোগাইতেছে, তাহাদের দ্বারা আমি আমার ইন্দ্রিয়তর্পণের ইন্ধন সরবরাহ করাইতেছি, আমি লোকের সহিত বন্ধুত্ব করিতে গিয়া তাহাদিগকে হরিকথা-শ্রবণ-কীর্ত্তন-সেবার সুযোগদানের পরিবর্ত্তে তাহাদের সহিত বৃথা বাক্যালাপে দিন কাটাইতেছি, আমি নিজে কৃষ্ণসেবায় নিযুক্ত হইতে পারি নাই বলিয়া নিজের ইন্দ্রিয়তৃপ্তির জন্য আমার আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব বা অনুগত জনগণেরও অভ্যাভি-লাষকে পোষণ করিতেছি এবং ঐ সকল ইতরকার্য্যে ব্যস্ত হইতে গিয়া আমার আসল কাজ শুদ্ধবৈষ্ণবসেবাই বাদ পড়িয়া যাইতেছে, এইরূপ কত অসংখ্য দুর্দ্দৈব ও বিপদ্ যে আমাকে দিন দিন জ্ঞাত বা অজ্ঞাতসারে আক্রমণ করিতেছে, তাহার আর অন্ত নাই। তাই বলি, আমার ন্যায় ভীষণ অপরাধী আছে আর কে?

আমি আবার অনেক সময় ধর্ম্ম-মায়ার প্রলোভনে পড়িয়া বিপথগামী হইতেছি। আমি গৃহস্থ সাজিবার ইচ্ছায় বৈধপত্নী গ্রহণ করিয়া মনে করিতেছি যে, আমি যখন অবৈধ ইন্দ্রিয়চালনায় রত নই তখন আমার কোন অসুবিধা নাই, আমি পুণ্যবান্। কিন্তু হরি-সেবার অবরোধক সাজিয়া নিকট বৈধপত্নী-রূপিণী মায়া শুশ্রূষাদি ছলে ধীরে ধীরে আসিয়া যে আমাদের মহা সর্ব্বনাশ সাধন করে, আমাদের হরিবিমুখতা বাড়াইয়া দিয়া আমাদিগকে তাহার ক্রীতদাস করিয়া ফেলে, এ কথা তখন আমার মনে থাকে না। তাই আমি বৈধপত্নীর পুণ্যময় সংবাস ও শুশ্রূষা গ্রহণ করিতে গিয়া এক-পত্নীব্রতধর ভগবান্ শ্রীরামচন্দ্রের চরণে অপরাধ করিয়া বসি। আবার দুর্ব্বুদ্ধিবশতঃ ইহাতেও সন্তুষ্ট হইতে না পারিয়া আমার কামবিধূর চঞ্চল চিত্ত যখন অবৈধ স্ত্রীসঙ্গ-লিপ্সায় উদ্বেলিত হইয়া উঠে তখন অদ্বিতীয় ভোক্তা শ্রীকৃষ্ণের চরণে আমার মহাপরাধ হয়। তখন আমি আমার নিত্যধর্ম্মের কথা, আমার নিত্য সেব্য বস্তুর কথা ভুলিয়া যাই। শ্রীকৃষ্ণ যে একমাত্র ভোক্তা, আর আমি যে তাঁহার সম্ভোগবস্তুর একটী উপকরণমাত্র, অসৎসঙ্গের ফলে এ সকল কথা আমার তখন আদৌ মনে থাকে না। এমনি আমার পোড়া কপাল!

পাপিগণ নরকভোগ করে। তাহারা কোন্ কোন্ নরকে যায়, নরকাদির অবস্থান কোথায়, এ সকল কথা আমরা অন্য সময় আলোচনা করিব। অদ্য আমরা অপরাধের দিগ্দর্শন করিতেছি।

শাস্ত্রে বৈষ্ণবাপরাধ, অর্চ্চাপরাধ, নামাপরাধ ধামাপরাধ, সেবাপরাধ ও সিদ্ধান্তাপরাধ প্রভৃতি বহু অপরাধের কথা আছে। নিষ্কপট আর্ত্তির ফলেই শুদ্ধবৈষ্ণব-ভগবানের কৃপায় এই অপরাধের হস্ত হইতে নিষ্কৃতি পাওয়া যায়। শ্রীল জীবগোস্বামী প্রভু ভক্তিসন্দর্ভে লিখিয়াছেন,—"নামাপরাধযুক্তানাং নামান্যেব হরন্ত্যঘম্। অবিশ্রান্তি প্রযুক্তানি তান্যেবার্থ-করাণি চ॥" নামাপরাধী পুরুষগণের পক্ষে নিরন্তর নিষ্কপটে উচ্চারিত শ্রীনামসমূহই পাপ-নাশক ও প্রয়োজনসাধক হইয়া থাকে। শ্রীনামকৌমুদীতেও উক্ত হইয়াছে যে, 'মহা-পরাধস্ত ভোগ এব নিবর্ত্তকঃ তদনুগ্রহো বা'—অর্থাৎ মহাজন নিন্দা অপরাধ হইলে ফলভোগ বা তাঁহার অনুগ্রহই অপরাধের নিবৃত্তিকারক হইয়া থাকে।

অপরাধীর মুখে শ্রীনাম কখনও উদিত হন না। সর্ব্বজীবসুহৃৎ শ্রীনামের নিকট অপরাধী নিশ্চয়ই অধঃপতিত হয়। সুতরাং হরিনাম-কীর্ত্তন-বিষয়ে পদ্মপুরাণোক্ত দশ অপরাধ বিশেষ সাবধানতার সহিত অবশ্যই পরিত্যাজ্য।

দশবিধ নামাপরাধ

(১) প্রকৃত সাধুর নিন্দা, (২) এই সংসারে মঙ্গলময় শ্রীবিষ্ণুর নাম, রূপ, গুণ ও লীলাদিতে পরস্পর ভেদ দর্শন করা অর্থাৎ প্রাকৃত বস্তুর ন্যায় শ্রীবিষ্ণুর নাম, রূপ, গুণ ও লীলা নামী-শ্রীবিষ্ণু হইতে ভিন্ন, এরূপ মনে করা, অথবা শিবাদি দেবতাকে প্রতিদ্বন্দ্বিজ্ঞানে শ্রীবিষ্ণু হইতে স্বতন্ত্র বা অভিন্ন দর্শন করা, (৩) গুরুর প্রতি অবজ্ঞা অর্থাৎ নামতত্ত্ববিদ্ গুরুকে প্রাকৃত ও মর্ত্ত্য-বুদ্ধিমূলে অবজ্ঞা করা, (৪) বেদ ও তদনুগত শাস্ত্রের নিন্দা, (৫) হরিনাম মাহাত্ম্যকে অতিস্তুতি জ্ঞান, (৬) ভগবন্নামসমূহকে কল্পনা বলিয়া মনে করা, (৭) নামবলে পাপপ্রবৃত্তি, (৮) অন্য শুভকর্ম্মের সহিত শ্রীনামের সমতা, অনবধান বা প্রমাদ, (৯) শ্রদ্ধাহীন বা নামশ্রবণে বিমুখ ব্যক্তিকে নামোপদেশ, (১০) শ্রীনামের মাহাত্ম্য শুনিয়াও 'আমি' ও 'আমার' এইরূপ দেহাত্মবুদ্ধিবিশিষ্ট হইয়া শ্রীনামের প্রতি অপ্রীতি।

নামাপরাধের ফল—ধর্ম্মার্থকাম, নামা-ভাসের ফল—মুক্তি, আর শ্রীনামের ফল—প্রেম। নামাপরাধী যে ফল বাঞ্ছা করিয়া নামোচ্চারণ করে নাম সেই ফলই দিয়া থাকেন; কিন্তু কখনই তাহাকে প্রেমফল দেন না। সঙ্গে সঙ্গে তাহার নামাপরাধের ফল ভোগ হয়। নামাপরাধী শঠতা সহকারে যে নাম করে, তাহার ফল এইরূপ। অনেক সময় নামাপরাধী শঠতার অবসরে নাম উচ্চারণ করেন; সেই নাম তাঁহার সুকৃতি মধ্যে সংগৃহীত হয়, ক্রমে ক্রমে সেই সুকৃতি পুষ্ট হইলে শুদ্ধনামপরায়ণ সাধুর সঙ্গ হয়; তখন নামাপরাধী অবিশ্রান্ত নামগ্রহণ পূর্ব্বক নামাপরাধ হইতে মুক্তি লাভ করেন।

ধামাপরাধ দশটী

(১) ধামপ্রদর্শক শ্রীগুরুর অবজ্ঞা, (২) ধামকে অনিত্যবোধ, (৩) ধামবাসী ও ধামযাত্রীর প্রতি হিংসা ও জাতিবুদ্ধি, (৪) ধামে বসিয়া বিষয়কার্য্যাদির অনুষ্ঠান, (৫) শ্রীধাম-সেবাছলে শ্রীনাম-বিগ্রহের ব্যবসায় ও অর্থোপার্জ্জন, (৬) জড়বুদ্ধিতে

ধামের সহিত অন্য দেশের অথবা অন্য দেবতীর্থের সমজ্ঞান ও পরিমাণ চেষ্টা, (৭) ধামবাসচ্ছলে পাপাচরণ, (৮) নবদ্বীপ-বৃন্দাবনে ভেদ-জ্ঞান, (৯) শ্রীধাম-মাহাত্ম্য-সূচক শাস্ত্রনিন্দা, (১০) ধাম-মাহাত্ম্যে অবিশ্বাসমূলে অর্থবাদ ও কল্পনা-জ্ঞান।

সেবাপরাধ

অর্চাবিগ্রহ সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন। কৃষ্ণচন্দ্র শ্রীভগবান্ নিত্যকাল গোলোক-বৃন্দাবনে নিত্য স্বস্বরূপে বিরাজমান। তিনি প্রপঞ্চে প্রকটকালে স্বরূপ প্রদর্শন করেন এবং অপ্রকটকালে অর্চ্চামূর্ত্তিতে প্রপঞ্চে নিত্য বর্ত্তমান থাকেন। শ্রীভগবানের স্বীয় নিত্য স্বরূপে, প্রকট বিগ্রহে ও অর্চ্চামূর্ত্তিতে কোনও ভেদ নাই, তবে লীলাগত বৈচিত্র্য আছে। সাক্ষাৎ শ্রীকৃষ্ণবিগ্রহে প্রাকৃতবুদ্ধি করিতে নাই। শ্রীবিগ্রহকে প্রাকৃতজাত বস্তুবুদ্ধি করিয়া তাঁহাতে চিৎ-এর আবির্ভাব হইয়াছে অথবা জড়বস্তু চিৎএ পরিণত হইয়াছে—উভয়বিধ বুদ্ধিই নিরয়-গামিনী। শ্রীবিগ্রহসেবায় অপরাধের সম্ভাবনা আছে, সেই অপরাধ হইতে সর্ব্বদা সাবধান থাকিতে হইবে। যথা—

আগমে

(১) যান অর্থাৎ শিবিকাদিযোগে অথবা পদে পাদুকা প্রদানপূর্ব্বক ভগবদ্গৃহে গমন (২) ভগবৎ-শ্রীত্যর্থে অনুষ্ঠিত যাত্রা (জন্মাদি) প্রভৃতি উৎসব না করা, (৩) শ্রীবিগ্রহের সম্মুখে প্রণাম না করা, (৪) উচ্ছিষ্টলিপ্ত গাত্রে অথবা অশুচি অবস্থায় শ্রীবিগ্রহের বন্দনা, (৫) একহস্তে প্রণাম, (৬) শ্রীবিগ্রহের সম্মুখে প্রদক্ষিণ, (৭) শ্রীবিগ্রহের সম্মুখে পাদপ্রসারণ, (৮) পর্য্যঙ্কবন্ধন অর্থাৎ শ্রীবিগ্রহের অগ্রে হস্তদ্বারা জানুদ্বয় বন্ধনপূর্ব্বক উপবেশন, (১০) শ্রীমূর্ত্তির সম্মুখে ভোজন, (১১) শ্রীমূর্ত্তির অগ্রে মিথ্যাভাষণ, (১২) উচ্চৈঃস্বরে কথা বলা, (১৩) পরস্পর ইতর কথার আলোচনা, (১৪) রোদন, (১৫) কলহ, (১৬) কাহারও প্রতি নিগ্রহ, (১৭) কাহারও প্রতি অনুগ্রহ, (১৮) সাধারণের প্রতি নিষ্ঠুর বাক্য ব্যবহার, (১৯) লোমকম্বল আবরণ দিয়া সেবা-কার্য্যাদি করা, (২০) শ্রীমূর্ত্তির সম্মুখে পরনিন্দা, (২১) অশ্লীল বাক্য ব্যবহার, (২২) অপানবায়ু ত্যাগ, (২৩) সামর্থ্য থাকিতে অল্প উপচারে অথবা অল্প বারে পূজা ও উৎসবাদি করা, (২৫) অনিবেদিত বস্তু গ্রহণ, (২৬) যে সময়ে যে ফল বা শস্যাদি উৎপন্ন হয়, সেইকালে তাহা অর্পণ না করা, (২৭) সংগৃহীত দ্রব্যের অগ্রভাগ অন্যকে প্রদান করিয়া অবশিষ্টাংশ প্রদান, (২৮) শ্রীমূর্ত্তির দিকে পৃষ্ঠ করিয়া উপবেশন, (২৯) শ্রীমূর্ত্তির সম্মুখে অন্যকে অভিবাদন, (৩০) গুরুদেবের অগ্রে স্তবাদি না করিয়া মৌনভাবে অবস্থান, (৩১) গুরুদেবের অগ্রে নিজের প্রশংসা, (৩২) দেবতানিন্দন।

বরাহপুরাণে কথিত আছে,—(১) রাজান্নভক্ষণ, (২) অন্ধকার গৃহে শ্রীমূর্ত্তি স্পর্শ করা, (৩) বিনা বাদ্যে শ্রীমন্দিরের দ্বার উদ্ঘাটন, (৪) বিধি উল্লঙ্ঘন করিয়া স্বেচ্ছাচারে শ্রীহরির উপাসনা, (৫) কুকুরদৃষ্ট দ্রব্যদ্বারা নৈবেদ্য দান, (৬) পূজাকালে মৌনী না থাকা, (৭) পূজাকালে মলত্যাগার্থ গমন, (৮) অগ্রে গন্ধমাল্য প্রদান না করিয়া ধূপ প্রদান, (৯) অযোগ্য পুষ্পে পূজা, (১০) দন্তধাবন না করিয়া পূজা, (১১) স্ত্রীসম্ভোগান্তে পূজা, (১২) রজস্বলা স্ত্রী স্পর্শ পূর্ব্বক পূজা, (১৩) দীপ স্পর্শপূর্ব্বক পূজা, (১৪) শবস্পর্শ পূর্ব্বক পূজা, (১৫) রক্তবর্ণ, নীলবর্ণ, অধৌত, অপরের বস্ত্র এবং মলিনবস্ত্র পরিধানপূর্ব্বক পূজা, (১৬) মৃতদর্শনান্তে পূজা, (১৭) পূজাকালে অপান বায়ু পরিত্যাগ, (১৮) ক্রোধ করিয়া শ্রীহরির স্পর্শ ও সেবা করা, (১৯) শ্মশানে গমন করিয়া, (২০) ভুক্তদ্রব্য জীর্ণ না হইতে, (২১) কুসুম্ভ শাক (নাটাকরঞ্জা) ও (২২) পিণ্যাক অর্থাৎ তিল ভক্ষণ করিয়া সেবা করা, (২৩) তৈল মর্দ্দন করিয়া শ্রীমূর্ত্তির স্পর্শ ও সেবা।

অন্যত্র—(১) ভগবৎ-প্রতিপাদিত শাস্ত্রে অনাদর করিয়া তৎপ্রতিপত্তি, (২) অন্য শাস্ত্রের প্রবর্ত্তন, (৩) শ্রীবিগ্রহের সম্মুখে তাম্বূলচর্ব্বণ, (৪) এরণ্ডপত্রস্থ পুষ্প দ্বারা পূজা করা, (৫) আসুরিক কালে ভগবৎ-পূজা, (৬) পীঠ অথবা ভূমিতে উপবেশন করিয়া পূজা করা, (৭) স্নানকালে বামহস্তদ্বারা শ্রীমূর্ত্তি-স্পর্শ, (৮) পর্য্যুষিত বা যাচিত পুষ্পের দ্বারা অর্চ্চন, (৯) পূজাকালে নিষ্ঠীবন ত্যাগ, (১০) আমি বড় পূজক এই অভিমান, (১১) তির্য্যক্পুণ্ড্র ধারণ, (১২) পদধৌত না করিয়া শ্রীমন্দিরে প্রবেশ, (১৩) অবৈষ্ণবপাচিত অন্ন শ্রীভগবানে নিবেদন, (১৪) অবৈষ্ণবের সম্মুখে শ্রীমূর্ত্তিপূজা, (১৫) বিঘ্নবিনাশকের পূজা না করিয়া পূজা, (১৬) কাপালিককে দর্শন করিয়া পূজা, (১৭) নখস্পৃষ্ট জলে শ্রীমূর্ত্তির স্নান, (১৮) ঘর্ম্মাক্ত দেহে পূজা, (১৯) নির্ম্মাল্য উল্লঙ্ঘন (২০) ভগবানের নাম দ্বারা শপথ।

বৈষ্ণবাপরাধ

বৈষ্ণবে জাতিবুদ্ধি বা প্রাকৃত বুদ্ধি করা, বৈষ্ণবের নিন্দা, বৈষ্ণবকে অবৈষ্ণব ও অবৈষ্ণবকে বৈষ্ণব জ্ঞান করা, বৈষ্ণবকে হনন করা, হিংসা করা, বৈষ্ণবকে দর্শন করিয়া প্রণাম (বা পূজা) না করা, বৈষ্ণবের প্রতি ক্রোধ করা, বৈষ্ণব দর্শনে আনন্দিত না হওয়া, বৈষ্ণবনিন্দা শ্রবণ করা, বৈষ্ণবনিন্দুক বা বৈষ্ণববিদ্বেষীর সঙ্গ বা দর্শনাদি করা, বৈষ্ণবাদেশ লঙ্ঘন করা, প্রভৃতি অপরাধ।

যে বৈষ্ণবস্থানে অপরাধ হয় যার।
পুনঃ সেই কান্দলে সে ঘুচে, নহে আর॥
কাঁটা ফুটে যেই মুখে সেই মুখে যায়।
পায়ে কাঁটা ফুটিলে কি স্কন্ধে বাহিরায়?

(চৈঃ ভাঃ)

শ্রীল জীবগোস্বামী প্রভু লিখিয়াছেন, দেবদ্রোহ অপেক্ষা গুরুদ্রোহ কোটী কোটী গুণ অধিক দোষজনক, এবং গুরুদ্রোহ অপেক্ষাও ভক্তি-সিদ্ধান্তাপবাদরূপ নাস্তিক্য কোটীগুণে অধিক দোষজনক হইয়া থাকে। হরি, গুরু ও বৈষ্ণব ইঁহারা পরম দয়াল। ইঁহাদের নিকট নিষ্কপটে কৃপাপ্রার্থী হইয়া অনুগত থাকিলে তাঁহারা নিজগুণে আমাদের সমস্ত অপরাধ ক্ষমা করিয়া সেবা দান করেন। তাঁহারা এত মহাবদান্য। শাস্ত্র বলেন,—

ঈশ্বরের স্বভাব ভক্তের না লয় অপরাধ।
অল্পসেবা বহু মানে আত্মপর্য্যন্ত প্রসাদ॥
"কৃতস্য পতন্তি গুরুনপি নাপরাধান্
সেবাং কৃতামপি মনাগ্বহিবাস্ত্রৈস্তি।
আবিষ্করোতি পিশুনেষ্বপি নাভ্যসূয়াং
শীলেন নির্ম্মলমতিঃ পুরুষোত্তমোহয়ম্॥"

(ভক্তিরসামৃতসিন্ধু)

[এই ভগবান্ পুরুষোত্তম—নির্ম্মলমতি; শীলনামা গুণের দ্বারা ইনি ভৃত্যের গুরু অপরাধ সকলও দৃষ্টি করেন না; অতি অল্প সেবাকে বহু জ্ঞান করেন এবং আত্মনিন্দাকারী খলের প্রতিও অসূয়া আবিষ্কার (প্রকাশ) করেন না।]

আমি মহাপরাধী, আমার অপরাধের অন্ত নাই। এমন পাপ বা অপরাধ নাই, যাহা আমি বহুবার করি নাই। এখন আমি নিরুপায় চাই নিরুপায়ের উপায়, নিরাশ্রয়ের আশ্রয় শ্রীহরি-গুরু-বৈষ্ণবচরণে কাঁদিতে কাঁদিতে শরণ লইতেছি।

মত্তুল্যো নাস্তি পাপাত্মা নাপরাধী চ কশ্চন।
পরিহারেহপি লজ্জা মে কিং
ব্রুবে পুরুষোত্তম॥

ভূমৌ স্খলিতপাদানাং ভূমিরেবাবলম্বনম্।
ত্বয়ি জাতাপরাধানাং ত্বমেব শরণং প্রভো॥

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড—৵০, ২য় খণ্ড —১৵; ৩য় খণ্ড ৵০ ৪র্থ খণ্ড—৵০

প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর
শ্রীচৈতন্যমঠ

কুঞ্জবাবুর স্বহস্তলিখিত পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ
শ্রীগৌড়ীয়মঠ
তাং ৯।৩।৩৭

শ্রীশ্রীমদ্ভাগবতচরণে অসংখ্য দণ্ডবৎ প্রণাম পূর্ব্বকেয়ম্—

পূজ্যপাদ শ্রীপাদ ভক্তিসুধাকর প্রভো, আপনার ৫ই ও ৮ই ফেব্রুয়ারীর কৃপা পত্র মনোযোগপূর্ব্বক পাঠ করিলাম।

শ্রীপাদ বাসুদেব প্রভুর আনুগত্যে আমার নিজের সম্পূর্ণ আনুগত্য নিত্যকাল আছে।

* * * আমি ব্যক্তিগতভাবে স্থির করিয়াছি শ্রীব্যাসপূজার দিবসে তাঁহার শ্রীপাদপদ্মে অঞ্জলি প্রদানকালে, শ্রীআচার্য্য নির্ব্বাচন প্রকাশ করিব।

শ্রীল প্রভুপাদের অপ্রকট কালের সময় হইতে শ্রীপাদ বাসুদেব প্রভুর বিচারের বিরুদ্ধে কেহ করিয়াছেন বলিয়া আমার মনে হয় না এবং এরূপ কোন সংবাদও আমার নিকট আসে নাই। অন্যান্য কথা রবিবার প্রাতে আপনার সহিত আলাপ করিব।

দাসানুদাস
শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ

আসামগৌড়ীয়মঠে জন্মাষ্টমী

বিগত শ্রীশ্রীজন্মাষ্টমী ও শ্রীশ্রীনন্দোৎসব উপলক্ষে শ্রীআসামগৌড়ীয়মঠে উক্ত দুই দিবস ব্যাপী মহামহোৎসব সুচারুরূপে সুসম্পন্ন হইয়াছে। শ্রীশ্রীজন্মাষ্টমী দিবসে মধ্যাহ্নারাত্রিকের পর হইতেই শ্রীচৈতন্যভাগবত পারায়ণ আরম্ভ হইয়াছিল। ঐ দিবস সন্ধ্যায় বিবিধ পত্র পুষ্পমাল্য সুসজ্জিত শ্রীমঠের শ্রীকৃষ্ণ-কীর্ত্তন হলে একটী বিরাট সভার অধিবেশন হইয়াছিল। সভায় বহু জমিদার ও আধুনিক ব্রাহ্মণপণ্ডিত এবং বহু সম্ভ্রান্ত ভদ্রলোক ও মহিলাবৃন্দ উপস্থিত হইয়াছিলেন। পরমারাধ্য-তম নিত্যলীলাপ্রবিষ্ট ওঁবিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের অপ্রাকৃত আলেখ্য অর্চ্চা সভাপতিরূপে বিরাজমান ছিলেন।

প্রারম্ভিক ও পরিসমাপ্তি সংকীর্ত্তনমুখে সভার উদ্বোধন কার্য্য সুসম্পন্ন হওয়ার পর শ্রীপরমানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী পাণ্ডে শ্রীপাদ রাধাগোবিন্দ বিদ্যারত্ন প্রভু প্রাঞ্জল ভাষায় 'শ্রীকৃষ্ণের জন্ম রহস্য' সম্বন্ধে ও উৎসবের 'বিশেষ তাৎপর্য্য' সম্বন্ধে বক্তৃতা প্রদান করিয়াছিলেন। তৎপরদিবস দুই দিবস ব্যাপী বাদ্যরসমৃদ্ধ পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতা তাঁহার অসাধারণ অনুরাগ প্রকাশ করিয়াছিলেন। শ্রীশ্রীনন্দোৎসবের দিন প্রায় ৫০০ ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছিল।

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ-রাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ,পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ,শ্রীগৌর,সোনার আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-ভাক্তিপ্রচারকরে'নদীয়া-প্রকাশ'যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, প্রধানচতুষ্টয়-সেবায়-শ্রীমদ্ভাগবতাদি তত্ত্ব প্রত্যহ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও 'হার্মনিষ্ট' পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাখ্য শ্রীপাদ সনাতন দাস ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি যোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীবরেশগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) উক্ত গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরাধাদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধারমণের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিপাবন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁপাহাটি (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীনিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)

শ্রীবৃন্দাবনদাস ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

রক্ষক—শ্রীকমলাসুন্দর ব্রহ্মচারী।

(১৪) জয়দেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীসদানন্দ ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাতুপাড়া -(শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী।

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠালয়.

রক্ষক—শ্রীভূপেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীভক্তিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীঅতুলচন্দ্র ভক্তিসারঙ্গ এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অকল্যাণ্ড ভিলা, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিথাল, জিঃ সাহারাণপুর, ইউ, পি

রক্ষক -শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

নবগা রোড , গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং ফরিদপুরা, বেনারস সিটি

রক্ষক —শ্রীধামানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিপ্রজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রহ্মানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫)নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—শেরশাহী,

পোঃ ফোজোল, জেলা গুরুদাস (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং হনুমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণবাগ বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক —শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিপ্রসাদ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাকু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক —শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভূমুরহুতা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন্, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীবৈদ্যগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত

শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২৯শে আগষ্ট, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
দাদখানি	৬৷০
বালাম চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
বাঁকতুলসী	৫৷০
মাগরা নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
এক্সপ্রেস কোয়ালিটি	৪৲
সিদ্ধ রেঙ্গুণ	৩৸৴০

আতপ—

নূতন আউশ	৪৲—৪৷০
পেশোয়ারী	১০৲-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০-৫৷৵
ঐ মাঝারি	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫৷০-৫৸০
কাটারীভোগ	
ঐ রেঙ্গুণ	৩৶০

চিনির দর

সিকাইন, চাঁদপ	১০৷৴০
মতিপুর ১০০০ নং	১০৴০
মারহোরা দানা	৯৷০
কানপুর দানা	৮৷০—৯৶০
কানপুর দাদ	৭৷৴০—৮৲

সোণা-রূপার দর।

	প্রতি ভরি
টাকশালের বার	৩৪৷০
গিনি সোণা	২২৲
চাঁদির বার	৫৩৷০

পাটের দর

আবডে—	৪০৸০
নিম্নতম—	৪০৸০
উচ্চতম—	৪১৷০
বাজার বন্ধের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬৷০—৬৸৴০
কুপারকাদন ঐ	৬৲—৬৶০
চাউসফোর্ড ঐ	৫৸৴০—৫৸০
সুজী	৬৲—৬৶০
আটা (বি)	৫৸০—৫৸৵০
আটা নং (২	৫৴০—৫৷৴০
আটা (এল)	৫৲—৫৷০
আটা (কে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	২৷০—২৸৴০
পোলাউ	১৷৶০—১৸০
কুঁড়ি	১৸৴০—১৷৶০

ঘৃতের দর

ভজা	৫৭৲
বালীখাল	৫৭৲
কৃষ্ণনগরী	৫০৲
গব্যী	৪৫৲

পাতিয়ার	৪৮৷০
জাফ	৫৬৲
কাবুলে	৩৬৲
বারা গাওয়া	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৸০—৯৷০
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৸০—৮৷০
ঐ টাটা টেসটেড জয়েষ্ট বীমসব সাইজ	১০৷
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸০
বরগা (টী আয়রণ)	৮৸০—৯৷০
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷০—৯৲

টাটা গ্যাঃ করগেট-সীট।

২৪ গেজ—	১৩৷০
২৬ গেজ—	১৪৶০
২৮ গেজ—	১৫৷০

টাটা গ্যাঃ প্লেন সীট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
২৮ গেজ—	১৫৲

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ বাল্টী ২৪—৩০ গেজ পীস	।৵৫—৸০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৷০
প্লেট কাটিং বা ছিট ফাটা মণ	৩৷০—৪৲
পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা	৭৷০—৮৲ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯৷০—১০৸০
টিন পাতি, গোলটু, নরাদে	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের জন্য	৯৸০—১২৲
খুঃ ইস্পাত আসল ২৩৲,	নকল ২১৲

চটকলের হালফণ ৫৴০, পাটের হালফণ ৬৷০

তুলার হালফণ ৪৸০

তুলের দর

কলিকাতা ২৬শে জুন,

আমেন সোনার কাইন	৫৪৲
মিট্‌ন আমেন ফরকচ	৪০৲
করাচি কুরলিশ কাইন	৪৩৲
হাবার্ণ তাথা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
পাতন সাগু	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷০—১১৷০
ভুষি পরিষ্কার	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স লিঃ

ডি-৫ জগন্নাথ ঘাট লোহাপটী, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—:০:—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে: বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও সচ্চরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। তত্রাচ খোরাক ও সেটেলমেন্ট প্রতি মাসে মাত্র ৭৲ টাকা মাত্র। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের অশেষ সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর, এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৭৫,	১১—১০,	১৪—৯	১৮—১৩,	২০—১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৩৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৫৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত শীর্ণ দীর্ণকায় মৃতপ্রায় পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিলেও অত্যুক্তি হয় না। জ্বরের প্লীহা সংযুক্ত কালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বর একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸০ আনা, বড় বোতল ১৸০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ... রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের দ্বন্দ্বময় যুগে এই গ্রন্থখানা পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের মাহাত্ম্য, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য, বৈষ্ণবগণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে উৎসুক তাঁহাদের জন্যই এই গ্রন্থখানি সংকলন করা হইয়াছে। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে অকারাদি শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব আরম্ভ

আগামী ১১ই সেপ্টেম্বর শনিবার, সন্ধ্যা ৬৷৷০ ঘটিকায় কলিকাতা আলবার্টহলে 'গৌড়ীয়' সম্পাদকের 'সম্প্রদায় ও সমন্বয়' সম্বন্ধে বক্তৃতা হইবে।

দৈনিক নদীয়া-প্রকাশ

———:(১০১):———

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ৷০	৵০	৷৵০	১০	
" " ইঞ্চি ২৲	১৷০	১৷০	১৲	
সিকিকলম ৫৲	৪০	৪৲	৩৲	
" অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲	৫৲	
" এক কলম ১৫৲	১০৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬০	৪৷০
সিকি কলম ১০৲	১৫৲
অর্দ্ধকলম ২৫৲	১৮৲
এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ পয়সা, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ও কৃপাসিন্ধু সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গবেষণা এবং সরল লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের লীলাসিন্ধু পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও আদর্শ গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সর্বাঙ্গ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—সত্যগ্রাম গৌড়ীয় মঠ, কাদাপাড়া মঃ কটক; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,

১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট

বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন

ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে

শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত হইবে

যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি

অতি সুন্দরভাবে ইহাতে

সন্নিবেশিত হইতেছে;

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থরত্ন এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—"শ্রীনাথ"—শ্রীমায়াপুর

শ্রীরূপানুগবর্য্যপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
-সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের পদাশ্রিত
আকর্ম্মগ্রাহক
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র সজ্জন-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২৪শে ভাদ্র, ১৩৪৪, ৯ই সেপ্টেম্বর, ১৯৩৭, বৃহস্পতিবার [সংখ্যা ১৬৪]

বিবিধ সংবাদ

——(০)——

সম্রাট দম্পতির ভারত পরিদর্শন

গত ৬ই সেপ্টেম্বর লণ্ডনের "বর্ণিং পোষ্ট" পত্রিকার রাজনৈতিক সংবাদদাতা জানাইতেছেন, রাজা ও রাণী ১৯৩৮-৩৯ সালের শীতকালে ভারতবর্ষ পরিদর্শন করিবেন। তদনুসারে তাঁহাদিগকে আগামী বর্ষের শেষভাগে ইংলণ্ড হইতে যাত্রা করিতে হইবে।

সরকারী মহলের একজন বিশিষ্ট ব্যক্তি জানাইয়াছেন যে, সম্প্রতি ভারতীয় ব্যবস্থা পরিষদে প্রশ্নোত্তরের সময় যেটুকু প্রকাশ পাইয়াছে, ব্যাপারটি তদপেক্ষা বেশী আর অগ্রসর হয় নাই। ঐ সময় বলা হইয়াছিল যে, রাজার ভারতবর্ষে গমনের বিষয়টি তাঁহার নিজের ইচ্ছার উপরই নির্ভর করে।

'রয়টার' সংবাদ পাইয়াছে যে, দরবারের তারিখ সম্পর্কে রাজা বিশেষভাবে বিবেচনা করিতেছেন। মনে হয় ১৯৩৮-৩৯ সালের শীতকালেই তিনি ভারতে যাইবেন। তাই এই সম্পর্কিত ঘোষণায় বিশেষ বিলম্ব ঘটিবে না। তবে এখন পর্য্যন্ত কোন সিদ্ধান্ত হয় নাই

চীন জাপান সংবাদ

সাংহাই-এর পুটুং অঞ্চলে ৬ই সেপ্টেম্বর সমস্ত দিন ধরিয়া উভয় পক্ষে প্রচণ্ড কামান-যুদ্ধ চলে। জাপানীরা একটি যুদ্ধ-জাহাজ হইতে গোলাবর্ষণ করিয়া চীনাদের দুইটি আগুন ধরাইয়া দেয়। চীনারাও উহার সমুচিত উত্তর দেয়। চীনাদের তিনটি গোলা জাপানী যুদ্ধজাহাজের উপর পড়ে। উহাতে তুমুলভাবে চাঞ্চল্য আরম্ভ হয়।

উভয় পক্ষে বহু হতাহত হইয়াছে। একজন জাপানী লেফটেন্যাণ্ট ও পঞ্চাশজন জাপানী সৈন্য শত্রু পক্ষের হস্তে বন্দী হইবার আশঙ্কায় "হারাকিরি" (আত্মহত্যা) করিয়াছে।

পিপিং-এর বহির্ভাগে সিংহুয়া বিশ্ববিদ্যালয়ের দুইশত ছাত্র বিশ্ববিদ্যালয় হইতে পলায়ন করিবার চেষ্টা করিলে জাপানী সৈন্যগণ তাহাদিগকে নৃশংসভাবে হত্যা করে।

জাপানীরা নাকি চীন ও ইউরোপের মধ্যে তারের লাইন নষ্ট করিয়া দিয়াছে

একখানি সোভিয়েট বিমান সাংহাই রণক্ষেত্রে কার্য্যরত রহিয়াছে। রাশিয়া হইতে শীঘ্রই চীনে আরও অস্ত্রশস্ত্র এবং বিমান আমদানী হইবে।

—

মৌমাছির দংশনে মৃত্যু

ধানবাদের এক সংবাদে প্রকাশ যে, মিঃ ভিক্টর নামক বি-এন্-আর রেলওয়ের একজন স্থায়ী ওয়ে-ইন্সপেক্টার শোচনীয় ভাবে মারা গিয়াছেন এবং চারিজন ট্রলীম্যান গুরুতর-ভাবে আহত হইয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ, ঐ দিবস অপরাহ্ণে মিঃ ভিক্টর একটি ট্রলী করিয়া যখন বড়কানা লুপ লাইন দিয়া যাইতে ছিলেন সেই সময় হঠাৎ এবং রেলওয়ের ষ্টেশনের মধ্যে এক ঝাঁক মৌমাছি তাহাদিগকে আক্রমণ করে এবং দংশন করিতে থাকে। ফলে মিঃ ভিক্টর মারা যান এবং চারিজন ট্রলীম্যান গুরুতরভাবে আহত হয়। আহত ট্রলীম্যানদিগকে হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে। তাহাদের অবস্থাও সঙ্কটাপন্ন।

—

স্বর্ণ রৌপ্যের অলঙ্কার চুরি

কাছাড় জেলার অন্তর্গত বদরপুর হইতে দুইটী হিন্দু মন্দিরে সিঁধ-চুরির এক সংবাদ পাওয়া গিয়াছে।

প্রকাশ, দুর্বৃত্তেরা একই রাত্রিতে কালী, বলরাম ও গণেশের মন্দির হইতে স্বর্ণ রৌপ্যের অলঙ্কার, রৌপ্যের তৈজসাদি এবং অপর একটী শিব মন্দির হইতে মূল্যবান গহনা প্রভৃতি চুরি করিয়াছে। কাছাড়ের পুলিশ সুপারিন্টেণ্ডেণ্ট কয়েক জন পুলিশ কর্মচারীর সহিত ঘটনা স্থলে পৌঁছিয়াছেন।

২০বার সাজার পর ২বৎসর কারাদণ্ড

গত শনিবার হাওড়ার ডেপুটি ম্যাজিষ্ট্রেট মিঃ এ, কে, এম, মির সাতাশ কয়েক টাকা নগদ ও কাগজপত্রসহ একটী চামড়ার মণি-ব্যাগ চুরির অভিযোগে দোষী সাব্যস্ত করিয়া শেখ আবদুল নামে একজন পুরাতন পাপীর প্রতি ২ বৎসর সশ্রম কারাদণ্ডের আদেশ দিয়াছেন। ইহার পূর্ব্বে তাহার আরও কুড়িবার সাজা হয় এবং বিভিন্ন নামে বিভিন্ন স্থানে পরিচয় সে দিয়াছিল।

হাওড়ার রেল পুলিশ আসামীকে এই বলিয়া অভিযুক্ত করে যে, মদনমোহন সিং নামে একব্যক্তি টিকিট ক্রয় করিবার জন্য যখন টিকিট ঘরের নিকট অগ্রসর হইতেছিল, সেই সময় আসামী তাহার চামড়ার মণিব্যাগ তুলিয়া লইবার সময় গ্রেপ্তার হয়।

১২ হাজার টাকা আত্মসাৎ

বরিশাল কালেক্টরীর (অস্থায়ীভাবে) কর্মচ্যুত ক্লার্ক মৌলবী মোহাম্মদ হোসেন এবং বরিশালের রেভিনিউ এজেণ্ট ও মোক্তার শ্রীযুক্ত যতীন্দ্র সেনের বিরুদ্ধে অযোধ্যা দণ্ডবিধি আইনের ১২০ বি, ৪০৯, ৪২০, ৪৬৬, ৪৬৭ এবং ৪৭৭ এ ধারা অনুসারে যে ফৌজদারী মোকদ্দমা দায়ের করা হইয়াছে, বরিশালের ডেপুটী ম্যাজিষ্ট্রেট তৎসংক্রান্ত প্রাথমিক তদন্ত শেষ করিয়া আসামীদ্বয়কে সেসনে সোপর্দ করিয়াছেন। তাঁহারা বর্ত্তমানে জেল হাজতে আছেন।

আসামীদ্বয়ের বিরুদ্ধে বিবিধ চার্জের বিবরণ এই যে, মিথ্যা পরিচয় প্রদান করিয়া, মিথ্যা দলিলপত্র এবং অন্যবিধ প্রতারণার সাহায্যে তাঁহারা বিভিন্ন ব্যক্তির নামে কালেক্টরীতে গচ্ছিত সেলামীর টাকা উঠাইয়া আত্মসাৎ করিয়াছেন। পুলিশ এসম্পর্কে ৫৫০ খানা দলিলপত্রাদি দাখিল করিয়াছে। এবং ৫০ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করিয়াছেন।

—

বন্দুকের গুলী ছুটিয়া মৃত্যু

বেতিয়ার মহারাজার এ-ডি-সি শ্রীযুত উমাপ্রতাপ সিং আকস্মিকভাবে মারা গিয়াছেন বলিয়া প্রকাশ। ঘটনার বিবরণে প্রকাশ, শ্রীযুত উমাপ্রতাপ সিং মহারাজার সহিত কলিকাতার পথে বেতিয়া হইতে পাটনায় যাইতেছিলেন। তাঁহাদের সঙ্গে একটি গুলীভরা বন্দুক ছিল। হঠাৎ দৈবক্রমে বন্দুকটী হইতে গুলী ছুটিয়া যায় এবং শ্রীযুত উমাপ্রতাপ সিংএর বুকে লাগে, ফলে তিনি তৎক্ষণাৎ মারা যান। মহারাজা নিজেও খুব অল্পের জন্য বাঁচিয়া গিয়াছেন। এই ব্যাপারে মহারাজা এতদূর মর্ম্মাহত হন যে, তিনি তাঁহার কলিকাতা যাওয়া বন্ধ করেন এবং তখনই রাজধানীতে প্রত্যাবর্ত্তন করেন। মহারাজার পত্নীর করেকদিন যাবৎ জ্ঞান না থাকায় কলিকাতা হইতে বিশিষ্ট চিকিৎসকের দ্বারা চিকিৎসা করান হইতেছে ও তিনি কলিকাতা অভিমুখে রওনা হইয়াছেন।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র
প্রথম স্কন্ধ হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিগ্রহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ৷০
১৮। বাদশ আলবর ৷০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-সম্পত্তা ৷৵০
২২। ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল বঙ্গ-ভাষা ৷০
২৭। ঋক্‌পরিশিষ্ট শ্রীগৌরচন্দ্র (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দিগ্‌-দিগ্‌-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। শ্রীগুরুমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। মনুসংহিতা /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্থপঞ্চক /০
৪৭। সদাচারস্মৃতিঃ /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণদেবার ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। ভক্তিপ্রশ্ন ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ /০
৬৭। সারাংশবর্ণনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ কিউ ওয়ার্ডস অব বেদান্ত ৷০
৭০। নামভজন /০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী য়্যাণ্ড অণ্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৵০
৭৩। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপল য়্যাণ্ড আনর‍্যালয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ফার্স্ট ভলুম) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৴১০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী ঠাকুর-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ২ ভিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিকভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—তিনি ভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। বৈদিবারণ্য শ্রীপরম-হংসমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জাবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে জ্ঞাপিত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে ; ভিক্ষা
৪৲ টাকা।

১২শ বর্ষ { ১৮ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ২৪শে ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ৯ই সেপ্টেম্বর ইং ১৯৩৭, বৃহস্পতিবার } ১৯৮তম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——::(•)::——

বিরাট্ নগরসংকীর্ত্তন-শোভাযাত্রা

বিশ্বে একমাত্র গোলোক-বৈকুণ্ঠবাণী-কীর্ত্তন-পরায়ণ শ্রীগৌড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায়ের মূল প্রচারকেন্দ্র কলিকাতা মহানগরীর বাগবাজারস্থিত শ্রীগৌড়ীয়মঠের শ্রীমন্দির হইতে শ্রীমঠের বার্ষিক শ্রীকৃষ্ণস্মরণ মহা-মহোৎসবোপলক্ষে গত ৫ই সেপ্টেম্বর অপরাহ্ণ সাড়ে চারি ঘটিকার সময় একটি বিরাট্ নগর-সংকীর্ত্তন-শোভাযাত্রা বহির্গত হয়।

শুদ্ধবৈষ্ণব-বন্দনানন্দ গৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ৈক-সংরক্ষক ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের আনুগত্যে মৃদঙ্গ-শঙ্খ-ঘণ্টা-কাঁসর-করতালাদি বাদ্য ও পঞ্চবর্ণের সুদৃশ্য পতাকা-শোভিত সংকীর্ত্তন-শোভাযাত্রাটি বাহির হইয়া সুকণ্ঠকীর্ত্তনীয়া শ্রীমদ্ ভক্তিপ্রকাশ আরণ্য মহারাজ, শ্রীপাদ প্রণবানন্দ ব্রহ্মচারী প্রত্নবিদ্যালঙ্কার, শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসার, শ্রীপাদ নিত্যানন্দদাস ব্রহ্মচারী প্রভৃতির মূলগায়কত্বে চারিটি সম্প্রদায়ে বিভক্ত হইয়া কলিকাতা-মহানগরীকে উচ্চ শ্রীকৃষ্ণকীর্ত্তনে মুখরিত করিয়া রাজপথ দিয়া চলিতে থাকে। পথে যাইতে যাইতে গৌরহরি, গৌরাঙ্গ, নিতাইগৌর-চরণ, রাধাকৃষ্ণ বল বল বলরে সবাই, হরি বলে মোদের গৌর এলো, প্রভৃতি মহাজন-পদাবলী কীর্ত্তিত হইতে থাকে এবং জাতিবর্ণ-নির্বিশেষে শত শত লোক শোভাযাত্রায় যোগদান করিতে থাকেন। এইরূপে বিরাট্ সংকীর্ত্তন-শোভাযাত্রা পথের দুই পার্শ্বের অট্টালিকা শ্রেণী হইতে, ট্রাম-বাস প্রভৃতি বিভিন্ন যানাদি হইতে ও রাজপথ হইতে অসংখ্য লোক নির্নিমেষ নয়নে দর্শন করিতে থাকেন। এরূপ বিপুল জনতার মধ্যে নর্ত্তন-কীর্ত্তন-পরায়ণ সংকীর্ত্তন-মণ্ডলী কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার ষ্ট্রীট, কর্ণওয়ালিস ষ্ট্রীট, মাণিকতলা, শ্যামবাজার, আমহার্ষ্ট ষ্ট্রীট, বৌবাজার ষ্ট্রীট, কলেজ ষ্ট্রীট, কলেজ স্কোয়ারের চতুষ্পার্শ্ব, কর্ণওয়ালিস ষ্ট্রীট ও বাগবাজার ষ্ট্রীট হইয়া রাত্রি আট ঘটিকার সময় পুনরায় শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করেন। মঠে ফিরিয়া বহুক্ষণ নৃত্যসহকারে উচ্চকীর্ত্তনের পর সংকীর্ত্তনে যোগদানকারী সহস্র সহস্র ব্যক্তিকে চতুর্বিধ শ্রীভগবৎপ্রসাদে পরিতৃপ্ত করা হয়। মহা-প্রসাদ সেবনে সকলে সন্তুষ্ট হইয়া পুনঃ পুনঃ শ্রীগৌড়ীয়মঠের জয়গান করিতে করিতে স্ব-স্ব ভবনে প্রত্যাগমন করেন।

শ্রীব্যাসগৌড়ীয় মঠে জন্মাষ্টমী উৎসব

গত ২৯শে সেপ্টেম্বর ১৩ই ভাদ্র শ্রীশ্রীকৃষ্ণের জন্মাষ্টমী-তিথিতে শ্রীচৈতন্য-মঠের অন্যতম শাখামঠ শ্রীব্যাসগৌড়ীয়মঠে উষ:কালে মঙ্গলারাত্রিকের পর শ্রীপাদ ননী-গোপাল প্রভু প্রভাতফেরী ও উষ:কীর্ত্তন করেন। তৎপর শ্রীপাদ শচীন্দ্র প্রভু অনেকক্ষণ মহাজন কীর্ত্তন করেন। সন্ধ্যায় আরাত্রিকের পর কীর্ত্তনান্তে শ্রীপাদ ননীগোপাল প্রভু প্রায় ২ ঘণ্টাকাল শ্রীশ্রীচৈতন্যভাগবত পাঠ করেন। অনন্তর শ্রীপাদ শচীন্দ্র প্রভু জন্মাষ্টমী-সংখ্যা পাঠ করিয়া মহাজন কীর্ত্তন করেন।

গত ১৪ই ভাদ্র নন্দোৎসব তারিখে অপরাহ্ণ ৪ ঘটিকায় শ্রীপাদ ননীগোপাল প্রভু গুণাবলীর ও 'ভক্ত বেশধর' পত্রিকা কীর্ত্তন করেন। সন্ধ্যারাত্রিকের পর বহু লোককে বিচিত্র মহাপ্রসাদ দেওয়া হয়। এতদুপলক্ষে মঠবাসী ভক্তবৃন্দের সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়।

পাটনা শ্রীগৌড়ীয়মঠে জন্মাষ্টমী ও শ্রীশ্রীনন্দোৎসব

আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখামঠ পাটনা শ্রীগৌড়ীয়মঠে গত ১৩ই ভাদ্র ২৯শে আগষ্ট রবিবার শ্রীশ্রীকৃষ্ণের জন্মাষ্টমী মহোৎসব বিশেষ সমারোহে সুসম্পন্ন হইয়াছে। উক্ত দিবস মঠসেবকগণ উপবাসী থাকিয়া বিভিন্ন সেবায় নিযুক্ত ছিলেন। শ্রীশ্রীমঙ্গল-আরাত্রিকের পর শ্রীনামকীর্ত্তন, মহাজনাবলী কীর্ত্তন করিয়া শ্রীচৈতন্যভাগবত পাঠ হয়। বেলা ১০টার সময় শ্রীবিগ্রহের অর্চ্চন ভোগারতি, সন্ধ্যা ৭টায় সন্ধ্যারাত্রিক ও মহাজনপদাবলী কীর্ত্তন হয়। তারপর মঠরক্ষক শ্রীযুক্ত ভগবতী প্রসাদ বি-এল, মহোদয় অত্র অঞ্চলে শ্রীকৃষ্ণের জন্মের গূঢ়তত্ত্ব সমাগত শ্রোতৃবর্গকে বুঝাইয়া দেন। শ্রীনদীয়াপ্রকাশ 'জন্মাষ্টমী' সংখ্যা হইতে 'শ্রীজন্মাষ্টমী' প্রবন্ধটী পাঠ করা হয়। রাত্রি ১২টার সময় শ্রীকৃষ্ণের আবির্ভাব উপলক্ষে কীর্ত্তনমুখে শয়ন করা হয় ও শ্রীকৃষ্ণের পূজা, ভোগ, আরতি হয়। পরদিন ১৪ই ভাদ্র ৩০শে আগষ্ট সোমবার শ্রীশ্রীনন্দোৎসব সুচারুরূপে সুসম্পন্ন হইয়াছে। মঙ্গলারাত্রিকের পর মহাজনপদাবলী কীর্ত্তনের পর শ্রীপাদ ভগবতীপ্রসাদ প্রভু সর্ব্বসমক্ষে ভক্তবৃন্দ সমীপে শ্রীমদ্ভাগবত পাঠ করেন। পাঠান্তে মধ্যাহ্ন কীর্ত্তনের পর ৫০ জন সমাগত ভক্তগণকে মহাপ্রসাদ প্রদান করা হয়। পরদিন প্রাতে পঞ্চাধিক কাঙ্গালীকে প্রসাদ দেওয়া হয়।

শ্রীকিঞ্চিৎ

(৫ম পৃষ্ঠার)

শ্রীনিত্যানন্দস্বরূপ। শ্রীগৌরাঙ্গের স্বয়ং তাঁহার প্রচারক শ্রীনিত্যানন্দের অনুগ্রহে শ্রীগুরুদেব সাক্ষাৎ নিত্যস্থ হইয়াও বৈষ্ণব-শ্রেষ্ঠ সেবকবিগ্রহরূপে জীবে দয়া করিবার জন্য অবতীর্ণ। তাঁহাদের অনুগ্রহের অভাবে তাঁহার পাদপদ্মাশ্রিত শ্রীনিত্যানন্দ-বিগ্রহ শ্রীচৈতন্য-প্রকাশস্বরূপ শ্রীগুরুদেবে মনুষ্যবুদ্ধি নারকী।

শ্রীকৃষ্ণ নিখিলকারণ ভগবান্ আর শ্রীগুরুদেব আশ্রয়জাতীয় ভগবান্। যদি অপ্রাকৃত, পবিত্র ও সেবা এই ত্রিবিধকে ধারণ করিয়া শ্রীগৌরাঙ্গ মঠের শ্রীগুরুদেবের সেবাপর থাকেন, তবে বাস্তবিক হইতে নিত্য ও দাস হইয়া অপ্রাকৃত স্বরূপে অবস্থিত হইয়া 'নন্দকুমার শ্রীরাধা-গোবিন্দের পাদপদ্মে প্রেম-সেবা লাভ করিতে সমর্থ হন।

"কায়মনোবাক্যে হরিকীর্ত্তন বিধেয়। কায়িক কীর্ত্তন, বাচনিক কীর্ত্তন, মানসিক কীর্ত্তন যুগপৎ করিতে হইবে। মন যদি কৃষ্ণ কীর্ত্তন না করে, অন্যমনস্ক হইয়া থাকে, তাহা হইলে কৃষ্ণের সম্যক্ কীর্ত্তন হয় না। নিজের আদর্শ আচারের মধ্যেও কৃষ্ণকীর্ত্তন করিতে হইবে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৮ হৃষীকেশ, মাধি কামদোদশঃ গৌরাব্দ ৪৫১।

শ্রীভক্তিসিদ্ধান্ত বাণী

—::o::—

হরিস্মৃতি সর্ব্বাপেক্ষা প্রয়োজনীয় বিষয়। তাহা শ্রবণ ও কীর্ত্তনের উপর নির্ভর করে। শ্রবণ হইলে কীর্ত্তন হয় আবার কীর্ত্তন হইলে স্মরণ হয়।

আমরা অসুবিধার মধ্যে পড়িয়া আছি—এক বিবেক অনেক সময় হরিকথায় আমাদিগকে রুচি উৎপন্ন করায়, হরিকথা শ্রবণ করিতে করিতেই কীর্ত্তন ও স্মরণ হয়। যখন যখনই আমরা হরিকীর্ত্তন করি, সঙ্গে সঙ্গেই আর দেব হরিস্মৃতি আসে। স্বাভাবিক রুচি উৎপন্ন হওয়ার নামই আত্মসমর্পণ। যখন আমরা বুঝিব—"আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরম্। তস্মাৎ পরতরং দেবি তদীয়ানাং সমর্চ্চনম্॥" অর্থাৎ সকল engagement হইতেই বিষ্ণুর সেবা best engagement, আর যাঁহারা বিষ্ণুকে সেবা করেন, তাঁহাদের সঙ্গ ও সেবা আরও শ্রেষ্ঠ engagement, তখন আমাদের জীবন 'সর্ব্বার্থ-জীবন' হবে। জগতে বহু প্রকার লোকের চাকরী করিতেছি, অধোক্ষজ কৃষ্ণের service বাদ দিয়া যে public service করিতে যাইতেছি, তাহাতে অস্থায়ী ফলমাত্র পাওয়া যাইবে। ভগবান্ যদি অনুগ্রহ করেন, তবেই কেবল অনাবিল হরিকথা-কীর্ত্তনকারী সাধুর সঙ্গ ঘটে।

উৎক্রান্ত দশার পর আমাদের জীবন কি হবে, তাহা আমাদের ভাবা উচিত। পরদেশের বন্ধু ও আমাদের মধ্যে একটী মস্ত বাধা, তাহা থাকে সেই গুলিকে bridge over করা দরকার, যাহাতে থাবার না পড়িয়া সেতুর উপর দিয়া তাঁহার সম্মুখে যাইতে পারি।

রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শ প্রভৃতি বিষয় সর্ব্বদা আমাদিগকে আকর্ষণ করিতেছে। সংসারের সঙ্গে কিরূপে Associated হওয়া যায়, তাহা শ্রবণ করিতে হয়; আমরা কেহ চাকুরী করিতেছি, কেহ ব্যবসায় করিতেছি, কেহ অন্য কিছু করিতেছি, কিন্তু তাহা হইতে অবসর গ্রহণ করিবার পরও সেই সকল স্মৃতিরই আমরা জাবর কাটিতে থাকি।

Publice service ত' আমরা জন্মজন্মান্তর করিয়াছি, পরন্তু তাহাদের স্বার্থের জন্য চাকরি কার্য্য করিয়া থাকে, কিন্তু মানুষ হইয়া আমরা কি Higher Promotion পাইব না? এখানে সব সাময়িক ও নশ্বর; যাহা চিরদিন থাকে তৎসম্বন্ধে কি আলোচনা করিলাম? এই মনুষ্যজীবনের সার্থকতা এই যে, ইহাতে পর জীবন ও নিত্য কালের কথা আলোচনা করা যায়। এই জীবনে হরিকথা শুনা ও হরিকথা বলা যায় এবং তাহাই হরিস্মৃতিলাভের একমাত্র উপায় আমাদের এখানে আর কোনও কাজ নাই কেবল হরিকথা ছাড়া।

পরীক্ষিৎ মহারাজ ত' সাতদিনের সময় পাইয়াছিলেন, আমাদের সাতদিনেরও নিশ্চয়তা নাই। আমাদের প্রয়োজন শ্রীমদ্ভাগবতের কীর্ত্তন—খাওয়া দাওয়া চালাইবার জন্য শ্রীমদ্ভাগবতের আলোচনা নহে।

কৃষ্ণ দয়াময়, তিনি পূর্ণবস্তু, তাঁহার দয়াও পূর্ণতা-প্রদানরূপ দয়া, পূর্ণবস্তু প্রদত্ত হইয়া যায় অপূর্ণের নিকট। তাহাতে অপূর্ণ অনায়াসে পূর্ণকে পাইতে পারেন। পূর্ণের নিকট না গেলে পূর্ণ মঙ্গল লাভ ঘটে না। খণ্ডানন্দ বা পরিমিত আনন্দ লাভ করিলে আমাদের আশা পূর্ণ হয় না।

"চৈতন্যচন্দ্রের দয়া করহ বিচার।
বিচার করিলে চিত্তে পাবে চমৎকার॥"

শ্রীচৈতন্যদেব সকলকে দয়া করিয়া সর্ব্বদা হরিনাম কীর্ত্তন করিতে বলিয়াছেন। যাঁহারা তাঁহার কথা শ্রবণ করিয়াছেন, তাঁহারাই 'হরিনাম সদা কীর্ত্তনীয়' এই উপদেশটি পাইয়াছেন। কোন সময় হরিনাম করিতে হইবে না, এরূপ নহে—'কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ।' শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন—শ্রীকৃষ্ণের কীর্ত্তন সমস্ত্বভাবে অনুকূল হউন। কীর্ত্তন শ্রবণ করিলে কীর্ত্তন আরম্ভ হয়, কীর্ত্তন করিলে স্মরণ হয়, কীর্ত্তনকারী যখন হরিকথা কীর্ত্তন করেন, তখন হরিকথা স্মরণে আসে।

ভগবান্ প্রচুর দয়াময় বলিয়া আমাদিগকে ভগবৎকথা শ্রবণ ও কীর্ত্তনের সুযোগ দিয়াছেন। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

"কলের্দোষনিধে রাজন্নস্তি হ্যেকো মহান্ গুণঃ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তসঙ্গঃ পরং ব্রজেৎ॥"

(ভাঃ ১২।৩।৫১)

জীবনে মরণে কৃষ্ণের কথা কীর্ত্তন ব্যতীত আমাদের অন্য কোন গতি বা কৃত্য নাই। 'যদি কৃষ্ণের সম্যক্ কীর্ত্তন করেন, তাঁহার সকল আশা সেবা-রসে প্রাপ্ত হয়।

যেমন দর্পণের উপর ধূলা পড়িলে দর্শনের ব্যাঘাত হয়, সেইরূপ কৃষ্ণকথা কীর্ত্তন ব্যতীত অন্য কৃত্যের দ্বারা আমাদের চিত্তদর্পণ নানা আবর্জনা-যুক্ত থাকে, তাই আমরা নিজস্বরূপ দর্শন করিতে পারি না। আশ্রয়ের কথা কীর্ত্তন করিলে তাঁহার অনুগ্রহবলে আমরা অতি সহজেই তাঁহার প্রতি আকৃষ্ট হইয়া পড়ি।

"কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্।
যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ॥"

(ভাঃ ১১।৫।৩২)

সুমেধাগণ কৃষ্ণকথা-কীর্ত্তনকারী আর কুমেধাগণ অন্যাভিলাষ-জ্ঞান-কর্ম্ম-যজনকারী। শ্রীবার্ষভানবী সর্ব্বদাই কৃষ্ণনাম উচ্চারণ করেন। তিনি কৃষ্ণ-বিমুখ নহেন, আবার কৃষ্ণ-ব্যতীতও অন্য কিছু নহেন। চণ্ডীদাসের পদে শ্রীরাধার উক্তি শুনিতে পাই,—

"কেবা শুনাইল শ্যাম নাম।
কাণের ভিতর দিয়া মরমে পশিল গো
আকুল করিল মন প্রাণ॥"

সুমেধাগণের সর্ব্বশ্রেষ্ঠ বার্ষভানবী, সুমেধাগণের মূলপুরুষ গৌরসুন্দর।

আমরা কৃষ্ণ কি জিনিষ, তাহা জানি না, তাই কৃষ্ণ নিজসর্ব্বশক্তি কৃষ্ণনামে অর্পণ করিয়া শ্রীনাম-রূপে জগতে অবতীর্ণ। গৌণ-নামে শব্দ ও শব্দীর মধ্যে কিছু ভেদ আছে, কিন্তু মুখ্য নামে শব্দ ও শব্দী অভেদ। নাম-গ্রহণে যোগ্যতার বিচার নাই, কিন্তু ঠাকুরের পূজায় যোগ্যতার বিচার আছে, যেমন দীক্ষা গ্রহণ করিতে হইবে, স্নান করিতে হইবে, ইত্যাদি। দেশ-গত বিচার, কালগত-বিচার ও পাত্রগত বিচার হরিকীর্ত্তন-সম্বন্ধে নাই।

কীর্ত্তন উচ্চৈঃস্বরেই বিধেয়। হরিকথা উচ্চৈঃস্বরে কীর্ত্তন না করিয়া বাচালতায় পঞ্চমুখ হইলে কালসর্পের কবলে কবলিত হইতে হয়। হরিকীর্ত্তনে যে সর্ব্বশ্রেষ্ঠ দয়ার নিদর্শন আছে, তাহা যাহারা বুঝিতে পারেন না; তাঁহাদের কেহ কেহ বলিয়া থাকেন,—

"মালা জপে শালা, কর জপে ভাই।
যো আপনা মন্ মন্ জপে, উসকো
বলিহারী যাই॥"

হরিকথা উচ্চারণ করিও না, মনে মনে জপ কর,—এই উপদেশ প্রদান করায় লোক কেবল বাজে কথা বলিবে, কারণ, বাজে কথা বলিবার জন্যই লোক সর্ব্বদা উদগ্রীব হইয়া রহিয়াছে। মহাপ্রভু উহা নিষেধ করিয়াছেন। মহাপ্রভুর উক্তি "কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ", 'নাম-লীলা গুণাদীনামুচ্চৈর্ভাষা তু কীর্ত্তনম্,' যিনি উচ্চৈঃস্বরে কীর্ত্তন করেন, তিনি দানবীর, তিনি পরহিংসা করেন না। যদি মৌনী হইয়া থাকেন, কিন্তু কৃষ্ণ-কীর্ত্তন করেন না, তাঁহার অব্যক্ত বাগ্‌বেগ নিজের ও পরের অমঙ্গল সাধন করে। তিনি মনে মনে বিষয়চিন্তা করেন, তিনি আত্ম-হিংসক ও পর হিংসক। তাই মহাপ্রভুর উপদেশ—সর্ব্বদা কীর্ত্তন কর। যাঁহারা সেই কীর্ত্তন শ্রবণ করিবেন, তাঁহারা যদি তোমার বন্ধু হন, তাহা হইলে তোমার ভুল কীর্ত্তন সংশোধন করিয়া দিবেন। আবার অকপট-ভাবে কীর্ত্তন করিতে করিতে চৈত্যগুরুও তোমার কীর্ত্তনে ভুল থাকিলে তাহা সংশোধিত করিবেন। কপটতা ও প্রতিষ্ঠা-কামনা হৃদয়ে থাকিলে লোকে তথাকথিত মৌনব্রত অবলম্বন করে। "বকঃ পরমধার্ম্মিকঃ", কপটতা দ্বারা চালিত হইয়া যাহারা মৌনব্রত অবলম্বন করে, তাহারা অকস্মাৎ কোন পাপ করিয়া বসে। মৌনী ও ধ্যানী হইয়া নিজের স্বার্থ-পোষণের জন্য তাহারা অপরের দ্রোহ আচরণ করে। কৃষ্ণকথা-কীর্ত্তন না হইলে জগতে কুণ্ঠধর্ম্মই অধিকতর প্রবল হইবে।

শ্রীবলদেবাবির্ভাব-প্রসঙ্গ

(শ্রীযুত লালা মদনমোহন রায়)

বন্দেঽনন্তাদ্ভুতৈশ্বর্য্যং শ্রীনিত্যানন্দমীশ্বরম্।
যস্যেচ্ছয়া তৎস্বরূপমজ্ঞেনাপি নিরূপ্যতে॥

অনন্ত অদ্ভুত ঐশ্বর্য্যবিশিষ্ট ঈশ্বর নিত্যানন্দকে বন্দনা করি। মূর্খ লোকেও যাঁহার ইচ্ছায় তাঁহার স্বরূপ নিরূপণ করিতে সমর্থ হয়।

'নিরবধি যাঁর দেহে চৈতন্য-বিহার।
সেই প্রভু বলদেব—রোহিণীকুমার॥
সর্ব্ব অবতারী কৃষ্ণ স্বয়ং ভগবান্।
তাঁহার দ্বিতীয় দেহ শ্রীবলরাম॥
'দ্বিজ,' 'বিপ্র,' 'ব্রাহ্মণ' যেহেন নাম ভেদ।
এইমত 'নিত্যানন্দ,' 'অনন্ত', 'বলদেব'॥
বৈষ্ণবচরণে মোর এই মনস্কাম।
ভজি যেন জন্মে জন্মে প্রভু বলরাম॥'

শ্রীবলদেবের কৃপায় কীর্ত্তনকারীর জিহ্বায় শ্রীচৈতন্য-বাণী প্রকাশিত হয়। বিশ্রম্ভ গুরুসেবা যাঁহাদের ব্রত, তাঁহারাই কৃষ্ণলীলা-কীর্ত্তনে সমর্থ। অপ্রাকৃত সরস্বতী তাঁহাদিগের জিহ্বায় নৃত্য করিয়া কৃষ্ণগান-তরঙ্গ প্রবাহিত করিতে থাকেন।

(চৈঃ ভাঃ ২।১৩।২৫৩)

"নিবৃত্ততর্ষৈরুপগীয়মানাদ্
ভবৌষধাচ্ছ্রোত্রমনোঽভিরামাৎ

কৃষ্ণ পারে যেন চিত্তাকর্ষণ বল। মায়া আকর্ষণ ছাড়ে হঞা দুর্বল।

ন উত্তমঃশ্লোকগুণানুবাদাৎ
পুমান্ বিরজ্যেত বিনা পশুঘ্নাৎ"॥
(ভাঃ ১০।১।৪)

উত্তমঃশ্লোক শ্রীহরির গুণানুকীর্ত্তন শ্রৌতপারম্পর্য্যে সাধিত হয় অর্থাৎ শ্রীগুরুমুখ হইতে শ্রুত হইয়া পশ্চাতে কীর্ত্তিত হইয়া থাকে; সেই শ্রীহরির গুণকীর্ত্তন—ভক্তচর-বিষয়-তৃষ্ণারহিত মুক্তকুলের দ্বারা অহৈতুকভাবে কীর্ত্তিত হয়। এই সংকীর্ত্তন ভবরোগের ঔষধস্বরূপ। ইহা কতিপয় ভক্তের শ্রুতিকর্ণ-রসায়ন। পশুঘাতী ব্যাধ অথবা আত্মঘাতী অপরাধী ব্যতীত আর কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি এই হরিকীর্ত্তন হইতে বিরত হন?

(শ্রীল প্রভুপাদ)

যে-সব জীবের ভোগবাঞ্ছা উপজিল।
অবিদ্যার বশে তার অস্মিতা জন্মিল।
অস্মিতা হইতে হৈল মায়াভিনিবেশ।
তাহা হৈতে জড়গত রাগ আর দ্বেষ।
কৃষ্ণভক্ত নিষ্কাম অতএব শান্ত।
ভুক্তি-মুক্তি-সিদ্ধিকামী সকলই অশান্ত॥

(চৈঃ চঃ)

যাহারা ধনাদি বিবিধ বস্তুজনিত গর্ব্বে [illegible], তাদৃশ দুর্জ্জনগণ কখনও শান্তভাব অর্থাৎ জড়ভোগ বাসনা পরিত্যাগ করিয়া হরি-গুরু-বৈষ্ণবের প্রীতি বিধান ইচ্ছা করে না; পরন্তু পশুগণের পক্ষে দণ্ডের ন্যায় ঈদৃশ অসাধুগণের পক্ষেও একমাত্র দণ্ডই শান্তভাব আনয়ন করিয়া থাকে।

নূনং নানা মদান্ধাঃ শান্তিং নেচ্ছন্ত্যসাধবঃ।
তেষাং হি প্রশমো দণ্ড পশূনাং লগুড়ো
যথা॥

গোস্বামিগণ মায়ার দাস; সুতরাং কৃষ্ণভক্ত হইতে হইলে গোস্বামীর চরণাশ্রয় ব্যতীত অন্য উপায় নাই। অগোস্বামী কখনই হরিসেবক হইতে পারে না। সেই জন্য শ্রীপ্রহ্লাদ মহারাজ বলিয়াছেন—

মতির্ন কৃষ্ণে পরতঃ স্বতো বা
মিথোঽভিপদ্যেত গৃহব্রতানাম্।
অদান্তগোভির্বিশতাং তমিস্রং
পুনঃ পুনশ্চর্ব্বিতচর্ব্বণানাম্॥

গৃহব্রত ব্যক্তিগণের চিত্ত অসদ্‌গুরু হইতে অথবা আপনা হইতে কিম্বা পরস্পর হইতে কোন প্রকারে কৃষ্ণে নিযুক্ত হয় না; তাহারা অজিতেন্দ্রিয়, সুতরাং বারবার এই ক্লেশময় সংসারে প্রবেশ করিয়া চর্ব্বিত বিষয়ই চর্ব্বণ করিতে থাকে।

অতএব বুদ্ধিমান্ ব্যক্তি দুঃসঙ্গ পরিত্যাগ পূর্ব্বক সাধুদিগের সঙ্গ করিবেন। যেহেতু সাধুগণ উপদেশ দ্বারা তাঁহার চিত্তের ক্লেশ নষ্ট করেন।

যে ব্যক্তি পূজার বিগ্রহে শিলাবুদ্ধি, বৈষ্ণবগুরুতে মরণশীল মানববুদ্ধি, বৈষ্ণবে জাতিবুদ্ধি, বিষ্ণু ও বৈষ্ণব-পাদোদকে জল-বুদ্ধি, সকল-কল্মষবিনাশী বিষ্ণুনাম-মন্ত্রে শব্দসামান্যবুদ্ধি এবং সর্ব্বেশ্বর বিষ্ণুকে অপর দেবতার সহ সমবুদ্ধি করে তাহারা নারকী। এইরূপ দুঃসঙ্গ আত্ম-মঙ্গলকামী ব্যক্তিমাত্রেরই সর্ব্বতোভাবে পরিত্যাজ্য।

এইরূপ সর্ব্বপ্রকার দুঃসঙ্গবর্জ্জ-কারী মহারাজ পরীক্ষিৎ গোস্বামী শ্রীল শুকদেব প্রভুকে জিজ্ঞাসা করিলেন—

রোহিণ্যাস্তনয়ঃ প্রোক্তো রামঃ সঙ্কর্ষণস্ত্বয়া।
দেবক্যা গর্ভসম্বন্ধঃ কুতো দেহান্তরং বিনা॥

হে প্রভো, আপনি পূর্ব্বে বলিয়াছেন যে, দ্বিতীয় ব্যূহাখ্য নারায়ণ সঙ্কর্ষণদেব বলরাম রোহিণীপুত্র। যদি দেহান্তর স্বীকার করা না যায় তাহা হইলে রোহিণী-গর্ভে প্রকাশিত বলদেবই আবার দেবকীর গর্ভে প্রকটিত হইয়াছিলেন, ইহার সঙ্গতি কি প্রকারে হইতে পারে?

মহারাজের প্রশ্নোত্তরে শ্রীল শুকদেব গোস্বামী কহিলেন—"হে নৃপতিশ্রেষ্ঠ, আপনার শ্রীবাসুদেবের কথায় অব্যভিচারিণী রতির উদয় হইয়াছে, ইহাতে কোন সন্দেহ নাই"।

যিনি ভগবান্ বাসুদেবের প্রথম অংশ (প্রকাশবিগ্রহ) শ্রীসঙ্কর্ষণ, দেশ, কাল ও সীমাদিরহিত বলিয়া যিনি 'অনন্ত'নামে কথিত, যিনি নানা অবতারসমূহের প্রকটকারী, যিনি অংশে শেষাখ্য সহস্রবদন, সেই স্বয়ং-প্রকাশ মূল-সঙ্কর্ষণ ভগবান্ শ্রীকৃষ্ণের সেবনেচ্ছায় অগ্রেই আবির্ভূত।

অদ্বয়জ্ঞান তত্ত্ব-ভগবানের একই মায়াশক্তি স্বরূপভেদে উন্মুখমোহিনী ও বিমুখমোহিনী। উন্মুখমোহিনী মায়া গোকুলেশ্বরী, অন্তরঙ্গাশক্তি যোগমায়া নামে খ্যাতা; আর বিমুখমোহিনী মায়া অখিলেশ্বরী বহিরঙ্গা জড়মায়া নামে কীর্ত্তিতা। একই মায়ার এই দ্বিবিধ স্বরূপ। অর্থাৎ উন্মুখমোহিনী যোগমায়া স্বরূপের দ্বারা দেবকীর সপ্তম-গর্ভাকর্ষণ, যশোদার নিদ্রা-নয়ন প্রভৃতি কার্য্য এবং বিমুখমোহিনী জড়মায়া-স্বরূপের দ্বারা কংসাদি বঞ্চনরূপ কার্য্যসাধন।

শ্রীশুকদেব কহিলেন, (হে মহারাজ পরীক্ষিৎ)—মগধরাজ জরাসন্ধের একান্ত আশ্রিত পরাক্রান্ত কংস, প্রলম্ব, বক, চাণূর, তৃণাবর্ত্ত, অঘাসুর, অরিষ্ট, দ্বিবিদ, পূতনা, কেশী, ধেনুক, বাণ, নরকাসুর প্রভৃতি অসুর ভূপালগণের সহিত মিলিত হইয়া যাদবদিগকে উৎপীড়িত করিতে আরম্ভ করিল কতকগুলি জ্ঞাতি কংসের চিত্তানুবর্ত্তন করিয়া তাহার সেবা করিতে লাগিল।

উগ্রসেননন্দন কংস দেবকীর ছয়টী পুত্র বিনাশ করিলে দেবকীর হর্ষ ও শোক বর্দ্ধন-কারী সপ্তমগর্ভ প্রকাশিত হইল। ঐ গর্ভ কৃষ্ণের অংশ বা শ্রীকৃষ্ণের ধাম। অভিজ্ঞগণ তাঁহাকে (দ্বিতীয় চতুর্ব্যূহ) সঙ্কর্ষণ বলিয়া কীর্ত্তন করেন।

বলদেব-প্রকাশ—পরব্যোমে 'সঙ্কর্ষণ'।
তেঁহ—বিশ্বের উপাদান-নিমিত্ত-কারণ॥
শ্রীবলরাম গোসাঞি, মূল-সঙ্কর্ষণ।
পঞ্চরূপ ধরি' করেন কৃষ্ণের সেবন॥
আপনে করেন কৃষ্ণলীলার সহায়।
সৃষ্টিলীলা-কার্য্য করে ধরি' চারি কায়॥

(চৈঃ চঃ)

সখা, ভাই, ব্যজন, শয়ন, আবাহন।
গৃহ, ছত্র, বস্ত্র, যত ভূষণ আসন॥
আপনে সকল রূপে সেবেন আপনে।
যারে অনুগ্রহ করেন, পায় সেই জনে॥

বিশ্বাত্মা ভগবান্ তদনুগত নিজজন যাদবগণের কংস হইতে ভয় উদিত হইয়াছে জানিতে পারিয়া যোগমায়াকে আদেশ করিলেন—হে জগৎপূজ্যে সর্ব্বমঙ্গলে তুমি গোপ, গোপী ও গোধন-সুশোভিত ব্রজে গমন কর। সেই নন্দগোকুলে বসুদেব-পত্নী রোহিণীদেবী বাস করিতেছেন। তুমি সেই স্থানে গমন পূর্ব্বক দেবকীর উদরে আমার দ্বিতীয়-স্বরূপ বা আশ্রয় সঙ্কর্ষণ, যিনি (অংশে) শেষ সংজ্ঞায় সংজ্ঞিত হ'ন, তাঁহাকে অক্লেশে আকর্ষণ করিয়া অন্যের অলক্ষ্যে রোহিণীর উদরে সংস্থাপন কর। হে ভদ্রে, তৎপর আমি পূর্ণরূপে দেবকীর পুত্রত্ব স্বীকার করিব এবং তুমিও নন্দরাজমহিষী যশোদার গর্ভে আবির্ভূতা হইবে।

গর্ভসঙ্কর্ষণ হেতু রোহিণীনন্দন এই ভূতলে 'সঙ্কর্ষণ' নামে অভিহিত হইবেন, আরও গোকুলবাসী লোকসমূহের আনন্দ-বিধান হেতু 'রাম' এবং বলাধিক্য হেতু অর্থাৎ সম্বন্ধী পুরুষ শক্তিমদ্বিগ্রহ নিবন্ধন 'বলভদ্র' নামে কীর্ত্তিত হইবেন।

শ্রীশুকদেব কহিলেন,—"হে রাজন্, যিনি প্রভাতে ও সায়ংকালে অচ্যুতকথা অনন্তমাহাত্ম্যশালী বলদেবের এই সমস্ত জন্মাদি কথা নিরন্তর স্মরণ করেন, তিনি শ্রীহরির প্রীতিভাজন হইয়া থাকেন। অধিকন্তু—

যাহা শ্রীচৈতন্য তারে মহেশ-পার্ব্বতী।
জিহ্বায় স্ফুরয়ে তাঁর শুদ্ধা সরস্বতী॥
অতএব লাগে বলরামের স্তবন।
কহিলে সে সুখে স্ফুরে চৈতন্যকীর্ত্তন॥

(চৈঃ ভাঃ)

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি
ভিক্ষা :—১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর
শ্রীচৈতন্যমঠ

যৎকিঞ্চিৎ

যে কাল পর্য্যন্ত হৃদয় ভোগবাসনারূপ পাপরাশিতে মলিন থাকে, সেকাল পর্য্যন্ত শাস্ত্রে সত্যবুদ্ধি এবং সদ্‌গুরুতে সদ্‌বুদ্ধি সম্যগ্‌রূপে উদিত হয় না। অনেক জন্ম-জন্মের সাধুগুরুবৈষ্ণব-সেবারূপ সুকৃতিফলে সৎসঙ্গ এবং সাধুমুখে শাস্ত্র শ্রবণ করিতে করিতে প্রেম লাভ হয়। হরিগুরুবৈষ্ণব বা শাস্ত্রে বিশ্বাসরূপ শ্রদ্ধাই ভক্তির মূল-স্বরূপ। সাধুসঙ্গফলে এই শ্রদ্ধা লাভ হয়, আমরা যদি প্রকৃত সাধুর নিকট হরিকথা-শ্রবণে উদাসীন থাকিয়া অন্য উপায়ে শ্রদ্ধা-লাভের প্রয়াস পাই তাহা হইলে আমাদের চেষ্টা ব্যর্থ হইবে। সাধুসঙ্গ ব্যতীত—সাধুমুখে হরিকথা শ্রবণ করিয়া তাহা সাদরে গ্রহণ করা ব্যতীত অন্য কোন উপায়ে শ্রদ্ধা বা ভক্তিলাভ অসম্ভব। সেইজন্যই মহাজনগণ বলিয়াছেন—

"সাধুসঙ্গ-সাধুসঙ্গ সর্ব্ব শাস্ত্রে কয়।
লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়॥"
'ছাড়িয়া বৈষ্ণব-সেবা, নিস্তার পেয়েছে
কেবা?'

শ্রীগুরুদেব আশ্রয়জাতীয় বিষ্ণু-বিগ্রহলীলার প্রকটকারী। তিনি বিষ্ণু-বিগ্রহ হইয়াও বৈষ্ণবরূপে মায়ায় পতিত জীবগণকে উদ্ধার করিবার জন্য জগতে প্রকটিত। তিনি শ্রীগৌরসুন্দরের সহিত অচিন্ত্য ভেদাভেদতত্ত্ব। শ্রীগুরুদেবই জীবের একমাত্র আশ্রয় ও জীবনস্বরূপ। এই শ্রীগুরুদেবে অনভিজ্ঞতা থাকিলে বা শ্রীগুরুতে মরণশীল মানববুদ্ধি করিলে মঙ্গলের আর আশা নাই। শ্রীগুরুকে ভগবান্ হইতে অভিন্ন জ্ঞান না হইলে, তাঁহাকে ভগবানের প্রকাশমূর্ত্তি বলিয়া জানিবার সৌভাগ্য না হইলে কোনও দিন আমাদের মুখে ভগবানের নাম উচ্চারিত হইবে না। আমরা যদি ভগবানের ন্যায় গুরুকে না জানি, তাঁহাকে ভগবানের ন্যায় সেবা না করি তাহা হইলে আমরা শিষ্যত্ব হইতে ভ্রষ্ট হইয়া যাইব।

শ্রীগুরুদেব কৃষ্ণেরই প্রকাশস্বরূপ বলদেবাভিন্ন নিত্যানন্দতত্ত্ব। ভগবান্ শ্রীকৃষ্ণই শ্রীগুরুরূপে তাঁহার আশ্রিত ভক্তগণকে কৃপা করিয়া থাকেন। তিনি কপটমানব বা মর্ত্ত্য-মানব। তিনি কৃষ্ণ হইয়াও কৃষ্ণ-প্রেষ্ঠ অর্থাৎ সেবক কৃষ্ণ বা সেবক ভগবান্—কৃষ্ণের আশ্রয়বিগ্রহ। তিনি ভোক্তা কৃষ্ণ নহেন। তিনি নিত্যকাল কৃষ্ণসেবায় প্রতিষ্ঠিত। ভগবানের সেবা করিয়াই তিনি ভগবান্ অপেক্ষা বড় হইয়াছেন।

শ্রীগুরুদেবের সহিত শ্রীনিত্যানন্দের লীলাগত ঐক্য থাকিলেও তিনি

(অতঃপর এই পৃষ্ঠার ৩য় কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ-রাজ

প্রাচীন নবদ্বীপ, ঢাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল্প আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রভু-ভাক্তিপ্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' প্রকাশিত হইতেছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রস্থানচতুষ্টয়-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি তত্ত্ব গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও তাহার সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাগ্র্য শ্রীপাদ নবীনচন্দ্র রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেশগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিপাবন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)।

রক্ষক—শ্রীঅখিলকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)

শ্রীবাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমধুমঙ্গল-বৃন্দাবন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমধ্বানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা - (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিরূপ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরাধানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাসন,

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীনরেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপীনাথজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীনয়নদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীমতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসজ্জন ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অবজারভেটরী হিল, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ ভরিয়ার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং কালিঘাটপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীবাসুদেবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীমধুমঙ্গল ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ ডোডোহাম, জেলা গুর্দাসপুর (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪০নং কুতুব রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্পাউণ্ড বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরাসগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লালাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশমলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাছ (হাওড়া)

রক্ষক—শ্রীপাদকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনকুড়া, পোঃ চিত্রকূড়া, (বাঁকুড়া)

রক্ষক—শ্রীরমানাথ সেবাদাস অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত শ্রীমদ্ধাম ব্রজবাসী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২৯শে আগষ্ট, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
লাফখানি	৬৷৹
বালাম চাল	৫৸৹
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷৹
দাদখানি	৫৷৹
মোটা নূতন	৪৵৹
ঐ পুরাতন	৫৲
একাদশ কোম্পানি	৪৲
সিদ্ধ রেঙ্গুন	৩৷৵৹

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷৹
পেশোয়ারী	১০৲-১০৷৹
দাদখানি আতপ	৫৷৹-৫৷৵
ঐ মাঝারি	৫৲-৫৵৹
পাটনাই আতপ	৫৷৹-৫৷৹
কাটারীভোগ	৭৲
ঐ রেঙ্গুন	৩৵৹

চিনির দর

কাশীর, টাইপ	১০৷/৹
কিশুর ১০০০ নং	১০/৹
বারকোনা সাদা	৯৷৹
চানপুর সাদা	৮৷৹—৯৵৹
চানপুর লাল	৭৷/৹—৮৲

সোণা-রূপার দর।

	প্রতি ভরি
গিনির বার	৩৪৷৹
গিনি	২২৲
চাঁদির বার	৫৩৷৹

পাটের দর

মাড়োয়ারী—	৪০৸৹
মিডল—	৪০৸৹
বটম—	৪১৷৹
পুরানো বস্তার দর—	৪১৲

আটা ও ময়দার দর

পটেন্ট ময়দা প্রতি মণ	৬৷৹—৬৷৵৹
পারকোটন ঐ	৬৲—৬৵৹
ডাইমণ্ড ঐ	৫৷৵৹—৫৸৹
সুজী	৬৲—৬৵৹
আটা (বি)	৫৸৹—৫৸৵৹
আটা নং (২)	৫/৹—৫৷/৹
আটা (এল)	৫৲—৫৷৹
আটা (কে)	৪৸৹—৪৸৵৹
আটা নং (৩)	৯৷৹—৯৸৵৹
গোলাই	১৪৵৹—১৸৹
ভুষি	১৸৵৹—১৸৵৹

তৈলের দর

সরিষা	৫৭৲
পূর্ণিমা	৫৭৲
ফুলেশ্বরী	৫০৲
তিসি	৪৬৲

পাতিনেবু	৪৬৷৹
ভাৱ	৪৬৲
কাবুলে	৩৬৲
রাঙ্গা পাতলা	৪১৸৹

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৸৹—৯৷৹
ঐ বে মার্কা হাল্কা ওজন	৮৸৹—৮৷৹
ঐ টাটা টেসটেড ওয়েষ্ট বীমসব সাইজ ১০৷	
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৹
বরগা (টি আয়রণ)	৮৸৹—৯৷৹
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷৹—৯৲

টাটা গ্যাঃ করগেট-টিন।

২৪ গেজ—	১৩৷৹
২৬ গেজ—	১৫৵৹
২৮ গেজ—	১৫৷৹

টাটা গ্যাঃ প্লেন শীট।

২৪ গেজ—	১৩৸৹
২৬ গেজ—	১৪৸৹
২৮ গেজ—	১৫৲

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸৹
২৬ গেজ—	১৪৸৹

গ্যাঃ বাল্টা ২৪—৩০ গেজ পীস	।৵৫—৸৹
বাগান ঘেরা কাঁটা তার (বান্ডিল)	১০৷৹
প্লেট কাটিং বা ফ্লিট কাটা মণ	৩৷৹—৪৲
পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা ৭৷৹—৮৲ হন্দর	
গোল রড কাটিং লম্বা ১—৩২ফুট	৯৲—৯৮৲
ঐ ,, ৩—১০ ঐ	৯৷৹—১০৷৹
টিন পাতি, বোল্টু, নবাবে	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের জন্য	৯৸৹—১২৲

ক্রুঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

টিকলের হালফ ৫৵৹, পাটের হালফ ৬৷৹

তুলার হালফ ৪৸৹

তুলের দর

কলিকাতা ২৬শে জুন,

আমেরু সোনার কাইন	৫৪
মিট্‌নু আমের ভরফড	৪০৲
কড়াতি খুরশিদ কাইন	৪৩৲
হাবাৰ্ণ ভাবা	৫৩৲
ঐ কাইব	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
পাতন সাও	৮৷৹
সুপারী দেশী	১৬৷৹—১৭৲
কাটা সুপারী	১০৷৹—১১৷৹
শুটি খরিদদল	১৫৷৹—১৭৷৹
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷৹

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স্ লিঃ
ডি-৫ জগন্নাথ ঘাট লেনে, বড়বাজার
কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

৷৷:৹:৷৷

"ঠাকুর ভ নাদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের অসাধারণ সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৭,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৩৫,	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৩৫	৯-২৫	১১-৪০	১৬-৩	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৫৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়া ইহার খ্যাতি সর্ব্বত্র আছে। লিভার প্লীহা সংযুক্ত পালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট ৷৵৹ আনা, বড় বোতল ১৷৵৹ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ওল্ডচীনাবাজার রোড, কলিকাতা।

অথবা

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের সংঘর্ষ যুগে এই গ্রন্থখানা পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের মাহাত্ম্য, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য, ব্রাহ্মণগণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে চাহেন, তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে বর্ণানুক্রমে শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব আরম্ভ

আগামী ১১ই সেপ্টেম্বর শনিবার সন্ধ্যা ৬৷৷০ ঘটিকায় কলিকাতা অ্যালবার্টহলে 'গৌড়ীয়' সম্পাদকের 'সম্প্রদায় ও সমন্বয়' সম্বন্ধে বক্তৃতা হইবে।

দৈনিক নদীয়া-প্রকাশ

———:(০):———

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১৷০	১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲	৪৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩০	৪৷০
" সিকি কলম	১১৲	১২৲
" অর্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যা। তিন পয়সা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভক্তিসুধাকর সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের লীলাচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৬টি অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশকের ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—সারস্বত গৌড়ীয়মঠ, [illegible]; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর, জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,

১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট

বাগবাজার কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইহা একটী অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত হইবে। যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি অতি সুন্দরভাবে ইহাতে সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাংলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৪।৬নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হই[illegible] থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর

টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্তৃক প্রতিষ্ঠিত

দৈ নি ক

নদীয়াপ্রকাশ

THE

NADIA-PRAKASH

REG NO C 1544

শ্রীচৈতন্যমঠাচার্য্য শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু কর্তৃক পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২৫শে ভাদ্র, ১৩৪৪, ১০ই সেপ্টেম্বর, ১৯৩৭, শুক্রবার [সংখ্যা ১৬৫]

শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীগুরুপাদপদ্মপূজা

শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর ও বিষ্ণুপাদ পরমহংস
পরিব্রাজকাচার্য্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্
ভক্তিপ্রসাদ বাসুদেব বিদ্যাভূষণ গোস্বামী মহারাজের
শুভপ্রকট বাসরে

প্রপত্তি-প্রসূন

———(০)———

(১)

অহো! কিবা পরশীর পবিত্র পরশ,
পরশে পরশ-শির কর্ম-প্রদর্শন,
উৎসবে উৎসাহে সবে আনন্দ-বিবশ।
বাসুদেব-বন্দনায় ব্যাপৃত যখন॥

(২)

গুরুর গৌরব যাঁর শাস্ত্রের প্রকাশে,
গুরুর অলোক-বর্ণ পর-পুরুষার্থ,
বাসুদেব-বিদ্যাদি বিশুদ্ধ বর্দ্ধনে।
গৌর-বাণী-বিজ্ঞা-বধূ বিনা কে সমর্থ॥

(৩)

প্রভু তুমি ঠাকুরের মনোমত সুতে,
দুঃখ তোমে বাসুদেবে না পূজিয়া,
যে আলো দেবে কেহ নরক কুশুলে।
যে পুণ্যে জন্ম লভে ভারতে আসিয়া॥

(৪)

দৈর্ঘ্য বহু ভাগ্যে যেতে পরে জন,
ইন্দ্র হলে যায় ব্যাকুলো সংসারে,
মুমুক্ষায় ভাষ্য বহু জ্ঞান-যোগ-কর্ম।
সে নর বহু জন্ম তত্ত্ব জানিয়াছে॥

(৫)

স্বামী বাসুদেবে লভিয়া প্রণতি,
কেবল-জীবনের করি' আস্বাদন,
দুর্বলে যাহা তাহা দেহে ইন্দ্রিয়।
প্রভুকে সমীক্ষি' সে অন্তর প্রাণ॥

(৬)

বিনা আশ্রয়েতে বাসুদেব হন,
জগৎ-কল্যাণ-কার্যে যতঃ প্রকট,
বিশ্বের কামপূর্তি অপ্রেয় জন্য।
ধন্য দেব দীনে তেহ নিষ্কপট॥

(৭)

যথা—
অজ্ঞতায় কারা যাবে মহাশোকময়,
আবির্ভূত বাসুদেব বিশ্ববিগ্রহ,
সংসারবাসী জনেরা সবে দুঃখময়।
আশাবাসিয়ের ভাবে পরমনিগ্রহ॥

(৮)

তথা—
অভাব-তত্ত্বের আদি বহুল প্রকটে,
ভক্তি-প্রদীপের দীপ্তি উজ্জ্বলে সুখদ,
গলায় পেতকসুল পাড়িয়া বিরাটে।
বাড়ির বিকল সুরে বাঁধে দিয়ে পদ॥

(৯)

যথা—
বিশ্ববিগ্রহ প্রভু বাসুদেব-কাছে,
সাধু, নারী, বহু বেশে বৈষ্ণবের প্রবাস,
আশ্রয়-বিগ্রহে তথা দাস্তিকাল আসে।
ছাঁটেন বিবাদাগ্র করে অভিলাষ॥

(১০)

কিন্তু—
ভক্তির অবকাশ শ্রীপদ সেবন,
বিনাশি' কপটতা সংসারপাশে,
সবাই সুখে সদা করেন বরণ।
আত্মগত্যায় কথা হেন সর্ব্বজনে॥

(১১)

বিষয়-বিগ্রহ সনে বিরোধ সাধিতে
কোথা বলা 'কাল দেখি' 'কালবশে'র,
তথা এবে 'কাল দেখি' "কাল-বশেতে"।
আশ্রয়বিগ্রহ সনে সাধে বাস চেয়॥

(১২)

কিন্তু বুদ্ধুদ হ'তে যদেবে নাশ,
কালক্ষেপ ছুটে যাবে আপনি শ্রীধর,
"কৃষ্ণ বলে" কারণ "কৃষ্ণের" ধীর।
সদিতে পারে কি কভু অন্তরবৈষ্ণব॥
বরং বাসুদেব পূজা লভিয়া গৌরাঙ্গে,
ভক্তির সাধন থাকে অপ্রাকৃত দেহে,
অতএব ভক্তে এখ- শ্রীকৃষ্ণ-রঙ্গে।
এস এবে ছাড়ি সবা করিব বিবাদে॥

(১৩)

নাচ গাও তুমি সবে কর সংকীর্ত্তন,
বাসুদেব-প্রীতি হেতু সবাকে আহুতি,
তাঁর সনে বুঝি বাক্য বিনা বর্জন।
বাসনা বর্জন হ'তে সত আসক্তি॥

(১৪)

আশ্রয়-বিগ্রহে আদি পুজিবার তরে,
সর্ব্বগত গুরুতত্ত্ব সাধক-পীঠে,
প্রতিষ্ঠিত গুরু মোর পুজিতে তাঁহারে।
ভক্তি-বলে তাঁর ফুল কোন নাহি কোটে॥

(১৫)

সেবা-অপরাধকলে কর্ম আমার,
বৈরাগ্য-কঠোর বক্ষ মীরম,
বাসুদেব-কৃপা বিনা গতি নাহি আর।
দয়া করি কর প্রভু দীনে নিজ দাস॥

(১৭)

যদি দেখ অপযুক্ত সাধের বচন,
সেই প্রাণ সব তুচ্ছে মোর অক্ষমতা,
কিরূপে পাইব আমি তোমার সেবন।
জানিতে তাঁহারে বহু বার্থ ব্যাকুলতা॥

(১৮)

এ বাসুদেব প্রভু আশ্রয়-বিগ্রহ,
গোলোকে অলোকিক' তীর্থরূপ প্রাণ,
কেন্দ্র মোরে কৃপা করি' সেবার আগ্রহ।
লভি মোর শ্রীচরণে মোর পূজা দান॥

(১৯)

একাকীই সদা মুগ্ধ কৃষ্ণানুকীর্ত্তনে,
বহু অহঙ্কার সব জন্ম জন্মান্তরে,
শ্রী-বিনোদ প্রভু ভক্তজন মাঝে।
আত্মসমর্পণ থাকি দাও কৃপা করে॥

(২০)

আশাভা-বিগ্রহে যদি থাকি উদ্ধরে,
সে শান্তি-আশা অব না থাকে আমার,
তাঁরে দান সুবিচারে সাধের সমাজে।
তাহে অহৈতুকী কৃপা মাগি বারবার॥

শ্রীচরণরেণুকাপ্রার্থী—
শ্রীরাধাকৃষ্ণ ব্রহ্মচারী

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। তাৎপর্য্য সহিত শ্রীচৈতন্যভাগবত ৮৲
৩। তাৎপর্য্য সহিত শ্রীচৈতন্যচরিতামৃত ৮৲
৪। সরস্বতী জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণব ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ৷০
১৮। নাম-ভজন ৷০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-গৌরবতত্ত্ব ৷৵০
২২। ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল মাথুর-ভাষ্য ৷০
২৭। মুক্তিকণিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি ⁄০
৪১। গীতাবলী ⁄০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ⁄০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄০
৪৫। কল্যাণকল্পতরু ⁄০
৪৬। অর্চ্চনপদ্ধতি ৵০
৪৭। সদাচারসংগ্রহ ⁄৫
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪৯। অর্চ্চনকণ ⁄১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ৷০
৫৫। উপদেশাবলী বা সারাৎসারকণিকা ৷০
৫৬। হরেকৃষ্ণ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী --

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। ভক্তশিরোমণিম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৸৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ⁄০
৬৭। নামাপরাধবর্জনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ কিউ আর্ট শ অব্ বেদান্ত ৷০
৭০। বেদান্ত ⁄০
৭১। বেদান্ত—ইট্স্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। সিলেক্টেড ওয়ার্ক্স ৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ⁄০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপ্‌ল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ⁄১০
৮৩। গীতাবলী ⁄০
৮৪। শরণাগতি ⁄০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ইংরেজী মাসিক, প্রতি পূর্ণিমায় প্রকাশিত হয়। সডাক ২ টাকা ৪৷০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—দিল্লী নগরীর একমাত্র পারমার্থিক পাক্ষিক। দৈনিক দিল্লী শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ দাস সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

বিশ্বের শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ মহাশাস্ত্র
পাঠ ও সাধু শ্রীমুখের কথা
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রকাশক রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৬০ পৃষ্ঠায় সম্পূর্ণ।
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা



১২শ বর্ষ | ১৯ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ২৫শে ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ১০ই সেপ্টেম্বর ইং ১৯৩৭, শুক্রবার | ১৩৫তম সংখ্যা.

সাময়িক প্রসঙ্গ

শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীগুরু-পূজা

অদ্য শ্রীধাম-মায়াপুরস্থ আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠে শ্রীগৌর-পঞ্চমী-তিথিতে শ্রীশ্রীব্রহ্মমাধ্ব-গৌড়ীয় আম্নায়ের দশমাচার্য্যবর্য্য নিত্যলীলা-প্রবিষ্ট ওঁবিষ্ণুপাদ পরমহংস ১০৮শ্রী শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের যোগ্যতম অধস্তন তদীয় অভিন্ন-প্রকাশবিগ্রহ বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস ১০৮শ্রী শ্রীশ্রীমদ্ অনন্ত বাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুচরণের শুভাবির্ভাববাসরে শ্রীশ্রীগুরুপূজা মহাসমারোহে অনুষ্ঠিত হইবেন। এতদুপলক্ষে শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মের আলেখ্যার্চ্চায় অঞ্জলি-প্রদান, পাঠ, কীর্ত্তন, বক্তৃতা, ভক্তিকল্পলতাদি পাঠ ও নগরসংকীর্ত্তন হইবে এবং আহূত,রবাহূত সকলকেই বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হইবে। বিস্তৃত বিবরণ পরে প্রকাশিত হইবে।

ভারতাভিমুখে শ্রীপাদ ভক্তি-সারঙ্গ গোস্বামী প্রভু

আমরা শুনিয়া আনন্দিত হইলাম যে, গৌড়ীয় সম্পাদক-সঙ্ঘপতি, শ্রীল প্রভুপাদ কর্ত্তৃক ইউরোপ ও আমেরিকায় শ্রীচৈতন্য-বাণী প্রচারের ভারপ্রাপ্ত লণ্ডন-মঠ-রক্ষক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু আগামী ২০শে সেপ্টেম্বর তারিখে কলম্বো বন্দরে পৌঁছিবেন। এবং তথা হইতে কলিকাতা (বাগবাজার) শ্রীগৌড়ীয়-মঠে প্রত্যাবর্ত্তন করিবেন। গোস্বামিপ্রভু বর্ত্তমানে বিশেষ কার্য্য ব্যপদেশে কিছুদিনের জন্য ভারতে প্রত্যাবর্ত্তন করিতেছেন। আমরা সোৎকণ্ঠচিত্তে তাঁহার শুভাগমন প্রতীক্ষা করিতেছি।

অদ্যে শ্রীগৌড়ীয়মঠে শ্রীগুরুপূজা

অদ্য আচার্য্যপ্রকটবাসরে বোম্বে শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীগুরুপূজা সমারোহের সহিত অনুষ্ঠিত হইতেছেন। এতদুপলক্ষে আগামী ১২ই সেপ্টেম্বর রবিবার একটী বিরাট সভা আহূত হইবে।

বেলা ১০টা হইতে কাঙ্গালী-ভোজন, ৭॥০টা হইতে ৮টা পর্য্যন্ত সন্ধ্যারাত্রিক কীর্ত্তন, ৮টা হইতে ৯টা পর্য্যন্ত ইংরাজীতে এবং ৯টা হইতে ৯॥০টা পর্য্যন্ত গুজরাটী ভাষায় বক্তৃতা হওয়ার পর সমাগত সজ্জন-বৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হইবে।

শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা বম্বে শ্রীগৌড়ীয়মঠে গত ১৩ই ভাদ্র রবিবার শ্রীকৃষ্ণজন্মাষ্টমী এবং ১৪ই ভাদ্র সোমবার শ্রীনন্দোৎসব মহাসমারোহের সহিত সুসম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে জন্মাষ্টমী দিবস মধ্যরাত্রিকালে পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের জয় গান পূর্ব্বক আচার্য্যবন্দনা, গুরুবন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব, মহাজন-পদাবলী ও নামসঙ্কীর্ত্তন করা হয়। তৎপরে শ্রীচৈতন্যভাগবত পাঠ হয়।

এই দিবস শ্রীমঠে একটি বিরাট সভার অধিবেশন হয় এবং উক্ত সভায় যথাক্রমে ইংরাজী এবং গুজরাটী ভাষায় দুইটি বক্তৃতা হয়। অপরাহ্ণ ৬ ঘটিকা হইতে সভার কার্য্য আরম্ভ হয়। সভার প্রারম্ভে উদ্বোধন-সঙ্গীত কীর্ত্তনান্তে প্রথমে পণ্ডিত শ্রীপাদ মাধব-চৈতন্য ব্রহ্মচারীজী ইংরাজী ভাষায় প্রায় অর্দ্ধঘণ্টিক কাল শ্রীকৃষ্ণ ভগবানের অপ্রাকৃত তত্ত্ব এবং স্বয়ং ভগবত্তার কথা বিশদ-ভাবে ব্যাখ্যামুখে একটি বক্তৃতা প্রদান করেন।

পরে শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী গুজরাটী ভাষায় প্রায় পৌণে ১ ঘণ্টাকাল শ্রীকৃষ্ণ কি বস্তু, জয়ন্তী শব্দের প্রকৃত তাৎপর্য্য কি এবং উপবাস শব্দের প্রকৃত অর্থ কি, এ বিষয়ে বক্তৃতা করেন। অনন্তর কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়।

গত ১৪ই ভাদ্র সোমবার শ্রীনন্দোৎসব দিবসে পণ্ডিত শ্রীপাদ মাধবচৈতন্য ব্রহ্মচারীজী সন্ধ্যা ৭॥০ ঘটিকা হইতে প্রায় ১॥০ ঘণ্টাকাল ইংরাজী ভাষায় ছায়াচিত্রযোগে বক্তৃতা করেন। এই দিবস বেলা ১২টা হইতে ৩টা পর্য্যন্ত দরিদ্রদিগকে মহাপ্রসাদ বিতরণের কথা ছিল, কিন্তু কোন বিশেষ কারণ বশতঃ ২ ঘটিকা হইতে ৬ ঘটিকা পর্য্যন্ত প্রায় ৬০০ শতেরও অধিক দরিদ্রকে বিচিত্রতাপূর্ণ মহাপ্রসাদ বিতরণ করা হয়। এই দিবস রাত্রে যাঁহারা সভায় যোগদান করিয়াছিলেন তাঁহাদিগকেও বিচিত্রতা-পূর্ণ মহাপ্রসাদ বিতরণ করা হয়।

• উক্ত দুই দিবসের সভায় যাঁহারা উপস্থিত ছিলেন তন্মধ্যে নিম্নলিখিত ব্যক্তি-গণের নাম বিশেষ উল্লেখযোগ্য।

রাজা মুকুন্দলাল, বংশীলাল (সপরিবার), মিঃ মাণিকলালজী চুনিবালা (সপরিবার), মিঃ বি এন্ ব্যানার্জ্জী ইন্‌স্পেক্টর (সপরিবার), শেঠ নরহরদাস, ত্রিভুবন দাস, শেঠ হরিকিষণ্ দাস রাঘজী মাধবজী (মার্চেণ্ট), শেঠ মনোহর দাস,ত্রিভুবন দাস (সপরিবার), ডাঃ শঙ্করলাল (সপরিবার), মিঃ এন, এ, মেহেতা ব্যারিষ্টার,ডাঃ পি, জে, পিল্লাই এম-বি, বি, এস. এম. ডি, বৈদ্যকলানিধি (সপরিবার) ডাঃ পি, এস, নাগেন্দ্র সিংহ্ম, ডাঃ কে, সি, ডাবর,বার্ ও কেশব (কান্দেওয়াড় বাংলো আয়ুর্ব্বেদি হাসপাতাল), মিঃ এইচ, শঙ্কর রাও, মিঃ ডি, এন, সেনগুপ্ত, মিঃ জি, সি, মিত্র ও তাঁহার কন্যাদ্বয়, মিঃ বিমলাও শাস্ত্রী, মিঃ ডি, এইচ, দুর্লভ কোম্পানীর কি ওয়াচ কোং, মিঃ নবকুমার সিংহ, ডাঃ পি, মুখার্জ্জী (হোমিওপ্যাথিক) মিসেস্ পুতলীবাই প্রেমদাস, মিঃ চতুলাল মেথা (সপরিবার),মিঃ বিজয়মর্চ্চেন্ট (ক্রিকেট মাষ্টার), মিঃ প্রফুল্ল-কুমার ঘোষাল, মিঃ আর, এস, মাঙ্কার, মিঃ কালিদাস ব্যাস, মিঃ কে, জে, মিস্ত্রি, প্রভৃতি।

এই উৎসব উপলক্ষে মঠের সকলেই অক্লান্ত পরিশ্রম করিয়াছেন। তন্মধ্যে শ্রীপাদ নবদ্বীপ প্রভু বা ভক্তিশাস্ত্রীজীর এবং শ্রীপাদ রামানন্দ প্রভুর ঠাকুরের ভোগ-রন্ধনাদি সেবাকার্য্যের, শ্রীপাদ সদানন্দ ব্রহ্মচারী এবং শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারীজীর শ্রীবিগ্রহের পূজাদি সেবাকার্য্য এবং শ্রীপাদ মাধবচৈতন্য স্বামী প্রভৃতির সর্ব্বপ্রকার সেবায় সুযুক্ত চেষ্টা ও আগ্রহ বিশেষ প্রশংসনীয়।

শুদ্ধ ভকতগণ হন শাস্ত্রের প্রমাণে। তাঁহাদের কৃষ্ণ কৃপা করেন অনুক্ষণে।

"কায়মনোবাক্যে হরিকীর্ত্তন বিধেয়। কায়িক কীর্ত্তন, বাচনিক কীর্ত্তন, মানসিক কীর্ত্তন যুগপৎ করিতে হইবে। মন যদি কৃষ্ণ কীর্ত্তন না করে, অন্যমনস্ক হইয়া থাকে, তাহা হইলে কৃষ্ণের সম্যক্ কীর্ত্তন হয় না। নিজের আদর্শ আচরণের মধ্যেও কৃষ্ণকীর্ত্তন করিতে হইবে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তি-সিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১১ হৃষীকেশ নিশি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৫১

শ্রীগুরুপূজা

———::(•)::—

অদ্য বর্ত্তমান গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুবরের ত্রিচত্বারিংশত্তমা আবির্ভাব-তিথি পূজা। এতদুপলক্ষে আজ ভারতে ও ভারতের বাহিরে যাবতীয় শুদ্ধভক্তির মঠসমূহে শ্রীগুরুপূজার মঙ্গলাচরণ হইতেছে। শ্রীশ্রীল প্রভুপাদের যোগ্যতম অন্তরঙ্গ শ্রীকৃষ্ণচৈতন্যাম্নায় একাদশ আচার্য্য শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু শ্রীশ্রীল প্রভুপাদের অপ্রকটের পর গত গৌরাবির্ভাব-বাসরে জগদ্গুরুরূপে কৃপা পূর্ব্বক আত্মপ্রকাশ করিয়া বর্ত্তমানে কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠে অবস্থান করিতেছেন। আচার্য্যানুগত সকলেই আজ শ্রীব্যাসাভিন্ন আচার্য্যদেবের পাদপদ্ম পূজা করিয়া শ্রীগুরুসেবকগণের শ্রীসংঘাদের জন্য গৌড়ীয়মঠে আমরা সমুপস্থিত হইয়াছেন। আচার্য্যপূজার দিনে আজ সকলেই আনন্দে আত্মহারা, সকলেই তন্ময় উপলব্ধি করিয়া আচার্য্যপাদপদ্মের সমাসন্ন। আর কতদিনে আমি আজ নিজমুখে বলিতে পারি যে আচার্য্যপূজার অধিকার-লাভে বঞ্চিত এমনি অভাব চলেন!

ব্যাসপূজায় যেরূপ ব্যাসদেবই মুখ্য উপাস্য, শ্রীগুরুপূজায় তদ্রূপ আচার্য্য-অপ্রাকৃত-কীর্ত্তনই মুখ্য উপাসন। শ্রীব্যাসের বাণীর অনুকীর্ত্তন করিয়াই ব্যাসানুগগণ ব্যাস-পূজা করিয়া থাকেন। শ্রীরূপের শিক্ষার অনুকীর্ত্তন করিয়া রূপানুগগণ শ্রীরূপের সেবা করেন। আজ রূপানুগবর আচার্য্যের রূপানুগ সিদ্ধান্তবাণীর অনুকীর্ত্তন করিয়াই আচার্য্যানুগত সেবকগণ আচার্য্য-পূজা করিবেন। এই অবসরে অযোগ্য সেবক আমরা আমাদের সামান্য ক্ষুদ্র অঞ্জলি লইয়া শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে সমুপস্থিত হইয়া তৎকৃপালাভের আশা হৃদয়ে পোষণ করিতেছি। শ্রীশ্রীল আচার্য্যদেব নিজগুণে প্রসন্ন হউন, ইহাই তাঁহার শ্রীচরণে প্রার্থনা।

আচার্য্যপূজা, শ্রীগুরুপূজা ও শ্রীব্যাসপূজা একই পর্য্যায়ভুক্ত। আচার্য্যপ্রকটবাসরে আচার্য্যানুগগণ শ্রীশ্রীব্যাসপূজা করিয়া শ্রীশ্রীগুরু-পূজা করিয়া থাকেন। চতুর্দ্দশভুবনোদ্ধারকগণের মূল আশ্রয় পতিতপাবনই স্বয়ং-শ্রী কৃ ষ্ণ চৈ ত ন্য দে ব শ্রীনিত্যানন্দপ্রভু এই শ্রীধাম মায়াপুরে শ্রীবাস-অঙ্গনে একদিন শ্রীব্যাস-গুরুপূজা স্বয়ং করিয়া আমাদিগকে শিক্ষা দিয়াছিলেন। শ্রীনিত্যানন্দানুগ শ্রীগৌরহংসবরগণেরই এই শ্রীব্যাসগুরুপূজার অধিকার। যাহারা ভাগবত-বিরোধী, মৎসর, হরিগুরু-বৈষ্ণববিদ্বেষী, তাহারা ভাগবতধর্ম্মাবলম্বিত নির্ম্মৎসরগণের আচরিত সর্ব্বশ্রেষ্ঠ আচার্য্যের প্রকটাকৃতি ও পূজার অসমোর্দ্ধ মহিমা ও সর্ব্বশ্রেষ্ঠত্ব বুঝিতে পারে না। একদিকে যেমন শ্রীচৈতন্য-মনোঽভীষ্ট-সংস্থাপক শ্রীগুরুদেব চৈতন্যপাদপদ্ম স্থাপন করিয়া জীবের অচৈতন্য দূর করিতেছেন, অপরদিকে তেমনি মহাবদান্যবতার শ্রীকৃষ্ণপ্রেমপ্রদাতা শ্রীগুরুপাদপদ্মকে শুদ্ধমনোঽভীষ্ট-সংস্থাপক, নিষ্কপট সজ্জনগণ হৃদয়ে স্থাপন করিয়া মঙ্গলাকাঙ্ক্ষী জনগণের নিকট জগদ্গুরু-পূজার সর্ব্বশ্রেষ্ঠত্ব প্রচার ও প্রকাশ করিতে যত্নবান্ হইয়াছেন, এত তাঁহাদের অপার করুণা!

এই আচার্য্য-প্রকটতিথি মাধব-প্রকটতিথির ন্যায়ই পূজ্য। তদপেক্ষাও ইঁহার কিছু বৈশিষ্ট্য আছে। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন—"জগতে যত প্রকার পূজাপদ্ধতি আছে, সকল পূজা অপেক্ষা ভগবানের পূজা সর্ব্বোত্তম। আর সেই সর্ব্বোত্তম পূজ্যের পূজক আরও অধিক বড় পূজক। সেই পূজককে ভগবান্ পূজা ক'রে থাকেন। সর্ব্বাপেক্ষা পূজ্য—ভগবান্, আর সেই ভগবানের পূজার বা প্রেমের পাত্র—তাঁ'র ভক্ত, সেই ভগবদ্ভক্তের অগ্রণী—শ্রীগুরুপাদপদ্ম। ভগবান্ যাঁহার পূজা করিয়া থাকেন, তাঁহার পূজা নিশ্চয়ই সবচেয়ে বড়।"

"আমার গুরু—সমগ্র জগতের গুরু। তিনি গুরুদেব—সমস্ত জগতের গুরুদেব; আমার গুরুবিদ্বেষী— জগদীশের বিদ্বেষী—জগতের সকলের বিদ্বেষী—মনুষ্যমাত্রেরই বিদ্বেষী। নিষ্কপটে বিচারটা না আস্লে আমি শ্রীগুরুপাদপদ্মের ভৃত্য হ'তে পারি না—শ্রীগুরুপাদপদ্মে আত্মসমর্পণ কর্ত্তে পারি না—আমার নিজের লঘুত্ব বোধ হয় না, আমি তৃণাদপি সুনীচ, অমানি-মানদ হ'য়ে হরিকীর্ত্তন কর্ত্তে পারি না।"

"গুরুসেবার ন্যায় এমন মঙ্গলপ্রদ কার্য্য আর নাই। সকল আরাধনা অপেক্ষা ভগবানের আরাধনা বড়, ভগবানের আরাধনা অপেক্ষা শ্রীগুরুপাদপদ্মের সেবা বড়—এই প্রতীতি সুদৃঢ় না হওয়া পর্য্যন্ত আমাদের সংসার বা গুরুদেবের আশ্রয় বিচার হয় না, আমরা আশ্রিত, তিনি আমাদের পালক, এই বিচার আসে না।"

শ্রীগুরুপূজাই শ্রীব্যাসপূজা। শ্রীগুরুপূজার সার্থকতা শ্রীগৌরসুন্দরের সেবায় নিহিত। শ্রীগুরুপাদপদ্মের সেবা সর্ব্বাপেক্ষা দুরূহ। শ্রীগুরুপাদপদ্মের সেবা যদি সুলভ হইত তাহা হইলে শ্রীগৌরসুন্দরের লীলার কোন প্রয়োজনীয়তা থাকিত না। শ্রীগুরুপাদপদ্মের সেবালাভ সকলের নিকট সুগম করিবার জন্যই শ্রীগৌরের নিত্যলীলা।

শ্রীগৌরসুন্দরের আচার ও বিচার যিনি গ্রহণ করেন, কেবলমাত্র তিনিই শ্রীগুরুপাদপদ্মের সেবা লাভ করেন। শ্রীগুরুপাদপদ্মের সেবালাভের অন্য কোন উপায় নাই। শ্রীনরোত্তম প্রভুর শিক্ষা—"আমারে কিনিয়া লহ ভজ গৌরহরি।"

পরমারাধ্য শ্রীল প্রভুপাদ ব্যাসপূজার পরম শুদ্ধ আদর্শ জগতে পুনঃ প্রকটিত করিয়াছেন। তিনি আমাদিগকে শ্রীগুরুপাদপদ্মের গুরুপূজা-পদ্ধতি শিক্ষা দিয়াছেন। আমাদের শ্রীব্যাসপূজার নৈবেদ্য গ্রহণপূর্ব্বক উহা স্বীয় গুরুপাদপদ্মে পৌঁছাইয়া দিয়া আম্নায়পারম্পর্য্যে শ্রীগুরুদেবের সেবা বিহিত, ইহা শ্রীগুরুপাদপদ্ম আমাদিগকে জানাইয়া দিয়াছেন। আম্নায়-পারম্পর্য্যে শ্রীগৌরসুন্দরই একমাত্র সেব্য, ইহা শ্রীব্যাসপূজার বিশেষরূপে প্রচার করিয়াছেন।

শ্রীব্যাসদেবের কৃত্য—আচার্য্যের কৃত্য। শ্রীমন্নিত্যানন্দ প্রভুর শক্তি শাস্ত্রবিভাগ, শাস্ত্রপ্রচার ও শাস্ত্ররচনা দ্বারা শ্রৌতপন্থা অপ্রতিহত রাখেন। আচার্য্য-পারম্পর্য্য দ্বারা বাণীর সেবা জগতে অবিচ্ছিন্নভাবে প্রতিষ্ঠিত থাকে। শ্রীব্যাসপূজা বা শ্রীগুরুপূজা এইজন্যই আচার্য্যের প্রকটতিথিতে আচার্য্যের সাক্ষাৎ পূজারূপে অনুষ্ঠিত হইয়া থাকে। শ্রীগুরুদেবের প্রকটতিথিতে তাঁহার শ্রীপাদপদ্মের পূজা দ্বারা আম্নায়পারম্পর্য্যে ভগবৎপূজা জগতে প্রচারিত থাকে।

আম্নায়-পারম্পর্য্য বস্তুকালাবচ্ছিন্ন ব্যাপার বিশেষ নহে। আর রূপানুগত্য নিত্য। আচার্য্যগণ পরস্পর পৃথক্ নহেন। পক্ষান্তরে আচার্য্যগণের পরস্পরের ঐক্য ও অভেদ বিচার গ্রাহ্য নহে। শ্রীগুরুপাদপদ্মের পূজা দ্বারা পূর্ব্বাচার্য্যগণের সাক্ষাৎ পূজাও সাধিত হয়। শ্রীব্যাসপূজার বৈশিষ্ট্য ইহাই যে, তদ্দ্বারা শ্রৌতপন্থা সম্যক্ স্বীকৃত হয়। আচার্য্য অনর্থযুক্ত জীবের পূজা সম্ভব করিবার জন্যই কৃপাপূর্ব্বক প্রকট-লীলা আবিষ্কার করেন। পরম্পরাক্রমে আচার্য্যের অবিচ্ছিন্ন প্রাকট্য দ্বারা আম্নায় পারম্পর্য্যে শ্রীগুরুপূজা আবহমানকাল এইজন্যই জগতে প্রতিষ্ঠিত আছে। অনর্থযুক্ত জীব অপ্রাকৃত লীলার সন্ধান পাইতে পারে না। আচার্য্যের প্রাকট্য লীলার দ্বারাই অনর্থযুক্ত জীব তাঁহার সহিত সেবা-সম্বন্ধযুক্ত হইতে পারে। শ্রীগুরুপাদপদ্মের অপ্রকটলীলা আবিষ্কার দ্বারা অনর্থযুক্ত জীবের সহিত তাঁহার সেবা-সম্বন্ধ বিচ্ছিন্ন হয়। আম্নায়-পারম্পর্য্যে অপ্রকট আচার্য্যের অনন্তর প্রকট আচার্য্যের সেবা-পূজা দ্বারা পূর্ব্বাচার্য্যগণের সাক্ষাৎ সেবা সংরক্ষিত হয়।

শ্রীগুরুপাদপদ্ম হইতে শ্রীচৈতন্যপাদপদ্ম—শ্রীকৃষ্ণপাদপদ্ম পাই। তাঁহার কৃপাই আমাদের একমাত্র সম্বল। লুপ্ত চেতনতার অধিষ্ঠাতৃ শ্রীগুরুপাদপদ্ম কৃপাপূর্ব্বক উদিত হইয়া থাকেন। আর যে হৃদয়ে অনর্থের প্রাবল্য সেখানে পাষণ্ডতাই প্রকাশিত হইয়া থাকে। কিন্তু যেখানে গৌরসুন্দরের ইন্দ্রিয়-তর্পণরূপ চেতনতার পূর্ণ বিকাশ, সেইখানেই শ্রীগুরুপাদপদ্মের আবির্ভাব। সেই গুরুপাদপদ্মে আত্মার দ্বারা কায়মনোবাক্যে প্রণিপাতপরিপ্রশ্নসেবা প্রদানই গুরুপূজা বা ব্যাসপূজা। দিব্যজ্ঞানপ্রদাতা গুরুপাদপদ্মে যাহার অসতী মর্ত্ত্য বুদ্ধি, তাহার পক্ষে ভগবন্মন্ত্রগ্রহণ, সাধন, ভজন, ধ্যান, ধারণা, মননাদির অভিনয় সকলই হস্তি-স্নানের ন্যায় নিরর্থক। তাই স্বভজনবিজ্ঞান-সম্পন্ন ভগবৎ-প্রকাশবিগ্রহ শ্রীগুরুপাদপদ্ম-পূজার কথা মহাজনগণ ঊর্দ্ধবাহু হইয়া সমস্বরে কীর্ত্তন করিয়াছেন,—

"সংসারের পার হই' ভক্তির সাগরে।
যে ডুবিবে, সে ভজুক নিতাইচাঁদেরে॥
আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর॥"

শ্রীগুরুপাদপদ্ম সংসারদাবানলে দগ্ধীভূত বিশ্বজীবের একমাত্র আশ্রয়স্থল—কোটিচন্দ্র-সুশীতল কল্যাণকল্পতরু-ছায়াস্বরূপ। এই শ্রীগুরুপাদপদ্মকৃপা ব্যতীত কেহই পরমপুরুষার্থ রাধাগোবিন্দের সেবা লাভ করিতে পারে না। গুরুপাদপদ্মের সহিত যাহার সম্বন্ধ নাই, গুরুপাদপদ্মে যাহার বন্ধন নাই, সে ব্যক্তি

পশু, আত্মঘাতী। সংসারস্থখে সহবাসন-কারী ভগৈশ্বর্যাদির অহঙ্কারে স্ফীত ব্যক্তি-গণই শ্রীগুরুপাদপদ্ম-পূজা বা ব্যাসপূজার আবশ্যকতা স্বীকার করে না। যাঁহাদের শুদ্ধ হৃদয়ে শ্রীগুরুপাদপদ্ম উদিত হন, তাঁহারাই শ্রীরাধাগোবিন্দের সেবা লাভ করিয়া কৃতার্থ হন। এই গুরুপাদপদ্ম কবে কৃপা করিয়া আমাদের হৃদয়ে উদিত হইবেন? এ সৌভাগ্য আমাদের কবে হইবে? এই শুভাবির্ভাববাসরে শুরুদেবতাত্ম সেবকগণের আনন্দের সীমা নাই। আর চির দুঃখী আমি আজ যে তিমিরে সেই তিমিরে!

এই গুরুপূজা বা ব্যাসপূজার প্রথা পঞ্চোপাসক বা মায়াবাদিগণের মধ্যেও প্রচলিত আছে, তথাপি তাদৃশ গুরুপূজনে অধিকার বিচারই প্রবল। শুদ্ধভক্তির অভাব নিবন্ধন তাহাদিগের দ্বারা শ্রীগুরু-পূজা কখনই সাধিত হইতে পারে না। মায়া-বাদি-সম্প্রদায়ে জ্যৈষ্ঠ-পূর্ণিমা-দিবসে গুরু-পূজাদিনের বিধান পরিদৃষ্ট হয়। শ্রুতি বলেন,—যে মুহূর্তে বিরাগ উপস্থিত হইবে, সেই মুহূর্তে জড়ভোগে বিরাগ লাভ করিয়া ভগবৎসেবায় রুচি হইবে। তাহার কালা-কাল বিচার নাই। জড়ভোগ নিবৃত্ত হইলেই জীব পরিব্রাজক হইয়া আচার্য্যের চরণ আশ্রয় করেন, সেই আচার্য্যচরণাশ্রয়কেই ভাষান্তরে 'ব্যাসপূজা' বলা হয়। শ্রীগৌড়ীয়-মঠের সেবকগণ বর্ষে বর্ষে শ্রীশ্রীল প্রভু-পাদের আবির্ভাব-তিথি মাঘী কৃষ্ণপঞ্চমীতে শ্রীব্যাসপূজা— শ্রীআচার্য্যপূজা করিয়া থাকেন। শ্রীশ্রীল প্রভুপাদ নিত্যলীলা-প্রবিষ্ট হওয়ায় তদনুগত সেবকগণ এবৎসর বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্যের প্রকট-তিথি ভাদ্রী গৌরপঞ্চমী তিথিতে শ্রীব্যাসগুরুপূজার অনুষ্ঠান করিতেছেন। শ্রীশ্রীব্যাসগুরুর আশ্রিত জনমাত্রেই প্রত্যহই যথাযথানুষ্ঠানে শ্রীব্যাসদেবের নানাবিধ পূজা করিয়া থাকেন, কিন্তু ইহা বার্ষিক অনুষ্ঠানের বিচারে বর্ষকাল-ব্যাপী স্ব-স্ব গুরুপূজার স্মারক দিবস। শ্রীব্যাসপূজার মানাভিধ শ্রীগুরুপাদপদ্মে পাদ্যার্পণ বা ইহার দ্বারা শ্রীগুরুদেবের মনোহভীষ্ট যে শুদ্ধ ভগবৎ-সেবন, তাহাই উদ্দিষ্ট হয়।

শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীব্যাসাভিন্ন-বিগ্রহ। তিনি জগদ্গুরু। অন্যাভিলাষী লোক বঞ্চক ব্যক্তিগণ জগদ্গুরুপদবাচ্য হইতে পারে না। কারণ, যিনি শাস্ত্রশাস্ত্রের অনুরূপ কীর্ত্তনমুখে আচারবান্-প্রচারক, যিনি একান্ত কৃষ্ণকীর্ত্তন ব্যতীত এজগতেও অন্য কোন কল্পিত উপায়-উপেয়ের কথা বলেন না, যিনি শ্রীগৌরসুন্দরের যাবতীয় ভাব-বিভাবের মূর্ত্ত প্রকাশবিগ্রহ, যিনি প্রেম-প্রচারক ও পাষণ্ডদলনকারী শ্রীনিত্যানন্দের অভিন্ন-তনু, যিনি কীর্ত্তনাস্ত্রের দ্বারা জগজ্জীবের মনোধর্ম-হিংসকারী, যিনি শতকরা শতভাগ ভগবানের সেবায় নিযুক্ত থাকিয়া সকলকে সেবায় নিযুক্ত করিবার জন্য ব্যস্ত, যাঁহার প্রতি গমন, প্রতি অঙ্গপ্রত্যঙ্গ অনুকূল-কৃষ্ণানুশীলনে নিযুক্ত, যাঁহার বাণীতে শুদ্ধ আম্নায়-তরঙ্গিনী প্রবাহিত হয়, তিনিই জগদ্গুরু। শাস্ত্রও যাঁহার শ্রীমুখগত, ব্রহ্মপ্রাপ্তি সর্ব্বদাই যাঁহার অধীন, যিনি ভগবানের অভিন্নমূর্ত্তি, যিনি ভগবান্ হইয়াও ভগবানের সেবকাভিমানী, যিনি মানুষী মূর্ত্তি প্রকট করিয়া শাস্ত্ররূপ বক্তারূপে সংসার-পতিত জনগণকে পরিত্রাণ করিয়া থাকেন, যিনি শাস্ত্রজ্ঞান দ্বারা অজ্ঞানান্ধকার দূরীভূত করেন, এই সমস্ত অনন্ত অপ্রাকৃত গুণ যাঁহাতে নিত্য বিরাজিত, তিনিই আমাদের নিত্যপূজ্য পতিতপাবন ওঁ বিষ্ণুপাদ পরম-হংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুর।

শ্রীশ্রীল আচার্য্যদেব শকাব্দা ১৮১৭, বঙ্গাব্দ ১৩০২, খৃষ্টাব্দ ১৮৯৫, ৯ই ভাদ্র, ২৫শে আগষ্ট রবিবার শুক্লা পঞ্চমী-তিথিতে শুদ্ধবৈষ্ণব-গৃহে আবির্ভূত হন। লোক-কল্যাণ, ভক্ততোষণ এবং শুদ্ধগৌরমনোহভীষ্ট প্রচারার্থই তাঁহার এ জগতে আগমন। তাঁহার আবির্ভাবকাল হইতেই তাঁহাতে শ্রীভগবান, শ্রীবৈষ্ণব ও শ্রীভাগবতে স্বাভাবিকী প্রীতি ও অসৎসঙ্গে বিতৃষ্ণা লক্ষিত হইয়াছিল। অতি বাল্যকালেই তিনি ভাগবত-সিদ্ধান্তে ও ভগবৎ-সঙ্গীত-বিদ্যায় স্বাভাবিকভাবেই পারঙ্গত ছিলেন। তিনি শুদ্ধগৌরাঙ্গের পরমপ্রিয়তম। তাঁহার অপ্রাকৃত গুণের অন্ত নাই।

সকলসদ্গুণাধার ও সদ্গুণাকর শ্রীশ্রীল আচার্য্যদেবের মহিমা কীর্ত্তন করিবার যোগ্যতা আমাদের নাই। তবে আমরা কিছু স্তোত্রবাণী অনুকীর্ত্তন করিয়া আত্ম-শোধনের প্রয়াস পাইলাম মাত্র। করুণাময় শ্রীশ্রীল আচার্য্যদেব নিজগুণে আমাদের প্রতি কৃপাদৃষ্টি করুন—আমাদিগকে তাঁহার পাদপদ্মের ধূলিকণা-স্পৃষ্ট ধূলিকণা বলিয়া গ্রহণ করুন—ইহাই এই শুভাবির্ভাববাসরে আমাদের ঐকান্তিক প্রার্থনা।

"নমঃ পরমহংসায় ওঁ বিষ্ণুপাদপূর্ব্বিণে।
অনন্তবাসুদেবায় অষ্টোত্তরশতশ্রিয়ে॥
নমঃ শ্রীরাধিকাদেবীদয়িতাত্মস্বরূপিণে।
তত্ত্বাবধানিত্বদানাৎ সদাসর্ব্বাবধারিণে॥
মুমুক্ষুভক্তিসদ্গ্রন্থপ্রকাশনাদিনে।
আসক্তিযুক্তবৈরাগ্যপ্রচার নমোঽস্তু তে॥
ভক্তিবিনোদসিদ্ধান্ত সুকীর্ত্তন-মূর্ত্তয়ে।
লোকমঙ্গলকারণাচেতসে প্রভবে নমঃ॥
নিত্যাভীষ্টসমাম্নাতকাহ্নৃকুলশীলন্।
দিশতাং পরমহংসমূর্ত্তয়ে শ্রীগুরবে তে নমঃ॥"

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

——::(∗):——

আমার শ্রীগুরুদেব আশ্রয়জাতীয় বিষ্ণুবিগ্রহলীলার প্রকটকারী। তিনি ভগবৎ-প্রিয়তম বিষ্ণু-বিগ্রহ হইয়াও বৈষ্ণব-রূপে মাদৃশ পতিতকে উত্তোলন করিবার জন্য প্রপঞ্চে সর্ব্বপ্রাণীতে অধিষ্ঠিত। তিনি প্রাণিমাত্র নর-রূপে আমার একমাত্র উপাস্য বস্তু। তিনি অপ্রাকৃত নরোত্তম-রূপে বৈষ্ণবগণের পরম-বরণীয় বস্তু সেবকসূত্রে বৈষ্ণব হইলেও শ্রীগৌরসুন্দরের সহিত অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব। অভেদ বিচারে তিনি উপাস্য-পরাকাষ্ঠা-তত্ত্ব। পরিদৃশ্যমান্ জগৎ তাঁহার সেবায় ব্যস্ত; তবে মাদৃশ সেবা-বিমুখ নর তাঁহাকে নরোত্তম বলিয়াই নিরস্ত।

আমি শ্রীব্যাসের অনুগমনে বঞ্চিত হওয়ায় ভক্তিসিদ্ধান্ত রহিত হইয়া অবিদ্যার আবাহনে অহঙ্কার-বিমূঢ় প্রাকৃত ভোক্তা বা বিচারক-সূত্রে শ্রৌত-পন্থা পরিহার করিতেছি। এই দুর্দ্দিনে শ্রীপূর্ণপ্রজ্ঞ কবি আনন্দতীর্থ মধ্বমুনি স্বীয় ব্যাসভাষ্য প্রকটিত করিয়া আমার যে উপকার করিয়াছেন, তাহা আমি আমার প্রাপঞ্চিক ভাষায় বর্ণন করিতে অসমর্থ। আমি এই বিশ্বের একটি ক্ষুদ্রজীব। সেই বিশ্বনাথ-প্রভু আমাকে বিপদ-সদন হইতে উত্তোলন করিবার মানসে কতই না ব্যাসপূজার আহ্বান করিয়াছেন।

সাক্ষাৎ ভগবানকে যেরূপ বিচার করবে, গুরুদেবকেও সেইরূপ বিচার করবে, কোন অংশে কম মনে করবে না। সাধু সকল—পণ্ডিত সকল—বেদজ্ঞ ব্রাহ্মণ সকলের কর্ত্তব্য হ'চ্ছে—ভগবানের ন্যায় গুরুকে জানা—পূজা করা—সেবা করা—যদি তা' না করেন তবে নিরাশ্রয় হ'য়ে ভ্রষ্ট হ'য়ে যা'বেন।

মহান্ত গুরুদেবকে ভগবান্ হ'তে অভিন্ন, ভগবানের প্রকাশমূর্ত্তি না বললে কোন দিন নাম মুখে উচ্চারিত হ'বে না। তিনিই প্রতির মর্ম বুঝতে পারেন, যাঁ'র গুরু ও ভগবানে অভিন্নবুদ্ধি আছে।

সচ্চিদানন্দ ভগবানের গায়ে হাত আছে, সেই হাত দিয়ে তিনি যেন তাঁ'র পা ছুঁয়ে-ছেন। ভগবানের হাতও তাঁহার দেহই - ভগবান্ নিজেই নিজের সেবা করছেন। ভগবান্ নিজেই নিজের সেবা শিক্ষা দিবার জন্য গুরুরূপে অবতীর্ণ হ'য়েছেন। আমার গুরুদেবও সেরূপ ভগবান্ হ'তে অভিন্ন—ভগবানের সহিত একদেহ—সেবা-ভগবান্ আর সেবক-ভগবান্—বিষয় ভগবান্ আর আশ্রয় ভগবান্। মুকুন্দ—সেব্য ভগবান্—বিষয় ভগবান্, আর মুকুন্দপ্রেষ্ঠ শ্রীগুরুদেব সেবক-ভগবান্—আশ্রয়-ভগবান্। শ্রীগুরু-দেবের তুল্য শ্রীকৃষ্ণের প্রিয় আর কেহ নাই। তিনিই ভগবানের অত্যন্ত প্রিয়।

কৃষ্ণই উপদেশকসূত্রে তাঁ'র নিজের সেবা নিজেই করেন। কৃষ্ণসেবাবিমুখ প্রতীতিকে সেবোন্মুখ করবার জন্য যিনি যত্ন করেন তিনিই গুরুর কার্য্য করেন। গুরু সাধারণের নিকট একরূপ এবং অন্তরঙ্গজনের নিকট অন্যরূপে পরিচিত। শ্রীগুরুদেবের দয়া ব্যতীত কৃষ্ণলাভের সম্ভাবনা নাই। যাঁহারা তাঁ'র দয়া করেন, তাঁ'রা প্রভু; আর বারবারকী অহঙ্কারবিমূঢ়াত্মা, লোকাকণ্ঠার ভোগী হ'বার বাসনাযুক্ত। মানুষ ভোগী বা ত্যাগী হ'তে পারে না, সহস্রারে এই কথাটা লিখে রাখ্‌বেন।

শ্রীগুরুপাদপদ্ম ভক্তিরস পান করাবার জন্য প্রকৃষ্টরূপে যত্ন করেন, তিনি অনর্থীদ্ আমাকে বাসনার জাল—প্রতিষ্ঠার বাঁশী করান না। আমরা বহু আরাধনার ফলে ডেকে ডেকে তাঁ'কে শ্রীচৈতন্য-মঠে পেয়েছি।

বৈষ্ণব নিষ্কিঞ্চন। তাঁ'কে কোনও বস্তু লুব্ধ ক'রতে পারে না। পর জগতে বা এ জগতে এমন কোনও লোকের বস্তু নাই, যা কৃষ্ণপাদপদ্মের লোভ্য হ'তে অধিকতর লোভনীয় হ'তে পারে। যিনি অখণ্ডবস্তুর সেবা করেন তাঁহার আনুগত্যদ্বারাই জীবের মঙ্গল হয়। দরিদ্র ব্যক্তি যদি দাতার দেয় গ্রহণ করে তা' হ'লে সম্পত্তি তাঁ'র যতটুকু ততটুকু হ'লেই সে অপরকে দান ক'রতে পা'রবে। কিন্তু বৈষ্ণবের নিত্য সম্পত্তি—সাক্ষাৎ নারায়ণ। স্বয়ং নারায়ণ যদি নিজেকে দিয়ে দিয়ে যেন তা'হ'লেও তাঁ'র দেওয়া কিছু বাকী থাকে; কিন্তু ভগবদ্ভক্ত সম্পূর্ণ-ভাবেই ভগবান্‌কে দিয়ে দিতে পারেন। তা'তে ভগবানের কিছু ক্ষতি হয় না।

অখণ্ডের বাস্তবজ্ঞান যাঁ'র সম্পত্তি,—যিনি সর্ব্বতোভাবেই কৃষ্ণসেবা-তৎপর, তাঁহার অতুলনীয় পাদপীঠের সহিত অন্য বস্তুর তুলনা হয় না। সেই বৈষ্ণবের সেবা সকলেরই কৃত্য। বিষ্ণুর সেবা অপেক্ষা বৈষ্ণবের সেবার মাহাত্ম্য অধিক। বৈষ্ণবের সেবার দ্বারাই বিষ্ণুর সেবা হয়।

শ্রীল-প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড—৷৵০; ২য় খণ্ড —১৲; ৩য় খণ্ড —৷৵০ ৪র্থ খণ্ড—৷৵০

প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর

শ্রীচৈতন্যমঠ

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, অধুনা শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ 'ভক্তিশাস্ত্রাকরে' নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫। কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, প্রস্থানচতুষ্টয়-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—বেদান্তাচার্য্য শ্রীপাদ সখীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-মঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)। ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্‌দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)। গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌর-গদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিভূতিভূষণ ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের ধাম

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্দ্দনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমধ্বানন্দ ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীগিরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীনরেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা। পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীনবীনদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীমত্তিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীঈশ্বর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অমরটাকিলা, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিথাব, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৪২নং কালিদপুরা, বেনারস সিটি

রক্ষক শ্রীধামানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাশ্রী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং কুতুব রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্যাণ্ডার বিল্‌ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅধিবিক্রম ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগোপীনাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশখালি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীদাম মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীজগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাকু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ডুমুরদহা, পোঃ চিরুগুা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ সেবাশ্রী অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন্, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীঅপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত
শ্রীঅনন্তবাসুদেব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২৮শে আগষ্ট, ১৯৩৭

চাউলের দর

দেশী, মিলের চাউল—

	দর মণ
ক্ষীরশালি	[illegible]
সরু চাল	৫৸০
ঐ নতুন	৫৲
বালাম	৭৲-৭৷০
বাঁকতুলসী	[illegible]
দাদখানি নতুন	৪৵০
ঐ পুরাতন	৫৲
বাকে তোবালিটি	[illegible]
মিহি বেগুন	৩৸৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
গোবিন্দভোগ	১০৲-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০-৫৸৵
ঐ বালাম	৫৲ ৪৵০
পাটনাই আতপ	৫৷০-৫৸০
কাটারিভোগ	[illegible]
ঐ সেদ্ধ	[illegible]

চিনির দর

জি.এ, চাঁদ	১০৸৵০
খড়দহ ১০০০	১০৵০
কাশীপুর দানা	[illegible]
কাশীপুর দানা	[illegible]
কাশীপুর দানা	[illegible]

[illegible]

টাকশালের দাম	৩৪৷০
নবদেশ	[illegible]
চাঁদিবাট	[illegible]

পাটের দর

আগডে—	[illegible]
নিজস্ব—	৪০৸০
উত্তম—	[illegible]
ঢাকার ভালো সুতা—	৩১৲

আটা ও ময়দার দর

লাইট ময়দা প্রতি মণ	৮৶০—৸৵০
দাতকারন ঐ	৬৲—৬৸৵০
চকিবোল্ড ঐ	৫৸৵০—৫৸০
সুজী	৬৲—৬৸৵০
ঘৃত (বি)	৫৸০—৫৸৵০
[illegible]	৫৵০—৫৷৵০
[illegible]	৫৲—৫৷০
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
[illegible]	[illegible]
	[illegible]

গুড়ের দর

[illegible]	৫৭৲
[illegible]	৫৯৲
[illegible]	৫৫৲
	৪৪৲

[illegible]	৫৪৷০
[illegible]	৪৯৲
আম্বলে	৩৯৲
খাঁড়া খাসা	৫৪৸০

লৌহ ও হার্ডওয়্যার

টাটার তৈয়ারী— ৪৪ প্রতি টনের

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৸০—৯৷০
ঐ সে মার্কা হাল্কা ওজন	৮৸০—৮৷০
ঐ টাটা টেসটেড জয়েষ্ট বীমসব সাইজ	১০৷
ঐ ফ্লাট জয়েষ্ট (বীম)	১০৸০
এঙ্গেল (টি আয়রণ)	৮৸০—৯৷০
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷০—৯৲

টাটা গ্যাঃ করগেট সিট

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৫৵০
২৮ গেজ—	১৫৷০

টাটা গ্যাঃ প্লেন সীট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
২৮ গেজ—	১৫৲

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ [illegible] গেজ

সীস	।৵৫—৸০
বাজার বেড়া কাঁটা তার (বান্ডিল)	১০৷০
[illegible] কাটিং বা চিট কাটা মণ	৩৸০—৪৲
গালি কাটিং ৩—৯ সুতা মণ	
	৭৷০—৮৲ হন্দর
গোল রড কাটিং সাড়ে ১—৩হুই	৯৲—১০৲
ঐ „ ৬—১০ ঐ	৯৷০—১০৷০
টিন প্লেট, বোল্টু, নবাবে	৮৲—৯৲
গোল রড বি-ইয়ং [illegible]	
	৯৸০—১২৲

হাঃ ইণ্ডাস্ট্রি আসল ২৩৲, নকল ২১৲

স্টকলের হারামণ ৫৵০, পাটের হারামণ [illegible]

[illegible] ৪৸

সুতোর দর

কলিকাতা ২৮শে জুন,

আর্মেন সোনার কাইন	৫৪৲
সিল্ক আরেন [illegible]	৪০৲
কবাতি সুরমিল কাইন	৪৩৲
হাবার্ট খাসা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৮শে জুন,

	প্রতি মণ
[illegible]	৮৷০
সুপারী দেশী	১১৸০—১৭২
[illegible] সুপারী	১০৷০—১১৷০
[illegible]	১৫৷০—১৭৷০
[illegible] পাটনাই	১৭৲—১৮৷০

[illegible]

[illegible]

[illegible] বাটি গোলাপট্টি, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

[illegible]

পার [illegible]—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর [illegible]। [illegible] ও [illegible]। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে [illegible] বাসস্থানের ব্যবস্থা [illegible] খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা মাত্র। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় [illegible] প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের অতিরিক্ত সুবিধা

পরীক্ষার [illegible] শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর [illegible] বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৮,	১০—৩১,	১৩—৫৫	১৭—৩৮	১৯—৩৩
মহেশগঞ্জ	ছাঃ	৭—১৭,	১১—৩	১৪—০	১৮—৯,	২০—০৫
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৫৫	১১—১০,	১৪—৯	১৮—১৬.	২০—১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

স্বরূপগঞ্জ	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫০	৯-৩০	১১-৫৮	১৬-৮	১৮-৩১
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-জনিত [illegible] পুরাতন [illegible] একবার সেবন করিয়া দেখুন যে [illegible] আর [illegible] হয় কিনা। [illegible] বড় বোতল ১৸০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং [illegible] রোড, [illegible]।

এবং

পোঃ বেহালা, ২৪ পরগণা।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের দ্বন্দ্বের যুগে এই গ্রন্থখানি পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের মাহাত্ম্য, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য, মানবগণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে উৎসুক তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ্, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে ব্যবহৃত শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার
শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব
আরম্ভ

———

আগামী ১১ই সেপ্টেম্বর শনিবার সন্ধ্যা ৬॥০ ঘটিকায় কলিকাতা অ্যালবার্টহলে 'গৌড়ীয়' সম্পাদকের 'সম্প্রদায় ও সমন্বয়' সম্বন্ধে বক্তৃতা হইবে।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্ন্যাল ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্-এ মহোদয়ের শ্রেষ্ঠ গবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া আস্বাদনে ধন্য এবং ভক্ত ও ভগবানের লীলাকথা-পাঠে রত হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ত্রিশ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), গ্রন্থকারের ভূমিকা (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত শব্দ-সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৵০	।৵০	।০
ঐ ঐ ইঞ্চি	৪৲	১॥০	১॥০	১৲
সিকিকলম	৫৲	৪৲	৩৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৭৲	৬৲	৪৲
এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬	৪॥০
ঐ সিকি কলম	১৮৲	১২৲
ঐ অর্দ্ধকলম	২৪৲	১৮৲
ঐ এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক ঐ	৫৲
ত্রৈমাসিক ঐ	২॥০
মাসিক ঐ	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়ের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারের
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

———

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।৪নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীনাথ'—শ্রীমায়াপুর

শ্রীরূপানুগবর্যপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্যবর্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1844
ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের [illegible]
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২৬শে ভাদ্র, ১৩৪৪, ১১ই সেপ্টেম্বর, ১৯৩৭, শনিবার [সংখ্যা ১৬৬]

বিবিধ সংবাদ

—::০::—

নরবলি

বোম্বাই হইতে প্রকাশ, বোম্বাইর নতার তহশিলের নিকটবর্তী [illegible] গ্রামে বরুণ দেবকে সন্তুষ্ট করিবার জন্য নরবলি দেওয়া হইয়াছে বলিয়া এখানে লোমহর্ষণ এক সংবাদ পাওয়া গিয়াছে।

প্রকাশ, গ্রাম হইতে [illegible] ব্যক্তিকে ভুলাইয়া আনিয়া তাহার কপালে [illegible] ও সিঁদুর লেপন করা হয় এবং গলদেশে মালা দেওয়া হয়। হত্যা করিবার পূর্বে তাহাকে শৃঙ্খলাবদ্ধ করিয়া ঢাকের বাজনাসহ গ্রামে ঘুরান হয়। অতঃপর গ্রামে মন্দিরের নিকট কুঠারাঘাতে তাহার মস্তক বিচ্ছিন্ন করা হয়। গ্রামের লোকগণ ভক্তিভরে সেই ছিন্নমস্তক দেবতার নিকটে স্থাপন করে।

নিকটবর্তী তহশিল হইতে পুলিস নরবলির সংবাদ পাইয়া ঘটনাস্থলে আসে এবং খণ্ডিত দেহ উদ্ধার করে। পুরোহিত ও প্রায় ৭৫ জন লোককে গ্রেপ্তার করা হইয়াছে।

আগুনে পুড়িয়া মৃত্যু

গত ২৯শে আগষ্ট গোয়েন্দা লেনের [illegible] নিবাসিনী শ্রী [illegible] (২০ [illegible]) আগুনে পুড়িয়া মৃত্যু হয়। গত সোমবার করোনার মিঃ এ, সি, [illegible] এজলাসে তাহার মৃত্যু সম্পর্কে তদন্ত আরম্ভ হইলে তিন ব্যক্তির সাক্ষ্য গ্রহণ করা হয়।

পুলিস রিপোর্টে প্রকাশ, স্ত্রীলোকটী তাহার স্বামীর [illegible] বাস করিতেছিল। [illegible] সন্দেহ করা হইত। গত ২৯শে আগষ্ট তাহার গায়ে আগুন লাগে। ঐ সময় কেরোসিনের গন্ধ বাহির হইতেছিল। মায়োহাস্পী হাসপাতালে তাহাকে স্থানান্তরিত করা হইলে তথায় তাহার মৃত্যু হয়।

ডাঃ এ, কে, মুখার্জ্জি শব ব্যবচ্ছেদ পরীক্ষা করেন। তিনি বলেন যে, ভীষণ ভাবে আগুনে পুড়িয়া যাওয়ায় তাহার মৃত্যু হইয়াছে।

মায়োহাস্পী হাসপাতালের ডাঃ [illegible] বলেন, স্ত্রীলোকটীর শ্বশুর [illegible] তাহাকে হাসপাতালে নিয়া আসেন। তিনি (শ্বশুর) বলেন যে, বধূ রান্না করিতেছিল। এমন সময় তাহার শাড়ীতে আগুন লাগিয়া যায়। হাসপাতালে তাহার জ্ঞান ছিল; কিন্তু সে কথা বলিতে পারিতেছিল না। মায়োহাস্পী [illegible] সোসাইটীর ডাঃ [illegible] বলেন, ২৯শে আগষ্ট এক ব্যক্তির চীৎকার শুনিয়া তিনি ২৫নং গোয়েন্দা লেনে যান এবং স্ত্রীলোকটিকে মেঝেতে পড়িয়া থাকিতে দেখেন। তাহার শরীরের অনেক স্থান পুড়িয়া গিয়াছিল। প্রাথমিক চিকিৎসার পর তাহাকে হাসপাতালে পাঠান হয়। সে [illegible] কয়েকটী কথা বলিতে পারিয়াছিল। ১৫ই সেপ্টেম্বর পর্য্যন্ত শুনানী স্থগিত আছে।

চৌকীদারের নৃশংস কার্য্য

[illegible] সর্ব্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করিয়া সেসন জজ মিঃ বি, কে, [illegible], আই-সি-এস, রাধাগোবিন্দ বাগ্দী নামক জনৈক চৌকীদারকে, বসুলা ইউনিয়ন বোর্ডের সম্পাদক শ্রীযুত দেবীদাস মজুমদারকে সাংঘাতিক আঘাত করিবার অপরাধে পাঁচ বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

ঘটনার বিবরণে প্রকাশ যে, ইউনিয়ন বোর্ডের সরকারী কাজকর্ম্মের সম্পাদক দেবীদাস বাবু রাধাগোবিন্দকে তৎসনা করিলে সে তাঁহার প্রতি প্রতিহিংসাপরায়ণ হয় এবং গত ১১ই জুন প্রাতঃকালে তিনি কর্ত্তব্য কার্য্যে বহির্গত হইলে, রাধাগোবিন্দ সুযোগ বুঝিয়া বর্শা দ্বারা তাঁহাকে গুরুতর আঘাত করে, ফলে তিনি মৃত্যুমুখে পতিত হন।

—

হত্যার চেষ্টার অভিযোগ

[illegible] একত্র হইয়া গত সোমবার আলীপুরের অতিরিক্ত দায়রা জজ মিঃ বাগচি, ভাসান চৌধুরী নামক এক ব্যক্তিকে হত্যা করিবার চেষ্টার দায় হইতে ইটালীর মহম্মদ হোসেনকে অব্যাহতি দিয়াছেন।

ফরিয়াদী পক্ষের অভিযোগ এই যে, গত ১০ই জুন ভাসানচৌধুরী যখন এক চা-খানার সম্মুখে বসিয়াছিল, সেই সময় আসামী বস্তী হইতে আসিয়া তাহাকে ছোরা মারে। আসামী গ্রেপ্তার হয়। ২১শে জুলাই পর্য্যন্ত আহত ব্যক্তিকে হাসপাতালে রাখা হয়। প্রকাশ, ভাসানচৌধুরীর আবেদনক্রমে পূর্ব্বে আসামী জামিন মুচলেকাবদ্ধ হয়। তারপর ভাসানচৌধুরীর কয়েকজন লোককে মারপিট করার কয়েকবার থানায় এজাহার হয়। আসামী ভাসান চৌধুরীকে শাসাইতে থাকে।

আসামী পক্ষ বলে যে, বিদ্বেষবশতঃ আসামীকে মিথ্যা মামলায় লিপ্ত করা হইয়াছে।

মিঃ এস, কে বাগাচী সরকার পক্ষে এবং মিঃ এস, এন, মুখার্জী, মিঃ [illegible] মজুমদার ও মিঃ নীহার চক্রবর্ত্তী আসামী পক্ষে উপস্থিত ছিলেন।

রেলওয়াগন হইতে চুরি

প্রকাশ, গত সপ্তাহের শেষ রেল ওয়াগন হইতে প্রায় অষ্টাদশ ওজনের ১০টি টিনের চাপ উধাও হওয়ায় সম্পর্কে পুলিস স্থানীয় রেলকারখানার তিনজন মুসলমান শ্রমিক এবং অপর চারি ব্যক্তিকে গ্রেপ্তার করিয়াছে, তন্মধ্যে দুইজন বালিকা। অপহৃত দ্রব্যের মূল্য অনুমান ১৭,৫০০৲। প্রকাশ যে, রাত্রিকালে চোরেরা ওয়াগনে প্রবেশ করিয়া উহা চুরি করে এবং কোন তস্করের নিকট উহা বিক্রয় করে। পুলিস বাকি তদন্তের ফলে ১ টনের পরিমাণ সমান টিন উদ্ধার করিয়াছে এবং আরও তদন্ত করিতেছে।

—

লর্ড ন্যুফিল্ডের দান

লর্ড ন্যাফিল্ড লণ্ডন গাইস হাসপাতালের মানসিক চিকিৎসার জন্য স্থাপিত [illegible] হাসপাতালে একটি গবেষণাগার স্থাপনের জন্য ২৫,০০০ পাউণ্ড দান করিয়াছেন। ইতিপূর্ব্বে তিনি ঐ হাসপাতালকে আরও ৫০০০ পাউণ্ড দান করিয়াছেন। অক্সফোর্ডের ডাইরেক্টরের [illegible] লেবরেটরী, প্যাথলজিক্যাল ডিপার্টমেন্ট এবং [illegible] ডিপার্টমেন্ট পুনর্নির্ম্মাণের জন্য ৬০,০০০ পাউণ্ড এবং গবেষণা কার্য্যের জন্য ৬০,০০০ পাউণ্ড দান করায় উক্ত হাসপাতাল পুনঃ নির্ম্মাণের পরিকল্পনা করা সম্ভবপর হইয়াছে। এই সর্ত্তে ঐ দান দেওয়া [illegible] [illegible] মধ্যে [illegible] হইতে সংগ্রহ করা হইবে।

এই দান লইয়া লর্ড ন্যুফিল্ডের মোট দানের পরিমাণ ৩,১[illegible] পাউণ্ড হইল।

—

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

গ্রন্থাকারে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। গৌড়ীয়ভাষ্য সহিত শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী ৪
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। [illegible] ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। [illegible] ।৵০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল বাংলা ভাষা ।০
২৭। মুক্তিবাদিকা গণদোষঃ (সানুবাদ) ২৲
২৮। সেবাতত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵৬
৪৬। অর্থপঞ্চক ৵৬
৪৭। সদাচারস্মৃতিঃ ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৶১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। [illegible] ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবোধ ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী [illegible] ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। [illegible] ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ।৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। সারার্থদর্শনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিউ [illegible] ।০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অণ্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপ্ল্ অ্যাণ্ড আনএলয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (১ম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৴১০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী ঠাকুর-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দি ভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। দিল্লীর শ্রীপরমহংসমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ২।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ ব্রহ্মচারী সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্ত-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহু গ্রন্থের
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-গর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৬৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত নির্ঘণ্টপত্র ও বহু চিত্র
উহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শ বর্ষ { ১০ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ২৬শে ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ১১ই সেপ্টেম্বর ইং ১৯৩৭, শনিবার } ১৬৮তম সংখ্যা

লণ্ডন-সংবাদ

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম সম্পাদক লণ্ডনস্থিত শ্রীবাসুদেব-গৌড়ীয়মঠের রক্ষক ও পাশ্চাত্যদেশে প্রচার-কার্য্যের মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু গত ৭ই সেপ্টেম্বর ভিক্টোরিয়া ষ্টেশনে ট্রেণ ধরিয়া via Diappe এবং Paris হইয়া Marshailles পৌঁছিয়াছেন। গোস্বামী প্রভু গত ৮ই সেপ্টেম্বর অপরাহ্ণে Andre Libon জাহাজে ভারতাভিমুখে যাত্রা করিয়াছেন। লণ্ডনে শ্রীবাসুদেব গৌড়ীয়মঠে Mr. Ralph Woolfertein, Mr. F. A. Pollard, Mr. T. K. Chatterjee M-A, Mrs. E, Brownrigg, Mrs. Haris, Mrs. C. Bowtell, Mis. M. A. B. Dodwell, Mr. & Mrs. Baker প্রভৃতি বহু বিশিষ্ট ভদ্রলোক ও ভদ্রমহিলা শ্রীমদ্ ভক্তিসারঙ্গ প্রভুকে বিদায় - অভিনন্দন (Farewell) প্রদান করিয়াছেন। তিনি আগামী ২০শে সেপ্টেম্বর কলম্বো পৌঁছিবেন।

দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে জন্মাষ্টমী মহামহোৎসব

গত ২৯শে আগষ্ট রবিবার শ্রীশ্রীকৃষ্ণের জন্মাষ্টমী দিবস দার্জ্জিলিংস্থ শ্রীগৌড়ীয়মঠে প্রত্যুষে মঙ্গলারাত্রিকের পর শ্রীগুরুবৈষ্ণব-বন্দনান্তে বিভিন্ন মহাজন-পদাবলী কীর্ত্তন হইয়া থাকে। তৎপর শ্রীচৈতন্যচরিতামৃত পারায়ণ আরম্ভ হয়। মঠসেবকগণ দিবারাত্র উপবাস করিয়া সমাগত ব্যক্তিগণের নিকট কীর্ত্তন, পাঠ ও ইষ্টগোষ্ঠী দ্বারা শ্রীভগবানের লীলা কীর্ত্তন করিয়া থাকেন। মধ্যে মধ্যে শ্রোতৃবৃন্দের নিকট শ্রীনদীয়া-প্রকাশ-জন্মাষ্টমী সংখ্যা পাঠ ও শ্রীকৃষ্ণের জন্মতত্ত্ব বুঝাইয়া দেওয়া হয়।

শ্রীকৃষ্ণের আবির্ভাব-সময় শ্রীবিগ্রহের নববস্ত্রালঙ্কার দ্বারা অপূর্ব্ব শৃঙ্গার, অর্চ্চন, ভোগরাগ ও আরাত্রিক যথাবিধি অনুষ্ঠিত হইয়াছিল।

তৎপর দিবস ৩০শে আগষ্ট সোমবার শ্রীনন্দোৎসব উপলক্ষে মঙ্গলারাত্রিকের পর যথাবিধি শ্রীগুরুবৈষ্ণব-বন্দনা ও কীর্ত্তনাদি হইয়াছিল। মধ্যাহ্নে শ্রীবিগ্রহের অর্চ্চন, ভোগরাগ ও আরাত্রিক হইবার পরে মহাপ্রসাদ বিতরণ করা হয়। রাত্রি ১১ ঘটিকা পর্য্যন্ত অকাতরে সমাগত ৫০০ শতাধিক ব্যক্তিকে চতুর্ব্বিধ মহাপ্রসাদ দ্বারা তৃপ্ত করা হইয়াছিল। বহু শ্রদ্ধাবান্ ব্যক্তি এই উৎসবে যোগদান করিয়া অজ্ঞাত সুকৃতি অর্জ্জন করিয়াছেন।

শ্রীকৃষ্ণের ঝুলনযাত্রা মহোৎসব

গত ১৭ই আগষ্ট মঙ্গলবার হইতে ২২শে আগষ্ট রবিবার পর্য্যন্ত দার্জ্জিলিংস্থ শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর ঝুলনযাত্রা উৎসব মহাসমারোহের সহিত নির্বিঘ্নে সম্পন্ন হইয়াছে।

এতদুপলক্ষে ২২শে আগষ্ট রবিবার দিবসে মহামহোৎসবের আয়োজন হওয়ায় শ্রীমঠে শহরস্থ ও নিকটবর্ত্তী গ্রাম হইতে আগত বহু স্ত্রী, পুরুষ, বালক, বৃদ্ধ ও সজ্জন শ্রদ্ধাবান্ শিক্ষিত ব্যক্তি উৎসবে যোগদান করিয়াছিলেন। শ্রীভগবল্লীলা কথা ও মহাজন-পদাবলী কীর্ত্তন শ্রবণান্তে। বিচিত্র চতুর্ব্বিধ মহাপ্রসাদ ভোজন করিয়া সকলেই অজ্ঞাতসুকৃতি অর্জ্জন করিয়াছেন। রাত্রি ১২ ঘটিকা পর্য্যন্ত মঠের ভক্তবৃন্দ অক্লান্ত পরিশ্রম দ্বারা নির্বিঘ্নে সুচারুরূপে উৎসবটী নির্ব্বাহ করিয়াছেন। তদর্শনে ও শ্রীগৌড়ীয়-মঠের প্রচার-বৈশিষ্ট্য শ্রবণে এবং সদালাপে প্রত্যেক সজ্জন ব্যক্তি আনন্দের সহিত শ্রীআচার্য্যদেবের গুণকীর্ত্তন ও শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর জয়গান করিয়া ধন্য হইয়াছেন।

আচার্য্যপ্রকট-তিথিবাসরে "আনন্দোচ্ছ্বাস"

(১)

আজ আমাদের আনন্দ রে,
আজ আমাদের আনন্দ।
আচার্য্যদেবের পূজার তরে,
বাজছে কত বাজনা রে।
সানাই কাঁসর ঘণ্টা আদি,
খোল করতাল শঙ্খ রে।
আজ আমাদের আনন্দ রে,
আজ আমাদের আনন্দ॥

(২)

চারিদিক্ হ'তে উপায়ন হাতে,
আসছে কত সজ্জন রে।
আনন্দে তাঁ'রা হ'য়ে আত্মহারা,
আচার্য্য-পদাম্বুজদর্শনে।
মাঝে মাঝে করে জয়ধ্বনি,
জয় ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল
"বাসুদেব" প্রভুজী জয় রে।
আজ আমাদের আনন্দ রে
আজ আমাদের আনন্দ॥

(৩)

সবার মুখে মধুর হাসি,
দুঃখটী নাই কারুর রে।
কি যেন এক নব আনন্দে,
মাতিল বিশ্বভুবন রে।
আহার-নিদ্রাদি সব ভুলে,
রত সবে (আচার্য্য) মহিমা কীর্ত্তনে।
আজ আমাদের আনন্দ রে
আজ আমাদের আনন্দ॥

(৪)

(আজ) এ শুভ দিনে সবাই মিলে,
চলনা যাই সবাই রে।
আচার্য্যপূজা করবো মোরা,
ভগবানের অঙ্গ হ'রে।
পূজাবন্দনা জানি না মোরা,
জানিয়ে দেবেন "ঠাকুরে"।
আজ আমাদের আনন্দ রে
আজ আমাদের আনন্দ॥

(৫)

হে, ভাগ্যরূপকল্পতরু!
প্রণাম তোমার চরণে।
অজ্ঞ, মূর্খ, দীন, ক্ষুদ্র মোরা,
কর গো কৃপা অধমের।
"কৃপা" তোমার পাই'লে মোরা,
গাহিব আচার্য্যের জয়রে।
আজ আমাদের আনন্দ রে,
আজ আমাদের আনন্দ॥

—শ্রীপ্রফুল্লকুমার দাস

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

"কায়মনোবাক্যে হরিকীর্ত্তন বিধেয়। কায়িক কীর্ত্তন, বাচনিক কীর্ত্তন, মানসিক কীর্ত্তন যুগপৎ করিতে হইবে। মন যদি কৃষ্ণ কীর্ত্তন না করে, অন্যমনস্ক হইয়া থাকে, তাহা হইলে কৃষ্ণের সম্যক্ কীর্ত্তন হয় না। নিজের আদর্শ আচরণের মধ্যেও কৃষ্ণকীর্ত্তন করিতে হইবে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২০ হৃষীকেশ, অধ্যায় শ্রীগৌরাব্দ ৪৫১

অষ্ট মহাদ্বাদশী

—::০::—

অষ্ট মহাদ্বাদশী ত্রিস্পর্শাবধিই অবশ্য কর্ত্তব্য। ব্রহ্ম-বৈবর্ত্ত-পুরাণে উল্লিখিত হইয়াছে,—

দ্বাদশ্যষ্টৌ মহাপুণ্যা যা পুরাণবিচক্ষণৈঃ।
তাসামেকাপি চ কৃতা হন্তি পুণ্যং
পুরাকৃতম্

পণ্ডিতগণ পুরাণে যে অষ্ট মহাদ্বাদশীর বিষয় বর্ণন করিয়াছেন, তাহাদের একটিমাত্র পরিত্যক্ত হইলেও ঐ পরিত্যক্ত দ্বাদশী তাহার পূর্ব্ব পুণ্য সমূহ নষ্ট করিয়া থাকেন।

ঐ পুরাণে আরও উক্ত হইয়াছে,—

উন্মীলনী বঞ্জুলী চ ত্রিস্পৃশা পক্ষবর্দ্ধিনী।
জয়া চ বিজয়া চৈব জয়ন্তী পাপনাশিনী॥
দ্বাদশ্যষ্টৌ মহাপুণ্যাঃ সর্ব্বপাপহরা দ্বিজ

উন্মীলনী, বঞ্জুলী, ত্রিস্পৃশা, পক্ষবর্দ্ধিনী, জয়া, বিজয়া, জয়ন্তী ও পাপনাশিনী এই আটটী মহাদ্বাদশী নামে খ্যাত। ইঁহারা মহাপুণ্যস্বরূপা এবং জীবের সমুদয় পাপবিনাশ করিয়া থাকেন।

মার্কণ্ডেয়-পুরাণ ও পদ্মপুরাণপাঠে অবগত হওয়া যায়—ভগবান্ স্বয়ং বলিতেছেন,—

ন করিষ্যন্তি যে লোকে দ্বাদশ্যষ্টৌ মমাজ্ঞয়া।
তেষাং যমপুরে বাসো যাবদাহূতসংপ্লবম্॥

সংসার মধ্যে যাহারা এই মহাদ্বাদশীর ব্রত না করে, আমার আজ্ঞায় মহাপ্রলয় পর্য্যন্ত তাহাদের যমলোকে বাস হইবে।

গুরুকরণ

(শ্রীপাদ জ্ঞানস্বরূপ ব্রহ্মচারী)

আধুনিক সমাজে ধার্ম্মিক নামধারী ব্যক্তিগণের নিকট গুরুকরণ একটা তথাকথিত প্রথা হইয়া দাঁড়াইয়াছে। আমরা মনে করিয়াছি, সমাজে যেরূপ নানারকম প্রথা আছে গুরুকরণও সেইরূপ একটা প্রথা। কিন্তু এ ধারণা ভ্রমাত্মক। কারণ, পতিতপাবন কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেব একপ্রকার কেহ নহেন, তিনি প্রকৃতির অতীত মায়াধীশ ভুবনমঙ্গল ভগবদবতার। তাঁহার কৃপাতেই জীব দুঃখময় সংসার হইতে নিষ্কৃতি পায়। তিনি অভিন্ন-নিত্যানন্দ। সেই নিত্যচৈতন্য নিত্য। সুতরাং তৎপাদ-পদ্মাশ্রয় বা তাঁহার সহিত সম্বন্ধ নিত্য, ক্ষণিকের জন্য নহে। শাস্ত্র বলেন,—

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে।
গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥
"আচার্য্যং মাং বিজানীয়াৎ নাবমন্যেত
কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ।"

কৃষ্ণপ্রেমপ্রদাতা শ্রীগুরুদেব এত বড় তিনি বলিয়াই শাস্ত্র প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তি সহকারে তৎপাদপদ্মে অভিগমনের উপদেশ দিয়াছেন। আমরা সাধুমুখে এ সকল কথা শুনিবার সুযোগ পাই না বলিয়াই গুরুতে মনুষ্যবুদ্ধি করিয়া মঙ্গল-পথে কণ্টক নিক্ষেপ করি। সেইজন্যই শাস্ত্র বলিয়াছেন—

তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ
সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্॥
তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া
উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ॥

আমি কামক্রোধাদি-ষড়রিপুর দাস, সর্ব্বদা আক্রান্ত হইয়া সংসারসাগরে দিন দিন ডুবিয়া যাইতেছি। আমি আমার ভোগময় চিত্তবৃত্তি লইয়া সংসারে আসক্তিরূপ নোঙ্গর ফেলিয়া রাখিয়াছি অথচ শ্রীগুরুদেবকে মুখে ভবপারাবারের কর্ণধার বলিয়া বৃথা ধাপ্পা দিতেছি। ভাবিতেছি, তিনি আমার কাণে ফুঁ দিয়া দিয়াছেন, কাজেই পরকালের জন্য আর আমাকে কিছু ভাবিতে হইবে না। গুরুদেবই আমার সকল সাধন করিয়া দিবেন। আমাকে যদি ধর্ম্মের কথা ভাবিতেই হইবে, তবে আর গুরু করিলাম কেন? গুরুকে ত' কুকামাকাংক্ষার দাস করিবার জন্য অগ্রিম শুল্ক দিয়া রাখিয়াছি। বস্তুতঃ এরূপ কুবিশ্বাস যতদিন পর্য্যন্ত না অপসারিত হইবে, ততদিন পর্য্যন্ত আমাদের প্রকৃত মঙ্গলের পথ আবিষ্কৃত হইবে কি?

আমরা অনাদিকালের বহির্ম্মুখতার দরুণই গুরুর স্বরূপ ও নিজের স্বরূপ ভুলিয়া গিয়াছি। শ্রীগুরুদেব জগৎ-প্রকাশবিগ্রহ বলদেবাভিন্ন সাক্ষাৎ নিত্যানন্দ, তিনি আমার নিত্যপ্রভু, তাঁহার সেবাছাড়া আমার অন্য কোন কৃত্য নাই, এ বিশ্বাস না আসা পর্য্যন্ত জীবের মঙ্গলের আশা কম। এদিকে আমার আদৌ দৃষ্টি নাই। কিন্তু অজ্ঞতা-বশতঃ অনেক সময় ভাবিয়া থাকি যে, আমি গুরুদেব অপেক্ষা অল্প পাণ্ডিত্যে কিছু বড়, কাজেই গুরুকে আমি কিছু উপদেশ করিতে পারি। কিন্তু গুরুর উপর গুরুগিরি করিতে যাইয়াই আমার সর্ব্বনাশ হইয়াছে ও হইতেছে। দুঃখের বিষয় আমি ইহা হৃদয়ঙ্গম করিতে পারিতেছি না। এমন আমার দুর্দ্দৈব।

আমরা অনেকেই সদ্গুরুচরণাশ্রয়ের সৌভাগ্য পাই নাই ব'লয়াই নানাবিধ ভ্রান্ত বিচারের দ্বারা চালিত হইতেছি। সদ্গুরু-চরণাশ্রিত ব্যক্তির সংখ্যা জগতে খুবই কম। অধিকাংশ লোকই জগদ্গুরুর বেশে কবাসক্ত, সাধুকে সাধুবেশে বঞ্চিত। তাই তথাকথিত গুরুর চেলাগণ গুরুব্রুবের সন্তুষ্টিবিধানের জন্য নিজ ঐশ্বর্য্যের বা ভূসম্পত্তির এক-চতুর্থাংশ বা ততোধিক সম্পত্তি দিয়া গুরুব্রুবের সংসারের কিছু উন্নতি করিয়া দিয়া মনে করেন যে, গুরুকে খুব কৃতার্থ করিয়া দিলাম এবং তথাকথিত গুরুব্রুবও মনে করেন, শিষ্য আমাকে অনেক দিয়াছে, কাজেই তাহার অসদাচারের বিরুদ্ধে তাহাকে কিছু বলা যাইবে না, শিষ্যের মন যোগাইয়া না চলিতে পারিলে আমার ভোগে বাধা পড়িবে। আজকাল এইরূপ কপট গুরুব্রুবের সংখ্যাই বেশী। উদাহরণস্বরূপ বলা যাইতে পারে—

কোনও এক বিখ্যাত ব্যবসায়ী ভাগবত-পাঠক কোনও এক ধনাঢ্য শিষ্যের বাড়ীতে যাইয়া দৈনিক ১০৲ টাকা হিসাবে মাসাধিক-কাল ভাগবত পাঠ করিতেন। একদিন মধ্যাহ্নে আহারের সময় উক্ত ধনাঢ্য ব্যক্তি উপস্থিত থাকিয়া উক্ত পাঠক মহাশয়কে নানাবিধ খাদ্যাদি ও মিষ্ট দ্রব্যাদি প্রদান করিয়া আহারের পর কিছু দধি খাইতে অনুরোধ করিলেন। তখন উক্ত পাঠক মহাশয় বলিলেন—"আমি দধি খাইব না। দধি খাইলে গলার স্বর বসিয়া যাইবে, অতএব আর পাঠ করা চলিবে না।" তদুত্তরে শিষ্যনামধারী উক্ত ব্যক্তি বলিলেন— 'প্রভো, আপনার ঐ গলা ত' আমার কেনা। অতএব আপনি দধি খাইবেন না কেন?' অর্থের লোভে ঐ গুরুব্রুবের নিজের ব্যক্তিত্বকেও তথায় বলিদান দিতে হইল। এই ত' হইল জাগতিক গুরুর অবস্থা বা স্বরূপ। এইরূপ গুরুব্রুব ও এইরূপ শিষ্যব্রুবের সংখ্যা আধুনিক সমাজে ভূরি ভূরি আছে, শিষ্যেরা মনে করে, 'আমি আমার অর্থের দ্বারা গুরুর (?) মুখে লাগাম পরাইয়া রাখিয়াছি, খবরদার, আমাকে নিরপেক্ষভাবে সত্য কথা বলিয়া আমার ভোগে বাধা দিবেন না, আমার ভোগে বাধা দিলে আপনাকে গুরু বলিয়া স্বীকার করিব না।" শিষ্যের বিত্তাপহারক এরূপ গুরুব্রুবের সংখ্যা জগতে অনেক আছে। যথা—

গুরবো বহবঃ সন্তি শিষ্যবিত্তাপহারকাঃ।
দুর্ল্লভঃ সদ্গুরুর্দেবি শিষ্যসন্তাপহারকঃ॥

প্রকৃত প্রস্তাবে এইরূপ গুরুব্রুব ও শিষ্যব্রুব উভয়েই নরকগামী হয়, এবং এইরূপ গুরুব্রুবের নিকট শত সহস্র জন্ম ভাগবত শ্রবণ করিলেও নিত্যমঙ্গলের পথ খুঁজিয়া পাওয়া যায় না। কারণ যিনি শিষ্যকে আসন্ন মৃত্যু হইতে রক্ষা করিতে না পারেন তিনি গুরুনামের অযোগ্য।

শাস্ত্র বলেন,—

গুরুর্ন স স্যাৎ স্বজনো ন স স্যাৎ।
পিতা ন স স্যাজ্জননী ন সা স্যাৎ॥
দৈবং ন তৎ স্যান্ন পতিশ্চ স স্যাৎ।
ন মোচয়েদ্ যঃ সমুপেতমৃত্যুম্॥

ভাঃ ৫।৫।১৮)

কৃষ্ণ তারে দেন নিজাকর্ষণ বল। যাহা আকর্ষণ ছাড়ে চতুর্বর্গ ফল।

আমাকে যদি জন্ম-মরণ-মালার হাত হইতে উদ্ধার করিতে না পারেন বা কর্ম্মের নাগরদোলা আবর্ত্তন হইতে রক্ষা করিতে না পারেন তবে তাঁহাকে গুরু বলিয়া স্বীকার করিব কেন? গুরু স্বীকার করা অর্থে গুরুর উপদেশ ও শাসন স্বীকার করিয়া চলা, তদনুসরণে বা আনুগত্যে ভগবৎ-সেবা করা। গুরুর শাসনযোগ্য না হইতে পারিলে প্রকৃত শিষ্য হওয়া যায় না। অতএব শাস্ত্রমতে আমাদের ব্যবহারিক গুরু বা জাগতিক গুরুত্রুবকে ত্যাগ করাই কর্ত্তব্য। যথা—

গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ।
উৎপথপ্রতিপন্নস্য পরিত্যাগো বিধীয়তে॥
(মহাভারত)

এইরূপ ভোগবিলাসলিপ্ত কর্ত্তব্যাকর্ত্তব্য-বিমূঢ় গুরুভক্তিহীন ব্যবহারিক বা জাগতিক গুরু ত্যাগ করিয়া পারমার্থিক গুরু গ্রহণ করাই শাস্ত্রবিধি। "পরমার্থগুর্ব্বাশ্রয়ো ব্যবহারিক-গুর্ব্বাদি-পরিত্যাগেনাপি কর্ত্তব্যঃ।" এখন কথা হইতে পারে, পারমার্থিক গুরুর লক্ষণ কি? সদ্গুরুর লক্ষণ শাস্ত্রে এরূপ উক্ত হইয়াছে—

কৃপাসিন্ধুঃ সুসম্পূর্ণঃ সর্ব্বসত্ত্বোপকারকঃ।
নিস্পৃহঃ সর্ব্বতঃ সিদ্ধঃ সর্ব্ববিদ্যাবিশারদঃ॥
সর্ব্বসংশয়সংচ্ছেত্তাঽনলসো গুরুরাহৃতঃ।
বাচো বেগং মনসঃ ক্রোধবেগং
জিহ্বাবেগমুদরোপস্থবেগম্।
এতান্ বেগান্ যো বিষহেত ধীরঃ
সর্ব্বামপীমাং পৃথিবীং স শিষ্যাৎ॥
ভক্তিজ্ঞানার্থং স গুরুর্দেবোঽভিধেয়ঃ।
সম্বিৎপাদিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্॥
তস্মাদ্ গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয় উত্তমম্।
শাব্দে পরে চ নিষ্ণাতং ব্রহ্মণ্যুপশমাশ্রয়ম্॥
কিবা বিপ্র, কিবা ন্যাসী শূদ্র কেনে নয়।
যেই কৃষ্ণতত্ত্ববেত্তা সেই গুরু হয়॥

পারমার্থিক গুরুর লক্ষণ এই যে, তিনি নিজকে কখনও নিজরূপে—নিজগুরুরূপে দেখেন না। তিনি সকলকেই কৃষ্ণদাসরূপে—গুরুরূপে দেখেন। তাঁহার সর্ব্বত্রই গুরুদর্শন। যেহেতু তাঁহার বিচারে সকলেই কৃষ্ণের সেবক, অতএব কৃষ্ণসেবার উপকরণরূপে যাহা কিছু আসে তাহা সবই তাঁহার বিচারে গুরু বা পূজ্য, যেহেতু তাঁহারা কৃষ্ণের ভোগ্য। শ্রীগুরুদেব মহাভাগবত, তিনি শ্রীভগবানের নিত্যসিদ্ধপার্ষদ, তিনি শিষ্যের যথাসর্ব্বস্ব নিজে গ্রহণ না করিয়া কৃষ্ণসেবায় নিযুক্ত করিয়া থাকেন। এখন প্রশ্ন হইতে পারে, শ্রীগুরুদেবের স্বরূপ কি? গুরুশব্দের নিরুক্তি এইরূপ—'গু' শব্দে অন্ধকার, 'রু' শব্দে নিরোধক। অর্থাৎ যিনি আমার অজ্ঞান অন্ধকার নিরোধ করিয়া জ্ঞানচক্ষু উন্মীলিত করিয়া দেন তিনিই গুরু। তিনি ভগবান্ হইয়াও ভগবৎ সেবক অর্থাৎ সেবক-ভগবান্।

যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস।
তথাপি জানিয়ে আমি তাঁহার প্রকাশ॥

শ্রীগুরুর প্রণামমন্ত্রে পাই—

অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

অন্ধকার কি? অজ্ঞানই অন্ধকার। এই অজ্ঞানকেই কৈতব বা কপটতা বলা হইয়াছে।

অজ্ঞান তমের নাম কহিয়ে কৈতব।
ধর্ম্ম অর্থ-কাম-বাঞ্ছা আদি এই সব॥
তার মধ্যে মোক্ষ-বাঞ্ছা কৈতব প্রধান।
যাহা হইতে কৃষ্ণভক্তি হয় অন্তর্দ্ধান॥

ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষবাঞ্ছারূপ কৈতবপূর্ণ অনিত্য ধর্ম্ম, ছলধর্ম্ম বা মিছাভক্তি দূর করিয়া দিয়া নিত্যধর্ম্ম বা পরমনির্ম্মৎসর কৈতবহীন ভাগবতধর্ম্মে বা স্বরূপে উদ্বুদ্ধ করাইতে পারেন যিনি, তিনিই শ্রীগুরুদেব। সেই গুরুদেবের স্বরূপ—

সাক্ষাদ্ধরিত্বেন সমস্তশাস্ত্রৈ-
রুক্তস্তথা ভাব্যত এব সদ্ভিঃ।
কিন্তু প্রভোর্যঃ প্রিয় এব তস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্॥

শ্রীগুরুদেব কৃষ্ণ হইতে অভিন্ন মুকুন্দ প্রেষ্ঠ। কৃষ্ণ বিষয় জাতীয় ভগবান্ আর কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুদেব আশ্রয়-জাতীয় ভগবান্। কৃষ্ণই নিজের সেবা নিজে শিক্ষা দিবার জন্য শ্রীগুরু বা আচার্য্যের মূর্ত্তিতে প্রকটিত হন।

"আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥"

স্বয়ং ভগবান্ "আচার্য্যং মাং বিজানীয়াৎ" শ্লোকে বলিয়াছেন—'গুরুদেবকে আমার স্বরূপ জানিবে। আমা অপেক্ষা কোন অংশে কম মনে করিবে না। গুরুতে মর্ত্ত্যবুদ্ধি করিবে না। শ্রীগুরুদেব সর্ব্বদেবময়। গুরুর গুরুত্ব বা গুরুদেবের স্বরূপ বুঝিতে না পারিলেই গুরুতে মর্ত্ত্যবুদ্ধি আসে, তাঁহাকে মরণশীল সাধারণ জীব বলিয়া মনে হয়। অজ্ঞানান্ধ ও অপরাধবশতঃই জীবের এইরূপ দুর্ব্বুদ্ধি উপস্থিত হয়। তাই শ্রীভগবান্ তাঁহাতে বা শ্রীগুরুদেবের মর্ত্ত্যবুদ্ধিকারী অপরাধী জীবের সম্বন্ধে বলিয়াছেন—

অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্।
পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরম্॥
(গীতা)

আমরা আমাদের সসীম ইন্দ্রিয়জ্ঞানের দ্বারা শ্রীগুরুদেবকে মাপিতে গেলেই দেখিব, শ্রীগুরুদেব আমারই ন্যায় একজন ভ্রম, প্রমাদ, করণাপাটব ও বিপ্রলিপ্সা এই দোষচতুষ্টয়যুক্ত সাধারণ মনুষ্য বিশেষ। কাজেই তখন গুরুবাক্যে সন্দেহ উপস্থিত হইবে। তখন আর নিঃসন্দেহে গুরুর আদেশ পালন করিতে পারিব না। গুরুবাক্যে সন্দেহ উপস্থিত হইলেই সব গেল। যাহা একমাত্র আশ্রয় সেই শাখাই যদি কাটি তাহা হইলে আমার সর্ব্বনাশ ছাড়া আর কি হইবে? তাই বলি, সাধু সাবধান! সেইজন্যই মহাজন গাহিয়াছেন—

গুরুমুখপদ্মবাক্য, চিত্তেতে করিয়া ঐক্য,
আর না করিহ মনে আশা।
শ্রীগুরুচরণে রতি, সেই সে উত্তম গতি,
যে প্রসাদে পূরে সর্ব্ব আশা॥

পুনশ্চ—

আশ্রয় লইয়া ভজে তারে কৃষ্ণ নাহি ত্যজে
আর সব মরে অকারণ॥

শ্রীগুরুদেব আশ্রয়জাতীয় ভগবান্। শ্রীগুরুদেবকে যদি আশ্রয়বিগ্রহ বিচার না করি তবে অসুবিধা হইবে। কারণ স্বতন্ত্রভাবে বিষয়বিগ্রহ কৃষ্ণের সেবা করিবার অভিলাষ দাম্ভিকতা মাত্র। একথা ভুলিয়া আমি যদি শ্রীগুরুদেবকে কেবল ব্যবহারিক গুরু বা একপুরোর অনুসরণে কেবল আমার ছাঁচে গড়া পুতুল বা ফটোরূপে রাখিয়া বস্তুতঃ নিজেই সাধন দ্বারা জ্ঞান লাভ বা বস্তু দর্শন করিবার চেষ্টা করি তাহা হইলে পরিণামে একলব্যের ন্যায় নির্ব্বিশেষ গতি লাভ করিব।

শ্রীগুরুতে মনুষ্যবুদ্ধিরূপ দুর্ব্বুদ্ধি অপরাধ মহাপরাধের অন্যতম। ভক্তিরাজ্যে প্রবেশলাভ করিতে হইলে "আদৌ গুরুপদাশ্রয়ঃ" কথাটি স্মরণ রাখিতে হইবে; গুরুপাদাশ্রয় না করিলে সম্বন্ধ-জ্ঞান স্থির হইবে না। বস্তুর সাক্ষাৎকার লাভ করিবার পূর্ব্বে বস্তু-সম্বন্ধে জ্ঞানলাভ করা দরকার। নতুবা অন্ধকারে হাতড়াইলে চলিবে না। বস্তু সম্বন্ধে পূর্ণজ্ঞান লাভ করিতে হইলে, ভ্রম, প্রমাদ, করণাপাটব, বিপ্রলিপ্সা দোষচতুষ্টয়যুক্ত আমারই ন্যায় একজন মনুষ্যকে গুরুজ্ঞান করিলে চলিবে না, বাস্তবিক তিনি কৃষ্ণতত্ত্ববিৎ কিনা, বাস্তবিক তিনি নিরন্তর হরিসেবায় রত আছেন কিনা, মহদেচ্ছু ও কৃপাপ্রার্থী হইয়া নিরপেক্ষচিত্তে তাঁহার অনুসন্ধান করিতে হইবে। মহাভাগবতের লক্ষণ এই যে, তাঁহার সমগ্র জীবন হরিসেবাময়। হরিসেবা ব্যতীত তাঁহার কোন চেষ্টা বা বাহ্য চেষ্টা নাই।

শিক্ষাগুরু ও দীক্ষাগুরুভেদে গুরু দুই প্রকার হইলেও শিষ্যের নিকট উভয়েই অভিন্ন গুরুতত্ত্ব বা সমগুরু এবং সমভাবে পূজ্য। বস্তুতঃ শিক্ষাগুরু ও দীক্ষাগুরুতে কোনও ভেদ নাই। শিক্ষা-গুরুই আচার্য্যরূপে প্রকাশিত হইয়া দীক্ষা-গুরুর কার্য্য করিতে পারেন। কিন্তু আধুনিক ব্যবহারিকগুরু বা লৌকিকগুরুবাদের মধ্যে দীক্ষাগুরু শিক্ষাগুরুতে অনেক প্রভেদ দৃষ্ট হয়। তাহারা মন্ত্রদাতা দীক্ষা-গুরুকেই গুরু বলিয়া স্বীকার করেন এবং শিক্ষা-গুরুকে তদপেক্ষা হীন মনে করেন। বস্তুতঃ তাহা শাস্ত্রসম্মত নহে।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে।
গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥
শিক্ষাগুরুকে ত' জানি কৃষ্ণের স্বরূপ।
অন্তর্য্যামী, ভক্তশ্রেষ্ঠ—এই দুই রূপ॥

অন্তর্য্যামী শিক্ষাগুরু বা চৈত্ত্য-গুরুর কৃপাতেই আমরা শিক্ষাগুরু, দীক্ষাগুরু বা মহান্ত-গুরুর সন্ধান পাই। সেই মহান্ত-গুরুই আচার্য্যরূপে প্রকাশিত হইলে তিনি স্বয়ংই শিক্ষাগুরু ও দীক্ষাগুরুর কার্য্য করিতে পারেন। আবার সেই মহান্তগুরুর প্রিয়জনগণও শিক্ষাগুরুর কার্য্য করিয়া থাকেন। শিক্ষাগুরুবর্গই শাস্ত্রদ্বারা জীব-হৃদয়ের ধর্ম্ম, অর্থ ও কাম-বাঞ্ছারূপ অনর্থ বা মলিনতা দূর করিয়া দিয়া তাহাকে প্রকৃত বৈষ্ণব-গুরু বা মহান্তগুরুর সন্ধান প্রদান করেন। আমাদের বহু বহু জন্মের জ্ঞাত বা অজ্ঞাতভাবে সাধুবৈষ্ণবের সেবা প্রভৃতি দ্বারা পুঞ্জীকৃত সুকৃতির ফলেই শ্রদ্ধার উদয় হয়। সেই সুকৃতির ফলেই আমাদের হৃদয়ে নিষ্কপট প্রার্থনা জাগে; এই নিষ্কপট ব্যক্তিগণের প্রতি ভগবানের কৃপা হয় এবং তৎফলে জীব বৈষ্ণব মহান্তগুরুর কৃপালাভ করিতে সমর্থ হয়।

ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরু-কৃষ্ণ-প্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥

স্বয়ং ভগবান্ কৃষ্ণই প্রথমে চৈত্ত্যগুরু-রূপে জীবহৃদয়ে উদিত হইয়া মহান্তগুরুর সন্ধান করিবার জন্য একটী প্রেরণা দেন। আমরা জানি আমরা ৮৪ লক্ষবার জন্মগ্রহণ করিবার পর হরিভজনোপযোগী প্রকৃত মনুষ্যজন্ম পাইয়াছি। দুর্ল্লভ ও দুর্লভ মনুষ্য জন্ম পাইয়া এবং কৃষ্ণকৃপারূপ অনুকূল বায়ুর দ্বারা চালিত হইয়া যদি সদ্গুরুর সন্ধান না করি বা সদ্গুরু সন্ধান করিয়াও তাঁহার সেবায় উদাসীন থাকি তাহা হইলে শাস্ত্রানুসারে আমরা আত্মঘাতী।

নৃদেহমাদ্যং সুলভং সুদুর্ল্লভং
প্লবং সুকল্পং গুরুকর্ণধারম্।
ময়ানুকূলেন নভস্বতেরিতং
পুমান্ ভবাব্ধিং ন তরেৎ স আত্মহা॥
(ভাঃ ১১।২০।১৭)

মায়ারে পিছনে রাখি কৃষ্ণপানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি
ভিক্ষা :—১ম খণ্ড—৸০; ২য় খণ্ড ১৲ ৩য় খণ্ড ৸০ ৪র্থ খণ্ড—৸০
প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর
শ্রীচৈতন্যমঠ

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ-উদ্যান

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। ক্ষ্যাচীন এখ-যাজিপ্রচারকদের'নদীয়া-প্রকাশ'কার্য্যালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্তন, প্রধানচতুষ্টয়-বোধ-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও চারবর্ণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ নবীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীঘনশ্যামগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিপিনকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীবাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীবনমালী ব্রহ্মচারী।

(১৪) জয়দেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীসদানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা -(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তিরঞ্জন

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীরসিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

"ব্রাহ্মণ ও বৈষ্ণব

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের দ্বন্দ্ব যুগে এই গ্রন্থখানা পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ বাংলার ব্রাহ্মণের মাতাপিতা, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য, মানবগণের সকলের ব্যবহার-প্রণালী জানিতে চাহুক, তাঁহাদের অবশ্যই এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৩ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে যথাস্থানে শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার
শ্রীগৌড়ীয় মঠে বার্ষিক মহামহোৎসব
আরম্ভ

আগামী ১১ই সেপ্টেম্বর শনিবার সন্ধ্যা ৬॥০ ঘটিকায় কলিকাতা আলবার্ট হলে 'গৌড়ীয়' সম্পাদকের 'সম্প্রদায় ও সমন্বয়' সম্বন্ধে বক্তৃতা হইবে।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য, এম-এ মহোদয়ের গ্রেষণাপূর্ণ গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৫শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), একাদশ অধ্যায়ব্যাপী গ্রন্থকার-ভূমিকায় (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—গৌড়ীয় মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যা

বিরাট্ সংস্করণ

ভি—আরও কিছুকাল ১২৲ স্থলে
মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	৵০	।০
" " ইঞ্চি	২৲	১।০	১॥০	১৲
" সিকিকলম	৫৲	৪৲	৪৲	৩৲
" অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গৌড়ীয় বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

-:(০):-

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্র… ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাংলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতি… প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থা… ১৬।এ কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইবে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক … একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীশ্রীগৌড়েশ্বরপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1544

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের স্থলাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র মঙ্গল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২৯শে ভাদ্র, ১৩৪৪, ১৪ই সেপ্টেম্বর, ১৯৩৭, মঙ্গলবার [সংখ্যা ১৬৮]

বিবিধ সংবাদ

—::•::—

রবীন্দ্রনাথ গুরুতর পীড়িত

শান্তিনিকেতনে শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর হঠাৎ অত্যন্ত অসুস্থ হইয়া পড়িয়াছেন; তাঁহার অবস্থা আশঙ্কাজনক। তাঁহার রক্তের চাপ বৃদ্ধি পাইয়াছে বলিয়া আশঙ্কা করা যাইতেছে। রবীন্দ্রনাথ চিকিৎসকগণের সন্ধ্যায় কলিকাতা হইতে যাত্রা করিয়া রাত্রে শান্তিনিকেতনে পৌঁছিয়াছেন।

উড়িষ্যায় হিন্দীভাষা শিক্ষার ব্যবস্থা

'হিন্দী প্রচার সভার' পক্ষ হইতে গত ৭ই সেপ্টেম্বর সন্ধ্যায় উড়িষ্যার প্রধান মন্ত্রী মাননীয় শ্রীযুক্ত বিশ্বনাথ দাসের নিকট এক ডেপুটেশন প্রেরিত হইয়াছিল। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে হিন্দী ভাষা শিক্ষা দিবার উদ্দেশ্যে যথাবিহিত ব্যবস্থা অবলম্বনের জন্য উক্ত ডেপুটেশন প্রধান মন্ত্রীকে অনুরোধ করেন।

উত্তরে প্রধান মন্ত্রী বলেন, স্কুল ও কলেজে হিন্দী ভাষা শিক্ষা দিবার ব্যবস্থা করিবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষদিগকে অবিলম্বে উপদেশ প্রদত্ত হইবে।

—

স্যার তেজ বাহাদুর সপ্রু

স্যার তেজ বাহাদুর গত ৯ই সেপ্টেম্বর হইতে অকস্মাৎ মূত্র রোগে অসুস্থ হইয়া পড়িয়াছেন। সিভিল সার্জন সহ চারিজন ডাক্তার তাঁহার চিকিৎসা করিতেছেন। ১০ই তাঁহার বেদনা খুব তীব্র ছিল। বর্ত্তমানে তাঁহার অবস্থা অনেকটা ভাল। আপাততঃ আশঙ্কার কারণ নাই। ডাক্তারগণ মনে করেন যে, তিন চারি দিন মধ্যেই তিনি সুস্থ হইবেন।

—

শ্রীযুত সুভাষচন্দ্র বসু

শ্রীযুত সুভাষচন্দ্র বসু অতি দ্রুত আরোগ্যের পথে চলিয়াছেন। বর্ত্তমানে তাঁহার স্বাস্থ্য অনেক ভাল; এমন কি একটি বন্ধুর সহিত অবলীলাক্রমে দীর্ঘ ৩ মাইল পথ চলিয়াও তিনি ক্লান্তিবোধ করেন নাই। অবশ্য মাঝে মাঝে তিনি পাকস্থলীতে এখনও বেদনা বোধ করেন, কিন্তু বহুদিন পরে পরে। ডাঃ ধরমবীর বলেন, ডালহৌসীতে আর দুই মাসকাল সম্পূর্ণ বিশ্রাম গ্রহণ করিলেই তিনি সম্পূর্ণ নীরোগ হইবেন।

—

৬জনের মৃত্যুদণ্ড এবং ১৩জনের যাবজ্জীবন দ্বীপান্তর

লক্ষ্ণৌ হইতে প্রকাশ, উনাওয়ের দাঙ্গা ও হত্যাকাণ্ডের মামলা সম্পর্কে ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন ধারার অভিযুক্ত ৬ জনকে মৃত্যুদণ্ড এবং ১৩ জনকে যাবজ্জীবন দ্বীপান্তরের আদেশ প্রদান করিয়াছেন।

মহাপণ্ডর দাঙ্গায় ৪ জন নিহত এবং কয়েকজন আহত হইয়াছিল।

—

নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতি

এলাহাবাদ হইতে প্রাপ্ত তারিখের সংবাদে প্রকাশ যে গত ১০ই সেপ্টেম্বর নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির কর্মকর্তৃগণ জানাইয়াছেন যে, আগামী ২৩শে অক্টোবর কংগ্রেস ওয়ার্কিং কমিটির এবং ৩০শে অক্টোবর নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির অধিবেশন হইবে। উক্ত দুই তারিখের পর পর দিবসেও যথাক্রমে উক্ত কমিটির অধিবেশন চলিবে। উক্ত কমিটির অধিবেশনই কলিকাতায় হইবে।

কেন্দ্রীয় ব্যবস্থা পরিষদের ১৬।১৭জন সদস্য নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির কলিকাতায় যে অধিবেশন হইবে উহার তারিখ পরিবর্তনের জন্য কংগ্রেস সভাপতি পণ্ডিত জওহরলালকে অনুরোধ করিয়া একখানি তার পাঠাইয়াছেন। ঐ সময়ের দীপালী উৎসব পড়ায় তাঁহারা তারিখ পরিবর্তন করিতে বলিয়াছেন। ২৬শে অক্টোবর নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির অধিবেশনের তারিখ ফেলিবার জন্য তাঁহারা প্রস্তাব করিয়াছেন।

যাঁহারা তার করিয়াছেন তাঁহারাও নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির সদস্য।

সাত জন খুন ও গ্রাম লুঠ

লাহোর হইতে প্রকাশ, ফিরোজপুর জেলার মুক্তসর হইতে এই মর্ম্মে এক সংবাদ পাওয়া গিয়াছে যে, এক দুর্বৃত্ত দল নিকটবর্ত্তী গ্রামসমূহে দারুণ বিভীষিকার সৃষ্টি করিয়াছে। ব্যক্তিগত বিদ্বেষবশে প্রতিশোধ গ্রহণের জন্য তাহারা দুইজন স্ত্রীলোক সমেত সাতজনকে খুন করিয়াছে এবং বহু লোকের বিস্তর সম্পত্তি লুণ্ঠন করিয়া লইয়া গিয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ, স্থানীয় দুইটি দলের মধ্যে বহুদিন যাবৎ বিরোধিতা চলিতেছিল। ঘটনার দিন তাহা চরমে উঠে। এক দলের দলপতি একটি বন্দুক লইয়া অনুচরগণসহ শত্রুর সন্ধানে বাহির হয় এবং প্রতিপক্ষের দুইজন বিশিষ্ট লোককে গুলী করিয়া মারে এবং অপর সকলকেও তাহাদের বাড়ীঘর আক্রমণ করে। ভীত সন্ত্রস্ত গ্রামবাসিগণ বাড়ীঘর ফেলিয়া পলায়ন করে। পরে পুলিশবাহিনী আসিয়া পৌঁছিলে তাহারা গ্রামে ফিরিয়া আসে।

সীমান্তে উপজাতীয় অশান্তি

সিমলা হইতে প্রকাশ, সীমান্তের পরিস্থিতি সম্পর্কে গত ১০ সেপ্টেম্বর এক সরকারী ইস্তাহার প্রকাশিত হইয়াছে। তাহাতে উল্লিখিত হইয়াছে যে, গত সপ্তাহে মোল্লা সের আলি নামক দুর্দ্ধর্ষ বিদ্রোহী নেতা সরকারের বিরুদ্ধে লোকজনকে প্ররোচিত করিতে ও বিরোধ চালাইতে জোরে প্রচারকার্য্য চালায়। কুনিগ্রামের উত্তর-পশ্চিমে অবস্থিত বন্নু উপত্যকার উপরের দিকে আড্ডা করিয়া কিছুদিন যাবৎ অনিষ্ট সাধনের সুযোগের সন্ধানে সে ফিরিতেছিল। গত কয়েক দিন যাবৎ তাহার দলের লোকসংখ্যা বৃদ্ধি পায় এবং কুনিগ্রাম ও ওয়ানার মধ্যবর্ত্তী রাস্তার টোপাদারদের ঘাটী সে আক্রমণ করে। বিশেষ করিয়া সাড়াওয়ার্ডি, বাড়াই এবং জোরোয়ানের নিকটবর্ত্তী অঞ্চলে সে আক্রমণ চালায়। এই সংঘর্ষে খাসাদারদের মধ্যে অনেকে হতাহত হইয়াছে। খাসাদারদের ঘাঁটি এবং দোকানের ঘাটি ধ্বংস হইয়াছে। খাসাদারেরা আক্রান্ত হইলে স্থানীয় গ্রামবাসী দলসমূহ তাহাদিগকে সাহায্য করে। পরে স্থানীয় দল দাতাখেলো ও মদাক খাঁর রাজত্ব তাহাদিগকে বিতাড়িত করিয়া দেওয়া হয়। তাহার ফিরেঙ্গ এই অশান্তি নিবারণের জন্য ওয়াজিরিস্তানে অঞ্চলে দলের বাহু বিদ্রোহের সহিত যোগ দিবার জন্য অগ্রসর হইতেছে।

—

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৩০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ নিতাই শ্রীচৈতন্যভাগবত ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৮৲
৪। সভাষ্য গীতা ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ২
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৷
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। আমন্ আবহ ৷০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ীয়-গান্ধতা ৷৶০
২২। ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ৷০
২৭। মুক্তাচরিত্র শুপসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তকত্ত্বসার (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্‌-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি ⁄
৪১। গীতাবলী ⁄০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনপ্রভা ⁄০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄০
৪৫। নবদ্বীপশতক ⁄০
৪৬। অর্থপঞ্চক ৶০
৪৭। সদাচারস্মৃতি ⁄০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪৯। অর্চ্চনকণ ⁄১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৯৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ নির্ণয় ৷০
৫৫। ভবদ্বন্দাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ⁄০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। ভক্তদশকম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ⁄০
৬৭। মায়াবাদবর্জনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ কিউ ওয়ার্ড অন্ বেদান্ত ৷০
৭০। নামভজন ⁄০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। ভিশেটিক ওয়ার্ডস ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম্
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং
৭৬। দি ভাগবত
৭৭। ইরোটিক প্রিন্সিপ্‌ল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ফার্স্ট ভল্যুম) ১৫৲

অসমীয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ কল্পতরু ⁄১০
৮৩। গীতাবলী ⁄০
৮৪। শরণাগতি ⁄

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
১, পোঃ বাগবাজার, কলিকাতা।

ভাষায় অন্যান্য পত্র

১। THE HARMONIST—পরমপূজ্যপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, পাঁচ বৎসর যাবৎ প্রকাশিত হয়। সডাক ৫ ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত হিন্দি ভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। দৈনিক প্রয়াগ শ্রীমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সত্যভামপুর শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত্র
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

নিষ্কিঞ্চন শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পত্রের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৬০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৩৲ টাকা।

১২শ বর্ষ | ২৩ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ২৯শে ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ১৪ই সেপ্টেম্বর ইং ১৯৩৭, মঙ্গলবার | ১৯৮তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীগুরু-পূজা

গত ১০ই সেপ্টেম্বর রবিবার শ্রীশ্রীআচার্য্যদেবের প্রকট-তিথি-পূজা শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠে মহাসমারোহে সুচারুরূপে অনুষ্ঠিত হইয়াছে। এতদুপলক্ষে অদ্রিভা-হরণনাট্যমন্দিরে শ্রীশ্রীল আচার্য্যদেবের আলেখ্য-অর্চ্চা বৈদ্যুতিক আলোকমালা ও বিবিধ কারুকার্য্যখচিত একটি সুরম্য সিংহাসনে স্থাপন করা হয়। বেলা ৪॥০ ঘটিকার সময় একটী নগরসংকীর্ত্তনশোভাযাত্রা খোল-করতাল, শঙ্খ-ঘণ্টা ও পাশ্চাত্য ঐকতান সহযোগে শ্রীগুরুগৌরাঙ্গের জয়-ধ্বনিতে দিঙ্মণ্ডল মুখরিত করিতে করিতে বহির্গত হইয়া শ্রীধাম-পরিক্রমা করত শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করিলে নাট্যমন্দিরে একটী মহতী সভার অধিবেশন হয়। সভার প্রারম্ভে শ্রীআচার্য্যবন্দনা, গুরুবন্দনাদি হওয়ার পর গুরুপরম্পরা ও 'শ্রীগুরুচরণপদ্ম' প্রভৃতি মহাজন পদাবলী কীর্ত্তনান্তে শ্রীচৈতন্যমঠ হইতে বাঙ্গলা, সংস্কৃত, গুজরাটী ও উৎকল ভাষায় প্রদত্ত চারিটী অভিনন্দন-পত্র, অন্নকূটকাব্যতীর্থনাগার, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট, ঢাকা, মাদ্রাজ প্রভৃতি হইতে ইংরাজী ও বাংলা ভাষায় প্রদত্ত আরও একটী অভিনন্দন-পত্র পাঠ করা হয়। পাঠান্তে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ, শ্রীপাদ অপ্রমেয় ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী, মহোপদেশক শ্রীপাদ কিশোরীমোহন ভক্তিবান্ধব বি-এল, মহোদয় শ্রীশ্রীল আচার্য্যদেবের অতিমর্ত্ত্য চরিত্র ও অপ্রাকৃত অপার্থিব কীর্ত্তন করিয়া শ্রোতৃবৃন্দের চিত্তাকর্ষণ করেন।

অনন্তর কীর্ত্তনমুখে শ্রীশ্রীল আচার্য্যদেবের পূজা ও আরতি সমাপনান্তে শ্রীশ্রীল প্রভুপাদের আশ্রিত ও আচার্য্যচরণাশ্রিত ভক্তবৃন্দ এবং অন্যান্য ভক্তমহিলা শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করেন। সেই সময় শ্রীচৈতন্যমঠ হরিকীর্ত্তনে মুখরিত হইতে থাকে। সকলেই এই উচ্চ সংকীর্ত্তনে যোগদান করিয়া পরমানন্দ লাভ করেন।

কীর্ত্তনান্তে সমাগত প্রায় ৪০০ শত লোককে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। উৎসব উপলক্ষে মঠবাসী সেবকবৃন্দের অক্লান্ত সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়।

—

ভক্তিপুষ্পাঞ্জলি

(৩য় পৃষ্ঠার পর)

চেষ্টা ও আদর্শ প্রদর্শন করেন নাই। আপনি সর্ব্বতোভাবে আপনাকে শ্রীগুরুপাদপদ্মের শাসন বা শিক্ষার বরণে নিয়োগ করিবার আদর্শ দেখাইয়াছেন। সেবার বাহ্য-পারিপাট্য ও আড়ম্বর দেখাইয়া উহার অভ্যন্তরে সরল বা উহাতে গোঁজামিল দেওয়াকে আপনি অন্তরের সহিত ঘৃণা করিবার আদর্শ প্রদর্শন করিয়াছেন। শ্রীগুরুদেব আমাকে যদি খুব কম সেবক জানেন, তথাপি যদি আমি সেই সেবাটী অকৃত্রিম ও অকপটভাবে নিশ্ছিদ্ররূপে করিতে পারি, তাহাতেই অতিমর্ত্ত্য গুরুদেবের সেবা হইবে, বাহ্য বাগাড়ম্বর বা চালাকিবাজী সেবা হইবে না—ইহাই আপনার নীরব ও নিষ্কপট আদর্শ সর্ব্বদা প্রদর্শন করিয়াছে ও করিতেছে। শ্রীচৈতন্যমঠাশ্রিত কোন সেবকই আপনার তোষবাক্য বা মনোরঞ্জনকারিণী কথায়, বাহ্য চাকচিক্যে বা অন্য কোন প্রকার বাহ্য-ঐশ্বর্য্যে মুগ্ধ হন নাই, কেবল আপনার স্বাভাবিক নিষ্কপট গুরুসেবাময় ব্যক্তিত্ব, আদর্শ-সুনির্ম্মল-চরিত্র, ভক্তিসিদ্ধান্তনিপুণতা ও আচার্য্যোচিত আচরণই সকলের প্রাণ আকর্ষণ করিয়াছে। আপনি সকলেরই আত্মমঙ্গল অনুসন্ধান করিয়াছেন বলিয়া শ্রীচৈতন্যমঠাশ্রিত নিষ্কপট আত্মমঙ্গল-সন্ধিৎসুমাত্রই আপনার পাদপদ্মে আকৃষ্ট। আপনি সহস্র শ্রীচৈতন্যমঠাশ্রিত সেবকগণকে সেইরূপ অধমাধম কৃপা করিয়া শ্রীচৈতন্যবাণীসেবায় নিত্য নিযুক্ত রাখুন,—ইহাই আপনার শ্রীপাদপদ্মে আজ আমাদের প্রার্থনা।

হে সহজ-পরমহংসবর! আপনি নিত্যসিদ্ধ গৌরজন হইয়াও খণ্ডকালগত দৃষ্টিতে অদ্য ষিচত্বারিংশৎ বর্ষ পূর্ণ করিয়া জগতের ভাগ্যে কৃপা পূর্ব্বক উদিত হইয়াছেন। আপনার আশৈশব হরিভজন-প্রচেষ্টা, আদর্শচরিত্র, গুরুগৌরাঙ্গ-সেবৈক-নিষ্ঠা স্মরণ করিয়া এই শুভবাসরে আপনার দাসাভিমানী অযোগ্য সেবকবৃন্দ আমরা আমাদের হৃদয়ের অকৃত্রিম ভক্তি-পুষ্পাঞ্জলি আপনার কোটিচন্দ্রসুশীতল শ্রীচরণকমলে প্রদান করিবার জন্য সমবেত হইয়াছি। আপনি নিজগুণে কৃপাপূর্ব্বক ইহা গ্রহণ করুন।

হে পরমারাধ্যতম জগদ্‌গুরো! পরমকরুণাময় মহা-বদান্য শ্রীশ্রীল প্রভুপাদের প্রাণাপেক্ষা প্রিয়তম ও অভিন্নতনু আপনাকে পাইয়া আমরা শ্রীশ্রীল প্রভুপাদের অপ্রকটেও অসহায় বা অনাথ হই নাই। পাষণ্ড-দলনবানা নিত্যানন্দাভিন্ন-বিগ্রহ আপনার হুঙ্কারে সন্ত্রস্ত হইয়া হরিগুরু-বিদ্বেষী পাষণ্ডগণ বহুদূরে অবস্থান করিতেছে। আপনার নির্ভীক হরিকথা-কীর্ত্তন সজ্জনবৃন্দের হৃদয়কে আকর্ষণ করিয়া সকলেরই আকুল প্রাণে আশার সঞ্চার করিয়াছে ও করিতেছে। হরি-বিদ্বেষীর প্রতি আপনার বজ্রাদপি কঠোরতা, শরণাগতের প্রতি আপনার কুসুমাদপি কোমলতা, আপনার যুক্ত-বৈরাগ্য, সরল সরল দৈন্য, জীব-দুঃখে কাতরতা, পরদুঃখদুঃখিতা, তরুর ন্যায় সহিষ্ণুতা সজ্জনমাত্রেরই চিত্ত আকর্ষণ করিয়াছে। গৌরকৃষ্ণ-প্রেষ্ঠ আপনি আজ জগতে শ্রীগুরুগৌর-মনোহভীষ্ট-প্রচারের জন্য দৃঢ়সঙ্কল্প হইয়া অসংখ্য বাধা বিপত্তি অগ্রাহ্য করিয়া পরমসাহসিকের নির্ভীকতার সহিত শ্রীরূপরঘুনাথের বাণী-প্রচারে ব্রতী হইয়াছেন এবং সকলকে তাহাতে যোগদান করিবার সুবর্ণ সুযোগ প্রদানপূর্ব্বক সাদর আহ্বান করিতেছেন দেখিয়া শ্রীশ্রীল প্রভুপাদ অত্যন্ত আনন্দিত হইতেছেন। আপনার আনুগত্যে শ্রীগুরুগৌরাঙ্গের সেবা করিতে পাইয়া আজ আমরা নিজদিগকে কৃতার্থম্মন্য মনে করিতেছি।

শ্রীশ্রীব্যাসাবতার আপনি জয়যুক্ত হউন

হে পরমদয়াল অশেষদুর্দ্দিনপতিতপাবন প্রভো, আপনার অনন্তগুণাবলীর কথা কীর্ত্তন করিতে পারি এরূপ যোগ্যতা আমাদের নাই, তথাপি অধমতারণ নিত্যানন্দ আপনার কৃপাই আমাদের একমাত্র সম্বল। আমরা যেন আপনার আনুগত্যে আপনার শ্রীচিন্তামণি সেবায় শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের সেবা বিধান করিতে পারি; কারণ, আপনার কায়মনোবাক্যের যাবতীয় চেষ্টা সর্ব্বাবস্থায় ও সর্ব্বসময়ে গুরুগৌরাঙ্গে নিযুক্ত। সুতরাং একমাত্র আপনার সেবার দ্বারাই আমাদের নিত্যারাধ্য মূল আশ্রয়বিগ্রহ শ্রীশ্রীল প্রভুপাদ ও অন্বয় কৃষ্ণের সেবা হইবে। আপনার অনুপযুক্ত দাসাভিমানী শ্রীচৈতন্যমঠের অযোগ্য সেবকবৃন্দ আমরা আজ এই শ্রীশ্রীব্যাসপূজা-বাসরে আপনার পরমপূত পদাম্বুজে আমাদের এই সামান্য ভক্তি অর্ঘ্য প্রদান করিতেছি, কৃপা পূর্ব্বক যোগ্যতা বিচার না করিয়া আমাদের এই সামান্য নৈবেদ্য গ্রহণ করুন আর আশীর্ব্বাদ করুন যেন আমরা নিত্যকাল আপনার অনুগত হইয়া থাকিবার সৌভাগ্য পাই। জয় গৌরবাচার্য্য-বর্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তর-শতশ্রী শ্রীশ্রীমদ্ অনন্ত বাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ কি জয়।

আপনার চরণাশ্রিত দাসাভিমানী দীন অযোগ্য—

শ্রীচৈতন্যমঠের সেবকবৃন্দ

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

"কায়মনোবাক্যে হরিকীর্ত্তন বিধেয়। কায়িক কীর্ত্তন, বাচনিক কীর্ত্তন, মানসিক কীর্ত্তন যুগপৎ করিতে হইবে। মন যদি কৃষ্ণ কীর্ত্তন না করে, অন্যমনস্ক হইয়া থাকে, তাহা হইলে কৃষ্ণের সম্যক্ কীর্ত্তন হয় না। নিজের আদর্শ আচরণের মধ্যেও কৃষ্ণকীর্ত্তন করিতে হইবে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২৩ হৃষীকেশ ৪৪১ শ্রীধাম মায়াপুর সর্ব্বাধ গৌরাব্দ ৪৪১

দুই একটি কথা

কৃষ্ণ সর্ব্বেশ্বরেশ্বর। তিনি ইচ্ছাময়। তাঁহার ইচ্ছায় বিশ্বের সৃজন-সংহারাদি যাবতীয় কার্য্য নিয়মিতভাবে সম্পন্ন হইতেছে। তাঁহার ইচ্ছানুসারেই ব্রহ্মা সৃষ্টি করেন, বিষ্ণু পালন করেন এবং শিব সংহার করিয়া থাকেন। তাঁহার ইচ্ছা-ব্যতীত কোন কার্য্য হইতে পারে না। সকলেরই নিয়ন্তা তিনি।

আমরা অনেকসময় মনে করি, আমরা নিজে কিছু করিতে পারি। কর্ত্তাভিমান-বশতঃই আমাদের হৃদয়ে এইরূপ দুরাশা বা ভ্রান্ত ধারণা স্থান পায়। এইজন্যই আমরা নিজেদের রক্ষণাবেক্ষণে বা নিজেদের সুখ-সুবিধার জন্য তৎপর হই। সম্বন্ধজ্ঞানের অভাববশতঃ এইরূপ করিতে গিয়া আমরা কিছুতেই সফলকাম হইতে পারি না এবং সময় সময় কৃষ্ণের ইচ্ছায় কোন কিছু করিতে পারিলেও তাহাতে আমরা শান্তি পাই না। আমরা সেবক, সেবা ব্যতীত অন্য কিছুতে আমাদের শান্তি হয় না। আমরা সেবাই করিতে পারি এবং তাহাতেই আমাদের পরম আনন্দ। সেব্যের প্রতি নির্ভরতা, তাঁহার প্রতি সম্পূর্ণ বিশ্বাস ও তাঁহার ইচ্ছার সহিত আমাদের ইচ্ছা সম্পূর্ণরূপে মিশাইয়া দেওয়া আমাদের প্রয়োজন। কিন্তু আমরা ভগবৎ-সেবা-প্রতিকূল কার্য্যে ব্যস্ত হইয়া আনন্দের বিপরীত দিকে ছুটিয়াছি বলিয়া সুখের বিপরীত দুঃখই আমাদের প্রাপ্য ফল হইয়া দাঁড়াইয়াছে। সুতরাং ভগবানের উপর সম্পূর্ণ নির্ভর করা যে আমাদের বিশেষ আবশ্যক তাহাতে আর সন্দেহ কি?

আমরা ভোগী বা ত্যাগী হইতেও পারি না এবং হইবও না। আমরা সেবক হইব। কর্ম্মফল অনুসারে সুখ-দুঃখ যেমন আসে আসুক, তাহাতে বিচলিত হইব না। আমরা কৃষ্ণের ইচ্ছার উপর নির্ভর করিয়া নিশ্চিন্তে সেবা-কার্য্যে তৎপর থাকিব এবং যাহাতে সেব্য ভগবানের সুখ হয় তজ্জন্য চেষ্টা করিব, অন্য কার্য্যে বা অন্য চিন্তায় সময়ক্ষেপ করিবার আর সময় কোথায়? দিন ত' কাটিয়ে এল। আর জন্ম-মৃত্যু, উন্নতি-অবনতি, সুখ এবং দুঃখ-সংঘটন সবই যখন কৃষ্ণের ইচ্ছায় হইতেছে, রোগ-শোক-জরাদি যখন কৃষ্ণের ইচ্ছাতেই আমার নিকট আসিতেছে এবং আমাকে যখন দুঃখী ও সুখী রাখিয়া কৃষ্ণের সুখ হইতেছে, আমাকে অনর্থনির্ম্মুক্ত না করিয়া, সংসার হইতে উদ্ধার না করিয়া, আমাকে বহির্ম্মুখ রাখিয়া, আমাকে দেখা না দিয়া যখন কৃষ্ণের সুখই হইতেছে তখন রুক্মপদাশ্রিত জীবের ব্যস্ত হইবার কি আছে? অসন্তুষ্ট থাকুক, অধীন অধীনই থাকুক এবং তাঁহার কৃপার জন্য অপেক্ষাই করুক, সেবা করিতে করিতে শুদ্ধ সেবাধারের আশায় 'কৃপা প্রতীক্ষা' ছাড়া তাহার আর কি কাজ থাকিতে পারে?

আমরা বদ্ধজীব, আমরা আশা করিতে পারি মাত্র। কৃপাময়ের ইচ্ছা হইলেই তাহা ফলবতী হইতে পারে, নতুবা নহে। সুতরাং আমরা নিজের দাম্ভিকতা, কর্তৃত্ব বা নিজ বল-চেষ্টা প্রভৃতির প্রতি ভরসা ছাড়িয়া দিয়া তাঁহার ইচ্ছার প্রতি নির্ভর করিয়া থাকিব, তবে অন্ততঃ যতদিন যাবৎ যতদিন তাঁহার পূর্ণ কৃপা না পাই ততদিন কর্ম্মফল ভোগ করিতে করিতে তাঁহার সন্তুষ্টি-বিধানে চেষ্টা করিব। স্বতন্ত্র জীবনে বহু কষ্ট পাইলাম। সুতরাং তাহা আর ভাল লাগে না। তাই আজ শ্রীগুরুগৌরাঙ্গের চরণে শরণ লইতেছি। তাঁহার ইচ্ছা ছাড়া আমাদের কোন কিছু করিবার উপায় নাই। সুতরাং বৃথা চেষ্টা করিয়া সময়ক্ষেপের দরকার নাই। আমরা মূর্খ, অজ্ঞ, হিতাহিত বিচার আমাদের নাই। এমতাবস্থায় বিদ্বান্ মহাজনগণের পথই আমাদের অবলম্বনীয়। নতুবা মঙ্গলাভের আর উপায় দেখি না। তাই ঠাকুর ভক্তিবিনোদ লিখিয়াছেন—

মিছে মায়াবদ্ধ জীব আশাপাশে ফিরে।
তব ইচ্ছা বিনা কিছু করিতে না পারে॥
তুমি ত' রক্ষক আর পালক আমার।
তোমার চরণ বিনা আশা নাহি আর॥
নিজ বল-চেষ্টা প্রতি ভরসা ছাড়িয়া।
তোমার ইচ্ছায় আছি নির্ভর করিয়া॥

কৃষ্ণ তারে দেন নিজভক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্ব্বল॥

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীকৃষ্ণচৈতন্যাম্নায়-দশমাধস্তনাবরবর প্রচারকগৌড়ীয়সম্প্রদায়ৈকসংরক্ষক

ভক্তিবিনোদগৌরবাণী-শ্রেষ্ঠ ওঁ বিষ্ণুপাদ

পরমহংস ৺ত্রিদণ্ডিস্বাম্যাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী

শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুচরণের

নিখিলভুবনমঙ্গলময়ী

ত্রিচত্বারিংশত্তম আবির্ভাববাসরে

ভক্তি-পুষ্পাঞ্জলি

শ্রীচৈতন্যবাণীর মনোঽভীষ্ট-পরিপূরক পাবন আচার্য্যদেব! আমাদের নিত্যারাধ্য পরমারাধ্যপাদপদ্ম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদের প্রতিষ্ঠিত আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠে শ্রীগৌরাবির্ভাববাসরে শ্রীব্যাসাদির আপনার আচার্য্যলীলা-প্রকাশে আমরা অকূল পাথারে এক অদ্বিতীয় অবলম্বন লাভ করিয়াছি। উৎকলপুরুষোত্তম হইতে আপনার নিত্যসিদ্ধ-আচার্য্যলীলা প্রকটিত হইলেও শ্রীচৈতন্যমঠে গৌরাবির্ভাব-দিবসে আপনার আচার্য্য-লীলা-প্রকাশের বিজয়-দুন্দুভি নিনাদিত হইয়াছে।

হে স্বরূপ-রূপানুগবর আচার্য্যবর্য্য, আপনাতে গৌড়ীয় সম্প্রদায়ৈক-সংরক্ষক আচার্য্যের যাবতীয় লক্ষণ সজ্জনগণের নিকট পরিস্ফুট; কিন্তু উন্মত্ততাবিশিষ্ট ও আলস্যাদি দোষ কলিত রাজস ও তামসগুণ-সম্পন্ন অবৈধ-প্রকৃতি জীবগণের নিকট তাহা অবিদিত—

স্বাং শীলরূপচরিতৈঃ পরমপ্রকৃষ্ট-
সত্ত্বেন সাত্ত্বিকতয়া প্রবলৈশ্চ শাস্ত্রৈঃ।
প্রখ্যাতদৈবপরমার্থবিদাং মতৈশ্চ
নৈবাসুরপ্রকৃতয়ঃ প্রভবন্তি বোদ্ধুম্॥

আপনি পরমোৎকৃষ্ট শুদ্ধসত্ত্বময় রচিত শীল, রূপ ও চরিত্র-সম্পন্ন বলিয়া তমঃপ্রধান অসুরস্বভাববিশিষ্ট জীবগণ আপনাকে জানিতে সমর্থ হয় না। আপনার শ্রীচরণে প্রপন্নজনই আপনার কৃপাবলে আপনার স্বরূপাবধারণে সমর্থ। শ্রীব্যাসাদি প্রসিদ্ধ পরমার্থবিদ্‌গণের সিদ্ধান্ত-শ্রবণমুখে শুদ্ধবুদ্ধিগণ আপনাকে জানিতে পারেন। এতদ্ব্যতীত অপরে আপনাকে কিছুই বুঝিতে পারেন না।

হে স্বরূপ-রূপানুগপথ-সিদ্ধান্তবিৎ কৃষ্ণ-তত্ত্ববেত্তা ভক্তবাঞ্ছাকল্পতরু আচার্য্যদেব! শ্রীব্যাস ও শ্রীমন্মধ্বাচার্য্যাদি আচার্য্যগণ-কথিত আচার্য্য-লক্ষণসমূহ আপনাতে স্বতঃই প্রস্ফুটিত—

পঞ্চরাত্রপ্রবৃত্তো যঃ সিদ্ধান্তার্থস্ততত্ত্ববিৎ।
সর্ব্বলক্ষণহীনোঽপি হ্যাচার্য্যঃ স বিশিষ্যতে॥
বস্তু বিজ্ঞো পরা তত্ত্বার্থবিজ্ঞো তথা
ভবেৎ।
স এবাচার্য্যশব্দেন জ্যেষ্ঠঃ সত্যমেব বদামি তে॥

(হয়শীর্ষ-পঞ্চরাত্র)

আচার্য্যস্তু ভবেন্নিত্যং সর্ব্বদোষবিবর্জ্জিতঃ।
শৌচাচারপরো নিত্যং পাষণ্ডজনবিস্পৃহঃ॥

(মাৎস্য)

আচিনোতি যঃ শাস্ত্রার্থমাচারে স্থাপয়ত্যপি।
স্বয়মাচরতে যস্মাদাচার্য্যস্তেন কীর্ত্তিতঃ॥

(বায়ুপুরাণ)

হে শ্রীচৈতন্যবাণী-শ্রেষ্ঠ বিগ্রহ! আপনি শ্রীচৈতন্যমঠের প্রত্যেক আত্মমঙ্গলকামী সেবকের আশা ও ভরসা। শ্রীচৈতন্যকথিত বিবিধ অসৎসঙ্গ-বর্জ্জনে আপনার সুদৃঢ় নিষ্ঠা, আপনার নিরপেক্ষতা ও নিষ্কপটতা, আপনার নির্ম্মল-চরিত্রের অকৃত্রিমতা, আপনার ভক্তিসিদ্ধান্তে শ্রীস্বরূপ-রূপ-ভক্তি-বিনোদ-সরস্বতীর ন্যায় অতুলনীয় সহজস্ফূর্ত্তি, আপনার আচারে নিত্যসিদ্ধ ভাগবতশ্রীর সর্ব্বতোভাবে আপনার আচার্য্যত্ব প্রকাশ করিয়াছে।

হে রূপানুগবর আচার্য্যদেব! শ্রীরূপ-রঘুনাথের প্রচারপ্রণালীই যে একমাত্র গৌড়ীয়-বৈষ্ণবের আরাধ্য, শ্রীল প্রভুপাদের এই সর্ব্বপ্রধান কথাটী আপনিই সর্ব্বপ্রথমে আমাদিগকে জানাইয়াছেন। আপনি ব্যতীত শ্রীল প্রভুপাদের প্রবন্ধ, নিবন্ধের পূর্ণ তাৎপর্য্য আর কেহ পরিস্ফুট করিতে পারেন না,—ইহা আমরা নিঃসংশয়ে প্রত্যক্ষ করিয়াছি। আপনার কৃপা ব্যতীত শ্রীল প্রভুপাদের ভাব, ভাষা ও বক্তব্য বিষয় সকলের নিকট অবিদিত—ইহা নির্ভীক সত্য। যদি শ্রীল প্রভুপাদের সঙ্গে তদীয় নিত্যসিদ্ধ পার্ষদ আপনার উদয় না হইত, তাহা হইলে আজ কে তাঁহার অপ্রাকৃত বাণী সংরক্ষণ করিতেন? কেই বা প্রভুপাদের অনুগমনে ঠাকুর ভক্তিবিনোদের মনোঽভীষ্ট-স্বরূপ ভাগবতসিদ্ধান্তের প্রচার করিতেন? আপনি শ্রীল প্রভুপাদের যাবতীয় ভক্তিসিদ্ধান্ত-গ্রন্থের সঙ্কলনকারী। শ্রীল প্রভুপাদ আপনার হস্তেই তাঁহার সমস্ত গ্রন্থ, নিবন্ধ, প্রবন্ধ ও তাঁহার পত্রাবলী, উপদেশাবলী দেখাইয়াছেন এবং আপনি শ্রীল প্রভুপাদের অন্তরের কথা ও উদ্দিষ্ট বিষয় বুঝিতে পারিয়া অপ্রকাশিত ও অসম্পূর্ণ-বিষয় পরিপূরণ করিতে পারেন,—ইহা শ্রীল প্রভুপাদ কোটিকণ্ঠে শতমুখে সর্ব্বক্ষণ কীর্ত্তন করিতেন। যেমন শ্রীরূপ মহাপ্রভুর হৃদয়ের ভাবানুবর্ত্তী শ্লোক রচনা

করিয়া মহাপ্রভুর অন্তরের তাৎপর্য্য জ্ঞাত ছিলেন বলিয়া অন্তরঙ্গ নিজ-জন ও সমগ্র গৌড়ীয়-বৈষ্ণব-সমাজের আচার্য্যরূপে অভিষিক্ত হইয়াছেন, শ্রীল প্রভুপাদের লীলায়ও আপনি সেইরূপ নিত্যসিদ্ধ আচার্য্যত্ব প্রকাশ করিয়াছেন।

হে শ্রীস্বরূপাভিন্ন! আপনি শ্রীল স্বরূপ-দামোদর প্রভুর অভিন্ন-বিগ্রহরূপে শ্রীহরি গুরু-বৈষ্ণবের কর্ণানন্দ-বর্দ্ধনকারী গৌর-বিহিত কীর্ত্তনে নিত্যসিদ্ধ। শ্রীল প্রভুপাদ এই শ্রীচৈতন্যমঠে শত শতবার আমাদের সম্মুখে বলিয়াছেন—এই যুগে কীর্ত্তনকারিগণ শতকরা প্রায় শতজনই সুর তাল-মান-লয়ের সম্ভোগরসে মত্ত হইয়া দুর্নীতি গ্রহণ করিয়া থাকে; কিন্তু একমাত্র বাসুদেবই বর্ত্তমান যুগে সঙ্গীতকীর্ত্তনকারিগণের মধ্যে আদর্শ নিষ্কলঙ্ক-চরিত্র। শ্রীল প্রভুপাদ আপনার শ্রীমুখে "যশোমতী-নন্দন," "শ্রীরূপমঞ্জরীপদ" ও অনেক নিগূঢ় ভজন-গীতি শ্রবণ করিতে সর্ব্বদাই উৎকণ্ঠিত হইতেন। আপনার কীর্ত্তন ও লেখনীর অভাবে জলপানে তৃষ্ণার তৃষ্ণা মিটাইবার ন্যায় অপরের কীর্ত্তন ও লেখনীকে কথঞ্চিৎ আদর করিতেন এবং তাঁহাদিগকেও আপনার নিকট হইতেই শিক্ষাগ্রহণ করিতে আদেশ দিতেন। শ্রীল প্রভুপাদ তাঁহার অপ্রকট-লীলার পূর্ব্বেও একমাত্র আপনার নাম উল্লেখ করিয়া কীর্ত্তন-প্রচারের কথা বলিয়াছেন। আপনি শ্রীস্বরূপ-রামানন্দের ন্যায় কীর্ত্তনের দ্বারা আপনার ইষ্টদেবের পূর্ণানন্দবিধান করিতে পারিতেন বলিয়াই আপনাতে স্বরূপ-রূপানুগত্যের পূর্ণ নিদর্শন রহিয়াছে।

শ্রীচৈতন্যমঠাশ্রিত কি সন্ন্যাসী, কি ব্রহ্মচারী, কি বানপ্রস্থ, কি গৃহস্থ, কি পরহংসবেষধারী,—সকলেই আপনার নিকট ভক্তিসিদ্ধান্ত শ্রবণ করেন। আপনাকে উল্লঙ্ঘন করিয়া কেহই শ্রীল প্রভুপাদের সিদ্ধান্ত বুঝিতে পারেন নাই। আপনি আচার্য্যরূপে প্রকাশিত হইয়া "আচার্য্য-ধারা কালে কালে বিচ্ছিন্ন হয়"—এইরূপ নিখিল-বৈষ্ণব-সিদ্ধান্ত-বিরোধী নির্ব্বিশেষ বাদকে নিরস্ত করিয়াছেন, "গুরুপাদপদ্মের অপ্রকটকালের আলেখ্য-সংরক্ষণে গুরু-পাদপদ্মে অপরাধের অবকাশ দেওয়া হয়"—শ্রীল প্রভুপাদের এই সিদ্ধান্ত জানাইয়া সকলকে অপরাধপঙ্ক হইতে রক্ষা করিয়াছেন, শ্রীগুরুদেবের অর্চ্চার কেবল অর্চ্চন হইতে মহান্তগুরুপাদপদ্মের নিকট সাক্ষাদ্ভাবে পরিপ্রশ্নাদিমুখে শ্রবণ-কীর্ত্তন অধিকতর আত্মমঙ্গলকর ও ভজনের পরিপোষক—ইহা জানাইয়াছেন। শ্রীল প্রভুপাদের অপ্রকটের পর যাহারা ভজনোপযোগিতারূপ মহাবদান্যতাকে অর্চ্চার নিকট মনোধর্ম্মজাত আনুষ্ঠানিক ব্যাপার মাত্রে পরিণত রাখিয়া অভজনশীল লোকবুদ্ধি ও লোকহিংসা করিতে উদ্যত হইয়াছিল, তাহাদের অসৎ সিদ্ধান্তকে খণ্ডিত করিয়া আপনি ভক্তিবিনোদ-ধারার নিত্যত্ব সংরক্ষণ করিয়াছেন। আচার্য্যত্ব-প্রকাশকে যাহারা দাম্ভিকতা মনে করিয়াছিল, তাহাদের দুর্সিদ্ধান্ত নিরাস করিয়া উহা যে পরিপূর্ণ গুরুদাস্য বা ভক্তৈতাভৃত্যানুভৃত্যাভিমান—ইহা সাধু-শাস্ত্র মহাজনের আদর্শের দ্বারা আপনি প্রকাশ করিয়াছেন। প্রাকৃত-ধন-জন-বল-পাণ্ডিত্যের দাম্ভিকতার দ্বারা অপবস্তুকিরও প্রচার হয় না, একান্ত শরণাগত গুরুসেবকের বা সর্ব্বতন্ত্রস্বতন্ত্র নামপ্রভুর নিষ্কামের অভিধানে প্রতিষ্ঠিত বাণীসেবকের দ্বারাই বাস্তবসত্যের প্রচার হয়, শরণাগতগণের নিকট সার্ব্বভৌমাদির বল যে পরম দুর্ব্বলতার নিদর্শন—ইহা আপনি আপনার আচার্য্য-লীলায় প্রকাশ করিয়াছেন

আপনার আচার্য্যত্ব গৌড়ীয়-বৈষ্ণব-জগতে এক যুগান্তরের সূচনা করিয়াছে। কেননা, এইরূপ আন্তর্জাতিক বহুরূপী নাস্তিকতার যুগে আপনার ন্যায় সিদ্ধান্তবিৎ আচার্য্যের অভ্যুদয় না হইলে অভিমর্ত্ত্য আচার্য্য-সম্বন্ধেও গণবাদ বা নির্ব্বিশেষবাদের প্রচ্ছন্ন প্রতীকস্বরূপ সর্ব্বসমবাদ অর্থাৎ সকলেই আচার্য্যের পর্য্যায় বা তাঁহার সমান—এই নাস্তিক সিদ্ধান্ত আচার্য্যের অদ্বিতীয় আসনকে কলঙ্কিত করিত। আপনি গৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভুর অভিন্ন-বিগ্রহরূপে ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদের শ্রীচৈতন্যমনোঽভীষ্ট প্রচারের পরিশিষ্ট সেবা করিবার জন্যই উদিত হইয়াছেন।

অসংখ্যবার প্রত্যক্ষ করিয়াছি—শ্রীল প্রভুপাদ আপনাকে সর্ব্বতোভাবে নিশ্ছিদ্র ও নিষ্কলঙ্ক অপাতত-চরিত্র দেখিয়া তাঁহার সকল আশ্রমের সেবকগণের প্রতি আপনার দ্বারাই নিষ্কপট-হরিভজনবিষয়ের শাসনদণ্ড প্রদান করিতেন। শ্রীল প্রভুপাদ এই শ্রীচৈতন্যমঠে অসংখ্যবার বলিয়াছেন—"একমাত্র বাসুদেবই আমার কথা বুঝিতে পারিয়াছে, আর সকলে একজন তাহা হইতেই সামান্য কিছু বুঝিতে চেষ্টা করিতেছে।"

শ্রীল প্রভুপাদ আপনার উপরই বৃহৎ মৃদঙ্গ বা মুদ্রাযন্ত্রের ভার অর্পণ করিয়াছেন। বাণীসম্পুটের ভার সম্পূর্ণরূপে আপনার উপর অর্পণ করিয়াছেন,—এ বিষয়ে কাহারও সন্দেহ নাই। তাঁহার প্রাণাপেক্ষা প্রিয়তম 'হারমোনিস্ট'(?)'র ও 'গৌড়ীয়'র সেবা আপনার আনুগত্যেই মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভুকে সম্পাদন করিতে বলিয়াছেন। হারমোনিষ্ট ও ইংরাজী ভাষায় মাসিকের প্রচার-সেবাও একমাত্র আপনার আনুগত্যেই মহামহোপদেশক অধ্যাপক আচার্য্য শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর প্রভু প্রমুখ বৈষ্ণবগণকে সম্পাদন করিতে বলিয়াছেন। শ্রীচৈতন্যমঠের মুখপত্র দৈনিক-নদীয়া-প্রকাশের সম্পাদক-সম্বন্ধে আপনার দ্বারাই নিয়ন্ত্রিত হইবার কথা সংপ্রবার বলিয়াছেন। আপনিই সকল সময় দৈনিক-নদীয়াপ্রকাশের নবীনলেখকগণের সিদ্ধান্তাদিকে সংশোধন করিয়াছেন।

শ্রীল প্রভুপাদ সর্ব্বক্ষণই জানাইয়াছেন—"হরিকথা-কীর্ত্তনের জন্যই তাঁহার পৃথিবীতে আগমন। ইহাই তাঁহার মূল উদ্দেশ্য।" প্রভুপাদ বলিতেন—"আমি কাদা দিয়া ইট গাঁথাইব, ইহা বেশী মজবুত করিব না, যেন পরে অন্ততঃ আস্ত ইটগুলি পাওয়া যায়। আমি পর্ণকুটীরে থাকিয়া হরিকথা প্রচার করিব। শ্রীচৈতন্যবাণীপ্রচারই আমার মূল উদ্দেশ্য।" শ্রীল প্রভুপাদ তাঁহার "The Vedanta and Its Morphology & Ontology" অভিভাষণে যে Morphology ও Ontologyর কথা বলিয়াছিলেন, তাহা আকাশেই বিলীন হইয়া গিয়াছিল, আমরা অনেকেই উহাকে কর্ণে গ্রহণ করিবার উপযুক্ত মনে করি নাই বা ঐরূপ একটা কথা আছে, তাহাতে আদৌ মনোযোগ দেই নাই, শ্রীচৈতন্যবাণীর মূর্ত্তবিগ্রহরূপে একমাত্র আপনিই উহার তাৎপর্য্য উদ্ঘাটন করিয়াছেন।

"লোকভোষণ প্রচার নহে, সম্প্রদায়ের প্রকৃত সমৃদ্ধিও নহে, কৃষ্ণতোষণই প্রচার ও সম্প্রদায়-সংরক্ষণ-সেবা"—ইহা শ্রীল প্রভুপাদেরই ন্যায় আপনি নির্ভীক-কণ্ঠে প্রচার করিয়াছেন। শ্রীচৈতন্যমঠাশ্রিত সেবকগণ সকলেই আপনার পাদপদ্মানুরাগী হইয়াছেন ও হইবেন। যাঁহারা অন্যাভিলাষকে পোষণ করিতে চাহেন না, উহার দুর্ব্বল সমর্থন চাহেন না, শ্রেয়ঃ অপেক্ষা প্রেয়ঃকে অধিক আদর করেন না, যাঁহারা অনর্থ ও পরমার্থের অবৈধ চিজ্জড়সমন্বয় ইচ্ছা করেন না, যাঁহারা শ্রীহরি গুরু-বৈষ্ণবকে খানাবাড়ীর খানসামা বা বাগানের মালী করিতে চাহেন না, যাঁহারা শ্রীগুরুদেবের নিকট হইতে প্রশংসা বা বিজ্ঞাপন আদায় করিতে চাহেন না, যাঁহারা গুরুদেবের সালোক্য-সামীপ্য সার্ষ্টি বা সারূপ্য স্বয়ং গুরুদেব প্রদান করিতে আসিলেও উহা দ্বারা বঞ্চিত না হইয়া কেবল নিষ্কপটে সেবার ফলস্বরূপ সেবাই প্রার্থনা করেন, যাঁহারা শ্রীগুরুপাদপদ্মের এই সেবার শিক্ষা আপনার নিকট হইতেই প্রাপ্ত হইয়াছেন, তাঁহারা আপনার অনুগত্যাভিমান ব্যতীত অন্য কোন বস্তু প্রার্থনা করিতে পারেন না। তাই হে আচার্য্যবর, আপনার এই শুভ-প্রকট-বাসরে আপনার শ্রীচরণে এই প্রার্থনা, আপনি শ্রীচৈতন্যমঠাশ্রিত এই দীন-সেবকগণকে আপনার আনুগত্য শ্রীচৈতন্যমঠে নিত্য আশ্রয় প্রদান করুন।

হে শ্রীরূপ রঘুনাথ-ভক্তিবিনোদ-গৌর-সরস্বতীর নিজ-জন, আপনি কোনদিনও আপনার অকৃত্রিম ও নীরব বিশুদ্ধ-গুরুসেবার বিজ্ঞাপন প্রচার করেন নাই। আপনাতে কোনদিনই জড়কনক-কামিনী-প্রতিষ্ঠাশার বিন্দুমাত্রও দেখা যায় নাই। ইহা পরমারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদ কোটি-কোটিবার আমাদের নিকট বলিয়াছেন। শ্রীচৈতন্যমঠের ইতিবৃত্তে এবং আপনার ব্যক্তিত্ব ও গুরুসেবামগ্ন সাধুত্বের প্রতি সকলেরই স্বাভাবিক প্রীতি ও সুদৃঢ় বিশ্বাস থাকায় হরিকীর্ত্তন-প্রচারের উপায়ন-স্বরূপ বহু অর্থ আপনার নিকট আসিলেও আপনি একটি কপর্দ্দকও কোন দিনই নিজে গ্রহণ করেন নাই, সকলই তৎক্ষণাৎ গুরুপাদপদ্মে বা অর্থাদি-সংরক্ষণে ভারপ্রাপ্ত সেবকগণের নিকট প্রদান করিয়াছেন। আপনি নিত্যসিদ্ধ পরম পণ্ডিত বলিয়াই বোধ হয় নিজের জন্য কোন প্রকার দ্রবিণ, এমন কি, গ্রন্থাদি পর্য্যন্ত স্বতন্ত্রভাবে সংগ্রহ করেন নাই। আপনি নিষ্কিঞ্চন শ্রেষ্ঠ গুরুসেবকের উপমানস্বরূপ। আপনি একমাত্র হরিকথা কীর্ত্তন ব্যতীত অন্য কোন বাধ্যবাধকতা স্বীকার করিয়া জগতের স্ত্রী-পুরুষ-বালক কাহারও সহিত কোন সম্বন্ধ রাখেন নাই। আহারে বিহারে সর্ব্বতোভাবে আপনি ভক্তিপ্রতিকূল বিষয়িসঙ্গ হইতে পৃথক্ থাকিয়াছেন। কোন বিষয়ী কোন প্রকার অর্থবলের দ্বারা আপনাকে কোন দিনই ভক্তিপ্রতিকূল বিষয় সমর্থন করাইতে পারে নাই। কাহারও হৃদয়ের অন্তঃস্থলে সেইরূপ কোন ভাব লুকাইত থাকিলেও আপনি তাহা প্রকাশ করিয়া তাহাকে সতর্ক করিয়াছেন। আপনার সঙ্গীতবিদ্যা কোনও দিনই গুরুপাদপদ্ম ব্যতীত কোন বিষয়ীর ইন্দ্রিয়-তর্পণ বা লোকরঞ্জনের উদ্দেশ্যে প্রযুক্ত হয় নাই। আপনি শ্রীগুরুদেবকে দিয়া আত্মপ্রতিষ্ঠা-সংগ্রহের বিন্দুমাত্র প্রচ্ছন্ন-চেষ্টাকেও অমঙ্গলজনক গুরুভোগ-চেষ্টা বলিয়া জানাইয়াছেন। এক সময় শ্রীল প্রভুপাদ শ্রীচৈতন্যমঠাশ্রিত বিভিন্ন সেবকবৃন্দের প্রশংসা গান করিয়া স্বয়ং কতিপয় প্রবন্ধ আপনার হস্তেই শ্রীচৈতন্যমঠে বসিয়া লেখাইয়াছিলেন, সেই সময় আপনার প্রশংসাসূচক একটি পৃথক্ প্রবন্ধও আপনার হস্তেই লেখান। কিন্তু আপনার প্রশংসাসূচক সেই প্রবন্ধটী প্রকাশিত হইলে পাছে গুরুপাদপদ্মের দ্বারা নিজের সেবার বিজ্ঞাপন প্রচার ও গুরুদেবকে সেইরূপ কার্য্যে যত্ন করিবার প্রবৃত্তি বৃদ্ধি পায় হয়, এই আদর্শ-স্থাপন-কল্পে আপনি উহা এরূপভাবে গোপন করিলেন যে, 'নদীয়া-প্রকাশে'র সম্পাদকসজ্ঞ বহু চেষ্টা করিয়াও উহা আপনার নিকট হইতে বাহির করিতে পারেন নাই। আপনি কোনদিনই গুরুপাদপদ্ম হইতে আত্মপ্রশংসার আদিকা বা সুপারিসের নজির সংরক্ষণের

(অতঃপর ৫০ পৃষ্ঠার ২য় কলমে দ্রষ্টব্য)

মায়াকে পিছনে রাখি কৃষ্ণপানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ-রাজ

প্রাচীন নবদ্বীপ, তারকর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, গৌরবিষ্ণু-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-রাজিপ্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, প্রত্যহচতুষ্টয়-সেবায়-শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও চারখানি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠার্য্য শ্রীপাদ সদীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীরমেশগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীমিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)

শ্রীমোদদ্রুমে ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জয়দেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমতানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিরূপ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীভূপেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধবগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভিনোদ বি-

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীরাধাদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীবৰ্দ্ধিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীনিশর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অকল্যান্ড, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ নৈমিষার, জিঃ সীতাপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীমহেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীকমলবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং ফরিদপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণ মথুরা।

রক্ষক—শ্রীগঙ্গেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণ, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—শেখপুরা,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং রহমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅবিজ্ঞ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গুণ্টুর গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁধগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ বালু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাণীগঞ্জ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুলুরহাট, পোঃ চিরিকুটা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীঅপ্রাকৃত ভক্তিসার গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরাসগোবিন্দ ব্রহ্মচারী।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদক শ্রীমদনমোহন ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২৯শে আগষ্ট, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল— প্রতি মণ

দাদখানি	৬।০
আলো চাল	৫৸০
ঐ মোটা	৫৲
কাটারিভোগ	৭৲-৭।০
বাঁকতুলসী	৫।০
বালাম নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
এক্সেল কোয়ালিটি	৪৲
সিদ্ধ রেঙ্গুন	৩৸৶০

আতপ—

নূতন আতপ	৪৲—৪।০
পেশোয়ারী	১০৲-১০।০
বাঁকতুলসী আতপ	৫।০-৫।৶
ঐ মাঝারি	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫।০-৫।০
কাটারীভোগ	৭৲
ঐ রেঙ্গুন	৩৶০

চিনির দর

কাশীর, চাঁদপ	১০।৶০
কপুর ১০০০ নং	১০৶০
	৯।০
করোলা সাদা	
নপুর সাদা	৮।০—৯৶০
নপুর লাল	৭।৶০—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

সোনার বার	৩৪।০
রূপা	২২৲
চাঁদির বার	৫২।০

পাটের দর

তোষা—	৪০৸০
ধুসর—	৪০৸০
সুতা—	৪১।০
লাল বস্তের দর—	৪১৲

আটা ও ময়দার দর

ফ্রেঞ্চ ময়দা প্রতি মণ	৬।০—৬৸৶০
গাজ্ঞাব ঐ	৬৲—৬৶০
ফিনকোড ঐ	৫৸৶০—৫৸০
সুজী	৬৲—৬৶০
আটা (বি)	৪৸০—৪৸৶০
আটা নং (২)	৫৶০—৫।৶০
আটা (এল)	৫৲—৫।০
আটা (কে)	৪৸০—৪৸৶০
আটা নং (৩)	৩।০—৪।৶০
পাঞ্জাবী	৩।৶০—৩৸০
ঘি	১৸৶০—২।৶০

সুতের দর

সাদা	৫৭৲
কালো	৫৭৲
ব্যাপারী	৪০৲
লাল	৪৪৲

গাভিরোর	৪৸০
তার	৪৬৲
কাপুর	৩৬৲
রাঙ্গা গাঢ়ো	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৸০—৯।০
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৸০—৮।০
ঐ টাটা ষ্টেনডেড জয়েষ্ট বীমসব সাইজ	১০৲
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸০
নক্সা (টি আয়রণ)	৮৸০—৯।০
এঙ্গেল আয়রণ (কোনা)	৮।০—৯৲

টাটা গ্যাঃ করগেট-টিন।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৫৶০
২৮ গেজ—	১৫।০

টাটা গ্যাঃ প্লেন সীট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
২৮ গেজ—	১৫৲

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ বাটকা ২৪—৩০ গেজ

সীস	।৶৫—৮
বাগান বেড়া কাঁটা তার (বাণ্ডিল)	১০।
প্লেট কাটিং বা ফ্লিট কাটা মণ	৩।০—৲
পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৭।০—৮৲ হন্দর
গোল বড় কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন পাতি, বোল্টু, গরাদে	৮৲—৯৲

গোল বড় রি-ইনফোস ও কনক্রিটের

রড	৯৸০—১২.

বড় ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

চটকলের হালদণ ৫৶০, পাটের হালদণ ৬।০

তুলার হালদণ ৪৸০

জুতের দর

কলিকাতা ২৬শে জুন,

আমের সোনার কাইন	৫৪৲
ফিট্‌ন আমের ফারকা	৪০৲
করাচি পুলিন কাইন	৪০৲
হায়াৰ্দ তাৰা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

প্রতি মণ

পাকা সাগু	৪।০
সুপারী লেনী	১৬।০—১৭৲
কাটা সুপারী	১০৸০—১১।০
আড়ি পরিষ্কার	১৫।০—১৭।০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স্ লিঃ
ডি-৫ জগন্নাথ ঘাট লোহাপটী, বড়বাজার
কলিকাতা

শ্রীকৃষ্ণ-ভাবনামৃতম্

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর প্রণীতম্। মূল সংস্কৃত, শ্রীকৃষ্ণদেব সার্ব্বভৌম কৃত টীকা এবং সরল বঙ্গানুবাদ—যেমন সুখপাঠ্য তেমনই শিক্ষাকর, পাদ টীকায় যাবতীয় আবশ্যক বিষয় অষ্টকালীয় লীলা স্মরণ-প্রণালীর বিবরণ এবং লীলানুরূপ মহাজনী পদাবলী সহ সম্পাদিত। এরূপ সর্ব্বোৎকৃষ্ট সংস্করণ কোথাও প্রকাশিত হয় নাই। বৃহৎ গ্রন্থ, উৎকৃষ্ট বাঁধাই। মূল্য ৫৲ টাকা। ডাকমাশুল স্বতন্ত্র।

শ্রীআনন্দ বৃন্দাবন চম্পু

মহাকবি শ্রীমৎ কবিকর্ণপুর গোস্বামী বিরচিত। যিনি অতি শৈশবে শ্রীমহাপ্রভুর পাদাঙ্গুষ্ঠ লেহন করিয়া কবিশক্তি লাভ করিয়াছিলেন সেই শ্রীল শিবানন্দ সেনাত্মজ শ্রীমৎ কবিকর্ণপুর গোস্বামী বিরচিত শ্রীবৃন্দাবন লীলার সুধা-সাগর-স্বরূপ শ্রীগ্রন্থখানি একাধারে মূল, শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী কৃত টীকা এবং সরল সুখপাঠ্য বঙ্গানুবাদ সহ ১০ম স্তবক পর্য্যন্ত একত্রে বাঁধান। মূল্য ৪॥০ টাকা। মাশুল স্বতন্ত্র।

সাত্বত দর্পণ বা

সৎক্রিয়া-সার-পদ্ধতি

ইহা বৈষ্ণব স্মৃতি-সম্মত বিবাহ, উপনয়নাদি দশবিধ সংস্কার, সন্ধ্যা, তর্পণ, পূজা, হোম, প্রায়শ্চিত্ত, শব-সৎকার হইতে অশৌচবিচার ও বৈষ্ণবীয় শ্রাদ্ধকার্য প্রভৃতি যাবতীয় ক্রিয়া-পদ্ধতি বৈদিক সূত্র সহ, স্মৃতিগ্রন্থ এবং শ্রীহরিভক্তিবিলাস ও সৎক্রিয়া সার দীপিকাদি অবলম্বনে ভক্তির অনুকূলে অতি সরলভাবে সঙ্কলিত। ভগবদ্ভক্ত জন মাত্রেই এই পদ্ধতি দৃষ্টে নিত্য নৈমিত্তিক, বৈদিক লৌকিক সকল ক্রিয়াই অনায়াসে সম্পন্ন করিতে পারিবেন। বৃহদ্গ্রন্থ। মূল্য ২৲ টাকা। ডাঃ মাঃ স্বতন্ত্র।

পুস্তকালয়ের অন্যান্য পুস্তকের বিষয় জানিতে হইলে ক্যাটালগের জন্য লিখুন।

ম্যানেজার—ভক্তিপ্রভা পুস্তকালয়,
আলাটী পোঃ, জেলা হুগলী।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৭,	১০—৩১,	১৩—১১	১৭—৩৮	১৯—৩৩
মহেশগঞ্জ	ছাঃ	৭—১৭,	১১—৩	১৪—০	১৮—৯,	২০—০৫
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৩৫,	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—১১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

স্বরূপগঞ্জ ঘাট	ছাঃ	৫-৩৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৫১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫০	৯-৩৩	১১-৫৮	১৩-৮	১৮-৫৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৭	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মৃত্যু পথযাত্রীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার খ্যাতি জগৎময় ব্যাপক। নিত্য নূতন মূল্যবান [illegible] এবং নতুন ও পুরাতন জ্বর একবার সেবন করিয়া দেখুন যে আপনার অবস্থার পরিবর্ত্তন হয় কিনা। ছোট বোতল ৮০ আনা, বড় বোতল ১৷০ আনা। প্যাকিং খরচ স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ওল্ডচিনাবাজার রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের দ্বন্দ্বময় যুগে এই গ্রন্থখানি পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের ব্যাখ্যা, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও সংজ্ঞা, মানবগণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে উৎসুক তাঁহাদের অবশ্যই এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে বর্ণানুক্রমে শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা ৸০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার
শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব
আরম্ভ

আগামী ১১ই সেপ্টেম্বর শনিবার সন্ধ্যা ৬॥০ ঘটিকায় কলিকাতা অ্যালবার্ট হলে 'গৌড়ীয়' সম্পাদকের 'সম্প্রদায় ও সমন্বয়' সম্বন্ধে বক্তৃতা হইবে।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	
" " ইঞ্চি	২,	১৷০	১৷০	১,
সিকিকলম	৫,	৪০	৪,	৩,
" অর্দ্ধকলম	৮,	৭,	৬,	৫,
" এক কলম	১২,	১০,	১০,	৮,

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬	৪॥০
" সিকি কলম ১,	১২,
" অর্দ্ধকলম ২৪,	১৮,
" এক কলম ৩৬,	৩০,

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	[illegible]
ষাণ্মাসিক "	৫,
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১,

প্রতি সংখ্যা ৴৫; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইংরাজীর প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল [illegible] সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃতফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের লীলামৃত পাঠে ধন্য হউন। এই বিরাট অভিনব ও আকর্ষণীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর দার্শনিক সিদ্ধান্তের সুষ্ঠু আলোচনা। প্রথম খণ্ডই ডবল ক্রাউন আকারে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশকীয় ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-সূচী (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—[illegible] গৌড়ীয় মঠ, [illegible]; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২, স্থলে মাত্র ৬,

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে!

শুদ্ধ বৈষ্ণবসম্প্রদায়ের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজী পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

ফোন: শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীমায়াপুরধর্মপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের অন্যতিরিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৩০শে ভাদ্র, ১৩৪৪, ১৫ই সেপ্টেম্বর, ১৯৩৭, বুধবার [সংখ্যা ১৬৯]

বিবিধ সংবাদ

—::•::—

চীন জাপানের সাম্রাজ্যবাদী নীতি

গত শনিবার জেলা কংগ্রেস কমিটির উদ্যোগে সিবিলপার্কে এক সভা হয়। শ্রীযুক্ত জে. সি, গুপ্ত সভাপতির আসন গ্রহণ করেন। চীন দেশের উপর সাম্রাজ্যবাদী জাপানের আক্রমণের প্রতিবাদ করিয়া শ্রীযুক্ত জগদীশনারায়ণ তেওয়ারী একটি প্রস্তাব উত্থাপন করেন। উহা সভায় গৃহীত হয়। সভার উদ্দেশ্য বর্ণনা করিয়া সভাপতি মহাশয় বলেন যে, আজ চীনে যে পরিস্থিতির উদ্ভব হইয়াছে তাহা বিশেষভাবে চিন্তা করা প্রয়োজন। জাপানীরা চীন দেশের উপর যে অত্যাচার আরম্ভ করিয়াছে তাহা অন্যায়। কোন জাতিরই অপর এক জাতিকে পরাধীন করিয়া রাখার অধিকার নাই। শ্রীযুক্ত তেওয়ারী প্রস্তাব উত্থাপন করিয়া চীনে জাপানের অত্যাচারের এক বিবরণ দেন। অতঃপর কয়েকজন বক্তা জাপানের সাম্রাজ্যবাদী নীতির তীব্র নিন্দা করিয়া বক্তৃতা দেন। এই প্রসঙ্গে তাঁহারা চীনে ভারত হইতে সৈন্য প্রেরণের প্রতিবাদ করেন এবং সাম্রাজ্যবাদী যুদ্ধ হইতে ভারত দূরে থাকিবে, কংগ্রেসের এই নীতির কথা সকলকে স্মরণ করাইয়া দেন।

শ্রীযুক্ত সীতারাম সাক্সেরিয়া, জগদীশ প্রসাদ... বিশ্বমোহন সান্যাল, জগন্নাথ প্রসাদ মিশ্র, দয়ারাম যোশী প্রভৃতি সভায় উপস্থিত ছিলেন।

—

বৃটেনের দেশরক্ষার নীতি

সম্প্রতি গ্রেট ব্রিটেন ট্রেড ইউনিয়ন কাউন্সিলের ... অধিবেশন হইয়াছে। এই কংগ্রেসে 'ন্যাশনাল কাউন্সিল অব লেবারের' রিপোর্টে বর্ণিত বৃটেনের দেশরক্ষার নীতি প্রবল বিতর্কের পর অনুমোদিত হইয়াছে। প্রস্তাবের পক্ষে ৩৫৪০০০০ ভোট এবং বিপক্ষে ২২৪০০০ ভোট হইয়াছিল।

আলোচ্য বিষয়ের তালিকার অন্তর্ভুক্ত বিষয়গুলির মধ্যে 'ন্যাশনাল কাউন্সিল অব লেবারের' এই রিপোর্টই সর্ব্বাধিক গুরুত্বপূর্ণ বিষয় ছিল। রিপোর্টখানিতে উক্ত হইয়াছে যে, রাষ্ট্রসংঘ এখন অকর্ম্মণ্য হইয়া পড়িয়াছে; বৃটিশ গবর্ণমেন্ট যথোচিতরূপে নেতৃত্ব করিতেছেন না বলিয়াই রাষ্ট্রসংঘের এই শোচনীয় দুরবস্থা ঘটিয়াছে। শ্রমিকগণ মনে করেন যে, শ্রমিকদল শীঘ্রই গবর্ণমেন্ট পরিচালনার কর্ত্তৃত্ব হাতে লইবেন এবং তাঁহাদের দ্বারাই এই সমস্যার প্রতিকার হইবে। তবে ভাবী শ্রমিক গবর্ণমেন্টকে যথেষ্ট শক্তিশালী হইতে হইবে,—বহিঃশত্রুর আক্রমণ হইতে গ্রেটবৃটেনের রক্ষায় সম্পূর্ণ সক্ষম হইতে হইবে। বর্ত্তমান অস্ত্রশস্ত্র এবং রণসম্ভার বৃদ্ধির যে কার্য্যক্রম অবলম্বন করা হইয়াছে, তাহা সহজে উল্টাইয়া দেওয়া যাইবে না। আন্তর্জ্জাতিক অবস্থার একটা পরিবর্ত্তন ঘটাইতে না পারিলে এ বিষয়ে হস্তক্ষেপ করা সমীচীন হইবে না।

—

ঠকাইয়া গহনা লওয়ার অভিযোগ

গত শনিবার পঞ্চম প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মিঃ জে, আর্থার প্রাণনাথ মুখার্জ্জি নামক এক ব্যক্তিকে ছয় মাস সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

অভিযোগে প্রকাশ,—আসামী নায়কার দ্বিতীয় লেনে মেসার্স এন, এইচ, দাস কোম্পানী নামক স্বর্ণকারের দোকানের ম্যানেজার শ্রীযুক্ত ... নিকট হইতে ৩০১৲ টাকা মূল্যের গহনা দেখিবার জন্য লইয়া যায়, কিন্তু পরে গহনাগুলি ফেরৎ দেয় না বা তাহার মূল্য প্রদান করে না। গহনাগুলি পুনঃ পুনঃ ফেরৎ চাওয়া হয়। আসামী আংশিক মূল্য ২০০৲ টাকার এক চেক দেয়; কিন্তু ব্যাঙ্ক হইতে চেক ফেরৎ আসে; টাকা পাওয়া যায় না।

এডভোকেট মিঃ নিত্যেন্দ্রকুমার লাহিড়ী ফরিয়াদী পক্ষে উপস্থিত ছিলেন।

হৃষীকেশে-স্নানার্থীর সলিল-সমাধি

গত ৭ই সেপ্টেম্বর বেলা সাড়ে আট ঘটিকার সময় এখানকার ত্রিবেণী ঘাটে এক ব্যক্তি স্নান করিবার সময়ে হঠাৎ গঙ্গার প্রবল স্রোতের মধ্যে পতিত হন। সে নিজেকে সামলাইতে না পারিয়া ভাসিয়া যায়। শত শত স্নানার্থী উপস্থিত থাকা সত্ত্বেও তাহার উদ্ধারের কোন ব্যবস্থা হয় নাই। এখানে প্রায়ই এরূপ দুর্ঘটনা ঘটিয়া থাকে; কিন্তু এ পর্য্যন্ত কোন প্রতিকারের ব্যবস্থা অবলম্বিত হয় নাই।

—

বিমানপ্রতিযোগিতায় দুর্ঘটনা

গত ১০ই সেপ্টেম্বর "কিংস কাপ" বিমান প্রতিযোগিতার একটি দুর্ঘটনায় দুই জন লোক মারা গিয়াছে। উইং কমাণ্ডার পার্সিং গেরেন নামে একজন প্রতিযোগী এবং তাঁহার সহিত মিঃ হিল্টন নামে আর এক ব্যক্তি একখানি বিমান চালাইবার সময় হঠাৎ কল বিগড়াইয়া ডাবোয়েরে নিকটে বিমানখানি মাটিতে পড়িয়া ভাঙ্গিয়া যায় এবং দুইজন আরোহীরই তৎক্ষণাৎ মৃত্যু হয়।

ভৈরবা নদীতে নৌকাডুবি

বাজেয়ার নিকট ভৈরবা নদীতে একটী নৌকা উল্টাইয়া যাওয়ায় এক বৃদ্ধা ও দুইটী বালিকা ডুবিয়া মারা গিয়াছে। নৌকায় আর যে দুইজন ছিল তাহারা রক্ষা পাইয়াছে।

বাখরগঞ্জ জিলা রিলিফ কমিটির পক্ষ হইতে শ্রীযুক্ত সুরেশচন্দ্র গুপ্ত মহাশয় গত ৭ই সেপ্টেম্বর পটুয়াখালী পৌঁছিয়াছেন। স্থানীয় নেতৃবৃন্দ ও বার এবং লোকাল সাবডিভিসনের সদস্যগণকে সঙ্গে লইয়া তিনি পটুয়াখালী অঞ্চলের দুর্ভিক্ষ সম্বন্ধে আলোচনা, তথ্য সংগ্রহ ও পরামর্শ করিয়া সেইদিন রাত্রেই মৃজাগঞ্জ অভিমুখে রওনা হইয়াছেন। চতুর্দ্দিকের নিদারুণ অনশনক্লেশের সংবাদ জনসাধারণকে ব্যাকুল করিয়াছে। আউশ ধানের অবস্থা শোচনীয়। বীজের অভাবে বহু জমি পতিত থাকিবে। পৌষের ফসলও শীঘ্র উঠিবার আশা নাই।

নৌকাডুবির প্রতিকার

প্রায় প্রতি বৎসর বর্ষার সময়ে গোয়ালন্দের নিকটে মেঘনা নদীতে খেয়া নৌকা ডুবিয়া বহু লোকের মৃত্যু ঘটে। উহার প্রতিকারকল্পে কলিকাতা ১১২নং বেলেঘাটা ষ্ট্রীটস্থ আবা আবদুল্লিজান মহাশয়দের ম্যানেজার ও মেকানিক মাষ্টার শ্রীযুক্ত অমরচন্দ্র দে বহু পরিশ্রম ও অর্থব্যয়ে নিরাপদ জলযান প্রস্তুত করিবার উপায় উদ্ভাবন করিয়াছেন। তাঁহার প্রস্তাবিত জলযান কিছুতেই ডুবিবে না। নোয়াখালী জিলাবোর্ডের আহ্বানে তিনি বোর্ডের কর্তৃপক্ষগণের সহিত ঐ বিষয়ে আলোচনা করিয়া তাঁহাকে সন্তুষ্ট করিয়াছেন। অমর বাবু নোয়াখালী জেলাবোর্ড এবং বাঙ্গালার শিল্পবিভাগের ডিরেক্টরের নিকট তাঁহার নিরাপদ জলযানের প্ল্যান পাঠাইয়াছেন। শিল্পবিভাগের ডিরেক্টার ঐ প্ল্যান অনুযায়ী দশ ফুটের অধরবার নিরাপদ জলযান তৈয়ার আরম্ভ করিবেন

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

গ্রন্থাকারে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ — ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৯৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৮৲
৪। সরস্বতী জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। বামন-আদর্শ ৷০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ার-পাষণ্ডতা ৷৶০
২২। ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল মাত্র ভাষ্য ৷০
২৭। মুক্তিফলটিকা ভগবদ্গীতা (সানুবাদ) ২৲
২৮। বেদান্তভত্ত্বসার (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্চ্চনকর ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। আর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। ভবমুক্তাবলী বা নারায়ণপঞ্জিকা ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ কিউ ওয়ার্ড স অন্ বেদান্ত ৷০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইট্‌স্ মর্ফলজী য়্যাণ্ড অণ্টলজি ৷০
৭২। সিলেক্টেড ওয়ার্ড’স ৶০
৭৩। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু
৭৪।
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুই ৴০
৭৬। দি ভাগবত
৭৭। ইথোটিক প্রিন্সিপ্‌ল্‌স য়্যাণ্ড আনয়্যালয়েড ডিভোসন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভল্যুম ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৴১০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, পত্রি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ২৲ ভিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। বৈদ্যিবাবদা শ্রীপরমহংস মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ২৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কীত করা
হইয়াছে।

নির্মৎসর শুদ্ধভক্তি পিপাসু ব্যক্তিমাত্রই
এইগ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

১২শ বর্ষ { ১ম হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ৩০শে ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ১৫ই সেপ্টেম্বর ইং ১৯৩৭, বুধবার } ১৬১তম সংখ্যা

গৌড়ীয়মঠে শ্রীগুরু-পূজা

গত ১০ই সেপ্টেম্বর শুক্রবার কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীব্রজপত্তন-গৌড়ীয়াচার্য্যের বর্তমান আচার্য্যবর্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুর আবির্ভাব-তিথিপূজা সমারোহে কীর্তনমুখে অনুষ্ঠিত হইয়াছে।

এতদুপলক্ষে বেলা ৮টার সময় প্রথমে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ মঙ্গলাচরণ-গীতি কীর্তন করিলে তদনুগমনে সকলেই কীর্তন করেন। অতঃপর শ্রীমদ্ যাযাবর মহারাজ, শ্রীপাদ প্রণবানন্দ প্রভু শ্রীপাদ রাধিকারমণ প্রভু প্রমুখ বৈষ্ণবগণ 'গুরুতত্ত্ব', 'শ্রীরূপমঞ্জরীপদ' প্রভৃতি মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্তন করিতে থাকেন। নাট্যমন্দিরে শ্রীল আচার্য্যপাদপদ্মে অঞ্জলি-প্রদানের জন্য dias ও আসন সজ্জিত করা হইয়াছিল, কিন্তু শ্রীল আচার্য্যদেব সেই সময় নাট্যমন্দিরে উপস্থিত হইয়াই 'গুরুপূজা করিব' বলিয়া শ্রীমন্দিরে প্রবেশ করিলেন। প্রথমে শ্রীশ্রীল প্রভুপাদের পাদপদ্মে অঞ্জলি ও গলদেশে মালিকা পরাইয়া শ্রীমহাপ্রভুর সংবাদ্য প্রদান করেন। তিনি মন্দিরে বসিয়া বেলা ৮টা হইতে ১১॥টা পর্যন্ত প্রত্যেকের অঞ্জলি হস্তে গ্রহণপূর্বক শ্রীগুরুপাদপদ্মে পৌঁছাইয়া দেন। প্রত্যেকের অঞ্জলি গ্রহণ করিবার সময় প্রত্যেককেই মস্তক নত করিয়া প্রণাম করেন। এইরূপভাবে প্রায় ৫০ সাড়ে পাঁচশত পুরুষ-ভক্তের অঞ্জলি গ্রহণ করেন। শ্রীভক্তগণ অঞ্জলিপ্রদান করিতে চাহিলে শ্রীল আচার্যদেবের ইচ্ছানুসারে মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু উহা গ্রহণ করিয়া আচার্য্যদেবের হস্তে দিলে তিনি তাহা শ্রীগুরুপাদপদ্মে পৌঁছাইয়া দেন। অঞ্জলিপ্রদানের আদ্যোপান্ত সংকীর্তন হইতে থাকে।

ঐ দিবস সন্ধ্যায় সারস্বত-শ্রবণসদনে একটী মহতী সভার অধিবেশন হয়। ৭ ঘটিকার সময় শ্রীশ্রীল আচার্য্যদেব সভায় উপস্থিত হইলে সকলে দণ্ডায়মান হইয়া তাঁহাকে আচার্য্যোচিত সম্মান প্রদানপূর্বক অভ্যর্থনা প্রবৃত্ত হন। প্রথমে শ্রীমৎ শ্রৌতী মহারাজ তাঁহার গলদেশে পুষ্পমালিকা প্রদান করেন। অতঃপর স্বামীজী গৌড়ীয়মঠের সংস্কৃত 'প্রণতিপত্রম্', শ্রীমদ্ যাযাবর মহারাজ শ্রীচৈতন্যমঠের 'ভক্তি-পুষ্পাঞ্জলি', শ্রীমৎ সুন্দরানন্দ প্রভু গৌড়ীয়মঠের 'ভক্তি-অর্ঘ্য' এবং শ্রীমৎ তীর্থ মহারাজ গৌড়ীয়মঠের ইংরেজী অঞ্জলি পাঠ করেন। অবশেষে অধ্যাপক শ্রীপাদ সদানন্দ ব্রহ্মচারী তাঁহার নিজের অঞ্জলি পাঠ করেন। অনন্তর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসার যাযাবর মহারাজ কীর্তন করিলে পর রাত্রি ১০ ঘটিকায় সভা ভঙ্গ হয়। সমাগত প্রায় সহস্র লোককে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

এতদুপলক্ষে গত ১১ই সেপ্টেম্বর শনিবার প্রাতঃ ৩ ঘটিকায় শ্রীগৌড়ীয়মঠের শ্রবণসদনে একটী বিদ্বন্মণ্ডলী আচার্য্যাভিনন্দন-সভা আহূত হয়। শ্রীশ্রীল আচার্য্যদেব সভায় শুভাগমন পূর্বক আসন গ্রহণ করিলে পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবৈভব সাগর মহারাজ তাঁহার গলদেশে একটি পুষ্পমালা প্রদান করেন। অনন্তর আচার্য্যবন্দনাদি হওয়ার পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিভূদেব শ্রৌতী মহারাজ শ্রীল প্রভুপাদের অনুকম্পিত পণ্ডিত শ্রীপাদ নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ, প্রণীত অভিনন্দন পাঠ করিলে অধ্যাপক শ্রীযুত বদন ভক্তিশাস্ত্রী এম্ এ, বি-এল্ মহোদয় শ্রীমায়াপুর, লক্ষ্ণৌ, বম্বে, দিল্লী, দার্জিলিং, কাশী, গয়া, নারায়ণগঞ্জ, জানকী-নগর প্রভৃতি বিভিন্নস্থান হইতে আগত ১১টী টেলিগ্রাম পাঠ করেন। অনন্তর আচার্য্য-কৃপাপ্রাপ্ত অশোহার জমিদার শ্রীযুত শচী-নাথ রায়চৌধুরী ও রায়বাহাদুর শ্রীযুত ক্ষীরোদচন্দ্র সেন মহোদয়দ্বয় তাঁহাদের প্রদত্ত অভিনন্দনপত্র এবং অন্যান্য ভক্তগণ আরও বহু অভিনন্দন পাঠ করেন। অনন্তর হরি-কীর্তনান্তে শ্রীগুরুগৌরাঙ্গের জয়ধ্বনি সহকারে সভাভঙ্গ হয়।

এলবার্টহলে বক্তৃতা

গত ১১ই সেপ্টেম্বর শনিবার সন্ধ্যা ৭ ঘটিকার সময় এলবার্ট হলে সন্তোষের মাননীয় মহারাজা স্যর মন্মথ নাথ রায়চৌধুরী কে, টি মহোদয়ের সভাপতিত্বে একটী মহতী সভার অধিবেশন হয়। কুমার শরদিন্দু নারায়ণ রায় এম-এ মহোদয়ের প্রস্তাবে ও মিঃ আর, এন, সেন সলিসিটর মহোদয়ের সমর্থনে মহারাজ বাহাদুর সভাপতির আসন গ্রহণ করেন।

অনন্তর সুপ্রসিদ্ধ সাপ্তাহিক 'গৌড়ীয়' পত্রের সম্পাদক বাগ্মিপ্রবর মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, মহোদয় 'সম্প্রদায় ও সমন্বয়' বিষয়ে একটী মৌলিক গবেষণাপূর্ণ অতি সুন্দর বক্তৃতা প্রদান করেন। বক্তৃতা সকলেরই মনঃপ্রাণী হইয়াছিল। বহু শিক্ষিত সজ্জন ও ভদ্রমহিলা হরিকথা শ্রবণ করিবার জন্য সভায় যোগদান করিয়াছিলেন। সভার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্তন হইয়াছিল।

সভায় যে সকল ভদ্রমহোদয় উপস্থিত হইয়া হরিকথা শ্রবণ করিয়াছিলেন তন্মধ্যে নিম্নে কয়েকজনের নাম প্রদত্ত হইল :—

কুমার শ্রীযুক্ত বিশ্বেন্দ্রকৃষ্ণ দেববাহাদুর (শোভাবাজার রাজপরিবার), রায়বাহাদুর শ্রীযুক্ত পান্নালাল মুখোপাধ্যায় (জমিদার, উত্তরপাড়া), শ্রীযুক্ত শিবপ্রসন্ন ঘোষ (জমিদার, ডাঃ শ্রীযুক্ত রাখাল দে, শ্রীযুক্ত আশুতোষ মল্লিক (এম্-এস্-সি), শ্রীযুক্ত অনাদিরঞ্জন বসু (পুলিশ ম্যাজিষ্ট্রেট, শিয়ালদহ), অধ্যাপক শ্রীযুক্ত মন্মথনাথ বসু, শ্রীযুক্ত বিপিনবিহারী ব্যানার্জী (কেডমাষ্টার), রায়বাহাদুর শ্রীযুক্ত ক্ষেত্রমোহন বসু (রিটায়ার্ড ম্যাজিষ্ট্রেট সেক্রেটারী, বঙ্গ-গবর্ণমেণ্ট), ডাঃ শ্রীযুক্ত কানাইলাল পাল, ডাঃ শ্রীযুক্ত সত্যনারায়ণ দাস এম্-বি. শ্রীযুক্ত অবনীমোহন সান্যাল, শ্রীযুক্ত যতীন্দ্রনাথ মল্লিক, শ্রীযুক্ত কামাখ্যামোহন গুপ্ত, শ্রীযুক্ত মোহিনীমোহন সরকার, শ্রীযুক্ত জীবনরঞ্জন দাস, শ্রীযুক্ত অমূল্যচন্দ্র মল্লিক ও শ্রীযুক্ত পাঁচকড়ি দাস, শ্রীযুক্ত মনোরঞ্জন সরকার, শ্রীনরেন্দ্রনাথ দে, শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায়, শ্রীঅনাথনাথ সাহা, শ্রীদেবরঞ্জন মুখোপাধ্যায়, শ্রীননীগোপাল রায়, শ্রীপূর্ণচন্দ্র চ্যাটার্জী, শ্রীপ্রফুল্লচন্দ্র দত্ত, শ্রীসুরেন্দ্রনাথ রায়, রায়বাহাদুর শ্রীযুক্ত কালীপদচন্দ্র সেন, শ্রীযুক্ত শচীনাথ রায়চৌধুরী (অশোহার জমিদার) শ্রীযুক্ত সুশীলরঞ্জন দাস এম্-এ বি-এল্, (বারুইপুর জমিদার, প্রফেসার শ্রীযুক্ত নিশিকান্ত সান্যাল এম্-এ ক'ইপ্রুস্কর, প্রফেসার শ্রীযুক্ত যতীন্দ্রকুমার সেন, বঙ্গবাসী কলেজ মৈমনসিংহ) প্রভৃতি।

"কায়মনোবাক্যে হরিকীর্তন বিধেয়। কায়িক কীর্তন, বাচনিক কীর্তন, মানসিক কীর্তন যুগপৎ করিতে হইবে। মন যদি কৃষ্ণ কীর্তন না করে, অন্যমনস্ক হইয়া থাকে, তাহা হইলে কৃষ্ণের সম্যক্ কীর্তন হয় না। নিজের আদর্শ আচরণের মধ্যেও কৃষ্ণকীর্তন করিতে হইবে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২৪ হৃষীকেশ কৃষ্ণ-[illegible] গৌরাব্দ ৪৫১

নরক

পাপ করিলে যে নরকে যাইতে হয়, একথা আমরা সকলেই অল্পবিস্তর শুনিয়াছি। তবে নরক আছে কিনা এবং যদি থাকে তাহা কোথায় আছে ইত্যাদি নানারকম সন্দেহমূলক প্রশ্ন আমাদের পাপমলিন চিত্তে উদিত হয়। আবার অনেকে মনে করেন, স্বর্গ ও নরক এইখানেই, এইখানেই যা কিছু সব। এ সব মনঃকল্পিত ধারণা ভ্রমাত্মক। ভগবদবতার শ্রীমদ্ভাগবত এই প্রশ্নের সুষ্ঠু মীমাংসা করিয়াছেন। আমরা পূর্বজন্মে কত পাপ যে করিয়াছি এবং এই জন্মে প্রতিক্ষণে যে কত পাপ করিতেছি তাহার ইয়ত্তা নাই। আমরা কখন দেহজ পাপে এবং কখনও বা মনজ পাপে লিপ্ত আছি। কখন সাক্ষাদ্ভাবে পাপ করিতেছি, কখন বা পাপস্পৃহাকে হৃদয়ে স্থান দিয়া চিত্তকে মলিন করিতেছি। পাপাদির স্বরূপ বিশেষভাবে না জানার দরুণ আমাদের এইরূপ দুর্বুদ্ধি জাগিতেছে। সুতরাং এই সকল বিষয় বিশেষভাবে আলোচিত হওয়া অত্যন্ত আবশ্যক।

শ্রীমদ্ভাগবতে ৫ম স্কন্ধ ২৬ অধ্যায়ে শুক-পরীক্ষিৎ-সংবাদে নরকের বিষয় বর্ণিত আছে। নরকসমূহ ত্রিলোকের অন্তরে অবস্থিত। দক্ষিণদিকে ভূতলের—জল অতল আ'র সপ্ত পাতালের অধোভাগে এবং জলের উপরিভাগে নরকসমূহের অবস্থান। ঐ স্থানে পিতৃগণাধিপতি ধর্মরাজ যমরাজ সপার্ষদে স্ব-স্ব-স্বামীর আজ্ঞা উল্লঙ্ঘন না করিয়া মৃত্যুর পর দূতগণের দ্বারা তাঁহার অধিকার মধ্যে আনীত প্রাণিগণের স্ব স্ব দোষের বিচার পূর্বক দণ্ড প্রদান করিতেছেন।

সেইস্থানে নরকের সংখ্যা কেহ কেহ একবিংশতি বলিয়া বর্ণনা করিয়া থাকেন। যথা—তামিস্র, অন্ধ-তামিস্র, রৌরব, মহা-রৌরব, কুম্ভীপাক, কালসূত্র, অসিপত্রবন, শূকরমুখ, অন্ধকূপ, কৃমিভোজন, সন্দংশ, তপ্তসূর্মি, বজ্রকণ্টকশাল্মলী, বৈতরণী, পূয়োদ, প্রাণরোধ, বিশসন, লালাভক্ষ, সারমেয়াদন, অবীচি, অয়ঃপান—এই একবিংশতি নরক। কিন্তু এতদ্ব্যতীত ক্ষারকর্দম, রক্ষোগণভোজন, শূলপ্রোত, দন্দশূক, অবট-নিরোধন, পর্যাবর্তন এবং সূচীমুখ নামে আরও ৭টী নরক আছে। সর্বসাকল্যে এই অষ্টবিংশতি নরক—নানাবিধ যন্ত্রণার স্থান।

যে ব্যক্তি এই পৃথিবীতে অপরের ধন, স্ত্রী ও পুত্র অপহরণ করে, ভয়ঙ্কর যমদূতগণ তাহাকে কালপাশে বন্ধন করিয়া পূর্বোক্ত নরকসমূহের মধ্যে তামিস্র নরকে বলপূর্বক নিক্ষেপ করিয়া থাকে। এই তামিস্র নরক ঘোর অন্ধকারে আচ্ছন্ন, প্রাণিগণ উহাতে পতিত হইয়া ভোজ্য ও পানীয়ের অভাবে এবং দণ্ড, তাড়না ও তর্জনাদির যাতনায় ছটফট্ করিতে থাকে। তাহারা এইরূপ ভীষণ দুঃখে পতিত হইয়া একেবারে মূর্চ্ছা-প্রাপ্ত হয়।

যে ব্যক্তি পতিকে বঞ্চনা করিয়া তাহার কলত্রাদি সম্ভোগ করে, সে অন্ধ তামিস্র নরকে পতিত হয়। ঐ নরকে নিক্ষেপ করিবার পূর্বে ভীষণাকৃতি নির্দয় যমদূতগণ সেই পাপীকে নানারূপ যাতনা প্রদান করে। ঐ যাতনায় পীড়িত হইয়া বেদনায় জীবের বুদ্ধি ও দৃষ্টিশক্তি বিনষ্ট হইয়া যায়।

ইহ সংসারে যে ব্যক্তি দেহ ও দ্রবিণাদিতে আমি-বুদ্ধি করিয়া অপর প্রাণীর হিংসাদ্বারা অনুদিন নিজের এবং নিজ দেহ-সম্পর্কিত আত্মীয়জনের ভরণপোষণ করে, সে ব্যক্তি দেহ ও কুটুম্ব এইখানেই পরিত্যাগ করিয়া প্রাণিদ্রোহজনিত পাপফলে স্বয়ং রৌরব নরকে নিপতিত হয়।

মহারৌরব নরকও ঐ প্রকার। ঐরূপ হিংসাপরায়ণ জনগণেরই ঐ নরকপ্রাপ্তি হইয়া থাকে। তথায় সর্প হইতেও অত্যন্ত ক্রূরস্বভাববিশিষ্ট 'ক্রব্যাদ' নামক রুরুগণ ঐ সকল পরমাংসে আত্মপোষণপর নরকস্থ ব্যক্তিকে মাংসগ্রহণার্থ নানাবিধ পীড়া প্রদান করিয়া থাকে। যে সকল নিষ্ঠুর ব্যক্তি এই সংসারে নিজ নিজ প্রাণপুষ্টির নিমিত্ত পশু বা পক্ষিগণকে জীবন্ত রন্ধন পাক করে, পরলোকে সেই সকল নিষ্ঠুর ব্যক্তিগণকে যমদূতগণ কুম্ভীপাক নামক নরকে নিক্ষেপ করিয়া তপ্ততৈলে পাক করিয়া থাকে।

ইহলোকে যে ব্যক্তি ব্রহ্মঘাতী, সে কালসূত্র নামক নরকে নিক্ষিপ্ত হয়। ঐ নরকের পরিধি—দশ সহস্র যোজন, ঐস্থান এ-তাম্রময় সমভূমি। নিম্নদেশ হইতে অগ্নি ও ঊর্ধ্বদেশ হইতে সূর্যের প্রখরতাপে ঐ তাম্র অত্যন্ত উত্তপ্ত থাকে। ব্রহ্মহত্যাকারী ঐ স্থানে পতিত হইলে ক্ষুধা ও তৃষ্ণায় তাহার শরীরের বাহ্যাভ্যন্তর দগ্ধ হইতে থাকে। তাহাতে সে কখনও শয়ন, কখনও উপবেশন, কখনও দণ্ডায়মান এবং কখনও বা ছুটিয়া বেড়াইতে থাকে। পশুদেহে যত সংখ্যক রোম আছে, ঐ পাপীকে তত সহস্র বৎসর ঐরূপ যাতনা ভোগ করিতে হয়।

এই সংসারে যে ব্যক্তি আপৎকাল উপস্থিত না হইলেও স্বীয় বেদমার্গ হইতে ভ্রষ্ট হইয়া পাষণ্ড অর্থাৎ বেদবিরুদ্ধ মার্গ অবলম্বন করে, যমদূতগণ তাহাকে অসিপত্র-বন নামক নরকে নিক্ষেপ করিয়া বেত্রাঘাত করিতে থাকে। প্রহারযন্ত্রণায় যেমন সে ঐ নরকে ইতস্ততঃ ধাবিত হইতে থাকে অমনি উভয় পার্শ্বের অসিতুল্য তালপত্রের ধারে তাহার সর্বাঙ্গ ক্ষতবিক্ষত হইতে থাকে। তখন সে "হায়, হায়, প্রাণ যায়, প্রাণ যায়" এই বলিতে বলিতে তীব্র যন্ত্রণায় অধীর হইয়া পদে পদে মূর্চ্ছিত হইয়া পড়িতে থাকে। স্বধর্মত্যাগী এই প্রকারে পাষণ্ডাবলম্বনের ফল ভোগ করিতে থাকে।

ইহলোকে যে রাজা বা রাজপুরুষ দণ্ডদানের অযোগ্য ব্যক্তিকে দণ্ড প্রদান করে, কিংবা অদণ্ডনীয় ব্রাহ্মণকে শারীরদণ্ড বিধান করে, সেই পাপী পরলোকে যাইয়া "শূকরমুখ" নামক নরকে পতিত হয়, তথায় অতি বলশালী যমদূতগণ যখন ইক্ষুদণ্ডের ন্যায় উহার অবয়ব সকল নিষ্পেষণ করে, তখন আর্তস্বরে ক্রন্দন করিতে থাকে এবং এই সংসারে নির্দোষ ব্যক্তি যেমন দণ্ডিত হইলে মোহগ্রস্ত হইয়া মূর্চ্ছা-প্রাপ্ত হয়, সেও সেইরূপ মোহপ্রাপ্ত হইয়া কখনও কখনও মূর্চ্ছিত হইয়া পড়িতে থাকে।

ঈশ্বর মৎকুণাদি প্রাণিগণকে মনুষ্যরক্ত-পানরূপ বৃত্তি নির্দ্ধারিত করিয়া দিয়াছেন, উহাদিগকে বিবেক দেন নাই, তাই উহারা অন্যের দুঃখকষ্ট জানিতে পারে না; কিন্তু তিনি মনুষ্যদিগের ব্রাহ্মণাদি বর্ণাশ্রমানুসারে বিধি ও নিষেধ পূর্বক ভিন্ন ভিন্ন বৃত্তি নির্দেশ করিয়া দিয়াছেন, এবং তাহাদিগকে বিবেকও দান করিয়াছেন, তৎসত্ত্বেও তাহারা অন্যের বেদনা জানিতে পারে। অতএব বিবেকী হইয়াও যে মনুষ্য ঐ সকল বিবেকহীন জীবকে পীড়ন করে, সে সেই হিংসা-জনিত পাপে পরলোকে 'অন্ধকূপ' নামক নরকে নিক্ষিপ্ত হয়। ঐ পাপী পশু পক্ষী, মৃগ, সরীসৃপ, মশক, যূক (উকুন), মৎকুণ (ছারপোকা) ও মক্ষিকাদি যে সমস্ত জীবকে পূর্বে হিংসা করিয়াছিল, তাহারা সকলেই তখন চতুর্দিক হইতে তাহার পীড়ন করিতে থাকে, তাহাতে তাহার নিদ্রাসুখ একবারেই নষ্ট হইয়া যায়। যন্ত্রণায় অস্থির হইয়া কোথাও স্থির স্থান পায় না। যেমন জীবাদি কুৎসিৎ যোনিতে পরিভ্রমণ করিয়া কষ্ট পায়, সেও সেইরূপ অন্ধকারে পড়িয়া কষ্ট পাইতে থাকে।

যে ব্যক্তি কোন অন্নদ্রব্য প্রাপ্ত হইলে অতিথি বালকবৃদ্ধকে তাহার যথাযথ অংশ না দিয়া নিজে ভোজন করে, অথবা যে ব্যক্তি পঞ্চবিধ যজ্ঞ অনুষ্ঠান না করে, সে কাক তুল্য বলিয়া বর্ণিত হয়। এবং পরকালে 'কৃমি-ভোজ' নামক অতি নিকৃষ্ট নরকে পতিত হয়। সেই নরকে লক্ষ যোজন-বিস্তৃত এক কৃমিকুণ্ড আছে। সে সেই কুণ্ডের কৃমি হইয়া কৃমি ভক্ষণ করে এবং তথাকার কৃমিগণও তাহাকে ভক্ষণ করে। এইরূপে যে-সমস্ত লোক অপরকে ভাগ না দিয়া সমস্ত বস্তু নিজেই ভোগ করে অথবা যজ্ঞাবশিষ্ট দ্রব্য গ্রহণ না করে,—তাহাদের যতকাল পর্যন্ত সেই পাপক্ষয় না হয়, ততকাল পর্যন্ত তাহারা অকৃত-প্রায়শ্চিত্ত থাকিয়া স্ব-স্ব আত্মাকে নানা যন্ত্রণা ভোগ করায়।

ইহলোকে যে ব্যক্তি প্রাণসঙ্কট উপস্থিত না হইলেও ব্রাহ্মণ কিংবা অপর ব্যক্তির হিরণ্যরত্নাদি ধন চৌর্যবৃত্তি কিংবা বলপ্রয়োগ দ্বারা অপহরণ করে, পরলোকে যমদূতগণ সেই ব্যক্তিকে 'সন্দংশ' নামক নরকে নিক্ষেপ করিয়া লৌহময় অগ্নিপিণ্ড ও সাঁড়াশী দ্বারা তাহার ত্বক্ ছিন্নভিন্ন করিয়া দেয়।

আবার ইহলোকে যে ব্যক্তি অগম্যা-স্ত্রীতে কিংবা যে স্ত্রী অগম্য পুরুষে অভিগমন করে, পরকালে যমদূতগণ সেই পুরুষ বা স্ত্রীকে তপ্তসূর্মি নামক নরকে লইয়া গিয়া কশাঘাত করে এবং পুরুষকে তপ্তলৌহময়ী স্ত্রীমূর্তি ও স্ত্রীকে তদ্রূপ পুরুষমূর্তি দ্বারা আলিঙ্গন করায়।

যে ব্যক্তি ইহলোকে পশ্বাদিতে অভিগমন করে, পরকালে যমকিঙ্করগণ তাহাকে 'বজ্রকণ্টকশাল্মলী' নামক নরকে নিক্ষেপ করে। ঐ নিরয়ে এক শাল্মলী বৃক্ষ আছে, উহার কণ্টক—বজ্রতুল্য, যমদূতগণ পাপীকে উহার উপর চড়াইয়া টানিতে থাকে।

ইহলোকে যে-সকল রাজন্য বা রাজপুরুষ সৎকুলজাত হইয়াও ধর্মসেতু ভেদ

করে, সেই সকল ব্যক্তি অপমানিত হইয়া পরলোকে 'বৈতরণী'-নদীতে নিপতিত হয়। ঐ নদী—নরকের পরিখা-স্বরূপ, তাহাতে যে সকল হিংস্র জলজন্তু আছে, তাহারা ঐ পাপীকে ভক্ষণ করিতে থাকে, তথাপি ঐ পাপীর দেহপ্রাণ বা প্রাণ বর্জ্জিত হয় না; নিজের পাপ-অর্জ্জিত কর্ম্মবিপাক স্মরণ করিতে করিতে সেই ব্যক্তি বিষ্ঠা, মূত্র, পূয, শোণিত, কেশ, নখ, অস্থি, মেদ, মাংস, বসা-বাহিনী নদীতে পড়িয়া ভীষণ যন্ত্রণা ভোগ করে।

যে সকল লোক এই সংসারে শূদ্রাপতি হইয়া শৌচ, আচার ও নিয়ম হইতে ভ্রষ্ট হয় এবং লজ্জা-বিহীন হইয়া পশুর ন্যায় স্বেচ্ছাচার করে, মৃত্যুর পরে তাহারা 'পূয়োদ' নামক নরকের পূয, বিষ্ঠা, মূত্র, শ্লেষ্মা এবং লালাপূর্ণ সাগরে পতিত হইয়া সেই সকল অতি ঘৃণিত পদার্থ ভক্ষণ করে।

ইহলোকে ব্রাহ্মণাদি যে-সকল লোক কুকুর ও গর্দ্দভ-পালক হইয়া অথবা বিহিত-কাল ব্যতীত অন্যসময়েও মৃগয়ায় বর্জ্জিত হয় এবং পশুহনন করে, মৃত্যুর পরে যমদূতগণ তাহাদিগকে 'প্রাণরোধ' নামক নরকে নিক্ষেপ করে এবং তথায় উহাদিগকে লক্ষ্য করিয়া বাণ দ্বারা বিদ্ধ করিতে থাকে।

আর যে সকল দাম্ভিক ব্যক্তি ইহলোকে কেবল দম্ভ প্রকাশ করিবার জন্য যজ্ঞের অনুষ্ঠান করে এবং সেই যজ্ঞে পশুবধ করে, পরলোকে তাহারা 'বৈশস' নামক নরকে নিক্ষিপ্ত হয়। যমদূতগণ তাহাদিগকে অশেষ যাতনা দিয়া বধ করে।

ইহলোকে যে দ্বিজ কামাতুর হইয়া তাহার ভার্য্যাকে বশীকরণার্থ বীর্য্য শুক্র পান করায়, পরলোকে যমদূতগণ তাহাকে 'লালা-ভক্ষ' নামক নরকে নিক্ষেপ করে, তথায় শুক্রনদীর মধ্যে তাহাকে শুক্র পান করায়।

ইহলোকে যে সকল ব্যক্তি দস্যুবৃত্তি করে, পরগৃহে অগ্নি দেয় অথবা পর-প্রাণ-নাশার্থ বিষ প্রদান করে, অথবা যে সকল রাজা বা রাজদূত গ্রামবাসী বা বণিক্‌গণকে হিংসা করে, মৃত্যুর পর তাহারা 'সারমেয়াদন' নামক নরক প্রাপ্ত হয়। তথায় সপ্তশত-বিংশতি-সংখ্যক বজ্রদংষ্ট্র কুক্কুর তাহাদের বজ্রতুল্য দংষ্ট্রাদ্বারা অত্যন্ত আনন্দের সহিত সেই সকল পাপীকে ভক্ষণ করিতে থাকে।

যে-সকল ব্যক্তি ইহলোকে মিথ্যা সাক্ষ্যপ্রদান করে, যমদূতগণ তাহাদিগকে শতযোজন উন্নত পর্ব্বতশিখর হইতে অধোশির করিয়া 'অবীচি' নামক নরকে নিক্ষেপ করে। উহাতে কোনও অবলম্বন স্থান নাই। প্রস্তরপৃষ্ঠস্থল জলের ন্যায় প্রতীয়মান হইয়া থাকে; সুতরাং ঐ জলের বীচি অর্থাৎ তরঙ্গ নাই,—এইজন্যই উহাকে 'অবীচি' বলে, উহাতে পতিত হইয়া পাপিগণের শরীর তিল তিল করিয়া বিশীর্ণ হইতে থাকে, কিন্তু একবারে মৃত্যু হয় না। যমদূতগণ পুনরায় তাহাদিগকে ঐরূপ উচ্চ প্রদেশে উঠাইয়া তথা হইতে ঐ নরকে নিক্ষেপ করে,—এইরূপে নানা যাতনা প্রদান করে।

ইহলোকে যে ব্রাহ্মণ বা ব্রাহ্মণী সুরা পান করে, কিংবা যে কেহ ব্রতস্থ হইয়া অথবা যে কোন ক্ষত্রিয় বা বৈশ্য প্রমাদ বশতঃ সোম পান করে, যমদূতগণ তাহাদিগকে 'অয়ঃ পান' নামক নরকে লইয়া গিয়া পদদ্বারা তাহার বক্ষঃস্থল চাপিয়া ধরে এবং মুখে অগ্নির উত্তাপ-সংযোগে দ্রবীভূত লৌহ ঢালিয়া দেয়।

এই সংসারে যে আত্ম-সম্ভাবিত ব্যক্তি নিজে অধম হইয়াও 'আমি বড়' বলিয়া মিথ্যা অহঙ্কার পূর্ব্বক স্বাপেক্ষা জন্ম, তপস্যা, বিদ্যা, আচার, বর্ণ ও আশ্রমাদি পদবীতে সর্ব্বতোভাবে শ্রেষ্ঠ ব্যক্তিকে বিশেষভাবে সম্মান করে না, সে ব্যক্তি মৃতবৎ হইয়া থাকে, আবার মৃত্যুর পর যমদূতগণ তাহাকে অধোমুখ করিয়া 'ক্ষার-কর্দ্দম' নামক নরকে নিক্ষেপ করে। তথায় সে অত্যন্ত দুঃখযাতনা ভোগ করিতে থাকে।

ইহসংসারে যে-সকল পুরুষ নৃমেধ-যজ্ঞ দ্বারা ভৈরব ও ভদ্রকালী প্রভৃতি দেবতার পূজা করিয়া নররূপী পশু ও স্ত্রী-গণকে ভক্ষণ করে, মৃত্যুর পর সেই সকল হিংসিত-পশু যমালয়ে রাক্ষস হইয়া ঘাতকের ন্যায় সুতীক্ষ্ণ খড়্গ দ্বারা তাহাদিগকে বধ করে। ইহলোকে পুরুষ-মেধ-যজ্ঞকারী ব্যক্তি যেমন নররূপী পশুর রক্ত পান করিয়া আনন্দে নৃত্যগান করিতে থাকে, সেই-সকল হিংসিত পশুও তদ্রূপ পরলোকে হিংসাকারীর রক্ত পান করিয়া আনন্দে নৃত্যগান করিতে থাকে।

ইহলোকে যে-সকল নিরপরাধ পশু জীবনরক্ষার্থ ব্যাকুল হইয়া গ্রাম বা অরণ্যে আশ্রয় গ্রহণ করে, সেইসকল নিরীহ প্রাণীকে যাহারা নানাবিধ বিশ্বাসোপায় দ্বারা বিশ্বাস জন্মাইয়া শূল অথবা সূত্রাদিতে বিদ্ধ করে এবং ক্রীড়া-পক্ষীর ন্যায় ক্রীড়া করিয়া যাতনা দেয়, তাহারা পরলোকে 'শূলপ্রোত' নামক নরকে নীত হয়, তথায় তাহাদের দেহ শূলাদিতে প্রোথিত হইয়া ক্ষুৎপিপাসায় পীড়িত হয়। চারিদিক্‌ হইতে কঙ্ক ও বট প্রভৃতি তীক্ষ্ণচঞ্চু পক্ষী আসিয়া তাহাদিগকে পীড়ন করিতে থাকে। এইরূপে যম-যাতনায় অস্থির হইয়া তখন তাহারা স্বকৃত পাপরাশি স্মরণ করিতে থাকে।

যে সকল মনুষ্য ইহলোকে সর্পাদি খল-স্বভাব প্রাণীর ন্যায় ক্রোধ-পরায়ণ হইয়া প্রাণিগণকে পীড়ন করে, তাহারা পরলোকে 'দন্দশূক' নামক নরকে পতিত হয়। ঐ নরকে পঞ্চমুখ ও সপ্তমুখ দন্দশূকগণ উহা-দিগকে মূষিকের ন্যায় ধরিয়া গ্রাস করিতে থাকে।

যে সকল লোক ইহলোকে প্রাণিগণকে অন্ধকূপে, কুসূল (গোলা বা ভুষাগার) এবং গুহাদিতে বন্ধ করিয়া উৎপীড়ন করে, তাহারা পরলোকে 'অবট-নিরোধন'-নামক নরক প্রাপ্ত হয়। তখন ঐরূপ অন্ধকূপাদিতে বিষমিশ্রিত বহ্নি ও ধূমদ্বারা শ্বাসরোধজনিত যন্ত্রণা ভোগ করে।

যে-সকল গৃহপতি ইহলোকে অতিথি অভ্যাগত দেখিলে বারবার ক্রুদ্ধ হইয়া উঠে এবং পাপদৃষ্টিদ্বারা দৃষ্টিদ্বারা যেন তাহাদিগকে দগ্ধ করিতে উদ্যত হয়, তাহারা 'পর্য্যাবর্ত্তন' নামক নরকে পতিত হয়। তথায় বজ্রের ন্যায় কঠিন-চঞ্চুবিশিষ্ট গৃধ্র, কাক ও বটাদি পক্ষী ঐ পাপদৃষ্টি ব্যক্তির চক্ষুদ্বয় সহসা বল-পূর্ব্বক উৎপাটন করে।

যে-ব্যক্তি ইহলোকে ধনমদে মত্ত হইয়া 'আমি শ্রেষ্ঠ' এইরূপ অহঙ্কারে বক্রদৃষ্টি হয়, ধনাপহরণের আশঙ্কায় গুরুজনের প্রতিও সন্দিগ্ধমনা হয়, ধনক্ষয়-ভাবনায় যাহার হৃদয় ও বদন শুষ্ক হইতে থাকে, সুতরাং যে কোন প্রকারেই শান্তি লাভ করিতে পারে না—পিশাচের ন্যায় কেবল অর্থের রক্ষাবাড়ি করিয়া থাকে, সে-ব্যক্তি ঐ প্রকার অর্থের উপার্জ্জন, বর্দ্ধন ও রক্ষণাদি-বিষয়ে চিত্ত সন্নিবেশ করায় নরলোকে 'সূচীমুখ'—নামক নরকে নিপতিত হয়, যমদূতগণ তথায় এরূপ পিশাচ পাপীর সর্ব্বাঙ্গে তন্তুবায়ের ন্যায় সূত্র বয়ন করে।

এই অষ্টাবিংশতি নরক ব্যতীত যমালয়ে আরও শত সহস্র নরক আছে। যে সমস্ত অধার্ম্মিকের কথা এখানে উল্লেখ করা হইয়াছে, কিংবা যাহা হয় নাই, তাহাদের সকলেই পর্য্যায়ক্রমে ঐ সকল নরকে প্রবেশ করে। আর যাহারা ধার্ম্মিক, তাহারা স্বর্গাদি পুণ্যময় লোকে গমন করে, কিন্তু পাপ বা পুণ্য শেষ হইতে না হইতেই পুনরায় জন্মপরিগ্রহ করিবার জন্য আবার এই পৃথিবীতেই আসিয়া পড়ে।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি
ভিক্ষা :—১ম খণ্ড—৳৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড ৳৹ ৪র্থ খণ্ড—৳৹
প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর
শ্রীচৈতন্যমঠ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য-স্বরূপরূপানুগ-বর-পরমহংসাষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্‌ভক্তিসিদ্ধান্তসরস্বতী-গোস্বামি-মহারাজস্য শুভাবির্ভাবশ্বাসরে

আর্ত্তিকুসুমাঞ্জলি

———::(০)::———

(১)

আচার্য্যদেব ! প্রকটাস্তি তেহত্র
সত্যাশ্রয়াঃ শুদ্ধাঃ সর্ব্বদ্ ।
তক্ষ্যর্থাপারং তত্তং প্রচিন্ত্য
ত্বৎপূজনার্থং হি কৃত-প্রযত্নাঃ ॥

(২)

বয়ন্তু চান্যা তপস্যাহীনাঃ
শ্বমধিক্রান্তপদা বিমূঢ়াঃ ।
পূজেয়হবস্তে সকলং কথং তৎ
নামাত্র তেন্তে বিহিত-প্রসাদঃ ॥

(৩)

সর্ব্বং হি বিশ্বং পরমেশভক্তং
বিনা ভক্তিমার্গং ন জনঃ সমর্থঃ ।
কর্ত্তুং চ লোকস্য হিতাহিতং বা
স্বাস্থ্যং কি কুর্ব্বন্ত বহন্তি দেবাঃ ॥

(৪)

ত্বদেকমাচার্য্যপদং তবৈব
ধন্যতঃ ভক্তি-প্রচার-হেতোঃ ।
জানেন্ত নাস্তিকবাদমেতৎ
বৃথাবিবাদে নিরতা ভবান্ত ॥

(৫)

আচার্য্যদেবস্য পদং ন কিঞ্চিৎ
লোকে কদাচিৎ স্মৃতবৈষ্ণবৃত্তিম্‌ ।
লোকোহপি সত্ত্বকৈলোক্যবৈঃ
সাধকজীবানাং ইদং ভবতাম্‌ ॥

(৬)

অশেষ সদাচার-বিচার-দক্ষো
দুঃসঙ্গ-সংবর্জ্জন-গাঢ়-চিত্তঃ ।
জড়প্রতিষ্ঠাভক্তিলাম্পটঃ
সতাং জনপ্রাতিকবোপকারী ॥

(৭)

গৌরাঙ্গ-গোবিন্দ-বিতরকতঃ
শ্রীমদ্‌গুরোঃ সেবনকার্য্যসক্তঃ ;
শ্রীনামমাহাত্ম্য-প্রচার-যুক্তো
ভবান্‌ ভবৈশ্বর্য্য এব সর্ব্বৈঃ ॥

(৮)

হে দেব ! শিক্ষাবিধ৬প্রবাহৈ-
র্বান্ধান্ বরাকান্ জগদাশয়াস্তু ।
উদ্ধৃত্য গৌরাঙ্গ-পদাব্জ-যুগ্মে
সংস্থাপয়েত্তান্ ন ইদং হি কাম্যম্‌ ॥

শ্রীধাম-মায়াপুর-পরবিদ্যাপীঠাশ্রিত
-ছাত্রবৃন্দানাম্‌

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ-রাজা

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ,পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ,শ্রীগৌর,গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-বাচিপ্রচারকরূপে'নদীয়া-প্রকাশ'যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রধানচতুষ্টয় বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি তত্ত্ব-গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও চাতুর্ম্মাস্য পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ নবীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীবনগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ কাষগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিধিকৃষ্ণ ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ কাষগর, (বর্দ্ধমান)

শ্রীবাসুদেব ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

রক্ষক—শ্রীমদনমোহন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী -(শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তিসদন

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রহ্মচারী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চবিবশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিধা পোঃ আরি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীমদনগোপাল ব্রহ্মচারী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীঅভিরাম ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীনরহরি ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীশরৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

জলাপাহাড়, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ নৈমিষার, জিঃ সীতাপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

মহলা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

২২নং কবিরপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীমুকুন্দানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীমঙ্গল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিচার আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) একদ্যাশ্রম-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাশ্রী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং ক্যানিং রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রিয় ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিল ব্রহ্মচারী।

(৫১) মান্দ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মান্দ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী মান্দ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যারত্ন

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশপদি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ বালু (ঢাকা

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রহ্মচারী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম ম

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ডুমুরদহ, পোঃ চিরুলিয়া, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ড্রেটনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত,
ব্রজপত্তন ভক্তমেলা, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২১শে আষাঢ়, ১৩৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬৷৹
আতপ চাল	৫৷৵৹
ঐ নতুন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷৹
বাঁকতুলসী	৫৷৹
মুগি নূতন	৪৶৹
ঐ পুরাতন	৫৲
বালেশ্বর কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেগুন	৩৷৶৹

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷৹
পেশোয়ারী	১০৲-১০৷৹
বাঁকতুলসী আতপ	৫৷৹-৫৷৶
ঐ বালাম	৫৲-৫৶৹
পাটনাই আতপ	৫৷৹-৫৷৹
কাটারিভোগ	৮৲
ঐ বেগুন	৩৶৹

চিনির দর

...চিনি, টাইপ	১০৷৵৹
...পুর ১০০০ নং	১০৵৹
...ধোয়া দানা	৯৷৹
...গুড় দানা	৮৷৹—৯৶৹
...পুর দানা	৭৷৵৹—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

...বাদের বাট	৩৪৷৹
...পণ	২২৲
চাঁদির বাট	৫২৷৹

পাটের দর

...—	৪০৸৹
...—	৪০৸৹
...—	৪১৷৹
...র বস্তের দর—	৪১৲

আটা ও ময়দার দর

...ভাল ময়দা প্রতি মণ	৬৷৹—৬৷৵৹
...কাইন ঐ	৬৲—৬৶৹
...ঐ	৫৷৵৹—৫৸৹
...	৬৲—৬৶৹
... (বি)	৫৸৹—৫৸৶৹
... নং (২	৫৵৹—৫৷৵৹
... (-এল)	৫৲—৫৷৹
... (বে)	৪৸৹—৪৸৶৹
... নং (৩)	২৷৹—২৸৶৹
...আটা	১৷৶৹—১৸৹
...	১৶৹—১৷৶৹

ঘৃতের দর

...	৫৭৲
...মীজা	৫৭৲
...জেবী	৫৩৲
...	৫৫৲

গাজিপুর	৪৸৹
তার	৪৬৲
কাবুলে	৩৬৲
বাঁকা গাওয়া	৪১৸৹

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী—	দর প্রতি হন্দর
লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)	
মার্কা	৯৸৹—৯৷৹
ঐ দে-মার্কা হাল্কা ওজন	৮৸৹—৮৷৹
ঐ টাটা ষ্ট্যাণ্ডার্ড জয়েষ্ট বীমসব সাইজ	১০৷
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৹
বরগা (টি আয়রণ)	৮৸৹—৯৷৹
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷৹—৯৲
টাটা গ্যাঃ করগেট-সীট।	
২৪ গেজ—	১৩৷৹
২৬ গেজ—	১৫৵৹
২৮ গেজ—	১৫৷৹
টাটা গ্যাঃ প্লেন সীট।	
২৪ গেজ—	১৩৸৹
২৬ গেজ—	১৪৸৹
২৮ গেজ—	১৫৲
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৸৹
২৬ গেজ—	১৪৸৹
গ্যাঃ নটকা ২৪—৩০ গেজ	
সীস	।৵৫—৸৹
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৷৹
রেট কাটি বা ডিট কাটা দণ	৩৷৹—৪৲
পাটী কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৭৷৹—৮৲ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ইঞ্চ	৯৲—১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯৷৹—১০৷৹
টিন প্লাটি, বোল্টু, পয়ারে	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের	
জন্য	৯৸৹—১২৲
খুঃ ইস্পাত আসল ২৩৲,	নকল ২১৲
চটকলের হালবণ ৫৶৹, পাটের হালবণ ৬৷৹	
তুলার হালবণ ৪৸৹	

জুতের দর

কলিকাতা ২৫শে জুন,

আবেন সোনার লাইন	৫৪৲
মিট্‌র আবেন কভরক	৪০৲
কাচি ফুলিস লাইন	৪৩৲
চাবার্শ বাথা	৫৩৲
ঐ লাইন	৫১৲

বেবেভি মসলা

কলিকাতা, ২৫শে জুন,

	প্রতি মণ
পাকল সাও	৮৷৹,
সুপারী বেন্দী	১৬৷৹—১৭৲
কাটা সুপারী	১০৷৹৹—১১৷৹
ভাট গরিজম	১৫৷৹—১৭৷৹
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷৹

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স লিঃ
ডি-৫ জগন্নাথ ঘাট লোহাপটী, বড়বাজার
কলিকাতা

শ্রীকৃষ্ণ-ভাবনামৃতম্

শ্রীল বিশ্বনাথ চক্রবর্তী ঠাকুর প্রণীতম্। মূল সংস্কৃত, শ্রীকৃষ্ণদেব সার্বভৌম কৃত টীকা এবং সরল বঙ্গানুবাদ—যেমন সুখপাঠ্য তেমনই চিত্তাকর্ষী, পাদ টীকায় বিবিধ জ্ঞাতব্য বিষয় অষ্টকালীয় লীলা স্মরণ-প্রণালীর বিবরণ এবং লীলানুরূপ মহাজনী পদাবলী সহ সম্পাদিত। এরূপ সর্বোৎকৃষ্ট সংস্করণ কোথাও প্রকাশিত হয় নাই। বৃহৎ গ্রন্থ, উৎকৃষ্ট বাঁধাই। মূল্য ৫৲ টাকা। ডাকমাশুল স্বতন্ত্র।

শ্রীশ্রীআনন্দ বৃন্দাবন চম্পূ

মহাকবি শ্রীমৎ কবিকর্ণপুর গোস্বামী বাল্যকালে যিনি স্বীয় শৈশবে শ্রীমহাপ্রভুর পাদাঙ্গুষ্ঠ লেহন করিয়া কবিশক্তি লাভ করিয়াছিলেন সেই শ্রীল শিবানন্দ সেনাত্মজ শ্রীমদ্ কবিকর্ণপুর গোস্বামী বিরচিত শ্রীবৃন্দাবন লীলার সুধা-সিন্ধু স্বরূপ শ্রীগ্রন্থখানি বঙ্গাক্ষরে মূল, শ্রীলবিশ্বনাথ চক্রবর্তী কৃত টীকা এবং সরল সুখপাঠ্য মর্মানুবাদ সহ ১০ম স্তবক পর্যন্ত একত্রে বাঁধান। মূল্য ৪.০ টাকা। মাশুল স্বতন্ত্র।

সাত্ত্বত দর্পণ বা

সৎক্রিয়া-সার-পদ্ধতি

ইহা বৈষ্ণব স্মৃতি-সম্মত বিবাহ, উপনয়নাদি দশবিধ সংস্কার, সন্ধ্যা, তর্পণ, পূজা, হোম, প্রায়শ্চিত্ত, শব-সংস্কার হইতে অশৌচবিচার ও বৈষ্ণবীয় শ্রাদ্ধকার্য প্রভৃতি যাবতীয় ক্রিয়া-পদ্ধতি বৈদিক গৃহ্য সূত্র, স্মৃতিগ্রন্থ এবং শ্রীহরিভক্তিবিলাস ও সৎক্রিয়া-সার দীপিকাদি অবলম্বনে ভক্তির অনুকূলে অতি সরলভাবে সঙ্কলিত। অক্ষরজ্ঞান মাত্রেই এই পদ্ধতি দৃষ্টে নিত্য নৈমিত্তিক, বৈদিক লৌকিক সকল ক্রিয়াই অনায়াসে সম্পন্ন করিতে পারিবেন। বৃহদ্গ্রন্থ। মূল্য ২৲ টাকা। ডাঃ মাঃ স্বতন্ত্র।

পুস্তকালয়ের অন্যান্য পুস্তকের বিষয় জানিতে হইলে ক্যাটলগের জন্য লিখুন।

ম্যানেজার—ভক্তিপ্রভা পুস্তকালয়,
আঁটপুর পোঃ, জেলা হুগলী।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীমায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—১৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৪
নবদ্বীপঘাট	পৌঃ	৭—২৫	১১—১০,	১৪—৯	১৮—১৩,	২০—১২

শ্রীমায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ!

ম্যালেরিয়া-জর্জরিত জীর্ণ শীর্ণকায় নর নারীগণের প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ... ... । ... ... এবং নূতন ও পুরাতন ... একবার সেবন করিয়া দেখুন যে আপনার ... ... । ... ছোট বোতল ৮৵৹ আনা, বড় বোতল ১৷৵৹ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ... রোড, ... ।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের দ্বন্দ্বের যুগে এই গ্রন্থখানি পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের মহাত্ম্য, ব্রাহ্মণের স্বরূপ, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও সংজ্ঞা ব্রাহ্মণগণের পরম্পরা ব্যবহার-প্রণালী জানিতে ইচ্ছুক, তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ্‌, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে একাধার শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার

শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব

আরম্ভ

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত,

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিভাস্কর সাহিত্যশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গ্রেষণাপূর্ণ এবং নিরপেক্ষ লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের লীলা-কথা-শ্রবণ পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমাক্‌ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশকি ও, গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ অধুনাতন প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ গৌড়ীয়মঠ, বালিয়াটি, বাংলা; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,

১৬।এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট

বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

———:(০):———

বিজ্ঞাপনের হার

সংবাদের পৃষ্ঠায়	১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনের ।০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি ২৲	১৷০	১৷	১৲
সিকিকলম ৪৲	৩॥০	৩৲	৩৲
অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৩৲	২৷০
সিকি কলম ১৲	১২৲
অর্দ্ধকলম ২৪৲	১৮৲
এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গৌড়ীয় বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন

ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে

শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত

হইবে।

যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি

অতি সুন্দরভাবে ইহাতে

সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্‌

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্‌

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হই[য়া] থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্‌

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

মুদ্রণ: শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীধামসংবর্দ্ধনপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক
নদীয়াপ্রকাশ
THE NADIA-PRAKASH

REG NO C 1844
ওঁ বিষ্ণুপাদ
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৩১শে ভাদ্র, ১৩৪৪, ১৬ই সেপ্টেম্বর, ১৯৩৭, বৃহস্পতিবার [সংখ্যা ১৭০]

বিবিধ সংবাদ

—::(॰)::—

ই-বি রেলে পূজার সুবিধা

ইষ্টার্ণ বেঙ্গল রেলের এজেন্ট ঘোষণা করিয়াছেন যে, আগামী দুর্গাপূজা উপলক্ষে উক্ত রেলের প্রথম, দ্বিতীয় ও মধ্যম শ্রেণীর যাত্রীগণকে ৬০মাইল ভ্রমণকারীদের জন্য নির্দ্দিষ্ট কনসেশন হারে রিটার্ণ টিকেট পূজার ছুটি আরম্ভ হওয়ার পনের দিন পূর্ব্ব হইতে পাওয়া যাইবে। আগামী ২৮শে সেপ্টেম্বর হইতে ২৭শে অক্টোবর পর্য্যন্ত টিকেট পাওয়া যাইবে। এ ব্যবস্থায় ভীড় কম হওয়ার কথা।

স্পেনের গৃহযুদ্ধ

স্পেনের গৃহযুদ্ধ এখনও সমভাবেই চলিতেছে। গণতান্ত্রিক স্পেন-সরকার খুবই বিপন্ন। এদিকে এই ব্যাপারের সম্বন্ধে বড় বড় শক্তিপুঞ্জের ভিতরে নানা কারণে কষাকষি চলিতেছে। কোথাকার জেট কোথায় গড়াইবে, বলা যায় না।

মধ্যপ্রদেশের প্রধান মন্ত্রীর পদবী

নাগপুরের ২৫শে আগষ্টের সংবাদে প্রকাশ যে মধ্যপ্রদেশের লাটসাহেব নাকি ঐ প্রদেশের প্রধান মন্ত্রীকে "প্রাইম্‌মিনিষ্টার" রূপে অভিহিত হওয়ার আদেশ করিয়াছেন।

চাঁদপুর সহর জলমগ্ন

মেঘনায় জল অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে। প্রবল বাতাস বহিতেছে। সহরের অনেক স্থান জলমগ্ন হওয়ায় সহরবাসীর বিশেষ অসুবিধা হইতেছে।

একটী বালককে দুই-জনের দাবী

——(॰(::)॰)——

ঢাকা নারায়ণগঞ্জের মহকুমা-ম্যাজিষ্ট্রেটের আদালতে আলোচ্য সম্প্রতি মামলায় আর একটি কৌতূহল উদ্দীপক মামলার তদন্ত হইয়া গিয়াছে। মামলার বিবরণে প্রকাশ, প্রায় ৬ বৎসর পূর্ব্বে নিতাইগঞ্জের শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ চক্রবর্ত্তীর ৫ বৎসর বয়স্ক পুত্র মদন নিরুদ্দেশ হয়। বহুদিন পর্য্যন্ত তাহার কোন খোঁজ খবর পাওয়া যায় না। কয়েক মাস পূর্ব্বে একজন পুলিশ কনেষ্টবলের নিকট সংবাদ পাইয়া জিতেন বাবু ঢাকায় যাইয়া একটি বালককে তাঁহার নিরুদ্দিষ্ট পুত্র বলিয়া সনাক্ত করেন। নারায়ণগঞ্জের পুলিশ ছেলেটিকে জিতেন বাবুর হাতে অর্পণ করে। জিতেন বাবুর বাড়ীর প্রতিবেশী সমস্ত ভদ্রলোক এবং ভদ্রমহিলাও বালকটিকে মদন বলিয়া সনাক্ত করেন। জিতেন বাবুর স্ত্রী এবং আত্মীয় স্বজন বালকটির শরীরের কয়েকটি চিহ্ন দেখিয়া বলেন যে, তাঁহারা তাহাকে মদন বলিয়া চিনিতে পারিয়াছেন ইহার কয়েকমাস পরে ত্রিপুরা জেলার বাঞ্ছা নামক স্থানের কাজল খাঁ নামক এক ব্যক্তি ঢাকার অতিরিক্ত ম্যাজিষ্ট্রেটের নিকট বালকটি তাহার ভ্রাতুষ্পুত্র সফদর খাঁ বলিয়া দাবী করিয়া এক দরখাস্ত করে। জেলা ম্যাজিষ্ট্রেট নারায়ণগঞ্জের মহকুমা ম্যাজিষ্ট্রেটের উপর তদন্তের ভার দেন। তদন্তের দিন মহকুমা ম্যাজিষ্ট্রেটের আদালতগৃহ লোকে পরিপূর্ণ হইয়া যায়। উকিল শ্রীযুক্ত চিত্তরঞ্জন চক্রবর্ত্তী এবং মোক্তার মৌলবী আবদুল রেজাক দরখাস্তকারী কাজল খাঁর পক্ষ সমর্থন করেন। উকিল শ্রীযুক্ত সাতকড়িচন্দ্র রায় এবং মোক্তার মৌলবী সামাদ জিতেন বাবুর পক্ষ সমর্থন করেন। বাঞ্ছায় অধিবাসী রায় বাহাদুর কমলেশলোচন মজুমদার, বাঞ্ছারা হাই স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুক্ত অবনীমোহন মজুমদার এম, এ, জমিদার শ্রীযুক্ত ইন্দ্রলোচন মজুমদার এবং ঢাকার বিশিষ্ট উকিল শ্রীযুক্ত হৃদয়বন্ধু মুখোপাধ্যায়ের পুত্র শ্রীযুক্ত ব্রজবন্ধু মুখোপাধ্যায় উঁহাদের সাক্ষ্যে বলেন যে, বালকটি কাজল খাঁর ভ্রাতুষ্পুত্র সেকেন্দার আলীর পুত্র এবং বাঞ্ছারা জমিদারদের পাইক আমান খাঁর পৌত্র. সেকেন্দার আলী ও আমান খাঁ জীবিত নাই। তাহারা বালককে ১০ মাস বয়স হইতে দেখিতেছেন। তাহার নাম সফদর খাঁ। সাতকড়ি বাবু যখন ব্রজবন্ধু বাবুকে জেরা করিতেছিলেন, তখন মহকুমা ম্যাজিষ্ট্রেট বলেন, বালকটিকে তদন্ত শেষ না হওয়া পর্য্যন্ত ঢাকার উকিল শ্রীযুক্ত হৃদয়বন্ধু মুখোপাধ্যায়ের বাসায় রাখা হউক। ঐ কথা শুনিয়া জিতেন বাবু অজ্ঞান হইয়া পড়েন। বালকটী মহকুমা ম্যাজিষ্ট্রেটের নিকট চেয়ারে বসিয়াছিল। সে তৎক্ষণাৎ ছুটিয়া জিতেন বাবুর নিকট যায়। প্রাথমিক চিকিৎসার ফলে আধ ঘণ্টা পর জিতেন বাবুর চৈতন্য হয়। মহকুমা ম্যাজিষ্ট্রেট তাহার কামরায় বসিয়া বালকের জবানবন্দী গ্রহণ করেন। বালকটি মহকুমা ম্যাজিষ্ট্রেটকে বলে যে, জিতেন বাবু তাহার পিতা, সে জিতেন বাবুর নিকটই থাকিতে চায়। বালকের বর্ত্তমান বয়স ১১ বৎসর। মহকুমা হাকিম আদেশ করেন যে, বালক জিতেন বাবুর হেফাজতেই থাকিবে। দরখাস্তকারীকে তিনি দেওয়ানী আদালতে যাইতে বলেন এবং ঢাকার সেখ ও আবদুল আজিজের বিরুদ্ধে অপহরণের মামলা আনয়ন করিতে বলেন।

চীন-জাপান যুদ্ধ

চীন-জাপান যুদ্ধ প্রবল বেগেই চলিতেছে। ভারতীয় অধিবাসী ও কর্ম্মচারীদের নিরাপদ রক্ষার্থ ভারত হইতে সৈন্য প্রেরিত হইয়াছে। এই যুদ্ধের পরিণতি কি তাহা বলা কঠিন। তবে চীন তাহার আপন স্বার্থ ও অধিকার রক্ষায় কতদূর সমর্থ হইবে, তাহাই সন্দেহজনক।

টাইপ রাইটিংএ কৃতিত্ব

এ বৎসর গভর্ণমেন্ট কমার্শিয়াল পরীক্ষায় আইডিয়েল কমার্শিয়াল ইন্‌ষ্টিটিউটের ভোলানাথ দে প্রতি মিনিটে আশিটি শব্দ টাইপ করিয়া প্রথম স্থানাধিকার পূর্ব্বক বঙ্গদেশে সর্ব্বোচ্চ রেকর্ড স্থাপন করিয়াছেন। গত ১৯২৬ সালে অনুরূপ আর একটি রেকর্ড স্থাপিত হইয়াছিল। সুতরাং ইহা দ্বিতীয় রেকর্ড।

গোপন চক্ষু

বৃটিশ বৈজ্ঞানিক মিঃ আলড্রিজ গোপন চক্ষু নাম দিয়া একপ্রকার যন্ত্র আবিষ্কার করিয়াছেন। ইহার সাহায্যে ঘন কুয়াসাচ্ছন্ন সমুদ্রে ও মেঘের মধ্যেও দূরবর্ত্তী জাহাজ ও এরোপ্লেনসমূহ দৃষ্ট হইবে। এই বৈজ্ঞানিক আবিষ্কার যুদ্ধ ব্যাপারে পাইলটগণের ও দিকহারা নাবিকের যথেষ্ট কার্য্যে লাগিবে।

বিশেষ দ্রষ্টব্য

শ্রীশ্রীবিশ্বরূপ পূজোপলক্ষে প্রেস বন্ধ থাকায় আগামীকল্য ১ দিন শ্রীনদীয়াপ্রকাশ প্রকাশিত হইবেন না।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। জৈবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। বামন-আলবর ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-সাহিত্য ৷৵০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল বাংলা ভাষা ।০
২৭। মুক্তিসরিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-নিদ্-বর্ণন ৶
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা)
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶
৩৫। গীতমালা /১
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাবর্ণন ।
৪০। শরণাগতি
৪১। গীতাবলী /১
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্চ্চনকণ /০
৪৭। সদাচারস্মৃতিঃ /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ /১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিজয়ঃ ।০
৬৩। গৌড়ীয়-সিদ্ধান্তসূত্রম্ ।০
৬৪। ভক্তব্যম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৵০
৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ /০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিউ অব দি কার্ত্তন অব বেদান্ত ।০
৭০। মায়াবাদ /০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। বিদেশিক সোর্স'স ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রেসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনর্যাপেল্ড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ফাস্ট ভলুম) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু /১০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, পাক্ষিক প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় —মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ-সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত —চিকিৎসার একমাত্র পারমার্থিক পাক্ষিক। বৈদিকমঠ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
ভবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে সঙ্কলিত করা
হইয়াছে।

নিষ্কপট শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এইগ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

১২শ বর্ষ | ২৫ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ৩১শে ভাদ্র বঙ্গাব্দ ১৩৪৪, ১৬ই সেপ্টেম্বর ইং ১৯৩৭, বৃহস্পতিবার | ১৭শ সংখ্যা

শ্রীগৌড়ীয়মঠে বিরাট্ আচার্য্যাভিনন্দন সভা

শ্রীগৌড়ীয়মঠে বিরাট্ আচার্য্যাভিনন্দন-সভা

—::(○)::—

শ্রীল তীর্থমহারাজের আনুগত্যে শত শত ভক্তের মিলিতকণ্ঠে শ্রীশ্রীল আচার্য্যপ্রশস্তি কীর্ত্তন

—::(○)::—

আচার্য্যমাহাত্ম্যসম্বন্ধে অভিজ্ঞ বাগ্মিগণের বক্তৃতা

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুরের প্রকটতিথি-পূজোপলক্ষে তাঁহাকে অভিনন্দন প্রদানের জন্য গত ১২ই সেপ্টেম্বর রবিবার কলিকাতায় বাগবাজার শ্রীগৌড়ীয়মঠের সারস্বতশ্রবণসদনে সন্ধ্যা ৬॥০ ঘটিকায় এক বিরাট্ সভার অধিবেশন হইয়াছিল। এতদুপলক্ষে শ্রবণসদনটী উত্তমরূপে সজ্জিত করা হইয়াছিল। সভাপতি শ্রীশ্রীল আচার্য্যদেব নির্দ্দিষ্ট সময় সভায় উপস্থিত হইলে সমাগত শত শত সজ্জন ও ভক্তমণ্ডলী দণ্ডায়মান হইয়া তাঁহাকে আচার্য্যোচিত সম্মান প্রদর্শন করেন এবং শ্রীল আচার্য্যদেব আসন গ্রহণ করিলে সকলে উপবেশন করেন। অতঃপর মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীল আচার্য্যদেবের গলদেশে পুষ্পমাল্য প্রদান করেন। উপদেশক শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারী [illegible] ভক্তিশাস্ত্রী “ভজ হুঁ রে মন শ্রীনন্দনন্দন” এই উদ্বোধন-সঙ্গীতটী কীর্ত্তন করিলে পর গৌড়ীয়মিশনের গভর্ণিং বডির চেয়ারম্যান ত্রিদণ্ডিপাদাগ্রণী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ দণ্ডায়মান হইয়া উচ্চৈঃস্বরে শ্রীল আচার্য্যবন্দনা ও শ্রীল প্রভুপাদ-বন্দনাগীতি কীর্ত্তন করেন এবং সভায় উপস্থিত শত শত সজ্জন ও ভক্তমণ্ডলী দণ্ডায়মান হইয়া সমবেতকণ্ঠে সেই গীতির অনুকীর্ত্তন করেন। অতঃপর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিগৌরব বৈখানস মহারাজ অনর্গল সংস্কৃত ভাষায় শ্রীগুরুমাহাত্ম্য সম্বন্ধে একটী নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। ইহার পর উপদেশক পণ্ডিত শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী কৃতিরত্ন মহোদয় বিভিন্ন স্থান হইতে শ্রীল আচার্য্যপাদপদ্মে প্রেরিত অভিনন্দনসমূহ ও তৎপ্রদানকারিগণের নামোল্লেখ করেন। তদনন্তর গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু ‘শ্রীল প্রভুপাদের প্রকাশিত গুরুপূজা ও কর্ম্মপূজকের বৈশিষ্ট্য” সম্বন্ধে বিশেষ গবেষণা ও দার্শনিক তথ্যপূর্ণ একটী বক্তৃতা প্রদান করেন। অতঃপর কার্য্যাধ্যক্ষ শ্রীপাদ সদানন্দ ব্রহ্মচারীজী (হের ই, জে, সুলংজে) “Necessity of Initiation by Acharyya” (আচার্য্যের নিকট হইতে দীক্ষাগ্রহণের প্রয়োজনীয়তা) সম্বন্ধে অনর্গল ইংরেজী ভাষায় একটি যুক্তিপূর্ণ বক্তৃতা প্রদান করেন।

অনন্তর শ্রীল আচার্য্যদেব সংক্ষেপমুখে তাঁহার অভিভাষণ “প্রত্যভিনন্দন” পাঠ করেন। অতঃপর গৌড়ীয়মিশনের সেক্রেটারী অধ্যাপক আচার্য্যত্রিক শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর এম-এ মহোদয় সভায় উপস্থিত সজ্জনবৃন্দ ও ভক্তমহিলাগণকে ধন্যবাদ প্রদান করেন। অনন্তর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিচার যাযাবর মহারাজ ‘শ্রীগুরুচরণপদ্ম কেবল ভকতিসদ্ম” ও মহামন্ত্র কীর্ত্তন করিলে সভা ভঙ্গ হয়। সভায় বহু শিক্ষিত সম্ভ্রান্ত সজ্জন, মিশনের আশ্রিত বহু গৃহস্থ এবং অগৃহস্থ ভক্ত উপস্থিত ছিলেন। ইঁহাদিগের মধ্যে মাত্র কয়েকজনের নাম নিম্নে প্রদত্ত হইল :—

রায় বাহাদুর দিগিন্দ্রচন্দ্র দেব বাহাদুর; ডাঃ ভূপেন্দ্রনাথ বসু এম বি, কাউন্সিলার কলিকাতা কর্পোরেশন; মিঃ এম্, এন্, ঘোষ, বার য়্যাট্-ল; শ্রীযুক্ত নরেন্দ্রচন্দ্র ঘোষ, জমিদার; শ্রীযুক্ত রাসবিহারী মল্লিক; মিঃ বি, এম্ দাস সলিসিটর; মিঃ আর এন্, সেন, সলিসিটর; জয় প্রসন্ন ঘোষ, জমিদার; রায় বাহাদুর কে, এন্ বসু [illegible]; শ্রীযুক্ত সুরেন্দ্র মোহন মজুমদার, শ্রীযুক্ত জয়গোপাল ব্যানার্জ্জী (কুচবিহার কলেজের ভূতপূর্ব্ব অধ্যক্ষ); শ্রীযুক্ত ধীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি-এল, বেদান্তরত্ন, সলিসিটর প্রভৃতি।

দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীগুরুপূজা

গত ১১ই সেপ্টেম্বর নিজস্ব সংবাদদাতার প্রেরিত তারে প্রকাশ, গত ১০ই সেপ্টেম্বর শ্রীশ্রীগুরুপূজা দার্জ্জিলিং গৌড়ীয়মঠে সুচারুরূপে অনুষ্ঠিত হইয়াছে। এতদুপলক্ষে শ্রীআচার্য্যবন্দনাদির পর শ্রীমদ্ভাগবত পাঠ ও মহাজনপদাবলী, মহামন্ত্রাদি কীর্ত্তন হইয়াছে। শ্রীশ্রীল আচার্য্যদেবের আলেখ্যটী নানাবিধ পুষ্পাদি দ্বারা একটী সুরম্য সিংহাসনে অতি সুন্দরভাবে সজ্জিত করা হয়। মঠবাসী ভক্ত ও সমাগত সকলেই শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করেন। অনন্তর সমাগত বহু ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

"পূর্ব্ব ইতিহাস ভজনের অনুকূল বিচারে নিযুক্ত করিবেন অর্থাৎ প্রতিকূল বিষয়গুলি অনুকূলের পূর্ব্বাবস্থা জানিবেন। প্রতিকূল হওয়ায় যে বিপদ্ উপস্থিত হয়, তাহাই পরক্ষণে ভজনের অনুকূলতা প্রসব করে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৫ হৃষীকেশ আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৫১

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

——::o::——

দুই প্রকার ব্যক্তি কৃষ্ণকীর্ত্তন করেন না,—(১) যাঁহারা মহামূর্খ অর্থাৎ মায়াবাদী অপরাধী, তথাকথিত ধ্যানী, তথাকথিত মৌনী প্রভৃতি, আর যাঁহারা প্রকৃত প্রস্তাবে কৃষ্ণকীর্ত্তন করেন না, অথচ মনে করিয়া থাকেন—'আমরা কৃষ্ণকীর্ত্তন করি'।

হরিকীর্ত্তন ব্যতীত বাদবাকী সবই 'কিচির-মিচির' পার্থিব উক্তি মাত্র। কৃষ্ণ-উক্তি ব্যতীত অন্য উক্তি শ্রবণপথে প্রবেশ করান উচিত নহে, এজন্য শ্রবণ করিতে হইবে—গৌর-বিহিত শ্রবণ, তাহা হইলে গৌর-বিহিত কীর্ত্তন হইবে। মৌনী হইলে শ্রবণ ও স্মরণের দ্বার রুদ্ধ হইয়া যায়। যাহারা হরিস্মরণকে হেলা করিয়া থাকে, তাহারাই নির্জ্জনতা-প্রয়াসী ও মৌনী হইয়া শ্রবণ-কীর্ত্তনের পথ রুদ্ধ করে। শ্রীমদ্ভাগবত বলিয়াছেন—

পুংসঃ স্ত্রিয়ো বিভাং পৃণ ভক্ত যতেষ্টিতম্।
নাতিদীর্ঘেণ কালেন ভগবান্ বিশতে হৃদি।

(ভাঃ ২।৮।৪)

'বহুভির্মিলিত্বা যৎকীর্ত্তনম্ তদেব সংকীর্ত্তনম্।' বহু লোক মিলিয়া যে কীর্ত্তন, তাহা সংকীর্ত্তন। শ্রীগৌড়ীয়মঠ বর্ত্তমানে কি করিতেছেন? বহু প্রচারক বহুর বহুরূপ ভাবে হরিকথা কীর্ত্তন করিতেছেন; কেহ সুর তালের সহিত, কেহ নৃত্য করিয়া, কেহ চাহাচিত্রে বক্তৃতা দিয়া, কেহ গ্রন্থাদি রচনা করিয়া হরিকীর্ত্তন করিতেছেন। সুর-তাল-লয়-মান-যোগে লোকের ইন্দ্রিয়তর্পণের জন্য বা অন্য কোন উদ্দেশ্যে উচ্চ চীৎকারই যে সঙ্কীর্ত্তন, তাহা নহে; বস্তুতঃ তাহা কৃষ্ণের সম্যক্ কীর্ত্তন নহে। 'কৃষ্ণসঙ্কীর্ত্তন' বলিতে অপ্রাকৃত কৃষ্ণের অপ্রাকৃত নামের কীর্ত্তন, অপ্রাকৃত রূপের কীর্ত্তন, অপ্রাকৃত গুণের কীর্ত্তন, অপ্রাকৃত পরিকর-বৈশিষ্ট্যের ও অপ্রাকৃত লীলার কীর্ত্তন বুঝায়। আবার সুর-তাল-মান-লয় ত্যাগ করিলেই যে কৃষ্ণকীর্ত্তন হইবে, তাহাও না। সুর-তাল-মান সমস্তই কৃষ্ণকীর্ত্তনেই লাগিবে। ছয় রাগ ছত্রিশ-রাগিণী কৃষ্ণকীর্ত্তনের সেবক। কায়মনোবাক্যে হরিকীর্ত্তন বিধেয়। কায়িক কীর্ত্তন, বাচনিক কীর্ত্তন, মানসিক কীর্ত্তন যুগপৎ করিতে হইবে। মন যদি কৃষ্ণকীর্ত্তন না করে, অন্য-মনস্ক হইয়া থাকে, তাহা হইলে কৃষ্ণের সম্যক্ কীর্ত্তন হয় না। নারদ কি করেন?—সর্ব্বক্ষণে সর্ব্বক্ষণ কৃষ্ণকীর্ত্তন করেন। পঞ্চমুখে শিব কি করেন? কৃষ্ণকীর্ত্তন করেন। চতুর্মুখে ব্রহ্মা কি করেন?—কৃষ্ণকীর্ত্তন করেন। ব্যাস, শুক, চতুঃসন, শেষ ইঁহারা সকলেই কৃষ্ণকীর্ত্তন করেন। আমাদের গুরুবর্গ সকলেই কৃষ্ণকীর্ত্তনকারী; তাঁহারা কেহই তথাকথিত মৌনী নহেন। ভাগবতধর্ম্ম—তথাকথিত মৌনী থাকার ধর্ম্ম নহে, তাহা কীর্ত্তনের ধর্ম্ম - সঙ্কীর্ত্তনের ধর্ম্ম। শ্রীগৌড়ীয়মঠে যাঁহারা গ্রন্থ রচনা করিতেছেন, প্রবন্ধ লিখিতেছেন, সাময়িক পত্র প্রচার করিতেছেন, তাঁহারাই কৃষ্ণসঙ্কীর্ত্তন করিতেছেন। ডাকঘর খুলিয়া, ছাপাখানা স্থাপন করিয়া বড় মৃদঙ্গের মধ্য দিয়া কৃষ্ণকীর্ত্তন করিতেছেন; নিজের আদর্শ আচরণের মধ্যে কৃষ্ণকীর্ত্তন করিতেছেন। হরিকীর্ত্তন বাতাসে বাতাসে মিশিয়া না যায়, তজ্জন্য তাহা গ্রন্থে সংবদ্ধ হইতেছে, পরবর্ত্তিযুগের লোকেরাও এই কৃষ্ণকীর্ত্তন শুনিতে পাইবে। কিন্তু যে কেবল নির্জ্জনে ধ্যান করে, মৌনী হইয়া থাকে, সে নিজের উপকারও খুব কম করিতে পারে এবং অপরের উপকার বর্ত্তমানেই করিতে পারে না, পরবর্ত্তিকালে ত' দূরের কথা।

চরিত্রসেবা-প্রবৃত্তি বৃদ্ধির জন্য যে সকল কথা আলোচনা করা যায়, তাহাই হরিকথা। কিন্তু ভোগপ্রবৃত্তিবৃদ্ধির জন্য যে সকল কথা আলোচনা করা যায় তাহা হরিকথা নয়—মায়ার কথা। 'সংসারবর্দ্ধন' মানে —কৃষ্ণ-প্রাপ্তি— স্থূল ও সূক্ষ্ম শরীর ছেড়ে দেওয়া—বিদেহমুক্তি—জীবন্মুক্ত মুক্তি—স্বরূপের সিদ্ধি। কৃষ্ণ যখন বিদেহমুক্তি প্রদান করেন, তখনই তিনি বিশেষভাবে আকর্ষণ করেন, জানতে পারা যায়।

——

শ্রীগুরুপূজা

(শ্রীআচার্য্যবর্ষ্যবিবসে লিখিত)

যস্ত দেবে পরাভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ ॥

(শ্বেঃ উঃ ৬।২৩)

"শ্রীকৃষ্ণপ্রেম-প্রদানই মহাবদান্য গৌরসুন্দরের জগদ্বাসীকে কৃষ্ণের সহিত পরিচয় প্রদান। সেই সেবাই শ্রীনিতাই-গৌরাঙ্গের একমাত্র পূজা এবং তাহাই ব্যাসপূজা।"

(শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী)

শ্রীগুরুপূজাকে ভক্তোপাধিবিনির্মুক্ত বৈষ্ণব দার্শনিকগণ শ্রীব্যাস-পূজা বলিয়া উপলব্ধি করেন। আম্নায়পারম্পর্য্যে শ্রীগুরু-পূজা গৌরসুন্দরের সেবা রূপে প্রকাশিত। শ্রীগৌরসুন্দরের সেবায় অখিলরসামৃতমূর্ত্তি শ্রীকৃষ্ণসেবার অধিকার লাভ করিতে পারা যায়। এই সেবা-লাভ অনর্থগ্রস্ত বদ্ধজীবের পক্ষে সহজসাধ্য নহে। কিন্তু এই অসম্ভবকেও সম্ভব করিবার জন্য শ্রীগৌর-সুন্দরের স্বপ্রকাশবিগ্রহ শ্রীনিত্যানন্দ প্রভুর প্রাকট্য-লীলা-বিস্তার। এই লীলা-ধারার আশ্রয় অবলম্বনে প্রকটাচার্য্যের পূজা-দ্বারা বদ্ধজীবও বস্তুর সাক্ষাৎ সেবার সহিত সম্বন্ধযুক্ত হইবার সুযোগ পায়। আচার্য্যের অপ্রকট-লীলায় সেই সেবা-সম্বন্ধ অনর্থ-যুক্ত জীবের নিকট বিচ্ছিন্ন হইবার সম্ভাবনা বর্ত্তমান, তজ্জন্য শ্রৌতপথে গুরুপরম্পরায় অবিচ্ছিন্ন ধারা আশ্রয়ের একান্ত প্রয়োজনীয়তা শাস্ত্রগণ কীর্ত্তন করিয়াছেন।

শ্রীবলদেব প্রভু হইতে সমষ্টিব্যষ্টিরূপে বর্ত্তমান আচার্য্যের প্রকটলীলা আবিষ্কার। তাঁহার এই লীলা মাদৃশ অনর্থগ্রস্ত বদ্ধজীবের প্রতি অধিকতর কৃপাবৃষ্টিসম্পন্ন। এই লীলার সেবা বা পূজা অধিকার-বিচারে বিভিন্নরূপে উপলব্ধির বিষয় হইলেও সকলেরই একমাত্র নিত্য কৃত্য। প্রাপঞ্চিক বিচারে বৈষম্য বা উচ্চাবচ ভাব ইহার মধ্যে আনিবার উপায় নাই। কারণ, অপ্রাকৃত ভূমিকায় অদ্বিতীয় সেব্য-সেবার চমৎকারিতা সেবক-সেবার মধ্যেই উজ্জলরূপে প্রকাশিত।

ইহজগতের কোন উপাদানের দ্বারাই শ্রীগুরুপূজা হইতে পারে না। এখানকার কাগজ, ভাষা, হৃদয়ের বৃত্তি অনিত্য, লঘু ও অল্পশক্তির বিষয় সেখানে পৌছান অসম্ভব কিন্তু আচার্য্য বা গুরু অনর্থযুক্তজীব-প্রদত্ত সেবোপকরণসমূহকে চেতন অনুভূতি-সংস্পর্শে ধারণ ধামে পৌঁছাইয়া দিয়া তাঁহার প্রকট-মাহাত্ম্য সংরক্ষণ করেন। খণ্ড জ্ঞানভূমিকায় দেশ-কাল-পাত্রের মধ্যে এই প্রকট-পূজা আবদ্ধ বলিয়া মনে হইলেও বাস্তব দর্শনে ইহা নব নব রূপে নিত্যকাল প্রকাশিত হইতেছে।

আজ অনন্ত শিক্ষাগুরুবর্য্য ওঁবিষ্ণুপাদ পরমহংস শ্রীল অবর্দ্ধনাচার্য্যের পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের প্রকট-তিথিপূজা বা শ্রীগুরুপূজা বাসর। পরমারাধ্যতম অস্মদীয় শ্রীগুরুপাদপদ্ম ওঁবিষ্ণুপাদ পরমহংস শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের অদর্শনে বর্ত্তমান আচার্য্যদেবেরই শ্রীমুখোদ্ভাস-লীলামূর্ত্তি বা প্রকট লীলা-প্রকাশ। জড়ীয় বিচারে ও দর্শনে দীক্ষাগুরু ও শিক্ষাগুরুর উচ্চাবচভাব পোষণ করা অসম্ভব নহে। কিন্তু অপ্রাকৃত অনুভূতি-রাজ্যে যখন এক-তাৎপর্য্যপর সেবায় ঐরূপ ভেদদর্শন-রহিত হইয়া বৈশিষ্ট্য ও বৈচিত্র্য প্রকাশিত হয় মাত্র। দীক্ষাগুরুর একত্ব ও শিক্ষাগুরুর ন... বিচারে শিক্ষাগুরু-পূজায় দীক্ষাগুরু-পূজার চমৎকারিতা ও প্রচুর্য্য হইতে পারে, ইহা অতত্ত্বজ্ঞ ভ্রান্ত জীবের পক্ষে বিরাট সমস্যা; কিন্তু দিব্যজ্ঞানপ্রতিষ্ঠিত ভাগবত বৈষ্ণবগণ পরস্পর সেবা-সৌষ্ঠবের সম্বন্ধযুক্ত তাঁহাদের মধ্যে সেবা-বৈচিত্র্য দর্শন করেন এবং সমপ্রীতিভাবাপন্ন হইয়া সমভাবেই পূজা করিয়া থাকেন।

দীক্ষাগুরু সম্বন্ধ-বিগ্রহের সহিত পরিচয় করাইয়া অভিধেয় ও প্রয়োজন-রাজ্যে লইবার জন্য শিষ্যের নিকট শিক্ষাগুরুরূপে প্রকাশিত হন। দীক্ষাগুরুর সহিত শিষ্যের স্বরূপো-পলব্ধির দর্শনে যে গূঢ় প্রীতিবৈশিষ্ট্য তাহা নিত্যকাল অক্ষুণ্ণ থাকিলেও তদভিন্ন শিক্ষা-গুরুর আনুগত্যে নিত্যপ্রীতি-বৈচিত্র্য বর্দ্ধমান থাকে। শ্রবণগুরুর কৃপায় আত্মনিবেদনের পরিমাণানুসারে চৈত্ত্যগুরুর প্রকাশ ও প্রেরণা অনুভূত হয় এবং চৈত্ত্যগুরুর কৃপায় দীক্ষাগুরু ও শিক্ষাগুরুর লীলা-বৈশিষ্ট্য উপলব্ধির সৌভাগ্য হয়। চৈত্ত্যগুরুর কৃপা ব্যতীত মহান্তগুরুর কথা উপলব্ধি না হওয়ায় চিত্তের মলিনতা অপসারিত হয় না, তজ্জন্য দীক্ষা-শিক্ষা দৃঢ় হয় না।

হে শ্রীব্যাসাভিন্ন শ্রীল আচার্য্যদেব!

আজ আপনার শুভপ্রকটবাসরে আপনি সমগ্র গুরুবর্গের প্রীতি-উৎপাদন-বিগ্রহরূপে এই লীলার প্রকাশ করিতেছেন। জগৎ-লোকের অভ্যুদয়ে যেমন উলূক, চোর, দস্যু, নিশাচর, দৈত্য, দানব প্রভৃতি স্ব-স্ব গুহায় ও গহ্বরে পলায়ন করে, তদ্রূপ গৌড়ীয়াচার্য্যভাস্কর আপনার অভ্যুদয়ে উলূক-ধর্ম্মবিশিষ্ট অপসম্প্রদায় ব্রহ্মচারী, গৃহস্থ বানপ্রস্থ ও সন্ন্যাসীর বেশে অঘ, বক, পুতনা, প্রলম্বাসুর প্রভৃতি ভক্ত বৈষ্ণবে জাতিবুদ্ধি ও গুরুবুদ্ধিকারী কলির ভক্তজন নামধারিগণ "পলায় দূরেতে কলি পড়িয়া বিপাকে"— এই বাণীর সার্থকতা সম্পাদন করিয়াছে—

ইহা আপনার প্রকটলীলার একটী বৈশিষ্ট্য। আচার্য্যবিরোধী দলের দুর্মতবাদ খণ্ডন না করিয়া কেবল সেবালোচনাই যে আমাদের প্রাপ্য বস্তু নহে, তাহা জ্ঞাপন করিয়া অনুসেবাশীলনের প্রয়োজনীয়তা শিক্ষাপ্রদানমানসে আপনি তাদ্রী শুক্লা পঞ্চমী-তিথিবাসরে আশ্রয়-প্রধানে আবির্ভাব হইয়া অক্লান্ত সেবানুশীলন প্রচার পূর্ব্বক অন্যতম বৈশিষ্ট্যের প্রকাশ করিয়াছেন। আপনার সেবাময়ী মূর্ত্তিখানি সর্ব্বাভীষ্টপদ-বিদ্ধ সেবকের হৃদয়ে প্রকাশিত থাকিয়া গুরুপাদ সেবক-পূজার গূঢ় রহস্যের উদঘাটন করিয়াছে। আশ্রয়ের আশ্রিত সেবকানুসেবকবর্গের আশেষ মানসক্ষেত্রে কৃপাহদগণের যে সুমধুরা প্রীতিময়ী ভজনধারা প্রবাহিতা, তাহারই আবির্ভাব বা প্রকাশ আজ আপনার কৃপায় সম্ভবপর হওয়ায় আপনার আচার্য্যদেবের বৈশিষ্ট্য ও মহিমা কীর্ত্তিত হইতেছে। জীব-জগতের শেষ প্রাপ্য বস্তু কৃপাহদ-গণের পদধূলি অন্বেষণে যে সাধ্য-সাধনসেবাবাধুরী, তাহা প্রকাশ করিবার জন্য শ্রীল প্রভুপাদ যে রঘুনাথ-বাণী'র ভার যে সেবাভার আপনাকে প্রদান করিয়াছেন, সেই প্রভুমনোহভীষ্ট সম্পাদনের জন্যই শ্রীগুরু-পূজার সেবাধনসহ আপনার আবির্ভাব-লীলা। শ্রীল প্রভুপাদের নিজজনের গাঢ়তম প্রীতিময়ী বিরহশিখা হইতে অনুভূতিরাজ্যে মিলন সেবালোকের বৈশিষ্ট্য ও ঔজ্জ্বল্য প্রকাশ আপনার প্রকটলীলার আর একটী বৈশিষ্ট্য।

আমি অনর্থপ্রপীড়িত বদ্ধজীব। মাদৃশ হতভাগ্য জীবের জন্য আপনি যে গুরুপূজা-বাসরের অবতরণ করাইয়াছেন, তাহার বাস্তব উপলব্ধি ও সম্বর্দ্ধনা করিবার অযোগ্যতা আমার থাকিলেও আপনার শ্রীপাদপদ্মে হৃদয়ের অস্ফুট সেবা-প্রণতিপুষ্পাঞ্জলি গ্রহণের নিবেদন জানাইতেছি। এই ক্ষুদ্র নিবেদন আপনার অহৈতুকী কৃপায় স্বীকৃত হইলে, আপনার প্রীতিতে শ্রীগুরুপাদপদ্মের অধিকতর প্রীতি উৎপাদন হইবে এইরূপ বিশ্বাস ও আশাই আমার সম্বল।

"গৌড়ীয়গণের পূজাই প্রকৃত ব্যাসপূজা বলিয়া প্রতীত হউক" শ্রীল প্রভুপাদের এই বাণীর অনুসরণে শ্রীব্যাস, শ্রীব্যাসানুগ গৌড়ীয়গুরুবর্গ এবং শ্রীগুরুপাদপদ্মের অনুগত শিক্ষাগুরুদের শ্রীচরণকমলের সেবাপূজা প্রার্থনা করিয়া শ্রীগুরুপূজা বা শ্রীব্যাসপূজার প্রকৃত তাৎপর্য্য উপলব্ধি করিবার জন্য আপনার শ্রীপাদপদ্মে আশীর্ব্বাদ প্রার্থনা করিতেছি।

অযোগ্য কৃপাপ্রার্থী

শ্রীরাধাকৃষ্ণ দাস ব্রহ্মচারী

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীভক্তিবিনোদ-গৌরসরস্বতীপ্রেষ্ঠ শ্রীগৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য

ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী

শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ

গোস্বামী মহারাজের দ্বিচত্বারিংশত্তম আবির্ভাব-বাসরে ব্যাসপূজোপলক্ষে

—শ্রদ্ধাঞ্জলি—

হে পরমারাধ্যতম আচার্য্যদেব !

আজ আপনার দ্বিচত্বারিংশত্তম আবির্ভাব-তিথিতে গৌড়ীয়গগন ভক্তিজগতের এক অভিনব আশাপ্রদ সুপ্রভাতের অরুণরাগে রঞ্জিত হইয়াছে। এই পূজার মহামন্ত্র আপনার অনুগতজনের মুখারবিন্দ হইতে অবিরল ধারায় নির্গত হইয়া সমস্ত লোকের কোলাহল থামাইয়া দিয়াছে এবং কীর্ত্তন-রঙ্গের বিজয়-বৈজয়ন্তী উড্ডীন করিয়াছে। আপনার প্রকট-তিথি পরমার্থরাজ্যে নবীন চেতনা বিতরণ করিতেছে। আপনি বৈষ্ণব-জগতে প্রোজ্জ্বল তারকারূপে উদিত হওয়ায় আজ দশদিক্ শুভ্রজ্যোতিতে উদ্ভাসিত। সুতরাং এই তিথি আমাদের প্রতি অশেষ করুণা করিয়া সেবা ও স্ফূর্ত্তি দান করিবার জন্য বিশ্বের দ্বারে আগমন করিয়াছেন; তাই আজ আনন্দের সীমা নাই।

হে গৌড়ীয়াচার্য্যকেশরিন্ !

যখন কলির প্রচণ্ড চরণ ভক্তির দোহাই দিয়া ক্রমে ক্রমে বিষ মিশ্র অপসিদ্ধান্তের দিকে ধাবিত হইতেছিল এবং নিষ্কপট ও সরল সেবকগণের প্রতি অত্যাচার আরম্ভ করিয়াছিল তখন আপনি শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের দ্বিতীয় স্বরূপ গৌড়ীয়াচার্য্যকেশরি-রূপে আত্মপ্রকাশ করিয়া শ্রীস্বরূপ-সনাতন-রূপ-রঘুনাথের সিদ্ধান্ত-সাম্রাজ্য সংরক্ষণ পূর্ব্বক সেবকগণকে আপনার শ্রীপাদপদ্মের কোটি-চন্দ্রশীতল ছায়া দ্বারা অভয় প্রদান করিলেন; আর আপনার অভ্যুদয়ের সঙ্গে সঙ্গে আপনার নির্ভীক হুঙ্কার ও প্রভাব সহ্য করিতে না পারিয়া প্রাকৃত সহজিয়াবাদ, মায়াবাদ, ভুক্তি-মুক্তি পিশাচী ও মায়াবাদীর ঐন্দ্রজালিক নৃত্য সমস্তই স্তম্ভীভূত হইয়াছে। এই সমস্ত ভক্তিপথের দস্যুগণ নানা আকারে আত্মম্ভরিক প্রতিষ্ঠা লইয়া গুরু (?) নিয়ামক ও প্রভু সাজিয়াছিল। ইহারা নিষ্কপটের প্রকাশময় আলোর অনুসরণ করাইয়া ঘোর অদৃষ্টপূর্ব্ব বিপথে আমাদিগকে চালিত করিতেছিল। এরূপ সঙ্কটাপন্ন সময়ে ভক্তিবিনোদ-গৌর-সরস্বতীর পূর্ণতম কৃপাশক্তি-সঞ্চারিত, নিরপেক্ষ, নির্ভীক, আচারপ্রচারে অভিজ্ঞতাব্যক্তির সর্ব্বোত্তম, সকল অপসিদ্ধান্ত-নিরাসে নিরন্তর আপনার ন্যায় মহাবদান্য আচার্য্যের অভ্যুদয় ব্যতীত শ্রীল প্রভুপাদের অমন্দোদয়-ভক্তিবিনোদ-দয়া-বিতরণকারিণী মহাবিপ্লাবিনী বাণীধারার সংরক্ষণ হইতে পারিত না।

হে শ্রীমদ্ভাগবতাচার্য্যবর্য্য !

আপনি শ্রীস্বরূপ-দামোদরাভিন্ন শ্রীল প্রভুপাদের ন্যায় ভক্তিসিদ্ধান্তসম্রাট্ ও শ্রীল প্রভুপাদের সহিত সমচিত্তবৃত্তিবিশিষ্ট, তাঁহার অপ্রাকৃত বিপ্রলম্ভ ভাবের সহায়ক, তাঁহার ন্যায় নিষ্ঠা অনুসরণকারী ও ভক্তিসিদ্ধান্ত-পরীক্ষক। এইজন্য আপনি শ্রীবিশ্ববৈষ্ণব-রাজসভায় "আচার্য্য সার্ব্বভৌম" নামে চিরপ্রসিদ্ধ। শ্রীল প্রভুপাদও স্বয়ং আপনাকে বলিয়াছেন যে, আপনি পৃথিবীর মধ্যে শ্রীমদ্ভাগবতে অদ্বিতীয় পণ্ডিত। বস্তুতঃ শ্রীমূর্ত্তি-বিগ্রহ শ্রীগুরুপাদপদ্মের ভক্তিসিদ্ধান্ত-বিচার স্বরূপ আপনি বেদান্তবিরোধী মতবাদ-সমূহ শ্রীল প্রভুপাদের প্রকটকাল হইতেই খণ্ডন করিয়া শ্রীল প্রভুপাদের মনোহভীষ্ট পরিপূরণ করিতেছেন। আপনি ভক্তিবিনোদ-গৌরবাণীর নিত্যসঙ্গী এবং সেই বাণীর বীণাযন্ত্র হস্তে ধারণ পূর্ব্বক গৌড়ীয়গগনে উদিত হইয়াছেন। আজ সেই বাণীর ঝঙ্কারে চতুর্দ্দিক ঝঙ্কৃত ও আমোদিত হইতেছে দেখিয়া আমরা আনন্দিত।

হে পরমপতিতপাবন অমন্দোদয়দয়ার মূর্ত্তবিগ্রহ !

জানি না, জন্মজন্মান্তরের কত সুকৃতিফলে আমরা শ্রীল প্রভুপাদের প্রতিষ্ঠিত "ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটে" অধ্যয়ন করিবার সৌভাগ্য লাভ করিয়াছি। শ্রীল প্রভুপাদের মনোহভীষ্ট আপনার মধ্য দিয়া নিত্য প্রকাশিত। তাই আমাদের ন্যায় অধম বালকগণের বুদ্ধিবিচার ও বহির্মুখতা বুঝিতে পারিয়া এক বিচার লোক দেখাইয়া পরা বিদ্যা শিক্ষা দিবার ব্যবস্থা করিয়াছেন। আমাদের প্রতি অশেষ করুণাপরবশ হইয়া আপনি এই "ইন্‌ষ্টিটিউটে" শুভ পদার্পণ করিয়াছিলেন। তাই বহু ভাগ্যের ফলে আমরা অমূল্য-নিধি আপনার শ্রীপাদপদ্ম-দর্শনের সৌভাগ্য লাভ করিয়া ধন্য হইয়াছিলাম

আজ আমরা শ্রীশ্রীব্যাসপূজা-বাসরে আপনার শ্রীচরণান্তিকে উপনীত হইয়াছি। আমাদের কোনও উপাদান নাই, যদ্দ্বারা দয়মুনি-বন্দ্য আপনার শ্রীপাদপদ্ম বন্দনা করিতে পারি। আমাদের ভাব নাই, ভাষা নাই, আর্ত্তি নাই, ভক্তি নাই—কি দিয়া অঞ্জলি দিব তাহাও জানি না। আপনি বৈকুণ্ঠের বস্তু, অতএব এই জড় জগতের কোন্ উপাদান দিয়াই বা আপনার শ্রীপাদপদ্ম আরতি করিব? তবে প্রভো! শুনিয়াছি, গঙ্গা-জলেই গঙ্গাপূজা হয়। তাই শ্রীভক্তি-সিদ্ধান্ত-বাণী রূপের যে-সমস্ত পুষ্প আপনি আমাদিগকে দান করিয়াছেন তদ্দ্বারাই আপনার শ্রীচরণার্চ্চন ব্যতীত আর আমাদের কি সম্বল আছে? আমরা অতিশয় দীনহীন অজ্ঞান বালক। আপনার কৃপাপ্রার্থীতে সেবা যেন জন্মজন্মান্তরেও লাভ করিতে পারি ইহাই আপনার শ্রীপাদপদ্মে আজ আমাদের একান্ত প্রার্থনা।

অযোগ্য নিত্যসেবক ও কৃপাপ্রার্থী

'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট'

এর ছাত্রবৃন্দ

তারের সংবাদ

শ্রীগুরুপূজাবাসরে প্রাপ্ত

(১)

Bombay 10.9.37

Srila Acharyyadev Gaudiya Math Baghbazar Calcutta.

Most humble homages and innumerable prostrated obeisances Craving your mercy

"Servitors"

বঙ্গানুবাদ

(১)

বোম্বাই ১০।৯।৩৭

শ্রীল আচার্য্যদেব গৌড়ীয়মঠ বাগবাজার কলিকাতা।

অসংখ্য সাষ্টাঙ্গ দণ্ডবৎ প্রণতি ও আর্ত্তি নিবেদন পূর্ব্বক কৃপা ভিক্ষা করিতেছি।

সেবকবৃন্দ

(২)

Bombay 10.9.37

Acharyya C/O Gaudiya

Calcutta

Loving advent day greetings and united good wishes.

"Dalal family"

বঙ্গানুবাদ

(২)

বোম্বাই ১০।৯।৩৭

আচার্য্যদেব—গৌড়ীয় কলিকাতা।

আবির্ভাবতিথিতে প্রীত অভিনন্দন ও সমবেত-ভাবে শুভেচ্ছা জ্ঞাপন করিতেছি।

দালাল পরিবার

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ,পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ,শ্রীগৌর,গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-প্রতিপ্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রধানচতুষ্টয়-সেবা-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্ম্মণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রোতার্য্য শ্রীপাদ নবীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি যোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেশগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগদানন্দদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাম্পার (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীমিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীবাসন্ডার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

রক্ষক—শ্রীবনমালীরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) সুরভিকুঞ্জ

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণবাল্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর বনবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীমদ্ধনানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীগোপালদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীমতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

আলুবাড়ী, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিধার, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীমহেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৪২নং কবিরপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) একচক্রানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) নন্দেন্দ্র বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫)নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং,কুতুব রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গৌয়ালিয়া ট্যাঙ্ক রোড, কম্বালাহিল বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিল ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) সীতাকুটী

রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) জিয়ড়-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাখরাবাদ, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকণিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাছু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া-প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভূবনেশ্বর, পোঃ চিরকুঞ্জ, (বানকুড়)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, আর্ল্সকোর্ট রোড

গ্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধকৃষ্ণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২৬শে আষাঢ়, ১৩৩৫

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
দাদখানি	৬॥০
বাঁকা চাল	৫৸০
ঐ নতুন	৫৲
কাটারিভোগ	৭৲-৭৷০
বাঁকতুলসী	৫৷০
লাবণ্য নূতন	৯৵০
ঐ পুরাতন	৫৲
কলিকাতা কোম্পানী	৪৲
সিদ্ধ রেঙ্গুন	৩৸৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪॥০
পেশোয়ারী	১০৲-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০-৫৷৵
ঐ মাঝারি	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারিভোগ	৭৲
ঐ রেঙ্গুন	৩৵০

চিনির দর

কাশীর, চাঁদপ	১০৷৵০
বিলাতী ১০০০ নং	১০৵০
ভয়োরা সাদা	৯৷০
বেলপুর সাদা	৮৷০—৯৵০
বেলপুর লাল	৭৷৵০—৮৲

সোণা-রূপারদর।

	প্রতি ভরি
কশাসের বার	৩৪৷০
গিনি	২২৲
চাঁদিবার	৫২৷০

পাটের দর

বিতে—	৪০৸
মধ্য—	৪০৸
অধম—	৪১৷০
বাজার দরের গড়—	৪১৲

আটা ও ময়দার দর

হোটেল ময়দা প্রতি মণ	৬৷০—৬৸৵০
পাঞ্জাবীর ঐ	৬৲—৬৵০
স্টিমরোলার ঐ	৫৸৵০—৫৸০
আটা	৬৲—৬৵০
আটা (মি)	৪৸০—৪৸৵০
আটা নং (২	৫৴০—৫৷৵০
আটা (লাল)	৫৲—৫৷০
আটা (বে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	৪৸০—৪৸৵০
সাদাই	১৷৵০—১৸০
চিঁড়ি	১৸৵০—১৸৵০

ঘৃতের দর

গাওয়া	৫৭৲
চুঁচুড়া	৫৭৲
ভয়সা	৫০৲
ময়রা	৪৫৲

পাকিস্তানি	৪৸০
ভাব	৪৬৲
কাবুলে	৩৬৲
মাক্‌সা পাওয়া	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৸০—৯৷০
ঐ বে মার্কা হাল্‌কা ওজন	৮৸০—৮৷০
ঐ টাটা টেসটেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৷
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸০
বরগা (টি আয়রণ)	৮৸০—৯৷০
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷০—৯৲

টাটা গ্যাঃ করগেট শীট।

২৪ গেজ—	১৩॥০
২৬ গেজ—	১৪৵০
২৮ গেজ—	১৫৷০

টাটা গ্যাঃ প্লেন শীট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
২৮ গেজ—	১৫৲

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ বটকা ২৪- -৩০ গেজ.

শীস	১৵৫—৸০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৷০
শ্রেষ্ঠ কাটি বা ছিট কাটা মণ	৬৷০—৪৲

গাজী কাটিং ৩—৯ ফুট লম্বা

৭৷০—৮৲ হন্দর

গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, গোলটু. নরাফে	৮৲—৯৲

গোল রড রি-ইনফোর্স ও কংক্রিটের

জন্য ৯৸০—১২৲

মুঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

চটকলের হাসলৎ ৫৵০, পাটের হাসলৎ ৬৷০

তুলার হাসলৎ ৪৸০

সূতের দর

কলিকাতা ২৫শে জুন,

আসেন সোনার কাইন	৫৪
লিট্‌ল আসেন ফরক্ত	৪০৲
করাতি পুরনির কাইন	৪০৲
হাবার্ড পাখা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৫শে জুন,

	প্রতি মণ
পারস গাও	৮৷০
সুপারী ফেনী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷০—১১৷০
ভাঁট খদিরবল	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

জ্যোতিষ কুমার মল্লিক

এণ্ড সন্স লিঃ

ডি-৫ কসাব খাট গোলাগলি, বড়বাজার

কলিকাতা

শ্রীকৃষ্ণ-ভাবনামৃতম্‌

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর প্রণীতম্‌। মূল সংস্কৃত, শ্রীকৃষ্ণদেব সার্ব্বভৌম কৃত টীকা এবং সরল বঙ্গানুবাদ—যেমন সুখপাঠ্য তেমনই চিত্তাকর্ষী, পাদ টীকায় বিবিধ জ্ঞাতব্য বিষয় অষ্টকালীয় লীলা বর্ণ-প্রণালীর বিবরণ এবং লীলানুরূপ মহাজনী পদাবলী সহ সম্পাদিত। এরূপ সর্ব্বোৎকৃষ্ট সংস্করণ কোথাও প্রকাশিত হয় নাই। বৃহৎ গ্রন্থ, উৎকৃষ্ট বাঁধাই। মূল্য ৫৲ টাকা। ডাকমাশুল স্বতন্ত্র।

শ্রীআনন্দ বৃন্দাবন চম্পু

মহাকবি শ্রীমৎ কবিকর্ণপূর গোস্বামী বিরচিত। যিনি অতি শৈশবে শ্রীমন্মহাপ্রভুর পাদাঙ্গুষ্ঠ লেহন করিয়া কবিশক্তি লাভ করিয়াছিলেন সেই শ্রীল শিবানন্দ সেনাত্মজ শ্রীমদ্‌ কবিকর্ণপূর গোস্বামী বিরচিত শ্রীবৃন্দাবন লীলার সুধা-সরিৎ-স্বরূপ শ্রীগ্রন্থখানি একাধারে মূল, শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী কৃত টীকা এবং সরল সুখপাঠ্য বঙ্গানুবাদ সহ ১০ম স্তবক পর্য্যন্ত একত্রে বাঁধান। মূল্য ৪.০ টাকা। মাশুল স্বতন্ত্র।

সাত্বত দর্পণ বা

সৎক্রিয়া-সার-পদ্ধতি

ইহা বৈষ্ণব স্মৃতি-সম্মত বিবাহ, উপনয়নাদি দশবিধ সংস্কার, সন্ধ্যা, তর্পণ, পূজা, হোম, প্রায়শ্চিত্ত, গর্ভ-সংস্কার হইতে অশৌচবিচার ও বৈষ্ণবীয় শ্রাদ্ধকাণ্ড প্রভৃতি যাবতীয় ক্রিয়া-পদ্ধতি বৈদিক গৃহ্য সূত্র, স্মৃতিগ্রন্থ এবং শ্রীহরিভক্তিবিলাস ও সৎক্রিয়া সার দীপিকাদি অবলম্বনে ভক্তির অনুকূল অতি সরলভাবে সঙ্কলিত। অপরন্তু ক্ষুদ্র, বৃদ্ধেই এই পদ্ধতি দৃষ্টে নিত্য নৈমিত্তিক, বৈদিক লৌকিক সকল ক্রিয়াই অনায়াসে করিতে পারিবেন। বৃহদ্‌গ্রন্থ। মূল্য ২৲ টাকা। ডাঃ মাঃ স্বতন্ত্র।

পুস্তকের বিবরণ জানিতে হইলে ক্যাটলগের জন্য লিখুন।

ম্যানেজার—ভক্তিপ্রভা পুস্তকালয়,

আলাটী পোঃ, জেলা হুগলী।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৪
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৪৫,	১১—১০,	১৪—৯	১৮—১৩,	২০—১৭

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৩৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৫১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৪০	১১-৫৮	১৬-৮	১৮-৫৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

ম্যালেরিয়া জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অভাব নাই। নিতান্ত প্রীহা যকৃৎ জ্বরাধার এবং নতুন ও পুরাতন জ্বর একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৮/০ আনা, বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ওল্ডচায়নিজ রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের দ্বন্দ্বের যুগে এই গ্রন্থখানা পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের মাহাত্ম্য, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য, বর্ণসমূহের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে ইচ্ছুক, তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে কথাসার শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার
শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব
আরম্ভ

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের শ্রেষ্ঠ গবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের লীলাচরিত্র পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), অধ্যাপক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces) বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—মধ্য প্রাচ্য গৌড়ীয়মঠ, রায়পেটা, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রী চৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,

১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট

বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে ।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি ২৲	১।০	১।০	
সিকিকলম ৫৲	৪০	৪৲	৩৲
অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲	
এক কলম ১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	৪।০
সিকি কলম ১০৲	১২৲
অর্দ্ধকলম ২৪৲	১৮৲
এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	
ষাণ্মাসিক "	৬৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যা ৷০ ভিক্ষা করব।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

ভক্ত বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

-:(০):-

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৪।এনং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীরূপানুগবর্য্যপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রবর্ত্তিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1544

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের স্বলাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২রা আশ্বিন, ১৩৪৪, ১৮ই সেপ্টেম্বর, ১৯৩৭, শনিবার [সংখ্যা ১৭১]

বিবিধ সংবাদ

——([illegible])——

...হাম অঞ্চলে চীন-জাপানে প্রচণ্ড সংগ্রাম

উভপক্ষে সংগ্রামের জন্য প্রস্তুত হইবার ... হোহান অঞ্চলে প্রচণ্ড সংঘর্ষ আরম্ভ ...য়াছে। চীন জাপানে লড়াই বাধা অবধি এত ... সংগ্রাম আর হয় নাই। গত ১৫ই ...সেপ্টেম্বর প্রাতে ৮-৩০ মিনিটের সময় ...জাপানীরা পঞ্চাশ মাইলব্যাপী তিনলক্ষ চীনা ...সৈন্যবাহিনীর বিরুদ্ধে আক্রমণ চালায়। ...পিং-হ্যাংকো রেলওয়ের উপর যে চীনা-...বাহিনী আছে প্রধানতঃ তাহাদিগকেই ...আক্রমণ করা হয়। পিপিং-হ্যাংকো রেলওয়ে ...এবং তিয়েনসিন—পুকৌ রেলওয়ের মধ্যবর্তী ...অঞ্চলে এই সংগ্রাম চলিতেছে।

জাপানীরা দাবী করিতেছে যে, দুই ...রেলওয়ের মধ্যবর্তী স্থান হইতে তাহারা চীনা ...বাহিনীকে হটাইয়া দিয়াছে এবং চাংটাং ...পার হইয়া কয়েকটি সহর দখল করিয়াছে। ...এই মাসের প্রথমভাগে পাঁচটি চীনা ডিভি-...সন এই সকল সহরে আসিয়া ছাউনি ফেলিয়া-...ছিল। জাপানীরা চুচৌ দখলের চেষ্টায় ...আছে। সামরিক কার্য্যালয় হইতে ঘোষণা ...করা হইয়াছে যে, উত্তর চীন সাংহাই অঞ্চলে ...সাইচি, তেকইচি, ইওনে এবং সাংহাই ...সৈন্য বাহিনীর প্রধান কম্যাণ্ডার পদে নিযুক্ত ...হইয়াছেন।

...পুটুং-এর দিকে চীনাবাহিনী

...পুটুং-এ যে সমস্ত জাপানী সৈন্য অবতরণ ...করিয়াছে তাহারা যাহাতে অপর তীরের ...(সাংহাইএর) চীনা সৈন্যদের ঘিরিয়া ...ফেলিতে না পারে তজ্জন্যে কোয়াংসী ...সৈন্যের চারটি ডিভিসন পুটুং-এ প্রবেশ করিয়াছে বলিয়া প্রকাশ। ইহারা দক্ষিণ চীনের সর্ব্বোৎকৃষ্ট যোদ্ধা বলিয়া পরিগণিত।

এদিকে চীনা সৈন্যগণ তিনমাইল সরিয়া যাওয়ার পর জাপানী সৈন্যগণ তাহাদের নূতন ব্যূহ দৃঢ় করিবার উদ্দেশ্যে অগ্রগতি বন্ধ রাখিয়াছে।

ইউরোপে শান্তি স্থাপন

"উপনিবেশ সম্পর্কিত প্রশ্নের মীমাংসা না হওয়া পর্য্যন্ত ইউরোপে কখনও শান্তি স্থাপন করা যাইবে না"—নুরেমবার্গে ঝটিকাবাহিনী ও ব্ল্যাক গার্ডদের এক সভায় বক্তৃতা দেওয়া পর হের হিটলার ঘরোয়া আলোচনাপ্রসঙ্গে বৃটীশ ও অন্যান্য বিদেশী সাংবাদিকগণকে এই কথা বলেন। তিনি আরও বলেন যে, জার্ম্মাণীর উপনিবেশের দাবী যুদ্ধ বা শান্তির প্রশ্ন নহে, উহা সাধারণ বুদ্ধিরই কথা এবং এই সাধারণ বুদ্ধিতে তিনি আস্থা-বান। জার্ম্মাণীকে অন্যান্য দেশের সমান মর্য্যাদা দেওয়ার প্রশ্নের যেরূপ মীমাংসা হইয়াছে, এই প্রশ্নেরও তেমনি একটা মীমাংসা করিতে হইবে।

হের হিটলার আরও বলেন, "যুদ্ধের পূর্ব্বে যাহা আমাদের ছিল তাহাতে আমাদের নৈতিক অধিকার আছে।"

রাষ্ট্রসঙ্ঘে চীনের আবেদন

রাষ্ট্রসঙ্ঘ চুক্তির ১০নং, ১১ ও ১৭নং ধারা অনুসারে চীন রাষ্ট্রসঙ্ঘের নিকট যে আবেদন করিয়াছে, গত ১২ই সেপ্টেম্বর সন্ধ্যায় রাষ্ট্রসঙ্ঘের নিকট তাহা দাখিল করা হইয়াছে।

আবেদন দাখিল করার সময় চীনা প্রতিনিধিগণ এই মর্ম্মে এক বিবৃতি দেন যে, জাপান চীন আক্রমণের প্রকৃত কারণ হইতেছে: ... ... চীন জয়, এশিয়ায় আধিপত্য বিস্তার ও প্রশান্ত মহাসাগরের উপর প্রভুত্ব স্থাপনের নীতি।

স্ত্রীলোক, শিশু ও অপরাপর অসামরিক অধিবাসীদের উপর জাপানীদের বোমাবর্ষণকে বিবৃতিতে "সভ্যতার কলঙ্ক" বলিয়া বর্ণনা করা হইয়াছে।

বিবৃতিতে আরও বলা হইয়াছে যে, সুদূর প্রাচ্যের সঙ্কট এক্ষণে সুস্পষ্টরূপেই একটি বিপদকটে পরিণত হইয়াছে। জাপানের আক্রমণের ফলে শুধু চীনের স্বাধীনতা এবং অখণ্ডতাই বিপন্ন হয় নাই, বিশ্বের শান্তিও বিপন্ন হইয়াছে। চীন সরকার ও চীন জাতির বিশ্বাস যে, জাপানের আক্রমণ ও তাহার নৃশংস অত্যাচার বন্ধ করার জন্য এবং আন্তর্জাতিক সন্ধির মর্য্যাদা রক্ষার্থ রাষ্ট্রসঙ্ঘ ব্যবস্থা অবলম্বন করিবেন। তাঁহারা ইহাও আশা করেন যে, মার্কিণ যুক্তরাষ্ট্র ও সুদূর প্রাচ্যে স্বার্থবিশিষ্ট অপরাপর যে সমস্ত দেশ রাষ্ট্রসঙ্ঘের সদস্য নহে, উহারাও জাপানের আক্রমণ প্রতিহত করিয়া চীনে শান্তি স্থাপনের কার্য্যে সাহায্য করিবে।

রবীন্দ্রনাথের অবস্থা

সোমবার সকাল বেলা হইতে রবীন্দ্র-নাথের অবস্থার সকল দিক দিয়াই উন্নতি পরিলক্ষিত হইয়েছে। শরীরের তাপ স্বাভাবিক অবস্থায় নামিয়া আসে, মূত্রাশয়ের অবস্থার উন্নতি হয়, হৃৎশক্তি সঞ্চার হয়, বিসর্পযুক্ত স্থানের পরিমাণও বর্দ্ধিত হয় নাই। সোমবার সকাল হইতেই তিনি ডাক্তারদের সহিত কথাবার্ত্তা বলিতেছেন।

নিদ্রার নূতন তথ্য

কয়েক জন আধুনিক বৈজ্ঞানিক নিদ্রা সম্বন্ধে নূতন তথ্য আবিষ্কার করিয়াছেন। তাঁরা বলিতেছেন, মানুষ যখন ঘুমায় ... বিশ্রাম দেয় না—নিদ্রাকালে আমাদের মস্তিষ্কক্রিয়াশীলতা আরো বেশী হয়। তাঁরা যুবক নরনারীর মস্তিষ্ক পরীক্ষা করিয়া দেখিয়াছেন, ঘুম যত গভীর হয় মস্তিষ্ক চালনা তত অধিক হয়।

ভূমধ্যসাগর-সমস্যা

ভূমধ্যসাগরে জাহাজ চলাচল নিরাপদ করিবার উদ্দেশ্যে পাহারা দেওয়ার জন্য ব্রিটেন ৩৫খানা এবং ফ্রান্স ২৫খানা ডেষ্ট্রয়ার রাখিবে। এই সম্পর্কে যে চুক্তি হইয়াছে, তাহা মঙ্গলবার হইতে কার্য্যকরী হইবে বলিয়া আশা করা যায়। মাল্টা এবং জিব্রাল্টারের স্থায় কয়েকটি ঘাঁটির নিকটে পাহারার জন্য ডেষ্ট্রয়ারের সঙ্গে বিমানও রাখা হইবে। ইংরেজ এবং ফরাসী নৌ-বিশারদ-গণের বিশ্বাস যে, 'নিয়ন চুক্তি' স্বাক্ষরিত হইবার ফলেই বোম্বেটেদের প্রাণে যথেষ্ট আতঙ্কের সঞ্চার হইবে, খুব সম্ভব বল-প্রয়োগের আর প্রয়োজন হইবে না।

নিয়ন-সম্মেলনে মঃ লিটভিনফ যে সকল কথা বলিয়াছেন, তাহাতে জার্ম্মাণী অত্যন্ত রুষ্ট হইয়াছে। এমনও শুনা যাইতেছে যে, জার্ম্মাণী হয়ত ভবিষ্যতে কোন সম্মেলনে মিঃ লিটভিনফের সহিত একসঙ্গে বসিবে না।

এ-দিকে রাশিয়ার কমুনিষ্ট পার্টির সরকারী পত্রিকা "প্রাভদা"য় লেখা হইয়াছে, "মিঃ লিটভিনফ ইতালীর বোম্বেটেদের মুখোস খুলিয়া দিয়াছেন। ভূমধ্যসাগরে নিরাপত্তা রক্ষার জন্য নিয়ন-সম্মেলনের সিদ্ধান্ত সোভিয়েট সম্পূর্ণরূপে সমর্থন করিবে। যে সকল ইতালীয় দস্যু আমাদের জাহাজ ধ্বংস এবং আমাদের দেশের লোকের জীবন নাশ করিয়াছে, আমরা তাহার প্রতিবিধান নিজেরাই করিব।"

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমদ্ভক্তিবিনোদ শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। বামন-আনবর ।০
১৯। ভক্তিবিনোদ কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-গীতবত্ত্ব ।৵০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। মুক্তিমঞ্জিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৴
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনকণ ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্থপঞ্চক ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। ভক্তমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ।০
৬৪। ভক্তস্তবম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। মায়াবাদখণ্ডনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ॥০
৬৯। এ কিউ ওয়ার্ড স অন্ বেদান্ত ॥০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্স্ মরফলজী য়্যাণ্ড অন্টলজি ॥০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড স ৵০
৭৩। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইসোটিক প্রিন্সিপ্ল য়্যাণ্ড আনয়্যালেভ মিশেন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২॥০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ফার্ষ্ট ভলুম) ১৫

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৴১০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৩৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ২ ভিক্ষা ৪॥০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—ত্রিদিবভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। ত্রৈদিবাদণ্ডী শ্রীপাদ ... মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

———:০:———

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৩৲ টাকা।

১২শ বর্ষ { ২৬ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ২রা আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৪, ১৮ই সেপ্টেম্বর ইং ১৯৩৭, শনিবার } ১৭১তম সংখ্যা

শ্রীশ্রীগুরুপূজা

ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠে

নিত্যলীলা প্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের অন্যতম শ্রীগৌড়ীয়মঠাচার্য্য ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের প্রকট-তিথিতে গত ২৫শে ভাদ্র, ১০ই সেপ্টেম্বর শুক্রবার ঢাকা শ্রীমাধ্ব-গৌড়ীয়মঠে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ রাধামাধব-গৌড়ীয়নাথের শ্রীগুরুপূজা যথাবিধি সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে গত ২৭শে ভাদ্র রবিবার সন্ধ্যা ৭ ঘটিকায় সময় শ্রীমাধ্বগৌড়ীয়মঠে একটী সাধারণ সভার অধিবেশন হয়।

সভা-গৃহে পরমারাধ্য আচার্য্যদেব ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীল অনন্তবাসুদেব বিদ্যাভূষণ গোস্বামী মহারাজের আলেখ্য একটি কাষ্ঠাসনের উপর বিচিত্রবর্ণের লতা-পাতা ও পুষ্পমাল্যের দ্বারা সুসজ্জিত করিয়া রাখা হইয়াছিল। সভার প্রারম্ভে অধিক ও পঞ্চতত্ত্ব কীর্ত্তনের পর প্রথমে পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার মহোদয় শ্রীমাধ্বগৌড়ীয়মঠের সেবকগণের পক্ষ হইতে শ্রীশ্রীল আচার্য্যদেবকে প্রদত্ত অভিনন্দনটি পাঠ করেন। তৎপরে শ্রীপাদ নরোত্তম দাসাধিকারী প্রভু ঢাকা-বাসী গৃহস্থ ভক্তগণের প্রদত্ত অভিনন্দন এবং তৎপরে শ্রীপাদ শিবদাস ব্রহ্মচারী বিদ্যারত্ন প্রভু ঢাকা-কমলাপুর-গোপালজীউমঠের সেবকগণ কর্ত্তৃক প্রদত্ত অভিনন্দনটি পাঠ করেন। অনন্তর শ্রীপাদ শিবদাস ব্রহ্মচারী প্রভু "গুরুপূজা" সম্বন্ধে কিছুক্ষণ বক্তৃতা করিলে শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু একঘণ্টারও কিছু অধিককাল উক্ত বিষয় সম্বন্ধে বক্তৃতা করিয়া জীবমাত্রেরই শ্রীগুরু-পূজা, শ্রীব্যাসপূজা বা আচার্য্যপূজার একান্ত কর্ত্তব্যতার কথা সকলকে বুঝাইয়া দেন। অনন্তর "গুরুদেব, কৃপাবিন্দু দিয়া" এই গীতিটি ও মহামন্ত্র কীর্ত্তনের পর সভা ভঙ্গ হয়। অতঃপর সমবেত প্রায় আড়াইশত পুরুষ ও মহিলাকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছে। সভায় উপস্থিত বহু ব্যক্তির মধ্যে নিম্নে কএকটী নাম মাত্র প্রদত্ত হইল।

রায়বাহাদুর শ্রীযুক্ত মনোমোহন নিয়োগী (রিটায়ার্ড জজ), শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র নাগ (জমিদার, বারদী), শ্রীযুক্ত যতীন্দ্রনাথ গুহ (সেক্রেটারী, ঢাকা মিউনিসিপ্যালিটী), শ্রীযুক্ত যামিনীকুমার দেবশর্ম্মা হালদার, শ্রীযুক্ত বিজয়চন্দ্র লাহিড়ী, শ্রীযুক্ত কালীপদ বসু, শ্রীযুক্ত কামাখ্যাচরণ পোদ্দার, শ্রীযুক্ত যতীন্দ্রনাথ রায়, শ্রীযুক্ত সত্যপ্রসাদ সরকার, শ্রীযুক্ত হরিদাস সরকার, শ্রীযুক্ত অখিলচন্দ্র দাস, শ্রীযুক্ত বিজয়চন্দ্র লাহিড়ী, শ্রীযুক্ত যতীন্দ্রকুমার দাস, শ্রীযুক্ত মদনমোহন গাঙ্গুলী, শ্রীযুক্ত নরেন্দ্রনাথ দাস, শ্রীযুক্ত দীনেশচন্দ্র দে ভক্তিবোধ, কৃষিকোবিদ, শ্রীযুক্ত প্যারী-মোহন দাসাধিকারী, শ্রীযুক্ত সন্তোষ দাসাধিকারী, শ্রীযুক্ত ভবানীকান্ত ভট্ট প্রভৃতি।

শ্রীরূপগৌড়ীয় মঠে

গত ১০ই সেপ্টেম্বর ২৫শে ভাদ্র শুক্লা পঞ্চমীতিথিতে শ্রীগৌড়ীয়মঠের প্রতিষ্ঠাতা জগদ্গুরু নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংস ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের যোগ্যতম অন্যতম বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্যবর ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের প্রকটাবির্ভাব-বাসরে, গৌড়ীয়বৈষ্ণবগণের মুকুটমণি শ্রীরূপগোস্বামিপাদের শিক্ষাস্মৃতি প্রকাশ শ্রীরূপগৌড়ীয়মঠে মহাসমারোহে শ্রীশ্রীগুরু-পূজা-মহামহোৎসব সুচারুরূপে সুসম্পন্ন হইয়াছে।

উক্ত দিবস শ্রীমঠে শ্রীল আচার্য্যদেবের আলেখ্য বিচিত্রবর্ণের বস্ত্র ও গন্ধপুষ্প-মাল্যাদির দ্বারা অতি সুন্দররূপে সুসজ্জিত করা হয়। অনন্তর মঠসেবকগণ ও গৃহস্থ ভক্তগণ শ্রীল আচার্য্যদেবের শ্রীপাদপদ্মে ভক্তিপুষ্পাঞ্জলি অর্পণ করেন।

সন্ধ্যায় শ্রীমঠে একটী সভার অধিবেশন হয়। ভজনোচিত কীর্ত্তন হইবার পর বিবিধ ভাষায় লিখিত শ্রীব্যাসপূজা পুষ্পাঞ্জলি পাঠ করা হয়। তৎপর জনৈক মঠসেবক শ্রীশ্রীগুরুপূজা সম্বন্ধে কীর্ত্তনমুখে বলেন—শ্রীমদ্ভাগবতধর্ম্ম প্রচারক কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাসকেই বৈষ্ণব-সম্প্রদায়ের মূল আচার্য্য বলিয়া লক্ষ্য করা যায়। বৈয়াসিক সম্প্রদায়-আনুগত্যে বা শ্রৌতপন্থা অবলম্বনে যিনি আচার্য্যরূপে প্রকাশিত হইয়া নিরন্তর পরম সত্য সনাতন ভাগবতধর্ম্ম নিরপেক্ষ হইয়া কীর্ত্তন এবং প্রচার করিয়া থাকেন, সেই শ্রীগুরুদেবের পূজাই শ্রীব্যাসপূজা বা শ্রীগুরু-পূজা। আনুগত্যবিহীন কোন সেবাই কৃষ্ণ-পাদপদ্মে পৌঁছায় না; তাই আজ নিষ্কপট সাধুগণের একান্ত আশ্রয় শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-সম্প্রদায়ৈকসংরক্ষক শ্রীশ্রীল অনন্তবাসুদেব পর-বিদ্যাভূষণ প্রভু গৌড়ীয়গগনে আচার্য্যভাস্কর-রূপে উদিত হইয়া জগদ্বাসীকে শ্রীগুরু-পাদপদ্মের আনুগত্যে কৃষ্ণসেবার সুযোগ প্রদান করিয়াছেন।

আমাদের এমন কিছু নাই যে তাঁহার শ্রীপাদপদ্ম পূজা করিব, তবে তাঁহারই সেবা উপায়নে আজ তাঁহার শ্রীপাদপদ্ম পূজার্চ্চনার করিতেছি। "জয় ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যা-ভূষণ গোস্বামী মহারাজ কী জয়।"

আদি এ অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হইয়াছিল। উপস্থিত বহু ভদ্রলোক ও মহিলাদিগকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছিল।

কলিকাতায় প্রচার

কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি-ভূদেব শ্রৌতী মহারাজ ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিচার যাযাবর মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ কলিকাতায় ভবানীপুরের চাউল পট্টিতে রোডে(?) শ্রীযুক্ত ভবতারণ সিংহ মাজেষ্ট্রেট মহাশয়ের গৃহে শ্রীমদ্ভাগবত হইতে নবযোগেন্দ্র উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের পর শ্রীপাদ যাযাবর মহারাজ সুললিতস্বরে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করেন। পাঠে বহু বিশিষ্ট ভদ্রলোক উপস্থিত ছিলেন। তন্মধ্যে কয়েকজনের নাম প্রদত্ত হইল।

শ্রীযুক্ত সুপতিরঞ্জন দত্ত, শ্রীযুক্ত রাধিকা-লাল বিশ্বাস, শ্রীযুক্ত শৈলধর ঘোষ, শ্রীযুক্ত কুঞ্জনাথ ঘোষ, শ্রীযুক্ত কৃষ্ণচরণ বসু, শ্রীযুক্ত সত্যচরণ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত হরি-দাস দাস, মিঃ এ, সি, সাধু অবসরপ্রাপ্ত অনারারী ম্যাজিষ্ট্রেট, মিঃ কালীচরণ বসু, জি পি-ও ক্লার্ক, শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ সেন, শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র সিংহ, শ্রীযুক্ত বিশ্বম্ভর দাসাধিকারী প্রভৃতি।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

"পূর্ব্ব ইতিহাস ভজনের অনুকূল বিচারে নিযুক্ত করিবেন অর্থাৎ প্রতিকূল বিষয়গুলি অনুকূলের পূর্ব্বাবস্থা জানিবেন। প্রতিকূল হওয়ায় যে বিপদ্ উপস্থিত হয়, তাহাই পরক্ষণে ভজনের অনুকূলতা প্রসব করে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী
গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২৭ হৃষীকেশ অধ্যায় কার্ত্তিকশায়ী গৌরাব্দ ৪৪১

কার্ষ্ণ-সেবা

——::০::——

যাঁহারা কৃষ্ণের সেবা করেন, তাঁহারা কার্ষ্ণ। যাঁহারা শ্রীকৃষ্ণের অংশের অংশ শ্রীবিষ্ণুর সেবা করেন তাঁহারা বৈষ্ণব আর যাঁহারা শ্রীমতীর অনুগত বা শ্রীরূপানুগ, তাঁহারা রাধাজন। বৈষ্ণব অপেক্ষা কার্ষ্ণের এবং কার্ষ্ণ অপেক্ষা রাধাজনের রসবিচারে শ্রেষ্ঠত্বের কথা সাধু-গুরু-শাস্ত্রবাক্যে দেখা যায়। তবে সাধারণতঃ আমরা সকলকেই বৈষ্ণব বলিয়া থাকি। কৃষ্ণসেবোন্মুখতাই বৈষ্ণবের মুখ্য পরিচয়। সর্ব্বাবস্থায় যাঁহার অবিচ্ছিন্ন অনুক্ষণ ভগবৎসেবায় নিযুক্ত, যিনি কায়মনোবাক্যে হরিসম্বন্ধ-বস্তু-জ্ঞানে হরিসেবোপযোগী বিষয় গ্রহণপূর্ব্বক যে কোন অবস্থায় থাকিয়া নিরন্তর অনুকূল-কৃষ্ণানুশীলনে ব্যস্ত, হরিসেবা লাভের প্রয়োজন ব্যতীত ধর্ম, অর্থ, কাম, এমনকি মুক্তির অভিলাষও যাঁহার নাই, তিনি জগতে যে-ভাবেই পরিচিত থাকুন না কেন, তিনিই সর্ব্বসদ্গুণাধার জগৎপূজ্য বৈষ্ণব ঠাকুর। তিনি সর্ব্বেশ্বর বিষ্ণুর নিত্য দাসাভিমানী বলিয়া কৃষ্ণভোগ্য বা কৃষ্ণের যোগ্য জ্ঞানই তাঁহার হৃদয়ে প্রবল। তিনি ভোগাভিমানী বা যোগভ্রষ্ট নহেন। ইঁহারা অধোক্ষজ বস্তু; সুতরাং ইঁহাদের ক্রিয়া মুদ্রা বুঝিয়া উঠা অক্ষজ-জ্ঞানীর পক্ষে অসম্ভব। স্বয়ং বৈষ্ণব না হইলে শুদ্ধ বৈষ্ণবের স্বরূপ বুঝিবার সামর্থ্য-লাভ সাধারণ বিচারহীন মনুষ্যের পক্ষে সম্ভব হয় না। আবার তাঁহাদের সন্ধান না পাইলেও মঙ্গলের আশা নাই। সুতরাং উপায় কি? তাঁহাদের অনুগত হইয়া থাকিলেই, ভগবানের নিকট শুদ্ধবৈষ্ণবের সঙ্গলাভের জন্য নিষ্কপট প্রার্থনা জানাইলে শুদ্ধ বৈষ্ণব-ভগবানের কৃপায়ই আমরা সাধু চিনিবার সৌভাগ্য পাইয়া সেই বৈষ্ণবের সঙ্গলাভে কৃতকৃতার্থ হই।

এই ভক্তগণ পতিতপাবন, আর আমরা পতিত। তাঁহারা বাঞ্ছাকল্পতরু, তাঁহারাই আমাদের সর্ব্বাভীষ্ট পূরণ করিতে একমাত্র সমর্থ। ভগবানে সর্ব্বতোভাবে নির্ভরশীল এই বৈষ্ণবগণের পাদপদ্মে শরণ গ্রহণ করাই সর্ব্বমঙ্গলের আকর। পতিত আমরা যদি সেই পতিতপাবনগণের শরণাপন্ন হই অর্থাৎ হইলে দয়ার সাগর তাঁহারা আমাদিগকে নিশ্চয়ই কৃপা করিবেন। তাঁহারা মহাবদান্য। ভগবানের চেয়েও তাঁহাদের দয়া ঢের বেশী; তাঁহারা কৃপণ নহেন। তাঁহারা মহাদাতা—যারে তারে অযাচকে কৃষ্ণবিতরণকারী। কৃষ্ণধনে ধনী তাঁহারাই সর্ব্বাপেক্ষা অধিক ধনী। মঙ্গলপ্রার্থী হইয়া তাঁহাদের নিকট যদি একবার গমন করিতে পারি তাহা হইলে আমাদের কখনও কোন অভাব থাকিবে না।

তাঁহারা পরদুঃখে দুঃখী, তাই অজ্ঞাতসারে তাঁহাদের নিকট উপস্থিত হইলেও আমাদের মঙ্গলের জন্য তাঁহারা যাচিয়া আমাদের নিকট হরিকথা কীর্ত্তন করেন। কিন্তু আমরা এমনই মোহাচ্ছন্ন নির্ব্বোধ যে, পাছে তাঁহাদের নিকট কথা শুনিলে আমাদের সংসার ছুটি হইয়া যায় বা আমরা বিষ্ণু-সেবা করিবার সুবুদ্ধিবিশিষ্ট হইয়া পড়ি, এইজন্য তাঁহাদের কাছে হরিকথা শুনিতেও ভীত হই বা দ্বিধাবোধ ক'র। কিন্তু এমন মনুষ্যজন্ম পাইয়া এরূপভাবে যদি দিনটা বৃথা কাটাই, যদি বৈষ্ণবের কাছে না গিয়া, তাঁহাদের কথা না শুনিয়া অবৈষ্ণবের কথা শুনি, এ জগতের লোকের পরামর্শ লই, তাহা হইলে মায়ার সেবা করিতে করিতে, মরুভূমিতে জলান্বেষণের ন্যায় দুঃখময় জগতে ইন্দ্রিয়সুখ সন্ধান করিতে করিতে আমাদের অনন্তকোটি জন্ম কাটিয়া যাইবে। তাই আমাদের মঙ্গলের জন্য শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

'ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্।
সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ॥'

এই বৈষ্ণবের সেবা সকলেরই কর্ত্তব্য। বিষ্ণুর সেবা অপেক্ষা বৈষ্ণব-সেবার মাহাত্ম্য বেশী। বৈষ্ণবের সেবা দ্বারাই বিষ্ণুর সেবা হয়। এই বৈষ্ণবকে বাদ দিয়া বিষ্ণুর সেবার চেষ্টা দাম্ভিকতা বা ধৃষ্টতা মাত্র। তাই শাস্ত্র বলেন,—

কৃষ্ণ ভজিবার যাঁ'র আছে অভিলাষ।
সে ভজুক কৃষ্ণের সকল প্রিয় দাস॥
সবারে শিখান গৌরচন্দ্র ভগবানে।
বৈষ্ণবের সেবা প্রভু করিয়া আপনে॥
সাধি বহে, ধুতি বহে, লজ্জা নাহি করে।
সম্ভ্রমে বৈষ্ণবগণ হাতে আসি' ধরে॥
ভক্ত-আশীর্ব্বাদ প্রভু শিরে করি' লয়।
ভক্ত-আশীর্ব্বাদে সে কৃষ্ণেতে ভক্তি হয়॥
সবার চরণধূলি লয় বিশ্বম্ভর।

* * *

এই সব কথায় যার নাহিক প্রতীত।
সত্য অধঃপাত তার জানিহ নিশ্চিত॥

(চৈঃ ভাঃ)

কার্ষ্ণ নিত্যমুক্ত। যারা কৃষ্ণকে দেখিতে দেয় না এবং কৃষ্ণকে সরাইয়া দেয়। মায়াধীন কার্ষ্ণগণই একমাত্র আমাদের এই অসুবিধায় দূরীভূত করিয়া আমাদিগকে কৃষ্ণসেবা দান করেন। অন্যের এ সামর্থ্য নাই। ভক্তের সম্পত্তি একমাত্র কৃষ্ণ। তাঁহারাই কৃষ্ণকে দিতে পারেন, তাঁহারা এত দয়াল যে, তাঁহারা যারে তারে কৃষ্ণকে বিতরণ করেন। কিন্তু আমাদের এমনই দুর্দ্দৈব যে, আমরা তাহা পাইয়াও গ্রহণ করি না, যাচিয়া দিতে চাহিলেও আমাদের লইতে ইচ্ছা হয় না।

আমরা যদি নিষ্কপটে কার্ষ্ণসেবা করি তাহা হইলে আমাদের মঙ্গল হবেই হইবে। এই কার্ষ্ণ-সেবনেই হৃদয়ে কৃষ্ণস্ফূর্ত্তি হয়। কার্ষ্ণ-সেবার তার মঙ্গলময় কথা এজগতে আর নাই। আমরা যতদিন নিষ্কপটে কার্ষ্ণ-সঙ্গ না করি, কৃষ্ণ-কার্ষ্ণ-সেবাই আমাদের একমাত্র কৃত্য, একথা যতদিন উপলব্ধি ক'রতে না পারি ততদিন আমাদের দুঃখ'ত যায় না, আমরা বঞ্চিতই থাকি। এই ভক্তগণ তাঁহাদের শ্রীহস্ত দ্বারা আমাদের চক্ষু উন্মীলিত করিয়া দিলে আমাদের ভগবদ্দর্শন বা ভগবৎসেবার সুযোগ হয়। এতদ্ব্যতীত অন্য কোনও উপায় নাই।

এই ভক্তের মহিমা একমাত্র ভক্তগণ ভগবানই জানেন; ভক্তসম্বন্ধিত অপর ব্যক্তিগণ তাহা জানে না। সেব্য ভগবানের প্রতি সেবক ভক্তগণ যেরূপ বিশ্রম্ভ-সহকারে নানাবিধ সেবা-প্রণয়-চেষ্টা প্রদর্শন করেন, ভক্তৈকপ্রাণ ভগবানও তদ্রূপ তাঁর প্রাণাধিক ভক্তের প্রতি নানাবিধ সেবা-প্রণয় বিধান করিয়া অসীম ভক্তবাৎসল্য প্রদর্শন করেন। তবে ইহাতে কেহ যেন মনে না করেন যে, ভগবান্ প্রেমবশে ভক্তের সেবা করিতে গিয়া নিজ সেব্য-ভাব-রাহিত্য জ্ঞাপন করিতেছেন, পরন্তু তিনি ভক্তবাৎসল্য-প্রদর্শনকল্পে ভক্তের ভক্তরূপে বহু আচরণ করিয়া জগতে ভগবান্ ও ভক্তের পরস্পর অত্যন্ত ঘনিষ্ঠ নিত্যসেব্য সম্বন্ধ প্রচার করেন।

কৃষ্ণ ভগবান্ স্বয়ং বলিয়াছেন, 'আমি ভক্তের অধীন। আমি—স্বাধীন নহি, পরন্তু ভক্তপরতন্ত্র, কেন না, আমি ভক্তের অধীন। ভক্তই আমার একমাত্র প্রিয়, এই পরমসাধু ভক্তগণ কর্ত্তৃক আমার হৃদয় সর্ব্বদা বশীভূত। আমি যাঁহাদের পরমাগতি, সেই সাধুগণ ব্যতীত নিজ আত্মা বা শ্রীও আমার প্রিয় নহে। বস্তুতঃ যাঁহারা পুত্র, ভার্য্যা, দেহ, স্বজন, ধন, প্রাণ, ইহলোক, পরলোক সমস্তই বিসর্জন পূর্ব্বক আমারই শরণ গ্রহণ করিয়াছেন, আমি কিরূপে তাঁহাদিগকে পরিত্যাগ করি? অহো! সতী নারী যেরূপ সৎপুরুষকে বশীভূত করে, তদ্রূপ সর্ব্বত্র সমদর্শী সাধুগণ মৎপ্রতি নিজ নিজ হৃদয় বন্ধন পূর্ব্বক আমাকে বশীভূত করিয়াছেন।

ভগবৎ-সেবালাভ ত' দূরের কথা, আজন্ম ধার্ম্মিক, উদাসীন, জ্ঞানবান্, শাস্ত্র, দান ও জিতেন্দ্রিয় ভাগবত-অধ্যাপকেরও বৈষ্ণব-সেবা ব্যতীত শ্রীভগবৎপাদপদ্মে বিশ্বাস হওয়া অসম্ভব। কৃষ্ণসেবা করিয়া অনেকে ফল লাভ করেন না, কিন্তু কৃষ্ণভক্ত-সেবা করিলে কৃষ্ণপ্রাপ্তি অনিবার্য্য। এই ভক্তগণই কৃষ্ণের নিজ ঘর ভগবৎকিঙ্কর। সুতরাং ভক্ত-সেবা বাদ দিয়া ভগবানের সেবা লাভের প্রয়াস যে ধৃষ্টতা তাহাতে আর সন্দেহ কি? শাস্ত্র বলেন—

সিদ্ধির্ভবতি বা নেতি সংশয়োঽচ্যুত-সেবিনাম্।
নিঃসংশয়স্তু তদ্ভক্ত-পরিচর্য্যারতাত্মনাম্॥

(বরাহপুরাণ)

[ভগবৎ-সেবকগণের সিদ্ধি হয় কিনা এইরূপ সন্দেহ থাকিতে পারে, কিন্তু যাঁহারা তদীয় ভক্তগণের পরিচর্য্যায় আসক্ত, তাঁহাদের সিদ্ধিবিষয়ে কোনও সন্দেহ নাই।]

ভক্তের সেবা বাদ দিয়া যে ভগবানের সেবা হয় না, শ্রীভগবান্ও তাহা নিজমুখে জানাইয়াছেন,—

"যে মে ভক্তজনাঃ পার্থ ন মে ভক্তাশ্চ তে জনাঃ।
মদ্ভক্তানাঞ্চ যে ভক্তাস্তে মে ভক্ততমা মতাঃ॥"

(আদিপুরাণ)

অর্থাৎ হে অর্জ্জুন, যাঁহারা আমার ভক্ত তাঁহারা প্রকৃত ভক্ত বলিয়া গণনীয় নহেন, ভক্তগণের ভক্তেরাই মদীয় সর্ব্বোত্তম ভক্ত বলিয়া পরিগণিত।

কার্ষ্ণসেবাই কৃষ্ণসেবালাভের একমাত্র উপায়; এতদ্ব্যতীত অন্য উপায়ে কৃষ্ণসেবা লাভ অসম্ভব—একথা সাধু-শাস্ত্র-বাক্যে অবগত হইয়া বুদ্ধিমান্ ব্যক্তিগণ সাধুর সঙ্গ বা সাধুর আনুগত্যই নিষ্কপটে করিয়া থাকেন।
"আমার লইয়া ভজে তারে কৃষ্ণ নাহি ভজে আর সব মনে অকারণ।"

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

নদীয়ার জগদ্গুরু চিদ্বিলাস অষ্টোত্তরশতশ্রী ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুপাদের ভুবনমঙ্গলময়ী প্রকট-তিথিতে শ্রীগুরুচরণ-কমলে

ভক্তিপুষ্পাঞ্জলি

সংসার-দাবানল-লীঢ়-লোকত্রাণায় কারুণ্যঘনাঘনত্বম্।
প্রাপ্তস্য কল্যাণ-গুণার্ণবস্য বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্॥

সংসারদাবানল-সন্তপ্ত এই পতিত জীবের পরিত্রাণের জন্য হে জগদ্গুরো, আপনি শ্রী[illegible] করুণাঘন-ঘনার ন্যায়বারি-রূপে আমাদের উপর যে কৃপাবারি বর্ষণ করিতেছেন, আমরা সেই কল্যাণ-গুণনিধি নদীয়ার আপনার পাদপদ্মকে নিত্য বন্দনা করি।

হে সুহৃদ্‌শ্রেষ্ঠ! আজ শ্রীশ্রীগুরুপূজা-বাসর। কিন্তু কি করিয়া শ্রীগুরুপাদপদ্মের অর্চ্চন করিতে হয়, তাহা আপনি না শিখাইলে আমরা নিতান্ত অজ্ঞ কি করিয়া তাহা জানিব? নিত্যলীলা-প্রবিষ্ট জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের পঞ্চাশত্তমাবির্ভাব-তিথিতে আপনি শ্রীগুরুপূজা প্রবর্তন ও ১৯৩০ সালের ১৮ ফেব্রুয়ারী শ্রীধাম-মায়াপুর শ্রীচৈতন্যমঠে শ্রীগুরুপাদপীঠ-পূজা প্রকাশ করিয়া আমাদিগকে শ্রীগুরু-পূজার আদর্শ শিক্ষা দিয়াছেন। আপনি শ্রীগুরু-পাদপদ্মের সমীপে বিশ্বাসীরূপে অনুক্ষণ থাকিয়া সর্ব্বাপেক্ষা অধিক তাঁহার বাণীর সঙ্গ ও লেখনী দ্বারা বাণীর সেবা করিয়াছেন। শ্রীগুরুপাদপদ্মে সর্বস্ব বলি প্রদান ও নিত্য-সিদ্ধ নৈষ্ঠিক ব্রহ্মচারীর লীলা প্রদর্শন করিয়া আপনার ভাগবত-পরমহংসত্ব প্রকাশ করিয়াছেন। নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী-প্রভুপাদ আপনার শ্রীপাদপদ্মেই আমাদিগকে সমর্পণ করিয়া দিয়াছেন। আপনি স্বয়ং আচরণ করিয়া সর্বস্ব দ্বারা সর্বক্ষণ সর্বতো-ভাবে শ্রীগুরুপাদপদ্ম-বাণীর সেবা-শিক্ষা দান করিলেও আমরা সেই আদর্শ অনুসরণ করিতে পারিতেছি না। আপনি সদ্বৈদ্যশ্রেষ্ঠ, আমাদিগকে অপরাধিতা হইতে উদ্ধার করুন।

পতিতপাবন পরমারাধ্য প্রভুপাদ! শ্রীগুরুপাদপদ্মের সহিত কেবলমাত্র ব্যবহারিকতা বা কপটতাকে যেন "অঞ্জলি" মনে করিয়া আত্মবঞ্চনা ও লোকবঞ্চনা না করি। সত্য সত্য সর্বতোভাবে হইয়া যেন শ্রীগুরু-পাদপদ্মের সেবা করিতে পারি, শ্রীগুরু-পাদপদ্মের বাণী অনুসরণ করিতে পারি; যেন অবৈধ অনুকরণ-চেষ্টা, গুরুপাদপদ্মে মর্ত্ত্যবুদ্ধি, মৎসরতা, গুরুতে ভোগ-বুদ্ধি, জাতিবুদ্ধি, গুরুর সালোক্য, সারূপ্য, সামীপ্য, সার্ষ্টি ও সাযুজ্যাদি-লাভের অভিলাষ, গুরুর দ্বারা জাগতিক অপবার্গ-সাধন-পিপাসা, গুরুদেবের প্রণিপাদি ভোগ, গুরুদেবকে সাধারণ বৈষ্ণব-বাহ্য-বিচার, অথবা 'গুরুদেব আর অধিক কি বুঝেন? আমিও অনেক কিছু বুঝি, অতএব গুরু-গ্রহণের আবশ্যকতাই বা কি? শ্রীগুরুদেব অপেক্ষা আমার অধিক ঐশ্বর্য্য, অধিক পাণ্ডিত্য, আভিজাত্য ও সৌন্দর্য্য আছে'—এইরূপ নিরয়-প্রাপিকা নাস্তিকতা যেন আপনার অকপট কৃপায় আমাদের হৃদয়ের কোথাও স্থান প্রাপ্ত না হয়। শ্রীগুরুপাদপদ্মকে যেন কোনদিনই অভিন্ন-নিত্যানন্দ-তত্ত্ব ব্যতীত অন্য কোন স্বরূপে দর্শন না করি। শ্রীচৈতন্য-লীলার ব্যাসের ন্যায় যেন স্বাভাবিক গুরুনিষ্ঠা হৃদয়ে সর্ব্বদা দেদীপ্যমান রাখিয়া শ্রীব্যাস-গুরুর অনুগমনে বলিতে পারি,—

এত পরিহারেও যে পাপী নিন্দা করে।
তবে লাথি মারো তা'র শিরের উপরে॥

শ্রীব্যাসদেবের ন্যায় এইরূপ ঐকান্তিকী বাস্তব নিষ্ঠা উদিত হইলেই শ্রীব্যাস-পূজায়—শ্রীগুরু-পূজায় অধিকার পাইব।

গুরু-পূজককে নাস্তিক ব্যক্তিগণ 'ধর্মোন্মত্ত' বলে বলুক, তাহাদের অজ্ঞতার চক্ষে গুরু-পূজাকে কর্মবীরের পূজা বা পুতুল-পূজার সহিত সমান মনে করে করুক, শ্রীনিত্যানন্দ-ভৃত্যের চরণে অপরাধ করিয়া বহির্মুখ ব্যক্তিগণ ঠাকুর বৃন্দাবনকে নিত্যানন্দের মদিরা-যবনী-গ্রহণাদিরও সমর্থক বলে বলুক, শ্রীব্যাসদেবকে 'একপেশে,' 'গোঁড়া,' 'ক্রোধী,' 'দাম্ভিক' প্রভৃতি বলিয়া নরককুণ্ডে পতিত হইবার সঙ্কল্প করে করুক, তথাপি আমরা যেন আপনার শ্রীপাদপদ্মের কৃপায় জানিতে পারি,—রামচন্দ্র খাঁ বা রামচন্দ্র-পুরীর ন্যায় মৎসর-চিত্তবৃত্তি কখনও সত্যকে আবৃত করিতে পারে না, শ্রীনিত্যানন্দের পদ-নখ-সৌন্দর্য্যকে বিনষ্ট করিতে পারে না, নিত্যানন্দে কোন-প্রকার ভেজাল আদর্শ নাই, থাকিতে পারে না।

হে নিত্যানন্দাভিন্ন-বিগ্রহ আচার্য্যদেব! আপনি পতিতপাবন। আপনার এই সর্ব্বাপেক্ষা পতিত অযোগ্যতম ভক্তাভাসকে আপনার অহৈতুকী করুণা আপনার মঙ্গল-স্বরূপিণী আবির্ভাব তিথিতে বিতরণ করুন। আমার শিক্ষাগুরু বৈষ্ণববৃন্দ আমাকে কৃপা করিয়া শ্রীগুরুপূজার নিত্য অধিকার প্রদান করুন।

অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

জয় ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুপাদ কী জয়!

আপনার অযোগ্যতম কিঙ্করাভাস
শ্রীকৃষ্ণনন্দন ব্রহ্মচারী
অযোধ্যা মদনমন্দির

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীমৎস্বরূপরূপানুগবর্য্য ভক্তিবিনোদ গৌর-সরস্বতী-শ্রেষ্ঠ গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁবিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুচরণের শুভ আবির্ভাববাসরে শ্রীশ্রীগুরু-পূজোপলক্ষে

ভক্তিসৌরভ-প্রসূনাঞ্জলি

(১)

সর্ব্ববেদ গাহে জয় বাসুদেব জয়।
সর্ব্বমন্ত্রে বাসুদেব মন্ত্রেশ্বর হয়॥
বাসুদেব-পাদপদ্ম সবার আশ্রয়।
বন্দি প্রভু বাসুদেব জয় জয় জয়॥

(২)

বাসুদেব প্রভু নিত্য বিষয় আশ্রয়।
অতএ এ দুই তত্ত্ব নিত্য লীলাময়॥
আশ্রয়-বিহীন কভু না রহে বিষয়।
বিষয়-বিহীন কভু না থাকে আশ্রয়॥

(৩)

সর্ব্বশক্তিমান্ তত্ত্ব বাসুদেব প্রভু।
শক্তি-হীন পশু নহে পরতত্ত্ব কভু॥
স্বপ্রকাশ বস্তু তিনি বিষয় আশ্রয়।
বাসুদেব-কৃপাকাঙ্ক্ষী সুর-নর-চয়॥

(৪)

বাসুদেব ত্যজি' যেবা অন্য বাঞ্ছা করে।
স্ব-জননী ত্যজি' সেই চণ্ডালিনী বরে॥
বাসুদেব ত্যজি' যেই ম'জেছে অন্যেতে।
কালকূট পিয়ে সেই মরিণ করেছে॥

(৫)

বিষয়বিগ্রহ-সেবা দিতে বিশ্বময়।
শ্রীবিনোদ-গৌরবাণী-সিদ্ধান্ত-নিচয়॥
জানাইতে প্রভু তুমি হইয়া সদয়।
জগতে আচার্যরূপে হ'য়েছ উদয়॥

(৬)

তুমি প্রভু শ্রীহরির প্রকাশ-বিগ্রহ।
জীবের সম্পৎশ্রেষ্ঠ তব অনুগ্রহ॥
আশ্রয়রূপেতে তুমি শ্রীহরি সে'বিয়া।
সেবাশিক্ষা দিতে এলে আচার্য্য হইয়া॥

(৭)

শুদ্ধবৈষ্ণবের গৃহে হ'য়ে আবির্ভূত।
শ্রীহরির নামগানে অনুক্ষণ রত॥
শিশুকালে আলিঙ্গিলা চৈতন্য-চরিত।
বাল্যাবধি সর্ব্ববিধ শাস্ত্রে সুপণ্ডিত॥

(৮)

মাতা পিতা সবে তব শৈশব-লীলায়।
হ'য়েছিল চমৎকৃত নেহারি' তোমায়॥
শিশু হ'তে সর্বশাস্ত্রে তুমি স্ফূর্তিময়।
নিত্যসিদ্ধ গৌরজন ভক্ত-প্রবর॥

(৯)

বাল্যে তোমা হেরি শ্রীল বিনোদ-ঠাকুর।
জানাইলা শ্রীহরির করুণা প্রচুর॥
এই শিশু বিতরিবে গুরুগৌরবাণী।
প্রচারি নির্ভীককণ্ঠে শোধিবে পরাণী॥

(১০)

তুমি নিত্য স্বপ্রকাশ আচার্য্য-ভাস্কর।
অসৎসঙ্গবর্জনেতে দৃঢ় ব্রতধর॥
ধরিয়া কঠোর-ব্রত ব্রহ্মচারি-রূপ।
শিখা'লে আচার্য্য-সেবা অতি অপরূপ॥

(১১)

পাপ বংশ গো-ব্রাহ্মণে করে নির্য্যাতন।
অপ্রাকৃত ভক্তে করে কত জ্বালাতন॥
সাধুর করিয়া বধ পানীয় আহার।
অসত্যেরে সত্য বলি করিছে প্রচার॥

(১২)

নিত্য সেব্য বস্তু পদ্মপলাশলোচন।
তাঁর সেবা বন্ধ হবে করিল দুর্জ্জন॥
অপহরি' শ্রীহরির সেবার সম্ভার।
সাধু-প্রাণ ছিন্ন নষ্ট করি' অত্যাচার॥

(১৩)

বিতাড়িতে ধর্মগ্লানি ভারত-মাঝারে।
শ্রীভক্তিসিদ্ধান্তবাণী বিশ্বে স্থাপিবারে॥
অপ্রাকৃত ভক্তানন্দ বর্দ্ধনের তরে।
অবতীর্ণ আজি দেব, অবনী ভিতরে॥

(১৪)

অবতার-উৎসবেতে বসুমতী-কোলে।
দুর্দান্ত নরকাসুর কম্পিল ভূতলে॥
নরকের বংশধর নারকী দুর্জ্জন।
শ্রীগুরু-বৈষ্ণবে করে 'শূদ্র' বর্তাজন॥

(১৫)

নাশিতে নারকিগণে হে আচার্য্য তুমি।
বাণী-সুদর্শন ল'য়ে এলে বিশ্বভূমি॥
অসহ্য তোমার তেজ হেরিয়া দুর্জ্জন।
পরিত্রাহি রবে আজি ত্যজিল ভুবন॥

(১৬)

আচার্য্য-কেশরিরূপে করিলে হুঙ্কার।
বিশ্ব মাঝে ভোগবাদ করিতে সংহার॥
শুভদিনে অবতীর্ণ আচার্য্য কৃপাল।
হেরি' তোমা লুকাইল তত কেরপাল॥

(১৭)

অপ্রাকৃত ভক্ত তোমা হেরে ভক্তবর।
অভক্ত নেহারে তোমা জীব জাতর॥
সজ্জনের প্রিয় তুমি কুসুম-কোমল।
দুর্জ্জন সম্মুখে তুমি অশনি প্রবল॥

(১৮)

নিবেদন করি আজি আচার্য্যচরণে।
সার্থক জনম হোক এ তিথি বরণে॥
বাসুদেবময় হোক এ ক্ষুদ্র জীবন।
এই ভিক্ষা শ্রীচরণে মাগে অকিঞ্চন॥

(১৯)

আমি অতি মন্দমতি অজ্ঞতে বিভোর।
তব পূজা-উপাচার কিছু নাহি মোর॥
আছে শুধু গুণ অন্ধ চিত্ত হাহাকার।
পদ-প্রান্তে স্থান দাও হে করুণাধার॥

(২০)

অতি ঘৃণ্য কীটাধম এ আত্মপ্রবর।
তব সেবা-যোগ্য নহে, নাহি গন্ধ-বল॥
কৃপা করি' এ পতিতে করহ স্বীকার।
পতিত-পাবন তুমি-বিখ্যাত সংসার॥

সেবকাধম
শ্রীভক্তিসৌরভ দাস ভক্তিশাস্ত্রী

মায়াকে পিছনে রাখি কৃষ্ণপানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ-রাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন শুদ্ধ-ভক্তিপ্রচারকরূপে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রস্থানচতুষ্টয়-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও চারখানি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাগ্রা শ্রীপাদ সখীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেশগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ কাজনগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীমিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভাজনগর, (বর্দ্ধমান)

শ্রীবৃন্দাবনদাস ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউগাছা - (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিশরণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) বাঙ্গগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীকুঞ্জমানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীরাখালদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীঅভিরূপ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধাবল্লভ দাসাধিকারী।

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীশরৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অসাইকিলা, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীভুবনেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক—শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৪২নং কালিদপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীমদ্কৃপানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীসনাতিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—শেরগড়ী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং হেস্টিংস রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রিয় ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা সঙ্কল্প। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগোপীনাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) সীতাকুটী

রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁদালি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীদাদা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অম্বষ্ঠ গৌড়ীয়মঠ

পোঃ অম্বষ্ঠ, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাকু (হাওড়া)

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুমুরদহ গ্রা, পোঃ চিরুদহ গ্রা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত শ্রীমদ্‌মঙ্গল ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২১শে আগষ্ট, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বাঁশবাদি	৬৷৷০
কলমা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷৷০
বাঁকতুলসী	৫৷০
বালাম নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
এক্সপোর্ট কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেগুন	৩৸৶০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
দেশোয়ারী	১০৲-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০-৫৷৶
ঐ বাবাদি	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫৷০-৫৷৷০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৶০

চিনির দর

কাইন, টাইপ	১০৷৶০
চিনুর ১০০০ নং	১০৶০
নারকেলা সাদা	৯৷০
পুর সাদা	৮৷০—৯৶০
পুর লাল	৭৸০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

গিনির বার	৩৪৷০
গিনি	২২৲
ছাবিবরাব	৫২৷০

পাটের দর

লাইভে—	৪০৸০
নুতন—	৪০৸০
চিকন—	৪১৷০
বাজার বন্ধের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬৷০—৬৷৶০
পাবকাইন ঐ	৬৲—৬৸০
হটমোক্স ঐ	৫৸৶০—৫৸০
চকী	৬৲—৬৸০
আটা (বি)	৫৸০—৫৸৶০
আটা নং (২	৫৶০—৫৷৶০
আটা (এস)	৫৲—৫৷০
আটা (কে)	৪৸০—৪৸৶০
আটা নং (৩)	২৷০—২৷৶০
সোলাউ	১৷৶০—১৸০
ভুষি	১৸৶০—১৸৶০

ঘৃতের দর

অজয়	৫৭৲
মাখনীয়া	৫৭৲
ফুলেশ্বরী	৫০৲
	৪৫৲

পাতিয়াল	৪৬৷০
তার	৪৬৲
কাবুলে	৩৬৲
রাজা গাওয়া	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৶০—৯৴
ঐ দে-মার্কা হাল্‌কা ওজন	৮৲—৮৸০
ঐ টাটা স্টেন্ডার্ড ৩-৪ই বীম সব সাইজ	১০৴
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৶০
বরগা (টি আয়রণ)	৮৷০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷০—৯৲
টাটা গ্যাঃ করগেট-সিট।	।৶০
২৪ গেজ—	১৪৷০
২৬ গেজ—	১৩৷০
২৮ গেজ—	১৪৷০

টাটা গ্যাঃ প্লেন শীট।

২৪ গেজ—	১৪৸৶০
২৬ গেজ—	১৩৸৶০
২৮ গেজ—	১৩৶০

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ

শীট	।৶১০—৸৶০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
মোট কাটিং বা ছিট কাটা মণ	৩৷০—

গাটি কাটিং ৩—১ ফুট লম্বা

৭৷০—৩৷০ হন্দর

গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাটি, বোল্টু, পয়সে	৮৲—৯৲

গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের

রড	৮৸০—১১৷০

নূঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

চটকলের হাফরণ ৫৶০, পাটের হাফরণ ৩৷০

তুলার হাফরণ ৪৸০

জুলের দর

কলিকাতা ২৬শে জুন,

আরেন সোনার কাইন	৫৪৲
লিট্‌ল আয়েন করকচ	৪০৲
কণ্ঠি পুরনো কাইন	৪৩৲
হাবার্থ তাবা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
পাবল সাও	৮৷৷
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷০—১১৷০
খাঁটি খয়েরণ	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার অভিষেক

এণ্ড সন্স্ লিঃ

ডি-৫ জগন্নাথ ঘাট গোলাপী, বড়বাজার

কলিকাতা

কৃষ্ণ-ভাবনামৃতম্

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর প্রণীতম্। মূল সংস্কৃত, শ্রীকৃষ্ণদেব সার্ব্বভৌম কৃত টীকা এবং সরল বঙ্গানুবাদ—যেমন সুখপাঠ্য তেমনই চিত্তাকর্ষী, পাদ-টীকায় বিবিধ জ্ঞাতব্য বিষয় অষ্টকালীয় লীলা স্মরণ-প্রণালীর বিবরণ এবং লীলানুরূপ মহাজনী পদাবলী সহ সম্পাদিত। এরূপ সর্ব্বোৎকৃষ্ট সংস্করণ কোথাও প্রকাশিত হয় নাই। বৃহৎ গ্রন্থ, উৎকৃষ্ট বাঁধাই। মূল্য ৫৲ টাকা। ডাকমাশুল স্বতন্ত্র।

শ্রীআনন্দ বৃন্দাবন চম্পূ

মহাকবি শ্রীল কবিকর্ণপূর গোস্বামী বিরচিত। যিনি অতি শৈশবে শ্রীমহাপ্রভুর পাদাঙ্গুষ্ঠ লেহন করিয়া কবিশক্তি লাভ করিয়াছিলেন সেই শ্রীল শিবানন্দ সেনাত্মজ শ্রীমদ্ কবিকর্ণপুর গোস্বামী বিরচিত শ্রীবৃন্দাবন লীলার সুধা-সরিৎ-স্বরূপ শ্রীগ্রন্থখানি বঙ্গাক্ষরে মূল, শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী কৃত টীকা এবং সরল সুখপাঠ্য বঙ্গানুবাদ সহ ১০ম স্তবক পর্য্যন্ত একত্রে বাঁধান। মূল্য ৫০ টাকা। মাশুল স্বতন্ত্র।

সাত্বত দর্পণ বা

সৎক্রিয়া-সার-পদ্ধতি

ইহা বৈষ্ণব স্মৃতি-সম্মত বিবাহ, উপনয়নাদি দশবিধ সংস্কার, সন্ধ্যা, তর্পণ, পূজা, হোম, প্রায়শ্চিত্ত, শব-সৎকার হইতে অশৌচবিচার ও বৈষ্ণবীয় শ্রাদ্ধকার্য্য প্রভৃতি যাবতীয় ক্রিয়া-পদ্ধতি বৈদিক গৃহ্য সূত্র, স্মৃতিগ্রন্থ এবং শ্রীহরিভক্তিবিলাস ও সৎক্রিয়া-সার দীপিকাদি অবলম্বনে ভক্তির অনুকূলে অতি সরলভাবে সঙ্কলিত। ভগবদ্ভক্ত জন মাত্রেই এই পদ্ধতি দৃষ্টে নিত্য নৈমিত্তিক, বৈদিক লৌকিক সকল ক্রিয়াই অনায়াসে সম্পন্ন করিতে পারিবেন। বৃহদ্‌গ্রন্থ। মূল্য ২৲ টাকা। ডাঃ মাঃ স্বতন্ত্র।

পুঃ অন্যান্য পুস্তকের দর জানিতে হইলে ক্যাটলগের জন্য লিখুন।

ম্যানেজার —ভক্তিপ্রভা পুস্তকালয়,

আলাটী পোঃ, জেলা হুগলী।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৩৫	১১—১০,	১৪—৯	১৮—১৩,	২০—১২

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। পিলার দোষ সংযুক্ত জ্বরাদির এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৮৶০ আনা, বড় বোতল ১৶০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

"ব্রাহ্মণ ও বৈষ্ণব"

দ্বিতীয় সংস্করণ

বর্ত্তমান ব্রাহ্মণ-অব্রাহ্মণের দ্বন্দময় যুগে এই গ্রন্থখানা পাঠ করা সকলেরই একান্ত কর্ত্তব্য। বিশেষতঃ যাঁহারা ব্রাহ্মণের মাহাত্ম্য, ব্রাহ্মণের কৃত্য, ব্রাহ্মণের লক্ষণ, বৈষ্ণবের সহিত ব্রাহ্মণের কি সম্বন্ধ, তথা বৈষ্ণবের লক্ষণ ও মাহাত্ম্য, মানবগণের পরস্পর ব্যবহার-প্রণালী জানিতে ইচ্ছুক, তাঁহাদের অবিলম্বে এই গ্রন্থখানি সংগ্রহ করা উচিত। এই গ্রন্থে বেদ, বেদান্ত, উপনিষদ্, গীতা, মহাভারত, শ্রীমদ্ভাগবত প্রভৃতি শাস্ত্র হইতে প্রমাণাদি সংগৃহীত হইয়াছে। উত্তম কাগজে পাইকা অক্ষরে (প্রমাণাদি স্মল পাইকা টাইপে) অতি সুন্দর ছাপা। ১৮৬ পৃষ্ঠায় সমাপ্ত। এতদ্ব্যতীত গ্রন্থে কথাসার শ্লোক-সূচী প্রদত্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৬০ আনা।

প্রাপ্তিস্থান—

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

গত ১লা ভাদ্র হইতে কলিকাতা বাগবাজার
শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহামহোৎসব
আরম্ভ

দৈনিক নদীয়া-প্রকাশ

———:(০):———

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৶০	।৶
" " ইঞ্চি	২৲	১৷০	১৷০	১৲
সিকিকলম	৮৲	৪৲	৬৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲		১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬	
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	১৮৲
" এক কলম	৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যা৷০ ভিক্ষা বন্ধ।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমাক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ প্রথমাদি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—ব-রাজ গৌড়ীয়মঠ, রায়পাড়া, মাদ্রাজ ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে
মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী
বাগবাজার, কলিকাতা।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৪।৭নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—"শ্রীধাম"—শ্রীমায়াপুর

দৈ নি ক

REG NO C 1844

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

ভারতের সর্ব্বত্র প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৪ঠা আশ্বিন, ১৩৪৪, ২০শে সেপ্টেম্বর, ১৯৩৭, সোমবার [সংখ্যা ১৭২]

বিবিধ সংবাদ

জাপানীদের প্রচণ্ড আক্রমণ
৭০ মাইলব্যাপী রণক্ষেত্রে উভয় পক্ষে ভীষণ যুদ্ধ

গত ১৪ই সেপ্টেম্বর উত্তর চীনে জাপানীদের যে ব্যাপক আক্রমণ আরম্ভ হইয়াছে তাহার প্রথম ফলস্বরূপ তাহারা চীনবেষ্টিত সুয়ান সহর অধিকার করিয়াছে বলিয়া দাবী করে। পিপিং-এর ৭ মাইল দক্ষিণে চীনারা যে ব্যূহ রচনা করিয়াছে, এই স্থানটী তাহার চাবিকাঠি স্বরূপ।

সুয়ানের পতনের পূর্ব্বে উভয় পক্ষে ভীষণ যুদ্ধ হয়। বর্ত্তমানে পিপিংহাংকাও রেলের পশ্চিমে লিয়াং লিয়াং এর নিকটস্থ স্থানগুলি হইতে আরম্ভ করিয়া তিয়েন-সিনের ৩০ মাইল পশ্চিম পর্য্যন্ত ৭০ মাইল ব্যাপী রণক্ষেত্রে প্রচণ্ড সংগ্রাম চলিয়াছে।

বহু স্থানে হুন নদী পার হইয়া জাপানীরা দক্ষিণ দিকে অগ্রসর হইয়াছে। তাহাতে যে সমস্ত চীনা সৈন্য পিপিং-হাংকাও রেলপথ ধরিয়া ব্যূহ রচনা করিয়া রহিয়াছে, তাহাদের পরিবেষ্টিত হইবার আশঙ্কা আছে।

জাপানীরা বলে যে, তাহাদের আক্রমণ আরম্ভ হইবার পর তাহারা বহু মাইল অগ্রসর হইয়াছে এবং পিপিংহাংকাও রেল-পথ হইতে ১২ মাইল দূরবর্ত্তী স্থানেও শত্রু চীনাদের ভীষণ ভাবে তাহাদিগকে আক্রমণ করিতে হইয়াছে।

জাপানীরা আরও বলে যে, সুয়ান সহর অধিকার করিবার পূর্ব্বে তাহারা চীনাদের একটি ডিভিসনকে ছত্রভঙ্গ করিয়া দেয়। তাহা ছাড়া লিয়াং লিয়াং-এর জাপানী সৈন্যরা অগ্রসর হইয়াছে বলিয়া দাবী করে। প্রকাশ যে, তথায় চীনারা বহু বিস্তৃত অঞ্চলে কয়েকটি গুরুত্বপূর্ণ স্থান হারাইয়াছে।

চারশত গজ প্রশস্ত হুন নদী পার হওয়ার পূর্ব্বে জাপানীরা প্রচণ্ড গোলাবর্ষণ করে। চীনা সৈন্যগণ এই নদীর তীর ধরিয়া যে সমস্ত পরিখা খনন করিয়াছিল, এই গোলাবর্ষণে সেইগুলি সম্পূর্ণ বিধ্বস্ত হইয়া যায়, জাপানী অশ্বারোহী সৈন্যগণ তখন সাঁতরাইয়া নদী পার হয়। সঙ্গে সঙ্গে প্রথমে গোলন্দাজ ও ট্যাঙ্ক বাহিনীকে এবং তারপর পদাতিক সৈন্যদলকে নৌ-সেতুর সাহায্যে নদী পার করা হয়। চরগণ প্রথমেই সাঁতরাইয়া নদী পার হইয়াছিল। তাহারা অপর তীরে থাকিয়া মূলবাহিনীর নদী অতিক্রমে সাহায্য করে। নদী পার হওয়ার পর জাপানীগণ আর বিলম্ব না থাকিয়া ক্ষিপ্রগতিতে অগ্রসর হয়। সমতল ক্ষেত্রে তাহাদের ট্যাঙ্ক বাহিনীর আক্রমণ খুবই কার্য্যকরী হয়।

ভূমধ্যসাগর-সমস্যা

ভূমধ্যসাগরের পাহারা ব্যবস্থায় ইতালীর পক্ষে কোনও গুরুত্বপূর্ণ অংশ গ্রহণ করা ব্রিটিশ গবর্ণমেন্টের মতে অসম্ভব বলিয়া যে সমস্ত সংবাদ প্রকাশিত হইয়াছে লণ্ডনে তাহার সত্যতা অস্বীকার করা হইয়াছে। আরও বলা হইয়াছে যে, 'ব্রিটেন ও ফ্রান্স অবিলম্বে বর্ত্তমান ব্যবস্থাকে কার্য্যে পরিণত করিতে ইচ্ছুক, কিন্তু পরে ইতালী যদি যোগদান করিতে ইচ্ছা করে তাহা হইলে তাহাকে পাহারা কার্য্যে যুক্তিসঙ্গত অংশ দেওয়ার উদ্দেশ্যে পরিকল্পনার পরিবর্ত্তন করা হইতে পারে।

রোমের সংবাদে প্রকাশ, ভূমধ্যসাগরের পাহারা কার্য্যে ইতালীকে যদি ব্রিটেন ও ফ্রান্সের সমান অধিকার দেওয়া হয় তাহা হইলে সে সন্তুষ্ট হইবে। সম্ভবতঃ লণ্ডনে নিরপেক্ষতা-কমিটির সভায় এ বিষয়ে চেষ্টা করা হইবে। তাহা হইলে নিয়ন বৈঠক সম্মেলন আহ্বান না করিয়া নিরপেক্ষতা-কমিটির উপর সাবমেরিন আক্রমণের সমস্যা সমাধানের ভার অর্পণের জন্য ইতালী পূর্ব্বে যে দাবী জানাইয়াছিল সেই দাবীও পূর্ণ হইবে।

"ট্রিবিউন" পত্রিকা বলেন, ইতালীর উত্তরের সুর এরূপ নয় যে, সন্তোষজনক সমাধান অসম্ভব হইবে। পাহারা ব্যবস্থায় যোগদানের সর্ত্ত হিসাবে ইতালী শুধু অন্যান্য প্রধান শক্তির সমান অধিকার চাহিয়াছে।

বৃটিশ ছাউনীতে গোলাগুলী

একটী সরকারী ইস্তাহারে প্রকাশ, ক্ষত-উপত্যকার উত্তরদিকে মোল্লা শের আলির দলের বিরুদ্ধে অভিযান শেষ করিয়া বাস্ক্রিগেড সৈন্যদল আনাগন সাহা শিবিরে ফিরিয়া আসিয়াছে। কিছুক্ষণ বাধা দিয়া মোল্লা শের আলির দল ছত্রভঙ্গ হয়, এবং ঐ অঞ্চল হইতে পলায়ন করে কিন্তু বনিগুবাদের দক্ষিণে রাস্তার আশেপাশে অন্যান্য বিরুদ্ধ দল বিশেষ ক্ষতি করিতেছে মোল্লা শের আলি উত্তর দিকে পলায়ন করিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। কোন পক্ষের হতাহতের সংবাদ পাওয়া যায় নাই।

হতখেল এবং খতি অঞ্চলের উত্তরে বৃটিশ শিবিরে এবং প্রাচীর ছাউনীতে গোলাগুলী চলিয়াছিল।

বিহার-জমিদার সম্মেলন

গত ১৬ই সেপ্টেম্বর অপরাহ্নে দ্বারভঙ্গের মহারাজার সভাপতিত্বে বিহারের জমিদার-বৃন্দের এক সভা সভায় এই মর্ম্মে এক প্রস্তাব গ্রহণ করা হইয়াছে যে, জমির খাজনার উপর কর নির্দ্ধারণ এবং কতিপয় অন্যায় আইন প্রণয়ন করিয়া জমিদারবর্গের স্বার্থ হরণের বিরুদ্ধে প্রতিবাদের জন্য প্রয়োজন হইলে জমিদারেরা অহিংস উপায়ে আইন অমান্য করিতেও প্রস্তুত হইবেন। এই প্রস্তাব সভায় উত্থাপন করেন রাজা ভার রঘুনন্দন প্রসাদ।

মৃতদেহে প্রাণ সঞ্চার

সর্পদষ্ট রোগীর মৃত দেহ ভেলায় করিয়া জলে ভাসাইয়া দিবার যে কিংবদন্তী এ দেশে চলিয়া আসিয়াছে উহার পেছনে যে একটি যুক্তি আছে, তাহা একটি ঘটনায় প্রতিপন্ন হইয়াছে।

কিছু দিন আগে ময়মনসিংহ জেলার মধুপুর থানার অন্তর্গত কেন্ডিবাগুরা নিবাসী শ্রীনবীন চন্দ্র সিংহ রায় যখন প্রতিবেশীর বাড়ী হইতে প্রত্যাবর্ত্তন করিতেছিলেন তখন তাঁহার পায়ের আঙ্গুলে বিষধর সর্পে দংশন করে, ফলে তিনি কিছু সময়ের মধ্যেই অজ্ঞান হইয়া পড়েন। বহু চিকিৎসায়ও কোন ফল না হওয়ায় পরদিন লাকেন সেখ ও কার্ত্তিক সরকার নামক দুইজন ওঝাকে ডাকান হয়। তাহারা বিশেষ কিছু করিতে না পারিয়া ভেলায় করিয়া "মৃতদেহ" নদীতে ভাসাইয়া দিতে বলে। "মৃতদেহ" ভাসাইয়া দিলে তাহারাও সঙ্গে সঙ্গে যাইতে থাকে এবং নানাবিধ চিকিৎসা করিতে থাকে। সাত আট মাইল ভেলা ভাসিয়া যাওয়ার পর মৃতদেহে প্রাণের লক্ষণ প্রকাশ পায় এবং ক্রমে লোকটী বাঁচিয়া উঠে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ নিতাই শ্রীচৈতন্যভাগবত ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৭৲
৪। সরস্বতী-জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণব ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-আলবার ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-সাহিত্য ৷৵০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল মাত্র ভাষ্য ।০
২৭। মুক্তিফলিকা গুণগৌরবকঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দ্বীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৴
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵০
৪৬। অর্চ্চনপদ্ধতি ৵০
৪৭। সদাচারবৃত্তিঃ ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পূর্ব্বার্ধ-বিনির্ণয় ।০
৫৫ ভজনরহস্য বা মায়াবাদশতদূষণী ।০
৫৬ ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭ ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।০
৫৮ শ্রীকৃষ্ণজন্ম ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। ভজনরহস্যম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। সারার্থবর্ষিণম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিউ অব ওয়ার্কস অন্ বেদান্ত ।০
৭০। মায়াবাদ ৵০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইয়োটিক প্রিন্সিপ্ল্‌স্ অ্যাণ্ড বেদান্ত ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ফার্স্ট পার্ট) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু ৴১০
৮৩। গীতাবলী ৴
৮৪। শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ৪ টাকা ১৷০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দি ভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। বৈদ্যবাটী শ্রীপরমহংসমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

—:০:—

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এইগ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পঞ্জিকার প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শ বর্ষ | ১৯ হৃষীকেশ গৌরাব্দ ৪৫১, ৬ষ্ঠা আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৪, ২০শে সেপ্টেম্বর ইং ১৯৩৭, সোমবার | ১০ম সংখ্যা

গৌড়ীয়মঠে শ্রীরাধাষ্টমী মহামহোৎসব

(প্রত্যাবর্ত্তনীর পর)

এ বৎসর পরমারাধ্যতম ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের যোগ্যতমাবতম শ্রীগৌ-রাধা-নিত্যজন ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্ত বাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুর সংকীর্ত্তনাধ্যক্ষতায় ও কৃপানির্দ্দেশে শ্রীরাধাষ্টমী মহামহোৎসব অন্যান্য বর্ষাপেক্ষা চতুর্গুণে সাফল্য ও সুষ্ঠুতার সহিত সম্পন্ন হইয়াছে। শ্রীরাধাষ্টমী-তিথিবাসে অভিনন্দিত ও বিশোধিত করিবার জন্য শ্রবণ-কলাকল মুখরিত মঙ্গল বাদ্য বাজিয়া উঠিলে শ্রীল আচার্য্যদেবের নির্দ্দেশানুসারে ব্রাহ্মমুহূর্ত্তে মঙ্গলারাত্রিকের পর শ্রীঅদ্বৈতকব-বন্দনাতে পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ভাগবতপুরাণতীর্থ মহাশয় 'রাধাভজনে যদি মতি নাহি ভেল।'— গীতিটী ও মহামন্ত্র কীর্ত্তন করেন। অতঃপর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিচার যাযাবর মহারাজ 'শ্রীচৈতন্যচরিতামৃত' আদিলীলা চতুর্থ পরিচ্ছেদ হইতে 'শ্রীরাধাতত্ত্ব' প্রায় ১॥০ ঘণ্টাকাল সুললিত ও প্রাঞ্জলভাবে পাঠ ও ব্যাখ্যা করেন। অতঃপর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রকাশ শ্রীধর মহারাজ ও শ্রীমদ্ যাযাবর মহারাজের আনুগত্যে সংকীর্ত্তনমুখে শ্রীশ্রীরাধিকা-গিরিধারীর শ্রীমন্দির পরিক্রমা হয়। শ্রীমদ্ যাযাবর মহারাজ "জয় রাধে জয়-কৃষ্ণ জয় বৃন্দাবন" গীতিটী আবেগের সহিত কীর্ত্তন করেন এবং শ্রীপাদ ভক্তিবৈভব প্রভু মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করেন। অতঃপর শ্রীপাদ সিদ্ধস্বরূপ প্রভু বেলা ১০ ঘটিকা পর্য্যন্ত শ্রীমদ্ভাগবত-পারায়ণ-সেবা করেন। ভোগরাগ ও আরাত্রিক কীর্ত্তনের পর প্রায় ৭।৮ শত লোক মহাপ্রসাদ সম্মান করেন। মধ্যাহ্ন ১ ঘটিকা হইতে ৩॥০ ঘটিকা পর্য্যন্ত মহামহোপদেশক আচার্য্যত্রিক শ্রীমদ্ ভক্তিসুধাকর প্রভু 'হরিভজনকারীর কর্ত্তব্য' সম্বন্ধে হরিকথা কীর্ত্তন করেন। পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারীজী 'পরমকরুণ পঁহু দুইজন', 'শীতলচরণ কলিপাবন গোরা' প্রভৃতি গীতি প্রায় ৫ ঘটিকা পর্য্যন্ত কীর্ত্তন করেন। অতঃপর ভক্তগণ পরস্পর ইষ্টগোষ্ঠী করিতে থাকেন। সন্ধ্যার পূর্ব্ব হইতেই মঠে এত লোকের সমাগম হইতে থাকে যে, অবশেষে তিলধারণের স্থান থাকে না। উচ্চকীর্ত্তন, নর্ত্তন, বিপুল জয়ধ্বনি, শঙ্খ-ঘণ্টা-কাঁসর-সানাই বাদ্যের ও ভক্তগণের আনন্দধ্বনির মধ্যে শ্রীশ্রীরাধাগোবিন্দের সন্ধ্যা-রাত্রিক সম্পন্ন হয়। শ্রীশ্রীরাধারাধবের যে অপূর্ব্ব শৃঙ্গার হইয়াছিল, তাহা বর্ণনাতীত। সকলেই শ্রীরাধাগিরিধারীর অপূর্ব্ব রূপদর্শনে পরমানন্দিত হইয়াছিলেন। অনন্তর সন্ধ্যা ৭ ঘটিকা হইতে রাত্রি ১০॥ ঘটিকা পর্য্যন্ত বহু ভক্ত ও বিদ্বজ্জনমণ্ডলী এক সভায় অধিবেশন হইয়াছিল। সভার প্রারম্ভে পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারীজী "রাধিকা-চরণপদ্ম সকল শ্রেয়ের সদ্ম" গীতিটী কীর্ত্তন করেন। বিপুল জয়ধ্বনি ও হর্ষের মধ্যে শ্রীশ্রীল আচার্য্যদেব সভাপতির আসন অলঙ্কৃত করেন। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি-ভূদেব শ্রৌতী মহারাজ তাঁহার গলদেশে পুষ্পমাল্য প্রদান করেন। শ্রীল আচার্য্যদেব স্বয়ং "রাধে জয় জয় মাধবদয়িতে।"—এই গীতি প্রাণস্পর্শী ভাবে শ্রীরাধাবিনোদের বিজয়-বিলাসে অপূর্ব্বভাবে আবেগের সহিত কীর্ত্তন করিলে সভায় সকলেই তন্ময়ভাবে সমস্বরে কীর্ত্তন করেন। তিনি শ্রীমতী বার্ষভানবীদেবীর তত্ত্ব ও সেবাম্বাধুর্য্যপরাকাষ্ঠা-সম্বন্ধে বক্তৃতা করেন এবং আশ্রিতগণের আনুগত্যের একান্ত প্রয়োজনীয়তা বিশদভাবে জ্ঞাপন করেন। তিনি জগজ্জীবের প্রতি শ্রীবার্ষভানবীর অহৈতুকী কৃপা প্রার্থনা এবং নিজের অসামর্থ্য দৈন্য জ্ঞাপন করেন। তাহার পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ অত্যন্ত আবেগ, আর্ত্তি, দৈন্য ও অশ্রুলোচনের সহিত আশ্রয়বিগ্রহের মাহাত্ম্য কীর্ত্তন ও তদীয় দাসানুদাসগণের কৃপা যাচ্ঞা করেন। অতঃপর মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু অর্দ্ধ ঘণ্টাকাল 'রাধা', 'ধারা' প্রভৃতি শব্দের বিদ্বদ্রূঢ়িসমন্বিত অপূর্ব্ব ব্যাখ্যা এবং আশ্রয়-পূজার একান্ত আবশ্যকতা কীর্ত্তন করেন। অনন্তর ত্রিদণ্ডিপাদ শ্রীমদ্ভক্তিভূদেব শ্রৌতী মহারাজ হিন্দীভাষায় শাস্ত্রপ্রমাণমূলে শ্রীরাধা-রাণীর মাহাত্ম্য কীর্ত্তন করেন। তারপর ত্রিদণ্ডিপাদ শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ 'ব্যাসপূজায় আত্মগুরু' এবং 'আশ্রয়বিগ্রহ-সেবা' সম্বন্ধে বহুক্ষণ কীর্ত্তন করেন। অবশেষে শ্রীপাদ সদানন্দ ব্রহ্মচারীজী ইংরেজী ভাষায় বহুপর শ্রীল প্রভুপাদের স্মৃতি, উপদেশ এবং আচার্য্যানুগত্যই যে প্রভুপাদ ও শ্রীরাধারাণীর সেবা তাহা যুক্তিনির্ব্বোধনিরাসকল্পে ওজস্বিনী ভাষায় কীর্ত্তন করেন। সভার অন্তে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিচার যাযাবর মহারাজ 'কিরূপে পাইব সেবা মুঞি দুরাচার।' গীতটি প্রাণস্পর্শিভাবে কীর্ত্তন করিলে 'মহা-মন্ত্র' ও ভোগারাত্রিক গীতি কীর্ত্তন করেন। অতঃপর সহস্র সহস্র লোককে বিচিত্র মহা-প্রসাদ বিতরণ করা হয়। রাত্রি ১২॥০ ঘটিকা পর্য্যন্ত মহাপ্রসাদ বিতরিত হইয়াছিল।

এই উৎসবের যে কয়েকটি বৈশিষ্ট্য লক্ষ্য করিয়াছি, তাহা এই—আচার্য্য-প্রকটোৎসব ও শ্রীরাধাষ্টমী মহামহোৎসবোপলক্ষে ভারতের পূর্ব্বপ্রান্ত হইতে পশ্চিম প্রান্ত এবং হিমালয় হইতে কুমারিকা পর্য্যন্ত গৌড়ীয়মঠাশ্রিত এবং গৌড়ীয়মঠাগত ব্রহ্মচারী, গৃহস্থ, বান-প্রস্থ, সন্ন্যাসী প্রভৃতি শুদ্ধভক্তগণ সকলে সমস্বরে আগ্রহের সহিত সম্মিলিত হইয়াছেন। দিবারাত্র ২৪ ঘণ্টার মধ্যে নাম-কীর্ত্তন, পাঠ, বক্তৃতা, ইষ্টগোষ্ঠী, আরাত্রিক দর্শন, প্রসাদসম্মান, নানাবিধ সেবাকার্য্য ইত্যাদিতে কোনও বিরাম দেখি নাই। কাহারও কোনও অভাব অভিযোগ শুনা যায় নাই। গৌড়ীয়মঠের সেক্রেটারী শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর প্রভুর অক্লান্ত পরিশ্রম ও সর্ব্ববিষয়ে দৃষ্টি আর মঠের সুপারিন্টেণ্ডেন্ট শ্রীপাদ কৃতিরত্ন প্রভুর পর্য্যবেক্ষণ ও সকলের প্রতি আদর আপ্যায়ন প্রভৃতি আনন্দসুবন্দিতা সকলেরই আন্তরিক প্রীতি আকর্ষণ করিয়াছে। ত্রিদণ্ডিপাদগণের হরিকথা বিতরণে উৎসাহে সকলের চিত্তে আনন্দের ধারা প্রবাহিত করিয়াছে। এই উৎসব যোগপীঠে শ্রীগৌর-জন্ম মহামহোৎসবের স্মৃতি সর্ব্বতোভাবে আনয়ন করিয়াছিল। শ্রীল আচার্য্যদেবের অভিভাষণ, হরিকথাকীর্ত্তন ও উপদেশাদি গৌড়ীয়মঠাশ্রিত ভক্তবৃন্দের তথা বিদ্বজ্জনের মনন উদয় করাইয়াছে।

হন শাস্ত্রের প্রমাণে। ভক্তসনে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে।

পূর্ব্ব উক্তিগুলি ভজনের অনুকূল বিচারে নিযুক্ত করিবেন অর্থাৎ প্রতিকূল বিষয়গুলি অনুকূলের পূর্ব্বাবস্থা জানিবেন। প্রতিকূল হওয়ায় যে বিপদ্ উপস্থিত হয়, তাহাই পরক্ষণে ভজনের অনুকূলতা প্রসব করে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী

গোস্বামি ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২৭ হৃষীকেশ সর্ব্বশিব সংবৎ গৌরাব্দ ৪৫১

নামগ্রহণ

(ওঁবিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর)

অনেকের ভক্তগণের নামগ্রহণ মাত্রেই নাম-মাধুর্য্যোদ্ভব হয়, সুতরাং নাম-সাধুর্য্যের সঙ্গে সঙ্গে হৃদয়-বিকার এবং তাহার অনুভব না হ প্রাকৃত ও বাহ্য লক্ষণ অশ্রুপুলকাদি প্রকাশিত হইয়া থাকে। বহুবার হরিনাম গ্রহণ করিয়াও যদি কাহারও হৃদয় দ্রবীভূত না হয়, তবে নিশ্চয়ই সে ব্যক্তি নামাপরাধী। সর্ব্বশক্তিমান্ নাম দেহ, গেহ, অর্থ, জনতা, লোভ প্রভৃতি পাষাণ-মধ্যে পতিত হইলে শীঘ্র ফলজনক হয় না। এই সকল প্রতিবন্ধক থাকাই হৃদয়-বিকার প্রতিহত হয়। সামান্য নাম প্রতিবন্ধক থাকিলে উচ্চারিত নাম নামাভাস, কিন্তু বৃহৎ প্রতিবন্ধক থাকিলে উচ্চারিত নামাক্ষর নামাপরাধ হয়। অপরাধীর চিত্ত লৌহতুল্য কঠিন; সুতরাং হরিনাম-শ্রবণ কীর্ত্তন করাইয়াও উহা দ্রবীভূত হয় না। যদিও হরিনামে চিত্তদ্রবতার বাহ্যলক্ষণ অশ্রু ও পুলক, তথাপি ঐ অশ্রু ও পুলক সকল সময়েই যে চিত্তদ্রবতার প্রকাশক হইবে তাহা বলা যায় না। শ্রীরূপপাদ বলেন,—"বহিরঙ্গ লোক স্বভাব-পিচ্ছিল-চিত্ত অর্থাৎ যাহারা এত ভাবপ্রবণ ও দুর্ব্বলহৃদয়, সহজেই তাহাদের চক্ষে জল আসে। যাহারা সামান্য একটু সুখ দুঃখের কারণ উপস্থিত হইলেই অধীর হইয়া পড়েন এবং তখনই তাহাদের চক্ষু হইতে অশ্রুপতন হয়। এরূপ অশ্রুপতনাদির মূলে কপটতা ব্যতীত আর কিছুই নাই। কেহ কেহ আবার ভাবুক বলিয়া প্রতিষ্ঠা-লাভের জন্য কৃত্রিম অভ্যাস দ্বারা অশ্রু ও রোমাঞ্চ আয়ত্ত করিয়া থাকেন। সুতরাং অশ্রু পুলকই যে সর্ব্বদা ভাবের লক্ষণ তাহা বলা যাইতে পারে না। অধিকন্তু দেখা যায় যে, অতি গম্ভীর মহানুভাব ভক্তগণের চিত্ত হরিনাম কীর্ত্তন দ্বারা দ্রব হইলেও তাঁহাদিগের বাহিরে অশ্রুপুলকাদি প্রকাশিত হয় না। অতএব বাহিরে অশ্রুপুলকাদি সত্ত্বেও যে হৃদয় বিকৃত না হয় তাহাই পাষাণ-সদৃশ কঠিন, ইহাই অশ্মসার হৃদয় অর্থ। হৃদয়-বিকারের মুখ্য লক্ষণ-সমূহ শ্রীল রূপগোস্বামিপাদ ভক্তিরসামৃত-সিন্ধুতে (পূর্ব্ববিভাগ ৩য় লহরী ২৫শ সংখ্যা) বর্ণন করিয়াছেন—যাঁহাদের ভাবের অঙ্কুর আবির্ভূত হইয়াছে সেই সকল পুরুষ—

ক্ষান্তিরব্যর্থকালত্বং বিরক্তির্মানশূন্যতা।
আশাবন্ধঃ সমুৎকণ্ঠা নামগানে সদা রুচিঃ॥
আসক্তিস্তদ্গুণাখ্যানে প্রীতিস্তদ্বসতিস্থলে।
ইত্যাদয়োঽনুভাবাঃ স্যুর্জাতভাবাঙ্কুরে জনে॥

(১) ক্ষান্তি (২) অব্যর্থকালত্ব (৩) বিরাগ (৪) মানশূন্যতা, (৫) আশাবন্ধ (৬) সমুৎকণ্ঠা, (৭) নামগানে সদা রুচি, (৮) ভগবানের গুণকীর্ত্তনে আসক্তি, (৯) ভগবানের বসতি-স্থানে প্রীতি ইত্যাদি অনুভাব সকল প্রকাশ পাইয়া থাকে।

(১) ক্ষান্তি—ক্ষোভের কারণ উপস্থিত হইলেও চিত্তে কোনও বিকার উপস্থিত না হওয়াকে ক্ষান্তি বলে। যেমন মহারাজ পরীক্ষিৎ বিপ্রগণকে বলিলেন (শ্রীমদ্ভাগবত ১।১৯।১৫) আপনারা আমাকে শরণাগত বলিয়া অবধারণ করুন এবং আমি শ্রীকৃষ্ণচরণারবিন্দে চিত্ত সন্নিবেশ করিয়াছি জানিয়া গঙ্গাদেবীও এইরূপ প্রতীতি হউক, বিপ্রকুমার প্রেরিত তক্ষক আসিয়া আমাকে দংশন করুক, আপনারা বিষ্ণুগাথাকীর্ত্তনে বিরত হইবেন না। (২) অব্যর্থ-কালত্ব—প্রতিমুহূর্ত্তে ভগবৎসেবায় যুক্ত থাকার নাম অব্যর্থকালত্ব।

(৩) বিরক্তি—শব্দস্পর্শাদি ইন্দ্রিয়ার্থ বিষয়ের প্রতি স্বাভাবিকী অরোচকতা, যেমন (শ্রীমদ্ভাগবত ৫।১৪।৪৩) রাজর্ষি ভরত দুস্ত্যজ দারাপুত্রসুহৃদ্রাজ্য প্রভৃতিকে যুবা কালেই ভগবান্ শ্রীকৃষ্ণের সেবালালসায় মলবৎ ত্যাগ করিয়াছিলেন।

(৪) মানশূন্যতা—উত্তম হইয়াও আপনাকে ক্ষুদ্রাভিমান, যেমন মহারাজ ভগীরথ নরেন্দ্রগণের শিখামণিস্বরূপ হইয়াও যখন উত্তম ভগবানে রতি হইল তখন বিপক্ষ জন্য শত্রুর গৃহে পর্য্যন্ত যাইতেন এবং আচণ্ডালকে প্রণাম করিতেন।

(৫) আশাবন্ধ—ভগবৎসেবা প্রাপ্তি সম্বন্ধে দৃঢ় সম্ভাবনা। (৬) সমুৎকণ্ঠা—নিজ অভীষ্ট লাভের জন্য প্রবল উৎকণ্ঠা বা লোভ, 'কোথা যাও, কোথা পাও, মুরলীবদন' এইরূপ ভাবে।

(৭) নামগানে সদা রুচি—এক মুহূর্ত্তকালও নাম-গানামৃত ব্যতীত তিষ্ঠিতে না পারা। মীন যেমন জল ছাড়া থাকিতে পারে না তদ্রূপ অবস্থা। (৮) তদ্বসতিস্থলে প্রীতি—ভগবানের বাসস্থলী নির্ণয়, ভগবান্ উদ্ধবকে বলিয়াছেন (ভাঃ ১১।২৫।২৫)—

বনন্তু সাত্ত্বিকো বাসো গ্রামো রাজস উচ্যতে।
তামসং দ্যূতসদনং মন্নিকেতন্তু নির্গুণম্॥

অর্থাৎ বনে বাস সাত্ত্বিক, গ্রামে বাস রাজসিক, যেখানে দ্যূত, পাশা, অক্ষক্রীড়াদি বা নানাপ্রকার বৈষয়িক গ্রাম্য কথা হয় সেই প্রকার স্থানাদিতে বাস তামসিক বাস। কিন্তু আমার শ্রীমন্দির না মঠাদি—যেখানে ভক্তগণ থাকিয়া হরিসেবা বা হরিকথা আলোচনা করেন সেই স্থানে বাস নির্গুণ বাস। অতএব যাঁহার ভাবভক্তির অঙ্কুর হৃদয়ে উদ্গম হইয়াছে তাঁহাতে ঐ সকল গুণ স্বাভাবিকভাবে প্রকাশ পাইবে। অশ্রুপুলকাদি সাধারণ বা গৌণ লক্ষণ মাত্র।

কাহারও মধ্যে যদি ক্ষান্ত্যাদি মুখ্য লক্ষণসমূহ দৃষ্ট না হইয়া কেবল অশ্রু-পুলকাদি বাহ্য গৌণ লক্ষণসমূহই দেখিতে পাওয়া যায়, তবে এ সকল লক্ষণকে কৃত্রিম লক্ষণ জানিতে হইবে। আবার কোনও গম্ভীর মহানুভব পুরুষের বাহ্য লক্ষণগুলি প্রকাশিত না হইলেও যদি ঐসকল মুখ্য লক্ষণ তাঁহাতে বর্ত্তমান থাকে তবে তাঁহাকেই যথার্থ প্রেমিক ভক্ত বলিয়া জানিতে হইবে। কনক-কামিনী-প্রতিষ্ঠার সংগ্রহের জন্য অনেক কপট ভক্তক্রন্দন ঐরূপ অষ্টসাত্ত্বিক বিকারের লক্ষণগুলিকে কৃত্রিম উপায়ে অভ্যাস করিতে থাকেন। আবার অনেক দুর্ব্বল-চিত্ত পুরুষের ঐ প্রকার প্রাকৃত ভাববিকারের লক্ষণসমূহ দেখিয়া অনেক অনভিজ্ঞ লোক ঐ সকলকেই অপ্রাকৃত ভাব-লক্ষণ বলিয়া ভ্রমে পতিত হন। কনিষ্ঠাধিকারী প্রাকৃত ভক্তগণের নামাপরাধ থাকা নিবন্ধন বহুবার নামগ্রহণ করিলেও নামাভাস্যাসাদ্দহনের অভাবে চিত্ত দ্রব হয় না, সুতরাং চিত্ত বিক্রিয়ার প্রকাশলক্ষণস্বরূপ ক্ষান্তি প্রভৃতি অনুভাব সকলেরও উদয় হয় না। অতএব তাহাদের অশ্রুপুলকাদি বাহ্য লক্ষণ সমূহ দেখা গেলেও অকিঞ্চিৎকর হেতু ঐ সকল নিরর্থক। কিন্তু তাঁহারা যদি কপটতা ত্যাগ পূর্ব্বক প্রকৃত শুদ্ধনাম-ভজনানন্দী বৈষ্ণবের নিকটেই শরণাগত হন, তবে তাঁহাদের সঙ্গ দ্বারা অনর্থনিবৃত্তি হইলে যখন ক্রমে তাঁহারা নিষ্ঠা, রুচি প্রভৃতি সাধন-ভূমিকায় আরূঢ় হইবেন, তখন কালে চিত্ত দ্রবীভূত হইলে কাঠিন্য বিদূরিত হইবে এবং তাঁহারা তখন যে নাম গ্রহণ করিবেন তাহাই প্রকৃত নাম হইবে এবং নামের উচ্চারণে তাঁহাদের যথার্থ অশ্রুপুলকাদি হইবে। কিন্তু যাঁহাদের চিত্ত দ্রব হইলেও চিত্তের কাঠিন্যই থাকিয়া যায় তাঁহাদের ব্যাধি দুশ্চিকিৎস্য।

মুমুক্ষু কর্ম্মী বা মুমুক্ষু যোগী ও জ্ঞানীতে যদি বাহ্য রতির লক্ষণ দেখিতে পাওয়া যায় তবে উহা রতিপদবাচ্য হইবে না। অন্তঃকরণের আর্দ্রতাই রতির লক্ষণ। যদি উহা কর্ম্মী, জ্ঞানী, যোগী প্রভৃতিতে—মুমুক্ষু ও বুভুক্ষুগণে লক্ষিত হয়, তথাপি তাহাকে রতি বলা হইবে না, কারণ মুমুক্ষু প্রভৃতি ব্যক্তিগণে শ্রীকৃষ্ণের নিত্য সেবায় রতি নাই, মোক্ষ-বাঞ্ছাদিতেই তাহারা রতিযুক্ত। নিখিল প্রাকৃত তৃষ্ণা হইতে নিমুক্ত মুমুক্ষুগণ যে রতির অনুসন্ধান করেন, যাহা শ্রীকৃষ্ণের অতিশয় গোপ্য সম্পত্তি, যাহা ভজনশীল জনগণেরও সহজে দেওয়া হয় না, ভুক্তি-মুক্তিকামহেতু জ্ঞানকর্ম্মাদি-অনাবৃত ভক্তি-বর্জ্জিত থাকায় যাহারা অনধিকারী সেই সকল কর্ম্মী ও জ্ঞানিগণের হৃদয়ে ভাগবতী রতির কিরূপে সম্ভব হইতে পারে? ঐসকল ব্যক্তির চিহ্নাদি দর্শন করিয়া বালক অর্থাৎ অনভিজ্ঞ ব্যক্তিরই চমৎকার বোধ হয়, কিন্তু সুবোধ অভিজ্ঞজন উহাকে রত্যাভাস অর্থাৎ যথার্থ রতি নহে ও রতির ছায়া মাত্র বলিয়া কীর্ত্তন করেন। বিশেষ জানিতে হইলে ভক্তিরসামৃতসিন্ধু আলোচ্য; সুতরাং বাহ্য অশ্রু-পুলকাদি চিহ্নই হৃদয়-বিকারের লক্ষণ নহে। যাঁহারা নিষ্কপট ভক্তভাগবত গুরুদেবের কৃপা লাভ করত শ্রীগুরুর আনুগত্যে ক্রমপন্থা অনুসারে ভজন করিতে করিতে নিত্যাভিনিবেশ, অসৎতৃষ্ণা, দেহাত্মবুদ্ধি, হৃদয়দৌর্ব্বল্য প্রভৃতি অনর্থ হইতে মুক্ত হইয়াছেন, তাঁহারাই ক্রমে নিষ্ঠা, রুচি, আসক্তি ও ভাব-ভূমিকায় আরূঢ় হন এবং পরিশেষে পরমপ্রয়োজন কৃষ্ণপ্রেম লাভ করেন।

শ্রীকৃষ্ণনামগ্রহণকালে হৃদয়ের অনুশীলন হইতে থাকে এবং কর্ম্মফলভোগ ও ব্রহ্মজ্ঞানাদি মুক্তি-পিপাসার অনর্থ দূর হইতে থাকে; জীবের সকল অনর্থই ক্রমশঃ বিদূরিত হয়। শ্রীনামই স্বয়ং কৃষ্ণ; কেবল স্বয়ং নহে, স্বয়ংরূপই নাম। আমাদের দুর্দ্দৈবের অপনোদন জন্য অন্য কোনও উপায় নাই—শ্রীনামভজন ব্যতীত। কায়মনোবাক্যে শ্রীনামের সেবা করিলেই শ্রীনামী স্বরূপ-মহাশয়ের স্বরূপ প্রদর্শন করেন। শ্রীনাম-গ্রহণকালীন জড়চিন্তার উদয় হয় বলিয়া শ্রীনামগ্রহণে শিথিলতা করা উচিত নয়। শ্রীনামগ্রহণের প্রভাবে ক্রমশঃ ঐ প্রকার বৃথা চিন্তা অপনোদিত হইয়া থাকে।

কৃষ্ণ দ্বারে যেন চিন্তচিন্তা ধরা। যাহা আকর্ষণ চাহে হইয়া দুর্ব্বল॥

শ্রীপাদ ভক্তিসুধাকর প্রভুর হরিকথা

——::০::——

সেবা দ্বারা শ্রবণের অধিকার জন্মে। সর্ব্বেন্দ্রিয়ে ভগবৎ-সেবা, কেবল কাণ দিয়ে নয়। বৈধী ভক্তিতে কেবল উপরের অর্চ্চাদের দ্বারা সেবা হয়, কিন্তু রাগ-মার্গে ভক্তগণ নির্দিষ্ট অঙ্গের দ্বারাও সেবা করিয়া থাকেন। এই সমস্ত বিচার শ্রবণ করা আবশ্যক। শ্রবণের দ্বারা অগ্রসর হওয়া যায়। সেবা এবং শ্রবণের মধ্যে একটা পরস্পর সম্বন্ধ আছে। মঠ অর্থাৎ যেখানে সর্ব্বেন্দ্রিয় দ্বারা সেবার সুযোগ পাওয়া যায়। শ্রীগুরুদেবের আহ্বানে শ্রীমঠে আসিয়া বাস করিলে সেবা হইয়া থাকে। কিন্তু নিজ ইচ্ছা ক'রে মঠে আসিয়া বাস করিলে মঠবাস হয় না, সেটা ভোগ হইয়া যায়, শ্রীগুরুদেবের বিচ্ছিন্নে যে ভোগের দাবী, তাহা সেবা নহে। গৃহস্থগণ মঠকে ভোগের পরিবর্ত্তে সেবা করিবেন। কেবল মঠে নয়, বাড়ীতে থাকিয়াও সেবাময় জীবনযাপন করিতে হইবে। ঘরে থাকা ও মঠে থাকা এক নয়; মঠটীকে যদি বাড়ী মনে করিয়া তদ্রূপ দর্শন করি তাহা হইলে মঠবাস হইবে না। শ্রীমঠে আসিয়া নিবাচিন্তা পরিত্যাগ করাই মঙ্গলের কারণ। আচরণহীন কথা দ্বারা জগতের কোন মঙ্গল হয় না। তাহা ফাঁকা আওয়াজ মাত্র। বাস্তব কীর্ত্তনকারীর নিকট হইতে শ্রবণ করিলে কীর্ত্তনের অধিকার হয়

শ্রীমঠকে কাণ দিয়া দর্শন করিতে হইবে; বাহ্য: একটা বড়বাড়ী দর্শন মঠদর্শন নহে, তাহা আমাদের আরামের জিনিষ অর্থাৎ মায়া। ইন্দ্রিয়গুলিতে যোগদান করিয়া যে প্রসাদ পাবার তাহা প্রসাদসম্মান নহে। শ্রবণের দ্বারা প্রসাদের মাহাত্ম্য উপলব্ধ হয়। শ্রীমঠে আসিয়া আত্মেন্দ্রিয়তৃপ্তির জন্য খাও হওয়ার বিচার 'হ্ন বেচা ও কলা খাওয়া'র ন্যায়। এই দুইটী কার্য্য একত্র হয় না, এই প্রকার ভোগমূলক বিচারকে পেছনে রেখে মঠে আসতে হ'বে। তা' না হ'লে সমস্ত উল্টা হ'য়ে যাবে। দুধ ও তামাক একত্র থাকা চলে না। "প্রাচীন জনারে আসিতে না দিব রাখিব গড়ের পারে।" এই প্রকার ব্যক্তিসমূহ প্রাচীন, তাহাদের দ্বারা জগৎ কলুষিত হয়। ভগবান্ যাহাকে অনুগ্রহ করেন, তাহার ধনজন যা কিছু সমস্তই তিনি অপহরণ করেন।

জড়টা চেতন নয়, চেতনের ধর্ম্ম ইহাতে ব্যাপ্ত হয় এবং সেইটার দ্বারাই জড়ের শ্রী হয়। চেতনের ধর্ম্ম ব্যাপ্ত হওয়াতে এই জড়টা চেতনের সেবায় উপযোগী হয়।

পরমারাধ্যতমশ্রীশ্রীরাধাগোবিন্দবিগ্রহ-শ্রীগৌরধামাধিষ্ঠান-শ্রীনাম-বিনোদাচার্য্যভক্তিবিনোদ ঠাকুরপাদ-পরমহংস-পরিব্রাজকাচার্য্যবর্য্য-ষ্টোত্তরশতশ্রী- শ্রীশ্রীমদ্ভক্তি-বাসুদেবশরবিদ্যাভূষণগোস্বামি-প্রভুচরণানাং ত্রিচত্বারিংশ-তমাবির্ভাববাসরে

প্রণতিপ্রসূনম্।

বন্দে শ্রীমদ্রূপপদপ্রসাদো যত্প্রসাদাৎ

গতিঃ কুতোঽপি

ধ্যায়েন্মনঃ তত্ত্বগণপ্রিয়ঞ্চ পদে গুরোঃ

শ্রী-ব্রজবিলাস।

হে নিত্যসিদ্ধাচার্য্যপ্রবরাঃ! শারদশশ্র-চন্দ্রিকাবিনিন্দ্রানাং প্রসন্নসলিলানাং বিকচকুল-

—————

আত্মার নিজেকে সেবক বলিয়া অভিমানই বদ্ধাবস্থা। মায়াশক্তি দ্বারা অভিভূত হ'য়ে তাহার এই প্রকার দুর্ব্বুদ্ধি হয়। আবার স্বরূপ শক্তির প্রভাবে শুদ্ধতা প্রাপ্ত হয়। স্বরূপ-শক্তির প্রভাবে যথাবস্থার কথা উপলব্ধি ক'রে আত্মতাৎপর্য্যের বিষয়ে অভিজ্ঞতা জন্মে। নিজের চেষ্টায় বদ্ধ বা মুক্ত হওয়া যায় না। ইহা স্বরূপ-শক্তি এবং মায়াশক্তির কার্য্য। সেবক-বিচারে আত্মসমর্পণ হ'য়ে থাকে। আত্মসমর্পণের ক্রমানুসারে দিব্য জ্ঞানের অনুভূতি হয়। এইটাই সাধন। বদ্ধাবস্থায় ভগবানের সহিত সম্বন্ধ কি এইটা জানা না থাকিলে বিচারে দৃঢ়তা আসে না

অর্চ্চামূর্ত্তিরূপে ভগবান্ প্রকাশিত হ'ন কেন, ইহা জানা দরকার। সব উপাস্য বস্তু; নামাশ্রয়ের পূর্ব্বে অর্চ্চা তাহাদের উপাস্য; তখন অর্চ্চনই তাহাদের নিকট নাম। অর্চ্চন ও ভজনে পার্থক্য আছে। বদ্ধ-জীবের প্রতি অর্চ্চামূর্ত্তির প্রাকট্যই তাঁহার প্রতি করুণা। অনর্থযুক্ত অবস্থায় যে শ্রবণ তাহা বাস্তব শ্রবণ নয়। চেতনের সঙ্গে সম্বন্ধ না হ'লে গড়ুবলা আছে। তা' হ'লে চিজ্জড়-সমন্বয় নয়। চেতনের সঙ্গে জড় মেশে না, সেটা মিশ্রণ নয়। আত্মার অস্তিত্ব নিত্যকাল আছে। অজ্ঞাত সুকৃতিটা কি প্রকার ইহা জানা আবশ্যক। একটী লোকের দ্বারে গিয়ে তাহার নিকট হ'তে ভিক্ষা ক'রে আনছেন, এই প্রকার কার্য্যদ্বারা তাহার অজ্ঞাত সুকৃতি হচ্ছে। ভগবান্ যখন কৃপা করেন, তখন কৃপাটা তাঁ'র দিক্ থেকে আসছে, সেইটাকেই আমরা কারণ ব'লে মনে ক'রি। কিন্তু কৃপা কোন কারণের অধীন নয়। তাহা অহৈতুকী এবং তাঁহারই ইচ্ছাধীন।

শ্রীগৌড়ীয়-বৈষ্ণব-
[illegible]
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG NO C 1844
ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ [illegible]
পরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৭ই আশ্বিন, ১৩৪৪, ২৩শে সেপ্টেম্বর, ১৯৩৭, বৃহস্পতিবার [সংখ্যা ১৭৫]

বিবিধ সংবাদ

——(০(১০১)০)——

নূতন চুক্তি

নিয়ন-চুক্তি-স্বাক্ষরকারী শক্তিবর্গ গত ১৭ই সেপ্টেম্বর আরও একটি চুক্তি সম্পন্ন করেন। এই চুক্তি অনুসারে সাবমেরিন আক্রমণের ন্যায় বিমান বা জাহাজের বে-আইনী আক্রমণের বিরুদ্ধেও ব্যবস্থা অবলম্বিত হইবে। নিয়ন-চুক্তিস্বাক্ষরকারী নয়টি দেশের সকলেই বিনাসর্তে এই নূতন চুক্তি স্বাক্ষর করিয়াছে। কথা হয় ১৮ই সেপ্টেম্বর চুক্তিটি প্রকাশিত হইবে এবং ইতালীর নিকট উহা প্রেরিত হইবে। ভূমধ্যসাগরের পাহারা ব্যবস্থায় যোগদানের জন্য ইতালীকে পুনরায় অনুরোধ করা হইবে।

গত ১৬ই সেপ্টেম্বর নিরপেক্ষতা-কমিটির চেয়ারম্যানকে জানানো হইয়াছে যে, নিরপেক্ষতা কমিটির পক্ষ হইতে ভূমধ্যসাগরে এবং স্পেনের উত্তর ও উত্তরপশ্চিম উপকূলে যে পাহারার কার্য্য চলিয়াছিল গত ১৫ই সেপ্টেম্বর হইতে তাহার অবসান হইয়াছে, ইহার কারণ প্রদর্শন করিয়া বলা হইয়াছে যে, বর্তমান পরিবর্তিত অবস্থায় ব্রিটিশ ও ফরাসী গভর্ণমেণ্ট স্পেনের উপকূল হইতে তাঁহাদের যুদ্ধজাহাজগুলি সরাইয়া লইবেন স্থির করিয়াছেন কিন্তু এই সিদ্ধান্তের ফলে জল ও স্থল ভাগে নিরপেক্ষতা কমিটির তদারকি ব্যবস্থায় কোনও পরিবর্তন হইবে না।

জাপানীদের অগ্রগমনে বাধা

টুচৌর দক্ষিণ পশ্চিম অঞ্চলে যে জাপানী বাহিনী চীনা সৈন্যদিগকে ঘিরিয়া ফেলিয়াছে, তাহারা দাবী করিতেছে যে, অনবরত তাহারা তিন দিক হইতে চীনা-দিগকে [illegible] এবং ৬ হাজার চীনা সৈন্য [illegible] নিহত হইয়াছে। একখানি সাঁজোয়া ট্রেন এবং পাঁচখানা সৈন্যবাহী ট্রেনও জাপানীরা দখল করিয়াছে বলিয়া জানাইতেছে। তিয়েন্‌সিন পুকো রেলওয়েতে অবস্থিত সাংচৌ এবং পিকিং-হ্যাংকৌ রেলওয়ের অধীন সিচিয়াচোং এর মধ্যবর্তী স্থানে চীনাবাহিনী আত্মরক্ষার ব্যবস্থা করিতেছে এবং সাংচৌ-এর সম্মুখে তাহাদের কতকটা অগ্রগতি হইয়াছে।

[illegible] জেলা ক্ষেত্রে বন্যা হওয়ায় এবং নদী নালায় বাঁধ ভাঙ্গিয়া যাওয়ায় জাপানীদের অগ্রগতি প্রতিহত হইতেছে।

দক্ষিণ চীনে জাপানীরা দাবী করিতেছে যে, গত ১৫ই সেপ্টেম্বর ক্যান্টনের নিকটে তাহারা "লাইচো" নামে একখানা চীনা ক্রুজারকে ডুবাইয়া দিয়াছে এবং "চাহু" নামে আর একখানি চীনা ক্রুজারের বিশেষ ক্ষতি করিয়াছে।

জাপানীদের নৃশংসতা

কলিকাতার চীনা কন্সাল জেনারেল জানাইতেছেন :—

জাপান অধিকৃত কয়েকটি গ্রামে [illegible] অধিবাসীদিগকে নৃশংসভাবে হত্যা করা হইয়াছে বলিয়া সংবাদ আসিয়াছে। [illegible] গ্রামের ৫শত অধিবাসী চীনা সৈন্যদের সহিত পলাইয়া বাঁচিবার সুযোগ না পাওয়ায় তাহাদিগকে জাপানী সৈন্যেরা নৃশংসভাবে হত্যা করে। ইয়াংসি নদীর মোহনায় অবস্থিত চুংমিং দ্বীপ দখল করিবার পর জাপানীরা অত্যাচার-বিভীষিকার প্রবর্তন করে। সেখানে আর একজনও বাঁচিয়া নাই। সামরিকভাবে সৈন্য অবতরণের স্থানরূপে ব্যবহারের জন্য ঐ দ্বীপটি দখল করা হইয়াছে।

ফ্রাঙ্কোর অভিযোগ

জেনারেল ফ্রাঙ্কোর হেড কোয়ার্টার হইতে প্রকাশিত একটী ইস্তাহারে বলা হইয়াছে যে, সালামাঙ্কা গভর্ণমেণ্টের হস্তে অকাট্য প্রমাণ আছে যে, ভূমধ্যসাগরে দস্যুতার নিমিত্ত সোভিয়েটের দুইটী সাবমেরিন সক্রিয় [illegible] ছিল। নিরপেক্ষতা কমিটির নিকট এই প্রমাণ দাখিল করা হইবে।

ভাওয়ালের মেজ কুমার

ভাওয়ালের মেজকুমার শ্রীযুত রমেন্দ্র নারায়ণ রায় ভাওয়ালের এষ্টেটের এক তৃতীয়াংশ সম্পত্তির দখলের যে ডিক্রি পাইয়াছেন, সেই ডিক্রি জারীর জন্য এবং এষ্টেট দখল পাইবার জন্য আবেদন করিয়াছেন। রাণী বিভাবতী দেবীর পক্ষ হইতে ঐ আবেদনের বিরুদ্ধতা করা হইয়াছে।

আগামী ২৫শে সেপ্টেম্বর অতিরিক্ত জেলা জজ শ্রীযুত ক্ষিতীশচন্দ্র চট্টোপাধ্যায়ের এজলাসে এই ডিক্রিজারীর আবেদনের শুনানী হইবে। মেজকুমার বর্তমানে ঢাকায় আছেন।

অট্টালিকা ধসিয়া দুর্ঘটনা

গত ১৮ই সেপ্টেম্বর অপরাহ্ণে [illegible] বিল্ডিং-এর পূর্বভাগ ধসিয়া পড়ায় বার জন লোক নিহত, তিন জন আহত এবং দুইটী দোকান সম্পূর্ণরূপে ধ্বংসপ্রাপ্ত হইয়াছে। সঙ্গে সঙ্গে অগ্নিকাণ্ড শুরু হওয়ায় ঘটনার ভয়াবহতা আরও বাড়িয়া গিয়াছিল। আবর্জনা স্তূপের মধ্যে প্রোথিত একজন প্রায় বৃদ্ধ লোক এবং দুইটি শিশু আশ্চর্য্য উপায়ে রক্ষা পাইয়াছে।

জেলা কর্তৃপক্ষ বিপন্ন ব্যক্তিদের উদ্ধারের জন্য চেষ্টা করিতেছেন। এই আকস্মিক দুর্ঘটনার ফলে চারিদিকে বিভীষিকার সৃষ্টি হইয়াছে। এই অঞ্চলে দোকানপাট এখনও সব বন্ধ আছে। পরবর্তী তদন্তে জানা গিয়াছে, অগ্নিকাণ্ড শুরু হয় এক ব্যক্তির দোকানে এবং ক্রমশঃ উহা ছড়াইয়া পড়ে। দীর্ঘ ৩ ঘণ্টা কাল বহু কষ্টে উহা নির্বাপিত করা হয়। [illegible] অট্টালিকার প্রাচীর পতন এবং অগ্নিকাণ্ডের ফলে মোট ক্ষতির পরিমাণ প্রায় ৫০ হাজার টাকা।

পাগলের উৎপাত

নারায়ণগঞ্জের রাস্তাঘাটে অনূন ১৫০ জন স্ত্রী-পুরুষ পাগল ঘুরিয়া বেড়ায়; উহারা যথেষ্ট উৎপাত ত' করেই পরন্তু কতকগুলি পাগলের ব্যবহার অত্যন্ত বিপজ্জনক। কয়েক বৎসর পূর্ব্বে স্থানীয় জনৈক উকীল অকালে এক পাগল কর্তৃক নিহত হইয়াছিলেন। মাঝে মাঝে সম্পূর্ণ উলঙ্গ স্ত্রী অথবা পুরুষ পাগলও দেখা যায়।

স্থানীয় এক বিদ্যালয়ে কোন এক বালককে নারায়ণগঞ্জের প্রসিদ্ধির কারণ জিজ্ঞাসা করিলে, সে উত্তরে বলিয়াছিল যে, নারায়ণগঞ্জ পাট ও পাগলের জন্য বিখ্যাত। নারায়ণগঞ্জে এত পাগলের আমদানীর প্রধান কারণ এই যে, রেল, ষ্টীমার, লঞ্চ, নৌকা প্রভৃতির সাহায্যে পল্লী অঞ্চল হইতে অসংখ্য যাত্রী এখানে আসে; বিশেষতঃ পাট ব্যবসায়ের মরশুমে পল্লী অঞ্চল হইতে আগত পাটের ব্যাপারিগণ আপন আপন গ্রামের উৎপাত দূর করিবার জন্য পাট বোঝাই নৌকায় করিয়া গ্রামের পাগল এখানে আনিয়া ছাড়িয়া দেয়।

দৈনিক নদীয়াপ্রকাশ

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৯৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬
৪। সুরধনী ক্রমী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। দৈববর্ণ ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। ব্রাহ্মণ-আগবত ৷০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-গাম্ভীর্য্য ।৵০
২২। ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল বাঙ্গ ভাষা ৷০
২৭। যুক্তিদীপিকা গৌরগোবিন্দ: (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য
৩৭। ঐ প্রমাণ-খণ্ড
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্চ্চনকণ্ঠ ৴০
৪৭। সদাচারস্মৃতি ৴৫
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়: ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। ভক্তপ্রকাশনী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসার: ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়: ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ।৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়: ৴০
৬৭। সারাংশবর্ণনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ভিউ অব্ গোবিন্দভাষ্য অন্ বেদান্ত ৷০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্স ৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত
৭৭। ইথেটিক প্রিন্সিপল্স অ্যাণ্ড অ্যানম্যালগেড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভলুম ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৴১০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যভাগবত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর-সম্পাদিত ইংরেজী মাসিক পত্রিকা একাদশবর্ষে প্রকাশিত হয়। সডাক ২ ভিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিকভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা-মাত্র।

৩। ভাগবত—ত্রিদণ্ডিস্বামী একমাত্র পারমার্থিক পাক্ষিক। মৈদিনীপুর শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে সঙ্কলিত করা
হইয়াছে।

——:০:——

নির্দ্ধনের তত্ত্ব-জিজ্ঞাসায় ব্যাকুল মাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৩৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



১০ম বর্ষ { ৩ পদ্মনাভ গৌরাব্দ ৪৫১, ৭ই আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৪, ২৩শে সেপ্টেম্বর ইং ১৯৩৭, বৃহস্পতিবার } ১ ৫তম সংখ্যা

শ্রীশ্রীগুরুপূজা-মহোৎসব

শ্রীশ্রীসনাতনগৌড়ীয়মঠে

গত ১০ই সেপ্টেম্বর শুক্রবার শ্রীচৈতন্য-মঠের অন্যতম শাখা শ্রীসনাতন-গৌড়ীয়-মঠে নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের যোগ্যতম অধস্তন শ্রীরূপ-চৈতন্যাম্নায়ের বর্তমানাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তর শতশ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুবরের ত্রিচত্বারিংশত্তম আবির্ভাবতিথি পূজা বিশেষ সমারোহের সহিত অনুষ্ঠিত হইয়াছে।

প্রত্যূষকালে শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিকের পর মঠসেবকগণ সমবেতকণ্ঠে অরুণোদয় কীর্ত্তন করেন। পূর্ব্বাহ্ণ ১০ ঘটিকায় সুশোভিত একটী বেদীর উপর শ্রীশ্রীল আচার্য্যদেবের সুসজ্জিত আলেখ্যের সম্মুখে সমবেত হইয়া ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিভূষণ ভাগবত মহারাজের নির্দ্দেশক্রমে সকলে শ্রীশ্রীগুরুপরম্পরা, শ্রীশ্রীগুর্বষ্টক এবং মহাজন-পদাবলী কীর্ত্তন করেন।

অতঃপর ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিভূষণ ভাগবত মহারাজ পূর্ব্বপ্রদেশবাসী সেবকবৃন্দের পক্ষ হইতে শ্রীশ্রীল আচার্য্যপাদপদ্মে প্রভুর ছিন্দভাষায় লিখিত 'পুষ্পাঞ্জলি'টী পাঠ করিবার পর মঠবাসী ও বাহ্যাগত বৃন্দ ভক্তগণ ১১ ঘটিকায় স্বামীজী মহারাজের আনুগত্যে পরমারাধ্য শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীপাদপদ্মে চন্দনসহ পুষ্প দ্বারা অঞ্জলিপ্রদান করেন।

অতঃপর শ্রীবিগ্রহের ভোগরাগ ও আরাত্রিক সম্পন্ন হইলে মধ্যাহ্নে ২ ঘটিকা হইতে সমাগত বহু ব্যক্তিকে চতুর্ব্বিধ রস সমন্বিত শ্রীমহাপ্রসাদ দ্বারা পরিতৃপ্ত করা হয়।

অপরাহ্ণ ৫ ঘটিকায় শ্রীশ্রীল আচার্য্যদেবের আলেখ্যার্চ্চার সম্মুখে একটী সভার অধিবেশন হয়। স্বামীজী মহারাজ তাঁহার স্বভাবসুলভ ভাষায় তাঁহার সুদীর্ঘ চতুর্দ্দশকালব্যাপী শ্রীশ্রী আচার্য্যবরের সেবনাত্মক একটী হৃদয়গ্রাহী বক্তৃতা প্রদান করেন। স্বামীজী শ্রীশ্রীল আচার্য্যদেবের অনিন্দ্য চরিত্র-মহিমা,—তাঁহার আচার্য্যোচিত সর্ব্ববিধ আদর্শ, তাঁহার অতুলনীয় পাণ্ডিত্য, তাঁহার অপূর্ব্ব সর্ব্বচিত্তাকর্ষিণী শক্তি, তাঁহার সর্ব্বজীবদয়ার্দ্রচিত্ত মধুর স্বভাব, তাঁহার যুক্তবৈরাগ্যের অত্যুজ্জ্বল আদর্শ, তাঁহার অপার জীবহিতৈষী বৃত্তি, শ্রীশ্রীল প্রভুপাদের প্রতি তাঁহার ঐকান্তিক অনুরাগ, প্রভুপাদের ন্যায় পারদর্শিতা ও পাপপ্রবৃত্তির দমনকার্য্যে তাঁহার অত্যদ্ভুত বিক্রম প্রভৃতি অনেক গুণের কথা উল্লেখ করিয়া পরমানন্দচিত্তে কীর্ত্তন করেন। স্বামীজী মহারাজ প্রসঙ্গক্রমে পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদের অপার অনন্ত করুণার কথা উল্লেখ করেন। মহাজন-পদাবলী ও মঙ্গল কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়।

মাদ্রাজে শ্রীপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভুর অভিনন্দন-সভা

(তারের সংবাদ)

আগামী ২৬শে সেপ্টেম্বর (১৯৩৭) মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠের [illegible] গৌরবাণীপ্রচার করিয়া প্রত্যাগত গৌড়ীয়মঠের প্রচারক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভুকে অভিনন্দন দেওয়া হইবে। মাননীয় প্রধান মন্ত্রী শ্রীযুক্ত রাজগোপাল আচারিয়া মহোদয় উক্ত অভিনন্দন-সভায় সভাপতির আসন গ্রহণ করিবেন। মাদ্রাজের ৩জন মন্ত্রী, বহু কলেজের অধ্যক্ষ ও অধ্যাপক, কর্পোরেশনের মেয়র, কাউন্সিলরগণ এবং সহরের বহু বিশিষ্ট ব্যক্তি শ্রীপাদ গোস্বামী প্রভুকে অভিনন্দিত করিবার জন্য সভা আহ্বান করিয়াছেন।

শ্রীপুরুষোত্তমমঠে

বর্ত্তমান শ্রীগৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুরের প্রকটোৎসব বিশেষ সমারোহে সুসম্পন্ন হইল। শ্রীল প্রভুপাদের শ্রীচরণাশ্রিত ভক্ত ভক্তবৃন্দের বিশেষ আগ্রহে ঐ দিন সকাল হইতে শ্রীল প্রভুপাদের পদাঙ্কপূত চটক-পর্ব্বতস্থ সভামণ্ডপটী সজ্জিত করিয়া আচার্য্যবন্দনা ও কীর্ত্তনমুখে আচার্য্যদেবের আলেখ্যে চন্দন পুষ্পাঞ্জলি প্রদান করা হইয়াছে। শ্রীপাদ উদ্ধবদাস প্রভু রচিত [illegible] সম্বন্ধে ভক্তবৃন্দের সমক্ষে পাঠ করেন। অবশেষে সকলে উচ্চৈঃস্বরে আচার্য্যদেবের জয় ঘোষণা করিয়া সংকীর্ত্তনান্তে বিচিত্র মহাপ্রসাদ সম্মান করিয়াছেন।

শ্রীল আচার্য্যদেবের বক্তৃতা

(৫ম পৃষ্ঠার পর)

প্রভুপাদের সমগ্র জীবনের চিন্ময় জল কথা অভক্তিসিদ্ধান্তকে বিপর্য্যস্ত করিয়া তাঁহাকে কাণ্ডজ্ঞান করে, সেরূপ পাষণ্ডতা কিছুতেই সহ্য করা যাইবে না। এরূপ কপটতাময় নিরয়প্রাপক অপরাধ অবৈধ যুক্তি না হলের দ্বারা চাপা দিবার কথা নয়, উহা সত্য সত্য জীবন্ত অপরাধ। আমরা যেন উহাতে কোন নিরপেক্ষতার ভাণ বা কোন প্রকার যুক্তির ছল প্রদর্শন করিয়া ঐরূপ কপটতাময় অপরাধের সংস্পর্শে পতিত না হই। তথাকথিত নিরপেক্ষ্যবাদীকে বহু অকৃতজ্ঞতাস, না হয় নির্ব্বিশেষ ধ্বংসের সাগরে পতিত করিবে। শ্রীল প্রভুপাদের প্রতি কান্তিবুদ্ধিরূপ পাষণ্ডতার প্রতি নিরপেক্ষতার ভাণ হৃদয়ের কোন কোণেও লুক্কায়িত থাকিলে তাহাতে আমরা না জানিলে আমাদের ভক্তিরাজ্য হইতে চিরতরে ভ্রষ্ট হইতে হইবে।

যে পাপিষ্ঠ বৈষ্ণবের জাতিবুদ্ধি করে।
জন্মে জন্মে অধম যোনিতে ডুবি' মরে।

শ্রীগুরুপাদপদ্মে জাতিবুদ্ধিরূপ পাষণ্ডতার প্রতি কায়মনোবাক্যে সর্ব্বপ্রকারে অসহযোগ প্রদর্শন করিতে হইবে। উহাতে আমাদের কোন প্রকার সংস্পর্শ যেন না থাকে, ইহাই সর্ব্বক্ষণ শ্রীবৈষ্ণবগণের শ্রীচরণে প্রার্থনা।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে।

"পূর্ব্ব ইতিহাস ভজনের অনুকূল বিচারে নিযুক্ত করিবেন অর্থাৎ প্রতিকূল বিষয়গুলি অনুকূলের পূর্ববাবস্থা জানিবেন। প্রতিকূল হওয়ায় যে বিপদ্ উপস্থিত হয়, তাহাই পরক্ষণে ভজনের অনুকূলতা প্রসব করে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ পদ্মনাভ আদি কারণোদশায়ী গৌরাব্দ ৪৪১

যৎকিঞ্চিৎ

শ্রীরাধা ও শ্রীলক্ষ্মীর নাম শ্রীকৃষ্ণ ও শ্রীনারায়ণের সহিত ও তাঁহাদের আগে যোজনা করিয়া ... কল্পনা করিয়া থাকি। বিষ্ণুতত্ত্ব নিরিশেষবাদীগণ কল্পনাপর হীন নিঃশক্তিক বস্তু নহেন—ইহা জানাইবার জন্য যে আস্তিকগণ শক্তি শক্তের নাম উচ্চারণ করিবার পূর্বে তাহার সহিত মূল শক্তিমানের নাম সংযুক্ত করিয়া উচ্চারণ করেন, একথা অল্পবুদ্ধি আমরা বুঝিয়া উঠিতে পারি না। যাঁহারা অপ্রাকৃত বিষ্ণু-বাদ স্বীকার করেন, সেই আস্তিকগণ নিঃশক্তিক বিচার বা একল-বাসুদেবের বিচার নিরাস করিবার জন্য শক্তিতত্ত্বের নাম সর্ব্বাগ্রে উচ্চারণ করেন।

শ্রীরাধিকা বা বিষ্ণুশক্তি লক্ষ্মী—আশ্রয় তত্ত্ব। কৃষ্ণ বা নারায়ণ—বিষয় তত্ত্ব, আশ্রয়ের আনুগত্যে বিষয়ের সেবাই—যথার্থ বৈষ্ণব বিচার। আশ্রয়জাতীয় ভগবদ্ভক্তগণের আশ্রিত না হইয়া—গুরুপূজা না করিয়া কৃষ্ণপূজা—ঘোড়া ডিঙ্গাইয়া ঘাস খাওয়ার ন্যায়। সম্বোধনসূচক নামোচ্চারণ, কীর্ত্তন বা ভজনে যদি সেই বিধি লঙ্ঘন করা হয় অর্থাৎ রাধাকৃষ্ণ না বলিয়া কৃষ্ণরাধা বলিবার স্বেচ্ছাচারিতাকে প্রশ্রয় দেওয়া যায় তাহা হইলে তাহা অপরাধের কারণ হইয়া থাকে। আগে 'বস্তুর পূজায় ছলনা, পরে আশ্রয় পূজার আড়ম্বর—আগে কৃষ্ণপূজার কপটতা, পরে গুরুপূজার উদার পূজাপ্রণালীর ব্যতিক্রম; তাহাতে বিষয় অর্থাৎ কৃষ্ণ পূজা গ্রহণ করেন না। আম্নায় সম্প্রদায়ে আশ্রয়তত্ত্বের বিচারই প্রবল। বর্ত্তমান আচার্য্যদেবও বেদের 'প্রত্যভিজ্ঞা'এ আমাদিগকে জানাইয়াছেন, আশ্রয়-বিগ্রহের আনুগত্যে ভগবৎপ্রেমবাচ্য বিষয়বিগ্রহের অনুশীলনই—অনুকূল অনুশীলন। নিত্য-বিগ্রহ শ্রীচৈতন্য পরমেশ্বর শ্রীনামের অনুশীলনের মধ্যেও আশ্রয়বিগ্রহানুগত্য প্রকাশিত। 'হরেকৃষ্ণ' এই মহামন্ত্র প্রথমে 'হরে' মধ্যে 'হরে' ও শেষে আবার 'হরে' পদের দ্বারা প্রথমে আশ্রয়প্রধানতা, মধ্যে আশ্রয়প্রধান্য এবং চরমেও আশ্রয়বিগ্রহানুগত্যের অবকাশ বা পুনঃ পুনঃ কীর্ত্তন প্রতিপন্ন হয়। কারণ, আশ্রয়-বিগ্রহানুগত্য দ্বারাই আশ্রয়বিগ্রহ-প্রেমবশ বিষয়বিগ্রহ ধরা দেন।

———

শ্রীগৌড়ীয়-মিশনের সাধারণ সভার বিবরণ

কতিপয় কার্য্যের প্রতিবাদ

কলিকাতা, বাগবাজার শ্রীগৌড়ীয়মঠের সারস্বত ভবন-সদনে গত ১২ই সেপ্টেম্বর (১৯৩৭) রবিবার দিবা ৩ ঘটিকার সময় গৌড়ীয় মিশনের অন্তর্ভুক্ত প্রায় ৬০ (ষাটটী) মঠের প্রতিনিধিগণ এবং ভারতের বিভিন্ন স্থান হইতে সমাগত বহু সংখ্যক গৃহস্থ শিষ্যগণের এক সাধারণ সভার অধিবেশন হয়। সর্ব্বসম্মতিক্রমে গৌড়ীয়-মঠাচার্য্য পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু সভাপতির আসন গ্রহণ করেন।

সভায় নিম্নলিখিত প্রস্তাব সমূহ গৃহীত হয়:—

১ম প্রস্তাব—বাবু কুঞ্জবিহারী বিদ্যাভূষণ এবং পরমানন্দ বিদ্যারত্ন প্রমুখ কতিপয় ব্যক্তি গৌড়ীয়মঠের (মিশনের) ভূতপূর্ব্ব আদি-সভাপতি নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদকে কোর্টে (আদালতে) ও অন্যত্র "গৃহস্থ" বলিয়া ঘোষণা করিয়াছেন। এই সভা তাদৃশ উক্তির বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করিতেছেন। তাদৃশ উক্তি অসত্য, অসম্মানজনক, অপরাধজনক ও অপমানপূর্ণ বলিয়া এই সভা উক্ত ব্যক্তিগণকে শ্রীল প্রভুপাদের ও বৈষ্ণবগণের পাদপদ্মে তীব্র অপরাধী সাব্যস্ত করিতেছেন এবং উক্ত ব্যক্তিগণ ও তাঁহাদের সমর্থনকারিগণের ঐরূপ আচরণকে তীব্রভাবে গর্হন করিতেছেন।

এই সভা এই মিশনের সকল শিষ্যবর্গ ও সহানুভূতি-কারিগণকে উক্ত গুরুবৈষ্ণবচরণে অপরাধী ব্যক্তিগণের সহিত সর্ব্ববিধ সম্বন্ধ পরিত্যাগ করিবার জন্য বিশেষ অনুরোধ করিতেছেন।

মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় এই প্রস্তাব উত্থাপন করেন ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ এই প্রস্তাব সমর্থন করেন। অতঃপর বহু ব্যক্তি এই প্রস্তাবের স্বপক্ষে ওজস্বিনী ভাষায় বক্তৃতা করেন। পরে সভাপতি শ্রীল আচার্য্যদেব অনেক শাস্ত্র-প্রমাণ দ্বারা বিষয়টী বিশদ-ভাবে বুঝাইয়া দেন। এতৎসম্বন্ধে শ্রীল আচার্য্যদেবের অভিভাষণ ৫ম পৃষ্ঠায় প্রকাশিত হইল।

অতঃপর সর্ব্বসম্মতিক্রমে প্রস্তাবটী গৃহীত হয়। ইহার পর শ্রীল আচার্য্যদেব সভা হইতে চলিয়া গেলেন এবং তাঁহার অনুরোধ ও সকলের অনুমোদনক্রমে ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ সভাপতির আসন গ্রহণ করিলেন।

২য় প্রস্তাব—ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুকে নিত্যলীলাপ্রবিষ্ট শ্রীশ্রীল প্রভুপাদ তাঁহার অন্যতম আচার্য্যরূপে মনোনীত করিয়া গিয়াছেন এবং গত ২৬শে মার্চ্চ ১৯৩৭ শ্রীফাল্গুনী পূর্ণিমা তিথিতে শ্রীগৌর-জন্মোৎসব দিবসে শ্রীধাম মায়াপুরে সমবেত মিশনের সকল শিষ্যবর্গ, উক্ত প্রতিষ্ঠানকারিগণ ও গৌড়ীয় মঠের গভর্ণিংবডির সদস্যগণ সকলে একবাক্যে উক্ত পরবিদ্যাভূষণ প্রভুকে সমগ্র মিশনের গুরু বা সম্প্রদায়াচার্য্যরূপে গ্রহণ ও ঘোষণা করিয়াছিলেন।

অধুনা বাবু কুঞ্জবিহারী বিদ্যাভূষণ ও তাঁহার একান্ত অনুগত ভারতী, বন ও নেমি মহারাজ, সিদ্ধস্বরূপ, কীর্ত্তন প্রমুখ কতিপয় গৌড়ীয়মঠের ভূতপূর্ব্ব শিষ্যবর্গ—যাহারা আচার্য্যপাদের (গোস্বামী প্রভুপাদের) অনুগত ছিলেন এবং বর্ত্তমান আচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুর বিরুদ্ধে অতীব মিথ্যামূলক ও হীন ব্যক্তিগত স্বার্থসিদ্ধি-প্রণোদিত যে নিতান্ত মর্য্যাদাহানিকর ও শাস্ত্রবিরুদ্ধ প্রচার পরিচালনা করিতেছেন, এই সভা তাঁহাদের তাদৃশ আচরণের বিরুদ্ধে অতীব তীব্র ও নিঃসংশয়িতরূপে প্রতিবাদ ও গর্হণ জ্ঞাপন করিতেছেন।

এই সভা আরও ঘোষণা করিতেছেন যে, উক্ত বিরুদ্ধ প্রচারকারিগণ নিত্যলীলাপ্রবিষ্ট আদ্য সভাপতি ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রতিষ্ঠিত গৌড়ীয়মঠ ও গৌড়ীয়মিশন পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছেন এবং এই মিশনের সহিত উক্ত ব্যক্তিগণের আর কোন প্রকার সম্বন্ধ নাই। এই সভা আরও ঘোষণা করিতেছেন যে, কলিকাতা ১১৪এ ল্যান্সডাউন্ রোডে অধুনা অবস্থিত তথাকথিত "দক্ষিণ কলিকাতা-গৌড়ীয় মঠ" এই মিশনের কোন শাখা-মঠ ত নহেই, অধিকন্তু উহার অনুসৃত নীতি ও উদ্দেশ্য এই মিশনের ও শ্রীল প্রভুপাদের শিক্ষার সম্পূর্ণ বিরোধী।

ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ এই প্রস্তাব উত্থাপন করেন এবং যতীন্দ্র কুমার ঘোষ বি, এ এবং ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিকেবল মাধব মহারাজ ও আরও অনেকে ইহার সমর্থন করেন।

অতঃপর সর্ব্বসম্মতিক্রমে এই প্রস্তাব গৃহীত হয়।

৩য় প্রস্তাব—নিত্যলীলাপ্রবিষ্ট শ্রীশ্রীল প্রভুপাদের ইচ্ছানুযায়ী গত ১০ই জানুয়ারী (১৯৩৭) তারিখে গঠিত বর্ত্তমান কার্য্যনির্ব্বাহক সমিতি (Governing Body) শ্রীশ্রীল প্রভুপাদের প্রদর্শিত পথে এবং বর্ত্তমান আচার্য্যদেব শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুর নির্দ্দেশানুসারে মিশনের সর্ব্ববিধ কার্য্য সুচারুরূপে পরিচালনা করিতেছেন। তজ্জন্য এই সভা উক্ত গভর্ণিংবডির সভ্যদিগকে প্রশংসা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন এবং মিশনের স্বার্থ নিরাপদে সংরক্ষণ করিবার উদ্দেশ্যে গভর্ণিংবডি যে সকল বিধান অবলম্বন করিয়াছেন, তৎসমুদয় সম্পূর্ণভাবে অনুমোদন করিতেছেন।

ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ এই প্রস্তাব উত্থাপন করেন এবং শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিহৃদয় গোস্বামী মহারাজ ইহার সমর্থন করেন। এই সময়ে শ্রীযুক্ত নৃপতি রঞ্জন নাগ এম-এ, বি, এল, (উকিল ঢাকা) উক্ত প্রস্তাবের নিম্নলিখিত সংশোধন-প্রস্তাব উত্থাপন করেন।

সংশোধন প্রস্তাব—

পূর্ব্বোক্ত মূল প্রস্তাবে উল্লিখিত গভর্ণিংবডি হইতে (১) কুঞ্জবিহারী বিদ্যাভূষণ (২) পরমানন্দ বিদ্যারত্ন (৩) ভক্তিবিবেক ভারতী (৪) ভক্তিবিলাস গভস্তিনেমি (৫) ভক্তিহৃদয় বন—এই পাঁচ জন উক্ত গভর্ণিংবডির সভ্য (মেম্বর) বলিয়া গৃহীত হইবেন না। কেন না, উক্ত পাঁচ ব্যক্তি মিশন পরিত্যাগ করিয়াছেন, মিশনের সর্ব্ববিধ কার্য্যাবলীর সহিত সর্ব্বপ্রকার সম্বন্ধ ত্যাগ করিয়াছেন, এবং মিশনের স্বার্থ ও শ্রীল প্রভুপাদের ইচ্ছার বিরুদ্ধে কার্য্য করিতেছেন। গভর্ণিংবডির সদস্যপদ হইতে উক্ত ব্যক্তিগণের নাম অপসারিত করিয়া দেওয়া হউক।

কৃষ্ণ তারে দেন নিজ চিন্তামণির বল। বায়ু মার্জ্জন ছাড়ে করা হুহুল।

ময়মনসিংহ আনন্দমোহন কলেজের সংস্কৃতাধ্যাপক শ্রীযুক্ত যতীন্দ্রমোহন ঘোষ এম, এ, বি, এল এই সংশোধন-প্রস্তাব সমর্থন করেন এবং শ্রীযুক্ত রাধাগোবিন্দ নাথাধিকারী বি, এ, বারেট, শ্রীপাদ সদানন্দ ব্রহ্মচারী (রেভ্ আর্ণষ্ট গেয়র্গ সুলৎসে), বালিয়াটীর জমিদার শ্রীযুক্ত রবীন্দ্রমোহন রায় চৌধুরী বি, এল, বোম্বে গৌড়ীয়মঠের শ্রীযুক্ত অক্ষয়চরণ দাস অধিকারী মহাশয়গণ বক্তৃতার সহিত উহা অনুমোদন করেন।

মূল প্রস্তাবকারী স্বামিপাদ এই সংশোধনে স্বীকৃত হইলে এই সংশোধন উক্ত মূল প্রস্তাব-সহ সভায় উপস্থাপিত করা হয় এবং উহা সর্ব্বসম্মতিক্রমে জয়ধ্বনি-সহকারে গৃহীত হয়।

৪র্থ প্রস্তাব —গভর্ণিংবডিকে অনুরোধ করা হইতেছে যে, তৃতীয় প্রস্তাবে উল্লিখিত পাঁচজন ব্যক্তির নামের অসাধারণ-জড়িত শূন্য স্থানে পাঁচজনের পরিবর্ত্তে চারিজনমাত্র সদস্য গভর্ণিংবডি ইচ্ছানুরূপে গ্রহণ করিবেন। তাহাতে গভর্ণিংবডির মোট সদস্যসংখ্যা তের হইতে কমিয়া বারজন মাত্র হইবে, এবং ইহাই শ্রীল প্রভুপাদের অভীপ্সিত ঊর্দ্ধতন সদস্য-সংখ্যা।

শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী কৃতিরত্ন মহাশয় এই প্রস্তাব উত্থাপন করেন। ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিবিচার যাযাবর মহারাজ ইহার সমর্থন করেন এবং শ্রীপাদ নরোত্তমানন্দ ব্রহ্মচারী, শ্রীযুক্ত যতীন্দ্রনাথ ঘোষ বি এ এবং শ্রীপাদ প্রণবানন্দ ব্রহ্মচারী তাহা অনুমোদন করেন।

অতঃপর এই প্রস্তাব সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৫ম প্রস্তাব—মিশনের গভর্ণিং বডির পরবর্ত্তী অধিবেশনে তাঁহাদের বিবেচনার জন্য এই সভায় গৃহীত প্রস্তাবগুলি উপস্থাপিত করা হউক।

ময়মনসিংহ আনন্দমোহন কলেজের সংস্কৃতাধ্যাপক শ্রীযুক্ত যতীন্দ্রমোহন ঘোষ এম-এ, বি-এল এই প্রস্তাব উত্থাপন করেন এবং শ্রীপাদ প্রণবানন্দ ব্রহ্মচারী উহার সমর্থন করেন। অনন্তর ইহা সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইলে সভা ভঙ্গ হয়।

ভ্রম-সংশোধন

গত ২০শে সেপ্টেম্বর ১৭৩ সংখ্যা শ্রীনদীয়াপ্রকাশের ৫ম পৃষ্ঠার ৫ম কলমের শেষ প্যারায় ১ম লাইনে 'শ্রীরূপের এই শ্লোকদ্বয়কে' স্থলে শ্রীরূপের ও শ্রীদাসগোস্বামী প্রভুর এই শ্লোকদ্বয় হইবে। সুধী পাঠকগণ সংশোধন করিয়া পাঠ করিবেন।

শ্রীল আচার্য্যদেবের বক্তৃতা

—::০::—

নামশ্রেষ্ঠং মনুমপি শচীপুত্রমত্র স্বরূপং
রূপং তস্যাগ্রজমুরুপুরীং মাথুরীং গোষ্ঠবাটীম্।
রাধাকুণ্ডং গিরিবরমহো! রাধিকা-মাধবাশাং
প্রাপ্তো যস্য প্রথিতকৃপয়া শ্রীগুরুং তং নতোঽস্মি॥

সাক্ষাদ্ভগবচ্ছক্তিবিগ্রহ ভগবৎপ্রিয়তম শ্রীগুরুদেবকে যে বা যাহারা নরকের শেষ-সীমায় গমন করিয়া কোন প্রকার জাড্যবুদ্ধি করে, তাহারা পরিণামে আত্মহত্যা বা নির্ব্বিশেষগতি লাভ করে বা অনন্তকোটিকাল নরকে পচিয়া মরে। ইহা অপেক্ষা দুর্ভাগ্যের অধমতম ফল আর কিছু হইতে পারে না, ইহাই সমস্ত শাস্ত্রসমূহ একবাক্যে তারস্বরে কীর্ত্তন করিয়াছেন।

অর্চ্চ্যে বিষ্ণৌ শিলাধীর্গুরুষু নরমতির্বৈষ্ণবে জাতিবুদ্ধি-
র্বিষ্ণোর্বা বৈষ্ণবানাং কলিমলমথনে পাদতীর্থেঽম্বুবুদ্ধিঃ।
শ্রীবিষ্ণোর্নাম্নি মন্ত্রে সকলকলুষহে শব্দসামান্যবুদ্ধি-
র্বিষ্ণৌ সর্ব্বেশ্বরেশে তদিতরসমধীর্যস্য বা নারকী সঃ॥

শ্রীগুরুপাদপদ্ম সাক্ষাৎ ভগবানের মত বা তদপেক্ষা মানবজাতির প্রতি অধিকতর করুণাবিশিষ্ট হইয়া আমাদের ন্যায় কলিহত পতিত দুর্গত জীবকে পাবন, উদ্ধার ও ভগবানের সঙ্গে মিলন করাইবার জন্য স্বেচ্ছায় যে-কোন স্থানে যে কোন কুলে আবির্ভূত হন। যেমন মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ—এই চারিরূপে ভগবান্ বা পক্ষিকুলে বৈষ্ণববর গরুড় ও জটায়ু, কপিকুলে বৈষ্ণবশ্রেষ্ঠ হনুমান ও সুগ্রীবাদি, শূদ্রাজকুলে ধর্ম্ম ব্যাধ, দৈত্যকুলে প্রহলাদ, বলি ও বৃত্র, রাক্ষসকুলে বিভীষণ, পশুকুলে গজেন্দ্রাদি, বৈশ্যকুলে বণিক-গদাধার, বৃক্ষকুলে তুলসী, শিলাকুলে শ্রীশালগ্রাম ও শ্রীগোবর্দ্ধন, জলকুলে গঙ্গা, যমুনা ও শ্রীকুণ্ডাদি সরোবর এবং অহিকুলে বৈষ্ণবরাজ শেষ যেরূপ অবতীর্ণ হইলেও তাঁহাদিগকে তত্তৎকুলে অবতীর্ণ বলিয়া তত্তৎজাতি-সাম্যে দর্শন করিলে অনন্তনরক অবশ্যম্ভাবী, তদ্রূপ জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বা জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামিপ্রভুপাদকে জাতিবুদ্ধি করিলে সেই অধমতম পাষণ্ডতার ফলে অনন্ত নরক অবশ্যম্ভাবী। এই নরক হইতে উদ্ধার করার ক্ষমতা স্বয়ং ভগবানেরও নাই। সূর্য্য যেমন পূর্ব্বদিকে উদিত হন বলিয়া পূর্ব্বদিক্ সূর্য্যের জননী নহে, তদ্রূপ গুরু ও বৈষ্ণবগণ স্বেচ্ছায় যে-কোন কুলে আবির্ভূত হন বলিয়া সেই কুল বা জাতি তাঁহাদের সহিত কোনরূপেই সংস্পৃষ্ট হইতে পারে না।

শ্রীশ্রীল প্রভুপাদ সর্ব্বশ্রেষ্ঠ বৈষ্ণবাচার্য্যের গৃহে আবির্ভূত হইয়া তাঁহার সমগ্র লীলা, সমগ্র চেষ্টাকে বৈষ্ণবে জাতিবুদ্ধিরূপ নরকপ্রাপক পাষণ্ডতার বিরুদ্ধে নিযুক্ত করিয়াছিলেন। তদানীন্তন সর্ব্বশ্রেষ্ঠ বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নিকট কোন এক ব্যক্তি পাঞ্চরাত্রিক মন্ত্রদাতৃরূপে আগমন করিয়াছিলেন। শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদ সেই ব্যক্তির জাতিমদ বা প্রাকৃত অভিনিবেশকে দূরিত করিবার জন্য এতটা অনুগ্রহ করিয়াছিলেন যে, তাঁহাকে গুরুরূপে স্বীকারের অভিনয় করিয়া মানবধর্ম্ম শিক্ষা দিবার চেষ্টা করিয়াছিলেন। কিন্তু সেই গোস্বামিব্রুব শ্রীশ্রীল দাসগোস্বামিপ্রভুর শ্রীচরণে জাতিবুদ্ধি ও মূলবুদ্ধি করায় আমাদের প্রভুপাদ ঠাকুর ভক্তিবিনোদের দীক্ষাদাতার অভিনেতাকে দুঃসঙ্গরূপে চিরতরে পরিত্যাগ করিয়াছিলেন। তাতে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের পরম আনন্দ ও হর্ষ উপস্থিত হইয়াছিল। ইহা আমরা শ্রীল প্রভুপাদের শ্রীমুখে অসংখ্যবার শ্রবণ করিয়াছি। শ্রীল প্রভুপাদ যখন যখনই শ্রীল রঘুনাথ দাস গোস্বামিপ্রভুকে জাতিবুদ্ধিকারী দুর্ব্বৃত্ত গোস্বামিব্রুবের কথা বলিতেন, তখন তখনই অকথ্য ভাষায় উহাকে গালাগালি করিয়া অসহিষ্ণুতার পরাকাষ্ঠা প্রদর্শন করিতেন। শ্রীল রূপগোস্বামিপ্রভু এরূপ অসহিষ্ণুতাকে পরমভক্তি বলিয়াছেন।

"কৃষ্ণতদ্ভক্তবিদ্বেষিবিনিন্দাদ্যসহিষ্ণুতা"
(—ভঃ রঃ সিঃ ২য় লঃ ৪০ শ্লোক)

অর্থাৎ কৃষ্ণ ও তাঁহার ভক্তের বিদ্বেষ-নিন্দাদি-বিষয়ে অসহিষ্ণুতাই বৈধ ভক্তির বিশেষ অঙ্গ। ইহা প্রতিপালন না করিলে প্রত্যবায় ও শুদ্ধভক্তি হইতে চ্যুত হইতে হইবে। শ্রীমন্মহাপ্রভু 'তৃণাদপি সুনীচ' শ্লোকে সহিষ্ণুতা শিক্ষা দিয়াছেন। কিন্তু শ্রীমদ্ গৌরসুন্দরের অন্তরঙ্গ পার্ষদ শ্রীগৌরসুন্দরেরই আদেশে যে দৈবী ভক্তির কর্ত্তব্যসমূহ নির্দ্ধারণ করিয়াছেন, তাহাতে গুরু-বৈষ্ণবনিন্দায় প্রতি অসহিষ্ণুতা-প্রদর্শনই ভক্তি বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে।

শ্রীগুরুপাদপদ্মে জাতিবুদ্ধি বা মূলবুদ্ধির ন্যায় আর নিকৃষ্টতর গুরুনিন্দা ও গুরুদ্রোহ নাই। এইপ্রকারে গুরু বৈষ্ণব-দ্রোহ হয়।

হন্তি নিন্দতি বৈ দ্বেষ্টি বৈষ্ণবান্নাভিনন্দতি।
ক্রুধ্যতে যাতি নো হর্ষং দর্শনে
পতনানি ষট্॥
(স্কন্দপুরাণ)

বৈষ্ণবকে (১) হনন করা, (২) নিন্দা করা, (৩) বিদ্বেষ করা, (৪) বৈষ্ণবগণকে অভিনন্দন না করা, (৫) ক্রোধ প্রকাশ করা এবং (৬) বৈষ্ণবের দর্শনে হর্ষযুক্ত না হওয়া—এই ছয়টিই পতনের কারণ।

বৈষ্ণবের দর্শনে যদি অন্তরে হর্ষ উপস্থিত না হয়, গাম্ভীর্য্য বা অন্তরে নিরপেক্ষভাব রক্ষা করিবার বুদ্ধি হয়, তবে তাহা অধিকতর কাপট্যযুক্ত বৈষ্ণবনিন্দা বা বৈষ্ণবদ্রোহ। এইরূপ বৈষ্ণবদ্রোহফলে যে নরকপাত হয়, সেই নরক হইতে উদ্ধার করিবার সাধ্য স্বয়ং ভগবানেরও নাই, যে পর্য্যন্ত না, যে বৈষ্ণবের প্রতি অপরাধ হইয়াছে সেই বৈষ্ণবের চরণে অকপটে ক্ষমা প্রার্থনা করা হয়। দৃষ্টান্তস্বরূপ আমরা শ্রীমন্মহাপ্রভুর লীলায় দেখিতে পাই, দেবানন্দ পণ্ডিতের নিজের দোষ ছিল না, কিন্তু তাঁহার ছাত্রগণ শ্রীবাসপণ্ডিতের প্রতি যে অসম্মান করিয়াছিলেন, দেবানন্দ সেই ছাত্রগণকে শাসন করেন নাই, তৎপ্রতি নিরপেক্ষতার ভাব দেখাইয়াছিলেন, তাহাতেই শ্রীবাসের চরণে দেবানন্দ পণ্ডিতের যে অপরাধ হইয়াছিল, সেইরূপ বৈষ্ণবাপরাধের প্রতি স্বয়ং মহাপ্রভু ক্রোধ প্রকাশ করিয়া অসহিষ্ণুতার আদর্শ দেখাইয়াছিলেন। সমগ্র জীবের শ্রীগুরুপাদপদ্ম শ্রীনিত্যানন্দের প্রতি মাধাই মুটকী নিক্ষেপ করিলে শ্রীমন্ মহাপ্রভু অত্যন্ত অসহিষ্ণুতা প্রদর্শন করিয়াছিলেন।

'ক্রোধ ভক্তদ্বেষিজনে'—ইহাই শুদ্ধভক্তি। এইরূপ বিচারেই শ্রীল প্রভুপাদ—"গুরুনিন্দা শুনিয়া যাহাদের না ভাঙ্গে, তাহাদের মধ্যেই অন্যাভিলাষ আছে", জানাইয়াছেন। শ্রীবাস পণ্ডিত ও শ্রীনিত্যানন্দ প্রভুর পাদপদ্মে ক্ষমা-প্রার্থনার ফলে দেবানন্দ ও মাধাইর প্রতি ভগবান্ শ্রীগৌরসুন্দরের কৃপা হইয়াছিল।

যে বৈষ্ণবস্থানে অপরাধ হয় যার।
পুনঃ সেই ক্ষমিলে সে ঘুচে, নহে আর॥
(চৈঃ ভাঃ মধ্য ২২।৩০)

কাঁটা ফুটে যেই মুখে, সেই মুখে যায়।
পায়ে কাঁটা ফুটিলে কি স্কন্ধে বাহিরায়?
(চৈঃ ভাঃ অন্ত্য ৪।৩৮০)

পায়ে যেখান দিয়া কাঁটা প্রবেশ করে, সেই মুখেই উহাকে বাহির না করিলে সমস্ত শরীর বিষাক্ত হইয়া মৃত্যু ঘটে। তদ্রূপ যে শুদ্ধবৈষ্ণবের চরণে অপরাধ হইয়াছে, স্বয়ং তিনি ক্ষমা না করিলে স্বয়ং ভগবানও সেই অপরাধীকে রক্ষা করিতে পারেন না।

শ্রীনিত্যানন্দাভিন্নবিগ্রহ পরমেশ শ্রীশ্রীল প্রভুপাদ অপ্রকট-লীলা আবিষ্কার করিয়াছেন, সুতরাং তিনি আমাদিগকে শাসন করিবেন না, এই বিচারে যদি কেহ শ্রীল

(অতঃপর ৩য় পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, তাকখর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ,গান্ধর্ব্বিকা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ,শ্রীগৌর,সোণার আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-ভাক্তিপ্রচারকর্ত্তে নদীয়া-প্রকাশ যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাধিপতি।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, ভাগবতচতুষ্টয় সেবায়-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্ম্মণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ নবীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিপিনকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)

শ্রীবাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নদেব-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীবংশীনন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউগাছি—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিরূপ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীভূপেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীযতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীনয়ন ভক্তিশাস্ত্রী এম এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী।

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অপরটাউন, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিথার, জেঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং কবিরপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীনারায়ণানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅদ্বৈতানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীমঙ্গলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীদেশীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং রকমান রোড, নিউ দিল্লী;

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গৌয়ালিয়া ট্যাঙ্ক রোড, কলামহাল বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅনিরুদ্ধ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা রক্ষক—মহোপদেশক শ্রীপাদ মহাবীর ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীনবকিশোর দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয় মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীসনাতনকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ বালু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনেশ্বরী, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ সেনগুপ্ত অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ভাউনরোড

, ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীঅপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২৩শে সেপ্টেম্বর, ১৯৩৩

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বাঁশফুলি	৬৷০
বালাম	৫৷০
ঐ নূতন	৫
কাটারিভোগ	৭-৭৷০
বাদশাভোগ	৫৷০
রামশালা নূতন	৪৷০
ঐ পুরাতন	৫
[illegible]	৪
সিদ্ধ [illegible]	৩৷০

আতপ—

নূতন আতপ	৪—৪৷০
দেশোয়ারী	১০-১০৷০
দাদখানি আতপ	৫৷০-৫৷০
ঐ [illegible]	৫-৫৷০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭
ঐ [illegible]	৩৷০

চিনির দর

কাশীর, চাঁদপ	১০৷০
[illegible] ১০০০ নং	১০৷০
[illegible] দানা	৯৷০
[illegible] দানা	৮৷০—৯৷০
[illegible] লাল	৭৷০—৮

সোনা-রূপার দর।

প্রতি ভরি

[illegible]	৩৩।
[illegible]	২২
চাঁদির বার	৫৭৷০

পাটের দর

[illegible]—	৪০৷০
[illegible]—	৪০৷০
[illegible]—	৪১৷০
[illegible] সময়—	৪১

কাঁচা ও মসলার দর

[illegible] প্রতি মণ	৬৷০—৬৷০
[illegible] ঐ	৬—৬৷০
[illegible] ঐ	৫৷০—৫৷০
[illegible]	৬—৬৷০
[illegible] (বি)	৫৷০—৫৷০
[illegible] (২	৫৷০—৫৷০
([illegible])	৫—৫৷০
([illegible])	৪৷০—৪৷০
[illegible] ([illegible])	৩৷০—৩৷০
[illegible]	১৷০—১৷০
	১৷০—১৷০

ঘৃতের দর

	৫৭
	৫৭
	৫৩
	৪৩

পাড়িয়ার	৪৷০
জাব	৪৩
পাবুলে	৩৬
[illegible]	৪৷০

হ্যাডওয়্যার

টাটার তৈয়ারী— মণ প্রতি দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৷০—৯৷০
ঐ [illegible]-মার্কা হাল্কা ওজন	৮—৮৷০
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৷০
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৷০
[illegible] (টি আয়রণ)	৮৷০—৯
[illegible] আয়রণ (কোণা)	৮৷০—৮৷০
টাটা গাঃ করগেট সিট।	৷০
২৭ গেজ—	১৪৷০
২৬ গেজ—	১৩৷০
২৮ গেজ—	১৫৷০
টাটা গাঃ প্লেন সীট।	
২৪ গেজ—	১৪৷০
২৬ গেজ—	১৩৷০
১৮ গেজ—	১৩৷০
[illegible] গাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৷০
২৬ গেজ—	১৪৷০
[illegible] ২৪—৩০ গেজ	
সীস	৷০—৷০
[illegible] কাঁটা তার (বাণ্ডিল)	১০
[illegible] কাটি বা [illegible] কাঁটা মণ	৩৷০—
[illegible] কাটি ৩—৯ ফুট লম্বা	
	৬৷০—৬৷০ [illegible]
[illegible] বড় কাটি লম্বা ১—৩ফুট	৯—১০
ঐ ,, ৩—১০ ঐ	৯৷০—১০৷০
[illegible] পাটি, গোলট্টু, গরাদে	৮—৯
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের	
[illegible]	৮৷০—১১৷০

[illegible] ইস্পাত আসল ২৩, নকল ২১

[illegible] হানদর ৫৷০, পাটের হানদর ৬৷০

তুলার হানদর ৪৷০

গুড়ের দর

কলিকাতা ২৬শে জুন,

[illegible] গোলার খাইন	৫৪
[illegible] আমের করকচ	৪০
[illegible] খুরিন খাইন	৪৩
[illegible]	২৩
ঐ খাইন	৫১

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
[illegible]	৮৷০
সুপারী [illegible]	১৬৷০—১৭
কাটা সুপারী	১০৷০—১১৷০
[illegible]	১৫৷০—১৭৷০
[illegible] নূতন পাটনাই	১৭—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স্ লিঃ
[illegible] ঘাট গোলাপটী, [illegible]
কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—“ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট”—

[illegible] বিদ্যালয়

[illegible] বিদ্যালয় ও বোর্ডিং [illegible]। [illegible] শিক্ষকগণ [illegible] ও [illegible]। বিদেশী ছাত্রগণের [illegible] থাকিবার [illegible] ব্যবস্থা [illegible] ও [illegible] মাসে [illegible] ৭ টাকা মাত্র। এই বিদ্যালয়ের ছাত্রগণ [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় [illegible] হইয়াছেন।

মেধাবী ছাত্রগণের [illegible] সুবিধা

[illegible] নম্বর রাখিতে পারিবে, [illegible], ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর [illegible] ছাত্রগণকে [illegible] আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
[illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—[illegible]	১৭—৩৮	১৯—[illegible]
[illegible]	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—৩৫
[illegible]	পৌঃ	৭—৭৫	১১—১০,	১৪—৯	১৮—১৩,	২০—৯

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

[illegible] ঘাট	ছাঃ	৫-৭৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
[illegible]	ছাঃ	৫-৫০	৯-৩০	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

[illegible] জীর্ণ [illegible] রোগের [illegible] একমাত্র [illegible]। [illegible] পুরাতন [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার [illegible]। [illegible] ছোট [illegible] ৷০ আনা, বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই মহাপুরুষের অলৌকিক জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় সর্ব্বজনপরিচিত সুলেখক "গৌড়ীয়" সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের গ্রন্থ অমূল্য শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	৵০	৵০	।০
" " ইঞ্চ	২৲	১৷০	১৷০	১৲
সিকিকলম	৫৲		৪৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬	৪৷০
সিকি কলম	১৫	১২৲
অর্দ্ধকলম	২৪	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৬০০ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), গ্রন্থকার কৃত ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—সত্যানন্দ গৌড়ীয়মঠ, বালুবাজার; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা-নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্
এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্
একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস
কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্
ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীগৌড়মণ্ডলপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সদাচারৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1344

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৮ই আশ্বিন, ১৩৪৪, ২৪শে সেপ্টেম্বর, ১৯৩৭, শুক্রবার [সংখ্যা ১৭৬]

বিবিধ সংবাদ

——(৩।১৪।৩৭)——

প্রেসিডেন্ট রুজভেল্টের উক্তি

মার্কিন শাসনতন্ত্র স্বাক্ষরের ১৫০শৎ বার্ষিকী উপলক্ষে প্রেসিডেন্ট রুজভেল্ট তাঁহার বক্তৃতায় ডিক্টেটরী শাসনের উপর তীব্র আক্রমণ করেন।

তিনি বলেন যে, ডিক্টেটরী শাসনের প্রসারের ফলে গণতন্ত্রের উপর ভিতরে ভিতরে সুকৌশলে যে আক্রমণ চলিয়াছে, অথবা পৃথিবীর বিভিন্ন অংশে প্রতিনিধিমূলক শাসনের গণতান্ত্রিক আদর্শকে স্পষ্টভাবেই আক্রমণ করা হইতেছে। এই আক্রমণকারিগণ কমুনিষ্ট, ডিক্টেটর বা সমরপন্থী যে নামেই অভিহিত হউক না কেন, শাসনতন্ত্রকে তাহারা চালিয়াই উড়াইয়া দেয় এবং ভবিষ্যদ্বাণী করে যে, অন্যান্য দেশ তাহাদের পদ্ধতি অনুকরণ করিবে এবং শীঘ্রই পৃথিবীর সর্ব্বত্র গণতন্ত্রের অবসান হইবে।

এই সমস্ত নূতন ধরণের শাসনব্যবস্থার বিশ্বব্যাপারের যে অবস্থা ঘটিয়াছে, তাতে সভ্যতা বিপন্ন হইয়া পড়িয়াছে। ঋণ ও বাজেটের ঘাটতি বাড়িয়াছে, আন্তর্জাতিক বাণিজ্যের অবস্থা ক্রমেই বৃদ্ধি পাইতেছে এবং বাহির হইয়া শিক্ষালোক বিপন্ন হইয়াছে। ভয় সমগ্র পৃথিবীকে ছাইয়া ফেলিয়াছে—বিপ্লব, আক্রমণ ও মৃত্যুর ভয়। মার্কিন জাতি স্থির করিয়াছে, এই ক্রমবর্দ্ধমান বিপদকে তাদের দেশ হইতে তাহারা দূরে রাখিবে এবং তাহাদের এই সঙ্কল্প খুবই সমীচীন।

হোম সেক্রেটারীর বিবৃতি

পরিষদে আন্দামান বন্দীদের সম্বন্ধে প্রত্যাবর্ত্তন সম্পর্কে কয়েকটি প্রশ্ন উত্থাপিত হয়। প্রশ্নোত্তর হইতে বুঝা যায় যে, বাঙ্গলা সরকার যদি সমস্ত বন্দীকে অবিলম্বে ফিরাইয়া আনিতে চাহেন, তাহা হইলে ভারত সরকার তাহাতে প্রতিবন্ধক হইবেন না। বাঙ্গলা সরকার মাত্র ৩২জন বন্দীকে ফিরাইয়া আনিতে চাহিয়াছেন; সেইহেতু অন্যান্য প্রদেশের অপর ৩২জন বন্দীর সহিত বাঙ্গলার ৩২জন বন্দীকে আনা হইতেছে। কেন্দ্রীয় সরকারের অধীন বর্ত্তমানে যে দুইজন বন্দীকে ফিরাইয়া আনার তালিকার অন্তর্ভুক্ত করা হইয়াছে, তাহার মধ্যে একজন বোধ হয় বটুকেশ্বর দত্ত। বটুকেশ্বর দিল্লীতে দণ্ডিত হইয়াছিল।

বীমা বিল

গত ২০শে সেপ্টেম্বর ভারতীয় ব্যবস্থা পরিষদে ডাঃ জিয়াউদ্দীন আমেদের সংশোধন প্রস্তাব গৃহীত হওয়ায় বীমার ক্ষেত্রে ম্যানেজিং এজেন্সী প্রথার আসন্ন সমাধি সূচিত হল। তাঁহার সংশোধন প্রস্তাবটির মর্ম্ম এই যে, আইন প্রবর্ত্তিত হইবার তিন বৎসরের মধ্যে সমস্ত রকম বীমার ক্ষেত্রে ম্যানেজিং এজেন্টগণের চুক্তির অবসান হইবে এবং ইতোমধ্যে তাঁহাদের সর্ব্বোচ্চ পারিশ্রমিক দুই হাজার টাকার অধিক হইতে পারিবে না। সংশোধন প্রস্তাবটি বিনা 'ডিভিসনে' গৃহীত হইয়াছে; একমাত্র স্যার হেনরী গীডনী ইহাতে আপত্তি করিয়াছিলেন। এই বিষয়ে মিঃ জিন্নার বর্ণিত তাঁহার মতভেদ হওয়ায় তিনি ইন্ডিপেন্ডেন্ট দল হইতে পদত্যাগ করিয়াছেন। শনিবার এই বিল লইয়া মিঃ জিন্নার সহিত বিরোধ উপস্থিত হইলে স্যার হোমীকে ইন্ডিপেন্ডেন্ট দল ত্যাগ করিতে অনুরোধ করা হয়। শনিবার শ্রীযুক্ত সত্যমূর্ত্তির বক্তৃতা হইতে বুঝা গিয়াছিল যে, কংগ্রেসীদল মিঃ জিয়াউদ্দীন আমেদের সংশোধন প্রস্তাবের বিরোধী, কিন্তু ঐ বিষয়ে পরিষদের সকল দলের মধ্যে মতের ঐক্য দেখিয়া এবং কংগ্রেস-কর্ম্মিগণ কংগ্রেসী দলের উপর চাপ দেওয়ায় কংগ্রেসী দলকে তাঁহাদের সিদ্ধান্ত সংশোধন করিতে হয়। শ্রীযুক্ত ভুলাভাই দেশাই তাঁহার বক্তৃতায় বলেন যে, এইরূপ সীমাবদ্ধ পারিশ্রমিক দিয়া ম্যানেজিং এজেন্টগণকে তাঁহাদের কার্য্য হইতে অপসারিত করা হইলে তাঁহাদের প্রতি অবিচার করা হইবে বটে, কিন্তু পরিষদের সিদ্ধান্ত মানিয়া লওয়া তিনি ও তাঁহার দল উচিত বলিয়া মনে করেন।

ভাইস-চ্যান্সেলারের সতর্কবাণী

কাজন হলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের এক সভায় ভাইস্ চ্যান্সেলার ডাঃ রমেশচন্দ্র মজুমদার একটী সারগর্ভ বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের উচ্চ আদর্শ এবং সুনাম রক্ষার্থ ছাত্রদিগকে আবেগে চালিত না হইয়া পরমত-সহিষ্ণুতা সংকারে বিবেক ও বিচার-বুদ্ধির অনুসরণ করিতে বলেন।

তিনি বলেন, কিছুদিন আগে উপাধি-বিতরণ সভার অভিভাষণে আমি বলিয়াছি যে, শিক্ষাদান বিশ্ববিদ্যালয়ের অন্যতম আদর্শ হইলেও উহার চরম আদর্শ হইল ছাত্রদের মধ্যে চরিত্র ও ব্যক্তিত্ব গঠন করা। ছাত্রদের চিন্তায় ও কার্য্যে স্বাতন্ত্র্য রক্ষা করিবার যোগ্যতা অর্জ্জন, নৈতিক চরিত্র গঠন ও পরস্পরের মধ্যে সহজ সহানুভূতি ও ভদ্রতার বিকাশ,—এককথায়, 'ভদ্রলোক' হইয়া গড়িয়া উঠিবার প্রেরণা দেওয়াই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার চরম লক্ষ্য। শুধু বিদ্যা, তথ্যোদ্ঘাটন এবং শিক্ষার অনুশীলনীর দ্বারাই বিশ্ববিদ্যালয়ের বিচার হয় না। কোন্ বিশ্ববিদ্যালয় কোন্ ধরণের 'মানুষ' তৈয়ারী করিয়াছে, ইহাই হইল তাহার শ্রেষ্ঠ পরীক্ষা।

জাপানী সৈন্যদলের অগ্রগতি

পিপিংএর দক্ষিণে জাপানী সৈন্যদলের বিরাট অভিযান চার দিবস ব্যাপী প্রচণ্ড যুদ্ধের পর সাফল্যমণ্ডিত হইয়াছে। পিপিং হাঙ্কাও রেলপথ ধরিয়া যে চীনা সৈন্যদল তিন সপ্তাহের অধিক কাল ধরিয়া শত্রুপক্ষের সমস্ত আক্রমণ প্রতিহত করিয়া আসিয়াছিল তাহারা এক্ষণে দক্ষিণ দিকে হটিতে আরম্ভ করিয়াছে। জাপানীরা বলে যে, তাহারা ত্রিশ মাইল রেলপথ অধিকার করিয়াছে এবং উত্তর চীনে চীনা সৈন্যদলের প্রধান ঘাঁটি পাওটিংফুর উপর আক্রমণ চালাইবার মত স্থানে পৌঁছিয়াছে।

পিপিংস্থ বিদেশী সমর বিশারদগণ একমত যে, জাপানীরা চমৎকার রণকৌশল অবলম্বন করিয়াছিল এবং তাহা অপূর্ব্ব সাফল্যমণ্ডিত হইয়াছে; যদিও সিয়াং সিয়াং রণাঙ্গনে চীনা সৈন্যদলকে ঘিরিয়া ফেলার জন্য তাহারা যে চেষ্টা করিয়াছিল তাহা ব্যর্থ হইয়াছে।

জাপানী সামরিক কর্ত্তৃপক্ষ মনে করেন যে, কালগান-পিপিং শাখা রেলপথ ধরিয়া আরও যুদ্ধ চলিবে। তথায় নানাপন্থ চীনা সৈন্যগণ সুদৃঢ় ব্যূহ রচনা করিয়া রহিয়াছে।

টাটুং এর জাপানী সৈন্যগণ সুইউয়ান আক্রমণ করিয়া ফেংচেন অধিকার করিয়াছে। চীনা সৈন্যগণ মহাপ্রাচীর ধরিয়া একটা বড় রকমের লড়াইর জন্য আয়োজন করিতেছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী ৫
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। দৈববর্ণ ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। ভাগবত-আলবার ।০
১৯। ভক্তিবিবেক পুষ্পাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৴০
২১। গৌড়ীয়-সান্ত্বনা ৷৴০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেমন করে ভাবা ।০
২৭। মুক্তিফলটীকা ভগবৎসন্দর্ভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিন্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৴০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫ নবদ্বীপশতক ৵০
৪৬ অর্চ্চনকণ ৵০
৪৭ সদাচারবৃত্তিঃ ৵০
৪৮ কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯ অর্চ্চনকণ ৲১
৫০ বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৩৲
৫১ ব্রহ্মসংহিতা ।০
৫২ মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩ গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। অমৃতবাণী বা সারাবাদসমূহ ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবেদ্য ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী চিন্তিতঃ ।০
৬৩। সটীক-সিদ্ধান্তসূত্রম্ ।০
৬৪ অভয়ম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৴০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। সারাৎসারবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ কিউ আর্ট স অব বেদান্ত ।০
৭০। রামতত্ত্ব ৵০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। বিলেটিব আর্চস ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপ্ল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোসন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভলুম্ ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵১০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিকভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। দৈনিকাদশা শ্রীপরম-হংসমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজি
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলভাবে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৫৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শ বর্ষ { ৪ পদ্মনাভ গৌরাব্দ ৪৫১, ৮ই আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৪, ২৪শে সেপ্টেম্বর ইং ১৯৩৭, শুক্রবার } ১৭৬তম সংখ্যা

ভারতাভিমুখে শ্রীপাদ অপ্রাকৃত প্রভু

-::(#)::-

লণ্ডন হইতে রওনা হইয়া কলম্বোতে অবতরণ

(তারের সংবাদ)

কলম্বো, ২১শে সেপ্টেম্বর

গৌড়ীয়দিগের পাশ্চাত্ত্যে ভারপ্রাপ্ত প্রচারক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু লণ্ডন হইতে জাহাজযোগে রওনা হইয়া মিঃ বার্ডেটসহ অদ্য কলম্বো পৌঁছিয়াছেন। আগামী ২৩শে সেপ্টেম্বর তারিখে মাদ্রাজে অবতরণ করিবেন। তথাকার গৌরবাসিগণ শ্রীপাদ গোস্বামীজীকে অভিনন্দনাদিদ্বারা সম্বর্দ্ধনা করিবেন। গোস্বামীজীও প্রত্যভিভাষণ প্রদান করিবেন।

ঢাকা শ্রীমাধবগৌড়ীয়মঠে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের প্রকটোৎসব

গৌড়ীয় বৈষ্ণব-সম্প্রদায়ৈকসংরক্ষক ...কলাহংসবর আচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ...হারাজের আনুগত্যে বিগত ২রা আশ্বিন ...রিবার গৌরপ্রবোধনী তিথিতে ঢাকা ...মাধবগৌড়ীয় মঠে ঠাকুর শ্রীল ভক্তি...বিনোদের আবির্ভাব-তিথি-পূজা যথাবিধি সম্পন্ন হইয়াছে। সন্ধ্যারাত্রিকের পর ...মঠে একটি সভার অধিবেশন হয়। সভা-...পূর্ব্ব হইতেই শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের ...আলেখ্য একটি কাষ্ঠাসনের উপর বিবিধ ...-পাতা ও পুষ্পমালিকা দ্বারা সুসজ্জিত ...ছিলেন। সভার প্রারম্ভে কীর্ত্তন ও ...মহাজনপদাবলী কীর্ত্তন করা হইলে 'গৌড়ীয়'-...ক মহামহোপদেশক শ্রীপাদ সুন্দরানন্দ ...বিনোদ প্রভু প্রায় দেড়ঘণ্টাকাল ঠাকুর ...বিনোদের অভিমর্ত্ত্য হৃদয়দণ্ড চরিত্রের ...আলোচনা করিবার সংকল্পে একটি কীর্ত্তন ...ন শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ-...রচিত 'ঠাকুর ভক্তিবিনোদ' গ্রন্থখানা ...আকারে প্রকাশিত হয়। বক্তৃতাতে ...গ্রন্থের 'শ্রীভক্তিবিনোদ-শিক্ষামালা' ...ঠাকুরের অনেক উপদেশ পাঠ ও ব্যাখ্যা ...। বিদ্যাবিনোদ প্রভু সকলকে ঠাকুর ভক্তিবিনোদের দানের কথা বুঝাইয়া ...দিলেন। অনন্তর মহাজনপদাবলী ...নান্তে সভা ভঙ্গ হয়।

...ক ভক্তিবৃন্দের বক্তৃতায় অধিক প্রীত হইয়া ...ছিলেন, কিন্তু ভোজনকালীন প্রশ্নাদি ...ও হইতে থাকায় শ্রীপাদ সুন্দরানন্দ প্রভু তৎপর দিবস ৩রা আশ্বিন রবিবার শ্রীমাধবগৌড়ীয় মঠের সাপ্তাহিক অধিবেশনের সভায় 'ঠাকুর ভক্তিবিনোদের দান' সম্বন্ধে পুনরায় বক্তৃতা হইবে,—এই কথা সকলকে জানাইয়া দেন। তদনুসারে গত ৩রা আশ্বিন রবিবার সন্ধ্যারাত্রিকের পর শ্রীমাধবগৌড়ীয় মঠে একটী বিরাট্ সভার অধিবেশন হয়। উক্ত সভায় শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু দেড় ঘণ্টারও অধিক কাল বক্তৃতা করিয়া জগতে শ্রীমন্মহাপ্রভুর সর্ব্বশ্রেষ্ঠ দান যে শ্রীহরিনাম-সঙ্কীর্ত্তন ও বিপ্রলম্ভভাবে ভজন-শিক্ষা, তাহাই ঠাকুর শ্রীভক্তিবিনোদ তাঁহার স্বরচিত 'হরিনামচিন্তামণি' গ্রন্থে ও বিভিন্ন উপদেশাবলীতে কিরূপভাবে বিশ্লেষণ পূর্ব্বক আমাদিগকে বুঝাইয়া দিয়া আমাদের পরম প্রয়োজনীয় বস্তু বিমল কৃষ্ণপ্রেম লাভের সুযোগ প্রদান করিয়াছেন, তাহা প্রদর্শন পূর্ব্বক ঠাকুর ভক্তিবিনোদের দান যে শ্রীমহাপ্রভুর দান অপেক্ষাও শ্রেষ্ঠ—শ্রীভগবান্ অপেক্ষা তাঁহার অন্তরঙ্গ নিজজন যে আরও বড়, তাহা বিশদভাবে সকলকে হৃদয়ঙ্গম করাইয়া দেন।

এতৎপ্রসঙ্গে শ্রীপাদ বিদ্যাবিনোদ প্রভু 'ভক্তিবিনোদ' গ্রন্থের শিক্ষামালার আরও অনেক উপদেশ পাঠ ও ব্যাখ্যা করিয়াছিলেন।

এই দুই দিবসের সভাতেই ঢাকা ও তৎপার্শ্ববর্ত্তী স্থানের বহু ভক্ত, সজ্জন ও মহিলা যোগদান করেন। সকলেই নীরবে স্থিরচিত্তে অত্যন্ত আগ্রহের সহিত বক্তৃতা শ্রবণ পূর্ব্বক বিশেষ লাভবান্ হইলেন বলিয়া আনন্দ প্রকাশ করিয়াছেন।

শেষ দিবসের বক্তৃতান্তে মহাজনপদাবলী কীর্ত্তন ও তৎপরে সভা ভঙ্গ হইলে সমাগত প্রায় দেড়শত পুরুষ ও মহিলাকে মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছে।

শ্রীরামানন্দ-গৌড়ীয়মঠে শ্রীগুরুপূজা-মহোৎসব

গত ১০।৯।৩৭ তারিখে পূর্ব্বাহ্ণ ৯ ঘটিকার সময় জগদ্‌গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রী শ্রী ম দ্ভ ক্তি সি দ্ধা ন্ত সরস্বতী গোস্বামী মহারাজের গোপ্যতম অনুজন ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের শ্রীপাদপদ্মে তদীয় গুণ-কীর্ত্তন ও বন্দনামুখে পুষ্পাঞ্জলি প্রদান করা হয়।

১২।৯।৩৭ তারিখে সন্ধ্যা ৬টার সময়ও শ্রীমঠে একটী বক্তৃতা সভার অধিবেশন হয়। আচার্য্য বন্দনা, গুরুস্তব ও মহামন্ত্র সংকীর্ত্তনের পর শ্রীযুক্ত বেঙ্কট পেরামভার পাত্ত বি-এ, বি-এল মহাশয় জগদ্গুরু বৈষ্ণবাচার্য্যমুকুটমৌলি শ্রী শ্রী ম দ্ভ ক্তি-সিদ্ধান্ত সরস্বতী ঠাকুর ও তাঁহার গোপ্যতম অনুজন শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যা-ভূষণ গোস্বামী মহারাজের গুণাবলী ও শ্রীগৌড়ীয়মঠের প্রচারবিধি সম্বন্ধে অনেকক্ষণ যাবৎ কীর্ত্তন করেন। তৎপরে প্রাক্ ভাষায় লিখিত আত্মনিবেদনপত্রখানি তিনি স্বয়ং পাঠ করিয়া সকলকে বুঝাইয়া দেন। তৎপরে কো-অপারেটিভ ব্যাঙ্কের ম্যানেজার শ্রীযুক্ত রাধাকৃষ্ণ রাও পাত্ত বি-এ, বি এল মহাশয় তাঁহার লিখিত ইংরাজী ভাষায় অভিনন্দন পত্রখানি পাঠ করেন। তাহাদের ছাত্রগণ ও অন্যান্য সজ্জনগণের অভিনন্দন পাঠ করিবার ইচ্ছা ছিল, কিন্তু অধিক রাত্রি হওয়ায় তাঁহাদের ইচ্ছা পূরণ হওয়া উঠে নাই। শ্রীনাম সংকীর্ত্তনমুখে সভার কার্য্য সমাপ্ত হয়। সভান্তে ৫০০ শত ব্যক্তিকে মহাপ্রসাদ প্রদান করা হয়।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে।

"পূর্ব্ব ইতিহাস ভজনের অনুকূল বিচারে নিযুক্ত করিবেন অর্থাৎ প্রতিকূল বিষয়গুলি অনুকূলের পুষ্টাবস্থা জানিবেন। প্রতিকূল হওয়ায় যে বিপদ্ উপস্থিত হয়, তাহাই পরক্ষণে ভজনের অনুকূলতা প্রসব করে।"

(শ্রীল প্রভুপাদ)

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

"ঠাকুর ভক্তিবিনোদ"

'ঠাকুর ভক্তিবিনোদ' নামক গ্রন্থ বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুবরের কীর্ত্তনসেবাধ্যক্ষতায় ও আনুগত্যে গৌড়ীয়সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয়কর্ত্তৃক সঙ্কলিত ও ত্রিদণ্ডিপাদাগ্রণী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ কর্ত্তৃক ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠ হইতে এই বৎসর শ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুরের জন্মদিন প্রকট-তিথিতে প্রকাশিত হইয়াছেন। গ্রন্থখানি ডবলক্রাউন ষোল পেজি আকারে প্রায় ১২৫ পৃষ্ঠায় সুন্দরভাবে মুদ্রিত হইয়াছে মূল্য ৮০ আনা মাত্র। ইহাতে শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুর, শ্রীশ্রীল জগন্নাথ দাস বাবাজী মহারাজ, শ্রীশ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজ, শ্রীশ্রীল প্রভুপাদ, শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু প্রভৃতি নিত্যসিদ্ধ আচার্য্যগণের আলেখ্য এবং আরও কয়েক আলেখ্য সন্নিবেশিত হইয়াছে।

গ্রন্থখানি শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের জীবনের যাবতীয় প্রধান ঘটনাবলীর প্রামাণিক সংক্ষিপ্ত বিবরণ-সম্বলিত। এই গ্রন্থ প্রকাশিত হওয়ায় ঠাকুরের চরিত্র সম্বন্ধে নির্ভরযোগ্য সংবাদ প্রাপ্ত হইবার পক্ষে সুবিধা [illegible] বর্ণিত চরিত্র এবং পরমারাধ্য শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী [illegible]

প্রত্যভিবন্দন

[গত ১০ই সেপ্টেম্বর (১৯৩৭) শুক্রবার শ্রীশ্রীগুরুপূজা-দিবসে শ্রীগৌড়ীয়মঠের শ্রবণসদনে শ্রীশ্রীল আচার্য্যদেব কর্ত্তৃক প্রদত্ত অভিভাষণ]

নামশ্রেষ্ঠং মনুমপি শচীপুত্রমত্র স্বরূপং
রূপং তস্যাগ্রজমুরুপুরীং মাথুরীং গোষ্ঠবাটীম্।
রাধাকুণ্ডং গিরিবরমহো! রাধিকামাধবাশাং
প্রাপ্তো যস্য প্রথিতকৃপয়া শ্রীগুরুং তং
নতোঽস্মি॥

পরমপূজনীয় শ্রীপাদ বৈষ্ণবগণ ও স্নেহের সজ্জনগুলি!

আমি সর্ব্বাগ্রে শ্রীকৃষ্ণচৈতন্যায় [illegible] নিত্যলীলা-[illegible]

মদীয় শ্রীগুরুপাদপদ্ম নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ

প্রদত্ত উপকরণই ইহার উপাদান। ইহার ভাষা প্রাঞ্জল ও সুন্দর হওয়ায় ইহা শিক্ষাপ্রতিষ্ঠানের পাঠ্য-তালিকাভুক্ত হইবার [illegible] যোগ্য হইয়াছে। পাঠকমাত্রেই এই গ্রন্থ আলোচনায় গৌরনিজজন ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের অভিমর্ত্ত্য চরিত্র অবগত হইতে পারিবেন।

গ্রন্থে ঠাকুরের আবির্ভাবের পূর্ব্ব ও সমসাময়িক অবস্থা, বংশপরিচয়, আবির্ভাব ও অধ্যয়ন লীলা, সাহিত্যিক জীবন, পরিব্রাজকলীলা, নীলাচলে, কলিকাতায় ও বিভিন্নস্থানে প্রচার, শ্রীমায়াপুরের প্রকাশ ও সেবা, পাষণ্ডমত-নিরাস প্রভৃতি অধ্যায় ব্যতীত শ্রীগৌড়ীয়মঠাচার্য্য শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুর লিখিত একটি অমূল্য ভূমিকা ও সঙ্কলনকর্ত্তার "নিবেদন" সন্নিবেশিত হইয়াছে। এতদ্ব্যতীত পরিশিষ্টে ঠাকুরের রচিত গ্রন্থাবলীর একটি সম্পূর্ণ তালিকা, শ্রীমন্মহাপ্রভুর শিক্ষায় ও ঠাকুরের অমূল্য শিক্ষামালা হইতে কতিপয় উজ্জ্বল রত্নও সংযোজিত হইয়াছে।

গ্রন্থখানি সংক্ষিপ্ত হইলেও সুধী পাঠকসমাজ ইহা হইতে ঠাকুরের শুদ্ধ-ভজন অতিমর্ত্ত্য চরিত্র ও শিক্ষামৃত আস্বাদন পূর্ব্বক পরমমঙ্গল লাভ করিতে পারিবেন। এ গ্রন্থের প্রকাশে আমরা সঙ্কলনকর্ত্তা ও প্রকাশক মহোদয়ের নিকট আমাদের আন্তরিক আনন্দ ও কৃতজ্ঞতা নিবেদন করিতেছি। এই গ্রন্থের বহুল প্রচার দেখিতে পাইলে আমরা পরম আনন্দিত হইব। গ্রন্থসঙ্কলনকর্ত্তা শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু বৈষ্ণবসমাজে তাঁহার সংসিদ্ধান্তপূর্ণ অমূল্য সাহিত্য রচনার জন্য সুপ্রসিদ্ধ [illegible] সমাজে পরম আদরের বস্তু, ইহা নূতন করি[illegible]

বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদকে অনন্ত কোটি সাষ্টাঙ্গ দণ্ডবৎ প্রণাম করিতেছি।

অদ্য শ্রীব্যাসপূজা বা শ্রীগুরুপূজার দিন। শ্রীমন্ নিত্যানন্দ প্রভু আষাঢ়ী পূর্ণিমায় শ্রীমন্ মহাপ্রভুর কণ্ঠদেশে মালিকা অর্পণ করিয়া শ্রীব্যাসপূজা করিয়াছিলেন। শ্রীচৈতন্যলীলার ব্যাস ইহা চৈতন্যভাগবতে বর্ণন করিয়াছেন। শ্রীকৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস বেদ-পুরাণাদি শাস্ত্রে অধোক্ষজ-তত্ত্বের কথা বর্ণন করিয়াও শ্রীগুরুপাদপদ্ম নারদের আদেশে প্রেমৈকনিষ্ঠগণেরও সুদুর্ল্লভ ব্রজরসসার—যাহা শ্রেষ্ঠ পরমহংসগণের নিত্য সেবা—সেই আশ্রয়বিগ্রহসম্বলিত ব্রজেন্দ্রনন্দনের চিদ্বিলাসের কথা বর্ণন করিয়াছেন অতএব শ্রীমদ্ভাগবতবক্তা শ্রীমৎ কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাসের মহাবদান্যলীলা জগতে অতুলনীয় শ্রীরূপানুগবর শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শত হস্তে ও শত মুখে সেই ব্যাসদেবের কৃপার কথা জগতে জানাইয়াছেন এবং স্বয় "শ্রীব্যাসপূজা-পদ্ধতি" সঙ্কলন করিয়াছেন পরমারাধ্য শ্রীল প্রভুপাদ আমাদিগকে স্বয় আচরণমুখে ব্যাসপূজা শিক্ষা দিয়াছেন শ্রীরামানুজ, শ্রীমধ্বাদি সম্প্রদায়েও এই ব্যাসপূজার পদ্ধতি প্রচলিত আছে।

শুদ্ধ বৈষ্ণবগণ শ্রীগুরুদেবের চিদ্বিলাস স্বীকার করেন। কাজেই শঙ্করসম্প্রদায়ে ব্যাসপূজার ন্যায় তাঁহাদের ব্যাসপূজা কল্পিত বা উপাসনার্থ নহে—উহা নিত্য ও উপেয় স্বরূপ। শ্রীব্যাসপূজা দ্বারা আচার্য্যগণ গুরুপরম্পরা বা আম্নায়ের নিত্য প্রবহমানত্ব জ্ঞাপন করিয়াছেন। অতএব আমরা আশ্রয়বিগ্রহ ব্যাসের আনুগত্যে ব্যাসের বিষয়বিগ্রহ শ্রীকৃষ্ণপাদপদ্মের অনুক্ষণ অনুশীলন করিব। আশ্রয়বিগ্রহের আনুগত্যে তৎপ্রেষ্ঠবস্তু বিষয়বিগ্রহের অনুশীলনই—অনুকূল অনুশীলন।

আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর॥

—শ্রীকৃষ্ণচৈতন্যলীলার ব্যাস এই বাণী কীর্ত্তন করিয়া আশ্রয়বিগ্রহ-সম্বলিত বিষয়বিগ্রহের চিদ্বিলাসের কথা জানাইয়াছেন।

আমরা সেই ব্যাসগুরুর পূজার উপায় ও উপঢৌকনসমূহ নত্য পূজ্য ও সেব্য জ্ঞানে মস্তকে গ্রহণ করিয়া ব্যাসপূজার সঙ্কীর্ত্তনযজ্ঞে আহুতি প্রদান করিব। বিক্রীত পশু প্রভুর সেবাই নিত্য-ধর্ম্ম। প্রভুর সেবা প্রদত্ত উপঢৌকন তাঁ'র ক্রীতদাস বা মস্তকে বরণ করিয়া শ্রীপ্রভুপাদগণে পৌঁছাইয়া না দেন, তবে তাহা কপটতা, প্রাকৃত দাম্ভিকতা, নিজসুখবাঞ্ছার অতিক্রি হইয়া যায়। প্রভু-পূজার যে উপায়কে প্রভুপাদগণে সর্ব্বদাই নির্ভর।

ভৃত্যগণের ধর্ম্ম বলিয়া শ্রীল প্রভুপাদ শিক্ষা দিয়াছেন।

শ্রীগুরুদেবের অনুকরণ করিয়া বা ভাবের ঘরে চুরি করিয়া গুরু-পূজার উপকরণসমূহ কি নিজে নিজে আত্মসাৎ করা হইতেছে?—এরূপ একটী পূর্ব্বপক্ষ উদিত হইতে পারে। যেখানে আমরা সরল-ভাবে এই পূর্ব্বপক্ষ উত্থাপন করি, সেখানে শ্রীগুরুপাদপদ্মই আমাদিগকে ইহার সমাধান করিয়া দেন। কিন্তু মাৎসর্য্যজনিত পরানীতি হইতে এরূপ কুতর্ক উপস্থিত হইলে আমরা আত্মবঞ্চিত হই। গৌড়ীয়-বৈষ্ণবধর্ম্মের একটী প্রধান শিক্ষা এই যে, এখানে তৃণাদপি সুনীচত্ব ও শুদ্ধবৈষ্ণবসেবকাভিমানের অপূর্ব্ব সমন্বয় আছে। সতীর্থ ভ্রাতৃগণ অপর গুরুসেবককে এমন কি স্বয়ং শ্রীগুরুদেব নিজ শিষ্যকে "প্রভু" বলিয়া সম্বোধন করেন, এবং সতীর্থ ভ্রাতা ও শ্রীগুরুদেবের আহ্বান যিনি স্বীকার করেন তিনি কখনও মনে করেন না যে, তিনি সতীর্থ ভ্রাতৃগণের প্রভুত্ব বা শ্রীগুরুদেবের প্রভু অর্থাৎ "প্রভুর প্রভু নিত্যত্ব"। সতীর্থ ভ্রাতা বা শ্রীগুরুপাদপদ্ম তাঁহার গুরুপাদপদ্মেরই বৈষ্ণবপ্রকাশ বিচারে ঐরূপ সম্মান প্রদর্শন করিয়াছেন; অতএব ঐ সম্মান বা পূজা শ্রীগুরুপাদপদ্মেরই প্রাপ্য। যাঁহার এই বিচার নাই, তাঁহার বৈষ্ণবধর্ম্মের ধর্ম্মপত্নিকাই হইতে পারে না। অতএব ঠাকুর ভক্তিবিনোদের—

"আমি ত বৈষ্ণব — এ বুদ্ধি হইলে
অমানী না হ'ব আমি।
প্রতিষ্ঠাশা আসি' — হৃদয় দূষিবে,
হইব নিরয়গামী॥"

—এই বাণীতে সতর্কপ প্রতিষ্ঠিত রাখিবার জন্যই সতীর্থ ভ্রাতৃগণ ও শ্রীগুরুদেব আমাদিগকে মান দান করেন। কনকের একচেটিয়া মালিক মাধব, কামিনীর একচেটিয়া ভোক্তা মদনমোহন, আর প্রতিষ্ঠার একচেটিয়া অধিকারী শ্রীনিত্যানন্দ প্রভু বা শ্রীগুরুদেব। গুরুর সহিত, শ্রীনিত্যানন্দের সহিত নিজকে সমান জ্ঞান—গুরুর অনুকরণ। গুরুর সালোক্য-সামীপ্য-সারূপ্য-সার্ষ্টি বা সাযুজ্য লাভের দুষ্প্রবৃত্তি বৈষ্ণবধর্ম্ম নহে। শ্রীরূপানুগবর শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভু আমাদিগকে জানাইয়াছেন—দূরে আশ্রয়বিগ্রহের পদবী আত্মসাৎ করা দূরে থাকুক, আপনাকে তাঁহার সমান বিচারে তাঁহার সখীত্ব পর্য্যন্ত আমাদের প্রার্থনীয় নহে। সখীর কিঙ্করীত্বই আমাদের একমাত্র আকাঙ্ক্ষার বস্তু।

পাদাব্জয়োস্তব বিনা বরদাস্যমেব
নান্যৎ কদাপি সময়ে কিল দেবি যাচে।
সখ্যায় তে মম নমোঽস্তু নমোঽস্তু নিত্যং
দাস্যায় তে মম রসোঽস্তু রসোঽস্তু সত্যম্॥

কৃষ্ণ তারে দেন নিজ চিচ্ছক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হয়ে যায় দুর্ব্বল

"হে আশ্রয়বিগ্রহশিরোমণি বৃষভানু-নন্দিনি! তোমার পাদপদ্মে দাস্য ব্যতীত আমি কোন কালে অন্য সখীত্বাদি প্রার্থনা করি না। অতএব তোমার সখীত্বের প্রতি আমি নিত্য নমস্কার করি—নমস্কার করি। আমি শপথপাঠ করিয়া বলিতেছি, তোমার দাস্যের প্রতি আমার অনুরাগ হউক, অনুরাগ হউক।

শ্রীগুরুপাদপদ্মের সেবার উপাদানসমূহ আত্মসাৎ করা দূরে থাকুক,—গুরু-সেবকগণের সেবাবৃত্তি আত্মসাৎ করিবার অধিকারও কোন যথার্থ গুরুসেবকের নাই। শ্রীগুরুপাদপদ্ম যে-সকল গুরুসেবা-উপকরণ চর্ব্বণ করিয়া নবনীত সংগ্রহ করেন, তাহা অপর গুরুসেবক বা গুরুদেবও চুরি করেন না। উহার একচেটিয়া চোর—শ্রীনন্দনন্দন। সেই নবনীতচোর নন্দদুলাল আশ্রয়বিগ্রহের সহিত আমাদের চিত্তে নিত্য অধিষ্ঠিত থাকুন।

মৎসরতা যখন স্বরাট্ লীলা-পুরুষোত্তমের প্রতি প্রযুক্ত হয়, তখন জীব কৃষ্ণের বিলাস অস্বীকার করে। কৃষ্ণ কেন বিলাসী হইবেন—এইরূপ মৎসর চিন্তাস্রোত হইতে কৃষ্ণেও স্ব স্ব জড় বিলাসের ভাব আরোপিত হয়। আবার শ্রীগুরুদেবের চিদ্‌বিলাসে মৎসর হইয়া জীব প্রতিষ্ঠার অদ্বিতীয় অধিকারী শ্রীগুরুপাদপদ্মের প্রতিষ্ঠাকে আত্মসাৎ করার মহাপরাধ নিজের স্বীকার করে এবং জড় হইতে চেতনের স্বতিরূপ অবৈধ মৎসরতা পোষণ করে। বৈষ্ণবের প্রতি মৎসর হইলেই জীব জড় বিলাসী হয় বা জড় বৈরাগীর নাস্তিক্যময় চিন্তাস্রোতে ভাসিতে ভাসিতে চরম দুর্গতি লাভ করে।

সাহিত্য, যাহা তথাকথিত বৈরাগ্যের ফল বা আদর্শ—তাহা খুব বড় কথা নহে। সাহিত্য বা ভক্তিবিলাসই সর্ব্বাপেক্ষা বড় কথা। "নরক বাঞ্ছয়ে তবু সাযুজ্য না লয়"—শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর এই বাণী সাহিত্যকে নরক হইতেও অধিকতর তুচ্ছ প্রতিপন্ন করিয়াছে। যাহারা কৃষ্ণের প্রতি মৎসর অর্থাৎ ভক্তিবিলাস-অস্বীকারকারী, তাহারা হয় বিরজাতে ডুবিয়া জীবন বিসর্জ্জন করে, না হয় আত্মহত্যারূপ ব্রহ্মলয় লাভ করিয়া থাকে। মৎসর চিত্তবৃত্তি হইতে বিষ্ণুর স্বেচ্ছাময়ের স্বেচ্ছাচারিতাকে খণ্ডন করিবার দুরাকাঙ্ক্ষায় তাড়িত হয়। এইরূপ মৎসর ব্যক্তিগণ স্বরাটের স্বরাটকে নিগ্রহ করিয়া নিজের ইন্দ্রিয়ের দাস, অথবা ষড়্‌রিপুর দাসকেই বরণ করে। হরি-গুরু-বৈষ্ণবগত এত বড় জিনিষ যে, পৃথ্বীর বিচারে যিনি সর্ব্বশ্রেষ্ঠ, সেই সংহারমূর্ত্তি রুদ্রের শিবস্বরূপ পর্যন্ত ভগবানের ভক্ত পার্ষদ। শ্রীশিব ভগবানের চিৎস্বরূপ সর্পরূপী সঙ্কর্ষণকে অলঙ্কার কণ্ঠে ধারণ করিয়াছেন। সঙ্কর্ষণ আবার কৃষ্ণদাসের ভক্ত দাসাধিত। সঙ্কর্ষণ সহস্রবদনে কৃষ্ণের সেবা করেন, সেইরূপে ভাগবত কীর্ত্তন করিয়া কৃষ্ণদাস্য করেন। অধিক কি, যিনি বৈষ্ণবশিরোমণি, সেই মূল আশ্রয়বিগ্রহ বৃষভানুনন্দিনী পর্য্যন্ত কিঙ্করী অভিমান করিয়া থাকেন। লক্ষ্মীনাথ নারায়ণ পর্য্যন্ত শ্রীকৃষ্ণস্বরূপের দাস্যের জন্য উৎকণ্ঠিত।

অন্য কবি'না মানিহ 'দাস' হেন নাম।
অন্য ভাগ্যে দাস নাহি করে ভগবান্॥
আগে হয় মুক্তি, তবে সর্ব্ব-বন্ধ-নাশ।
তবে সে হইতে পারে শ্রীকৃষ্ণের দাস॥

শ্রীমদ্ভাগবত উপসংহারে—"কৈবল্যৈক-প্রয়োজনম্"—অর্থাৎ কেবলা ভক্তিই একমাত্র প্রয়োজন বলিয়া জানাইয়াছেন। যেখানে শ্রীগুরুপাদপদ্মের সেবকের পৃথক্ সুখবাঞ্ছা নাই, আশ্রয়-বিগ্রহের সুখকে কোটী প্রাণাপেক্ষা অধিক আদৃত করা হয়, তথায়ই কৈবল্য বা নৈষ্কর্ম্য ধর্ম্ম আবিষ্কৃত হইয়া থাকে। বিপ্রলম্ভে পূর্ব্বরাগের উদয়ে আশ্রয়ের সহিত বিষয়ের মিলন-সুখলাভের উদ্দেশ্যে বায়ুবৎ হইতে অভিসারের কথা শ্রীভক্তিবিনোদের শিক্ষায় পাওয়া যায়। আশ্রয়-বিগ্রহাহৃতো শ্রীনাম-ভজনের মধ্যে চিন্ময় প্রকৃতিতে অপ্রাকৃত রসোপলব্ধির কথা জীবের হৃদয়ে উদিত হয়।

শ্রীনিত্যানন্দ প্রভুই শ্রীব্যাসরূপে অবতীর্ণ। ব্যাসাসনত্যের ছলনায় রোমহর্ষণ-সূতের ন্যায় শ্রীনিত্যানন্দ প্রভুকে অস্বীকার বা অবমাননা করিলে শ্রীনিত্যানন্দ প্রভু রোমহর্ষণকে ব্যাসাসন হইতে বিতাড়িত করেন। আবার শ্রীগৌরলীলায় গুণার্ণবমিশ্র নামক প্রাকৃত কনিষ্ঠ ভক্ত দ্বিতীয় রোমহর্ষণসূতরূপে নিত্যানন্দভৃত্য রামদাসকে সম্ভাষণ না করায় অর্থাৎ কার্য্যতঃ নিত্যানন্দের পাদপদ্মেরই অবমাননা করায় শ্রীরামদাস যে ক্রোধলীলা প্রকাশ করিয়াছিলেন, তাহাতে তাঁহার তৃণাদপি সুনীচ ধর্ম্মের লাঘব হয় নাই। রামদাসের ঐ ক্রোধলীলা বা ঠাকুর বৃন্দাবনের—"তবে লাথি মারোঁ তার শিরের উপরে" প্রভৃতি ক্রোধোক্ত কেবল নিত্যানন্দ-সেবা-তাৎপর্য্যে প্রকাশিত। কিন্তু মৎসর সম্প্রদায় ইহা উপলব্ধি করিতে পারে না।

প্রকৃতির অতীত ধামে মৎসরতার স্থান নাই। অপ্রাকৃত রসের বিরুদ্ধ চিত্তবৃত্তির নামই মৎসরতা। কাম, ক্রোধ, লোভ, মোহ ও মদ এই পঞ্চরিপুর সমষ্টিরূপে মৎসরতার আবির্ভাব। অপ্রাকৃত কামদেব মদনমোহনের সেবাবিমুখতা—অনর্থ বা প্রাকৃত কাম হইতে অপ্রাকৃত রসবিরুদ্ধ চিত্তবৃত্তির প্রকাশ। অপ্রাকৃত নবীন মদনমোহন কামদেবই একমাত্র লীলা-পুরুষোত্তম।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতিতে শ্রীসনাতনের প্রাণধন শ্রীমদনমোহনের সেবাফলে জগতের ভোক্তৃ-পুরুষাভিমানের হস্ত হইতে পরিত্রাণের কথা শুনিতে পাই,—

সংসারে আসিয়া প্রকৃতি ভজিয়া
পুরুষাভিমানে মরি।
কৃষ্ণ দয়া করি' নিজে অবতরি'
বংশীরবে নিল হরি'॥
(কল্যাণ-কল্পতরু)

পরিদৃশ্যমান ভোগ্য জগতের ভোক্তৃরূপে এই পৃথিবীতে স্ত্রী ও পুরুষের অধিষ্ঠান দেখিতে পাওয়া যায়। এই স্ত্রী, পুরুষ ও অপরাপর মিলিয়া পাঁচ প্রকার সম্বন্ধে পাঁচ প্রকার রসে সকলে পরস্পর আবদ্ধ।

তস্মাদিমং জগদশেষমসৎস্বরূপং
স্বপ্নাভমস্তধিষণং পুরুদুঃখদুঃখম্।
ত্বয্যেব নিত্যসুখবোধতনাবনন্তে
মায়াত উদ্যদপি যৎ সদিবাবভাতি॥
(ভাঃ ১০।১৪।২২)

শ্রীমদ্ভাগবতের এই শ্লোকে স্ত্রী-পুরুষ-প্রতীতি বা প্রকৃতিভোগজন্য দ্বৈত-প্রতীতিকে গ্রহণ করিয়া অজ্ঞানের সেবাই স্বপ্নধর্ম্ম বলিয়া কীর্ত্তিত হইয়াছে। স্ত্রী-পুরুষ-জগতের ভোগময়ী দৃষ্টি বিকৃত প্রতিফলিত দর্শনে অভিনিবেশ, অর্থাৎ অবিদ্যা বা চিল্লীলামিথুনের অনাদি সেবা-বিমুখতা হইতে উৎপন্ন হইয়াছে। এই স্ত্রী-পুরুষ লইয়াই মানব-সমাজ। মানব-সমাজ আবার বৈধ ও অবৈধভাবে দ্বিবিধ। বৈধ মানবসমাজকে সভ্য সমাজ বলা যায়। সভ্যসমাজ আবার নিরীশ্বর ও সেশ্বরভেদে দ্বিবিধ। নিরীশ্বর নৈতিক মানবগণ সুবিধাবাদমূলা নীতি মানিলেও নাস্তিক। সেশ্বর নৈতিক সমাজকে বর্ণাশ্রমান্তর্গত সমাজ বলা যায়। বর্ণাশ্রম আবার অবৈধ-বৈধ ভেদে দ্বিবিধ। সম্যক্ বিষ্ণুর আরাধনা হইলে তদ্দ্বারা বর্ণাশ্রমের নৈসর্গিক হেয়তা ও দোষসমূহ শোধিত হইতে পারে।

লক্ষ্মী-পুরুষোত্তম—ইঁহারা মিথুন। ইঁহাদের পূজাদ্বারা বর্ণাশ্রমের অষ্টতা অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র, সন্ন্যাসী, বানপ্রস্থ, গৃহস্থ ও ব্রহ্মচারী—ইঁহাদের পরস্পর ধর্ম্মের অষ্টতা-সংরক্ষণ হয়। পরস্পরের প্রতি মাৎসর্য্য ও অমর্য্যাদা অভিনিবেশ বা অবিদ্যা ক্রমশঃ হ্রাস প্রাপ্ত হইয়া লক্ষ্মী-পুরুষোত্তমের প্রতি উন্মুখতায় বা স্বরূপে অবাহৃতি হয়।

বর্ণাশ্রম—উপায়, তাহা উপেয় নহে। বৈধ বা দৈব বর্ণাশ্রমেও ন্যূনাধিক মিশ্রভক্তি থাকায় উহাতে সর্ব্বোপাধি-বিনির্ম্মুক্তা পরিপূর্ণা কেবলা ভক্তির আস্থান নাই। কাজেই বর্ণাশ্রমের প্রাপ্য ফল বা গতি চতুর্ব্বিধ মুক্তি পর্যন্ত। অথবা বর্ণাশ্রম বিষ্ণুসম্বন্ধমিশ্র হইলে মহঃ, জন, তপঃ, সত্য প্রভৃতি ব্রহ্মাণ্ডের অন্তর্গত উত্তরোত্তর ঊর্দ্ধ লোক মাত্র লাভ করায়। কিন্তু পরমহংস-ধর্ম্ম পরম নির্ম্মলা কেবলা, অকিঞ্চনা ভক্তি বা পরিপূর্ণ শরণাগতিতে সলক্ষ্মীক-বাসুদেব, একপত্নীব্রত শ্রীরামচন্দ্র ও উত্তরাধিকারে রুক্মিণী-সত্যাদিযুক্ত মহুরাজ দ্বারকেশের উপাসনায় প্রতিষ্ঠিত এবং আরও উন্নততর ও উন্নততম কেবলনিত্যপ্রেমভাবযুক্ত নিত্যসিদ্ধ পারমহংস্যধর্ম্মে প্রতিষ্ঠিত অপ্রাকৃত ব্রজবাসিগণের সহিত ব্রজেন্দ্রনন্দনের চতুর্ব্বিধ রসের উপাসনা আবিষ্কার করিয়া থাকে এবং ব্রজেন্দ্রনন্দনের প্রেমসেবাকেই চরম প্রাপ্য বলিয়া উপলব্ধি করায়।

পূর্ব্বোক্ত জড়ীয় স্ত্রী-পুরুষগত ধর্ম্ম বা পুরুষাভিমান যত প্রবল থাকিবে, ততই নিত্য ও অদ্বিতীয় পুরুষাভিমানী স্বরাট্ লীলা-পুরুষোত্তমের অনুকরণ করিবার স্পৃহায় নিত্য পুরুষোত্তমকে "অপাণিপাদ"রূপে দর্শনের প্রচ্ছন্ন অভিলাষ জন্য অধিকার করিবে। ঐরূপ অভিলাষের বীজ হৃদয়ে উপ্ত থাকিলে চিল্লীলামিথুনকে "অজন"রূপে, "অগোত্র"রূপে, "অচক্ষুষ্মান্"রূপে, "অবিদ্-নিগহ"রূপে দর্শন বা উপলব্ধি হয় না। সবিদ্বিগ্রহরূপে দর্শনই মদনমোহনরূপে বা চেতনের পতিভুক্তরূপে দর্শন।

"এত সব ছাড়ি' আর বর্ণাশ্রমধর্ম্ম।
অকিঞ্চন হঞা লয় কৃষ্ণৈকশরণ॥"
"যে দিন গৃহে ভজন দেখি,
গৃহেতে গোলোক ভায়";—

প্রকৃতি শ্রীগৌরজনের বিচারে সর্ব্বপ্রথম নব বা গতিশীলতা উপলব্ধি। এইখানে জড়ের ভোগ্য পুরুষ-প্রকৃতি-দর্শন আদৌ নাই। এইখানেই সনাতন বা শাশ্বতের আনুগত্য।

"আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চন।" (তৈত্তিরীয়োপনিষদ্—ব্রহ্মানন্দ-বল্লী ৯ম অনুবাক)। "রসো বৈ সঃ। রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী ভবতি। কো হ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ। এষ হ্যেবানন্দয়াতি॥" (ঐ ঐ ৭ম অনুবাক)। "আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ। আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে আনন্দেন জাতানি জীবন্তি আনন্দং প্রযন্ত্যভিসংবিশন্তীতি॥" (ঐ ভৃগুবল্লী ৬ষ্ঠ অনুবাক)। (ক্রমশঃ)

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি
ভিক্ষা :—১ম খণ্ড—৮০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৮০ ৪র্থ খণ্ড—৸০
প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর
শ্রীচৈতন্যমঠ

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-তাত্ত্বিকপ্রচারক: 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনবকড়ি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, ভাগবতচতুষ্টয়-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—মহোপাধ্যায় শ্রীপাদ নবীচরণ রায় ভক্তিবিলাস।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজগোপীগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অদ্ভুত-কৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগবন্ধুদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিশ্বিপ্রকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনভঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীনকানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাটতারা—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিস্বরূপ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ আচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীভূপেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীকৃষ্ণানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর পোঃ ঢাকা

রক্ষক—শ্রীমাধবদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীভক্তিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অকল্যান্ড, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিয়ার, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীপ্রভেশ্বরী প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং কবিরপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীরাঘবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবংশীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়,

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ কোজোল, জেলা গুরদাসপুর (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীনবীনগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং হনুমান রোড, নিউ দিল্লী;

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার টাঙ্ক রোড, কম্বালাহিল বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীমাধবেন্দ্র ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী গৌড়ীয়মঠ

পোঃ কভূর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভবানন্দদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাজু (হাওড়া)

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ছুরছুরা, পোঃ চিরকুন্দা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎপ্রাজ্ঞ ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২০শে সেপ্টেম্বর, ১৯৩৭

চাউলের দর

বালাম.সিদ্ধ চাউল—

	প্রতি মণ
ঝিঙ্গাশাল	৬৷০
ঝাটশাল	৫৷৷০
নূতন	৫৲
চীনিআতপ	৭৲-৭৷০
ঝিঙ্গাকুলী	৫৷০
দাদখানি নূতন	৪৵০
পুরাতন	৫৲
দাদখানি কোরাপিঠি	৪৲
রেঙ্গুন	৩৷৵০
আতপ—	
দাদ আতপ	৪৲—৪৷০
গোবিন্দভোগ	১০৲-১০৷০
ঝিঙ্গাকুলী আতপ	৫৷০-৫৷৵
বাঁশফুলি	৫৲-৫৵০
বাঁকাই আতপ	৫৷০-৫৷০
চীনিআতপ	৭৲
রেঙ্গুন	৩৵০

চিনির দর

জাভা, টাইপ	১০৷৵০
কাশীপুর ১০০০ নং	১০৵০
দেশী দানা	৯৷
গুড় দানা	৮৷০—৯৵৷
গুড় লাল	৭৷৵০—৮৲

তেল-ঘি-মশলার দর।

প্রতি ভরি

মোম বাত	৩৪৷০
গিনি	২২৲
চাঁদির বাট	৫৩৷০

পাটের দর

	৪০৷৷০
	৪০৷৷০
—	৪১৷০
পাটের মসলা—	৪১৲

আটা ও ময়দার দর

ময়দা প্রতি মণ	৬৷০—৬৷৵০
ফাইন ঐ	৬৲—৬৵০
২নং ঐ	৫৷৵০—৫৷৷০
	৬৲—৬৵০
ই)	৫৷৷০—৫৷৵০
(২	৫৵০—৫৷৵০
নং)	৫৲—৫৷০
মে)	৪৷৷০—৪৷৵০
(৩)	২৷০—২৷৵০
	১৷৵০—১৷৷০
	১৷৵০—১৷৵০

তুলোর দর

৫৭৲
৫৭৲
৫০৲
৪৪৲

পাতিলাল	৪৬৷০
জার্মা	৪৬৲
কাবুলে	৩৬৲
খাসা গাওলা	৪১৷৷

লৌহ ও হার্ডওয়্যার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (.জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৵০—৯৷৵
ঐ বে-মার্কা হাল্কা ওজন	
ঐ টাটা স্টেনডেড জয়েষ্ট বীম সব সাইজ.১০৷০	
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৷৷৵০
বরগা (টি-আয়রণ)	৮৷০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷৵০—৮৷৷০
টাটা গ্যাঃ করগেট-টিন।	৷৵০
২৪ গেজ—	১৪৷০
২৬ গেজ—	১৬৷০
২৮ গেজ—	১৫৷০
টাটা গ্যাঃ প্লেন সীট।	
২৪ গেজ—	১৪৷৷৵০
২৬ গেজ—	১৬৷৵০
২৮ গেজ—	১৬৷৷৵০
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৷৷০
২৬ গেজ—	১৫৷৷০
গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ	
সীস	।৵১০—৷৷৵০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
প্লেট কাটিং বা সিট কাটা মণ	৩৷০—
পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৬৷০—৬৷০ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, গোলটু, পয়ালে	৮৲—৯৲
গোল রড রি-ইনফোস ড কনক্রিটের	
জন্য	৮৷৷০—১১৷
স্থঃ ইস্পাত আসল ২৩৲,	নকল ২১৲

চটকলের হাসনা ৫৵০, পাটের হাসনা ৬
তুলার হাসনা ৪৷০

তুলোর দর

কলিকাতা ২৬শে জুন,

আমেন গোলার কাইন	৫৪৲
মিষ্টন আমেন কমকচ	৪০৲
কবাটি পূর্ণনিয় কাইন	৪০৲
হাথার্স ভাষা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মশলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
পাতলা সাগু	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷০—১১৷০
খই খদির	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার অভিষেক
এণ্ড সন্স লিঃ
ডি-৫ জগন্নাথ ঘাট গোলাপটী, বড়বাজার
কলিকাতা

শ্রীধাম—মায়াপুরে

—— ঃ(ঃ০ঃ)ঃ

“ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট”—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

শ্রীধাম অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ আদর্শ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা রহিয়াছে খোরাকী ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের আশাতীত সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৬৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদেশী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৪
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৩৫,	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—১৭

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-৩	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৩৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাবকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মৃতপ্রায় পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় এনিয়ার আর কাটতি অভাব অধিক। লিভার প্লীহা সমেত জ্বরাদির এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অভাব দূর হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ আনা, বড় বোতল ১৵০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগনা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পরবিদ্যানাতিভিজ্ঞ সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৶০	।৶০	।০
" " ইঞ্চ	২৲	১৷০	১৷০	১৲
" সিকিকলম	৫৲	৪৲	৪৲	৩৲
" অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম	১৪৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬	৪৷০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৮৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা এ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫. পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীশ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গৌড়ীয় বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু সদ্গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১৬।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

শ্রীধাম মায়াপুর
শ্রীধাম নবদ্বীপ—শ্রীমায়াপুর

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1544

শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ও বিদ্যুত্‌
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

ও বিদ্যুত্‌
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আচার্য্যবর
শ্রীচৈতন্যমঠাধ্যক্ষ
শ্রীশ্রীমদ্ ...
পরিব্রাজক
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্বত্র প্রচারিত নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৯ই আশ্বিন, ১৩৪৪, ২৫শে সেপ্টেম্বর, ১৯৩৭, শনিবার [সংখ্যা ১৭৭]

বিবিধ সংবাদ

——(০(১০১)০)——

ক্যাণ্টনের উপর বিমান আক্রমণ

গত ২১শে সেপ্টেম্বর প্রাতঃকালে বিংশাধিক জাপ বিমানপোত ক্যাণ্টন আক্রমণ করে এবং সহরের উপর দুই ঘণ্টা-কাল ধরিয়া ভীষণ বিমান-যুদ্ধ চলে। সহরের চীনা অধ্যুষিত অঞ্চলের ব্যাপক ক্ষতি ও বহু লোকের মৃত্যু হইয়াছে। আক্রমণকারী বিমানসমূহকে সহরের উপর উড়িয়া বেড়াইতে দেখা যায় এবং বহু বোমা বিস্ফোরণের শব্দ নির্ঘোষ শুনিতে পাওয়া যায়। সহরের বিভিন্ন অঞ্চল হইতে ধূমজাল উত্থিত হইতে দেখা যায়। চীনা বিমানবহর, বিমানাক্রমণ-প্রতিরোধক কামানবাহিনী ও মেশিন-গান বাহিনী আক্রমণ প্রতিরোধে ব্যাপৃত হয়। চীনারা আক্রমণকারীদের তিনটী বিমান ভূপাতিত করিয়াছে বলিয়া দাবী করে, কিন্তু তাহা সমর্থিত হয় নাই। একটী বিমান ভূপাতিত হইয়াছে, কিন্তু উহা কোন্ পক্ষের তাহা জানা যায় নাই।

জাপানীরা দাবী করিতেছে যে, তাহারা আরও অনেক দূর অগ্রসর হইয়াছে এবং চতুর্দ্দিক হইতে সাংহাই ও পাওটিং পরিবেষ্টন করিতেছে। জাপানীরা এই দাবীও করিতেছে যে, মানশী ও সুই-য়ান সীমান্তে সম্মিলিত জাপ-মোঙ্গল বাহিনী ৫০,০০০ সুই-ইউয়ান সৈন্যকে পরিবেষ্টন করিয়া বন্দী করিয়াছে। জাপানীরা সাংহাই সীমান্তে ব্যাপক আক্রমণ সুরু করিয়াছে এবং এই দাবী করিতেছে যে, চীনা সৈন্যরা কিয়াটিং ও বামসিয়াংএর মধ্যবর্তী ঘাঁটি হইতে পশ্চাদপসরণ করিতেছে। তদুপরি তাহারা কয়েকবার বিমান আক্রমণ চালাইয়া সাফল্যলাভ করিয়াছে বলিয়াও দাবী করিতেছে।

ভারতীয় ব্যবস্থাপরিষদ

গত ২১শে সেপ্টেম্বর ভারতীয় ব্যবস্থা পরিষদে বীমা বিলের পুনরায় আলোচনা হয় এবং ৩৯, ৪০, ৪১ ও ৪২ ধারা কয়েকটী ঐ দিবস আলোচনার পর পরিষদে গৃহীত হইয়াছে।

ঐ দিবস প্রধানতঃ ৩৯ ধারাটি সম্পর্কে আলোচনা চলে। এই ধারায় বীমা ইস্যু করার তারিখ হইতে দুই বৎসর অতীত হওয়ার পর বীমা সম্পর্কে কোন আপত্তি উত্থাপন চলিবে না। বীমাকারীর বা ডাক্তারের, রেফারীর অথবা তাহার বন্ধুর বিবৃতিতে বা অন্য কোন দলিলে (যাহা উপলক্ষ করিয়া বীমাটি ইস্যু করা হইয়াছে) মিথ্যা বর্ণনা আছে বলিয়া বীমা কোম্পানীর কোনরূপ আপত্তি টিকিবে না। তবে যদি বীমা কোম্পানী চূড়ান্তরূপে সপ্রমাণ করিতে পারেন যে, কোনও প্রধান বিষয়ে প্রতারণা করিয়া ঐ বিবৃতি দেওয়া হইয়াছে এবং বীমাকারী মিথ্যা জানিয়াও উহা করিয়াছেন, তবে বীমা কোম্পানীর উক্ত আপত্তি সম্পর্কে বিবেচনা করা যাইবে।

এই ধারাটি অসংশোধিতভাবে পরিষদে গৃহীত হইয়াছে।

ইরাক প্রতিনিধির অভিযোগ

গত ২০শে সেপ্টেম্বর রাষ্ট্রসঙ্ঘ পরিষদে ইরাক প্রতিনিধি মিঃ তাওফিকেল সাওদ প্যালেষ্টাইনের আরবদের প্রতি গুরুতর অবিচার করা হইয়াছে বলিয়া অভিযোগ করেন তিনি আরও বলেন যে, আরবদের সম্মতি ব্যতীত বাটোয়ারার কোন মীমাংসা যদি উপর হইতে চাপাইয়া দেওয়া হয় তাহা হইলে তাহা নিশ্চয়ই ব্যর্থ হইবে।

তাঁহারা কিছুতেই মানিয়া লইতে পারেন না যে, অন্যান্য দেশের যেহুদী সমস্যার সমাধানের জন্য প্যালেষ্টাইনকে বলি দিতে হইবে ও তাহাকে একটী আন্তর্জাতিক সমস্যায় পরিণত করিতে হইবে। তিনি আশা করেন যে, রাষ্ট্রসঙ্ঘের চুক্তি এবং আরবদের নিরাপত্তা ও অধিকারের সহিত সঙ্গতি রক্ষা করিয়া প্যালেষ্টাইন সমস্যার সমাধান করা হইবে।

নিরুদ্দিষ্ট সোভিয়েট বৈমানিকগণ

গত ২১শে সেপ্টেম্বর হইতে আবিষ্কারক স্যার হিউবার্ট উইলকিন্সের কোন সংবাদ না পাওয়ায় গভীর আশঙ্কার উদ্রেক হইয়াছিল। ঐ দিবস অপরাহ্ণে তিনি বেতারযোগে জানাইয়াছিলেন যে, তিনি উত্তর-পশ্চিম দিকবর্ত্তী ম্যাকাজী দ্বীপে অবতরণ করিতে যাইতেছেন এবং তদবধি তাঁহার আর কোন সংবাদ পাওয়া যাইতেছিল না। যাহা হউক তিনি কোন বিপদে পড়েন নাই বলিয়া নিউ ইয়র্কস্থিত এরোনোটিক্যাল ক্লাবে বেতারবার্তা আসায় তাঁহার সম্বন্ধে যে, আশঙ্কার উদ্রেক হইয়াছিল তাহা দূর হইয়াছে। স্যার হিউবার্ট উইলকিন্স ঘোষণা করিয়াছিলেন যে, তিনি নিরুদ্দিষ্ট সোভিয়েট বৈমানিকদের অনুসন্ধানে ব্যর্থ মনোরথ হইয়া প্রত্যাবর্ত্তন করিতেছেন।

স্পেন সংবাদ

স্পেনের প্রধান মন্ত্রী সেনর নেগ্রিন গত ১৮ই সেপ্টেম্বর রাষ্ট্রসঙ্ঘ পরিষদে এক বক্তৃতায় বলেন, ইতালী ও জার্ম্মাণী যে স্পেনকে আক্রমণ করিয়াছে, রাষ্ট্রসঙ্ঘের উচিত একথা স্বীকার করা এবং এই আক্রমণ বন্ধ করার উপায় নির্দ্ধারণ করা।

সেনর নেগ্রিন দাবী করেন যে, স্পেন সরকারকে পুনরায় রণসম্ভার সংগ্রহ করার অধিকার দেওয়া হউক, স্পেন হইতে বিদেশী যোদ্ধাদিগকে সরাইয়া লওয়া এবং ভূমধ্য-সাগরে যে নিরাপত্তার ব্যবস্থা অবলম্বিত হইতে যাইতেছে স্পেন পর্য্যন্ত তাহা প্রসারিত করা হউক ও স্পেনকে তাহাতে যোগদান করিতে দেওয়া হউক।

সেনর নেগ্রিন আরও বলেন, বিদ্রোহীর সহিত ইটালী ও জার্ম্মাণীর যে বন্ধুতা, তাহা স্পেন অধিকারের চুক্তি ছাড়া আর কিছুই নহে। ছয় মাসের অধিক কাল ধরিয়া মুর বিদ্রোহী সৈন্যদল সম্পর্কে স্পেন সরকারের কোনই ভাবনা নাই। স্পেনের গৃহযুদ্ধ দেশারকারের যুদ্ধে পরিণত হইয়াছে। স্পেনে ইতোপূর্ব্বেই ইটালীর যে সৈন্য আছে, তাহার দ্বিগুণ সৈন্য তথায় সে পাঠাইতে যাইতেছে।

প্রাদেশিক মুসলিম লিগ

বঙ্গীয় ব্যবস্থাপরিষদে বাঙ্গলা সরকারের পুলিশ বাজেটের আলোচনার সময় জার নাজিমুদ্দিন পুলিশ বিভাগের বরাদ্দ হইতে ১০০৲ টাকা ছাটাই করা হউক এরূপ যে প্রস্তাব করিয়াছেন বলিয়া প্রকাশিত হইয়াছে উহা প্রকৃত প্রস্তাবে সত্য নহে। তিনি ঐরূপ প্রস্তাব করেন নাই।

দৈনিক নদীয়াপ্রকাশ

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৮৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী ৫৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। বামন-আলবর ৷০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-সাহিত্য ৷৵০
২২। ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষ্য ৷০
২৭। মুক্তাফলিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵০
৪৬। অর্থপঞ্চক ৵০
৪৭। সদাচারস্মৃতি ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৷১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। ভক্তমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। ভজনম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। নামাংশবর্দ্ধনম্ ৶২

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ভিউ অফ্ স অন্ বেদান্ত ৷০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইট্স্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। সিলেক্টেড ওয়ার্কস ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপ্ল অ্যাণ্ড আনম্যালয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (১ম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৵১০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ব ভিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিকভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। বৈদিবাদ্যা শ্রীপরম-হংসমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কীত করা
হইয়াছে।

———:০:———

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ মহাগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড ডবল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৫৲ টাকা।



১২শ বর্ষ } পদ্মনাভ গৌরাব্দ ৪৫১, ৯ই আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৪, ২৫শে সেপ্টেম্বর ইং ১৯৩৭, শনিবার } ১৭৭তম সংখ্যা

ধামে শ্রীল আচার্য্যদেব

——:o:——

গৌড়ীয়মিশনের আচার্য্যদেব ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুর গত ২৩শে সেপ্টেম্বর (১৯৩৭) বৃহস্পতিবার প্রাতে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে শুভযাত্রা করিয়া ট্রেণযোগে কৃষ্ণনগর পৌছেন। কৃষ্ণনগর পৌঁছিলে শ্রীসুরভিকুঞ্জের ভক্তগণ শ্রীল আচার্য্যদেবকে সংকীর্ত্তনসহ অভ্যর্থনা করেন। তথা হইতে মোটরযোগে শ্রীল আচার্য্যদেব শ্রীগোদ্রুম শ্রীস্বানন্দসুখদকুঞ্জে পৌছেন। তথায় শ্রীচৈতন্যমঠের ম্যানেজার শ্রীপাদ মহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক প্রভু ভক্তবৃন্দ-সমভিব্যাহারে সংকীর্ত্তন সহ শ্রীল আচার্য্যদেবকে সম্বর্দ্ধনা করিয়া নৌকাযোগে শ্রীচৈতন্যমঠে লইয়া আসেন। শ্রীচৈতন্যমঠ হইতেও ভক্তগণ সংকীর্ত্তনসহ বহু দূর অগ্রসর হইয়া বিপুল জয়ধ্বনি সহকারে সপার্ষদ শ্রীল আচার্য্যদেবকে অভ্যর্থনা করিয়া শ্রীমঠে লইয়া আসেন। শ্রীল আচার্য্যদেব শ্রীচৈতন্যমঠে পৌঁছিলে মঠরক্ষক শ্রীপাদ নরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ প্রভু তাঁহার গলদেশে সুগন্ধ পুষ্পমাল্য প্রদান করেন।

শ্রীল আচার্য্যদেবের সঙ্গে কলিকাতা হইতে গৌড়ীয়মঠের সেক্রেটারী মহামহোপদেশক আচার্য্যত্রিক শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর অধিকারী, উপদেশক পণ্ডিত শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী কৃতিরত্ন, শ্রীপাদ সনাতন ব্রহ্মচারী (এইচ, ই, জি, [illegible]), শ্রীপাদ অতুলানন্দ ব্রহ্মচারী ভক্তি-কমল, শ্রীনরসিংহানন্দ ব্রহ্মচারী ভক্তিকানন, ও শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী প্রভৃতি শ্রীধামে আগমন করিয়াছেন।

শ্রীশ্রীজগন্নাথগৌড়ীয়মঠে আচার্য্যাবির্ভাব-তিথির আরাধনা

গত ২৫শে ভাদ্র (১৩৪৪) ইং ১০ই সেপ্টেম্বর (১৯৩৭) ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুর প্রকট-তিথি উপলক্ষে শ্রীশ্রীজগন্নাথ-গৌড়ীয়-মঠের মঙ্গলারাত্রিক পর সেবকবৃন্দ ভোর বেলা হইতে শ্রীশ্রীগুরুবন্দনা, শ্রীপঞ্চতত্ত্বের নামকীর্ত্তন, বৈষ্ণববন্দনা ও মহাজনপদ কীর্ত্তন করেন এবং সকাল হইতে শ্রীশ্রীচরিতামৃত পারায়ণ হয়। শ্রীশ্রীরাধা-মনোহরকৃষ্ণজীউ ও শ্রীশ্রীমন্মহাপ্রভুর শ্রীবিগ্রহ নানাবিধ সুগন্ধ পুষ্পমাল্য ও দিব্য বস্ত্রালঙ্কার দ্বারা সুসজ্জিত করা হয়। মধ্যাহ্নে ভোগারতির পর ন্যূনাধিক ২০০ ব্যক্তিকে নানাবিধ বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। ঐ দিন অহোরাত্র শ্রীশ্রীহরিনাম-কীর্ত্তনে শ্রীমঠ মুখরিত থাকে। রাত্রে সন্ধ্যারাত্রির পর শ্রীশ্রীগুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব ও মহামন্ত্র নামকীর্ত্তন হয়। তৎপর পণ্ডিত শ্রীপাদ মধুসূদন দাসাধিকারী উপস্থিত বহু সজ্জন ও ভক্তমণ্ডলীর নিকট শ্রীশ্রীল আচার্য্যদেবের সম্বন্ধে একটী অতীব সুন্দর প্রবন্ধ পাঠ করেন। তাহার পর শ্রীপাদ উদ্ধারণ দাসাধিকারী ভক্তিশাস্ত্রী মহাশয় 'মাধবতিথি ভক্তিজননী যতনে পালন কর, কৃষ্ণ-বসতি বসতি বলি পরম আদরে বরি।' শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর মহাশয়ের এই পদাবলম্বনে শ্রীশ্রীভগবানের জন্মতিথি আরাধনা করিলে, তাঁহার পূজা করিলে, তাঁহার বন্দনা করিলে জীবের যেমন অবিদ্যা-বিনাশ হইয়া কৃষ্ণপাদপদ্মে ভক্তি লাভ হয়, ভগবদ্ভক্তের প্রকটতিথিপূজাতেও তদ্রূপই হয়।

"ভগবানের জন্মতিথি যেমন পবিত্র।
বৈষ্ণবেরও জন্মতিথির তেমন চরিত্র।"

এই বাক্য অবলম্বন করিয়া তিনি আরও বলেন,—আচার্য্যদেব সাক্ষাৎ ভগবদ্বস্তু, তিনি জগতের মঙ্গলের জন্য, জীবের দুঃখে দুঃখী হইয়া মায়াবদ্ধ জীবসমূহকে শ্রীশ্রীকৃষ্ণপাদপদ্মে আকর্ষণ করিবার জন্য জগতে আবির্ভূত হন। তিনি স্বপ্রকাশ বস্তু এবং তিনি নিত্য-সিদ্ধ। ভগবানের পার্ষদ ভিন্ন অন্য কেহ আচার্য্য হইতে পারেন না। তিনি শ্রীশ্রীরাধা-নিজজন। এই সব নিগূঢ় আচার্য্যতত্ত্ব শাস্ত্রযুক্তি-মূলে উপস্থিত প্রায় ৩০০ শত নরনারী ও ভক্তবৃন্দের সম্মুখে কীর্ত্তন করেন এবং 'গৌড়ীয়' হইতে শ্রীশ্রীআচার্য্য-আবির্ভাব-তিথিমাহাত্ম্য কীর্ত্তন করেন। তাঁহার বক্তৃতার উপসংহারে তিনি বলেন—বর্ত্তমান আচার্য্যদেবের বন্দনা, আরাধনা, অর্চ্চন ও পূজা করিলেই আমাদের সাক্ষাৎ কৃষ্ণচন্দ্রের পূজা ও সেবা হইবে। যেহেতু ভগবান্ নিজ মুখে ব'লেছেন, 'আমার ভক্তের পূজা আমা হইতে বড়'। তাঁহার বক্তৃতার পর শ্রীপাদ উদ্ধব দাসাধিকারী ভক্তিশাস্ত্রী মহাশয় প্রায় দেড় ঘণ্টাকাল আচার্য্যদেব যে স্বয়ং আচার ও প্রচারপরায়ণ মহাপুরুষ এবং তিনি যে সমস্ত শাস্ত্রে পারদর্শী এবং যাবতীয় সৎসিদ্ধান্তে সুনিপুণ তাহা কীর্ত্তন করেন। তিনি আরও বলেন, এই জগদ্গুরু আচার্য্যদেবের জন্মতিথির আরাধনা করিলেই আমরা সত্য সত্য কৃষ্ণপাদপদ্ম লাভ করিতে পারিব, ইহা ধ্রুব সত্য। তাঁহার বক্তৃতার পর শ্রীপাদ উদ্ধারণ প্রভু উচ্চকণ্ঠে আচার্য্যমহিমাসূচক কীর্ত্তন আরম্ভ করেন। মহামন্ত্র-কীর্ত্তনান্তে প্রায় ৫০০ শতাধিক নরনারীকে বিচিত্র মহাপ্রসাদ প্রদান করা হয়।

—— ——

জলোটে শ্রীগুরুপূজা

পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদের অন্যতম প্রিয় ভক্ত শ্রীপাদ অযোধ্যা সেবাকোবিদ্ প্রভু জলোটে স্থানীয় ভক্তবৃন্দ ও সিবোলীয় Veterinary Surgeon শ্রীপাদ শচীনন্দন দাসাধিকারী সহ বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্য শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুর আবির্ভাব-দিবসে মহাসমারোহে শ্রী আচার্য্য-পূজা সম্পন্ন করিয়াছেন।

মাদ্রাজে শ্রীপাদ অপ্রাকৃত প্রভু

(তারের সংবাদ)

মাদ্রাজ, ২৩শে সেপ্টেম্বর

মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী Mr. W. H. Burchett ('মিঃ ডব্লিউ, এইচ, বার্চেট্) সহ অদ্য লণ্ডন হইতে মাদ্রাজে পৌঁছিয়াছেন। ভক্তিসারঙ্গ প্রভু মাদ্রাজ ষ্টেশনে পৌঁছিলে তাঁহাকে বিশেষরূপে সম্বর্দ্ধিত করা হইয়াছে। মিঃ বার্চেট্ শ্রীপাদ গোস্বামী প্রভুর নিকট গৌড়ীয়দর্শন সম্বন্ধে শিক্ষা লাভ করিতেছেন। আগামী ২৬শে সেপ্টেম্বর রবিবার মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে শ্রীপাদ গোস্বামী প্রভুকে একটী সাধারণ সভায় অভিনন্দন প্রদান করা হইবে।

"পূর্ব্ব ইতিহাস ভজনের অনুকূল বিচারে নিযুক্ত করিবেন অর্থাৎ প্রতিকূল বিষয়গুলি অনুকূলের পুষ্টাবস্থা জানাবেন। প্রতিকূল হওয়ায় যে বিপদ্ উপস্থিত হয়, তাহাই পরক্ষণে ভজনের অনুকূলতা প্রসব করে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

পরমভক্ত অবধ্য কীরোদশায়ী গৌরাব্দ ৪৫১

ভক্তিসিদ্ধান্তবাণী

হইতে সব লাভ হয়।

আমরা লঘু, আমাদের একমাত্র আশ্রয়—শ্রীগুরুদেব। যিনি সর্ব্বতোভাবে সর্ব্বক্ষণ ভগবানের সেবা করেন, তিনিই শ্রীগুরুদেব। ভগবানের সেবাকারী বস্তু সকল ভগবানের সহিত সংশ্লিষ্ট, সুতরাং ভগবানের আশ্রয়জাতীয় সেবকগণকে পৃথক্ বুঝতে সেবার বিচার আমাদের না হউক। বিষয়জাতীয় ভগবান্ কৃষ্ণ আর আশ্রয়জাতীয় তাঁহার অভিন্ন সেবকগণ—দাসগণ, পিতামাতা, বন্ধুবর্গ, ভৃত্যবর্গ ও প্রেয়সী ভেদে পাঁচ প্রকার।

আমাদের অনর্থ নিবৃত্ত হ'লে প্রভুদর্শন, নিকটে গমন ও সেবা ক'রতে পারি অনর্থ থাকাকালে সেবার অধিকার বা রুচি-বিশিষ্ট হয় না।

ত্রিতাপের বিষতাপ সহ্য ক'রতে না পেরে পালিয়ে যাওয়ায় যে বিরাগ, তা' ফল্গু—তুচ্ছ। কৃষ্ণসেবায় যা না লাগে তা'তে বৈরাগ্য ক'রতে হ'বে, তা'র আলোচনা ক'রতে হ'বে না। চেতন-সেবায় যা' লাগবে, তা' আদরের সহিত গ্রহণ ক'রব। নচেৎ "আধিক্যে ন্যূনতায়াঞ্চ চ্যবতে পরমার্থতঃ।" অধিক বৈরাগ্য বা আসক্তি হ'লে সুবিধা হয় না। "পরের লোগ। কিছু না লাগে। প্রাণ রাখে তোমার টেংকা টানে।" বিষয় নিয়ে প্রাণধারণ হ'বে। বিশ্বে যত দ্রব্য আছে, সে সকল সেবা বিগ্রহ শ্রীবকে আবদ্ধ ক'রে নিজ ভোগ্য জ্ঞান করায়েছে। বিবর্ত্তজ্ঞান-প্রাপ্ত ব্যক্তির বিচারে ঐ সকল কৃষ্ণভোগ্য—সেব্য। ভগবান্ হাত তুলে না দিলে, তা'ই জীবের প্রাপ্য। এটা না বুঝে অতিরিক্ত গ্রহণ ক'রলে অসুবিধা। ভগবত্তা আমি গ্রহণ ক'রব, এ বুদ্ধি না হোক, তা' হ'লে আমাদের ইন্দ্রিয়বিলাসের জন্য এ জগতে আসতে হ'বে। কৃষ্ণবিস্মৃত হ'লে জীব ব্যস্ত হ'য়ে নানা দুর্গতি ভোগ করে। কেউ একস্থানে বস্তু, কেউ পরমাত্মা সহ মিলিত হ'বার চেষ্টা করে; কেউ বা অন্যাভিলাষের তৃপ্তাদি করে।

স্ত্রী-সম্বন্ধী পাপ আচরণ ক'রতে নাই। গৃহস্থ হ'লে অত্যন্ত কামপ্রবৃত্তি চালনা ক'রতে হ'বে না। যে কৃষ্ণকে ভুলে সংসার ক'রবে ও ত্যাগ-ধর্ম্ম গ্রহণ ক'রবে, সেই গৃহব্রত। গৃহস্থ অভিমান ক'রে অন্য বিচার এলে অমঙ্গল হ'বে। মানুষের চেষ্টা—অর্থসংগ্রহ আর নিজেন্দ্রিয়তর্পণ, তা'হ'তে ত্রাণ পেতে হ'বে। যিনি ভজন করেন না তাঁ'র প্রাণ নাই। শ্রীনামভজনেরই জীবন আছে। অজ্ঞান সব মানবের অন্যমনে ভোগে ব্যস্ত।

অন্যান্য দেবতাকে ভোগ করা যায়। কিন্তু বিষ্ণুকে ভোগ করা যায় না। তিনি যাবেন। অন্য দেবতাকে বিষ্ণুজ্ঞান করলে পাষণ্ডী হ'তে হয়। বিষ্ণুকে মায়াকল্পিত জাগতিক পদার্থজ্ঞান ক'রলে দোষ হ'বে।

"ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরুকৃষ্ণপ্রসাদে পায় ভক্তিলতা বীজ॥"

একথা বুঝিতে না পেরে ব্রহ্মাণ্ড-দর্শনের মধ্যে ভক্তির অনুসন্ধান ক'রতে গিয়ে কৃতকৃত্য হ'বে না। অনুকূল-অনুশীলন ব্যতীত অন্য দেবতার সেবা ক'রতে গিয়ে ভোগ হ'য়ে যা'বে, সেইজন্য উহা অবিধি। ভিন্ন ভিন্ন দেবতার উপাসনা কর্ম্মকাণ্ডাত্মক, তা' অচিদ্বিলাসের অন্তর্গত। চেতনের বিলাস গোলোক বৃন্দাবন প্রভৃতি সেবা-বুদ্ধির উন্মেষক্রমে দর্শন হয়। চেতন বস্তু সেবা না ক'রলে তত্ত্ব জানা যায় না। অধোক্ষজে ভক্তি না হ'লে অনর্থ-নিবৃত্তি হ'বে না, তা'হ'লে মনুষ্যজীবন বৃথায় গেল।

মহাপ্রসাদে ভাল-মন্দ-বুদ্ধি করিতে নাই। মহাপ্রসাদ শুদ্ধ হইতে অভিন্ন,—
'মহাপ্রসাদে গোবিন্দে নামব্রহ্মণি বৈষ্ণবে।
স্বল্পপুণ্যবতাং রাজন্ বিশ্বাসো নৈব জায়তে॥'

স্মার্ত্ত ও আধ্যাত্মিকের বিচার কখনও গ্রাহ্য নহে। কিন্তু মন্ত্র আওড়াইয়া আচৎ পদার্থকে কপটতা করিয়া পবিত্র বিচার করা, অচেতনকে চেতন কল্পনা করা, কাঠপাথরকে পুতুলবুদ্ধি করা প্রভৃতি অচিন্ত্যের কথা। যাব যাব বাঁ'চয়া থাকব, ভগবানের ও নাম-গ্রহণের ছলনা করব—ইহা বঞ্চকতার কথা নহে। ধর্ম্মের নামে অধর্ম্ম চালান উচিত নহে। যখন যখনই ধর্ম্মের গ্লানি উপস্থিত হয়, তখন তখনই ভগবান্ অথবা তাঁহার কোন নিজজন উহা দূর করিবার জন্য উপস্থিত হন। ধর্ম্মসংস্থাপন এবং উহার গ্লানি দূরীকরণই অবতারের কার্য্য। গ্লানিটা কখনই ধর্ম্ম নহে। শ্রীগুরুপাদপদ্ম গুরু-ব্রাহ্মণের অভিজ্ঞাপিত নহেন। শ্রীগুরু-বিচারকেরও পদাশ্রয় করিলে জীবের সকল তাপ দূরীভূত হয়। শ্রীগুরুপাদপদ্ম ও তাঁহার সেবকগণ নিত্য।

বৈষ্ণব ও প্রসাদকে যিনি অসৎ মনে করেন, তাঁহাকে খণ্ডিত বিচার করেন, তাঁহার বিচার তাঁহাকে প্রাকৃতসহজিয়া বাবার প্রতিষ্ঠিত করাইবে। শ্রীবিগ্রহ ও শ্রীধামাদি Archaeological exploits নহে। শ্রীবিগ্রহ, নামমন্ত্র ও গুরুবৈষ্ণবে প্রাকৃত বুদ্ধি ও জাতিসামান্য বিচার নারকীয় কার্য্য। চিন্ময়প্রতীতিযুক্ত ঠাকুর সেবা ও অচিন্ময় প্রতীতিযুক্ত ঠাকুর সেবার তুলনা এক কথা নহে। যাঁহারা পয়সার বিনিময়ে ঠাকুরসেবা ও ভাগবত পাঠ করেন, তাঁহাদের ঠাকুর-সেবা হয় না। ভণ্ডকগণের কখনও সেবা হয় না। ইতরার্থ ও পরমার্থ এক নহে। সেবা-বহির্ম্মুখ জীবমাত্রই ইহজগতে আধ্যাত্মিক, আধিভৌতিক এবং আধিদৈবিক এই ত্রিবিধ ক্লেশে সর্ব্বদা জর্জ্জরিত হইতেছে। এত ক্লেশ ভোগ করিয়াও জীব কিছুতেই আত্মমঙ্গলের সন্ধান করিবে না। জন্ম-মরণজরা ব্যাধিময় এই সংসারে যে কি সুখ, তাহা ভুক্ত-ভোগী মাত্রই জানেন। কপটতা ও জড়াসক্তির কবল হইতে নিষ্কৃতি না পাইলে ভগবানের স্বরূপ-সেবার কথা দূরে থাকুক, বহিরঙ্গ সেবাও হয় না। অহং মম-ভাবযুক্ত আত্মকল্পিক ব্যক্তি মায়াপরাধী। ভূতশুদ্ধি না হইলে নারায়ণের অর্চনও হয় না। আমি পুরুষ, আমি স্ত্রী, আমি পতি, আমি পত্নী, আমি স্বাধীন, আমি পরাধীন, আমি অমুকের পুত্র, আমি উচ্চবর্ণের, অমুক নীচবর্ণের—এই সকল প্রাকৃত উপলব্ধি হইতে অবসর পাওয়া আবশ্যক। সচ্চরিত্র হইয়া শুদ্ধবৈষ্ণবের অনুসরণ না করিলে কনিষ্ঠাধিকার পর্য্যন্ত পৌঁছান যায় না।

যাঁহারা সত্য সত্য হরিসেবক, অমুক্ষণ হরিসেবারত, তাঁহাদের প্রতি শ্রদ্ধা না করিয়া তাঁহাদের আনুগত্য করিলেই আমরা ভগবানের প্রসাদ লাভ করিতে পারিব। হরিজনের প্রসাদেই হরিপ্রসাদ লাভ হয়; হরিজনের অপ্রসাদে জীবের কোনও প্রকারেই মঙ্গললাভ হইতে পারে না।

প্রত্যভিবন্দন

(২)

প্রভিতে ব্রজের আনন্দময়তার অর্থাৎ ব্রজের নন্দনন্দনের পুনঃ পুনঃ অভ্যাস বা কীর্ত্তন প্রদত্ত হয়। "ন বিস্মৃতি কৃষ্ণচন্দ্র" মন্ত্রে নন্দনন্দনের উপাসকের দ্বিতীয়াভিনিবেশ-জনিত ভয়ের অভাব সূচিত হইয়াছে। নাস্তিক্যরূপ কংস-কর্তৃক শত শত নিধনচেষ্টা সত্ত্বেও নন্দনন্দনের বা তাঁহার সেবকের নিধন বা মৃত্যু নাই। পরব্রহ্মের নন্দনন্দনত্ব বা মদনমোহনত্ব না জানিতে পারিলে দ্বিতীয়াভিনিবেশ প্রবল হইয়া কংসানুগত্য অবশ্যই করাইবে। পরব্রহ্মের নন্দনন্দনত্ব বা আনন্দময়ত্ব-দর্শনের অভাব হইতেই ভয়—এজন্য কংসের হৃদয়ে সর্ব্বদা ভয়ের অবস্থান। যেখানে শ্রীরাধা-মদনমোহনকে ও তাঁহার সেবকগণকে নিরীশ্বর নৈতিক বর্গ প্রবল করিয়া দর্শনের পিপাসা, সেখানেই অবিচারত্বরূপ পাষণ্ড না যত বিনাশরহিত করতে অর্থাৎ ক্লীবত্বে বা নির্ব্বিশেষভাবে বিনাশ প্রাপ্ত হয়। নন্দনন্দন নির্ব্বিশেষজ্ঞানপর বকাসুর পাষণ্ড বৃষভাসুরকে বধ করিয়া বৃন্দাবনশ্রী ও সখিকর বৃষভানুনন্দিনীর সহিত বিলাসলীলা আবিষ্কার করেন।

চেতনের গতিশীলতা বা ব্রজজনগণের অভিসারের ফলে শ্রীরূপের শ্রীরাধা-ললিতার প্রাণকান্ত শ্রীগোবিন্দের স্নিগ্ধশান্ত মধুর মুখারবিন্দ ও চক্ষুর্দ্বয় মধুর মধুর সুস্মিত দর্শনে লালসা উদিত হয়।

মধুরং মধুরং বপুরস্য বিভোর্মধুরং
মধুরং বদনং মধুরম্।
মধুগন্ধি মৃদুস্মিতমেতদহো মধুরং মধুরং
মধুরং মধুরম্॥

"স্মিতশ্রীমুখেন ব্রজপুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবম্"। (ভাঃ ১০।১০।২৬) অর্থাৎ সুমধুর হাস্যময় মুখকমলের দ্বারা ব্রজপুরবনিতাগণের কাম-বর্দ্ধনকারী ব্রজেন্দ্রনন্দন জয়যুক্ত হউন।

এখানেও শ্রীগোবিন্দের মুখারবিন্দের মাধুরী আশ্রয়বর্গের সেবায় উত্তরোত্তর বর্দ্ধনকারী বলিয়া কথিত। শ্রীসনাতনের শ্রীমদনমোহনের শ্রীপাদপদ্ম দর্শন-লালসা আমাদের হৃদ্রোগ দূর করিয়া থাকে এবং আমাদের পঙ্গুত্ব ও মন্দমতিত্ব বিনষ্ট করে। শ্রীরূপের শ্রীগোবিন্দের মুখারবিন্দ-দর্শনলোভ আমাদের মায়িক-দর্শন দূর করিয়া কৃষ্ণের ভোগের উপকরণরূপে আত্মোপলব্ধি করায়। আর শ্রীরাধাগোপীনাথের মধুরমুরলীশোভা আমাদিগকে রাসরসিকের পরিবারে কৃষ্ণাভিসারিণী গোপী-রূপে উপলব্ধ করাইয়া থাকে। যদি নন্দনন্দনের নন্দনত্ব প্রকটিত না হইত, তাহা হইলে জীবের পুরুষাভিমান কিছুতেই বিদূরিত হইত না। পুরুষাভিমানে

প্রাকৃতজনন না হওয়া পর্যন্ত নবদ্বীপবিলাসী শ্রীসনাতন- রূপ- রঘুনাথ- মধুসূদন- জগন্নাথ- গৌরকিশোর বা মহাবৈরাগ্যবান্ শ্রীরায় রামানন্দ-শ্রীভক্তিবিনোদ-সরস্বতীর আনুগত্য হয় না—এই ভক্তিসিদ্ধান্ত-গৌরবাণী একমাত্র আনুগত্য হইলেই উপলব্ধি করিতে পারিব। গোকুলের মহোৎসব, ব্রজেন্দ্রনন্দনের রত্ন চিন্তনরূপ ও গোপীচন্দ্র একমাত্র শ্রীনামের কীর্তন ও অনুস্মরণের মধ্যে অনুস্যূত। শ্রীনামই অপ্রাকৃত কামদেব, পুষ্পবাণ বা মদন। তিনি অনেক স্বরূপে এই প্রপঞ্চে শ্রীগুরুপাদপদ্মে বা আরাধনায় অবতীর্ণ হইয়া জীবের অনাদিবহির্মুখতা বিদূরণ, চিত্তদর্পণ-পরিমার্জন, ভবমহাদাবাগ্নিনির্বাপণ, শ্রেয়ঃকৈরবচন্দ্রিকাবিতরণ, বিদ্যাবধূজীবন, আনন্দাম্বুধিবর্ধন, প্রতিপদে পূর্ণামৃতের আস্বাদন ও সর্বাত্মস্নপন করাইয়া সর্বোৎকর্ষে বিরাজ করেন। শ্রীনামই শ্রীগোবর্ধন, শ্রীনামই শ্রীরাধাকুণ্ডতটে নিজের সর্বাধিকার-প্রদানকারী।

নিত্য আরাধনায় গুরুপরম্পরার স্বরূপের যে জন্ম, সেই জন্মলাভ করিয়া ঐকান্তিক ভজনপথে চলিতে চলিতে সাধনভক্তি পার হওয়া ভাবভক্তি ও তৎপরিপক্বাবস্থায় প্রেমভক্তিলাভের জন্য স্বযূথে বা গোষ্ঠীতে অবস্থানপূর্বক অহৈতুক আশ্রয়বিগ্রহের প্রেমধারা বিষয়-বিগ্রহের সেবাই আমাদের একমাত্র প্রয়োজন। শ্রীল রূপপ্রভু শ্রীভক্তিরসামৃতসিন্ধুতে হরিভক্তিসুধোদয়ের এই অমূল্য উপদেশটী আমাদিগকে জানাইয়াছেন।

যস্য যৎসঙ্গতিঃ পুংসো মণিবৎ
স্যাৎ স তদ্গুণঃ।
স্বকুলর্দ্ধ্যৈ ততো ধীমান্
স্বযূথ্যানেব সংশ্রয়েৎ॥

যে ব্যক্তি যেরূপ সঙ্গ লাভ করে, সে মণির ন্যায় সেই সঙ্গগুণ প্রাপ্ত হয়। অতএব বুদ্ধিমান্ ব্যক্তি স্বকুল-সমৃদ্ধির উদ্দেশ্যে নিজ যূথের আশ্রয় করিবে।

শ্রীরূপ উপদেশামৃতে সর্বোপদেশসার এইরূপ বলিয়াছেন—

তন্নামরূপচরিতাদি-সুকীর্তনানুস্মৃত্যোঃ
ক্রমেণ রসনামনসী নিয়োজ্য।
তিষ্ঠন্ ব্রজে তদনুরাগিজনানুগামী
কালং নয়েদখিলমিত্যুপদেশসারম্॥

গোষ্ঠবাসী অপ্রাকৃত ব্রজবাসিগণ পরম-পরমেশ্বরস্বরূপ। তাঁহাদের সঙ্গে অনুক্ষণ যুক্ত হইয়া অর্থাৎ তদ্বৈষ্ণবানুগম্য-গামিত্ব মনের শ্রবণ-কীর্তনাদি দর্শন-স্পর্শনযুক্ত হইয়া সেই গোষ্ঠে সর্বক্ষণ বাস পূর্বক আমি, মন ও পদে আশ্রয় কুণ্ডতটের গোবর্ধনের সমীপে সেবাতে থাকাই আমাদের নিত্য ধর্ম। কিন্তু এ কলির মহাবদান্য শ্রীনামের অনুশীলনের দ্বারাই আ শ্র য বি গ্র হা নু গ ত্য প্রকাশিত।

"হরে কৃষ্ণ হরে কৃষ্ণ
কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম
রাম রাম হরে হরে।"

—এই মহামন্ত্রে প্রথমে "হরা", মধ্যে "রমা", ও শেষে অন্তিম "হরা" পদের দ্বারা প্রথমে আশ্রয়ানুগত্য, মধ্যে আশ্রয়ানুগত্য ও চরমেও আশ্রয়বিগ্রহানুগত্যের অভ্যাস বা পুনঃ পুনঃ কীর্তন পরিলক্ষিত হয়। আশ্রয়বিগ্রহানুগত্য দ্বারাই আশ্রয়বিগ্রহ-প্রেমধন বিষয়বিগ্রহ লভ্য হন।

"বক্ষে আকাশ আঁকলো ন তাহ" অনুষ্ঠিত হইতেছে—আ সম্যক্ আকারে প্রকাশিত—এই যে সবাই অনন্তলোকী স্বরূপ সংক্রমের নন্দনন্দন গীত হইয়াছে, তাহা মন্ত্রের অর্থাৎ আশ্রয়বিগ্রহের আনুগত্যেই উপলব্ধি করা সম্ভব। সমস্ত শ্রুতিই নন্দনন্দনের গান করিয়াছেন। গোপীগণের সৌভাগ্যাতিশয্য দর্শন করিয়া শ্রুতিগণ গোপীর অনুসরণপূর্বক মহামন্ত্রের আরাধনা-ক্রমে প্রেমবতী গোপীদেহে ব্রজে জন্মগ্রহণ করেন। শ্রুতিগণের সৌভাগ্য আলোচনা করিয়া বেদমাতা গায়ত্রী কামগায়ত্রীরূপে গোপাল-উপাসকের সহিত ব্রজে জন্মগ্রহণ করেন। অতএব আশ্রয়বিগ্রহানুগত্য ব্যতীত কেহই নন্দনন্দনের সেবা লাভ করিতে পারে না। শ্রীব্যাসদেব আশ্রয়বিগ্রহ-সেবাপরা শ্রুতিগণের সঙ্গনকারিগণেও আশ্রয়বিগ্রহানুগত্যলীলার প্রকটকারী। জগদ্গুরুগণ সকলেই আশ্রয়বিগ্রহানুগত্যের লীলা জগতে প্রকাশের জন্য আত্মপ্রকাশ করেন। ইহাতেই তাঁহাদের জগদ্গুরুত্ব।

আমরা শ্রীগুরুগৌরাঙ্গৈকগতি শ্রীভক্তিবিনোদ-ধারায় শ্রীল সরস্বতী প্রভুপাদের আনুগত্যের জন্যই শ্রীব্যাসপূজার অনুষ্ঠান করিতেছি।

শ্রীভক্তিবিনোদ-ধারা যে কখনই লুপ্ত হইবে না ইহা আমরা শ্রীচৈতন্যদেবের হইতে শ্রবণ করিয়াছি। শ্রীচৈতন্য-মহাপ্রভুর সেবক-সম্প্রদায় নিত্য অধোক্ষজের উপাসক—ইহা জানাইবার জন্যই শ্রীধাম নবদ্বীপ শ্রীমায়াপুর যোগপীঠের শ্রীমন্দিরের ভিত্তিস্থাপনকালে শ্রীল প্রভুপাদের প্রকটলীলায় (১৩৩১ সন ৬ই জ্যৈষ্ঠ বুধবার) স্বয়ং অধোক্ষজ চতুর্ভুজ বিষ্ণুমূর্তির আবির্ভাব হয়। আবার তাহার ঠিক তিন বৎসর পরে ও তিন দিন ব্যবধানে লণ্ডন-গৌড়ীয়-মঠের মঠরক্ষক ও শ্রীল প্রভুপাদের প্রাপ্ত শ্রীমন্দির-দ্বারের সেবায় অভিষিক্ত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভুর সম্মুখে শ্রীমন্দির খননকালে স্বয়ং শ্রীবাসুদেবমূর্তি লণ্ডন নগরে কেন্সিংটন্ পল্লীতে আবির্ভূত হন। বৈয়াসকি শ্রীল গুরুদেবের আনুগত্যে আমরা সেই শ্রীবাসুদেব-মহাপ্রভুকে নিত্যকাল প্রণাম করি।

কিরাতহূণান্ধ্রপুলিন্দপুল্কশা আভীরশুম্ভা
যবনাঃ খসাদয়ঃ।
যেঽন্যে চ পাপা যদুপাশ্রয়াশ্রয়াঃ শুধ্যন্তি
তস্মৈ প্রভবিষ্ণবে নমঃ॥
(ভাঃ ২।৪।১৮)

আবার চাতুর্মাস্যব্রত আরম্ভ হইবার কালে গত ৫ই শ্রাবণ বুধবার গুরু-ত্রয়োদশীতে জামনগরে বিরজাতীর্থ সমাগর্ভ হইতে এক অপূর্ব দর্শন সেবাপরী-মূর্তি স্বয়ং আবির্ভূত হইয়াছেন। পরমারাধ্য শ্রীল প্রভুপাদ গতবর্ষে শ্রীপুরুষোত্তম-ব্রত-উদ্‌যাপন-কালে যখন ব্রজমণ্ডলে অবস্থান করিয়া হরিকীর্তন ও শ্রীব্রজধামপ্রচারিণীসভার অধ্যক্ষরূপে ব্রজমণ্ডলে লুপ্ত সেবাসমূহ প্রকাশ করিতেছিলেন, তখন সেবাপরীতে হরিকীর্তন মহোৎসবের জন্য বিশেষ ব্যাকুল হন। ব্রজমণ্ডলের মধ্যে সেবাপরী শ্রীল প্রভুপাদের এক পরম প্রিয় স্থান। এই শ্রীসেবাপরীর কথা তিনি শ্রীল দাস গোস্বামীর স্তবাবলীস্তব হইতে স্বহস্তে লিখিয়া রাখিয়াছেন। সেবাপরীতে যে সমাজ—সর্বস্ব দ্বারা সেবা করিয়াও আশ্রয়বিগ্রহের সেবালোলুপতায় কিরূপ পরাকাষ্ঠা প্রকাশিত হইয়াছে, তাহা শ্রীল প্রভুপাদের স্বকরাঙ্কিত নিম্ন ভজনের এই শ্লোকটী হইতে সাগ্রহী পাঠকগণ উপলব্ধি করিতে পারিবেন।

যত্র শ্রীমজ্জনকজননে কোমলে কোমলাপি
শ্রীরাধেঽকৈশোরসুখকতে সমাধী কৃতাগ্রে
জীবাতুস্যাগবন নাহ ষদাত্ম কার্তিকেহোবাৎ
স শ্রীগোষ্ঠে প্রথয়তু সদা সেবাপরী স্থিতিং নঃ॥

শ্রীল ভক্তিবিনোদগৌরবাণীর এই সকল কথা ভাবপ্রবণতা নহে। অঘটন-ঘটনপটীয়ান্ শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধর শ্রীস্বরূপ-রূপ-রঘুনাথ-ভক্তিবিনোদ-গৌর সরস্বতীর গোষ্ঠে আমাদিগকে স্থিতি দানের জন্যই এই সকল কথার নিদর্শন প্রকাশ করিতেছেন। আমাদিগকে নিরন্তর অভয় প্রদান করিয়া বলিতেছেন—এক্ষণেরে পথে বক-বক-পূতনা ও অরিষ্টাদির বিভীষিকা উপস্থিত হইলেও বিন্দুমাত্রও সত্য হইতে ভ্রষ্ট হইতে হইবে না। কৃষ্ণভক্তের ভক্তগণের বিনাশ নাই। ভক্তি বিনোদ-গৌরসরস্বতীর পাদপদ্মে সর্বদা দৃঢ়রূপে সংশ্লিষ্ট থাকিলে তাহার কখনও চ্যুতি নাই। শ্রীল প্রভুপাদ আমাদিগকে আরও জানাইয়াছেন—শ্রীবার্ষভানবী লোক-গঞ্জনার ভয়ে কৃষ্ণসেবা পরিত্যাগ করেন না। আমরা আশ্রয়বিগ্রহের সেই আদর্শ অনুসরণ ব্যতীত অন্য পথে চলিব না, আশ্রয়বিগ্রহের পাদপদ্ম ছাড়া আর কিছুই জানিব না, আশ্রয়বিগ্রহের পাদপদ্মের সংশ্লিষ্ট নিত্য-যুক্ত হওয়া ব্যতীত অন্য কোন উচ্চ আকাঙ্ক্ষা হৃদয়ে পোষণ ক'রব না—ইহাই একমাত্র সর্বোচ্চ আকাঙ্ক্ষা। অখিল-রসামৃত-মূর্তি প্রেষ্ঠালিগণকে আকর্ষণ করিয়া তাঁহাদের দ্বারা আকৃষ্ট ও তাঁহাদের করতলগত হন। অতএব আমরা আশ্রয়বিগ্রহ শ্রীগুরুপাদপদ্মের সেবাই আমাদের জীবনে-মরণে সর্বস্ব জানিব। শ্রীরূপানুগবর শ্রীল রঘুনাথের এই উপদেশ আমাদের হৃদয়ফলকে নিত্য অঙ্কিত থাকুক

যদীচ্ছেরাবাসং ব্রজভুবি সরাগং প্রতিজনু-
র্যুবদ্বন্দ্বং তচ্চেৎ পরিচরিতুমারাদভিলষেঃ।
স্বরূপং শ্রীরূপং সগণমিহ তস্যাগ্রজমপি
স্ফুটং প্রেম্ণা নিত্যং স্মর নম তদা
ত্বং শৃণু মনঃ।

সর্বজীবারাধ্যচরণ শ্রীশ্রীজীব প্রভুর উপদেশ ক্ষুদ্র জীব আমাদের অনুসরণীয় হউক। আমরা আশ্রয়সমাশ্লিষ্ট বিষয়-বিগ্রহেরই সেবার আদর করিব। আশ্রয়-সেবা-বিরহিত বা পৃথক্ বঞ্চিত কিম্বা গুরুপাদপদ্মে গুরুবৈষ্ণব-চেষ্টাসংশ্লিষ্ট বিষয়-সেবায় দাম্ভিকতা বা জড় বিষয়ে কিম্বা জড় বিষয়ের ভোগ ও ত্যাগের অভিনিবেশকে ভজনসেবা বলিয়া বিবর্তগ্রস্ত হইব না। শ্রীশ্রীজীবপ্রভু কৃপা করিয়া ক্ষুদ্রজীবকে আশ্রয়সমাশ্লিষ্ট বিষয়-বিগ্রহের সেবার অধিকার প্রদান করুন।

গৌরশ্যামরুচোজ্জ্বলাভিরমলৈরক্ষ্ণো-
র্বিলাসোৎসবৈ-
র্নৃত্যন্তীভিরশেষমাদনকলা
বৈদগ্ধ্যদিগ্ধাভিঃ।
অঙ্গোর্দ্ধ্বপ্রবাহ-সুধা-পরিমলস্তোমোন্মাদিতঃ
সদা
রাধামাধব-মাধুরীভিরভিতশ্চিত্তং
সমাক্রম্যতাম্॥

উপসংহারে আমি পদনমীতভাবে শ্রীনিত্যানন্দের অমায়ায় কৃপা যাচ্ঞা করিতেছি। সকল জীবের প্রতি শ্রীস্বরূপ-সনাতন-রূপরঘুনাথ-কৃষ্ণদাস-নরোত্তম-বিশ্বনাথ-ভক্তিবিনোদ-গৌরকিশোর-সরস্বতীর কৃপা-বৃষ্টি প্রার্থনা করিতেছি। শ্রীগুরুবৈষ্ণবগণ আমাকে অমায়ায় কৃপা করুন। শ্রীগুরু-পাদপদ্মের পূজায় নিরত, শ্রীগুরুপাদপদ্মের চিন্ময়দাস, শ্রীগুরুপাদপদ্মের অসমোর্ধ্ব প্রাণ তাঁর সর্বক্ষণ আন্তরিক করিতে করিতে তাঁহার 'বাণী-সঙ্কীর্তন-যজ্ঞে যেন এই জীবন আহুতি প্রদান করিতে পারি।

এমন নিতাই বিনা কেবা দয়া করে।
একলা নিত্যানন্দ বিনা কেবা তারাবে॥
সংসারের পার হৈয়া ভক্তির সাগরে।
যে ডুবিবে সে ভজুক নিতাইচাঁদেরে॥
সর্ব বৈষ্ণবের পায়ে মোর নমস্কার।
ইথে কোন অপরাধ না হৌক আমার॥

শ্রীরূপানুগজনকিঙ্কর—
শ্রীঅনন্তবাসুদেব দাস

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্নাজিপ্রচারকবৃন্দ 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, প্রাত্যহিক চৈতন্য-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ সনাতন? রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত-ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক—শ্রীব্রজেশগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অদ্ভুতকৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগদানন্দদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীমিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীমারায়ণ? ঠাকুর বৃন্দাবনের স্থান
রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
রক্ষক—শ্রীমদনার্জ্জুনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নদেব-গৌড়ীয়মঠালয়
রক্ষক—শ্রীসনাতন ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌরপুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
রাতুপুর—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কৃষ্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)
রক্ষক—শ্রীমদনাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)
রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়
রক্ষক—শ্রীকুঞ্জবিহারী মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) সারস্বতগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসদানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা
রক্ষক—শ্রীব্রজলাল ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
রক্ষক—শ্রীঅভিরাম ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ
রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীমদ্ভক্তি ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
অকল্যান্ড? দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ
পোঃ চরিবাব, জিঃ সাহারানপুর, ইউ, পি
রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ
পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার
রক্ষক—শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ
৩২নং কবিরপুরা, বেনারস সিটি
রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)
রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক—শ্রীসজ্জন ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী
রক্ষক—ভক্ত শ্রীকৌশিক?

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা মথুরা।
রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেনারী,
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ
৮৩নং ন্যুমান রোড, নিউ দিল্লী
রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কম্বালাহিল
বিন ডিং বোম্বে ৭
রক্ষক—শ্রীঅভিরাম ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা
রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ কভূর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক—শ্রীসদাশিব দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী
রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ
বাঁশপাড়া, পোঃ কটক (উড়িষ্যা)
রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ
রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
রক্ষক—শ্রীজগবান্দাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ
ব্রাহ্মণপাড়া, পোঃ বাঙ্কু (বাঁকুড়া)
রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ
ভুলুংগুলা, পোঃ চিরুগুলা, (মানভূম)
রক্ষক—শ্রীরমানাথ সেবক অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়
১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।
রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, ক্যাডোগান? রোড
ক্লাপহাম, লণ্ডন, ই ৫
রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ-গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়
রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রেমানন্দ? চক্রবর্ত্তী প্রত্নবিজ্ঞানভূষণ সম্পাদিত
[illegible] কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২০শে সেপ্টেম্বর, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬৷৹
রাজা চাল	৫৸৹
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷৹
বাঁকতুলসী	৫৷৹
ঝুনঝা নূতন	৪৶৹
ঐ পুরাতন	৫৲
লতাবেত কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেগুন	৩৸৶৹

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷৹
দেশোয়ালী	১০৲-১০৷৹
বাঁকতুলসী আতপ	৫৷৹-৫৷৶
ঐ বালাম	৫৲-৫৶৹
পাটনাই আতপ	৫৷৹-৫৷৹
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৶৹

চিনির দর

কোটন, চাঁদপ	১০৸৶৹
চিনুর ১০০০ নং	১০৶৹
গয়েরো দানা	৯৷৹
নলপুর দানা	৮৷৹—৯৶৹
মানপুর দান	৭৸৶৹—৮৲

সোনা-রূপারদর।

	প্রতি ভরি
গিনির বার	৩৩৷৹
ভেসেন	২২৲
চাদিবার	৫২৷৹

পাটের দর

বাগজে—	৪০৸৹
বিলক—	৪০৸৹
জিতক—	৪১৷৹
বাজার বরের দর—	৪১৲

আটা ও ময়দার দর

পাটনাই ময়দা প্রতি মণ	৬৷৹—৬৷৶৹
গাংকারীর ঐ	৬৲—৬৶৹
বাঁকনোড ঐ	৫৸৶৹—৫৸৹
সুজী	৬৲—৬৶৹
আটা (বি)	৫৸৹—৫৸৶৹
সুজী নং (২	৫৶৹—৫৸৶৹
সুজি (এস)	৫৲—৫৷৹
আটা (বে)	৪৸৹—৪৸৶৹
আটা নং (৩)	২৷৹—২৸৶৹
সাপাটি	১৪৶৹—১৪৸৹
ভূসি	১৪৶৹—১৪৶৹

ঘৃতের দর

	৫৭৲
দানাদার	৫৭৲
ভুক্তভাবী	৫০৲
জী	

পাঞ্জাব	৪৬৷৹
তার	৫৬৲
কাবুলে	৩৬৲
বাঁকা দানা	৪১৸৹

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	১০৶৹—১১৶
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷৹
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৷৶
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৶৹
বরগা (টি আয়রণ)	৮৷৹—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৸৶৹—৮৸৹
টাটা গ্যাঃ করগেট-টিন।	।৶৹
২৪ গেজ—	১৪৷৹
২৬ গেজ—	১৬৷৹
২৮ গেজ—	১৫৷৹

টাটা গ্যাঃ প্লেন শীট।

২৪ গেজ—	১৪৸৶৹
২৬ গেজ—	১৬৷৶৹
২৮ গেজ—	১৩৸৶৹

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸৹
২৬ গেজ—	১৪৸৹

গ্যাঃ বাটকা ২৪—৩০ গেজ

শীট	।৶১০—৸৶৹
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
প্লেট কাটিং বা চিট কাটা মণ	৩৷৹—

গাড়ি কাটিং ৩—৯ ফুট লম্বা ৬৷৹—৬৷৹ হন্দর

গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷৹—১০৷৹
টিন পাতি, বোল্টু নবাবে	৮৲—৯৲

গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের

রড ৮৸৹—১১৷৹

ঢুঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

টকনের হাসফণ ৫৶৹, পাটের হাসফণ ৬৷৹

তুলার হাসফণ ৪৷৹

ভুক্তের দর

কলিকাতা ২৬শে জুন,

আবেন সোনার কাইন	৫৪
সিটি ন আবেন কগজ	৮০৲
করাচি ঘূরণির কাইন	৪৩৲
চাবার্ণ ভাবা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মশলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
পাকল সাগু	৮৷৹
সুপারী দেশী	১৬৷৹—১৭৲
কাটা সুপারী	১৫৷৹—১১৷৹
ভাটী খরিকল	১৫৷৹—১৭৷৹
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷৹

জ্যোতিষ কুমার অধিকারী

এণ্ড সন্স্ লিঃ

৬-২ ফরান্না খাট লোয়ার‍্যগ্রী, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম-মায়াপুর

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

… উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা আছে। খোরাক ও শেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় সম্মান প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের অসাধারণ সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীধাম, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৩৩
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—৩৪
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৩৫	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-৯	১৮-৩৯
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠভূষণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় এই পাচন ব্যবহারে … একবার সেবন করিয়া দেখুন … মূল্য ছোট বোতল ৮৶০ আনা, বড় বোতল ১৶০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং … রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৶০	।৶০	
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	
সিকিকলম	৫৲	৪৲	৪৲	
অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	
এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৩৲
" সিকি কলম ১৫৲
" অর্দ্ধকলম ২৫৲
" এক কলম ৩৫৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)
ষাণ্মাসিক "
ত্রৈমাসিক "
মাসিক "
প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডেই ৩৫টী অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংক্ষিপ্ত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—সম্পাদক গৌড়ীয়মঠ, মায়াপুর ক্ষেত্র; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা - নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ৬৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়

১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্তী

বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া ... ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজী পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া ... ১৬।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীমন্মহাপ্রভুর পরিত্যক্ত
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈকু-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসেসূত্রাবলি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈ নি ক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG NO C 1544

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের অন্তাতিক
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র সমাদৃত-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১১ই আশ্বিন, ১৩৪৪, ২৭শে সেপ্টেম্বর, ১৯৩৭, সোমবার [সংখ্যা ১৭৮]

বিবিধ সংবাদ

—(০(১০১)০)—

চাঁনকিং ও ক্যান্টনে জাপানীদের বীভৎস হত্যালীলা

গত ২৩শে সেপ্টেম্বর প্রভাতে ক্যান্টনে জাপানী বিমানসমূহ পনর মিনিটের মধ্যে অসংখ্যক বোমা নিক্ষেপ করে। সতটি জাপানী বিমান কয়েকটী যোদ্ধ বিমানের সহযোগে এই আক্রমণ চালায়। চীনা যোদ্ধ-বিমানসমূহ জাপানী বিমানগুলিকে আক্রমণ করে, কিন্তু উহাদের ধ্বংসকার্য্য নিবারণ করিতে অসমর্থ হয়।

অপেক্ষাকৃত দুঃস্থ অধিবাসীদের এলাকায় বাজার পর রাস্তা সম্পূর্ণ ছিন্নভিন্ন হইয়া যায় মাছিমারার শিরাক ক্ষেত্রে যেরূপ মৃত হইয়া মাছি পড়িয়া থাকে সেইরূপ কাতারে কাতারে বিকৃতাঙ্গ মৃতদেহসমূহ ইতস্ততঃ পড়িয়া থাকে। চতুর্দ্দিকে অবর্ণনীয় বিশৃঙ্খলা বিরাজমান থাকে—শত শত স্ত্রীলোক কাঁদিতে কাঁদিতে ধ্বংসাবশেষের মধ্যে প্রিয়জনের মৃতদেহের অনুসন্ধান করিতে থাকে। এক বিভীষিকাময় দৃশ্য দেখিয়া বহু লোকের মস্তিষ্কবিকৃতি ঘটিয়াছে।

জেনারেল চিয়াং কাইসেক ও মাদাম চিয়াং কাইসেক এখনও নানকিং-এ আছেন। জনসাধারণের উৎসাহ অটুট রহিয়াছে।

মিঃ জনসন তাঁহার নিজের সম্বন্ধে বলেন, দূতাবাস ছাড়িয়া যাওয়ার সিদ্ধান্ত সম্পূর্ণ রূপেই আমার নিজের এবং দূতাবাসে ফিরিয়া আসার সিদ্ধান্তও আমারই। নানকিং ধ্বংস না হইলে নানকিং হইতে শুধু জোর করিয়া সরাইয়া লইবার ইচ্ছা আমাদের কোনদিনই ছিল না।

—

এম-এ ও এম এস্-সি পরীক্ষার ফল

এই বৎসর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এম, এ এবং এম, এস সি, পরীক্ষায় মোট ৪৩৯ জন ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হইয়াছেন, তন্মধ্যে এম- এ পরীক্ষায় ৩৩১ জন এম এস্-সি পরীক্ষায় ১০৩ জন। গত বৎসর (১৯৩৬ সাল) উক্ত পরীক্ষায় মোট ৪১৮ জন ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হইয়াছিলেন, তন্মধ্যে এম-এ পরীক্ষায় ৩২০ জন এবং এম, এস্-সি, পরীক্ষায় ৯৮ জন. উত্তীর্ণ হইয়াছিলেন। এই বৎসর এম-এ, পরীক্ষায় উত্তীর্ণের হার শতকরা ৭৩.৭, এবং এম এস্-সি পরীক্ষায় উত্তীর্ণের হার শতকরা ৮৩। যতদূর জানিতে পারা গিয়াছে, এই বৎসর উক্ত পরীক্ষায় মোট ১৬ জন ছাত্রী উত্তীর্ণা হইয়াছেন; তন্মধ্যে মাত্র ১ জন এম, এস্-সিতে উত্তীর্ণা হইয়াছেন। পূর্ব্ব বৎসর উক্ত পরীক্ষায় মোট ১০ জন ছাত্রী উত্তীর্ণা হন, উহার মধ্যে ২ জন এম, এস-সিতে উত্তীর্ণা হইয়াছিলেন। পূর্ব্ব বৎসরের মত এই বৎসরও মাত্র ১ জন ছাত্রী এম এ, পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণা হইয়াছেন। তাঁহার নাম- শ্রীমতী আশালতা দত্ত, তিনি বাঙ্গলায় প্রথম শ্রেণীর চতুর্থ স্থান অধিকার করিয়াছেন। গত বৎসরের মত এবৎসরও কোন ছাত্রীই এম, এস-সিতে প্রথম শ্রেণীতে উত্তীর্ণা হন নাই।

এই বৎসর মোট ৪৫৯ জন এম-এ পরীক্ষা দেন, ৩৩৩ জন উত্তীর্ণ হন; তন্মধ্যে প্রথম শ্রেণীতে ৩৩ জন, দ্বিতীয় শ্রেণীতে ১৮৭জন এবং তৃতীয় শ্রেণীতে ১৩৩ জন উত্তীর্ণ হন। মোট ১৭৫ জন এম, এস্-সি, পরীক্ষা দেন এবং ১০৩ জন উত্তীর্ণ হন। তন্মধ্যে ২৯ জন প্রথম শ্রেণীতে, ৫৩ জন দ্বিতীয় শ্রেণীতে এবং ২৪ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হন।

ভারত গবর্ণমেণ্টের বার শত কোটি টাকার উপর ঋণ

বিলাতে ও ভারতে ভারত গবর্ণমেণ্টের মোট দেনার পরিমাণ—১২০৮ কোটি ৬১ লক্ষ টাকা।

এই টাকা কি ভাবে খাটান হইয়াছে বা রাখা হইয়াছে তাহা নিম্নে প্রদত্ত হইল:—

রেলওয়ে—৭৫২ কোটি ২১ লক্ষ, ব্যবসায় প্রতিষ্ঠান হিসাবে পরিচালিত হয় এমন অন্যান্য বিভাগ ১০ কোটি [illegible] —বিভিন্ন প্রাদেশিক গবর্ণমেণ্টের নিকট পাওনা—১৮৬ কোটি ৪৮ লক্ষ, দেশীয় রাজ্যগুলিতে প্রদত্ত সুদী ঋণ ইত্যাদি—২০ কোটি ৮৯ লক্ষ ও অন্যান্য দফার পাওনা—২০৪ কোটি ৯৩ লক্ষ, ট্রেজারীতে রক্ষিত নগদ টাকা, সোনা রূপা ও সিকিউরিটি—১৯ কোটি ৩৭ লক্ষ টাকা। মোট ১২০৮ কোটি ৬১ লক্ষ টাকা।

—

৩টি শিশুর জীবন্ত সমাধি

'শাহ জানবাজ' সংবাদপত্রের এক সংবাদে প্রকাশ যে, নবপ্রধান জিলার শাদোয়ান গ্রামে একটি বাড়ির স্তূপ ধ্বসিয়া পড়ায় একটি বাড়ী ভূমিসাৎ হয়। ফলে ঐ বাড়ীর তিনটী শিশুর জীবন্ত সমাধি হয় এবং তাহাদের মাতা গুরুতরভাবে আহত হয়। পর্ব্বতঃদিকে প্রবল বৃষ্টি হওয়ার পর মাটির স্তূপটি ধ্বসিয়া পড়িয়াছিল। ঐ নবপ্রধানেও বিশেষ ক্ষতি হইয়াছে এবং কয়েকটী গবাদি পশুও মারা গিয়াছে।

মুঙ্গীগঞ্জে বৈদ্যুতিক আলো

মুন্সীগঞ্জ সহরে বৈদ্যুতিক আলো সরবরাহের জন্য সকল বন্দোবস্ত সম্পূর্ণ হইয়া গিয়াছে এবং একজনেরে বালীর

ভারতের সাধারণ ভাষা

নিখিল ভারত হিন্দী প্রচার সমিতির সেক্রেটারী কাকা কালেলকার, মজঃফরপুর হইতে ফিরিবার পথে পাটনায় আসিয়াছিলেন। মজঃফরপুরে তিনি 'নবযুবক সমিতির' রজত-জুবিলি উৎসবে সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। সেখানে তাঁহার সহিত পাটনার কয়েকজন বিশিষ্ট ব্যক্তির সাক্ষাৎ হয়। ভারতের সাধারণ ভাষা-সমস্যা সম্পর্কে তাঁহাদের সহিত তাঁহার অবাধ আলোচনা হইয়াছিল। কাকা কালেলকর বলেন,—হিন্দী অভিধানে যে সকল আরবী ও পার্শী শব্দ দেখা যায় এবং উর্দু অভিধানে আরবী ও পার্শী শব্দ ব্যতীত আর যে শব্দ দৃষ্ট হয়, ঐ সকল শব্দ সংগ্রহ করিয়া সে গুলিকে স্কুলের প্রাথমিক পাঠ্য-পুস্তকে সন্নিবিষ্ট করিলে ভাষা-সমস্যা দূর হইতে পারে।

আলোচনাকালে ইহা সুস্পষ্ট হয় যে, সাধারণ ভাষা স্থির হইলে উর্দু বা হিন্দীর নিজস্ব ধারা নষ্ট হইবে না।

—

রাজসাহী কলেজ খুলিল

গত ২২শে সেপ্টেম্বর রাজসাহী কলেজ খুলিয়াছে, কিন্তু কোন হিন্দু বোর্ডার হোষ্টেলে ফিরিয়া আসে নাই। যে সকল হিন্দু ছাত্র নিউ হিন্দু হোষ্টেলে থাকিত, তাহারা শ্রীযুক্ত কিশোরীমোহন চৌধুরীর অভিভাবকত্বে একটি বাড়ীতে বাস করিতেছে।

একটি কোম্পানীর সহিত মুন্সীগঞ্জ ইউনিয়ন বোর্ডের এক চুক্তি হইয়াছে। রাস্তায় ৫০টি বিজলী বাতি দেওয়া হইবে এবং ইহার জন্য ইউনিয়ন বোর্ডকে প্রত্যেকটী আলোর জন্য মাসিক দুইটাকা চারিআনা করিয়া দিতে হইবে।

৫

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ—
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। বাবণ-আসবর ৷০
১৯ ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০ গোড়ায়-গোলদ ৷৶০
২১ গৌড়ীয়-পাশ্চাত্য ৷৶০
২২ ভজন-রহস্য ৷০
২৩ শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪ গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬ গীতার কেবল মাত্র ভাষা ৷০
২৭ মুক্তিফলিকা গণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮ বেদান্তস্যমন্তক (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵০
৪৬। অর্চ্চনকল্প ৵০
৪৭। সদাচারবৃত্তিঃ ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। সদ্গুরুভাষণী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণবিজয় ৶০
৫৯। শিক্ষাষ্টকদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিদ্বিষঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। স্তবস্তবম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। মায়াবাদবর্জনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ কিউ আর্ট স অব বেদান্ত ৷০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অণ্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনয়ালয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অসম্পূর্ণ) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৵১০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ৫ ভিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। বৈদ্যবাটী শ্রীগৌরানন্দমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক সচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

———:০:———

নির্ব্বিশেষ শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-সর্ব্বস্ব প্রথমখণ্ড ডবল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৬০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শ বর্ষ { ৭ পদ্মনাভ গৌরাব্দ ৪৫১, ১১ই আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৪, ২৭শে সেপ্টেম্বর ইং ১৯৩৭, সোমবার } ১৭৮তম সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

:::o:::———

শ্রীকৃষ্ণচৈতন্যমঠে শ্রীশ্রীরাধাষ্টমী ও শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের প্রকটোৎসব

গত ২৮শে ভাদ্র ... শ্রীকৃষ্ণচৈতন্যমঠে শ্রীশ্রীরাধাষ্টমী মহোৎসব মহাসমারোহে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে শ্রীগুরুবন্দনা, বৈষ্ণব, পঞ্চতত্ত্ব, মহাজনপদাবলী ও শ্রীরাধাষ্টক 'গীতাবলী' হইতে কীর্ত্তন হয়। মধ্যাহ্নে শ্রীবৃষভানুনন্দিনীর জন্মাখ্যান পাঠ হয়। মধ্যাহ্নে ভোগারাত্রিকের পর উপস্থিত সকলকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ শ্রীমদ্ভাগবত হইতে শ্রীকৃষ্ণের প্রতি শ্রীবৃষভানুনন্দিনীর স্তব পাঠ করেন

গত ২রা আশ্বিন শ্রীমঠে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের প্রকটোৎসব মহাসমারোহে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে শ্রীবিগ্রহের অপূর্ব্ব শৃঙ্গার হইয়াছিল। প্রাতঃ ৮টার সময় শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ হয়। দ্বিপ্রহরে সমাগত সজ্জনবৃন্দকে নানাবিধ বিচিত্র শ্রীমহাপ্রসাদ বিতরণ করা হয়। অপরাহ্ণে শ্রীপাদ আশ্রম মহারাজ ঠাকুরের অভিমর্ত্ত্য জীবনী সমাগত ভক্তবৃন্দের নিকট কীর্ত্তন করেন।

———

এলাহাবাদমঠে শ্রীগুরুপূজা-মহোৎসব

গত ১০ই সেপ্টেম্বর ২৫শে ভাদ্র বৃহস্পতিবার শ্রীএলাহাবাদমঠে শ্রীগুরুপূজা মহোৎসব বিশেষ সমারোহের সহিত অনুষ্ঠিত হইয়াছে। স্থানীয় গৃহস্থ এবং মঠবাসী ভক্তবৃন্দ শ্রদ্ধাসহকারে বর্ত্তমান শ্রীগৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যপাদের শ্রীচরণে সচন্দন-পুষ্পাঞ্জলি প্রদান করিয়াছেন। শ্রীল আচার্য্যদেবের আলেখ্য উচ্চাসনোপরি স্থাপন করিয়া মূল্যবান্ বস্ত্র, সুগন্ধিপুষ্প ও পতাকাদি দ্বারা উত্তমরূপে সজ্জিত করা হয়। মঙ্গলারাত্রিকের পর শ্রীগুরুবৈষ্ণব-বন্দনান্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়। পরে শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীপাদ কৃপাসিন্ধু প্রভু 'শ্রীব্যাসপূজা-প্রসঙ্গ' পাঠ করেন এবং শ্রীনদীয়াপ্রকাশ হইতে "শ্রীগুরুপূজা" প্রবন্ধটী পাঠ করিয়া শ্রীগুরুপূজা বা শ্রীব্যাসপূজা-ব্যাখ্যা প্রভৃতি অবধান কীর্ত্তন করেন। ভোগারাত্রিক অন্তে সকলকে মিষ্টান্ন-প্রসাদ বিতরণ করা হয়। এই উৎসবোপলক্ষে শ্রীপাদ কৃপাসিন্ধু প্রভু প্রমুখ গৃহস্থ-ভক্তগণের সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়।

———

পাবনা শ্রীগৌড়ীয়মঠে

শ্রীচৈতন্যমঠের শাখা পাবনা শ্রীগৌড়ীয়মঠে গত ১০।৯।৩৭ তারিখে বর্ত্তমান জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীশ্রীআবির্ভাব তিথি বিশেষভাবে পালিত হয়।

এতদুপলক্ষে প্রাতে মঙ্গলারাত্রিকান্তে শ্রীগুরুবন্দনা, শ্রীগুরুপরম্পরা ও বৈষ্ণবে শরণাগতিমূলক গীতসমূহ কীর্ত্তন করা হয়; কীর্ত্তনান্তে শ্রীপাদ পতিতপাবনব্রহ্মচারী, ভাগবতাধিকারী শ্রীচৈতন্যভাগবত পারায়ণ আরম্ভ করেন। বেলা ১০ ঘটিকায় বহুমূল্য বস্ত্রমণ্ডিত সুউচ্চ আসনে শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীআলেখ্য স্থাপনপূর্ব্বক নানাবিধ সুগন্ধি পুষ্পমাল্যাদি দ্বারা উহা সুসজ্জিত করা হয়। অতঃপর নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল প্রভুপাদের, শ্রীমন্মহাপ্রভুর ও শ্রীশ্রীরাধাগোবিন্দের শ্রীবিগ্রহগণকে পুষ্পমাল্যাদি দ্বারা সজ্জিত হইলে সকলে শ্রীশ্রীআচার্য্যবন্দনা-কীর্ত্তনমুখে শ্রীশ্রীআচার্য্য-পাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করেন। তাহার পর ভোগারাত্রিক কীর্ত্তনান্তে গুরুবন্দনা ও প্রার্থনামূলক গীতি কীর্ত্তন করেন

সন্ধ্যা ৭টায়—শ্রীচৈতন্যভাগবত-পারায়ণ সমাপনান্তে সন্ধ্যারাত্রিক হয়, অতঃপর উক্ত ভাগবতাধিকারীজী—শ্রীগৌড়ীয় ১৬শ বর্ষ ৬ষ্ঠ সংখ্যা হইতে "শ্রীশ্রীআচার্য্যাবির্ভাব"-সম্বন্ধে পাঠ ও হিন্দীভাষায় ব্যাখ্যা করেন পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করা হয়। কীর্ত্তনান্তে সমাগত শ্রদ্ধাবান্ শ্রোতৃবর্গকে বিচিত্র মহাপ্রসাদ প্রদান করা হয়।

শ্রীব্রহ্মগৌড়ীয়মঠে মহোৎসব

আলালনাথ শ্রীব্রহ্মগৌড়ীয়মঠে শ্রীকৃষ্ণজন্মাষ্টমী, শ্রীনন্দোৎসব ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ-প্রকটোৎসব বিশেষ সমারোহে অনুষ্ঠিত হইয়াছে। প্রত্যেক উৎসব দিবসেই শ্রীমঠে মঙ্গলারাত্রিকের পর হইতে শ্রীগুরুবৈষ্ণববন্দনা ও মহাজনপদাবলী কীর্ত্তন, পাঠ ও ব্যাখ্যামুখে শ্রীকৃষ্ণকথা আলোচিত হয় মহোৎসব-দিবসে কীর্ত্তনমুখে বহু ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। এই সংবাদপত্রে মঠবাসী সেবকগণের সেবাচেষ্টা প্রশংসনীয়।

———

গত ১২ই সেপ্টেম্বর তারিখের বম্বে "ঐ India" নামক সুপ্রসিদ্ধ সংবাদপত্রে লণ্ডনে গৌড়ীয়-মিশনের প্রচারক শ্রী অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভুর নিকট বহুমানপ্রযুক্ত শ্রীগুরুদেব-বিগ্রহের আলেখ্য, তাঁহার প্রকাশ-বিবরণ এবং করে শ্রীগুরুদেব-মূর্ত্তি ধারণ করিয়া শ্রীপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভুর আলেখ্য প্রকাশিত হইয়াছে।

দাম্পত্য কি সুখের মূল?

(৩য় পৃষ্ঠার পর)

বহু ছলনায় উদ্ভাবন[illegible] প্রতিজ্ঞা-দাম্পত্যের জন্যকে উদ্বেলিত করিয়া তুলে। কিন্তু [illegible] অবশেষে [illegible] করিয়া মনের ক্ষোভ মিটাইতে হয়। [illegible] অশোক [illegible] বিষয় [illegible] একমাত্র উপায়। 'নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়।"

ভক্ত কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে ভক্তরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী
গোস্বামি-ঠাকুর-প্রবর্ত্তিত

দৈনিক নদীয়া-প্রকাশ

পরমার্থ সর্বাশিব সংবর্দ্ধন গৌরাব্দ ৪৪১

গুরুদাস*

(ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর)

স্বভাবে শান্ত, বিনীত, প্রিয়দর্শন, সত্যবাদী, শুদ্ধাচারী, মহাবুদ্ধিমান, দম্ভহীন, কামক্রোধশূন্য, গুরুভক্তিবিশিষ্ট, সর্বকাল কায়মনোবাক্যে ভগবৎ-সেবাতৎপর, রোগবর্জ্জিত, নিষ্পাপ, শ্রদ্ধাবিশিষ্ট, হরিগুরুপূজাপরায়ণ, জিতেন্দ্রিয়, দয়াবিশিষ্ট ও যুবকই গুরুদাস হইবার যোগ্য পাত্র। অভিমানশূন্য, নির্মৎসর, আলস্যরহিত, অন্য বস্তুতে মমতাহীন, গুরুতে দৃঢ় নিষ্ঠা-বিশিষ্ট, বৎসরবাসী, গুরুসেবাপর, অচঞ্চল, তত্ত্বজিজ্ঞাসু অগিনণের দোষের অদ্রষ্টা, অপ্রজল্পী ব্যক্তিও গুরুদাস হইতে পারেন।

অলস, মলিন, বৃথা কষ্টকারী, অহঙ্কারী, মূঢ়, পরস্ত্রীসেবী, মৎসরতাবিশিষ্ট, বঞ্চক, কটুবাক্, অন্যায়রূপে ধনোপার্জ্জক, পরদাররত, ভক্তিবিদ্বেষী, আপনাকে পণ্ডিত বলিয়া অভিমানী, শঠ, অন্যের দোষ সূচনাকারী, পরক্লেশদায়ক, বহু ভোজনকারী, ক্রূরকর্মা, দুরাত্মা, নিন্দিত, পাপিষ্ঠ, নরাধম, কুকার্য্য হইতে অনিবৃত্ত এবং গুরু-শাসন গ্রহণে অসমর্থ ব্যক্তিকে শ্রীগুরুদেব দীক্ষা দান দিবেন না। জৈমিনী, সুগত, নাস্তিক, নগ্ন, কপিল, গৌতম এই ছয় হেতুবাদীর আশ্রিত ব্যক্তি গুরুদাস হইতে পারেন না।

গুরুদাসের কর্ত্তব্য অনেক হইলেও সাধারণতঃ সংক্ষেপে বর্ণিত হইতেছে। প্রতিদিন গুরুর জলদন্তধাবন, ধূপ, পুষ্প যজ্ঞীয় কাষ্ঠ আহরণ, গুরু-শরীর মার্জ্জন, চন্দন লেপন, গৃহমার্জ্জন, বস্ত্র প্রক্ষালন, গুরুর প্রিয় ও হিতকর কার্য্যানুষ্ঠান করিবে। গুরু-সমীপে পাদপ্রসারণ, অনুমতি ব্যতীত অন্যত্র গমন, আস্ফালন, উচ্চবাক্য, গুরুর নামোচ্চারণ, গুরুর গমন, বচন ও ক্রিয়ার অনুকরণ নিষিদ্ধ। গুরুর গুরুকে গুরুর ন্যায় ব্যবহার করিবে। গুরুর অনুমতি লইয়া পিতামাতার সম্ভাষণ করিবে। সর্বত্রই গুরুদর্শনে ভূমিষ্ঠ হইয়া দণ্ডবৎ প্রণাম করিবে। গুরুর বাক্য, আসন, যান, পাদুকা বস্ত্র ও ছায়া গুরুদাসের লঙ্ঘন নিষেধ। গুরু-সমীপে পৃথক্ পূজা করিবে না। আমি যাহা গুরুও তাহা এরূপ অহঙ্কার দেখান নিষেধ। গুরুদেবকে কোন আদেশ করিবে না এবং তাঁহার আদেশ লঙ্ঘন করিবে না। গুরুকে নিবেদন না করিয়া কোন বস্তু গ্রহণ করিবে না। তাঁহার কোন দ্রব্য ভোজন করিবে না। তাঁহার আগমনে উঠিয়া দাঁড়াইবে, তাঁহার অনুগমন করিবে, তাঁহার শয্যায় উপবেশন করিবে না। গুরুর তাড়না ও ভর্ৎসনায় তাঁহাকে অবহেলা, অপ্রিয় বাক্য বলিবে না। প্রত্যহ প্রীতিজনক মনোহর অন্নপানাদি বস্ত্র গুরুকে সমর্পণ করিয়া তাঁহার উচ্ছিষ্ট গ্রহণ করিবে। কর্ম্ম, মনঃ, বাক্য, প্রাণ ও ধন দ্বারা গুরুর প্রিয় কার্য্য সাধন করিবে। গুরুসেবা না করিয়া মন্ত্র গ্রহণ করিবে না। শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিতে যে অনুষ্ঠান সমস্ত সেই অপ্রাকৃত দীক্ষা গ্রহণ করিবে। ভগবদ্বুদ্ধিতে গুরুকে প্রণাম, সর্ব্ব সম্পত্তি ও নিজদেহ দক্ষিণা-স্বরূপ গুরুকে সমর্পণ করিবে। সেব্য ভগবান্ কৃষ্ণ গুরু-শরীরে অবস্থিত জানিবে। গুরুনিন্দকের সহিত বাক্যালাপ ও সঙ্গ করিবে না। মৎস্য, মাংস, শূকর, কচ্ছপ ভক্ষণ করিবে না। পাদুকা লইয়া দেব-গুরু-গৃহে যাইবে না। হরিবাসরে উপবাস করিবে।

[illegible] দীক্ষা, ২। ভাগবৎ-প্রবোধন, ৩। সমস্ত আহ্নিক, ৪। প্রাতঃস্নান, ৫। নব বস্ত্র ও উত্তরীয় ধারণ, ৬। অভীষ্ট-দেবার্চ্চন, ৭। ঊর্দ্ধপুণ্ড্র ধারণ, ৮। শঙ্খচক্রাদি ধারণ, ৯। চরণামৃত পান, ১০। তুলসী মণিমালাদি ভূষা ধারণ, ১১। নির্মাল্য পরিহার, ১২। নির্মাল্য চন্দন শরীরে লেপন ১৩। শালগ্রাম ও শ্রীমূর্ত্তি পূজা, ১৪। নির্মাল্য-তুলসী সমাদর, ১৫। তুলসী চয়ন, ১৬। ত্রিকাল সন্ধ্যা, ১৭। শিখাবন্ধন, ১৮। চরণামৃতে পিতৃতর্পণ, ১৯। ষোড়শোপচারে ভগবৎ-পূজা, ২০। ভক্তির অনুকূলে নিত্য-নৈমিত্তিকানুষ্ঠান, ২১। ধূপত্যাগ ও স্নান, ২২। নবপুষ্পফলাদি দান, ২৩। তুলসী-পূজা, ২৪। ভক্তিগ্রন্থ-পূজা ২৫। বৈকালিক হরিপূজন, ২৬। পুরাণ শ্রবণ, ২৭। নিবেদিত বস্ত্র ধারণ, ২৮। ভগবদাজ্ঞা জ্ঞানে সদনুষ্ঠান, ২৯। গুরুর অনুমতি গ্রহণ, ৩০। গুরুবাক্যে বিশ্বাস, ৩১। মন্ত্রদেবানুসারে মুদ্রাচরণ, ৩২। ভগবদুদ্দেশে গীত-নৃত্যাদি, ৩৩। শঙ্খধ্বনি, ৩৪। নীরাজন, ৩৫। হোম, ৩৬। নৈবেদ্যার্পণ, ৩৭। সাধু সমাদর, ৩৮। সাধুপূজা, ৩৯। নৈবেদ্য ভোজন, ৪০। তাম্বূলাবশেষ গ্রহণ, ৪১। বৈষ্ণব-সঙ্গ, ৪২। বিশিষ্ট ধর্ম্ম-জিজ্ঞাসা ৪৩। জন্মাদি বিষয়ে নিয়ম দ্বারা আত্মরক্ষা ও সন্তোষ, ৪৪। জন্মাষ্টম্যাদি মহোৎসব, ৪৫। দেব-মন্দিরে গমন, ৪৬। আচার্য্যবাণী পালন, ৪৭। সকল ঋতুতে বলোপচারে হরিপূজা, ৪৮। বৈষ্ণবব্রত পালন, ৪৯। ভগবতে ঈশ্বরবুদ্ধি, ৫০। সদা তুলসী সংগ্রহ, ৫১। শয্যা পাদত্রাণাদি উপহার প্রদান, ৫২। বাধাদি চিন্তা, এই বাহান্নটী অনুষ্ঠানে গুরুদাসের কর্ত্তব্যতা আছে।

গুরুদাস নিষিদ্ধ ৫২টী অবশ্যই বর্জ্জন করিবেন। ১। উত্তর সন্ধ্যায় শয়ন, ২। মৃত্তিকাহীন শৌচ, ৩। দাঁড়াইয়া আচমন ৪। গুরু সমক্ষে পাদপ্রসারণ ৫। গুরু-ছায়ালঙ্ঘন, ৬। সর্ব্বসমক্ষে দানবর্জ্জন, ৭। সেবার্চ্চনে শৈথিল্য, ৮। দেবগুরুর অনভ্যর্থন, ৯। ঊর্দ্ধাসনে উপবেশন, ১০। গুরু-সমক্ষে পাণ্ডিত্য-প্রকাশ, ১১। উচ্চ উপর পদসংস্থাপন, ১২। গুরুতে মনুষ্যবুদ্ধি, ১৩। মন্ত্রহীন তিলক ও আচমন, ১৪। নীলবসন পরিধান, ১৫। ভগবদ্বিমুখ বৈষ্ণববিদ্বেষীর সহ বন্ধুতা, ১৬। অসৎশাস্ত্র সেবন, ১৭। তুচ্ছ সঙ্গসুখাসক্তি, ১৮। মদ্য মাংস সেবন, ১৯। মাদক ঔষধ সেবন, ২০। নহরি সহ অন্নগ্রহণ, ২১। শাক, লাউ, বেগুন, পেঁয়াজ ভোজন, ২২। অবৈষ্ণবের নিকট অন্নগ্রহণ, ২৩। অবৈষ্ণব ব্রতানুষ্ঠান, ২৪। অবৈষ্ণব মন্ত্র গ্রহণ, ২৫। মারণ উচাটনাদি অনুষ্ঠান, ২৬। সমর্থ হইয়া হীনোপচারে হরিসেবা, ২৭। লোকের অধীন, ২৮। একাদশীবিদ্ধা একাদশীব্রত [illegible], ৩০। দ্যূত-ক্রীড়া, ৩১। সর্ব্বপক্ষে অহঙ্কার ধারণ, ৩২। একাদশীতে শ্রাদ্ধ, ৩৩। দ্বাদশীতে নিদ্রা ও তুলসী চয়ন, ৩৪। দ্বাদশীতে দিবাস্নান, ৩৫। বিষ্ণুপ্রসাদ ব্যতীত অন্য বস্তু দ্বারা শ্রাদ্ধ ৩৬। বৃদ্ধ শ্রাদ্ধ অতুলসী ৩৭। অবৈষ্ণব বা ব্রাহ্মণ শ্রাদ্ধ, ৩৮। চরণামৃত পানকালে পবিত্রতা জন্য অন্য জলে আচমনাদি, ৩৯। কাঠাসনে উপবিষ্টের পূজা, ৪০। পূজাকালে অন্যালাপ, ৪১। গৃহকর্ত্তার এবং আকন্দাদি দ্বারা পূজা, ৪২। অসৎ ধূপগন্ধ ব্যবহার, ৪৩। প্রমাদবশতঃ ত্রিধাক্ পূজা, ৪৪। অসংস্কৃত দ্রব্যাদ্বারা পূজা, ৪৫। চক্রাদিতে অর্চ্চন, ৪৬। একহস্তে প্রণাম ও একবার মাত্র প্রদক্ষিণ, ৪৭। অসময়ে শ্রীমূর্ত্তি দর্শন, ৪৮। পর্য্যুষিত দূষিত অন্ন নিবেদন, ৪৯। অসংখ্য জপ, ৫০। মন্ত্র প্রকাশ, ৫১। মুখ্যকাল ত্যাগ ও গৌণকাল স্বীকার, ৫২। বিষ্ণুপ্রসাদ অস্বীকার।

গুরুদাস নিত্য, গুরু নিত্য। অনাত্ম মনের দ্বারা বা দৃশ্য জগতের বস্তু-বিশেষ গুরুকে মনে করিলে বাস্তবিক নিত্য গুরুদাস হওয়া যায় না। গুরুকে মর্ত্ত্যজ্ঞান করিলে, গুরুদাসের বাহ্য শরীর মরণশীল জানিলে মনের পরিবর্ত্তনাত্ম অবস্থা চিন্তা করিলে আত্মার বা অপ্রাকৃত বস্তুর নিত্যত্ব বিষয়ে নানা সন্দেহ উদিত হয়। গুরু-নিত্যসম্বন্ধ নিত্য ও আত্মধর্ম্মে প্রতিষ্ঠিত। তাহাতে ভেদ নাই। বেদের অতি নিগূঢ় বিদ্বান্ বিবেচিত হইলে শিষ্য বুঝিতে পারেন যে, তিনি স্বরূপে কৃষ্ণদাস। গুরুদাস ঋষির উচ্চারিত 'অহং ব্রহ্মাস্মি' 'তত্ত্বমসি' মন্ত্র শুনিয়া আপনাকে চিৎকণ বা অণুচিৎ বলিয়া জানিতে পারেন। গুরুদাস স্বরূপে অবস্থিত হইয়া বলেন যে,

"শ্রীচৈতন্যমনোঽভীষ্টং স্থাপিতং
যেন ভূতলে।
স্বয়ং রূপঃ কদা মহ্যং দদাতি স্বপদান্তিকম্॥"

[illegible] আচার্য্যদেবের বক্তৃতা

[শ্রীরাধাষ্টমীবাসর, ১৩।৯।৩৭, শ্রীগৌড়ীয়মঠ, কলিকাতা]

"রাধা কৃষ্ণপ্রণয়বিকৃতির্হ্লাদিনী শক্তিরস্মা-
দেকাত্মানাবপি ভুবি পুরা দেহভেদং
গতৌ তৌ।
চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্দ্বয়ং চৈক্যমাপ্তং
রাধাভাবদ্যুতিসুবলিতং নৌমি কৃষ্ণস্বরূপম্॥
শ্রীরাধায়াঃ প্রণয়মহিমা কীদৃশো বানয়ৈবা-
স্বাদ্যো যেনাদ্ভুতমধুরিমা কীদৃশো বা মদীয়ঃ।
সৌখ্যং চাস্যা মদনুভবতঃ কীদৃশং বেতি লোভা-
ত্তদ্ভাবাঢ্যঃ সমজনি শচীগর্ভসিন্ধৌ হরীন্দুঃ॥"

(মুদ্রিত পাঠ, যেমন আছে:)
রাধারুক্তপ্রণয়বিকৃতিহ্লাদিনী শক্তিরস্মা-
দেকাত্মানাবপি ভুবি পুরা দেহভেদং
গতৌ তৌ।
চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্দ্বয়ঞ্চৈক্যমাপ্তং
রাধাভাবদ্যুতিসুবলিতং নৌমি কৃষ্ণস্বরূপম্॥
রতিং গৌরীলীলে অপি তপতি
সৌন্দর্য্যকিরণৈঃ
শচী-লক্ষ্মী-সত্যাঃ পরিভবতি সৌভাগ্যবলনৈঃ।
বশীকারৈশ্চন্দ্রাবলিমুখ-নবীনব্রজসতীঃ
ক্ষিপত্যারাদ্ যা তাং হরিদয়িত রাধাং
ভজ মনঃ॥"

আজ শ্রীরাধাষ্টমী-বাসর। শ্রীমতী রাধিকা স্বরূপ কৃষ্ণের প্রেমপ্রণয়বিকার অর্থাৎ কৃষ্ণের মূর্ত্তিমতী প্রীতি। তিনি কৃষ্ণের হ্লাদিনী শক্তি। শ্রীরাধা এই অষ্টমীতিথিতে, রাজা বৃষভানু ও রাজ্ঞী কীর্ত্তিদার তনয়রূপে আবির্ভূত হন। কৃষ্ণের প্রেম, স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ, ভাব এবং অন্তে মহাভাব মূর্ত্তি ধারণ ক'রে শ্রীমতীরূপে নিত্য বিরাজমানা। কৃষ্ণ সচ্চিদ্বিগ্রহ স্বয়ংরূপ ভগবান্। তিনি মদনমোহন কামদেবরূপে, পুষ্পবাণ গোবিন্দরূপে ও অনঙ্গ গোপী-জনবল্লভরূপে নিত্যকাল কিশোরবয়স্ক হ'য়ে গোলোকবৃন্দাবনে তাঁর পরা শক্তি, তাঁ'র অভিন্ন হ্লাদিনীশক্তির সহিত সর্বক্ষণ নিজের ইন্দ্রিয়তর্পণে রত। সেই স্বয়ংরূপের সহিত স্বয়ংরূপের পরিচর্য্যা-লাভ সকল জীবাত্মার, শুধু সকল জীবাত্মার নয়, সকল নিত্যমুক্ত পার্ষদগণের, এমন কি, পার্ষদ-গণের নিত্যপ্রভু স্বয়ংপ্রকাশ মূল সঙ্কর্ষণ বলদেবের পর্য্যন্ত কাম্য। লক্ষ্মী-নারায়ণের কা কথা, মূলসঙ্কর্ষণ—যিনি সমস্ত বিষ্ণু-কোটির মূল অংশী, সেই বলদেবও শ্রীরাধারাণীর অনুগারূপে শ্রীরাধার সেবার জন্য লালায়িত।

কৃষ্ণই একমাত্র সচ্চিদ্বিগ্রহ। তিনি সর্ব্বক্ষণ নিজেন্দ্রিয়-তর্পণপরতায় নিজের

কৃষ্ণ তারে দেন নিজ চিত্তবিত্ত বল। যারা আকর্ষণ ছাড়ে হইয়া দুর্ব্বল॥

অপ্রাকৃত ইন্দ্রিয়তর্পণে রত। এই ইন্দ্রিয়-তর্পণরূপ সর্বক্ষণ সর্বতোভাবে সেবা ক'রবার শ্রীমূর্তি যিনি ধারণ ক'রেছেন, তিনিই শ্রীমতী রাধিকা। তাঁর প্রত্যেক অঙ্গপ্রত্যঙ্গ আনখকেশাগ্র কৃষ্ণেন্দ্রিয়তর্পণপর। এমন স্বয়ংরূপ স্বয়ংরূপার একান্ত বাধ্য, প্রাণাপেক্ষা প্রিয়তম। উভয়ে উভয়ের প্রতি অদ্ভুত প্রেমরসে আকৃষ্ট ও বশীভূত। সেই বার্ষভানবীর কোন অপামাহাত্ম্যবর্ণন চতুর্মুখ ব্রহ্মার, পঞ্চমুখ মহাদেবের, এমন কি মহাদেবের গুরু অনন্তদেবের পর্যন্ত দুর্নিগম্য। শ্রীরাধার এরূপ মাহাত্ম্য যে, স্বয়ংরূপ কৃষ্ণচন্দ্র শ্রীরাধিকার অঙ্গস্পৃষ্ট বাতাসের সংস্পর্শ পেলেও পাগল হ'য়ে যান—নিজেকে কৃতকৃতার্থ মনে করেন। কৃষ্ণের নিজের যাবতীয় সুখ-বাঞ্ছা, কৃষ্ণের সর্বপ্রকার ইন্দ্রিয়-পরিচালনা ও ইন্দ্রিয়-তর্পণচেষ্টা যেন শ্রীমতী-রূপে রূপ ধ'রে রয়েছেন।

শ্রীরাধিকা কৃষ্ণের পরাশক্তি—স্বরূপশক্তি—অবতারিণী। বৈকুণ্ঠেশ্বরী লক্ষ্মী, অযোধ্যেশ্বরী সীতা, দ্বারকেশ্বরী সত্যভামা প্রভৃতি মহিষীবৃন্দ—এই শ্রীরাধিকার অংশ। শ্রীরাধার কৃপাবৃষ্টির এক বিন্দুর নাম শুদ্ধাভক্তি। যে শুদ্ধাভক্তি ব্যতীত কৃষ্ণ কখনও বশীভূত হন না, তাহা একমাত্র শ্রীবার্ষভানবীর কৃপাতেই লভ্য। যাঁ'র শুদ্ধাভক্তির উদয় হয়, যাঁ'র অপ্রাকৃত প্রেমের উদয় হয়, তিনি সেবোর ইন্দ্রিয়তর্পণের জন্য আপনাকে সেব্যের সাহত সমান বা সেব্য হ'তেও বড় মনে করেন। প্রেমের এমনই উজ্জ্বলতা।

সেই শ্রীমতীর গুণমাহাত্ম্য বর্ণন আমার মত নির্গুণ কীটানুকীট জীবের পক্ষে অসম্ভব। একমাত্র তাঁ'র এক কণা কৃপা প্রার্থনা করা ব্যতীত আমার আর অন্য কোন অধিকার নাই। তাঁ'র কৃপাকণা প্রার্থনা ব্যতীত অন্য কোন অভিলাষ হৃদয়ে উদিত না হউক। তাঁ'র কৃপা-যাচ্ঞা করা জীবের একমাত্র কর্তব্য। বরং সমুদ্রের জল, সমগ্র পৃথিবীর ধূলিকণা গণনা করা সম্ভব হ'তে পারে, বরং নারায়ণের ঐশ্বর্যের দিক্ দর্শন করা যেতে পারে, কিন্তু বেদ-গোপাগম্যা অর্থাৎ ব্রহ্মা, মহাদেব ও অনন্তদেবেরও অগম্যা, কৃষ্ণপ্রেমময়ী বার্ষভানবীর গুণাবলীর এক কণাও কেহ স্পর্শ ক'রতে পারে না। অধিক কি, কৃষ্ণও নিজে শ্রীবার্ষভানবীর গুণ বর্ণন ক'রতে পারেন না ব'লে হাহাকার করেন।

কৃষ্ণ শ্রীরাধার গুণমাহাত্ম্যে উন্মত্ত হ'য়ে যান। যদিও তাঁ'র গুণ-বর্ণনই একমাত্র মঙ্গলের পথ, তথাপি আমার ন্যায় নিকৃষ্ট ক্ষুদ্রতম কীটকীটের শ্রীবার্ষভানবীর একান্ত প্রিয়তম পরিচারিকা শ্রীস্বরূপ-সনাতন-রূপ-রঘুনাথ-শ্রীজীব-কৃষ্ণদাস-নরোত্তম-বিশ্বনাথ-বলদেব-মধুসূদন-জগন্নাথ-ভক্তিবিনোদ-গৌরকিশোর-সরস্বতী প্রভুপাদের কৃপা ব্যতীত সেই স্বরূপবর্ণন প্রকাশিত হ'তে পারে না। তাঁ'রা শ্রীমতীর নিজজন—রাধার নিজজন। তাঁদের কৃপা হ'লে—পরম সৌভাগ্যের পরাকাষ্ঠা উদিত হ'লে তাঁদের পদধূলি হবার যোগ্যতার বলে তাঁদের আবেদনে শ্রীরাধারাণীর কৃপাকটাক্ষে পতিত হওয়া যায়।

আজ শ্রীরাধাবির্ভাব-বাসরে তাঁরই অভিন্নবিগ্রহ শ্রীবার্ষভানবীদয়িতদাস প্রভুর, গৌরকিশোর-ভক্তিবিনোদ-জগন্নাথ-মধুসূদন-বলদেব-বিশ্বনাথ-কৃষ্ণদাস-শ্রীজীব-রঘুনাথ, রূপ-সনাতন এবং গৌড়ীয়ের একমাত্র মালিক শ্রীস্বরূপ-শ্রীরামানন্দের কৃপা-প্রার্থনা ক'রে জন্মে জন্মে তাঁদের পদধূলি হ'বার আকাঙ্ক্ষা ব্যতীত আমাদের আর কিছু ব'লবার নেই।

যথা দুষ্টত্বং যে যদবতি শঠস্যাপি কৃপয়া
যথা মহ্যং প্রেমামৃতমপি দদাবুজ্জ্বলমসৌ।
যথা শ্রীগান্ধর্বাভজনবিধয়ে প্রেরয়তি মাং
তথা গোষ্ঠে কাক্বা গিরিধরমিহ ত্বং

ভজ মনঃ॥

যদি শ্রীবার্ষভানবীর কৃপা পাবার সৌভাগ্যের পরাকাষ্ঠা হৃদয়ে জাগে, তা' হ'লেই বার্ষভানবীর অন্তরঙ্গ পরিচারিকা শ্রীরূপ-রঘুনাথের কৃপা এবং তাঁ'র অভিন্নস্বরূপ শ্রীললিতাদি সখীর কৃপা প্রার্থনা-বৃত্তিও হৃদয়ে জাগ্‌বে।

আপনাদের শ্রীচরণে একমাত্র নিষ্কপট প্রার্থনা, যেন শ্রীরাধার পরিচারিকা ও অভিন্নস্বরূপগণের পাদপদ্ম-ধূলির প্রতিজন্মে লাভ ক'রবার অকপট আকাঙ্ক্ষা অন্তরের অন্তস্তম প্রদেশ হ'তে উদিত হয়। যে গুরুপাদপদ্মের কৃপায় শ্রীরাধামাধবনাম প্রাপ্ত হ'য়েছি, সেই আশাবন্ধে যেন সমস্ত বাসনা কেন্দ্রীভূত ক'রে রাধানিত্যজনের দাসের দাস কোটিগুণ উন্মুখ হ'তে পারি।

আশাভরৈরমৃতসিন্ধুময়ৈঃ কথঞ্চিৎ
কালো ময়াতিগমিতঃ কিল সাম্প্রতং হি।
ত্বঞ্চেৎ কৃপাং ময়ি বিধাস্যসি নৈব কিং মে
প্রাণৈর্ব্রজেন চ বরোরু বকারিণাপি॥

হে বৃন্দাবনবিপিনে, কৃষ্ণমনোমোহিনী কৃষ্ণানন্দিনী, কৃষ্ণদয়িতে, গোবর্ধনধারিকে, তুমি যদি আমাকে কৃপা না কর, তা হ'লে আমার প্রাণ-ধারণের প্রয়োজন কি? ব্রজবাসেরই বা আবশ্যকতা কি? হে সত্যোঃ, আমি কৃষ্ণভজন চাই না, আমি তোমার কৃপাসিন্ধুর এক কণার জন্য যেন পিপাসাতুর হ'তে পারি—এরূপ অন্তরের সমগ্রতা, ঐকান্তিকতা, নির্বেদ, দৈন্য ও নিষ্কপটভাবে সর্বস্ব সমর্পণ ক'রে যেন শ্রীবার্ষভানবীর নিজজন শ্রীল প্রভুপাদ-সরস্বতী-গৌরকিশোর-ভক্তিবিনোদ-জগন্নাথ-মধুসূদন-বলদেব-বিশ্বনাথ-নরোত্তম-কবিরাজ-শ্রীজীব-রঘুনাথ-রূপ-সনাতন ও শ্রীস্বরূপের পদধূলির যোগ্যতা প্রার্থনা করতে পারি।

দাম্পত্য কি সুখের মূল?

(শ্রীপাদ নৃসিংহানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী)

অঘটন ঘটন-পটীয়সী ত্রিগুণময়ী দৈবী মায়ার ত্রিগুণাত্মক এই মায়িক জগতে অসংখ্য জীবের মধ্যে মানবদেহধারী জীবগুলি বিবেক-শক্তির পরিস্ফুটতা-প্রাচুর্যে শ্রেষ্ঠ বলিয়া কথিত। একটু স্থির হইয়া চিন্তা করিলে বেশ বুঝা যায় যে, আব্রহ্মস্তম্ব পর্যন্ত সকলেই নিজ সুখ লাভের আশায় পরিভ্রমণ করিতেছে। ব্রহ্মাণ্ডান্তর্গত অতি অল্প সংখ্যক জীবই চিৎসুখ বা নিত্যশ্রীভূমা অবিচ্ছিন্ন সুখের সন্ধান পাইয়াছে। জীবমাত্রেই চায় সুখ বা আনন্দ। কাজেই সকলেই হরিবিমুখতা বশতঃ অনিত্য জড়সুখান্বেষী। এই মায়িক জগতে প্রবিষ্ট জীবনিচয় স্বরূপবিভ্রান্ত হইয়া স্থূল এবং সূক্ষ্ম দেহে আবৃতাবস্থায় অবস্থান করিতেছে। বিভ্রান্ত জীবগণ ইন্দ্রিয়ের রাজা মনের দ্বারা চালিত হইয়া পঞ্চমহাভূত এবং পঞ্চতন্মাত্র-গ্রহণে ব্যস্ত। জীবগণ প্রলুব্ধ হইয়া প্রয়োজনের অতিরিক্ত বস্তু সংগ্রহ করিতে যাইয়া দাম্পত্যের মধ্যে প্রবিষ্ট হয়; তাই বৈজ্ঞানিকেরা এই দাম্পত্যকে তিন ভাগে বিভক্ত করিয়াছেন। (১) অর্থদাম্পত্য, (২) কামিনী-দাম্পত্য এবং (৩) প্রতিষ্ঠা-দাম্পত্য। ধন ও বিষয়াদির দাম্পত্যকে অর্থদাম্পত্য বলে। দুরাশারূপ অভাব প্রপীড়িত দুর্বল মানব সুখের আশায় ধাবিত হইলে, অর্থের দাম্পত্যক্রমে মানবের ধনাশা ও বিষয়াশা ক্রমশঃ সমৃদ্ধ হইয়া তাহার সমস্ত সুখ অপহরণ করে। যে অর্থপ্রাপ্তিকে সুখের আধার বলিয়া মনে হয়, সেই অর্থ হস্তগত হইলে অর্থের স্বভাবক্রমে ধনাশা মানব-চিত্তে উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হইয়া যাবতীয় সুখ-বাঞ্ছা হরণ করত তাহাকে দুঃখ-সলিলে সমাধিস্থ করে। এই প্রকার মানবের সুখ-সন্ধান-প্রবৃত্তি অনুসারে স্ত্রী-দাম্পত্য পরিস্ফুট হইয়া পড়ে। স্ত্রীদাম্পত্য দ্বিবিধ—অবৈধ প্রণয় বা পরস্ত্রী-সম্ভাষণাদি এবং বিধি উল্লঙ্ঘন করিয়া বৈধ পত্নীতে যথেচ্ছভাবে বিচরণ বা স্ত্রৈণ হওয়া। উভয়ই অন্যায়। তাহাতে যাবতীয় সত্য, শৌচ, দয়া, মৌন, বুদ্ধি, হ্রী, শ্রী, যশঃ, ক্ষমা, শম, দম প্রভৃতি অশেষ সদ্গুণগণ বিনষ্ট হইয়া যায়।

সত্যং শৌচং দয়া মৌনং বুদ্ধির্হ্রীঃ
শ্রীর্যশঃ ক্ষমা।
শমো দমো ভগশ্চেতি যৎসঙ্গাদ্যাতি
সংক্ষয়ম্॥
তেষ্বশান্তেষু মূঢ়েষু খণ্ডিতাত্মস্বসাধুষু।
সঙ্গং ন কুর্যাচ্ছোচ্যেষু যোষিৎক্রীড়ামৃগেষু চ॥

(ভাঃ ৩।৩১।৩৩-৩৪)

কাজেই এই প্রকার দাম্পত্যের হস্ত হইতে সম্পূর্ণরূপে সতর্ক হইয়া চলা উচিত। একমাত্র ধর্মপ্রবৃত্তি দ্বারা এবম্প্রকার দাম্পত্যের হস্ত হইতে রক্ষা পাওয়া সম্ভব হয়। অর্থদাম্পত্য এবং স্ত্রীদাম্পত্য দূর করা কখনও জড়জীবনে সম্ভব হইলেও প্রতিষ্ঠা-দাম্পত্য বলিয়া তৃতীয় দাম্পত্যকে একান্ত ভগবৎকৃপা ব্যতীত কোন প্রকারে দূর করা যায় না। কর্ম-জ্ঞান-যোগ-সাধকের কথা দূরে থাকুক, এমন কি ভক্তি-সাধক যাহারা তাহারাও অনেক সময় এই প্রকার প্রতিষ্ঠা-দাম্পত্যের হস্ত হইতে নিষ্কৃতি লাভ করিতে পারে না।

শ্রীরূপ-শিক্ষায় শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন—

যদি বৈষ্ণব অপরাধ উঠে হাতী মাতা।
উপাড়ে বা ছিণ্ডে, তার শুখি যায় পাতা॥
কিন্তু যদি (ভক্তি) লতার সঙ্গে উঠে
'উপশাখা'।
ভুক্তি-মুক্তি-বাঞ্ছা, যত অসংখ্য তার লেখা॥
নিষিদ্ধাচার, কুটীনাটি, জীবহিংসন।
লাভ, পূজা, প্রতিষ্ঠাদি যত উপশাখাগণ॥
সেক জল পাঞা উপশাখা বাড়ি' যায়।
স্তব্ধ হঞা মূলশাখা বাড়িতে না পায়॥

সাধুসঙ্গে ভজন করিতে করিতে যখন কোন প্রকারে শ্রবণকীর্তনরূপ জল-সেচন বন্ধ হইলে প্রতিষ্ঠা-দাম্পত্য প্রকাশ পায় অথবা প্রতিষ্ঠা-দাম্পত্য হৃদয়ে প্রভুত্ব বিস্তার করিতে করিতে শ্রবণকীর্তনরূপ ভজন-ক্রিয়া স্তব্ধ করিয়া দেয় অথবা অভিনয়ের ন্যায় শ্রবণকীর্তনরূপ একটা ক্রিয়া প্রকাশ করিয়া আত্ম এবং পরবঞ্চনা করিয়া থাকে, তখনই ভক্তিলতার সহিত উদ্গত উপশাখা বৃদ্ধি পাইয়া মূলশাখাকে স্তব্ধ করিয়া দেয়। প্রতিষ্ঠা-দাম্পত্য একটী উপশাখা। বৈষ্ণবাপরাধরূপ মত্ত হস্তী উঠিলে ভক্তিলতাকে উপাড়িয়া বা ছিঁড়িয়া ফেলে। বৈষ্ণবাপরাধ হইলে সরস হৃদয়ক্ষেত্র ক্রমশঃ মরুভূমিতে পরিণত হয়; তখন অপরাধ ক্রমে ক্রমে সেব্য ভগবান্ এবং সেবক-ভগবান্ শ্রীগুরুপাদপদ্ম পর্যন্ত গিয়া ঠেকে। তখন হৃদয়ে বিবেক-বহ্নির আত্মেয়-গিরি ধূমায়িত হইতে হইতে ক্রমশঃ প্রকাশ পাইলে উহা হইতে উত্থিত অগ্নিতেই পুড়িয়া সুখ-স্বপনের মুখে ছাই পড়িয়া যায়। প্রতিষ্ঠা-দাম্পত্যের মধ্যে কখন প্রকাশ্যভাবে, কখনও বা গুপ্তভাবে কনক-দাম্পত্য, কামিনী-দাম্পত্য থাকিবেই থাকিবে। তবে ইহা বেশী দিন গুপ্তভাবে লুক্কায়িত থাকে না, ক্রমশঃ প্রকাশ হইয়াই পড়ে। এইরূপ প্রতিষ্ঠা-দাম্পত্যের পদলোলুপ হওয়া কখনও বড় বড় প্রতিষ্ঠানের একাধিপত্য লাভের প্রবল বাসনা জাগিয়া উঠে, কখনও বা জননায়ক হইতে ইচ্ছা হয়। এইরূপ

(অতঃপর ৩৫ পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

মায়াকে পিছনে রাখি কৃষ্ণ পানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

১। শ্রীচৈতন্যমঠ-রাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুর্দ্দশ বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-বাকি প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৫১১৫, কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রস্থানচতুষ্টয়-বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাধ্যক্ষ শ্রীপাদ অর্দ্ধেন্দু রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীরেণুগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-প্রাপ্ত শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অমুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগদানন্দ ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিপিনকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভাজনঘাট, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া.

রক্ষক—শ্রীমদনার্জ্জনসঙ্গন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউগাছি —(শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিরত্ন

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীভূপেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরা গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ,

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীবলিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীবৃহৎ ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীশরৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অকল্যাণ্ড, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিয়ার, জেঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরী প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক - শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৫২নং ফরিদপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীমঞ্জুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীমদনগোপাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিপ্রকাশ আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোর্দ্ধনাথ

রক্ষক—ডঃ শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাশ্রম,

পোঃ কোটোল, জেলা গুরুদাসপুর (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীনন্দীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং রায়সান রোড, নিউ দিল্লী;

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণধাম বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅবিজ্ঞ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যাভূষণ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুঞ্জ

রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) নারায়ণগড় গৌড়ীয়মঠ

পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ বালু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

কুসুমকুঞ্জ, পোঃ চিরকুণ্ডা, (মানভূম).

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্লাট নং ২

৫১, ডাউনরোড

ক্লাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীঅপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদক শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২০শে সেপ্টেম্বর, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
দাদখানি	৬।০
ভাজা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭।০
দীঘকুলী	৫।০
লাগরা নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
বালামের কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেলুণ	৩।৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪।০
পেশোয়ারী	১০৲-১০।০
দাদকুলী আতপ	৫।০-৫।৵
ঐ বালাম	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫।০-৫।০
কাটারীভোগ	৭৲
ঐ বেলুণ	৩৵০

চিনির দর

রিফাইন, টাইপ	১০।৵০
কাশীপুর ১০০০ নং	১০/০
বাহুবোকা দানা	৯।০
কানপুর দানা	৮।০—৯৵০
জানপুর দানা	৭।/০—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

টাকশালের বার	৩৫।০
সভরেণ	২২৲
চাঁদির বার	৫৩।০

পাটের দর

আরবে—	৪০৸০
মিডল—	৪০৸০
উত্তম—	৪১।০
হাজার দরের দর—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬।০—৬।৵০
ফুলাওকাইন ঐ	৬৲—৬৵০
গটআওলড ঐ	৫৸৵০—৫৸০
চুনী	৬৲—৬৵০
আটা (বি)	৫৸০—৫৸৵০
আটা নং (২	৫/০—৫।/০
আটা (এম)	৫৲—৫।০
আটা (কে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	৩।০—৩৸৵০
সালাই	১৸৵০—১৸০
ভুষি	১৸৵০—১৸৵০

ঘৃতের দর

গাওয়া	৫৭
কলিজা	৫৭৲
ভুলাকারী	৫০৲
ঘী	৪৫৲

পার্শিয়ান	৪৸০
তারা	৪৫৲
কাবুলে	৩৬৲
রাজা খাজা	৪১৸০

লৌহ ও হার্ডওয়্যার

টাটার তৈয়ারী— ৭৪ প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বার)

মার্কা	৯৵০—৯৸৵
ঐ বে-মার্কা হালকা ওজন	৮৲—৮।০
ঐ টাটা টেসটেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৲৵
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৵০
বরগা (টি আয়রণ)	৮।০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৸৵০—৮৸০
টাটা গ্যাঃ করগেট সিট।	।৵০
২৪ গেজ—	১৪।০
২৬ গেজ—	১৬।০
২৮ গেজ—	১৫।০

টাটা গ্যাঃ প্লেন সীট।

২৪ গেজ—	১৪৸৵০
২৬ গেজ—	১৬।৵০
২৮ গেজ—	১৬৸৵০

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ

সীস	।৵১০—৸৵০
বাগান বেড়া কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
প্লেট কাটিং বা ডিউ কাটা মণ	৩।০—

পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা ৬।০—৬।০ হন্দর

গোল রড কাটিং লম্বা ১—৩ফুট ৯৲—১০৲

ঐ „ ৩—১০ ঐ ৯।০—১০।০

টিন পাটি, বোল্টু, নাট ৮৲—৯৲

গোল রড রি-ইনফোস ও কনক্রিটের জন্য ৮৸০—১১।০

স্ত্রঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

৫টকলের হাপর ৫৵০, পাটের হাপর ৬৸০

ভুসার হাপর ৪০

সুতের দর

কলিকাতা ২৫শে জুন,

আমের গোলার কাইন	৫৪৲
নিউ ম আমের ফরকত	৪০৲
কদাড়ি ধুনিত কাইন	৪৩৲
গবার্ন ডাবা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মশলা

কলিকাতা, ২৫শে জুন,

	প্রতি মণ
গোল মরিচ	৮।০
সুপারী বেদী	১৬।০—১৭
টো সুপারী	১০৸০—১১।০
এক ধনিয়া	১৪।০—১৭।০
নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স লিঃ

৮-৫ জগন্নাথ ঘাট গোলাপটী, বড়বাজার

কলিকাতা

এম. বি. সরকার এণ্ড সন্স

সন এণ্ড গ্র্যাণ্ড সন্স অব লেট বি. সরকার

গিনি সোণার অলঙ্কার ও রৌপ্যের বাসন নির্মাতা

পুরাতন সোণার
বদলে নূতন
গহনা দেওয়া

আমাদের নিজ
কারখানায় প্রস্তুত
একমাত্র গিনিসোণার
নানাবিধ হাল ফ্যাসানের
গহনা বিক্রয়ার্থ মজুত থাকে এবং
অর্ডার অনুযায়ী প্রস্তুত করিয়া
অতি সত্বর ভিঃ পিঃতে পাঠান
হয়। পত্র লিখিলে বিনা মূল্যে
নূতন ক্যাটালগ পাঠান হয়।

ফোন ১৭৬১ বড়বাজার — টেলি-ব্রিলিয়্যান্টস্

১২৪,১২৪-১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা

বহুবাজার ও আমহার্ষ্ট ষ্ট্রীটের মোড়

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীরাম-নারাপুরে যাইবার ট্রেণের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—১১	১৭—৪৮	১৯—৩৬
অমৃতগঞ্জ	ছাঃ	৭—১৭,	১১—৩,	১৪—০	১৮—২,	২০—০৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৭৫	১১—১০,	১৪—১	১৮—১৩,	২০—১

শ্রীরাম নারাপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেণের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫০	৯-৩০	১১-৫৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৭	১০-৩	১২-১৮	১৬-৩৭	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেতালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় দুর্ব্বল পল্লীবাসীর প্রাণরক্ষায় একমাত্র উপায় বেতালা
এর জাতীয় ঔষধ আবশ্যক। লিভার প্লীহা সংযুক্ত জ্বরের এবং নূতন ও পুরাতন
এ একবার সেবন করিয়া দেখুন যে আপনার অপব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট
ওজন ৮০ আনা, বড় বোতল ১৸০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেতালা, ২৪ পরগণা।



দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১।০	১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲	৪৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১৫৲	১০৲		৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৬৲	৪।০
" সিকি কলম	১২৲	১৩৲
" অর্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যা।৹ ভিক্ষা ধার্য্য।

ঠাকুর ভক্তিবিনোদ

-:(০):-

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্য্যের অন্তরঙ্গ পার্ষদ-সাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

——————

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

——————

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

-:(০):-

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

ফোন ১৯
গৌরাব্দ—৪৫১—শ্রীমায়াপুর

নিত্য-
লীলা-
প্রবিষ্ট-সংরক্ষক
পরিব্রাজকাচার্যবর্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1566

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপানির্দিষ্ট
আচার্যত্রিক
শ্রীচৈতন্যমঠাচার্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র মঙ্গল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১২ই আশ্বিন, ১৩৪৪, ২৮শে সেপ্টেম্বর, ১৯৩৭. মঙ্গলবার [সংখ্যা ১৭৯]

বিবিধ সংবাদ

———(০(:০:)০)———

উত্তর চীনে জাপ-বাহিনীর অগ্রগতি ও বোমাবর্ষণ

জাপানীরা পুনরায় ক্যান্টনের উপর বোমাবর্ষণ করে। তাহারা চীনা বাহিনীর প্রধান ঘাঁটি ও সামরিক বিদ্যালয়ের উপর বোমাবর্ষণ করিয়াছে বলিয়া দাবী করিতেছে। জাপানের পররাষ্ট্র-সচিব মিঃ হিরোতা মন্ত্রি-সভার অধিবেশনে বলেন যে, চীন-জাপান বিরোধ সম্পর্কে রাষ্ট্রসঙ্ঘ যে কমিটি গঠন করিয়াছেন জাপ-সরকার তাহাতে কোন প্রতিনিধি প্রেরণ করিবেন না। জাপ-সৈন্য বাহিনী পাওটিংফু নগরে প্রবেশ করিয়াছে, কিন্তু এক্ষণ চীনা সৈন্য দৃঢ়তার সহিত তাহাদিগকে বাধা দিতেছে।

কুড়িটি জাপানী বিমান ক্যান্টন জেলার উপর আক্রমণ চালায়, ফলে একশত বেসামরিক নিহত ও চারিশত নরনারী আহত হইয়াছে বলিয়া অনুমিত হয়। ইহাদের অধিকাংশই দরিদ্রশ্রেণীর অ-সামরিক অধিবাসী।

চুয়াডাঙ্গা রেল ডাকাতি মামলার রায়

কৃষ্ণনগর জজ আদালত হইতে গত ২৩শে সেপ্টেম্বর চুয়াডাঙ্গা রেল ডাকাতির মামলার রায় প্রকাশিত হইয়াছে। মোট ৯ জন জুরীর সহিত এক মত হইয়া কৃষ্ণনগরের জজ সাহেব আসামীকে ৩০২ ধারার অভিযোগ হইতে অব্যাহতি দিয়াছেন, কিন্তু ৩৯২ ধারা ও ৩৯৭ ধারায় তাহাকে অপরাধী সাব্যস্ত করিয়া দশ বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

জজ আদালতে ১৫ দিন ধরিয়া মামলার শুনানী চলিয়াছিল। মোট ১১১ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করা হইয়াছে; সরকারপক্ষ সমর্থনের জন্য সরকারী উকীল রায় বাহাদুর নগেন্দ্রনাথ মুখোপাধ্যায় নিযুক্ত হইয়াছিলেন। আসামী পক্ষে ছিলেন শ্রীযুক্ত সতীজীবন চট্টোপাধ্যায়।

এই মামলার আসামীর নাম অধীর নাথ; নদীয়া জেলার পোড়াগাছা গ্রামে তাহার বাড়ী।

উড়িষ্যার নূতন রাজধানী কটক-চৌদ্বারে

গত উড়িষ্যা ব্যবস্থা পরিষদে কটক চৌদ্বারে উড়িষ্যার নূতন রাজধানী নির্মাণের প্রস্তাব ভোটাধিক্যে গৃহীত হইয়াছে। দীর্ঘ চা'র বৎসর হইতে উড়িষ্যার জনসাধারণ নূতন রাজধানী কোথায় স্থাপিত হইবে তাহার জন্য প্রতীক্ষা করিয়াছিল।

চৌদ্বার কটকের উত্তরে মহানদীর অন্য পারে অবস্থিত। সুতরাং এই দুই স্থানকে যুক্ত করিয়া উড়িষ্যার নূতন রাজধানী স্থাপন করিতে হইলে, মহানদীর উপরে একটী বৃহৎ সাঁকো নির্মাণ করার প্রয়োজন হইবে। এই সাঁকো নির্মিত হইলে কেবল চৌদ্বারই নহে, উড়িষ্যার আরও বহু স্থান কটকের সহিত সংযুক্ত হইবে।

কটকে জমীদারদিগের সভা

গত ২২শে সেপ্টেম্বর সন্ধ্যায় উড়িষ্যার বিভিন্ন অঞ্চলের জমীদারদিগের এক সভা হয়। মুরলীর রাজা সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। জমীদারগণকে সঙ্ঘবদ্ধ করিবার জন্যই সভার আহ্বান হয়। পারিকুদের রাজা বর্ত্তমান অবস্থা সম্বন্ধে বক্তৃতা দেন। জমীদারদিগের বিরুদ্ধে কংগ্রেস মন্ত্রিসভার আক্রমণের উপর তিনি বিশেষ জোর দেন।

প্রজাস্বত্ব আইন সংশোধনের জন্য উড়িষ্যা ব্যবস্থা পরিষদে যে বিল উত্থাপিত হইয়াছে, ঐ বিলে জমীদারদিগের ন্যায্য অধিকারে হস্তক্ষেপ করা হইয়াছে এবং ঐ বিল জমীদারদিগের স্বার্থহানিকর—সভায় এই মর্ম্মে একটী প্রস্তাব গৃহীত হইয়াছে। 'উড়িষ্যা জমীদার সভা' নামে একটী সমিতি গঠিত হইয়াছে এবং প্রত্যেক জেলার জমীদারদিগকে সঙ্ঘবদ্ধ করিবার উদ্দেশ্যে একটী কমিটি গঠিত হইয়াছে। অচিরে উড়িষ্যার জমীদারদিগের একটি সম্মেলন সভা আহ্বানের সঙ্কল্প এই সভায় গৃহীত হইয়াছে।

প্রধান মন্ত্রী-সকাশে ছাত্রদলের অভাব জ্ঞাপন

ইউনেটেড্ ফেডারেশনের উদ্যোগে গত ২৩শে সেপ্টেম্বর যুক্তপ্রদেশের ছাত্রসম্প্রদায় এক বিরাট শোভাযাত্রা করিয়া প্রধান মন্ত্রীর গৃহের সম্মুখে সমবেত হইয়া, তাঁহার নিকট ছাত্র সমাজের অভাব অভিযোগ বর্ণনা করে। প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী উভয়েই ছাত্রদলকে সম্বোধন করিয়া বক্তৃতা করেন।

কলিকাতা কর্পোরেশনের ৪নং ওয়ার্ডে উপনির্বাচন

কুমার বিমলকুমার সিংহের মৃত্যুতে ৪নং ওয়ার্ডে যে সদস্যের পদ খালি হইয়াছে, তাহার জন্য ডাক্তার প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় এম, এস, এ মহাশয় প্রার্থী হইয়াছেন।

পরলোকে অম্বিকা তর্কচূড়ামণি

গত শুক্রবার বারাণসী ১২টার হিন্দু বিশ্ববিদ্যালয়ের দর্শনশাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক বন্দ্যোপাধ্যায় পণ্ডিতপ্রবর অম্বিকাচরণ তর্কচূড়ামণি মহাশয় বারাণসী ধামে লোকান্তর গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৮৫ বৎসর হইয়াছিল। তাঁহার আদি বাস নোয়াখালি জেলায়।

সরকারী রেলের আয় বৃদ্ধি

১৯৩৭ সালের ১০ই সেপ্টেম্বর পর্য্যন্ত দশ দিনের সমস্ত সরকারী রেলে আনুমানিক মোট আয় হয়—৫২২ লক্ষ টাকা। পূর্ব্ব বৎসর ঐ সময়ে যে আয় হইয়াছিল, এবৎসর তদপেক্ষা ১৭ লক্ষ টাকা অধিক আয় হইয়াছে। ১৯৩৬-৩৭ সালের ঐ সময়ের আয় অপেক্ষা এবার ১৬ লক্ষ টাকা বেশী এবং ১৯৩৫-৩৬ সালের ঐ সময়ের আয় অপেক্ষা এবার ৩৩ লক্ষ টাকা বেশী আয় হইয়াছে।

১৯৩৭ সালের এপ্রিল মাস হইতে সেপ্টেম্বর মাস পর্য্যন্ত সাকুল্য আয় হইয়াছে —৪০'৪৭ কোটী টাকা। পূর্ব্ব বৎসর ঐ সময়ের আয় অপেক্ষা ২৯৮ লক্ষ এবং ১৯৩৫-৩৬ সালে ঐ সময়ে যে আয় হয়, এবার তাহা অপেক্ষা ৪২৩ লক্ষ টাকা অধিক আয় হইয়াছে।

দুগ্ধ নিবারণের চেষ্টায় পুরস্কার ঘোষণা

নিখিল ভারত গোরক্ষা (নারী) সম্মেলনের কার্য্যনির্বাহক সমিতি, এই মর্ম্মে এক ঘোষণা প্রচার করিয়াছেন, যে, কেহ কোথাও ফুকা কার্য্যে উদ্যত একজন অপরাধীর সংবাদ প্রকাশ করিতে পারিলে তাহাকে প্রতিটি ঐরূপ সংবাদের জন্য ২৫৲ টাকা পুরস্কার দেওয়া হইবে।

আন্দামানের চীফ কমিশনার

মধ্য-প্রদেশ ও বেরার গবর্ণমেন্টের চীফ সেক্রেটারী মিঃ সি এফ ওয়াটারফল আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে চীফ কমিশনারের পদের জন্য মনোনীত হইয়াছেন। আগামী ফেব্রুয়ারী মাসে বর্ত্তমান চীফ কমিশনার মিঃ জে, ডবলিউ স্মিথ এ কর্ম্মক্ষেত্র হইতে বিদায় গ্রহণ করার পর তিনি উক্ত পদে অধিষ্ঠিত হইবেন।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৭৲
৪। সরস্বতী জয়শ্রী ৬৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৶০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৷৷০ ৪র্থ খণ্ড—৷৷০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷৷০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৷৷০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷০
১৭। চৈতন্যোপনিষৎ ৷০
১৮। ব্রাহ্মণ-আলবর ৷০
১৯। ভক্তিবিবেক-কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ীয়-সাহিত্য ৷৶০
২২। ভজন-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ)
২৬। গীতার কেবল বাক্য-ভাষা ৷০
২৭। মুক্তিফলিকা গুণোদয়ঃ (সানুবাদ) ২৲
২৮। প্রাকৃতজনাদি (সানুবাদ) ৷৶
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৷৷০
৩০। শ্রীল-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি ৵
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷৷০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵০
৪৬। অর্থপঞ্চক ৵০
৪৭। সদাচারস্মৃতিঃ ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণদেব ৶০
৫৯। শিক্ষাদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলাস্তবঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। অষ্টকম্ ৷০
৬৫। সান্বয় শিক্ষাষ্টকম্ ৷৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। মায়াবাদবর্জনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
৭০। সাধকজন ৵০
৭১। বেদান্ত—ইট্স্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্যমহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভল্যুম ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি
৮১। সাধন-পথ
৮২। কল্যাণ-কল্পতরু ৵১০
৮৩। গীতাবলী ৵
৮৪ শরণাগতি ৵০

আসামিয়া ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী ঠাকুর-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। বার্ষিক ভিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—তেলেগু ভাষার একমাত্র পারমার্থিক পাক্ষিক। বেজওয়াড়া শ্রীগৌরাঙ্গমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ অধিকারী সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

—:o:—

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রেই
এই গ্রন্থ পাঠে প্রকৃত জীবনগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩০০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৬৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শ বর্ষ | ৮ পদ্মনাভ গৌরাব্দ ৪৫১, ১২ই আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৪, ২৮শে সেপ্টেম্বর ইং ১৯৩৭, মঙ্গলবার | ১৭১তম সংখ্যা

লণ্ডন হইতে শ্রীপাদ অপ্রাকৃত প্রভুর ভারতে প্রত্যাগমন

আচার্য্য-প্রসঙ্গ

আচার্যদেব ওঁবিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুর শ্রীধাম মায়াপুরে অবস্থান করিয়া শ্রীধামবাসী ভক্তবৃন্দ এবং শ্রীধামে আগত সজ্জনগণের নিকট হরিকথা কীর্ত্তন করিয়াছেন এবং নানাভাবে তাঁহাদিগকে সেবাকার্য্যে উৎসাহিত করিয়াছেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেটের মেম্বার ডাঃ সুধীর কুমার রায় চৌধুরী এম, এস-সি (স্বর্ণপদকপ্রাপ্ত) ডি, এস-সি মহোদয় গত ২০শে সেপ্টেম্বর শুক্রবার প্রাতে শ্রীল আচার্যদেবের শ্রীচরণ দর্শন করিতে আসেন। শ্রীল আচার্যদেব তাঁহার নিকট 'বিজ্ঞান' শব্দের প্রকৃত তাৎপর্য্য, চিদ্‌বিজ্ঞানের আলোচনা এবং অচিদ্বিজ্ঞান-আলোচনাকারিগণের বৈশিষ্ট্য, জড় বিজ্ঞান হইতে চিদ্‌বিজ্ঞানের উপাদেয়ত্ব, 'চিদ্‌বিজ্ঞানালোচনা'-দ্বারাই বাস্তব অনুচ্ছেদনের সহিত পূর্ণচ্ছেদের যোগসূত্র ও মিলন দর্শন সম্ভব, অচিদ্বিজ্ঞান তৃতীয় মানের খণ্ড প্রতিবিম্বেই সীমাবদ্ধ কিন্তু চিদ্‌বিজ্ঞান তৃতীয়ের পর তুরীয় বা চতুর্থমান হইতে আরম্ভ করিয়া অনন্ত (Infinite) মানে অদ্ভুত আনন্দ ও চিদ্‌বিলাস-বৈচিত্র্যে পরিপূর্ণ; সেবকরূপী ভগবানের সেবকরূপে মহাদেব শেষ বা অনন্তদেবকে এতৎ বর্ণন করিয়াছেন প্রভৃতি বহু বিষয় কীর্ত্তন করেন। এই সকল সাধিত্যোপদেশক মহারাজক

লণ্ডনে অলৌকিকভাবে প্রাপ্ত শ্রীবাসুদেব-বিগ্রহসহ শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভুর ভারতে প্রত্যাবর্ত্তন

বিভিন্নস্থানে বিপুল সম্বর্দ্ধনা

শ্রীগৌড়ীয়মিশনের অন্যতম সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু লণ্ডনে অলৌকিকভাবে প্রাপ্ত শ্রীবাসুদেব-বিগ্রহসহ লণ্ডন হইতে রওনা হইয়া গত ২৩শে সেপ্টেম্বর মাদ্রাজ পৌঁছেন। মাদ্রাজ ষ্টেশনে পৌঁছিলে বিশিষ্ট নগরবাসী এবং মঠবাসিগণ তাঁহাকে সুগন্ধ পুষ্পমাল্যাদি দ্বারা বিপুল সম্বর্দ্ধনা করেন। গত ২৬শে সেপ্টেম্বর রবিবার মাদ্রাজ-গৌড়ীয়মঠের 'শ্রীকৃষ্ণকীর্ত্তন-হলে' মাদ্রাজের প্রধান মন্ত্রী মিঃ রাজগোপালাচারিয়ার মহোদয়ের সভাপতিত্বে এক বিপুল জনসভায় শ্রীপাদ গোস্বামী প্রভুকে অভিনন্দন প্রদান করা হইয়াছে। সভায় নগরীর সকল বিভাগের প্রধান প্রধান ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর প্রভু, শ্রীপাদ নরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ প্রভু, শ্রীপাদ সদানন্দ ব্রহ্মচারী (মেম্বার, ই, জি, লণ্ডনে) প্রভৃতি বৈষ্ণবগণ ও বহু ভক্ত উপস্থিত ছিলেন।

উক্ত সভা-আহ্বানকারিগণের মধ্যে কতিপয় প্রধান ব্যক্তির নাম নিম্নে উল্লিখিত হইল—

জেপুরের মহারাজা শ্রীবিক্রম দেব বর্ম্মা, স্যর বেপা রামেশম্ (কে-টি); অনারেবল্ মিনিষ্টার ডি, ভি, গিরি, বার-য়াট্-ল; অনারেবল্ মিনিষ্টার এস, রামনাথন্; অনারেবল্ মিনিষ্টার ভি, আই, মুনিস্বামী পিল্লে; অনারেবল্ মিনিষ্টার ডাঃ পি, সুব্বারায়ন্; অনারেবল্ মিনিষ্টার সি, গোপাল মেনন; অনারেবল্ ডাঃ ইউ, রাম রাও; মিঃ কে শ্রীরামলু নাইডু (মেয়র); মিঃ কে, ভাষ্যম্ আয়েঙ্গার, অ্যাডভোকেট; মিঃ টি,এস, রামস্বামী আয়ার, অ্যাডভোকেট; এস, ভি, রঙ্গস্বামী আয়েঙ্গার, বার-য়াট-ল; দেওয়ান বাহাদুর গোপাল রামানুজাচারী শ্রেষ্ঠী; দেওয়ান বাহাদুর ও কুলপতি বিদ্যারণ্যপতি কে, এস, রামস্বামী শাস্ত্রী; দেওয়ান বাহাদুর স্যর শ্রীনিবাসন্, এম-এল-সি; দেওয়ান বাহাদুর এ, ভি. রামলিঙ্গম্ আয়ার; লেফ্‌টন্যাণ্ট কর্ণেল কে, ভি, প্যাণ্ডালে আই-এম-এস; মিঃ দেবীপ্রসাদ রায়চৌধুরী ও, বি, ই; রাও বাহাদুর ডাঃ এম, কেশব পাই ও, বি, ই; দেওয়ান বাহাদুর এস, ই, রঙ্গনাথন্ ভাইসচ্যান্সেলার, মাদ্রাজ ইউনিভার্সিটি; মিঃ এ, এ, বেঙ্কট্ সম্পাদক 'মাদ্রাজ-মেল'; মিঃ কে, শ্রীনিবাসন্ সম্পাদক 'হিন্দু' পত্রিকা; মিঃ কে, গোপালন্ প্রোপ্রাইটর 'হিন্দু' পত্রিকা; মিঃ সি, আর শ্রীনিবাসন্ সম্পাদক 'স্বদেশমিত্রন্'; অনারেবল্ জি. এ, নটেশন; মিঃ সি, এইচ্ শিভারাজ; রাওসাহেব জি, দেবগিরি রাও; মিঃ কে, ভক্তবৎসলম্ কাউন্সিলার; মিঃ এ, আর. ভি, আচার কাউন্সিলার; মিঃ সি, সুব্রাহ্মণ্যম্ চেট্টিয়ার কাউন্সিলার; মিঃ সি, টাঙ্গুমণিয়ম্ মুদালিয়ার কাউন্সিলার; ডাঃ ইউ, এস, নারায়ণ রাও; মিঃ এম, আর, গোবিন্দস্বামী; মিঃ টি পণ্ডিত পিল্লে প্রভৃতি।

গোস্বামীজী মাদ্রাজ হইতে ৩০শে সেপ্টেম্বর কভূরে, ১লা অক্টোবর পুরীতে, ২রা অক্টোবর কটকে এবং ৩রা অক্টোবর রবিবার খড়্গপুর, রেলে কলিকাতা পৌঁছিবেন। প্রত্যেক স্থানেই তাঁহাকে বিপুল সম্বর্দ্ধনার আয়োজন হইতেছে।

জড় বুদ্ধিরূপ হল শাস্ত্রের প্রমাণে। অপ্রাকৃত কৃষ্ণ কৃপা করেন ভক্তজনে।

"প্রভু ইন্দ্রিয়সকল ভজনের অনুকূল বিচারে নিযুক্ত করিবেন অর্থাৎ প্রতিকূল বিষয়গুলি অনুকূলের পৃষ্ঠপোষক জানিবেন। প্রতিকূল চক্রান্তে যে বিপদ্ উপস্থিত হয়, তাহাই পরক্ষণে ভজনের অনুকূলতা প্রসব করে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রবর্ত্তিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৮ পদ্মনাভ শাহ্ প্রচার গৌরাব্দ ৪৫১

ভগবান্কে কি করিয়া সহজে পাওয়া যায় ?

শাস্ত্রে সাধন ও কৃপার যুগপৎ আবশ্যকতার কথা শুনা যায়। এই দুইয়ের একটিকে বাদ দিলে কার্য্যসিদ্ধ হয় না—ইহাই সাধারণ নিয়ম। অহৈতুকী অযাচিত কৃপা যেখানে, সেখানে সাধনের আবশ্যকতা না থাকিতেও পারে। কিন্তু কৃপা না হইলে সাধনে সিদ্ধি অসম্ভব। সুতরাং সেব্যের সেবা প্রধানরূপ অপেক্ষা বা কৃপারই সেবা-ভক্তিরূপ সংরক্ষণকারের মুখ্য উপায়। সেইজন্যই বুদ্ধিমান্ ব্যক্তিগণ সেবোন্মুখ থাকিয়া সতত কৃপার প্রতীক্ষা করেন। এ সকল কথা আমরা 'কৃপা' ও 'সাধন' নামক দুইটী প্রবন্ধে বিস্তৃত আলোচনা করিয়াছি।

যখন আমরা সাধুর মুখে হরিকথা শুনি তখন এই সাধারণ চিন্তার মধ্যে 'কি করিয়া সহজে ভগবান্কে পাওয়া যায়' এই প্রশ্ন স্বতঃই উদিত হইতে দেখা যায়। মানুষের এমনি স্বভাব। কিন্তু আমাদের এমনই দুর্দ্দৈব যে, তাহা অভাবের ন্যায় তৎক্ষণাৎ আবার অন্তর্হিত হইয়া যায়; বাস্তবিক কি উপায়ে সহজে ভগবান্কে পাওয়া যায়, ইহা সমালোচনা হওয়া বিশেষ আবশ্যক বিধায় আজ তাহার পুনরালোচনায় প্রবৃত্ত হইতেছি।

যাঁহারা ভগবানের সেবা করেন, সেই ভক্তগণের সঙ্গে ভগবদ্ভক্তি লাভ হয়। ভক্ত ব্যতীত অন্য সকল ভগবানের নাগাল পরিস্থিত হয় না। ভক্তগণের হৃদয়েই বা সাধুর হৃদয়-মুকুরেই ভগবানের অবস্থিতি। এই ভক্তগণ ভগবানের সেবাকেই সার করিয়াছেন। তাঁহারা ভগবানের নাম-রূপ-গুণ-লীলা-কথাকেই জীবনসর্ব্বস্ব করিয়া সর্ব্বদা সেই সকলের আলোচনা করেন। সাধারণ লোক ভগবানের সম্বন্ধে যে আলোচনা করে, তাহার সহিত ভক্তের আলোচনায় আকাশ-পাতাল ভেদ বর্ত্তমান, অর্থাৎ তাহা একেবারেই বিপরীত। সাধারণ লোকে নিজ সুখের জন্যই ভগবানের সেবার অভিনয় করে এবং তজ্জন্যই তাহাদের আলোচনাদি যা কিছু। কিন্তু সেবৈক-সর্ব্বস্ব, কৃষ্ণার্থে অখিলচেষ্ট, কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিকামী ভক্তগণের ভাব বা উদ্দেশ্য ঠিক তাহার উল্টা। তাঁহারা ইহ-পরলোকের সুখ—ধর্ম্ম-অর্থ-কাম, এমন কি মহামোক্ষ মহামূল্য মুক্তিরও অপেক্ষা রাখেন না; এক কথায় তাঁহারা ধর্ম্মার্থ-কামমোক্ষকে তুচ্ছবোধে প্রয়োজন জ্ঞান না করিয়া কৈতব বাসনাই জানেন। তাঁহারা স্বভাবে—ভাবে ভাবে হৃদয়-তরঙ্গ সমস্তই ভগবানেরই সেবা করেন। তাঁহাদের সেই সেবা-প্রবৃত্তি অহৈতুকী, অপ্রতিহতা। সেই সেবা-প্রবৃত্তি কোন বাধা মানে না, দাবাগ্নি-মুখে স্রোতস্বতী যথাধারায় উঁচু নীচু সকল স্থান প্লাবিত করিয়া, সমুদ্রের সকল বাধা-বিপত্তি নির্দ্দলিত করিয়া অবাধগতিতে একমনে ছুটিতে থাকে সেই প্রাণারামের দিকে। সেই ভাব-প্রবাহের বাধা নাই, বিপত্তি নাই, বিরাম নাই। সে কেবল প্রাণারামের প্রণয়ের জন্য, তাঁহার নয়নোৎসব বিধানের জন্য নিত্য নব নব রূপ ধারণ করিয়া সর্ব্বদাই তাঁহারই কেলিচিত্র-পূর্ণ হইয়া অবস্থান করে। সেই ভক্তগণ ভগবানের সেবায়, ভগবানের ভক্তের সেবায় সতত নিত্যপ্রতিষ্ঠিত; তাই দেহ-আত্মীয়-স্বজন স্ত্রী-পুত্র হতে, পশু পক্ষী প্রভৃতি বা জড়েশ্বর্য্যপ্রাপ্তিতে তাঁহাদের প্রাণ বা প্রীতি আকৃষ্ট হয় না। কারণ, তাঁহারা যে প্রাণের প্রাণ—সর্ব্বপ্রাণ-প্রাণ পরমেশ্বরের প্রীতিতে সমস্ত প্রাণমন অর্পণ করিয়াছেন। এমন ভক্তগণ ভগবান্কে সার করিয়াছেন এবং সাধারণের চক্ষে ভগবান্ও এই ভক্তগণের ভাবে আবদ্ধ হইয়া তাঁহাদিগকেই সার করিয়াছেন, তাঁহাদের প্রেমে বশ হইয়াছেন।

এই ভক্তগণ যে ধর্ম্মের কথা বলেন, তাহা ভাগবত-ধর্ম্ম—আত্মধর্ম্ম—চেতনের ধর্ম্ম। সে ধর্ম্ম সার্ব্বদেশিক, সার্ব্বকালিক এবং সার্ব্বজনীন। সে ধর্ম্ম দেহের নয়, মনের নয়—আত্মার। তাহা অনিত্য নহে—নিত্য, সনাতন ও কৈতবরহিত। তাহাতে ভুক্তি-মুক্তি-স্পৃহা নাই, সেখানে জড়োত্থ দুঃখজ্ঞানরূপ বিপদের আবাহন নাই, সেখানে আছে কেবল কামদেবের নিত্য নব-নবায়মান কামক্রীড়ার অথবা ভক্তের অপ্রাকৃত প্রেমের। এই ধর্ম্ম শুধু ভাগবতগত নহে, ইহা নিত্যসিদ্ধ-তত্ত্বনিষ্ঠ নিত্য বা নিত্যস্বরূপগত। ইহাতে আছে কেবল পরমপুরুষের সেবা বা হরিকথা। এই ধর্ম্মের আরও বৈশিষ্ট্য এই যে, সেই সর্ব্বস্বরূপের স্বরূপ ঈশ্বর-স্বরূপের সেবায় সন্তুষ্ট না হইয়া—সংপ্রাপ্ত বা হৃৎস্থ ভক্তসেবা ভগবানের সেবা অপেক্ষাও শ্রেষ্ঠ, শ্রেয়স্কর হইয়া যাঁহাদের সেবা করিবার জন্য ব্যস্ত, সেই সেবকগণের সেবাবিধান। এই ভক্তের ভক্ত হওয়াই ভগবদ্ভজনের পরাকাষ্ঠা বা ভগবানের সম্যক্ তুষ্টিবিধান। সেইজন্যই বলিতেছি, ভক্তগণের—সকলের সেবায় সর্ব্বস্ব সমর্পণকারী ভাগবত-স্বরূপ ভক্তগণের সঙ্গে ভাগবতের আলোচনা এবং গ্রন্থ-ভাগবত ও ভক্ত-ভাগবত এই উভয়বিধ ভাগবত-সেবাদ্বারাই ভগবান্কে সহজে লাভ করা যায়। যিনি ভক্ত বা ভক্তশ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্মে পূর্ণ শরণাগত, ভগবান্ তাঁহারই প্রাপ্য বা করতলগত। এতদ্ব্যতীত ভগবৎসেবা প্রাপ্তি শুধু কঠিন নহে, অসম্ভব।

বামনদেবের আবির্ভাব

(শ্রীহেমলতা দেবী)

প্রহ্লাদের পুত্র বিরোচন। বিরোচনের পুত্র বলি। এক সময় সেই বলি ভগবদ্বলে খুব শক্তিশালী হইয়াছিলেন। তিনি স্বর্গ হইতে ইন্দ্রাদিদেবগণকে দূরীভূত করিয়া সেখানে রাজত্ব করিতেছিলেন। বলির ভয়ে স্বর্গবাসিদেবগণ দীন-হীনের ন্যায় ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিলেন এবং তাঁহারা অনুপায় হইয়া সকলের মূল আশ্রয়, বান্ধবগণ শ্রীনারায়ণের শরণাপন্ন হইলেন। ইন্দ্রের মাতা অদিতি পুত্রের দুরবস্থা দেখিয়া নিতান্ত দুঃখিতা হইয়া তাঁহার দুঃখ দূর করিবার অভিলাষে ভগবান্ বাসুদেবের আরাধনা করিতে লাগিলেন। তাহাতে বাঞ্ছাকল্পতরু ভগবান্ বলির দর্প চূর্ণ করিতে এবং দেবতাদিগের দুঃখ নিবারণ করিতে অদিতির গর্ভে বামনরূপে জন্মগ্রহণ করিয়াছিলেন।

ভগবান্ বামনদেব ভাদ্রমাসের শুক্লা দ্বাদশী তিথিতে অভিজিৎ মুহূর্ত্তে আবির্ভূত হইলেন। সেই দ্বাদশী দিবা-ভাগেই পড়িয়াছিল। উহার নাম—বিজয়া দ্বাদশী। মুনিগণের সহিত মিলিত হইয়া ব্রহ্মা বামনদেবের জাতকর্মাদি সমাধা করিলেন। তাঁহার উপনয়ন-কালে সূর্য্যদেব স্বয়ং সাবিত্রী পাঠ করেন, বৃহস্পতি তাঁহাকে যজ্ঞসূত্র, পিতা কশ্যপ মেখলা, মাতা অদিতি তাঁহাকে কৌপীন দান ও কমণ্ডলু, সপ্তর্ষিগণ কুশ, মাতা সরস্বতী অক্ষমালা, কুবের ভিক্ষাপাত্র, ভবানী অম্বিকাদেবী ভিক্ষা প্রদান করেন। এইরূপে দেবতারা ভগবানের সেবা করিয়া কৃতার্থ হইলেন।

দৈত্যদিগের গুরু ছিলেন শুক্রাচার্য্য। তিনি শুক্রাচার্য্য নীতি ও চিকিৎসা-শাস্ত্রে এরূপ সুনিপুণ ছিলেন যে, তিনি "কাব্য"-নামে সুপ্রসিদ্ধ, কিন্তু তিনি পারমার্থিক গুরু ছিলেন না। তাঁহার আদেশে মহারাজ বলি যজ্ঞ আরম্ভ করিলেন। তথায় বামনরূপী ভগবান্ সেই যজ্ঞস্থলে উপস্থিত হইলেন। বামনকে আগত দেখিয়া শুক্রাচার্য্য প্রভৃতি ব্রাহ্মণগণ তাঁহাকে সম্মান প্রদান করিলেন। বলিরাজ স্বয়ং তাঁহার পাদ প্রক্ষালন করিয়া সেই জল মস্তকে ধারণ করিলেন এবং বহু সম্মান পূর্ব্বক বসিবার আসন প্রদান করিয়া কহিলেন, "আপনার পদার্পণে আমার যজ্ঞ সফল হইল, আমি ধন্য ও কৃতার্থ হইলাম। আপনি কি মনে করিয়া এখানে আগমন করিয়াছেন, বলুন; আপনি যাহা যাচ্ঞা করিবেন, আমি তাহাই প্রদান করিব।" তখন বামনরূপী ভগবান্ বলিলেন—"যাবন্মাত্র প্রয়োজন, তাবন্মাত্র প্রতিগ্রহ করিলে পাপভাগী হইতে হয় না। অতএব আমার প্রয়োজন মত আপনি আমাকে ত্রিপাদপরিমিত ভূমি দান করুন।" বামনের প্রার্থনা-মতে বলিরাজ তাঁহাকে ত্রিপাদভূমি দান করিতে উদ্যত হইলে তাঁহার কুলগুরু শুক্রাচার্য্য তাঁহাকে নিষেধ করিয়া কহিলেন—"ওহে মূঢ়! বামনকে সমস্ত দান করিয়া তুমি কিরূপে জীবনধারণ করিবে?" দৈত্যগুরু শুক্রাচার্য্য শ্রীহরিকে ভগবান্ বামন জানিতে পারিয়াছিলেন, সুতরাং বলি যদি ভগবান্কে সমস্ত দান করিয়া বসে, তাহা হইলে দৈত্যদিগের আর কিছুই প্রাপ্য থাকিবে না। শুক্রাচার্য্য বলিকে বার বার নিষেধ করিয়া বলিলেন—"তুমি বামনকে চিনিতে পার নাই। ভগবান্ বামনদেব কৌশলক্রমে প্রতারণাপূর্ব্বক দেবতাদের আনুকূল্য করিবার নিমিত্ত তোমার নিকটে আসিয়াছেন। সুতরাং তুমি যে প্রতিজ্ঞা করিয়াছ তাহা অস্বীকার কর।" উত্তরে বলি কহিলেন—"আমি মিথ্যাবাদী হইতে পারিব না। এই বামনদেবের যাচ্ঞা পূর্ণ করিতে যদি আমাকে রাজ্য-ধন-প্রাণাদি এমন কি সর্ব্বস্ব হারাইতে হয়, তথাপি আমি সত্য হইতে বিচ্যুত হইব না। মৃত্যু অপেক্ষা নরকরূপ বিপদের ভয় অধিক আর নাই। পূর্ব্বে পৃথিবী বলিয়াছিলেন—আমি সকল সহ্য করিতে পারি কিন্তু মিথ্যাবাদীকে বহন করিতে পারি না। সুতরাং যে ভাবেই ব্রাহ্মণকে বঞ্চনা করিতে আমার বড় ভ

কৃষ্ণ তারে দেন নিজ চিচ্ছক্তি বল। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্ব্বল।

হয়। যে ভক্তের নিকট মস্তক, দক্ষিণা, অপরাধ এবং কি কৃত্য ভক্তি দৃঢ় দিবে। যুদ্ধক্ষেত্রে প্রতি যোদ্ধার সহিত যুদ্ধ করিয়া প্রাণত্যাগ করে—এরূপ অনেক ব্যক্তিকে পাওয়া যায়, কিন্তু অর্থীকে শ্রদ্ধাপূর্বক ধন দান করেন—এরূপ ব্যক্তি অতি দুর্লভ।" এই বাক্য বলিয়াও তাঁহার সহধর্মিণী বিন্ধ্যাবলীর সহিত মিলিত হইয়া বামনরূপী ভগবানের পাদপ্রক্ষালন করিয়া উভয়ে মস্তকে সেই জল ধারণপূর্বক যথাবিধানে ভগবানকে ত্রিপাদ ভূমি দান করিলেন। তখন ভগবান্ ত্রিবিক্রম মূর্তি প্রকট করিয়া দুই পদে ত্রিভুবন অধিকার করিয়া লইলেন এবং তাঁহার তৃতীয় পদ কোথায় রাখিবেন, জিজ্ঞাসা করায় বলি কহিলেন—"হে ত্রিবিক্রম! আমাকে সত্য বিচলিত বলিয়া বোধ করিবেন না। কৃপাপূর্বক আপনার আর এক পদ আমার মস্তকে স্থাপন করুন।"

ভগবান্ বলিকে উত্তম দান করিয়াছিলেন এবং একণে নিকট তাহা গ্রহণ করিলেন। অতএব তাঁহাকে ঐশ্বর্য হইতে বঞ্চিত করিয়া ভগবান্ তাঁহার প্রতি কৃপাই অনুগ্রহ প্রকাশ করিলেন। কারণ, ঐশ্বর্যমদে মত্ত হইয়া জীব বলি মহাত্মাদের নিকট অপরাধী হইয়া ভগবানকে ভুলিয়া যায়।

যে-কোন ব্যক্তি ভগবানের চরণে নিষ্কপটে আত্মদান করিলে ভগবান তাঁহাকে উত্তম গতি দান করেন; আর এই বলিরাজ শ্রীভগবানের পাদপদ্মে আপনার সর্বস্ব-সর্বস্ব সমর্পণ করিয়াছিলেন। সুতরাং তাঁহার যে উত্তমগতি লাভ হইবে, তাহাতে আর সন্দেহ কি? তাই ভগবান্ সন্তুষ্ট বলিরাজের সকল যোগ্যপূর্বক তাঁহাকে পাতালের অধীশ্বর করিয়া রাখিলেন এবং স্বয়ং গদা ধারণপূর্বক বলিরাজের রক্ষকরূপে অবস্থান করিলেন। এইরূপে ভগবান বামনরূপে ভিক্ষুকরূপে বলিরাজের নিকট হইতে সর্ব গ্রহণ পূর্বক ইন্দ্রকে প্রদান করিলেন।

বলিরাজের এই উপাখ্যান হইতে আমরা স্পষ্ট বুঝিতে পারি যে, ভগবান্ যাহাকে দয়া করেন, তাঁহার সর্বস্ব হরণ করেন; কারণ, জন্ম, ঐশ্বর্য, শ্রুত, শ্রীর গর্বে গর্বিত হইয়া মনুষ্য ভগবান্‌কে অবজ্ঞা করিয়া থাকে। জীব স্ব-স্ব কর্মফলে নানা যোনি ভ্রমণ করিতে করিতে সুকৃতির ফলে যখন মনুষ্যাদি প্রাপ্ত হয়, তখন যদি জন্ম, অর্থ, যৌবন, রূপ, বিদ্যা ও ঐশ্বর্যাদির মদে মত্ত না হইয়া ভগবানের কথা শ্রবণ করেন তাহা হইলেই বুঝিতে হইবে যে, তাঁহার প্রতি ভগবানের অকপট অনুগ্রহ হইয়াছে।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়সম্প্রদায়-সংরক্ষক

পরমহংস ওঁ বিষ্ণুপাদ

শ্রীমদনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুর

দ্বিচত্বারিংশবর্ষ-পূর্তি-আবির্ভাব-তিথিতে

শ্রীশ্রীগুরুপূজোপলক্ষে

ভক্তিপুষ্পাঞ্জলি

"শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রেষ্ঠ" আচার্যদেব। আমরা শ্রীমাধ্বগৌড়ীয়মঠের দীনাতিদীন সেবকগণ। আপনার পাতক-পাবনী আবির্ভাব তিথিতে আপনার পাদপদ্মে শ্রীশ্রীগুরু-পূজার জন্য এই অকিঞ্চনের অঞ্জলি আনয়ন করিয়াছি। আপনি কৃপা পূর্বক তাহা জগদ্গুরু শ্রীশ্রীল প্রভুপাদের পাদপদ্মে পৌঁছাইয়া দিন।

হে গুরুশ্রেষ্ঠ! "আদৌ গুরুপূজা" এবং "যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ"—এই শ্রুতি হইতে আমরা শ্রীকৃষ্ণপূজা অপেক্ষাও শ্রীগুরুপূজার অপরিহার্যতা ও শ্রীগুরুপূজা-মুখেই শ্রীকৃষ্ণপূজার কথা শ্রবণ করিয়াছি। শ্রীসম্প্রদায়াচার্য শ্রীমধ্ব তাঁহার সমগ্র গ্রন্থে, শ্রুতি ও বেদান্ত-ভাষ্যে শ্রীব্যাস-গুরুর যে একান্ত আনুগত্য প্রদর্শন করিয়াছেন, তাহা অদ্বিতীয়। শ্রীগুরু-বাক্যোদ্ধার ব্যতীত, শ্রীগুরু-বাণীর প্রমাণ ব্যতীত শ্রীমধ্বাচার্য অন্য কোন কথাই বলেন নাই। সমগ্র শ্রুতি, স্মৃতি, বেদান্ত শ্রীগুরুবাক্যেরই পরিপোষক,—ইহা শ্রীমধ্বাচার্যচরণ প্রদর্শন করিয়াছেন। আদিগুরু ব্রহ্মা ও শ্রীকৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস হইতে শ্রীমধ্বাচার্য যে আম্নায় ধারার বিচার প্রদর্শন করিয়াছেন, গৌড়ীয়ের অন্ধকার যুগে শ্রীবলদেব বিদ্যাভূষণ প্রভু সেই আম্নায়কেই সমগ্র-সিদ্ধির কুতর্ক-খণ্ডন-সমর্থ শাস্ত্র-বিচার-মূলে প্রদর্শন করিয়া অনাথ বিশ্বে বিশ্বনাথের মনোহভীষ্ট সংস্থাপন ও গৌড়ীয় সম্প্রদায়ের শ্রীগোবিন্দের প্রবর্তন করিয়াছিলেন। গৌড়ীয়ের আর এক অন্ধকার যুগের অবসানে শ্রীল ভক্তিবিনোদ-কথিত কাল-প্রচ্ছন্ন আম্নায় সম্বন্ধে কুতর্ক উত্থাপন করায় আপনি সেই শ্রীবলদেব বিদ্যাভূষণ প্রভুর আবির্ভাব-তিথিতে গৌড়ীয়-বেদান্তাচার্য বিদ্যাভূষণ প্রভুরূপে উদিত হইয়া শ্রীব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়-আম্নায়ের বিচার সংস্থাপন ও শ্রীগৌড়ীয়-সম্প্রদায়কে সংরক্ষণ করিলেন।

গত ১৩২৮ বঙ্গাব্দে ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয় মঠের ভিত্তি-সংস্থাপন-কালে যে দিন পরমারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদের একাদশকাল-ব্যাপী "জন্মাদ্যস্য" শ্লোকের তিন প্রকার ব্যাখ্যা ব্যাস-শিষ্য গণের ন্যায় আপনাকে অবিশ্রান্ত ভাবে লিখিতে দেখিয়াছিলাম, সেই দিন আপনার মহত্ত্ব অকপটে অঙ্কিত হইলেও "জন্মাদ্যস্য" শ্লোকের 'অনুগোপাল-তথ্য'

সেই সকল ব্যাখ্যার অমৃত পরিবেশন কালে শ্রীল প্রভুপাদ যখন "বাসুদেবানন্দাদি থাকিতে ত' সদা দয় নাই"—সকলকে এই প্রকৃতপক্ষে প্রদান করিলেন, তখন আপনার গূঢ় স্বরূপ ও নির্মুক্ত শুদ্ধ সেবাধিকার কেহ কেহ অবধারণ করিয়াছিলেন। বর্ষ-চতুষ্টয় পূর্বেও যখন শ্রীল প্রভুপাদ আপনাকে 'শ্রীগুরু-গৌরাঙ্গশ্রেষ্ঠ,' 'ভগবৎ-প্রদায়ক,' 'সর্বশাস্ত্রার্থ-তত্ত্বজ্ঞ,' 'পরম ভক্তে দীক্ষিত,' 'যুক্তবৈরাগ্য বিগ্রহ,' কলিযুগে শ্রীরূপানুগ-সিদ্ধান্ত-বাণী-সংরক্ষক,' 'হরিপ্রিয়তমৈর্গুর্বা' বলিয়া গৌড়-বঙ্গ-বাসীকে জানাইলেন, তখন নির্মৎসর ব্যক্তিগণ আপনার আচার্যস্বরূপ উপলব্ধি করিয়াছিলেন এবং আপনিই যে শ্রীল প্রভুপাদের অপ্রকট লীলাবিস্তারের পর শ্রীব্রহ্ম-মাধ্ব গৌড়ীয়ধারায় শ্রীভক্তিবিনোদ-ধারা সংরক্ষণ করিবেন, ইহা সকলেই মনে মনে উপলব্ধি করিয়াছিলেন।

শ্রীশ্রীল প্রভুপাদ শ্রীমাধ্বগৌড়ীয়মঠ সংস্থাপন করিয়া শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়ধারা ও শ্রীমহাগুরু-পাদপদ্মে শ্রীব্যাস-পূজার বিচার সংস্থাপন করিয়াছেন। শ্রীল প্রভুপাদ তাঁহার শ্রীভক্তিবিনোদাভিকল্পিত বিরতি-পালাশ্রমী জীবের মঙ্গলের ভক্তিবিনোদ-গৌরবাণী-প্রচারের দ্বারা এই ঢাকা নগরীকে তীর্থীভূত করিয়া এখানে আম্নায়ের বিচারের বৈজয়ন্তীরূপে শ্রীমাধ্ব-গৌড়ীয় মঠের উদ্বোধন করিয়াছেন। আপনার আচার্যত্ব ও আচার্যের ভুবনপাবনী আবির্ভাব-তিথির মঙ্গলাচরণ করিয়া শ্রীমাধ্বগৌড়ীয় মঠ হইতে শ্রীশ্রীল প্রভুপাদের মনোহভীষ্টানুসারে আপনার শ্রীহস্ত-সম্পাদিত সর্বপ্রথম শ্রীমাধ্ব-বেদান্ত-ভাষ্য-গ্রন্থ প্রকাশিত হইয়াছে। শ্রীমধ্বাচার্যের অনুভবের সহিত আপনার জগদারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদের 'অনুভাষ্যে'র সম্বন্ধীয় শ্রীগুরুপাদ-পদ্মের বাণী-সংকীর্তনের ঐকতান-রাগিণী আপনার আচার্যত্ব-প্রকাশের একতান মাত্রকে মঞ্জু শব্দ করিয়াছে। আপনি কৃপা করিয়া শ্রীমাধ্বগৌড়ীয় মঠের অযোগ্য সেবকাভাসগণের এই তুচ্ছ অঞ্জলি গ্রহণ পূর্বক আপনার আনুগত্যে শ্রীগুরু-পাদপদ্মের সঙ্কীর্তন-যজ্ঞে আমাদিগকে অধিকার প্রদান করুন।

ভবদীয় আনুগত্যে শ্রীশ্রীল ভক্তিবিনোদ-

গৌরবাণী-সেবাপ্রার্থী

শ্রীমাধ্বগৌড়ীয় মঠের সেবকবৃন্দ

মায়ারে পিছনে রাখি কৃষ্ণ পানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণ পাদপদ্ম পায়।

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

যাহারা বিদ্যা কথা ও শাস্ত্রের বচন রাখিতে চায়, যাহারা গোপনে পরস্ত্রী সম্ভাষণ করে, যাহারা ঠাকুর-সেবার ছলনায় বিষয়ীর বিষয়চিন্তা সংগ্রহ করে, যাহারা সামান্য Ethical principles পর্যন্তও রক্ষা করিতে পারে না, শ্রীচৈতন্যের কৃপায় তাহাদের জন্য চিরতরে 'দ্বার' রুদ্ধ, মিলিয়াছে। যাহারা ভক্তিকণ্টক, তাহাদের পক্ষে বিদ্যা এবং যোগীদের দর্শন অপেক্ষা বিষ ভক্ষণ করিয়া মরিয়া যাওয়া ভাল।

ভগবানের কৃপা এবং সেবকের নিষ্কপট আর্তি একত্র হইলে জীবের অনায়াসে ভববন্ধ ও কৃষ্ণপ্রাপ্তি হয়। যাহারা ভাল পোষাক পরিয়া গান এবং ভাল ভাল দ্রব্য ভোজন করাকে প্রশ্রয় দেয় তাহারা ভজন-রাজ্য হইতে চিরতরে পতিত হয়।

এই মহাপ্রভুর বাটীতে যে-সকল লোক মহাপ্রভুর সেবার কোনও প্রকার ছলনা করিয়াছে এবং শুদ্ধবৈষ্ণবের নিন্দা, অবজ্ঞা এবং উদ্বেগ প্রদান করিয়াছে, তাহাদের পতন হইয়াছে, তাহারা সমূলে দণ্ডিত হইয়াছে। মহাপ্রভু সত্ত সত্ত বৈষ্ণবাপরাধীদিগের শাস্তি বিধান করিয়াছেন। বৈষ্ণব সাধারণ মানুষ নহেন। বৈষ্ণব বজ্রাদপি কঠোর এবং কুসুম হইতেও কোমল। দুনিয়াদারীর লোকের সঙ্গে ও বিষ্ণুজন বৈষ্ণবের সঙ্গে এক রকম ব্যবহার করিলে চলিবে না। বৈষ্ণব লইয়া খেলা করা উচিত নহে।

হরিসেবকগণ মঠে বাস করেন। অবনত-মস্তকে শাসন স্বীকার না করিলে তাঁহাকে শিষ্য বলা যাইবে না। মঠবাসীর আচার বিচার ছাড়িয়া দিলে কর্মকাণ্ডী হইয়া পড়িতে হইবে। মঠধর্ম ও মঠসেবা ছাড়িয়া দিলে বহির্মুখ জীব কুমঠবাসী হয়।

জীব নিষ্কপট হইলে যে-কোন আশ্রমে থাকিয়া হরিভজন করিতে পারেন। হরিভজন বাদ দিলেই জীব গৃহব্রতী হয়। হরিভজনপরায়ণের গৃহ বৈকুণ্ঠ-সদৃশ।

বৈষ্ণব-সেবা করিতে হইবে, গুরুসেবা করিতে হইবে এবং কৃষ্ণের অর্চন করিতে হইবে; কিন্তু কোন অবস্থায়ও তাঁহাদের নিকট হইতে সেবা গ্রহণ করিতে হইবে না। মঠসেবা করিতে হইবে মঠসেবা গ্রহণ করিতে হইবে না। গৃহকে মঠ করিতে হইবে। কিন্তু মঠকে গৃহে পরিণত করিলে চলিবে না। সাবধান হইতে হইবে, যেন লোভী-গৃহস্থ মঠের (?) দ্রব্যে আত্মসাৎ না করে। পরের নিন্দায় নিজের লাভ নাই, যাহারা হরিভজন করেন, তাঁহারা কদাপি বৈষ্ণবের ছিদ্রানুসন্ধান করেন না।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ-ধাম
প্রাচীন নবদ্বীপ, অন্তর্দ্বীপ শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রচারিতপ্রচারকের 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রাতঃকৃত্য-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ সঙ্কীর্ত্তন রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিমাধব অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীবিধিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীবালাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান
রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
রক্ষক—শ্রীমদনার্জ্জুনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়
রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌরপুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাউগাছা—(শ্রীমাধবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিরূপ

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)
রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)
রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন
রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
রক্ষক—শ্রীনরেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীরঘুনানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ
কমলাপুর, পোঃ ঢাকা
রক্ষক—শ্রীরামদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটী, (ঢাকা)
রক্ষক—শ্রীভক্তিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ
রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী প্রত্নবিৎ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীযাদবেন্দ্র দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
অপটাড়িস্লা, দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) মায়াপুর-গৌড়ীয়মঠপীঠ
পোঃ নবিবাদ, জিঃ সাহারণপুর, ইউ, পি
রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ সি-এস।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ
পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার
রক্ষক—শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
মুরলী রোড, গয়া
রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ
৪২নং কবিরপুরা, বেনারস সিটি
রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)
রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক—শ্রীমঙ্গলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা
রক্ষক—শ্রীচিদ্বিলানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী
রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা মথুরা।
রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,
পোঃ হোড়াল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ
৪০নং সুলতান রোড, নিউ দিল্লী।
রক্ষক—শ্রীগৌরাঙ্গব্রত ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্বালাহিল বিল্ডিং বোম্বে ৭
রক্ষক—শ্রীঅধিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীরাধাগোবিন্দ ও শ্রীগৌরাঙ্গসেবা।
রক্ষক—মহোপদেশক শ্রীপাদ সুগ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীরাধাগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক—শ্রীসনাতন দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬ লীলাকুটী
রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী,
রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ
লালবাগ, পোঃ কটক (উড়িষ্যা)
রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ
রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
রক্ষক—শ্রীজগদানন্দ ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
অপরাহ্ণে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ গৌড়ীয় ১০ম খণ্ড হইতে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-লিখিত ঠাকুরের পরমপূত চরিত্র পাঠ ও ব্যাখ্যা করিয়া সমবেত শ্রোতৃমণ্ডলীকে বুঝাইয়া দেন। ব্যাখ্যামুখে স্বামীজী বলেন শৈশবকাল হইতেই শ্রীল ঠাকুরের পরতত্ত্ব শ্রীশ্রীল গৌরসুন্দরের পাদপদ্ম সেবার নিত্যসিদ্ধ স্বভাবোচিত স্বাভাবিকী রুচি বর্ত্তমান ছিল। শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর প্রচারিত পরম নির্ম্মল আম্নায় ভজনীয় বস্তু শ্রীশ্রীরাধাগোবিন্দের শ্রীপাদপদ্ম-সেবা শ্রীশ্রীমহোজ্জ্বল-বিশ্বনাথ-বলদেব প্রভুর অপ্রকটের পর দুর্দ্দৈব ক্রমবশতঃ উপযুক্ত আচার্য্যের অভাবে আউল বাউলাদি অবৈধ সম্প্রদায় দ্বারা আক্রান্ত হওয়ায় বিকৃতরূপে জগতে যে অভাব আনয়ন করিয়াছিল শ্রীল ঠাকুর অসাধারণ চেষ্টার মধ্যে সাধুসঙ্গে ঐকান্তিকী নিষ্ঠা এবং অনন্যসাধারণ-বর্জিত অনুকূল্যে পরিচয় দিয়া পরম প্রয়োজনীয় দুষ্প্রাপ্য দুষ্প্রাপ্য পারমার্থিক গ্রন্থসমূহ সংগ্রহ ও প্রকাশ, স্থানে স্থানে বক্তৃতা প্রদান, বীর বিদ্যাবর্দ্ধন-দক্ষ লোকলোচনে লুপ্তপ্রায় শ্রীশ্রীগৌরজন্মভূমি ও শ্রীগৌরলীলাস্থলী সমূহ প্রামাণিক শাস্ত্রগ্রন্থ ও ইতিহাস হইতে প্রমাণ প্রভৃতি প্রদর্শন পূর্ব্বক তাহার পুনরুদ্ধার করিয়া অপ্রকটের শেষমুহূর্ত্ত পর্যন্ত জগজ্জীবকে পরমমঙ্গলের সন্ধান দিয়া গিয়াছেন। তাঁহারই অভীষ্ট শুদ্ধভক্তিপ্রবাহ, নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তর শতশ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ এবং তাঁহার যোগ্যতম অবতম ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের আচার্য্য-লীলায় অবতরণে বর্দ্ধিত হইয়া জগৎ প্লাবিত করিতেছে।

কভূরে শ্রীপাদ ভক্তিসারঙ্গ গোস্বামীজী সম্বর্দ্ধিত

—::(০)::—

কলেক্টর বাহাদুরের সভাপতিত্বে বৃহৎ সভায় গোস্বামী প্রভুকে অভিনন্দন প্রদান

(তারের সংবাদ)

কভূর, ২৯শে সেপ্টেম্বর

গতকল্য গোদাবরী জেলার অধিবাসিবৃন্দ ওয়েষ্ট গোদাবরী জেলার কলেক্টর বাহাদুরের সভাপতিত্বে কভূরে এক বিরাট্ সভায় মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভুকে অভিনন্দন প্রদান করিয়াছেন। সভার যাবতীয় অনুষ্ঠান অতীব সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। গোস্বামীজীকে সম্বর্দ্ধনার জন্য এক বিরাট্ নগরসংকীর্ত্তন শোভাযাত্রারও আয়োজন হইয়াছিল।

অদ্য রাত্রে শ্রীপাদ গোস্বামীপ্রভু অষ্ট্রেলিয়ার সংবাদপত্রপরিচালক মিঃ বার্কেট্ সহ পুরীধামে শুভবিজয় করিতেছেন।

কীর্ত্তনান্তে সমাগত একশত ব্যক্তিকে বিচিত্র মহাপ্রসাদ দ্বারা পরিতৃপ্ত করা হয়।

শ্রীশ্রীরাধাষ্টমী মহোৎসব দিল্লী শ্রীগৌড়ীয়মঠে

শ্রীগৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুপাদের সম্পূর্ণ আনুগত্যে ১৩ই সেপ্টেম্বর সোমবার শ্রীশ্রীরাধাষ্টমী-তিথি পালনোপলক্ষে দিল্লী শ্রীগৌড়ীয় মঠের সেবকবৃন্দ মঙ্গলারাত্রিকের পর আচার্য্য ও শ্রীগুরু-বৈষ্ণব বন্দনা করতঃ শ্রীগুর্ব্বষ্টক, গৌরস্তব ও মহাজনগীতি কীর্ত্তন করেন। পরে ১ ঘণ্টা কাল শ্রীচৈতন্যভাগবত পাঠ হয়। দ্বিপ্রহরে ১১॥ ঘটিকা হইতে ১২টা পর্য্যন্ত আচার্য্য ও শ্রীগুরুবৈষ্ণব বন্দনা হইলে শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারীজীর মুখপাত্রে শ্রীগুর্ব্বষ্টক এবং মধুনাথ ব্রহ্মচারীজীর মুখপাত্রে 'রাধিকাচরণ পদ্ম' ও 'রাধা ভজনে যদি মতি নাহি ভেলা' ইত্যাদি গীত কীর্ত্তন হয়। তৎপরে শ্রীমঠরক্ষক ব্যাসাধিকারীজী অর্দ্ধঘণ্টাকাল গতসংখ্যার শ্রীনদীয়া-প্রকাশ হইতে 'শ্রীরাধাষ্টমী' প্রবন্ধটী পাঠ ও ব্যাখ্যা করেন। সন্ধ্যারাত্রিকের পরেও আচার্য্য-বন্দনা ও শ্রীগুরু-বৈষ্ণব-বন্দনার পর মহাজনগীতি কীর্ত্তন হইলে শ্রীমঠরক্ষক ব্যাসাধিকারী শ্রীশ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী দ্বিতীয় খণ্ড হইতে 'শ্রীমতী বৃষভানুনন্দিনী' বক্তৃতাটী পাঠ ও সরলভাবে বুঝাইয়া উপস্থিত শ্রোতৃবৃন্দের আনন্দ বর্দ্ধন করেন। তৎপরে 'ভজ হুঁ রে মন,' 'ভজহুঁ রে মন' ও মহামন্ত্র কীর্ত্তন হয়। পরে সকলকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

গয়া শ্রীগৌড়ীয়মঠে

শ্রীচৈতন্য মঠের শাখামঠ শ্রীগয়াগৌড়ীয় মঠে ওঁ বিষ্ণুপাদ পরমহংস ১০৮শ্রী শ্রীমদনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুপাদের আনুগত্যে গত ৬।৯।৩৭ তারিখে শ্রীশ্রীরাধাষ্টমী উপলক্ষে বেলা ১১টায় শ্রীশ্রীগুরুবৈষ্ণব-বন্দনান্তে 'শ্রীশ্রীরাধাষ্টক' 'রাধিকাচরণপদ্ম', 'রাধা ভজনে যদি মতি নাহি ভেলা' প্রভৃতি গীতি কীর্ত্তন করা হয়। কীর্ত্তনান্তে শ্রীপাদ সজ্জনানন্দস্বরূপ ব্যাসাধিকারী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত আদি খণ্ড ৪র্থ অধ্যায় হইতে শ্রীকৃষ্ণ-বিচার প্রসঙ্গে শ্রীমতী রাধারাণীর মহিমা প্রায় ১॥ ঘণ্টা কাল কীর্ত্তন করেন।

অতঃপর শ্রীশ্রীভোগরাগান্তে নিমন্ত্রিত প্রায় দুই শতাধিক সজ্জন ভক্তগণকে ও অভ্যাগতদিগকে বিচিত্র চর্ব্ব্যপূর্ণ মহাপ্রসাদ প্রদান করা হয়।

শুদ্ধ ব্রজবাসীগণ হন রাধার প্রিয়গণ। যুক্তরূপে কৃষ্ণ কৃপা করেন জনগণে।

"শুদ্ধ ইন্দ্রিয়গণ ভজনের অনুকূল বিচারে নিযুক্ত করিবেন অর্থাৎ প্রতিকূল বিষয়গুলি অনুকূলের পুনরাবৃত্তি জানিবে। প্রতিকূল হওয়ায় যে বিপদ্ উপস্থিত হয়, তাহাই পরক্ষণে ভজনের অনুকূলতা প্রসব করে।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী
গোস্বামি-ঠাকুর-প্রবর্তিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১১ পদ্মনাভ, রবিবার, গৌরাব্দ ৪৪১

গুরুগিরি ও শিষ্যগিরি

ভবপারের কর্তা, অকূল সংসার-সমুদ্রে কর্ণধারস্বরূপ, তিনি জীবের নিত্যোপাস্য বস্তু, তাঁহাকে সর্বান্তঃ সমর্পণ করিয়া তৎসুখার্থে আত্মচেষ্টা বিশিষ্ট হওয়াই জীবের একমাত্র কর্তব্য, শ্রীগুরুদেব মুকুন্দ হইয়াও মুকুন্দের অত্যন্ত প্রিয়তম, নিরন্তর মুকুন্দসেবায় বদ্ধ নিযুক্ত থাকিয়া সকলকে মুকুন্দসেবার কলেকৌশলে নিযুক্ত করিতে তিনি পটুতম, অনুক্ষণ নিজে কৃষ্ণসেবা করিয়া সেবোন্মুখ ব্যক্তিগণকে কৃষ্ণানুশীলন করান ব্যতীত তাঁহার আর অন্য কোন কৃত্য নাই, এই সকল কথা আমরা শাস্ত্রে শুনিতে পাই; কিন্তু বর্তমানে গুরুগিরি ও শিষ্যগিরি ব্যবসায়ে পরিণত হইয়াছে ও হইতেছে দেখিয়া স্তম্ভিত হইতে হয়। গুরু ও শিষ্য উভয়েই একতাৎপর্যপর অর্থাৎ উভয়েই অনন্য ভগবৎসেবা-তৎপর কিন্তু তাহা না হইয়া বর্তমানে উভয়েই সেবা-তৎপরতার পরিবর্তে ইন্দ্রিয়তর্পণ একতাৎপর্যপরতায় ব্যস্ত থাকায় উভয়েই বঞ্চিত-বঞ্চক আখ্যা লাভ করিয়াছে, উভয়েই উভয়ের মাথায় কাঁটাল ভাঙ্গিয়া খাইবার চেষ্টা করিতেছে, উভয়েই জোঁকা সাজিয়া কলে-কৌশলে একে অপরের সর্বস্ব অপহরণ করিবার দুর্বুদ্ধি পোষণ করিতেছে। ধর্মের নামে এমন অনর্থ, শিষ্য না মেলে গুরুর নামে প্রভুত্ব এবং গুরু না পাইলে শিষ্যের গোলামি, গুরুর নামে আত্মসেবার নামে ভোগ প্রভৃতি যে সকল অনিষ্টকর ব্যবসা জগতে চলিতেছে তাহা চিন্তা করিলেও শিহরিয়া উঠিতে হয়। গুরু ও শিষ্য উভয়েই বণিক্ সাজিয়াছে, একে অপরকে ফাঁকি দিয়েছে, একবারে উভয়েই ফাঁকিতে পড়িয়া—পরমার্থ হইতে বঞ্চিত হইয়া নরকের পথে প্রধাবিত হইতেছে। এরূপ গুরুব্রুব ও শিষ্যব্রুবের সংখ্যাই আজকাল বেশী। ধর্মের নামে মায়ার ইহাও এক-রকম খেলা! কলির অনুচরগণের ধর্মের আবরণে পাপের একপ্রকার তাণ্ডব নৃত্য!

শ্রীগুরুদেব শিষ্যকে মৃত্যুর হস্ত হইতে রক্ষা করেন, তাঁহাকে কৃষ্ণদর্শন করান—কৃষ্ণসেবা প্রদান করেন—কৃষ্ণপাদপদ্মে পৌঁছাইয়া দেন। এই গুরুদেব সচ্চিদানন্দ-বিগ্রহ। তিনি এ জগতের কেহ নহেন। তিনি গোলোক-বৈকুণ্ঠাগত কৃষ্ণপ্রেষ্ঠ মহাজন—কৃষ্ণের পরমবন্ধু। তিনি মানব নহেন—কপট-মানব বা নরপ্রায়। নশ্বর ধাম, মায়ার সাথে তাঁহার কোনও সম্পর্ক নাই। কিন্তু বর্তমানে যে গুরুকরণ-প্রথা বা গুরুগিরি চলিতেছে, সেই সকল তথাকথিত গুরুগণ—বদ্ধজীবগণ যে মায়ার কবলে কবলিত, তাহা বোধ হয় বুদ্ধিমান্ ব্যক্তির বুঝিতে বাকী নাই। এই সকল অসদ্গুরু ত্যাগ করিয়া বা এইরূপ গুরুগিরির প্রশ্রয় না দিয়া সদ্গুরুর চরণাশ্রয় করাই কর্তব্য, একথা শাস্ত্র আমাদিগকে জানাইয়াছেন। জগদ্গুরুবর্যাদের পরিবর্তে এই সকল লোকের দ্বারা জগতের যে কিরূপ মহা অমঙ্গল সাধিত হইতেছে, তাহা জগদ্গুরু শ্রীশ্রীল প্রভুপাদ বিশেষভাবে আমাদিগকে জানাইয়াছেন এবং তাঁহার কৃপাতেই আজ আমরা এই বিপদসঙ্কুল পথ ভণ্ডগুরুগণের কবল হইতে বাঁচিবার বা সাবধান হইবার সুযোগ পাইয়াছি। কিন্তু এখন দেখিতেছি, গুরুগিরি-ব্যবসা হওয়ার সঙ্গে সঙ্গে কেহ কেহ শিষ্যগিরি-ব্যবসাও খুলিয়াছেন ও তাহা চালাইতেছেন। এরূপ ব্যবসায় বা কারসাজীর কথা অসদ্গুরু বা তাহার দলের মধ্যে থাকা সম্ভব হইতে পারে, কিন্তু জগদ্গুরুর শ্রীচরণাশ্রয়ের সৌভাগ্য পাইয়াও যে লোক শিষ্য সাজিয়া এরূপ দোকানদারী ও তহবিল ভাঙ্গিতে পারে তাহাতে আমরা বিস্মিত। সুতরাং সেই সকল ব্যক্তিকে আমাদের মঙ্গলাকাঙ্ক্ষী মনে করিয়া তাহাদের কথা শুনিয়া চলিলে আমাদের কোন মঙ্গলের আশা নাই জানিয়া তাহাদের কবল হইতে নিজেকে রক্ষা করিবার জন্য এবং বন্ধুদিগকে তাহা জানাইয়া সতর্ক করিবার জন্য এই শিষ্যগিরি ব্যবসায়ের কথা কিঞ্চিৎ আলোচনা করিতে প্রয়াস পাইলাম।

যিনি শাসন গ্রহণ করেন, তিনিই শিষ্য। কিন্তু চরিত্রের মধ্যে চরিত্র কর্তাই প্রভুর সেবা করেন। এতদ্ব্যতীত তাঁহার আর কোন কৃত্য নাই। প্রভু-সেবক শিষ্যের প্রভুসেবা ছাড়া আর কি কার্য থাকিতে পারে? কিন্তু বর্তমানে এই প্রভুসেবার পরিবর্তে—প্রভুকে ষোল আনা সেবার পরিবর্তে যেখানে প্রভুর নিকট হইতে জাগতিক ধনজনাদি আদায়ের চেষ্টা বা কৌশল পরিদৃষ্ট হয়, সেখানে আবার শিষ্যত্ব কোথায়? শিষ্য সাজিয়া যে গুরুর সুখবিধান না করিয়া গুরুর নিকট হইতে ইন্দ্রিয়তর্পণোপকরণ সংগ্রহের চেষ্টা করিতেছে, সে ত' বণিক্, সে ত' শিষ্য নহে। সেখানে ও শিষ্য ব্যবসায় খুলিয়াছে। অর্থাদি উপার্জনের জন্য জগতের লোক যেমন নানাবিধ ব্যবসায় খুলিয়া থাকে, শিষ্যব্রুবগণও সেইরূপ ধর্মের নামে ব্যবসা খুলিয়া গুরুবৈষ্ণবসেবার পরিবর্তে মায়ার সেবায় ব্যস্ত হইতেছে। ঘোর কলির তামাসা!

গুরুগিরির কথা আমরা অনেকদিন হইতে শুনিয়া আসিতেছি, কিন্তু শিষ্যগিরি-ব্যবসায়ের কথা শুনিয়া আমরা অবাক হইয়াছিলাম। কিন্তু ভগবান্ ও ভগবৎপার্ষদ ব্যক্তিগণ আজ তাহা আমাদিগকে চোখে আঙ্গুল দিয়া দেখাইয়া দিতেছেন। নিত্যসিদ্ধ আচার্যের শিষ্য সাজিয়া যে গুরুর সর্বস্ব অপহরণ করিতে পারে, গুরুকে ষোল আনা ফাঁকি দিয়া নিজে ষোল আনা ফাঁদে পড়িতে পারে, গুরুর পবিত্র আসন তছনছ করিতে পারে, গুরুকে খুন করিতে পারে, পারমার্থিক ইতিহাসে এইরূপ দৃষ্টান্ত এই প্রথম। সুতরাং শিষ্যগিরি শব্দটি শুনিয়া আমরা অবাক হইব না কেন?

গুরুগিরিতে যেরূপ শিষ্য সংগ্রহের চেষ্টা আছে, শিষ্যগিরিতেও সেইরূপ গুরুর শিষ্য (?) বাড়াইবার অর্থাৎ নিজদল ভারী করিবার চেষ্টা দেখা যায়, নৈলে ব্যবসায় চলিবে কি করিয়া? অর্থ আসিবে কি করিয়া? দোকান জমিবে কাহার উপর? নিষ্কপট ব্যক্তিগণের প্রতি এইরূপ ভীষণ অত্যাচার হইতেছে। কপাল খুব খারাপ না হইলে এইরূপ দুঃসঙ্গ জুটে না। নিষ্কপটের এসব বালাই নাই; দুর্দৈববশতঃ কাহারও এইরূপ দুর্ভাগ্য উপস্থিত হইলে তাঁহার যদি নিষ্কপটতা অর্থাৎ সেবা করিবার সদিচ্ছা থাকে তাহা হইলে ভগবান্ তাঁহাকে নিশ্চয়ই রক্ষা করিবেন। তবে একবার তাহাদের সঙ্গ করিলে সেই দুঃসঙ্গের কর্মভোগ জীবন ব্যাপিয়া ইহাতে নিশ্চিত। তাই আমরা জগদ্বাসীকে শিষ্যব্রুবের ব্যবসায়ে যোগদান পূর্বক বণিক হইবার পরিবর্তে প্রকৃত আচার্য বা জগদ্গুরুর আশ্রিত হইবার অনুরোধ করিতেছি। সকলেই গুরুর শিষ্য হউন, সকলেই ভগবানের সেবক হইয়া সতত গুরু সাক্ষাতে থাকিয়া ভগবানের সেবা করুন—ইহাই তাঁহাদের নিকট আমাদের প্রার্থনা।

শ্রীশ্রীভক্তিবিনোদ-গৌর-বাণী-আম্নায়পূজা

(৩)

আজ আমরা শ্রীশ্রীগুরুপূজা বা আম্নায় পূজার জন্য এখানে সমবেত হইয়াছি। এক শ্রেণীর সিদ্ধান্তবিদ্গণের মত এই যে, মহান্তগুরুর আবির্ভাবের নিত্যত্ব নাই, কিন্তু ইহা সনাতনধর্ম বা বৈদিকধর্মের মত নহে। আমাদের নিত্য ও মহান্ত আচার্যের সিদ্ধান্ত সংস্থাপনের জন্যই আচার্যের নিত্য অবতার। মহান্তগুরু আর মোহান্ত বা মোহান্তগণ বা 'গদিনসিন মহান্তবাদ' সম্পূর্ণ পৃথক্। কিন্তু কলি সাধুর বেশ ধারণ ও সাধুর কথাকে বিকৃত করিয়া মহান্ত সদ্গুরুর নিত্যাবির্ভাব ও নিয়ামকত্বের উদ্দেশ্য সাধনের অভিসন্ধিমূলে উহাকে 'গদিনসিন মহান্তবাদ' বলিয়া অনভিজ্ঞ লোককে বঞ্চনা করে। এই মহান্তগুরুর নিত্যত্ব সম্বন্ধে বেদ, ভাগবত, ভগবান্ শ্রীচৈতন্যদেব ও তদনুগ মহাজনগণ যে সকল অসংখ্য প্রমাণ ও আদর্শ প্রকাশ করিয়াছেন, তাহা এস্থলে উদ্ধার করিলে প্রবন্ধকলেবর বৃদ্ধি হইবে। তবে শ্রীচৈতন্যদেবের সাক্ষাৎ আদর্শে এইটুকু আমরা দেখিতে পাই যে, তিনি 'চৌদ্দ ভুবনের গুরু' এবং ভগবান্ হইলেও শ্রীল ঈশ্বরপুরীকে শ্রীগুরুরূপে স্বীকার করিবার লীলাদ্বারা মহান্ত সদ্গুরু গ্রহণের অপরিহার্যতার আদর্শ প্রদর্শন করিয়াছেন; আর গৌরপার্ষদ কবিকর্ণপূর গৌরগণোদ্দেশদীপিকায় শ্রীবলদেব বিদ্যাভূষণ, ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ, ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সরস্বতী ঠাকুর প্রভৃতি আচার্যগণ এই আম্নায়ধারার অনুবৃত্তি প্রদর্শন করিয়াছেন। আম্নায়ধারা কোনদিনই বন্ধ হয় নাই, উহা শ্রীকৃষ্ণ হইতে বর্তমান আচার্য পর্যন্ত অক্ষুণ্ণ রহিয়াছে ও পরবর্তী অনন্তকাল থাকিবে। সময় সময় যে 'অন্ধকার যুগের' কথা শুনিতে পাওয়া যায়, সেই সময়ও আম্নায়ধারা অক্ষুণ্ণ থাকে। শ্রীচৈতন্যদেবের আবির্ভাবের পূর্বে যে ভীষণ অন্ধকার যুগ ছিল, সেই সময়ও শ্রীল মাধবেন্দ্রপুরী, শ্রীল অদ্বৈতাচার্য ও হরিদাস ঠাকুর মহান্ত আচার্যের কার্য করিয়াছিলেন। শ্রীল ঠাকুর নরোত্তমাদির পর যে অন্ধকার যুগের সূচনা হইয়াছিল, তখনও শ্রীবিশ্বনাথ মুরারির শিষ্য শ্রীরাধারমণের, ভক্তিরত্ন শ্রীরাধানন্দ দেব, শ্রীরাধাবিনোদ প্রভৃতি শ্রীরূপানুগণ আবার মহান্ত সদ্গুরুর কার্য করিয়াছিলেন।

তৎপরে শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ও গৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীবলদেব বিদ্যাভূষণের পর আবার যে অন্ধকার যুগের সূচনা হইয়াছিল, তখনও তাহাকালের অন্যতম শ্রীউদ্ধব দাস বা উদ্ধব দাস বা ভগবান্ উদ্ধব দাস, শ্রীমধুসূদন ও জগন্নাথ দাস মহান্ত আচার্য্যের কার্য্য করিয়াছিলেন। কাজেই কোনও দিনই শ্রীরূপানুগাচার্য্যধারার মহান্ত আচার্য্যের আবির্ভাব বন্ধ হয় নাই ও হইবে না।

জৈমিনীয় মহাজনবিধি বা লৌকিক ব্যবসায়ী গুরুদিগের গৌড়ীয় প্রতিষ্ঠানের ভিত্তীধারার কোনও দিনই নাই। ঐরূপ অসদ্গুরুর্ব্বিধি ও মহাগুরুদিগের বিরুদ্ধে এবং শুদ্ধভক্তিধর্ম্মের আচার ও প্রচার পরিচালনা করিবার একমাত্র সুযোগ, স্থান ও গৌড়ীয় সম্প্রদায়ে অদ্বিতীয় ব'র্দ্ধনশালিবিৎ শাসন ও প্রদর্শিত শ্রেষ্ঠ বিচারে শ্রীল প্রভুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুকে ভক্তিবিনোদগৌরবাণীধারা সংরক্ষণ করিবার আদেশ দিয়াছেন।

আচার্য্যের গুরুসেবা-কার্য্যটি দায়িত্বপূর্ণ নির্জ্জন-ভজনানন্দী বা ব্যক্তিগত ভজন প্রণালীর বিচার ও আচার হইতে বৈশিষ্ট্য সংরক্ষণ করিয়াছে। নির্জ্জন ভজনানন্দী "হরিকথা প্রচার বা শিষ্যাদি করিব না, উচ্চ আসনে বসিব না, কাহারও পূজা লইব না, ধাতুপাত্র স্পর্শ করিব না," প্রভৃতি আদর্শ দেখাইয়া প্রচ্ছন্ন প্রতিষ্ঠাশা পোষণ বা নিষ্কপটে প্রতিষ্ঠাশা বর্জ্জন করিবার চেষ্টা দেখাইতে পারেন, কিন্তু আচার্য্যের কার্য্য করিতে গিয়া অর্থাৎ "নাচিতে আরম্ভ করিয়া ঘোমটা টানিলে" চলা যায় না, এ সম্বন্ধে শ্রীল প্রভুপাদের শিক্ষায় আমরা এইরূপ দেখিতে পাইয়াছি—

"নাচ্‌তে ব'সে ঘোমটা টান্‌লে হ'বে না। আমি গুরুর কার্য্য করছি, 'কিন্তু যদি 'আমার জন্য দিতে হ'বে না'—এ কথা প্রচার করি অর্থাৎ একটু ঘুরিয়ে অন্য ভাবে যদি 'বেশী ক'রে আমার জন্য দাও,' তা'হলে সেটা কপটতা ছাড়া আর কিছুই নয়।

'আমার আজ্ঞায় গুরু হঞা তার' এই দেশ'—যা'রা গৌর-সুন্দরের এ কথা শুনে নাই, তা'রাই বলছে—কিরূপে অস্বাভাবিক শুনছে। গুরু যখন শিষ্যকে একাধিক শুদ্ধ উপদেশ দিচ্ছেন, তখন কিরূপ পারত্রিক না তা'র কচ্ছে ? "আচার্য্যং মাং বিজানীয়াৎ"—শ্লোকের ব্যাখ্যাকালে আচার্য্য কি বলবেন ? • • সেই সকল কথা ব্যাখ্যা করবার আসন থেকে (আচার্য্যের আসন) কি তিনি পালাবেন ? তাঁ'কে যে অধিকার তাঁ'র গুরুদেব দিয়েছেন, যদি তিনি তা' পালন না করেন, তা'হলে কর্ত্তব্যতা—মায়াপরাধ-ফলে তা'র পতন অবশ্যম্ভাবী—যদিও তখন আমার হাতে তোলা' হাওয়া হইয়া যায়। বৈষ্ণবগুরুর আজ্ঞা পালন ক'রতে যদি আমাকে 'লম্পট' হ'তে হয়, পর্ব্ব হ'তে হয়—অনন্তকাল নরকে যেতে হয় আমি অনন্তকালের জন্যে contract ক'রে সেইরূপ নরকে যেতে চাই। আমি গুরু-আজ্ঞা ছেড়ে অন্য ভিখারীর লোকের কথা শুনবো না। আমি গুরুর আজ্ঞা ছেড়ে জগতের নাবগকী কা'রও কথা শুনবো না—জগতের অন্যান্য সমস্ত লোকের চিন্তাস্রোত গুরুপাদপদ্মের বলে মুষ্টাঘাতে বিদূরিত ক'রব—আমি এরূপ দাম্ভিক। এমন কোন প্রতিষ্ঠা জগতে নাই—এমন কোন সম্পদ চতুর্দ্দশ ভুবনে নাই—কোন মহত্ত্বের স্থান নাই—যা' আমি আমার গুরুদেবের পাদপদ্ম-ধূলির একটী কণা হ'তে ভারী হ'তে পারে।"

আমরা আজ অকপট গুরুদাসগণের আনুগত্যে এইরূপ গুরুপূজা করিবার যোগ্যতা প্রার্থনা করিতেছি। শ্রীল জীব-প্রভু ও শ্রীল প্রভুপাদ আমাদিগকে এই গুরুপূজার অপরিহার্য্যতা নির্দ্দেশ দিয়াছেন—

"ব্রহ্মণ্যক্ষত্রবিদ্যাক্রমেণ প্রাথমিক সেবকবিধি। যে আত্মোন্নতঃ সময়তায় অপসম্ভর্তবীর্ব্যং স্বপক্ষে যে দেহু দেহু উপায়েন্ দিশতঃ অন্যা শাসনকর্ত্তৃকা অর্পিত অন্তরে ইহসংসারে সিদ্ধান্ত অক্ষর-বর্গপাথা অন্যায়ী যথা, তথা। গুরুকর্ত্তা স বিপ্রর্ষি বিপ্রশোহপি ন তস্যোত্তম বৈষ্ণবস্যাপদের। পরমার্থশুদ্ধিপ্রদো বার্তা চারিক শুদ্ধাদিগবিচারেণাপি কর্ত্তব্যঃ।"

"ব্রহ্মণ্যক ও ভক্তশিক্ষাগুরু প্রাপ্তই একত্র। যাঁহারা গুরুপাদপদ্ম অবজ্ঞা করিয়া ভগবানের সান্নিধ্যপ্রার্থী, তাঁহারা সেই সেই উপায়ে বিদ্ধ হন। সুতরাং শত শত বাসনা আসিয়া অর্থলিপ্সাযুক্ত জীবকে অক্ষমতার কেবল সংসারেই বাস করায়। সমুদ্রে কর্ণধাররহিত নৌকার ন্যায় তাহারা সংসার হইতে উদ্ধার হয় না। গুরুসেবা দ্বারাই কৃতার্থ হয়। আমি অধিক বুঝি, আর অন্য গুরুতে কি অধিক উপদেশ দিবে—এইরূপ অহঙ্কারে অপরাধবশতঃ কৃষ্ণভক্তি-লাভ হয় না। ব্যবহারিক, লৌকিক, কৌলিক, অযোগ্য গুরুদেবের পরিবর্ত্তে পারমার্থিক গুরুর আশ্রয় করিবে।

ন্যূনাধিক পাপপ্রবণ জনগণ গুরুর পদের দিকে অর্থ-ব্রজ-বিষয়ক অবলম্বন শুরুবর্গের প্রতি শ্রদ্ধাবিহীন হইয়া থাকেন, কাজেই তাঁহারা মহাজনগণ পারমার্থিকতা ও প্রাপ্তামতাবিষয়ে অসমর্থ হন। এই অপরাধফলে তাঁহাদের বিচারে তত্ত্বহইতে চেতনের সৃষ্টি প্রভৃতি পারমার্থিক অন্ধকার উপস্থিত হইয়াছে।"

(শ্রীল প্রভুপাদের লিখিত প্রবন্ধ গৌঃ ৭ম বর্ষ ৩২৮ পৃঃ)

• আমরা দম্ভ পরিত্যাগ করিয়া শ্রীরূপ-রঘুনাথের শিক্ষানুসারে শ্রীগুরুপূজা-দিবসে এই স্তব কীর্ত্তন করিতে করিতে শ্রীগুরুপাদ-পদ্মে অঞ্জলি প্রদান করিতেছি—

ভক্ত্যা গোষ্ঠে গোষ্ঠালয়িষু সুজনে ভূসুরগণে
স্বমন্ত্রে শ্রীনাম্নি ব্রজনবযুবদ্বন্দ্বশরণে।
সদা দম্ভং হিত্বা কুরু রতিমপূর্ব্বামতিতরা-
মযে স্বান্তর্ভ্রাতশ্চটুভিরভিযাচে ধৃতপদঃ॥
আপাততঃ ধৃতৈরিদং বাচে পুনঃ পুনঃ।
শ্রীমদ্‌রূপপদাম্ভোজধূলিঃ স্যাং জন্মজন্মনি॥ •
বিতর যদি ন কাচিদস্তি যোগ্যতা
[illegible]
নিখিলভুবনকোটিনির্ভরং বা নবাম্বু-
রূপি [illegible] চাতকেন॥

—শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ

শ্রীগৌড়ীয়মঠের উৎসব-বৈশিষ্ট্য

(কনৈক প্রত্যক্ষদর্শি-প্রেরিত)

দিগ্‌দেশের সাধুগণের চিত্তে আনন্দ বিধান করিয়া ও মৎসরগণের হৃদয়ে শেল বিদ্ধ করিয়া গৌড়ীয়মঠের বার্ষিক হরিনাম-মহোৎসব মহাসমারোহে সম্পন্ন হইয়া গেল। ইহা সাম্প্রদায়িক ভোজবাজী মাত্র নহে, পরন্তু সত্যের উপর প্রতিষ্ঠিত। উৎসবে যোগদানকারী ব্যক্তিমাত্রই ইহার সত্যতা উপলব্ধি করিয়াছেন। উৎসবের কয়েকটী বৈশিষ্ট্য দর্শকমাত্রেরই দৃষ্টি আকর্ষণ করিয়াছে। সমাগত ভক্ত-সংখ্যা এবার পূর্ব্ব পূর্ব্ব বৎসরাপেক্ষা কম ত' হয়ই নাই, বরং বেশীই হইয়াছে। দিল্লীকা-প্রমুখ অন্যান্য বৎসর যাঁহারা আগমন করিতেন না, এবার তাঁহারাও সকলে উদীয়মান নবীন গৌড়ীয়-ভাস্করের শীকরণে শ্রদ্ধাঞ্জলি প্রদানার্থ সোৎসাহে উৎসবে যোগদান করিয়াছিলেন।

আবার তাঁহারা সুদূর দেশ দেশান্তর হইতে সমাগত হইলেও মঠের নিষ্কিঞ্চন সুদক্ষ পরিচালন-কর্ত্তার উপদেশে পরস্পর ভাইভোজী করিয়া একই পিতার পুত্ররূপে অন্তরঙ্গরূপে পরস্পর পরিচিত হওয়ার সৌভাগ্য বরণ করিয়াছিলেন। এ সেবো-ন্মুখের মঙ্গলময় ফল অবশ্যম্ভাবী।

উৎসবের কালেও প্রত্যহ মধ্যাহ্নে প্রসাদ সেবনান্তে মঠের সারস্বত-প্রকোষ্ঠে ভক্তগণের জন্য ইটপাটির ব্যবস্থা সম্পাদকের উদ্যমশক্তিপূর্ণতার পক্ষে একটি অভিনব অবদান। যত দিন যাইতে থাকিবে ততই ইহার শুভ ফল উপলব্ধির বিষয় হইবে।

উৎসবে সমাগত পীড়িত ভক্তগণের চিকিৎসা, শুশ্রূষা ও পথ্যাদির অভূতপূর্ব্ব সুবন্দোবস্ত ব্যক্তি মাত্রেরই দৃষ্টি আকর্ষণ করিয়াছে।

উৎসবে অধিকার নির্ব্বিশেষে উচ্চাবচ সমস্ত ভক্তের ঐকান্তিক নিষ্ঠা, সেবা-চেষ্টা ও উদার দর্শন মাত্রেরই লক্ষ্যের বিষয় হইয়াছিল।

দম্ভ, মৎসরতা, অবহেলা, লোকপট্টতা, উদ্দেশ্য-সিদ্ধি অথবা বিশৃঙ্খলাদি ও অপবিত্রতা-অবসর প্রভৃতির অভাব এবার বিশেষভাবে অনুভূত হইয়াছিল।

উৎসবান্তে যোগযুক্ত ভক্তগণের সেবা-অক্ষমতায় সলজ্জভাবে মঠ পরিত্যাগে ইচ্ছা প্রকাশমাত্র—"আপনাদের বিচারে এমন ভুল কেন ? মহাপ্রভু কি আশ্রিত অসমর্থ ভক্তগণকে বিদায় দিতে পারিয়াছিলেন ? ভক্তীয় জনকে তিনি আশ্রয় প্রদান করিতে কি কখনও কুণ্ঠিত ? 'অজিতো ন শক্তি উপসন্নান্?' আপনারা এরূপ ভুল করিবেন না। স্মরণ করুন শ্রীল ভক্তি-বিনোদ ঠাকুরের প্রার্থনাগীত—'তোমার কুকুর বলিয়া জানহ মোরে'—আপনারা সেবায় অসমর্থ হইলেই অনাদৃত বা পরিত্যক্ত হইবেন না" গৌড়ীয়মঠাচার্য্যদেবের এই সকরুণ অভয় বাণী বহু ভক্তের হৃদয়-তন্ত্রীতে এখনও ঝঙ্কৃত হ'চ্ছে।

আচার্য্য-প্রকট তিথিতে প্রদত্ত অসংখ্য শ্রদ্ধাঞ্জলির প্রত্যেকটি যাহা যাসাসনে উপবিষ্ট হইয়া নিজে গ্রহণ করিবার পরিবর্ত্তে মন্দিরাভ্যন্তরে প্রবিষ্ট হইয়া আচার্য্যদেব স্বহস্তেই শ্রীগুরু-গৌরাঙ্গ-চরণে অঞ্জলি-দান অসংখ্য বার প্রণতি সহকারে পৌঁছাইয়া দিয়াছিলেন সে দৃশ্য দর্শনে ভক্তমাত্রেরই হৃদয় দ্রবীভূত ও বিস্ময়াভিভূত হইয়াছিল। শ্রীগুরুদেব যে opaque নহেন পরন্তু transparent—তাঁহার মধ্যদিয়া যে শ্রীরাধা-গোবিন্দের সেবার সুযোগ লাভ হয়, তাঁহার এই সদৈন্য আচরণ আমাদের ন্যায় অন্ধবুদ্ধি ব্যক্তিগণকে চক্ষে অঙ্গুলি দিয়া দেখাইয়া দিয়াছেন।

উৎসবকালে ভক্তগণের মধ্যে শান্তি ও প্রেম স্বচ্ছন্দভাবে বিরাজিত ছিল।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পারমার্থিক সম্পুটে বক্তৃতাবলি
ভিক্ষা :—১ম খণ্ড—৩০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৩০ ৪র্থ খণ্ড—৩০ আনা
প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর
শ্রীচৈতন্যমঠ

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ-শাখা

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধারমণ, শ্রীগৌর, গোপাল ও আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন এবং ভক্তিপ্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রী:গৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৪ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রধানচতুষ্টয়-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি ভক্তগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ নবীনচন্দ্র রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীহরেণগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া) এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান) গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীগিরিজাকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাতাপাড়া, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীরামানুজ ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনবন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউগাছি—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) সুখকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী ভক্তিশরণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিবিনোদ ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধবগৌড়ীয়মঠ

বালিয়াটি পোঃ সাভার, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মঠ-মহোপদেশক শ্রীব্রহ্মানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীবংশীদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীনতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীনন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীশরৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

আলুবারী, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চন্দ্রিকাবাজার, জিঃ নারায়ণপুর, ইষ্ট, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরী প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেণ্ট, বিহার

রক্ষক—শ্রীকুঞ্জবিহারী ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৩২নং কবিন্দপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীযাদবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোর্দ্ধনপাড়া

রক্ষক—[illegible] শ্রীদেবীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধন-মঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ কোতোয়ালি, জেলা গুরদাসপুর (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪০নং কুতুব রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীভক্তিপ্রকাশ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গৌয়ালিয়া ট্যাঙ্ক রোড, কম্বালা বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ [illegible]

ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী।

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরভ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিড়লিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মালু (বাঁকুড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীজয়নারায়ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনডাঙ্গা, পোঃ চিত্রডাঙ্গা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাইনভোর

গ্ল্যাডষ্টন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়-

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধকুমার চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদক শ্রীপ্রেমানন্দ বসু কাব্যতীর্থ, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২০শে সেপ্টেম্বর, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬৷০
বাঁকা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
দাদখানী	৫৷০
রামশালী নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
একতেক কোয়ালিটি	৪৲
সিদ্ধ মোটা	৩৷৵০

আতপ—

দেশী আতপ	৪৲—৪৷০
পেশোয়ারী	১০৲-১০৷০
দাদখানী আতপ	৫৷০-৫৷৵
ঐ বালাম	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ মোটা	৩৵০

চিনির দর

[illegible], টাইপ	১০৷৵০
[illegible] ১০০০ নং	১০/০
[illegible]	৯৷০
[illegible]	৮৷০—৯৵০
[illegible]	৭৷৵০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

[illegible]	৩৫৷
	২২
[illegible]	৫২৷

পাটের দর

	৪০৸
	৪০৸
	৪১৷০
[illegible]—	৪১৲

আটা ও ময়দার দর

ময়দা প্রতি মণ	৬৷০—৬৷৵০
[illegible] ঐ	৬৲—৬৵০
[illegible] ঐ	৫৷৵০—৫৸০
	৬৲—৬৵০
[illegible]	৫৸০—৫৷৵০
[illegible]	৫৵০—৫৷৵০
[illegible]	৫৲—৫৷০
[illegible]	৪৸০—৪৸৵০
(৩)	৪৷০—৪৷৵০
	১৷৵০—১৸০
	১৸৵০—১৷৵০

[illegible] দর

৫৭৲
৫৭৲
৫০৲
৪৪৲

পাতিলাম	৪৸০
[illegible]	৪৬৲
কাবুলে	৩৬৲
বাংলা পাকা	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী—	দর প্রতি হন্দর
লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)	
মার্কা	৯৵০—৯৷৵
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৵
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৵০
বরগা (টি আয়রণ)	৮৷০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷৵০—৮৸০
টাটা গ্যাঃ করগেট টিন।	।৵০
২৪ গেজ—	১৩৷
২৬ গেজ—	১৩৷।
২৮ গেজ—	১৫৷০
টাটা গ্যাঃ প্লেন সীট।	
২৪ গেজ—	১৩৸৵০
২৬ গেজ—	১৩৷৵০
২৮ গেজ—	১৩৸৵০
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
গ্যাঃ বাটকা ২৪—৩০ গেজ	
সীস	।৵১ —৸৵০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
মেট কাটিং বা ছিট কাটা মণ	৩৷০
পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৬৷০—৬৷০ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ইঞ্চি	৯৲-১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, গোলাই, পরাবে	৮৲—৯৲
গোল রড রি-ইনফোস ও কনক্রিটের	
রড	৮৸০—১১৷০
[illegible] ইস্পাত আসল ২৩৲,	নকল ২১৲
চটকলের চাদর ৫৵০, পাটের চাদর ৬৷০	
তুলার চাদর ৪৷০	

[illegible] দর

কলিকাতা ২৭শে জুন,

[illegible]	৫৪৲
[illegible]	৪০৲
[illegible]	৪০৲
[illegible]	৫৩৲
ঐ [illegible]	৫১৲

[illegible]

কলিকাতা, ২৭শে জুন,

	প্রতি মণ
[illegible]	৮৷০
[illegible]	১৬৷০—১৭৲
[illegible]	১০৷০—১১৷০
[illegible]	১৫৷০—১৭৷০
[illegible]	১৭৲—১৮৷০

[illegible]
[illegible]
[illegible], [illegible]
[illegible]

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে : বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। [illegible] খোরাক ও [illegible] প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের অসাধারণ সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ের সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১০—২২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৪
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৩২,	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—১৭

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

স্বরূপগঞ্জ	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩০	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

[illegible]

[illegible] জীর্ণ [illegible] পাচনের [illegible] আরোগ্য [illegible] বড় বোতল ৮০ আনা, এক বোতল ১৵০ আনা। পাইকারী দর পত্রে।

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

পোঃ বেহালা, ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় সর্ব্ববিদ্যাসাহিত্যিক সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহ্বানুদাবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০০০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ৷০	৷৵০	৷৵০	৷০	
" " ইঞ্চি ২৲	১৷০	১৷০	১৲	
সিকিকলম ৫৲	৩৲	৩৲	২৲	
" অর্দ্ধকলম ৮৲	৬৲	৫৲	৫৲	
" এক কলম ১২৲	১০৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩৲	৷৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণতম প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্-এ মহোদয়ের স্রৌতপবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং শুদ্ধ ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশকীয় ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—শ্রীমাধ গৌড়ীয়মঠ, রায়পুর, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲
অগ্রিম ৬৲
প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী
স্ট্রীট বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

—:(০):—

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।৭নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটকনগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়্যা একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

ঠিকানা: শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম—শ্রীমায়াপুর

শ্রীমায়াপুরাধামস্থ
শ্রীগৌড়ীয়মঠ-
সমাজাদৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

রেজিঃ নং সি ১৮৪৪

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আচার্য্যপ্রবর
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৬ই আশ্বিন, ১৩৪৪, ২রা অক্টোবর, ১৯৩৭, শনিবার [সংখ্যা ১৮৩]

বিবিধ সংবাদ

——(০:০:০)——

সাংহাই ও উত্তর-পশ্চিম চীনে আড়াই হাজার চীনা সৈন্য নিহত

গত ২৮শে সেপ্টেম্বর নয়টী জাপানী বিমান উহু উপর একশটী বোমাবর্ষণ করে। ফলে দুই শতের অধিক অধিবাসী উপাহত হয়। ইতোপূর্ব্বেই বহু লোকপূর্ণ অনেকগুলি গৃহ ভস্মীভূত হইয়া গিয়াছে। চীনারা বলে যে, গত নানকিং-এ তাহারা দুইটি জাপানী বিমান ভূপাতিত করিয়াছে।

সাংহাই উভয় পক্ষে অবিরাম গোলাবর্ষণ চলিতেছে, কিন্তু কোন গুরুত্বপূর্ণ পরিবর্ত্তন হয় নাই। একটী জাপানী হাসপাতাল জাহাজ সাংহাই পৌঁছিয়াছে। এইটী লইয়া তিনদিনের মধ্যে তিনটী জাপানী হাসপাতাল জাহাজ সাংহাই আসিয়াছে।

জাপানীরা বলিতেছে যে, সাংহাই ও উত্তর-পশ্চিম চীনে তাহারা অনূ্যন ২৫০০ চীনা সৈন্যকে নিশ্চিহ্ন করিয়াছে এবং তাহাদের পক্ষে মাত্র ৩৫ জন নিহত হইয়াছে।

———

আন্তর্জ্জাতিক শর্করা চুক্তি প্রস্তাব

গত ২৭শে সেপ্টেম্বর ভারতীয় ব্যবস্থা-পরিষদে অস্থায়ী বাণিজ্য-সচিব স্যার মহম্মদ জাফর আন্তর্জ্জাতিক শর্করা চুক্তি অনুমোদনের প্রস্তাব উত্থাপন করেন। এই আন্তর্জ্জাতিক চুক্তির সর্ত্ত এই যে, ব্রহ্মদেশ ব্যতীত ৫ বৎসরকাল মধ্যে সমুদ্রপথে ভারত বিদেশে চিনি রপ্তানী করিতে পারিবে না। ইউরোপীয়ান দলের সদস্য মিঃ হ্যামেণ্ড এই মর্ম্মে এক সংশোধন প্রস্তাব আনেন যে, আন্তর্জ্জাতিক শর্করা চুক্তি যেন অনুমোদন করা না হয়। বক্তৃতা প্রসঙ্গে মিঃ হ্যামেণ্ড মন্তব্য করেন যে, ভারতীয় শিল্প-বাণিজ্যের দুইটী বাধা আছে—প্রথমতঃ বিদেশী প্রতিযোগিতা, দ্বিতীয়তঃ ভারত গবর্ণমেণ্টের বাণিজ্য বিভাগ। মিঃ হ্যামেণ্ডের উক্ত প্রস্তাব, কংগ্রেস জাতীয় দল, স্বতন্ত্র দল এবং ডাঃ জিয়াউদ্দীন আমেদ ও স্যার মহম্মদ ইয়াকুব ব্যতীত গণতান্ত্রিক দলের অন্যান্য সকল সদস্যের সমর্থনে ৬৩—৫২ ভোটে গৃহীত হয়।

ইউরোপীয়ান দলের নেতা স্যার লেসলী হাডসন ও অপরাপর ইউরোপীয়ান সদস্য মিঃ হ্যামেণ্ডের প্রস্তাবের বিপক্ষে ছিলেন।

অন্ধ যুবক

কৃতী অন্ধ যুবক শ্রীযুক্ত সুবোধচন্দ্র রায় কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে 'ঘোষ ট্রাভেলিং ফেলোশিপ' বৃত্তি পাইয়া বৈজ্ঞানিক প্রণালীতে অন্ধদের শিক্ষাপদ্ধতি শিক্ষার জন্য গত সেপ্টেম্বর মাসে নিউইয়র্ক গমন করেন। কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের অধীনে টিচার্স কলেজে মাত্র আট মাস অধ্যয়ন করিয়া তিনি সসম্মানে master's degree লাভ করিয়াছেন। শ্রীযুক্ত রায় গত ১৩ই সেপ্টেম্বর একাকী "কুইন মেরী" জাহাজযোগে লণ্ডনে পৌঁছিয়াছেন। তিনি ইংলণ্ড ও ইউরোপের কতিপয় বিখ্যাত অন্ধবিদ্যালয় পরিদর্শন করিবেন।

ভারতবর্ষ কেন কি এসিয়ার অন্ধদের মধ্যে তিনিই সর্ব্বপ্রথম সুদূর পাশ্চাত্যে শিক্ষালাভের জন্য গমন করিয়াছেন। ভারতে অন্ধদের সেবা করাই তাঁর ব্রত। তিনি আট বৎসর বয়সে কলেরা রোগে আক্রান্ত হইয়া চক্ষু হারান। তিনি সুদূর পথে একাকী ভ্রমণ আরম্ভ করিয়াছেন।

মিঃ রায়ের দেশ বরিশাল জেলার নরোত্তমপুর গ্রামে। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। তিনি ১৯৩৫ সালে এম, এ, ও ১৯৩৬ সালে আইন পরীক্ষায় উত্তীর্ণ হন।

বিদেশের-কুসংস্কার

জাপানে পূর্ব্বে মাদের রীতি ছিল না; মহাত্মা জোহেনাহেন—শিল্প নেগো শ্রী সর্ব্বপ্রথম মানাবিধ প্রবর্ত্তন করেন। তিনি নিত্য দোকানে পড়িয়া গান করিতেন। ফরাসী জাতি বাসন্ত রাগ পালন।

এই বিজ্ঞানের যুগে জাপানে বিবিধ রোগে প্রাচীনকালের খুব সামান্য বিধিসংস্কার প্রচলিত আছে। জ্বর হইলে রোগীর পেটের উপর কেঁচোর পুলটিস দেওয়া হয়। জাপানাদের বিশ্বাস, কেঁচোর জ্বর টানিয়া ও বদ্য মানুষকে ব্যাধিমুক্ত করে। চোখের প্রদাহ হইলে চিৎ হইয়া শুইয়া পেটে লবণের প্রলেপ দিতে হয়; বুক জ্বালা করিলে ব্যাঙ সিদ্ধ করিয়া খাওয়ার বিধি আছে। শিশুদের গালে অসুখ হয়, এবং গৃহদ্বারে নোটিশ টাঙ্গান হয়,—"খোকা বাড়ী নাই।" এ নোটিশ দেখিলে কোন রোগ গৃহে প্রবেশ করিবে না—আজ জাপানী মায়ের মনে এ সংস্কার বদ্ধমূল আছে। এ সংস্কার মোচনের জন্য ডাক্তার ও বৈজ্ঞানিকেরা বহুত বে শিক্ষা দিতেছেন। তবু জাপানী মেয়েরা মানে না। বলে বাপ-ঠাকুরদারা যে, চৌটিকা খাদ্য উদ্দেশ্যে সংস্কার করিয়া দিয়াছে সে বাধা আমরা ত্যাগ করব না।

———

গান্ধীজীর স্বাস্থ্য

গত ২৭শে সেপ্টেম্বর ওয়ার্দ্ধায় সিভিল সার্জ্জেন ডাঃ নর্ম্মদাপ্রসাদ সেবাগ্রামে গান্ধীজীকে পরীক্ষা করিয়া বলেন—তাঁহার রক্তের চাপ স্বাভাবিক আছে, কিন্তু নাড়ীর গতি কিঞ্চিৎ ক্ষীণ হইয়াছে। নাড়ীর গতি স্বাভাবিক অবস্থায় না আসা পর্য্যন্ত তিনি গান্ধীজীকে সম্পূর্ণ বিশ্রাম গ্রহণ করিতে উপদেশ দিয়াছেন। গান্ধীজী স্বয়ং নিজেকে অপেক্ষাকৃত দুর্ব্বল মনে করিতেছেন।

ঢাকা সহরে ঘোড়দৌড়

গত ২৫শে সেপ্টেম্বর রায়ের বাজারের চুনীলাল পাল ও অন্য এক ব্যক্তি ঢাকার ঘোড়দৌড়ে বাজি জিতিয়া নীল ক্ষেত্রের নিকটে সন্ধ্যাকালে তাহাদের লভ্যাংশ বণ্টন করিয়া লইতেছিল। এমন সময়ে চারি জন মুসলমান সেখানে আসিয়া টাকা চাহে। উহারা অস্বীকৃত হওয়ায় বল পূর্ব্বক ১২৲ টাকা লইয়া দুর্বৃত্তগণ পলায়ন করে। ঘোড়দৌড়ের দিন এরূপ ঘটনা বিরল নহে। অনেক সময় ছোরা মারামারি ও খুনখারাপি হয়। এই সমস্ত হইল ঘোড়দৌড়ের পরবর্ত্তী ঘটনা। দৌড়ের পূর্ব্বের ব্যাপার আরও ভীষণ। বহু লোক ঘরের ঘটি-বাটি বন্ধক করিয়া স্ত্রীদের অলঙ্কার পত্র এবং টাকা পয়সা লইয়া ঘোড়দৌড় খেলিতে যায়। অনেকে অপরের বাড়ীতে চুরি করিয়া ঘোড়দৌড় খেলবার অর্থ সংগ্রহ করে।

যে যাহা হউক, উক্ত তারিখের রমনা-ময়দানে ঘোড়দৌড়ের শেষ খেলা হইয়াছে। কেহ কি চুপ মনে সহর ঠাণ্ডা থাকবে, পুনরায় নভেম্বর মাসে ঘোড়দৌড় শুরু হইবে। সারা বৎসরে তিন দিন দৌড় হয়।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৯৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবমঞ্জুষা (?) ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-আগবৎ ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-গান্ধর্ব্য ।৵০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল বাঙ্গ ভাষা ।০
২৭। মুক্তিমালিকা গুণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌরমণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্চ্চনকণ /০
৪৭। সদাচারস্মৃতি /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ /১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ নির্ণয় ।০
৫৫। ভগবৎকাহিনী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। তারতম্য ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবেদ্ধা ৶০
৫৯। শিক্ষাষ্টকদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকমূলম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ।৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ /০
৬৭। সারার্থদর্শনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ কিউ ওয়ার্ড স অন বেদান্ত ।০
৭০। নামভজন /০
৭১। বেদান্ত—ইট্স্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড স ৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপ ল অ্যাণ্ড আনর্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ কল্পতরু /১০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—পরমহংস শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ৫ ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষান্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ২।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে ওতপ্রোত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শ বর্ষ | ১২ পদ্মনাভ গৌরাব্দ ৪৫১, ১৬ই আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৪, ২রা অক্টোবর ইং ১৯৩৭, শনিবার | ১৮৩তম সংখ্যা

শ্রীশ্রীরাধাষ্টমী-ব্রতোৎসব

শ্রীসনাতনগৌড়ীয়মঠে

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিসুধীর যাচক মহারাজ ও মঠরক্ষক শ্রীপাদ মাধবানন্দ ব্রহ্মচারী সম্প্রদায়বৈভবাচার্য্য প্রভুর ঐকান্তিক সেবা-চেষ্টায় বারাণসীর শ্রীসনাতন গৌড়ীয়মঠে গত ২৮শে ভাদ্র শ্রীশ্রীরাধাষ্টমী ব্রত যথারীতি অনুষ্ঠিত হইয়াছে। শ্রীশ্রীগুরুগৌরবিনোদজীউর ভোগ মঙ্গলারাত্রিকের পর সমবেতকণ্ঠে অরুণোদয় কীর্ত্তনে মঠসেবকবৃন্দ সর্ব্বশক্তির মূলাশ্রয়স্বরূপা শ্রীশ্রীরাধিকাদেবীর পরম-পূজ্য আবির্ভাব-তিথির শুভাবতার ঘোষণা করেন। মধ্যাহ্নে অভিষেক ও ভোগারাত্রিক কীর্ত্তনান্তে সমবেত শতাধিক ব্যক্তিকে বিচিত্রতাপূর্ণ মহাপ্রসাদ দ্বারা পরিতৃপ্ত করা হয়।

অপরাহ্ণ চারিঘটিকা হইতে শ্রীশ্রীগুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব শ্রীনাম, 'শ্রীরাধা ভজনে যদি মতি নাহি ভেলা' এবং মহামন্ত্র শ্রীনাম কীর্ত্তিত হইবার পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিসুধীর যাচক মহারাজ চতুর্দ্দশ বর্ষের 'গৌড়ীয়' হইতে 'শ্রীশ্রীরাধাষ্টমী' প্রবন্ধটি পাঠ ও ব্যাখ্যা করেন। স্বামীজী বলেন—সর্ব্বাশ্রয়শিরোমণি, সর্ব্বলক্ষ্মীময়ী, সর্ব্বারাধিকা, কৃষ্ণময়ী, গোবিন্দনন্দিনী, গোবিন্দ-সর্ব্বস্ব, মহাভাবস্বরূপিণী শ্রীরাধিকার ভাব ও সেবা-মাধুরী আস্বাদন করিবার জন্য স্বয়ং ভুবনমোহন—মদনমোহন শ্রীকৃষ্ণ শ্রীশ্রীরাধিকাদেবীর ভাব-কান্তি-বিমণ্ডিত হইয়া শ্রীশ্রীরাধাভাবদ্যুতি-সুবলিত হয়

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

নিমন্ত্রণ-পত্র

শ্রীমাধবগৌড়ীয়মঠ, নারিন্দা
পোঃ উয়ারী, ঢাকা
১৪ই আশ্বিন, ১৩৪৪
৩০শে সেপ্টেম্বর, ১৯৩৭

বিপুল-সম্মানপুরঃসর নিবেদন—

আগামী ২৯শে আশ্বিন, ১৫ই অক্টোবর শুক্রবার হইতে ২রা অগ্রহায়ণ, ১৮ই নভেম্বর বৃহস্পতিবার পর্য্যন্ত ঢাকা নগরীতে শ্রীমাধবগৌড়ীয়মঠে শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার উদ্যোগে শ্রীগৌড়ীয়াচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের নির্দ্দেশানুসারে মাসাধিকব্যাপী ঊর্জ্জাব্রত (নিয়মসেবা) অনুষ্ঠিত হইবে। এতদুপলক্ষে শ্রীমঠে প্রত্যহ ঊষঃকীর্ত্তন, নগরে শ্রীনাম-প্রচার এবং সন্ধ্যা ৭ ঘটিকায় শ্রীমদ্‌ভাগবত-পাঠ ব্যাখ্যা, ভাগবত-ধর্ম্ম বিষয়িণী বক্তৃতা, শ্রীহরিসংকীর্ত্তন ও ইষ্টগোষ্ঠী হইবে।

মহাশয় কৃপা করিয়া উৎসবে যোগদান করিলে সভার সভ্যবর্গ পরমানন্দিত হইবেন।

নিবেদন ইতি—

বৈষ্ণবদাসানুদাস
শ্রীভক্তিপ্রদীপ তীর্থ কার্য্যাধ্যক্ষ, গভর্ণিংবডি, গৌড়ীয়-মিশন
শ্রীনিশিকান্ত সেনশর্ম্মা সান্যাল (এম-এ)
সম্পাদক, গভর্ণিংবডি, গৌড়ীয়-মিশন
শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ—মঠরক্ষক

শ্রীশ্রীগৌরসুন্দররূপে জগতে প্রকটিত হইয়াছেন। শ্রীশ্রীল স্বরূপ দামোদর প্রভু 'রাধাকৃষ্ণপ্রণয়বিকৃতির্হ্লাদিনীশক্তিঃ' এবং 'শ্রীরাধায়াঃ প্রণয়মহিমা' শ্লোকদ্বয়েও তাহাই ব্যক্ত করিয়াছেন। শ্রীশ্রীগৌরসুন্দর-চরণ শ্রীশ্রীগুরুপাদপদ্মের ঐকান্তিকী অহৈতুকী কৃপা ব্যতীত এই দুর্গমতত্ত্বে প্রবেশ লাভ ঘটে না। কল্পিত স্ত্রী-পুরুষাভিমান লইয়া অনেক লীলা-কল্পনাকারী সর্বশক্তিমান ভুবনমোহন শ্রীকৃষ্ণের মদনমোহন সর্ব্বচিত্তাকর্ষী সেবাবিগ্রহ শ্রী সর্ব্বেশ্বরেশ্বরী ভুবন-মোহনমনোমোহিনী শ্রীশ্রীরাধাতত্ত্ব বুঝা যায় না। ইন্দ্রিয়-জ্ঞানাতীত, অধোক্ষজ ভূমিকারও উদ্ধস্তরে অবস্থিত অপ্রাকৃত ভূমিকার কথা প্রাকৃত দেহমনের বিচারে সম্পূর্ণ দুর্বোধ্য। শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের কৃপায় অন্তর্ম্মুখ হইয়া স্বরূপস্থ হইলে আমার নিত্য সম্পত্তি শ্রীশ্রীরাধিকাদেবীর দাস্যরূপ অমূল্য রত্নের সন্ধান পাওয়া যায়। বেদে, ভাগবতে এবং অন্যান্য পুরাণে শ্রীশ্রীরাধিকাদেবীর নাম অনধিকারী ব্যক্তিদের বঞ্চনের জন্য অস্ফুট-

ভক্ত ভূতকাণ্ড হন যাঁহাদের প্রধানে।। ভক্তগণে ভক্ত কৃপা করেন ভক্তগণে।।

ভাবে ব্যক্ত হইয়াছেন। শ্রীশ্রীরূপানুগ বৈষ্ণব-গ্রন্থেই শ্রীশ্রীরাধিকাদেবীর তত্ত্ব এবং তাঁহার দাস্যমহিমা বিশেষভাবে ব্যক্ত হইয়াছে; স্বামীজী মহারাজ এই সকল কথা শ্রোতৃবৃন্দকে বিশেষভাবে বুঝাইয়া দেন। 'শ্রীরূপমঞ্জরীপদ সেই মোর সম্পদ' এবং মহামন্ত্র শ্রীনাম-কীর্ত্তনের দ্বারা ব্রতোৎসব সম্পূর্ণ হয়।

দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে

শ্রীভক্তিবিনোদ প্রকটোৎসব

গত ১৮ই সেপ্টেম্বর শনিবার শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের প্রকটোৎসব পাঠ-কীর্ত্তনমুখে বিশেষ উৎসাহের সহিত অন্যান্য বৎসরের ন্যায় এবারও দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে সম্পন্ন হইয়াছে।

এতদুপলক্ষে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের আলেখ্য অর্চ্চা নানাবিধ সুগন্ধি পুষ্প-মাল্যাদি দ্বারা একটী সুরম্য সিংহাসনে অতি সুন্দরভাবে সুসজ্জিত করিয়া সংস্থাপন করা হইয়াছিল। সন্ধ্যার পূর্ব্ব হইতে ভক্তগণ সমবেত হইতে থাকেন। শ্রীবিগ্রহের সন্ধ্যারাত্রিকের পর শ্রীপাদ মাধবানন্দ দাসাধিকারী প্রভুর মুখপদ্ম হইতে শ্রীআচার্য্য-বন্দনা, শ্রীগুরুবৈষ্ণব-বন্দনা, গুর্ব্বষ্টক ও বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন ও পাঠ হয়।

তৎপরে সমাগত নিমন্ত্রিত ও অনিমন্ত্রিত ব্রাহ্মণ ও ভক্তবৃন্দকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছিল।

"পূর্ব্ব ইতিহাস ভজনের অনুকূল বিচারে নিযুক্ত করিবেন অর্থাৎ প্রতিকূল বিষয়গুলি অনুকূলের পূর্ব্বাবস্থা জানিবেন। প্রতিকূল হওয়ায় যে বিপদ্ উপস্থিত হয়, তাহাই পরক্ষণে ভজনের অনুকূলতা প্রসব করে।"

(শ্রীল প্রভুপাদ)

জীব নিজে শত শত গ্রন্থাদি পাঠ করিয়া বা নিজের মনোমত ভজনের অভিনয় করিয়া নিজের মঙ্গল সাধন করিতে পারে না। শব্দার্থ জ্ঞানকে মন্ত্রার্থজ্ঞান সাহায্য করেন।

(বক্তৃতাবলী ৪র্থ খণ্ড

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১২ পদ্মনাভ অন্যত্র কীর্ত্তনশালী গৌরাব্দ ৪৫১

শ্রীভক্তিসিদ্ধান্তবাণী

——৯০৪——

ঈশভক্তগণ দুই প্রকার; শ্রীকৃষ্ণচৈতন্য, নিত্যানন্দ ও অদ্বৈতপ্রভু এঁরা ঈশতত্ত্ব। ঈশভক্তের মধ্যে কেহ কেহ কৃষ্ণচৈতন্যের ভক্ত এবং কেহ কেহ অদ্বৈত-নিত্যানন্দের ভক্ত। 'ঈশভক্ত' বলিতে ঈশাভক্ত ও ঈশভক্তকে বুঝায়। মধুর রতির ভক্ত, যথা স্বরূপদামোদর, রায় রামানন্দ প্রভৃতি ঈশাভক্ত। ঈশাভক্তগণ মুক্ত ও অন্তরঙ্গ; রূপানুগগণই অন্তরঙ্গ ভক্ত। তাঁহারা উন্নতোজ্জ্বলরসের অধিকারী। গৌররূপের এই উন্নতোজ্জ্বলরস প্রদান করিবার জন্য অবতীর্ণ হইয়াছিলেন। তিনটি উদ্দেশ্যের বশবর্তী হইয়া অর্থাৎ ত্রিবিধ বাঞ্ছাপূরণের জন্য শ্রীকৃষ্ণ শচীগর্ভসিন্ধুতে শ্রীগৌরহরিরূপে অবতীর্ণ হইয়াছিলেন।

শ্রীবাসাদি ভক্তগণ ঈশ-ভক্তভক্ত। রূপসনাতনাদি ঈশ অন্তরঙ্গভক্ত। অন্তরঙ্গ ভক্তই ঈশাভক্ত। ভগবানের শক্তি দ্বিবিধ—স্বাংশ ও বিভিন্নাংশ। বিভিন্নাংশগণ নিত্যমুক্ত ও নিত্যবদ্ধ-ভেদে দ্বিবিধ। ভগবানের শক্তির বিভিন্নাংশ বিচারে উন্নতোজ্জ্বলরস কেবল অন্তরঙ্গভক্তেই প্রযোজ্য। অতএব ভক্তগণ শ্রীরূপের আনুগত্যে শ্রীকৃষ্ণচৈতন্যের সেবক। তাঁহারা মধুররসে গৌরকৃষ্ণের ভজন করেন।

দাস্য, সখ্য ও বাৎসল্যরসের সেবকগণ শ্রীঅদ্বৈত প্রভু ও শ্রীনিত্যানন্দ প্রভুর ভক্ত।

অতএব ভক্তগণ ভগবানের অন্তঃপ্রকোষ্ঠে প্রবেশের যোগ্য। দাস্য, সখ্যাদি রসের রসিকগণ বহিঃপ্রকোষ্ঠে অবস্থিত। তজ্জাতীয় সেবকগণ, যথা—দাস্যরসের রক্তক, চিত্রক ইত্যাদি, সখ্যরসের শ্রীদাম-সুদামাদি, গোপবৎসগণ উজ্জ্বলাদির কুঞ্জলীলার পর্য্যায়ভুক্ত মধুরবিচারে প্রবেশ লাভ করিতে পারেন নাই। তাঁহারা শ্রীরাধাকুণ্ডতীরে থাকিতেন। তথায় তাঁহাদের প্রবেশ নাই। ইহা ভক্তির বিচারের কথা। কিন্তু অপ্রাকৃতরাজ্যে প্রত্যেকের মধ্যে সংশ্লেষ ও পূর্ণ। গোলোকের বহিঃপ্রকোষ্ঠে দাস্যের প্রকার এবং বিপ্রলম্ভ-সখ্যের অন্তরঙ্গ, বাৎসল্যের অন্তরঙ্গ ও মধুররসের অন্তরঙ্গ গোলোকের অন্তঃপ্রকোষ্ঠে আছে।

ভোক্তৃবিচারে বদ্ধ জীবের জানা দরকার যে, সে যখনই ভোক্তা অভিমান করিয়াছে, তখন সে জগদ্ব জগতে আবদ্ধ। অচেতন রাজ্যে মায়ার প্রভু হইতে যাইয়া উহার দাসত্বই তাহাকে বরণ করিতে হয়। চেতন রাজ্যের সহিত অচেতন রাজ্যের যে পার্থক্য তাহা বিচার না করায় ভোক্তা অভিমানী বদ্ধজীব প্রাকৃত সংসারে পতিত হইয়া পড়ে।

জীব কৃষ্ণবহির্ম্মুখ হইয়া মায়া-রাজ্যে পতিত হইয়াছে; পাপ ও পুণ্য উভয়বিধ কর্ম্মের বন্ধন। জীব কর্ম্মফলে ইন্দ্র, ব্রহ্মা প্রভৃতি দেবতা লোকাধীশ পদ প্রাপ্ত হয়। এই সকলই কৃষ্ণবহির্ম্মুখ জীবের পদ। কৃষ্ণভক্তের নিকট এসকল পদ অতি তুচ্ছ। পাতিত জীব প্রথমে বিরিঞ্চি হইয়াছে। মায়ার ভোক্তা বা কর্ত্তা হইতে গিয়া অনেক জীব ব্রহ্মার পুত্র হইয়াছিলেন। তাঁহাদের মধ্যে কেহ কেহ প্রজা-সৃষ্টির ভারপ্রাপ্ত হইলেন, প্রজা হইতে আমরাসকল।

বস্তু, সম্বন্ধ ও বস্তুজ্ঞানকে জ্ঞানী বলে। ত্রেতার প্রারম্ভে অগ্নির প্রাকট্য। বস্তুবর্ণের দুই প্রকার—শুক্ল ও কৃষ্ণ। বেদের অনেক গুণ প্রভৃ-বিভাগ আছে। যথা—কাত্যায়ন ও আশ্বলায়ন প্রভৃতি। পূর্ব্বকালে বিভিন্ন শাখাবলম্বী ব্রাহ্মণ পুরুষগণ বংশবর্ণ বলিয়া পরিচিত ছিল। ত্রেতার প্রারম্ভে বর্ণবিভাগের সৃষ্টি হয়।

জগদ্বহির্ম্মুখ জীবগণ প্রথমে ব্রহ্মা হয়, পরে মনুষ্য হয়। পুরুষাভিমানী ব্যক্তিমাত্রই বলে বৃদ্ধির বশ হয়। তাহারা ব্রহ্মার অনুকরণ করিতে গিয়া বংশবৃদ্ধি-ব্যাপারে রত হয়। জীব স্বরূপতঃ আত্মা—স্ত্রী বা পুরুষ নহে। স্ত্রী-পুরুষ প্রভৃতি দেহের পোষাক মাত্র।"

জীব দেহ নহে, জীব আত্মা। জীব জড় নহে, জীব চেতন। আত্মা পরমাত্মার দর্শন পায়, উহার সহিত কথা বলিতে পারে। আত্মাই আত্মাকে দর্শন করে। 'আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ' (বৃঃ আঃ)। বিবেকরহিত ব্যক্তিগণ অনাত্মবিচারে প্রতিষ্ঠিত। সেবা-বৈমুখ্যের তারতম্যানুসারে তাহাদের দেহের ও মনের পরিবর্ত্তন।

জীব যথার্থ সদ্গুরুর আনুগত্যে চেতন রাজ্যের পরমোন্নতি লাভ করিতে পারে। হরিসেবা-ফলে প্রাকৃত অভিমান রহিত হইলে জীবের গোলোক-প্রাপ্তি হয়। জীব কৃষ্ণের ভেদাংশ হইলেও জাগতিক বস্তুর ভেদাংশ নহে। জীব নিষ্কপট সেবাফলে মুক্তগণের, এমনকি নিত্যমুক্তগণের সমপর্য্যায়ভুক্ত হইতে পারেন। তখন এই সংসারের কথা মনে থাকে না। জীবমাত্রই প্রথমে গুরুভক্ত হউন, আর অতএব ভক্তগণ আনুগত্যে উন্নতি লাভ করুন। কর্ম্মাধ্যক্ষ ভক্তির কথা অতিক্রম করিয়া ভক্তাভক্ত কথা আলোচ্য। কামনাতাড়িত ব্যক্তি কৃষ্ণের প্রতি প্রথমে কর্ম্মার্পণ যোগ শিক্ষা করে।

কর্ম্মকাণ্ডিগণ মুখে বলেন—'এ সকল কৃষ্ণকেই অর্পণ করিলাম'। কিন্তু তাহাতে কৃষ্ণকে অর্পণ করা হয় না। যাহারা মনে করেন "আমাদের প্রচুর অর্থ বিদ্যা, বুদ্ধি ও ভক্তি আছে, আমরা কৃষ্ণের জন্য কতই না করিলাম, আমাদের বৈষ্ণবতা বিখ্যাত হইয়া গিয়াছে।" তাঁহারা বৈষ্ণব নহেন।

নিজকে 'বৈষ্ণব' বুদ্ধি করিয়া লোকে নিরয়গামী হয়। সদাচ্ছোক্তগণ নিত্যলীলাপ্রবিষ্ট শ্রীল জগন্নাথ দাস বাবাজী মহারাজের সম্প্রদায় বলিয়া নিজদিগকে জাহির করিতেও সঙ্কোচ করে। বাবাজী মহারাজের ভজনকুটীরে অনেকগুলি ভেকধারী বাবাজী মহারাজের অনুকরণ করিত। তাহারা বাবাজী মহারাজের উপদেশ না শুনিয়া আত্মম্ভরিতা হেতু লক্ষ্য হইতে ভ্রষ্ট হইয়া পড়িল। লক্ষ্য যাঁর গ্রহণের পূর্ব্বে সাধক জীবের অবৈষ্ণবোচিতক-পার্থক্য হওয়া দরকার।

যাহারা ঠাকুর-সেবার ছলনায় বিষয়ীর অন্ন গ্রহণ করে, তাহাদের ভজন নষ্ট হইয়া যায়। ঠাকুরের প্রসাদের নামে বিষয়ীর প্রদত্ত উত্তম উত্তম দ্রব্য ভোগ করিলে জিহ্বা ও উদর-লাম্পট্য উপস্থিত হয়। আমাদের শ্রীগুরু-পাদপদ্ম কোন বিষয়ীর ঠাকুর বাড়ীর প্রসাদ গ্রহণ করিতেন না। শ্রীমন্ মহাপ্রভুর শাসনবাক্য,—

"বিষয়ীর অন্ন খাইলে মলিন হয় মন।
মলিন মন হইলে নহে কৃষ্ণের স্মরণ॥

ভক্তিবিনোদ-গৌরবাণীপ্রেষ্ঠ শ্রীমদ্
রূপানুগবর গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য
ওঁ বিষ্ণুপাদ পরমহংস
শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামিপাদের
শুভাবির্ভাব-বাসরে

আর্ত্তি প্রসূনাঞ্জলি

——::o::——

হে পরমকরুণাবতার পতিতপাবন আচার্য্যদেব! আপনার অযোগ্য দাসানুদাসদ্বয়ে আমরা আজ অপ্রত্যাশিত-ভাবে আপনার নিঃশ্রেয়সপ্রদ আপনার শুভাবির্ভাব-তিথিতে আপনার শ্রীচরণসরোজে আমাদের হার্দ্দি আর্ত্তি-প্রসূনাঞ্জলি প্রদান করিতে অভিলাষী হইয়াছি। আপনি দীনবন্ধু, আমাদের অযোগ্যতা-নিবন্ধন তাহা যাহা অপ্রকাশিত হৃদয়ের ভাব নিজগুণে গ্রহণ করিয়া কৃতকৃতার্থ করিবেন, এই আশায় হৃদয়ে পোষণ করিতেছি। আপনার অপ্রাকৃত অনন্ত গুণাবলীর কিঞ্চিৎ মাত্রও আমরা কীর্ত্তন করি, এরূপ যোগ্যতা আমাদের নাই তবে শ্রৌতবাণী শ্রবণে জানিবার সৌভাগ্য লাভ করিয়াছি যে, অনন্ত বদ্ধজীব নিত্যানুগ বৈষ্ণবের গুণকীর্ত্তনে সম্পূর্ণ অযোগ্য হইলেও অদোষদরশাবধি শ্রীবৈষ্ণব ঠাকুর বদ্ধজীবের নির্ব্যলীক সেবা প্রচেষ্টা গ্রহণ করিয়া থাকেন। এই আশার-বাণীর উপর সম্পূর্ণ নির্ভর করিয়াই পঙ্গুর গিরি উল্লঙ্ঘনে প্রয়াসের ন্যায় আমাদের এই ক্ষুদ্র চেষ্টা। আপনি 'বজ্রাদপি কঠোরাণি মৃদূনি কুসুমাদপি' বাক্যের অপর দৃষ্টান্ত-স্বরূপ, তাই অদ্য আমাদের সৌভাগ্যক্রমে উদিত এই নিত্য মঙ্গলপ্রদ শুভমুহূর্ত্তে আপনার শ্রীচরণকমলে প্রার্থনা জানাইতেছি যে, আপনি কঠোর হইয়াও চেতনোন্মেষণকারী শাসন-বাণ প্রয়োগ দ্বারা আমাদের মনোমালিন্য ছিন্ন করতঃ আপনার সেবা-যোগ্যতা প্রদান করুন।

হে কুলপরিবর্জ্জনকারিন্ আচার্য্যকেশরিন্! আপনার আচার প্রচার গৌড়ীয়বৈষ্ণব ইতিহাসের এক নব পর্য্যায় উন্মুক্ত করিয়াছে। "গলায় দুধ কাক পাড়া বিয়াতে", "আতপ-চালে শাল-পাথরী গলায়" প্রভৃতি বাণীর মূর্ত্তিমান দৃষ্টান্ত-স্বরূপ আপনার অভিনব চরিত্র নিত্যকাল সজ্জনগণের হৃদয়ে দেদীপ্যমান থাকিবে। লোক-আদর্শ বঞ্চনাকারী ধর্ম্মধ্বজী বকধার্ম্মিকগণের কপটতার বীভৎস মূর্ত্তি জগৎসমক্ষে প্রকাশ করিয়া আসল ও মেকির পার্থক্য নির্দ্দেশ

কৃষ্ণ তারে দেন নিজ চিন্তামণি ধন। তারা অকিঞ্চন হয়ে হইয়া দুর্ব্বল॥

করা এবং সত্যানুসন্ধিৎসুগণের আনন্দ বিধান করা আচার্য্য-চরিত্রের একটী বৈশিষ্ট্য। উক্ত বৈশিষ্ট্য আপনার লোকোত্তর চরিত্রে অত্যাশ্চর্য্যভাবে সমন্বিত হওয়ায় আপনার মাহাত্ম্য অত্যল্পকালের ভিতরই দিগ্‌দিগন্তে পরিব্যাপ্ত হইয়া পড়িয়াছে। আচার্য্য-ভাস্করের অপ্রাকৃত দীপ্তি সহ্য করিতে না পারিয়া উলূক-প্রকৃতি ব্যক্তিগণ আপনার অভ্যুদয়ের পূর্ব্বাহ্নেই অন্তরালে আত্মগোপন করিয়াছে। আমরা যেন প্রতিষ্ঠাশা ধৃষ্ট-শ্বপচরমণীকে জনয়-রাজ্যে অভিষিক্ত করিয়া কাপট্যের আশ্রয় গ্রহণ করতঃ আপনার দয়া বঞ্চিত না হই। আপনার দিব্যা-লোকে আমাদের হৃদয়-গুহার অন্ধকার বিদূরিত হইয়া চির-উদ্ভাসিত হউক—ইহাই প্রার্থনা।

হে আদর্শ যুক্ত-বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ আচার্য্যদেব! ভোগ কিংবা ত্যাগের বহুমানকারী আমরা আদর্শ যুক্ত-বৈরাগ্যের মূর্ত্তিমান্ স্বরূপ উপলব্ধি করিতে না পারিয়া আপনার শুদ্ধ আচরণেও দোষ দর্শন করতঃ যাহাতে অপরাধ সঞ্চয় না করি, তজ্জন্য আমাদিগকে শক্তি প্রদান করুন। আপনি স্বয়ং নিত্যসিদ্ধ হইয়াও জগজ্জীবের মঙ্গলের নিমিত্ত "আপনি আচরি' ধর্ম্ম জীবেরে শিখায়।" বাণীর তাৎপর্য্যানুসারে শ্রীশ্রীল প্রভুপাদের বাণী বর্ণে বর্ণে পালন করতঃ অনুগতজনকে শিক্ষা দিয়া থাকেন। আচার-হীন প্রচারক কেবল বাক্য কাগজজাল আবরণ করিয়া থাকে, কিন্তু আপনি আচারবান্ প্রচারক বলিয়াই আপনার বৈশিষ্ট্য সর্ব্বতো-ভাবে সংরক্ষিত হইয়াছে। গৌর-বাণীর ভক্ত কদর্থ করা গৌর-বাণীশ্রেষ্ঠ আপনার কৃপা-সাপেক্ষ, এতদ্ব্যতীত গত্যন্তর নাই। যাহারা উক্ত বিধি উল্লঙ্ঘন করতঃ গৌর-বাণী শ্রবণের অভিনয় করিয়াছিল, তাহারা বাণীর তাৎপর্য্য গ্রহণে অসমর্থ হইয়া বাহ্যার্থ লইয়া ব্যস্ত হইয়াছে। হে অহৈতুক-কৃপানুশীলনকারিন্! আপনার অনুসরণ করিতে আমরা সর্ব্বতোভাবে অযোগ্য। তবে অদোষদর্শী আপনি অহৈতুকী কৃপাশক্তি সঞ্চার করিলে আমরা আপনার অহৈতুক-কৃপানুশীলন-যজ্ঞের হবির্দ্রব্যরূপে পরিগণিত হইতে পারিব—এই দৃঢ় বিশ্বাস হৃদয়ে পোষণ করিতেছি। আপনি যে-ভাবে নিত্যযুক্ত হইয়া শ্রীবার্ষভানবী-দয়িত প্রভুর মনোহভীষ্ট পরিপূরণ-কার্য্যে অনুক্ষণ রত আছেন, আমরা সেই ভাবের সহায় প্রার্থী হইয়া আপনার শ্রীচরণান্তিকে উপস্থিত হইয়াছি। জীবনে-মরণে কায়মনোবাক্যে আপনার আনুগত্যই আমাদের জীবাতু হউক ইহাই আপনার শ্রীপাদপদ্মে আমাদের ঐকান্তিক প্রার্থনা।

হে ভক্তিবিনোদ-গৌরবাণী-শ্রেষ্ঠাচার্য্য! পরমারাধ্যতম জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল প্রভুপাদের অপ্রকটের পর গৌড়ীয়-গগনে আপনার আচার্য্য-ভাস্কররূপে আত্ম-প্রকাশে জগজ্জীবের যে কি প্রভূত নিত্যমঙ্গল সাধিত হইয়াছে, তাহা ভাষায় অবর্ণনীয়। বাস্তব সত্য নির্ণয়ে অজ্ঞতা-নিবন্ধন আমাদের ন্যায় কোমলশ্রদ্ধ ব্যক্তিগণ যখন নৈরাশ্যের মোহান্ধকারে পথভ্রান্ত হইয়া উন্মার্গগামী হইবার উপক্রম করিতেছিল, তখন আপনি ধ্রুবতারার ন্যায় পারমার্থিকগগনে নিত্যকাল স্থিররূপে উদিত হইয়া আমাদিগকে অভয়-বাণী দ্বারা আশ্বস্ত করিয়াছেন। অজ্ঞান-তাড়িত আমরা আপনাতে মর্ত্ত্যবুদ্ধি করিয়া অনন্ত নিরয়ের দ্বার উদ্ঘাটন করিতে আরম্ভ করিয়াছিলাম দর্শন করিয়া পরম করুণাবতার সর্ব্বজীবৈকবন্ধু শ্রীশ্রীল প্রভুপাদ আপনার অপ্রাকৃতত্ব জগতে প্রকাশ করিবার জন্য এবং আপনার দ্বারা স্বীয় মনোহভীষ্ট সংস্থাপন করিবার উদ্দেশ্যে মানবচক্ষুর অন্তরালে আত্মগোপন করিলেন। আপনার প্রকটলীলায় শ্রীশ্রীল প্রভুপাদের অপ্রকাশিত মাধুর্য্য সমগ্রতা লাভ করিবে—ইহাই সাত্বত প্রথা। শ্রীশ্রীল প্রভুপাদের ভবিষ্যদ্বাণী—"শ্রীভক্তিবিনোদ-ধারা কখনই রুদ্ধ হইবে না, আচরেই সকাশ হাজার সত্যানুরাগী লোক আসিতেছেন"।—আপনার দ্বারাই যে সাফল্য-মণ্ডিত হইবে, আপনার আচার্য্যত্ব-প্রকাশ, তাহারই পূর্ব্বাভাস।

হে শ্রীবার্ষভানবী-দয়িতাশ্রয়কারিন্! আমরা শ্রীল প্রভুপাদের বাণীতে অবগত আছি—যাহারা অপ্রাকৃত রূপানুগের মূল আশ্রয়-বিগ্রহ বাস্তবিক ব্রজবাসীগণের অবৈধ অনুকরণে নিজদিগকে গুরুবর্গের মূল আশ্রয়বিগ্রহাভিমান করে, তাহারা অহংগ্রহোপাসক হইয়া তত্ত্বদ্রষ্টা হইতে চ্যুত হইয়া থাকে। বাস্তবিক একজনের আনুগত্য ব্যতীত ব্রজভজন লাভ হয় না—ইহাই মহাজনবাক্য। সুতরাং যে-সকল মদমত্ত দম্ভপুষ্ট ব্যক্তি শ্রীরাধাভিন্ন শ্রীগুরু পাদপদ্মের নিত্যজনের আনুগত্য পরিত্যাগ করতঃ স্বেচ্ছাচারিতাবশে গুরুসেবার বাহ্য-চিহ্ন প্রদর্শন করে, তাহারাও অহংগ্রহো-পাসক হইয়া সংসারদশাই লাভ করিয়া থাকে। আমরা যেন—'অহৈতুক্য-পরিচারক-ভূজাহৃতাশ্রিতাঙ্গ ভূয়া'-বিচারে আপনার শ্রীপাদপদ্মের রেণু হইয়া আমাদের নিত্যপ্রভু শ্রীশ্রীল প্রভুপাদের সেবা লাভ করিতে পারি ইহাই একমাত্র প্রার্থনা।

আপনার নিত্যমঙ্গলাভিলাষী

দিল্লী গৌড়ীয়মঠের সেবকবৃন্দ

গৌড়ীয়জনপ্রসাদৈকসংরক্ষক
পরমহংস আচার্য্যবর্য্য

ওঁ অনন্তবাসুদেব

প্রভুপাদের শ্রীচরণ-কমলে

ভক্ত্যর্ঘ্য

হে আচার্য্যপাদ! আপনার পরম পবিত্র আবির্ভাব-বাসরে আপনার অনুগত সজ্জনমণ্ডলী কত শ্রদ্ধা, উৎসাহ ও আনন্দের সহিত বিবিধ পুষ্পোপহার লইয়া আপনার শ্রীচরণে অঞ্জলি প্রদান করিতে আসিয়াছেন। কিন্তু আমরা আপনার অনুগত দাসানুদাস অভিমান করিলেও অত্যন্ত দীন-হীন অযোগ্য; আপনার প্রীতিবিধানের কোন সম্বল আমাদের নাই। আপনি কৃপা-পূর্ব্বক আমাদের এই ক্ষুদ্র নগণ্য অর্ঘ্য গ্রহণ করিলে আমরা কৃতকৃতার্থ হইব।

জানি না, কোন্ জন্মের কোন্ সুকৃতি-ফলে ভুবনমঙ্গলাবতার জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভু-পাদের শ্রীচরণে উপস্থিত হইবার সৌভাগ্য আমরা লাভ করিয়াছি। কি ভাবে সদ্‌-গুরুপাদপদ্ম আশ্রয়পূর্ব্বক তাঁহার সেবা দ্বারা আত্মমঙ্গল বরণ করিতে হয়, তাহা আমরা একমাত্র আপনার আদর্শ ও সুসিদ্ধান্ত-বাণীতেই সর্ব্বদা উপলব্ধি করিয়াছি। শ্রীল প্রভুপাদের অপ্রকট লীলাবিষ্কারের পর আমরা অত্যন্ত হতাশ হইয়া জগৎ অন্ধকারময় দেখিতেছিলাম, তখন পরমকরুণাময় শ্রীগুরুদেবের ইচ্ছাক্রমে আপনি তৎপ্রতি-নিধি আচার্য্যবর্য্যরূপে আমাদের সম্মুখে প্রকাশিত হইয়া আমাদের বিহ্বলচিত্তে আশার সঞ্চার করাইয়াছেন।

আমাদের গুরুপরম্পরার মধ্যে ভগবান্ শ্রীকৃষ্ণ হইতে ব্রহ্মা, ব্রহ্মা হইতে নারদ, নারদ হইতে ব্যাস—এইরূপ ভাবে শ্রীল প্রভুপাদ পর্য্যন্ত পর পর আচার্য্যগণের নাম দেখিতে পাইয়া এবং প্রভুপাদের বিভিন্ন বক্তৃতায়, হরিকথায় ও গৌড়ীয়বেদান্তাচার্য্য শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভুর গীতা-ভাষ্যে প্রভুপাদ-লিখিত ভূমিকায় জগতে মহান্ত গুরুর নিত্যপ্রাকট্যের কথা জানিতে পারিয়া বুঝিতে পারিয়াছিলাম যে, এই মর্ত্ত্যজগতে আত্মমঙ্গলকামী ভাগ্যবন্ত জীবগণ যাহাতে নিত্যকাল সদ্‌গুরুসঙ্গলাভে কৃতকৃতার্থ হইতে পারেন, তজ্জন্যই দয়ানিধি ভগবান্ আচার্য্য-রূপে জগতে নিত্যকাল প্রকটিত থাকেন।

হে প্রভুবর! আমরা অত 'বহু বুঝিতে না পারিলেও এই সাধারণ কথাটী বিশেষ-রূপে উপলব্ধি করিতে পারিয়াছি যে, যিনি সদ্‌গুরু—সদ্‌গুরু—সদ্‌গুরু শ্রীল প্রভু-পাদের আশ্রিত, প্রভুপাদের নিকট দীক্ষিত, প্রভুপাদের সঙ্গী, প্রভুপাদের শরণাগত, প্রভুপাদের শিষ্য, প্রভুপাদের সেবক, তিনি প্রভুপাদের আচার-প্রচারের অনুসরণ করেন, প্রভুপাদের বিচার গ্রহণ করেন, প্রভুপাদের বাঞ্ছা অনুসরণ, প্রভুপাদের যাহা প্রীতিকর, কায়মনোবাক্যের দ্বারা তাহাই করিয়া থাকেন। আর এই প্রকার আচার-বিচার বা সেবাপ্রবৃত্তি যাঁহার যত অধিক, তিনিই প্রভুপাদের তত অধিক অন্তরঙ্গ ও শ্রেষ্ঠতর।

হে শ্রীগুরু-গৌরাঙ্গ-শ্রেষ্ঠ! আমরা অনেক দিন শ্রীল প্রভুপাদের নিকটে থাকিয়া প্রভুপাদের কৃপাবলে এই প্রকার বিচারের দ্বারা যাঁহাদিগকে শ্রীল প্রভুপাদের 'আশ্রিত' 'সঙ্গী', 'শরণাগত', 'শিষ্য', 'সেবক' বলিয়া জানিয়াছি, তাঁহারা সকলেই শ্রীল প্রভুপাদের প্রকটকাল হইতে আপনাকে প্রভুপাদের শ্রেষ্ঠ ভাবী আচার্য্য বলিয়া অভিমত প্রকাশ করিয়াছেন এবং আমরাও নিষ্কপটে তাহা বুঝিতে পারিয়াছি; সর্ব্বোপরি শ্রীল প্রভু-পাদের প্রকটকালীন বহু উপদেশবাণী ও অপ্রকটকালীন শ্রীমুখের সাক্ষাৎ আদেশ আমাদের সকলের এই ধারণাকে দৃঢ়রূপে বদ্ধমূল করিয়াছে।

হে রূপানুগবর! আপনি আশ্রয়-বিগ্রহ নন্দের সেবার বৈশিষ্ট্য ও সিদ্ধান্ত অনেক সময় কীর্ত্তন করিয়াছেন। বাৎসল্য-রসে যে নন্দনন্দন উপাসিত হন, সেই বাল-গোপালের যথার্থ প্রেমিক সেবক আপনি। আপনিই প্রকৃত ব্রজবাসী। ভজন ও কীর্ত্তনের বৈশিষ্ট্য আমরা ক্ষুদ্র অধিকারে কি বুঝিব? অতএব শ্রীগোপালজীউ মঠের নগণ্য সেবকাভাসদ্বয় আমরা কেবল আপনাকে শ্রীনন্দের অভিন্ন বিগ্রহরূপে বন্দনা করিয়া জন্ম-জন্মান্তরে আপনার করুণা বাঞ্ছা করিতেছি

আপনার শ্রীপাদপদ্মে অকপট

শ্রীগুরুসেবাপ্রার্থী—

শ্রীগোপালজীউমঠের সেবকবৃন্দ

ওঁ প্রভুপাদের

বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড—৮০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৮০ ৪র্থ খণ্ড—৮০ আনা

প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর

শ্রীচৈতন্যমঠ

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ-শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, তাকবর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-বাজিপ্রচারকর্মে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ-চতুর্থী-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ নবীনচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজনবান্ধব ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাঁপাহাটী (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিভিন্নকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)

শ্রীবৃন্দাবনদাস ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিমণ্ডপ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীনরেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীবনমালদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীভক্তিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাসবিহারী দাসাধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অসটাকিনা, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) নৈমিষারণ্য-গৌড়ীয়মঠপীঠ

পোঃ নিমখার, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৪২নং কতিলপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীবাসুদেব ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীমদনলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভুক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীশারদেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ কেকোন, জেলা গুর্দাসপুর (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনমালী গোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং চন্দ্রাবল রোড, নিউ দিল্লী;

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅদ্বিতীয় ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ সুগ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রায়রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারী সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যারত্ন

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) সীতাকুটী

রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীজগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাহু (ঢাকা)

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুয়ারডুগা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ সেবকাগ্র অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনসরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎপ্রাপ্ত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত শ্রীমহানন্দ ব্রহ্মচারী, ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২০শে সেপ্টেম্বর, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	বাজার দর
বালাম	৬॥০
মোটা চাল	৫৸০
ঐ নতুন	৫৲
কাটারীভোগ	৭৲-৭॥০
বাঁকতুলসী	৫॥০
বাগরা নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
এজারেজ কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেগুন	৩॥৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪॥০
পেশোয়ারী	১০৲-১০।০
বাঁকতুলসী আতপ	৫।০-৫।৵
ঐ বাবরি	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫।০-৫॥০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৶০

চিনির দর

কাশীপুর, টাইপ	১০॥৵০
সিঙ্গাপুর ১০০০ নং	১০৵০
তেকোনা সাদা	৯'
নারায়ণপুর সাদা	৮।০—৯৶০
নারায়ণপুর লাল	৭॥৵০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

গিনি-পাকা সোনার বার	৩৪॥০
গিনি	২২৲
চাঁদির বার	৫৩।০

পাটের দর

সেপ্টেম্বর—	৪০৸
অক্টোবর—	৪০৸
নভেম্বর—	৪১।০
হাজার বস্তার দর—	৪২৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬।০—৬।৵০
দিলখুস ঐ	৬৲—৬৶০
ফিঙ্গার ঐ	৫॥৵০—৫৸০
সুজি	৬৲—৬৶০
আটা (বি)	৫৸০—৫৸৵০
আটা নং (২)	৫৵০—৫।৵০
আটা (এম)	৫৲—৫।০
আটা (কে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	২॥০—২॥৵০
ছাতু	১॥৵০—১৸০
ভূষি	১॥৵০—১॥৵০

ঘৃতের দর

ঢাকা	৫৭৲
কাশীর	৫৭৲
বেনারসী	৫০৲
গাভী	৪৫৲

পাতিলেবু	৪৬।০
আদা	৪৬৲
কাবুলে	৩৬৲
বাদাম পাকা	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৶০—৯।৵
ঐ বে মার্কা হাল্‌কা ওজন	৮৲—৮।০
ঐ টাটা ষ্টেনডেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৵
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০।৵০
বরগা (টি আয়রণ)	৮।০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮।৵০—৮৸০

টাটা গ্যাঃ করগেট টীন।

২৪ গেজ—	১৪।০
২৬ গেজ—	১৩।০
২৮ গেজ—	১৫।০

টাটা গ্যাঃ প্লেন শীট।

২৪ গেজ—	১৪৸৵০
২৬ গেজ—	১৩।৵০
২৮ গেজ—	১৬।৵০

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ,

শীট	।৵১০—৸৵০
সাধারণ বেড়া কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
প্লেট কাটিং বা শিট কাটা মণ	৩।০—

পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা ৬।০—৬।০ হন্দর

গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন পাটি, গোলটু, ময়াদে	৮৲—৯৲

গোল রড রি-ইনফোর্স ড কনক্রিটের

রড	৮৸০—১১।০

ফুঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

৫টকলের হাপরণ ৫৶০, পাটের হাপরণ ৬॥০

তুলার হাপরণ ৪।০

তুলোর দর

কলিকাতা ২৬শে জুন,

আমেদ গোলার ফাইন	৫৪
সিট-ন আমেদ ফরমচ	৪০৲
কবাডি পুরনিয় ফাইন	৪৩৲
হায়দ্রাবাদ ভাবা	৫৩৲
ঐ ফাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

প্রতি মণ

পাতলা সাগু	৮।০
সুপারী বেনী	১৬।০—১৭৲
কাটা সুপারী	১০।০—১১।০
গুড়ি খয়ের	১৫।০—১৭।০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স লিঃ
ডি-৫ জগন্নাথ ঘাট লোহাপট্টি, বড়বাজার
কলিকাতা

শ্রীধাম—মায়াপুরে

—::•::—

—“ঠাকুর ভক্তিবিনোদ ইনস্টিটিউট”—

—::•::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

ধাম অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাধুচরিত্র ও সুযোগ্য। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা ও উত্তম খোরাক ও দেখাশুনার প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রদের জন্য অবৈতনিক ব্যবস্থা

পরীক্ষায় যাহারা শতকরা ৬০ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌স্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—৩৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৩৫	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—৯১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৩	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মৃতপ্রায় পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিলেও অত্যুক্তি হইবে না। লিভার প্লীহা সংযুক্ত জ্বরাদির এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৮৵০ আনা, বড় বোতল ১৶০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:: ●)::— — —

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল বর্ত্তমান সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অন্তরঙ্গা জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় সর্ব্বশাস্ত্রসাহিত্যিক সু লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৷০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

———

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গ্রেষণাপূর্ণ গবেষণা এবং পবিত্র লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডেই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকার-ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫. পনর টাকা। প্রাপ্তিস্থান—শ্রীরাজ গৌড়ীয়মঠ, রায়পাটা বারুণ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

———

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে ।০	৵০	৵০	।০	
" " ইঞ্চি ২৲	১।০	১৷০	১৲	
সিকিকলম ৫৲	৪৲	৪৲	৩৲	
অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲	
এক কলম ১৪৲	১০৲	১০৲	৮৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	১০৲
ষান্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

———

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(●):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকা... ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'প্রকাশ'

শ্রীধামসর্বস্বপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্যবর্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1844
ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের অন্যতম
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্বত্র অজস্র-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৮ই আশ্বিন, ১৩৪৪, ৪ঠা অক্টোবর, ১৯৩৭, সোমবার [সংখ্যা ২৮৪]

বিবিধ সংবাদ

——(০(:০:)০)——

চীন-জাপান সংবাদ

গত ৩০শে সেপ্টেম্বর তারিখে টোকিওর সংবাদে প্রকাশ যে, জাপান মাঞ্চুকুওতে বহু সৈন্য প্রেরণ করিতেছে। কেহ কেহ বলিতেছে যে, মাঞ্চুকুওতে জাপানের বিরুদ্ধে বিদ্রোহ উপস্থিত হওয়ায় অথবা বিদ্রোহের আশঙ্কায় তথায় সৈন্য প্রেরণ করা হইতেছে। পক্ষান্তরে কেহ কেহ বলিতেছেন যে, চীন-জাপান বিরোধে সোভিয়েটের হস্তক্ষেপ আশঙ্কায় তথায় সৈন্য প্রেরণ করা হইতেছে।

জাপানীরা ব্যাপক আক্রমণ চালাইবার উদ্দেশ্যে সমস্ত রাত্রি ধরিয়া চীনা ঘাঁটিসমূহের উপর গোলাবর্ষণ করিতে থাকে। চীনাগণ বলিতেছে যে, তাহারা হটিয়া যায় নাই। সাংহাই শহরের ইয়াংসী নদীর উপকূলে জাপানের অগ্রগতি রোধের প্রধান সহায়ক। এই ঘাঁটিকে দৃঢ় করার উদ্দেশ্যে প্রচুর-পরিমাণে বহু জাহাজ প্রেরণ করা হইয়াছে। এই ঘাঁটির উপর জাপানীরা যুগপৎ নৌ ও বিমান চালাইবে বলিয়া চীনারা অনুমান করিতেছে। চীনা কর্তৃপক্ষ পাঁচ হাজার বন্দিকে বাহিরে নিয়াছেন—উহারা দুই-একজনে জাপানে রপ্তানি হয়।

গত ৩০শে সেপ্টেম্বর সাড়ে তিন ঘন্টা ব্যাপী মন্ত্রিসভার বৈঠকে দূরপ্রাচ্য ও ভূমধ্যসাগরের সমস্যা সম্পর্কে আলোচনা হয়। তখন তথাকার ঘটনা সম্পর্কে অত্যন্ত উদ্বেগ প্রকাশ করেন।

জাপানী দ্রব্য বর্জন করা সম্পর্কে যে প্রস্তাব করা হইয়াছে, সরকারী মহল উহা সমর্থন করেন নাই, তবে জানা গিয়াছে যে, যদি আবশ্যক হয় চীন জাপান বিরোধ সম্পর্কে ব্রিটেন মধ্যস্থ হিসাবে কাজ করিতে প্রস্তুত আছে।

টোকিওতে জাপানী পররাষ্ট্র বিভাগের জনৈক কর্তৃপক্ষ স্থানীয় ব্যক্তি বলেন যে, রাষ্ট্রসংঘ যাহা করিয়াছেন তাহা লইয়া আমাদের মাথা ঘামাইবার বিশেষ কোন দরকার নাই; তথাপি একথা বলা দরকার যে, জাপানের বোমাবর্ষণের নিন্দা করিয়া রাষ্ট্রসংঘ পরিষদ যে প্রস্তাব গ্রহণ করিয়াছেন তাহাতে জাপানে সর্বত্র বিষম ক্রোধের সঞ্চার হইয়াছে।

তিনি আরও বলেন যে, জাপান নিরীহ ব্যক্তিদিগকে আক্রমণ করে নাই, যদিও শত্রুর সমর-ঘাঁটি ধ্বংস করিতে সে বদ্ধপরিকর।

ভারতীয় মেডিক্যাল সার্ভিস সংস্কার

গত ৩০শে সেপ্টেম্বর এলাহাবাদের এক সংবাদে প্রকাশ, নূতন ভারতশাসন আইনের আমলে ইণ্ডিয়ান মেডিক্যাল সার্ভিস সংস্কার সম্পর্কে যুক্ত-প্রদেশের মেডিক্যাল এসোসিয়েশনের কাউন্সিলের নিকট বিশিষ্ট ডাক্তার রায় বাহাদুর আর এন, বানার্জ্জী তাঁহার মতামত প্রকাশ করেন। তিনি বলেন, সার্ভিস সংস্কারের পরিকল্পনায় বর্ণ বৈষম্যের চূড়ান্ত করা হইয়াছে। উহাতে ভারতবর্ষের ডাক্তারদিগকে অপমান করা হইয়াছে। উহা অত্যন্ত প্রতিক্রিয়াশীল, অন্যায় এবং সার্ভিসে ভারতীয় নিয়োগের নীতির বিরোধী।

ভারতের ডাক্তারেরা উহার যে প্রতিবাদ করিতেছেন, প্রাদেশিক গবর্ণমেণ্ট এবং ভারতসচিবের উহা অবশ্য শুনা দরকার। ডাক্তার বানার্জ্জী বলেন যে, প্রত্যেকটি চাকুরীতে লোক নিয়োগের সময় চাকুরী প্রার্থীর যোগ্যতাই প্রধান মাপকাঠি হওয়া দরকার এবং প্রত্যেকটি চাকুরীতে সকলের প্রার্থী হওয়ার অধিকার থাকা দরকার। বর্ণ বিচারকে 'মাদা' অছিলায় স্থান দিয়া ভারত শাসন আইন শাসন সংস্কারের প্রগতিকে খর্ব করিয়াছে। যদি এই বর্ণ-বৈষম্য থাকিয়া যায়, তাহা হইলে ঐ কৃত্রিম শাসন-সংস্কারের কোন প্রয়োজন নাই। মেডিক্যাল এসোসিয়েশন কাউন্সিল শীঘ্রই সার্ভিস পরিকল্পনা সম্পর্কে বিবেচনা করিবেন।

হিটলার-মুসোলিনীর আলোচনা

গত ২৯শে সেপ্টেম্বর তারিখের সংবাদে প্রকাশ, হের হিটলার ও সিনর মুসোলিনীর মধ্যে আর একবার আলোচনার সম্ভাবনা থাকিলেও তাহাদের রাজনৈতিক বিষয় সম্পর্কিত আলোচনা প্রায় শেষ হইয়া গিয়াছে।

প্রকাশ যে, উভয়েই ব্রিটেনের সহিত আপোষ করিয়া চলিবার পক্ষপাতী। কিন্তু জেনারেল ফ্রাঙ্কো জয়ী হইতে না পারিলে ইতালীর মর্যাদা ক্ষুণ্ণ হইবে এই সম্পর্কে ব্রিটেনের সহিত জটিলতার সৃষ্টি হইতে পারে, আশঙ্কায় সিনর মুসোলিনী অস্বস্তি বোধ করিতেছেন।

হের হিটলার স্পেনের ব্যাপারে ইতালীকে আর সমর্থন করিবেন না বলিয়াই মনে হয়। আরও জানা গিয়াছে যে, হের হিটলার ভূমধ্যসাগরের ব্যাপারের সহিত আর জড়িত হইতে চাহেন না একথা পরিষ্কারভাবে জানাইয়া দিয়াছেন।

নরহত্যায় দ্বীপান্তর দণ্ড

জুরীদিগের সর্বসম্মত অভিমত গ্রহণ করিয়া বীরভূমের দায়রা জজ নরহত্যার অপরাধে বিশ্বনাথ চ্যাটার্জ্জি নামক এক ব্যক্তিকে যাবজ্জীবন দ্বীপান্তর দণ্ডে দণ্ডিত করেন। উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে আসামী পক্ষে গত বৃহস্পতিবার হাইকোর্টের মাননীয় বিচারপতি মিঃ মুখার্জ্জি ও মাননীয় বিচারপতি মিঃ বিশ্বাসের নিকট এক আপীলের শুনানী করা হয়।

অভিযোগে প্রকাশ,—গত ১৭ই মে ৮ বৎসর বয়স্কা এক বালিকাকে একটী পুকুরে ভাসিতে দেখা যায়। বালিকাকে উপরে উঠাইয়া দেখা যায় তাহার প্রাণবায়ু বহির্গত হইয়াছে এবং তাহার গলায় যে সোনার হার ছিল, তাহা নাই। ফলতঃ প্রতীয়মান হয়, বালিকা জলে ডুবিয়া মরে নাই; কেহ তাহাকে মারিয়া জলে ফেলিয়া দিয়াছে। কয়েকদিন পরে দেখা যায়, ঐরূপ একটি হার নাম ও ঠিকানা ভাড়াইয়া আসামী বন্ধক দিয়াছে। আসামীর প্রতি সন্দেহ হওয়ায় তদন্তের পর পুলিশ আসামীর বিরুদ্ধে মামলা দায়ের করে।

আসামীপক্ষে অপরাধ অস্বীকার করা হয়। মামলার মিঃ সেনগুপ্ত ও কাম্পবেল। জুরীরা আসামীকে দোষী সাব্যস্ত করেন বিচারপতি উক্ত আপীল গ্রহণ করিয়াছেন। মিঃ এস, সি তালুকদার ও মিঃ ভক্তিভূষণ দত্ত আপীলকারীর পক্ষে উপস্থিত ছিলেন।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম স্কন্ধ হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অমৃতপ্রবাহ ভাষ্যসহ শ্রীচৈতন্যভাগবত ৭৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী ৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৷০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৷৷০
৪র্থ খণ্ড—৷৷০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷৷০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৷৷০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। জৈবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। যামুন-আলবর ৷০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-পাক্ষিক ৷৵০
২২। তত্ত্ব-রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল মাত্র ভাষ্য ৷০
২৭। মুক্তাফলিকা ভগসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৷৷০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি ৴
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷৷০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্চ্চপঞ্চক ৴০
৪৭। সদাচারবৃত্তিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। অবমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। মায়াবাদশতদূষণম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম্
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং
৭৬। দি ভাগবত
৭৭। ইংরেজিক প্রিন্সিপলস অ্যাণ্ড আনন্দ্যালয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভলুম্ ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৴১০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ২ ভিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিকভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৬০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১৬শবর্ষ ১৬ পদ্মনাভ গৌরাব্দ ৪৫১, ১৮ই আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৪, ৪ঠা অক্টোবর ইং ১৯৩৭, সোমবার } ৮ম সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

কলিকাতায়

ত্রিদণ্ডিপাদাগ্রণী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ গত ২৫শে ও ২৬শে সেপ্টেম্বর দিবসদ্বয় কলিকাতা ১৭এ চিত্তরঞ্জন এভিনিউস্থ শ্রীযুক্ত মথুরা নাথ মিত্র এটর্ণি মহোদয়ের বাসভবনে যথাক্রমে শ্রীচৈতন্য-চরিতামৃত হইতে শ্রীপাদ রাঘব পণ্ডিতের চরিত্র ও শ্রীমদ্ভাগবত হইতে শ্রীঅজামিল উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। শ্রোতৃমণ্ডলী স্বামীজীর নিকট হইতে ভগবদ্ভক্তের ভাক্তগ্রহ পাঠ দ্বারা ভগবৎসেবা ও অন্যাভিলাষীর লোকজনের মধ্যে পার্থক্য, প্রকৃত সদ্গুরু ও গুরুব্রুবের পার্থক্য, কলিহত জীবের সদ্গুরু-পদাশ্রয়ের একান্ত প্রয়োজনীয়তা, সদ্গুরুর পাদাশ্রয় ব্যতীত শুষ্ক পাণ্ডিত্য-প্রাতিভাদিদ্বারা শাস্ত্রতাৎপর্য্য বোধগম্য নহে, বিষ্ণুভক্তিহীন উচ্চ কুলোদ্ভূত বিপ্র অপেক্ষাও ভগবদ্ভক্তিপরায়ণ স্বপচ কুলোদ্ভূত ভক্ত শ্রেষ্ঠ, সর্ব্বতোভাবে শরণাগত ভক্তের রক্ষাকর্ত্তা স্বয়ং ভগবান্, তিনি সমর্পিতাত্ম ভক্তের ভক্তির সহিত প্রদত্ত দ্রব্যাদি অতি আদরের সহিত গ্রহণ করেন, অন্যাভিলাষীর দ্রব্য আদৌ গ্রহণ করেন না প্রভৃতি বহু বিষয় শ্রবণ করিয়া পরমানন্দিত হন এবং আরও অধিক শ্রবণের আকাঙ্ক্ষা জ্ঞাপন করেন।

শ্রীচৈতন্যচরিতামৃত পাঠকালে মহারাজ 'শ্রীগৌরাঙ্গের মধুরলীলা', 'আপনি আচরি' ধর্ম্ম' 'সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য', 'অন্তঃ কৃষ্ণং বহির্গৌরং,' 'কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং,' 'এতে চাংশকলাঃ পুংসো কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্' 'তেষাং সততযুক্তানাং' 'আচার্য্যং মাং বিজানীয়াৎ,' 'চৈতন্যচরিতামৃত অমৃতের সিন্ধু,' 'আশ্রয় লইয়া ভজে', 'বর্ণাশ্রমাচারবতা' ইত্যাদি বহু শ্লোকাদি আলোচনা করেন। উপস্থিত শ্রোতৃবর্গের মধ্যে কতিপয় সজ্জন ব্যক্তির নাম নিম্নে প্রদত্ত হইল,—

কুমার শ্রীযুক্ত নরেন্দ্র নাথ রায়, বাহাদুর ও জমিদার; রায় বাহাদুর শ্রীভূপেন্দ্রভূষণ রায় এটর্ণি; শ্রীশরৎপ্রসন্ন ঘোষ, মিঃ ডি, কে, মজুমদার, শ্রীরবীন্দ্রনাথ সরকার জমিদার; শ্রীমণীন্দ্র নাথ রায় জমিদার; শ্রীধীরেন্দ্রকৃষ্ণ বসু, এটর্ণি ও জমিদার প্রভৃতি।

শ্রীমাধ্বগৌড়ীয় মঠের উৎসব-পঞ্জী

২৯শে আশ্বিন	১৫ই অক্টোবর	শুক্রবার	শ্রীরামচন্দ্রের বিজয়োৎসব ও শ্রীমধ্বাচার্য্যের আবির্ভাব।
৩১শে "	১৭ই	রবিবার	শ্রীরঘুনাথদাস গোস্বামী, শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামী ও শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর তিরোভাব।
২রা কার্ত্তিক	১৯শে "	মঙ্গলবার	শ্রীমুরারি গুপ্তের তিরোভাব।
৭ই "	২৪শে "	রবিবার	শ্রীনরোত্তম ঠাকুরের তিরোভাব।
১৪ই "	৩১শে "	রবিবার	শ্রীনরহরি সরকার ঠাকুরের তিরোভাব।
১৭ই "	৩রা নভেম্বর	বুধবার	শ্রীগোবর্দ্ধন-পূজা ও অন্নকূট-মহোৎসব।
১৯শে "	৫ই "	শুক্রবার	শ্রীবাসুদেব ঘোষ ঠাকুরের তিরোভাব।
২৫শে "	১১ই "	বৃহস্পতিবার	গোষ্ঠাষ্টমী, গোপাষ্টমী, শ্রীশ্রীনিবাস আচার্য্য, শ্রীগদাধরদাস ও শ্রীধনঞ্জয় পণ্ডিতের তিরোভাব।
২৮শে	১৪ই "	রবিবার	ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোরদাস গোস্বামী মহারাজের তিরোভাব।
২৯শে	১৫ই "	সোমবার	সাধারণ মহামহোৎসব।
১লা অগ্রহায়ণ	১৭ই	বুধবার	শ্রীভূগর্ভ গোস্বামী ও শ্রীকাশীশ্বর পণ্ডিতের তিরোভাব।
২রা	১৮ই "	বৃহস্পতিবার	শ্রীশ্রীকৃষ্ণের রাসযাত্রা, শ্রীপাদ নিম্বার্কাচার্য্যের আবির্ভাব এবং মহোৎসব সমাপ্ত।

কুরুক্ষেত্রে প্রচার

গত ২২শে আগষ্ট রাওয়ালপিণ্ডি হইতে সৈন্যবিভাগের প্রধান ডাক্তার কর্ণেল শ্রীযুক্ত ভগবান সহায় সক্সেনা ও তদীয় জামাতা লালা শম্ভুনাথ বি-এ, এল-এল-বি মহোদয় শ্রীব্যাসগৌড়ীয় মঠ দর্শন করিতে আসেন। তাঁহারা শ্রীপাদ বনগোপাল দাস ও শ্রীপাদ মঠরক্ষক প্রভুর মুখে গৌড়ীয়মঠের অনেক কথা শুনিয়া এমন কি পাশ্চাত্যদেশেও গৌড়ীয়মঠের বিশুদ্ধ সনাতন ধর্ম্মের প্রচারের কথা শুনিয়া পরমানন্দিত হন।

বম্বে শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীরাধাষ্টমী মহোৎসব

গত ১১ই সেপ্টেম্বর বম্বে শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীরাধাষ্টমী মহোৎসব কীর্ত্তন এবং পূজা-মুখে সম্পাদিত হইয়াছে। ঐ দিবস রাত্রে শ্রীমঠে একটি সভার অধিবেশন হয়। উক্ত সভায় সভাপতি দেবেন্দ্রকুমার প্রমুখ শ্রীরাধাষ্টমী সম্বন্ধে প্রায় ১ ঘণ্টা ব্যাপিয়া একটি বক্তৃতা প্রদান করেন। বক্তৃতান্তে মহাপ্রসাদ বিতরিত হইয়াছিল।

উক্তরূপ সভার আলোচ্য বিষয় শ্রীমঠের নিয়মিতভাবে পাঠ, কীর্ত্তন, সভা, সাপ্তাহিক ও পাক্ষিক 'গৌড়ীয়' এবং 'নদীয়া প্রকাশের' বিশেষ বিশেষ প্রবন্ধ প্রভৃতি আলোচনা হইতেছে।

———

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী
গোস্বামি-ঠাকুর-প্রবর্ত্তিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৪ শ্রীধরাত্ত শনিবার শ্রবণ গৌরাব্দ ৪৪১

কর্ম্মীর কাণাকড়ি

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর)

মানবের অধিষ্ঠান ত্রিবিধ সত্তায় অবস্থান। মানবের স্থূলদেহ, তাহার মন ও জ্ঞান সংজ্ঞা দেহী। এই দেহীটী আবমিশ্র চেতন। তাঁহার মন এবং চেতন ধর্মের অভ্যন্তর নামক সর্ব্বদা ব্যস্ত এবং তাঁহার স্থূল দেহটী বিকৃত হইয়া।

চিন্ময় দেহীর বা জীবাত্মার আলোচনা করিতে গিয়া আমরা দুইটী মত দেখিতে পাই। একটী নির্ব্বিশেষের জীবাত্মা ও পরমাত্মার অভেদবাদ মূলক, অপরটী আত্মার নিত্য পার্থক্যে বর্ণে সেব্য-সেবক-ভাবে অবস্থান প্রভৃতি। দেহ ও মনের কাল হইতে যে সময় আত্মা মুক্ত হন, তখন তিনি নির্ভেদ-ব্রহ্মানুসন্ধানের অথবা নিত্য-হরিসেবার। যে-কালে মানবের দেহ ও মনের আধিক্য প্রবল হইয়া আত্মার বিচারে প্রবৃত্ত, সেকালে জ্ঞান আর ও কোন আর্থের কোন কথায় আদর করিতে পারেন না। অন্তর্যামী প্রভৃতি তাঁহাকে অনাদিস্বর হইতে অবগত করে। আত্মা বা দেহ ভাবিতে কল কামনা করেন না বা করিতে অসমর্থ। অনাত্মপ্রতীতি প্রবল হইয়া আত্মবস্তুর বিপর্য্যয়ে নশ্বর দেহ ও মনকে 'আত্মা' বলিয়া দর্শন করে, ইহাই জীবের বিবর্ত্ত বা ভ্রম। শক্তির পরিণাম-কলে নশ্বর ধর্ম্ম দেহ ও মনে পরিপুষ্ট হয়, ইহাই আত্মার বিবর্ত্ত ভাব।

কর্ম্মী দেহ বা মন ফল ভোগ করে। নিত্য সেবার ক্রিয়াতৎপরে কল্পনার অন্যায় জ্ঞান করে। স্বাভাবিক হরি-সেবা কখনও দেহ ও মনের কর্ম্ম-কাণ্ডের চেষ্টা নহে। ব্রাহ্মণ্যের সমগ্রে উপলব্ধি হইলেও একত্বের নির্দেশ নহে। দেহ ও মন লইয়া যাঁহারা বিব্রত তাঁহাদের কর্ম্মপথ ব্যতীত অন্য গতি নাই। তাঁহারা আত্মাকেও দেহ ও মনের সহিত অভিন্ন জ্ঞান করেন, সুতরাং হরিসেবাকেও একটী কর্ম্ম বিশেষ জ্ঞান করেন। ভক্তগণের সহিত হরি-সেবার পার্থক্য এই যে, ভক্ত কর্ম্ম নশ্বর এবং ক্ষুদ্রার উদ্দেশে ফল প্রসব করে, কিন্তু হরি-সেবা নিত্য ও হরিপ্রেমা আনয়ন করে। কর্ম্মের ফল সুখ-দুঃখ মিশ্রিত, হরিসেবনের ফল সচ্চিদানন্দবিগ্রহ হরির সেবা আনন্দ। হরি আনন্দ অনন্ত, জীবের কর্ম্মফল নশ্বর পরিণামে দুঃখপরিচিত-পরিপূর্ণ।

কর্ম্মী দুই শ্রেণীর— সুকর্ম্মী ও দুষ্কর্ম্মী।

সত্ত্বগুণে জীব সৎকর্ম্মপর হন, রজস্তমোগুণে তিনিই অসৎ বা কুকর্ম্মপর হন। সৎকর্ম্মপর দেহ ও মন দয়াবাদাইছ, অসৎ-কার্য্যতৎপর প্রবৃত্ত অহঙ্কারী জীব পরহিংসাপর। নীচ স্বার্থ-সাধনে প্রমত্ত হইয়া নিজ রজস্তমোগুণ দ্বারা নানা কদর্য্য কার্য্যে আপন দেহ ও মনকে নিযুক্ত হইতে দেখি। এরূপ কুকার্য্যপর লোকের জন্য উভয়ের অসংখ্য যুক্তি অবতারিত হয়, পরিণামে তাহারা নৃত্য করিয়া কুকর্ম্ম হইতে সংযত হন ও পুণ্যবান সাত্ত্বিক কর্ম্মীদিগের দ্বারা লাঞ্ছিত ও দণ্ডিত হন। যে কাল পর্যন্ত জীব দেহ ও মনের দ্বারা চালিত হইয়া কুকার্য্যে নিরত হন তাবৎ তাঁহার যথেচ্ছাচারিতা সুপ্রবল থাকে। যথেচ্ছাচার প্রশমনের জন্য সত্ত্বগুণের আবাহন কর্ম্মীদের একমাত্র অবলম্বন। তাঁহার কুপ্রবৃত্তি প্রবল থাকিলে তিনি রজস্তমোগুণকে পরিত্যাগ করিবার পরিবর্ত্তে গোপনে তাদৃশ গুণদ্বয়ের সাবধানে সেবা করিয়া থাকেন। এরূপ স্থলেও কার্য্য সত্ত্বগুণের নামে প্রচারিত থাকিলেও উহা যে সত্ত্বগুণের ক্রিয়া নহে তাহা জানিতে আর কাহারও বাকী থাকে না।

পূর্ব্বোক্ত আলোচনা ফলে আমরা জানিতে পারি যে, প্রবৃত্তি ও অহঙ্কারবশে জীব সত্ত্বগুণ হইতে পরিভ্রষ্ট হন কিন্তু তিনি সর্ব্বদা সত্ত্বগুণেরই অধীন। প্রবৃত্তি ও নিবৃত্তি এই দুইটীই সত্তার নিত্যগুণের প্রতিযোগী, কিন্তু তাহারা স্ব স্ব নিত্যত্ব সংরক্ষণে অসমর্থ। অনিত্য গ্রহণ বা আনিত্য সত্তার বিলোপসাধন উভয়ই নশ্বর-ধর্ম্মাবিশিষ্ট। তাহাদের দ্বারা নিত্য বৈকুণ্ঠ-বস্তু পরিপুষ্ট হইতে পারে না। রজস্তমঃ পরিহার করাই সৎকর্ম্মপর ব্যক্তির ধর্ম্ম। যেখানে তাহার বিপরীত ও প্রাকৃত সুখ দ্বারা অনিত্য-গ্রহণ প্রবৃত্তি সেইখানেই অসৎ কুকর্ম্মীগণের দৌরাত্ম্য। সুকর্ম্মীদিগের মুখে আমরা শুনিয়া থাকি যে, বর্ণাশ্রমধর্ম্মের চতুর্থাশ্রমের উপযোগিতা নাই। চতুর্থাশ্রমী বলিতে গেলে নিবৃত্ত-জীবনবিশিষ্ট ব্যক্তিকেই লক্ষ্য করা হয়। তাঁহারা তিনভাগে বিভক্ত—কর্ম্ম-সন্ন্যাসী, জ্ঞানী ও ভক্ত। উভয়েই ত্যক্তকর্ম্মা, কেবল দেহ বা মনের চাঞ্চল্য উভয়েই ব্যক্ত করেন। কর্ম্ম-সন্ন্যাসী বিরক্ত হইয়া কর্ম্মভোগ হইতে দূরে বাস করেন, তাঁহার বাসনার স্বর্গের কোন প্রকার অশান্তি নাই, সুতরাং শান্তিময় জীবনই তাঁহার লক্ষ্য। জ্ঞানী বলেন, কর্ম্ম-সন্ন্যাসের অবস্থা নশ্বর বলে আবদ্ধ, সুতরাং নির্ভেদ ব্রহ্মানুসন্ধানই জ্ঞানীর লক্ষ্য। ভগবদ্ভক্ত বলেন, ভেদ জ্ঞানময় জ্ঞানী নির্ভেদ হইবার বাসনায় অশান্ত হয়। তাঁহার মুক্তিবাঞ্ছাই তাঁহার ভক্তেরকে ধ্বংস করিয়াছে। নিত্য হরিসেবাপরায়ণতাই সন্ন্যাসের চরম লক্ষ্য। তাদৃশ হরিসেবককেই ভক্ত বলে। তিনি ভক্তের সকল আশা ভরসা ছাড়িয়াছেন, নির্ভেদ ব্রহ্মানুসন্ধানের তুচ্ছতা উপলব্ধি করিয়াছেন, সুতরাং বদ্ধাবস্থার ভোগ বা বদ্ধ হইতে মুক্ত হইবার প্রয়াস উভয়ই পরিত্যাগ করিয়া কৃষ্ণপাদপদ্মে প্রপন্ন একেই প্রকৃত, সম্যক্ ও নিরংশরূপে বিষয় ত্যাগ করিতে সমর্থ।

সন্ন্যাসী বলিলে ইহাই বুঝায় যে, যিনি নিত্য-সেবায় ত্যক্ত হইয়া তাহার তুচ্ছতা উপলব্ধি করিয়াছেন এবং জগতের জন্য তাঁহার বিবেচনায় প্রচুর কার্য্য করিয়াছেন। সেজন্য তিনি তাঁহার সঞ্চিত বিষয়ের ফল লাভ করিয়া যে অবস্থায় অবস্থিত তাহা কুকর্ম্মী শিশুর গর্ব্বের বিষয় নহে। কোন সুকর্ম্মী কর্ম্মীর নামে পরিচিত হইয়া আমাদিগকে বলিয়াছেন যে, সন্ন্যাসি-সম্প্রদায় গৃহস্থগণের প্রদত্ত অন্নপানাদি অন্যায়রূপে উপভোগ করিয়া থাকেন। তাঁহাদিগকে গৃহস্থগণের প্রদত্ত ফল হইতে বঞ্চিত করা কর্ম্মীগণের কর্ত্তব্য, কিন্তু সেই শিশু সুকর্ম্মীর জানেন না যে, কর্ম্মফলে কর্ম্মক্লান্ত মহাবীরগণই তাঁহাদের নিজ প্রদত্ত অন্নরূপে পেনসন্ পাইয়া থাকেন। তাঁহাদের সঙ্কট সমাজ ক্ষেত্রে রক্ষিত বিত্ত হইতে গৃহস্থগণ অন্নজলাদি প্রাপ্ত হইয়া তাঁহাদের জন্যই জীর্ণবাসঃখণ্ড প্রস্তুত করিয়া দেন, সন্ন্যাসি-সম্প্রদায় উহাদিগের কেবল সেবা লইয়া তাহাদিগকে বঞ্চনা করিয়া সমাজের স্কন্ধে চাপিয়া থাকেন না। যদি অপবাদকারী সুকর্ম্মি-সম্প্রদায় বলেন যে, উপার্জ্জিত নিজ ভগবজ্জনকারীর কার্য্যে না লাগিয়া দুঃস্থ সমাজে বাটোয়ারা হউক এবং উপার্জ্জনকারী পুনরায় সন্ন্যাসধর্ম্ম পরিত্যাগ করিয়া গৃহস্থের টানাপড়েন লইয়া ব্যস্ত হউন, তাহা হইলে নিবুদ্ধিতার চরম সীমা আর কি হইতে পারে?

বৈদিক বিচারে বলিতে গেলেও ত্যাগি-সম্প্রদায়ের দ্বারা গৌণভাবে সমাজ যে কল্যাণ করেন তাহার পরিবর্তে তাহাদিগকে অন্ন, জীর্ণবাস প্রদান করা সমাজের অবশ্য কর্ত্তব্য বলিয়া স্বতন্ত্র হইতে হইবে না। শাস্ত্রে বলিয়াছেন,—

'ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাম্।'

দেহ ও মনের উদ্দাম চেষ্টায় যাহাদের বুদ্ধি প্রতিহত হইয়াছে, সেই জ্ঞানহীন কর্ম্মীর সম্প্রদায়ের মূর্খতা অপনোদন করিবার জন্য কোন চেষ্টাই করিও না। অতএব সেই কর্ম্মকারগণকে আমরা বলি যে, তাঁহারা গৃহস্থ-সম্প্রদায়ের নিবুদ্ধিতা বিবর্দ্ধনের জন্য যেন অপর্য্যাপ্ত কার্য-চেষ্টার বদ্ধ না হন, সেই গোকারগণ চতুর্থাশ্রমের প্রতিকূলে যে বাচা গোকার যুক্তি লইয়া মূর্খতা করিবেন, তাহাতে তাঁহাদিগকে কেহই বুদ্ধিমান্ মনে করিবে না। যদি সন্ন্যাসাকে জগতের প্রবঞ্চক বলিয়া স্বীকৃত হইত তাহা হইলে জ্ঞান ও ভক্তি-পথ পৃথিবীর চিত্রপট হইতে একদিন মুছিয়া যাইত। কর্ম্মীদের প্রাপ্যফলই সন্ন্যাস অর্থাৎ সর্ব্বত্যাগ। জগতের ইতিহাসে আমরা দেখিতে পাই যে, বৃদ্ধ এবং দুর্ব্বল ব্যক্তি অবস্থাভেদের অধিকার আছে উহাই কি ত্যাগের বা সন্ন্যাসের উৎকৃষ্ট আদর্শ নহে? বিষয়-ভোগের পরে ভক্তেই সন্ন্যাস বলে। যে বিষয় নিত্যকাল ভোগ করিতে পারা যায় না, যে বস্তুটী অমৃত নহে, তাহাকে বিষ বলিয়া নির্ব্বিশেষ-সম্প্রদায় আখ্যা দিয়াছেন। নিষ্কিঞ্চন বা সন্ন্যাসীকে বিষয়মুক্ত বলিলেই সমাজ-সেবক বলা হয়। সমাজ-সেবক মাত্রেই সমাজের ন্যূনাধিক ফল লাভের যোগ্য। সুতরাং সুকর্ম্মীদের অতি সন্ন্যাসীদিগের জীর্ণ বাস রক্ষিত করিবার প্রয়াস নিজ যুক্তি দ্বারাই খণ্ডিত হইল, আর প্রকৃত ত্যাগের আবশ্যিক শুশ্রূষাপূর্ব্বক বাধা দেওয়া গৃহস্থ লোকের নিবুদ্ধিতার চরমসীমা। এইরূপ চিত্তপ্রবাহে কোনও কর্ম্মীদের বুদ্ধিতে স্থান পাওয়া উচিত নহে। ফল পাইবার জন্য ক্রোড়া যায়। নিদ্ধনের প্রবাসে বিক্রয় বা পরিগ্রহের জন্য প্রবর্ত্তীর প্রাপ্য দিবার পরিবর্ত্তে যে-কাল পর্যন্ত সভ্য মানব-সমাজে আদরে গৃহীত হইবে তৎকালাবধি চতুর্থাশ্রমীর ব্যবহার-সীকৃত সম্মান তাহাদিগের প্রয়োজনীয়তা ও সম্মান দিতে প্রস্তুত থাকিবেন। বিরক্ত ভক্তগণ সমাজের কিরূপ মঙ্গলকারী তাহা আসক্ত বিষয়ী তাহার সঙ্কীর্ণ বিচারে বুঝিয়া লইতে পারেন। তাহার সহিত প্রতিযোগিতা বা হিংসা করা বিবেক-সঙ্গত নহে। শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয়ের গীতিটী এবিষয়ে তাঁহাদিগের প্রবৃত্তি দমনে উহার স্বরূপ কার্য্য করিতে পারে।

গোরা পঁহু না ভজিয়া মৈনু।
প্রেম রতন ধন হেলায় হারাইনু॥
অধনে যতন করি' ধন তেয়াগিনু।
আপন করম দোষে আপনি ডুবিনু॥
সৎসঙ্গ ছাড়ি' কৈনু অসতে বিলাস।
তে কারণে লাগিল মোর কর্ম্মবন্ধ-ফাঁস॥
বিষয় বিষম বিষ সতত খাইনু।
গৌরকীর্ত্তনরসে মগন না হৈনু॥
কেন বা আছয়ে প্রাণ কি সুখ লাগিয়া।
নরোত্তমদাস কেন না গেল মরিয়া॥

কৃষ্ণ তারে দেন নিজ চরণারবিন্দ। যারা আকর্ষণ ছাড়ে ব্রহ্মা রুদ্রগণ॥

মাতৃশ্রাদ্ধ ও ষষ্ঠীপূজা

(আচার্য্য শ্রীনবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার)

শ্রীল প্রভুপাদের প্রকটকালের অন্তর্দ্ধানের অব্যবহিত পূর্ব্ব হইতে তাঁহার এক পত্রে লিখিয়াছেন,—"মাতৃশ্রাদ্ধ করিবার জন্য যদি কু—বাবু 'হ্ু' হন, তবে ষষ্ঠীপূজা করিবার জন্য সুন্দরানন্দ প্রভু 'হু' হন কি প্রকারে?" যাহাদের যে-কোন মিথ্যা কথা প্রচার করাই স্বভাব হইয়া পড়িয়াছে তাহারা যে, যে-কোন কথা প্রচার করিতে পারে ইহাতে আর আশ্চর্য্য কি?

পাষণ্ড-সম্প্রদায় যদি শ্রীপাদ সুন্দরানন্দ প্রভু পুরুষ হইয়া স্ত্রীলোকের ন্যায় ষষ্ঠীপূজা করিয়াছেন বা করাইয়াছেন এরূপ সম্পূর্ণ অসত্য কল্পিত কথা প্রচার করে, তথাপি উহা অবৈধ মাতৃশ্রাদ্ধের সহিত সমপর্য্যায়ে গণিত হইতে পারে না।

কু—বাবু তাঁহার হরিনামাশ্রিতা মাতৃদেবীর শ্রাদ্ধ মহাপ্রভুপাদের ধারা করেন নাই; কাজেই হরিভক্তিবিলাস ৯।২৭ সংখ্যাবৃত্ত কল্পনাদের ব্যবস্থানুসারে সেই শ্রাদ্ধ প্রেতকৃত্য বলিয়া গৃহীত হইয়াছে।

কেবল তাহাই নহে, কু—বাবু যে পাষণ্ড মতানুযায়ী মাতৃশ্রাদ্ধ করিয়াছেন, সেই শ্রাদ্ধকে বাহির করিবার জন্য শ্রীল প্রভুপাদ স্বয়ং কু—বাবুকে বহু পত্র লিখিয়াছিলেন; এমন কি, তাঁহার প্রাণে পরম পূজনীয় শ্রীল বাসুদেব প্রভু ও শ্রীল ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভুকে পাঠাইয়াছিলেন, তথাপি কু—বাবু গুরু ও বৈষ্ণবের আজ্ঞা ও অনুরোধ পালন করেন নাই। ইহাতে একাধারে গুর্ব্বজ্ঞা, শাস্ত্রাবজ্ঞা, মহাজনাবজ্ঞা, বৈষ্ণবাবজ্ঞা ও সদাচারাবজ্ঞারূপ অপরাধ হইয়াছে। শ্রীশ্রীল প্রভুপাদ এসম্বন্ধে কু—বাবুকে যে-সমস্ত পত্র লিখিয়াছিলেন, সেই পত্রসমূহের মধ্যে মাত্র তিনটী পত্র কিয়দংশ নিম্নে উদ্ধৃত করিতেছি,—

(১)

শ্রীযুক্ত কু—বাবু,

শ্রীযুক্ত গোস্বামী প্রভু আপনাদের ওখানে যাইতেছেন। আপনার হইয়া শ্রাদ্ধের সকল ব্যবস্থা স্থির করিয়া দিবেন। তাঁহার বাচনিক সকল কথা মনোযোগের সহিত শুনিয়া যাহা ভাল হয় করিবেন।

সংসারে যাহার আশীর্ব্বাদ আপনি পূর্ব্ব শ্রাদ্ধ করিয়াছেন জানিয়া আপনার পথ অনুসরণ পূর্ব্বক আমাদের আশ্রয় পরিত্যাগ করিয়া আপনার অনুসরণে অন্যত্র চলিয়া গেলেন। এখন হইতে আমাদের আশ্রিত অভিমানী গৃহস্থগণ নিজ নিজ বর্ণের অভিমান গ্রহণ করিয়া শ্রাদ্ধ করিবেন। এই বর্ষে কাহারও আমার নিষেধ কথা বাতিল হইয়া গেল। ব্রাহ্মণগণ ১০ দিনে, ক্ষত্রিয়গণ ১২ দিনে, শূদ্রগণ ৩০ দিনে, বৈশ্যগণ ১৫ দিনে কাচাধড়া লইয়া শ্রাদ্ধ করাই সঙ্গত জানিল। সুতরাং বৈষ্ণবের নিজ-শাস্ত্র বিচারে ব্যাঘাত ঘটিল। বৈষ্ণবের সমান বুদ্ধির জন্য আমরা যে বিচার জগতে বলিলাম, তাহার প্রতিকূলে কাহা কথাটা ব্যক্তিগত বিপদের উপর নির্ভর করে না, একথা আপনি বিস্মৃত হন কেন? ঐপ্রকার শ্রাদ্ধের সহিত আপনার ব্যক্তিগত সম্বন্ধ রাখিতে গেলেই আপনি পরমার্থ কথা ছাড়িয়া দিয়াছেন,—ইহাই জগতে প্রচারিত হইবে। লৌকিকী শ্রদ্ধা ও পারমার্থিকী শ্রদ্ধা ভিন্ন। উক্ত শ্রদ্ধাকে 'শ্রদ্ধা'নামে পরিচিত লোক-রঞ্জনের জন্য পরমার্থ নষ্ট করিতে হইবে না। ইহাই মহাপ্রভুর মত।

নিত্যাশীর্ব্বাদক

শ্রী সিদ্ধান্তসরস্বতী

নিম্নে আর দুইখানা ইংরাজী পত্রের কিয়দংশ (এরূপ আরও ১০।১২ খানা পত্র আছে) প্রকাশিত হইল।

(২)

Sri Purusottam Math, Puri.

21-5-29.

My dear K— Babu

Your favour of the 18th is just received along with S -'s letter. You have written that by your স্বকর্ম্মফল you have to undergo great troubles of all varities and you are compelled to submit to them, but I think you could have avoided those things if you had a mind to do so, to some extent you preffered to elongate your head in the guillotine. Of course whatever happens that will be classed as Holy Providential wishes. As you don't want to be disturbed with these I must stop here now.

Affly. Yours—

Siddhanta Saraswati.

মর্ম্মানুবাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীপুরুষোত্তমমঠ, পুরী

২১।৫।২৯

প্রিয় কু—বাবু,

স—র পত্রের সহিত আপনার ১৮ই তারিখের লিখিত পত্র এইমাত্র পাইলাম। আপনি লিখিয়াছেন যে, আপনার স্বকর্ম্মফলে আপনি নানাপ্রকার বিপাকে পড়িয়াছেন এবং বাধ্য হইয়া আপনাকে ঐ সকল স্বীকার করিতে হইতেছে। কিন্তু আমার মনে হয় আপনি কিয়ৎপরিমাণ ইচ্ছা করিলেও এই সকল অসুবিধার হস্তে নিপতিত না হইতেও পারিতেন। আপনি স্বেচ্ছায় আপনার মস্তক যূপকাষ্ঠে প্রসারিত করিয়াছেন (বাড়াইয়া দিয়াছেন)। অবশ্য যাহা সংঘটিত হইতেছে তাহা সকলই ভগবানের মঙ্গলেচ্ছা-প্রসূত বলিয়া বিনীত হইবে। যে হেতু আপনি এই সকল কথা দ্বারা বিরক্ত হইতে চাহেন না, সেই জন্য এখানেই ক্ষান্ত হইলাম। ইতি—

শ্রীসিদ্ধান্তসরস্বতী

(৩)

Sri Purusottam Math, Puri.

29. 5. 29.

My dear Aprakrita Prabhu,

Gaurgunananda's note of yesterday disclosed your unsuccessful attempt proselytising K Babu in his present movement. Your letter of the 27th. reached me to-day which corroborates the same fact. However, you have done your duty to save a drowning friend who does not demand such uncalled for advice from you. The interpretations and explanations offered by him have no value; I mean your interpretation had been necessary before he launched into a wrong direction. Had that been the case, he might have consulted me, but he cared little to hold any counsel with us during his stay at "মায়া". I predicted the same long before to you before you attempted for it. He had already reported his case to be compared to that of one "স্বকর্ম্মফলভুক্ পুমান্". He has preferred to run into an ordinary cause instead of saving himself from the inglorious acts.

Affectionately Yours—

Siddhanta Saraswati.

মর্ম্মানুবাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীপুরুষোত্তমমঠ

২৯।৫।২৯

স্নেহবিগ্রহেষু—

গতকল্য গৌরগুণানন্দের পত্রে কু-বাবুর মত পরিবর্ত্তিত করিয়া তাঁহাকে তাঁহার বর্ত্তমান প্রচেষ্টা হইতে নিরস্ত করিবার জন্য আপনাদের ব্যর্থ চেষ্টার কথা জানিলাম। আপনার ২৭শে তারিখের লিখিত পত্রও অদ্য পাইলাম। তাহাতেও ঐ একই কথা আছে। যাহা হউক আপনারা একজন নিমজ্জমান বন্ধুকে রক্ষা করিবার জন্য আপনাদের কর্ত্তব্য সম্পাদন করিয়াছেন, যদিও তিনি আপনাদের নিকট হইতে এই প্রকার অযাচিত উপদেশ আকাঙ্ক্ষা করেন না। "বিপথগামী হইবার পূর্ব্বেই তাঁহাকে উপদেশ দেওয়া প্রয়োজন ছিল" তাহার এই প্রকার কৈফিয়তের কোন মূল্য নাই। যদি তাহাই হইত, তাহা হইলে তিনি আমার সহিত পরামর্শ করিতে পারিতেন, কিন্তু তাহার "মায়াপুর" (শ্রীধাম মায়াপুরে) থাকাকালীন এই সম্বন্ধে আমাকে কোন কথা জিজ্ঞাসা করা আদৌ প্রয়োজন মনে করেন নাই। এই প্রকারই হইবে তাহা আমি আপনাদের এই চেষ্টার বহুপূর্ব্বেই আপনাদের নিকট ভবিষ্যদ্বাণী করিয়াছিলাম। তাহার অবস্থা 'স্বকর্ম্মফলভুক্ পুমান্' এর শ্লোকানুরূপ হইয়াছে বলিয়া তিনি জানাইয়াছেন। এই প্রকার নিন্দনীয় কার্য্য হইতে আত্মরক্ষা করিবার পরিবর্ত্তে তিনি একটী সাধারণ কার্য্যে রত হইলেন।

নিত্যাশীর্ব্বাদক

শ্রীসিদ্ধান্ত সরস্বতী

আগামী সংখ্যায় "চুরি চুপ হাকি চুপ" নামক প্রবন্ধটি। যাঁহারা যাহাকে তাঁর সমর্থন করিতে চাহেন, তাহার স্বরূপ আরও স্পষ্টভাবে ফুটিয়া উঠিবে। কাহাকেও হাতে কলমে চোর বলিয়া ধরাইয়া দিলে তিনি বা তাঁহার সমর্থনকারিগণ যদি তিনি চোর ধরাইয়া দেন, তাহাকে বলেন, "তুমিও চোর", তদ্দ্বারা পূর্ব্বোক্ত প্রকৃত চোরের চৌর্য্য বৃত্তির লাঘব হয় না, বরং উহা আরও স্পষ্টভাবে স্বীকার করিয়া লওয়া হয়। অতএব আমরা গুরুদেব মহাশয়ের অবৈধ পক্ষ সমর্থন করিতে পারিলাম না। যিনি অসদাচার করেন, তাঁহার চেয়ে অসদাচারের সমর্থক আরও অধিকতর অপরাধী।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড—৸৹, ২য় খণ্ড ১৲, ৩য় খণ্ড—৸৹ ৪র্থ খণ্ড—৸৹ আনা।

প্রাপ্তিস্থান— শ্রীধাম মায়াপুর

শ্রীচৈতন্যমঠ

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রেস ছাপিপ্রচারকল্পে নদীয়া-প্রকাশ মুদ্রণালয় আছে।

রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয় মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রস্থানচতুষ্টয়-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি তত্ত্ব গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাখ্য শ্রীপাদ সদ্বীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীনরেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিহারীধর ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীসত্যানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউতারা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীতরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীভূজেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুস্তা গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীনরেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিদা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীকুঞ্জানন্দ বিদ্যাবিনোদ বি-এ।

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীমাধবদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীভক্তিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীমাধবেন্দ্র দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অনাটাভিলা, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিদাস, 'ন্যু' নারায়ণপুর, ইউ, পি

রক্ষক শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীকৃষ্ণবংশীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৩২নং কালিকাপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রহ্মানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোর্দ্ধনগাঁই

রক্ষক—শ্রীরমণীমোহন

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—দেবকালী,

পোঃ কোতোয়াল, জেলা গুজরাট (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং চন্দ্রবান রোড, নিউ দিল্লী;

রক্ষক—শ্রীগৌরাঙ্গদেব ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণধাম বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅনিরুদ্ধ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হৃষীকেশ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধরের সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরাসগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশপাটি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাড়ু (মাড়ো)

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনেশ্বরী, পোঃ চিরকুলা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীমদনগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২৩শে সেপ্টেম্বর, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

প্রতি মণ

বালাখানি	৬।০
বালা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭।০
দাদখানী	৫।০
পাটনাই নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
রেঙ্গুনের কোয়ালিটি	৪৲
সিদ্ধ রেঙ্গুন	৩।৶০

আতপ—

নূতন আতপ	৪৲—৪।০
পেশোয়ারী	১০৲-১০।০
দাদখানী আতপ	৫।০-৫।৶
ঐ বালাম	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫।০-৫।০
কাটারীভোগ	৭৲
ঐ রেঙ্গুন	৩৶০

চিনির দর

চিনি, টাইপ	১০।/০
পুর ১০০০ নং	১০/০
[illegible] শাদা	৯।০
পুর শাদা	৮।০—৯৶০
পুর লাল	৭।/০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

পালের বাট	৩৪।০
গিনি	২২৲
চাঁদির বাট	৫৩।০

পাটের দর

[illegible]—	৪০৸০
[illegible]—	৪০।০
[illegible]—	৪১।০
[illegible] বস্তার দর—	৪১৲

আটা ও ময়দার দর

[illegible] ময়দা প্রতি মণ	৬।০—৬।৶০
[illegible] ঐ	৬৲—৬৶০
[illegible] ঐ	৫৷৶০—৫৸০
	৬৲—৬৶০
[illegible] (বি)	৫৸০—৫৷৶০
[illegible] নং (২	৫/০—৫।/০
[illegible] (এল)	৫৲—৫।০
[illegible] (কে)	৪৸০—৪৷৶০
[illegible] নং (৩)	৪।০—৪৷৶০
[illegible]	১৷৶০—১৸০
	১৷৶০—১৷৶০

[illegible] দর

	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৫০৲
	৪৫৲

পাতিতাম	৪৬।০
তার	৪৬৲
কাবুলে	৩৬৲
বাধা পাওয়া	৪১৬০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

করোগেট শীট (ঢেউ বা সীট)

মার্কা	৯৶০—৯।৶
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮।০
ঐ টাটা টেস্টেড ঢেউ সীট সব সাইজ	১০৶
ঐ ইংলিশ ঢেউ (সীট)	১০৷৶০
বরগা (টি আয়রণ)	৮।০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷৶০—৮৸০
টাটা প্যাঃ করগেট টিন।	৷৶০
২৪ গেজ—	১৪।০
২৬ গেজ—	১৬।০
২৮ গেজ—	১৫।০

টাটা প্যাঃ প্লেন শীট।

২৪ গেজ—	১৪৸/০
২৬ গেজ—	১৬।/০
২৮ গেজ—	১৬৷৶০

ইংলিশ প্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

প্যাঃ বল্টু ২৪—৩০ গেজ

সীস	৷৶১০—৷৶০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
প্লেট কাটিং বা ডিট কাটা মণ	৩।০—

পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা

৬।০—৬।০ হন্দর

গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন পাতি, বোল্টু, গরাদে	৮৲—৯৲

গোল রড রি-ইন্‌ফোর্স ও কংক্রিটের

রড ৮৸০—১১।০

বুঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

টিকলের হাপরণ ৫৶০, পাটের হাপরণ ৬।০

জুতার হাপরণ ৪।০

জুতের দর

কলিকাতা ২৮শে জুন,

আক্রেন সোনার কাইন	৫৪৲
লিট্‌ল আক্রেন কর্ফিড	৪০৲
কলাচি খুরলিম কাইন	৪৩৲
হাবার্ড ভাষা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৮শে জুন,

প্রতি মণ

পাকা সাগু	৮।০
সুপারী দেশী	১৬।০—১৭৲
কাটা সুপারী	১০।০—১১।০
ভাটি বরিশাল	১৫৷৶—১৭।০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স্ লিঃ

ডি-৫ জগন্নাথ ঘাট দোকানপাট, বড়বাজার

কলিকাতা

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৩৩
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৪২,	১১—১০,	১৪—১	১৮—১৬,	২০—১১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫০	৯-৩০	১১-৫৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মৃতপ্রায় পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় [illegible] অধিক। [illegible] এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। [illegible] ছোট বোতল ৮০ আনা, বড় বোতল ১৮০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।



দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতি লাইনে প্রতি লাইনে ।০	।৵০	।৵৹		
" ইঞ্চ ২৲	১৷৹	১৷০		১৲
সিকিকলম ৫৲	৪৲	৪৲		৩৲
অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲		৫৲
এক কলম ১২৲	১০৲	১০৲		৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	৪৷০
সিকি কলম ১ ৲	১২৲
" অর্দ্ধকলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যা দুই পয়সা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে।
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অপূর্ব্ব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যদেবের অন্তরঙ্গ পারমার্থিক সু লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা ; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্র
ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতি প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি মাসিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থা ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

দৈ নি ক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG NO C 1544

ভারতের সর্ব্বপ্রথম ... নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] —১৯শে আশ্বিন, ১৩৪৪, ৫ই অক্টোবর, ১৯৩৭, মঙ্গলবার [সংখ্যা ১৮৫]

বিবিধ সংবাদ

——(০(১০১)০)——

জাপান-চীন-সংবাদ

গত ১লা অক্টোবরের সংবাদে প্রকাশ, সাংহাই অঞ্চলের সমস্ত রণাঙ্গনে ... দৃঢ়তার সহিত জাপানীরা প্রচণ্ড গোলাবর্ষণ করে, কিন্তু চীনারা ... চাপেই হইতে লিউহো পর্য্যন্ত ... "লো-ডেইন" জাপানীরা ... পারে নাই।

জাপানী জাহাজসমূহ এখনও সৈন্য ও রসদ নামাইতেছে। খুব কম করিয়া ধরিলেও এক্ষণে সাংহাই অঞ্চলে অন্ততঃ এক ... জাপানী সৈন্য আছে।

চীনা কর্তৃপক্ষ ঘোষণা করিয়াছেন যে, ... বৎসর কম পূর্বে তাঁহারা ৫০ কোটি ডলারের যে লিবার্টি বণ্ড বাজারে ছাড়িয়াছেন তন্মধ্যে ২৪ কোটি ১০ লক্ষ ডলারের ... ইতোপূর্বেই বিক্রয় হইয়া গিয়াছে।

... শোচনীয় বিমান-দুর্ঘটনা

গত ১লা অক্টোবর ইম্পিরীয়াল এয়ার ... বিমান 'কোর্টিয়ার' আলেকজান্দ্রিয়া ... ইংলণ্ড যাইবার পথে প্রাচীন ... নিকট ধ্বংস হইয়াছে বলিয়া সংবাদ দিয়াছে। বিমানের চারিজন আরোহী হত ও ছয়জন আহত হইয়াছে বলিয়া ... হয়। প্রকাশ, বিমানখানি ... অবতরণ করিবার সময় অবতরণ স্থল সুস্পষ্ট দেখিতে না পাওয়ায় ... হয়। যাত্রীদের নাম জানা যায় নাই।

... সংবাদে প্রকাশ যে, 'কোর্টিয়ার' ... যাত্রী ... লইয়া ... ইংলণ্ড যাত্রা করিয়াছিল।

পরবর্তী এক সংবাদে জানা যাইতেছে যে, কোর্টিয়ারে মোট ১৫জন যাত্রী ছিল। তন্মধ্যে ২জনের সন্ধান পাওয়া যাইতেছে না বলিয়া এখন জানা গিয়াছে, আর সকলকে উদ্ধার করা হইয়াছে। কিন্তু পাঁচজনকে আহত অবস্থায় পাওয়া গিয়াছে; তন্মধ্যে একজনের আঘাত গুরুতর। মোট পাঁচজন চালকের কাহারও কোনরূপ ক্ষতি হয় নাই।

নৌবিভাগের ... হইতে ... একটী ... ঘটনাস্থলে গিয়াছে। ডুবুরীরা ... বিমানপোতখানির উদ্ধারের জন্য কার্য্য করিতেছে।

... ট্রাংলার ...

বোম্বাইয়ের এক সংবাদে প্রকাশ, ভারতের যাহারা শ্রেষ্ঠ পালোয়ান তাঁহাদের সহিত লড়িবার জন্য আমেরিকার ... ট্রাংলার ... এদেশে শীঘ্র আসিতেছেন। ... জানা গিয়াছে তাহাকে ... আগামী সপ্তাহে ... কলিকাতায় পৌঁছিবেন।

বর্ত্তমানে ... অষ্ট্রেলিয়ায় অবস্থান করিতেছেন। ইতোপূর্বেই তাঁহার দেশ হইতে রওনা হইবার কথা ছিল, কিন্তু যাত্রার দিন কয়েকটা লড়াইএর বন্দোবস্ত হওয়ায় তিনি সেখানে আটক পড়িয়াছেন। সংবাদ হইতে জানা গিয়াছে, সে দেশে ... তিনি ... অপরাজিত রহিয়াছেন তাহার একটিতেও পরাজিত হন নাই।

... ইতোমধ্যেই বোম্বাইএ পৌঁছিয়াছেন। ... ইঁহা এদেশে গামা প্রভৃতি প্রথম শ্রেণীর পালোয়ানদের সহিত লড়াইতে নামা। এ সংবাদ তাঁহার ম্যানেজার জানাইয়াছেন। তাঁহাদের যে সব সর্ত্ত আছে সেগুলি স্বীকৃত হইলে তবেই ... আয়োজন হইতে পারে।

... বয়স হইল ৩৫ বৎসর। ২৫ বৎসর হইতে তিনি ... লড়িতেছেন। তিনি নিজের দেশে মাত্র তিনবার পরাজিত হইয়াছেন।

পাটনায় প্রবল ঝড়

গত ৩০শে সেপ্টেম্বর ২৪ ... পাটনা সহরে প্রবল ঝড়বাতাস ও ... বারিপাত হইয়াছে। নদীর ঘাটে ... তিনখানি স্টীমার ... হইয়াছে। অনেকগুলি নৌকাও ... হইয়াছে বলিয়া জানা গিয়াছে। ... এখনও জানিতে পারা যায় নাই। পাটনা সহরের রাস্তাঘাটে এ দিবস জনমানব দেখা যায় নাই কারণ কেহই বাড়ীর বাহির হন নাই। দোকানপাট সব বন্ধ ও সর্ব্বপ্রকার ব্যবসায় বাণিজ্য একেবারে বন্ধ ছিল। রাস্তার ধারের অনেক গাছপালাও উপড়াইয়া পড়ে তাহাতে রাস্তা বন্ধ হইয়া যায়। সহরের অনেক অংশে কতকগুলি পুরাতন বাড়ীর কিয়দংশ ধ্বসিয়া পড়িয়াছে। তবে এ পর্য্যন্ত কাহারও হতাহত হওয়ার কোনও সংবাদ পাওয়া যায় নাই। সন্ধ্যার পর পর্য্যন্তও ঝড়ের বেগ সমভাবে ছিল।

'ইউনাইটেড প্রেসে'র সংবাদে প্রকাশ প্রবল ঝড়ে ... বাঁকিপুর ... মোটর ... ডুবিয়া ... হইয়াছে।

বিহার ... বন্ধ হইয়া ... অবরুদ্ধ হইয়াছিল।

পদ্মায় নৌকাডুবি

গত ৩০শে সেপ্টেম্বর পর্য্যন্ত তিনদিন যাবত ... পদ্মাতীরবর্ত্তী অঞ্চলে প্রবল ঝড় ও দুর্য্যোগপূর্ণ আবহাওয়া চলিয়াছে। সঙ্গে সঙ্গে প্রবল বারিবর্ষণও হইয়াছে। বৃষ্টি সর্ব্বক্ষণ না হইলেও ঝটিকা ও ঝড় অবিশ্রান্তভাবেই চলিয়াছে। পদ্মানদীতে কয়েকখানি নৌকাডুবির সংবাদও পাওয়া গিয়াছে। দুইদিন পর্য্যন্ত জেলেরা নদীতে নামিতে সাহস করে নাই। ১লা ... হইতে বাতাসের বেগ কমিয়া গিয়াছে এবং নদীও অনেকটা শান্তভাব ধারণ করিয়াছে। পদ্মায় এখন স্বাভাবিক চলাচল ও কাজ আরম্ভ হইয়াছে।

মাটির তলায় মধ্যে মৃতদেহ

গত ২৮শে সেপ্টেম্বর তারিখের এক সংবাদে প্রকাশ যে, বগুড়া জেলার কাহালু থানার অন্তর্গত ... গ্রামের ... নামক ... প্রামাণিককে কিছুদিন হইতে পাওয়া যাইতেছিল না। গত ২১শে সেপ্টেম্বর এক দিন কতকগুলি লোক ... একটি বড় মাটির ... দেখিয়া উহা খুলিয়া দেখে যে, উহার ভিতরে একটি মৃতদেহ ... টুকরা টুকরা কাটিয়া রাখা হইয়াছে। ... মৃতদেহ ... প্রামাণিকের বলিয়া সনাক্ত ... পুলিশে সংবাদ দেয়। ... তদন্ত করিয়া বুঝা গিয়াছে যে, ... লাগাইয়া রাখা হইয়াছিল। পুলিশ কয়েক ব্যক্তিকে গ্রেপ্তার করিয়া ... পুনরায় তদন্ত আরম্ভ করিয়াছে। আরও প্রকাশ, গ্রামবাসীদের মধ্যে এই সম্পর্কে ... অনেক গ্রাম ছাড়িয়া চলিয়া গিয়াছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲

প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲

দশম স্কন্ধ— ৯৲

২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত ৯৲

৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৯৲

৪। সরস্বতী জয়শ্রী ৪৲

৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০

৪র্থ খণ্ড—৸০

৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী

১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০

৭। শ্রীচৈতন্যদেব ১৲

৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০

৯। বৈষ্ণবধর্ম্ম ২৲

১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲

১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲

১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০

১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০

১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০

১৭। চৈতন্যোপনিষদ ।০

১৮। বাদন-আদবর ।০

১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲

২০। গৌড়ীয়-গৌরব ।৵০

২১। গৌড়ীয়-শাস্ত্রতা ।৵০

২২। ভজন-রহস্য ।০

২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১

২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲

২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲

২৬। গীতার কেবল বাঙ্গ-ভাষা ।০

২৭। মুক্তাচরিত্র গণগৌরতঃ (সানুবাদ) ২৲

২৮। বেদান্তভুক্সার (সানুবাদ) ।০

২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০

৩০। দ্বীপ-দিগ্-দর্শন ৶০

৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০

৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০

৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০

৩৫। গীতমালা /১০

৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০

৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০

৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০

৪০। শরণাগতি /০

৪১। গীতাবলী /০

৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০

৪৩। সাধনতত্ত্ব /০

৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /০

৪৫। নবদ্বীপশতক /০

৪৬। অর্চ্চনকণ /০

৪৭। সদাচারস্মৃতিঃ /০

৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০

৪৯। অর্চ্চনকণ /১০

৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ) ৩৲

৫১। ব্রহ্মসংহিতা ।০

৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০

৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৫৪। পুরুষার্থ-নির্ণয় ।০

৫৫। ভবরোগাবলী বা মায়াবাদশতদূষণী ।০

৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০

৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০

৫৮। শ্রীকৃষ্ণদেবর ৶০

৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০

৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০

৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০

৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ।০

৬৪। ভজনম্ ।০

৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ।৵০

৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ /০

৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০

৬৯। এ কিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০

৭০। নামভজন /০

৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০

৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্স ৶০

৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০

৭৪। বৈষ্ণবীজম্ ।০

৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং /০

৭৬। দি ভাগবত ।০

৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনআলয়েড ডিভোশন ।০

৭৮। ব্রহ্মসংহিতা ২।০

৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ফার্স্ট ভলুম) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০

৮১। সাধন-পথ ।০

৮২। কল্যাণ-কল্পতরু /১০

৮৩। গীতাবলী /০

৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি পূর্ণিমায় প্রকাশিত হয়। সডাক ২ ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—তিন ভাষায় একমাত্র পারমার্থিক পত্রিকা। মেদিনীপুর শ্রীপত্রমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে সঙ্কলিত করা
হইয়াছে।

নির্ম্মৎসর তত্ত্বজিজ্ঞাসু ব্যক্তিমাত্রই
এইগ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



১২শ বর্ষ { ১৭ পদ্মনাভ গৌরাব্দ ৪৫১, ১৯শে আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৪, ৬ই অক্টোবর ইং ১৯৩৭, বুধবার { ১৮৫তম সংখ্যা

পাদ গোস্বামী প্রভু

—::০::—

লণ্ডন হইতে ভারতে প্রত্যাগমনে বিভিন্ন সংবাদপত্র

শুদ্ধভক্তিপ্রচার-প্রতিষ্ঠান শ্রীগৌড়ীয়-মিশনের পাশ্চাত্ত্য-মহাপ্রাণ প্রচারক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী মহোদয় সাফল্যের সহিত লণ্ডনে প্রচারকার্য্য করিয়া অষ্ট্রেলিয়ার অনেক সুপরিচিত সংবাদপত্রসেবী 'মঃ ডব্লিউ, এইচ, বার্ণেট সহ সম্প্রতি ভারতে প্রত্যাগত হইয়াছেন এ-সংবাদ নদীয়া-প্রকাশের পাঠকগণ সকলেই অবগত আছেন।

শ্রীপাদ গোস্বামী প্রভু মাদ্রাজে পৌঁছিলে তথাকার সম্ভ্রান্ত ও উচ্চপদস্থ অধিবাসীবৃন্দ মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে এক বিরাট সাধারণ সভায় গোস্বামী প্রভুকে বিশেষরূপে অভিনন্দিত করিয়াছেন এ সংবাদও সকলেই অবগত হইয়াছেন।

মাদ্রাজের সংবাদপত্রসমূহ শ্রীপাদ গোস্বামী প্রভুর মাদ্রাজে শুভ-পদার্পণ এবং তথায় তাঁহার বিভিন্ন অনুষ্ঠানাবলীর বিবরণ চিত্রসহ প্রকাশ করিয়া সর্ব্বসাধারণের ধন্যবাদের পাত্র হইয়াছেন। 'স্বদেশমিত্রন্' নামক তথাকার সুপ্রসিদ্ধ তামিল দৈনিক পত্রিকা গত ২০শে সেপ্টেম্বর গোস্বামী প্রভুর মাদ্রাজের এগমোর ষ্টেশনে প্রথম শুভ অবতরণকালীন অভ্যর্থনাকারিগণসহ তাঁহার আলোকচিত্র প্রকাশ করিয়াছেন। ২৭শে সেপ্টেম্বর

পুরীতে শ্রীপাদ গোস্বামী প্রভু

—::(০)::—

এমারমঠের মোহন্ত মহারাজের সভাপতিত্বে সহরবাসীর শ্রীপাদ অপ্রাকৃত প্রভুকে অভিনন্দন প্রদান

(তারের সংবাদ)

পুরী, ২রা অক্টোবর

গতকল্য অপরাহ্নে পুরীর সুপ্রসিদ্ধ 'ক্লার্ক হলে' এমারমঠের মোহন্ত মহারাজের সভাপতিত্বে বহু সজ্জনসমন্বিত এক বিরাট সভায় লণ্ডন হইতে প্রত্যাগত গৌড়ীয়মিশনের প্রচারক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ ভক্তিসারঙ্গ গোস্বামীজীকে সহরবাসী এবং মঠবাসিবৃন্দ অভিনন্দন প্রদান করিয়াছেন। প্রত্যুত্তরে শ্রীপাদ গোস্বামীজী এক মর্ম্মস্পর্শিনী বক্তৃতা প্রদান করেন। শ্রীযুক্ত বিশ্বম্ভর দাস, রাধাকান্তমঠের যে হক মহারাজ শ্রীপাদ গোস্বামীপ্রভুর বক্তৃতার মর্ম্ম উপলব্ধি করিয়া বিশেষ প্রশংসা করিয়াছেন।

অদ্য প্রাতে শ্রীবাসুদেব-বিগ্রহ এবং শ্রীমন্মহাপ্রভুর শ্রীবিগ্রহকে অগ্রণী করিয়া এক বিপুল সংকীর্ত্তন-শোভাযাত্রা বাহির হইয়া ভক্তিকুটী, নীলাদ্রী, শ্রীগোপীনাথজীর শ্রীমন্দির, শ্রীজগন্নাথদেবের শ্রীমন্দির এবং শ্রীল হরিদাস ঠাকুরের সমাধি-মন্দিরাদি পরিক্রমা করিয়াছেন।

— — —

"দি মাদ্রাজ মেল" নামক বিখ্যাত ইংরেজি দৈনিকপত্র ২৭শে সেপ্টেম্বরের বিরাট অভিনন্দন সভায় মাননীয় প্রধান মন্ত্রী রাজগোপাল আচারিয়ার প্রমুখ সম্ভ্রান্ত ব্যক্তিবর্গসহ গোস্বামীজীর বক্তৃতাকালীন আলোকচিত্র বাহির করিয়াছেন। তথাকার "দি হিন্দু" নামক তথাকার সুবিখ্যাত ইংরেজি দৈনিক সংবাদপত্র ২৭শে সেপ্টেম্বরের "সংবাদ অভিনন্দন-সভার" বাবতীয় বিবরণ প্রকাশ করিয়াছেন, তজ্জন্য উঁহারা ধন্যবাদার্হ।

কলিকাতার সুবিখ্যাত "অমৃতবাজার" পত্রিকার ১লা অক্টোবর (১৯৩৭) সংখ্যায় মাদ্রাজের প্রধানমন্ত্রী মিঃ রাজগোপাল আচারিয়ার, মেয়র মিঃ শ্রীরামলু নাইডু এবং অন্যান্য সম্ভ্রান্ত ব্যক্তিবর্গসহ অভিনন্দন-সভায় শ্রীপাদ গোস্বামীজীর ফটো প্রকাশ করিয়াছেন।

শ্রীপুরুষোত্তমমঠে শ্রীশ্রীরাধাষ্টমী

গত ২৮শে ভাদ্র ১৩ই সেপ্টেম্বর মঙ্গলবার মঙ্গল আরাত্রিকের পর হইতে শ্রীপুরুষোত্তমমঠে শ্রীশ্রীরাধাষ্টমী মহোৎসব উপলক্ষে শ্রীশ্রীগুরু-বৈষ্ণব-বন্দনান্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হয়। পরে মধ্যাহ্নকালে শ্রীচৈতন্যমঠ অধিবাসীগণ শ্রীরাধাতত্ত্ব ও তদীয় চরিত্রকথা বহু নির্দ্দিষ্ট সমাগত ভক্তলোক-সমীপে পাঠ ও ব্যাখ্যা করেন।

ব্রজে নন্দীশ্বর পর্ব্বতের দক্ষিণ দিকে বর্ষাণ নামে একটি পাহাড় আছে, এই পাহাড়ের উপত্যকায় গোপরাজ বৃষভানু তাঁহার পত্নী কীর্ত্তিদার সহিত শ্রীহরির আরাধনার জন্য বাস করিতেন। ভাদ্র মাসের শুক্লা অষ্টমী-তিথিতে বিশাখা নক্ষত্রে মধ্যাহ্নকালে বৃষভানু রাজার গৃহ আলোকিত করিয়া এক জ্যোতির্ম্ময়ী কন্যা আবির্ভূতা হন। এই আবির্ভূতা কন্যাই শ্রীরাধিকা দেবী। শ্রীমতী রাধিকা দেবীর আবির্ভাব-সম্বন্ধীয় নিম্নোদ্ধৃত গীতিটী এই সময় কীর্ত্তন করা হয়।

আজু কি আনন্দ বৃষভানু-মন্দিরে।
জনমিলা রাধিকাদেবী কীর্ত্তিদা-উদরে॥
দিশা দশ করে আলো রূপের ছটায়।
যে দেখে বারেক তার প্রাণ জুড়ে যায়॥
মাতাপিতা প্রকট-সময় শোভা দেখি'।
আনন্দে অবশ কাঁদিতে নারে আঁখি॥
কন্যার বদন হেরি করে নানা দান।
কে পারে বর্ণিতে তা' দেখে দাসগণ॥

(ঠাকুর ....)

পরে "......, মম নিবেদন শুন ... এই গীতিটী কীর্ত্তনান্তে সমাগত সকলকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

ভক্ত কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। ভক্তদেহে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

জীব নিজে শত শত গ্রন্থাদি পাঠ করিয়া বা নিজের মনোমত ভজনের অভিনয় করিয়া নিজের মঙ্গল সাধন করিতে পারে না। শব্দার্থ জ্ঞানকে 'মন্ত্রার্থজ্ঞান' আখ্যা দেন। মহান্ত-গুরুর নিকট শিষ্যের দিব্যজ্ঞান বা দীক্ষা প্রাপ্তিতে বাহ্য জগতের যে পরিভাষা— যাহা অক্ষজরূঢ়িবৃত্তিময়ী, তাহা তাঁহার চিত্তে স্থান না পাইয়া মন্ত্রার্থ বা বিদ্বদ্রূঢ়িবৃত্তি অধিকার স্থাপন করে।

(বক্তৃতাবলী ৪র্থ খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৫ পদ্মনাভ বার্‌ প্রথম গৌরাব্দ ৪৫১

নিয়মাগ্রহ

-০:০-

আমরা শ্রীল রূপগোস্বামী প্রভুর 'উপদেশামৃতে' অত্যাহার, প্রয়াস, প্রজল্প, নিয়মাগ্রহ, জনসঙ্গ ও লৌল্য—ভক্তিবিরোধী এই ছয়টী দোষ বর্জ্জন করিবার উপদেশ পাই। অত্যন্ত আহার, প্রচুর পরিমাণে অর্থসংগ্রহ, বস্ত্র-সংগ্রহ, প্রতিষ্ঠাসংগ্রহ—এ সকলই অত্যাহার। জ্ঞানীর জ্ঞানাভ্যাস-বিধি, কর্ম্মীর তপস্যা ব্রতাদি, অন্যাভিলাষীর স্ত্রী-পুত্র-গৃহবিষয়াদি বিষয়ে উদ্যম বা ভক্তি-বিরোধী চেষ্টায় উৎসাহই প্রয়াস। কৃষ্ণভজনের কথা ছাড়িয়া দিয়া বাগবাজী কাল-হরণকারী যে সকল অনাবশ্যক কথা, জাগতিক পাপ-পুণ্যের কথা—সবই প্রজল্প। শুদ্ধভক্ত-সঙ্গ ব্যতীত অন্য সবই জনসঙ্গ। নানামতবাদীর সঙ্গে অস্থিরসিদ্ধান্ত অর্থাৎ চাঞ্চল্য, তুচ্ছ বিষয়ে আকৃষ্টি—ভুক্তি ও মুক্তিস্পৃহা এবং লৌকিক ইন্দ্রিয়সুখ-চেষ্টার বৃত্তিস্পৃহাই লৌল্য। আর নিয়মে অত্যন্ত আসক্তি ও অনাসক্তির নামই নিয়মাগ্রহ।

যিনি ভক্তির যে সোপানে আছেন, সেই সোপান সম্বন্ধীয় নিয়মগুলি যথাযোগ্য পালনের নাম স্বধর্ম বা স্বাধিকার-নিষ্ঠা। স্বাধিকারনিষ্ঠাই গুণ এবং স্বাধিকারনিষ্ঠা ত্যাগের নাম দোষ। শাস্ত্র বলেন—

'স্বে স্বেঽধিকারে যা নিষ্ঠা স গুণঃ
পরিকীর্ত্তিতঃ।
বিপর্য্যয়স্তু দোষঃ স্যাদুভয়োরেষ নিশ্চয়ঃ ॥'

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ লিখিয়াছেন—নিয়মাগ্রহ—উচ্চাধিকার প্রাপ্তি সত্ত্বে নিম্নাধিকারগত আগ্রহ এবং ভক্তিপোষক নিয়মের অগ্রহণ এই দুই প্রকার। "নিয়মে আসক্ত হ'য়ে কৃষ্ণভজন ছেড়ে দিব বা কৃষ্ণভজনের নিয়ম ত্যাগ ক'রব—এই দু'টোই হরিভজনের প্রতি বিমুখতা" ইহাই শ্রীল প্রভুপাদের উপদেশ।

'নিয়মাগ্রহ' বলিতে নিয়ম+অগ্রহ এবং নিয়ম+আগ্রহ উভয়ই বুঝায়। 'গ্রহ' শব্দের অর্থ—স্বীকার, গ্রহণ, নির্বন্ধ, অধ্যবসায় প্রভৃতি। সুতরাং 'অগ্রহ' শব্দে যে অস্বীকার, অগ্রহণ, অনির্বন্ধ, অনধ্যবসায় বা আগ্রহের অভাবই উদ্দিষ্ট, তাহা সহজেই অনুমেয়। 'আগ্রহ' শব্দে—আতিশয্য স্বীকার, অতিশয় গ্রহণ, মর্য্যাদা অতিক্রমকারী নির্বন্ধ বা অধ্যবসায়কে লক্ষ্য করে। নিয়ম বা নির্বন্ধ অস্বীকার যেরূপ ভক্তিবাধক, নিয়ম বা নির্বন্ধ সম্বন্ধে অত্যাসক্তিও সেইরূপ ভক্তিহানিকর।

বৈরাগ্য খুবই ভাল জিনিষ, যদি উহা যুক্তবৈরাগ্য হয়। বৈরাগ্যের অভাব—অর্থাৎ বিলাস বা অত্যধিক বৈরাগ্য উভয়ই ভক্তির প্রতিকূল। অত্যধিক বৈরাগ্যে ভগবদ্বস্তুর প্রতিও বৈরাগ্য আনয়ন করে। এইজন্য উহা পরিত্যাজ্য। বদ্ধজীব আমরা সাধারণতঃ অলস ও যথেচ্ছাচারী। ভক্তি-অনুকূল কার্য্যে আমাদের আদৌ রুচি নাই। সেইজন্য আলস্য, জাড্য ও যথেচ্ছাচারিতা নিবারণ এবং ভক্তি-অনুকূলকার্য্যে আগ্রহ-বিশিষ্ট হইবার জন্য সাধকের পক্ষে নিয়ম বা নির্বন্ধের একান্ত আবশ্যকতা আছে। কিন্তু অত্যধিক নিয়ম বা কেবল-নিয়মাগ্রহ ভক্তির আনুকূল্য করিবার পরিবর্ত্তে প্রাতিকূল্যাচরণই করিয়া থাকে। কোন ভক্তি-সাধক নিয়ম করিয়া গ্রন্থপাঠ, নির্দ্দিষ্টসংখ্যক মন্ত্রজপ বা নির্দ্দিষ্টসংখ্যক নাম জপ করেন। সাধকের পক্ষে এইরূপ নির্বন্ধের বিশেষ উপযোগিতা আছে। প্রাথমিক বৈধসাধক যদি এইরূপ নিয়ম-শাসনের দ্বারা পরিচালিত না হন, তাহা হইলে জাড্য, আলস্য এবং যথেচ্ছাচার আদি আসিয়া তাঁহাকে আক্রমণ করিবে। তিনি যদি নামগ্রহণে নির্বন্ধ না রাখেন, কোনদিন এক লক্ষ, কোনদিন পঁচিশ হাজার নামকীর্ত্তন করেন, আবার কোনদিন আলস্য বা কার্য্যব্যপদেশে নাম গ্রহণ না করেন, তাহা হইলে ক্রমে ক্রমে নামগ্রহণে শৈথিল্য আসিয়া নামের প্রতি বিশ্বাস কমিয়া যাইবে এবং নামগ্রহণের প্রয়োজনীয়তা স্বীকারের বিচার মন হইতে অপসারিত হইলে তিনি অসুবিধায় পড়িবেন। কিন্তু তিনি যদি শুদ্ধ-বৈষ্ণব-আনুগত্যে নির্বন্ধসহকারে আদরের সহিত শ্রীনাম গ্রহণ করেন, তাহা হইলে এইরূপ নির্বন্ধ ক্রমশঃ তদ্বিষয়ে আগ্রহ, অনুরাগ, নিষ্ঠা, রুচি, আসক্তি বৃদ্ধি করাইয়া জীবকে মঙ্গলের পথে লইয়া যাইবে। কিন্তু ঐরূপ সাধক যদি ভক্তিসেবায় নির্বন্ধ না করিয়া, নিয়মমাত্রের সহিত নির্বন্ধ করিয়া বসেন, তাহা হইলে তাঁহার কার্য্য ভক্তির বিরোধী হইয়া যাইবে। উহা লোকদেখান ভজনের অভিনয়, প্রতিষ্ঠাশা কিম্বা কোন প্রকার আত্মেন্দ্রিয়তৃপ্তির ইচ্ছাপ্রসূত ব্যাপারবিশেষে পর্য্যবসিত হইবে।

কেহ নির্বন্ধ করিয়া গ্রন্থ পাঠ করিতেছেন বা শ্রীমালিকায় হরিনাম করিতেছেন, এমন সময়ে কোন মহাভাগবত বৈষ্ণব যদি ভগবৎকথা কীর্ত্তনের জন্য তাঁহার নিকট উপস্থিত হন কিম্বা শ্রীগুরুদেব ভগবৎকথা কীর্ত্তন করেন, তখন যদি সেই নিয়মের সেবাকারী ব্যক্তি "আমার নামভজন শেষ হয় নাই বা ভক্তিগ্রন্থ পাঠ শেষ হয় নাই, সুতরাং আমি আমার নিয়মসেবা ছাড়িয়া শ্রীগুরুদেবের সাক্ষাৎসেবা, শ্রীগুরুদেবের শ্রীমুখে হরিকীর্ত্তন শুনিতে পারি না" বিচার করেন বা কোন মহাভাগবত বৈষ্ণবকে "আমি নামজপে বসিয়াছি, এখন আমার সহিত দেখা হইবে না" বলিয়া দ্বার হইতে ফিরাইয়া দেন, তাহা হইলে তাহা সম্পূর্ণ অভক্তির কার্য্য হইল। আবার হরিনাম করিবার সময় যদি শ্রীগুরুদেবের প্রসাদ সেবার সময় আসিয়া উপস্থিত হয়। তাহা হইলে সেই সাক্ষাৎ সেবা ছাড়িয়া নিয়মে নিষ্ঠা দেখাইতে গেলে প্রত্যবায় অবশ্যম্ভাবী। মনে করুন, আমি শ্রীমালিকায় নির্বন্ধ-সহকারে হরিনাম করিতেছি বা নির্বন্ধ-সহকারে ভক্তিগ্রন্থ পাঠ করিতেছি, এমন সময় শ্রীগুরুদেব আদেশ করিলেন,—"তুমি আমার আদেশে সমাগত ব্যক্তিগণের নিকট হরিকথা কীর্ত্তন কর।" তখন আমি যদি বলি,—"প্রভো, আমি নিয়মসেবায় ব্যস্ত আছি, এখন আপনার আদেশ স্বীকার করিতে পারি না" অথবা মনে মনে গুরুদেবকে অবিচারক বা হরিসেবার বিঘ্নকারক মনে করি, কিম্বা যদি বিচার করি—"গুরুদেবই স্বয়ং যখন নির্বন্ধের আদেশ করিয়াছেন তখন আমি তাঁহার উপস্থিত আদেশটি পালন না করিয়া পূর্ব্বাদেশটী পালন করিলে গুরুদেবের আদেশই ত' পালন করা হইল, অধিকন্তু নিয়মনিষ্ঠাও হইল।" তাহা হইলে বুদ্ধিমান্ ব্যক্তিগণ কেহই আমার এই বিচারপদ্ধতি বা স্বেচ্ছাচারিতার প্রশংসা করিবেন না। এইরূপ বিচার সম্পূর্ণ ভক্তি-বিরোধী এবং ইহাই নিয়মাগ্রহের উদাহরণ। নিয়মে এইরূপ আগ্রহই নিন্দনীয় এবং উহা আস্তিকতা বা সেবাবৃত্তির সম্পূর্ণ অভাব-জ্ঞাপক। সেবাবিষয়েই—সেব্যের সুখবিধান-বিষয়েই নিয়ম বা লক্ষ্য থাকিবে,—

গোবিন্দ কহে,—"আমার সেবা যে নিয়ম।
অপরাধ হউক, কিম্বা নরকে গমন॥"

মহাভাগবতের সাক্ষাৎসেবা—গুরুদেবের সেবা যত্ন, গুরুদেবের আজ্ঞা প্রতিপালন কিম্বা গুরুদেবের শ্রীমুখনিঃসৃত হরিকথা শ্রবণ না করিয়া যদি আমি নিজে আমার নিয়মনিষ্ঠা বা নিয়মাগ্রহের অত্যধিক চেষ্টা দেখাই, তাহা হইলে তাহা কর্ম্মচেষ্টা বা ভক্তির অভাবই জানিতে হইবে। ঐরূপ কর্ম্মচেষ্টা বা নিয়মাগ্রহ পরিত্যাজ্য। সেবাতেই নিয়ম থাকিবে, সেব্য লঙ্ঘন করিয়া নীতি পালনে নিয়ম সম্পূর্ণ অভক্তি-চেষ্টা। শ্রীগুরুদেবের সাক্ষাৎ পরিচর্য্যার জন্য যদি আমাকে কোটি কোটিবার নির্দ্দিষ্ট সংখ্যক ভক্তিগ্রন্থ পাঠ পরিত্যাগ করিতে হয়, নির্দ্ধারিত নামজপ পরিত্যাগ করিতে হয়, নরক বরণ করিতে হয়, তথাকথিত অপরাধ স্বীকার করিতে হয়, তাহাও আমি করিতে প্রস্তুত—এইরূপ সেবাবিষয়ে নিষ্কপট নিষ্ঠা বা নিয়মই প্রকৃত যুক্ত নিয়ম বা কৃষ্ণ-সেবায় নির্বন্ধ।

কুসঙ্গ বর্জ্জন ও সৎসঙ্গ-সেবায় নিষ্ঠার জন্যই নিয়মের আবশ্যকতা। কিন্তু সেই নিয়ম যদি সৎসঙ্গ পরিবর্জ্জনের জন্যই নিযুক্ত হয়, তাহা হইলে উহাই নিয়মাগ্রহ বা নাস্তিকতা। যাহাদের সেবানিষ্ঠার পরিবর্ত্তে বাহ্যানুষ্ঠানের প্রতি অনুরাগ অত্যধিক, সেই সকল কর্ম্মমার্গীয় বিচারপরায়ণ ব্যক্তিগণের চেষ্টার নামই নিয়মাগ্রহ। তবে এই নিয়ম-অগ্রহ অর্থাৎ নিয়ম অস্বীকারও ভজনের প্রতিকূল। এই নিয়ম-আগ্রহ ও নিয়ম-অগ্রহ উভয়কেই নিয়মিত করা দরকার। তাই শ্রীল রূপ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

অনাসক্তস্য বিষয়ান্ যথার্হমুপযুঞ্জতঃ।
নির্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে যুক্তং বৈরাগ্যমুচ্যতে॥

আসক্তিরহিত, সম্বন্ধসহিত
বিষয়সমূহ সকলি মাধব।

প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা হরিসম্বন্ধিবস্তুনঃ।
মুমুক্ষুভিঃ পরিত্যাগো বৈরাগ্যং
ফল্গু কথ্যতে॥

শ্রীহরিসেবায় যাহা অনুকূল
'বিষয়' বলিয়া ত্যাগে হয় ভুল।

কৃষ্ণ তারে দেন নিজ চিচ্ছক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হঞা দুর্ব্বল

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীব্রহ্মমাধ্ব-গৌড়ীয়সম্প্রদায়-সংরক্ষকবর স্বরূপরূপানুগবর শ্রীভক্তি-বিনোদ-গৌর-সরস্বতীশ্রেষ্ঠ শ্রীগৌড়ীয়মঠাচার্য্যবর পরমপূজ্যচরণ ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ অনন্ত-বাসুদেব গোস্বামী প্রভুর শুভাবির্ভাব-বাসরে তাঁহার শ্রীচরণকমলে শ্রীব্যাসগুরু-পূজার

প্রণতিপুষ্পাঞ্জলি

—— •::• ——

হে পরমকরুণ আচার্য্যদেব! স্বয়ং ভগবান্ শ্রীমদ্ মহাপ্রভুর আবির্ভাবকারী শ্রীমহাবিষ্ণুর অবতার শ্রীমদ্ অদ্বৈতাচার্য্য প্রভুর সহধর্ম্মিণী শ্রীমতী সীতাদেবীর শুভ আবির্ভাব-তিথিকে আশ্রয় করিয়া আপনার শুভাবির্ভাবের প্রথম আলোক জগতে প্রকাশিত হইয়াছিল। আজ আপনার শুভাবির্ভাবের বিয়াল্লিশ বৎসর পূর্ণ হইল। আমাদের সকলের শ্রীব্যাস-গুরু-পূজার অধিকারী—আপনি। শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের ইচ্ছা ও কৃপাক্রমে সেই পুণ্য তিথিবাসরকে অবলম্বন করিবার ও আপনার শ্রীচরণে শ্রীব্যাসপূজার শ্রদ্ধাঞ্জলি অর্পণ করিবার প্রথম শুভ অবসর ও সৌভাগ্য আজ উপস্থিত। আপনি অহৈতুকী কৃপায় আমাদের সকলের হৃদয়ে অকপট ভক্তি সঞ্চার করিয়া শ্রীব্যাস পূজার যোগ্যতা প্রদান করুন এবং আমাদের ন্যায় দীন-হীনগণের সামান্য প্রণতি-পুষ্পাঞ্জলি গ্রহণ করুন।

হে শুদ্ধভক্তিসিদ্ধান্তপ্রচারক আচার্য্যবর! সাধু-শাস্ত্র-গুরুমুখ হইতে আমরা জানিয়াছি—আদিগুরু শ্রীভগবান্ হইতে ব্রহ্মা-নারদ ব্যাসাদিক্রমে প্রবাহিত আম্নায়-ধারা অপ্রাকৃতভাবে নিত্য প্রবহমান। ইহা কখনও রুদ্ধ হইতে পারে না, কেন না এই আম্নায়-ধারা সৎ অর্থাৎ নিত্য। এই নিত্য আম্নায়-পারম্পর্য্যে সম্প্রদায়রূপে আপনার আচার্য্যত্ব সম্প্রতি জগতে আত্মপ্রকাশ করিয়াছে। তাঁহাতে আমরা শ্রীব্যাস-গুরুপূজার সৌভাগ্য হইতে বঞ্চিত হইব না জানিয়া অতীব আনন্দিত হইতেছি।

উক্ত আম্নায়-পারম্পর্য্যে বর্ত্তমান আচার্য্যবর আমাদের পরমারাধ্যতম শ্রীগুরু-পাদপদ্ম নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী-শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শ্রীচরণাশ্রিত ব্যক্তি-মাত্রেই—শ্রীশ্রীল প্রভুপাদের প্রকটকালেই আপনিই যে শ্রীশ্রীল প্রভুপাদের অবতন ভাবী আচার্য্য—ইহার পূর্ব্বাভাস লক্ষ্য করিয়াছিলেন। আপনার জন্ম, বাল্যজীবন, ছাত্র-জীবন, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সহিত সাক্ষাৎকার ও তাঁহার আশীর্ব্বাদ, শ্রীশ্রীল প্রভুপাদের শ্রীচরণাশ্রয়ে তাঁহার দক্ষিণহস্তরূপে শ্রীরূপ-রঘুনাথের কথা প্রচারে ও শাস্ত্রগ্রন্থাদি-প্রকাশে সহায়তা, আপনার শুদ্ধভক্তির আচার-বিচারে স্বতঃসিদ্ধ নিপুণতা, শ্রীশ্রীল প্রভুপাদের ইচ্ছাক্রমে কি ব্রহ্মচারী, কি সন্ন্যাসী, কি বানপ্রস্থ, কি গৃহস্থ সকল গুরুপাদাশ্রিত ভক্তগণকে শুদ্ধাচার-বিচারে পরিচালন, সর্ব্বোপরি শ্রীশ্রীল প্রভুপাদের নিজমুখবাণী—"একমাত্র বাসুদেবই আমার কথা সম্যক্ গ্রহণ করিতে পারিয়াছে"—এতৎ সমস্তই আপনার স্বতঃসিদ্ধ আচার্য্যত্ব জ্ঞাপন করিয়াছে।

হে অশেষসিদ্ধান্তবিৎ গুরুবর! মহাজন-গণ নিজ জীবনে আচারে ও প্রচারে শাস্ত্র-সিদ্ধান্তেরই নিত্য প্রামাণিকতা সংস্থাপন করিয়া থাকেন। আত্মবর্ত্তী পুরুষ মুকুন্দ-প্রেষ্ঠ নিত্যসিদ্ধ মহাজন শ্রীশ্রীল প্রভুপাদের ভাগবতসিদ্ধান্তময় জীবনে আমরা উহার সাক্ষাৎ প্রমাণ প্রত্যক্ষ করিবার সুযোগ পাইয়াছি। সর্ব্বপ্রমাণশিরোমণি অমল প্রমাণ গ্রন্থরাজ শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে শ্রীভগবানের গর্ভস্তুতিতে কথিত আছে—

ত্বয্যম্বুজাক্ষাখিলসত্ত্বধাম্নি
সমাধিনাবেশিতচেতসৈকে।
ত্বৎপাদপোতেন মহৎকৃতেন
কুর্ব্বন্তি গোবৎসপদং ভবাব্ধিম্।
স্বয়ং সমুত্তীর্য্য সুদুস্তরং দ্যুমন্
ভবার্ণবং ভীমমদভ্রসৌহৃদাঃ।
ভবৎপদাম্ভোরুহনাবমত্র তে
নিধায় যাতাঃ সদনুগ্রহো ভবান্।

(ভাঃ ১০।২।৩০-৩১)

এই শ্লোকদ্বয়ে উক্ত "মহৎকৃতেন" পদের এবং "ভবৎপদাম্ভোরুহনাবমত্র তে নিধায় যাতাঃ" এই বাক্যের তাৎপর্য্য জগদ্গুরু শ্রীধরস্বামিপাদ ও শ্রীস্বামিপাদের অনুগমনে অপর পূর্ব্বাচার্য্য শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ তাঁহাদের নিজ নিজ টীকায় এইরূপ প্রদর্শন করিয়াছেন :—

মহান্তঃ স্বয়ং সেবাভক্ত্যা সম্পাদিতেন ত্বৎপাদপোতসামীপ্যমাত্রেণ ভবাম্বুধৌ বৎস-পদমাত্রে ভাতে অন্তর্নিরপেক্ষং যথেষ্ট • ভবার্ণবং সমুত্তীর্য্য ভবৎপদাম্ভো-রুহরূপাং নাবমত্রৈব নিধায় ভক্তিমার্গ-সম্প্রদায়ং প্রবর্ত্ত্যৈব যাতাঃ। তৎ কিম্? ভক্তেষ্বত্যন্তসৌহৃদাঃ সর্ব্বভূতেষ্বতি-প্রীতিমন্তঃ, অতস্তেভ্যোঽপি তরণায় নিধায়েতি। (শ্রীধরঃ)

মহদ্ভিঃ ভবাব্ধৌ পোতীকৃতেন ভবৎ-পদাম্ভোরুহনাবমত্রৈব ভূলে নিধায়ৈব ভক্তি-মার্গসম্প্রদায়ং প্রবর্ত্ত্যৈব যাতাস্তে যথাহস্তেঽপি এবং তরেয়ুরিত্যভি-প্রায়েণ। (চক্রবর্ত্তী)

উল্লিখিত শাস্ত্রবাক্য ও মহাজনবাক্য হইতে আমরা জানিতে পারি—

জীব শ্রীকৃষ্ণপাদপদ্মকে তরণী করিতে পারিলে ভীষণ দুস্তর সংসার-সমুদ্র তাহার নিকট গোষ্পদে পরিণত হইয়া যায়। কিন্তু একমাত্র মহাজনগণই—সদ্গুরু বা আচার্য্যগণই শ্রীকৃষ্ণপাদপদ্মকে তরণী করিয়া দিতে পারেন ও দেন। অতএব সদ্গুরু আচার্য্যের চরণাশ্রয় ব্যতীত শ্রীকৃষ্ণপাদপদ্মকে তরণী করা যায় না।

মহাজন, সদ্গুরু বা আচার্য্যগণ পরম দয়াল। তাঁহারা স্বয়ং এই সংসার ত্যাগ করিয়া গেলেও বদ্ধজীবের প্রতি অপার করুণাবশতঃ শ্রীকৃষ্ণপাদপদ্মরূপ তরণীখানি জীবের জন্য এই জগতেই রাখিয়া যান অর্থাৎ যাহাতে পরবর্ত্তিকালে অপরেও সংসারসমুদ্র উত্তীর্ণ হইতে পারে, তজ্জন্য ভক্তিমার্গ-সম্প্রদায় প্রবর্ত্তন করিয়াই তাঁহারা তিরোহিত হন।

ভক্তিমার্গ-সম্প্রদায় প্রবর্ত্তনের অর্থ—সাম্প্রদায়িক অবতন আচার্য্যসংরক্ষণ ব্যতীত আর কিছুই নহে। শ্রীকৃষ্ণপাদপদ্মরূপ তরণী রাখিয়া যাওয়ার তাৎপর্য্যও যোগ্য অবতন সদ্গুরু সংরক্ষণ—যিনি বদ্ধজীবের সংসার সমুদ্র উত্তীর্ণ হইবার জন্য শ্রীকৃষ্ণপাদপদ্মকে তরণী করিয়া দিতে পারেন। সুতরাং আম্নায় ধারা বা সদ্গুরু-পরম্পরা কখনও রুদ্ধ হয় না।

শ্রীশ্রীল প্রভুপাদ পুনঃ পুনঃ বলিয়াছেন—"ভক্তিবিনোদ-ধারা কখনও রুদ্ধ হবে না" তিনি অপ্রকটলীলাপ্রকাশের কিছুকাল পূর্ব্বে—"আপনি রূপ-রঘুনাথের কথা কীর্ত্তন করিবেন"—এই বলিয়া আপনার উপর স্বরূপ রূপানুগ-সম্প্রদায়ের আচার্য্যত্বের ভার সমর্পণ করিয়া নিজ আচার্য্যলীলা সংগোপন করিয়াছিলেন। তিনি এইরূপ ভাবে নিজ আচরণ দ্বারা শাস্ত্র ও মহাজন-বাক্যের মর্য্যাদা প্রদর্শন করিয়া নিজ অনন্তর আচার্য্যত্বেরই প্রতিষ্ঠা স্থাপন করিয়া গিয়াছেন। তাঁহার অপ্রকটে আচার্য্যধারা খণ্ডিত হইয়া গিয়াছে—হা! অজ্ঞ, নাস্তিক, জগতে গুর্ব্বনুগবিদ্বেষী পাষণ্ডীর প্রলাপোক্তি মাত্র।

হে নিত্যসিদ্ধ আচার্য্যদেব! আপনি স্বরূপরূপানুগ শুদ্ধভক্তি-সম্প্রদায়ে নিত্যসিদ্ধ জগদ্গুরু। আপনি নিজ কৃপাগুণে আমাদের মত সেবাবিমুখ বাধাবদ্ধ পতিতগণকে কেশে ধরিয়া নিজ পাদপদ্মে আকর্ষণ করুন এবং আমাদের সুপ্ত কৃষ্ণ-কার্ষ্ণ সেবাবৃত্তিকে সম্যগ উদ্বোধিত করিয়া নিত্য-সমাশ্রিত আশ্রয়ের চরণ-সান্নিধ্য প্রদান করুন—ইহাই আপনার শ্রীচরণে আমাদের ঐকান্তিক প্রার্থনা।

ইতি—

ময়মনসিংহ শ্রীজগন্নাথগৌড়ীয়মঠের অযোগ্য সেবকবৃন্দ

চয়ন

("THE HINDU" Thursday. September 23, 1937.)

PANDIT A. B. GOSWAMI IN MADRAS.

Madras, Sept. 23.

Pandit A. B. Goswami, Missionary-in-Charge of the Gaudiya Mission, London and Mr. W. H. Burchett, an Australian Journalist, arrived in Madras this morning, from England via Colombo. A reception was accorded to them at the Egmore Station. Pandit Goswami and Mr. Burchett on alighting, from the compartment, were garlanded profusely.

Pandit Goswami attended the World-Congress of Faiths at Oxford. During his stay there he was presented to Their Majesties and to Queen Mary. He has established the Sree Vasudev Gaudiya Math in London and has brought with him the idol (Sree Bigraha) of Sree Vasudev Sreemurti, which was found by him recently in a London Street.

Arrangements have been made for the public to have 'darshan' of the idol (Sree Bigraha) of sree Vasudevjee in the Madras Gaudiya Math, Royapettah, from 7 a. m. to 10 a. m., and 3-30 P. M. to 8-30 P. M.

A reception will be accorded to Pandit Goswami on Sunday next. The Hon'ble Mr. Rajagopalachari will preside.

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ-শাখা

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, শ্রীব্রজপত্তন, শ্রীগৌর, গোবিন্দ আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। স্মপ্রাচীন এই মঠে পাঠাগারে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীবনমালি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(১) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪: ১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, শাস্ত্রানুষ্ঠানের প্রেসে শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্র গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—ত্রেতাধীশ শ্রীপাদ সর্ব্বচরণ রায় ভক্তিবিনোদ।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেশগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

স্মপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) শ্রীকুলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্তমান। রক্ষক—নন্দদাস ব্রহ্মচারী

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিশ্বেশ্বরপ্রভু ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীবাসপণ্ডিত ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনমোহন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীসদানন্দ ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, রক্ষক— শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাইতারা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক- শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক - শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ কাঁচাদা গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক - শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীকুঞ্জবিহারী নায়ক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চাবড়ি পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিধা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস বনবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীনন্দকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসজ্জন ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

আলুবাড়ি, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীশিবানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিয়ার, জেঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীরত্নেশ্বরী প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক শ্রীপুণ্ডরীকাক্ষ ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

২২নং ক্ষীরপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক— শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) একচক্রানন্দ-সুখদ-কুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ— রাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোবর্দ্ধনপীঠ

রক্ষক—ভক্ত শ্রীবংশীবদন

(৪৩) শ্রীগোবর্দ্ধন-মঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) গোকুল বিহারী মঠ

মহাবন মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫)নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোবর্দ্ধনবিহারী মঠ—গোপালী,

পোঃ কোকোন, জেলা কর্ণাল (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং ওয়েলেসলী রোড, নিউ দিল্লী;

রক্ষক—শ্রীগৌরাঙ্গদাস ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅনিরুদ্ধ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীকৃষ্ণগৌরাঙ্গগান্ধর্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ কৃষ্ণনাথ ব্রহ্মচারী ভাস্কর জী

(৫২) রাজমহেন্দ্রী গৌড়ীয়মঠ

পোঃ কভূর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রী গুরুগৌরাঙ্গগান্ধর্বিকা-গিরিধারীর সেবা বর্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিকিশোর দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশপলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম-এ।

(৫) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকণিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীজগবন্ধু দাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাড়ু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক —শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ফুলবেড়িয়া, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠাশ্রম

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট্ নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপহ্যাম, লণ্ডন, এস ডব্লিউ

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নবদ্বীপ-প্রকাশ প্রেস হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী, ভক্তিলোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

২০শে সেপ্টেম্বর, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	পাইকারী মণ
বালাম	৬৷০
বাঁকা ধান	৫৸০
ঐ নতুন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
দাদখানি	৫৷০
দাদখানি নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
কলম্বো কোম্পানী	৯৲
সিদ্ধ বেগুন	৩৷৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
পেশোয়ারী	১০৲-১০৷০
দাদখানি আতপ	৫৷০-৫৷৵
ঐ বাঁকতি	৫৲ ৫৵০
পাটনাই আতপ	৫৷০—৫৷০
কাটারীভোগ	
ঐ বেগুন	৩৵০

চিনির দর

সিকাইন, চাঁদপ	১০৷৵০
নদিপুর ১০০০ নং	১০৵০
কাশীপুর সাদা	৯৷০
কানপুর সাদা	৮৷০—৯৵০
কানপুর লাল	৭৷৵০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

টাকশালের বার	৩৪৷০
নকরেশ	২২৲
চাঁদির বার	৫৩৷০

পাটের দর

আসলি—	৪০৸০
মিডল—	৪০৸০
উত্তর—	৪১৷০
বাজার দরের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬৷০—৬৷৵০
স্পেশাল ঐ	৬৲—৬৵০
গোল্ডেন ঐ	৫৷৵০—৫৸০
সুজী	৬৲—৬৵০
আটা (বি)	৫৸০—৫৸৵০
আটা নং (২)	৫৵০—৫৷৵০
আটা (এম)	৫৲—৫৷০
আটা (বে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	৩৷০—৩৷৵০
[illegible]	১৸৵০—১৸০
[illegible]	১৷৵০—১৸৵০

মুগের দর

[illegible]	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৫০৲
[illegible]	৪৬৲

পাকিস্তান	৪৮৷০
তার	৪৬৲
পাবুলে	৩৬৲
বাজা পাকা	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৵০—৯৷৵
ঐ বে মার্কা হালকা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা স্টেনডেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৷৵
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৵০
ওয়াশ (টী আয়রণ)	৮৷০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷৵০—৮৸০
টাটা প্যাঃ করগেট টীন।	৷৵০
২৪ গেজ—	১৪৷০
২৬ গেজ—	১৬৷০
২৮ গেজ—	১৫৷০
টাটা প্যাঃ প্লেন শীট।	
২৪ গেজ—	১৪৸৵০
২৬ গেজ—	১৬৷৵০
২৮ গেজ—	১৬৸৵০
ইংলিশ প্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
প্যাঃ মটকা ২৪—৩০ গেজ	
শীস	৷৵১০—৸৵০
বাগান বেড়া কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
প্লেট কাটিং বা ফিট কাটা মণ	৩৷০—
পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৬৷০—৯৷০ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩২ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাটি, বোল্টু, নাট	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কংক্রিটের	
রড	৮৸০—১১৷০
নূঃ ইস্পাত আসল ২৩৲	নকল ২১৲

চটকলের হাজরা ৫৵০, পাটের হাজরা ৬৷০
তুলার হাজরা ৪৷০

সুতের দর

কলিকাতা ২৭শে জুন,

আবের সোনার কাইন	৪৪৲
লিটন আবের কম্বক	৪০৲
কম্বি কুমিল কাইন	৪৩৲
হাবার্ট ভাঙ্গা	৫৭৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৭শে জুন,
প্রতি মণ

পাকা দারু	৮৷০
সুপারী বেনী	১৬৷০—১৭৲
আটা সুপারী	১০৷০—১১৷০
গুড় বরিশাল	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স্ লিঃ
ডি-৫ জগন্নাথ ঘাট লোহাপটী, স্ট্রাণ্ডরোড
কলিকাতা

শ্রীধাম—মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ স্বাস্থ্য ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। আহার খোরাক ও বেতনাদিতে প্রায় মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের জন্য সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদেশী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ের সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—২২	১৭—০৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—১৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৪
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৩৫	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-কালাজ্বর জীর্ণ শীর্ণকায় মনুষ্য পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিলা। [illegible] অত্যন্ত আর্দ্র। [illegible] প্লীহা যকৃৎ [illegible] নূতন ও পুরাতন [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার অবস্থার সাধক কি না। মূল্য ছোট বোতল ৷৵০ আনা, বড় বোতল ১৵০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অপ্রকট জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় পরবিদ্যাশক্তিভাক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৹ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী দিবসের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী দিবসের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	।৵০	।৶০	১০
" " ইঞ্চি ২৲	১।০	১।০	১৲
সিকিকলম ৫৲		৩৲	৩৲
অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম ১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪।০
" সিকি কলম ১৫৲	১২৲
অর্দ্ধকলম ২৫৲	১৮৲
এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫ ; বিশেষ সংখ্যা ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্র ভাস্কর সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভাবরসের শ্রীগ্রন্থ-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমাক্ আলোচনা। প্রথম খণ্ড-৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের স্বর্গীয় মুখবন্ধ (Foreword), প্রকাশকের ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসম্প্রদায়ের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত

যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

———:০:———

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এইগ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৬০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৩৲ টাকা।

— —

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শবর্ষ { ১৭ পদ্মনাভ গৌরাব্দ ৪৫১, ২১শে আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৪, ৭ই অক্টোবর ইং ১৯৩৭, বৃহস্পতিবার } ১৮৭৬তম সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

ভাগলপুরে শ্রীগৌড়ীয়মঠের বাণী

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিভূদেব শ্রৌতী মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ ২৪।৯।৩৭ তারিখে কলিকাতা হইতে রওনা হইয়া শ্রীমন্মহাপ্রভুর মঙ্গলময়ী বাণী প্রচারের জন্য ভাগলপুরে গমন করেন।

স্বামীজী ২৫।৯।৩৭ তারিখে তথাকার গভর্ণমেণ্ট অডিটার শ্রীযুক্ত মধুসূদন চট্টোপাধ্যায় ভক্তিবিলাস বি-এ মহাশয়ের বাটীতে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। স্বামীজীর পাঠ শ্রবণ করিবার জন্য বহু ভদ্রলোক ও ভদ্রমহিলা উপস্থিত হইয়াছিলেন। স্বামীজী পাঠে 'পুরাণ' শব্দের অর্থ, অমলপুরাণ শ্রীমদ্ভাগবত-শ্রবণ-কীর্ত্তনের মহিমা, আদর্শ বা ভাগবতধর্ম্ম আশ্রয়ের একান্ত প্রয়োজনীয়তা প্রভৃতি বহু বিষয়ে আলোচনা করেন। পাঠের আদি ও অন্তে উপদেশক শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারীজীর কীর্ত্তন হইয়াছিল।

কলিকাতায় প্রচার

গত ২৬শে সেপ্টেম্বর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ কলিকাতার ... জয়গোপাল মিত্র এটর্ণি মহোদয়ের বাসভবনে শ্রীমদ্ভাগবত হইতে অজামিল উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের পূর্ব্বে শ্রীমদ্ভাগবতের স্বরূপবর্ণনমুখে স্বামীজী বলেন—শ্রীমদ্ভাগবত ব্রহ্মসূত্রের ভাষ্য। গায়ত্রীর অর্থ, মহাভারতের পরিশিষ্ট এবং বেদের তাৎপর্য্য ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে; ইহা সর্ব্বশাস্ত্রশিরোমণি। শ্রীমদ্ভাগবত বেদান্তের প্রতিপাদ্য বিষয়; বেদের অঙ্গ উপনিষদের বিবৃতি শ্রীমদ্ভাগবত। সদ্গুরুর নিকটে আত্মসমর্পণ করিয়া শাস্ত্রের শ্রবণ, অধ্যয়ন ও বিচারপর না হইলে তাঁহাকে বৈষ্ণব বলা যায় না, তাঁহার ভাগবতদর্শনই হয় নাই। শ্রীমদ্ভাগবতের অর্থ তর্কপন্থায় জানা যায় না, শ্রৌতপন্থায়ই শাস্ত্রের প্রকৃত অর্থ সম্যগ্‌রূপে অবগত হওয়া যায়। যাবদ্ ব্রহ্মাত্মক শ্রীমদ্ভাগবত শ্রীভগবানের বাঙ্ময় অঙ্গ, সুতরাং শ্রীমদ্ভাগবত শ্রীকৃষ্ণের অভিন্নবিগ্রহ, গ্রন্থরূপী ভগবদ্বিগ্রহ।

শ্রীমন্মহাপ্রভু কাশীতে বেদান্তবাক্যের অর্থ বর্ণনকারী কাশীবাসী মায়াবাদী সন্ন্যাসী প্রকাশানন্দের মতবাদকে তর্ক ও যুক্তিদ্বারা খণ্ড-বিখণ্ড করিয়া ভাগবতসিদ্ধান্তের শ্রেষ্ঠত্ব প্রদর্শন করেন এবং পুরীতে অদ্বৈতপন্থী শঙ্কর বৈদান্তিক বাসুদেব সার্ব্বভৌমের মায়াবাদ খণ্ডনপূর্ব্বক তাঁহাকে ভক্তিপথে আনয়ন করেন।

কৃষ্ণ বধাবে উপগত হইলে কলিহত জীবের উদ্ধারের জন্য ধর্ম্মজ্ঞানাদি সহ শ্রীমদ্ভাগবত-পুরাণসূর্য্য আবির্ভূত হন। মহারাজ পরীক্ষিৎ সপ্ত দিবস মাত্র তাঁহার আয়ুর পরিমাণ জানিয়া শ্রীল শুকদেব গোস্বামী প্রভুর নিকট শ্রীমদ্ভাগবত শ্রবণ করিয়া আমাদিগকে ভাগবত-শ্রবণের আদর্শ প্রদর্শন করিয়া গিয়াছেন।

কটকে শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু

টাউনহলে বিরাট্ সভায় নগরবাসী কর্ত্তৃক অভিনন্দিত

(তারের সংবাদ)

কটক, ৫ই অক্টোবর

মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু পুরী হইতে জগন্নাথ পরিদর্শন করিয়া তথায় এবং ভুবনেশ্বর ষ্টেশনে অজস্র পুষ্পমাল্যদ্বারা সম্বর্দ্ধিত হইয়া গতকল্য কটক নগরীতে পৌঁছিয়াছেন। গতকল্য অপরাহ্ণে উচ্চশিক্ষিত সম্ভ্রান্ত নগরবাসিগণ টাউন হলে সমবেত হইয়া এক বিরাট্ সভায় শ্রীপাদ গোস্বামী প্রভুকে অভিনন্দনাদির দ্বারা বিশেষভাবে সম্বর্দ্ধনা করিয়াছেন। রায় বাহাদুর গোপাল প্রহরাজ সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। সভায় গোস্বামীজী 'শ্রীগৌরসুন্দরের আবির্ভাব' ও 'শ্রীনাম-তত্ত্ব' সম্বন্ধে একটী হৃদয়গ্রাহিণী বক্তৃতা প্রদান করেন।

অদ্য শ্রীপাদ গোস্বামীজী ভুবনেশ্বর পরিদর্শন করিতে যাইতেছেন এবং আগামীকল্য মাদ্রাজ মেলে হাওড়া ষ্টেশনে পৌঁছিবেন।

শ্রীগুরুদেব—ভগবান্‌কে প্রকাশ করেন। তিনি মনুষ্য নহেন। তিনি ভগবানের নিজজন—কৃষ্ণের মূর্ত্তিমান্-বিগ্রহ। তাঁহার শ্রীপাদপদ্মে আমাদিগকে একান্তভাবে আশ্রয় লইতে হইবে এবং তাঁহার শ্রীমুখ-নিঃসৃত বাণী শ্রবণ করিতে হইবে। ভগবান্ অধোক্ষজ বস্তু; তিনি প্রাকৃত ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু নহেন। চতুর্ম্মুখ ব্রহ্মা ভগবান্ শ্রীকৃষ্ণের রাখাল-বালক ও গোবৎসাদি হরণ দ্বারা জানাইয়াছেন যে, তাঁহাকে কখনও আরোহপন্থা দ্বারা জানা যায় না, একান্ত শরণাগত হইলেই তাঁহার কৃপায় তাঁহাকে জানা যায়। প্রসঙ্গক্রমে স্বামীজী "অথাপি তে দেব", "জ্ঞানং মে পরমং গুহ্যং", "যাবানহং যথা ভাবঃ", "বৈরাগ্যবিদ্যা" প্রভৃতি শ্লোকসমূহ আলোচনা করেন।

অতঃপর স্বামীজী অজামিল উপাখ্যান বর্ণনমুখে নামাপরাধ, নামাভাস ও শুদ্ধনামের পার্থক্য শ্রোতৃবৃন্দকে বুঝাইয়া দেন। পাঠের আদি ও অন্তে শ্রীগুরুবন্দনা ও মহাজনপদাবলী কীর্ত্তিত হইয়াছিল। সভায় উপস্থিত ব্যক্তিগণের মধ্যে কতিপয় সজ্জনের নাম নিম্নে প্রদত্ত হইল।

মহামহোপাধ্যায় শ্রীযুক্ত গণনাথ সেন এম্ এ, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন সলিসিটর; শ্রীযুক্ত নৃপেন্দ্রনাথ বসু ব্যারিষ্টার; শ্রীযুক্ত তারাপ্রসন্ন ঘোষ ব্যাঙ্কার ও জমিদার; শ্রীযুক্ত পরেশনাথ মিত্র জমিদার; শ্রীযুক্ত মনোমোহননাথ মিত্র জমিদার; শ্রীযুক্ত অনিলকুমার চক্রবর্ত্তী জমিদার, শ্রীযুক্ত হারবনাথ মিত্র জমিদার প্রভৃতি।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

জীব নিজে শত শত গ্রন্থাদি পাঠ করিয়া বা নিজের মনোমত ভজনের অভিনয় করিয়া নিজের মঙ্গল সাধন করিতে পারে না। শব্দার্থ-জ্ঞানকে মন্ত্রার্থজ্ঞান সাহায্য করেন। মহান্ত-গুরুর নিকট শিষ্যের দিব্যজ্ঞান বা দীক্ষা-প্রাপ্তিতে বাহ্য জগতের যে পরিভাষা—যাহা অজ্ঞরূঢ়িবৃত্তিময়ী, তাহা তাহার চিত্তে স্থান না পাইয়া মন্ত্রার্থ বা বিদ্বদ্রূঢ়িবৃত্তি অধিকার স্থাপন করে

(বক্তৃতাবলী ৪র্থ খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৭ পদ্মনাভ আদি কার্যপাদশায়ী গৌরাব্দ ৪৪১

দীক্ষিত

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর)

শ্রীভার্গবীয় মনুসংহিতা ও শ্রীমদ্ভাগবতে ত্রিবিধ জন্মের কথা উল্লিখিত আছে। বেদশাস্ত্রে ত্রিবিধ জন্মের কথা বিভিন্ন শাখায় উল্লেখ করিয়াছেন। বৈদিক সম্প্রদায়ও সেই কথাই প্রমাণ করে। শৌক্র, সাবিত্র ও দৈক্ষ এই তিন প্রকার জন্ম বেদে কথিত আছে। বিশুদ্ধ পিতা মাতা হইতে জন্মের নাম শৌক্র জন্ম, আচার্য্যের নিকট গায়ত্রী উপদেশ লাভই সাবিত্র জন্ম এবং যাজ্ঞিকানুষ্ঠানে বৈদিকী দীক্ষালাভ করিলে দৈক্ষ জন্ম হয়। শৌক্র জন্মই আদি, তাহাতে সংস্কারের কোন কথা নাই। শূদ্রের সংস্কারাদি বিধেয় নহে। অশূদ্র আচার্য্যের নিকট গায়ত্রী উপদেশরূপ সংস্কার গ্রহণ করিয়া গুরুকুলে বেদাধ্যয়ন করেন, উহাই তাঁহার সাবিত্র-জন্ম। আনুষ্ঠানিক যজ্ঞে ঋত্বিক্ লাভ করিতে হইলে দীক্ষাগ্রহণ নামক দ্বিতীয়বার সংস্কার দ্বারা জীবের তৃতীয় জন্ম হয়। অশূদ্র জীব দ্বিতীয় জন্মে দ্বিজ ও তৃতীয় জন্মে ত্রিজ হন। ব্রাহ্মণেরই তৃতীয় জন্ম অর্থাৎ দৈক্ষ জন্ম হয়। ক্ষত্রিয়ের ও বৈশ্যের তৃতীয় জন্ম নাই। ব্রহ্মকুলে জাত ব্যক্তি দ্বিতীয় জন্ম লাভ করিতে পারেন, কিন্তু ষোল বর্ষ অতিক্রান্ত হইলে তাঁহার সাবিত্র সংস্কার গৃহীত না হওয়ায় দ্বিজ নামের পরিবর্ত্তে ব্রাত্য সংজ্ঞা হয়। ২০ বৎসর পর্য্যন্ত তিনি দ্বিজ সংস্কার গ্রহণ করিলে দ্বিজ হইতে পারেন এবং বাইশ বৎসরকাল পর্য্যন্ত বৈশ্য সংস্কার গ্রহণ করিতে পারেন। তদূর্দ্ধকালে তিনি সাবিত্র্যপতিত হইয়া ব্রাত্য নামে আখ্যাত হন।

সত্য, ত্রেতা ও দ্বাপর পর্য্যন্ত বৈদিক অনুশাসন উত্তরোত্তর হ্রাস হইতেছিল। কলির সমাগমে ধর্ম্মের ত্রিপাদ হ্রাস হওয়ায় ও চতুর্থপাদ আক্রান্ত হওয়ায় বৈদিক অনুষ্ঠান নামে মাত্র প্রচলিত আছে। এইজন্যই পঞ্চ হবন-যজ্ঞাদি বাদ্যে হ্রাস হইতে আরম্ভ হয়। তৎস্থলে শ্রীমূর্ত্তি-সেবা প্রবর্ত্তিত হইয়াছিল। কলিকালে নামযজ্ঞের প্রবর্ত্তন দ্বারা কর্ম্ম যজ্ঞ ও অর্চ্চনাদি যজ্ঞ সুষ্ঠুভাবে সম্পন্ন হইতে পারে না। যাহা সাবিত্র-সংস্কারাদি কলিকালে প্রচলিত থাকিলেও দীক্ষাসংস্কার বা বৈদিক ত্রিজত্বের সম্ভাবনা নাই। এইজন্য নাম-যজ্ঞের সুষ্ঠু অধিকারিগণ দীক্ষালাভ করিয়া নাম যজ্ঞের অনুষ্ঠান করিয়া থাকেন। মহাভাগবতাধিকারেই নামযজ্ঞের যাজক হওয়া সম্ভব হয়। কনিষ্ঠাধিকারী মহাভাগবতের নিকট নাম-যজ্ঞে অধিকার লাভ করিবার প্রারম্ভিক অধিকার পাইবার বাসনায় দীক্ষা গ্রহণ করেন। মহাভাগবতের নিকট বদ্ধজীবের দীক্ষায় সম্বন্ধজ্ঞান সঞ্চিত আছে। মুক্তজীবের নাম-যজ্ঞেই দীক্ষা হয়। মুক্ত জীব বলিলে বর্ণাশ্রমাতীত মহাভাগবত শ্রেষ্ঠ ব্রাহ্মণকেই বুঝায়। শ্রীহরিদাস ঠাকুরই তাহার শ্রেষ্ঠ আদর্শ ও প্রমাণ। মহাভাগবত শ্রেষ্ঠ ব্রাহ্মণই বৈষ্ণব। তিনিই অপরকে বিষ্ণুদীক্ষা দিতে সমর্থ। কনিষ্ঠাধিকারী যে মন্ত্র জপ করেন তাহাতে তাঁহার সংসার-মুক্তি ঘটে না। যখনই মন্ত্রসিদ্ধিক্রমে তাঁহার বদ্ধাভিমান ত্যাগ হয় তখনই তিনি মুক্তকুলের উপাস্য হরিনাম কীর্ত্তন করিতে পারেন। কলিকালে বৈদিক অনুষ্ঠানের সর্ব্বতোভাবে সফলতা নাই। শূদ্রকল্প ব্রাহ্মণাভিমানিগণ কদর্থময় কলিযুগে জন্ম গ্রহণ করিয়া ব্রহ্মেতর মায়িক বস্তুরই উপাসনায় মত্ত। তাঁহারা প্রাকৃত সহজিয়াগণে প্রমত্ত হইয়া বিষ্ণুর উপাসনার পরিবর্ত্তে মায়িক পঞ্চদেবতার উপাসনা করিয়া থাকেন, বিষ্ণুর পরম পদ অবজ্ঞা করিয়া অভক্ত বেষধারী সাথা বৃদ্ধি করেন। তজ্জন্য যজ্ঞেশ্বর বিষ্ণুর উপাসনারূপ বৈদিক যজ্ঞ হইতে অধিকারচ্যুত হইয়া ব্রাহ্মণ হইতে পারেন না। তজ্জন্য বেদানুগ ঋষিগণসকল বেদানুগমনে যে সকল আনুষ্ঠানিক বিধি সাত্বত তন্ত্রসমূহে লিপিবদ্ধ করিয়াছেন তাহাই পঞ্চরাত্র, আগম বা বেদ বিভূতি বলিয়া বেদমার্গরত ঋষিগণ স্বীকার করিয়াছেন। শ্রীগৌরসুন্দরের আদেশক্রমে শ্রীগৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য শ্রীসনাতন গোস্বামী শ্রীহরি-ভক্তিবিলাস বৈষ্ণবস্মৃতি সঙ্কলন করেন। তদীয় ভাগিনেয়ানে ছয় গোস্বামীর অন্যতম সদাচার-নিরত ও বরিষ্ঠ ভাগবতগণের উপাস্য আদর্শ মহাপুরুষ শ্রীগোপাল ভট্ট গোস্বামী সৎক্রিয়া-সারদীপিকা এবং শ্রীহরি-ভক্তিবিলাস আদি স্মৃত্যাদি বিচারধারায় অঙ্কিত করিয়াছেন। গৌড়ীয় বৈষ্ণবগণের পারমার্থিক স্মৃতিবিহিত অনুষ্ঠানাদি বহির্ম্মুখ স্মার্ত্তগণের প্রবল তাড়নায় ন্যূনাধিক আক্রান্ত হইয়া থাকিলেও তাহাদের প্রচারের দিন আসিয়াছে।

শ্রীহরিভক্তিবিলাসোদ্ধৃত শাস্ত্রীয় প্রমাণানুসরণে আমরা জানিতে পারি যে, শূদ্রাশূদ্র মানব সকলেই বৈদিকী দীক্ষায় অধিকারী না হইলেও পাঞ্চরাত্রিকী দীক্ষায় অধিকারী। সাবিত্র সংস্কার লাভ করিয়া গুরুকুলে বাস না করিয়া থাকিলেও কিম্বা ব্রাত্য হইলেও অথবা শূদ্র ও অন্ত্যজকুলে জন্মগ্রহণ করিলেও সকলেরই মুক্তিক্রমে পাঞ্চরাত্রিকী দীক্ষা-লাভের অধিকার আছে। মানবমাত্রেই পাঞ্চরাত্রিকী দীক্ষালাভ করিলে তাঁহার দ্বিজত্ব অবশ্যম্ভাবী। কেবল স্ত্রীলোকের উপনয়নাদি না হইলেও তাঁহারাও দ্বিজ হন ও নামযজ্ঞের এবং অর্চ্চনাদি বিষয়ে যোগ্যতা লাভ করিতে পারেন। পুরুষ অনুপনীত হইলে তাঁহার প্রকৃত দীক্ষা লাভ ঘটে নাই জানিতে হইবে। পরমহংসাধিকারে যজ্ঞ-সূত্রাদি বর্ণ-চিহ্ন নাই, দণ্ড, কাষায় বস্ত্রাদি আশ্রম-চিহ্ন নাই। সে-কালে তিনি বর্ণাশ্রমে অবস্থিত হইয়া অর্চ্চনাদি করেন না। শাস্ত্র বলেন—যেরূপ নীচধাতু কাংস-রস-যোগে কাঞ্চনতা লাভ করে তদ্রূপ সদ্গুরুর নিকট পঞ্চসংস্কাররূপ দীক্ষা লাভ করিলে মানবমাত্রেই দ্বিজত্ব লাভ করেন। কলিকালে দ্বিজ হইয়া অনেকে দ্বিজ স্বভাবের বিপরীত পঞ্চোপাসনা ও বিষ্ণুর অবজ্ঞা করিয়া থাকেন। তাঁহারা দ্বিজত্ব হইতে ভ্রষ্ট হইয়া শূদ্র অথবা অন্ত্যজ হইয়া পড়েন। সুতরাং অধিকারক্রমে দ্বিজ হওয়া দূরে থাকুক, অন্ত্যজ বা শূদ্রককে দ্বিজাচার বলিয়া নির্দ্দেশ করেন। গৌড়ীয়-বৈষ্ণবগণের মধ্যে পারম-হংস্য বৈষ্ণবাচার্য্যের নামে অনেক স্থলেই বিগত দুই তিন শত বৎসরের মধ্যেই অত্যন্ত শূদ্রাচার প্রবর্ত্তিত হইয়াছে। তাঁহারা প্রাকৃত স্মার্ত্তের অনুগমনে শূদ্রদীক্ষা দ্বারা বৈদিক বৈষ্ণবগণের প্রভূত ক্ষতি করিয়াছেন এবং অনুপযুক্ত গুরু সাজিয়া শিষ্যসম্পদতা বৃদ্ধি করিয়াছেন। শিষ্যদিগকে যথাবিধি পাঞ্চরাত্রিকী দীক্ষা প্রদান করার পরিবর্ত্তে তাহাদিগকে শিব গড়িতে গিয়া বানর গড়াইয়াছেন। বৈষ্ণব করিতে গিয়া বিষ্ণুসহ বিরোধ করাইয়াছেন এবং স্ব-স্ব গোষ্ঠসদৃশ প্রাকৃত বর্ণাশ্রম ধর্ম্মের অনুমোদন করিয়াছেন। যদি প্রকৃতপ্রস্তাবে কোন আগমবিদ্ গুরু কোনও শিষ্যকে পাঞ্চরাত্রিকী দীক্ষা দিয়া থাকিতেন ও পঞ্চসংস্কার দিতেন তাহা হইলে তিনি আর শৌক্রজন্মের বাহাদুরীতে পরমার্থের বিলোপ সাধন করিতেন না, গুরু সাজিয়া আপনাকে অধঃপাতিত করিতেন না। শ্রীমন্নিত্যানন্দ প্রভুর ধারায় এই সকল বিচার প্রবল থাকায় শ্রীমন্মহাপ্রভু ও ছয় গোস্বামী প্রচারিত শুদ্ধ ধর্ম্মের মহত্ত্ব সুষ্ঠুভাবে তথায় রক্ষিত হইয়াছে। দীক্ষিত ব্যক্তির জল ও পক্বান্ন যদি অদীক্ষিত ব্যক্তির জল ও পক্বান্নের সহিত সমভাবে গৃহীত হয় বা গৃহীত না হয় তাহা হইলে পরমার্থ-বিধানে কিরূপ অবিচার ও অত্যাচার প্রবেশ করান হইল ইহা সুধী বিচারকবর্গ নিরপেক্ষভাবে আলোচনা করুন। দীক্ষিত ব্যক্তি যদি দীক্ষার পরও শূদ্র থাকেন তাহা হইলে দীক্ষাদাতা কোন্ বর্ণে পতিত হইলেন, ইহাই আমাদের প্রশ্ন। যদি তিনি পতিত না হইয়া থাকেন অথবা দীক্ষা না দিয়া থাকেন অথবা শূদ্রদীক্ষায় দীক্ষিত করিয়া থাকেন তাহা হইলে তাঁহাকে পারমার্থিক গুরু কেন বলা যাইবে? তাদৃশ গুরুকে কৌলিক পুরোহিত বলিয়া নির্দ্দেশ না করিয়া কেন পারমার্থিক গুরু বলা যাইবে? শৌক্র কুলধর্ম্ম রক্ষা করিবার জন্য, সমাজের সুষ্ঠু বিধান করিবার জন্য যে সকল কার্য্য বর্ত্তমানে চলিতেছে তাহা পুরোহিতের কার্য্য মাত্র, পতিতকে উদ্ধার করিবার কার্য্য নহে। পারমার্থিক মাত্রই তাদৃশ গুরু-নামধারী পুরোহিতগণকে পুরোহিত-পদে বরণ করিয়া রাখুন গুরুর নিকট হইতে বৈষ্ণব হইবার জন্য দীক্ষা গ্রহণ করিবেন। কৌলিক গুরুগণকে পুরোহিত-স্থানে কিছু কিছু দিয়া তাহাদের জীবিকা রক্ষণের ব্যবস্থা করিলে পারমার্থিক ধর্ম্ম অক্ষুণ্ণ থাকিবে। যাহাতে মন্ত্রজীবী, ভাগবতজীবী, কীর্ত্তনজীবী, মৃদঙ্গ-জীবী, অর্চ্চনজীবী সেবকগণ গৌড়ীয়-বৈষ্ণব-সমাজকে অর্থাভাবে প্রপীড়িত করিতে না পারেন, প্রত্যেক গৌড়ীয়-বৈষ্ণবের তাহাই পর্য্যালোচনা করা বিশেষ আবশ্যক। দীক্ষিত ব্যক্তির যদি দ্বিজত্ব লাভ না হইয়া থাকে তাহা হইলে ধর্ম্ম-শাস্ত্রকার বৃহস্পতির বাক্যানুসারে ধর্ম্মহানি মাত্র হইয়াছে জানিতে হইবে। শাস্ত্র বলেন, দীক্ষা-লাভের পর দ্বিজত্ব হয়। যদি তাহা না হইয়া থাকে, তাহা হইলে নিশ্চয় দীক্ষা দেওয়া হয় নাই। দীক্ষা গৃহীত হইলে নিশ্চয়ই তাহার ফল হইত। ফলরূপ কার্য্যদ্বারাই কারণের অবগতি হয়। শ্রীমদ্ভাগবতের "তৎ তেনৈব বিনির্দ্দিশেৎ" বাক্য অবহেলা করিয়া যদি কেহ বৈষ্ণব-সমাজের গুরু সাজিতে যান তাহা হইলে তাঁহাকে গুরুপদে রাখিতে নাই, ইহাই শাস্ত্রের তাৎপর্য্য।

যো ব্যক্তি ন্যায়রহিতমন্যায়েন শৃণোতি যঃ।
তাবুভৌ নরকং ঘোরং ব্রজতঃ কালমক্ষয়ম্।
গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ।
উৎপথপ্রতিপন্নস্য পরিত্যাগো বিধীয়তে।

কৃষ্ণ তারে দেন নিজ চিচ্ছক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্ব্বল॥

—প্রভৃতি শাস্ত্রমতে প্রচ্ছন্ন শত্রুবর্গকে ত্যাগ করিতে হইবে। ত্যাগ না করিলে গৌড়ীয়-বৈষ্ণবধর্মের মর্য্যাদা অক্ষুণ্ণ থাকিবে না এবং জীবের ভজনপথে কণ্টক রোপিত হইবে। অবৈষ্ণবকে গুরু করিতে নাই। তাহার শাস্ত্র-প্রমাণ এই যে—

"মহাকুলপ্রসূতোঽপি সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ।
সহস্রশাখাধ্যায়ী চ ন গুরুঃ স্যাদবৈষ্ণবঃ॥
মহাভাগবতশ্রেষ্ঠো ব্রাহ্মণো বৈ গুরুর্নৃণাম্।
সর্ব্বেষামেব লোকানামসৌ পূজ্যো যথা হরিঃ॥

সুতরাং অবৈষ্ণব কখনই ব্রাহ্মণ হইতে পারে না, গুরু হইতে পারে না। যে ব্যক্তি অহঙ্কারবশতঃ আপনাকে বৈষ্ণবের গুরু বলিয়া অভিমান করেন সেই দুর্গতি জীবকে কখনই গুরু বলা যায় না। যিনি আপনাকে বৈষ্ণবের দাস, ব্রাহ্মণ অভিমান করেন এবং বৈষ্ণবের দাসত্ব ভিন্ন ব্রাহ্মণতার সম্ভাবনা নাই জানেন, তিনিই প্রকৃত ব্রাহ্মণ ও গুরু-শব্দ-বাচ্য। তাদৃশ ব্রাহ্মণ গুরুর নিকট হইতেই বৈষ্ণব-দাসাভিমানী পাঞ্চরাত্রিকী দীক্ষা গ্রহণ করিবেন। দীক্ষা গ্রহণের পর তাঁহার দ্বিজত্ব লাভ ঘটিবে। তিনি বজ্রসূত্রাদি উপনয়নবিধানসকল যথা-রীতি অনুসরণ করিয়া সদাচার-সম্পন্ন ও বিনয়ী হইবেন। নতুবা বৈষ্ণবদাস্য জন্ম-জন্মান্তরেও সম্ভাবনীয় হইবে না। শ্রীসনাতন গোস্বামী প্রভু শ্রীগৌরসুন্দরের আদেশানুসারে লিখিয়াছেন—

"গৃহীতবিষ্ণুদীক্ষাকো বিষ্ণুপূজাপরো নরঃ।
বৈষ্ণবোঽভিহিতোঽভিজ্ঞৈরিতরোঽস্মাদবৈষ্ণবঃ॥"

যিনি বৈষ্ণবগণ কর্ত্তৃক বৈষ্ণব নামে অভিহিত হন তিনি পারমার্থিক গুরুর নিকট বিষ্ণুদীক্ষা লাভ করিবেন। দীক্ষাপ্রভাবে দ্বিজের সংস্কার গ্রহণ করিবেন। সংস্কৃত দ্বিজই বিষ্ণুপূজা করিবার অধিকারী। তিনিই তখন গুরুসেবা করিতে, জল ও পক্ক অন্নাদি দ্বারা বিষ্ণুপ্রকাশবিগ্রহ গুরুদেবের সেবা করিতে পারেন। সেকালে সমাজ তাঁহার পরমার্থে বাধা দিবে না, বাধা দিতে আসিলে তাদৃশ দূষিত সমাজকে প্রতিকূল-জ্ঞানে ত্যাগ করিবেন এবং হরিভক্তির অনুকূল সমাজ গৌড়ীয়-বৈষ্ণবসমাজেরই গ্রহণ করা কর্ত্তব্য। পরমার্থবিরোধী সমাজের সহিত বাস করিতে নাই। শ্রীমদ্ভাগবত বলেন—

গুরুর্ন স স্যাৎ স্বজনো ন স স্যাৎ
পিতা ন স স্যাজ্জননী ন সা স্যাৎ।
দৈবং ন তৎ স্যান্ন পতিশ্চ স স্যা-
ন্ন মোচয়েদ্ যঃ সমুপেতমৃত্যুম্॥

শূদ্র কুলের অন্নপান পরমার্থ হইতে বিচ্যুত হওয়া সমীচীন কিনা ইহা গৌড়ীয়-মায়াবাদী বৈষ্ণবমাত্রই বিচার করিয়া দেখুন। জড়কুলের পরিচয় কেবল শত্রু বর্গের জন্য, ইন্দ্রিয়তর্পণের জন্য, হরিবিমুখ স্বার্থ-সাধনের জন্য; আর পারমার্থিক জীবন নিত্যকালের জন্য, হরিপ্রেম তাৎপর্য্যময় ও পরমবিলাস। শ্রীচৈতন্যদেবের ও তাঁহার পার্ষদ গোস্বামি-বর্গের প্রকটকালের পর হইতে শ্রীগৌড়ীয়-বৈষ্ণব-সমাজের নাম করিয়া যে বিশৃঙ্খলতা ও স্বার্থের পারম্পর্যাবলেহন কার্য্য চলিতেছে তাহা বৈষ্ণবধর্ম্মের গ্লানি মাত্র। এই গ্লানি ঘুচাইবার জন্য শ্রীগৌরসুন্দর তাঁহার নিজ-জনগণকে কালে কালে পাঠাইয়াছেন; তথাপি আমরা সেই মহাজন পরমার্থবিদ্ বৈষ্ণব-সার্ব্বগণের অনুসরণ না করিয়া বিপথগামী হইতেছি কেন? আমরা কেন শাস্ত্রজ্ঞান হইতে বিতাড়িত হইয়া স্বার্থীক অবৈষ্ণব-গণের কুহকে পড়িয়া অমূল্য জীবন হরি-বিমুখ অবস্থায় কাটাইতেছি?

পরমার্থবিরোধী সমাজ কি চিরদিন প্রবল থাকিবে? সাধুর মুখে হিতকথা, শাস্ত্রের সূক্ষ্ম তাৎপর্য্য, শাস্ত্রবিদ্‌গণের নিরপেক্ষতা কি চিরদিনই অবহেলিত হইবে? শ্রীহরিভক্তি-বিলাসের মহিমা কি চিরদিনই হরিবিমুখ স্বার্থ অন্ধকার গর্ত্তে আবদ্ধ থাকিবে? গুরুদেব-পদ্ধতি কি চিরদিনই সৎক্রিয়াসারদীপিকাকে ঢাকিয়া রাখিবে? মনুষ্যগণের সংস্কার-তত্ত্ব ত' চিরদিনই ঢাকা আছে, কখনই ত' উহা উন্মুক্ত হয় নাই তবে কেন সৎক্রিয়া-সারদীপিকার অমর্য্যাদা হইবে। আমরা ভূমিষ্ঠীভাবে শাস্ত্রজ্ঞ গৌড়ীয়-বৈষ্ণবগণকে চক্ষু উন্মীলিত করিয়া গুরুবর্গের অনুগমন করিতে অনুরোধ করিতেছি। তাঁহারা যেন হরিভক্তের "শূদ্রোঽপ্যাগমসম্পন্নো দ্বিজো ভবতি সংস্কৃতঃ" শ্লোক এবং "যথাঽঽপি দ্রুণ্যোত তত্ত্বৈব বিনির্দ্দিশেৎ" শ্লোক বিশেষরূপে আলোচনা করিয়া বিষ্ণুবিদ্বেষী হিন্দু সমাজের নিগড় হইতে উন্মুক্ত হন, তাহা হইলে তাঁহাদের ভোগবিলাস হইতে মোক্ষপ্রাপ্তি ঘটিবে। তখনই তাঁহারা শ্রীমূর্ত্তির অর্চ্চন ও শ্রীনামের কীর্ত্তন করিতে সমর্থ হইবেন। দীক্ষিতগণের দ্বিজত্ব হয় না, আর শৌক্র পন্থায় দ্বিজত্ব আবদ্ধ, এইরূপ ভ্রান্ত বিশ্বাসে ধর্ম্মের গ্লানি করিতে দিয়া যে উৎপাত উপস্থিত হইয়াছে তাহার নিরাকরণ অবশ্যই হওয়া উচিত। একদিন শ্রীনিত্যানন্দ প্রভুর অবতার শ্রীশ্রীবীরভদ্র শ্রীরামানুজ স্বামী দাক্ষিণাত্যবাসী বৈষ্ণবগণের জন্য পঞ্চোপাসকের কবল হইতে প্রপন্নাগত বৈষ্ণবগণকে উদ্ধার করিয়াছেন। আজ আমাদের ন্যায় দুর্ব্বল বৈষ্ণবদাসগণের চেষ্টার প্রাগ্যবর্ত্তে পুনরায় শাস্ত্রীয় ধর্ম্ম সংস্থাপন হইবে। আউল বাউল, প্রাকৃতসহজিয়া, নেড়া, দরবেশ, সাঁই, গৌরনাগরী, শৌক্র গোস্বামী উপাধিধারী, কপট বৈরাগী প্রভৃতি প্রচ্ছন্ন বৈষ্ণববেষি-গণের কবল হইতে গৌড়ীয়-বৈষ্ণব-সমাজকে উদ্ধার করিতে দিয়া শ্রীরূপ-গোস্বামীর শরণ গ্রহণ করিতেছি। এস ভাই, পারমার্থিক হও, প্রাকৃত-সহজ-ধর্ম্ম পরিত্যাগ কর, আর

শ্রীগৌড়ীয়বৈষ্ণবাচার্য্য পরমহংস ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব প র বি দ্যা ভূ ষ ণ গোস্বামী মহারাজের প্রকট-তিথিতে শ্রীগুরুপূজা উপলক্ষে—

প্রণতিপুষ্পাঞ্জলি

হে পরমহংসকুলতিলক! অদ্য আপনার আবির্ভাব-তিথিপূজা। এতদুপলক্ষে ভারতে ও ভারতের বাহিরে যাবতীয় শুদ্ধভক্তিমঠে "শ্রীগুরুপূজার" মঙ্গলাচরণ হইতেছে। গঙ্গা-পূজায় গঙ্গাজলই যেরূপ মুখ্য উপহার, শ্রীচৈতন্যবাণী-পূজায় তদ্রূপ শ্রীচৈতন্যবাণীর অনুকীর্ত্তনই মুখ্য উপাদান। আজ রূপানুগবর আচার্য্যের রূপানুগসিদ্ধান্তবাণীর অনুকীর্ত্তন করিয়াই আচার্য্যানুকম্পিত সেবকগণ আচার্য্যপূজা করিবেন। এই অবসরে পাটনা শ্রীগৌড়ীয়মঠের সেবকগণও তাঁহাদের "প্রণতি-পুষ্পাঞ্জলি" লইয়া সমুপস্থিত। হে আচার্য্যদেব! এই অযোগ্য সেবকগণের প্রতি প্রসন্ন হউন।

হে স্বরূপরূপানুগ আচার্য্যবর! আপনি বর্ত্তমান যুগে গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যকুলতিলক। আপনি জগদ্‌গুরু শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের অন্তরঙ্গনিজজন ও তাঁহার বাণী-কীর্ত্তন-মনোহভীষ্টের পরি-পূরক। আপনি শ্রীমদ্ভাগবত ও বেদান্তের অদ্বিতীয় অভিধর্ম্ম-পণ্ডিত, আপনি শব্দব্রহ্ম ও পরব্রহ্মে নিষ্ণাত, আপনি কৃষ্ণতত্ত্ববিৎ।

হে আম্নায়মর্য্যাদাসংরক্ষক আচার্য্যদেব! আপনি পাপ-চরিত্র ব্যক্তিগণের নিকট ভয়ঙ্কর, অভক্তিকামী কপট ব্যক্তিগণের নিকট কৃতান্তস্বরূপ; কিন্তু আত্মমঙ্গলাকাঙ্ক্ষী সত্য-পিপাসু ব্যক্তিগণের নিকট কুসুম হইতেও কোমল ও অকৃত্রিম স্নেহবিশিষ্ট। যে-সকল গুরুসেবক বিষ্ণুদাস নিষ্কপটে শ্রীল প্রভু-পাদের সেবা করিবার শুভ-বাসনা হৃদয়ে পোষণ করেন, তাঁহাদিগকে আপনি সর্ব্বতো-ভাবে সাহায্য করিতে সতত প্রস্তুত, তাঁহাদিগকে গুরুসেবার পথে অগ্রসর করাইতে কোটী হস্তে চেষ্টা বিশিষ্ট। আপনি কোনপ্রকার আত্ম-বিজ্ঞাপন প্রচার না করিয়া নীরবে, এমন কি, তাঁহাদের অজ্ঞাতসারে গুরুসেবকের যাবতীয় সহায়তা করিয়া থাকেন—ইহাই আপনার চরিত্রের বৈশিষ্ট্য।

হে শ্রীমাধ্বগৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য! শুদ্ধকেবলাদ্বৈতবাদরূপ প্রাকৃত সহজিয়া মতবাদ, একজন্মগুরু-দীক্ষারূপ সনাতনধর্ম্মবিরোধি-মতবাদ, অচিদ্বিলাসী বা চিদ্বিলাসবিরোধী ভোগী ও ত্যাগী মতবাদ, আচারবান আচার্য্যের নিত্যত্ব অস্বীকাররূপ নাস্তিকা-বাদসমূহকে নিরাস করিয়া আপনি শ্রীকৃষ্ণ-চৈতন্যমাধ্বসম্প্রদায়সংরক্ষকরূপে প্রকটিত হইয়াছেন।

হে পতিতপাবন আচার্য্যবর্য্য! শ্রীনামের শ্রবণ-কীর্ত্তনই বেদান্তের চরম উপদেশ এবং শ্রীমন্মহাপ্রভু ও শ্রীরূপানুগ সম্প্রদায়ের ইহাই একমাত্র শিক্ষা। 'কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ' মহাবাক্যের মূর্ত্তবিগ্রহ শ্রীল প্রভুপাদ সেই নাম শ্রবণ-কীর্ত্তন 'শ্রীল অনন্তবাসুদেবদ্বারা' সদা অনুশীলনের আদেশ করিয়া আপনাকে শ্রীরূপানুগ-শিক্ষক শ্রীনামাচার্য্য ও শ্রীমদ্-ভাগবতাচার্য্য বলিয়া ঘোষণা করিয়াছেন।

হে শুদ্ধভক্তিসিদ্ধান্তপালক নিত্যসিদ্ধ-আচার্য্যদেব! শ্রীল প্রভুপাদের প্রকট কালেই শ্রীল প্রভুপাদ আপনাকে শত শত ক্ষেত্রে আচার্য্যপদে অভিষিক্ত করিয়া-ছেন। এমন কি, কোন কোন প্রচারক ও মঠসেবককে আপনার কঠোর শাসনে শাসিত করিয়া আপনার দ্বারাই তাঁহাদিগকে সংশোধন করাইয়াছেন। অতএব আমরা যেন শ্রীগুরুসেবাভিন্ন আপনার সেই অপার শাসন-কৃপালাভে ধন্য হইয়া শ্রীগুরুপাদপদ্মের সেবায় নিত্যকাল নিযুক্ত থাকিতে পারি, ইহাই এই পবিত্র গৌরপঞ্চমী তিথিতে, শ্রীগুরুপূজা-বাসরে আপনার শ্রীপাদপদ্মে একমাত্র প্রার্থনা।

ভবদীয় কৃপাপ্রার্থী
পাটনা গৌড়ীয়মঠের সেবকবৃন্দ—
শ্রীমহেশ্বরীপ্রসাদ ভক্তিভাস্কর, বি এল,
শ্রীমধুসূদন দাসাধিকারী,
শ্রীমনোমোহন ব্রহ্মচারী ভক্তিবিবেক,
শ্রীচক্রপাণি ব্রহ্মচারী,
শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী,
শ্রীবৈকুণ্ঠমোহন ব্রহ্মচারী,
শ্রীসতীশ নাথ দাসাধিকারী,
শ্রীকৃষ্ণচন্দ দাসাধিকারী,
শ্রীপুরুষোত্তম ইত্যাদি।

শুদ্ধভক্তিস্রোতের মূল প্রবর্ত্তক শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের অনুগমন করিয়া গাও।

আমিত বৈষ্ণব এবুদ্ধি হইলে
অমানী না হব আমি।
প্রতিষ্ঠাশা আসি হৃদয় দূষিবে
হইব নিরয়গামী॥
তোমার কিঙ্কর আপনে জানিব
গুরু অভিমান ত্যজি।
তোমার উচ্ছিষ্ট, পদজলরেণু
সদা নিষ্কপটে ভজি॥
নিজে শ্রেষ্ঠ জানি, উচ্ছিষ্টাদি দানে
হবে অভিমান ভার।
তাই শিষ্য তব, থাকিয়া সর্ব্বদা
না লইব পূজা কার॥
অমানী মানদ হইলে কীর্ত্তনে
অধিকার দিবে তুমি।
তোমার চরণে নিষ্কপটে সদা
কাঁদিয়া লুটিব ভূমি॥

মায়াকে পিছনে রাখি কৃষ্ণ পানে চায় ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ,পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ,শ্রীগৌর,গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন শুদ্ধ-ভক্তিপ্রচারকল্পে'নদীয়া-প্রকাশ'যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনবহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রাচ্যাদতত্ত্বময়-গোস্বামি-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও ত্রৈমাসিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাশ্রমী শ্রীপাদ সতীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীনরেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামদনের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রনিতাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনতারণ ব্রহ্মচারী।

(১৪) জয়দেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীসত্যানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউগাছি - (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক - শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিরূপ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) সুভা গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীমধ্বদাস ব্রজবাসী।

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক - শ্রীপতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীযদুবর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অপরাকিল্লা, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং কারিদপুরা, বেনারস সিটি

রক্ষক - শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক— শ্রীমঙ্গলদাস ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) একদানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—শেখাবাটী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৬৩নং হনুমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাশ্রয় ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভূর, পশ্চিম গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধরের সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁধগাদি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাজু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ছুরকুলা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)।

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ-গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

১লা অক্টোবর, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম খাবি	৬৷৹
বাদা চাল	৫৷৷৹
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷৹
দাদখানী	৫৷৹
রামশাল নূতন	৪৵৹
ঐ পুরাতন	৫৲
রেঙ্গুন কোয়ালিটি	৪৲
সিদ্ধ রেঙ্গুন	৩৷৵৹

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷৹
পেশোয়ারী	১০৲-১০৷৹
দাদখানী আতপ	৫৷৹-৫৷৵
ঐ বালাম	৫৲-৫৵৹
পাটনাই আতপ	৫৷৹-৫৷৹
কাটারীভোগ	৭৲
ঐ রেঙ্গুন	৩৵৹

চিনির দর

...দানা, টাইপ	১০৷৴৹
...পুর ১০০০ নং	১০৴৹
...দোয়া সাদা	৯৷৹
...পুর সাদা	৮৷৹—৯৵৹
...পুর লাল	৭৷৴৹—৮৲

সোণা-রূপার দর।

	প্রতি ভরি
গিনির দাম	৩৪৷
রূপা	২২৲
চাঁদির বাট	৫২৷

পাটের দর

...—	৪০৷৷
...—	৪০৷৷৹
...—	৪১৷৹
...র বস্তার দাম—	৪১৲

আটা ও ময়দার দর

...ষ্ট ময়দা প্রতি মণ	৬৷৹—৬৷৵৹
...কাইন ঐ	৬৲—৬৵৹
...ফোর্ড ঐ	৫৷৷৵৹—৫৷৷৹
	৬৲—৬৵৹
(বি)	৫৷৷৹—৫৷৷৵৹
নং (২	৫৴৹—৫৷৴৹
(এস)	৫৲—৫৷৹
(কে)	৪৷৷৹—৪৷৷৵৹
নং (৩)	২৷৹—২৷৷৵৹
...ট	১৷৷৵৹—১৷৷৹
	১৷৷৵৹—১৷৷৵৹

ঘৃতের দর

৫৭৲
৫৭৲
৫০৲
৪৬৲

পাতিহাস	৪৬৷৹
তার	৪৬৲
কাবুলে	৩৬৲
রাঙা গাওয়া	৫১৷৷৹

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৵৹—৯৷৷৴
ঐ বে মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷৹
ঐ টাটা টেস্‌টেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৵৴
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৷৷৵৹
বরগা (টি আয়রণ)	৮৷৹—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷৷৵৹—৮৷৷৹
টাটা গ্যাঃ করগেট টিন।	৷৵৹
২৪ গেজ—	১৪৷৹
২৬ গেজ—	১৬৷৹
২৮ গেজ—	১৫৷৹
টাটা গ্যাঃ প্লেন শীট।	
২৪ গেজ—	১৪৷৷৵৹
২৬ গেজ—	১৬৷৵৹
২৮ গেজ—	১৬৷৷৵৹
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৷৷৹
২৬ গেজ—	১৪৷৷৹
গ্যাঃ মটকা ২৪—৩০ গেজ	
শীট	৷৵১০—৷৷৵৹
বাগান ঘেরা কাঁটা তার (বান্ডিল)	১০৲
সেট কাটিং বা ছিট কাটা মণ	৩৷৹—
পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৬৷৹—৬৷৹ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ইট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷৹—১০৷৹
টিন পাতি, বোল্টু, নাট প্রভৃতি	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের	
কাজ	৮৷৷৹—১১৷৹
ষ্টিল ইস্পাত আসল ২৩৲	নকল ২১৲

চটকলের হাফশন ৫৵৹, পাটের হাফশন ৬৷৹

তুলার হাফশন ৪৷৹

সূতের দর

কলিকাতা ২৭শে জুন,

আদেন সোনার কাইন	৫৪৲
সিটি ন আদেন ফরকড	৪০৲
কতাটি পুরসিদ কাইন	৪৩৲
হাফার্ণ তাঁবা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মশলা

কলিকাতা, ২৭শে জুন,

	প্রতি মণ
পারস নাও	৮৷৹
সুপারী দেশী	১৬৷৹—১৭৲
কাটা সুপারী	১০৷৹—১১৷৹
ভাটি মরিচ	১৫৷৹—১৭৷৹
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷৹

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স্ লিঃ
ডি-৫ জগন্নাথ ঘাট রোড, বড়বাজার
কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর জায়গা খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ভাড়ায় সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় সন্তোষজনক ফল প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের জন্য সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৬৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ভাড়ায় আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৭৫,	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—১২

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫০	৯-৩৩	১১-৫৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৬	১২-১৮	১৬-৩৮	

৺কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

শিশু জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যন্ত অধিক। জ্বিরার প্লীহা সংযুক্ত পালাজ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। ছোট বোতল ৮৵০ আনা, বড় বোতল ১৵০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ওল্ড্‌চীনাবাজার রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় সর্ব্বশাস্ত্রপারদর্শী সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি	২৲	১৷০	১৷০	১৲
সিকিকলম	৫৲		৪৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬	৪৷০
সিকি কলম	১৫৲	১২৲
অর্দ্ধকলম	২৪৲	১৮৲
এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ১৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতরত্ন সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের গৌরগবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখণ্ড প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—সত্যভাজ গৌড়ীয়মঠ, রায়পাড়া রাজমহেন্দ্রী; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত হইবে। যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি অতি সুন্দরভাবে ইহাতে সন্নিবেশিত হইতেছে।

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকা ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তা প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পা মার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১৩।৭নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হই থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়ি একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

গৌড় শ্রীমায়াপুর
শ্রীচৈতন্যমঠ—শ্রীধাম—শ্রীমায়াপুর
শ্রীচৈতন্যমঠাধ্যক্ষ
শ্রীমদ্ভাগবত-
সাত্বতাচার্য্য-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিক্ষু
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র প্রচুর-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২২শে আশ্বিন, ১৩৪৪, ৮ই অক্টোবর, ১৯৩৭, শুক্রবার [সংখ্যা ১৮৮]

বিবিধ সংবাদ

—(০)—

চীন-জাপান-সংবাদ

গত ৬ঠা অক্টোবর তারিখের এক সংবাদে প্রকাশ, চীনারা স্বীকার করিতেছে যে, জাপানী প্রচণ্ড সংগ্রামের পর সাংহাইএর উত্তর দিকবর্ত্তী লেকটিয়েন দিঙ্গাও রাজপথ (চীনা সৈন্যব্যূহের এক অংশ) দখল করিয়াছে। কিন্তু চীনারা উহাও বলিতেছে যে, তাহারা পশ্চাদপসরণ করিয়া বেশী দূর যায় নাই। উভয় পক্ষে বহু লোক হতাহত হয়। উভয়পক্ষে সারাদিন ব্যাপী সংগ্রাম চলে। চীনা গোলন্দাজবাহিনী জাপ-বাহিনীর পশ্চাদ্ভাগ আক্রমণ করে। ইয়াংসিপুতে একটী জাপানী জাহাজে একটী গোলা পড়ে।

হংকংএর সংবাদে প্রকাশ যে, ব্রিটিশ ষ্টীমার ইউয়েনসাং শনিবার তথায় আসিয়া এই সংবাদ দিয়াছে যে, জাপানী সাবমেরিণ দ্বারা উহার গতিরোধ করিয়াছিল। এতদ্বারা চীনের দক্ষিণ ঐ অংশে ও জাপানী সাবমেরিণ সমূহ ঘুরাফিরা করিতেছে বলিয়া প্রতীয়মান হয়।

—

রাষ্ট্রসঙ্ঘে স্পেনের আশা ভঙ্গ

গত ৬ঠা অক্টোবর তারিখের এক সংবাদে প্রকাশ, স্পেন হইতে "বেচ্ছাসৈন্য" সরাইয়া আনা সম্পর্কে রাষ্ট্রসঙ্ঘ-পরিষদে যে প্রস্তাব আনা হইয়াছিল তাহা অগ্রাহ্য হইয়া যায়। পর্ত্তুগাল ও আলবানিয়া প্রস্তাবটির বিরুদ্ধে ভোট দেয় এবং দক্ষিণ আফ্রিকা, আর্জেন্টিনা, অষ্ট্রিয়া, বাল্গেরিয়া, যুগোস্লাভিয়া, চিলি, পিরু, হাঙ্গারী, আইরিশ ফ্রী ষ্টেট, গ্রীস, পোল ও রুমানিয়া, উরুগুয়ে ও

ভেনেজুয়েলা এই ১৩টি রাষ্ট্র ভোটদান হইতে বিরত থাকে। পরিষদের নিয়মানুসারে প্রস্তাবটি গ্রহণের পক্ষে মতৈক্য না হওয়াতেই উহা অগ্রাহ্য হইয়া যায়।

সংবাদপত্রে প্রকাশ যে, সোভিয়েট নিরপেক্ষতা কমিটির নিকট এই মর্ম্মে এক বিজ্ঞপ্তি প্রেরণ করিয়াছে যে, নিরপেক্ষতা-নীতি ব্যর্থ হইয়াছে; সুতরাং স্পেন গবর্ণমেণ্টের নিকট অবাধে অস্ত্রশস্ত্র ও লোকজন প্রেরণের জন্য ফরাসী স্পেনীয় সীমান্ত খুলিয়া দেওয়া হোক। কিন্তু সোভিয়েট গবর্ণমেণ্টের পররাষ্ট্র দপ্তর এই সংবাদ সরকারীভাবে অস্বীকার করিয়াছেন।

স্পেনের ব্যাপার সম্বন্ধে খোলাখুলি আলোচনার জন্য ইতালীকে আমন্ত্রণ করিয়া ফ্রান্স ও বৃটেন যে নোট প্রেরণ করিয়াছে তাহা ফরাসী ও বৃটিশ দূত ইতালীর পররাষ্ট্র-সচিব কাউণ্ট সিয়ানোর হাতে দিয়াছেন।

কাউণ্ট সিয়ানো বলেন যে, তিনি সিনর মুসোলিনীর সহিত পরামর্শ করিয়া উহার উত্তর দিবেন। মুসোলিনী এখন রোকাডেলো কামিনাতে তাঁহার পল্লী আবাসে আছেন।

নেপল্‌স্‌ হইতে আরও ১১হাজার ইতালীয় সৈন্য লিবিয়া যাত্রা করিয়াছে।

ভ্যালেন্সিয়াতে কর্টেস-এর সদস্যগণ সর্ব্বসম্মতভাবে নেগ্রিন গবর্ণমেণ্টের প্রতি আস্থা জ্ঞাপন করার পর অনির্দ্দিষ্ট কালের জন্য কর্টেস-এর অধিবেশন স্থগিত রাখা হয়।

—

আবার ভ্যালেন্সিয়ায় বিমান আক্রমণ

গত ৩রা অক্টোবর তারিখে এক সংবাদে প্রকাশ, বিদ্রোহী বিমান-বাহিনীর ছয়টি জোয়াঙ্কার ভ্যালেন্সিয়ার উপর ভীষণ বোমা-বর্ষণ করে; ফলে বহু লোক হতাহত হয়। বিমানবাহিনী ভিলবার সহরের উপর দিয়া উড়িয়া যায় এবং প্রধানতঃ বন্দরকেই আক্রমণ করে। একটী বোমা বাজারের উপর পড়ে, উহাতেই বহু লোক হতাহত হয়।

—

ইতালী ও জাপানের মধ্যে নূতন চুক্তি

গত ২রা অক্টোবর তারিখের সংবাদে জানা গেল, ইতালী ও জাপানের মধ্যে একটি নূতন বাণিজ্যচুক্তি শীঘ্রই স্বাক্ষরিত হইবে। জাপান ও ইতালীর মধ্যে ইতোপূর্ব্বে যে বাণিজ্য-চুক্তি হইয়াছিল, তাহার সীমা বাড়াইয়া আবিসিনিয়াকে অন্তর্ভুক্ত করা হইয়াছে। এই নূতন চুক্তি অনুসারে জাপান এবং আবিসিনিয়াসহ সমগ্র ইতালীর পূর্ব্ব আফ্রিকার মধ্যে সমান পণ্য-বিনিময় ব্যবস্থা বলবৎ হইবে। জাপান বৎসরে ২০ লক্ষ ইয়েনের লবণ সোমালিল্যাণ্ড হইতে আমদানী করে, এখন হইতে সে ঐ মূল্যের কাপাসবস্ত্র আবিসিনিয়ায় রপ্তানি করিতে পারিবে।

—

নারায়ণগঞ্জে ভীষণ বিস্ফোরণ

গত ৬ঠা অক্টোবর বিপ্রহরে নারায়ণগঞ্জের কালীবাজারে মনোহারী এবং আতস-বাজীর দোকান "রাজেন্দ্র ষ্টোর্সে" একটি ভীষণ বিস্ফোরণ হয়। প্রকাশ যে, একখানি ঘরে প্রচুর বিস্ফোরক পদার্থ মজুত ছিল হঠাৎ বিস্ফোরণ হওয়ায় দোকানের তিনজন কর্ম্মচারী গুরুতররূপে আহত হয়। আহতদের মধ্যে একব্যক্তি বাজার সংলগ্ন দোকানের পশ্চাৎবর্ত্তী একটী খালের মধ্যে গিয়া পড়ে আহত ব্যক্তিত্রয়কে অবিলম্বে হাসপাতালে পাঠান হয়। তাঁহাদের মধ্যে একজন মারা গিয়াছে, বাকী ২জনের অবস্থাও আশঙ্কাজনক। তথায় ঘরের টিনের চাল উড়িয়া গিয়াছে।

বিস্ফোরণের শব্দ একমাইল দূরবর্ত্তী স্থান সমূহেও শোনা গিয়াছে। ঘটনা স্থলের অর্দ্ধমাইলের মধ্যে যে-সকল বাড়ী আছে সেগুলি ভয়ানক ভাবে কাঁপিতে ছিল। অনেক লোক ভূমিকম্প হইতেছে ভাবিয়া আতঙ্কগ্রস্ত হইয়া রাস্তায় বাহির হইয়া পড়ে।

—

স্কুলে গান্ধীটুপী পরা নিষেধ

গত ৬ঠা অক্টোবর পণ্ডিচেরীর স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের ৩০জন ছাত্র গান্ধীটুপী পরিধান করায় এক অপ্রীতিকর ঘটনা হইয়া গিয়াছে। প্রকাশ, উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক ছাত্রদিগকে গান্ধীটুপী খুলিতে বলায় তাহারা খুলিতে অস্বীকার করে। ফলে ছাত্রদিগকে বিতাড়িত করা হয়। পরে ডিরেক্টর অব পাব্লিক ইনষ্ট্রাকশনের অনুরোধ উপরোধে একজন মাত্র ছাত্র ভিন্ন সকলেই গান্ধীটুপী খুলিয়া ফেলে এবং পুনরায় তাহারা ক্লাসে প্রবেশ করে। নাগর থানম নামক একটী ছাত্র ডিরেক্টর অব পাব্লিক ইনষ্ট্রাকশনের আদেশ পালন না করায় তাহাকে স্কুলে প্রবেশ করিতে দেওয়া হয় না।

ডিরেক্টর অব পাব্লিক ইনষ্ট্রাকশন যে বিবৃতি দিয়াছেন তাহাতে তিনি বলিয়াছেন যে, ফরাসী শিক্ষামন্ত্রী এক ইস্তাহারে জানাইয়াছেন যে, ছাত্রগণ যতক্ষণ স্কুল অথবা কলেজ-প্রাঙ্গণে থাকিবে ততক্ষণ তাহারা গান্ধীটুপী পরিধান করিতে পারিবে না। তিনি ঐ ইস্তাহারের উপর নির্ভর করিয়াই এই ব্যবস্থা অবলম্বন করিয়াছেন। তিনি ইহাও বলিয়াছেন যে, সাদা টুপীতে কোন বিশেষ রাজনৈতিকগণ বুঝায়।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—প্রথম ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ১৮৲
দশম স্কন্ধ — ৯৲
২। অনুভাষ্য বিবৃতি শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সংস্করণী শতশ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণব ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। বামন-আদর্শ ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয় গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-গীতিকা ৷৵০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ)
২৬। গীতার কেবল বাংলা ভাষ্য
২৭। মুক্তাফলিকা গৌরগোবিন্দ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমবিবর্ত্ত চন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵০
৪৬। অর্চ্চনকণ্ঠ ৵০
৪৭। সদাচারস্মৃতি ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৵০
৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ ৵০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ কিউ ওয়ার্ড স অন বেদান্ত ।০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইটস্ মর্বিড এ্যানাটমি এণ্ড ট্রান্সেণ্ডেণ্টাল ফাংশন্ ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ৶০
৭৩। লাইফ এ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপল এণ্ড আনয্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ফার্স্ট ভল্যুম) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵১০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ৫ ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় -মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিকভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত -হিন্দি ভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীগৌরবাণী প্রচারমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ২।০।

৪। পরমার্থী -শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

———:০:———

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৩৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শ বর্ষ { ১৮ পদ্মনাভ গৌরাব্দ ৪৫১, ২২শে আশ্বিন বঙ্গাব্দ ১৩৪৪, ৮ই অক্টোবর ইং ১৯৩৭, শুক্রবার } ৮৮তম সংখ্যা

শ্রীগৌড়ীয়মঠে শ্রীবাসুদেববিগ্রহসহ অপ্রাকৃত প্রভু

পুরীতে অভিনন্দন-সভা

গত ১লা অক্টোবর পুরীতে ক্লার্কহলের অভিনন্দন সভায় এমারমঠের মহান্ত মহারাজ শ্রীপাদ রামানুজদাস শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ মুখোপাধ্যায় বি-এল মহোদয়ের প্রস্তাবে ও শ্রীযুক্ত রাখালচন্দ্র বসু মহাশয়ের সমর্থনে সভাপতির আসন গ্রহণ করিবার পর শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসার প্রভু তাঁহার গলদেশে পুষ্পমালা অর্পণ করেন এবং তাহার পর শ্রীযুক্ত জিতেন্দ্র বাবু শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী মহোদয় ও Mr. Burchett-এর কণ্ঠদেশ পুষ্পমাল্যে ভূষিত করেন। সভাপতির নির্দ্দেশানুসারে উদ্বোধন সঙ্গীত কীর্ত্তন হয়। শ্রীপাদ গোস্বামী প্রভুর পরিচয় দান করিবার পর শ্রীপুরুষোত্তম-মঠের সকল ভক্তগণের পক্ষ হইতে ইংরেজী ও মঠসেবকগণের পক্ষ হইতে বাংলা (পদ্য) অভিনন্দন পাঠ হয়। শ্রীপাদ ভক্তিসারঙ্গ প্রভুর প্রত্যভিনন্দন প্রদান করার পর সভাপতি মহোদয় তাঁহার অভিভাষণ দান করেন।

শ্রীযুক্ত জিতেন্দ্রনাথ মুখার্জ্জি বি-এল, উকিল, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ দাস মুন্সেফ, কুমার কৃষ্ণ মুখার্জ্জি আমলার উত্তরপাড়া, জ্ঞানেন্দ্রনাথ চাটার্জ্জি, বি-এল, উকীল, প্রবোধকুমার মুখার্জ্জি এম্-এ, বি-এল, অটলবিহারী চক্রবর্ত্তী, সুপারিন্টেণ্ডেণ্ট (পাইকপাড়া ষ্টেট) প্রভৃতি বহু গণ্যমান্য ভদ্রলোক সভায় উপস্থিত ছিলেন।

হাওড়াষ্টেশনে নগরবাসিকর্ত্তৃক বিপুল সম্বর্দ্ধনা

নাটোরের মহারাজাকর্ত্তৃক গোস্বামী প্রভুকে মাল্য প্রদান

বিরাট সংকীর্ত্তনশোভাযাত্রা সহকারে গৌড়ীয়মঠে আগমন

(তারের সংবাদ)

কলিকাতা, ৬ই অক্টোবর

ধরণাবিভূত শ্রীবাসুদেববিগ্রহ ও মিঃ বার্চেট্ সহ শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামীপ্রভু মাদ্রাজ, কভুর, পুরী, কটক, ভুবনেশ্বর প্রভৃতি হইয়া অদ্য প্রাতে মাদ্রাজ-মেলে হাওড়া ষ্টেশনে পৌঁছিয়াছেন। শ্রীশ্রীল আচার্য্যদেব, মঠবাসী ও গৃহস্থ ভক্তগণ, নাটোরের মহারাজা বাহাদুর, বহু শিক্ষিত সম্ভ্রান্ত বাঙ্গালী এবং অসংখ্য নাগরিক ষ্টেশনে উপস্থিত হইয়া শ্রীপাদ গোস্বামী প্রভুকে সম্বর্দ্ধনা করেন এবং নির্নিমেষনেত্রে অপূর্ব্ব নয়নমনোহারী শ্রীবাসুদেবমূর্ত্তি দর্শন করিয়া পরমানন্দিত হন। বিচিত্রবর্ণের পতাকা, উচ্চসংকীর্ত্তনরোল, ব্যাণ্ড, ব্যাগ পাইপ প্রভৃতি পাশ্চাত্য ঐকতানবাদ্য এবং শ্রীগুরু-গৌরাঙ্গের মুহুর্মুহু জয়ধ্বনিসহ ষ্টেশনটী লোকে লোকারণ্য হয়। উচ্চ জয়ধ্বনির মধ্যে শ্রীশ্রীল আচার্য্যদেব স্বয়ং শ্রীবাসুদেববিগ্রহকে সুগন্ধি পুষ্পমাল্যের দ্বারা বিভূষিত করেন। অনন্তর নাটোরের মহারাজা বাহাদুর শ্রীপাদ গোস্বামী প্রভুর গলদেশে পুষ্পমাল্য প্রদান করিলে পর বিরাট সংকীর্ত্তন-শোভাযাত্রা-সহকারে মোটরযোগে শ্রীপাদ গোস্বামী প্রভুকে শ্রীমঠে আনয়ন করা হয়। শ্রীবিগ্রহটীকে একটি সুসজ্জিত ও নানাকারুকার্য্যখচিত অতি সুন্দর শ্রীমন্দিরের মধ্যে স্থাপন করিয়া শ্রীমঠে আনয়ন পূর্ব্বক শ্রীগৌড়ীয়মঠের শ্রীমন্দিরে স্থাপন করা হয়।

ভক্তবৃন্দ পাশ্চাত্য ঐকতানবাদ্য ও উচ্চসংকীর্ত্তনে দিগন্ত মুখরিত করিতে করিতে কলিকাতার রাজপথ দিয়া শ্রীপাদ বাসুদেব প্রভু, শ্রীশ্রীবাসুদেব-মহাপ্রভু ও শ্রীপাদ গোস্বামী প্রভুকে লইয়া মহানন্দে যখন অগ্রসর হইতেছিলেন তখনকার শোভা যে কি অপূর্ব্ব চিত্তাকর্ষী ও মনোহারী হইয়াছিল তাহা বর্ণনাতীত। নাগরিকগণ কাতারে কাতারে সংকীর্ত্তন-শোভাযাত্রামধ্যে সেই অপূর্ব্ব শ্রীবাসুদেববিগ্রহ দেখিবার জন্য উৎকণ্ঠিতচিত্তে দলে দলে আসিতেছিলেন। লোকের ভীড়ে পথ চলা কষ্টকর হইয়া উঠিয়াছিল।

শ্রীপাদ অপ্রাকৃত প্রভু বেলা ১১ ঘটিকার সময় শ্রীগৌড়ীয়মঠে পৌঁছিলে শ্রীমঠে একটি বক্তৃতা সভা হয়। অদ্য বৈকালে গোস্বামীপ্রভুকে অভিনন্দন প্রদানের জন্য মঠে একটি সভার অধিবেশন হইবে।

হার্দ্দ নিবেদন

(৪র্থ পৃষ্ঠার পর)

করুণা-কিরণ বিকীরণ করত কৃপাকণা-কণ্ঠাল আমাদিগকে এই ভিক্ষিত শুভকার্য্যে অনুষ্ঠানের সুযোগ প্রদান করিয়া সর্ব্বোত্তম সৌভাগ্য প্রদান করুন।

হে পরমদয়াল প্রভো!

আমরা নগণ্য ও নির্গুণ হইয়াও আজ ভবদীয় অশোক অভয় শ্রীপাদপদ্ম নীরাজন-মণ্ডপে সমাগত হওয়ার সৌভাগ্যলাভ করত কৃতকৃতার্থ হইয়াছি। আমরা পুনঃ পুনঃ সাষ্টাঙ্গ প্রণিপাত এবং হৃদ্য বিজ্ঞপ্তি জ্ঞাপন-মুখে কাতরভাবে আপনার কৃপাকণা কামনা করিতেছি। আমরা বড়ই কাঙ্গাল, আমরা বালিশ, আমরা ভক্তিবিজ্ঞানহীন, তাই আপনার পাদপদ্মতলে পতিত হইয়া কাতর ক্রন্দন ব্যতীত আদরের অন্যবিধ অনুষ্ঠানে যোগ্যতা নাই।

হে পরমারাধ্য আচার্য্যদেব! আপনি সর্ব্বতোভাবে অহৈতুক কৃপাবলোকন করিয়া আমাদের ন্যায় কৃপাপাত্রগণের মঙ্গল বিধান করত আপনার আচার্য্যলীলার চমৎকারিতা ও দাক্ষিণ্যবৈশিষ্ট্য প্রদর্শন করুন। 'মহৎ কার' কর প্রচার যথা সর্ব্বত্র।

ভবদীয় শ্রীচরণরেণু-কৃপাপ্রার্থী

রেঙ্গুণ গৌড়ীয়মঠের সেবকবৃন্দ।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে।

জীব নিজে শত শত গ্রন্থাদি পাঠ করিয়া বা নিজের মনোমত ভজনের অভিনয় করিয়া নিজের মঙ্গল সাধন করিতে পারে না। শব্দার্থ-জ্ঞানকে যথার্থজ্ঞান সংজ্ঞা করেন। মহান্ত-গুরুর নিকট দিব্যজ্ঞান বা দীক্ষা-প্রাপ্তির বাহ্য জগতের যে পারম্পর্য—যাহা অক্ষজবৃত্তিময়ী, তাহা তাহার চিত্তে স্থান না পাইয়া যথার্থ বা বিবর্ত্তবৃত্তি অধিকার স্থাপন করে।

(বক্তৃতাবলী ৪র্থ খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৮ পদ্মনাভ নিধি ৩০ শে আশ্বিন শ্রীগৌরাব্দ ৪৫১

ঊর্জ্জব্রত

কার্ত্তিক ব্রতেরই নামান্তর ঊর্জ্জব্রত বা দামোদর-ব্রত। কেহ কেহ ইহাকে নিয়ম-সেবাও বলিয়া থাকেন। 'ঊর্জ্জ' শব্দের অর্থ বল। ঊর্জ্জব্রত বলদেবেরই পূজাব্রত, নিত্যানন্দেরই আরাধনা বা বাসপূজা। যাঁহারা ঊর্জ্জব্রতে বলদেব-নিত্যানন্দের পূজা করিয়া অনন্যভক্তি বা ভক্তবাৎসল্যের কৃপালাভ করিবেন, তাঁহারাই হৃদয়ে কার্ত্তিক-সেব্য শ্রীবৃষভানুনন্দিনীর স্বরূপ-মাধুরী উপলব্ধির বিষয় হইবে। শ্রীরাধাকুণ্ডই এই ব্রতের ও অপ্রাকৃত কামদেবের বাসনা-পূর্ত্তির সর্ব্বশ্রেষ্ঠ স্থান। মাথুরমণ্ডলের সর্ব্ব-শ্রেষ্ঠ স্থান শ্রীরাধাকুণ্ডই, তদপেক্ষাও শ্রেষ্ঠ বৃন্দাবন। ইঁহার অধীশ্বরী শ্রীমতী রাধিকা। অযোধ্যাদি বৈকুণ্ঠের স্থানক্ষেত্রে ঊর্জ্জব্রত পালন অপেক্ষা শ্রীকৃষ্ণজন্মভূমী মথুরায় ঊর্জ্জব্রত পালন শ্রেষ্ঠ, তদপেক্ষা বৃন্দাবনে ঊর্জ্জব্রত পালন শ্রেষ্ঠ, তদপেক্ষা গোবর্দ্ধনে ঊর্জ্জব্রত পালন শ্রেষ্ঠ এবং শ্রীরাধাকুণ্ডে ঊর্জ্জ ব্রত পালন সর্ব্বশ্রেষ্ঠ। কার্ত্তিক দেবতা শ্রীমতী সেবা-সৌন্দর্য্যে গোবিন্দকে আকর্ষণ করিয়া নিজজনের সহিত তাঁহার নিজ স্থান এই রাধাকুণ্ডে অপ্রাকৃত কামদেবের আরাধনা করিয়া থাকেন। কার্ত্তিকদেবতার এই আরাধনাদর্শের অনুসরণই কার্ত্তিকব্রত বা ঊর্জ্জব্রতের তাৎপর্য্য।

এ বৎসর নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংস ১০৮শ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের পরমপ্রেষ্ঠ সেবকপ্রবর ওঁ বিষ্ণুপাদ পরমহংস ১০৮শ্রী শ্রীমদ্ ভক্তি-প্রজ্ঞান কেশব পরিব্রাজকাচার্য্য গোস্বামী প্রভুপাদের আনুগত্যে আগামী ৩০শে আশ্বিন ১৭ই অক্টোবর রবিবার হইতে কৃষ্ণকোলশনন শ্রীগোবর্দ্ধনে ঊর্জ্জব্রত অনুষ্ঠিত হইবেন। শ্রীশ্রীল আচার্য্যদেব স্বয়ং তথায় অবস্থান-পূর্ব্বক নিরন্তর হরিকথা কীর্ত্তন করিবেন। আচার্য্যানুগত শুদ্ধবৈষ্ণবগণও তথায় থাকিয়া হরিকথা আলোচনা করিবেন। আমরা শ্রদ্ধালু সজ্জনগণকে এই সংকীর্ত্তন মহোৎসবে যোগদান করিবার জন্য সাদর আহ্বান জানাইতেছি।

আগামী ৩০শে আশ্বিন ১৭ই অক্টোবর রবিবার হইতে মাসের পক্ষে উর্জ্জব্রত আরম্ভ হইবে। যাঁহারা শ্রীগোবর্দ্ধনে এই ব্রত উদ্‌যাপন করিতে সঙ্কল্প করিয়াছেন, তাঁহারা মহাভাগ্যবান্। কারণ, তাঁহারা তথায় স্বরূপসিদ্ধাবস্থায় শ্রীশ্রীল আচার্য্য-দেবের শ্রীমুখে নিঃসৃত চৈতন্যবাণী শুনিবার সৌভাগ্য পাইবেন।

পূর্ণিমাপক্ষে যাঁহারা ঊর্জ্জব্রত আরম্ভ করিবেন, তাঁহাদের আরম্ভের দিন—১লা কার্ত্তিক ১৯শে অক্টোবর মঙ্গলবার। আর যাঁহারা সৌরমাস হিসাবে ব্রত করিবেন তাঁহাদের আরম্ভের তারিখ আগামী ১লা কার্ত্তিক ১৮ই অক্টোবর সোমবার।

ধর্ম্মঘট সম্পর্কে সর্ব্বশেষে যে সংবাদ পাওয়া গিয়াছে, তাহাতে জানা যায় যে রায় বাহাদুর এইচ পি ব্যানার্জী এবং শ্রমিক নেতাদের মধ্যে বৈঠকের ফলে ১৯শে অক্টোবর সন্ধ্যাকালে ধর্ম্মঘটের অবসান ঘটিয়াছে। শ্রমিকদের দাবী গৃহীত হইয়াছে এবং তাহাদের মজুরীর হার বর্দ্ধিত হইয়াছে। ম্যানেজার সম্পর্কে যে অভিযোগ উত্থিত হইয়াছিল, আপোষ মীমাংসা হওয়ায় উভয় পক্ষের সম্মতিক্রমে তাহা আর উত্থাপিত হয় নাই। ধর্ম্মঘট শেষ হওয়ায় যে সকল পুলিশ প্রহরী মোতায়েন হইয়াছিল তাহাদিগকে সরাইয়া লওয়া হইয়াছে।

যুদ্ধবিরতি দিবসের অনুষ্ঠান

সম্রাট ১০ই নবেম্বর ভারতে যুদ্ধ-বিরতি দিবসের অনুষ্ঠান করিতে অনুমতি দিয়াছেন। বেলা ১১টার সময় ২ মিনিটের জন্য সকল সাধারণ কার্য্য স্থগিত থাকিবে, কেবল রেলগাড়ী এবং জলযান-চলাচল সম্পর্কে ঐ নির্দ্দেশ প্রযুক্ত হইবে না।

গভর্ণমেণ্ট বাহাদুর আশা করেন যে, সম্রাটের প্রত্যেক প্রজাকে প্রকৃত সম্রাটের এই ইচ্ছা অনুসারে সাম্রাজ্যব্যাপী অনুষ্ঠানে সহযোগিতা করিবে। প্রত্যেক স্থানেই রেলের ১০টার সময় উক্ত অনুষ্ঠান পালিত হইবে।

——

দিনাজপুরে ভীষণ নৌকাডুবি

দিনাজপুর জেলার অন্তর্গত পীরগঞ্জ থানার গঃ বুড়াপাড়ার নৌকাডুবির ফলে দুইশতকে ৬ জন যাত্রীর সন্ধান পাওয়া যাইতেছে না বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। যাত্রীবাহী নৌকাখানা হাটের নিকট কাঞ্চনাই নদীতে পারাপারের সময় এই দুর্ঘটনা হয়। নৌকাখানিতে দুই শতাধিক যাত্রী ছিল। উহা মাঝনদীতে আসিয়া জলমগ্ন হয়। সেইটি বেশী চওড়া নহে। নদীর বাধার পরিচিত সকল দিনিসপত্র ডুবুরি খাদ্য ... জেলা ম্যাজিষ্ট্রেট ও পুলিশ সাহেবকে খবর দেওয়া হইয়াছে। মৃত ব্যক্তিদের মধ্যে অধিকাংশই মুসলমান ও পশ্চিমা। অনেকেই হাটের বেসাতিসহ ডুবিয়া গিয়াছে।

ট্রেজারি হইতে ৫ লক্ষ টাকা উধাও

গত ১লা অক্টোবর মতিহারী জেলা ম্যাজিষ্ট্রেটের সম্মুখে নূতন ট্রেজারীর চার্জ বুঝিয়া লইবার সময় ট্রেজারীর বিশেষ সিন্দুকের কয়েকটি থলিতে টাকাকড়ি কম-বেশী হওয়ায় জেলা ম্যাজিষ্ট্রেট দৈনন্দিন কাজ চলার উপযুক্ত ৫ লক্ষ টাকার কারেন্সী নোট ও নগদ প্রায় অর্দ্ধ লক্ষ টাকা পৃথক রাখিয়া অবশিষ্ট সমস্ত টাকাকড়ি সিন্দুকে তালাবদ্ধ করিয়া শীলমোহর করিয়া দেন। তিনি আদেশ দেন যে, পূজার বন্ধে ৮ই অক্টোবর তারিখ হইতে সমস্ত টাকাকড়ি পুঙ্খানুপুঙ্খরূপে গণনা করিয়া তাঁহার সম্মুখে চার্জ দিতে হইবে। ট্রেজারীর সহকারী মিঃ ... কয়েক দিনের ছুটী প্রার্থনা করেন, কিন্তু তাহা নামঞ্জুর হয়। ৭ই অক্টোবর রাত্রে সহকারী মিঃ ... হঠাৎ উধাও হন। তাঁহার বাড়ীর লোকেরা বলেন যে, তিনি মজঃফরপুর গিয়াছেন এবং বৈকালের গাড়ীতে ফিরিয়া আসিবেন বলিয়া গিয়াছেন। ১১ই তারিখ পর্য্যন্ত তাঁহার কোন খোঁজ পাওয়া যায় না। ১১ই তারিখে সহকারী মিঃ ... পাটনা হইতে জেলা ম্যাজিষ্ট্রেটের নিকট টেলিগ্রাম করেন যে, পরদিন প্রাতঃকালে তিনি তাঁহার (জেলা ম্যাজিষ্ট্রেটের) বাড়ীতে হাজির হইবেন। ১২ই তারিখে সহকারী হাজির হইয়া নাকি স্বীকার করেন যে, ট্রেজারীতে ৫ লক্ষ ৮০ হাজার টাকা ঘাটতি আছে। তাহার পর এস পি ও পুলিশের নিকটও না কি তিনি দোষ স্বীকারোক্তি করেন। তাঁহাকে গ্রেপ্তার করিয়া হাজতে পাঠান হয়।

[illegible]

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

গ্রন্থাকারে প্রকাশিত—

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ২৪৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। [illegible]-আচরণ ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-সংহতি ৷৵০
২২। তত্ত্ব-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষা ।০
২৭। মুক্তাফলটীকা [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিন-দর্পণ ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। [illegible] /০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। [illegible] /০
৪৬। [illegible] /০
৪৭। সদাচারস্মৃতি ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ৷১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থখণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয় ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ [illegible]
৫৭। শ্রীশোপনিষদ্ (সানুবাদ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেব ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিভূতিঃ ।০
৬৩। [illegible]-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। স্তবরত্নম্ ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৷৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৷/০
৬৭। নারায়ণবর্ম্মন্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ [illegible] অব বেদান্ত ।০
৭০। [illegible] /০
৭১। বেদান্ত—ইট্‌স্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস্ ৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপ্ল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ১।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১২৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু /১০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ; পোঃ শ্রীমায়াপুর, নদীয়া.
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—অধ্যাপক শ্রীল [illegible] সরস্বতী গোস্বামী [illegible] সম্পাদিত ইংরাজী পাক্ষিক; [illegible] প্রকাশিত হয়। সডাক [illegible] ভিক্ষা ৩।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি [illegible] সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। [illegible] মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।০।

৪। পরমার্থী—[illegible] ভাষায় সম্পাদিত উৎকল পাক্ষিক। [illegible] হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ,
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

নির্ম্মল শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে জগৎ মহাগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
ডবল-ক্রাউনের প্রকাণ্ড রয়াল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৩০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

১৬শ বর্ষ ৩ দামোদর গৌরাব্দ ৪৫১, ৫ই কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৪, ২২শে অক্টোবর ইং ১৯৩৭, শুক্রবার } ১২তম সংখ্যা

আচার্য্য-প্রসঙ্গ

পূর্ণিমাতে উর্জ্জব্রত আরম্ভের প্রথম দিবসে শ্রীশ্রীল আচার্য্যদেব কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে গত ১৯শে অক্টোবর মঙ্গলবার প্রত্যুষে ৬ঘটিকায় শ্রীমঠের নাটমন্দির প্রাঙ্গণে আসিয়া শ্রীনামিকার হরিনাম গ্রহণ এবং মঙ্গলারাত্রিক দর্শন করেন। মঙ্গলারাত্রিকের পর তিনি পঞ্চতত্ত্ব নাম কীর্ত্তন করেন এবং পরে শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের জীবনী পাঠ করিয়া শ্রোতৃবর্গকে শ্রবণের সুযোগ প্রদান করেন।

উর্জ্জব্রতকালে শ্রীল আচার্য্যদেব শ্রীগৌড়ীয়মঠে আগত সকল বিশিষ্ট ভক্তগণের নিকট নিয়তই হরিকীর্ত্তন করিতেছেন।

শ্রীধামে বৈষ্ণবধর্ম্ম-সমাগম

গৌড়ীয়দিগের অন্যতম সম্পাদক গৌড়ীয়দর্শনাত মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু গত ১৭ই অক্টোবর শ্রীধাম-মায়াপুরে লণ্ডন হইতে প্রথম শুভবিজয় করিলে ঐ দিবস এবং তৎপর দিবস একটী বিশেষ সভায় তাঁহাকে শ্রীধামবাসী ভক্তবৃন্দ অভিনন্দিত করেন।

গত ১৭ই অক্টোবর সভার পর গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু বৈষ্ণবদিগের শ্রীযুক্ত হরিপদ দাসাধিকারী বি-এস-সি মহোদয় সহ কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে শ্রীধাম-মায়াপুরে শুভাগমন করেন।

গত ১৮ই অক্টোবর শ্রীপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু শ্রীপাদ সুন্দরানন্দ প্রভু, শ্রীযুক্ত হরিপদ বাবু ও অপর বয়োবৃদ্ধ শ্রীধামবাসী ভক্তসহ প্রত্যুষে সংকীর্ত্তন-সহযোগে শ্রীচৈতন্যমঠ হইতে রওনা হইয়া বেলা ৯॥০ ঘটিকায় মোদদ্রুমদ্বীপে শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের শ্রীপাটে শুভবিজয় করেন। সংকীর্ত্তনযোগে শ্রীমন্দির পরিক্রমান্তে শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু মহাভাগবত ও ভক্তবৃন্দের নিকট শ্রীচৈতন্যভাগবত আদিখণ্ড প্রথম অধ্যায় পাঠ করেন। পাঠের পর ভক্তগণ ভোগারাত্রিক কীর্ত্তন ও মহাপ্রসাদ সম্মান করেন। শ্রীপাদ গোস্বামী প্রভু শ্রীমঠের সেবাকার্য্যাদি পরিদর্শন ও ভক্তগণকে উৎসাহিত করিয়া বেলা ২॥০ ঘটিকার সময় সংকীর্ত্তন পরিচালন করিতে করিতে তথা হইতে নৌকাযোগে রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠাভিমুখে রওনা হন। রুদ্রদ্বীপ গৌড়ীয়মঠে বহুক্ষণ যাবৎ সংকীর্ত্তন ও শ্রীমন্দির পরিক্রমা হয়। তথাকার ভক্তগণকেও উৎসাহিত করিয়া গোস্বামীজী অপরাহ্ণ ৫॥০ ঘটিকায় শ্রীচৈতন্যমঠে প্রত্যাবর্ত্তন করেন এবং সায়ংকালে সংকীর্ত্তন সহযোগে শ্রীল প্রভুপাদের সমাধিমন্দিরে আরাত্রিক দর্শন করেন।

ঐদিন উর্জ্জব্রতের অধিবাস দিবস। সভার পর শ্রীচৈতন্যমঠের অধিবাসন নাট-মন্দিরে শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু 'শ্রীশ্রীমদ্ভাগবতার্কমরীচিমালা' গ্রন্থের প্রথম কিরণের প্রমাণ নির্দ্দেশক প্রথম শ্লোক—"জন্মাদ্যস্য যতঃ" পাঠ ও ব্যাখ্যা করেন। তাঁহার সর্ব্বান্তঃপাতী পাঠ ও ব্যাখ্যা শ্রবণ জন্য শ্রীধামবাসী সকল ভক্ত এবং পার্শ্ববর্ত্তী গ্রামের কতিপয় সম্ভ্রান্ত ব্যক্তি তথায় উপস্থিত ছিলেন।

গত ১৯শে অক্টোবর বেলা ১০ ঘটিকায় শ্রীপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু, শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু, শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী কৃতিরত্ন প্রভু, হরিপদ দাসাধিকারী প্রভৃতি কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে শুভবিজয় করেন।

শ্রীত্রিদণ্ডিগৌড়ীয়মঠে শ্রীবাসুদেববিগ্রহসহ শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু

বিশ্বভক্তিপ্রচার-প্রতিষ্ঠান শ্রীগৌড়ীয়-মিশনের পাশ্চাত্যে ভারপ্রাপ্ত প্রচারক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু Mr. W. H. Burchett সহ গত ৩।১০।৩৭ তাং পুরী হইতে কটক যাইবার সময় শ্রীত্রিদণ্ডিগৌড়ীয়মঠের সেবকবৃন্দ পুষ্পমাল্যাদি সহ তাঁহাদিগকে ষ্টেশনে অভিনন্দিত করেন। মঠসেবকগণের অনুরোধে গোস্বামী প্রভু গত ৫।১০।৩৭ তাং ৩টার কটক হইতে শ্রীশ্রীবাসুদেববিগ্রহ সহ প্রত্যাবর্ত্তনকালে ভুবনেশ্বর ষ্টেশনে অবতরণ করিলে শ্রীশ্রীগৌরভক্ত-বৈষ্ণব ও গোস্বামী প্রভুর ভক্তগণসহ তাঁহাকে অভ্যর্থনা করিয়া শ্রীমঠে আনয়ন করেন। পরে শ্রীমঠের ভুবন-মাধবী এবং তথাকার শ্রীশ্রীভুবনেশ্বর জীউকে দর্শন করাইয়া স্থানীয় শ্রীবিন্দু-সরোবরের দক্ষিণদিকের ঘাটে শ্রীবাসুদেব-বিগ্রহকে স্নান করাইয়া শ্রীশ্রীঅনন্তবাসুদেব-মন্দিরে উপস্থিত হন। শ্রীশ্রীঅনন্ত-বাসুদেবের সেবক পাণ্ডা গোস্বামী প্রভুর গলদেশে প্রসাদী মাল্য প্রদান করেন। শ্রীশ্রীভগবানের মহারাত্রিকের পর শ্রীশ্রীগৌরবাসুদেব-বিগ্রহকে দর্শন জন্য বহু লোক উপস্থিত হন। শ্রীমঠসেবকগণের পক্ষ হইতে গোস্বামী প্রভুকে একটী অভিনন্দন প্রদান করা হয়। অভিনন্দন-পাঠান্তে গোস্বামী প্রভু একটী বক্তৃতা করেন। সভাতে বহু লোকের আগমন হইয়াছিল। সভাভঙ্গের পর কলিকাতা গভর্ণমেণ্ট আফিসের উচ্চতম কর্মচারী শ্রীযুক্ত বীরেন্দ্রনাথ ঘোষ মহাশয় কয়েকটী প্রশ্ন উত্থাপন করিলে গোস্বামী প্রভু প্রাঞ্জলভাষায় শাস্ত্রপ্রমাণসহ তাঁহার প্রশ্নের সদুত্তর প্রদান করেন। তৎপর ৮টার সময় শ্রীমঠ হইতে রওনা হইয়া ভুবনেশ্বর ষ্টেশনে উপস্থিত হন। গোস্বামীজী তথাকার স্থানীয় অবসরপ্রাপ্ত এক্সাইজ সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত [illegible] ও শ্রীযুক্ত রাধানন্দ দাস মহোদয়ের নিকট প্রায় অর্দ্ধ ঘণ্টা হরিকথা কীর্ত্তন করেন। সজ্জনের প্রচার বিষয়ও তাঁহারা অবগত হন এবং শ্রীবাসুদেববিগ্রহ দর্শন করেন। তৎপর গোস্বামী প্রভু রাত্রি ৯টার এক্সপ্রেসে কলিকাতা অভিমুখে যাত্রা করেন।

সাত্বতবিধানে শ্রাদ্ধ

শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্য-মঠাশ্রিত ঢাকা জিলার হটাঘোলা পোষ্ট অফিসের অধীন জগদীশপুর গ্রামনিবাসী ঢাকা রায় সাহেবের বাজারের মার্চেণ্ট শ্রীপাদ [illegible] দাসাধিকারী মহোদয় গত ২৫শে আশ্বিন সোমবার দিবস ঢাকা শ্রীমাধবগৌড়ীয় মঠে তদীয় পরলোকগতা সহধর্ম্মিণীর শ্রাদ্ধকার্য্য শ্রীপাদ ভাগবত ব্রহ্মচারী প্রভুর পৌরোহিত্যে সাত্বত-স্মৃতি শ্রীহরিভক্তিবিলাসের বিধানানুসারে সম্পন্ন করিয়াছেন। এতদুপলক্ষে বহু বৈষ্ণব-ব্রাহ্মণ ও সজ্জন ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

এই কুকর্ম্ম হয় পাপের প্রধান। অনুতাপে কৃষ্ণ কৃপা করেন তৎক্ষণে॥

জীবের দেহ ভগবন্মন্দির—চেতনময় মন্দির, ইট, কাঠ, পাথর দিয়া গড়া মন্দিরে লেপ বা লেখা প্রভৃতি অর্চা রাখা হয়। ভগবদ্ভক্তের চিন্ময় দেহ-মন্দিরে শ্রীভগবান নিত্য বিরাজমান

৬ষ্ঠ খণ্ড

শ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ দামোদর তিথি গৌরাব্দ ৪৪১

শ্রীভক্তিসিদ্ধান্ত-বাণী

—:০:—

শ্রীগুরুতত্ত্ব

আমরা লঘু হইতে লঘু, তদপেক্ষাও লঘু। আর গুরুপাদপদ্ম—যিনি বৃহত্তম সেবা করেন, তিনি বৃহৎ হ'তে বৃহৎ, তদপেক্ষাও বৃহৎ। শ্রীগুরুদেব মুকুন্দপ্রেষ্ঠ। তিনি কৃষ্ণের সর্ব্বশ্রেষ্ঠ সেবা করেন ব'লে কৃষ্ণের প্রিয়তম। ভগবানের যাবতীয় প্রিয়গণের মধ্যে আমার মঙ্গলদাতা গুরুদেব সর্ব্বাপেক্ষা অধিক প্রিয়তম। গোস্বামি-ঠাকুর—যাঁরা এতে বাস ক'রে ছলেন, তাঁদের বিচারে পাই, কৃষ্ণই একমাত্র বিষয় আর সকলেই আশ্রয়। বিষয় ও আশ্রয়ের মেলেই লীলা সংঘটিত হয়। শ্রীগুরুপাদপদ্ম সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ আশ্রয়; শ্রীগুরুদেবকে আশ্রয়-জাতীয় ভগবদ্বিচার ক'রতে হ'বে।

শ্রীগুরুদেবে যাঁহাদের পাঁচ প্রকার বিচার প্রতিষ্ঠিত। যাঁ'রা মধুর রসে ভগবদ্ভজন করেন, তাঁ'রা গুরুপাদপদ্মকে আত্ম বার্ষভানবী ব'লেই জানেন। যাঁ'রা বাৎসল্য রসের প্রার্থী, তাঁ'রা শ্রীগুরুপাদপদ্মকে নন্দ-যশোদাদির প্রকাশবিশেষ ব'লেই জানেন। যাঁ'রা সখ্যরসের প্রার্থী, তাঁ'রা শ্রীগুরুপাদপদ্মকে শ্রীদাম, সুদাম প্রভৃতি কৃষ্ণসখা ও তাঁ'দের প্রভু নিত্যানন্দের প্রকাশবিশেষ ব'লেই জানেন। যাঁ'রা দাস্যরসের সেবক, তাঁ'রা শ্রীগুরুপাদপদ্মকে রক্তক-পত্রক-চিত্রকাদি নন্দের ভৃত্যবর্গের প্রকাশবিশেষ ব'লেই জানেন। আর যাঁ'রা শান্তরসের সেবক, তাঁ'রা শ্রীগুরুপাদপদ্মকে যমুনা-নীর, গো-বেত্র-বিষাণ-বেণু প্রভৃতির প্রকাশ ... জানেন। ... গুরুপাদ ... শ্রী ... ।

করেন, তিনি মূল আশ্রয়বিগ্রহ বা বিষয়-বিগ্রহ।

অনর্থযুক্ত অবস্থায় ও অনর্থমুক্তাবস্থায় শ্রীগুরুদেবের দর্শনভেদ আছে। অনর্থযুক্তাবস্থায় ভোগ্যজাতীয় দর্শন ও অনর্থমুক্তাবস্থায় সেব্যদর্শন। শ্রীগুরুপাদপদ্ম যে প্রকার সেবা করেন, তদাশ্রিতগণেরও সেই প্রকার বিচার থাকবে। আমি এক দিকে চললাম, আর শ্রীগুরুপাদপদ্মের ইচ্ছা অন্যরূপ, তাহ'লে অভক্তি হ'য়ে গেল। শ্রীরূপগোস্বামী প্রভু কৃপা করে আমাকে এমন কৃপা ক'রুন, যেন আমার এমন যোগ্যতা হ'ক যে, আমি রূপানুগ পথের অনুসরণ ক'রব।

আগেই আমরা লৌকিক গুরু বা দৈহিক গুরু হ'তে চাই; সাধনভক্তির পূর্ব্বে ভাবভক্তি দেখাতে চাই। পাছে উঠতে না উঠতেই এক কাদি! সাধনের নামে ভোগের জন্য ও ত্যাগের জন্য ত' অনেক যত্ন করলাম, কিন্তু কৃষ্ণের ইন্দ্রিয়-তুষ্টির জন্য কি যত্ন ক'রেছি? এ বনে আমার মত তাল, সে বনে তার মত তাল, এ রকম পরস্পরে বিবাদ দেখে যদি মনে করি আমি নির্জ্জন ভজন ক'রব, সেখানেও যে বিপদ! জিজ্ঞাসা করি—আমার ইন্দ্রিয়গুলির প্রতিই বা এমন কি বিশ্বাস আছে? আমি যে আমাকে মনে মনে সর্ব্বাপেক্ষা বেশী ঠিক ব'লে মানছি তার কি তাৎপর্য আছে? কর্ম্মপথে, জ্ঞানপথে ও যোগপথে অসুবিধা আছে ব'লে ভগবদ্ভক্তিই সর্ব্বাপেক্ষা সুগম পথ, কিন্তু তাতেও আবার কোটী কণ্টক। যদি ভগবান্ চৈতন্যদেব বুদ্ধি ভাল ক'রে না দেন, তবে লোকের সঙ্গে কেবল ঝগড়া ক'রব, নিজের বা পরের কা'রও মঙ্গল ক'রতে পারব না। বাস্তব বস্তুর ছায়া এ জগৎ। বিবর্ত্তনই সংসার। আমার ভোগ্য পদার্থ ও কৃষ্ণের ভোগ্যপদার্থ সমজাতীয় নহে। যেমন এ জগতে দেখি পিতৃভোগ্যা (মাতা) আমার ভোগ্যা নহে।

সকলেই হরিভজন করছেন, আমিই করতে পাচ্ছি না, এই বিচার না আসলে মহতের পাদপদ্মে শ্রদ্ধা কখনও হয় না। শ্রীগুরুদেব আবার তাতেই নানা অসম্পূর্ণতা-দোষে দুষ্ট ও অনভিজ্ঞ মর্ত্ত্য জীব অথবা আমাপেক্ষা কিঞ্চিৎ শ্রেষ্ঠ—এই বিচার আসলেই বিশের প্রভু হ'য়ে গেলাম। তখন ভগবদ্ভজন (?) সব চুলোয় গেল।

যিনি আমাকে প্রতি পদে পদে কি ক'রে কৃষ্ণসেবা করতে হয়, কি ক'রে আশ্রয়জাতীয় ও বিষয়জাতীয়ের সেবা করতে হয় তা শিক্ষা দেন, সর্ব্বদা অনুকূল বিষয়-জ্ঞান জানিয়ে দেন, তিনিই গুরুদেব।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

পাশ্চাত্যদেশে গৌড়ীয়-বাণী-প্রচারের ভারপ্রাপ্ত সেবকবর গৌড়ীয়-মিশনের সহকারী সভাপতি, গৌড়ীয়-সম্পাদক, শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার অন্যতম সম্পাদক মহা-মহোপদেশক শ্রীমদ্ভক্তিপ্রদীপ গোস্বামী-প্রভুর পাশ্চাত্যদেশ হইতে বঙ্গদেশে প্রথম প্রত্যাগমনোপলক্ষে

অভিনন্দন-আরতি

-::(০)::-

শ্রীচৈতন্যবাণীর অপ্রাকৃত দূত! জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত-সরস্বতী গোস্বামি-প্রভুপাদ তাঁহার অপ্রকট-লীলাবিষ্কারের পূর্ব্বে আপনাকে সমগ্র পাশ্চাত্যপ্রদেশে গৌড়ীয়বদনের বাণীপ্রচারের ভারপ্রদানের নিদর্শনরূপে 'আপন দশার মালা' এবং গোবর্দ্ধন, গণ্ডকী ও গোমতী' চক্রত্রয় স্বহস্তে আপনাকে প্রদান ক'রিয়া, একসঙ্গে আপনাকে তাঁহার শ্রেষ্ঠতম উৎকলপুরুষোত্তম পর্য্যন্ত লইয়া গিয়া, আপনাকে লণ্ডনের পথে পৌঁছাইয়া দিয়া আপনি যে "দূরেকন্তে পুরুষোত্তমাৎ"—এই বাস-বাণীর সেবক, ও শ্রীচৈতন্য-বাণীর বিজয়-বৈজয়ন্তী-বাহক প্রভু-শক্তিসঞ্চারিত শ্রীরূপানুগ নিজ-জন, তাহা সকলকে জানাইয়া দিয়াছিলেন।

হে রূপানুগ অপ্রাকৃত ভক্তি-সারঙ্গ! আপনি গত বৎসর শ্রীব্যাসদেবের বিজয়োৎসব ও গৌড়ীয় সম্প্রদায়ের পূর্ব্বগুরু ভগবৎপাদাচার্য্য শ্রীল আনন্দ-তীর্থ মধ্বমুনির আবির্ভাব-তিথি-পূজার প্রাক্কালে শ্রীমাধ্ব-গৌড়ীয়-সম্প্রদায়-সংরক্ষক আচার্য্যবর্য্যের অনুবন্ধ্যা করিয়া গত ১লা নভেম্বর অর্থাৎ শ্রীল প্রভুপাদের অপ্রকট-লীলাবিষ্কারের ঠিক দুইমাস পূর্ব্বে লণ্ডন যাত্রা করিয়াছিলেন। আবার শ্রীব্যাসদেবের বিজয়োৎসব ও শ্রীমধ্বাবির্ভাবের প্রাক্কালেই পাশ্চাত্যদেশে শ্রীভক্তিবিনোদ-বাণীর বিজয়-বৈজয়ন্তী উড্ডীন করিয়া প্রত্যাবর্ত্তন করিলেন। গৌড়ীয়-মিশনের যিনি জীবাতু-স্বরূপ, আমাদের সকলের সেই জীবনসর্ব্বস্ব শ্রীশ্রীল প্রভুপাদ গুরু-কৃষ্ণ-ভোগলোলুপ জগতের দুর্দ্দশা দেখিয়া আজ স্বেচ্ছায় প্রকট-লীলা সংগোপন করিয়াছেন। শ্রীল প্রভুপাদ তাঁহার অপ্রকট লীলাবিষ্কারের কএকদিবস পূর্ব্বে (২১।১২।৩৬ তারিখে) দয়ালাবী লীলায় অভিনয় করিয়া যে শেষ পত্রটি আপনার নিকট লিখিয়াছিলেন, তাহাতে তিনি বিভিন্ন ব্যক্তির অন্তর্নিহিত অভিলাষসমূহ শ্রীরূপানুগবৈভব-চিত্তবৃত্তি ও একায়ন-পন্থী শ্রীরূপ নিজ-জনগণের বিচারের কথা জানাইয়াছিলেন। আপনি শ্রীরূপানুগ-পথে আরূঢ় বলিয়া আপনার নিকট শ্রীল প্রভুপাদ শ্রীরূপপাদপদ্মের অপ্রাকৃত সাহিত্যের বৈশিষ্ট্য কীর্ত্তন করিয়াছিলেন। বাহ্য দৃষ্টিতে আপনি তখন অতি দূরদেশে অবস্থান করিলেও শ্রীল প্রভুপাদের পাদপদ্মের সহিত আপনার হৃদয়ের যোগ-সূত্র সংযুক্ত ছিল। আপনি তাঁহার শেষ চরমবাণী শ্রবণ করিয়াছেন।

হে গোষ্ঠবিহারি! আপনার অপ্রাকৃত গুরু-গৌড়ীয়-গৌরাঙ্গ সেবার ফলস্বরূপ ম্লেচ্ছদেশেও অচিন্ত্য অলৌকিক-ভাবে শ্রীবাসুদেব-বিগ্রহ শ্রীল মাধবেন্দ্র-পুরীর প্রেমসাধ্য গোপালের মত পূর্ব্বাহ্নে স্বপ্নপ্রদান ও আপনার জিহ্বা-প্রাঙ্গণে অপ্রাকৃত শ্রীনামের নৃত্য করাইয়া লণ্ডন নগরের ওয়েষ্ট কেনসিংটন্ পল্লীতে গত ২রা আষাঢ় বুধবার প্রকট হইয়াছেন। আর একটি অলৌকিক বিষয় এই যে, সেইদিন কলিকাতা-গৌড়ীয়মঠের ভক্তবৃন্দ শ্রীশ্রীল প্রভুপাদের মুখ্যাভিষিক্ত ও নির্দ্দিষ্ট বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্য পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুকে আচার্য্যাসনে অভিষিক্ত করিতেছিলেন। ঠিক সেইদিন আশ্রয় ও বিষয়বিগ্রহ শ্রীবাসুদেবের আত্ম-প্রকাশে প্রাচ্য ও পাশ্চাত্যদেশে যোগসূত্র স্থাপিত হইয়াছে।

হে নিত্যানন্দাত্মজ পতিতপাবন প্রভো! শ্রীশ্রীল প্রভুপাদ আপনাকে 'সত্যানন্দের অনুজ অর্থাৎ বংশধর এবং ভক্তিসার-পালকারী গোস্বামী বলিয়া আমাদিগকে জানাইয়াছেন। শ্রীহরিভক্তি-বিলাসের ধৃত বিলাসোক্ত বিচারানুসারে ম্লেচ্ছদেশেও গোমতী-গোবর্দ্ধন-গণ্ডকী-বিগ্রহ একনিষ্ঠায় অর্চ্চন-সেবা প্রচার, আর শ্রীবাসুদেব-মহাপ্রভুর প্রাকট্যে যাহা "বিষ্ণোঃ দুরাধ্যশির পুরুষাঃ……… ইত্যাদি ভক্ত একবিংশতি মঞ্জু"—এই তাৎপর্য্যের দ্বিতীয় শ্লোকোক্ত বাক্যের সার্থকতা ও আপনার পতিতপাবন নাম বোধগম্য হয়। শ্রীল প্রভুপাদ আপনার প্রতি ঐ সকল কথার নিদর্শন প্রদর্শন করিয়াছেন। তাই আপনি শ্রীল প্রভুপাদের "বাঁহাদের অক্ষরার্থ থাকিয়াও সদা দহ দাব"—এই প্রভুপাদ প্রচারের আদর্শ প্রদর্শন করিয়া আত্ম-নিষ্ঠ

কৃষ্ণ যারে দেন নিজ চিচ্ছক্তির বল। যারা আকর্ষণ হাতে লইয়া দুর্ব্বল।

বাসুদেব প্রভুর আনুগত্যে বিরচিত বাসুদেব-মহাপ্রভুর নাম-কীর্ত্তন ও লণ্ডন-বাসুদেব-গৌড়ীয়মঠে শ্রীল প্রভুপাদের নির্দ্দেশিত বিষ্ণু-মন্দির-নির্ম্মাণে ব্রতী হইয়াছেন। কেবল তাহাই নহে, আপনি এই অল্প সময়ের মধ্যে সর্ব্বত্র আপনার অলৌকিক প্রভাব, সম্পদ্ ও সহকারি-বিহীন হইয়া একাকী কেবলমাত্র শ্রীগুরু-পাদপদ্ম কৃপা সম্বল করিয়া তদ্দেশীয় [illegible] ব্যক্তিকেও শ্রীচৈতন্যবাণী-বিগ্রহরূপে প্রকাশিত করিয়াছেন। আপনা-স্বপ্রকাশিত তদ্দেশীয় এক মূর্ত্তিমন্দিরা [illegible] আজ আপনার অবস্থানে এই [illegible]-শ্রবণ-সদনে আলোকিত সৌভাগ্য লাভ করিয়াছেন।

হে অপ্রাকৃত বাগ্মিবর! আপনি অতি অল্প সময়ের মধ্যে লণ্ডনে শ্রীচৈতন্যবাণীর যে সেবা-কার্য্য করিয়াছেন, তাহা অদ্ভুত ও অভূতপূর্ব্ব। গত ২২শে জুন বর্ত্তমান মহামান্য ভারত-সম্রাট্, সম্রাজ্ঞী ও সম্রাট্-জননী মহামান্যা মেরী মহোদয়ার নিকট বাকিংহাম রাজ-প্রাসাদে স্বয়ং আপনি শ্রীচৈতন্যবাণী কীর্ত্তন করিয়াছেন। ২৬শে এপ্রেল লণ্ডনের সুপ্রসিদ্ধ ক্যাক্সটন হলে ভারত-সচিব লর্ড জেট্‌ল্যাণ্ড মহোদয়ের সভাপতিত্বে আপনি 'ভগবদ্ভক্তি' সম্বন্ধে এক অপূর্ব্ব অভিভাষণ এবং ৭ই জুলাই International Assembly of World Fellowship of Faiths" নামক সভার অধিবেশনে লণ্ডনের City Temple এ "Fellowship of Worship' সম্বন্ধে অভিভাষণ প্রদান করিয়া কেবল সমগ্র ভারতের গৌরব বৃদ্ধি নহে, প্রাচ্য ও পাশ্চাত্যের মধ্যে মহা মঙ্গলের এক বাস্তব যোগসূত্র রচনা করিয়াছেন। অতঃপর ২৩শে জুলাই বিশ্বধর্ম্ম মহাসভার (World Congress of Faiths) অক্সফোর্ড টাউনহলে "World's need of Religion" সম্বন্ধে এক গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করিয়াছেন। অক্সফোর্ড কলেজে কালকাদের ভারত ও পারস্য সংস্থার অপূর্ব্ব যৌক্তিক-সৌলভ্য ব্যাখ্যা-প্রভাবে অক্সফোর্ডের সজ্জনমণ্ডলীর চিত্তজগতে এক যুগান্তর সূচনা করিয়াছে। এতদ্ব্যতীত আরও বহু সাধারণ স্থানে বিভিন্ন বিষয়ে আপনি বহু বক্তৃতা প্রদান করিয়াছেন। লণ্ডন-বাসুদেব-গৌড়ীয়মঠে আপনার প্রাণস্পর্শিনী হরিকথা কীর্ত্তনে, বহু সজ্জন-মণ্ডলীর সহিত আলাপ-আলোচনায় ও শ্রীবিগ্রহের অর্চ্চন-কীর্ত্তনে সর্ব্বক্ষণ মুখরিত হইয়াছে।

হে ভক্তিবিনোদ-গৌর-বাণী-সেবকবর! পরমারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদের অপ্রকটের পর বর্ত্তমান দিনের পূর্ণভক্তি-শুদ্ধি সংরক্ষণার্থ, কনক-কামিনী-প্রতিষ্ঠা-কিঙ্করগণের কবল হইতে সম্পূর্ণ নির্ম্মুক্ত ও [illegible] লোকজনকে [illegible] গৌড়ীয়দিগনের অভিনবত্ব [illegible] সুপ্রতিষ্ঠিত করিবার জন্য শ্রীল প্রভুপাদের বিরহে জীবন্মৃত সেবকগণকে আশা ভরসা ও উৎসাহের আলোক প্রদানের জন্য অভিনব শ্রীবাসুদেব-দাসের আদর্শ স্বরূপ প্রাকট্যের জন্য, গৌড়ীয়মিশনের পরিচালকসঙ্ঘের সহকারী সভাপতিরূপে আপনি আজ অল্প সময়ের জন্য ভারতে শুভ পদার্পণ করিয়াছেন। আপনি পাশ্চাত্ত্য প্রদেশের বহু সজ্জনশিরোমণি ব্যক্তির হৃদয় আকর্ষণ করায় আপনার ভারতে প্রত্যাবর্ত্তনের প্রাক্কালে তদ্দেশীয় বহু সজ্জন সম্মিলিত ব্যক্তি আপনাকে বিদায় অভিনন্দন প্রদানমুখে পুনরায় আপনার [illegible] জন্য অকৃত্রিম প্রীতি প্রকাশ করিয়াছেন। কাজেই ভারতে আপনাকে আমরা খুব বেশীদিন পাইবার আশা করিতে পারি না। বিশেষতঃ শ্রীল প্রভুপাদ যখন আপনাকে 'মিশনারি ইন্‌চার্জ অব ইউরোপ এণ্ড আমেরিকা'রূপে অভিহিত করিয়া তদ্দেশে শ্রীচৈতন্যবাণীর একমাত্র দূতরূপে নিয়োগ করিয়াছেন, তখন আমরা 'মার্কিনদেশেও যেন গৌড়ীয়ের বিজয় বিস্তৃতি লাভ করে'— শ্রীল প্রভুপাদের এই মনোহভীষ্ট আপনার দ্বারা সার্থকতামণ্ডিত হইবে—এই আশাবন্ধ পোষণ করিতেছি। নিত্যভক্তগণের চিত্তস্রোতে খচিত উজ্জ্বল শ্রীকৃষ্ণচৈতন্য[illegible] পাদপদ্মদ্বয় নিত্যানন্দাত্মক বৈষ্ণবগুরুবর্গের উৎসাহ আচরিত হইবে। 'অনর্পিতচর [illegible] ভক্তিবিনোদধারা কখনও রুদ্ধ হইবে না।' সমগ্র পৃথিবীতে অপ্রাকৃত শ্রীচৈতন্যবাণী-প্রচারফলে 'বাসুদেবানন্দ[illegible]' ধারা আচরিত [illegible] সহস্র সহস্র [illegible] ব্যক্তি গৌরনামের [illegible] হরিপ্রেমের বন্যায় সংস্নাপন করিবে—অপ্রাকৃত নিত্যানন্দের প্রতিষ্ঠিত হইবে। আমরা আজ এই আশা ভরসা লইয়া আপনার অপ্রাকৃত পাদপদ্মে অভিনন্দিত করিতেছি। আপনি আমাদের সশ্রদ্ধ সাদর প্রণতি গ্রহণ করুন।

শ্রীহরিজনবৈষ্ণবদাসানুদাস

শ্রীচৈতন্যমঠের সেবকবৃন্দ

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পারমার্থিক সম্পূর্ণ [illegible]

ভিক্ষা ঃ—১ম খণ্ড—৵০; ২য় খণ্ড—১৷; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০ আনা

প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর

আমার কর্ত্তব্য কি ?

(শ্রীসত্যব্রত দাসাধিকারী)

যে পর্য্যন্ত না আমি কি বস্তু, আমার স্বরূপ কি স্থিরীকৃত হইবে, সে পর্য্যন্ত আমার প্রকৃত কর্ত্তব্য নির্দ্ধারিত হইতে পারে না।

এখন দেখা যাউক যে—আমি কি বস্তু এবং আমার স্বরূপ কি? আমরা—আমার দেহ, আমার মন ইত্যাদি কথা বলিয়া থাকি, তাহাতে কি প্রমাণিত হয় যে আমি দেহ বা মন? না, তাহা হইতে পারে না। কেন না, যদি বলি যে আমার কাপড়, আমার ঘর, তাহাতে যেমন আমি কাপড় এবং ঘর না হইয়া তাহা হইতে সম্পূর্ণ স্বতন্ত্র ও পৃথক্ বস্তু বলিয়া প্রতীয়মান হই তদ্রূপ আমার দেহ, আমার মন—এই হিসাবে আমি যে দেহ ও মন হইতে সম্পূর্ণ স্বতন্ত্র ও পৃথক্ বস্তু তাহা আমার এই ক্ষুদ্র বুদ্ধিতেও বুঝিতে বাকী থাকে না। যদি আমার দেহটাই আমি হই তাহা হইলে আমার পিতা-মাতার দেহটাই আমার পিতা মাতা হইবে। যদি তাহাই হয় তবে পিতামাতার দেহ হইতে যখন আত্মাটী চলিয়া যায় তখন আত্মজ পিতামাতার মৃত দেহকে পোড়াইলে পিতৃমাতৃহত্যাজনক পাপ হইবে না কি? কই তাহা ত' হয় না। দেখা যাউক, এখন শাস্ত্রে আমার স্বরূপ সম্বন্ধে কি বলে।

"ন জায়তে ম্রিয়তে বা কদাচি-
ন্নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ।
অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে॥"
(গীতা ২।২০)

'আমি' বলিয়া যে বস্তুটী তাহার নাম জীবাত্মা। এই জীবাত্মা অজ অর্থাৎ জন্মরহিত, নিত্য অর্থাৎ সকল কালেই বর্ত্তমান (দেহের ন্যায় অনিত্য ও জন্মমরণশীল নহে); ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান, এই কালত্রয় তাঁহাকে ধ্বংস করিতে পারে না, তাঁহার জন্ম-মৃত্যু নাই; অথবা পুনঃ পুনঃ তাঁহার উৎপত্তি কি বৃদ্ধি হয় না; তিনি পুরাতন অথচ নিত্য নবীন; তিনি কিছুতেই হত হন না; জন্মমরণশীল শরীরের সহিত তাঁহার কোন স্বরূপসম্বন্ধ নাই।

বাসাংসি জীর্ণানি যথা বিহায়
নবানি গৃহ্ণাতি নরোঽপরাণি।
তথা শরীরাণি বিহায় জীর্ণা-
ন্যন্যানি সংযাতি নবানি দেহী॥
(গীতা ২।২২)

[illegible] যেমন জীর্ণ বস্ত্র পরিধান [illegible] জীবাত্মা বা দেহীও তেমনি জীর্ণ দেহ ত্যাগ করত অভিনব দেহধারণ করিয়া থাকে।

"নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি
পাবকঃ।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি
মারুতঃ॥"
(গীতা ২।২৩)

এই জীবাত্মা অস্ত্র-শস্ত্রাদিতে ছিন্ন হন না, অগ্নিতে দগ্ধ হন না। জলে ক্লেদিত হন না এবং বায়ু দ্বারাও শুষ্ক হন না।

ভূমিরাপোঽনলো বায়ুঃ খং
মনো বুদ্ধিরেব চ।
অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা॥
অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে
পরাম্।
জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে
জগৎ॥
(গীতা ৭।৪-৫)

সর্ব্বশক্তিসম্পন্ন ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে বলিয়াছেন,—আমার অপরা বা জড়া প্রকৃতি ভূমি, জল, অগ্নি, বায়ু, আকাশ, মন, বুদ্ধি ও অহংকার এই আটভাগে বিভক্ত; এতদ্ব্যতীত আমার আর একটী পরা প্রকৃতি আছে। সেই প্রকৃতি চৈতন্যস্বরূপা (জীবভূতা তটস্থাশক্তি)। সেই শক্তি হইতে জীবসমূহ নিঃসৃত হইয়া জড়জগৎকে ভোগ্যরূপে গ্রহণ করিয়াছে।

উক্ত অপরা বা জড়া প্রকৃতি ভূমি, জল, অগ্নি, বায়ু ও আকাশ হইতে আমার পাঞ্চভৌতিক স্থূল শরীরটি, মন, বুদ্ধি অহংকার হইতে লিঙ্গ বা সূক্ষ্ম শরীরটি পাইয়াছি। উভয় দেহই অনিত্য। স্বীয় স্বতন্ত্রতার অপব্যবহারের ফলস্বরূপ এই দুইটী আবরণ আমাকে একেবারে গ্রাস করিয়া ফেলিয়াছে।

বস্তুতঃ আমি সর্ব্বকারণের কারণ, সকল আদির আদি সর্ব্বেশ্বর সচ্চিদানন্দবিগ্রহ ভগবান্ শ্রীকৃষ্ণের চৈতন্যস্বরূপা পরা প্রকৃতি হইতে প্রকাশিত হইয়াছি। আমি চেতন হইয়াও অত্যন্ত ক্ষুদ্র বলিয়া চঞ্চল

মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ।
মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি প্রকৃতিস্থানি কর্ষতি॥
(গীতা ১৫।৭)

সর্ব্বকারণকারণ স্বরাট্ লীলা-পুরুষোত্তম শ্রীকৃষ্ণ বলিয়াছেন, জীব সকল আমার বিভিন্নাংশ ও নিত্য অর্থাৎ ঘটাকাশাদির ন্যায় কল্পিত নয়। এই প্রপঞ্চে বদ্ধ হইয়া জীব প্রকৃতিস্থিত মন ও পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, এই ছয়টী ইন্দ্রিয়কে স্বকীয় ভববোধে বহন করিয়া থাকে।

(ক্রমশঃ)

রাধাকে পিছনে রাখি' কৃষ্ণ পানে চায় [illegible] চিত্তে কৃষ্ণপাদপদ্ম পায়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্য মঠ-মূলমঠ

প্রাচীন নবদ্বীপ, ঠাকুর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রহ-রাজি-প্রচারকরে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, প্রধানতঃ চৈতন্য-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও চারখানি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ নবীনচন্দ্র রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীহরেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিপিনকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ চাঁদগর, (বর্দ্ধমান)

শ্রীরামানন্দ ঠাকুর বৃন্দাবনের পাট

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্দ্দনমোহন ব্রহ্মচারী।

(১৪) জয়দেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) সুবর্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিবল্লভ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রহ্মচারী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীকুঞ্জবিহারী মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধবগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মণ্ডল-মহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর. পোঃ ঢাকা

রক্ষক—শ্রীবনমালী ব্রহ্মচারী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীঅতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অকল্যান্ড, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিহার, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীমহেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক—শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৪২নং কবিরপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) একাদশানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীকেশবাবর

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণ মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) কাম্য গৌড়ীয়মঠালয়

পোঃ কাম্য, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ জোতোল, জেলা গুরুদাসপুর (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং লেমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়র ট্যাঙ্ক রোড, ক্যাম্বালাল বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীভক্তগৌরাঙ্গসার্ব্বভৌমগিরিধারীর সেবা রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাধারমণ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী জেলা (মাদ্রাজ)

শ্রীশ্রী গুরুগৌরাঙ্গরাধাকৃষ্ণ-গিরিধারী সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যারত্ন

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিকিশোর দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশপড়ি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণ ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ বালু (বাঁকুড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রহ্মচারী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম ম

পোঃ রাখবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ফুলবেড়িয়া, পোঃ চিরুলিয়া, (বাঁকুড়া)

রক্ষক—শ্রীজয়নাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

গ্লাষ্টার নং ২

৫১, ভার্ণনরোড

হ্যাম্পটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎপ্রভুপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

কলিকাতার বাজার দর।

১লা অক্টোবর, ১৯৩৭

চাউলের দর

দেশী মিহি চাউল—

	প্রতি মণ
দাদখানি	৬॥০
ঝুনা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭॥০
বাঁকতুলসী	৫॥০
বাদশা নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
এক্সেল কোয়ালিটি	৯৲
সিদ্ধ বেগুন	৩৸৶০

আতপ—

নূতন আতপ	৪৲—৪॥০
পেশোয়ারী	১০৲-১০॥০
বাঁকতুলসী আতপ	৫॥০-৫॥৶
ঐ বাবরি	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫॥০-৫॥০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৶০

চিনির দর

রিফাইন, টাইপ	১০৷৴০
দরিপুর ১০০০ নং	১০/০
মাদকোলা দানা	৯॥০
কাশীপুর দানা	৮॥০—৮৶০
কাশীপুর লাল	৬৸৶০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি	
গিনি	৩৩॥০
টাকশালের বার	৩২৲
সভরেন	৫২॥০
রূপিবার	

পাটের দর

সাতক্ষে—	৪০৸০
নির্দেশ—	৪০৸০
উত্তম—	৪১॥০
বাজার বন্ধের সময়—	৪১৲

কাঠা ও অড়হর দর

দেশী মালা প্রতি মণ	৬॥০—৬৸৶০
লোকশাহী ঐ	৬৲—৬৶০
চাউলকোল ঐ	৫৸৶০—৫৸০
মুগী	৬৲—৬৶০
কাটা (মি)	৫৸০—৫৸৶০
কাটা নং (২)	৫৶০—৫৷৴০
কাটা (লাল)	৫৲—৫॥০
কাটা (বেলে)	৪৸০—৪৸৶০
কাটা নং (৩)	৪৸০—৪৸৶০
সোনাই	৪৸৶০—৪৸০
চুকি	১॥৶০—১॥৶০

গুড়ের দর

ঝোলা	৫৭৲
মাদারী	৫৭৲
সুন্দরী	৫৭৲
কাঠী	৪৫৲

পাটিয়ার	৪৸০
ভুরা	৪৬৲
লাবুলে	৩৬৲
বাজা বাতাসা	৩১৸০

লোহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী—	দর প্রতি হন্দর
লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)	
মার্কা	৯৶০—৯৷৴
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮॥০
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৷৴
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৶০
বরগা (টি আয়রণ)	৮॥০—৯৲
এঞ্জেল আয়রণ (কোনা)	৮৷৶০—৮৸০
টাটা গ্যাঃ করগেট সিট।	৷৶০
২৪ গেজ—	১৪॥০
২৬ গেজ—	১৬॥০
২৮ গেজ—	১৫॥০
টাটা গ্যাঃ প্লেন সীট।	
২৪ গেজ—	১৪৸৶০
২৬ গেজ—	১৬৷৶০
২৮ গেজ—	১৬৸৶০
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৬৸০
২৬ গেজ—	১৪৸০
গ্যাঃ বল্টু ২৪—৩০ গেজ	
সীস	৷৶১০—৸৶০
বাজার বেরা কাঁটা তার (বার্বিড)	১৭৲
শ্রেট কাটিং বা ফিট কাটা দর	৩॥০—
গাদি কাটিং ৩—৯ ফুট দরা	
	৯॥০—৬॥০ হন্দর
গোল বড় কাটিং দরা ১—৩ইঞ্চ	৯৲—১০৲
ঐ ৩—১০ ঐ	৯॥০—১০॥০
টিন পাটি, বোল্টু, নাট্ ইত্যাদি	৮৲—৯৲
গোল রড বি-ইনকোল ও কয়েলিকেটর	
দর	৮৸০—১১॥০

নং ইস্পাত আনুমানিক ৪৬৲, নকল ২১৲

ঠেকনের হাতল ৫৶০, পাটের হাতল ৬॥০

কুলার হাতল ৪॥০

তুলের দর

কলিকাতা ২৬শে জুন,

আমেদ লোলার কাইন	৫৪৲
সিট ও আমেদাবাদ	৪০৲
করাচি পুরানো কাইন	৪৩৲
আমেরিকা ধোয়া	৫৩৲
ঐ কাইন	৫১৲

রেশমের দর

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
পাকা মাল	৮৲
সুপারী সেদ্ধ	১৬॥০—১৭৲
কাটা সুপারী	১০॥০—১১॥০
গোটা বরিশাল	১৫॥০—১৭॥০
নয়া নূতন পাটনাই	১৭৲—১৮॥০

জগজ্জ্যোতি কুমার অধিকারী

এণ্ড কোং লিঃ

৮-৫ অখিল ধর্ম সোসাইটি, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম–মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে : বিদ্যালয় ও বোর্ডিং এর প্রকাণ্ড বাড়ী। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। ছাত্রদের খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছে।

মেধাবী ছাত্রগণের আশাতীত সুবিধা

পরীক্ষায় যাহারা শতে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট।

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ের সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়,

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮,	১৯—
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—৩৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৩৫	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—৪২

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপঘাট :	ছাঃ	৫-৩৫	৯-২৫	১১-৪৩	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫০	৯-৩৩	১১-৫৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠভরণের

বেহালার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় দুর্বল পল্লীবাসীর প্রাণরক্ষায় একমাত্র উপায় বলিয়াই ইহার জনপ্রিয়তা অধিক। বিশেষ দীর্ঘ সময় ম্যালেরিয়া এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিলে এ্যারূপ অন্য ঔষধ সেবনের আবশ্যক হয় না। মূল্য বড় শিশি ৮০ আনা, ছোট বোতল ১৶০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অত্যুজ্জ্বল জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত পুস্তকাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যের ভক্তোত্তম অন্যতম সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৬০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

প্রকা

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্তী দিনের
প্রতিকলমে প্রতি লাইনে ।০	।৵০	।৵০	।০	
" " ইঞ্চি ১	১।০	১।০	১৲	
সিকিকলম ৫৲	৪৲	৪৲	৩৲	
" অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৬৲	
এক কলম ১৫৲	১০৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৩	৪।০
সিকি কলম ১০৲	১২৲
অর্দ্ধকলম ২৫৲	২০৲
এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	

প্রতি সংখ্যা /৫; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম এ মহোদয়ের গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল। আবাহন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের তত্ত্বসম্বন্ধ পাঠে ধন্য হউন। এই গ্রন্থে কবিতা ও আকৃতীর প্রচুর মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য দার্শনিক প্রসঙ্গ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ডবল ক্রাউন আকারে প্রায় ৭০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), গ্রন্থকার ও প্রকাশকের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংক্ষিপ্ত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১২, বার টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।৬নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKAS

[illegible] শ্রীমায়াপুর [illegible]

শ্রীবিদ্ [illegible] ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের [illegible] প্রবর্ত্তিত

[illegible] শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের [illegible] আকরমঠ শ্রীচৈতন্যমঠাচার্য্য শ্রীশ্রীমদ্ [illegible] প্রভু কর্ত্তৃক পরিচালিত

ভারতের [illegible] নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৬ই কার্ত্তিক, ১৩৪৪, ২৩শে অক্টোবর, ১৯৩৭, শনিবার [সংখ্যা ১৯৩]

বিবিধ সংবাদ

——(০)(০)——

সাংহাইয়ের উত্তরে চীনাদের বিপুল সৈন্যসমাবেশ

সাংহাই এর ঠিক উত্তর দিকে উহাং থাকিয় বলিয়া জাপানীরা যাহাতে আর অগ্রসর হইতে না পারে সেজন্য চীনা সৈন্যাধ্যক্ষগণ বহু সৈন্য সমাবেশ করিয়াছেন। ঐখানে জাপ-বাহিনীর [illegible] তাহাং [illegible] যাইবার জন্য আবার চেষ্টা করিতেছে।

জাপ সমর বিভাগের এক মুখপাত্র বলিয়াছেন যে, সাংহাই, হ্যাঙ্কো ও মার্বিক-এর মধ্যবর্ত্তী স্থানটিতে এখন চীনের ৫৫টি ডিভিসন আছে। প্রত্যেক ডিভিসনের সৈন্য সংখ্যা ১০ হাজার।

ঘোষণা করা হইয়াছে যে সকালেই বোমা ও গোলাগুলীর আঘাতে আকস্মিক [illegible] ১৫ই অক্টোবর পর্য্যন্ত অসামরিক অধিবাসী মারা গিয়াছে সর্ব্বশুদ্ধ ২৫০৭ জন এবং আহত হইয়াছে ২৩৫৫ জন। ১৯৩২ সালের সমরে মারা গিয়াছিল ৭১ জন এবং আহত হইয়াছিল ১৯০২ জন।

চীন সীমান্তে জাপানের নূতন রাষ্ট্র প্রতিষ্ঠা

জাপানের একটি আধা সরকারী ইস্তাহারে বলা হইয়াছে যে, চীন ও মঙ্গোলিয়ার মধ্যে একটি নব [illegible] রাষ্ট্র প্রতিষ্ঠার আয়োজন চলিতেছে। এই নূতন রাষ্ট্রে [illegible] [illegible] [illegible] রাজধানী প্রতিষ্ঠা করিয়াছে। [illegible] জাপানীরা চীনাদের নিকট [illegible] এই নূতন [illegible] করিয়াছে।

তাতাংএর উত্তর পশ্চিমে প্রচণ্ড সংগ্রাম চলিতেছে। এই সংগ্রামে জাপানীদের উপর চাপেই কেটংগোয়ানের ভাগ্য নির্ভর করিতেছে চীনারা বিপুল সৈন্য সমাবেশ করিয়াছে। তাহারা এই দাবী করিতেছে যে, তাহারা জাপানীদের অগ্রগতি রোধ করিয়াছে এবং তাহাদের আক্রমণে শত্রুপক্ষের বহু সৈন্য হতাহত হইয়াছে।

উত্তর ভারতে প্রবল ভূমিকম্প

২০শে অক্টোবর সকাল ৬-৫৫ মিনিটের সময় সিমলায় তীব্র ভূকম্পন অনুভূত হইয়াছে। ভূমিকম্পের ফলে দরজা জানালা কাঁপিতে থাকায় বেশ শব্দ হইতে থাকে এবং লোকজন ভীত হইয়া বাড়ীর বাহিরে আসিয়া রাস্তায় দাঁড়ায়। বহুদিনের মধ্যে সিমলাতে এইরূপ কম্পন হয় নাই। পার্ব্বত্য অঞ্চলের সর্ব্বত্রও ভূমিকম্প হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

সিমলা সহরের এবং উহার উপকণ্ঠে অবস্থিত কয়েকটি বাড়ীর চিম্নী পড়িয়া গিয়াছে। কয়েকটী বাড়ীর দেওয়ালও পড়িয়া গিয়াছে এবং পুরাতন বাড়ীগুলি বাসবাসের অযোগ্য হইয়া গিয়াছে। মীরাট, লাহোর, অমৃতসর, দেরাদুন ও নয়াদিল্লীতে অল্প কম্পন অনুভূত হইয়াছিল।

আবিসিনিয়ার রাজধানী

আদিস্ আবাবা এখন যে স্থানে অবস্থিত তাহা অপেক্ষা নীচু জায়গায় আবিসিনিয়ার নূতন রাজধানী নির্ম্মাণের প্রস্তাব সিনর মুসোলিনী বাতিল করিয়া দিয়াছেন। ইতালীয় পূর্ব্ব আফ্রিকার রাজধানীরূপে আদিস আবাবার অবস্থান সম্বন্ধে বহু দিন ধরিয়া তর্কবিতর্ক চলিতেছিল; সিনর মুসোলিনীর সিদ্ধান্তে তাহার পরিসমাপ্তি হইল।

আবিসিনিয়া জয়ের পর ইতালীয় অধিবাসীরা দেখে যে, দুঢ় হৃদযন্ত্র ও ফুসফুস যাহাদের আছে, এমন সব ইউরোপীয়ই শুধু ৯ হাজার ফুট উঁচুতে বাস করিতে পারে।

কংগ্রেস সভাপতির আসাম ভ্রমণ

আগামী ৩রা নভেম্বর কংগ্রেস সভাপতি গৌহাটী পৌঁছিবেন এবং তথা হইতে আসামের প্রধান প্রধান স্থান পরিভ্রমণে বাহির হইবেন। এক সপ্তাহ কাল তিনি আসামে থাকিবেন। তিনি আসাম প্রদেশের বর্ত্তমান রাজনীতিক অবস্থা পর্য্যবেক্ষণ করিবেন।

আসামে অবস্থান কালে পণ্ডিতজী ১০।১২টি জনসভায় বক্তৃতা করিবেন। কেন্দ্রীয় ব্যবস্থা পরিষদের কংগ্রেসী সদস্য শ্রীযুক্ত কুলধর চালিহা পণ্ডিতজীর সঙ্গে থাকিবেন। বাবু রাজেন্দ্রপ্রসাদও কংগ্রেস সভাপতির সঙ্গে ভ্রমণ করিতে পারেন। পণ্ডিতজী এই সর্ব্বপ্রথম আসামে যাইতেছেন।

লাঠীর কাণ কাটা

[illegible] জেলায় [illegible] থানার এক কাণ কাটার এজাহার পড়িয়াছে।

প্রকাশ, [illegible] নামক এক ব্যক্তি একটী [illegible] [illegible] করিবার জন্য [illegible] দাবের করে। [illegible] [illegible] [illegible] হইলে [illegible] নামক এক ব্যক্তির [illegible] ছিল। এই জন্য [illegible] [illegible] চলিতে থাকা অবস্থাতেই [illegible] এবং [illegible] ব্যক্তি একখানি [illegible] দিয়া [illegible] কাণ কাটিয়া লইয়া যায়।

পাঞ্জাবের অস্ত্রশস্ত্র প্রাপ্তি ও অপহরণ

১৯৩৬ সালে পাঞ্জাবে যে সকল অস্ত্র অপহৃত হইয়াছে এবং হস্তগত হইয়াছে তাহার একটা সরকারী হিসাব পাওয়া গিয়াছে। এ সালে পুলিশ যে সকল অস্ত্র হস্তগত করিয়াছে, ইহাতে দেখা যায় যে ৩৫টি বোমা, ৫৩টী রাইফেল, ১০৬ বন্দুক, ৭৮টি রিভলভার ৭৮টী পিস্তল ও ৮০২টী কার্তুজ পাওয়া গিয়াছে। উহার মধ্যে ৫১টি রাইফেল, ৯১টি বন্দুক, ১৫টি রিভলভার ৭০টি পিস্তল ও ২৯টি বোমা দেশীয় প্রস্তুত।

২৪টি বোমা পরীক্ষার জন্য প্রেরণ করা হইয়াছে।

অক্টোবর মাসে [illegible] জেলায় ৩০টী রাইফেল, ৭টী দোনালা বন্দুক, ১২টী বন্দুক দুইটী একনালা বন্দুক পাওয়া গিয়াছে।

লাহোরের [illegible] আন্দোলনের সময় [illegible] জেলার ম্যাজিষ্ট্রেটের আপোষে মালে [illegible] রিভলভার, ১৫টি বন্দুক, ১৩টি রিভলভার, ২০৯টী কার্তুজ অপহৃত হইয়াছে।

ফিরোজপুর জেলায় ৩৩টী দেশীয় প্রস্তুত পিস্তল ও রিভলভার পাওয়া গিয়াছে। এই জেলায় বহু বোমাও পাওয়া গিয়াছে। উহার আদেশ অমান্য করিয়াছিল বলিয়া তখন ১৭৫৮টা [illegible] হস্তগত করা হয়।

কোহাট পাসের [illegible] বহু ক্যাক্টরী আছে, ঐ সকল ক্যাক্টরী হইতেও পাঞ্জাবে সে-সকলকে [illegible] আমদানি হইয়া থাকে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ১৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। তাৎপর্য্য বিবৃতি শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। তাৎপর্য্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। ব্রাহ্মণ-আদর্শ ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-সাহিত্য ৶০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল বঙ্গ-ভাষা ।০
২৭। মুক্তিসারিকা গুণলেশস্তবঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্চ্চনপঞ্চক /০
৪৭। সদাচারস্মৃতিঃ /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ /১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। ভজনমুকুরাবলী বা বাবাজীভজনমুকুলী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণলেখ ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-নিবন্ধমূলম্ ।০
৬৪। ভক্তবন্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৵০
৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ /০
৬৭। সুবাসোপনিষদ্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। সামতত্ত্ব /০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী য়্যাণ্ড অণ্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্লড্স ৴০
৭৩। সাইক য়্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইয়োরোপিক প্রিন্সিপলস য়্যাণ্ড য়্যাপ্লায়েড রিলিজন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভলুম্ ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু /১০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি ৶০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

গৌড়ীয় ও অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, শ্রীচৈতন্যমঠ হইতে প্রকাশিত হয়। সডাক ৫ টাকা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক মূল্য সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—ডিমিডিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। বৈদিমানা শ্রীগৌ মঠ হইতে প্রকাশিত, মূল্য সডাক ১।০।

৪। পরমার্থী—উৎকল ভাষায় একমাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক মূল্য সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

———:০:———

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পঞ্জিকার প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উৎকৃষ্টরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে ; ভিক্ষা
৩৲ টাকা।



১২শ বর্ষ ৪ দামোদর গৌরাব্দ ৪৫১, ৬ই কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৪, ২৩শে অক্টোবর ইং ১৯৩৭, শনিবার } ১২৩শ সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

—:*:—

শ্রীমাধবগৌড়ীয়মঠের উৎসব পঞ্জী

গত ৩০শে আশ্বিন শনিবার হরিবাসর দিবস মঙ্গলারাত্রিক ও উষাকীর্ত্তন সমাপনান্তে শ্রীপাদ নিতাইদাস বাগানকার প্রভু শ্রীচৈতন্য-ভাগবত পাঠ করেন। তৎপরে প্রাতঃ ৬টার সময় শ্রীমাধবগৌড়ীয়মঠ হইতে একটী বিরাট্ নগর-সংকীর্ত্তন-শোভাযাত্রা শ্রীমতি পাদপদ্মকে অগ্রণী করিয়া বাহির হয়। সংকীর্ত্তন-শোভাযাত্রা শ্রীমঠ হইতে বাহির হইয়া সিকাটুলী, জনসনরোড, ঠাটারী বাজার, নবাবপুর রোড, বানীটোলা, তাঁতিবাজার, শাখারিবাজার, জনসনরোড, পাতলাখাঁর গলি, কে, বি, গুপ্ত লেন, লক্ষ্মীবাজার, সূত্রাপুর, ঠাকুরদাস লেন, কাঠের পুল লেন, ঝুলনবাড়ী, হৃষীকেশ দাস রোড ও নারিন্দারোড হইয়া শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করেন। পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদ ঝুলনবাড়ীতে যে-স্থানে একদা "ভাগবত" শ্লোকের ব্যাখ্যা করেন, সংকীর্ত্তন-শোভাযাত্রা সেই স্থানে উপস্থিত হইয়া কীর্ত্তন-নর্ত্তন করেন। শ্রীপাদ যাযাবর মহারাজ তথায় "শ্রীগুরুচরণপদ্ম" "যে আনিল প্রেমধন" প্রভৃতি মহাজনগীতি কীর্ত্তন করিয়া শ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্মে আর্ত্তি জানাইয়া দেন। অনন্তর ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ শ্রীমদ্ মহারাজ শ্রীশ্রীল প্রভুপাদের তথায় অবস্থানের একদাকার শ্রীমদ্ভাগবত ব্যাখ্যার কথা উল্লেখ করিয়া শ্রীল প্রভুপাদ ঢাকাবাসী জীবকে ভাগবতবাণী—নিত্যমঙ্গলের বাণী শ্রবণ করাইয়া তাঁহাদের প্রতি কিরূপ অমন্দোদয়-দয়ার নিদর্শন প্রকাশ করিয়াছেন তদ্বিষয়ে একটি চিত্তাকর্ষিণী বক্তৃতা প্রদানপূর্ব্বক সকলের আনন্দ বিধান করেন। ইহার পরে ছায়াচিত্রযোগে শ্রীপাদ ভক্তিসৌরভদাস শ্রীকৃষ্ণলীলা প্রদর্শন করেন। নবনির্ম্মিত নাট্যমন্দিরে বহু লোকের সমাগম হইয়াছিল।

সন্ধ্যারাত্রিকের পর শ্রীমাধবগৌড়ীয়মঠের নাট্যমন্দিরে একটী বিরাট্ সভায় শ্রীপাদ যাযাবর মহারাজ প্রথমে কিছুক্ষণ শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। তদনন্তর শ্রীপাদ ভক্তিবিবেক প্রভু এক ঘণ্টারও অধিককাল ছায়াচিত্রযোগে শ্রীশ্রীকৃষ্ণলীলা প্রদর্শন পূর্ব্বক বক্তৃতা দ্বারা সকলকে বুঝাইয়া দেন। সভায় উপস্থিত প্রায় তিনশত পুরুষ ও মহিলা বিশেষ আগ্রহের সহিত ছায়াচিত্র দর্শন ও বক্তৃতা শ্রবণে আনন্দ লাভ করিয়াছেন।

ঐ দিবস (৩০শে আশ্বিন) একজন স্থানীয় বিশিষ্ট পেন্সনপ্রাপ্ত কর্ম্মচারী 'বৈষ্ণবের ব্যবহার বৈষম্য' সম্বন্ধে শ্রীপাদ শ্রৌতী মহারাজের নিকট প্রশ্ন করেন। মহারাজের শ্রীমুখে প্রায় একঘণ্টাকাল তাঁহার প্রশ্নের শাস্ত্রযুক্তিপূর্ণ সদুত্তর শ্রবণে ভদ্রলোকটী বিশেষ পরিতুষ্ট হন।

———

বেরহামপুরে গোস্বামীজীকে সম্বর্দ্ধনা

শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু লণ্ডন হইতে ফিরিবার পথে মাদ্রাজ ও কভূর হইয়া পুরীতে আসিবার কালে বেরহামপুর ষ্টেশনে তথাকার স্থানীয় গঞ্জাম জেলার বিভিন্ন স্থানের বহু বিশিষ্ট সজ্জন স্ত্রী-পুরুষ বালক-বালিকানির্ব্বিশেষে সমবেত হইয়া সংকীর্ত্তন সহকারে সুগন্ধ কর্পূর এবং পুষ্পমাল্যাদি দ্বারা শ্রীপাদ গোস্বামীজীকে সম্বর্দ্ধনা করেন। তাঁহাদিগের অভিনন্দনের প্রতিদানে শ্রীপাদ গোস্বামীজী লণ্ডনে শ্রীবাসুদেব-বিগ্রহের প্রাকট্য সম্বন্ধে একটী নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। এতদুপলক্ষে রেলের কর্ত্তৃপক্ষের নির্দ্দিষ্ট সময়েরও অধিককাল পর্য্যন্ত ডাকগাড়ী ষ্টেশনে দাঁড় করাইয়া রাখিতে হইয়াছিল। ঐ দিন অভিনন্দনের জন্য ষ্টেশনে উপস্থিত ব্যক্তিবর্গের মধ্যে কতিপয়ের নাম প্রদত্ত হইল:—কবিরাজ শ্রীমধুসূদন শর্ম্মা, কবিরাজ শ্রীবৈদ্যনাথ শর্ম্মা, কবিরাজ শ্রীপ্রকাশচন্দ্র শর্ম্মা, শ্রীরাজগোপাল মূর্ত্তি, শ্রীজগন্নাথ পট্টনায়ক, শ্রীসোমনাথ সৎপতি, শ্রীবনবিহারী মূর্ত্তি, শ্রীলক্ষ্মীধর প্রধান, শ্রীগৌরহরি পট্টনায়ক, শ্রীরঘুনাথ দাশ, শ্রীদামোদরচৈতন্য দাসাধিকারী, শ্রীউর্দ্ধনাথ দাসাধিকারী, শ্রীগোপীনাথ সাহু, শ্রীগোবিন্দচন্দ্র দাশ, শ্রীনিবাস পট্টনায়ক, শ্রীনরহরি বেহারা, শ্রীযুক্ত কৃষ্ণমূর্ত্তি সেনাপতি প্রভৃতি।

গয়ায় প্রচার

গত ১৪ই অক্টোবর বৃহস্পতিবার শ্রীমন্মধ্বাচার্য্যের আবির্ভাব মহামহোৎসব উপলক্ষে শ্রীবিষ্ণুপাদপদ্মের সন্নিকটবর্ত্তী স্থানীয় শ্রীমধ্বাচার্য্য-বিদ্যাপীঠের পণ্ডিতমণ্ডলী কর্ত্তৃক আহূত হইয়া গয়া গৌড়ীয়-মঠের সেবকবৃন্দসহ মঠরক্ষক পণ্ডিত শ্রীপাদ রূপবিলাস ব্রহ্মচারী বি-এ মহোদয় উক্ত স্থানে উপস্থিত হন এবং সমাগত পণ্ডিতমণ্ডলীর নিকট বৈষ্ণবের অপ্রতিহত মাহাত্ম্য, বৈষ্ণবের কৃপাবৈভব এবং শ্রীমন্মধ্বাচার্য্যের বিচারপ্রণালী সম্বন্ধে বক্তৃতা করেন। বক্তৃতার আদি ও অন্তে শ্রীভুবনমোহন দাসাধিকারীর মধুরকণ্ঠে শ্রীগুরুবন্দনা, শ্রীগুরুপরম্পরা ও বিষ্ণু-বৈষ্ণবে শরণাগতিবিষয়ক কীর্ত্তন হয়।

বক্তৃতা এবং কীর্ত্তনান্তে সেবকবৃন্দ বিদ্যাপীঠের রক্ষক মহোদয়ের সহিত মহানন্দে, "গৌর আমার যে সব স্থানে করল ভ্রমণ রঙ্গে" প্রভৃতি কীর্ত্তন করিতে করিতে বহুবার পরিক্রমা করেন।

———

ভাগলপুরে প্রচার

শ্রীগৌড়ীয় মঠের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারীজী গত ৩০।৯।৩৭ তারিখে ভাগলপুরে এ, এন্ বিশ্বাস মহাশয়ের বাটীতে শ্রীচৈতন্য-চরিতামৃত পাঠ ও ব্যাখ্যামুখে হরিবাসর-তিথি পালনের উদ্দেশ্য কি, ভক্তিলতা-বীজ কি প্রকারে কৃষ্ণচরণ-কল্পবৃক্ষে আরোহণ করে এবং ঐ ভক্তিলতা-বীজ বৈষ্ণবাপরাধ দ্বারা নষ্ট হইয়া যায় এবং উপশাখা-স্বরূপ লাভ, পূজা, প্রতিষ্ঠাদি উৎপন্ন হইলে মূল শাখা স্তব্ধ হইয়া যায় ইত্যাদি বিষয় অতি সহজ ও সরল ভাষায় কীর্ত্তন করেন। তাঁহার বিচারপূর্ণ ব্যাখ্যা শ্রবণে শ্রোতৃবৃন্দ অতিশয় সন্তুষ্ট হন।

পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়

জীবের দেহ ভগবন্মন্দির—চেতনময় মন্দির ; ইট, কাঠ, পাথর দিয়া গড়া মন্দিরে লেপা, দেখা প্রভৃতি অর্চ্চা রাখা হয়। ভগবদ্-দেহ চিন্ময় দেহ-মন্দিরে শ্রীভগবান্ নিত্য বিরাজমান।

(বক্তৃতাবলী ৪র্থ খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ও বিষ্ণুপাদ
শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী
গোস্বামি-ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

[illegible] বাসোধর অধ্যায় শ্রীগৌরপাদ্দ গৌরাব্দ ৪৫১

মৃত্যুর পর জন্মকথা

জন্মিলেই মরিতে হইবে। আমাদের মৃত্যু যেরূপ নিশ্চিত এরূপ নিশ্চিত আর অন্য কিছুই নাই। কিন্তু দুঃখই আমাদের মরণ হইলে পড়ায় মৃত্যুর পরের কথা আমাদের চিন্তনীয় বিষয় হইতেছে না। মৃত্যুর পর অনন্তকাল পড়িয়া আছে, সুতরাং তাহাতে উদাসীন হওয়া বুদ্ধিমান্ ব্যক্তির কার্য্য নয়। মৃত্যুর পরে আমরা কি ভাবে কোথায় যাইব, আমাদের কত কর্ম্মফলের বিচার এবং তৎফল এই পৃথিবীতেই শেষ হইবে, না অন্য কোথাও হইবে, অন্যত্র হইলে সেই স্থান স্থূল না সূক্ষ্ম, তথাকার সম্বন্ধ ব্যবধান দূরে কি আছে প্রভৃতি বিষয় জীব প্রত্যক্ষ বিষয়ের অতীত। অতএব তাহা এই মানব অন্তঃকরণ অবধারণ অসমর্থ। আমরা ক্রমশঃ এই সকল কথা আলোচনা করিতে চেষ্টা করিব। আজ আমরা মৃত্যুর পরে জীব কোথায় যায় ও কিরূপে পুনরায় তাহার জন্ম হয়, এই কথাই কিঞ্চিৎ দিগ্‌দর্শন করিব।

যিনি সমস্ত অবতারের বীজ-স্বরূপ, যাঁহা হইতে বিষ্ণু, ব্রহ্মা ও রুদ্রের উদ্ভব, সেই হিরণ্যগর্ভ, অন্তর্যামী ও কারণার্ণব, সহস্র-মস্তক, সহস্র-বদন, সহস্র চরণ ও সহস্র-নয়ন গর্ভোদকশায়ী বিষ্ণু অনন্ত ব্রহ্মাণ্ড সৃজন করিয়া সব অণু ও সব মূর্ত্তিতে প্রবেশ করেন। তিনি বিরাট-দেব-রূপ জ্যোতির্ময় মূর্ত্তি করিয়া সেই জলে পর্য্যন্ত আবৃত করিয়া গর্ভ-সাগরে দিব্য বৈকুণ্ঠের প্রকাশ পূর্ব্বক শেষ-শয়ন-রূপে অনন্ত-শয্যায় শয়ন করিয়া বিরাজ করেন। আর ঊর্দ্ধ অধোভাগে ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপঃ ও সত্য এই সাতটী ঊর্দ্ধ লোক এবং তল, অতল, বিতল, সুতল, তলাতল, রসাতল ও পাতাল—এই সাতটী পাতাল বা অধঃলোক এরূপে চতুর্দ্দশ ভুবন সৃষ্টি করেন। ঐগুলি সবই হরি বিমুখ লোক। এখানে হরিবিমুখ জীবগণ কর্ম্মফলানুসারে গতাগতি করিয়া থাকেন।

এ জগতে কর্ম্মী অর্থাৎ ভোগী, জ্ঞানী ও যোগী এই তিন প্রকার ত্যাগী বা মুমুক্ষু এবং ভক্ত এই তিন শ্রেণীর লোক দেখা যায়। ভূঃ (পৃথিবী), ভুবঃ ও স্বঃ (স্বর্গ) — এই ত্রিবিধ লোক সকাম পুণ্যকারী গৃহীদিগের প্রাপ্য স্থান। পাপিগণের প্রাপ্য স্থান—নরক ও প্রেত-ভূতাদি অধঃলোক। আর মহঃ, জন, তপঃ ও সত্য—এই চারিটি লোক অমৃত অর্থাৎ নৈষ্ঠিক ব্রহ্মচারী, বানপ্রস্থ ও যতিদিগের প্রাপ্য। যাঁহারা নিষ্কাম স্বধর্ম্মাচারী গৃহস্থ, তাঁহারাও মহর্লোকাদি চতুষ্টয়ে গমন করেন। উপকুর্ব্বাণ অর্থাৎ যাঁহারা নির্দ্দিষ্ট সময় গুরুগৃহে বাস করিয়া গুরুসেবা সাধনপূর্ব্বক সমাবর্ত্তন করেন, তাঁহাদের প্রাপ্য স্থান মহর্লোক, নৈষ্ঠিক ব্রহ্মচারী অর্থাৎ যাঁহারা আজীবন গুরুগৃহে অবস্থান পূর্ব্বক ব্রহ্মচর্য্য ব্রত পালন করেন, তাঁহারা মৃত্যুর পর জনলোক এবং যতিগণ সত্যলোকে গমন করেন। সকাম হইলেও সকলকেই সেই সেই স্থান ভোগ করিয়া পুনর্জন্ম লাভ করিতে হয়। আর যাঁহারা নিষ্কাম তাঁহারা তাঁহাদের পাপাপুণ্য ভোগ করিয়া কর্ম্মবন্ধন মুক্ত হন। এই গেল কর্ম্মীর ও ভোগিগণের মৃত্যুর অব্যবহিত পরে কর্ম্মফলানুসারে প্রাপ্য স্থানাদির কথা।

জ্ঞানী ও যোগিগণ দেহান্তে নির্বিশেষ-গতি প্রাপ্ত হন। নির্বিশেষ পরমপদই ইঁহাদের প্রাপ্য। ইঁহাদের মধ্যে কেহই সবিশেষ পরমপদ লাভ করিতে সমর্থ হন না। এই 'পরমপদ' বলিতে বিষ্ণুর সেবা-প্রাপ্তি নহে, পরন্তু সত্যলোকাতীত অবস্থা-বিশেষ বুঝিতে হইবে। যোগিগণ যোগেশ্বর অবস্থাপ্রাপ্ত অষ্টাঙ্গযোগ ফলে অষ্টবিধ সিদ্ধি ভোগ করিতে করিতে শান্ত হইলে মুক্তি-লাভ করেন। এবং জ্ঞানিগণ দেহান্তে মুক্তিলাভ করেন ; ইহার নাম সযোজ্যমুক্তি বা আত্যন্তিক দুঃখ-নিবৃত্তি, ইহা 'সূক্ষ্ম হিরণ্যগর্ভ-রূপে স্বপ্রকাশমূর্ত্তি'-রূপ স্বরূপে অবস্থান বা সেবা-সহিত প্রকৃত মুক্তি নহে। ভগবৎপাদপদ্মকে অস্বীকার করায় সকল ইঁহাদের পতন অবশ্যম্ভাবী, কিন্তু সিদ্ধ বা প্রকৃত মুক্তগণের আর পতন নাই। এই উভয় প্রকার মুমুক্ষুগণের গতি বৈকুণ্ঠের বাহিরে সিদ্ধলোক বা ব্রহ্মলোক পর্য্যন্ত। সবিশেষ চিন্ময় ধামে তাঁহাদের প্রবেশাধিকার নাই। কিন্তু যাঁহারা ভগবানের সেবা করেন, তাঁহাদের বৈকুণ্ঠে ভোগ বা মোক্ষ বিষয়ীর বৈষম্য দুর্ভাগ্য নাই, সেই সকল ভক্তাভিলাষরহিত ভাগ্যবান্ প্রপঞ্চ পরিত্যাগমাত্রেই বৈকুণ্ঠলোক প্রাপ্ত হন।

সকাম ও নিষ্কাম-ভেদে ভগবদ্ভক্তও আবার দ্বিবিধ : সবিশেষ পরমপদই তাঁহাদের প্রাপ্যস্থান। সকাম ভক্তগণ ভোগ-পূর্ব্বক প্রাকৃতজগতের শেষসীমায় সমীপবর্ত্তী বৈকুণ্ঠ অর্থাৎ গর্ভোদশায়ী বিষ্ণুলোকে, যে সকল ভোগ আছে তাহা আস্বাদন করিতে করিতে বিশুদ্ধ ভগবৎ-সেবা-কাম হইয়া সবিশেষ পরমপদরূপ পরব্যোম নামক বৈকুণ্ঠে গমন করেন। এখানে প্রশ্ন হইতে পারে যে, ভোগাধিকারের সহিত ভোগ কি প্রকার হইতে পারে? উত্তর এই যে যাঁহারা ভোগাভিলাষরূপ অনর্থকে অনর্থ জানিয়া গ্রহণ করিতে করিতে শুদ্ধভক্তির অনুষ্ঠান করেন এবং ভোগ পরিণামে অসামর্থ্য লক্ষ্য করিয়া বিষয়ভোগ করেন, তাঁহারা যাঁহারা ঈশ্বরসর্ব্বস্বরূপ বৈকুণ্ঠেই প্রাপ্য জানিয়া অন্যত্র চেষ্টা নাই, তাঁহারা কর্ম্মী-ভোগী।

আমরা ভক্তের প্রাপ্য স্থান যে বৈকুণ্ঠের কথা বলিলাম, সেই বৈকুণ্ঠধামে সত্ত্ব, রজ ও তমোগুণের অধিষ্ঠান নাই ; তাহা শুদ্ধ-সত্ত্বময়। তথায় কালেরও বিক্রম নাই, অন্যান্য বাসনাদির ত' দূরের কথা। তথায় লৌকিক সুখ-দুঃখাদির হেতুভূতা মায়ার প্রবেশ নাই ; সেখানে নিত্য-নির্গুণ-বর্জ্জিত ভগবৎপার্ষদগণই সর্ব্বদা অবস্থান করেন। [illegible] সেই আনন্দময় ধাম [illegible] সেবানন্দ অনুভব করেন। এই অনুপম সেবা-সুখের তুলনায় মুক্তি বা ব্রহ্মানন্দ তুচ্ছ বলিয়া বোধ হয়। এ বৈকুণ্ঠেরও উপরে দ্বারকা, মথুরা, গোলোক-বৃন্দাবন ; এই সকল ধাম ভগবানের নিত্য বিলাসভূমি। পরব্যোমে যে যে ধাম আছে সেই সেই ধামই প্রপঞ্চে অবতীর্ণ হইয়া থাকেন। ভগবৎ-সেবার অনুকূল হইয়া সপার্ষদে যেরূপ লীলা প্রকাশ করে, প্রাকৃত-লোক গোলোক-বৃন্দাবনাদিও সেইরূপ পৃথিবীতে অবস্থান করেন। যাঁহাদের চক্ষু সেবোন্মুখ নহে, তাঁহারা প্রপঞ্চে অবতীর্ণ এই ধামকে প্রাকৃত বলে মনে করিয়া নাস্তিক হন।

বৈকুণ্ঠজগতে মায়া নাই, এ প্রপঞ্চে মায়া থাকিতে পারে না। সুতরাং এজগতে মায়া আছে তাই। যে বৈকুণ্ঠজগতে যেরূপ বঞ্চিত হইয়া আছেন তাহা সহজেই অনুমেয়। একমাত্র ভগবান, কিন্তু যে আনন্দময় বাহ্য ভোগ-প্রবৃত্তি কিরূপ অনুভূত হয় ? শ্রীল শ্রীরূপপাদ বলিয়াছেন,—ভোগোদ্দেশে যে দুঃখ বর্ত্তমান আছে, সেই দুঃখভোগ কামনাই জন্মের কারণ[illegible]। আর তথায় যে লোক বর্ত্তমান আছে, সেই দেহ পঞ্চমহাভূতাদির উপর পুনঃ পূর্ব্ব বর্ত্তমান থাকে। দেহান্তর দুঃখ-শোক পরম্পরাই পুষ্টিকারক।

ভক্ত ব্যতীত কর্ম্মী, জ্ঞানী ও যোগিগণের প্রাপ্যস্থান যথাক্রমে স্বর্গ ও অপবর্গ। কর্ম্মী, জ্ঞানী ও যোগী সকলেই দেহ হইতে স্ব-স্ব স্থানে অবস্থান করেন। ভোগকাল সমাপ্ত হইলেই তথা হইতে পুনরাবর্ত্তন করিয়া মর্ত্ত্যলোকে অর্থাৎ প্রপঞ্চে জন্মগ্রহণ করেন। সূক্ষ্ম শরীর লিঙ্গ শরীর পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় পঞ্চ প্রাণ, বুদ্ধি ও মন এই সপ্তদশ অবয়ব-বিশিষ্ট। ইন্দ্রিয় প্রত্যেকের অধিষ্ঠাতা স্থূলদেহ-সংলগ্ন যে চক্ষুরাদি, এগুলি প্রকৃত ইন্দ্রিয় নহে, ইন্দ্রিয়ের গোলক বা বাসস্থান মাত্র। মৃত্যুর পর স্থূলদেহ স্থূল ভূতগুলি পড়িয়া থাকে, উপরে ১৭টী সূক্ষ্ম অবয়ববিশিষ্ট লিঙ্গদেহ নির্গত হয়। সুতরাং সূক্ষ্মদেহের জ্ঞানেন্দ্রিয় বা স্থূলদেহের অবয়ব, সূক্ষ্ম ও স্থূল চরিত্র অশোচয়।

ভক্তগণ প্রপঞ্চ পরিত্যাগ পূর্ব্বক সচ্চিদানন্দস্বরূপে বৈকুণ্ঠলোক প্রাপ্ত হন। আর জ্ঞানী ও যোগিগণ প্রথমে জ্যোতিঃতে প্রবেশ করিয়া ক্রমশঃ প্রকাশ লাভ করেন তাহার অর্চিরাদি মার্গ। কর্ম্মিগণ প্রথমে ধূমাদিতে প্রবিষ্ট হইয়া স্বর্গাদি লোক প্রাপ্ত হন। ভগবানই তাহার প্রেরক।

এখন লোকান্তরগত জীবগণ কি-রূপে পুনরায় জননী-জঠরে প্রবেশ করে, তাহাই এখন আমাদের আলোচ্য। উপনিষদে দেখা যায় :
'দিবং স্বাত্মন্ গচ্ছতি স্থান, যাঃ পিতরঃ ;
[illegible]
[illegible]'
অর্থাৎ স্বর্গাদি হইতে নির্গত হইয়া স্থাবর শরীরে প্রবেশ করে, স্থাবর হইতে [illegible] ইত্যাদি [illegible] হইয়া প্রবিষ্ট হয় ; অনন্তর পরে গর্ভ হইতে জন্মগ্রহণ করে। শ্রুতিতে উক্ত হইয়াছে যে, জীব অন্ন, ধব, আদি ও বিভিন্নরূপে উৎপন্ন হইয়া পিতৃশরীরে প্রবেশ পূর্ব্বক মাতৃগর্ভে প্রবিষ্ট হইয়া থাকে। প্রসঙ্গক্রমে এই কথাই বলিয়াছেন। এ সম্বন্ধে শ্রীপাদ জীব গোস্বামী লিখিয়াছেন,—কর্ম্মিগণ স্বর্গ হইতে বাহির হইয়া আকাশকে প্রাপ্ত হয়, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে ধূম, ধূম হইতে মেঘ, মেঘ হইতে বারিবর্ষণ হইতে ব্রীহ্যাদি জাতীয় শস্য প্রাপ্ত হইয়া শ্রাদ্ধি, যব ও ওষধিরূপতা প্রাপ্ত হইয়া পিতৃশরীরে প্রবিষ্ট হয়। অনন্তর মাতৃশরীরে প্রবিষ্ট হইয়া জন্মগ্রহণ করে।

[illegible] আছে যে ! [illegible] বাস্তব [illegible] দুঃখক !

আমার কর্ত্তব্য কি ?

(২)

"যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যে-
বমেবাস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণাঃ।
সর্ব্বে লোকাঃ সর্ব্বে দেবাঃ সর্ব্বাণি
ভূতানি ব্যুচ্চরন্তি।"
(বৃহদাঃ ২।১।২০)

যেরূপ অগ্নি হইতে স্ফুলিঙ্গ সকল বহির্গত হয়, সেইরূপ বাগাদি ইন্দ্রিয়, ভূর্ভুবাদি লোকসকল, সর্ব্বদেবতা, ব্রহ্মাদি স্তম্ব পর্য্যন্ত সমস্ত প্রাণী পরমাত্মা হইতেই উদ্গত হইয়া থাকে।

"জীবের স্বরূপ হয় কৃষ্ণের 'নিত্যদাস'।
কৃষ্ণের 'তটস্থা শক্তি' 'ভেদাভেদ প্রকাশ'॥
সূর্য্যাংশুকিরণ যেন অগ্নিজ্বালাচয়।
স্বাভাবিক কৃষ্ণের তিন প্রকার
শক্তি হয়॥"
(চৈঃ চঃ মধ্য ২০।১০৮-১০৯)

অনন্ত শক্তিশালী ভগবান্ শ্রীকৃষ্ণের চিচ্ছক্তি (পরা), জীবশক্তি বা তটস্থাশক্তি এবং মায়াশক্তি এই তিনটী শক্তি প্রধান; সূর্য্যের কিরণ সূর্য্য হইতে যে প্রকার অভিন্ন, অগ্নির দাহিকা-শক্তি যে প্রকার অগ্নি হইতে অবিচ্ছেদ্যসম্বন্ধবিশিষ্ট, ভগবানের শক্তিও তদ্রূপ ভগবান্ হইতে অভিন্ন; কিন্তু চিচ্ছক্তি ভগবানের অন্তরঙ্গাশক্তি; এই শক্তি দ্বারা তাঁহার ধাম, নাম, গুণ-লীলা-স্বরূপ প্রভৃতি প্রকাশিত হইয়া থাকে। মায়াশক্তি চিচ্ছক্তিরই ছায়াস্বরূপা; উহা হইতে মায়িক ব্রহ্মাণ্ড প্রকাশিত হইয়া থাকে। এই জীবশক্তি চিৎ এবং অচিৎ শক্তির মধ্যবর্ত্তী বলিয়া উহাকে তটস্থাশক্তি বলা হয়। এই তটস্থা জীবশক্তি চেতন হিসাবে ভগবান্ হইতে অভেদ এবং পরিমাণ ও বৃত্তি হিসাবে ভেদ। কেন না, ভগবান্ ভোক্তা বা সেব্যতত্ত্ব এবং জীব ভোগ্য বা সেবকতত্ত্ব।

ক্ষুদ্রবস্তুর স্বভাব বৃহদ্বস্তুর প্রতি আকৃষ্ট হওয়া এবং বৃহদ্বস্তুর স্বভাব ক্ষুদ্রবস্তুকে আকর্ষণ করা। ভগবান্ আমাদিগকে সর্ব্বক্ষণ আকর্ষণ করিতেছেন। তাঁহার প্রতি সর্ব্বক্ষণ আকৃষ্ট থাকিয়া তাঁহার প্রীতিময়ী সেবা করাই জীবের ধর্ম্ম। কিন্তু আমরা তাহা করি না কেন? চুম্বকের স্বভাব লৌহকে আকর্ষণ করা এবং লৌহের স্বভাব চুম্বকের প্রতি আকৃষ্ট হওয়া; কিন্তু যদি লৌহের উপর ময়লা বা আবরণ থাকে তাহা হইলে আকর্ষণ করা সত্ত্বেও যেমন লৌহ আকৃষ্ট হয় না তদ্রূপ ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদিগকে সর্ব্বক্ষণ আকর্ষণ করিলেও আমাদের চিত্তদর্পণ অন্যাভিলাষাদি নানা আবরণের দ্বারা আবৃত থাকায় আমরা ভগবানের কৃপাকর্ষণ উপলব্ধি করিতে পারিতেছি না এবং তজ্জন্য ভগবৎ-পাদপদ্মে আকৃষ্ট না হইয়া ভুক্তেচ্ছু বস্তুর প্রতিই প্রধাবিত হইতেছি। ইহা'ই আমাদের দুর্দ্দৈব!

এখন শাস্ত্রযুক্তির দ্বারা দেখা গেল যে, আমি চেতন বা আত্মবস্তু এবং আনন্দের সন্তান, আমার আনন্দই লক্ষ্য এবং পরমানন্দ-বিগ্রহ ভগবানের সেবাই আমার স্বরূপের ধর্ম্ম এবং সর্ব্ব ইন্দ্রিয়ের দ্বারা সর্ব্বক্ষণ অনুকূল কৃষ্ণানুশীলনই আমার একমাত্র কৃত্য। তবে আমি ত্রিতাপজ্বালা কষ্ট পাইতেছি কেন? নিজেকে নিজে বুঝিতে পারি না কেন? তদুত্তরে শাস্ত্র বলেন -

কৃষ্ণভুলি' সেই জীব—অনাদি-বহির্ম্মুখ।
অতএব মায়া তারে দেয় সংসারাদি দুঃখ॥
জীব নিত্য কৃষ্ণদাস তাহা ভুলি গেল।
এই দোষে মায়া তা'র গলায় বান্ধিল॥
কৃষ্ণ-বহির্ম্মুখ হইয়া ভোগ-বাঞ্ছা করে।
নিকটস্থ মায়া তারে জাপটিয়া ধরে॥
পিশাচী পাইলে যেন মতিচ্ছন্ন হয়।
মায়াগ্রস্ত জীবের হয় সে ভাব উদয়॥

আমি যে মুহূর্ত্তে আমার নিত্য পিতা শ্রীকৃষ্ণের ভোগ্য বস্তুতে অন্যায়রূপে ভোগ-কামনা করিয়াছি, সেই মুহূর্ত্তেই মায়াদেবী ভগবদ্ আদেশে আমাকে শাসন করিয়া সংশোধন করিবার জন্য আমার বাসনানুসারে সূক্ষ্ম ও স্থূল দেহরূপ দুইটী আবরণের দ্বারা আবৃত করিয়া অনাদিকাল হইতে আমাকে আধ্যাত্মিক, আধিভৌতিক, আধিদৈবিক এই ত্রিবিধ তাপরূপ সংসারাদি দুঃখ দান করিয়া শোধনের চেষ্টা করিতেছেন। কৃষ্ণ-বিস্মৃতিবশতঃ আমি যেদিন আমা হইতে শক্তিশালী মায়াকে ভোগ করিতে গিয়া তাহার অধীনস্থ হইয়াছি, সেদিন হইতেই আমি আমার স্বরূপ ভুলিয়া ভূতগ্রস্তের ন্যায় অবস্থা প্রাপ্ত হইয়াছি। ভূতগ্রস্ত ব্যক্তি যেমন তাহার কর্ত্তব্যাকর্ত্তব্য ভুলিয়া গিয়া ভূতের কর্ত্তব্যকেই নিজের কর্ত্তব্য বলে, ভূতের গৃহ ও বাসস্থানকেই নিজের গৃহ ও বাসস্থান বলে, আমিও তদ্রূপ মায়া পিশাচীর কবলে পতিত হওয়ায় বড়ই দুর্দ্দশাগ্রস্ত হইয়া পড়িয়াছি ও কর্ত্তব্যাকর্ত্তব্য ভ্রষ্ট হওয়ায় দেহের সুখের বিধান এবং দেহ সম্পর্কীয় পিতা, মাতা, ভাই, বন্ধু, স্ত্রী, পুত্র প্রভৃতির ভরণ পোষণকেই আমার কর্ত্তব্য বলিয়া স্থির করিয়াছি। কখনও বা কামনার দ্বারা প্রতিপ্তজ্ঞান হইয়া মনোধর্ম্মের বশবর্ত্তী হইয়া নানা দেবদেবীর পূজার দ্বারা [illegible] ধন, জন, যশঃ, স্ত্রী প্রভৃতি লাভকেই ধর্ম্ম বলিয়া জানিতেছি। আবার কখনও বা ভোগাদিতে অরুচি হইয়া [illegible] এই নীতি অনুসারে 'নেতি নেতি' বিচার-পরায়ণ হইয়া ভগবান্কে আমার [illegible] বাহিরে মনে করত আমার এই ক্ষুদ্র মস্তিষ্ক [illegible] দ্বারা [illegible] অপ্রাকৃত-শক্তিশালী অধোক্ষজ ভগবান্কে অনিত্য আকারবিশিষ্ট জগতের বিপরীত নিরাকারস্বরূপ কল্পিত ধারণাকেই ভগবান্ বলিয়া বাতুলতার পরিচয় প্রদান করিয়াছি এবং প্রকৃতির গুণধারা অভিভূত হইয়া অহংকারবিমূঢ়াত্মা হইয়া 'অহং ব্রহ্মাস্মি' বলিয়া পাষণ্ডতার চরম সীমায় আরোহণকেই কর্ত্তব্য বলিয়া স্থির করিয়াছি। আবার কখন্ কখন বিকারগ্রস্ত রোগীর প্রলাপ উক্তির ন্যায় 'যত মত তত পথে'র ধুয়া উঠাইয়া অবৈধ কর্ম্মকাণ্ড জ্ঞানকাণ্ডকে অনুষ্ঠানে [illegible] করত গগনভেদীকায় ধাবমানকারী অনাদি কৃষ্ণবহির্ম্মুখ কামার্ত্ত অনুচরগণকে [illegible] জগতের আঘাত দিবার জন্য এবং জড়প্রতিষ্ঠা-রূপা শূকরীর বিষ্ঠা কুড়াইয়া লইবার জন্য শ্রেয়ঃ বস্তুর বোধ লইয়া [illegible] ছুটিয়া, জড়বিদ্যা লাভ করিয়া গোপন বৃত্তি অবলম্বন করাকেই কৃষ্ণভজন, কুগ্রহের পূজা করিয়া যোগ্যতাপ্রদর্শনকেই ভগবানের পূজা, পিশাচের শাস্ত্রকেই আমার শাস্ত্র, ব্যবসায়ীর বৃত্তিক এবং [illegible]-সেবার বুদ্ধিকে এক এবং দেহের অনিত্য ধর্ম্মকে সনাতন-ধর্ম্ম, বৈষ্ণবধর্ম্ম বা আত্মধর্ম্ম বলিয়া মূর্খতার পরিচয় প্রদান করত অনন্ত-কালের জন্য নরকের পথ পরিষ্কার করিয়া নিতান্ত পাষণ্ডধর্ম্মের অনুগত হইয়া পড়িয়াছি। আর প্রারব্ধ কর্ম্ম অনুসারে জন্মগ্রহণ করিয়া মায়াদ্বারা অভিভূত, কর্ম্ম-ফলবাধ্য, দেহাত্মবুদ্ধিবিশিষ্ট কৃষ্ণবহির্ম্মুখ বিষয়ী পিতামাতা ভাই, বন্ধু, আত্মীয়স্বজনের স্নেহে ভুলিয়া তাহাদিগকে একান্ত আপন-জ্ঞানে তাহাদের সঙ্গে [illegible] তদ্রূপ হইয়া পড়িয়াছি। বাল্যকাল বাল্যখেলায়, পৌগণ্ড ও কৈশোর নানাপ্রকার জড়বিদ্যা শিক্ষায় অতিবাহিত হইল, এখন যৌবন আসিল, ইন্দ্রিয় সকল সতেজ হইয়া উঠিল এবং গৃহান্ধ-কূপে পতিত গৃহমেধী পিতামাতা, ভাই-বন্ধু, আত্মীয়-স্বজন প্রভৃতির সংসর্গে তাহাদের মন্ত্রণায় কামাদিরিপুগণ প্রবল হইতে প্রবলতর হইতে লাগিল। এখন 'সংসঙ্গে স্বর্গে বাস অসৎসঙ্গে সর্ব্বনাশ' এই বাক্যের ফল ফলিল। আমি অজ্ঞানবশতঃ আপাত ইন্দ্রিয়ের সুখকেই সুখ মনে করিয়া ইন্দ্রিয়-চরিতার্থের জন্য মায়ারূপিণী অবৈধ রমণীর সঙ্গে কিছুদিনের জন্য একটী সম্বন্ধ পাতাইয়া আত্মপতনের দ্বার গৃহান্ধকূপে পতিত হইয়া বহু প্রকারে ইন্দ্রিয়চরিতার্থ করিলাম, বহু পুত্রকন্যা উৎপন্ন হইল। এখন আমি আমার নিত্যকালের সম্বন্ধ যে ভগবান্, যাঁহার সেবা করাই আমার একমাত্র কর্ত্তব্য, তাহা একেবারে ভুলিয়া গিয়া দুই দিনের পাতান সংসারে আবদ্ধ হইয়া অনিত্য [illegible] বলিয়া, [illegible] কর্ত্তব্য বলিয়া [illegible] অতিবাহিত করিলাম। উপধর্ম্ম অধর্ম্ম, বিধর্ম্ম, ছলধর্ম্মকে যথার্থ ধর্ম্ম বলা, অনিত্যকে নিত্য প্রতীতি করা, অকর্ত্তব্যকে কর্ত্তব্য বলা, অবৈধ কর্ম্মকাণ্ড ও জ্ঞানকাণ্ডকে ভগবৎকৃপা-লাভের উপায় মনে করা, ছলভক্তি ও মিছা ভক্তির মধ্যে শুদ্ধ ভক্তের সমান জ্ঞান করা, অবৈধ 'যত মত তত পথ'কে মহাজনবাক্য, মায়াদ্বারা মোহিত হওয়া দেহসম্পর্কীয় পিতামাতা, ভাই, বন্ধু, স্ত্রী, পুত্র, আত্মীয় স্বজনের ভরণপোষণকেই একমাত্র কর্ত্তব্যজ্ঞান প্রভৃতি যত কিছু এই সমস্তের মূল হইতেছে —পূর্ব্ব পূর্ব্ব জন্ম বা ইহ জন্মের [illegible] দুষ্কৃতি বা অবিদ্যা ও অজ্ঞান। আমার এখনও সময় আছে। যদি বাস্তবিক আমি এখন চাই, অবিদ্যা বা মায়ার হাত হইতে মুক্ত পাইতে ইচ্ছা করি, [illegible] চাই, জন্ম-মরণশীলা [illegible] চাই, [illegible] হাত হইতে রক্ষা পাইয়া [illegible] আবাসস্থান শ্রীকৃষ্ণপাদপদ্ম সেবা লাভ করিবো নিত্য স্বরূপের ধর্ম্ম বা কর্ত্তব্য সাধন করিতে চাই, তাহা হইলে এই মুহূর্ত্তে পূর্ব্বোক্ত ধর্ম্মাধর্ম্ম, ভাল-মন্দ, কর্ত্তব্যাকর্ত্তব্য সমস্ত পরিত্যাগপূর্ব্বক শাস্ত্রশাসনের বিধি অনুসারে সদ্গুরুর চরণ আশ্রয়পূর্ব্বক সাধুসঙ্গ অনু-সরণ করি [illegible] সেবার জন্য [illegible] জীবনের একমাত্র কর্ত্তব্য। শাস্ত্র বলেন -

"[illegible] সাধুবৈদ্য পায়।
তাঁর উপদেশ-মন্ত্রে মায়া পিশাচী পলায়॥
মায়াকে পিছনে রাখি' কৃষ্ণপানে চায়।
ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥
কৃষ্ণ তারে দেন নিজ চিচ্ছক্তি বল।
মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্ব্বল॥

আমার বহু জন্মের [illegible] ফলে [illegible] এবং আমি [illegible] [illegible] বুদ্ধি [illegible] কৃষ্ণ-ভক্ত [illegible] [illegible] আত্মসমর্পণ করিয়া তাঁহার নিকট কৃপাভিখারী হইতে [illegible] কৃপায় আমি [illegible] মায়া-পিশাচীর হাত হইতে রক্ষা পাইয়া [illegible] তাহা লাভের সৌভাগ্য পাই। শ্রীকৃষ্ণের [illegible] শ্রীগুরুদেবের বলে বলীয়ান্ হইতে পারিলে মায়া [illegible] কখনও আমাকে আর আকর্ষণ করিয়া রাখিতে পারে না। আমি [illegible] চেষ্টা [illegible] পরিত্রাণ লাভ করিতে পারি না।

গীতা বলেন—

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে॥

(ক্রমশঃ)

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাঙ্গ আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্যক্ষিপ্রচারকরূপে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৩নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রস্থানচতুষ্টয়-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি তত্ত্বগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও চারখানি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ সচ্চিদানন্দ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্‌ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ ভক্তুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীবংশীগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) জগন্নাথকুঞ্জ-শ্রীজন্মাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্‌ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ ভক্তুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিধিকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ ভাণ্ডার, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী—(শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) বৃক্ষকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিমঙ্গল

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীমধানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারদিয়া পোঃ আরি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীমঙ্গলদাস ব্রজবাসী।

(২৫) নদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীধর্ম্মকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

জলাপাহাড়, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক—শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৪২নং কালীপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীযাদবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅকৃপানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি).

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাশ্রম,

পোঃ হোডোল, জেলা গুরুগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং রসুলান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গব্রজ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅধিকরঙ্গ ব্রহ্মচারী।

(৫১) মান্দ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেঠা, মান্দ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মান্দ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরাসগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীসনাতন দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অবধি গৌড়ীয়মঠ

পোঃ অবধি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাকু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ফুলরহুডা, পোঃ চিরুডা, (মানভূম)

রক্ষক—শ্রীমদনাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীঅপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

১লা অক্টোবর, ১৯৩৫

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
ভাতশালি	৬৷০
বাজা চাল	৫৸০
ঐ নতুন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
বাঁকতুলসী	৫৷০
দাদখানি নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
বালামের কোরা	৪৲
মিহি বেগুন	৩৸৶০
আতপ—	
নূতন আতপ	৪৲—৪৷০
পেশোয়ারী	১০৲-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০-৫৷৶
ঐ বাবাদি	৫৲-৫৶০
লাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৶০

চিনির দর

বিকাউন, টাউন	১০৷৶০
ঐ বিশুদ্ধ ১০০০ নং	১০৴০
মাদ্রাজী দানা	৯৷০
কাশীপুর দানা	৮৷০—৯৶০
কাশীপুর দানা	৭৷৶০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

টাকশালের বার	৩৪৷০
সভরেন	২২৲
চাঁদির বার	৫২৷০

পাটের দর

আবহে—	৪০৸০
মিডল—	৪০৸০
উত্তম—	৪১৷০
বাজার বন্ধের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

লেটেষ্ট ময়দা প্রতি মণ	৬৷০
ফ্লাওয়ার ঐ	৬৲—৬৶০
সাউরেল ঐ	৫৸৶০—৫৸০
সুজী	৬৲—৬৶০
আটা (বি)	৫৸০—৫৸৶০
আটা নং (২)	৫৴০—৫৷৴০
আটা (এল)	৫৲—৫৷০
আটা (বে)	৪৸০—৪৸৶০
আটা নং (৩)	৪৷০—২৷৶০
পোলাউ	১৷৶০—১৸০
ভুসি	১৷৶০—১৷৶০

তুলার দর

[illegible]	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৫০৲
[illegible]	৪৫৲

পাঃ মিশ্রিত	৪৸০
ভাত	৭৬৲
কাবুলে	৩৬৲
বাঙ্গা খামসা	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— মণ প্রতি দর

লোহার কড়ি (ক্রসে বা বাঁধ)

মার্কা	৯৶০—৯৸৶
ঐ বে-মার্কা হালকা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা টেসটেড ওয়েট বীম সব সাইজ	১০৸৶
ঐ ইংলিশ ওয়েট (বীম)	১০৸৶০
বরগা (টি আয়রণ)	৮৷০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷৶০—৮৸০
টাটা গ্যাঃ করগেট টিন।	৷৶০
২৪ গেজ—	১৪৷০
২৬ গেজ—	১৬৷০
২৮ গেজ—	১৫৷০
টাটা গ্যাঃ প্লেন সীট।	
২৪ গেজ—	১৪৸৶০
২৬ গেজ—	১৬৷৶০
২৮ গেজ—	১৬.৶০
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ,	
সীস	৷৶১০—৸৶০
নাগার বেধা কাঁটা তার (বার্লিন)	১০৲
প্লেট কাটিং বা চিট কাটা মণ	৩৷০—
পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৬৷০—৬৷০ দর
গোল মন্ত কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাটি, গোলচু, পয়ানে	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের	
দর	৮৸০—১১৷০
খুঃ ইস্পাত আসল ২৩৲	নকল ২১৲
ঢটকলের হালবল ৫৶০, পাটের হালবল ৬৷০	
তুলার হালবল ৪৷০	

গুড়ের দর

কলিকাতা ২৬শে জুন,

আখের দোলার কাইন	৫৪৲
মিউল আখের কবরত	৪০৲
কপাটি খুবনিম কাইন	৪০৲
চাপড়ি খাবা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
পাকন সাণ্ড	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷০—১১৷০
খাঁটি গরিচবল	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স্ লিঃ
ডি-৫ জগন্নাথ ঘাট লোকাপট্টী, বড়বাজার
কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—প্রবন্ধ—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—০৪০—

প্রথম উচ্চ ইংরেজী বিদ্যালয়

ধাম অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সান্নিধ্যে। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। ভদ্রভাবে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের জন্য বিশেষ সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৬০ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদেশী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউসন।
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—১২	১৭—৩৮	১৯—[illegible]
মহেশগঞ্জ	ছাঃ	৭—১৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৪
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৭৫	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—১১

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-৭৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় রুগ্ন পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিলেও অত্যুক্তি হয় না। বিনামূল্যে সংবাদ জানিবেন এবং নকল ও পরীক্ষা একবার সেবন করিয়া দেখুন যে আমাদের কথার সত্যতা কত [illegible]। বড় বোতল ৬৶০ আনা, বড় বোতল ১৶০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা।

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির আদিবাদ্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় সর্ব্ববিদ্যাধিকারিক সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" ইঞ্চি	২৲	১।০	১॥০	১৲
সিকিকলম	৫৲		৪৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	
এক কলম	১২৲		১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩৲	৩॥০
সিকি কলম	১৫৲	১২৲
অর্দ্ধকলম	২৪৲	১৮৲
এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৵৫, বিশেষ সংখ্যা ।০ ভিন্ন স্বতন্ত্র

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভক্তিসুধাকর সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গৌরবলেখনী এবং পরিপক্ব লেখনীর অমৃত রস আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের লীলাকাহিনী-পাঠে মত্ত হইবে। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশকীয় ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণাক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ৯২৲ টাকা মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গুণ্ডা বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে।

যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি-
সহিত সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের
মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্
এখান হইতে নিয়মিত একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্
একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রকাশিত হইয়া নিয়মিত বিতরণ বিধান করিতেছে। "ভাগবত" পাক্ষিক পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।এ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস,
কৃষ্ণনগর হাটখোলা অবস্থিত। এখান হইতে পত্রিকাদি প্রকাশিত হইবে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্
ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" সাপ্তাহিক পারমার্থিক পত্রিকা প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম—শ্রীমায়াপুর
বিশ্ববৈষ্ণবরাজসভা
'শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক'
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1844
ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আচার্য্যত্রিক
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৮ই কার্ত্তিক, ১৩৪৪, ২৫শে অক্টোবর, ১৯৩৭, সোমবার [সংখ্যা ১৯৪]

বিবিধ সংবাদ

——(০ঃ৹ঃ০)——

কলিকাতায় নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির অধিবেশন

কলিকাতায় নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির আগামী অধিবেশন উপলক্ষে বিশেষ করিয়া কলিকাতায় জনসাধারণের মধ্যে একটা বিশেষ সাড়া পড়িয়া গিয়াছে। অধিবেশনের সময় প্যাণ্ডেলের মধ্যে আড়াই হাজার দর্শকের স্থান হইয়াছে। জনসাধারণের বিপুল আগ্রহ লক্ষ্য করিয়া এ স্থান বিশেষ কম বলিয়া বোধ হইয়েছে।

টিকেট বিক্রয়

ইতোমধ্যেই সাধারণ দর্শকের জন্য আড়াই টাকা মূল্যের সমস্ত টিকেটই বিক্রয় হইয়া গিয়াছে। দুই টাকা মূল্যের টিকেটগুলি (ইহা কেবলমাত্র কর্মীদের জন্য) দু' একটি বাকী আছে। বর্তমানে পাঁচ ও দশ টাকা মূল্যের টিকেটগুলি কিনিবার জন্য দর্শকদের মধ্যে বিশেষ আগ্রহ দেখা দিয়াছে। আশা করা যায় যে, দুই একদিনের মধ্যে উক্ত মূল্যের টিকেটগুলি ফুরাইয়া যাইবে। গত বুধবার দিনই ১২শত টাকার টিকেট বিক্রয় হইয়াছে। টিকেট বিক্রেতাগণকে টিকেট ক্রয়ের চাহিদা মিটাইবার জন্য বিশেষ পরিশ্রম করিতে হইতেছে।

স্বেচ্ছাসেবক বাহিনী

অধিবেশন উপলক্ষে যে স্বেচ্ছাসেবক বাহিনী গঠিত হইবে উহাতে যোগদানের জন্য কলিকাতার যুবকদের মধ্যে বিশেষ আগ্রহ দেখা দিয়াছে। বাঙ্গলা ও পুরুষ মহিলা প্রায় ০ শত স্বেচ্ছাসেবক গৃহীত হইবে। কিন্তু অনেকেই স্বেচ্ছাসেবক হইবার জন্য সংযোগ প্রার্থনা করিতেছেন। এই আগ্রহ কেবলমাত্র ছাত্র-ছাত্রী ও যুবকদের মধ্যেই যে দেখা দিয়াছে তাহা নহে, সকল শ্রেণীর লোকের মধ্যেই এই আগ্রহ বিশেষ প্রবল। ইহার মধ্যেই কলিকাতার বিভিন্ন স্থানে জেলা কংগ্রেস কমিটীগুলির উদ্যোগে স্বেচ্ছাসেবক-সংগ্রহ এবং স্বেচ্ছাসেবকগণের কুচকাওয়াজ আরম্ভ হইয়া গিয়াছে।

নদীয়া জেলায় ১৪ হাজার ২ শত কংগ্রেসের নূতন সদস্য সংগৃহীত

নদীয়া জেলার মেহেরপুরের এক সংবাদে প্রকাশ, গত ৩০শে সেপ্টেম্বর পর্য্যন্ত নদীয়া জেলায় ১৪ হাজার দুই শত জন কংগ্রেসের নূতন সদস্য হইয়াছেন।

দেশরক্ষায় চীনাবাহিনীর অপূর্ব্ব বীরত্ব

চীনাদের একটী সংবাদে বলা হইয়াছে যে, তাচাং রণক্ষেত্রে জাপানীরা চীনা ব্যূহ ভেদ করিবার চেষ্টা করিতেছে। এখনও তাহাদের চেষ্টা সফল হয় নাই। জাপানীরা সামান্য অগ্রসর হইয়াছে বলিয়া দাবী করিতেছে। তাচাং রণক্ষেত্রে চীনারা-সুদৃঢ় পরিখা খনন করিয়া অবস্থান করিতেছে। তাহাদের উৎসাহ অটুট আছে। গোলন্দাজ ও বিমানবাহিনীর প্রবল গোলাবর্ষণ সত্ত্বেও জাপানীরা বারংবার চীনাদের সুদৃঢ় ব্যূহ ভেদ করিবার চেষ্টা করে। জাপানীদের সমস্ত আক্রমণ ব্যর্থ হয়। চীনা বাহিনী অর্দ্ধবৃত্তাকারে পাল্টা আক্রমণ চালাইয়া জাপানী সৈন্যগণকে ঘিরিয়া ফেলিয়াছে। উভয়পক্ষে বহু লোক হতাহত হইয়েছে। লোটিয়েন—লিউহাংএর উত্তরে ও নিকটবর্ত্তী গ্রামসমূহের উপর জাপানী গোলন্দাজবাহিনী প্রবল গোলাবর্ষণ করিতেছে। চীনারা তাহাদের ঘাঁটিসমূহ দৃঢ়তার সহিত রক্ষা করিতেছে। মিউহাং তাচাং অঞ্চলের সমস্ত চীনা ঘাঁটিগুলি জাপানীদের আক্রমণ ব্যর্থ করিয়া দিয়াছে। গতকল্য সাত পেংএ জাপানীদের পক্ষে বহু সৈন্য হতাহত হইয়াছে। জাপানীরা সাংহাই, হাংচাও ও নিংপু অঞ্চলের সাত পিচিয়াও এবং উপর গোলাবর্ষণ করায় বহু অ-সামরিক অধিবাসী হতাহত হইয়াছে।

সুদূর প্রাচ্যে শান্তি স্থাপন বৈঠক

অষ্ট্রেলিয়া, চীন, ক্যানাডা, নিউজিল্যাণ্ড ও দক্ষিণ আফ্রিকা সুদূর প্রাচ্য শান্তিরক্ষা সম্পর্কিত বৈঠকে যোগদানের আমন্ত্রণ গ্রহণ করিয়াছে।

তাচাং'এ প্রচণ্ড সংগ্রাম

কলিকাতাস্থ চীন কন্সাল তারযোগে নিম্নলিখিত সংবাদ পাইয়াছেন।

গত ২১শে অক্টোবর তাচাং'এর উত্তর-পশ্চিমে প্রচণ্ড সংগ্রাম চলিয়াছে।

কলিকাতা অভিমুখে মন্ত্রিবর্গ

স্যার নাজিমুদ্দিন, নবাব মুসারফ হোসেন এবং সৈয়দ মৌসের আলি প্রভৃতি বাঙ্গলার মন্ত্রিবর্গ ২১শে অক্টোবর অপরাহ্ণে কলিকাতা অভিমুখে রওনা হইয়াছেন। ২৭শে অক্টোবর হইতে যে মুসলিম কনফারেন্স আরম্ভ হইয়াছে তাহাতে যোগদান করিবার জন্য তাঁহারা বহরমপুর রওনা হইয়াছেন।

ঢাকার নবাব বাহাদুরও বহরমপুর যাত্রা করিয়াছেন।

সম্রাট-সম্রাজ্ঞী ভারতে আসিবেন না

লণ্ডন হইতে এক সংবাদে প্রকাশ, রাজা ষষ্ঠ জর্জ্জ ও রাণী এলিজাবেথ ১৯৩৮ সালের শীতকালে ভারতে আসিবেন না; সুতরাং প্রস্তাবিত দিল্লী দরবার অনির্দ্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হইয়াছে। ভারতে রাজনৈতিক আবহাওয়ার উন্নতি না হইলে এবং পূর্ণ শান্তি ও সম্প্রীতির প্রভাবে ভারতের জনসাধারণ অকুণ্ঠিতচিত্তে সম্রাট-দম্পতির সম্বর্দ্ধনায় উৎসুক, এরূপ লক্ষণ প্রকাশ না পাইলে তাঁহারা ভারত পরিদর্শনে আসিবেন না। ভারতে ১৯২১ সালে প্রিন্স অব ওয়েলসকে বয়কট করিবার স্মৃতি ব্রিটিশ সরকার ও রাজদম্পতির চিত্তে জাগরূক রহিয়াছে। ব্রিটিশ সাম্রাজ্যবাদের পরিপোষক যাবতীয় অনুষ্ঠানে যোগদান নিষেধ করিয়া ফৈজপুর কংগ্রেসে যে প্রস্তাব গৃহীত হইয়াছে তাহার ফলে ব্রিটিশ সরকারের সমস্যা অধিকতর জটিল হইয়া দাঁড়াইয়াছে। বর্ত্তমানে মনে হয় যে পর্য্যন্ত ভারতের রাজনৈতিক অবস্থার উন্নতি না হয় ততদিন সম্রাট-দম্পতির ভারত পরিদর্শনের সম্ভাবনা নাই।

দিল্লীতে অলিম্পিকের নূতন ব্যবস্থা

দিল্লীতে সকল শ্রেণীর বালিকা ও যুবতীদের মধ্যে এ্যাথলেটিক স্পোর্টসের স্পৃহা দিন দিন বৃদ্ধি পাইতেছে। গত বৎসর একটী প্রতিযোগিতায় ৫০০ শত বালিকা ও যুবতী যোগদান করিয়াছিল। সম্প্রতি আর একটী প্রতিযোগিতায় ১০০০ বালিকা ও যুবতী যোগদান করিয়াছে বলিয়া জানা গিয়াছে। এই সমস্ত প্রতিযোগিতাই পর্দার আড়ালে অনুষ্ঠিত হয়। ইহার পরিচালকগণ, বিচারকগণ ও দর্শকগণ সকলেই মহিলা কেবলমাত্র দুইজন পুরুষকে বিচারক হিসাবে এই সমস্ত প্রতিযোগিতায় প্রবেশ করিতে দেওয়া হয়।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত ৭৲
৩। অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সম্বন্ধতত্ত্ব ... ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ৯৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ৯৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমাল (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-আলবর ।০
১৯। ভক্তিবিনোদ কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-গান্দর্ভা ।৵০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল মূল ভাষা ।০
২৭। মুক্তাচরিত্র শুনগৌরাঙ্গঃ (সানুবাদ) ২৲
২৮। প্রেমভক্তিসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্চ্চনকণ /০
৪৭। সদাচারস্মৃতিঃ /০
৪৮ কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ /১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। ভক্তিকৌস্তুভ বা ভাগবতামৃতকণা ।০
৫৬। ভারতে ও ভক্তিপথ ৵০
৫৭। [illegible] ...সহ) ।০
৫৮। [illegible] ৵০
৫৯ [illegible] ৵০
৬০ [illegible]

[illegible] ভাষায় প্রকাশিত

[illegible] শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী-বিগ্রহঃ ।০
৬৩। সটীক-বিদ্যাধরসূত্রম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ।৵০
৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ /০
৬৭। সারাৎসারদর্শনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০ নামভজন /০
৭১। বেদান্ত—ইট্স্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। সিলেক্টেড ওয়ার্ড্‌স ৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং
৭৬। দি ভাগবত
৭৭। ইম্পেরিক্যাল প্রিন্সিপল অ্যাণ্ড ট্রান্সেণ্ডেণ্টাল ডিকোসন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভল্যুম ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু /১০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, পরে মাসিক; শ্রীমন্ডলীতে প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—চিকিৎসার একমাত্র পারমার্থিক পাক্ষিক। বৈদিকাচার্য্য শ্রীপাদ ... মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অন্তর্ভুক্ত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
ডবল-ক্রাউন প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে ; ভিক্ষা
৩৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শ বর্ষ ৬ দামোদর গৌরাব্দ ৪৫১, ৮ই কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৪, ২৫শে অক্টোবর ইং ১৯৩৭, সোমবার } ১১শ সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

শ্রীমাধবগৌড়ীয়মঠের উৎসবপঞ্জী

গত ১০ই আশ্বিন রবিবার মঙ্গলারাত্রিকের পর ঊষাকীর্ত্তনান্তে শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যভাগবত পাঠ করেন। অতঃপর সঙ্কীর্ত্তন-শোভাযাত্রা শ্রীমঠ হইতে বাহির হইয়া জগবন্ধুআখড়া রোড, সা-সাহেব লেন, নারিন্দা লেন, বাহিরের লেন, বনিগ্রাম লেন, বংশাল রোড, লালকুঠী রোড, প্রভৃতি রাস্তা দিয়া সঙ্কীর্ত্তন করিতে করিতে প্রায় ৭টার সময় পুনরায় শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করেন।

ঐ দিবস স্থানীয় কেথলিক মিশনের সাইমোনিয়াস্ মিঃ দত্ত শ্রীমাধবগৌড়ীয়মঠে আসিয়া ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিকমল শ্রীমন্মহারাজের নিকট প্রশ্ন করেন যে, শাস্ত্রে অনেক স্থানে ভৌগোলিক বিরুদ্ধ বিবরণ এবং আপাত দৃষ্টিতে অনেক অসম্ভব কথা বর্ণিত দেখিতে পাওয়া যায়, উহা কি আপনি সর্ব্বৈব সত্য বলিয়া মানেন? তাঁহার আর একটি প্রশ্ন ছিল যে, শ্রীকৃষ্ণ সে-দিনের একজন ঐতিহাসিক ব্যক্তি, তিনি ভগবান্ রূপে কি প্রকারে পূজিত হইতে পারেন? শ্রীপাদ শ্রীমন্মহারাজ শাস্ত্রযুক্তিমূলে তাঁহার ঐ সকল প্রশ্নের সদুত্তর প্রদান করিয়াছিলেন।

মধ্যাহ্নভোগারাত্রিকের পর শ্রীমাধবগৌড়ীয়মঠের নাটমন্দিরে একটী বিরাট সভার অধিবেশন হয়। শ্রীল রূপগোস্বামী প্রভু, শ্রীল রঘুনাথ ভট্ট গোস্বামী প্রভু, শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর তিরোভাব-তিথি মহোৎসব উপলক্ষে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিচার যাযাবর মহারাজের মূল গায়কত্বে "যে আনিল প্রেমধন" গীতিটি কীর্ত্তনের পর উপদেশক শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারী, মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ও শ্রীপাদ যাযাবর মহারাজ যথাক্রমে শ্রীল রূপ গোস্বামীপ্রভু শ্রীল রঘুনাথ ভট্ট গোস্বামী প্রভু ও শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভুর আদর্শ চরিত্রের কথা কীর্ত্তন করেন। তদনন্তর শ্রীপাদ ভক্তিকমল মহারাজ বৈষ্ণব-মাহাত্ম্য কীর্ত্তনের প্রয়োজনীয়তা, বৈষ্ণবের সেবা ভগবানের সেবা হইতেও কেন বড়, বিষ্ণু-ভক্তের ত্রিবিধ অধিকার, বিষ্ণু ও বৈষ্ণবের অন্বয়, সেবকের বিভিন্ন অধিকারানুযায়ী তাঁহাদের বিভিন্ন উপলব্ধি, 'বৈরাগ্য' শব্দের প্রকৃত অর্থ, শ্রীরাধারাণীতেই বৈরাগ্যের পরাকাষ্ঠা, শ্রীল রূপ গোস্বামী প্রভুর শ্রীরূপানুগত্য ও বৈরাগ্যের বৈশিষ্ট্য প্রভৃতি বহু তথ্য অতি প্রাঞ্জল ভাষায় প্রায় এক ঘণ্টা কাল কীর্ত্তন করেন। সভায় প্রায় চারিশত সজ্জন ব্যক্তি উপস্থিত ছিলেন। সকলেই নিস্তব্ধ মনোযোগের সহিত এই সকল চেতনময়ী বাণী শ্রবণ করিয়া পরম উপকৃত হইয়াছেন। অতঃপর মহাজন কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়।

কলম্বোতে প্রচার

বিগত ৩০।৯।৩৭ তারিখে মাদ্রাজ হইতে ডাঃ মধুসূদন রাও ভক্তিসার্ব্বভৌম মহোদয় অনেক শিক্ষিত সঙ্গী বন্ধুর সহিত শ্রীশ্রীগৌর-রামানন্দ-মিলনস্থলী শ্রীরামানন্দ-গৌড়ীয়মঠে ও শ্রীশ্রীগৌরপাদপীঠ দর্শনার্থে শ্রীরামানন্দ গৌড়ীয়মঠে আগমন করিয়াছিলেন। ভক্তিবাদ সম্বন্ধে প্রসঙ্গক্রমে মঠরক্ষক প্রভুর সঙ্গে কিছুক্ষণ আলোচনা করিয়া ভক্তিসার্ব্বভৌম মহোদয় বিশেষ সন্তোষ লাভ করেন এবং মঠরক্ষক প্রভু রাওজীর বন্ধুর নিকট শ্রীগৌড়ীয়মঠের আচার, প্রচার ও বিচার-বৈশিষ্ট্য সম্বন্ধে কিছু হরিকথা কীর্ত্তন করেন। তচ্ছ্রবণে রাওজীর বন্ধু মহোদয় বিশেষ আনন্দপ্রকাশ করিয়াছিলেন।

ভাগলপুরে প্রচার

শ্রীগৌড়ীয় মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিভূদেব শ্রৌতী মহারাজ গত ২।১০।৩৭ শনিবার তারিখে ভাগলপুরের লোকনাথ প্রসাদ চক্রবর্ত্তী মহাশয়ের ভবনে হিন্দি ভাষায় গীতা ১৫শ অধ্যায় পাঠ ও ব্যাখ্যা করেন। স্বামীজীর পাঠ শ্রবণ করিয়া চক্রবর্ত্তী মহাশয় অত্যন্ত সন্তুষ্ট হন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

গত ৩।১০।৩৭ তারিখে স্বামীজী এ, এন্, বিশ্বাস মহাশয়ের ভবনে শ্রীমদ্ভাগবত দশম স্কন্ধ হইতে ব্রহ্মস্তব পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে উপদেশক পণ্ডিত শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারীজী মহাজন-পদাবলী কীর্ত্তন করেন।

নির্য্যাণ

পরমারাধ্যতম শ্রীশ্রীল প্রভুপাদের চরণাশ্রিত এবারত মঠসেবক ভক্ত শ্রীপাদ গোপেশ্বর ব্রজবাসী মহাশয় (পূর্ব্বনাম শ্রীযুক্ত গোপেশ্বর নাথ যাদব) শ্রীশ্রীপুরুষোত্তম মঠে গত ৫।১০।৩৭ তারিখে সেবাফল লাভ করিয়াছেন। ইঁহার কয়েকমাস যাবৎ অসুখের দীর্ঘদিনব্যাপী কষ্টে অবশেষে লাভ করেন। ইনি শ্রীধামমায়াপুরের অদ্বৈত ভবনের সেবায় আত্মকৃপা প্রদান করিয়াছিলেন। কয়েকবৎসর যাবৎ পুরুষোত্তম মঠের নানা ভাবে সেবা করিয়াও শ্রীগুরু-বৈষ্ণবের কৃপাবর্ষণ করাইয়াছিলেন। তাঁহার আদর্শ সেবাচেষ্টা আত্মকল্যাণেচ্ছু মাত্রেরই অনুসরণযোগ্য।

আমাদের কর্ত্তব্য কি?

(৫ম পৃষ্ঠার পর)

এখন দেখা গেল যে, শ্রীকৃষ্ণের সঙ্গেই আমার নিত্য সম্বন্ধ এবং সর্ব্বক্ষণ সর্ব্বতোভাবে শ্রীকৃষ্ণ ভজনই আমার একমাত্র কর্ত্তব্য এবং কৃষ্ণপ্রেমই কেবলমাত্র প্রয়োজন। কিন্তু যে পর্য্যন্ত ভুক্তিস্পৃহা, মুক্তিস্পৃহারূপা পিশাচীদ্বয় আমার হৃদয়ে বর্ত্তমান থাকবে সে পর্য্যন্ত কখনও ভাক্তসুখের বা কৃষ্ণপ্রেমার উদয় হইতে পারে না।

ভুক্তি-মুক্তি-স্পৃহা যাবৎ পিশাচী হৃদি বর্ত্ততে।

ভক্তিসুখস্যাত্র কথমভ্যুদয়ো ভবেৎ॥

হৃদ করিবে কৃষ্ণনাম সাধুসঙ্গ কর।

ভুক্তি-মুক্তি সিদ্ধি-বাঞ্ছা দূরে পরিহর॥

ভাবনা ভাবনা মন ছাড় অতি দূর।

কাম ক্রোধ লোভ মোহ মদাদি আছই।

অপরাধী ভুক্তি-মুক্তি-পিপাসা আছই।

প্রতিষ্ঠাশা কুটীনাটী শঠতাদি পিছ।

দিয়েছে তোমারে তাই এসব আছই।

এসব না ছেড়ে কিসে পাবে রাধাকৃষ্ণ।

সাধুসঙ্গ বিনা আর কোথা তব ইষ্ট?

বৈষ্ণবচরণে যদ দূরিতে অনিষ্ট।

শুদ্ধ কৃষ্ণনাম হন নামের প্রধান। অকপটে ঠুঁই কৃপা করেন অকপটে॥

জীবের দেহ ভগবন্মন্দির—চেতনময় মন্দির; ইট, কাঠ, পাথর দিয়া গড়া মন্দিরে লেপ্য, লেখ্য প্রভৃতি অর্চা রাখা হয়। ভগবদ্‌ভক্তের চিন্ময় দেহ-মন্দিরে শ্রীভগবান্ নিত্য বিরাজমান।

(বক্তৃতাবলী ৪র্থ খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী
গোস্বামি-ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ দামোদর মঙ্গলবার সর্বাণ গৌরাব্দ ৪৫১

সজ্জন—কবি

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী ঠাকুর লিখিত)

রসাত্মক বাক্যকে কাব্য বলে। কাব্যরচয়িতা ও কাব্য-আস্বাদককে কবি বলে। কাব্য দ্বিবিধ—প্রাকৃত কাব্য ও অপ্রাকৃত কাব্য। রস সাধারণতঃ দ্বাদশ প্রকার। তন্মধ্যে মুখ্য পাঁচটী এবং গৌণ সাতটী। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর এই পাঁচটী মুখ্য রস। হাস্য, করুণ, বীর, অদ্ভুত, রৌদ্র, বীভৎস ও ভয়ানক আগন্তুক হইয়া মুখ্য রসের পুষ্টি সাধন করে। প্রাকৃত জগতের রসসমূহ জড়কাব্যের উপাদান। তাহাতে প্রাকৃত নায়ক অনুপাদেয় নায়িকা বলা আলম্বনরূপে জড়ের নানাবিধ উদ্দীপনার দ্বারা প্রচলিত হইয়া অনুভাব, সাত্ত্বিক ও সঞ্চারী ভাবগুলির সাহায্যে স্থায়ীভাব তাহার সাহায্যে রসের উদ্ভাবনা করে। তাহা নিতান্ত বিরস ও কাব্য নামের অযোগ্য। সজ্জন তাদৃশ কুকবি নহেন। তিনি অপ্রাকৃত রসাত্মক বাক্যময় কাব্যে সুপণ্ডিত। তাদৃশ কাব্যের নায়ক ব্রজেন্দ্রনন্দনকে আশ্রয় করিয়া যে-সকল কাব্য লিখিত হয়, তাহা সজ্জনের আস্বাদনীয় বিষয় এবং তিনিও জড়কবি-দিগকে নিত্য সৌন্দর্য্য উপলব্ধি করান।

সজ্জনপ্রবর শ্রীদামোদর স্বরূপ বলিয়াছেন :—

গ্রাম্য কবির কবিত্ব শুনিতে হয় দুঃখ।

● ● ●

যৈছে তৈছে কবির বাক্যে হয় রসাভাস।
সিদ্ধান্তবিরুদ্ধ শুনিতে না হয় উল্লাস॥'

প্রাকৃত মায়াবাদী জড়কবির চিত্র শ্রীপাদ স্বরূপ গোস্বামী যেরূপ উদ্ঘাটিত করিয়াছেন, তাহা এই—

পূর্ণানন্দ-চিৎস্বরূপ জগন্নাথ-রায়।
তাঁরে কৈলে জড়-নশ্বর-প্রাকৃত-কায়॥
পূর্ণষড়ৈশ্বর্য্য-চৈতন্য স্বয়ং ভগবান্।
তাঁ'কে কৈলে ক্ষুদ্রজীব স্ফুলিঙ্গ-সমান॥

আবার শ্রীপাদ রূপগোস্বামীর কাব্য সজ্জনের কিরূপ আনন্দপ্রদ তাহাও চরিতামৃতে দৃষ্ট হয়—

রূপ যৈছে দুই নাটক ক'রাছে আরম্ভ।
শুনিতে আনন্দ বাড়ে যার মুখবন্ধ॥
দুই শ্লোক কহি' প্রভুর হৈল মহাসুখ।
নিজ ভক্তের গুণ কহে হঞা পঞ্চমুখ॥
কহ তোমার কবিত্ব শুনি' হয় চমৎকার।
রায় কহে, তোমার কবিত্ব অমৃতের ধার॥
রায় কহে, রূপের কাব্য অমৃতের পূর॥

● ● ●

রূপের কবিত্ব প্রশংসি সহস্র বদনে।

● ● ●

মধুর প্রসন্ন ইঁহার কাব্য সালঙ্কার।
ঐছে কবিত্ব বিনা নহে রসের প্রচার॥

গ্রাম্যকবির কবিতায় আস্বাদকগণ প্রকৃত প্রস্তাবে কাব্যের উপলব্ধি করিতে অসমর্থ। তাঁহারা গ্রাম্য কাব্যগুলি ও কবিকেই শ্রেষ্ঠ জ্ঞান করেন। রায় রামানন্দ, শ্রীদামোদর স্বরূপ এবং স্বয়ং সৌন্দর্য্য রত্নাকর আত্মব্রজেন্দ্রনন্দন যে শ্রীরূপের কাব্য ও তাঁহাকে কবি বলিয়া বহু প্রশংসা করিলেন, বঙ্গদেশের গ্রাম্যরসাত্মক অনেক সাহিত্যিক বা চুঁচুড়ার শৈব সাহিত্যিক বা আজকালকার দিনের জড়রসপ্রচারক প্রাকৃত সহজিয়া সাহিত্যিকগণ সজ্জনের কবিতার আদর করেন না। যদি তাঁহারা সজ্জন হইতেন, তাহা হইলে গ্রাম্য কবির কাব্যের অবরতা জানিতে সমর্থ হইতেন ও হরিপ্রেমোন্মত্ত কবিগণের বাক্যের উৎকর্ষ স্বীকার না করিয়া থাকিতে পারিতেন না।

লোকের রুচি ভিন্ন ভিন্ন। অসতের রুচির সহ সজ্জনের রুচিতে ভেদ আছে। মূর্খের সাথে পণ্ডিতের, অজ্ঞের সহিত অভিজ্ঞের ও জড়রস-রসিকের সহিত ভগবদ্রস-সেবী ভক্তের নিশ্চয়ই ভেদ আছে।

সজ্জনেই কবিত্বের সৌন্দর্য্য পূর্ণমাত্রায় প্রকটিত; এবে অভাবগ্রস্ত জড় কবিগণের কাব্যরসলোভী পাঠক অসৎসঙ্গ বশে তাহা আস্বাদনে অসমর্থ হয়। পরম সজ্জন ভাগবত শ্রীবৃন্দাবন ঠাকুর, শ্রীকৃষ্ণদাস কবিরাজ ও শ্রীবেদব্যাস ভাগবত বর্ণনা করিয়া ও আস্বাদন করিয়া মহাকবি নামে প্রসিদ্ধি লাভ করিয়াছেন। তাঁহাদের অনুগত সজ্জনগণও কবি নামে অনেকেই খ্যাত। আধুনিক বঙ্গীয় সাহিত্য-ভাণ্ডারের অমূল্য নিধিগুলির আদর কম হয় নাই। তাঁহারা সকলেই সজ্জন। বৈষ্ণব-কবিগণকে বাদ দিয়া বঙ্গীয় হিন্দু সাহিত্য-ভাণ্ডারের আকর্ষণ কতটুকু, তাহা সাহিত্যিক ও কবিপরিচয়াকাঙ্ক্ষী গ্রাম্য কবিগণও বিচার করিয়া দেখিতে পারেন।

অসৎ সমাজের মধ্যে এরূপ একটী রুচিও প্রবল আছে যে, হরিজন-হরিনামগানোন্মত্ত জনগণকে কবি না বলিয়া জড়বিলাসপ্রমত্ত ইন্দ্রিয়তর্পণাভিলাষী নির্বোধ দুর্নীতিপরায়ণগণকেও কবি বলা হউক। সজ্জনগণ তাহা অনুমোদন করেন না। শ্রীজয়দেব, শ্রীবিদ্যাপতি চণ্ডীদাসাদি সজ্জনবর্গকে অনাদর করিয়া যাহারা গ্রাম্য কবিগণের আদর করেন, তাঁহাদের সজ্জন-সমাজে প্রবেশের আশা নাই। অবিদ্যা প্রাকৃত বিলাসের প্রেম যে গ্রাম্য কবিকে অঙ্গীকার করে, সে কখনই সজ্জন হইতে পারে না। সজ্জন না হইলে যথার্থ কবি হওয়া যায় না। শ্রীচরিতামৃতের লেখক সজ্জনরাজ শ্রীকৃষ্ণদাস "কবিরাজ" নামেই প্রসিদ্ধি লাভ করিয়াছেন। সজ্জন বিজ্ঞ কবি, চিন্ময় ও আনন্দময়। তাঁহার কাব্যের সর্ব্ব অংশের তুলনা নাই।

শ্রীহরিগুরু-বৈষ্ণব-প্রকট-অপ্রকট

[illegible] ভক্তের প্রসঙ্গে প্রকট-তিরোভাবের আবৃত্তি বা বর্ণনা ধূম ও কালাবিধ মোহি বা ভোগী সমাজের অনুভূতিকে মহাপাপ করিয়া বহির্মুখ গণ-সমাজনিকা জগতে পুনঃপুনঃ জন্ম-মৃত্যু-বাদ হইয়াও হরিবিমুখতাই লাভ করিয়া থাকে। কর্ম্মফলবাধ্য জন্মমরণশীল জীবের জন্ম ও সর্ব্বস্বতন্ত্র ভগবান্ ও তদ্ভক্তের আবির্ভাব বহির্দৃষ্টিতে একইরূপ প্রতীতি হইলেও সম্পূর্ণ পৃথক্ বস্তু। তাই ভগবান্ অর্জ্জুনকে লক্ষ্য করিয়া আমাদের জ্ঞানার্থে জানাইয়াছেন—

"জন্ম কর্ম্ম চ মে দিব্যমেবং যো বেত্তি তত্ত্বতঃ।
ত্যক্ত্বা দেহং পুনর্জন্ম নৈতি মামেতি সোঽর্জ্জুন॥"
(গীতা)

অর্থাৎ অচিন্ত্য চিচ্ছক্তিদ্বারা যে দিব্য জন্ম ও কর্ম্ম আমি স্বীকার করি, তাহা পূর্ব্বোক্ত তত্ত্বাবধারণে যিনি অবগত হন, তিনি দেহ ত্যাগ পূর্ব্বক পুনরায় জন্মগ্রহণ করেন না; পরন্তু আমার চিচ্ছক্তি-প্রকাশরূপ হ্লাদিনী শক্তির বশীভূত হইয়া আমার নিত্যসেবা প্রাপ্ত হন। যাহারা তত্ত্বজ্ঞান অভাবে আমার জন্ম, কর্ম্ম ও প্রপঞ্চে প্রকাশিত দেহকে অনিত্য ও প্রাপঞ্চিক বলিয়া সিদ্ধান্ত করে, তাহারা অবিদ্যাবশতঃ সংসার লাভ করে। কর্ম্মজড় পুরুষেরা প্রায় ঐরূপ সিদ্ধান্ত দ্বারা কর্ম্মজড়তাতে আবদ্ধ থাকে।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বলিয়াছেন—

তদীয়-তিথি, ভক্তি-বৃদ্ধি,
যতনে পালন করি।
কৃষ্ণ-বসতি, বসতি-বলি,
পরম আদরে বরি॥

যে তিথি জীবের প্রতি পরম কৃপালু হইয়া তাঁহার সেবা-সৌভাগ্যের সুযোগ দান করিয়াছেন, সেই তিথির সেবায় উদাসীন হইলে সৌভাগ্যকে উপেক্ষা করিয়া আমাদের দুর্ভাগ্যকেই বরণ করা হইবে। এই ভক্তিমাতা তিথির কৃপা ও সেবায় আমরা ভক্তিপথে অগ্রসর হইতে পারি। কিন্তু ভগবানের পূজার পূর্ব্বে গুরুপূজা না হইলে ভগবান্ আমাদের পূজা গ্রহণ করেন না। তাই শ্রীকৃষ্ণজন্মাষ্টমীর ন্যায় ভগবানের পার্ষদগণের জন্ম-প্রকটতিথিও আমাদের ততোধিক পালনীয় ও বরণীয়। কারণ, ভগবান্ বলিয়াছেন, আমার ভক্তের পূজা আমা হইতে বড়। সাধ্যতিথি পালন অপেক্ষাও বৈষ্ণবপ্রকটতিথি পালন আমাদের ন্যায় অনর্থযুক্ত জীবের পক্ষে অধিক কল্যাণ-দায়িনী। শ্রীশ্রীমন্মহাপ্রভুর প্রপঞ্চে লীলা-বিলাসকালে তিনি শ্রীনিত্যানন্দ প্রভু দ্বারা শ্রীব্যাসপূজার প্রবর্ত্তন করাইয়াছিলেন।

নিত্যানন্দ-প্রতি ডাকি' বলে বিশ্বম্ভর।
ব্যাসপূজা আসি' কালি করহ সত্বর॥

'ব্যাসপূজা' অর্থে আচার্য্য-প্রকট-তিথিতে গুরুপূজা বা আচার্য্যপূজা। পরবর্ত্তী শ্রীশ্রীল প্রভুপাদের প্রপঞ্চ লীলায় তিনি নিত্যানন্দাভিন্ন আচার্য্যদেব পরম পূজ্যপাদ শ্রীশ্রীল বলদেবাদ্বৈতের পরবিদ্যাভূষণ প্রভু দ্বারা এই ব্যাসপূজা বা আচার্য্যপ্রকটতাৎপর্য্য পূজা পুনঃ প্রবর্ত্তন করাইয়াছেন। শ্রীশ্রীল বাসুদেব প্রভু নিত্যানন্দ আচার্য্য শ্রীল প্রভুপাদ আমাদিগকে এইভাবেই জানাইয়াছেন—

'শ্রীগৌরাঙ্গ-তদ্ভক্তাংস্তদাশ্রিতপ্রভুন্‌'

ইহাকে গৌরাঙ্গ-তদভিন্ন-মূর্ত্তিগণ-কাষ্ঠী সেবাদিয়ার বলিয়া শ্রীল প্রভুপাদ নির্দ্দেশ করিয়াছেন, অর্থাৎ প্রভুকে বহুমান করিতে দিয়া শ্রীল গদাধর প্রভুকে অবজ্ঞা করাই বলের কার্য। আবার শ্রীল প্রভুপাদকে বহুমান করিতে গিয়া শ্রীল বাসুদেব প্রভুকে অবমাননা করিলে আমাদের ভক্তে কৌশল কপট প্রাপ্ত হইয়া নিরাশাই, তাহাতে সন্দেহ নাই। শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর মহাশয় বলিয়াছেন—

"সেবা-বিগ্রহের প্রতি অনাদর যার।
বিষ্ণু-স্থানে অপরাধ সর্ব্বথা তাহার॥"

তাই ইহার দ্বারা শ্রীগুরুগৌরাঙ্গ-বৈষ্ণবের সেবা পুনঃ তৎপর বলিয়া শ্রীশ্রীল প্রভুপাদ আশীর্ব্বাদ করিয়াছেন, সেই শ্রীল গুরুদেব [illegible]

ক্রমশঃ চৈঃ ২৭ বর্ষ ৩য় ৪র্থ খণ্ড সংখ্যা।

[illegible] শ্রীচৈতন্যমঠ [illegible] । শ্রী [illegible] মুদ্রিত ও প্রকাশিত।

মধুর একেশ্বরিধি-পূজায় ব্রতী হইয়া বলপা-কার্জিনগণ নিরাকলাণ বরণ করিয়াছেন।

শ্রীল প্রভুপাদ লিখিয়াছেন—"ব্যাসপূজা গরিমবকথিত অবধ্যান ব্রজেন্দ্রনন্দনের অজ্ঞান-বিগ্রহ বেদ নামে প্রসিদ্ধ। শ্রীভগবানের ত্রিবিধ শক্তির অন্তর্গত জীব-শক্তিতে চেতন-ধর্মের বৈশিষ্ট্য বর্ত্তমান। জাড্য-জ্ঞান ও ভেদ বিনাশেই অবধ্যান ব্রজেন্দ্রনন্দন অবস্থিত। মূর্ত্ত বেদ ভগবান্ শব্দার্থরূপে অবতারক হইয়া অভিন্ন বেদনারূপে প্রকটিত। শব্দাভিধেয়-প্রয়োজন-জ্ঞাপক বেদশাস্ত্র যে-কালে নির্ব্বিশেষ বিচারে ভগ্ন হইয়া পড়ে, সেই কালে অবধ্যান সন্দিগ্ধ-ধর্ম পরিহার করেন। ভক্ত বিশেষকেই যাঁহারা প্রাধান্য স্থাপিত করেন তাঁহাদের জড়তা নিস্তিরণ নির্ব্বিশেষ বিচার তাঁহাদের অভিত্ব বিনাশ করে। শ্রীকৃষ্ণ-দ্বৈপায়ন শ্রীব্যাসদেব বেদকে ত্রিবিধ বিভাগে বিভক্ত করিয়াছেন। আধ্যক্ষিক-গণের জড় বস্তু, মায় ও বদ্ধ জীবকে কর্ম-কাণ্ডে আবদ্ধ করিয়া বেদের প্রকৃত তাৎপর্য্য-লাভ-বিষয়ে বিবর্ত্ত আনয়ন করে। নির্ব্বিশেষ-বাদিগণের মতে ভক্ত, মনু প্রভৃতি বৈশিষ্ট্যের নিত্যত্ব না থাকায় তাঁহারা শ্রীব্যাসদেবকে গুরুরূপে বরণ করিতে অসমর্থ হইয়া তাঁহাকে বলপূর্ব্বক তাঁহাদিগের অজ্ঞান-ধর্মের মূল-প্রচারক বলিয়া মনে করেন। শ্রীব্যাসের তাৎপর্য্যজ্ঞানে অসমর্থ হইয়া যে-সকল প্রচ্ছন্ন বৌদ্ধ প্রকৃতিবাদ অবলম্বন পূর্ব্বক পঞ্চদেবতার সেবায়বিত হন এবং আপনা-দিগকে 'স্বগত-স্বজাতীয়-বিজাতীয়-ভেদ-রহিত ব্রহ্ম' বলিয়া মনন করেন, তাঁহাদের সহিত মতদ্বৈধ্য সংস্থাপনপূর্ব্বক প্রকৃত ভক্তগণে অবস্থিত শ্রীমধ্বাচার্য্য শ্রীব্যাসদেবগণের সর্ব্বপ্রধান স্থান অধিকার করিয়াছিলেন। সেই মধ্ব-পারম্পর্য্যে শ্রীমান্ অক্ষোভ্য তীর্থের কথা অথবা শ্রীমাধবেন্দ্র-পুরীপাদের কথা আমরা সর্ব্বত্রই দেখিতে পাই। যদিও পঞ্চোপাসক বা মায়াবাদি-গণের মধ্যে গুরু-পূজা বা ব্যাসপূজার প্রথা প্রচলিত আছে, তথাপি অনুগ মাননগুরুগের অহবিকার বিচারই প্রবল। তত্ত্বতঃ ভক্তির অভাবে নিবন্ধন তাহা-দিগের দ্বারা শ্রীব্যাসপূজা কখনই সাধিত হইতে পারে না। মায়াবাদি-সম্প্রদায়ে চৈতন্য-পূর্ণিমা-দিবসে ব্যাসপূজাদিকরের বিধান পরিদৃষ্ট হয়। তাঁহারা বলেন, যে মুহূর্তে বিরাগ উপস্থিত হইবে, সেই মুহূর্তেই অবধূতাশ্রমে বিরাগ মাত্র প্রতিষ্ঠা করিয়া ব্যাসপূজা করিতে হইবে। তাহাতে কালাকাল বিচার নাই। অবধূতাশ্রম নিযুক্ত হইলেই জীব পরিব্রাজক হইয়া অপ্রাকৃত-চরণ আশ্রয় করেন। সেই আচার্য্যপদাশ্রয়কেই আবাহনে ব্যাস-পূজা ইত্যাদি।"

এই সর্ব্ব তত্ত্ব আচার্য্যাপ্রকট-তিথি-পূজা বরণ করিবার মত চিত্তবৃত্তি সকলের হয় না। একই ভগবানের প্রকট মুহূর্তকে বসুদেব-দেবকী পারমে অভিনন্দিত করিতেছেন দেখা যায়; আবার কংস ও তদনুচরগণ সেই মুহূর্তকেই তাহাদের মৃত্যুরূপে দর্শন করিয়া দুঃখ ও বিমর্ষ হইতেছে। প্রকৃতি ও প্রবৃত্তি অনুযায়ী জীবের বরণ ও বর্জনের স্পৃহা বলবতী হইয়া থাকে। এইজন্যই শ্রীচৈতন্য-ভাগবতকার বলিয়াছেন,—

> ভক্তি-যোগ বিনা ইহা বুঝন না যায়।
> জানে ভক্তজন গৌরচন্দ্রের কৃপায়॥

আমার কর্ত্তব্য কি?

(৩)

শ্রীকৃষ্ণ বলিতেছেন, হে অর্জ্জুন! অঘটন-ঘটন-পটীয়সী ত্রিগুণময়ী দৈবী মায়ার হাত হইতে মুক্তিলাভ করা অত্যন্ত দুঃসাধ্য ব্যাপার, এমন কি, ব্রহ্মা-শিবাদি কেহই ভগবৎকৃপা ব্যতীত মায়ার হাত হইতে পরিত্রাণ পাইতে পারেন না। কিন্তু যে জীব একমাত্র আমারই শরণাপন্ন হয় সেই কেবল মায়ার হাত হইতে পরিত্রাণ লাভ করিতে পারে।

> নায়মাত্মা প্রবচনেন লভ্যো
> ন মেধয়া ন বহুনা শ্রুতেন।
> যমেবৈষ বৃণুতে তেন লভ্য-
> স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বাম্॥
> (কঠ ১।২।২৩)

নিত্যকাল গুরুপরম্পরাক্রমে যে প্রণালীতে ভগবৎ সংসম্প্রদায়ের হৃদগত হন সেই প্রণালীর নাম অবরোহ মার্গ বা শ্রৌত-পন্থা। এই মন্ত্রে শ্রুতি তাহাই উপদেশ করিতেছেন। এই পরমাত্মাকে বেদাধ্যয়ন দ্বারা লাভ করা যায় না, কিম্বা নিজ ধারণাশক্তি অথবা বহু শাস্ত্রশ্রবণের দ্বারাও লাভ করা যায় না। যে ভক্তিমান্ ব্যক্তি তাঁহাকেই একমাত্র প্রভু বলিয়া বরণ করেন, কেবল সেই ব্যক্তিই তাঁহাকে লাভ করিতে সমর্থ হন।

> "ঈশ্বরের কৃপালেশ হয় ত যাহারে।
> সেই ত ঈশ্বরতত্ত্ব জানিবারে পারে॥"
> 'যেহন্যেহরবিন্দাক্ষ বিমুক্তমানিন-
> স্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
> আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ
> পতন্ত্যধোহনাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ॥
> (ভাঃ ১০।২।৩২)

হে পদ্মলোচন হরি, আপনার একান্ত ভক্ত ব্যতীত অন্যে যাঁহারা আপনাদিগকে বিমুক্ত বলিয়া অভিমান করে, আপনার প্রতি সেবাবুদ্ধি বা ভক্তি না থাকায় তাহাদের বুদ্ধি শুদ্ধ নহে। সুতরাং প্রভূতাদি দুঃসাধ্য সাধনের পিছনে মুক্তি-প্রত্যক্ষ পাইলে পতন হয়। তত্ত্বতে প্রবিষ্ট হইয়াও কৃষ্ণপাদপদ্ম অনাদর করিয়া পুনরায় ...

তন্তু-শাসনের বলে নিজেকে জীবন্মুক্ত মনে করিলেও একমাত্র আশ্রয়স্বরূপ আপনার পাদপদ্মকে অনাদর করিয়া অধঃপতিত হয় অর্থাৎ পুনরায় অধিকতর হীনাবস্থা লাভ করে।

> তস্মাৎ সর্ব্বাত্মনা রাজন্ হরিঃ সর্ব্বত্র সর্ব্বদা
> শ্রোতব্যঃ কীর্তিতব্যশ্চ স্মর্ত্তব্যো ভগবান্ নৃণাম্॥
> (ভাঃ ২।২।৩৬)

পরমভক্ত শ্রীল শুকদেব গোস্বামী পরীক্ষিৎ মহারাজের নিকট ভগবৎপ্রেম-লাভের উপায় কীর্তন করিতেছেন। হে রাজন্, যাহা হইতে অন্য নির্ব্বিঘ্ন পথ আর নাই, সেই শুদ্ধ আত্মবৃত্তি ভক্তিযোগ যাহা হইতে উদিত হয়, সেই শ্রীহরির শ্রবণ-কীর্তন-স্মরণাদি ভজনাঙ্গসমূহ সর্ব্বান্তঃকরণে সর্ব্বক্ষণ অনুষ্ঠান করা মনুষ্যমাত্রেরই একমাত্র কর্ত্তব্য। ইহা ছাড়া আর অন্য কিছুই জীবের ধর্ম্ম বা কর্ত্তব্য হইতে পারে না।

> 'সাধুসঙ্গে কৃষ্ণনাম এইমাত্র চাই।
> সংসার জিনিতে আর কোন বস্তু নাই॥'
> "যথা তরোর্মূলনিষেচনেন
> তৃপ্যন্তি তৎস্কন্ধ-ভুজোপশাখাঃ।
> প্রাণোপহারাচ্চ যথেন্দ্রিয়াণাং
> তথৈব সর্ব্বার্হণমচ্যুতেজ্যা॥"

যেরূপ বৃক্ষের মূলে জলসেক করিলে উহার স্কন্ধ, শাখা, উপশাখা প্রভৃতি সকলেই সঞ্জীবিত থাকে, প্রাণে আহার্য্য প্রদান করিলে অর্থাৎ ভোজন করিলে যেরূপ সর্ব্বেন্দ্রিয়ের তৃপ্তি সাধিত হয় এবং জীবিত থাকা যায়, সেইরূপ সর্ব্বদেব-পিত্রাদির একমাত্র আশ্রয় ও প্রাণস্বরূপ শ্রীকৃষ্ণপাদ-পদ্ম পূজাদ্বারাই দেব-পিত্রাদির পূজা হইয়া থাকে। স্বতন্ত্রভাবে কোন পূজাদির চেষ্টার আবশ্যক নাই। কিন্তু যদি আমি বৃক্ষের মূলে জল না দিয়া, স্কন্ধে, শাখায়, প্রশাখায় পাতায় জলসেচন করি তবে কি বৃক্ষটি বাঁচিবে, না কোন ফলদান করিবে? প্রাণে বা উদরে আহার না দিয়া যদি নাকে, কাণে, হস্তে, পদে ও চক্ষু ইত্যাদি ইন্দ্রিয় সকলে আহার দেই তাহা হইলে কি আমার ইন্দ্রিয়গুলি সতেজ থাকিবে, না আমি জীবিত থাকিতে পারিব? তদ্রূপ সকল কারণের কারণ, সমস্ত দেবলোক, পিতৃলোক, নৃলোক, ঋষিলোক, ভূতলোক প্রভৃতির একমাত্র আশ্রয় ও মূল এবং সর্ব্বেন্দ্রিয়াধিপতি শ্রীকৃষ্ণ-পাদপদ্ম সেবা না করিয়া স্বেচ্ছাচারী হইয়া পৃথক্ পৃথক্ ভাবে ভিন্ন ভিন্ন খেয়াল অনুসারে নানা দেবদেবী, পিতৃ, ঋষি, নৃ, ভূত প্রভৃতির পূজাদির নামে বেদেদিনি যদি চালাই তাহাতে আমার নিত্য মঙ্গল হইতে পারে না। শাস্ত্র বলেন—

> দেবর্ষিভূতাপ্তনৃণাং পিতৄণাং
> ন কিঙ্করো নায়মৃণী চ রাজন্।
> সর্ব্বাত্মনা যঃ শরণং শরণ্যং
> গতো মুকুন্দং পরিহৃত্য কর্ত্তম্॥
> (ভাঃ ১১।৫।৪১)

যিনি সংসারের সকল কর্ত্তব্য পরিত্যাগ করিয়া বাসুদেবই সকলের মূল এই বিশুদ্ধ জ্ঞানে অখিল লোকশরণ্য শ্রীমুকুন্দপাদপদ্মে সর্ব্বান্তঃকরণে শরণ গ্রহণ করিয়াছেন, তিনি দেবতা, ঋষি, পিতৃগণ, ভূতসকল, আত্মীয়-স্বজন এবং অপরাপর মনুষ্যগণের কাহারও নিকট দাস্যে বা ঋণপাশে বদ্ধ নহেন। কারণ—

> "কৃষ্ণে ভক্তি কৈলে সর্ব্বকর্ম্ম কৃত হয়।"
> সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
> অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা
> শুচঃ॥ (গীঃ ১৮।৬৬)

নিখিললোকপাল শ্রীকৃষ্ণ সর্ব্বশেষে গীতার অষ্টাদশ অধ্যায়ে অর্জ্জুনকে উপলক্ষ্য করিয়া সর্ব্বজীবকে সর্ব্বাপেক্ষা গুহ্য উপদেশ করিতেছেন যে, হে অর্জ্জুন, তুমি আমার সেবা ব্যতীত অন্য যাবতীয় ধর্ম্ম পরিত্যাগ করিয়া একমাত্র আমারই শরণ গ্রহণ কর, আমাতে মন-নিবেশ কর, আমার ভক্ত হও, আমার পূজা কর, আমাকে নমস্কার বিধান কর তাহা হইলে সর্ব্ববিধ ধর্ম্মত্যাগে তোমার কোনও পাপ হইবে না, তথাপি যদি তুমি মনে কর যে, পাপ হইবে তবে আমি প্রতিজ্ঞা করিয়া বলিতেছি যে, আমিই তোমাকে সমস্ত পাপ হইতে মুক্তি দান করিব। কেন না, সকল ধর্ম্মের সৃষ্টিকর্ত্তা বা মালিক কেবলমাত্র আমিই। এবম্বিধ অভয় বাণী শুনিয়াও অবিশ্বাস বশে ও দুষ্কৃতির ফলে আমার তাহাতে বিশ্বাস হয় না, এমনি আমার পোড়া কপাল।

> অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্।
> আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥
> 'অন্য বাঞ্ছা, অন্য পূজা ছাড়ি 'জ্ঞান' 'কর্ম্ম'।
> আনুকূল্যে সর্ব্বেন্দ্রিয়ে কৃষ্ণানুশীলন॥

অনুকূলভাবে সর্ব্বেন্দ্রিয়ের দ্বারা কৃষ্ণবিষয় অনুশীলনই উত্তমা ভক্তি। তাদৃশ ভক্তিতে কৃষ্ণসেবা ব্যতীত অন্য কোন অবান্তর উদ্দেশ্য বা অভিলাষ নাই। তাহা নিত্য-নৈমিত্তিক কর্ম্ম, নির্ভেদ ব্রহ্মানুসন্ধানপর জ্ঞান, যোগ প্রভৃতি অন্যান্য চেষ্টার আবৃত নহে। এই শুদ্ধা ঐকান্তিকী ভক্তি হইতেই নিত্যসিদ্ধ কৃষ্ণপ্রেমার উদয় হয়। এই কৃষ্ণপ্রেমের সম্বন্ধে বেদের প্রণেতা কমলাসন ব্রহ্মা, সর্ব্ব, ব্যাস এবং যোগাদি ঋষিসমূহ অনন্ত পুরাণ শ্রীমদ্ভাগবতে এবং পঞ্চরাত্রে বর্ণিত হইয়াছে। এই শ্রীমদ্ভাগবত ব্রহ্মসূত্রের অর্থবাচন, মহাভারতের তাৎপর্য্যনির্ণয়কারী, গায়ত্রীর ভাষ্যরূপ এবং সমস্ত বেদের তাৎপর্য্য দ্বারা সমর্থিত।

(ক্রমশঃ এর পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ ও শ্রীমন্দির

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আ.ছন। সুপ্রাচীন গ্রন্থ-ভক্তিপ্রচারক 'নদীয়া'-প্রকাশ'কার্য্যালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ চতুর্দ্দশ-সেবক-শ্রীমদ্ভাগবতাদি ভক্তগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও চারখানি পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রোত্রিয় শ্রীপাদ নবীনচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অদ্ভুতকুঞ্জনিবাসীমঠালয়

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগন্নাথদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরাব্দ [illegible] প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীমিহিরনাথ ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাহাগ্রাম, (বর্দ্ধমান)

শ্রীবাসপণ্ডিত ঠাকুর বৃন্দাবনের স্থান রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনরঞ্জন ব্রহ্মচারী

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা—(শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিমণ্ডপ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর. পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচাপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীহরিবিনোদ ব্রহ্মচারী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীনরেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধবগৌড়ীয়মঠ

বালিয়াটি পোঃ আরি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীকৃষ্ণানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীব্রজদাস ব্রহ্মচারী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীঅতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

ময়মনসিং, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ঘুমাটডিভা, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) [illegible]-গৌড়ীয়মঠপীঠ

পোঃ নৈমিষার, জিঃ সীতাপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমনা রোড, গয়া

রক্ষক—শ্রীপ্রণবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং কালিপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅচ্যুতানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিলাস আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) একায়নমঠ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জী,

পোঃ হোডেল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং হেমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, ক্যাম্পিয়ান বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মান্দ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মান্দ্রাজ

শ্রীশ্রীরাধাগোবিন্দ [illegible] সেবা রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিপ্রদীপ

(৫২) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভূর, ওয়েষ্ট গোদাবরী (মান্দ্রাজ)

শ্রীশ্রীরাধাগোবিন্দ [illegible]-বিগ্রহের সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীমাধব দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশবাড়ি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) বালিঘাই প্রপন্নাশ্রমমঠ

বালিঘাই, পোঃ বাঘু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রহ্মচারী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাধবীর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

কুমারহুজা, পোঃ চিন্নতুজা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ সেবাশ্রী অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

গ্লাষ্টার নং ২

৫১, ভাউগরোড

গ্লাষ্টার, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্অপ্রাকৃত ভক্তিসার গোস্বামী

(৬৭) গৌড়ীয় ভাণ্ডারঘর

গোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধচন্দ্র চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদক উপদেশক ব্রহ্মচারী ভক্তিপ্রসাদ, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

১লা অক্টোবর, ১৯৫

চাউলের দর

দেশী মিহি চাউল—

	মণ
বাসমতি	
দাদখানি	
ঐ নতুন	
কাটারীভোগ	
বাঁকতুলসী	
বালাম নূতন	
ঐ পুরাতন	
কলায়েক দোয়া	
মিহি বেগুন	

আতপ—

নূতন আতপ	৪৲—৪
পেশোয়ারী	১০৲-১০
বাঁকতুলসী আর।	৫।০ ৫
ঐ বাদামি	৫৲-৫০
পাটনাই আতপ	৫।০-৫১
কাটারীভোগ	
ঐ বেগুন	৫

চিনির দর

নিকারিয়া, টাইপ	১০৵
নদিয়ার ১০০০ নং	১০৴
আখেরগুড় সাদা	
কানপুর সাদা	৮।০—৯০
কানপুর লাল	৭।৵০—৮

সোনা-রূপার দর

প্রতি ভরি

টাকশালের বার	৩৪।০
গিনি	৩৩
চাঁদির বার	৫৭।

পাটের দর

ঢাকা—	৪০৮
মিডল—	৪০৮
উত্তর—	৪১।০
বাজার দরের সময়—	৪১.

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৭—৭৷০
স্পেশাল ঐ	৬৲—৬
চাউলের ঐ	৫৷০—৫৮
সুজি	৬৲—৬৷৵০
আটা (বি)	৫৷০—৫৷৵০
আটা নং (২)	৫৴০—৫।৴০
আটা (এস)	৫৲—৫।০
আটা (কে)	৪৷০—৪৷৵০
আটা নং (৩)	২৷০—২৷৵০
গোলাই	১৷৵০—১৷০
ভুষি	১৷৵০—১৷৴০

গুড়ের দর

কলমা	৫৭৲
চাকতিয়া	৫৭৲
দূপখেরী	৫০৲
ধামী	৪৫৲

শাড়ি	৪৭৷০
	৪৬৲
কাবুলে	৩৬৲
বাজা বাগরী	১৷০

লৌহ ও হার্ডওয়্যার

টাটার তৈয়ারী—	প্রতি হন্দর
লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)	
মার্কা	১৩৵০—১৷৵
ঐ বে মার্কা হালকা ওজন	৮৲—৮।০
ঐ টাটা স্ট্যান্ডার্ড জয়েষ্ট বীম সব সাইজ	১০৵
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৵০
বরগা (টি আয়রণ)	৮।০—৯৲
এঙ্গেল আয়রণ (কোণ	৮।৵০—৮৷০
টাটা গ্যাঃ করুগেট টি	।৵০
২৪ গেজ—	১৪।০
২৬ গেজ—	১৬।০
২৮ গেজ—	১৫।০
টাটা গ্যাঃ প্লেন শীট	
২৪ গেজ—	১৪৷৵০
২৬ গেজ—	১৬।৵০
২৮ গেজ—	১৫৷৵০
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৷০
২৬ গেজ—	
গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ	
শীট	।৵১০—৮৷০
বাগান ঘেরা কাঁটা তার (গ্যাল্ভ)	১৲
প্লেট কাটিং বা চিট কাটা মণ	৩।০ —
পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৬।০—৬৷০
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন পাটি, গোলটু সমাবে	৮৲—৯
গোল রড বি-ইনকোস ও কনক্রিটের	
কজ	৮৷০—১১।
ফুঃ ইস্পাত আসল ২৩৲	নকল ২১

চটকলের চালান ৫৴০, পাটের চালান ৭৵ সুতার চালান ৪।০

সুতের দর

কলিকাতা, ২৬শে জুন,

খাদের গোলার কাটন	৫৪
মিট্‌ল আনের তক্‌তা	৪০৲
কড়ি পুরনিস কাটং	৪৩৲
চাপার্দ খাবা	৫০
ঐ কাটন	৫১

বেনেতি মসলা.

কলিকাতা, ২৬শে জুন,

পাকা সাং	৮।০
সুপারী বেগ	১৬।০—১৭৲
কাটা সুপারি	১০।০—১১।০
ভুজি বরিশাল	১৫।০—১৭।০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স লিঃ
৩-৫ বনফীল্ড লেন, হাটখোলা, কলিকাতা



রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শিয়ালদহ যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—				১৯—
রাণাঘাট	ছাঃ	৭—৫৭,	১১—	১৬—০	১৮—৯,		
শিয়ালদহ	পৌঃ	৭—৭৫	১১—১০,	১৬—৯	১৮—১০,		

	ছাঃ	৫-৪৫	৯-৫৫	১১-৪	১৬-০	১৯-৩
রাণাঘাট	ছাঃ	৫-৫৩		১১-৫৮		১৮-৩

শেফালীর পাঁচন
সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণ দেহ ... পল্লীবাসীর ... মহৌষধ। ... একবার সেবন করিয়া দেখুন যে আপনার ... বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ... রোড, কলিকাতা।



দৈনিক নদীয়া প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিপাতে প্রতি লাইনে	।০	।৶০	।৶০	।০
” ” ইঞ্চ	৪৲	১৷০	১৷০	১৲
সিকিকলম	৫৲	৪০	৪৲	৩৲
অর্দ্ধকলম		৬৲	৬৲	
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য হইলে দর

প্রতিমাসে পাঁচ ইঞ্চি ৬	৪৷০
সিকি কলম ১৲	১২৲
অর্দ্ধকলম ১৪৲	১৮৲
এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুল সমেত)	৮৲
ষান্মাসিক ”	৫৲
ত্রৈমাসিক ”	২৸০
মাসিক ”	১৲

প্রতি সংখ্যা ৫ পয়সা, বিশেষ সংখ্যার দ্বিগুণ মূল্য।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

ভক্ত বৈষ্ণব-সম্প্রদায়ের ইহা একটী অমূল্য রত্ন ...

ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে

শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত

হইবে।

যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি

অতি সুন্দরভাবে ইহাতে

সন্নিবেশিত হইতেছে।

ঠাকুর ভক্তিবিনোদ

——:(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল মহাপুরুষ শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির আলেখ্য জীবনচরিত এতাবৎকাল যথাযথ প্রণালীতে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের ভক্তোত্তম সুপণ্ডিত সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী সংগৃহীত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতি সপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজী পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৪।২নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইস্কুলের সম্মুখে। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক পত্রিকা ও অন্যান্য পারমার্থিক গ্রন্থ প্রকাশিত হইতেছে।

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

[illegible]

]-শ্রীমায়াপুর

বিবিধ সংবাদ

——(০(১০১)০)——

নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির অধিবেশন

আগামী নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতি অধিবেশনের ব্যবস্থাদির জন্য জোর তোড়জোড় চলিতেছে। [illegible]

বোম্বাইয়ে নেতৃবৃন্দ

নিম্নলিখিত নেতা ও কংগ্রেস-কর্মিগণ কলিকাতায় আসিতেছেন বলিয়া জানাইয়াছেন :—

[illegible] ভাঃ [illegible], [illegible] দেবী, [illegible] সান্যাল, [illegible] (দিল্লী), [illegible] ভোট, [illegible] [illegible]

[illegible]

[illegible] সংবাদ আসিয়াছে যে, [illegible] তাহাদিগকে দমী [illegible]

হইয়াছে বা বিভিন্ন করিয়া দেওয়া হইয়াছে।

বিলোর পতনে বিদ্রোহী পক্ষের সুবিধা

স্পেনের উত্তর-পশ্চিম অংশে বিলে সরকারপক্ষের শেষ বৃহৎ ঘাঁটি ছিল ইহার পতনে বিদ্রোহী পক্ষের আনুমানিক ১০ লক্ষ সৈন্য স্পেনের অন্যান্য রণক্ষেত্রে নিযুক্ত হইতে পারিবে।

রোম-বার্লিন-বাদিন সম্পর্কে ইতালীর মনোভাব

বিলোর পতনে স্পেনের সরকারপক্ষের আশা ভরসা নির্মূল হইয়াছে বলিয়া বিবেচিত হইতেছে। কর্তৃপক্ষীয় মহল বলেন যে ইতালী স্পেনের [illegible] কোনটা চাহে না। [illegible] এই যে, [illegible] একটি দ্বীপ অপেক্ষা [illegible] স্পেন-ইতালীর [illegible] মূল্যবান হইবে এবং রোম ও বার্লিনের মধ্যে যে সম্পর্ক তাহা রোম-বার্লিন-বাদিন সম্পর্কে [illegible] পরিণত হইবে।

স্পেনীয় সমস্যার সমাধান [illegible] কার্যতঃ [illegible] বিবেচিত হইতেছে। [illegible] ইতালী [illegible] নূতন [illegible] চুক্তি ... এবং [illegible] ও [illegible] সহিত ইতালীর পূর্ব আফ্রিকার [illegible] আলোচনা আরম্ভ করিবার জন্য কল্পনা করিতেছে।

বিলোর পতন সম্পর্কে বৃটিশ প্রধান মন্ত্রী

গত ২২শে অক্টোবর কমন্স সভায় [illegible] [illegible]

বৃটিশ প্রধান মন্ত্রী মিঃ নেভিল চেম্বারলেন বিলোর পতন সম্বন্ধে উল্লেখ করিয়া বলেন,— বন্দীদের প্রতি যাহাতে সদয় ব্যবহার করা হয় তজ্জন্য [illegible] নিকট যে আবেদন করিয়াছে তাহা সমর্থন করিতে বৃটিশ গভর্ণমেন্ট [illegible] নির্দেশ দিয়াছেন। তিনি আরও বলেন যে, বৃটিশ জাহাজ [illegible] [illegible] করিয়াছে।

[illegible] সম্পর্কে মিঃ চেম্বারলেন বলেন যে, [illegible] স্পেনে [illegible] করিতে পারিবে না।

বিদ্রোহীপক্ষ কর্তৃক বৃটিশ জাহাজ ধৃত

"[illegible]" নামক একখানি বৃটিশ জাহাজ ৬০০ [illegible] যাত্রী ও [illegible] লইয়া [illegible] যাইতেছিল। [illegible] বিদ্রোহী নেতা জেনারেল [illegible] একখানি 'ক্রুজার' উহাকে আটক করে। বৃটিশ জাহাজ "[illegible]" [illegible] "[illegible]" জাহাজকে মুক্তি দাবী করে যে, উহা ধৃত হইবার সময় স্পেনের সামুদ্রিক এলাকার মধ্যে ছিল না। অবিলম্বে "[illegible]"কে মুক্তি দেওয়া হয় এবং "[illegible]" জাহাজ [illegible] থাকে।

বড়লাট-প্রাসাদে অগ্নিকাণ্ড

সিমলা, [illegible] 'জোহানসন' নামক যে [illegible] [illegible] গত ২১শে অক্টোবর [illegible] হয়। [illegible] না থাকায় [illegible]

[illegible] টেলিফোন করিলে বড়লাট-প্রাসাদ ও মিউনিসিপ্যাল দমকল ঘাঁটি হইতে [illegible] দমকল আসিয়া পৌঁছে। তিন ঘণ্টা ধরিয়া চেষ্টার পর রাত্রি ১টা ৩০ মিনিটের সময় অগ্নি নির্বাপিত হয়।

[illegible] সম্পূর্ণরূপে নষ্ট হইয়া গিয়াছে। অগ্নিকাণ্ডের কারণ সম্বন্ধে [illegible] চলিতেছে।

জাপ-বাহিনীর উপর চীনাদের ব্যাপক আক্রমণ

গত ২১শে অক্টোবর চীনারা [illegible] জাপানীদের উপর ব্যাপক আক্রমণ চালায়। [illegible] চলিতেছে। [illegible] চীনারা জাপানী [illegible] করিয়া [illegible] চেষ্টা করিতেছে। চীনারা [illegible] দাবী করিতেছে, কিন্তু জাপানীরা ইহার প্রতিবাদ করিতেছে। [illegible] পূর্বে একটা [illegible] হইয়া উঠিয়াছে।

বৈদেশিক পরিস্থিতি সম্পর্কে কমন্স সভা

[illegible] পর গত ২১শে অক্টোবর পার্লিয়ামেন্টের পুনরধিবেশন আরম্ভ হয়। কমন্স সভায় পররাষ্ট্র-সচিব মিঃ [illegible] ইডেন [illegible] সম্পর্কে বিতর্কের উদ্বোধন করেন। [illegible] খুব [illegible] হইয়াছিল। [illegible] বিতর্ক

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। প্রাকৃতকণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। বামন-আদর্শ ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-সাহিত্য ৷৵০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল মূল-ভাষ্য ।০
২৭। মুক্তাফলটীকা গৌরাঙ্গোদয় (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্চ্চনকণ /০
৪৭। সদাচারস্মৃতিঃ /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪৯। অর্চ্চনকণ ⁄১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ।০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। শিক্ষাদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। স্তবকম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ /০
৬৭। মায়াবাদখণ্ডনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিজিট টু দি গৌড়ীয় মঠ ।০
৭০। বামনম্ /০
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী এণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৵০
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্‌ট্‌স্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয় মঠ ইজ ডুইং /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইযোটিক প্রিন্সিপলস্ এণ্ড অনন্যাদদের ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভল্যুম ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ⁄১০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৯৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পো বাগবাজার, কলিকাতা।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞানকেশব গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ২ ভিঃ ২।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিঃ সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—ভিজিয়ানার একমাত্র সাপ্তাহিক পত্রিকা। বৈজিয়ানগরম শ্রীসরস্বতী মঠ হইতে প্রকাশিত, ভিঃ সডাক ১।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিঃ সডাক ১॥০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এইগ্রন্থ পাঠে, শ্রবণ, কথাপ্রসঙ্গ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড ডবল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলাঙ্গে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শ বর্ষ ৬ দামোদর গৌরাব্দ ৪৫১, ৯ই কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৪, ২৬শে অক্টোবর ইং ১৯৩৭, মঙ্গলবার } ১১৫৪শ সংখ্যা

শ্রীচৈতন্যমঠে ঊর্জ্জব্রত

গৌড়ীয়মিশনের আচার্য্যদেব ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুরের নির্দ্দেশে ও আনুগত্যে গত ১৯শে অক্টোবর মঙ্গলবার পূর্ণিমা তিথি হইতে শ্রীচৈতন্যমঠে ঊর্জ্জব্রত আরম্ভ হইয়াছে। প্রাতঃ প্রত্যুষে মঙ্গলারাত্রিকের পর উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রজবাসী কাব্য-ব্যাকরণ-পুরাণতীর্থ মহোদয় শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীরূপশিক্ষা পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। পাঠকীর্ত্তনান্তে শ্রীচৈতন্যমঠের বাল্যভোগাদি এবং শ্রীরাধাকুণ্ড পারিক্রমা হইতেছে। অপরাহ্নে শ্রীচৈতন্যচরিতামৃত পারায়ণমুখে ব্যাখ্যা হইতেছে। সন্ধ্যারাত্রিকের পর পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী কাব্যব্যাকরণতীর্থ মহোদয় ক-এক-দিন যাবৎ শ্রীমদ্ভাগবত ১০ম স্কন্ধ হইতে 'ব্রহ্মস্তোত্র' পাঠ ও ব্যাখ্যা করিয়াছেন। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবতার্কমরীচিমালা পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। মঠবাসী এবং বিদেশাগত বহু ভক্ত এই সময়ে শ্রীধামে ঊর্জ্জব্রত পালন করিয়া নিত্য মঙ্গলাভের সুযোগ গ্রহণ করিতেছেন।

কলিকাতায় প্রচার

গত ১৮ই অক্টোবর সোমবার ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ বালিগঞ্জ নিবাসী শ্রীযুক্ত জীবনকৃষ্ণ মজুমদার মহাশয়ের গৃহে শ্রীমদ্ভাগবত ব্যাখ্যা করেন।

হরিকথা-প্রসঙ্গে স্বামীজী মহারাজ শ্রীমদ্ভাগবতের অসমোর্দ্ধ্ব ও প্রাকৃত সাহিত্যাদাসত্বরহিততার কথা বলেন। স্বামীজী মহারাজ আরও বলেন—শ্রীমদ্ভাগবত-কীর্ত্তন

নিমন্ত্রণপত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার

১৬এ কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা

২৮শে পদ্মনাভ (৪৫১), ১লা কার্ত্তিক (১৩৪৪)

১৮ই অক্টোবর (১৯৩৭)

বিপুলসম্মানপুরঃসর নিবেদন—

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজ-সভার উদ্যোগে গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুর সংকীর্ত্তন-সেবানুকূল্যে আগামী কার্ত্তিক পূর্ণিমা তিথি হইতে শ্রীচৈতন্যমঠে ও প্রধান শ্রীগৌড়ীয়মঠে ও শাখামঠসমূহে এবং বিশেষতঃ শ্রীধাম বৃন্দাবনে শ্রীকৃষ্ণচৈতন্যমঠে ঊর্জ্জব্রত-মহামহোৎসব আরম্ভ হইবে। আগামী ১১ই কার্ত্তিক বুধবার কলিকাতা বাগবাজারস্থিত শ্রীগৌড়ীয়মঠে বিশেষ সমারোহে শ্রীগোবর্দ্ধন-পূজা ও শ্রীঅন্নকূট-মহোৎসব অনুষ্ঠিত হইবে।

প্রভাবু সপরিকর কৃপা করিয়া ঊর্জ্জব্রতে তথা শ্রীগোবর্দ্ধন-পূজা ও অন্নকূট-মহোৎসবে যোগদান করিলে সভার সদস্যবর্গ পরমানন্দিত হইবেন। নিবেদন ইতি

শ্রীহরিজনকিঙ্কর—

শ্রীঅতুলচন্দ্র বন্দ্যোপাধ্যায়

(সহকারী সভাপতি, গৌড়ীয়মিশন)

শ্রীনিশিকান্ত সান্যাল (সম্পাদক, গৌড়ীয়মিশন) ও

শ্রীসখীচরণ রায় (ভক্তিবিজয়), শ্রীগৌড়ীয়মঠ রক্ষক।

কৃষ্ণকথা শুদ্ধ সাধু গৃহস্থের কল্যাণার্থে কৃপাপূর্ব্বক তাঁহাদের আলয়ে শুভাগমন করিয়া কীর্ত্তন করেন। জীবকল্যাণব্রত শুদ্ধ সাধুগণের অপরিহার্য্য অনুষ্ঠান শ্রবণ-কীর্ত্তন। বিজন বিপিনে কপোতের সংযম পূর্ব্বক বিরলে চিন্তা কখনও শুদ্ধ সাধুগণের কার্য্য হইতে পারে না।

আত্মবস্তুটীর ভগবদ্দাসত্ব। উহাদের যে কোন ভূমিকায় অবস্থিতিকালেই ভগবদ্‌ভজন সম্ভব ও একমাত্র কৃত্য। গৌরাঙ্গ যুগ কলযুগে পঞ্চনানন্তর বালকগণ আশ্রম ও বর্ণ-ভূমিকা, উৎকল, বঙ্গ ও মহারাষ্ট্র প্রভৃতি বিদ্যালয়ের হইত। বর্ত্তমানে বিশ্ববিদ্যালয় বিজ্ঞ বিদ্বা বিশ্ববিপণির দোকানদারীই শিক্ষা দেয়। তাই বিশ্ববিদ্যালয়ের পি, এচ, ডি, পি, আর, এস্ মহামহোপাধ্যায় হইলেও কেহ বিষনাশের বিষয় কিছুমাত্র জানিতে পারেন না।

শ্রীমদ্ভাগবতে পঞ্চবর্ষীয় বালক প্রহ্লাদ বিদ্যালয়ে ভর্ত্তি হইয়া শুক্রাচার্য্যের পণ্ডিতগণ কর্ত্তৃক রাজনীতি প্রভৃতি বিষয়ক শিক্ষার জন্য আদিষ্ট হইয়াও তাহাতে মনোনিবেশ করিতে পারেন নাই। তিনি নারদশিষ্য। তাই বালকের ভক্তিপ্রবৃত্তি তিনি বিদ্যালয়ের সেবোপকরণের সর্ব্বস্ব করেন (ঐ ক্লাস) শিক্ষায় উপদেশ [illegible]

[illegible]ছেন। [illegible] অর্থাৎ [illegible] কামিনী কাঞ্চন-প্রতিষ্ঠালোলুপ [illegible] [illegible] প্রহ্লাদ [illegible] কিন্তু সেই [illegible] তাহাদের আত্মপ্রচেষ্টায় প্রহ্লাদের [illegible] [illegible] সমর্থ হইল না। [illegible] বাল্যকালে প্রহ্লাদের কথাকথায় [illegible] সম্বন্ধে প্রশ্ন করিয়া তাঁহার সর্ব্বদা [illegible] সেবায় শ্রবণ করিল এবং "সর্ব্বত্র সর্ব্বস্থানে ঈশ্বর আছেন" এইরূপ বাক্য বালকের প্রাণপণ মনে করিয়া স্তম্ভাগাত [illegible] স্তম্ভ বিদীর্ণ করিলে "নরসিংহ" ভগবান ভক্তবৎসল ও অন্তর্যামী শ্রীনৃসিংহদেব আবির্ভূত হইলেন। হিরণ্যকশিপু ও [illegible] ভক্তি [illegible] [illegible] শ্রীনৃসিংহ [illegible]

পাঠান্তে [illegible] কীর্ত্তন হয় এবং পাঠকগণকে স্বামীজী মহারাজের নির্দ্দেশে [illegible] সময়ে [illegible] [illegible] কীর্ত্তন [illegible] পাঠের [illegible] কীর্ত্তন হয়। সভায় [illegible] [illegible]

[illegible] উপস্থিত ছিলেন

[illegible] ডিপুটি ম্যাজিষ্ট্রেট [illegible] [illegible] [illegible] রায়, শ্রীকালীপ্রসন্ন ঘোষ, শ্রীপ্রফুল্ল কুমার সরকার; [illegible] বসু, শ্রীমান বসু, [illegible] মিঃ এস্ কে মাজুমদার, [illegible] মজুমদার, শ্রীনরেন্দ্রনাথ সুর

[illegible] অর্থ—চেতনময় মন্দির, ইট, কাঠ, পাথর দিয়া গড়া [illegible] লেখা প্রভৃতি আঁকা [illegible] মন্দিরে [illegible] দিবেন।

[illegible]

[illegible]

[illegible]

শ্রীল [illegible]

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

[illegible]

শুদ্ধভক্তি

—:০:—

অনুকূলভাবে কৃষ্ণানুশীলন বা কৃষ্ণসুখ-বিধানের নামই ভক্তি। এই উত্তমা ভক্তি ত্রিবিধা—সাধনভক্তি, ভাবভক্তি ও প্রেমভক্তি। ইহাতে অন্যাভিলাষ ও কর্মজ্ঞানাদির আবরণ নাই। ভোগমুখবাসনা [illegible] কামনার গন্ধও তাহাতে নাই। এই [illegible] সাধনভক্তি সাধনক্রিয়ার [illegible] নহে, সাধ্যও নহে। সাধনভক্তি আত্মার [illegible] ক্রিয়াবতী, [illegible] সাধনক্রিয়া [illegible] উপর নির্ভরশীল নহে। যে যেরূপ [illegible] আশ্রয় করিয়া [illegible] চেষ্টা করা হয়, তাহাই সাধনক্রিয়া। ইহা [illegible] কথা। [illegible] উপর [illegible] সাধনক্রিয়া প্রযুক্ত হইতে পারে না, [illegible] উপরই সাধন-[illegible] হয়। [illegible] হইলে [illegible] এবং [illegible] সাধনভক্তির পরিপাক-[illegible] ভাবভক্তি ও প্রেমভক্তি [illegible] হয়। একটী আমের কাঁচা, ডাঁসা ও পাকা যেরূপ [illegible] অবস্থা, ভক্তিরও সেইরূপ সাধনভক্তি ভাবভক্তি ও প্রেমভক্তি এই ত্রিবিধ রূপ।

[illegible] ইন্দ্রিয়দ্বারা সাধিত হইতে থাকে, তাহাই সাধনভক্তি। এই [illegible] ভাবভক্তি সাধ্য হইয়া থাকে। [illegible] সাধন দ্বারা [illegible] সাধ্য হয় না। কিন্তু সাধনভক্তির [illegible] সাধকের [illegible] হইলে, সেই [illegible] ভাব [illegible] হইতে প্রকটিত হয়। [illegible] আবির্ভাব হওয়ার [illegible]।

আমরা সাধারণতঃ উপায়-ভক্তি ও [illegible] —[illegible] ও সাধ্যভক্তি উভয়-[illegible] এই দুইটী প্রকার দেখিতে পাই। [illegible] তাহা হইলে ভক্তী বিভাগ থাকারই [illegible] কি? উত্তরে শ্রীল রূপগোস্বামী প্রভু লিখিয়াছেন,—

[illegible] সম্যক্ দৈন্যাদিনামপ্যারভ্যাঃ।
[illegible]
ন [illegible]॥
(ভঃ রঃ সিঃ)

ইঁহাদের শ্রীকৃষ্ণ[illegible] অর্থাৎ [illegible] হইয়াছে, কিন্তু সম্যক্‌রূপে [illegible] এবং শ্রীকৃষ্ণ[illegible] দেখা [illegible] ঘটিয়াছে, তাঁহারা সাধকভক্ত [illegible]। সাধকভক্তের এই লক্ষণটীতে দেখা যাইতেছে যে, সাধকে [illegible] আবির্ভাব হওয়ার পরও—"সম্যক্ [illegible]" অর্থাৎ সম্যক্‌রূপে [illegible] হয় নাই, এই [illegible] থাকাতে [illegible] সাধকভক্তের কোনও প্রকারের [illegible] কিছু না কিছু অংশ অবশিষ্ট আছে। [illegible] বাধা ক্লেশ বা বিঘ্ন উৎপাদন করিতে সমর্থ, সেই [illegible] যে পর্য্যন্ত ভক্তে বিদ্যমান থাকিবে, সে পর্য্যন্ত ঐ ভক্তে সাধ্যভক্তির আবির্ভাব সম্ভবপর নহে। কাজেই ভাবভক্তিকে সাধ্য [illegible] অন্তর্ভুক্ত বলা যাইতে পারে না। এই ভাবভক্তির পর্য্যায়ই জীবের পতনের আশঙ্কা আছে। তৎপরে সাধ্যভক্তি বা প্রেমভক্তিতে অর্থাৎ সিদ্ধাবস্থায় জীবের পতনের কোনও কথা নাই। সেই প্রেমিক বা [illegible] ভগবদ্‌ভক্তগণের কিছুমাত্র ক্লেশ অনুভব হয় না এবং তাঁহারা সর্ব্বদা কৃষ্ণসেবায় নিযুক্ত থাকে।

বদ্ধ তটস্থ নহে এবং তটস্থ বদ্ধ বা মুক্ত নহে। সুতরাং এই সিদ্ধ বা মুক্তগণের মধ্যে তটস্থ-ভাবের আশঙ্কা করা অসঙ্গত। স্বরূপাগত বা প্রেমিক হইলেই যখন আর পতনের কোনও কথা নাই, তখন অপ্রকটের পর গোলোক বা বৈকুণ্ঠে গিয়া যে কোনও জীবেরই আর পতনের আশঙ্কা থাকিতেই পারে না, তাহাতে আর সন্দেহ কি? বদ্ধ, তটস্থ ও মুক্তের বৈশিষ্ট্য আমাদের প্রকৃতভাবে উপলব্ধ না হওয়ার দরুণই আমাদের অনেক সময় মনে হয় যে, জীব যখন তটস্থশক্তি অর্থাৎ তাহার স্বরূপের যখন ভোগবাসনা ও সেবাবাসনা দুইটিই আছে, তখন জীব গোলোক-বৃন্দাবন প্রভৃতি যেখানেই থাকুক না কেন তাহার পতনাশঙ্কা কেন না থাকিবে? [illegible] তাহার পতন না হইলেও আশঙ্কা একটু আছে, এইরূপ বলা যাইতে পারে। কিন্তু ঐরূপ ধারণা অযথার্থ। আমাদের জানিয়া রাখা উচিত যে, কৃষ্ণবহির্মুখ [illegible] জীবের কর্ম্মবীজ অর্থাৎ ভোগ-বাসনা সমূলে বিনাশপ্রাপ্ত হয়। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু লিখিয়াছেন,—

উপজিল প্রেমাঙ্কুর ভাঙ্গিল যে দুঃখ।
[illegible], বৃদ্ধ, বালক, যুবা সকলি [illegible]।
সজ্জন, দুর্জ্জন, পঙ্গু, জড় অন্ধগণ।
প্রেমবন্যায় ডুবাইল জগতের জন॥
জগৎ ডুবিল, জীবের হৈল বীজ নাশ।
[illegible] দেখি পাঁচজনের পরম উল্লাস॥
(চৈঃ চঃ ১।৭।২৭)

নদীয়াচাঁদের শ্রীশ্রীল ঠাকুরাণ এই পয়ারের অনুবাদ্য উপরি উক্ত বিষয়ের সুষ্ঠু মীমাংসা করিয়াছেন। ভগবানের তটস্থা জীবশক্তিতে বহির্মুখী চেষ্টার সহিত কৃষ্ণ-বৈমুখ্যরূপ ভোগ-বাসনার বীজও অব্যক্তভাবে অবস্থিত। সংসার বৃক্ষ হইতে বাসনা-বীজ কালপ্রবাহে মিলিত হইয়া নানা প্রকার ভোগাঙ্কুর দ্বারা বদ্ধজীবকে অনবরতঃ ত্রিতাপক্লিষ্ট করিতেছে। যেরূপ মৃত্তিকায় প্রোথিত বীজ অগ্নিদগ্ধ হইলে উহা হইতে অঙ্কুরাদি উদ্গমের সম্ভাবনা থাকে না, সেইরূপ ভগবৎসেবা-সমুদ্রের অতল গর্ভে কৃষ্ণপ্রেমের [illegible] ভোগবাসনা প্রেমবন্যায় ডুবিয়া মিশ্র নষ্ট হইয়া গেল এবং তাহা হইতে আর বাসনা-অঙ্কুরের উদ্গম সম্ভাবনা রহিল না।

গীতায়ও শ্রীভগবান্ বলিয়াছেন,—

"ন তদ্ভাসয়তে সূর্য্যো ন শশাঙ্কো ন পাবকঃ।
যদ্‌গত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম॥"

অর্থাৎ যে ধাম প্রাপ্ত হইলে আর সংসারে আসিতে হয় না, সূর্য্য, চন্দ্র বা অগ্নি যাঁহাকে প্রকাশ করিতে পারেন না, তাহাই আমার পরম ধাম।

ভাবভক্তি হওয়ার পরও ভক্তে [illegible] বিঘ্ন থাকে বা সাধক দশা সম্পূর্ণরূপে বিগত হয় না বলিয়া সেই অবস্থাকে সাধ্য-ভক্তি বা সেই ভাব-ভক্তকে সিদ্ধ বলা না হয় সঙ্গত, কিন্তু ভাব-ভক্তিকে সাধনভক্তির অন্তর্ভুক্ত করিলে কি দোষ হয়? উত্তর এই যে,—ভাবভক্তি সাধন-ভক্তির অন্তর্গত, একথা কিছুতেই সঙ্গত নহে। কারণ, "কৃতিসাধ্যা ভবেৎ সাধ্যভাবা সা সাধনাভিধা" শ্রীল রূপ গোস্বামী প্রভুর এই সাধনভক্তি-লক্ষণাত্মক শ্লোকে—"সাধ্যভাবা" (যদ্বারা ভাবভক্তি সাধ্য হয় তাহার নাম সাধন-ভক্তি)—এই বিশেষণটীর দ্বারা সাধন-ভক্তি যে ভাব-ভক্তির সাধন অর্থাৎ সাধন ভক্তি দ্বারা যে ভাব-ভক্তি সাধ্য হইয়া থাকে ইহাই বর্ণিত হইয়াছে। সুতরাং ভাব-ভক্তিকে সাধন-ভক্তির অন্তর্ভুক্ত করা যায় না। যেহেতু ভাব-ভক্তি কখনও ভাব-ভক্তির সাধন হইতে পারে না, পরন্তু সাধন-ভক্তিই ভাব-ভক্তির সাধন। অতএব সাধন-ভক্তির দ্বারা সাধ্য ভাবভক্তি সাধন-ভক্তি হইতে পৃথক্। সুতরাং ভক্তিকে ত্রিভাগে বিভক্ত করা যথার্থই ভক্তি [illegible] সর্ব্বত্রই হইয়াছে।

এই কৃষ্ণানুশীলন বা ভক্তি শ্রীভগবানের স্বরূপশক্তির বৃত্তিবিশেষ। ইহা একমাত্র শ্রীকৃষ্ণ ও তদ্ভক্তগণেতেই থাকে। যদি এরূপ হয়, শ্রীভগবানের স্বরূপশক্তির বৃত্তিরূপা সেই ভক্তিকে জীবগণ প্রাকৃত ইন্দ্রিয় দ্বারা কিরূপে অনুশীলন করিতে সমর্থ হইবে? উত্তর এই,—শ্রীভগবানের স্বরূপশক্তির বৃত্তিরূপা ভক্তির অনুষ্ঠান করা জীবের পক্ষে অসম্ভব হইলেও ভক্তি জীব সকলের কায়-বাক্যাদির বৃত্তির সহিত একীভূতরূপে স্বয়ংই আবির্ভূত হইয়া থাকেন। যেমন লোহিত-বর্ণতা ও দহনকারিতা অগ্নিরই ধর্ম, লৌহের ধর্ম নহে, কিন্তু লৌহকে যদি অগ্নির মধ্যে ফেলিয়া রাখা যায়, তবে অগ্নি লৌহকে তাহার নিজের ধর্ম কৃষ্ণতা ও শীতলতা পরিত্যাগ করায় এবং লৌহের সঙ্গে একীভূতরূপে প্রকাশ পাইয়া লৌহকে লোহিতবর্ণতা ও দহনকারিতা-ধর্ম প্রদান করে। এস্থলে লোহিত-বর্ণতা ও দহন-কারিতাধর্ম যেরূপ অগ্নি হইতে লৌহে তাদাত্ম্যরূপে সঞ্চারিত হইতে দেখা যায়, ভক্তিও সেইরূপ শ্রীভগবানের স্বরূপশক্তির বৃত্তিরূপা হইয়াও জীবগণের কায়বাক্যাদির বৃত্তির সঙ্গে তাদাত্ম্যপ্রাপ্ত হইয়া আবির্ভূত হন। শ্রীল রূপগোস্বামী প্রভু লিখিয়াছেন,—

অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্
গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ।
সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ॥
(ভঃ রঃ সিঃ)

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভুর উক্তিতেও পাই,—

দীক্ষাকালে ভক্ত করে আত্মসমর্পণ।
সেইকালে কৃষ্ণ তারে করে আত্মসম॥
সেই দেহ করে তার চিদানন্দময়।
অপ্রাকৃত-দেহে কৃষ্ণচরণ ভজয়॥

সুতরাং শ্রীভগবানের স্বরূপশক্তির [illegible] হইয়া সতত যোগযুক্ত থাকিয়া তাঁহারই [illegible] বা ভজনসেবাই যে ভক্তিসাধনের একমাত্র উপায় বা তাহাই যে ভক্তি সে বিষয়ে আর সন্দেহ কি? বৈধী [illegible] উপায়-ভক্তিরূপা সাধনভক্তি, ভাবভক্তি ও প্রেম-ভক্তি এই ত্রিবিধ ভক্তিতে ভক্তিবাসনা ব্যতীত অন্য কামনা বা জ্ঞানকর্ম্মাদির আবরণ নাই। [illegible] তাহা ভক্তি [illegible] মধ্যে দেখা যায়। যথা,—

"কেশী [illegible]।
[illegible]॥"
([illegible])

[illegible]

সেবাই আমার কৃত্য, এই স্বরূপলক্ষিত অ'বিদ্যানাশিনী, শুভদা অর্থাৎ সর্বসদ্গুণ-দায়িনী ও মোক্ষানন্দপ্রদা, মোক্ষলঘুতা-কারিণী, আত্যন্ত দুর্লভা, সান্দ্রানন্দবিশেষ-স্বরূপা অর্থাৎ ব্রহ্মানন্দকে পরার্দ্ধ সংখ্যায় গুণ করিলেও ভক্তিসুখসাগরের একটী পরমাণু তুল্যও হইতে পারে না এবং কৃষ্ণা-কর্ষিণী। এস্থলে আমাদের জানিয়া রাখা উচিত যে, আকাশাদি ভূতের শব্দাদি গুণ যেমন পর পর বায়ু প্রভৃতি ভূত সমূহেও আছে, সেইরূপ সাধনভক্তির গুণ ভাবভক্তিতে আছে, আবার ভাবভক্তির গুণ প্রেমভক্তিতে আছে। সাধনভক্তিতে ক্লেশঘ্নত্ব ও শুভদত্ব, এই দুইটি গুণ আছে। ভাবভক্তিতে মোক্ষলঘুতাকারিত্ব ও সুদুর্লভত্ব এবং সাধনভক্তির গুণ ক্লেশ-ঘ্নত্ব ও শুভদত্ব এই চারটী গুণ আছে। আর প্রেমভক্তিতে সাধনভক্তির দুইটি গুণ এবং ভাবভক্তির দুইটী এই চারটী গুণ এবং সান্দ্রানন্দবিশেষাত্মতা ও শ্রীকৃষ্ণা-কর্ষিতা এই দুইটী গুণ আছে।

এই প্রেমাবির্ভাবের বহু ক্রম থাকিলেও শ্রীল রূপগোস্বামী প্রভু ইহার ক্রম নির্দেশ করিয়াছেন,—

আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ
ভজন-ক্রিয়া।
ততোঽনর্থনিবৃত্তিঃ স্যাত্ততো নিষ্ঠা
রুচিস্ততঃ।
অথাসক্তিস্ততো ভাবস্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি।
সাধকানাময়ং প্রেম্ণঃ প্রাদুর্ভাবে ভবেৎ
ক্রমঃ।

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃতে লিখিয়াছেন,—

সংসার ভ্রমিতে কোন ভাগ্যে কেহ তরে।
নদীর প্রবাহে যেন কাষ্ঠ লাগে তীরে॥
কোন ভাগ্যে কারো সংসার ক্ষয়োন্মুখ হয়।
সাধুসঙ্গে তবে, কৃষ্ণে রতি উপজয়॥
সাধুসঙ্গে কৃষ্ণকথা শ্রদ্ধা যদি হয়।
ভক্তিফল প্রেম হয়, সংসার যায় ক্ষয়॥
ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরু-কৃষ্ণপ্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥
মালী হঞা করে সেই বীজ আরোপণ।
শ্রবণ-কীর্তনজলে করয়ে সেচন॥
উপজিয়া বাড়ে লতা ব্রহ্মাণ্ড ভেদি' যায়।
'বিরজা' 'ব্রহ্মলোক' ভেদি' পরব্যোম পায়॥
তবে যায় তদুপরি গোলোক-বৃন্দাবন।
কৃষ্ণচরণকল্পবৃক্ষে করে আরোহণ॥
তাহাঁ বিস্তারিত হঞা ফলে প্রেমফল।
ইহাঁ মালী সেচে নিত্য শ্রবণ-
কীর্তনাদি জল॥

অনাদিবহির্মুখতা-দোষে জীব সংসার-সাগরের স্রোতঃপ্রবাহে পতিত হইয়া অনন্তকাল যাবৎ ভ্রমণ করিতেছে, স্ব স্ব কর্মানুসারে, কখনও স্বর্গে, কখনও বা নরকে গমন করিয়া সুখ-দুঃখ ভোগ করিতেছে। শ্রীভগবানের অনুগ্রহে সেই জীবের সংসার যখন ক্ষয়োন্মুখ হয়, তখনই ভগবদ্ভক্ত-সঙ্গ লাভ ঘটে। এইরূপে ভাগ্যক্রমে প্রথম সাধুসঙ্গ হইলে সেই সাধুমুখে ভক্ত, ভক্তি ও ভগবান্ এই তিনের মাহাত্ম্যসূচক শাস্ত্র শ্রবণ করিবার সৌভাগ্য হয়। সেই শাস্ত্র-কথা বা হরিকথা শ্রবণ দ্বারা ভক্তিলতার বীজ শ্রদ্ধার উদয় হয়। এই শ্রদ্ধা শব্দের অর্থ শ্রীমদ্ভাগবত, গীতাদি সাত্বত-শাস্ত্রাদির অর্থের প্রতি বিশ্বাস। এই শ্রদ্ধাই জীবের ভক্তিমার্গে অধিকার। যিনি শাস্ত্রে ও শাস্ত্রের অনুগত যুক্তিতে সুনিপুণ এবং তত্ত্ববিচার, সাধনবিচার ও পুরুষার্থবিচারে দৃঢ়নিশ্চয়, সেই প্রগাঢ় শ্রদ্ধাবান্ জনই উত্তমাধিকারী। আর যিনি শাস্ত্র ও শাস্ত্রানুগত যুক্তিতে অনিপুণ অর্থাৎ বাদী ব্যক্তি কোন বলবতী বাধা প্রদান করিলে তাহা মীমাংসা করিতে অসমর্থ, কিন্তু তথাপি শ্রদ্ধাবান্ অর্থাৎ সাধ্যসাধন-বিষয়ে মনে মনে দৃঢ়নিশ্চয় হইয়াছেন, এরূপ ব্যক্তিই মধ্যমাধিকারী। যিনি শাস্ত্রযুক্ত্যাদিতে অনিপুণ এবং কোমল শ্রদ্ধাবান্ অর্থাৎ অন্য শাস্ত্র এবং অন্য প্রকার যুক্তি দ্বারা যাহার শ্রদ্ধা খণ্ডন করিতে পারা যায়, তিনিই কনিষ্ঠাধিকারী।

শ্রদ্ধা উৎপত্তির পর যখন দ্বিতীয় বার সাধুসঙ্গ লাভ ঘটে, তখন হইতেই শ্রীগুরু-চরণাশ্রয়, বিশ্বাসের সহিত গুরু-সেবা প্রভৃতি ভজন-ক্রিয়া আরম্ভ হয়। সাধু আনুগত্যে ভজন করিতে করিতে অনর্থনিবৃত্তি ঘটে। অবিদ্যা, অস্মিতা, বিষয়াসক্তি, দ্বেষ ও দুরভিনিবেশ- এই সকল দুষ্কৃতোত্থ অনর্থ, নানাবিধ ভোগাভিনিবেশরূপ সুকৃতোত্থ অনর্থ, নামাপরাধ ও সেবাপরাধোত্থ অনর্থ এবং ভক্তির দ্বারা উদ্ভূত লাভ-পূজা-প্রতিষ্ঠাদিরূপ ভক্ত্যুত্থ অনর্থ— এই সকল অনর্থের নাশ করিতে করিতে মহৎ-কৃপায় নিবৃত্তি হইলে পর নিষ্ঠা অর্থাৎ বিক্ষেপশূন্যভাবে সতত ভজনের প্রতি একাগ্রতা জন্মে। পরে রুচি অর্থাৎ লালসা উৎপন্ন হয় এবং তৎপরে আসক্তি প্রকাশ পায়। পূর্বোক্ত নিষ্ঠা হইতে আসক্তির ভেদ এই যে, নিষ্ঠা 'বুদ্ধিপূর্বিকা' অর্থাৎ বুদ্ধি পূর্বক সতত ভজনে রত থাকার নাম নিষ্ঠা। আর আসক্তি স্বারসিকী বা স্বাভাবিকী অর্থাৎ সাধক যে স্থলে পৌঁছিলে কোনও প্রকার যুক্তি-বুদ্ধির অপেক্ষা থাকে না, নিরন্তর স্বাভাবিক ভাবে ভজনে অভিনিবেশ উপস্থিত হয়, তাহার নাম আসক্তি। এই আসক্তির পর ভাব বা রতি এবং রতির পর প্রেম উদিত হয়। আসক্তি পর্যন্তই সাধকত্ব। তৎপরে ভাব-ভক্ত এবং তাহার পরের অবস্থাই সিদ্ধাবস্থা বা প্রেম। সাধকগণ ভাবভক্ত হন এবং ভাব-ভক্ত সিদ্ধভক্ত বা প্রেমিক নহে। ভাবভক্ত হইতে মহাভাগবতাধিকার। সাধকগণের প্রেমাবির্ভাবের ইহাই ক্রম। তবে আমাদের একটি কথা জানিয়া রাখা উচিত যে, শুদ্ধ-বৈষ্ণবের ইচ্ছার সহিত ইচ্ছা মিশানই প্রয়োজন। গুরুকৃপায় যদি এইরূপ সৌভাগ্য কাহারও লাভ হইয়া থাকে, তাঁহাতে শাস্ত্রনিপুণতার অভাব আপাত দৃষ্টিতে পরিদৃষ্ট হইলেও সেই শুদ্ধবৈষ্ণবগণের চরণে যেন আমরা অপরাধ করিয়া না বসি. কারণ,তখন চেতনের স্বাভাবিকী বৃত্তি ; তাহা শাস্ত্রযুক্তির অপেক্ষা রাখে না। তাহা অনুরাগময়ী, পূর্ণানন্দময়ী ও উত্তরোত্তর-সেবোল্লাস-ময়ী। যেখানে প্রাণের সহিত প্রাণের মিল বা টান, চেতনের সহিত চেতনের প্রীতি ; তাহা অবিচ্ছিন্ন তৈলধারার ন্যায় সতত সেব্যের কীর্তনাদিনী। অন্য দিন আমরা অনুকূল কৃষ্ণানুশীলনই যে শুদ্ধভক্তি একথা আলোচনা করিব।

ঘাড়কে পিছনে রাখি' কৃষ্ণ পানে ধায়। সেবিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়।

পথহারা পথিকের প্রতি

কোথায় যেতেছ ভেসে ওহে বাতুলীন,
এখনও কি দেখিবে না চ'লে কিছু দিন।
হরি-গুরু-বৈষ্ণবের বিরোধের ফলে।
অনন্ত-নিরয়-বাস সর্বশাস্ত্রে বলে॥
দলের খাতিরে আজ সে কথা ভুলিয়া।
চলেছ কোথায় স্রোতে দেহ ভাসাইয়া?
নিজে নিজে বড় বলে, সে ত' বড় নয়।
সর্বলোকে যারে যারে সেই বড় হয়।
"অজ্ঞানে করয় পাপ, জ্ঞান হ'লে যায়।
সজ্ঞানে করিলে পাপ যায় সব রসে॥"
জানিয়া শুনিয়া তুমি যে ধাও বাতুলে।
তাহার জীবন শান্তি কভু না মিলিবে॥
কনক, কামিনী, খ্যাতি প্রতিষ্ঠার লাগি।
কারণ যে একবারে ভব বুঝিলাম॥
ভেবেছিলে হবেকে তব দল ভারী।
জগৎ ভুলাবে ব'লে করিলে চাতুরী
শিয়াল, মদন্ধ, কংসাসুর-প্রায়।
দম্ভ, লোভে, দুষ্ট তব বুদ্ধিভ্রষ্ট হায়!!
এখনও কি বুঝ নাই সব ফক্কিকার।
তবে কেন শোক মোহ মজিতেছ আর?
কোথা হ'তে কোথা গেছ বুঝিতে কি
বাকী।
বৃথা কেন মিছে তবে আপনাকে ফাঁকি?
যতক্ষণ আছে তব,—যথা ইচ্ছা কর।
যাহা শক্তি কেহ দিবে—ঈশ্বর বা নর।
কোথা গুপ্ত ছিল তব কালকূট বিষ।
উদ্গীরণ করিতেছ যাহা অহর্নিশ॥
মহাপুরুষে সেই বিষ কি করিতে পারে।
তাঁহার চিহ্ন তাহা সর্বশরীরে বাঁধে।
বিষোদ্গারী সর্প এ দুর্দিনে আপনে।
হরিদাস প্রতিক্রিয়া জানে সর্বজনে॥
তব সর্বনাশ আমি যে দেখিতে পাই।
নিরন্তর ঘোর শব্দ জাগিছে তাহায়॥
তোমারে শিখণ্ডী করি' রণে জিনিবারে।
কত ক'রেছিল সেই দুশ্য দুরাচারে॥
লঙ্কাভাগে কালনেমি সব বুঝেছিলা।
ক'রেছিল যে তোমায় যোগ্যপাত্র যারা॥
জানিও সে নহে কভু সুহৃদ্ তোমার।
এখনও ত্যজহ তাঁর করি' নমস্কার॥
হৃদয়ের সব গুণ' বাঁশরীর তান।
ব্যাধ-হস্তে অবশেষে গেল তব প্রাণ॥
গোপনে স্বরূপ তব দেখাইলে যায়।
হাটে হাঁড়ী ভেঙ্গে দেও ফেলিল লজ্জায়॥
দুর্বৃত্তে সিদ্ধ হওয়া নহেত কঠিন।
সংসারে সিদ্ধ যেই সেইত প্রবীণ॥
"বাঁচা না-বাঁচে, লোকে যদি দুষে।
মরিয়া না মরে সেই লোকে যদি পূজে॥"
সজ্জনের প্রিয় তুমি ছিলে কোনকালে।
সেই প্রীতি নিজ দোষে কি হেতু হারালে?
পূর্বে যে ডাকিত তোমা অতি সমাদরে।
তোমার সঙ্গে আমি' সদা ধ্যান করে॥
তোমারে বধিত যে দুর্দ্দৈব হাতে।
অবশেষে নির্জন সেই ত্যাগ করে॥
ছি ছি ছি ছি দগ্ধ মুখ দেখাবে কি করে?
লুকাও যথায় পাও লুকাও সত্বরে॥
একদিন হ'য়েছিল পথে পরিচয়।
সেই হেতু তোমা লাগি আমি দুঃখ লয়॥
সে কারণে এক কথা বলিব তোমায়।
শোন কিম্বা নাহি শোন, দুঃখ নাহি তায়॥
বিধাতার দোষী নাহি তবে ভাল কথা।
তুমিও শুনিবে না তা'—কর ইচ্ছা যথা॥
করিয়েও পার তুমি ঠাঁই উপহাস।
কর্তব্য করিনু সার—নাহি অন্য আশ॥
দগ্ধমুখ না দেখা'য়ে বিবাগী হ'য়ে।
নিজ গুরু-হেতু যাও দূর দেশান্তরে॥
নিভৃতে আপন দোষ করিয়া স্মরণ।
তীব্র অনুতাপে কর নিজের শোধন॥
অন্তর্যামী চৈত্য-গুরু অন্তরে জানিয়া।
সরল দেখাবে পথ সদয় হইয়া॥
দুষ্টের বান্ধব তা'রা ভুলিও না আর।
নাচের পুতুল আর হইও না তার॥
কুঠার হয়ো না তবে গাছ কাটিবার।
তাড়িলে তাড়িয়ে ছুটায়, কি যাবে
তাহার॥
আপনার গুরু চিহ্ন আপনার হবে।
বন্ধুর দেখো না আর অগতের সনে॥
এই হিতবাক্য এবে করিয়া স্মরণ।
চুপি চুপি চলি যাও যথা বৃন্দাবন॥
অকৈতবে কথা চাহ বৈষ্ণবচরণে।
ইহাতে সংশয় কিছু নাহি কর মনে॥
"কুঁড়া দুষ্ট সেই দুখে সে' দুখে
বাহিরায়।
প্রভুপাদ বিনা তোমা অন্যে কে তরায়॥"
সরল বলিয়া তোমা ভাবিতাম মনে।
শ্রবণ তোমাতে দেখি বিস্মিত এক্ষণে॥
সদয় আপন হিত সাধুপথে চল।
দুষ্ট সঙ্গ হ'তে আর নাহি কিছু ফল॥

—শ্রীসচ্চিদানন্দ অধিকারী

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ-শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্নতত্ত্ব-প্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' দৈনিক আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রধানচতুষ্টয়-সেবায় শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রোত্রাচার্য্য শ্রীপাদ নবীনচরণ রায় ভক্তিনিধি।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি, মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অপ্রকটলীলা-শ্রীজগন্নাথ

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগবন্ধুদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিধিরঞ্জন ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাননগর (বর্দ্ধমান)

শ্রীবৃন্দাবনদাস ঠাকুর বৃন্দাবনের পাদ

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনভজন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী - (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) সুরভিকুঞ্জ

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীভক্তিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীভূতেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চারিবাণ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীমদ্‌যানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীবনমালী ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীবক্তিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীশঙ্কর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

জলাপাহাড়, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।
শ্রীগুরু, বৈষ্ণব, ভগবান্ তিনজনই অভিন্ন বলিয়া জীবের নিত্যারাধ্য। 'শ্রীহরির ভজ' বলিলে তাঁহার নাম-রূপ-গুণ-লীলা-পরিকরবৈশিষ্ট্য সমগ্রকে উদ্দেশ করে। সুতরাং 'হরি-সেবা' বলিতে তাঁহার নাম-রূপ-গুণ-লীলা ইত্যাদির অখণ্ড সেবাকে বুঝায়। কৃষ্ণসেবা, নামসেবা ও বৈষ্ণবসেবা একতাৎপর্য্যপর। 'ভৃত্য প্রভুর সেবা করে।'—এই কথায় প্রভুর নামগুণ-কীর্ত্তনরূপ সেবা করিতে হইবে, আর অন্যায় সেবা নাম পাইবে এরূপ নয়। "প্রভো! আমি আপনার সেবা করিতে আসিয়াছি। আপনার গুণগান করিব আর আপনার পরিচর্য্যা করিব, কিন্তু আপনার পার্ষদের সেবা করিব কেন? আপনার পরিজনের বা অন্যান্য ভৃত্যের সেবা কেন করিব?"—এরূপ অনেক ভুলবিচার আমাদের হরিসেবাবুদ্ধিহীন মস্তিষ্কে প্রবেশ করিয়া আমাদিগকে গুরুবৈষ্ণবসেবা হইতে চ্যুত করাইয়া নরকের দিকে লইয়া যায়। শ্রীনাম-সেবা করিলেই হরিসেবা হয়। কারণ, নাম ও নামী অভেদ। আবার হরিসেবা হইলে সকলেরই সেবা হয়, যেহেতু শুনিয়াছি—"তস্মিন্ তুষ্টে জগৎ তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ।" 'যথা তরোর্মূলনিষেচনেন তৃপ্যন্তি তৎস্কন্ধভুজোপশাখাঃ"—ইত্যাদি। 'Even devil can quote Scriptures' অর্থাৎ সয়তানও শাস্ত্রের দোহাই দেয়। এই বাক্যাবলম্বনে আমরা স্বাপবাদ বা প্রচ্ছন্ন ভোগবাদকে সমর্থন করিবার জন্য মনকে বুঝাইতে পারি যে, যখন নামগ্রহণেই সাক্ষাৎ ভগবৎসেবা তখন আর অন্য প্রকারের চটিলতা ও বাহুল্যের মধ্যে আমাদের যাইয়া কাজ কি? সুতরাং নামভজনের নামে আলস্যকে পূর্ণমাত্রায় প্রশ্রয় দেওয়া যাউক। হায় দুর্দ্দৈববশ জীব আমি আমার নিজের হিতাহিত না বুঝিয়া মনের খেয়াল অনুসারে সাধনপথ ঠিক করিয়া লইতেছি। হয় ত' বিপরীত দিকে চলিতে থাকিয়াই মনে করিতেছি—আমি ত' গন্তব্য স্থলের দিকেই অগ্রসর হইতেছি। আমি মূর্খ, তাই সত্যকে অসত্য এবং অসত্যকে সত্য বলিয়া ভ্রান্ত হইতেছি। তাই শ্রীবহুধে দুঃখী বৈষ্ণবমহাজন গাহিয়াছেন—

গোপীনাথ, আমি ত' মূরখ অতি।
কিসে ভাল হয়, কভু না বুঝিয়ু
তাই হেন মম গতি॥
গোপীনাথ, তুমি ত' পণ্ডিতবর।
মূঢ়ের মঙ্গল, খুঁজিবে সদা,
এ দাসে না ভাব পর॥

বদ্ধাবস্থায় বা অন্ধাবস্থায় যদি আমি নিজের ভালমন্দ নিজে বুঝিতে পারিতাম, তবে জন্মজন্মান্তর কেন পুনঃ পুনঃ মায়াদেবীর আশ্রিত হইয়া ত্রিতাপজ্বালা ভোগ করিতেছি? আমাকে অমঙ্গল ও বিপদসমূহ হইতে রক্ষা করিবার জন্যই গুরুবৈষ্ণবগণের প্রপঞ্চাবতরণ। আমি যদি তাঁহাদের অহৈতুকী কৃপানির্দ্দেশ না শ্রবণ করিয়া সেবাভিনয়-পূজা-নিষেধের কথা গুরুবৈষ্ণব-সেবার বেলায় প্রয়োগ করিতে যাই তবে যে নিজের পায়ে নিজেই কুঠারাঘাত করিয়া বসিলাম! হরিসেবাকে যদি বিচিত্রতাহীন আধ্যাত্মিক উপাসনামাত্র মনে করি তাহা হইলে অবিবেকী নির্বিশেষবাদকেই প্রশ্রয় দেওয়া হইল। ভক্তি বা সেবা চেতন আত্মার বৃত্তি। সুতরাং উহা একবার আরম্ভ হইলে তাহা উত্তরোত্তর বৃদ্ধিই প্রাপ্ত হয়। কর্ম্মের মধ্যে বিরাম ও অবসাদ আছে, কিন্তু আত্মবৃত্তি ভক্তির প্রকৃতিতে মায়িক ব্যবধান না থাকায় সেই ভক্তিলতা ক্রমবর্দ্ধিনী এবং সঞ্জীবনী। জীব তটস্থ-শক্তিপ্রসূত, সুতরাং যদ্যপি সে অচিৎ জগতের প্রতি আকৃষ্ট হইয়া দিন দিন মায়ার কার্য্যে রত হইবে, নতুবা চিজ্জগতের সন্ধান পাইয়া হরিগুরুবৈষ্ণব-সেবাময় জীবনযাপন করিতে করিতে গোলোকের দিকে অগ্রসর হইবে। ভক্তিপথের যে সাধন তাহাতে উপায়-উপেয়, সাধ্য ও সিদ্ধি এবং কার্য্য ও ফল পৃথক্। কিন্তু ভক্তিপথের সাধন ও সিদ্ধিতে তারতম্য থাকিলেও একান্ত ভেদ নাই। ভক্তিই ভক্তির সাধন এবং ভক্তিই ভক্তির সিদ্ধি অর্থাৎ সাধকাবস্থায় ভক্তিকে সাধনভক্তি বা ভক্তিফলের অপক্বাবস্থা, যথাধিকারে শেষ অবস্থায় ভক্তিকে ভাবভক্তি বা ভক্তিফলের প্রায় পক্বাবস্থা এবং উজ্জ্বল বিকারে ভক্তিকে ভক্তিফলের প্রপক্বাবস্থা বা প্রেমভক্তি বলে। ব্রহ্মাণ্ডে অনন্ত সেবোন্মুখ ভাগ্যবান্ সাধক গুরুকৃষ্ণপ্রসাদে যে ভক্তিলতাবীজ লাভ করেন তাহা শ্রবণ কীর্ত্তন-জলে বর্দ্ধিত হইতে হইতে ক্রমশ বিরজা, ব্রহ্মলোক, পরব্যোম অতিক্রম করিয়া গোলোকে কৃষ্ণচরণকল্পবৃক্ষে আরোহণ করে। তথায় উহা প্রেমফল ধারণ করে এবং অষ্টসাত্ত্বিকাদি সঞ্চারণ পুষ্পপল্লবাদি বিভূষিত হইয়া কৃষ্ণযোগ্য রূপ ধরে। এস্থলে লক্ষ্য বিষয় এই যে, ভক্তিলতা অবস্থান্তরেই সাধনের ফল। কৃষ্ণপ্রেম-ফল পাইতে হইলে ভক্তিলতাকেই আদর করিয়া উহা বর্দ্ধিত করিতে হইবে। অন্যকিছুকে বহুল করিলে তাহা হইতে কখনও প্রেমফল লাভ হইবে না। সুতরাং সাধন-ভক্তি যাহা কৃতিসাধ্য অর্থাৎ বদ্ধাবস্থায় সেবোন্মুখতার জন্য ইন্দ্রিয় দ্বারা যে সেবা-শ্রম, তাহা পরিত্যাগ করিলে কখনও সাধ্যভক্তি বা প্রেমভক্তি লাভ হইবে না।

ভক্তিলতারূপ বা সেবাপ্রবৃত্তির পথে যে সকল বাধার উপস্থিত অনিবার্য্য; তাহাদিগের সম্বন্ধে সাধককে বিশেষ সতর্কতা অবলম্বন করিতে হইবে। ভক্তির ছলনা অভক্তিপথে পতন অবশ্যম্ভাবী। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু অভক্তির কার্য্যসকল ভক্তির ন্যায় বাহ্যতঃ দেখাইলেও যে উহা ভক্তি নহে, তৎসম্বন্ধে শ্রীমন্মহাপ্রভুর একটী উক্তি লিপিবদ্ধ করিয়াছেন—

যদি বৈষ্ণব-অপরাধ উঠে হাতীমাতা।
উপাড়ে বা ছিণ্ডে, তার শুখি যায় পাতা॥

কৃষ্ণ তারে দেন নিজ চিচ্ছক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্ব্বল॥

তাতে যদি গজ করি করে আরোহণ।
অপরাধ-হস্তীর যৈছে না হয় উদ্গম॥
কিন্তু যদি লতার সঙ্গে উঠে উপশাখা।
ভুক্তি-মুক্তি-বাঞ্ছা যত অসংখ্য তার লেখা॥
'নিষিদ্ধাচার', 'কুটিনাটি', 'জীবহিংসন'।
'লাভ'-'পূজা'-'প্রতিষ্ঠাদি' যত উপশাখাগণ॥
সেকজল পাঞা উপশাখা বাড়ি' যায়।
স্তব্ধ হঞা মূল শাখা বাড়িতে না পায়॥
প্রথমেই উপশাখার করয়ে ছেদন।
তবে মূলশাখা বাড়ি' যায় বৃন্দাবন॥

এস্থলে শ্রীল প্রভুপাদলিখিত অনুভাষ্যের কথা উল্লেখ না করিয়া পারিতেছি না। তাহা এইরূপ—'শ্রবণকীর্ত্তনাদি জলসেচন-প্রভাবে উপশাখা পুষ্ট হইয়া বর্দ্ধমানা হয়, তাহাতে মূল ভক্তিলতিকা বাড়িতে না পাইয়া থামিয়া যায়। শ্রবণ ও কীর্ত্তন নিরপরাধে অর্থাৎ হৃদয় পাপত্যাগ না করিয়া অপরাধের সহিত অনুষ্ঠান করিতে করিতে জীবগণ ভোগপরায়ণ, বন্ধ-মোচনাকাঙ্ক্ষী, সিদ্ধিলোভী, কপটতাশ্রিত, অবৈধযোষিৎ-লম্পট, মিছাভক্তি বা প্রাকৃত সহজিয়াবাদের পরিপোষণকারী, শৌক্রবংশ মর্য্যাদাও ছলনা-দ্বারাই পারমার্থিক মর্য্যাদার আগ্রহবিশিষ্ট, পরোক্ষিৎ-প্রবর্ত্ত কালর স্থানপক্ষের অধিবাসী, বৈষ্ণবে জাতিবুদ্ধিকারী, নামমন্ত্র-বিগ্রহ-ভাগবতজীবী, অতত্ত্বপ্রাপ্ত দ্বারা ধনাদিসংগ্রহে তৎপর, নির্জ্জন ভজনানন্দী বলিয়া প্রতিষ্ঠা-কাঙ্ক্ষী, চিজ্জড়সমন্বয়বাদ পোষণকারী মঠো-লাভেচ্ছু অথবা গুরুদেবের দায়াদরূপে বিষ্ণু-বৈষ্ণববিরোধী অবৈধ বর্ণাশ্রমের অধীন ও পোষক প্রভৃতি বহুবিধ আখ্যায় আখ্যাত হয়। অর্থাৎ নিজেন্দ্রিয়তর্পণপ্রমত্ত হইয়া গুরুভক্তি ব্যতীত মধুর অধ্যাত্ম বস্তু-ব্যাজোদেশে নির্ব্বোধ লোকগণকে বঞ্চনা পূর্ব্বক জগতে ধার্ম্মিক বা সাধু বা মহৎ বলিয়া পরিচয়াকাঙ্ক্ষী হইয়া পড়ে, বাস্তবিক শুদ্ধ হরিসেবক হইতে পারে না।'

শুদ্ধভক্তির লক্ষণ শ্রীল রূপগোস্বামী প্রভু এরূপ দিয়াছেন—

অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥

শ্রীচৈতন্যচরিতামৃতে উক্ত হইয়াছে—

অন্য বাঞ্ছা, অন্য পূজা, ছাড়ি' জ্ঞান কর্ম্ম।
আনুকূল্যে সর্ব্বেন্দ্রিয়ে কৃষ্ণানুশীলন॥
এই শুদ্ধভক্তি ইহা হৈতে প্রেমা হয়।
পঞ্চরাত্রে ভাগবতে এই লক্ষণ কয়॥

শ্রীল রূপগোস্বামিপাদ তাঁহার শ্লোকে শুদ্ধভক্তির প্রতিকূলবিষয়বর্জ্জন এবং অনুকূল বিষয় গ্রহণের কথা জানাইয়াছেন। অন্যাভিলাষ না হইলে যে অর্থপ্রবৃত্তি বা কৃষ্ণানুশীলন-প্রবৃত্তির উদয় হয় না, তাহাও জ্ঞাপন করিয়াছেন। জ্ঞানকর্ম্মাদির সর্ব্বদাই শুদ্ধভক্তি-রোধ করিয়া স্বর্গ বা বাস্তবস্থাপন করিয়াছেন। এস্থলে অন্যাভিলাষ অর্থাৎ ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষাভিলাষ সম্পূর্ণরূপে নিরাকৃত হইয়াছে। জ্ঞান ও কর্ম্মের প্রতি আসক্তি অথবা যথাবস্থায় যে কর্ম্মজ্ঞানমিশ্রা ভক্তি, তাহাকেও পরিত্যাগ করিয়া আনুকূল্যভাবে অর্থাৎ শুভকর্ম্মের পূর্ণাঙ্গপত্যে কায়মনোবাক্য যথাসর্ব্বস্ব দ্বারা কৃষ্ণভজনের কথা বলিয়াছেন এবং বিষৎ-প্রতীতিবিশিষ্ট হইয়া গোলোকাদ্ভূতিতে অবস্থানপূর্ব্বক যে কৃষ্ণভজন তাহাকেই শুদ্ধভক্তি বলিয়াছেন।

বদ্ধ ও মুক্তাবস্থায় শ্রীনামসেবা ও কৃষ্ণ-সেবাপেক্ষা বৈষ্ণবসেবাই অধিক মঙ্গলপ্রদ ও পরমপ্রয়োজনীয়। মহাজনগণ বলিয়াছেন,—'ছাড়িয়া বৈষ্ণবসেবা, নিস্তার পেয়েছে কেবা?' (হরি) গুরুসেবা, পরমসিদ্ধি, প্রেমলতিকার মূল।' 'কৃষ্ণভক্তিজন্মমূল হয় সাধুসঙ্গ।'

এখন আমাদের বিচার্য্য এই যে, সেবা ও সিদ্ধান্তের কিরূপ সম্বন্ধ? আমরা যদি ইহজগতের রীতিনীতি ও কার্য্যকলাপ আলোচনা করি তাহা হইলেও দেখিতে পাই যে, এখানেও Theory ও Practice বলিয়া দুইটি কথা আছে। শুধু Theory এবং শুধু Practice এ কোন কাজই হয় না এবং কোন বস্তুই অনুভূতি হয় না। বিচার ব্যতীত আচার থাকে না এবং আচার ব্যতীত বিচারেরও কোনই মূল্য নাই। সেইরূপ আচার ব্যতীত প্রচারেরও কোনই কার্য্যকারিতা নাই। প্রচারে লোকের ইষ্ট ও অনিষ্ট দুইই করে, কিন্তু আচারে নিজের ও পরের ইষ্ট ব্যতীত কখনও অনিষ্ট করে না। ভক্তিরাজ্যেও আচার ও বিচার অথবা সেবা ও সিদ্ধান্ত দুইটিই যুগপৎ আশ্রয়নীয়। সেবাকে শুধু Practical বলিয়া সিদ্ধান্ত শ্রবণ হইতে দূরে থাকিলে চলিবে না, আবার সিদ্ধান্ত শ্রবণ করিলেই হইবে, সেবাটা কিছু নয়—এরূপ একদেশী বিচার গ্রহণ করিলেও কোন মঙ্গল হইবে না। সেবাই সেবার ফল, সেবা হইতেই সিদ্ধান্তের স্ফূর্ত্তি এবং সিদ্ধান্তের দৃঢ়তা বা পটুতা হইতে সেবায় নৈষ্ঠিকতা লাভ হয়। আবার, জড় জগতের চিন্তনীয় theory বা মতের ন্যায় চিজ্জগতের theory বা সিদ্ধান্ত কিছু কল্পনা, যুক্তি ও আত্মস্বাদ্ চিন্তনীয় কোন ব্যাপার নহে। অপ্রাকৃত সিদ্ধান্তসকল অচিন্ত্য ও গুরু-বৈষ্ণব-কৃপায় স্বতঃপ্রকাশিত। জড় জগতে আমি শাস্ত্রে খুব পারদর্শী হইতে পারি, তাহাতে আচরণ না করিলেও বিশেষ কোন অসুবিধা হয় না, কারণ আমার উদ্দেশ্য—ইন্দ্রিয়তর্পণার্থ অর্থোপার্জ্জন,—সেবা নহে। কিন্তু চিজ্জগতে সেবা ব্যতীত বা আনুগত্য ব্যতীত একটী সহজ সিদ্ধান্তেরও স্ফূর্ত্তি সম্ভব নয়।

ইহজগতে যেমন Theoritical ও Practical life সমান না হইলে তাহাকে কেহই আদর্শ বলিয়া গ্রহণ করে না, ভক্তি-রাজ্যেও তেমন সেবা ও সিদ্ধান্ত যুগপৎ প্রকাশিত না হইলে তাহাকে সেবক বা ভাগবত বলিয়া গণ্য করা হইবে না। যিনি ভক্তভাগবতের শরণাগত না হইয়া শ্রীমদ্ভাগবত আলোচনা করেন এবং যিনি কৃষ্ণের অনুকূল অনুশীলন না করিয়াই শ্রীমদ্ভাগবতের অর্থ বুঝিয়া ফেলিয়াছি মনে করেন, তিনি কাচ-ভাণ্ডের বাহির্দেশে অবস্থান করিয়াই মক্ষিকার ন্যায় মধুভক্ষণের ন্যায় আত্মবঞ্চনা লাভ করেন মাত্র। সিদ্ধান্তবিহীন ভক্তি ভক্তিই নহে, উহা মিছাভক্তি বা অন্যাভিলাষ। আবার সেবাবিহীন সিদ্ধান্ত বা জ্ঞানও শুষ্কজ্ঞান বা নির্ব্বিশেষবাদ। এইজন্যই শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু জীবের মঙ্গলের জন্য জানাইয়াছেন—

সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর অলস।
ইহা হৈতে কৃষ্ণে লাগে সুদৃঢ় মানস॥
চৈতন্যমহিমা জানি এসব সিদ্ধান্তে।
চিত্ত দৃঢ় হঞা লাগে মহিমা-জ্ঞান হৈতে॥

সম্বন্ধজ্ঞান ব্যতীত কখনও অভিধেয় বা ভক্তির কোনই কথা হইতে পারে না। জীব কে, কৃষ্ণ কে, শ্রীগুরুদেব কে, কৃষ্ণসেবা বা গুরুসেবা কি?—এ সকল তত্ত্ব সুষ্ঠুরূপে সাধুগুরুমুখে প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তির সহিত অবগত না হইলে কিরূপে আমরা সেবা করিব, আর কাহারই বা সেবা করিব? সেবা করিয়া ফলই বা কি হইবে? সুতরাং কৃষ্ণভজন করিতে হইলে আত্মতত্ত্ব ও ভগবত্তত্ত্বের অনুসন্ধান করিতে হইবে। উপায় উল্লিখিত প্রচারিতানুভাষ্যের "অনুভাষ্যে"র কিয়দংশ উদ্ধৃত হইল—"অনেকে আত্মকৃত ভক্তগণের আদর্শ দর্শনে মনে করেন যে, সিদ্ধান্তবিষয়ে তাদৃশ প্রবেশ করিবার আবশ্যকতা নাই। এরূপ আলস্য হইতে অনেকেই ভজনবিষয়ে অলসপ্রস্ত হইয়া কৃষ্ণসেবোন্মুখ সঙ্গ করেন ও ভক্তির বিরোধী জড়ভাবসমূহকে ভক্তি মনে করিয়া অনর্থগ্রস্ত হন। বিচারপ্রধান মার্গ যদিও অজাতরুচিগণের পক্ষে উপযোগী, তথাপি জাতরুচিজনে স্বরুচিবিশিষ্টজনের শ্রবণাদি বিশেষ আবশ্যক। কৃষ্ণবিষয়ক সিদ্ধান্ত শ্রবণ না করিলে রুচিবৃদ্ধি হয় না। নবধা ভক্তির প্রারম্ভেই কীর্ত্তিত বাক্যের পূর্ব্বে শ্রবণের ব্যবস্থা। শ্রবণ-কীর্ত্তনফলে সিদ্ধিত হইলেই ভক্তিলতা সমৃদ্ধিতা হন।"

সেবা ও সিদ্ধান্ত বা ভক্তি ও সিদ্ধান্তের সহজ সমন্বয়কারক মণ্ডলের মূর্ত্তবিগ্রহ জগদ্গুরু ও বিষ্ণুপাদ পরমহংসকুলমুকুটমৌলি শ্রীশ্রীমদ্ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ। এইজন্যই আমরা যেন তাঁহাকে নিত্যকাল এরূপ প্রণাম করিয়া ধন্য হই—

নমস্তে গৌরবাণীশ্রীমূর্ত্তয়ে দীনতারিণে।
রূপানুগবিরুদ্ধাপসিদ্ধান্তধ্বান্তহারিণে॥

সেবা ও সিদ্ধান্তের একত্র সংরক্ষিত ভাণ্ডারস্বরূপ সেই ইচ্ছাতাদাত্মা ওঁ-বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুকেই আমরা পরমারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদের দ্বিতীয়স্বরূপ বলিয়া যেন নিত্যকাল জনাগ্রহাসগণের আনুগত্যে সেবা করিতে পারি, ইহাই শুভরণে একান্ত প্রার্থনা।

দীনের প্রার্থনা

দান দাও শ্রীচরণে করি পদধূলি,
হে মহৎ বৈষ্ণব সকল!
লহ মোরে তুলি'
সেবাহীন পথ হ'তে। তোক জীবন সফল
বৈষ্ণবের পদরেণু করিয়া সম্বল।
শোক মোহ ভুলি—
গাহি যেন গুরুণ্ডর হস্তে কত তুলি?
শুদ্ধ মোর সেবাহীন,—
অথচ এ রাত্রিদিন
বাগ্ বৈখরীর ছটা-গাথকা-সেবায়
শুধু বয়ে যায়।
প্রাণ ওষ্ঠাগতপ্রায়,
নাহি জানি কি করি উপায়;
মধ্যাহ্নে বালুকা সম
দাহিছে হৃদয় মন
সিন্ধুতীরে রহি' নীর স্পর্শিতে না পায়।
সেবাবাঞ্ছাহীন দীন অস্পৃষ্ট অজ্ঞান
দৈবের তরঙ্গ তাই বিশাল উত্তাল;
প্রখর রৌদ্রের মাঝে দিয়াছে ডাকিয়া—
গুরু-কৃপাসিন্ধু-কাছে পুনঃ এ কাকুতি—
গতি কোথা আছে বল তাঁহারে ছাড়িয়া।
বিচিত্র কল্লোলধ্বান হরিগুণ-গান,
গভীর উদাত্ত মহা সঙ্গীতের তান
বিরামবিহীন—
গাহিয়া চ'লেছে সিন্ধু সেবায় প্রবীণ।
আপনার সৈকতের পরে
শুধু বার-বার
বসি আমি নিশিদিন
বেদনায় কণ্ঠ মোর হ'য়ে আসে ক্ষীণ।
কৃপাসিন্ধু, করুণার নাহি তার ওর
তাই ভিক্ষা মোর
হয়ত পশিবে কাণে,
কৃপা করি' চাহি' দীনপানে
করুণার লহরীতে করাইয়া স্নান
সঞ্জীবিত করিবেন প্রাণ।
ছলনায় ভরা তার জীবনের শুধু বিড়ম্বনা,
অসহ যন্ত্রণা,—
মায়া'র মাঝে যেন দিয়াছে ডারিয়া।
দয়ার সাগর ওগো বৈষ্ণব ঠাকুর!
চরণ-কমলে আজি বিনতি প্রচুর,
এ দাস-পামর হ'তে মোরে উদ্ধারিয়া
কৃপামৃত কর বরিষণ।
সংকীর্ত্তন-মঞ্জীর অবিরাম গানে
ক্ষীণ কণ্ঠ মোর যেন বাজে একতানে,
জীবনে সম্বল হোক শুধু
বৈষ্ণবের পদধূলি-কণ।

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, সরস্বতী-পীঠ, শ্রী শ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল ও আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। ভূপাটীন এবং মাসিক প্রচারকরূপ 'নদীয়া-প্রকাশ' ছাপাখানা আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী, সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ চতুর্থ-বেলায় শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও চারখানি পাক্ষিক ইংরাজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—ত্রিদণ্ডী শ্রীপাদ সখীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মন্দির শ্রীবাসাঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত-ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজগোপগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগবন্ধু ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিপদ অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিধিকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)

শ্রীসারঙ্গ ঠাকুর মুরারির পাট

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনভজন ব্রহ্মচারী।

(১৪) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমধ্বানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাউডাঙ্গা—(শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীভূপেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীরামদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীযতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ঘুমপাহাড়িয়া, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) নৈমিষারণ্য-গৌড়ীয়মঠপীঠ

পোঃ মিশ্রিখ, জিঃ সীতাপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরী প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি. এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৩২নং কারিন্দপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং কুতুব রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, ক্যাম্বেলাল বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্র গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫) সালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিশাস্ত্রী

(৬১) অমরি গৌড়ীয়মঠ

পোঃ অমরি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাজু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ফুলুহুড়া, পোঃ চিরুগুড়া, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৩১, ভাউনরোড

ব্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ভক্তিহৃদয় ভক্তিসাধক গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধচন্দ্র চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত শ্রীসদানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

১লা অক্টোবর, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬৷০
ঝাঁকা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
বাঁকতুলসী	৫৷০
রামশালী নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
বালাম কোম্পানি	৪৲
সিদ্ধ বেগুন	৩৸৶০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
গোবিন্দভোগ	১০৲-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০-৫৸৶
ঐ মাঝারি	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫৷০-৫৸০
কাটারীভোগ	
ঐ বেগুন	৩৶০

চিনির দর

...র, টাইপ	১০৸/০
...র ১০০০ নং	১০/০
...দা দানা	৯৷০
...র দানা	৮৷০—৯৶০
...র লাল	৭৸/০—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

...নের বাট	৩৪৷০
...ণ	২২৲
...নিবার	৫০৷০

পাটের দর

...—	৪০৸০
...—	৪০৸০
...—	৪১৷০
...র বের সদর—	৪১৲

আটা ও ময়দার দর

...ট বস্তা প্রতি মণ	৬৷০—৬৸৶০
...াইন ঐ	৬৲—৬৶০
...চোকড় ঐ	৫৸৶০—৫৸০
	৬৲—৬৶০
(বি)	৫৸০—৫৸৶০
নং (২	৫/০—৫৸/০
(এস)	৫৲—৫৷০
(খে)	৪৸০—৪৸৶০
নং (৩)	৪৷০—৪৸৶০
...ট	১৷৶০—১৸০
	১৸৶০—১৸৶০

ঘৃতের দর

	৫৭৲
...ল	৫৭৲
...দী	৫০৲
	৪৫৲

পাকিস্তান	৪৬৷০
ভাৱ	৪৬৲
কাবুলে	৩৬৲
বাকা পাতলা	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— প্রতি হন্দর

লোহার কড়ি (জোড়া না যায়)

মার্কা	৯৶০—৯৸৶
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা টেসটেড জোড়া যায় সব সাইজ	১০৸৶
ঐ ইংলিশ জোড়া (নীর)	১০৸৶০
বরগা (টি আয়রণ)	৮৷০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৸৶০—৮৸০
টাটা প্যাঃ করগেট সিট।	৷৶০
২৪ গেজ—	১৫৷০
২৬ গেজ—	১৬৷০
২৮ গেজ—	১৫৷০
টাটা প্যাঃ প্লেন সীট।	
২৪ গেজ—	১৪৸৶০
২৬ গেজ—	১৬৸৶০
২৮ গেজ—	১৬৸৶০
ইংলিশ প্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
প্যাঃ বটকা ২৪—৩০ গেজ	
নীল	৷৶১০—৸৶০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
প্লেট কাটিং বা ছিট কাটা মণ	৩৷০—
পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৩৷০—৩৷০ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, গোলটু, পরায়ে	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের	
জন্য	৮৸০—১১৷০
ক্রু ইস্পাত আসল ২৩৲	নকল ২১৲

১টকনের হাপরল ৫৶০, খাটের হাপরল ৬৷০

তুলার হাপরল ৪৷০

ঘৃতের দর

কলিকাতা ২৮শে জুন,

আমেন সোনার কাইন	৫৪৲
সিট্রন আমেন কয়কড	৪০৲
কমাফি খুবনিব কাইন	৪০৲
হাবার্ড খাবা	৫৫৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মশলা

কলিকাতা, ২৮শে জুন,

প্রতি মণ

পাতল মাজ	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷০—১১৷০
ভাজী পরিমল	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

ঘোষ, কুমার অম্বিকা

এণ্ড সন্স্ লিঃ

১৮।৫ জগন্নাথ ঘাট ষোলপটি, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—০০—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

—০০—

উচ্চ ইংরাজী বিদ্যালয়

স্বাস্থ্যকর স্থানে—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এক চত্বরে স্থিত। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য নিরামিষ সুন্দর থাকার ব্যবস্থা আছে। খোরাক ও বোর্ডিংখরচ প্রায় মাসে মাত্র ৭৲ টাকা মাত্র। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের অশেষ সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৬০ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা বেতনে আহার ও শিক্ষা দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট।

ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—[illegible]
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—৩৫
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৭৫,	১১—১০,	১৪—৯	১৮—১৩,	২০—৪২

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

স্বরূপগঞ্জ	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

ম্যালেরিয়া পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মৃতপ্রায় পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়া ইহার কীর্ত্তি অক্ষয় আছে। নিরাশ রোগী, সকল ঔষধ এবং নূতন ও পুরাতন জ্বর একবার সেবন করুন। দেখুন যে আপনার জ্বরের সাধ্য কি না। মূল্য ছোট বোতল ৮০ আনা, বড় বোতল ১৶০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং কর্ণওয়ালিস রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেলঘরিয়া, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত্র-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সাচ্চদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণব-কুলচূড়ামণির আদর্শ জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যদেবের শুভেচ্ছায় সর্ব্ববিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ।৵০ আনা ; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	।৵০	।৵০	[illegible]
" " ইঞ্চ ২৲	১।০	১।০	১৲
" সিকিকলম ৫৲	৪৲	৪৲	৩৲
" অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চ ৩	৪।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৵০ ; বিশেষ সংখ্যা ।০ ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সরস্বতী-বৈষ্ণবাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ় গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলো শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই তৎসম্বন্ধ অধ্যায়ে প্রায় [illegible] পৃষ্ঠা ব্যাপী। ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), গ্রন্থকারের বিস্তৃত ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—সারস্বত গৌড়ীয়মঠ, গাঁড়পাড়া মান্দ্রাজ ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীশ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা, ব, পী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ৯২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

দ্বিতীয় সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্র[illegible] ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতি[illegible] প্রকাশিত হইয়া বিশ্বে নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি [illegible] পারমার্থিক পত্রিকা "হার্ম্মনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া [illegible] ১৩।৭এ কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক [illegible] একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

দৈ নি ক

REG NO C 1544

শ্রীমায়াপুর-সর্বস্ব-প্রকাশক শ্রীশ্রীগৌড়ীয়-বৈষ্ণব-সমাজাধীশ-সংরক্ষক পরিব্রাজকাচার্যবর্য ওঁ বিষ্ণুপাদ পরমহংসোপযুক্তবাণী শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্তৃক প্রতিষ্ঠিত

নদীয়াপ্রকাশ
THE NADIA-PRAKASH

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের কৃপাভিষিক্ত আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠাচার্য্য শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু কর্তৃক পরিচালিত

ভারতের সর্বত্র আদৃত-পত্র নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৫ই কার্ত্তিক, ১৩৪৪, ১লা নভেম্বর, ১৯৩৭, সোমবার [সংখ্যা ২০০]

নীলাম ইস্তাহার

কৃষ্ণনগর, ১ম মুন্সেফ আদালত
নিলামের দিন ৮ই নভেম্বর, ১৯৩৭

(১)

৭৫৮ খাজানা ৩৭ দাবী ৩২৸৶০

ডিঃ দুর্গাদাস মণ্ডল

দেঃ দীনতারিণী দাসী সাং হরিপুর পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে জুড়ানপুর গ্রামে ডিঃ নং ৪০০ নং খং ২-৫০শঃ জমির অর্দ্ধেক ১-২৩ শঃ জমির ৪৸১০ জমা, দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য আং ১৫৲

(২)

৭৫৭ খাজানা ৩৭ দাবী ৩৮৷৶০

ডিঃ ঐ

দেঃ হারাধন মণ্ডল দিং সাং ঐ পোঃ ঐ

থানা কালীগঞ্জ মৌজে হরিপুর গ্রামে ডিঃ নং ৪০০ নং নং ২-৫২ শঃ জমির ১-২৬শঃ জমির ৪৸১০ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য আং মূল্য আঃ ১৫৲

(৩)

৭৫৩ খাজানা ৩৭ দাবী ৭৩৸৶৯

ডিঃ অশ্বিনী কুমার ভট্টাচার্য্য

দেঃ ব্রজেন্দ্র নাথ ঘোষ সাং স্বর্ণবিহার পোঃ বড়েয়াল

থানা কোতয়ালী মৌজে স্বর্ণ বিহার গ্রামে ডিঃ নং ৩৩১ নং খং ০-৩২ শঃ জমির ও তদুপরিস্থিত আমবাটী মৌজার মধ্যে মোট ১৫-৫০ শঃ জমির ২৪৲ টাকা জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য আং ৫০৲ টাকা

(৪)

৮৯৮ খাজানা ৩৭ দাবী ২৮২৸৶

ডিঃ অধাপদ সরকার

দেঃ আকবর আলি মণ্ডল দিং সাং খামারপাড়া পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগর মৌজে গোবরাপোতা গ্রামে ডিঃ নং ১১৩নং খং ২৪-৩১ শঃ জমির ১৩/০ জমা, দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য আঃ ৫০৲

(৫)

৮৮৩ খাজানা ৩৭ দাবী ৪৮৸৶০

ডিঃ অবনীতোষ সরকার দিং

দেঃ সুখন মণ্ডল দিং সাং বোয়ালিয়া পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে বোয়ালিয়া গ্রামে ডিঃ নং ১৪০ নং খং ৫-৯১ শঃ জমির ৯৸৶৩ জমা, দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য আং ২৫৲

(৬)

৮৮৫ খাজানা ৩৭ দাবী ৭৩/৩

ডিঃ আবদুল মুজিদ তালুকদার দিং

দেঃ আছিয়া বিবি দিং সাং দুর্গাপুর পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে দুর্গাপুর গ্রামে ডিঃ নং ১০৫ নং খং দুরুন ৫-৯৩শঃ জায় ও ১১৬নং মৌজা দক্ষিণ বিষ্টুপোতা গ্রামে, ৬-৯৩ শঃ জমির ১১টাকা জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য আং ২৫৲

(৭)

৮৮০ খাজানা ৩৭ দাবী ২০৪/৩

ডিঃ মন্মথ পালচৌধুরী

দেঃ আছমতুল্যা মণ্ডল দিং সাং আমিনবাজার পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে চন্দ্রমহেশপুর গ্রামে ডিঃ নং ১২৮৩ জমির ৩৬৸১০ জমা, দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য আং ১০০৲ টাকা

(৮)

৮৭৯ খাজানা ৩৭ দাবী ২৭।৩

ডিঃ ত্রিপুরাপ্রসাদ পালচৌধুরী দিং

দেঃ পঞ্চানন মণ্ডল সাং সেহুলা পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে সেহুলা গ্রামে ডিঃ নং ৩-১৩ শঃ জমির ৭৷ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য আঃ ১৫৲

(৯)

৮৭৪ খাজানা ৩৭ দাবী ৪৩৶৯

ডিঃ রাজকুমারী প্রফুল্লনলিনী দাসী দিং

দেঃ সূর্যকান্ত ঘোষ দিং সাং বেলপুকুর পোঃ বেলপুকুর

থানা নবদ্বীপ মৌজে শ্রীনাথপুর মধ্যে ডিঃ নং ৯৯ নং খং ৩-৬২ শঃ জমির ৬৸/৩ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য আঃ ২৫৲

(১০)

৮৭৩ খাজানা ৩৭ দাবী ১০৸৶৯

ডিঃ সরোজকান্ত চৌধুরী দিং

দেঃ যতীন্দ্রনাথ আদিত্য দিং সাং ঘূর্ণি পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে ঘূর্ণি গ্রামে ডিঃ নং ৩২৮ নং খং ও অধীন ৩২৯ নং খং বার্ষিক ৷৶০ আনার যে জমা আছে উক্ত জমার জমি ও তদুপরিস্থিত আকর আওলাত যোল আনা রকম বদৰত হকুক মূল্য ২৲

(১১)

৮৪২ খাজানা ৩৭ দাবী ২৮৶৯

ডিঃ অমরনাথ মুখোপাধ্যায়

দেঃ পদ্মা সেখ দিং সাং জোনপুর পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে দেবগ্রাম অধীন ডিঃ নং ৫৬৬নং খং ও অধীন ৫৬৭ নং খং ৭-৪০ শঃ জমির ৯৷৯ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য আঃ ১২৲

(১২)

৮৩৪ খাজানা ৩৭ দাবী ৪৮৷৶৯

ডিঃ রণজিৎ পাল চৌধুরী

দেঃ আহ্লাদ মল্লিক দিং সাং দুর্গাপুর পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে আটনাগ্রামে ডিঃ নং ৩৮৫ ও ৩৮৩ নং খং ৭৸১৷ বিঘা জমি যাহা চাষ আবাদ দখলিকার ছিল উক্ত বাকী পড়া জোতের জমি দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য ২০৲

(১৩)

৮২১ খাজানা ৩৭ দাবী ১১৷৶৯

ডিঃ খোন্দকার মহম্মদ হোসেন দিং

দেঃ মহন সেখ দিং সাং বামনপুকুর পোঃ শ্রীমায়াপুর

থানা নবদ্বীপ মৌজে বামনপুকুর মধ্যে ডিঃ নং ৪৭৯ নং খং -২৬ শঃ জমি যাহা দেখা যায় তাহাতে দেনদার দখলিকার আছে উক্ত বাকী পড়া জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য আঃ ৫৲

(১৪)

৮০২ খাজানা ৩৭ দাবী ৩১৷৶০

ডিঃ দুর্গাদাস সরকার দিং

দেঃ ক্ষিতীশ চন্দ্র মুখোপাধ্যায় দিং সাং সড়ক পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে রাধানগর গ্রামে ডিঃ নং ৬৭ নং খং ও অধীন ৬৮।৬৯ ৭০ নং খং ৬-২৪ শঃ জমির ১০৲ টাকা জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বদৰত হকুক মূল্য আঃ ২৫৲

(১৫)

৭৩৪ বাংজারী ৩৭ দাবী ২২৬৮/০

ডিঃ শরৎকুমারী দাসী

দেঃ অনাদি নাথ ঘোষাল দিং সাং ভাজনা পোঃ চাকদহ

থানা কৃষ্ণনগর মৌজে ফুলসাহি গ্রামে ডিঃ নং ৫৩১ নং খং ও অধীন ৫৩৪ ও ৫৩৫ নং খং ৯-৫০ দাঃ নিষ্কর জমি দেনাদারগণের নামে প্রচলিত নাই। উক্ত নিষ্কর জমি সমস্ত, সত্ব ও সপ্রজা দেনাদারগণের স্বত্ব দখল ও দায় দরবস্ত হুকুক মূল্য ২০৲

(১৬)

৭৪৪ বাংজারী ৩৭ দাবী ১৩১।৶

ডিঃ রণজিৎ পালচৌধুরী

দেঃ বিধুচন্দ্র ঘোষ দিং সাং ও পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগর মৌজে ঐ ডিঃ নং ২০।১/০ পটবন্দী চাষ আবাদ সূত্রে খাজনাদারে দখলিকার আছে উক্ত বাকী পড়া জোতের জমি দায় অনুপারাদিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আঃ ৭৫৲

(১৭)

৭৪৩ বাংজারী ৩৭ দাবী ২৫৮/৯

ডিঃ ঐ

দেঃ দ্বিজেন্দ্রনাথ চক্রবর্ত্তি দিং সাং কৃষ্ণনগর নেদেরপাড়া পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগর মৌজে কৃষ্ণনগর গ্রামে ডিঃ নং ২৫৮১ নং খং -৪৫ দাঃ জমির ৩/৬ জমা দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আঃ ১৫৲

(১৮)

৭২২ বাংজারী ৩৭ দাবী ৩১০২।৵৯

ডিঃ রমানাথ গোস্বামী

দেঃ জ্যোতিপ্রসাদ মল্লিক দিং সাং ও পোঃ অগ্রদ্বীপ থানা কাটোয়া জেঃ বর্দ্ধমান

থানা কালীগঞ্জ মৌজে জুইপুর গ্রামে ডিঃ নং ৬নং খং ও ৪নং খং ভুক্ত দরপত্তনী স্বত্ব যাহাতে দেনাদারগণের ষোল আনা দখল অংশ হইতেছে এবং যাহার বাৎসরিক সাকিনানা খাজনা মোট ৫৬৮৶ দিতে হয় উক্ত পত্তনী ও দরপত্তনী মহাল সপ্রজা, নফর বাগান, আকর আওলাত পুষ্করিণী, কাদা, বিল ইত্যাদি দরবস্ত হুকুক মূল্য আঃ ১৫০০৲

(১৯)

৭২১ বাংজারী ৩৭ দাবী ৩০৶

ডিঃ দেবেন্দ্র নাথ রায় দিং

দেঃ পূর্ণচন্দ্র দাস কৈবর্ত্ত সাং চুপি পোঃ পূর্ব্বস্থলী

থানা নবদ্বীপ মৌজে চারকাঁশালী গ্রামে ডিঃ নং ৪০১ নং খং ৯-০৭ দাঃ জমির ১৭৸৶৮ জমা, দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আঃ ২৫৲

(২০)

২৬০ বাংজারি ৩৭ দাবী ২১৸৶৬

ডিঃ রাধালাল ঘোষ

দেঃ গোপাল কৈবর্ত্ত দিং সাং নবদ্বীপ পোঃ ঐ

থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপ মিউনিসিপালিটির মধ্যে ডিঃ নং ৭৯৯নং খং /২ কাঠা জমির ২৲ টাকা জমা দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ১৲ টাকা

(২১)

৭১৯ বাংজারি ৩৭ দাবী ৩০৸৶৯

ডিঃ ঐ

দেঃ নবদ্বীপ চন্দ্র সাহা পোঃ ও সাং নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপ মধ্যে ডিঃ নং ৭৯৯ নং খং /৪।০ কাঠা জমির ৩।৵০ জমা, দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ১০৲

(২২)

৭১৮ বাংজারি ৩৭ দাবী ১৫।৬

ডিঃ ঐ

দেঃ সুখদাময়ী দাসী সাং ও পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপ মধ্যে ডিঃ নং ৭৯৯ নং খং /২ কাঠা জমির ১৲ টাকা জমা, দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ৫৲ টাকা

(২৩)

৬৮২ বাংজারি ৩৭ দাবী ৪০।৶০

ডিঃ কালিপদ বিশ্বাস

দেঃ বাবু সেখ সাং চন্দ্রা পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগর মৌজে চন্দ্রা গ্রামে ডিঃ নং ২০নং খং ৪৮দাঃ জমির ৩।৵৪ জমা দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ১০৲ টাকা

(২৪)

৬৭৪ বাংজারি ৩৭ দাবী ২২৸৶০

ডিঃ ঐ

দেঃ আমের বিশ্বাস দিং সাং চন্দ্রা পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে চন্দ্রা গ্রামে ডিঃ নং ৫৯ (খ) খং ও ৩১-৩৬ নং খং ৬-৮৩দাঃ জমির ২৫।৵২ জমা, দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ১০৲ টাকা

(২৫)

৬৭৩ বাংজারি ৩৭ দাবী ১৬৸৯

ডিঃ ঐ

দেঃ মোজাহিদ মোল্লা সাং বেলপুর পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে বেলপুর গ্রামে মেহের সেখ দিং বাটীর পূর্ব্বে মেটানে সেখের বাটীর উত্তর জমি জমা, দরদরজা খড়ুয়া ঘর প্রভৃতি দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্তহুকুক মূল্য আং ৫৲ টাকা

(২৬)

৬৫৬ বাংজারি ৩৭ দাবী ১৬৸৶৭

ডিঃ বসুমারী বিশ্বাস

দেঃ. জাফরি সেখ সাং গোবিন্দপুর পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগর মৌজে ভাণ্ডার কোলা গ্রামে ডিঃ নং ১৪০ নং খং -৮৮ দাঃ জমির ২৲ টাকা জমা, দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ৫৲ টাকা

(২৭)

৬৫১ বাংজারী ৩৭ দাবী ১৫৯৫।৵৯

ডিঃ শিবেন্দ্র নাথ সিংহরায়

দেঃ জ্যোতিষচন্দ্র পাল চৌধুরী দিং সাং নাটুদহ পোঃ ঐ

থানা মেহেরপুর মৌজে ভবানপুর গ্রামে ডিঃ নং ১৫২নং খং ও ৬৫নং খং ভুক্ত ডিং ।৪।—৭ তিন অংশ ৭৬৫।৮ টাকা পত্তনি জমা মধ্যে মেদিনীপুর জমিদারী কোং লিমিটেড ৪।—৭অংশ বক্রী ।০ চারি আনার কম পত্তনী জমা, দায় আকর আওলাত মূল্য আং ১০০৲ টাকা

(২৮)

৫৮৩ বাংজারী ৩৭ দাবী ৩২৯৫।৵৩

ডিঃ রাজলক্ষ্মীদাসী দিং

দেঃ নৃসিংহ কুমারী দাসী দিং সাং কোলা পোঃ মেহেরপুর

থানা মেহেরপুর মৌজে হবিবপুর গ্রামে ও ৪নং খং উজলপুর মৌজায় ও ৪নং খং ও থানা করিমপুরের সাবিক ৬নং খং কাটাদিয়া মৌজায় ৭নং খং নন্দনপুর মৌজায় ৬নং খং থানা তেহট্টের সাবিক তেখরিয়া মৌজায় ৬নং খং হৃদয়পুর মৌজায় ১৩।১নং খং চর হৃদয়পুর মৌজায় ৪।২নং খং ডিঃ নং বার্ষিক সাকিনানা ষোল আনা ৭২৭৸৶৪ যে পত্তনী জমা প্রচলিত আছে তাহাতে দেনাদার ষোল আনা দখল বর্ত্তমান ও দখলিকার আছে দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ৫০০৲

(২৯)

৫৮০ বাংজারী ৩৭ দাবী ৪৮০৸৶৯

ডিঃ মোসমাৎ দাসী

দেঃ আবদুল ছামেদ বিশ্বাস দিং সাং খাবারপাড়া পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে নগরে খাবার পাড়া মধ্যে ডিঃ নং ৭১২নং খং ও ৮২।৮৩নং খং ও ১০৪নং খং ভুক্ত ১-৯৩দাঃ জমি ৪-৫৯ দাঃ জমি ৬-৬৯ দাঃ জমির মোট জমা যথাক্রমে ১৲ টাকা ।০ ও ১৲ দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং যথাক্রমে ২৫৲ ১৫৲ ও ৫৲ টাকা

(৩০)

৪৩৮ বাংজারী ৩৭ দাবী ৮৸৶৫০

ডিঃ পূর্ণচন্দ্র বিশ্বাস দিং

দেঃ নগেন্দ্রনাথ রায় দিং সাং বাগিয়াডাঙ্গা পোঃ বাহাদুরপুর

থানা করিমপুর মৌজে বাগিয়াডাঙ্গা গ্রামে ডিঃ নং ৩২৯ ও ৪৩৭ নং প্রভৃতি খং ভুক্ত মৌজায় দখলি ভূমি দরপত্তনি খং দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আঃ ৮২১।০

(৩১)

৩৩৯ বাংজারী ৩৭ দাবী ৩২৸৶৮

ডিঃ জেনারেল ম্যানেজার অগ্রদ্বীপ ওয়ার্ডস্ এষ্টেট কোং লিমিটেড

দেঃ প্রফুল্ল চন্দ্র চট্টোপাধ্যায় দিং সাং খাজের গ্রাম পোঃ নাকাশীপাড়া

থানা নাকাশীপাড়া মৌজে সাকিনা গ্রামে ডিঃ নং সাকিনানা ৫৶১০ টাকার ষোল আনা দখল দরবস্ত হুকুক মূল্য ১০৲

(৩২)

১১৪৩ বাংজারী ৩৭ দাবী ৭৯৶৩

ডিঃ পার্ব্বতী দাসী দিং

দেঃ গোলাম মোল্লা সাং গোকর্ণাবপুর পোঃ দাদপুর জেলা মুর্শিদাবাদ

থানা কালীগঞ্জ মৌজে পলাশী গ্রামে ডিঃ নং ৪৪৩ নং খং ৬-৮৮ দাঃ জমির বার্ষিক ১৩।৵২৸ জমা দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আঃ ৫০৲

(৩৩)

১১৪২ বাংজারী ৩৭ দাবী ১৫৸০

ডিঃ ঐ

দেঃ বর্দ্ধমান মালাকর দিং সাং মীরা পোঃ পলাশী

থানা কালীগঞ্জ মৌজে পলাশী গ্রামে ডিঃ নং ৬০৬ নং খং ১-১৪ দাঃ জমির ১৸১০ জমা দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আঃ ৫৲

(৩৪)

১১৪১ বাংজারী ৩৭ দাবী ৫৯।৶৩

ডিঃ ঐ

দেঃ ঐ

থানা কালীগঞ্জ মৌজে পলাশী গ্রামে ডিঃ নং ৯নং খং ৭-৩৮ দাঃ জমির ১৮।৶৫ জমা দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আঃ ৩০৲

(৩৫)

১১৪০ বাংজারী ৩৭ দাবী ৮৮৲৯

ডিঃ ঐ

দেঃ সেখ পাঁচু ফকির সাং বাহাদুরিয়া থানা ও পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে পলাশী গ্রামে ডিঃ নং ৯নং খং ১০-৯৪ দাঃ জমির ১২৸৪ জমা দায় অনুপরিহিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আঃ ৫০৲

(৩৬)

১০২৩ বাংজারী ৩৭ দাবী ১৪০/৬

ডিঃ হরিনারায়ণ সেন দিং

(অবশেষ ৭ম পৃষ্ঠার প্রথম কলমে দ্রষ্টব্য)

১২শবর্ষ { ১৭ দামোদর গৌরাব্দ ৪৫১, ১৫ই কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৪, ১লা নভেম্বর ইং ১৯৩৭, সোমবার } ২০০তম সংখ্যা

শ্রীমাধবগৌড়ীয়মঠের উৎসব

—:(*):—

৬ই কার্ত্তিক শনিবার। ঠাকুরের মঙ্গলারাত্রিকান্তে উচ্চকীর্ত্তনের পর শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যভাগবত অন্ত্যখণ্ড হইতে নীলাচলে গমনকালে মহাপ্রভুর ভদ্রবেশে প্রবেশ ও সন্ন্যাসিরূপী প্রভুর প্রতি বালে ভিক্ষালীলা প্রকাশ, তৎপরে পথে যাইতে যাইতে দানীকে কৃপা, ভক্তগণের নিকট প্রভুর পরিচয় পাইয়া দানীর মহাপ্রভুর পাদপদ্মে শরণাগতি-গ্রহণ ইত্যাদি বিষয় পাঠ ও ব্যাখ্যা করেন।

অতঃপর নগরসংকীর্ত্তন-শোভাযাত্রা শ্রীমঠ হইতে বহির্গত হইয়া ভগবৎপথ:নাথ রোড, নারিন্দা রোড, একরামপুর, হৃষিকেশ, শাখারীবাজার রোড, বাদামতলী, "ঊনসন্" রোড, নবাবপুর রোড, মদনমোহন বসাক রোড ও পুনর্ব্বার ভগবৎপথানিধি রোড হইয়া শ্রীমঠে প্রত্যাবর্ত্তন ও শ্রীমন্দির পরিক্রমা করেন।

ঐ দিবস পূর্ব্বাহ্নে শ্রীল ঠাকুর মহাশয়ের পরিবারভুক্ত বেতিলায় গোস্বামী পরিচয়প্রদানকারী জনৈক ব্যক্তি ত্রিদণ্ডস্বামী শ্রীমদ্ভাগবতরত্নক শ্রীধর মহারাজের নিকট আগমন করেন। স্বামীজী মহারাজ তাঁহাকে গোস্বামী নামের সার্থকতা সম্বন্ধে অনেক উপদেশ প্রদান করেন। অপরাহ্নে ঢাকা জেলার ... অবৈষ্ণব মেম্বর-প্রবাসী ভদ্রলোক স্বামীজী মহারাজের সঙ্গে সাক্ষাৎ করেন। উক্ত ভদ্রলোকের সহিত শিক্ষিতসমাজে অনেক কথা আলোচনা হয়।

সন্ধ্যারাত্রিকের পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিচার যাযাবর মহারাজ শ্রীমদ্ভাগবত ১০ম স্কন্ধ হইতে শ্রীকৃষ্ণাবির্ভাব-দর্শনে বসুদেব-দেবকী কর্ত্তৃক শঙ্খ-চক্র-গদা-পদ্ম-যুক্ত বিষ্ণুর স্তব ইত্যাদি বিষয় পাঠ ও ব্যাখ্যা করেন।

৭ই কার্ত্তিক রবিবার শ্রীশ্রীল ঠাকুর নরোত্তমের অপ্রকট-মহোৎসব। মঙ্গলারাত্রিকের পর উচ্চকীর্ত্তন সমাপ্ত হইলে শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীনিত্যানন্দ প্রভু কর্ত্তৃক মহাপ্রভুর ভক্তজন-লীলা পাঠ ও ব্যাখ্যা করেন। তৎপরে সংকীর্ত্তন-শোভাযাত্রা শ্রীমঠ হইতে বহির্গত হইয়া ভগবৎপথানিধি রোড, টিকাটুলি, রামকৃষ্ণমিশন রোড, ভগবতী ব্যানার্জি রোড, গোপীবাগ ও পুনরায় ভগবৎপথানিধি রোড হইয়া শ্রীমঠে প্রত্যাবর্ত্তন ও শ্রীমন্দির পরিক্রমা করেন।

ঐ দিবস অপরাহ্নে ঢাকা জেলার নারায়ণগঞ্জ প্রবাসী কতিপয় বিশিষ্ট লোক শ্রীমঠে আগমন করেন। ত্রিদণ্ডস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ কৃপা করিয়া তাঁহাদের নিকট উপস্থিত হইলে আগন্তুকগণ ত্রিদণ্ডিপাদকে জিজ্ঞাসা করেন,—'আমরা সংসারাসক্ত গৃহী ব্যক্তি, কিসে আমাদের মঙ্গল হইতে পারে কৃপা করিয়া উপদেশ করুন।' তদুত্তরে স্বামীজী মহারাজ বলেন—'সাধুসঙ্গই জীবের একমাত্র পরমমঙ্গললাভের উপায়, 'কৃষ্ণভক্তিজন্মমূল হয় সাধুসঙ্গ,' 'সাধুসঙ্গ সাধুসঙ্গ সর্ব্বশাস্ত্রে কয়। লবমাত্র সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।' 'সাধুকৃপায় যদি শ্রেয়োমুখ হয়,'—ইত্যাদি বহু বহু শাস্ত্রবাক্য উল্লেখ করিয়া বিষয়ের সমর্থন করেন। তিনি আরও বলেন—সাধুমুখে সাধুমুখবিগলিত ভগবানের বীর্য্যবতী কথা শ্রবণ বাদ দিয়া ভাড়াটিয়া পাঠক বা গায়কের কাছে ভগবৎকথা শ্রবণের দ্বারা মঙ্গলের পরিবর্ত্তে অমঙ্গলই ঘটিয়া থাকে। এই বিষয়সেবার সময় ঢাকায় অনেক পাঠকের আমদানী হইয়া থাকে, এইরূপ পাঠকের কাছে হরিকথা শুনিয়া জীব কখনও আত্মমঙ্গল লাভ করিতে পারে না। প্রসঙ্গক্রমে মহারাজ বলেন—'পরমহংস শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজকে জনৈক ব্যবসায়ী পাঠক ভাগবত শুনাইয়া সার্টিফিকেট সংগ্রহের কপট প্রয়াস করিয়াছিলেন। পাঠান্তে উক্ত ব্যবসায়ী পাঠক প্রস্থান করিলে বাবাজী মহারাজ উপস্থিত ভক্তগণকে বলিলেন, যেস্থানে এই পাঠক বসিয়াছিল সে স্থানের মাটি এক হাত খুঁড়িয়া কোথাও ফেলিয়া দেওয়া হউক, তচ্ছ্রবণে সকলেই বিস্মিত হইয়া কারণ জিজ্ঞাসা করিলে বাবাজী মহারাজ বলিয়াছিলেন—'এই পাঠক ভগবৎকথা কীর্ত্তন করে নাই, 'টাকা টাকা' বলিয়া চীৎকার করিয়াছে।' সুতরাং তাদৃশ পাঠক বা গায়কের মুখে অপ্রাকৃত ভগবন্নাম-রূপ-গুণ-লীলা স্ফূর্ত্তি লাভ করিতে পারে না। একমাত্র শুদ্ধভক্তের প্রসঙ্গক্রমেই ভগবদনুশীলন কর্ত্তব্য। এই সংসারে বাস করিয়াও সকলেই আত্মকল্যাণবিশিষ্ট হইলে ভগবদনুশীলন হইয়া থাকে,—মূলতঃ বিনা ইহার অন্যত্র প্রলাপ। গৌড়ীয়মঠ জগতের কাছে আজ এই কথাই বলতে বসেছেন, তাঁহারা লোকের চোখে আঙ্গুল দিয়া দেখাচ্ছেন এই আত্মবঞ্চনার বিষময় ফল। এই জাতীয় পাঠ পরিত্যাগ ক'রে না হ'তে জীব নিজ মঙ্গলের আশা ক'রে ফল না হয়, তজ্জন্য তাঁ'দের সর্ব্বপ্রকার প্রয়াস; তাঁদের কথা "Back to God and back to Home is the message of Gaudiya Math."—ইত্যাদি অনেক বিষয় বিশেষভাবে আলোচনা করেন। শ্রোতৃবর্গ ত্রিদণ্ডিপাদের কাছে শুদ্ধভক্তির কথা শ্রবণ করিয়া পরম প্রীত হন।

ঐ দিবস সন্ধ্যারাত্রিকের পর প্রথমতঃ শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারীজী ঠাকুর মহাশয়ের পূত চরিত্র অতি প্রাঞ্জল ভাষায় কীর্ত্তন করেন। একমাত্র বৈষ্ণবচরিত্র কীর্ত্তনের দ্বারাই জীবের কলুষ কল্মষ বিদূরিত হয় এবং ভগবদ্ভক্তের কৃপাতেই যে ভগবৎকৃপা লাভ হয় তাহা শাস্ত্রযুক্তিমূলে বিশেষভাবে বর্ণন করেন। তিনি বাল্য ভক্তগণের প্রতি বহুস্থানে ভক্তের উপদেশের কথা উল্লেখ করেন। অনন্তর মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নরহরি ব্রহ্মচারী শাস্ত্রশাস্ত্রী প্রভু ঠাকুর মহাশয়ের সংক্ষিপ্ত চরিত্র ও শিক্ষা প্রাঞ্জল ও সরল ভাষায় কীর্ত্তন করেন। "বৈষ্ণবের গুণগান, করিলে জীবের ত্রাণ, শুনিয়াছি সাধুগুরুমুখে।" ইত্যাদি বাক্যেরও বিশেষ আলোচনা করেন। সর্ব্বশেষে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ—'জ্ঞানকাণ্ড, কর্ম্মকাণ্ড, কেবল বিষের ভাণ্ড, অমৃত বলিয়া যেবা খায়। নানা যোনি সদা ফিরে, কদর্য্য ভক্ষণ করে, তার জন্ম অধঃপাতে যায়।' শ্রীল নরোত্তম ঠাকুরের এই অমূল্য উপদেশের উল্লেখ করিয়া শুদ্ধভক্তির সহিত কর্ম্ম জ্ঞান-যোগের পার্থক্য প্রদর্শন করেন। একমাত্র শুদ্ধভক্তগণের কৃপাতেই যে জীবের ভগবৎকৃপা লাভ হয় তাহা বিশেষভাবে কীর্ত্তন করেন। সর্ব্বশেষে শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারী প্রভু 'যে আনিল প্রেমধন'—এই গীতটি কীর্ত্তন করেন ও ত্রিদণ্ডস্বামী শ্রীমদ্ভক্তিবিচার যাযাবর মহারাজ কীর্ত্তন করেন। সভাভঙ্গের পর সমবেত প্রায় আট শত নরনারীকে বিচিত্রতাপূর্ণ মহাপ্রসাদ বিতরণ করা হয়।

বৃক্ষ হইতেও সহিষ্ণু তৃণ হইতেও সুনীচ। অকপটে কৃষ্ণ-কৃপা ... করেন ও দয়া।

৫ ... ...

জীবের দেহ ভগবন্মন্দির—চেতনময় মন্দির; ইট, কাঠ, পাথর দিয়া গড়া মন্দিরে লেপা, দেখা প্রভৃতি অর্চ্চা রাখা হয়। ভগবদ্ভক্তের চিন্ময় দেহ-মন্দিরে শ্রীভগবান্ নিত্য বিরাজমান।

(বক্তৃতাবলী ৪র্থ খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী
গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ দামোদর সর্ব্বাণব সংবৎ গৌরাব্দ ৪৫১

পঞ্চোপাসনা

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী ঠাকুর)

যাঁহা হইতে এই জড়জগৎ জাত হইয়াছে, যাঁহা হইতে জীবজগৎ প্রকটিত হইয়াছে, যাঁহাতে এই জড়জগৎ ও জীবজগৎ প্রোথিত ও প্রতিপালিত, যিনি জড়জগতের ও জীবজগতের নিত্য আশ্রয়রূপে অবস্থিত, বিজ্ঞান-গণের যিনি জেয়, বস্তু এবং জ্ঞানিগণের যিনি জ্ঞেয় বস্তু, উপনিষদ্ ব্রহ্ম-নামে তিনি সংজ্ঞিত হন। উপরে লিখিত যাঁহাতে যে ব্রহ্মবস্তুর কথা বলিলেন তিনি সাধনের দিক দিয়া দেখিলে ইহা নির্ণয় করিতে গিয়া দুইটী সম্প্রদায় দেখিতে পাওয়া যায়। এই দুই সম্প্রদায় বিশিষ্টাদ্বৈত ও কেবলাদ্বৈত নির্বিশেষবাদী বলিয়া আখ্যাত হন।

নির্বিশেষবাদী বলেন, জড়জগতে ও জীবজগতে যে কিছু বিশেষ দেখিতে পাওয়া যায় উহাই অনিত্য ও মিথ্যা, যেহেতু ব্রহ্ম নির্বিশেষ। জীব ও জড়জগতের বিশেষত্ব ভ্রান্ত ধারণা হইতে উদ্ভূত হয়, তাঁহাদের বাস্তব অধিষ্ঠান নাই। দ্রষ্টা বদ্ধ দর্শনে দর্শন করিতে গিয়াই ঐরূপ মিথ্যা ধারণার বশবর্ত্তী হইয়াছেন। ব্রহ্ম শক্তিরহিত এবং বিশেষরহিত বস্তু। ব্রহ্ম চিদ্বস্তু বলিয়া ব্রহ্মসত্তায় বিশেষত্ব সম্ভবপর নহে। বিশেষত্ব মায়ার জড়মায়া-কল্পিত। মায়ার অভাবে ব্রহ্ম সজাতীয়-বিজাতীয়-স্বগতভেদরহিত চিন্মাত্র অবস্থিত।

সবিশেষবাদী বলেন, জড়বিশেষে নশ্বর ধর্ম্ম অবস্থিত, প্রতীতি সত্য, ব্রহ্মবস্তুর দুইটী শক্তি-পরিণামে জগৎ উদ্ভূত। অন্তরঙ্গাশক্তি পরিণত হইয়া জড়বৈভব এবং অন্তরঙ্গা ও বহিরঙ্গা শক্তিদ্বয়ের তটস্থ স্থানে তটস্থা শক্তি উদ্ভূত হইলে, উভয় প্রকার জগতে বিচরণশীল জীবজগৎ অবস্থিত। ব্রহ্মে বিশেষ ধর্ম্ম নিত্যাবস্থিত। বহিরঙ্গা শক্তি-পরিণত জগৎকে বা অচিৎ জীবজগৎকে মিথ্যা বলিবার আবশ্যক নাই। চেতনধর্ম্মে বিপরীত অচিদ্বস্তুগ্রহণপ্রবৃত্তি অনুচিৎ হইলে বর্ত্তমান থাকায় ব্রহ্মের অন্তরঙ্গাশক্তির নিত্য পরিণামরূপ বৈকুণ্ঠে অনুচিৎস্রোতেই সর্ব্বক্ষণ অবস্থিত নয়। অনুচিৎ বস্তু নিত্যকাল বৈকুণ্ঠে অবস্থিত হইলেও অচিদ্বস্তুর অনুশীলনে নিজের স্বরূপভ্রান্তি ঘটিবার অবকাশ হয়। ব্রহ্মের বহিরঙ্গা শক্তির পরিণত জগদ্দর্শন করিতে করিতে অন্তরঙ্গা শক্তি-প্রকটিত দর্শনে বিমুখ হন। সেইকালেই তিনি আত্মবিস্মৃত হইয়া দেহ ও মনোরূপ অনাত্মবস্তুদ্বয়কে আত্মা বলিয়া মনে করেন। দেহ ও মনের বশে জড়জগৎ ও বদ্ধ জীব-জগতের ভোক্তা হন। আত্মস্মৃতির দ্বারা স্বরূপাবস্থ হইয়া জীব যখন ভগবান্ ও তদ্রূপ-বৈভব দর্শন করেন, তখনই তাঁহার আত্ম-পরিচয় ন্যূনাধিক বিস্মরণ হয়। অনুকূল-ভাবে অধোক্ষজের অনুশীলন করিলেই জীবের ভোগময় প্রতীতি থাকে না। ভগবৎসেবার অভাবেই জীব জড়ের বিষয়সেবায় ব্যস্ত হন। অনাত্ম বস্তু দেহ ও মনের দ্বারাই জড়ের বিষয়সেবা হয়। ভগবদ্বস্তু জড়েন্দ্রিয়ের গোচরীভূত হন না। অতীন্দ্রিয় আত্মেন্দ্রিয় দ্বারাই নিত্যকাল বিষ্ণুর সেবা হইয়া থাকে। যেকালে জীব আত্মেন্দ্রিয় দ্বারা বিষ্ণুসেবা হইতে বঞ্চিত হইয়া কৃষ্ণদাস্যের পরিবর্ত্তে জড়েন্দ্রিয়ের ভোগময় প্রবৃত্তিতে চালিত হন সেইকালে কৃষ্ণকে মায়াশক্তি বলিয়া তাঁহার উপলব্ধি হয়। যেকালে জড় অর্থী-সঙ্গের জন্য নিত্যবিষ্ণুসেবা পরিহার করেন, সেইকালেই বিষ্ণুকে গণেশরূপে দেখিতে পাওয়া যায়। যেকালে প্রাপঞ্চিক অনুভূতিবিশিষ্ট হইয়া ধর্ম্মকামী দেহ ও মন বিষ্ণু-পূজা করিতে আরম্ভ করে, তৎকালে বিষ্ণু-দর্শনের পরিবর্ত্তে সাবিত্রী দেখিয়া ফেলেন। ধর্ম্মাধর্ম্মকামী দুঃখপরবশ হইয়া দুর্গা, গণেশ ও শক্তির সেবাকেই বিষ্ণুসেবা মনে করেন। আবার মোক্ষকামী হইয়া উপাস্য বস্তুকে রুদ্ররূপে দর্শন করেন। জড় কামনাই জীবকে বহিঃপ্রবৃত্তিতে চতুর্ব্বর্গের সেবক করিয়া তোলে। বিষ্ণুর উপাসনায় জীবের কোনও জড়কাম নাই। সেখানে বিশুদ্ধসত্ত্ব প্রবল হইয়া আত্মেন্দ্রিয়ের দ্বারা বিষ্ণুর সেবা হয়। উহাই আত্মবিদ্গণের নিত্যধর্ম। বিষ্ণুমায়ায় সম্মোহিত হইয়া জীব কামনার বশবর্ত্তী হন ও চতুর্ব্বর্গলাভের বাসনায় নিষ্কামের ব্রহ্মের কোনও একটী রূপ কল্পনা করিয়া বসেন। কিন্তু বাস্তব নিষ্কাম হইয়া বিশুদ্ধসত্ত্ব ভগবান্‌কে পরব্রহ্ম জানিবার পরিবর্ত্তে সগুণ অর্থাৎ প্রাকৃত ভগবদ উপাস্য জ্ঞানে তাঁহার অপরাধের পরিচয় পান। জীব অনাত্ম ধারণায় বশবর্ত্তী হইয়াই যথাভিমানে বিশুদ্ধসত্ত্ব বিষ্ণুর নিকটও কোন কোনও সময়ে জড়কামনা প্রার্থনা করেন। তাদৃশ বিষ্ণু-উপাসনাও পঞ্চোপাসনার অন্তর্গত। নির্গুণ ব্রহ্মকে প্রকৃতির অন্তর্ভুক্ত সগুণ জ্ঞান করিয়া যে কামনাময়ী উপাসনা জগতে চলিতেছে তাহাই ভোক্তৃস্বরূপ দেহ ও মনকে বিবর্ত্তবুদ্ধিতেই আত্মজ্ঞান করে। স্বরূপজ্ঞানের অভাবে বিশুদ্ধ-সত্ত্ব বিগ্রহ ভগবান্ বিষ্ণুকে কামধাম হইয়া অপর সগুণ কাল্পনিক ব্রহ্মবস্তুর সহিত সমজ্ঞান অপরাধের লক্ষণ। বিশুদ্ধসত্ত্বে রুচিবিশিষ্ট জীব বিষ্ণু, সত্ত্ব-রজোমিশ্রগুণবিশিষ্ট জীব সূর্য্য, সত্ত্ব-তমোগুণবিশিষ্ট জীব গণেশ, রজস্তমোগুণ-বিশিষ্ট জীব শক্তি এবং তমোগুণ বিশিষ্ট জীব রুদ্রের উপাসনায় প্রবৃত্ত হন। সগুণ উপাসনায় এই সম্প্রদায়সমূহের লক্ষ্য বস্তু নির্ব্বিশেষ ব্রহ্ম। শুদ্ধ জীবের আত্মা যেকালে মায়া-দ্বারা সম্মোহিত হয়, তখনই আপনাকে ভগবান জানিয়া জীবের জড়চেষ্টায় উদয় এবং জড় চেষ্টা-প্রভাবে বিশুদ্ধসত্ত্বাশ্রয়কে ভগবত্তার জ্ঞানে উপাসনায় প্রবৃত্তি। নিজ-স্বরূপের নির্গুণতার উপলব্ধিতে সবিশেষ বিষ্ণু বিগ্রহই পরব্রহ্ম এবং নিজেকে বৈষ্ণব বিশ্বাস। আর উপাসকগণের হিতের জন্য অনিত্য ভগবানে কাল্পনিক মূর্ত্ত ব্রহ্মগুলির শেষ অভ্রান্ত পরিণাম নির্ব্বিশেষ ব্রহ্ম এবং নিজের অভিমানভাব হেতু উপাস্য-উপাসক-প্রান্তির অপগমে নির্ব্বিশেষ ব্রহ্ম হইতে পারেন, আশা করেন। পঞ্চোপাসনা এজন্যে চিত্তাধিক্য ও জপযোগে সগুণোপাসনা-বাদ সৃষ্টি করিয়াছেন। পরিশেষে সকলেরই মুক্ত লক্ষ্য। মুক্তিতে ঈশ্বর ও জীবে উপাস্য উপাসক ভেদ নাই। শাঙ্করি … বোধরাহিত্য স্বীকার করে … কেবলাদ্বৈত নির্ব্বিশেষবাদী মুক্তিতে … ও বুদ্ধি রহিত অখণ্ড বোধ … । বদ্ধজীব নানা প্রকার জড় ক্লেশের মধ্যে থাকিয়া নিজাভিত্বে অসুবিধা বোধ করিতেছেন। প্রত্যক্ষ সত্যতা অবলম্বন করিলে তাঁহার সেই অসুবিধা হইতে মুক্ত হইয়া নিজ অস্তিত্ব সংরক্ষিত হউক, ইহাই তাঁহার আবশ্যক ছিল। কিন্তু নির্ব্বিশেষবাদীর হস্তে পড়িয়া তাঁহার নিজত্ব বিনষ্ট হইয়া নির্ব্বিশেষ ব্রহ্ম-সাম্য হওয়া জানিতে পারায় জড় নশ্বরূপে পরিণত হইলেন। অর্থাৎ সেই তিনিই রহিলেন না। জীব নিজের নির্গুণ সত্তা, চিন্ময়তা ও আনন্দ পরিহার করিয়া বিষ্ণু-বস্তুর সত্তা, চিন্ময়তা ও আনন্দের নির্ব্বিশেষ অবস্থা ব্রহ্ম-কবলে লীন হওয়ায় তাঁহার নিত্য অনুচিৎ স্বরূপের বিলোপ সাধিত হইবে বুঝিতে পারিলেন। অথচ অনুচিৎ ধর্ম্ম বহু রজোবর্জিত মোক্ষপদের প্রয়োজনীয়তা স্থূল বলিয়া নিজ নিত্য অনুচিৎ ধর্ম্ম ত্যাগ করিয়া গরার্থ গ্রহণ করা সমীচীন মনে করা নিত্যত্বের ব্যাঘাতকারক। মুক্ত অবস্থায় নিত্য অপূর্ব্ব বিগত হইলে তিনি আর সে বস্তু রহিলেন না। অথচ জড়ের অনুরূপ নানা অনুপাদেয়তা বা হেয়তা অবস্থান করে, কিন্তু চিন্ময় অনুরূপে তাদৃশ অবস্থার সম্ভাবনা নাই। সেখানে ভগবানের নিত্য সেবা বিরাজিত বলিয়া অনুপাদেয় ক্লেশাদির সম্ভাবনা নাই, অথচ নশ্বরতা ও হেয়তা তথায় আদৌ না থাকায় মুক্তির প্রাপ্য বিষয়সমূহ প্রকৃতপ্রস্তাবেই অবস্থান করিল।

পঞ্চোপাসকগণ কালক্রমে নশ্বর কামকামী ঐকান্তিক বৈষ্ণব তাদৃশ নহেন। তিনি নিত্য কাল ভগবানের সেবক। পঞ্চোপাসকগণ নিজ নিজকামাভিলাষী, বৈষ্ণবগণ নিত্য বিষ্ণুসেবাভিলাষী। পঞ্চোপাসকগণ কর্ম্মফলাধীন, বৈষ্ণবগণ কর্ম্মফলাতীত। বৈষ্ণবগণের নিজ বিচারে ভগবৎসেবন ভয় নাই। জড় বিচারের পূর্ব্ব হইতে নিত্যরূপ ভগবান্ নিত্যকাল সংরক্ষিত ছিলেন, নিত্যোপাসক বৈষ্ণবও ছিলেন, আর সাধকের হিতের জন্য কামনানুযায়ী ব্রহ্মের সগুণরূপ কল্পিত পঞ্চোপাসনা অল্পকালের জন্য, পরিবর্ত্তিত হইবার জন্য কামী বদ্ধজীব সৃষ্টি বা কল্পিত হয়।

প্রার্থনা

সাবধান সাবধান ব্রজবাসিগণ।
প্রতি দিন ব্রজে আসে কংসচরগণ॥
মায়ায় মোহন রূপ করিয়া ধারণ।
নানা ছাঁদে নানা ফাঁদ পাতে দুষ্টগণ॥
ছদ্মবেশে ছদ্মবেশ করয় ধারণ।
সতর্ক থাকিও তাই যত ব্রজজন॥
উজ্জ্বল আলোক কিন্তু তারা ভয় করে।
সেই হেতু অন্ধকার তারা সদা বরে॥
মোহ-অন্ধকার যাতে না করে বিস্তার।
সুধাকর ভিন্ন তাহা কে ঘোচাবে আর॥
"অপ্রাকৃত" "সুধাকর" মোদের শরণ।
সে সবে টলাতে পারে হেন কার বল॥
পাপীরা যতন যত করে অন্ধকারে।
জ্যোৎস্না থাকিতে তারা কি করিতে পারে॥
জ্যোৎস্না-প্রভাবে দৈন্যে সব উদ্ভাসিত।
পলাবে কিরাতে পাড় কংসচর যত॥
মোদের প্রার্থনা তাই তাঁহাদের চরণে।
জাগ্রত থাকুন তাঁরা ব্রজের রক্ষণে॥

—শ্রীসনাতন দাসাধিকারী

কৃষ্ণ তাঁরে দেন নিজ চিচ্ছক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্বল॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

১. শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীব্রজপত্তন-অঙ্কে শ্রীচৈতন্যমঠ, গান্ধর্ব্বিকা-গিরি, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল ও আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-প্রতিষ্ঠাকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৩১১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, ব্রহ্মসূত্র-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্র-গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—প্রোচার্য্য শ্রীপাদ নবীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেশগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস-ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্‌দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীমিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

জটিবাড়ি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জুনজন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা—(শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিরূপ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীগিরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীকুঞ্জেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক - শ্রীনিত্যকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীমধুর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অপটাকিন্স, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক—শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৪২নং ফরিদপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সংকেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—[illegible],

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৩৩নং হনুমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাশ্রয় ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible]

বিল্‌ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকন্দিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপা[illegible] প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপা[illegible] চাকড়া

রক্ষক—[illegible]বাসী

(৬৩ [illegible] আশ্রম মঠ

[illegible]ান)

[illegible] দাসাধিকারী।

(৬৪) [illegible] গৌড়ীয়মঠ

চুয়াকুণ্ডা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমৎ [illegible] গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাইনরোড

ক্ল্যাপটন্, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীঅপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীজয়গোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

১লা অক্টোবর, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
দাদখানি	৬৷॰
বাঁকা চাল	৫৸॰
ঐ নতুন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷॰
বাঁকতুলসী	৫৷॰
বালাম নূতন	৪৶
ঐ পুরাতন	৫৲
একাত্তর কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেলুন	৩৸৶॰

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷॰
দেশোয়ারী	১০৲-১০৷॰
বাঁকতুলসী আতপ	৫৷॰-৫৷৶
ঐ বাবাবি	৫৲-৫৶॰
পাটনাই আতপ	৫৷॰-৫৷॰
কাটারীভোগ	৭৲
ঐ বেলুন	৩৶॰

চিনির দর

মিরাটের, চাউপ	১০৷৶॰
হাতিপুর ১০০০ নং	১০৶॰
বাগহোলা সাদা	৯৷॰
কানপুর সাদা	৮৷॰—৯৶
কানপুর লাল	৭৷৶॰—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি	
	৩৫৷॰
টাকশালের বার	২২৲
দরেলেন	৫২৷॰
চাদিবার	

পাটের দর

	৪০৸॰
আগষ্টে—	৪০৸॰
সিরাজ—	৪১৷॰
উত্তর—	৪১৲
বাজার বন্ধের সময়—	

আটা ও ময়দার দর

লোকেন্ট ময়দা প্রতি মণ	৬৷॰	।৶॰
দুপারফাইন ঐ	৬৲	৩৶॰
	৫৸৶॰—৫৸॰	
হাইড্রোলিক ঐ	৬৲—৬৶॰	
সুজী	৫৸॰—৫৸৶॰	
আটা (বি)	৫৶॰—৫৷৶॰	
আটা নং (২	৫৲—৫৷॰	
আটা (১নং)	৪৸॰—৪৸৶॰	
আটা (কে)	২৷॰—২৷৶॰	
আটা নং (৩)	১৷৶॰—১৸॰	
গমভাঙা	১৷৶॰—১৷৶॰	
ভূষি		

ঘৃতের দর

	৫৭৲
ঘী	৫৭৲
ঘনীকরা	৫০৲
কুসুমেশ্বরী	৪০৲
ঘানী	

পাতিতায়	৪৬৷॰
তাম	৪৬৲
কাবুলে	৩৬৲
রাঙা পাওয়া	৪১৸॰

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৶॰—৯৸৶
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷॰
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৸৶
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৷৶॰
বরগা (টি আয়রণ)	৮৷॰—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷৶॰—৮৸॰
টাটা গ্যাঃ করগেট-সিট।	।৶॰
২৪ গেজ—	১৪৷॰
২৬ গেজ—	১৬৷॰
২৮ গেজ—	১৫৷॰
টাটা গ্যাঃ প্লেন সীট।	
২৪ গেজ—	১৪৸৶॰
২৬ গেজ—	১৬৷৶॰
২৮ গেজ—	১৬৸৶॰
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৸॰
২৬ গেজ—	১৪৸॰
গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ	
সীস	।৶১০—৸৶॰
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
প্লেট কাটিং বা ছিট কাটা মণ	৩৷॰—
পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৬৷॰—৬৷॰ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ইঞ্চি	৯৲—১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯৷॰—১০৷॰
টিন পাতি, বোল্টু, গজাল	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের	
জন্য	৮৸॰—১১৷॰
নূতন ইস্পাত আসল ২৩৲	নকল ২২৲
চটকলের হাপরণ ৫৶॰, পাটের হাপরণ ও	
তুলার হাপরণ ৪৷॰	

ঘৃতের দর

কলিকাতা ২৬শে জুন,

আদেন সোনার কাইন	৫৪
সিটি ন আদেন কয়কড	৪০৲
কবাতি পুরলিক কাইন	৪০৲
হাবার্ড শাখা	৫০৲
ঐ কাইন	৫১

মেদেসিড মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
পারল সাও	৮৷॰
সুপারী বেনে	১৬৷॰—১৭৲
কাটা সুপারী	১০৷॰—১১৷॰
ভাটি খয়িরগণ	১৫৷॰—১৭৷॰
নূতন নূতন পাটনাই	১৭৲—১৮৷॰

সন্তোষ কুমার অধিকারী

এণ্ড সন্স লিঃ

ডি-৫ জগন্নাথ ঘাট রোড, বড়বাজার

কলিকাতা

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীরাম-বারাপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৭
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—৩৪
নবাবঘাট	পৌঃ	৭—৩৪,	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—৪১

শ্রীরাম বারাপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবাবঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৩-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫০	৯-৩০	১১-৪৮	১৩-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮		

কবিরাজ শশিভূষণ কাব্যতীর্থের



ম্যালেরিয়া-জনিত জীর্ণ জ্বর ... অব্যর্থ ঔষধ ... নিজের প্রীহা যকৃত ... এবং নূতন ও পুরাতন ... একবার সেবন করিয়া দেখুন ... মূল্য বড় বোতল ... আনা। প্যাকিং ডাক খরচ স্বতন্ত্র।

ঠিকানা—১১নং চৌরঙ্গি রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেতালা, ২৪ পরগণা।

নীলাম ইস্তাহার
(২য় পৃষ্ঠার পর)

দেঃ জমিলা বানী দিং সাং কবিরপুর পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে কবিরপুর গ্রামে খং নং ৮৪ নং দাগ -৯ নং জমির ১।।৫ জমা ভজুপরিস্থিত আকর আওলাত দরবস্ত মূল্য আঃ ৮৲

(৩৭)

২৪ বাংলারি ৩৭ দাবী ৭৩৸৯

ডিঃ ঐ

দেঃ রাবজান বিবি দিং সাং বাজিতপুর পোঃ ঐ

থানা কালীগঞ্জ মৌজে কবিরপুর গ্রামে খং ১৪০ নং দাগ ৬-৯২ নং জমির ৶৫ জমা, যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ৩০৲

(৩৮)

৪৪ বাংলারি ৩৭ দাবী ৪০৸৶৯

ডিঃ পাচুবতী দাসী দিং

দেঃ মোকাদ্দুমা শেখ সাং পলাশী বিতাৰা পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে পলাশী গ্রামে খং ৪০৬ নং দাগ ১-৫১ নং জমির ১০। জমা, যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ১০৲

(৩৯)

৬৮ বাংলারি ৩৭ দাবী ১১৸০

ডিঃ চিত্তরঞ্জন লাহিড়ী

দেঃ চিনিবাস সর্দার সাং পশ্চিম আড়াআড়া পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে পশ্চিম আড়াআড়া গ্রামে খিঃ নং ৫৭২ নং দাগ নং জমির ১৶০ জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ৮৲

(৪০)

৭ বাংলারি ৩৭ দাবী ১১৩৸৶৯

ডিঃ মন্মথ পাল চৌধুরী

দেঃ কালীচরণ বিশ্বাস সাং কৃষ্ণচন্দ্রপুর পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে কৃষ্ণচন্দ্রপুর গ্রামে খিঃ নং ২৯১নং দাগ ১৩।১।৶০ বিঘা জমির ১৮৸৶১০ জমা, যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য ২৫৲

(৪১)

১০ বাংলারি ৩৭ দাবী ৩৭৶০

ডিঃ ঐ

দেঃ খোদাবক্স মণ্ডল সাং ও পোঃ ঐ

থানা কোতয়ালী মৌজে কৃষ্ণচন্দ্রপুর গ্রামে খিঃ নং ৪৬২ নং দাগ ১১/১৸০ বিঘা জমির ১৫।৫ জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ৫০৲

(৪২)

১৫ বাংলারি ৩৭ দাবী ১৩৸৶৯

ডিঃ ঐ

দেঃ ঐ

থানা কোতয়ালী মৌজে কৃষ্ণচন্দ্রপুর মধ্যে খিঃ নং ১৫৬ নং খং ৪।১।৶০ বিঘা জমির ৫৬/৫।/ জমা, যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ২৫৲

(৪৩)

১২৪ বাংলারি ৩৭ দাবী ৬৫।০

ডিঃ বিশ্বনাথ তরফদার

দেঃ শুকুরজান বিবি সাং জায়দীপুর পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে সুবর্ণবিহার গ্রামে খিঃ নং ৭৭১।৭৭৩ নং দাগ ৪-৮২ নং জমির ১০।০ জমা, যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ১৫৲

(৪৪)

১০৭ বাংলারি ৩৭ দাবী ১৩২৭৸৶৬

ডিঃ কমলাবালা দাসী দিং

দেঃ রাখাল দাস সিংহ দিং সাং কৃষ্ণনগর কাঠাল পোতা পোঃ ঐ

থানা কৃষ্ণনগর মৌজে বিটকীপোতা গ্রামে খিঃ নং ৩৮।৩৭ নং দাগ মোট ১১৫৩৸৶৯ খাজনা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ২০০৲

(৪৫)

১০৩ বাংলারি ৩৭ দাবী ২০১৶৬

ডিঃ ভোলানাথ সান্যাল দিং

দেঃ আদি হোসেন শেখ দিং সাং সাহাপুর পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে সাহাপুর গ্রামে খিঃ নং ৩ প্রভৃতি দাগ মুক্ত ৮২-৭৯ নং জমির ৪৭৫৲ টাকা জমা, যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য ৫০০৲

(৪৬)

১০৯ বাংলারি ৩৭ দাবী ১০১।৯

ডিঃ মন্মথ পাল চৌধুরী

দেঃ একরাম খাঁ সাং কৃষ্ণচন্দ্রপুর পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে কৃষ্ণচন্দ্রপুর মধ্যে খিঃ নং ২৭২নং দাগ ১২৸০। বিঘা জমির ১৭।১৫ জমা তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ২৫৲

(৪৭)

১৪০ বাংলারি ৩৭ দাবী ৬৬৶০

ডিঃ ঐ

দেঃ হায়দার বোস রাজকানা দিং সাং কৃষ্ণচন্দ্রপুর পোঃ কৃষ্ণনগর

থানা সদর মৌজে কৃষ্ণচন্দ্রপুর মধ্যে খিঃ নং ৯।০।৶০ বিঘা জমির, ১৯৶৫ জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ২৫৲

(৪৮)

১৪১ বাংলারি ৩৭ দাবী ২৭৶০

ডিঃ ঐ

দেঃ ঐ

থানা কোতয়ালী মৌজে কৃষ্ণচন্দ্রপুর মধ্যে খিঃ নং ৬/৫।০ বিঘা জমির ৩৭৸৶ জমা যাব তদুপরিস্থিত [illegible] দরবস্ত মূল্য আং ১০৲

(৪৯)

১৫২ বাংলারি ৩৭ দাবী ১০৩।৸৶৬

ডিঃ ঐ

দেঃ নরহরি দাস দিং সাং জাবা পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে কৃষ্ণচন্দ্রপুর মধ্যে খিঃ নং ১৭৩২নং দাগ ৬।০ বিঘা জমির বার্ষিক ১৯।০ জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ২৫৲

(৫০)

১৫৫ বাংলারি ৩৭ দাবী ২১৶৬

ডিঃ অনাথ নাথ মুখোপাধ্যায়

দেঃ পদ্মা শেখ দিং সাং জোবপুকুর পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে জোবপুকুর গ্রামে খিঃ নং ২৯৩নং দাগ ৩-৭৪ নং জমির প্রতি বিঘা ৷৶৫ খাজনা নিরিখে রেখার গণের নামে ভটবন্দী জোত প্রচলিত আছে উক্ত ভটবন্দী জোত জমি যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য ১০৲

(৫১)

১৫৬ বাংলারি ৩৭ দাবী ২৭৸৩

ডিঃ মহেন্দ্র নাথ মুখোপাধ্যায় দিং

দেঃ এমানি শেখ সাং বিটকীপোতা পোঃ মহৎপুর

থানা কোতয়ালী মৌজে দোগাছিয়া গ্রামে খিঃ নং ৫০৭নং দাগ ২-৬৩ নং জমির ৬।০ জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ১৫৲

(৫২)

১৭৪ বাংলারি ৩৭ দাবী ৬৩৸৶৩

ডিঃ শরৎকুমারী দাসী

দেঃ হরিপদ ঘোষ দিং সাং ভুলগাছি হাল সাং গোয়াড়ী হাতার পাড়া পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে ভুলগাছি গ্রামে খিঃ নং ১৭৭ নং দাগ ১-৩৭ নং জমির ৫/৯ জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ২০৲

(৫৩)

১২৪ বাংলারি ৩৭ দাবী ১৬৸৶৬

ডিঃ চারুশীলা দেবী

দেঃ রূপো বেওয়া সাং গোয়ালদহ পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে কৃষ্ণনগর মধ্যে খিঃ নং ৪৮৭৬নং দাগ ও তাবৈনহ ৪৮৮২- ৪৮৮৫নং দাগ ৮-৭৮নং জমির ৪।০ জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ১০৲

(৫৪)

১২৮ বাংলারি ৩৭ দাবী ৮৮৸৶০

ডিঃ মন্মথ পাল চৌধুরী

দেঃ এবাদৎ মণ্ডল সাং কৃষ্ণচন্দ্রপুর পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে কৃষ্ণচন্দ্রপুর মধ্যে খিঃ নং ৬৯১নং দাগ ১০।০৸৶ বিঘা জমির ২১০ জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ৫০৲

(৫৫)

১১১ বাংলারি ৩৭ দাবী ৭৮৸৶৯

ডিঃ ঐ

দেঃ মুরারী মণ্ডল দিং সাং কৃষ্ণচন্দ্রপুর পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে কৃষ্ণচন্দ্রপুর গ্রামে খিঃ নং ৭৮৫নং দাগ ৫/৪/ বিঘা জমির ১৩৲ টাকা জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য ২৫৲

(৫৬)

১০০৮ বাংলারি ৩৭ দাবী ২৫৸৶৯

ডিঃ তারাপদ সরকার

দেঃ মৌলার ছাবজান সাং খাসার পাড়া পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে গোলবাগপোতা গ্রামে খিঃ নং ২০৪নং দাগ ১-৯২ নং জমির ৩।৩ জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ১০৲

(৫৭)

১০২২ বাংলারী ৩৭ দাবী ১৫/৬

ডিঃ নন্দলাল চৌধুরী

দেঃ নিত্যগোপাল গোস্বামী দিং সাং ও পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপ গ্রামে খিঃ নং ৬৮১ নং দাগ -৩১ নং জমির ১।৶১ জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত মূল্য আঃ ১০৲

(৫৮)

১০৫০ বাংলারী ৩৭ দাবী ৩১।৬

ডিঃ মোল্লা নবাব দিং

দেঃ নিজামদ্দিন মণ্ডল দিং সাং বাবাপুর পোঃ ব্রহ্মাপুর

থানা নবদ্বীপ মৌজে বাবলপুকুর গ্রামে খিঃ নং ৩৪৫ নং দাগ ২-৫২ নং জমির ৫৸০ জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আঃ ১০৲

(৫৯)

১০৬৩ বাংলারী ৩৭ দাবী ৭০।৯

ডিঃ রাজকুমারী প্রভৃতি নলিনী দাসী দিং

দেঃ জোয়াদাম্বর শেখ সাং কাঁচাল পোতা পোঃ ব্রহ্মাপুর

থানা নবদ্বীপ মধ্যে চরবেহালা মধ্যে খিঃ নং ১নং দাগ ৩-১৩ নং জমির ৪।০ জমা যাব তদুপরিস্থিত আকর আওলাত দরবস্ত হুকুক মূল্য আং ১০৲

(৭০)

১০৭১ বাংলারী ৩৭ দাবী ৫০৸৶৬

ডিঃ মন্মথ পাল চৌধুরী

দেঃ-বৈদ্যনাথ দাস মহৎপুর সাং জাবা পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে কৃষ্ণচন্দ্রপুর গ্রামে ডিঃ সং ৬৬৪ নং খং ৩।৩।।/০ ও'মধ্য ৮।/০ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ২৫৲

(৬১)

১০৭৬ বাংলারী ৩১ দাবী ১৮।/৯

ডিঃ আবদুল গোফুর মণ্ডলী দিং

দেঃ আহম্মদ খাঁ দিং সাং কিস্তী-পোতা পোঃ মহৎপুর

থানা কোতয়ালী মৌজে চর্মাপুর গ্রামে ডিঃ সং ১০৮৯ নং খং ১ ২১ দাঃ জমির ১০/৫ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ১০৲

(৬২)

১০৮০ বাংলারী ৩১ দাবী ৪০৸/০

ডিঃ রাধাগোবিন্দ সেন দিং

দেঃ ধরণীধর পাল দিং সাং ও পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে রাণীনাথপুর গ্রামে ডিঃ সং ২৪ নং খং ২-৯৫ দাঃ জমির ৬।/০ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ২০৲

(৬৩)

১০৮১ বাংলারী ৩১ দাবী ৩০।/০

ডিঃ ঐ

দেঃ ঐ

থানা কালীগঞ্জ মৌজে রাণীনাথপুর গ্রামে ডিঃ সং ২৫ নং খং ১-৪১ দাঃ জমির ৪।০ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ১০৲

(৬৪)

১০৯১ বাংলারী ৩১ দাবী ২৮/০

ডিঃ অনাথ নাথ মুখোপাধ্যায়

দেঃ মনীগোপাল চক্রবর্ত্তী মোক্তার মোঃ গোয়াড়ী পোঃ কৃষ্ণনগর

থানা কালীগঞ্জ মৌজে দাদাপুর গ্রামে ডিঃ সং ৯৫২ নং খং ৬-৩১ দাঃ জমির ৪৲ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ২০৲

(৬৫)

১১-২ বাংলারী ৩১ দাবী ৫৬৸৩

ডিঃ রণজিৎ পালচৌধুরী

দেঃ উপেন্দ্রনাথ হালদার দিং সাং গোয়াড়ী পোঃ কৃষ্ণনগর

থানা সদর মৌজে কৃষ্ণনগর রুইপুকুর গ্রামে ডিঃ সং ৯নং খং ৬৩৸০।/০ উচবন্দী জমি চাষ আবাদ দ্বারা দখলিকার আছে উক্ত বাকী পড়া জোতের জমি দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ৫০৲

(৬৬)

১১০৪ বাংলারি ৩১ দাবী ৭০৬০

ডিঃ জ্যোতিষচন্দ্র পালচৌধুরী

দেঃ সেকেন্দ সেখ দিং সাং তিওরখালি পোঃ মহেশগঞ্জ

থানা কৃষ্ণনগর মৌজে ভীমপুর মধ্যে ডিঃ সং ৬৪।৯২।১৫নং খং ৮।০ বিঘা জমির ১১/১০ জমা, দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ১০৲

(৬৭)

১১০৬ বাংলারি ৩১ দাবী ২০।/৩

ডিঃ ঐ

দেঃ আওলাদী সেখ দিং সাং কাশিবাস পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগর মৌজে কাশীবাস গ্রামে ডিঃ সং ২১নং খং -৩১দাঃ জমির ২।/০ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ৫৲

(৬৮)

১১৬৭ বাংলারি ৩১ দাবী ৩৮৸/৬

ডিঃ চিত্তরঞ্জন লাহিড়ী

দেঃ আখনীভূধার ভদ্রকার দিং সাং দুর্গী পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে গোদাগ্রামে ডিঃ সং ১০৭০নং খং ২-৬০দাঃ জমির ৫৸০ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ২৫৲

(৬৯)

৯১৬ বাংলারি ৩১ দাবী ৮৯৷/০

ডিঃ রণজিৎ পালচৌধুরী

দেঃ মোমিন সেখ দিং সাং সাতপাহিয়া পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে তেতিয়াগ্রামে ডিঃ সং ১১৭নং খং ৬০।০ বিঘা জমির চাষাবাদ সূত্রে খাজনাদারে দখলিকার আছে দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ২০৲

(৭০)

৯৯৭ বাংলারি ৩১ দাবী ১৯/০

ডিঃ রাসবিহারী মণ্ডল দিং

দেঃ মনীগোপাল চক্রবর্ত্তী সাং দেবগ্রাম মোঃ গোয়াড়ী পোঃ কৃষ্ণনগর

থানা কালীগঞ্জ মৌজে দেবগ্রাম গ্রামে ডিঃ সং ১১৫৮নং খং ১-৩৮দাঃ জমির ২/০ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ১০৲

(৭১)

১১২৫ বাংলারী ৩১ দাবী ১০৬৬

ডিঃ হরিনারায়ণ সেন দিং

দেঃ অটল পাল সাং বড়আটাকিয়া পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে চাড়ালিয়াগ্রামে ডিঃ সং ১২৩৯নং খং ১০-২১দাঃ জমি দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ৩০৲

(৭২)

১৩১ বাংলারি ৩১ দাবী ১১৮/৯

ডিঃ গোষ্ঠবিহারী মণ্ডল

দেঃ গোপেশ্বর ভট্টাচার্য্য সাং হরি-নাথপুর পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে অনন্তপুর গ্রামে ডিঃ সং ৮৬৪নং খং ৪-১৮ দাঃ জমির অনির্দিষ্ট জমা, দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ৫৲

(৭৩)

১০৫৭ বাংলারি ৩১ দাবী ৯৯।/৯

ডিঃ ঐ

দেঃ খবিরদ্দি মণ্ডল সাং সেকড়াতলা পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে চুটীপুর গ্রামে ডিঃ সং ২৪৩ নং খং ৭-৮দাঃ জমির ১৬।০ জমা, দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ৪০৲

(৭৪)

১০৫৪ বাংলারি ৩১ দাবী ৯১৸/৯

ডিঃ ঐ

দেঃ জোবাদালি মণ্ডল সাং চুটীপুর পোঃ নপাড়া

থানা কালীগঞ্জ মৌজে চুটীপুর গ্রামে ডিঃ সং ৮৯।১৬৫ নং খং ৪-৮২ দাঃ ও'মধ্য ১৪৸/০ জমা, দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ৩৫৲

(৭৫)

১০৪১ বাংলারি ৩১ দাবী ২৸/৩

ডিঃ ব্যোমকেশ সান্যাল দিং

দেঃ তারক নাথ সাহা সাং চাপড়া পোঃ বাগানবী

থানা কালীগঞ্জ মৌজে চাপড়া গ্রামে ডিঃ সং ৭১।৭২ নং খং ২-৪৬দাঃ জমির ৮৶৩।০ জমা, দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ -৫৲

(৭৬)

৯৬২ বাংলারি ৩১ দাবী ১২৪।০

ডিঃ শিবচন্দ্র রায়

দেঃ নারায়ণ চন্দ্র সরকার দিং সাং জামালপুর পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে জামালপুর গ্রামে ডিঃ সং ২৫১ নং খং ৫-২৬ দাঃ জমির ১১৶/৯ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ৫০৲

(৭৭)

১১০০ বাংলারি ৩১ দাবী ১১২৷/০

ডিঃ বিজেন্দ্র নাথ বাক্চী দিং

দেঃ পারুল বালা দেবী সাং ও পোঃ নবদ্বীপ থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপ মধ্যে ডিঃ সং ৪৪৬৫ নং খং ২-৫১ দাঃ জমির ২৩।/০ জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বরবত হুকুক মূল্য আঃ ২৫৲

(৭৮)

১১৬৫ বাংলারি ৩১ দাবী ২৪৸/৯

ডিঃ আশুতোষ বাক্চী দিং

দেঃ বাকাদি সেখ খাঁ সাং তিওরখা[illegible] পোঃ মহেশগঞ্জ

থানা কৃষ্ণনগর মৌজে খাবখালী [illegible] ডিঃ সাং ২৬৭নং খং -২৯দাঃ জমির ৩৶/ দায় তদুপরিস্থিত আকর আওলাত [illegible] হুকুক মূল্য আঃ ২০৲

(৭৯)

৯৮২ বাংলারি ৩১ দাবী ১৯৶

ডিঃ ফকিরদ্দিন আকন্দ দিং

দেঃ কাঙালী মণ্ডল দিং সাং পাঁচপোতা পোঃ কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে পাঁচপোতা [illegible] ডিঃ সং ১৮৬নং সং ১-৭৭দাঃ জমির [illegible] জমা দায় তদুপরিস্থিত আকর আওলাত বত হুকুক মূল্য আঃ ১০৲

(৮০)

৯৮৩ বাংলারি ৩১ দাবী ২৭

ডিঃ আবেদা বিবি দিং

দেঃ মৌলা মকাদার সাং মীড়া [illegible] কালীগঞ্জ

থানা কালীগঞ্জ মৌজে মীড়া গ্রামে ডিঃ ২০৫নং খং -৫০দাঃ জমির ২।৯ জমা তদুপরিস্থিত আকর আওলাত বরবত হু[illegible] মূল্য আঃ ৫৲

(৮১)

৯৫০ বাংলারি ৩১ দাবী ৭৮৬।৬

ডিঃ সুরেশ্বরী ঘোষ

দেঃ নন্দগোপাল ভাদুড়ী দিং মাজদিয়া পোঃ কৃষ্ণনগর

১। থানা কৃষ্ণনগর মৌজে আমিয়া[illegible] গ্রামে ডিঃ সং ১নং খং ৶০ আনা [illegible] মালিকীস্বত্ব লিপিবদ্ধ হইয়াছে উক্ত ম্যা[illegible] স্বত্ব ৶ আনা হক উক্ত স্বত্বের সেস [illegible] কালেক্টারীর বার্ষিক ৮।৶৯ পাই টাকা[illegible] হয় বরবত হুকুক মূল্য আঃ ৫০৲

২। ঐ থানা মৌজে মাজদিয়া [illegible] ডিঃ সং ৮৪৭নং খং ১-৯০দাঃ জমির ৮[illegible] জমা দায় তদুপরিস্থিত আকর আও[illegible] বরবত হুকুক মূল্য আঃ ৩০০৲

৩। ঐ থানা ঐ মৌজে ডিঃ ৮৩৮নং খং ৪৩-১০দাঃ জমির ১০৲ [illegible] দায় তদুপরিস্থিত আকর আওলাত বর[illegible] হুকুক মূল্য আঃ ২৫০৲

(৮২)

৯৭২ বাংলারি ৩১ দাবী ১১৩৫।

ডিঃ কুলদারাণী দেবী দিং

দেঃ প্রবোধ কুমার রায় দিং [illegible] রাজনগর কেদারনগর পোঃ মেহেরপুর

থানা নাগাদীপাড়া মৌজে হাবান[illegible] গ্রামে ডিঃ সং খাজনা সলিয়ানা ২৪০০ টা[illegible] দিতে হয় উক্ত দরপত্তনী তালুকদারী [illegible] দায় এজমা, খাল, বিল আকর আওলাত জোতদারের বরবত হুকুক মূল্য আঃ ৪০০৲

মুদ্রিতোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীব্রহ্মমধ্বগৌড়ীয়
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সাম্প্রদায়িক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক
নদীয়াপ্রকাশ
THE NADIA-PRAKASH

REG. NO. C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের পদাশ্রিত
আচার্য্যপ্রবর
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র আচার-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৬ই কার্ত্তিক, ১৩৪৪, ২রা নভেম্বর, ১৯৩৭, মঙ্গলবার [সংখ্যা ২০১]

বিবিধ সংবাদ

—(০(৯৯)০)—

আলীপুর সেন্ট্রাল জেলে আন্দামান-প্রত্যাগত বন্দীদের সহিত গান্ধীজীর সাক্ষাৎ

গান্ধীজী গত শনিবার বেলা ৫ ঘটিকার সময় আলীপুর সেন্ট্রাল জেলে আন্দামান-প্রত্যাগত রাজনৈতিক বন্দীদের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন।

গান্ধীজীর সহিত তাঁহার সেক্রেটারী শ্রীযুত মহাদেব দেশাই ও ডাঃ সুনীল বসু ছিলেন। গান্ধীজী যখন বন্দীদের সহিত দেখা করিতে যান, ডাঃ সুনীল বসু তখন জেল আফিসের নিকট ছিলেন। সেইখানে গবর্ণমেন্টের একজন উচ্চপদস্থ কর্মচারীও ছিলেন।

গান্ধীজী রাজনৈতিক বন্দীদের সহিত প্রায় দুই ঘণ্টাকাল কথাবার্ত্তা বলেন। বন্দীদের সহিত আলোচনার সময় তাঁহাকে সর্ব্বপ্রকার সুযোগ সুবিধা দেওয়া হইয়াছিল। সাধারণতঃ জেলের নিয়ম তাঁহার উপর প্রযুক্ত হয় নাই এবং কোন পুলিশ কর্ম্মচারীও আলোচনার সময় উপস্থিত ছিল না।

মস্তিষ্করোগে বিচারাসনে ম্যাজিষ্ট্রেট

ঢাকার ডেপুটী ম্যাজিষ্ট্রেট শ্রীযুত কুমুদনাথ দে গত ২৯শে অক্টোবর সকাল বেলায় আদালতে বসিয়া, কয়েকটী মামলার বিচার করিতেছিলেন, এমন সময় তিনি মস্তিষ্ক রোগে আক্রান্ত হন। তাঁহার শরীরের দক্ষিণ অংশ অসাড় হইয়া যায়। এই অবস্থায় সারা রাত্রি এবং পরদিবস বেলা ১১টা পর্য্যন্ত তাঁহাকে আদালত-কক্ষে রাখিয়াই চিকিৎসা ও শুশ্রূষা করিতে হয়। সিভিল সার্জ্জন ও জেলা ম্যাজিষ্ট্রেট প্রভৃতি সকলেই উপস্থিত ছিলেন। সকাল বেলা ১১টার সময় তাঁহাকে সেখান হইতে তাঁহার বাসায় প্রেরণ করা হইয়াছে। তাঁহার অবস্থা উদ্বেগজনক।

এক হাজার লোকের মৃত্যু

হায়দ্রাবাদের উত্তর পূর্ব্ব অঞ্চলে এক ব্যাপক বন্যার ফলে এক সহস্র নরনারীর মৃত্যু হইয়াছে এবং প্রায় ১০ সহস্র নরনারী গৃহহীন হইয়াছে, অনেক গ্রাম সম্পূর্ণরূপে বিধ্বস্ত হইয়াছে। নবাব হৈদর নেওয়াজ জঙ্গ চ্যান্সেলার সেখ ইউসুফ হায়দ্রাবাদ হইতে বাগদাদ রওনা হইয়াছিলেন। তাঁহার কোন সংবাদ পাওয়া যাইতেছে না। আশঙ্কা হইতেছে যে, বন্যায় মারা গিয়াছেন।

উচ্চ শিক্ষার্থ বিদেশ যাত্রা

শ্রীযুক্ত বিমলচন্দ্র সেনগুপ্ত বাটা কোম্পানীর প্রধান কারখানা ও শিক্ষা-প্রতিষ্ঠানে (বাটা স্কুল অব টেকনোলজী) শিক্ষা লাভের জন্য চেকোশ্লোভাকিয়ার জীন নগরে যাইতেছেন। তিনি ১লা নবেম্বর যাত্রা করিবেন। বাটা কোম্পানীর ভারতের জেনারেল ম্যানেজার মিঃ থমাস বাটা শ্রীযুক্ত সেনগুপ্তের যাত্রার ও জীনে শিক্ষালাভের ব্যবস্থা করিয়া দিয়াছেন।

চীন-সংগ্রাম

চীনা কর্তৃপক্ষ স্বীকার করিয়াছেন যে, মহা প্রাচীরের ভিতর দিয়া পূর্ব্ব শানসি পর্য্যন্ত যে "নিয়াং জে কাওয়ান পাস" আছে তাহাতে পতন হইয়াছে। চীনেরা এই পাসে জাপানীদের পুনঃপুনঃ আক্রমণ প্রতিহত করিয়াছেন। কিন্তু জাপানীরা পরিশেষে কামান ট্যাঙ্ক ও বিমানপোতের সাহায্যে চু কোয়ানের নিকট হইতে চীনাদের পশ্চাৎ-ব্যূহ ভাঙ্গিয়া দেয়। চীনা সৈন্যদের পক্ষে তখন এই "পাস"টী রক্ষা করা অসম্ভব হইয়াছিল।

চীনের আহতগণের সাহায্যের জন্য লণ্ডনের লর্ড মেয়র যে ধনভাণ্ডার খুলিয়াছেন, উহা হইতে প্রথম দফায় আট হাজার পাউণ্ডের ঔষধ-পত্রের অর্ডার দেওয়া হইয়াছে। চীনবাসী প্রথম জাহাজে উহা পাঠান হইবে। ইহার পর ক্লোরিন, সিরাম ইত্যাদি পাঠান হইবে। সিরাম ও ভ্যাক্সিন সম্ভবতঃ এরোপ্লেনে পাঠান হইবে।

ব্রিটিশ সাম্রাজ্যে শিল্পপ্রদর্শনী

আগামী বৎসর স্কটল্যাণ্ডে যে প্রদর্শনী হইবে ওয়েম্বলী প্রদর্শনীর পর আর কখনও ব্রিটিশ সাম্রাজ্যে এত বড় প্রদর্শনী হয় নাই। ব্রিটিশ সাম্রাজ্যের সমস্ত দেশ এই প্রদর্শনীতে যোগ দিবে। প্রদর্শনীর জন্য প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দশ লক্ষ পাউণ্ড ব্যয় হইবে। জেনারেল ম্যানেজার বলেন, প্রদর্শনী হইবে বলিয়া ঘোষণা করার পর তিন মাসের মধ্যে প্রদর্শনী ক্ষেত্রের সমস্ত জায়গা ভাড়া হইয়া গিয়াছে—গ্লাসগোতে প্রদর্শনী হইবে এবং ১৯৩৮ সালের মে মাসে ইহার উদ্বোধন হইবে।

নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির দ্বিতীয় দিনের অধিবেশন

গত শনিবার নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির অধিবেশনে প্রায় চারি ঘণ্টাই মিঃ এন্ আর সারমানীর প্রস্তাব সম্পর্কে আলোচনা হইয়াছে। মিঃ সারমানীর প্রস্তাবের মর্ম্ম এই যে, রাজবন্দী ও রাজনৈতিক বন্দীদিগকে অবিলম্বে ও বিনা সর্ত্তে মুক্তি দিতে এবং দমনমূলক আইনগুলি প্রত্যাহার করিতে কংগ্রেসী মন্ত্রিমণ্ডলসমূহকে নির্দ্দেশ দেওয়া হউক। এই প্রস্তাবের আলোচনায় কোনও কোনও বক্তা মাদ্রাজের মন্ত্রিমণ্ডলের কঠোর সমালোচনা করেন। মিঃ ম্যাকমিল (বোম্বাই) এই মর্ম্মে সংশোধন প্রস্তাব করেন যে, মিঃ সারমানীর প্রস্তাবে যাহা বলা হইয়াছে, সেই সম্পর্কে যথাকর্ত্তব্য করিবার ভার ওয়ার্কিং কমিটির উপর অর্পণ করা হউক। এই সংশোধন প্রস্তাবটি ৯৯—৫৮ ভোটে গৃহীত হইয়াছে।

শনিবার 'বন্দেমাতরম্' প্রসঙ্গ উত্থাপিত হইয়াছিল প্রেসিডেন্ট বলেন, ওয়ার্কিং কমিটি 'বন্দেমাতরম্' সম্পর্কে কোনও প্রস্তাব উত্থাপন করিবেন না, তবে অন্যান্য সদস্যগণ ইচ্ছা হইলে ঐ সম্পর্কে প্রস্তাব উত্থাপন করিতে পারেন। ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ 'বন্দেমাতরম্' সম্পর্কে এই মর্ম্মে প্রস্তাবের নোটিশ দেন যে, 'বন্দেমাতরমে'র প্রথম দুইটি কলিকেই জাতীয় সঙ্গীত বলিয়া ঘোষণা করা হউক। ওয়ার্কিং কমিটির উত্থাপিত প্রস্তাবসমূহের আলোচনা পর তিনি বলেন, বিষয়টি গুরুত্বপূর্ণ, সুতরাং তাঁহার প্রস্তাবটি অন্যান্য বিষয় আলোচনার পূর্ব্বে উত্থাপনের অনুমতি দেওয়া হউক, কিন্তু ২০—৬০ ভোটে তাঁহার এই দাবী অগ্রাহ্য হয়।

শনিবার রাজবন্দীদের মুক্তি দাবী, আন্দামান বন্দীদের মুক্তি দাবী, বাঙ্গলার সর্ব্বত্র—বিশেষতঃ মেদিনীপুর ও চট্টগ্রাম জেলায় যুবকগণের উপর বিধিনিষেধ ও হিন্দু যুবকদের উপর দার্জ্জিলিং সফরের নিষেধাজ্ঞা প্রত্যাহার প্রতিবাদ, প্যালেষ্টাইনে ব্রিটিশ নীতির প্রতিবাদ, চীনের উপর জাপানের আক্রমণের প্রতিবাদে জাপানী পণ্য বর্জ্জন, বিদেশী তুলা ক্রয় না করিতে ভারতীয় কাপড়ের কলওয়ালাদিগকে অনুরোধ প্রভৃতি প্রস্তাবও গৃহীত হইয়াছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ নিবাটী শ্রীচৈতন্যভাগবত ৭৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সংক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। বামন-আলবর ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-সাহিত্য ।৵০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষ্য ।০
২৭। মুক্তাচরিত্র শ্রীগৌরহরিঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵০
৪৬। অর্চ্চনপদ্ধতি ৵০
৪৭। সদাচারস্মৃতিঃ ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। ভজনকৌমুদী বা নামরামায়ণভক্তী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ
৫৮। শ্রীকৃষ্ণলেখ ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাধ্যসাধন ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। ভজনস্তবম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ।৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। সারসংদর্শনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী য়্যাণ্ড অন্টলজি ।০
৭২। সিলেক্টেড ওয়ার্ক্‌স ৶০
৭৩। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপল য়্যাণ্ড আনয়্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভলুম্ ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।
৮২। কল্যাণ-কল্পতরু ৵১
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST – প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ৫ ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় – মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিকভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত – হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। দৈনিক নদীয়াপ্রকাশ ... হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।০।

৪। পরমার্থী – শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

——:০:——

নির্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৩৲ টাকা।

শ্রীশ্রী

১২শ বর্ষ { ১৪ দামোদর গৌরাব্দ ৪৫১, ১৬ই কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৪, ২রা নভেম্বর ইং ১৯৩৭, মঙ্গলবার } ১০-১৫শ সং

শ্রীগৌড়ীয়মঠে অন্নকূট মহামহোৎসব

শ্রীগোবর্দ্ধন-পূজা

শ্রীগৌড়ীয়মঠ সেবকগণ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীল প্রভুপাদের অভিন্ন বিগ্রহ গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুরের আনুগত্যে আগামীকল্য শ্রীশ্রীগোবর্দ্ধনপূজা ও অন্নকূট-মহোৎসব মহাসমারোহে সম্পন্ন করিবার জন্য আপ্রাণ যত্ন করিতেছেন। শ্রীশ্রীরাধা-গোবিন্দের ইন্দ্রিয়তর্পণ-বর্দ্ধনই গোবর্দ্ধনপূজা এবং অনুগকরণ-স্বরূপ বহিরঙ্গাস্বরূপ চিন্ময় অন্নের স্তূপীকরণই অন্নকূট মহোৎসব। শ্রীশ্রীল আচার্য্যদেব এবার স্বয়ং শ্রীগৌড়ীয়-মঠে অবস্থান পূর্ব্বক ভাগ্যবান্ জনগণকে অহর্নিশ কৃষ্ণকথামৃতরূপ মহাপ্রসাদাদি-বিতরণ দ্বারা নিত্য অন্নকূট-মহোৎসবে যোগদানের সুবর্ণ সুযোগ প্রদান করিতেছেন। শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে শ্রীবিশ্ববৈষ্ণবরাজ-সভার অন্তর্গত মঠের বিবিধ বিচিত্রতা-সমন্বিত অন্নাদির পর্ব্বত রচনা করিয়া কীর্ত্তনমুখে শ্রীগিরিধারী পূজা ও অন্নকূট মহোৎসব সম্পন্ন হইবে। শ্রীশ্রীল প্রভুপাদ এবং শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীগোবর্দ্ধন পূজা ও অন্নকূট-মহোৎসব অনুষ্ঠান করিয়া শ্রীশ্রীল মাধবেন্দ্রপুরীপাদ-প্রবর্ত্তিত অন্নকূট মহোৎসবের প্রচার অক্ষুণ্ণ রাখিবার আদর্শ প্রকট করিয়াছেন। শ্রীগুরুবর্গের প্রদর্শিত আদর্শ অনুসরণে শ্রীল প্রভুপাদের আনুগত্যে শ্রীগৌড়ীয়মঠ প্রতি বৎসরই পাঠকীর্ত্তনমুখে শ্রীশ্রীগিরিধারীপূজা করিয়া অন্নকূট উৎসব করিয়া থাকেন। তাই এবারও শ্রীশ্রীল প্রভুপাদের নিষ্কপট নিজ সেবকগণ স্বদেশে বর্ত্তমান গৌড়ীয়মঠা-চার্য্যদেবের আনুগত্যে পরমোৎসাহের সহিত উৎসবটীকে সাফল্য মণ্ডিত করিবার জন্য প্রস্তুত হইয়াছেন।

আমরা শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীল মাধবেন্দ্র-পুরীপাদের অনুষ্ঠিত অন্নকূট মহোৎসবের কথা শুনিতে পাই। সেই অন্নকূট মহোৎসব দর্শন করিবার সুযোগ আবার শ্রীগৌড়ীয়মঠের কৃপায় আমাদের ভাগ্যে লাভ হইতেছে। দ্বাপর যুগে শ্রীকৃষ্ণ নন্দাদি গোপগণকে ইন্দ্রের পূজা নিষেধ করিয়া এই গোবর্দ্ধন পূজার আদেশ করেন এবং তিনি যে গোবর্দ্ধন স্বরূপ তাহাও জানান। শ্রীল প্রভুপাদ আমাদিগকে জানাইয়াছেন,—কৃষ্ণের সেবার জন্য কামবর্দ্ধনই গোবর্দ্ধন-পূজা। পূজার অধিকরণ অর্থ থাকিতে কৃষ্ণসেবার জন্য কাম-বর্দ্ধন অর্থাৎ গোবর্দ্ধনপূজা হয় না। গোবর্দ্ধনের নিভৃত গুহায় বিহার কৃষ্ণকোল-রে থাকে,—তথায় কৃষ্ণ স্বেচ্ছায় অর্পণ হ'য়ে থাকেন। 'গো' অর্থে বেদ। গোবর্দ্ধন-পূজাকে আশ্রয়-স্বরূপের পরবিদ্যা অর্থাৎ ভক্তি বর্দ্ধিত হয়। ...কৃষ্ণ নাম ... উদ্দেশ্যই গোবর্দ্ধন-পূজার কথা। 'গো' অর্থে ইন্দ্রিয়ও হয়। কৃষ্ণসেবার জন্য চিৎ-ইন্দ্রিয় সব বেড়ে যায়—কৃষ্ণসেবার জন্য কাম বৃদ্ধিপ্রাপ্ত হয়। চিন্ময়ী বৃত্তি প্রবল হ'লে কচ্ছোক্ষেব উদ্ধার প্রবৃত্তি অনায়াসে পেয়ে যায়। আবার বিষয়ের দিক্ হ'তেও কৃষ্ণের 'গো' অর্থাৎ ইন্দ্রিয়সকল নবনবায়মান কাম-চরিতার্থ করিবার জন্য বর্দ্ধন লীলা আবিষ্কার করেন। ভক্তির বর্দ্ধনই গোবর্দ্ধন। ভক্তির বিনোদনই গোবর্দ্ধন পূজা। ভক্তিবিনোদ-ধারায় স্নাত না হইলে গোবর্দ্ধন-পূজায় অধিকার পাওয়া যায় না। তাই আজ আমরা শ্রীশ্রীগোবর্দ্ধন-পূজার শুভবাসর-দিবসে ভক্তিবিনোদ-গৌর-বাণী-সংরক্ষক শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীচরণ-কমলে যোগ্যতা লাভের জন্য কৃপা ভিক্ষা করিতেছি।

শ্রীধাম বৃন্দাবনে ঊর্জ্জব্রত

গত ২০।১০।৩৭ তারিখ প্রাতে শ্রীগোপীনাথ জীউর শ্রীমন্দির পরিক্রমাতে শ্রীমঠে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ গীতা পাঠ করেন। শ্রীগোপীনাথ-জীউর শ্রীমন্দিরে পরিক্রমা শেষ হলে শ্রীপাদ রাধারমণ ব্রহ্মচারী "গোপীনাথ মম নিবেদন শুন" এই গানটী কীর্ত্তন করেন।

অপরাহ্ণে কিশোরপুরা শ্রীচৈতন্য-মঠের অধিষ্ঠে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ... শ্রীমদ্ভাগবত ... হইতে শ্রীকৃষ্ণের অর্চ্চালীলা পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদিতে শ্রীপাদ জয়নারায়ণ দাসাধিকারী মঙ্গলাচরণ এবং পাঠান্তে শ্রীপাদ রাধারমণ ব্রহ্মচারী "গোবিন্দের ছটী পদ" এই মহাজন-পদটী কীর্ত্তন করেন। তৎপরে ভক্তবৃন্দ নগর সংকীর্ত্তন করিতে করিতে শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করেন।

সন্ধ্যারতির পরে পণ্ডিত শ্রীপাদ নারায়ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য প্রভু শ্রীচৈতন্যচরিতামৃত হইতে 'শিক্ষাষ্টক' পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে শ্রীপাদ হরিদাস দাসাধিকারী মহাজন-পদাবলী কীর্ত্তন করেন।

যোগপীঠে কীর্ত্তন

আজ সন্ধ্যায় শ্রীচৈতন্যমঠের নায় শ্রীযোগপীঠ শ্রীমন্দিরে প্রত্যহ মঙ্গলারাত্রিকান্তে পাঠ কীর্ত্তন, শ্রীমন্দির এবং শ্রীগৌর-কুণ্ড পরিক্রমা, মধ্যাহ্নে হরিকথা এবং সন্ধ্যা-রাত্রিকের পর পণ্ডিত শ্রীপাদ রাধামোহন ব্রহ্মচারী কাব্যপুরাণতীর্থ মহোদয় শ্রীচৈতন্য-চরিতামৃত হইতে 'শ্রীনামতত্ত্ব-শিক্ষা' পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। উদ্‌ধৃত শ্রীগৌড়ীয়দেবের অন্যতম প্রচারক শ্রীপাদ মঙ্গলময় দাসাধিকারী বক্তার বাসস্থান ... সন্ধ্যায় তথায় শ্রীচৈতন্যচরিতামৃত হইতে 'শ্রীরূপ-শিক্ষা' পাঠ ও ব্যাখ্যা করিতেছেন।

ভক্ত কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। ভক্তরূপে কৃষ্ণ কৃপা করেন জগতে॥

জীবের দেহ ভগবন্মন্দির—চেতনময় মন্দির; ইট, কাঠ, পাথর দিয়া গড়া মন্দিরে লেপা, লেখা প্রভৃতি অর্চা রাখা হয়। ভগবদ্ভক্তের চিন্ময় দেহ-মন্দিরে শ্রীভগবান্ নিত্য বিরাজমান।

(বক্তৃতাবলী ৪র্থ খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৪ বামন [illegible] প্রচার গৌরাব্দ ৪৫১

প্রণব

ওঁ বা প্রণব বেদের নিদানস্বরূপ মহাবাক্য। সমস্ত বৈদিক মন্ত্রের আদিতে ও অন্তে প্রণব গঠিত। প্রণব— ঈশ্বর স্বরূপ।

'অ'কারেণোচ্যতে কৃষ্ণঃ সর্বলোকৈকনায়কঃ।
'উ'কারেণোচ্যতে রাধা 'ম'কারো জীববাচকঃ॥

অ+উ+ম=ওঁ। এই প্রণব হইতে বেদশাস্ত্র বিস্তৃত হইয়াছে। ইহা পরব্রহ্মের সর্বাপেক্ষা ঘনিষ্ঠ (অন্তরঙ্গ) নাম— উচ্চারণমাত্র হইতে যাহা সংসার-ভয় হইতে জীবকে পরিত্রাণ করে। এইজন্য ইহার 'তার' নামেও কথিত। শ্রীমহাপ্রভু ভাগবতের নিগূঢ় টীকায় প্রারম্ভে ওঁকার-মুখে আরম্ভ করিয়া শ্রীমদ্ভাগবতকে তার স্বরূপ সংজ্ঞা দিয়াছেন। প্রণবকে উদ্দেশ করিয়া মাণ্ডুক্য উপনিষদেও আছে— "ত্রিকালে যাহা কিছু দৃষ্ট সমস্তই ওঙ্কার—ওঁ এই অক্ষর।"

ব্রহ্মের একটী আবির্ভাব—প্রণব। ইনি শব্দব্রহ্ম বলিয়া কথিত। তিনি অপূর্ব, অনাদি, অব্যক্ত, পরম এবং অব্যয়; তিনি সকলের আদি, মধ্য ও অন্ত। এইভাবে প্রণবকে জ্ঞাত হইয়া জীব অমৃতকে উপভোগ করে। সকলের হৃদয়ে অবস্থিত প্রণবকে ঈশ্বর স্বরূপ বলিয়া জানিবে। ওঁকারকে সর্বব্যাপী বিষ্ণু অর্থাৎ বিষ্ণুস্বরূপ বলিয়া মনে করিলে বুদ্ধিমান্ ব্যক্তিকে আর শোক করিতে হয় না। অর্থাৎ তাহার আর দুঃখ থাকে না।

পরমেশ্বরের অপরাপর অবতারের ন্যায় এই প্রণবও তাঁহার সর্বশ্রেষ্ঠ অবতার। প্রণব—ঈশ্বরের স্বরূপাত্মক শব্দ। [illegible] ঈশ্বরের

দিব্যজ্ঞান

(শ্রীকনকলতা দেবী)

দিব্যজ্ঞান অর্থে দীক্ষা। দেহে আত্মবুদ্ধি-রূপ বিবর্ত হইতে স্বরূপ উদ্বুদ্ধ হওয়ার নাম দিব্যজ্ঞান। আত্মধর্মে প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত হরিভজন হয় না, মায়ার ভজন মাত্র হইয়া থাকে। জীব নিত্য কৃষ্ণদাস, জীবের নিত্যপ্রভু কৃষ্ণ, কৃষ্ণের নিত্য দাস্যই জীবের নিত্যধর্ম। অন্তর্যামী পরমাত্মারূপে কৃষ্ণ নিত্য নাম। তবে উহা অপসম্প্রদায়গত [illegible] অবস্থায় উঁহার অবস্থান।

ত্রয়ী প্রণবও শ্রীভগবন্নাম। যাহা জীবনীয় না [illegible] নামাদির জপ ও সংকীর্তনমুখে কীর্তনের ব্যবস্থা আছে। অধিকারিগণ মন্ত্র, স্তোত্র ও নামমুখে প্রণব সাধন করিবেন। কিন্তু কলিতে জীবের অধিকার হ্রাস হওয়ায় শ্রীনামের সর্বশক্তিমত্তার উপযোগিতা বিশেষরূপে মাননীয়। যোগপথে পারঙ্গত ব্যক্তিগণ প্রণবাদির জপ ও কীর্তনমুখে সেবা করিয়া থাকেন। কিন্তু যোগিগণের সম্বন্ধে শ্রীমদ্ভাগবত বলেন,—

যমাদিভির্যোগপথৈঃ কামলোভহতো মুহুঃ।
মুকুন্দসেবয়া যদ্বৎ তথাত্মাদ্ধা ন শাম্যতি॥

উদাহরণস্বরূপ বলা যাইতে পারে যে, হিংস্রজন্তুসমাকুল অরণ্য-মধ্যে যদি [illegible] আবশ্যকতা বুঝিয়া তাহা সংগ্রহ করিবার কালে যদি হিংস্র জন্তুর হিংসায় পতিত হইতে হয়, তাহা হইলে তাদৃশ পন্থার ফলপ্রাপ্তি দুর্ঘট হইয়া উঠে। সেইজন্য ঐরূপ বিপদ্ হইতে যাহাতে অবকাশ পাইতে পারা যায় তাহাকেই অপেক্ষাকৃত উত্তম পন্থা বলা যায়।

তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিদ্
ভ্রশ্যন্তি মার্গাৎ ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া
বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো॥

যাঁহাদের প্রণবাদি জপমুখে সাক্ষাৎ মুকুন্দ সেবাবিষয়ক সম্বন্ধ-জ্ঞানের উদয় হয়, তাঁহারা ব্যতীত অন্য। কিন্তু প্রণবোচ্চারণ অধিকার অপেক্ষা করে। [illegible] অধিকারী এবং অনধিকারী উভয়েই সাধু [illegible] কার্য্যে করিতে দিব্যজ্ঞান লাভ করিয়া কৃষ্ণ-ভজনে প্রবৃত্ত হইতে পারেন। যে কালে বিপ্র বর্ণ ছিল, সেকালে প্রণবাদি-সাধনে তাঁহাদের কল্যাণ সাধিত হইত। কিন্তু কাল-প্রভাবে অসমর্থতা, ব্রাত্য প্রভৃতি নানা অবস্থা উপস্থিত হইয়াছে। সেইজন্য কলিকালে হরিনাম ছাড়া গতি নাই।

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥

জীবাত্মায় নিত্য প্রতিষ্ঠিত থাকিয়া চৈত্যগুরু-রূপে নিত্যসেবক তত্ত্ব জীবকে নিত্য সেবকত্ব প্রদান করেন। ভগবৎস্বরূপের সহিত জীব-স্বরূপের সম্বন্ধোপলব্ধিকে শাস্ত্র দীক্ষা, দিব্যজ্ঞান বা সম্বন্ধজ্ঞান বলিয়া থাকেন। ভগবান্ পূর্ণ চেতন বস্তু, জীব অণুচেতন বস্তু। চেতন অচেতনের সঙ্গে সম্বন্ধযুক্ত হইতে পারে না। জীব মায়াবশ, ভগবান্ মায়াধীশ জীব ভগবত্তত্ত্ব হইতে যুগপৎ ভেদ ও অভেদ। এই ভেদাভেদ-তত্ত্ব অচিন্ত্য।

দিব্যজ্ঞানের একমাত্র মালিক আশ্রয়বিগ্রহ শ্রীগুরুপাদপদ্ম। তাঁহার কৃপা ব্যতীত দিব্যজ্ঞান লাভ করা যায় না। দিব্যজ্ঞান প্রদান করত তিনি অনাদি-বহির্মুখ জীবের সমস্ত অনর্থ বিদূরিত করিয়া অশেষ কল্যাণ বিধান করেন।

মায়িক জগতে আগমনের সঙ্গে সঙ্গেই জীব কৃষ্ণদাস্য ভুলিয়া মায়ার দাসত্বে আবদ্ধ হয়। তটস্থধর্মযুক্ত জীব নিজ স্বতন্ত্রতার অপব্যবহার দ্বারা সর্বশক্তিমান্ কৃষ্ণের মায়া শক্তির কবলে কবলিত হয়।

কৃষ্ণ ভুলি সেই জীব অনাদিবহির্মুখ।
অতএব মায়া তারে দেয় সংসার-দুঃখ॥

সংসারে আসক্ত হইয়া জীবগণ জন্ম-মরণ ও উচ্চ-নীচ অবস্থা লাভ করিয়া কর্মের নাগর-দোলায় অনবরত ঘুরপাক খাইতেছে, অনিত্য জিনিষের প্রতি এইরূপ অত্যাসক্তি থাকায় জীব ক্রমশঃ অধোগতি লাভ করিয়া এই হরিবিমুখতার রাজ্যেই ভ্রমণ করিতে থাকে।

চৌরাশী লক্ষ্যার জন্মগ্রহণের পর জীব হরিভজনোপযোগী সুদুর্লভ মনুষ্যজন্ম পাইয়া থাকে। এই সুদুর্লভ মনুষ্যজন্ম পাইয়াও আপাতমনোরম ভোগ ও ঐশ্বর্য্য-সুখে আসক্ত হইয়া মনুষ্যজীবনের উদ্দেশ্য হইতে লক্ষ্যভ্রষ্ট হয় এবং মায়ার কবলাক্রান্ত হইয়া বৃথা কালযাপন করে। নিজ চেষ্টাক্রমে এই দুরবস্থা হইতে কোন মতেই উদ্ধার পাওয়া যায় না, যতক্ষণ না সাধুগুরুর কৃপা লাভ হয়। পূর্বকৃত সুকৃতিফলে কাহারও সত্যানুসন্ধানের স্পৃহা বলবতী হইলে অন্তর্যামী তাহাকে আকর্ষণ করেন, এবং সত্যের সন্ধান দান করেন। পরমেশ্বরের অসীম কৃপা সর্বক্ষণ পাইয়াও বহির্মুখ মানবসমাজ তাহার একবিন্দুও উপলব্ধি করিতে পারে না, উপরন্তু অধিকাংশই পরমেশ্বরে বিশ্বাসহীন, আর বাহ্যিকী ভোগ ও ত্যাগের ছলনায় আত্ম ও পর-বঞ্চক। কিন্তু মনের অগোচর কিছুই নাই। বাহিরে যে যত প্রকার ভণ্ডামি করুক, নিজের প্রতি দৃষ্টিপাত করিলে প্রত্যেকেই বুঝিতে পারে ভগবানের কৃপা ভিক্ষা করিবার যোগ্যতা কার কতটুকু। এই আত্ম ও পরবঞ্চনেচ্ছা যতদিন আমাদের অন্তরে থাকিবে ততদিন উন্নতির বা নিস্তার লাভের কোন আশা নাই।

স্বরূপবিস্মৃতিবশতঃ অসদ্বিষয়ে জীবের চিত্ত একান্ত আসক্ত, তাহাতে নানারূপ অনর্থ উপস্থিত হইয়া সাধনে ক্রমাগত বাধা প্রদান করে। নিরপেক্ষ জীব কোন প্রকারেই তাহা দূরীকরণে সমর্থ হয় না; তখনই পতিতপাবন দীনবৎসল শ্রীগুরু-পাদপদ্মের নিত্য মঙ্গলময়ী চেতন বাণীর কথা তাঁহার একান্ত স্মরণপথে উদিত মনে হয়। ত্রিতাপদগ্ধ বদ্ধজীবের উদ্ধার-কল্পে সুদুর্লভ শ্রীগুরুদেব প্রপঞ্চে অবতীর্ণ হন। করুণাঘনবিগ্রহ শ্রীগুরুপাদপদ্মের অপার করুণা। তাঁহার দয়ায় যোগ্যাযোগ্যের বিচার নাই। জগতের সকল লোক যাঁহাকে ঘৃণা করে তাহাকেও তিনি তাঁহার উক্তরূপ হইতে বঞ্চিত করেন না। পাণ্ডিত্য বা যোগ্যতা দ্বারা সে দয়ার মূল্য নির্ণয় করা যায় না। প্রকৃতরূপে শ্রীগুরু-পাদপদ্মে শরণাপন্ন হইলে কৃপাময়ের কৃপায় দিব্যজ্ঞানের অধিকার লাভ করা যায়। নতুবা দীক্ষা-গ্রহণের ছলনায় দিব্যজ্ঞান লাভ হয় না।

কপটতা দ্বারা চির অবদমিত এই বদ্ধজীব আমরা, যখন যেরূপ কার্য্যে ইচ্ছুক হই—কৃপা করিয়া কেশাকর্ষণ পূর্বক তখন চির অমঙ্গলের হাত হইতে নিত্যমঙ্গলাকাঙ্ক্ষী শ্রীগুরুদেব ছাড়া কে আমাদের রক্ষা করিবেন? তাঁহার নিত্য কল্যাণময়ী চেতন-বাণীর আঘাত পাইবার পাওয়া সত্ত্বেও চির বাধা প্রবণে রবের বধিরতা আমার ঘুচিল না, এমনই অচৈতন্য আমি! শ্রীগুরু-পাদপদ্মের কৃপাই মনুষ্যমাত্রের একমাত্র সাথী। আমাদের সকলের সকল প্রকার অজ্ঞান মুহূর্তে তিনি দূর করিয়া দিতে পারেন। শ্রীগুরুদেবের কৃপা ধন্য। তাঁহার শ্রীপাদপদ্ম-সেবাই একমাত্র আমাদের স্বরূপ। সুতরাং আর মোর কোন স্বতন্ত্রতা থাকিতে পারে না। জানি না, এই উপলব্ধি আমার কবে হইবে। তথাপি সাধারণ ভাবে নয়, ছাত্রের অন্তর নয়, [illegible] বারবার যেন আমি এই আশীর্বাদ করিতে পারি। শ্রীগুরুদেবের আশ্রিত মুক্ত বৈষ্ণব সকলের কৃপা হইতে শ্রীগুরু-পাদপদ্মের কৃপা আমার মত অধম অনর্থ পাইতে পারে। তাই উপসংহারে সেই পতিত-পাবন শ্রীগুরুপাদপদ্মের পাদপদ্মের কৃপার কাঙ্গাল তাঁহাদের নিত্য আনুগত্যে শ্রীগুরু-পাদপদ্মের কৃপাকণা পাইবার আশা হৃদয়ে পোষণ করিতেছি।

বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো
নমো নমঃ॥

কৃষ্ণ পাদে যেন নিজ চিত্তাকর্ষণ বল। [illegible] আকর্ষণ ছাড়ে হঞা দুর্বল॥

মায়াপুর

শ্রীমায়াপুর সম্বন্ধে অজ্ঞতা বশতঃ অনেকেই অনেক প্রশ্ন করিয়া থাকেন। এই শ্রীমায়াপুরের প্রকৃত তথ্য, প্রকৃত অবস্থান এবং ইহাই যে শ্রীচৈতন্যদেবের আবির্ভাবস্থলী এতদ্বিষয়ে অসংখ্য প্রমাণাদি আছে। গৌরজন শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ এই লুপ্ত তীর্থ প্রকাশ করেন। নিত্যসিদ্ধ ভগবৎপার্ষদ মদীয়াচার্য্যদেব শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ এই শ্রীমায়াপুরের মাহাত্ম্য জগতে বহুল প্রচার করেন। শ্রীমায়াপুর সম্বন্ধে বহু কথা শ্রীনদীয়াপ্রকাশে প্রকাশিত হইয়াছে। কিন্তু তথাপি বন্ধুবর্গের অবগতির জন্য তৎসম্বন্ধে কয়েকটি কথা আলোচনায় আমরা প্রবৃত্ত হইলাম।

প্রায় ৪৪ বৎসর পূর্ব্বে শ্রীধামপ্রচারিণী-সভার বিবরণপত্রে অকাট্য যুক্তি ও প্রমাণাদির দ্বারা নিত্যসিদ্ধ ভগবৎপার্ষদ ঠাকুর ভক্তিবিনোদ কর্ত্তৃক শ্রীমায়াপুর সম্বন্ধে যাহা লিখিত হইয়াছিল তাহা যথাযথভাবে নিম্নে লিখিত হইতেছে।

"জগন্নাথমিশ্র-ভবনই যে গৌরজন্মস্থান এবং তাহা যে মায়াপুরেই অবস্থিত এবং সহর নবদ্বীপ যে প্রাচীন নবদ্বীপ নহে সে সম্বন্ধে আমরা বলিতেছি যে, শ্রীমন্মহাপ্রভুর সমকালে ও তাঁহার অব্যবহিত পরে যে-সকল সম্মানিত গ্রন্থ বিরচিত হইয়াছে সেই সকল গ্রন্থ বিচার করিয়া যাহা সিদ্ধান্তিত হয় তাহাই স্বীকার্য্য। স্বার্থহানির ভয়ে যে সকল অমূলক কথা বলা যায় তাহা গ্রাহ্য হইতে পারে না। শ্রীবৃন্দাবন দাস ঠাকুর যে শ্রীচৈতন্যভাগবত গ্রন্থ লিখিয়াছেন তাহা বৈষ্ণবজগতে বিশেষ সম্মানিত হইয়াছে। মহাপ্রভুর অপ্রকটের পূর্ব্বে বৃন্দাবন দাস ঠাকুর জন্মগ্রহণ করিয়াছিলেন এবং তিনি স্বচক্ষে নবদ্বীপভূমি সর্ব্বদা দৃষ্টি করিয়া গ্রন্থ লিখিয়াছেন। শ্রীমহাপ্রভুর কাজি উদ্ধার-সংকীর্ত্তনের যে বিবরণ সেই গ্রন্থে পাওয়া যায় তাহা পাঠ করিলে এবিষয়ে কিছু মাত্র সন্দেহ থাকে না। হে ভক্তগণ! আপনারা বহু সংস্কারে সেই চৈতন্যভাগবতের মধ্যখণ্ডের ত্রয়োবিংশতি অধ্যায়টী সমুদয় ভাল করিয়া পাঠ করুন। আমরা কেবল তাহার মধ্য হইতে কিছু কিছু উদ্ধার করিতেছি।

এইমতে মহাপ্রভু নাচিতে নাচিতে।
সবার সহিত আইলেন গঙ্গাপথে॥
বৈকুণ্ঠ-ঈশ্বর নাচে সর্ব্ব নদীয়ায়।
চতুর্দ্দিকে ভক্তগণ পুণ্য কীর্ত্তি গায়॥
গঙ্গা-তীরে তীরে পথ আছে নদীয়ায়।
আগে সেই পথে নাচি যায় গৌর রায়॥
আপনার ঘাটে আগে বহু নৃত্য করি।
তবে মাধাইর ঘাটে গেলা গৌরহরি॥
বারকোণা ঘাটে নাগরিয়া ঘাটে গিয়া।
গঙ্গার নগর দিয়া গেলা সিমুলিয়া॥
নদীয়ার একান্তে নগর সিমুলিয়া।
নাচিতে নাচিতে প্রভু উত্তরিল গিয়া॥
কাজীর বাড়ীর পথ ধরিলা ঠাকুর।
বাদ্য-কোলাহল কাজি শুনয়ে প্রচুর॥
আসিয়া কাজীর দ্বারে প্রভু বিশ্বম্ভর।
ক্রোধাবেশে হুঙ্কার করয়ে বহুতর॥
* * *
প্রবেশ করিলা শঙ্খবণিক নগর॥
* * *
আইলা ঠাকুর তন্তবায়ের নগরে।
* * * *
নাচিয়া চলিলা প্রভু শ্রীধরের বাস॥
* * *
সর্ব্বনবদ্বীপে নাচে ত্রিভুবন রায়।
গাদিগাছা পারডাঙ্গা মাজিদা দিয়া যায়॥

হে ভক্তগণ! শ্রীজগন্নাথ [illegible] বাটী গঙ্গা হইতে অনতিদূরে, [illegible] প্রভুর নিজ ঘাট বলিয়া [illegible] হইয়াছে। সেস্থানে [illegible] হইয়াছেন সেস্থান [illegible] গঙ্গানগর প্রায় এক পোয়া (অর্দ্ধ মাইল) পথ। মধ্যে উক্ত ভাগ এখন দৃষ্ট হয় না। প্রকাশিত যোগপীঠ হইতে তখন গঙ্গাতীরে-তীরে যে বাঁধস্বরূপ পথ ছিল তাহা বিচার করিয়া দেখিলে আর কিছু বুঝিবার বাকী থাকে না। সেই বাঁধের গায় গায় প্রথমে 'মাধাইয়ের ঘাট' পরে 'বারকোণা'র ঘাট প্রভৃতি ছিল। ঐ বাঁধটী ভাঙ্গিয়া বল্লাল-দিঘীর এক পার্শ্ব অর্থাৎ শ্রীবাস-অঙ্গনের পশ্চাদ্ভাগ পর্য্যন্ত রূপান্তর হইয়া গিয়াছে। গঙ্গানগর গ্রামটি এখনও বর্ত্তমান। গঙ্গানগর হইতে বল্লাল সেন দুর্গের পশ্চাদ্ভাগ পর্য্যন্ত একটী রেখা পথ দেখা যাইতেছে। তাহার শেষভাগে 'নদীয়ার একান্তে নগর সিমুলিয়া' ছিল। সীমুলিয়ার অনেক অংশ গঙ্গাগত। তাহার একাংশ মাত্র আছে, যেখানে এখনও সিমলা অর্থাৎ সীমন্তিনী দেবীর পূজা হয়। সেই স্থান হইতে দেখুন, কাজী বংশধরদের বাটী পর্য্যন্ত একটী পথ বর্ত্তমান। সেই পথে কাজীর বাটী পর্য্যন্ত গিয়াছিলেন। কাজীর বাটী এ পর্য্যন্ত অখণ্ডরূপে আছে। তথায় কাজীর সমাধি আছে। বহুকাল হইতে ভক্তবৃন্দ সেই সমাধি দর্শন করিতে গিয়া থাকেন। তাহার দক্ষিণ পূর্ব্ব অংশে চলিলে দুই খণ্ড পতিত ভূমি দেখা যায়। তাহার মধ্যে এক খণ্ড শঙ্খবণিক দিগের পরিত্যক্ত ভূমি ও এক খণ্ড তন্তবায়দিগের পরিত্যক্ত ভূমি। এই সকল পল্লী শ্রীচৈতন্যভাগবতে উল্লিখিত। এই দুই খণ্ড জমি ছাড়িলেই একটী প্রশস্ত স্থান পাওয়া যায়। তাহার নিকটবাসিগণ তাহাকে কীর্ত্তন-বিশ্রামস্থল বলেন এবং কাজী সেই পর্য্যন্ত আসিয়াছিলেন, ইহাও বলিয়া থাকেন। সেই স্থানটী যে শ্রীধরের বাটী এবং তথায় প্রভু পাত্রমধ্যে লৌহপাত্রে জল পান করিয়াছিলেন, ইহাতে কিছুমাত্র সন্দেহ হয় না। তাহা থাকিলে শ্রীচৈতন্যভাগবতে মহাপ্রকাশ বর্ণনে শুক্লাম্বরের বাটী যেদিকে তাহা বিবেচনা করিলেও যেস্থানে শ্রীগৌরাঙ্গ বসিয়াছেন তাহাই শ্রীজগন্নাথ মিশ্রের বাটী হয়। তথা হইতে গাদিগাছা। গাদিগাছার একাংশ এখন স্বরূপগঞ্জ বলিয়া বিখ্যাত। প্রভুর সঙ্কীর্ত্তনের পথটিতে কোনও নবদ্বীপের উল্লেখ নাই। অতএব গঙ্গানগর, সিমুলিয়া, গাদিগাছা আজতক বর্ত্তমান আছে। তখন শ্রীচৈতন্য-চরিতামৃতোক্ত 'গৌড়দেশে পূর্ব্ব শৈলে হইল উদয়'—এই বাক্য দ্বারা গঙ্গার পূর্ব্বপারেই যে তখনকার নদীয়া তাহা প্রতিপন্ন হয়। যে [illegible] যোগপীঠ বলিয়া মহাপ্রভুর [illegible] হইয়াছে তাহাকেই শ্রীজগন্নাথ-[illegible] বলিয়া স্বীকার করিলে শ্রীচৈতন্য-ভাগবতের বর্ণিত স্থানগুলি সুন্দররূপে বুঝা যায়। নির্দ্দিষ্ট স্থানকে পরিত্যাগ করিলে আর ঐ বর্ণিত বিবরণের স্থলরূপে দেখা যায় না। তখনকার নদীয়ার সাতটী পল্লী ছিল। তন্মধ্যে শ্রীমায়াপুর বড় পল্লী ছিল। যে সকল অপর গ্রামের নাম উল্লেখ হইয়াছে, ঐ সকল গঙ্গানগরাদি গ্রাম এবং বিল্বপুষ্করিণীকে শ্রীনবদ্বীপের অন্তর্গত পল্লী বলিয়া প্রাচীন প্রাচীন লোক বলিয়া থাকেন। শ্রীভক্তিরত্নাকর গ্রন্থও নিতান্ত আধুনিক

তাহা আপনারা ভাল করিয়া পাঠ করিবেন। পণ্ডিত শ্রীযুক্ত রামনারায়ণ বিদ্যারত্ন মহাশয় ঐ গ্রন্থ মুদ্রাঙ্কিত করিয়াছেন। আপনারা অনায়াসে তাহা পাঠ করিতে পারেন। তাহাতে শ্রীঈশান ঠাকুর যিনি মহাপ্রভুর বাটীর সেবক ছিলেন, শ্রীনিবাস আচার্য্য প্রভু ও শ্রীনরোত্তম দাস ঠাকুর মহাশয়কে শ্রীনবদ্বীপধামে পরিক্রমার সময়ে ঐ সমস্ত স্থান দেখাইয়াছেন। তাহাতে শ্রীমায়াপুরের বিশেষ উল্লেখ আছে। তাহাতে ঐরূপ লেখাও আছে যে, শ্রীমায়াপুরের সংলগ্ন অন্তর্দ্বীপের পতিত ভূমিতে দাঁড়াইলে সুবর্ণবিহার দৃষ্ট হয়।

ওহে শ্রীনিবাস অন্তর্দ্বীপ শোভাময়।
এ স্থান দর্শনে অভিলাষ সিদ্ধ হয়॥
সুবর্ণবিহার এ দেখ শ্রীনিবাস।
কহিব পশ্চাতে এ গ্রামে যে বিলাস॥

এখনও মায়াপুরের উত্তর-পূর্ব্বভাগ হইতে সুবর্ণবিহার দেখা যায়। ঠাকুর নরহরি-কৃত শ্রীনবদ্বীপধাম-পরিক্রমা-পদ্ধতি গ্রন্থেও শ্রীমায়াপুরের বিশেষ উল্লেখ আছে। এখন এইরূপ পূর্ব্বপক্ষ হইতে পারে যে, শ্রীমায়াপুর এই স্থান বটে কিন্তু যে স্থানকে যোগপীঠ বলিয়া বলা হইতেছে তাহা যে জগন্নাথ মিশ্রের বাটী ছিল তাহা কি প্রকারে জানা যায়। উত্তর এই যে, গ্রন্থ সকল যেরূপ প্রমাণ, পুরাতন জনশ্রুতিও তদ্রূপ প্রমাণ। নিকট-বাসী প্রাচীন প্রাচীন হিন্দু ও মুসলমান সকলেই ঐ স্থানকে শ্রীগৌরাঙ্গের জন্মভূমি বলিয়া শুনিয়া আসিতেছেন। ঐ স্থানের নিকটে যে সমস্ত মুসলমান বাস করিতেন তাঁহারা স্বচক্ষে ঐ স্থানের অর্চ্চনা প্রভাব দর্শন করিয়া থাকেন। আরও দেখুন, যে উচ্চভূমিকাকে সকলেই শ্রীযোগপীঠ বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন, সেখানে একটি অমর তুলসীকানন সকলেই দেখিয়াছেন। ঐ তুলসীকানন যে কতদিন হইতে আছে তাহা প্রাচীন লোকেও বলিতে পারেন না।

'তুলসীকাননং যত্র তত্র সন্নিহিতো হরিঃ।'
—এই বাক্যের সহিত শ্রীচৈতন্যচরিতামৃতের সনাতন-শিক্ষায় প্রভুর উক্ত 'হরি মায়াপুরে' এই কথা যদি মিলাইয়া দেখা যায় তাহা হইলে এই অমর তুলসীকে-পরিবেষ্টিত উচ্চভূমে যে শ্রীগৌরাঙ্গের যোগপীঠ তাহা ভক্তগণ অনায়াসেই বুঝিতে পারেন। শ্রীকৃষ্ণদাস কবিরাজের—উলূক যেরূপ সূর্য্যের অস্তিত্ব স্বীকার করিতে পারে না সেইরূপ দুর্ভাগ্য কতকগুলি কনক-কামিনীলুব্ধ ব্যক্তি-গণ শ্রীযোগপীঠের প্রভাব দেখিতে পান না। মহাজন সকলেই সময়ে সময়ে ঐ স্থানকে শ্রীযোগপীঠ বলিয়া বিশ্বাস করিয়া আসিতেছেন। পণ্ডিতবর শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যারত্ন ভট্টাচার্য্য মহাশয়কে পরমভাগবত সিদ্ধ চৈতন্যদাস বাবাজী মহাশয় (বর্ত্তমান নবদ্বীপে তাঁহার সমাধি আছে) ঐ স্থানকে আমাদের প্রভুর শ্রীগৌরাঙ্গের জন্মস্থান বলিয়া দেখাইয়াছিলেন। সিদ্ধ ভগবান দাস বাবাজী মহাশয় (যিনি শেষ বয়সে কালনায় বাস করেন) ঐস্থানে গিয়া বিশেষ আদর প্রকাশ করিয়াছিলেন। চিরস্মরণীয় দেওয়ান গঙ্গা গোবিন্দ সিংহ মহাশয় ঐস্থানকে প্রভু-জন্ম-স্থান স্থির করিয়া দীর্ঘ জমাদের নামে ঐ ভূমি পাঁচপুঁপ (গ্রাম) ব্রাহ্মণের ব্রহ্মত্র বলিয়া লিখিয়াছিলেন। কালে ঐ ব্রহ্মত্র বিক্রীত হইলে মুসলমানগণ উহা খরিদ করেন। ৭০ বৎসরে সিদ্ধ জগন্নাথ দাস বাবাজী মহাশয় ঐ স্থানে বসিয়া মহা প্রেমে নিয়মভাবে ঐ স্থানে সেবা প্রকাশ করিবার আজ্ঞা দিয়া গিয়াছিলেন। আজকাল অনভিজ্ঞ ব্যক্তিগণ ঐ স্থানকে মেয়াপুর বলিয়া থাকেন। মায়াপুর যে মূর্খ লোকের মুখে মেয়াপুর হইয়া পড়ে তাহাতে সন্দেহ নাই। ইংরাজ বাহাদুরের অধিকার সময়ে যে সার্ভে ম্যাপ আছে, তাহাতে ঐ স্থানকে "শ্রীমায়াপুর" বলিয়া লেখা আছে। যে ম্যাপ প্রস্তুতকারকের উক্ত মহাশয়েরা দেখিয়া সিদ্ধান্ত করিয়াছেন যে, মায়াপুরকে সাধারণ লোকে মেয়াপুর করিয়াছে।

(ক্রমশঃ)

বিশেষ দ্রষ্টব্য—আগামী ৫ই নবেম্বর বুধবার শ্রীগোবর্দ্ধন পূজোপলক্ষে প্রেস বন্ধ থাকায় ঐ দিবস শ্রীনদীয়াপ্রকাশ প্রকাশিত হইবেন না।

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ-শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন এবং বাক্তিপ্রচারকরে 'নদীয়া-প্রকাশ' প্রকাশ আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫. কলিকাতার শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। নিত্য পাঠ, সঙ্কীর্ত্তন, প্রধানচতুষ্টয় বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও ত্রৈমাসিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাশ্রয় শ্রীপাদ সনাতন দাস ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীনাম-ভজন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অদ্ভুতকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ও বিষ্ণুপাদ শ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীঅনুরাগ ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরগদাধর বিগ্রহ প্রাচীন প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিদ্বিবৃন্দার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)

শ্রী[illegible] ঠাকুরের সমাধি ও[illegible]

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনভজন ব্রহ্মচারী।

(১৪) জন্মুদেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাটতলা - (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীকুঞ্জেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) ঢাকাগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীপ্রণবানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) মধ্যাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীঅর্দ্ধেন্দু ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ

ময়মনসিংহ, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ এম-এ, বি এল।

মিঃ দেলবো (ফ্রান্স) বলেন যে, জগতের সভ্যতা রক্ষা করিবার জন্য তাঁহাদিগকে ঐক্যবদ্ধ ও জ্ঞানসম্মত কাজ করিতে হইবে।

কাউণ্ট সেয়ার মোয়াস কোর্ট বলেন যে, সম্মেলনে সত্য ও বাস্তব বিষয়ের আলোচনা করিতে হইবে এবং দুইটী পরস্পর বিরোধী দলকে এক করিতে পারিলেই তাঁহাদের কর্তব্য শেষ হইবে।

ওয়েলিংটন কু (চীন) সম্মেলনে বক্তৃতা করিতে গিয়া বলেন যে, জাপান সর্বদাই এই বলিয়া প্রতিবাদ করে যে, পাশ্চাত্য রাষ্ট্রসমূহের সুদূর প্রাচ্যের সমস্যাসমূহের মর্ম উপলব্ধি করিবার ক্ষমতা নাই।

তবে ইহা সত্য যে, জাপান কেন তাহার প্রতিশ্রুতি ভঙ্গ করিয়া শুধু তাহাই নহে, নিজের স্বার্থকে বিপন্ন করিয়া পররাষ্ট্র আক্রমণের নীতি অনুসরণ করিয়া থাকে পাশ্চাত্য রাষ্ট্রসমূহ তাহার মর্ম উপলব্ধি করিতে পারে না। অতঃপর মিঃ কু জাপানের আক্রমণের উল্লেখ করিয়া বলেন যে, রাষ্ট্রসঙ্ঘ ইতিপূর্বে এই নৃশংস আক্রমণের তীব্র নিন্দা করিয়াছে। মিঃ কু বলেন, জাপান যে বিস্তৃত ভূখণ্ডের উপর আক্রমণ চালাইয়াছে তাহা আয়তনে বৃটেন জার্মাণীর সমান। এশিয়া ভূখণ্ডে সাম্রাজ্য বিস্তারের লিপ্সায় জাপান মুকডেনের ব্যাপার এবং সাংহাইর সায় এক কর্তৃক স্থাপনের পূর্ব হইতেই এই নীতি অবলম্বন করিতেছে।

ইঙ্গ-ইতালীয় মৈত্রী

গত গ্রীষ্মকালের শেষভাগে সিনর মুসোলিনীর সহিত ব্রিটিশ প্রধান মন্ত্রীর যে পত্র বিনিময় হয় তৎসম্পর্কে প্রধান মন্ত্রী পার্লামেন্টে একটী বিবৃতিতে বলেন যে, সিনর মুসোলিনীর নিকট হইতে সিনর গ্রাণ্ডির মারফতে একটী বন্ধুত্বমূলক বার্তা পাইয়া তিনি (প্রধান মন্ত্রী) সিনর মুসোলিনীর নিকট এক পত্র দিবেন। তাহাতে তিনি দীর্ঘকালের বন্ধুত্বের পরও যে ইতালী ও ব্রিটেনের মধ্যে এক্ষণে পূর্বের ন্যায় প্রীতির সম্পর্ক বর্তমান নাই, এইজন্য দুঃখপ্রকাশ করেন। তিনি আরও বলেন যে, পরস্পরের মধ্যে যে মতান্তর ও অবিশ্বাসের ভাব বর্তমান, তাহা দূর হইলেই পূর্বের সম্প্রীতি ফিরিয়া আসিতে পারে এবং স্পষ্টভাবে জানান যে, উদ্দেশ্যে আলোচনা করিতে ব্রিটিশ গবর্ণমেণ্ট সকল সময়েই প্রস্তুত আছেন। সিনর মুসোলিনী আনন্দে উত্তর দেন এবং জানান যে, ঐ বিষয়ে আলোচনা আরম্ভ করিতে তাঁহারও আন্তরিক মত আছে।

সোভিয়েট প্রতিনিধির মন্তব্য

মস্কোর এক সংবাদে প্রকাশ ২রা নবেম্বর নিরপেক্ষতা কমিটিতে মেইস্কী বলেন যে, সোভিয়েট গবর্ণমেণ্ট নিরপেক্ষতা চুক্তির অবসান ঘোষণা করে নাই। অন্যান্য স্বাক্ষরকারী যতখানি ঐ চুক্তি মানিয়া চলিতে বাধ্য সোভিয়েটও ততখানি বাধ্য কিন্তু গত ১ মাসের ঘটনাবলী হইতে সোভিয়েট গবর্ণমেণ্টের এই বিশ্বাস হইয়াছে যে, নিরপেক্ষতার নীতি সম্পূর্ণ ব্যর্থ হইয়াছে। গত ২০শে অক্টোবর কাউণ্ট গ্রাণ্ডি যে বিবৃতি দিয়াছেন তাহাতে সোভিয়েটের এ বিশ্বাস কিছুমাত্র কমে নাই, স্বেচ্ছাসৈন্য অপসারণের প্রশ্নের ক্রত মীমাংসার পরিবর্তে ইতালী, জার্মাণী ও পর্তুগালের গবর্ণমেণ্ট প্রতিশ্রুতিভঙ্গ নানা অজুহাতে এবং নানা প্রকারে উহাতে বাধাদান করিয়াছে। মেইস্কী জানাইয়াছেন যে, বৃটিশ পরিকল্পনার বিতর্কমূলক অংশের উপর সোভিয়েট গবর্ণমেণ্ট কোন ভোট দিবে না।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০.
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ নিতাই শ্রীচৈতন্যভাগবত ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬.
৪। সরস্বতী-জয়শ্রী ৩৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ৩৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। ভজন-আদর্শ ।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-গীতগুচ্ছ ।৵০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ৩৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
২৬। গীতার কেবল বাংলা ভাষ্য ।০
২৭। মুক্তাচরিতম্ গৌরক্ষঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্শন ।০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵০
৪৬। অর্চ্চনকল্প ৵০
৪৭। সদাচারস্মৃতিঃ ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সান্নবাদ শিক্ষাষ্টকম্ ।৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। মায়াপুরবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ আর্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। দিলেক্টিভ আর্ডস ৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনএ্যালয়েড ডিভোসন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵১০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যভাগবত ৯.

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—চিকিৎসার একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীগৌরমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ দাস সম্পাদিত উৎকল পাক্ষিক। শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে শতশত মহাজনগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রবন্ধও রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উৎকৃষ্টরূপে
মুদ্রিত। ৩৬০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে ; ভিক্ষা
৩৲ টাকা।



১২শবর্ষ | ১৮ দামোদর গৌরাব্দ ৪৫১, ২০শে | বঙ্গাব্দ ১৩৪৪, ৬ই নভেম্বর ইং ১৯৩৭, শনিবার | ২০শ সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

——:(০):——

শ্রীগৌড়ীয়মঠে গোবর্দ্ধন-পূজা ও অন্নকূট মহোৎসব

গত ৩রা অক্টোবর বুধবার শ্রীশ্রীল গৌড়ীয়মঠাচার্য্যের স্বয়ং উপস্থিতিতে ও নির্দ্দেশক্রমে শ্রীগৌড়ীয়মঠে বিরাট্ অন্নকূট-মহোৎসব ও শ্রীগোবর্দ্ধন-পূজা বিশেষ সমারোহের সহিত অনুষ্ঠিত হইয়াছে। প্রত্যূষে মঙ্গলারাত্রিক ও কীর্ত্তনান্তে শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীমদ্ভাগবত ১০ম স্কন্ধ ২৪শ ও ২৫শ অধ্যায় হইতে ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্রের নির্দেশে ব্রজবাসিগণের গোবর্দ্ধন-পূজা-বিবরণ পাঠ করেন। পরে শ্রীল আচার্য্যদেবের নির্দ্দেশমত মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ প্রণবানন্দ ব্রহ্মচারী প্রত্নবিদ্যালঙ্কার প্রভু শ্রীশ্রীদামোদরাষ্টক, শ্রীরূপের অষ্টোত্তরশতনাম ও 'মনোশিক্ষা-স্তব' গীতি কীর্ত্তন করেন। কীর্ত্তনান্তে শ্রীল আচার্য্যদেবের নির্দ্দেশে শ্রীল প্রভুপাদের প্রবর্ত্তিত বিধি অনুসারে গো-পূজা ও গোবর্দ্ধন-পূজা অনুষ্ঠিত হইতে থাকে এবং নাটমন্দিরের অপর স্থানে মহোপদেশক অধ্যাপক শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু শ্রীমদ্ভাগবত ১০ম স্কন্ধ হইতে গোবর্দ্ধন-পূজা-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। পূজাদি অন্তে সুবৃহৎ নাটমন্দিরে সংগৃহীত চতুর্ব্বিধ সুস্বাদযুক্ত ১২০০ প্রকারের নৈবেদ্য দ্বারা শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর ভোগ ও আরাত্রিক সম্পন্ন হয়। ভোগারাত্রিকান্তে শ্রীল আচার্য্যদেব স্বয়ং নিবেদিত ভোজ্যের আবরণ উন্মোচন করিলে সকলে সমবেত জয়ধ্বনি ও হরিধ্বনি সহকারে অন্নকূটের নৈবেদ্য-সম্ভার দর্শন করিতে থাকেন। বেলা ১১ ঘটিকা হইতে রাত্রি ১১ ঘটিকা পর্য্যন্ত সমস্ত সহস্র ব্যক্তিকে অকাতরে প্রসাদ বিতরণ করা হয়। প্রায় ২২ হাজার বহু বিশিষ্ট সম্ভ্রান্ত সজ্জন এতদুপলক্ষে শ্রীমঠে আগমন করিয়া শ্রীল আচার্য্যদেব এবং বৈষ্ণবগণের শ্রীমুখে হরিকথা-শ্রবণ ও মহাপ্রসাদ সম্মান করিয়া পরমানন্দিত হইয়াছেন।

—

অ্যালবার্ট হলে বক্তৃতা

ঐ দিবস সন্ধ্যা ৬ ঘটিকার সময় ত্রিপুরা ষ্টেটের মাননীয় চীফ্ জাষ্টিস্ কে, সি, নাগ এম্-বি-ই, বার-এট্-ল মহোদয়ের সভাপতিত্বে গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু কলিকাতা অ্যালবার্ট-ইন্‌ষ্টিটিউট-হলে 'শ্রেয়ঃ ও প্রেয়ঃ' সম্বন্ধে ওজস্বিনী ভাষায় একটী সারগর্ভ চিত্তাকর্ষিণী বক্তৃতা প্রদান করেন। সভায় বহু শিক্ষিত ও সম্ভ্রান্ত ভদ্রলোক উপস্থিত হইয়াছিলেন।

——

শ্রীমাধবগৌড়ীয়মঠে অন্নকূট মহোৎসব

শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে ও নির্দ্দেশে গত ৩রা অক্টোবর বুধবার ঢাকা শ্রীমাধবগৌড়ীয়মঠে বিপুল আয়োজনে শ্রীঅন্নকূট মহোৎসব ও শ্রীগোবর্দ্ধনপূজা সম্পাদিত হইয়াছে। শ্রীমঠের সুশোভিত সুবৃহৎ নাটমন্দিরে চতুর্ব্বিধ রসসমন্বিত ৯০০ প্রকারের অধিক প্রকারের ভোগ-সামগ্রী পূজা উপলক্ষে প্রস্তুত করিয়া সুসজ্জিত করা হইয়াছিল। মঙ্গলারাত্রিকের পর হইতেই পাঠ-কীর্ত্তনাদি চলিতে থাকে। গত বৎসর অপেক্ষা এবারেও ধনী ও দরিদ্র অগণিত ব্যক্তি ও প্রচারক ও অভ্যাগত অন্নকূট দর্শন করিবার জন্য সকাল হইতেই শ্রীমঠে আসিতে থাকেন। সন্ধ্যায় বিরাট্ সভায় দিনাজপুরবাসী শ্রীযুক্ত ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিসার যাযাবর মহারাজ, শ্রীপাদ ভক্তিগৌরব সরস্বতী প্রভু বিরাট্ জনতার সমক্ষে শ্রীগোবর্দ্ধন পূজা ও অন্নকূট মহোৎসব সম্বন্ধে চিত্তাকর্ষিণী বক্তৃতা প্রদান করেন। অধিক রাত্রি পর্য্যন্ত উৎসবোপলক্ষে আগত সহস্র সহস্র বিশিষ্ট এবং সাধারণ ব্যক্তিকে অকাতরে অন্নকূটের প্রসাদ বিতরণ করা হয়।

———

পুরুষোত্তমে ঊর্জ্জব্রত

গত ৩১শে আশ্বিন ১৭ই অক্টোবর রবিবার হইতে শ্রীপুরুষোত্তমমঠের সেবকবৃন্দ শ্রীঊর্জ্জব্রত উপলক্ষে শ্রীগোবর্দ্ধনাভিন্ন চটকপর্ব্বত, টোটাগোপীনাথের মন্দির, পরমারাধ্য শ্রীল প্রভুপাদের ভজনস্থলী ও শ্রীমন্দির সংকীর্ত্তনসহ প্রত্যহ প্রত্যূষে পরিক্রমা করিতেছেন। মঠে নিয়মিতভাবে শ্রীমদ্ভাগবত পাঠ এবং বেলা দুই ঘটিকা হইতে তিন ঘটিকা পর্য্যন্ত শ্রীপাদ উদ্ধবদাস অধিকারী প্রভু প্রাঞ্জল ভাষায় 'চৈতন্যচরিতামৃত' পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। তাঁহার সুললিত পাঠ শ্রবণ করিয়া সকলেই বিশেষ আনন্দলাভ করিতেছেন।

——

আদর্শ সেবা

শ্রীল প্রভুপাদের একনিষ্ঠ সেবক পূজ্যপাদ শ্রীযুক্ত আদিত্যনাথ মান্যাধিকারী ভক্তিশাস্ত্রী মহোদয় বনগ্রামে শ্রীশ্রীল প্রভুপাদের সেবা-প্রকাশ শ্রীগুরুবৈষ্ণবের শ্রীতিভাজন হইয়াছেন। তিনি কায়মনোবাক্যে প্রচারকার্য্যে সহায়তা এবং যথাসাধ্য অর্থাদি প্রদান করিয়াও শ্রীচৈতন্যমঠের সেবা কার্য্যে গৃহস্থভক্তের আদর্শ প্রদর্শন করিতেছেন। তিনি অমায়িক, সরল, নিরভিমান ও নিষ্কপট সজ্জন। তাঁহার সেবার উৎসাহ ও আগ্রহ দেখিয়া আমরা সকলেই পরমানন্দিত তাঁহার সেবা-প্রবৃত্তি উত্তরোত্তর বৃদ্ধি হউক শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের চরণে আমাদের ইহাই প্রার্থনা।

——

ভক্তি

(৫ম পৃষ্ঠার পর)

সেবকের সেবা লইতে আজিকে
সেব্য গোধন,
অনন্ত অপার ইন্দ্রিয় তাঁ'র চাহিছে তৃপ্তি ধন।
সেব্যের সেবা গ্রহণের সীমা
যত বড় বেড়ে যায়,
সেবক-সেবার নবরূপ ফোটে—
রূপ-কেহ নাহি পায়।
শত মুখে খেলে, শত হাতে নিলে,
খেলের কৌতুকজন,
কোটি ইন্দ্রিয় চোখ্ না
আমার সেবিতে পরাণ-ধন।
গোবর্দ্ধনের শ্রীদ্বারকা-শ্রেষ্ঠ আবিষ্কার
এই রূপে,
অপূর্ব্ব সেবার বিচিত্র বারতা শিখান
আপন রূপে।
ভুবীজন তাঁর চরণের ছায় আজি
দীন প্রায় যায়,
আকুল হৃদয়ে প্রণতি জানায় দেখা তা
নাহি পায়।
সেবার আজিকে অপরূপ শোভা
নন্দন-নন্দনে,
শুধু বার বার চাহি কর দাও
বেদনা-পীড়িত মনে।

ভক্ত কৃষ্ণপ্রাণ ধন শাস্ত্রের প্রমাণে। 'ভক্তরূপে কৃষ্ণ বৃন্দ' কহেন ভক্তগণে।

জীবের দেহ ভগবদালয়—চৈতন্যময় মন্দির; ইট, কাঠ, পাথর দিয়া গড়া মন্দিরে লেপ্য, লেখ্য প্রভৃতি অর্চা রাখা হয়। ভগবদ্ভক্তের চিন্ময় দেহ-মন্দিরে শ্রীভগবান্ নিত্য বিরাজমান।

(সজ্জনতোষণী ৪র্থ খণ্ড)

[illegible]

ওঁ বিষ্ণুপাদ

শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী
গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৮ দামোদর, [illegible] গৌরাব্দ ৪৫.

সংক্ষিপ্তি

নাম, নামাপরাধ ও নামাভাস এক জিনিষ নয়। নামাপরাধ—নাম ও নামাভাস নয়, নামাভাস—নাম ও নামাপরাধ নয় এবং নাম—নামাভাস ও নামাপরাধ নয়। নামাভাসের ফল কখনও ধর্মার্থকাম আবার কখনও অর্থ, ধর্ম ও কামের অন্ত্যজ অপবর্গবিমুখতার হস্ত লাভ। নামাভাসে জীব পুনঃ পুনঃ জন্ম-মরণ-জ্বালা ও ভব-বন্ধন হইতে উদ্ধার লাভ হয়। আর নামোদয়ে সর্বানর্থনাশ এবং সকলের শেষ প্রাপ্য শুদ্ধ কৃষ্ণপ্রেম লাভ হয়।

নামোদয়ের প্রাগবস্থা—নামাভাস যেমন পূর্ণ সূর্যোদয়ের পূর্বে পূর্বাকাশ অন্ধকার বিদূরিত হইয়া আলোকিত হয় এবং এ অরুণোদয়াবস্থা সূর্যোদয়ের সূচনা করে তদ্রূপ শুদ্ধনামোদয় লাভ হওয়ার পূর্বে নামাভাসরূপ একটী প্রাগাবস্থা উদিত হয়। নামাভাস জীবের প্রধান মুক্তি দানে সমর্থ হয়। দান, ব্রত, যোগ, যাগ প্রভৃতি জাগতিক শুভকর্মাপেক্ষা নামাভাস শ্রেষ্ঠ ফলপ্রদ।

নামাভাস দুই প্রকার—স্বরূপ নামাভাস ও প্রতিবিম্ব-নামাভাস। স্বরূপাভাস বা ছায়াভাসে বস্তুর পূর্ণ কান্তি সঙ্কোচভাবে প্রকাশিত হয়। যথা—মেঘাচ্ছন্ন দিবাকরে স্বরূপ [illegible] অল্প আলোক। প্রতিবিম্বাভাসে স্বরূপের বৈপরীত্যভাব অন্যাকারে ভাসিত হয়। যেমন জল হইতে প্রতিবিম্ব আলোক উদ্ভাসিত হইয়া প্রকাশিত হয়। জ্ঞান-মুক্তি-স্পৃহা। জীবের চক্ষু অজ্ঞান ও অনর্থ কুজ্ঝটিকা ও মেঘরাশি দ্বারা আচ্ছাদিত তখন সেই সূর্যের আচ্ছাদিত ভাব বা আলোক পাইয়াই হয়। এই অবস্থায় নামাভাস অনেক শুভ ফল প্রদান করে। সেই নামজ্যোতিঃ মায়াবাদরূপ হইতে প্রতিফলিত হইলে প্রতিবিম্ব-নামাভাস হয়। তাহাতে সাযুজ্যাদি ফলপ্রাপ্তি হইলেও নামের চরম ফল যে প্রেম তাহা উৎপন্ন হয় না। এই প্রতিবিম্ব নামাভাস—একটী প্রধান নামাপরাধ। এইজন্য ইহাকে প্রকৃতপক্ষে নামাভাস বলা যায় না। কেবল ছায়া-নামাভাসকেই নামাভাস বলা যাইতে পারে এবং তাহাই সাঙ্কেত্য, পারিহাস্য, স্তোভ এবং হেলা—এই চারি প্রকারে বিভক্ত। অজ্ঞান-তমঃ অর্থ হইতে ছায়া-নামাভাস, আর দুষ্ট জ্ঞান-অর্থ হইতে প্রতিবিম্ব-নামাভাসরূপ ভক্তিবাধক অপরাধ উদিত হয়।

শ্রীনাম—শুদ্ধ চিন্ময় বস্তু। কৃষ্ণ—চিন্তামণিস্বরূপ, স্বয়ং কৃষ্ণ চৈতন্যরসবিগ্রহ, পূর্ণ, মায়াতীত, নিত্যমুক্ত। কেন না, নাম-নামীতে ভেদ নাই। শুদ্ধ চিৎস্বরূপ শ্রীনামের সহিত স্থূল বা সূক্ষ্ম দেহের কোন সম্বন্ধ নাই। শুদ্ধ চিৎস্বরূপ স্বতঃপ্রকাশ নাম শুদ্ধ চেতনে স্বতঃপ্রকাশিত হইয়া থাকেন। শুদ্ধ চেতন অর্থাৎ সেবোন্মুখ হৃদয়ে ও জিহ্বায় শুদ্ধ চিৎস্বরূপ নাম উদিত হইলে কোনও ভাগ্যবান্ সজ্জনের সেই নামানন্দের সাক্ষাৎ [illegible] হয়ে যায়।

শ্রীনাম কর্ণরন্ধ্র পথ দিয়া হৃদয়ে প্রবেশ পূর্বক সুধা বর্ষণ করে। 'হৃৎ হইতে বলে, জিহ্বার অগ্রেতে চলে, শব্দরূপে নাচে অনুক্ষণ' ইহাই শ্রীনামের বৈশিষ্ট্য। শ্রীনাম কৃপাপূর্বক উদিত বিকশিত হইয়া সেবোন্মুখ জীবকে নিজ রূপ-গুণ প্রদর্শন করত চিত্ত হরণ পূর্বক তাঁহাকে কৃষ্ণপাদে লইয়া যান, পরে পূর্ণবিকশিত হইয়া জীবকে ব্রজে আনয়ন করত তাহাকে স্বরূপ-লীলা প্রদর্শন করান এবং এ দেহের পর্যবসান কালে নিজ দেহ দিয়া তাহাকে কৃষ্ণের নিকট নিত্যকাল থাকিয়া সেবানন্দের পরম সুযোগ প্রদান করেন; শ্রীনাম এত করুণাময়।

নামাপরাধ বা প্রতিবিম্ব নামাভাস যদি আমাদের হৃদয়কে আক্রমণ না করে তাহা হইলে ছায়া-নামাভাসকালে অনর্থমুক্তি এবং অনর্থমুক্ত হৃদয়ে শ্রীনামভগবান্ ভক্ত ও শ্রীনাম-প্রভুর কৃপায় শ্রীনামের স্বতঃপ্রকাশ হয়।

অবৈষ্ণবগণবর্জিত শ্রদ্ধাহীন আমাদের শ্রীমূর্তি সম্বন্ধে গোলযোগ আর মিটিতেছে না। প্রকাশ্য ভাবে ধার আর না ধার অন্তরে কিন্তু এদের ভাব কত যে উদিত হইতেছে তাহা বলিবার ভাষা আমাদের নাই। তাই কখনও প্রশ্ন উঠিতেছে—অবৈষ্ণবের পূজিত ও স্থাপিত শ্রীমূর্তি-পূজা কোন ফল হয় কি না? বা সেই শ্রীবিগ্রহের প্রসাদ খাওয়া যায় কি না? এই সকল প্রশ্ন বহুবার মীমাংসিত হইলেও দুর্ভাগ্যবশতঃ আমরা তাহা শুনিয়াও শুনিতেছি না বা বুঝিয়াও বুঝিতে পারিতেছি না। আমাদের মনঃকল্পিত চিন্তাস্রোত যেন আমাদের মজ্জাগত হইয়া গিয়াছে। তাই ইতঃপূর্বে 'শ্রীমূর্তি'-প্রসঙ্গে এই সকল আলোচনা করিয়াও পুনরায় এই সকল প্রশ্নের যৎকিঞ্চিৎ দিগ্দর্শন করিতেছি।

শ্রীমূর্তি—অপ্রাকৃত ভগবৎ-স্বরূপ; তিনি স্বয়ং কৃষ্ণ। জগতের জীবের কল্যাণের জন্য অর্চাবতাররূপে প্রকাশিত। সেই অপ্রাকৃত স্বরূপ অবৈষ্ণব বা প্রাকৃত জনের দ্বারা দূষিত হইতে পারে না।

অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃত-গোচর।
বেদ-পুরাণেতে এই কহে নিরন্তর॥

(চৈঃ চঃ)

সুতরাং যেখানেই শ্রীমূর্তি প্রকাশিত থাকুন, সদ্গুরুপাদপদ্মে আশ্রয় গ্রহণ পূর্বক তৎপ্রদর্শিত বিধি অনুসারে সেই শ্রীমূর্তির পূজা ও সেবায় জীবের মঙ্গললাভই হইতে পারে। তবে অবৈষ্ণবদের বা অবৈষ্ণবোচিত বিধি অবলম্বন পূর্বক যেন শ্রীমূর্তির পূজা ছলনা না করা হয়, তাহাতে সেবাপরাধ ও নামাদি অপরাধ উদয় হইবে।

প্রচারক

(শ্রীপাদ মহাপুরুষ রাসবিহারী)

যাঁহারা আচারপরায়ণ নহেন, তাঁহারা ভাগবতধর্মের প্রচারক হইতে পারেন না। আচারবিহীন প্রচার কর্মকাণ্ডের অন্তর্গত। কর্মী ও ভক্তির বাহিরের পোষাক অনেকস্থলে একই প্রকার দেখা গেলেও উভয়ে পরস্পর বিপরীত গতিবিশিষ্ট। ভাগবতধর্ম-প্রচারপরায়ণ আচার্যগণ বলিয়া থাকেন—

'কর্মকাণ্ড, জ্ঞানকাণ্ড কেবলই বিষের ভাণ্ড,
অমৃত বলিয়া যেবা খায়।
নানা যোনি সদা ফিরে কদর্য্য ভক্ষণ করে
তার জন্ম অধঃপাতে যায়॥'

* * * *

'অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্মাদ্যনাবৃতম্।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥'

সুতরাং অমৃত বিতরণ করিতে গিয়া যাহাতে বিষ বিতরণ করা না হয়, অমৃত খাইয়া অমর হইতে গিয়া যাহাতে বিষ খাইয়া মৃত্যুমুখে পতিত হইতে না হয় এ বিষয়ে প্রচারকগণের সুতীক্ষ্ণ দৃষ্টি রাখা একান্ত প্রয়োজন।

ঠাকুর হরিদাসের আনুগত্যে প্রচার না হইলে প্রাণহীন প্রচার হইয়া যায়। প্রাণহীন প্রচারে লোকের মঙ্গল ত' হয়ই না পরন্তু নিজেরও সমূহ অমঙ্গল। আচরণই প্রচারকের প্রাণ। প্রাণবন্ত হওয়া দরকার 'প্রাণ আছে তার সেহেতু প্রচার।' শ্রীল সনাতন গোস্বামী ঠাকুর হরিদাসকে বলিয়াছিলেন—

'আচার প্রচার নামের করহ দুই কার্য্য।
তুমি সর্বগুরু—তুমি জগতের আর্য্য॥'

ঠাকুর হরিদাসের আচার প্রচার জীবন প্রত্যেক প্রচারকের আদর্শ হওয়া উচিত।

আচরণ মানে শুধু বাহিরের একটু শুচি অশুচি বা শুদ্ধাশুদ্ধের বিচার নয়।

'অসৎসঙ্গ-ত্যাগ এই বৈষ্ণব-আচার।
স্ত্রীসঙ্গী এক অসাধু কৃষ্ণাভক্ত আর॥'

স্ত্রীসঙ্গী অথবা কৃষ্ণাভক্ত এই উভয়ের যে কোন একটীর সহিত সম্বন্ধ হইলে ভক্তিপথ হইতে বিচ্যুত হইতেই হইবে। '* * * সম্পর্কং বিষয়িণা অথ যোষিতাং বা হন্ত হন্ত বিষভক্ষণতোঽপ্যসাধু।' শ্রীভগবানের এই উপদেশ সর্বদাই স্মরণ রাখা উচিত।

বিষভক্ষণরত প্রাণহীন ব্যক্তি অনেক সময় প্রচারক সাজিয়া অমৃতের কোন সন্ধান পায় না। অমৃতের ধারা কোন্ পথে প্রবাহিত তাহা না বুঝিয়া বলিতে থাকে, 'কত শত বৎসর মঠে আসিলাম, কত কত সঙ্কীর্তন করিলাম, কত কত ভজন-ক্রিয়া করিয়া লোককে চমৎকৃত করিলাম, কিন্তু কৈ ত' কোন আলোকের সন্ধানই পাইলাম না! কে বলে এখানে অমৃতের সিন্ধু আছে? আর কি তাহা হইলে এতদিনে কিছুই অনুভব করিতাম না? তবে হাঁ 'হৈ চৈ' অনেক আছে বটে, অনেক ফুলের মালা ও চন্দনাদি পাওয়া যায়, খুব প্রশংসা করা যায়, খুব পাখার বাতাস ও [illegible] পাওয়া খাওয়া যায়, খুব লেখাপড়া করা যায়—এই সমস্ত উত্তেজনাময়ী অস্থায়ী মনের আনন্দ কিছু কিছু আছে বটে, কিন্তু অস্থায়ী সে অনন্ত-আনন্দ কোথায়? যে অমৃতের কথা বলা যায় আমি যখন তা'র কোন সন্ধান পাচ্ছি না তখন নিশ্চয়ই আর কেহ কিছু অনুভব করছে না।'

এই সমস্ত 'শো-বট্ল্'গণ নামে মাত্র প্রচারক। অসৎসঙ্গ করিয়া 'কামরূপ' বিষ খাইয়া খাইয়া তাহারা একেবারে অন্ধ হইয়া যায়। আত্মবিচার করিবার [illegible] তাহারা করে না। তাহারা নিজেরা "বেশ ঠিক আছি" মনে করিয়া শ্রীভগবানকেই অযোগ্য, অসৎ মনে করে এবং নিজের মাপকাঠি দ্বারা কৃপাপ্রাপ্ত অনর্থমুক্ত নিষ্কপট সেবক ভক্তগণকেও মাপিবার চেষ্টা করে। তাহারা মনে করে, জগতে অন্য সকল তাহারই মত, অথবা তাহা অপেক্ষা কিছু নিম্ন অধিকারী। উহারা বর্তমান পরিস্থিতি অনুসারে বস্তুকে নিরূপণ করিতে চেষ্টা করে। তাহারা ভুলে যায়, "অনুভূতি [illegible] সাধিকারিক জগৎ" কিন্তু বস্তুরূপকে [illegible] বুঝিতেই পারে না। তাহারা, [illegible]

[illegible]

আত্মচিন্তার সময়ে দিলেও উহা একেবারেই ভুলিয়া যায়। শাস্ত্র অযোগ্য বঞ্চিত হইবার মত যত আশাবান্ ব্যক্তিই যে সংসারাগারের সবাইকে তাহার মত বঞ্চিত ও অজ্ঞানাধার মনে করিবে, ইহা কিছু আশ্চর্য নয়। ভজনরাজ্যে প্রবেশমুখে সর্বদাই যদি নিজ নিজ আচরণের দিকে সতর্ক দৃষ্টি না রাখা যায়, প্রতি হরিবাসর দিবসে অন্ততঃ যদি একবার পুঙ্খানুপুঙ্খরূপে আত্মবিচার না করা হয়, অনর্থের দিকে চলিলে তাহার কারণ যদি অনুসন্ধান পূর্বক বাহির করিয়া তাহা সংশোধনার্থ যত্ন না করা হয়, তাহা হইলে এই প্রকারের দুর্দশাই হয় বটে। কলসীর নিম্ন ছিদ্রের দিকে লক্ষ্য না রাখিয়া, তাহা বন্ধ করিতে বা না করিয়া যদি পনর বৎসরের স্থলে পনর শত বৎসরও তাহা পরিপূর্ণ করিবার অভিপ্রায়ে জল ঢালিতে থাকা যায় তাহা যেমন বৃথা পরিশ্রমই হয় মাত্র, তেমনই অনাচারের ছিদ্র বন্ধ না রাখিয়া বহু বহু জন্ম শ্রবণ-কীর্তনের অভিনয় করিলেও ভক্তিলাভ তো দূরের কথা, এমন কি অনর্থ-নিবৃত্তিও হইবে না। সুতরাং বস্তু লাভ করিতে হইলে নিজ নিজ আচরণের দিকে লক্ষ্য রাখিয়া ধৈর্য ধারণপূর্বক অগ্রসর হইতে হইবে।

মহাপ্রভু সকলকে প্রচার করিতে আদেশ দিয়াছেন—সবাইকে প্রচারক হইবার আদেশ দিয়াছেন, এই নজীর দেখাইয়া অনেক সময় আবার অনেকে অনাচারী থাকিয়া জোর করিয়াই প্রচার করিতে অগ্রসর হয় যেহেতু অন্য লোকের উপর কর্তৃত্ব করিবার দুর্দমনীয় স্পৃহা তাহার হৃদয়ে চাপিয়া রাখিতে না পারিয়া মহাপ্রভুর আদেশকে উপেক্ষা করিয়া জগজ্জনের আবাহনকে অপব্যবহার করিয়া পরোপকারের ধ্বজা উড়াইতে চায়! কলিকাল, কাজেই ইহা কিছু বিচিত্র নহে!

মহাপ্রভু সকলকে প্রচার করিতে আদেশ দিয়াছেন বটে, কিন্তু প্রথমেই প্রচারকের নিজের জীবন যথোচিত রূপে কৃতার্থ করিয়া পরকে উপদেশ করিয়াছেন।

"ভারত ভূমিতে হৈল মনুষ্য জন্ম যার।
জন্ম সার্থক করি কর পর উপকার॥"

এখানে প্রথমেই সদাচারে সুপ্রতিষ্ঠিত হইয়া জন্ম সফল করিয়া লইবার আদেশ আছে। আচারপরায়ণ সাধক প্রথমেই অনর্থাদি বর্জন করিয়া সাধনের সেবায় নিযুক্ত হন এবং নিরন্তর শ্রীভগবানের নিকট কৃপাভিক্ষা করিতে থাকেন। শ্রীভগবান্ সেই অকপট কৃপার্থিগণকে কৃপা না করিয়া পারেন না। তাঁহার কৃপাস্রোত উচ্ছলিত হইলে সবই অদ্ভুত!

বৈকুণ্ঠ

—:০:—

যে স্থান হইতে কুণ্ঠাধর্ম বা মায়া নিরস্ত হইয়াছে, তাহাকে 'বৈকুণ্ঠ' বলে। শ্রীভগবানের এক নাম বৈকুণ্ঠ, কারণ তাঁহাতে কুণ্ঠাধর্মের লেশমাত্রও নাই। তিনি অপ্রাকৃত চিন্ময়, পরম সত্যবস্তু। তিনিই অদ্বয়জ্ঞান প্রাপ্ত বলেন, তিনি স্বাভাবিক অচিন্ত্যশক্তি সম্পন্ন। অচিন্ত্যভাবকে তর্কের দ্বারা,সীমাবদ্ধ [illegible]

পারিলে 'সব বুঝি বলিয়া মনে হইলেও বাস্তবিক কিছুই বুঝা যায় না, মঙ্গলকে অমঙ্গল এবং অমঙ্গলকে মঙ্গল বলিয়া ভ্রম হয়। সমস্তই কৃপাসাপেক্ষ।

"কৃষ্ণ যদি কৃপা করেন কোন ভাগ্যবানে।
গুরু অন্তর্যামিরূপে শিখায় আপনে॥"

কৃষ্ণকৃপা লাভ করিলেই প্রকৃতপক্ষে জীবন সার্থক হয়। কৃষ্ণকৃপাপ্রাপ্ত ব্যক্তি নির্গুণ, তাঁহার দর্শন—মুক্তিপদ। কারণ তাঁহাদিগের প্রতিই মহাপ্রভুর পরোপকার করিবার ভার অর্পণ করা আছে। নচেৎ বৈষ্ণবসদাচার-বিহীন জড়াভিলাষী ব্যক্তিগণ প্রচারকরূপে পরোপকার করিবার স্থলে পরের মহা-অপকার করিয়া বসে। কৃষ্ণ পাইতে দিবার লোভ দেখাইয়া কুপথে চালাইয়া উদ্বেগ দেয়। কৃষ্ণের নিকট উপায়ন পৌঁছাইয়া দিবার ছলনায় নিজেই উহা আত্মসাৎ করিয়া বসে। একটু লক্ষ্য রাখিলেই এই সমস্ত কালনেমী, রাবণের অন্তরে সীতাহরণের দুষ্প্রবৃত্তি নিয়া সন্ন্যাসীর বেশধারী রাবণাচারগণকে চিনিতে পারা যায়।

"সাধু চেনা বড় বড় জীবের জানিয়া।
সাধু ভক্তরূপে কৃষ্ণ আছেন লুকাইয়া॥"

* * *

কোথায় আমি কোথায় আমি
খুঁজে বাপরে মরি চলে।
কোথায় আচার কোথায় বিচার
শুধুই বলে কল কলে॥
লোক দেখান গোঁসা জনা তিলক
মালা থাকে
গোপনেতে অনাচারে লোভা বসে ছুরি॥

প্রচারক যদি নিজ আচরণের দিকে দৃষ্টি না রাখিয়া অনাচারেই রত থাকেন, তাহা হইলে শ্রীগৌরসুন্দর আচারহীন তাঁহাদের জন্য কদাচার, কুতর্কের সে লোচনে প্রকাশিত করিয়া দিবেন। তাহা মায়া ভজিয়া মহাপ্রভুর অচিরেই শত্রুর দলে বলিয়া পড়িবে, সন্দেহ নাই। অতএব

অতিক্রমে বা চিন্তায় যাহা অসম্ভব, তাহাও অচিন্ত্য শক্তিতে সম্ভব। সর্বশক্তিমান্ অদ্বয়জ্ঞানতত্ত্ব সেই ভগবান্ অচিন্ত্য শক্তিক্রমে সর্বদাই স্বরূপ, তদ্রূপবৈভব, জীব ও প্রধান-রূপে চতুর্ধা অবস্থান করেন। সূর্য, তাহার তেজোমণ্ডল, তাহার বহিঃপ্রকটিত রশ্মিগণ ও তাহার প্রতিচ্ছবি অর্থাৎ দূরগত প্রতিফলন এই অবস্থার কথঞ্চিৎ উদাহরণস্থল। সচ্চিদানন্দবিগ্রহই তাঁহার স্বরূপ; চিন্ময়ধাম, বস্তু, নদী ও সমস্ত ব্যবহার্য উপকরণ তদ্রূপ-বৈভব। মায়া, প্রধান ও তৎকৃত সমস্ত জড়ীয় স্থূল ও সূক্ষ্ম জগৎই প্রধান-শব্দবাচ্য। ভগবান্ তাঁহার অচিন্ত্যশক্তিপ্রভাবে এই চতুর্বিধভাবে অবস্থান করিয়াও অদ্বয়তত্ত্ব। ভগবানের সেই অবিচিন্ত্যশক্তির নাম পরা শক্তি। এক হইয়াও সেই স্বাভাবিকী শক্তি জ্ঞান, বল ও ক্রিয়া ভেদে বিবিধা। সেই পরাশক্তি বিচিত্রতাময়ী ও বিচিত্র আনন্দবর্দ্ধিনী। সেই শক্তির অনন্ত প্রভাব থাকিলেও জীবের নিকট তিনটী প্রভাবের পরিচয় মাত্র আছে। সেই প্রভাবত্রয়ের নাম—চিচ্ছক্তি,জীবশক্তি ও মায়াশক্তি। উক্ত তিন শক্তির প্রভাব দ্বারা চিজ্জগৎ, জৈব জগৎ ও জড় জগৎ প্রাদুর্ভূত হইয়াছে। প্রত্যেক প্রভাবে সন্ধিনী, সম্বিৎ ও হ্লাদিনী বৃত্তিত্রয়, তাহার কার্যরূপে চিদ্ধাম, চিদ্বস্তু ও চিদুপকরণ ইত্যাদি সর্বপ্রকার বৈচিত্র্য উদয় হইয়াছে। কৃষ্ণরূপ, কৃষ্ণনাম, কৃষ্ণধাম সমস্তই সন্ধিনীর কার্য।

"চিচ্ছক্তি স্বরূপশক্তি অন্তরঙ্গা নাম।
তাহার বৈভবানন্ত বৈকুণ্ঠাদি ধাম॥"

মায়াশক্তিতে সন্ধিনী বৃত্তি আছে। তাহার কার্য—চতুর্দশ লোকময় সমস্ত ব্রহ্মাণ্ড, জীবের জড় ও লিঙ্গ শরীর; বস্তুতঃ স্বর্গাদি-লোকসমূহ ও সমস্ত জড়োপকরণ তাহা হইতে নির্মিত হইয়াছে।

"মায়াশক্তি বহিরঙ্গা জগৎ-কারণ।
তাহার বৈভবানন্ত ব্রহ্মাণ্ডের গণ॥"

সুতরাং দিক্কাল বা একতমোগুণ মায়ার প্রভাব এই ব্রহ্মাণ্ড বা চতুর্দশ ভুবনেই দৃষ্টিমান্, কিন্তু 'প্রকৃতির পার পরব্যোম নামে ধাম' চতুর্বিংশতি তত্ত্ব প্রকৃতির উপর 'পরব্যোম' নামক যে স্বরূপশক্তি প্রকাশিত আছে, সেখানে মায়ার কিঞ্চিন্মাত্র প্রভাব থাকিতে পারে না। ব্রহ্মাণ্ড যেখানে আক্রমণ করিয়া বিরজা নদী। বিরজাতে ভগবানের সাম্যাবস্থা থাকিত হয়। ইহা প্রাকৃত অপ্রাকৃত বিভেদকারিণী সোপান। তাহা অতিক্রম করিয়া বৈকুণ্ঠধাম। সুতরাং সেই স্থান হইতে শ্রেষ্ঠ বা তাহার সমান কোনও স্থান হইতে পারে না। বৈকুণ্ঠ-লোকে মায়ার প্রভাব এবং অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনি-

এই পঞ্চক্লেশ এবং মোহ ও তন্দ্রাদি থাকিতে পারে না। উহা মুক্তিমান্ আত্মবিদ্-গণের বসিত ধাম। সেই স্থানে যখন মায়ার কোনও প্রভাব নাই, তখন কি প্রকারে জন্ম, বিনাশ, বিকার, বৃদ্ধি, অপক্ষয় ও পরিণাম এই ষড়বিকারহেতু কালের বিক্রম লক্ষিত হইবে? সেখানে কিরূপেই প্রাকৃত গুণাদির অবস্থান সম্ভবে? সেই স্থান অশোক, অমৃত, নিত্য নবনবায়মান চিদ্বিলাস-বৈচিত্র্যোল্লাসিত। সেই স্থানে যথার্থ পুরুষ, অপ্রাকৃত-স্বরূপ, অদ্বয়জ্ঞান শ্রীভগবান্ স্বীয় তদ্রূপবৈভব,নিত্য পরিকর, পার্ষদ ও ধামাদিসহ নিত্য বর্তমান।

(শ্রীল প্রভুপাদ)

স্তুতি

দুয়ে আবার পূজার থালায়
অর্ঘ্য সাজায়ে আজ,
পাদপীঠতলে এসেছি পূঁজতে
শ্রেষ্ঠ সেবকরাজ!
জুড়ি' দুই কর ভরি' অঞ্জলি
বহিয়া অর্ঘ্যভার,
নিত্য পূজারী ভক্তগুলি ল'য়ে যায়
উপচার।
সবার পিছনে দীন আয়োজনে
করেছি পূজার সাজ,
সেবা অনিপুণ অপটু এ'কর মনে
লাগে যেন লাজ।
উদ্ভাবনা দিয়েছ তুমি,
পেয়েছি ভরসা মনে—
উদার হস্তে করুণাকণিকা
বিতর পূজার ক্ষণে।
কৃষ্ণ-কোমলকর-অঙ্গুলি
কনক-কমল-কলি,
অচল অক্ষি তুমি সেথা যেন
পঙ্কজে অলি।
সুরভিকুলের প্রিয় বান্ধব
ব্রজবাসীর সনে,
অম-ভীত জনে কর রক্ষণ
সেবিতে বৃন্দা-বনে।
তাই, দেবতার পূজাসম্ভার
ভরিয়া লেনব পাণি,
গ্রহণ করেছ ইন্দ্র-যজ্ঞে
ভক্ত যা' দিল আনি।
পুষ্প সঙ্গীতচর্চিতাঙ্কিত
মনোহর শোভাধার,
অতুল গর্ব ভাগার চিত্তে
সেবকের অনিবার
ব্রজ-অভিলাষী পথিকের
তুমি ভাগ্যের সীমা জানি,
বন-ঈশ্বরী রাজ্যের যেন কেতন-দণ্ডখানি।

(অতঃপর এর পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

মায়াকে পিছনে রাখি কৃষ্ণ চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্নতত্ত্ব-প্রচারকরে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে।
রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভা পাঠ, সংকীর্ত্তন, মহাপ্রভুর-সেবায়-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও চারিটি পাক্ষিক ইংরেজী প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠার্য্য শ্রীল নবীচরণ রায় ভক্তিনিধি।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীবরেণ্যগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিলুপ্ত শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীনিহিরকুমার ব্রহ্মচারী

(১২) গোদ্রুম-গৌড়ীয়মঠ

সুবর্ণবিহার, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
বিদ্যাসাগর ঠাকুর বৃন্দাবনের স্থান
রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
রক্ষক—শ্রীমদনার্জুনকুমার ব্রহ্মচারী।

(১৪) ভক্তদেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুলিয়াকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীকৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তিবন্ধু

(১৯) প্রকাশমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)
রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)
রক্ষক—শ্রীহরিকিশোর ব্রহ্মচারী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা
রক্ষক—শ্রীমহেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্ব গৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহোপদেশক শ্রীকৃষ্ণানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা
রক্ষক—শ্রীদয়ালদাস ব্রহ্মচারী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটী, (ঢাকা)
রক্ষক—শ্রীনবীনকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ
রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

জলাপাহাড়, দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) নারুয়া-গৌড়ীয়মঠপীঠ

পোঃ বলিয়া, জিঃ সাহারানপুর, ইউ, পি
রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক—শ্রীমহেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার
রক্ষক শ্রীমুকুন্দনাথ ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া
রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং কবিরপুরা, বেনারস সিটি
রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)
রক্ষক—শ্রীসনাতনগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) একচক্রাবাস-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)
রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গৌড়ীয়মঠ

রক্ষক—ভক্ত শ্রীবৈষ্ণব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।
রক্ষক—শ্রীমহেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—দেওনারী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৬নং হেলান রোড, নিউ দিল্লী
রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গৌয়ালিয়া টাঙ্ক রোড, কাম্বালাহিল বোম্বে ৭
রক্ষক—শ্রীঅধিকার ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা
রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্র-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ বিদ্যানিধি

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী.

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) সিদ্ধি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী
রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)
রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীরাধা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর
রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাড়ু (হাওড়া)
রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রহ্মচারী

(৬৩) আকালাবোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

কুমারডাঙ্গা, পোঃ চিনসুরা, (মানভূম)
রক্ষক—শ্রীরামনাথ দেবশর্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।
রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট্ নং ২
৫১, ডাউনরোড
ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫
রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্‌ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীমদনগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধচন্দ্র চক্রবর্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

১লা অক্টোবর, ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বাঁকতুলসী	৬॥০
বাঁকা দাদ	৫৸০
ঐ নতুন	৫৲
বাইশকোণা	৭৲-৭॥০
বাঁকতুলসী	৫॥
বাগবা নূতন	৪৶
ঐ পুরাতন	৫৲
বালাম কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেগুন	৩॥৶০

আতপ—

নূতন আতপ	৪৲—৪॥০
পেশোয়ারী	১০৲-১০।০
বাঁকতুলসী আতপ	৫।০-৫।৶
ঐ বাজারি	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫।০-৫॥০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৶০

চিনির দর

বিলাতী, টাইপ	১০॥৶০
খণ্ডসার ১০০০ নং	১০৴০
বাহরোজা দানা	৯।০
কানপুর দানা	৮।০—৯৶০
কানপুর দাল	৭॥৴০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

টাকশালের বার	৩৪॥০
মজরেপ	২২৲
চাঁদিরবার	৫২।০

পাটের দর

আবড়ে—	৪০৸০
মিডল—	৪০৸০
উত্তম—	৪১।০
বাজার দরের গড়—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬।০—৬।৶০
ফ্লাওয়ার মিল ঐ	৬৲—৬৶০
ডাউনফ্লোর ঐ	৫৸৶০—৫৸০
সুজী	৬৲—৬৶০
আটা (বি)	৫৸০—৫৸৶০
আটা নং (২)	৫৴০—৫।৴০
আটা (এল)	৫৲—৫।০
আটা (বে)	৪৸০—৪৸৶০
আটা নং (৩)	৪।০—২॥৶০
পালাউ	১॥৶০—১৸০
ভুষি	১৸৶০—১॥৶০

ঘৃতের দর

	৫৭৲
রাজগঞ্জ	৫৭৲
কৃষ্ণনগরী	৫০৲
গব্য	৪৪৲

পাতিরাম	৪৸০
ভাল	৪৩৲
কাবুলে	৩৩৲
বাজা পাওয়া	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— প্রতি হন্দর

লোহার কড়ি (বরগা বা বীম)

মার্কা	৯৶০—৯৸৶
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮।০
ঐ টাটা টেস্টেড বরগা বীম সব সাইজ	১০।৶
ঐ ইংলিশ বরগা (বীম)	১০৸৶০
বরগা (টি আয়রণ)	৮।০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮।৶০—৮৸০

টাটা গ্যাঃ করগেট সীট।

	।৶০
২৪ গেজ—	১৪।০
২৬ গেজ—	১৩।০
২৮ গেজ—	১৫।০

টাটা গ্যাঃ প্লেন সীট।

২৪ গেজ—	১৪৸৶০
২৬ গেজ—	১৩।৶০
২৮ গেজ—	১৩৸৶০

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ

সীস	৷৶১০—৸৶০
বাগান ঘেরা কাঁটা তার (বার্বিড)	১০৲
স্লেট কাটিং বা ছিট কাটা মণ	৩।০—

পাটি কাটিং ৩—১ ফুট লম্বা

৬।০—৬।০ হন্দর

গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
পাতি, বোল্টু, নয়ানে	৮৲—৯৲

গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের

জন্য	৮৸০—১১।০

ক্রু ইস্পাত আসল ২৩৲ নকল ২১৲

চটকলের হাপর ৫৶০, পাটের হাপর ৩।০

তুলার হাপর ৪।০

সুতের দর

কলিকাতা ২৬শে জুন,

আমেদ সোনার কাইন	৫৪৲
সিট্রন আমেদ গরকড	৪০৲
করাচি পুরানি কাইন	৪৩৲
রাবার্ট ডাবা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

প্রতি মণ

পাকা সাও	৮।০
সুপারী দেশী	১৬।০—১৭৲
কাটা সুপারী	১০।০—১১।০
গুঁড়ি হরিতকী	১৫।০—১৭।০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮।০

জেক্সোব স্টুয়ার্ট অছিয়ক

এণ্ড সন্স লিঃ

ডি-৫ জগন্নাথ ঘাট রোড, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—স্থাপিত—

ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

উচ্চ ইংরেজী বিদ্যালয়

শ্রীধাম মায়াপুর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর চতুর্দিক খোলা। শিক্ষকগণ সুযোগ্য ও সচ্চরিত্র। দরিদ্র ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের অসাধারণ সুবিধা

পরীক্ষায় বাঙ্গালা অঙ্কে শতকরা ৬৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

ঈশোদ্যান, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—৩৫
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৫৫,	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—৪২

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫০	৯-৩৩	১১-৫৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মৃতপ্রায় পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় [illegible] জ্বর কাটিতে অভাব আবিত। [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার [illegible]। মূল্য ছোট বোতল ৮৶০ আনা, বড় বোতল ১৶০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ওল্ড চায়না বাজার রোড, কলিকাতা।

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

———::(●)::———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণব-কুলচূড়ামণির অপূর্ব্ব জীবনচরিত এতাবৎকাল পূর্ণরূপে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহু বৎসর পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্য্যের অনুজ্ঞায় পরমভাগবত সাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হওয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(::०::):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি ২৲	১।০	১।০	১৲
" সিকিকলম ৫৲	৪৲	৪৲	৩৲
" অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম ১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	৪।০
" সিকি কলম ১২৲	১২৲
" অর্দ্ধকলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণতম প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্ন্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গ্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবন-চরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলো শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশকীয় ও গ্রন্থকার-ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বাড়ীর সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসম্প্রদায়ের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(०):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।৩নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

মুদ্রণ: শ্রীমায়াপুর
চৈতন্যমঠ—শ্রীধাম—শ্রীমায়াপুর
শ্রীমায়াপুরচন্দ্রোদয়
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্মেলনীর-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রবর্ত্তিত

দৈ নি ক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1544
ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র সজ্জন-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২২শে কার্ত্তিক, ১৩৪৪, ৮ই নভেম্বর, ১৯৩৭, সোমবার [সংখ্যা ২০৫]

বিবিধ সংবাদ

—(০:০০:০)—

প্রশান্তি সম্মেলন ও জাপান

প্রাচ্য সম্মেলনের (নব শান্তি) বৈঠক অদ্য সকালে অধিবেশনে পাঁচ মিনিট স্থগিত হয়।

প্রকাশ, জাপানের সহযোগিতা পাইবার জন্য একবার শেষ চেষ্টা করা হইবে, যাহাতে বিষয়ে কৃতকার্য্য হওয়ার আশা কম। জাপানী মহল বলিতেছেন যে, এই সম্মেলনে কোন প্রকার অংশ গ্রহণের আমন্ত্রণ অগ্রাহ্য করিবার জন্য তাঁহারা পূর্ব্ব হইতেই নির্দ্দেশ পাইয়াছেন।

এরূপ গুজব রটিয়াছে যে, সম্মেলন বৃটেন ও যুক্তরাষ্ট্রকে মধ্যস্থতা করিবার জন্য বলিতে পারে; কিন্তু তাঁহাদের কেহই যে এই আশ্রয় কার্য্যভার গ্রহণ করিবে বা জাপান এরূপ প্রস্তাব গ্রাহ্য করিবে, এমন মনে করিবার কোন কারণ নাই।

আবশ্যে নিরাপত্তা

কোটাপাড়া বাহুড় কাপ প্রতিযোগিতার ফাইনাল খেলার অতি শোচনীয় ভাবে পরিসমাপ্তি ঘটিয়াছে।

বাগাড়া ফরোয়ার্ড ক্লাব (হিন্দু) এবং কোটাপাড়া (মুসলমান) দলের মধ্যে ঐ খেলা হয়। প্রথম হইতেই ফরোয়ার্ড ক্লাব ভাল খেলিতে থাকায় কোটাপাড়া দলের শোচনীয়ভাবে পরাজয় ঘটিবার সম্ভাবনা হয়। ইহাতে অধিকাংশ মুসলমান দর্শক ও খেলোয়াড় উত্তেজিত হইয়া অতি নগণ্য কারণে বিজয়ী দলের একটি বালককে এরূপ প্রহার করে যে সে অচৈতন্য হয়। উপস্থিত হিন্দুগণ বালককে . . . সমস্ত ব্যাপারে যথাসাধ্য বাধা দেন। কিন্তু প্রায় ৫০ জন মুসলমান তাহা অগ্রাহ্য করিয়া লাঠি ছোরা প্রভৃতি লইয়া ঐ বালককে প্রহার করিবার জন্য অগ্রসর হয়। তখন ঐ খেলোয়াড় দৌড়াইয়া রায় সাহেব উপেন্দ্রনাথ ঘোষ মহাশয়ের বাড়ীতে আশ্রয় গ্রহণের চেষ্টা করে, কিন্তু দুর্বৃত্তগণ নাকি ঐ বাড়ী ঘেরাও করিবার চেষ্টা করে। প্রকাশ, তখন প্রাণের ভয়ে ঐ খেলোয়াড় সকলের অলক্ষিত ভাবে নিকটবর্ত্তী একটী পানের বরজে গিয়া আত্মগোপন করে এবং রাত্রিতে নিজ গ্রামে পৌঁছে।

ফরাসী মরক্কোতে অশান্তি

ফরাসী মরক্কোতে বর্ত্তমানে যে অশান্তির সৃষ্টি হইয়াছে, অদ্য প্যারিসে বর্ত্তমান সপ্তাহের শেষভাগে উক্ত আফ্রিকাস্থ ফরাসী উপনিবেশের অবস্থা সম্বন্ধে আলোচনা হইবে। এই আলোচনার জন্য মন্ত্রিসভা মিঃ অ্যালবেয়ার সারোকে বিশেষভাবে নিযুক্ত করিয়াছেন এবং আলজিরিয়ার গবর্ণর জেনারেলকে এবং টিউনিস ও মরক্কোর রেসিডেন্ট জেনারেলকে বর্ত্তমান রাজনৈতিক অবস্থা, শান্তিরক্ষা, দেশীয় লোকের ব্যবস্থা এবং তাহাদের অবস্থার উন্নতির জন্য মতামত পেশ করিতে এই আলোচনায় আমন্ত্রণ করিয়াছেন।

রেলষ্টোরিয়ার জন্য মৃত্যুদণ্ড

বার্লিনে ৬ঠা নবেম্বর প্রাতে দেশদ্রোহিতার অপরাধে যে দুইজনের বিরুদ্ধে . . . হইয়াছে, তাহাদের মধ্যে একজনের বিরুদ্ধে অভিযোগ ছিল যে, সে জার্ম্মানীতে ফরাসী গুপ্তচর বিভাগে কাজ করিয়াছে। দ্বিতীয় ব্যক্তির বিরুদ্ধে বলশেভিকদের সহিত সংযোগ স্থাপন এবং জার্ম্মানীতে বে-আইনী প্রতিষ্ঠান গঠনের অভিযোগ আনা হইয়াছিল, তৃতীয় ব্যক্তি হইতেছে পিটার সম্বল নামক জনৈক জার্ম্মান। সে পূর্ব্বে ফরাসীদের বৈদেশিক সৈন্যদলে কাজ করিত; পরে নাকি জার্ম্মানীতে গুপ্তচররূপে কার্য্য করিতে আসে।

পোষ্ট অফিসে ডাকাতি

কলিকাতা ক্লাইভ ষ্ট্রীটের পোষ্ট অফিসে ১৫০০৲ টাকার একখানি খাম ইন্সিওর করিবার জন্য আনা হইলে পোষ্ট অফিসের কাউণ্টারের বাহিরে উহা চুরি যায় বলিয়া প্রকাশ।

ঘটনার বিবরণে প্রকাশ, একজন বোম্বাইয়ের ব্যবসায়ী তাহার ভৃত্যকে ১৫০০৲ টাকার নোটপূর্ণ একখানি ইন্সিওর খাম দিয়া পোষ্ট অফিসে পাঠায়। ভৃত্যটি যখন খামের উপর ষ্ট্যাম্প লাগাইতেছিল, তখন কয়েকজন অপরিচিত লোক থাকিতে সরাইয়া তাহার হাতে অন্য একখানি অনুরূপ নূতন খাম দিয়া দেয়। ভৃত্যটি উহা খামখানি পরীক্ষা করিয়া দেখিতে পায় যে, সে প্রতারিত হইয়াছে। তখন সে চীৎকার করিতে থাকে, কিন্তু ইতোমধ্যে প্রতারকগণ পোষ্ট অফিস হইতে সরিয়া পড়ে বলিয়া প্রকাশ। পুলিশ এ বিষয়ে তদন্ত করিতেছে। কিন্তু এ পর্য্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই।

রেভিনিউ বোর্ডের ক্ষমতা লোপ

রেভিনিউ বোর্ড যে সকল বিচার ক্ষমতা হাতে কলমে প্রয়োগ করেন না, বাঙ্গালা গবর্ণমেণ্ট ভারত শাসন আইনের ২০৬ (২) ধারার বলে বোর্ডের ঐ সকল ক্ষমতা লোপ করিয়া দিয়া একটি নূতন ট্রাইবুন্যাল গঠন করিয়া তাহার হাতে দিবার সিদ্ধান্ত করিয়াছেন। এই ট্রাইবুন্যাল সম্ভবতঃ বিচার-বিভাগের অভিজ্ঞতাসম্পন্ন তিনজন সদস্য লইয়া গঠিত হইবে এবং তাহাদের প্রত্যেকের মাসিক বেতন প্রায় ৫০ টাকা ধার্য্য হইবে। সদস্যদের কার্য্যকাল এক বৎসর কি দুই বৎসর নির্দ্ধারিত হইবে।

অবশ্য এই ব্যবস্থায় রেভিনিউ বোর্ড একেবারে তুলিয়া দিবার প্রশ্ন উঠিতেছে না। সম্ভবতঃ ঋণ মঞ্জুর, সাহায্য দান প্রভৃতি কার্য্যের ভার রেভিনিউ বোর্ডের হাতে রাখা হইবে।

কলিকাতা অভিমুখে বাঙ্গলার গবর্ণর ও মন্ত্রিবর্গ

৬ঠা নভেম্বর স্যার জন এণ্ডারসন ও স্যার নাজিমুদ্দীন, স্থানীয় স্বায়ত্ত শাসন বিভাগের মন্ত্রী মিঃ নৌশের আলী ও বাঙ্গলার গবর্ণর দার্জ্জিলিং হইতে কলিকাতা রওনা হইয়াছেন। পূর্ত্ত ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহারাজা শ্রীশচন্দ্র নন্দী মুর্শিদাবাদ এবং অর্থমন্ত্রী মিঃ এইচ এস সুরাবর্দ্দী উক্তদিন রওনা করিয়াছেন।

—

বিমান আক্রমণে মাদ্রিদে

১২০ জন নিহত

বেলজিয়ান সংবাদে একটি ইস্তাহারে প্রকাশ যে, বিদ্রোহী দলের বিমানপোত ৬ই নবেম্বর মাদ্রিদ সহরের উপর যে গোলা বর্ষণ করে, তাহার ফলে মোরিডাতে ৫০ জন শিশু সমেত ১২০ জন লোক নিহত হইয়াছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ নিতাই শ্রীচৈতন্যভাগবত ৭৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৭৲
৪। সরস্বতী জয়শ্রী ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। জৈবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। খাদ্য-খাদক ৷০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা) ১৲
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-পঞ্জিকা ৷৵০
২২। ভজন রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ৷০
২৭। [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধন[illegible] ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵০
৪৬। অর্থপঞ্চক ৵০
৪৭। সদাচারস্মৃতিঃ ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ নির্ণয় ৷০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রী[illegible] ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ৷০
৬৪। স্তবরত্নম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৸৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইট্স্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্স ৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভল্যুম ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷৵
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৵১০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান— শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভা[illegible] অন্যান্য পত্র

১। THE HARMONIST — শ্রীপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি [illegible] প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দি ভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। [illegible] শ্রী[illegible] মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা-সডাক ১৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিবিধ সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৬৲ টাকা।

১২শবর্ষ গৌরাব্দ ৪৫১, ২২শে কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৪, ৮ই নভেম্বর ইং ১৯৩৭, সোমবার } ২০৫তম সংখ্যা

অন্নকূট মহোৎসব

——::•::——

দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে

(তারের সংবাদ)

গত ৩রা অক্টোবর বুধবার শ্রী শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে বিশেষ সমারোহে শ্রীগোবর্দ্ধন-পূজা ও অন্নকূট মহোৎসব সম্পন্ন হইয়াছে। এই উৎসবোপলক্ষে উত্তরবঙ্গ হইতে বহু ভক্ত এমঠে আসিয়া উৎসবে যোগদান করেন এবং কয়েক দিবস থাকিয়া সর্ব্বক্ষণ শ্রীমঠে পাঠ-কীর্ত্তনাদি হইয়াছে। উৎসব-দিবস প্রত্যুষ হইতেই পাঠ-কীর্ত্তন, বক্তৃতা এবং নগর-সংকীর্ত্তন অনুষ্ঠিত হইয়াছিল। বহু বিশিষ্ট ব্যক্তি উৎসবে যোগদান করিয়াছিলেন। শ্রীশ্রীগান্ধর্ব্বিকাগিরিধারীর ভোগের জন্য ৩৬০ প্রকারের নৈবেদ্য প্রস্তুত করা হইয়াছিল। পূজা ও ভোগান্তে শত শত ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। বহু দরিদ্র ব্যক্তিকেও প্রচুর পরিমাণে মহাপ্রসাদ দ্বারা পরিতৃপ্ত করা হইয়াছে।

শ্রীপুরুষোত্তমমঠে

(তারের সংবাদ)

শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে পুরী শ্রীপুরুষোত্তমমঠে গত ৩রা অক্টোবর বুধবার পাঠ, কীর্ত্তন ও বক্তৃতাদিতে বিপুল আয়োজনে অন্নকূট-মহোৎসব অনুষ্ঠিত হইয়াছে। সেখানেও নানা প্রকারের ভোগসামগ্রী শ্রীশ্রীগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবার জন্য প্রস্তুত হইয়াছিল। বহু বিশিষ্ট ব্যক্তি অন্নকূট দর্শন জন্য মঠে আগমন করিয়াছিলেন। সন্ধ্যার পর অন্নকূট ও গোবর্দ্ধনপূজা-মাহাত্ম্য সম্বন্ধে কীর্ত্তন বক্তৃতাদি হয়। সহস্র অধিক ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

— —

শ্রীধাম বৃন্দাবনে উর্জ্জব্রত

শ্রীনদীয়াপ্রকাশের পাঠকগণ অবগত আছেন, বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্য আচার্য্য-ভাস্কর ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য ১০৮শ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের আনুগত্যে শ্রীধাম বৃন্দাবনে উর্জ্জব্রত পালন করা হইতেছে। সর্ব্বক্ষণ মঠে হরিকীর্ত্তন, পাঠ, বক্তৃতা, পরিক্রমা প্রভৃতি ভক্ত্যনুষ্ঠান হইতেছে। গত ২৩।১০।৩৭ তারিখে প্রাতে দাবানল-কুণ্ড পরিক্রমা হয়। তথায় শ্রীপাদ জয়-নারায়ণ দাসাধিকারী 'যশোমতী-নন্দন' গীত কীর্ত্তন করেন। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ দাবানলকুণ্ডের মাহাত্ম্য কীর্ত্তন করেন।

পরিক্রমান্তে শ্রীমদ্ আশ্রম মহারাজ শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন।

অপরাহ্নে শ্রীপাদ নন্দলাল কাব্যতীর্থ বি-এ, বিদ্যাসাগর মহাশয় শ্রীমদ্ভাগবত হইতে শ্রীকৃষ্ণের জন্মলীলা পাঠ ও ব্যাখ্যা করেন। শ্রীপাদ জয়নারায়ণ দাসাধিকারী কীর্ত্তন করেন।

সন্ধ্যায় আরাত্রিক ও কীর্ত্তন সমাপনান্তে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভাগবতের শ্রোতা মহারাজ ছায়াচিত্রযোগে শ্রীকৃষ্ণের জন্মলীলা ও ভক্ত প্রহ্লাদ, ধ্রুব প্রভৃতি বৈষ্ণবগণের চরিত্র সম্বন্ধে বক্তৃতা করিয়াছিলেন। সভাতার মুখে বক্তৃতা শ্রবণ করিয়া সকলে মুগ্ধ হইয়াছেন। গত ২৪শে অক্টোবর মঙ্গলারাত্রিকের পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিজ্ঞান আশ্রম মহারাজের অধ্যক্ষতায় সংকীর্ত্তনমণ্ডলী সংকীর্ত্তন-সহযোগে পরিক্রমায় বাহির হইয়া প্রথমে গৌড়ীয়গণের মুকুটমণি শ্রীসনাতন গোস্বামী প্রভুর সমাধিস্থলে উপস্থিত হন। শ্রীমদ্ আশ্রম মহারাজের আদেশানুসারে শ্রীসত্যনারায়ণ অধিকারী 'যং কলি রূপ শরীর না ধরত' গীতটী কীর্ত্তন করিবার পর শ্রীপাদ মাধবানন্দ প্রভু শ্রীপাদ আশ্রম মহারাজের আজ্ঞানুসারে শ্রীসনাতন গোস্বামী প্রভুর শিক্ষা সম্বন্ধে কিছুক্ষণ বক্তৃতা করেন। পরে সমাধি-মন্দির পরিক্রমা করিয়া সংকীর্ত্তনমণ্ডলী শ্রীমদনমোহনজীর মন্দির দর্শন করিবার পর শ্রীঅদ্বৈতবট নামক স্থানে আসিয়া দণ্ডবৎ প্রণাম করেন। এখানে শ্রীপাদ ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ শ্রীঅদ্বৈত প্রভুর সম্বন্ধে কীর্ত্তন করেন। ঐপ্রভুপাদ এস্থান দর্শন করিতে আসিয়াছিলেন। সংকীর্ত্তনমণ্ডলী এইস্থান পরিক্রমা করিয়া শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করেন।

———

যশোহরে প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ গত ২৭শে অক্টোবর প্রচারার্থ ব্রহ্মচারী ও প্রবন্ধাদি দাসাধিকারী প্রমুখ কতিপয় ভক্তসহ প্রচারার্থ যশোহর জেলার অন্তর্গত পাজিয়াগ্রামে গমন করেন। তৎপর দিবস তথাকার স্থানীয় বাজারের নাটমন্দিরে একটী মহতী সভার অধিবেশন হয়। সভার প্রারম্ভে গুর্ব্বষ্টক-বন্দনা ও মহাজন-পদাবলী কীর্ত্তন হইলে পর স্বামীজী মহারাজের আদেশে শ্রীপাদ ... ব্রহ্মচারী "মনুষ্যজীবনের কর্ত্তব্য ও পথ" সম্বন্ধে একটি নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। বক্তৃতাটী সকলেরই প্রশংসিত হইয়াছিল। মনুষ্য-জীবন ও তৎ সম্বন্ধে বর্ত্তমান বৈজ্ঞানিকের ও দার্শনিকের ধারণা, বর্ত্তমান জগতে অসংখ্য প্রকার লোকের অসংখ্য প্রকার রুচি ও মতবাদ, আনন্দলাভের জন্য ভোগ ও ত্যাগবাদের আলোচনা, কিন্তু তাহাতে আনন্দের অভাব, সেই প্রেমপথ কর্ত্তব্যের 'বস্তু ও পথ' বিচার-গ্রহণের আবাহন, বর্ত্তমান আচার্য্যদেবের সেই পথ ও কার্য্য আবাহন, এই সমস্ত কথা দেশবাসীর বিশেষ আবশ্যক, স্বরূপের কার্য্য ভক্তিবাদিনীতে পরিণত হইবে—ভাগবত-ধর্ম্ম-আলোচনা প্রভৃতি বহু বিষয় বক্তৃতায় আলোচিত হয়।

অনন্তর স্বামীজী মহারাজ সমস্ত ধর্ম্মের তুলনামূলক বিচারে মহাপ্রভুর প্রচারিত বৈষ্ণব-ধর্ম্মের শ্রেষ্ঠত্ব ও বৈষ্ণব-সম্বন্ধে জ্ঞাতব্য বিষয় একটি সুন্দর বক্তৃতা প্রদান করিয়া শ্রোতৃমণ্ডলীর চিত্তাকর্ষণ করেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হয়। সভায় প্রায় দুই শতেরও অধিক লোক যোগদান করিয়াছিলেন।

ভ্রম-সংশোধন

শ্রীনদীয়া-প্রকাশের গত ২০৩ সংখ্যার ৩য় পৃষ্ঠার ২য় স্তম্ভের ৮ম পংক্তিতে "Ballaldighi" স্থলে "Ballaldhipi" পাঠ হইবে।

ভক্ত কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। ভক্তরূপে কৃষ্ণ কৃপা করেন জগতে।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২০ দামোদর, মঙ্গলবার ৪৪৩ শ্রীগৌরাব্দ।

বৈষ্ণব ও ইতর স্মৃতি

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর)

ধর্মশাস্ত্রের যে সকল বিধি অবলম্বন করিয়া জীবদশায় ব্যবহারিক কার্য নির্বাহ হয়, সেই বিধি-সমূহকে শাস্ত্রকে স্মৃতিশাস্ত্র বলে। অধিকার-ভেদে স্মৃতিশাস্ত্র বিবিধ। অপ্রাকৃত বিচার গ্রহণ না করিয়া জড়ভাবে সামাজিক শৃঙ্খলা রক্ষা করিবার জন্য বৈষ্ণবেতর স্মার্তগণ স্মৃতি-বিধিগুলিকে বহুমানন পূর্বক হরিবিমুখ সমাজ স্থাপন করিয়াছেন। সেই হরিবিমুখ সমাজের মধ্যে যাহারা ভগবদ্বহির্মুখ, তাঁহারা কেবলমাত্র স্মৃতিশাস্ত্রের উপদেশ ও বিধিগুলি পালন করেন না। ভগবদ্বহির্মুখ সমাজ সংখ্যায় প্রচুর হইলেও ভগবদুন্মুখ সমাজের উপর কোন প্রকার আধিপত্য বিস্তারে সমর্থ হয় না। ইতর স্মার্তগণ বলেন, ভগবদ্ভক্তির আদর করিয়া শাস্ত্রীয় প্রাণহীন বিধিগুলিকে পালন করিলেও সৎকর্মী বলিয়া খ্যাতি লাভ করা যাইতে পারে, কিন্তু পরমার্থিগণ তাঁহাদের সহিত একমত হইতে পারেন না। স্মার্ত ও পরমার্থিগণের একই শাস্ত্র হইতে অনেক পার্থক্য লক্ষিত হয়। শ্রীরঘুনন্দনাদি ব্যবহারকুশল স্মার্তগণ তাঁহাদের নিজ নিবন্ধগুলিতে বৈষ্ণবগণের পৃথক্ পৃথক্ ব্যবস্থা স্থানে স্থানে উল্লেখ করিয়াছেন। আমাদের পারমার্থিক স্মৃতি শ্রীহরিভক্তিবিলাস গ্রন্থে অবৈষ্ণবগণের স্মৃতিতে বৈষ্ণবের পালনীয় নহে এরূপ মীমাংসা লিপিবদ্ধ করিয়াছেন। ভগবদ্বিমুখতার স্রোত সমাজে প্রবলভাবে প্রবাহিত হইতে থাকায় বৈষ্ণবগণের আদর অনেকস্থলেই লক্ষিত হয় না। বৈষ্ণব স্মৃতির সমাদর সর্বত্র না থাকায়, সমাজে উহার উপযোগিতা থাকিতে পারে না, এরূপ বিচার 'নির্বোধ' সমাজেই শোভা পায়। যে-কালে আপনাদিগকে ভগবদ্বহির্মুখ ও অবৈষ্ণব মনে করেন, সেইকালেই তাঁহার বহির্মুখ সমাজে অবস্থানের দৃঢ় প্রতীতি হয়। তিনি মনে করেন—বৈষ্ণবেতর স্মার্তগণের প্রবল আক্রমণ হইতে তাঁহার রক্ষার আর উপায় নাই। বৈষ্ণবাচার্যের নিকট দীক্ষাপ্রাপ্ত হইয়া স্মার্ত রঘুনন্দনাদির পদাবলেহন পুরুষ-পরম্পরাক্রমে তাঁহার কৌলিক বৃত্তি। কিন্তু ইহা তাঁহার স্বরূপবিস্মৃতির ফল মাত্র। দীক্ষিত বৈষ্ণব যখন দেখিবেন যে, অদীক্ষিত হরিবিমুখ সমাজে আচার-ব্যবহার তাঁহার পরমার্থ-বিরোধী এবং পরমার্থের অনুরোধে ব্যবহারিক জীবনকেও অনুকূল করা আবশ্যক, তখন তাঁহার বৈষ্ণবস্মৃতির অনুসন্ধান আরম্ভ হইবে। যেকাল পর্যন্ত না তিনি পরমার্থে অগ্রসর হন, তৎকালাবধি তাঁহার ইতর স্মৃতির অনুগমন ধর্ম বলিয়া প্রতিভাত হইবে, কিন্তু ভাগবতের অনুশীলনে বহুপরিবর্তন হইলে সমাজের হিতৈষিগণ বৈষ্ণব স্মৃতির আদর করিতে শিখিবেন।

হায়! কি দুঃখের বিষয়, শ্রীমন্মহাপ্রভুর আদিষ্ট শ্রীসনাতন গোস্বামি লিখিত স্মৃতিশাস্ত্রের আদর আজ শ্রীগৌড়ীয়বৈষ্ণব-নামধারী সমাজে নাই। বৈষ্ণবের দাস বলিয়া পরিচয় দিয়া আমরা স্মার্তাচারের কার্য করিবার জন্য বৈষ্ণব স্মৃতির প্রচলন উৎসাদন করিয়াছি। যাঁহারা বৈষ্ণবস্মৃতির পুনঃ প্রবর্তনের প্রয়াস করিতেছেন, তাঁহাদিগকে শত্রু জ্ঞান করিতেছি! শ্রীগোপাল ভট্ট গোস্বামি-লিখিত বৈধিক পদ্ধতি অবলম্বনে যে সৎক্রিয়াসার-দীপিকা গ্রন্থ আজ চতুঃশতবর্ষ পূর্বে গৌড়ীয়বৈষ্ণব-সমাজে সংরক্ষিত ছিল, তাহা এতদিন সদাচারের অভাবে বৈষ্ণবকুলের মধ্যে বহু প্রকার অজ্ঞাত ছিল। শ্রীগৌরসুন্দরের ইচ্ছায় শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর মহোদয় বৈষ্ণবজগতে উহা প্রচার করিয়া ভক্তগণের যে অভাব দূর করিয়াছেন, তাহার ঋণ পরিশোধ করিতে শুদ্ধগৌড়ীয়বৈষ্ণবসমাজের সহস্র বৎসর লাগিতে পারে। আবার শ্রীগৌরসুন্দরের ইচ্ছা হইলে বৈষ্ণবসমাজ নিজ নিজ বিশুদ্ধতা রক্ষা করিবার জন্য উহার সার্বত্রিক প্রচলন করাইয়া লইতে পারেন। যে সময় শ্রীগৌরসুন্দর প্রপঞ্চে প্রকট হইয়াছিলেন, সেই সময় নবদ্বীপ স্মার্তসমাজের চরম উৎকর্ষের কাল। তিনি পরমার্থ ও হরিনাম প্রবর্তন করাইয়াছিলেন বলিয়া তাৎকালিক হরিনামবিরোধী সমাজ তাঁহার প্রতিকূলাচরণ করিতে বিরত হন নাই। শ্রীগৌরাঙ্গের ভক্তগণ ও গৌরভক্তের ভক্তগণ এখন কালে বর্ণাশ্রমে দৃঢ়ভাবে অবস্থিত হইয়া সেই শুদ্ধ হরিনাম গ্রহণ করিতে থাকুন। সমাজের প্রত্যেক ক্রিয়ার সহিত হরিবৈমুখ্য সংশ্লিষ্ট থাকিলে অবশ্যই হরিবিমুখ-প্রবৃত্তিক্রমে কষ্টে আক্রান্ত হইয়া পড়িবেন। যদি সামাজিক প্রত্যেক ক্রিয়ায় হরিবৈমুখ্য অনাদৃত হইয়া হরিসেবন-প্রবৃত্তিমুখে শুদ্ধ বর্ণাশ্রমধর্ম বহুলভাবে পুনঃ সংস্থাপিত হয়, তাহা হইলে বৈষ্ণবস্মৃতির আদর আমরা অচিরেই দর্শন করিয়া প্রোৎফুল্ল হইব।

মুখে হরিভক্ত আর প্রত্যেক কার্যে হরিবিমুখ ভাবপোষণ ও অন্তরের সহিত ইতর স্মৃতির আদর করিতে গেলে আমরা নিষ্কপটে বৈষ্ণবতাতে অধিষ্ঠিত হইতে পারিব না। নির্ব্যলীক না হইলে ভগবানের দয়া পাওয়া যাইবে না এবং শুদ্ধ বর্ণাশ্রমধর্ম প্রতিষ্ঠিত হইবে না। বর্ণাশ্রমাতীত শুদ্ধ পারমহংস্য বৈষ্ণবধর্ম, অশুদ্ধ বর্ণাশ্রম প্রতীতির মধ্যে কখনই সাধিত হইবার নহে, একথা বিজ্ঞকুলের বিবেচ্য বিষয়। "অন্তরে নিষ্ঠা কর, বাহ্যে লোক-ব্যবহার" এই বাক্যটির বিকৃত অর্থ করিয়া অশুদ্ধ বর্ণাশ্রমধর্ম অন্তরে পোষণ করিতে হইবে, এরূপ নহে। যাঁহারা নিষ্কপটে ভগবদ্ভক্তি আশ্রয় করিয়াছেন, তাঁহাদের জন্য শ্রীভক্তিরসামৃতসিন্ধু গ্রন্থে শ্রীরূপপাদ একটি শ্লোক উদ্ধার করিয়াছেন, তাহা এই—

লৌকিকী বৈদিকী বাপি যা ক্রিয়া
ক্রিয়তে মুনে।
হরিসেবানুকূলৈব সা কার্যা ভক্তিমিচ্ছতা॥

ভক্তির অনুকূল জীবন যাঁহারা যাপন করিতে অভিলাষ করেন, তাঁহারাই লৌকিক ও বৈদিক যাবতীয় ক্রিয়াবলী নিজ নিজ হরিসেবার অনুকূলেই স্বীকার করিবেন। তাঁহারা যে ব্যবহার লোকে স্থাপন করিবেন, উহা বৈষ্ণবের অনুষ্ঠানের সহিত বিরোধী হওয়া উচিত নহে। যদি আজ আমরা গৌড়ীয়বৈষ্ণব সমাজের আচার ও রীতি সমাজকে ভগবদ্ভক্তির অনুকূলে শুদ্ধ বর্ণাশ্রমধর্মে প্রতিষ্ঠিত দেখিতে পাইতাম, তাহা হইলে ভগবদ্ভক্তনামধারীর মধ্যে এরূপ গোলযোগ উপস্থিত হইত না। বহির্মুখ সমাজের ব্যবহার দেখিয়া ভক্তনিষ্ঠাবান্ বৈষ্ণবগণ পরস্পরের বাহ্য লোক ব্যবহারের দৌরাত্ম্যের কথা লোকসমাজে জ্ঞাপন করিতে উদ্যত হইয়াছেন। যদি তাঁহারা অন্তর্নিষ্ঠ না হইতেন, তাহা হইলে লোক-ব্যবহার অনুসরণকারী সমাজের অনুকূল হউক এরূপ সন্দেহজ্ঞাপক হইতেন না। হৃদয়ে নিষ্ঠা না থাকিলেই অর্থাৎ বিষ্ণু-বৈষ্ণবের পাদপদ্মে নিষ্ঠার অভাব হইলেই লোকব্যবহারের বাহ্য হেয় দর্শন জীবকে কুকর্মনিষ্ঠ হইতে দেয় না। মহাভারতে দুর্যোধনোক্ত "যথা নিযুক্তোঽস্মি তথা করোমি" এই বাক্যের দোহাই দিয়া কতই না পাপকার্যে অনেক জীবগণ অগ্রসর হইতেছেন! "অপি চেৎ সুদুরাচারঃ" শ্লোকের দোহাই দিয়া বৈষ্ণবনামধারী কত শত ব্যক্তি দুরন্ত নরকপথে বিপথগামী হইতেছেন! "যদ্যদাচরতি শ্রেষ্ঠঃ" শ্লোকের তাৎপর্য বিকৃত হইয়া আমাদের ভ্রম নামধারী আচার্যগণ ভক্তির পথে কণ্টকারোপণ করিতেছেন, যেহেতু বাহ্যে সাধারণ লোকের মধ্যে অসদ্ব্যবহার প্রচলিত আছে বলিয়া আপনাকে অন্তর্নিষ্ঠ বলিয়া কপটতা সহকারে পরিচয় দিতে থাকা কতই পরমার্থের প্রতিকূলাচরণ করিতেছেন। ভাগবতগণ অন্তর নামে বিমুখতাই যাহা লোকাচারে পরিণত হইয়াছে এবং তাহাই পালনীয় জানিয়া ব্যভিচারী সম্প্রদায় নিজ নিজ অন্তর্নিষ্ঠার পরিচয় দিতেছেন। বৈষ্ণব-সামাজিকগণ এই সকল কথা নীরবে আলোচনা করতঃ বৈষ্ণব-স্মৃতির অনুগমনে ভক্তিপথে অগ্রসর হউন ইহাই আমাদের সবিনয় নিবেদন। আমাদিগকে অযথা আক্রমণ করিয়া তাঁহাদের কোন কল্যাণ লাভ ঘটিবে না। দ্বেষ ও মদের প্রতি সদয় হইয়া তাঁহারা আমাদের সুবিনীত বাক্যগুলি পর্যালোচনা করুন।

আমার শরণাগতির অভাব

(শ্রীশৈলেন্দ্রগোবর্দ্ধন ব্রহ্মচারী)

শরণাগতিই ভক্তিরাজ্যে প্রবেশ করিবার একমাত্র প্রধান সোপান। আত্মমঙ্গলাকাঙ্ক্ষী সদ্‌গুরুর প্রত্যেক শ্রেয়স্কামী জীবমাত্রেরই ভগবান্ ও ভক্তবিগ্রহ শ্রীগুরুদেবে শরণাপন্ন হইবার আবশ্যকতা আছে। শ্রীগুরুবৈষ্ণবচরণে সম্পূর্ণভাবে শরণাপন্ন না হইতে পারিলে তাঁহাদের হৃদয়ের একমাত্র সম্পত্তি যে কৃষ্ণ, তাঁহার সাক্ষাৎকার লাভ করা যায় না। যেখানে বিষয়াকাঙ্ক্ষিত যোষিদ্গণ-আরাধিত শ্রীকৃষ্ণচন্দ্রের শ্রীপাদপদ্মের সেবালাভের প্রয়োজনীয়তা, সেইখানেই গুরুপাদপদ্মে আশ্রয়বিগ্রহ শ্রীগুরুপাদপদ্মে সর্বতোভাবে আত্মসমর্পণের বিচার বলবান্। আর যেখানে কৃষ্ণপ্রাপ্তির কল্পনা, পরন্তু তাঁহার সেবার কোন কথা নাই, সেখানে আছে কেবল বিষয়ভোগ ও কনক-কামিনী-প্রতিষ্ঠা।

স্ব-স্ব বাসনানুসারে ইচ্ছায় এই ব্রহ্মাণ্ডে ভ্রমণকারী সাধারণের কল্যাণকর ... জীবমাত্রেই এক একটি—দুঃখ সংসারের পথ গ্রহণ করে। তাহাতে তাহারা ভোগ ও অভ্যুদয়ে ক্ষণিক সুখ আপাতমনোরম বিষয় ভগবদিচ্ছাক্রমে কিছুদিনের জন্য লাভ হয় বটে, কিন্তু তাহা স্থায়ী হয় না বলিয়া অভাবে জীবের হৃদয় প্রায় শূন্য হইয়া দাঁড়ায়। নিত্য বস্তু পাইতে এরূপ লোকসমাজের কোন কথাই নাই, পরন্তু তা নিত্যানন্দপ্রদ। শ্রীভগবানকে লাভ করিতে হইলে শ্রীভগবানের আত্মসমর্পণ করিতে হইবে। গীতায় ভগবান্ বলিয়াছেন,—

"সর্বধর্মান্ পরিত্যজ্য মামেকং
শরণং ব্রজ।
অহং ত্বাং সর্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা
শুচঃ॥"

কৃষ্ণ তারে দেন নিজ চিন্তামণি ধন। যারা আকর্ষণ হাতে হইয়া ভুঞ্জন॥

"দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং
তরন্তি তে॥"

শ্রীভগবান্ তাঁহার পরমপ্রিয় ভক্ত অর্জুন ও উদ্ধবকে লক্ষ্য করিয়া জগজ্জীবকে তাঁহার শ্রীচরণে আত্মসমর্পণ করিতে শিক্ষা দিয়াছেন। ভক্তশ্রেষ্ঠ অর্জুন শ্রীবাণীকারূপে বদ্ধজীবের ন্যায় লীলাভিনয় করিয়া ভগবচ্চরণে আশ্রয়গ্রহণ ও সর্বাত্মসমর্পণের কথা স্বয়ং আচরণ করিয়া শিক্ষা দিয়াছেন—

"যচ্ছ্রেয়ঃ স্যান্নিশ্চিতং ব্রূহি তন্মে।
শিষ্যস্তেঽহং শাধি মাং ত্বাং প্রপন্নম্॥"
(গীতা)

শ্রীমদ্ভাগবতে মহাভাগবত শ্রীল উদ্ধব পরমদয়াল শ্রীকৃষ্ণের বাল্যলীলাদি বর্ণন করিতে গিয়া শ্রীকৃষ্ণচরণে শরণগ্রহণ ব্যতীত আর কাহার শরণগ্রহণ করিব বলিয়া আমাদিগকে ভক্তরূপে শরণগ্রহণের উপদেশ দিয়াছেন।

"অহো বকী যং স্তনকালকূটং
জিঘাংসয়াপায়য়দপ্যসাধ্বী।
লেভে গতিং ধাত্র্যুচিতাং ততোঽন্যং
কং বা দয়ালুং শরণং ব্রজেম॥"

স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণচৈতন্য কৃপাপূর্বক স্বয়ং এ জগতে অবতীর্ণ হইয়া নিজেই নিজের সেবা শিক্ষার জন্য ভক্তরূপে শ্রীভগবানের ও বৈষ্ণবের শ্রীপাদপদ্মে আত্মসমর্পণের কথা স্বয়ং আচরণ করিয়া আমাদিগকে জানাইয়াছেন। স্বরূপবিস্মৃত জীবকে সেবা সুযোগ প্রদান করিবার জন্য ভগবান্ কতভাবেই না চেষ্টা করিতেছেন। স্বয়ং শ্রীগৌরসুন্দর এ জগতে অবস্থান করিয়া জীবমঙ্গল বিধান করিয়াছেন। গৌরকৃষ্ণের প্রকাশবিগ্রহ জগদ্‌গুরু শ্রীমন্নিত্যানন্দ প্রভু আচার্যরূপে স্বয়ং আচরণমুখে শ্রীভগবান্ ও তদীয় ভক্তপাদপদ্মে শরণাগতি শিক্ষা দিয়েছেন। পূর্ণ শরণাগতিফলে হৃদয়ে দিব্যজ্ঞান প্রকাশিত হইয়া থাকে। শ্রীগুরুদেব ও বৈষ্ণবগণের প্রতি যাহার যে পরিমাণে শরণাগতি দিন সেই অনুপাতেই ভগবৎ-কৃপার পাত্র। শরণাগতির প্রভাবে মায়ার প্রভাব তিরোহিত হইয়া যায়। মায়ার হস্ত হইতে পরিত্রাণের উপায়—একমাত্র ভগবচ্চরণে পূর্ণ শরণাগতি। সেই শরণাগতির লক্ষণ সম্বন্ধে বরাহপুরাণ এইরূপভাবে কীর্তন করিয়াছেন,—

"আনুকূল্যস্য সঙ্কল্পঃ প্রাতিকূল্যস্য বিবর্জনম্
রক্ষিষ্যতীতি বিশ্বাসো গোপ্তৃত্বে বরণং তথা
আত্মনিক্ষেপকার্পণ্যে ষড়্বিধা শরণাগতিঃ।"

শুদ্ধভক্তিগণের সর্বপ্রধান নিদর্শনস্বরূপ কবিরাজ গোস্বামী শ্রীচৈতন্যচরিতামৃতে শরণাগতকেই লক্ষ্য করিয়াছেন,—

অসৎসঙ্গ ত্যাগ—এই বৈষ্ণব আচার।
স্ত্রীসঙ্গী এক অসাধু, কৃষ্ণাভক্ত আর॥
এত সব ছাড়ি আর বর্ণাশ্রম-ধর্ম।
অকিঞ্চন হঞা লয় কৃষ্ণৈকশরণ॥
শরণাগতের অকিঞ্চনের একই লক্ষণ।
তার মধ্যে প্রবেশয়ে আত্মসমর্পণ॥
শরণ লঞা করে কৃষ্ণে আত্মসমর্পণ।
কৃষ্ণ তারে করে তৎকালে আত্মসম॥

বিষ্ণুবৈষ্ণবে শরণাগত হইলেই ভবের ভয় চলিয়া যায়। তখনই গুরুবৈষ্ণবকৃপায় জীবের শুদ্ধ সেবাপ্রাপ্তির সৌভাগ্য হয়। এইটীই প্রথম ও প্রধান সদাচার। বদ্ধজীবের প্রতি অহৈতুকী করুণা করিয়া ভজনশিক্ষা সহজ ও সরল করিবার জন্য জগদ্‌গুরু শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর 'শরণাগতি' গ্রন্থটী রচনা করিয়া আমাদের প্রতি অযাচিত কৃপাধারা বর্ষণ করিয়াছেন। প্রত্যেক আত্মমঙ্গলকামী ভগবদ্ভজনেচ্ছু ব্যক্তিমাত্রেরই ইহা প্রাণস্বরূপ। ইহাকেই কণ্ঠহার জানিয়া সাধুসঙ্গে ভজনানুশীলন করিলে সহজেই আত্মস্বরূপ উপলব্ধি হইতে পারে। কিন্তু যিনি শরণাগতিকে উল্লঙ্ঘন করিয়া স্ব-স্ব প্রাকৃত বুদ্ধি, মেধা ও বলের দ্বারা চালিত হইয়া শ্রীগুরুবৈষ্ণবের পাদপদ্ম দর্শন করিতে চেষ্টা করিবেন তিনি অবশ্যই বঞ্চিত হইবেন। অপ্রাকৃত শ্রীগুরুবৈষ্ণব অধোক্ষজ জ্ঞানগম্য বস্তু নহেন। শরণাগতির সদাবলম্বনে ক্রমশঃ জীব যখন সর্বস্ব শ্রীগুরু-বৈষ্ণব-ভগবানে সমর্পণ করিয়া তাঁহাদের আনুগত্যে চলেন তখন দুর্লভ মানবজন্মের সার্থকতা সম্পাদিত হয়, তদ্ব্যতীত জীবের মঙ্গল লাভের আর উপায় নাই।

এখন বুঝিতেছি, শরণাগতির অভাবে আজ আমার এত দুর্দশা হইয়াছে। হায় গুরুদেব! ভগবান্ যাঁহার সেবক ভগবানের সেই পরম প্রিয়তম সচ্চিদানন্দবিগ্রহ শ্রীগুরুদেব ও তাঁহার অন্তরঙ্গ পার্ষদগণের শ্রীপাদপদ্মে আমি ত' আত্মসমর্পণ করিতে পারিলাম না। পূর্ণ হইতেই অপূর্ণ শরণাগতি-লাভের কথাটী জানিয়াছি এবং বহুবার শুনিয়াও যে, আত্মসমর্পণ ব্যতীত শ্রীগুরুবৈষ্ণবের কৃপা লাভ করা যায় না, তথাপি আমার চেতন হইতেছে না, এমনি আমি হতভাগ্য! হায় সাধুসঙ্গের অভাব ও কপটতার জন্যই আমি এত বড় কথাটা উপলব্ধি করিতে পারিতেছি না। তাই শ্রীগুরুবৈষ্ণবের প্রতি শ্রদ্ধাভক্তির উদয় না হইয়া আজ তাঁহাদের প্রতি বিদ্বেষভাব পোষণ করিয়া অন্ধ রৌরবের দিকে ধাবমান হইতেছি, এমনি আমার পোড়া কপাল!

যখন দুই মন নিতান্তই শরণাগত হইল না তখনই অবসর পাইয়া মায়াপিশাচী নানাবিধ বন্ধনের দ্বারা আমাকে ভোগে প্রবৃত্ত করত সংসার-কারাগারে আবদ্ধ করিতে উদ্যত হইল এবং আমি তখন কামনা-বাসনার দাস্যে নিয়োজিত হইলাম। অশোক-অভয়-অমৃতের আধার স্বরূপ শ্রীগুরু-বৈষ্ণবপাদপদ্ম ত্যাগ করিয়া কামক্রোধের দাস, কনকের দাস, কামিনীর দাস হইয়া পদকে পদকে তাহাদের লাথি খাইতেছি, আত্মকল্যাণের দ্বার রুদ্ধ করিয়া দিয়া অমঙ্গলের পথ বরণ করিতেছি। হায়! হায়! বুঝিয়াও যে বুঝিতেছি না, শুনিয়াও যে শুনিতেছি না। আমার মত মন্দভাগ্য নিতান্ত পোড়া কপাল আর কাহার আছে? কিন্তু দয়ালের কৃপার অবধি নাই। তাই পরদুঃখদুঃখী তাঁহারা তারস্বরে কীর্তন করিতেছেন, যদি তুমি ত্রিতাপজ্বালা হইতে মুক্ত হইতে চাও—যদি তুমি কাম,ক্রোধ, শোক,ভয় ও এষণার হস্ত হইতে ত্রাণ পাইতে চাও, যদি তুমি ভুক্তি-মুক্তি-সিদ্ধি-বাঞ্ছার আশা সম্পূর্ণ ভাবে পরিত্যাগ করিতে চাও, তাহা হইলে এই শুভমুহূর্তে আশ্রয়-ভগবান্ গৌরনিজজন শ্রীরূপ-রঘুনাথের বাণীপ্রচার-রত আচার্যবর্যের কোটিচন্দ্রসুশীতল শ্রীচরণকমলে সর্বস্ব অর্পণ করিয়া তোমার জীবন সার্থক কর। কিন্তু আমার মত কপট যাহারা তাহাদের মঙ্গলময়ী বাণীকে অবহেলা করিয়া সংসারকেই নিত্যমঙ্গলের আগার বলিয়া বরণ করিল হায় দুর্দৈব!

আমি যে এখন নিরাশ্রয়! আমি কি কোনদিন শ্রীগুরুবৈষ্ণবচরণে শরণাগত হইতে পারিব না? করুণাময় শ্রীগুরুদেব! আপনার শুভদৃষ্টি কি এ অযোগ্য দীনাতিদীন দাসের উপরে পড়িবে না? আমি কি চিরবঞ্চিতই থাকিব? তাই পুনঃ পুনঃ কৃপাভিক্ষা করিতেছি।

"রূপসনাতন-পদে দন্তে তৃণ করি।
বিনোদসেবক পড়ে দুই পদ ধরি॥
কাঁদিয়া কাঁদিয়া বলে আমি ত অধম।
শিখায়ে শরণাগতি করহে উত্তম॥"

মোদদ্রুম-গৌড়ীয়মঠে তিরোভাব-উৎসব ও অন্নকূট মহোৎসব

গত ১৭ই কার্তিক বুধবার বামনদাতার শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরের শ্রীপাট শ্রীমোদদ্রুমদ্বীপ-গৌড়ীয়মঠে তদীয় অপ্রকট-তিথি-মহোৎসব গৌড়ীয়মঠাচার্য ও ত্রিদণ্ডিস্বামী পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিপ্রসাদ পুরী গোস্বামী প্রভুর আনুগত্যে ও তাঁহার কৃপানির্দেশে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। উৎসবোপলক্ষে শ্রীধাম-মায়াপুর, চাঁপাহাটি, বিদ্যানগর, জান্নগর, নবদ্বীপ প্রভৃতি স্থান হইতে বহু ভক্তের সমাগম হইয়াছিল। উৎসবের অধিবাসদিবস রাত্রিতে সন্ধ্যারাত্রিক, পরিক্রমণ ও বন্দনা কীর্তনের পর শ্রীচৈতন্যচরিতামৃত আদিলীলা ৮ম পরিচ্ছেদ হইতে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্য-পুরাণতীর্থ মহোদয় বৈষ্ণব-পূজামাহাত্ম্য, শ্রীগৌরবিগ্রহগণের মর্যাদা বৈশিষ্ট্যবিচার, শুদ্ধভক্তির লক্ষণ, নিরপরাধে নামকীর্তনের আবশ্যকতা, শ্রীচৈতন্যভাগবতের মাহাত্ম্য, শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের চৈতন্য-ভাগবতের গ্রন্থকারত্ব ও তদীয় শ্রীপাদপদ্মমাহাত্ম্য-বিষয়ে এক ঘটিকার অধিক সময় পাঠ করেন। তৎপর দিবস ঊষঃকাল হইতে মঙ্গলারাত্রিক, শ্রীগুরুপরম্পরা-কীর্তন, শ্রীদামোদরাষ্টক, "এইবার করুণা কর বৈষ্ণব গোসাঞি" "উদিল অরুণ" প্রভৃতি কীর্তনের পর শ্রীচৈতন্যভাগবতের আদি খণ্ড, ১ম অধ্যায় পাঠ হয়। অতঃপর শ্রীমন্দির-পরিক্রমণান্তে নগরসংকীর্তন বাহির হইয়া শ্রীল বাসুদেব দত্ত ঠাকুরের পাট, শ্রীল শারঙ্গ মুরারি ঠাকুরের পাট ও শ্রীমদনগোপাল বিগ্রহের শ্রীমন্দির পরিক্রমণ করেন। অতঃপর পূর্বাহ্ণ ১১ ঘটিকা হইতে ২ ঘটিকা পর্যন্ত পাঠ ও কীর্তন করিয়া ছিলেন। প্রথমে পণ্ডিত শ্রীপাদ মধুসূদন দাসাধিকারী কাব্যতীর্থ মহাশয় বহু শ্রোতার সম্মুখে শ্রীচৈতন্যভাগবতের ভূমিকা হইতে 'শ্রীল ঠাকুরের জীবনী' ও 'গৌড়ীয়-ভাষ্য ভূমিকা' শ্রীচৈতন্যচরিতামৃত, মধ্যলীলা, ৮ম পরিচ্ছেদ হইতে শ্রীল মাধবেন্দ্র-পুরীপাদের গোপাল-সেবা, গোপালের অন্নকূট-মহোৎসব ও শ্রী... গোপীনাথ-প্রসঙ্গ অতি সুন্দর ভাবে পাঠ ও ব্যাখ্যা করেন। অনন্তর পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্য-পুরাণতীর্থ ভক্তিশাস্ত্রী মহাশয় শ্রীমদ্ভাগবত, ১০ম স্কন্ধ, ২৪শ অধ্যায় হইতে শ্রীগোবর্ধনপূজাপ্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। অনন্তর ভোগারাত্রিক সমাপ্তির পর প্রায় সন্ধ্যা পর্যন্ত বহু ব্যক্তিকে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়। উৎসবোপলক্ষে শ্রীবিগ্রহের ভোগরাগ ও পূজার অপূর্ব হইয়াছিল। স্থানীয় ও দূরবর্তী বহু ভদ্রলোক ও সম্ভ্রান্ত ব্যক্তি এই মহোৎসবে যোগদান করিয়া পরমানন্দিত হন। সন্ধ্যারাত্রিকের পর শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারীজী শ্রীমদ্ভাগবত, ১০ম স্কন্ধ, ২৫শ অধ্যায় হইতে শ্রীকৃষ্ণের ইন্দ্রদর্পদলন-লীলা ও আশ্রিতবাৎসল্য সম্বন্ধে ১ঘণ্টার অধিক কাল পাঠ করেন। পাঠে বহু শ্রোতা উপস্থিত ছিলেন।

উৎসবোপলক্ষে মঠরক্ষক শ্রীপাদ উপেন্দ্র-বিলাস দাসাধিকারী, শ্রীযুক্ত দয়ালগণ দাস অধিকারী প্রভৃতির সেবাচেষ্টা বিশেষ প্রশংসার্হ।

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে নীচে ভজন,গর্ববিজা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ,শ্রীগৌর,গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। জগদ্বীন শুদ্ধ-ভক্তিপ্রচারকার্যালয়, প্রকাশ্যস্থলে অছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৩। কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। নিয়ত পাঠ, কীর্ত্তন, আচার্য্যচতুষ্টয়-সেবা প্রভৃতি ভক্ত্যঙ্গের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমোনিষ্ট ইংরেজী পত্র প্রকাশিত হয়। সম্পাদক শ্রেষ্ঠার্য্য শ্রীপাদ নবীনচন্দ্র রায় বি এ।

(৩) যোগমায়াপুর মঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজগোপগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ও বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগবান্‌দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীমিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের ধাম

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক - শ্রীযজ্ঞানন্দ ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাটজারা (শ্রীবৃন্দ-ভবনের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ আচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীকুঞ্জেশ্বরনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চাকদহ পরগণা

রক্ষক—শ্রীনগেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর পোঃ ঢাকা

রক্ষক—শ্রীনয়নাভিরামদাস ব্রজবাসী।

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক - শ্রীরাধিকাকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীপ্রভুপাদ ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

জলাপাহাড়, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠপীঠ

পোঃ ডরিয়াব, জিঃ মাতারগঞ্জ, ই, বি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং ক্ষরিজপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅচ্যুতানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর , ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক— শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) প্রজানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫)নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—গেবাটী,

পোঃ হোডেল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৭৩নং রুমান রোড, নিউ দিল্লী;

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্পাউণ্ড বিল্‌ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅবিজ্ঞ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীকৃষ্ণগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ মধুসূদন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীকৃষ্ণগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যারত্ন

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌরআলালনাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক —শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীজ্ঞেয়ানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁধপলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্‌-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকণিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাজু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ঝুড়কুড়া, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ সেবকাগ্র্য অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন্, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম বাদি	৬॥০
দাদখানি	৫৸০
ঐ নতুন	৫৲
কাটারিভোগ	৭৲-৭।০
বাঁকতুলসী	৫।০
বালাম নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
বালাম তোলাঘাটি	৪৲
সিদ্ধ বেতুল	৩।৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪।০
দেশোয়ারী	১০৲-১০।০
বাঁকতুলসী আতপ	৫।০-৫।৵
ঐ বাদামি	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫।০-৫।০
কাটারিভোগ	৭৲
ঐ বেতুল	৩৵০

চিনির দর

চিকাটিন, চীৎপ	১০॥৵০
কাশীপুর ১০০০ নং	১০৵০
মাধকোলা সাদা	৯।০
কাশীপুর সাদা	৮।০—৯৵০
চাদপুর লাল	৭॥৵০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

সোনা	৩৪।০
রূপা	২২৲
গিনি	৫১।০

পাটের দর

ফার্ষ্ট—	৪০৸০
সেকেণ্ড—	৪০৸০
থার্ড—	৪১।০
বাজার পাটের দর—	৪১৲

আটা ও ময়দার দর

পাটনা আটা প্রতি মণ	৬।০—৬।৵০
[illegible] ঐ	৬৲—৬৵০
[illegible] ঐ	৫৸৵০—৫৸০
সুজী	৬৲—৬৵০
আটা (বি)	৫৸০—৫৸৵০
আটা নং (২)	৫৵০—৫॥৵০
আটা (এল)	৫৲—৫।০
আটা (বে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	৯।০—৯॥৵০
[illegible]	১৸৵০—.৸০
খুদ	১৸৵০—১৸৵০

ঘৃতের দর

[illegible]	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৫০৲

[illegible]	৪৸০
[illegible]	৫৬৲
[illegible]	৩৬৲
[illegible]	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী—	প্রতি হন্দর
লোহার কড়ি (জয়েষ্ট বা গার্ডার)	
মার্কা	৯৵০—৯৸৵
ঐ বে-মার্কা হালকা ওজন	৮৲—৮।০
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৵
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৵০
বরগা (টি আয়রণ)	৮।০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৸৵০—৮৸০
টাটা গ্যাঃ করগেট সিট।	।৵০
২৪ গেজ—	১৪।০
২৬ গেজ—	১৬।০
২৮ গেজ—	১৫।০
টাটা গ্যাঃ প্লেন সীট।	
২৪ গেজ—	১৪৸৵০
২৬ গেজ—	১৬।৵০
২৮ গেজ—	১৬৵০
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৬৸০
২৬ গেজ—	১৪৸০
গ্যাঃ মটকা ২৪—৩০ গেজ	
সীট	।৵১০—৸৵০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
প্লেট কাটিং বা ছিট কাটা মণ	৬।০—
গাড়ী কাটিং ৭—৯ ফুট লম্বা	
৬।০—৬।০	হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ইঞ্চ	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন শাসি, বোল্টু, নাটু	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের	
জন্য	৮৸০—১১।০
ফুঃ ইস্পাত আর্সেল ১৩৲	নকল ২১৲
চটকলের হালখণ ৫৵০, পাটের হালখণ ৬।০	
তুলার হালখণ ৪।০	

তুলের দর

কলিকাতা ২৫শে জুন,

আমেরিকা সোনার কাইন	৫৪৲
মিট ও আমেরিকা কম্বল	৪০৲
কণাড়ি ধুবলিয়া কাইন	৪০৲
হাবাটি ভালা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেঙ্গল মসলা

কলিকাতা, ২৫শে জুন,

	প্রতি মণ
পাকা মাল	৮।০
সুপারী বেশী	১৬।০—১৭৲
কাটা সুপারী	১০।০—১১।০
বুটি বড়ী	১৫।০—১৭।০
নয়া নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স্ লিঃ
ডি-৫ জগন্নাথ ঘাট সেনাপতি, কলিকাতা।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৭—৫৬,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—;
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৫,	২০—৩২
স্বরূপগঞ্জঘাট	পৌঃ	৭—৩৫	১১—১০,	১৪—৯	১৮—১৩,	২০—৩৭

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

স্বরূপগঞ্জঘাট	ছাঃ	৫—৩৫	৯—২৫	১১—৪০	১৬—৩	১৮—৩০
মহেশগঞ্জ	ছাঃ	৫—৫০	৯—৩৩	১১—৫৮	১৬—৮	১৮—৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬—২০	১০—৩	১২—১৮	১৬—৩৩	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠ ভট্টাচার্য্যের

কেশরঞ্জন পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

[illegible] জীর্ণ জ্বর [illegible] অত্যন্ত শক্তিশালী। [illegible] এবং নূতন ও পুরাতন জ্বর একবার সেবন করিয়া দেখুন যে আমাদের কথা সত্য কি না। বড় বোতল ৮৵০ আনা, ছোট বোতল ১৵০ আনা। ডাকমাশুল স্বতন্ত্র।

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেলোনা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অদ্যবধি জীবনচরিত এতাবৎকাল সম্যক্ গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূর্ণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যদেবের উৎসাহে সর্ব্ববিদ্যাসমন্বিত সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সঙ্কলিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে কোয়ার্টার ইঞ্চি ।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি ২৲	১।০	১।০	১৲
সিকিকলম ৫৲	৪৲	৪৲	৩৲
" অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে কোয়ার্টার ইঞ্চি ৩	৬॥০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৪৲	২০৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
৬ মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১

প্রতি সংখ্যা /৫; বিশেষ সংখ্যা ।০ ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতরত্ন সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মুগ্ধ হউন। এই বিরাট অভিনব ও আন্তর্জাতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের মুখবন্ধ (Foreword), লেখকের ও গ্রন্থকারের ভূমিকা (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—সত্যাজ গৌড়ীয়মঠ, রাজশাহী মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

দ্বিতীয় সংস্করণ

ছাপা হইতেছে।

ভক্ত-বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

রেজিঃ শ্রীমায়াপুর
জেলা নদীয়া—শ্রীধাম—শ্রীমায়াপুর

শ্রীমায়াপুরস্থ শ্রীধাম
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়-সংরক্ষক
শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভা
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ
THE NADIA-PRAKASH

REG NO C 1544

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিক্ষিত
আচার্য্যত্রিক
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক সংবাদপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২৩শে কার্ত্তিক, ১৩৪৪, ৯ই নভেম্বর, ১৯৩৭, মঙ্গলবার [সংখ্যা ২০৬]

বিবিধ সংবাদ

—(স্বদেশ)—

নিখিল ভারত শিক্ষা সম্মেলন

আগামী ২৭শে ডিসেম্বর, কলিকাতায় নিখিল ভারত শিক্ষা সম্মেলনের প্রথম অধিবেশন হইবে। সম্মেলনের আয়োজনের জন্য কলিকাতায় খুব তোড়জোড় চলিতেছে। ভারতের বিভিন্ন দেশীয় রাজ্য, উক্ত ইংরেজী বিভাগসমূহ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়, স্কাউট গাইড ট্রেনিং ইনষ্টিটিউশনসমূহ, বিদ্যালয়সমূহ, শান্তিনিকেতন, শ্রীনিকেতন প্রভৃতি প্রতিষ্ঠান হইতে প্রায় এক হাজার প্রতিনিধি প্রতিনিধি হিসাবে সম্মেলনে যোগ দিবেন। দেশীয় রাজ্যগুলির মধ্যে মহীশূর, বরোদা, মধুর প্রভৃতির নাম উল্লেখযোগ্য।

সম্মেলনের আলোচ্য বিষয়গুলিকে নিম্নলিখিত বিভাগে ভাগ করা হইয়াছে:—

(১) শৈশব ও পারিবারিক শিক্ষা, (২) প্রাথমিক ও পল্লী শিক্ষা, (৩) মাধ্যমিক শিক্ষা (৪) বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, (৫) প্রাপ্ত বয়স্কদের শিক্ষা, (৬) বৃত্তি শিক্ষা, (৭) প্রচলিত পরীক্ষার নিয়ম, (৮) শিক্ষা বিষয়ক গবেষণা—শিক্ষকের শিক্ষা, (৯) স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা, (১০) আন্তর্জাতিকতা ও আন্তর্জাতিক শান্তি, (১১) নৈতিক ও ধর্ম শিক্ষা।

শিক্ষা সম্মেলনের আর একটি বৈশিষ্ট্য হইবে একটি শিক্ষা-প্রদর্শনী। উহাতে আমেরিকা ও ইউরোপে যে-সব নূতন ধরণের স্কুল আছে, তাহাদের শিক্ষা-পদ্ধতি ও কার্যাবলী এইবারকার প্রদর্শনীতে প্রদর্শিত হইবে বলিয়া জানা গিয়াছে। ডাঃ ... প্রভৃতি এই প্রদর্শনীর জন্য ... শিক্ষাব্রতীগণের সাহায্য এই কাজের ভার লইয়াছেন। তাঁহারা দুই হাজার ছবি দ্বারা ইউরোপ ও আমেরিকার বর্তমান নূতন ধরণের স্কুলগুলির কার্যাবলী দেখাইবেন। সম্প্রতি প্রায় এক সপ্তাহ পূর্বে মাদ্রাজে পৌঁছিয়াছেন। তাঁহারা ২৮শে ডিসেম্বর কলিকাতা পৌঁছিবেন আশা করা যায়। সিটি কলেজে প্রদর্শনী খোলা হইবে।

আমেরিকার যুক্তরাষ্ট্রের গভর্ণমেন্ট কিছুকাল পূর্বে মাধ্যমিক শিক্ষা পুনর্গঠন সম্পর্কে যে কমিশন নিয়োগ করেন, সেই কমিশন যে সব সুপারিশ করিয়াছেন তদনুযায়ী প্রদর্শনী সংগঠন করা হইবে।

এই সম্মেলন উপলক্ষে ভারতের শিক্ষকদের টেনিস টুর্ণামেন্টের ব্যবস্থাও হইতেছে। স্কুল মাষ্টার, অধ্যাপক, অধ্যক্ষ ও শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালকগণই টুর্ণামেন্টে যোগ দিতে পারিবেন।

—

প্যালেষ্টাইনে আবার হাঙ্গামা

গত ৫ই নভেম্বর সন্ধ্যা ৭ ঘটিকার সময় জেরুজালেমের ব্রাডলাচ রেজিমেন্টের দুইজন সৈন্য গুলীর আঘাতে নিহত হইয়াছে।

উক্ত সৈনিকদ্বয় সহরের প্রাচীরের বহির্ভাগে অবস্থিত বড় রাস্তা দিয়া যাইতেছিল। এই সময় দুইজন আরব নিকটবর্তী স্থান হইতে তাহাদিগকে লক্ষ্য করিয়া গুলী করে। সৈনিকদ্বয়ের নিকট গুলীভরা বন্দুক ছাড়া আর কোন অস্ত্র ছিল না। আততায়ীরা সিলওয়ান গ্রামে যাইবার পথে বহির্ভাগে রক্ষিত একটা ভাণ্ডারে পলাইয়া যায়। একটি বিরাট পুলিশ বাহিনী হত্যাকারীদের অনুসন্ধান করিতেছে।

আলীগড়ে সাম্প্রদায়িক দাঙ্গা

গত ৫ই নবেম্বর সিকান্দ্রায় হিন্দু ও মুসলমানদের মধ্যে পুনরায় সংঘর্ষ হয়। ফলে ১০ জন জখম হয়। তন্মধ্যে একজনকে সিভিল হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে। সহরে উত্তেজনা বিরাজমান রহিয়াছে।

উপদ্রুত অঞ্চলসমূহে পুলিশ-প্রহরী মোতায়েন করা হইয়াছে। জিলা ম্যাজিষ্ট্রেট ও পুলিশ সুপারিন্টেণ্ডেন্ট উপদ্রুত অঞ্চল পরিভ্রমণ করিতেছেন।

হিন্দু ও মুসলমান নেতৃবৃন্দ এই নবেম্বর হাসপাতাল পরিদর্শন করেন। লীগ ও সেবাসমিতি হাসপাতালে তাহাদের স্বেচ্ছাসেবক মোতায়েন রাখিয়াছেন।

শিল্প-সংরক্ষণ সম্বন্ধে তদন্ত

জাপানী প্রতিযোগিতার হাত হইতে ক্ষুদ্র বাণিজ্য সংরক্ষণের জন্য যে একটা বিশেষ তদন্ত হইবার কথা ছিল, তাহা স্থগিত রাখিয়া দেওয়া হইয়াছে বলিয়া গতকল্য এক সরকারী ইস্তাহার প্রকাশিত হইয়াছে। গভর্ণমেন্টের মতে ... ক্ষুদ্র ব্যবসার সম্বন্ধে পরিস্থিতির উচ্চ ও চাপ কমিয়াছে, জাপানের দর বৃদ্ধি পাওয়াতে বর্তমানে এই অস্থায়ী তদন্ত বিষয়ে পরিবর্তন কোনও পরিবর্তন সাধন আবশ্যক বলিয়া সরকার মনে করেন না।

—

ভূমিকম্পে ৬ জনের মৃত্যু

ভোপালে অতিরিক্ত ভূমিকম্পে ছয় জনের মৃত্যু হইয়াছে। প্রকাশ একজন পুরুষ ও একজন স্ত্রীলোক ঐ মন্দিরের অভ্যন্তরে থাকার সময় বরফ পড়ে। তাহারা সকলেই বরফের নীচে চাপা পড়ে। অন্যেরা লোকজন আসিয়া তাহাদিগকে উদ্ধার করে। তাহাদের মধ্যে ৬ জন অর্দ্ধমৃত অবস্থায় মারা যায়। ঐ দিন একটি বিরাট বরফখণ্ডের চাপে একটা ঘোড়ার গাড়ীর আরোহীকে দেখা যায় না।

—

আরবে বিদ্রোহ

প্যালেষ্টাইনের নেইসানে একদল সশস্ত্র আরব থানায় হানা দিয়া পাঁচ ঘণ্টা কাল গুলীবর্ষণ করে। একটি বোমাও ছোড়া হয়, কিন্তু কোন ক্ষতি হয় নাই। পুলিশের কেহ হতাহত হয় নাই। বেথলেহেমে এখন সৈন্য প্রেরণ করা হইতেছে।

প্রকাশ, এক এক বারে দুই তিনজন করিয়া বহু সশস্ত্র বিদ্রোহী বাহির হইতে আসিয়া প্যালেষ্টাইনে প্রবেশ করিয়াছে। উক্ত দল তাহাদেরই একটা অংশ। এই সব বিদ্রোহী ইরাকী সৈন্যবাহিনীর ভূতপূর্ব ডাঃ ... রোহিমের নেতৃত্বে সংঘবদ্ধ হইয়াছে।

—

চিটাগংরে প্রবল বারিবর্ষণ

প্রবল বৃষ্টিপাতের ফলে চিটাগংয়ে ভীষণ কাণ্ড সংঘটিত হইয়াছে। মাত্র ... ইঞ্চির অধিক বৃষ্টিপাত হইয়াছে। তাহার ফলে কতিপয় গৃহ ভূমিসাৎ হইয়াছে এবং বহু লোক আশ্রয়হীন হইয়া পড়িয়াছে।

তিনটা সেতুর অংশ ভাঙ্গিয়া গিয়াছে। প্রায় ৫০০০০ টাকার ক্ষতি হইয়াছে বলিয়া অনুমান করা যায়। কয়েকটী বিদ্যালয় বন্ধ হইয়া পড়িয়াছে এবং গ্রাম সমূহের যাতায়াতের জন্য নৌকা ব্যবহৃত হইতেছে। এপর্য্যন্ত প্রাণহানির কোনও সংবাদ পাওয়া যায় নাই। রাস্তা ও রেলওয়ে চলাচল এখনও আরম্ভ হয় নাই

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

অক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র	৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত —	২৮৲
দশম স্কন্ধ—	২৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত	৬৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত	৬৲
৩। সরস্বতী-জয়শ্রী	৬৲
৪। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী	
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০	
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী	
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০	
৭। শ্রীচৈতন্যদেব	১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা	১।০
৯। জৈবধর্ম্ম	২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার	২
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)	২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)	১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)	।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব	।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব	৸০
১৭। চৈতন্যোপনিষদ	।০
১৮। বামন-আলবর	।০
১৯। ভক্তিবিবেক কুসুমাঞ্জলি (বাঁধা)	১৲
২০। গৌড়ীয়-গৌরব	৷৵০
২১। গৌড়ীয়-মাহাত্ম্য	৷৵০
২২। ভজন-রহস্য	।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)	১
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)	২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ)	২৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষ্য	।০
২৭। মুক্তাচরিত্র গুণগৌরবঃ (সানুবাদ)	২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ)	।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)	৸০
৩০। দীপ-দিগ্-দর্শন	৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ)	৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা)	।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা)	৶০
৩৫। গীতমালা	/১০
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য	৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড	৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ	।০
৪০। শরণাগতি	/
৪১। গীতাবলী	/০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা	৸০
৪৩। সাধনতত্ত্ব	/০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা	/০
৪৫। নবদ্বীপশতক	/০
৪৬। অর্চনপঞ্চক	/০
৪৭। সদাচারবৃত্তিঃ	/০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ)	/১০
৪৯। অর্চনকণ	/১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড)	৬৲
৫১। ব্রহ্মসংহিতা	।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)	।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ	৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয়	।০
৫৫। ভক্তকালসী বা মায়াবাদজম্বুকী	।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ	৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ)	।০
৫৮ শ্রীকৃষ্ণদেব	৶০
৫৯ সিদ্ধান্তদর্পণ	৶০
৬০। সাংখ্যবাণী	/০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ	।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ	।০
৬৩। সটীক-নিম্বাদানমূলম্	।০
৬৪। ভক্তহৃদম্	।০
৬৫। সানুবাদ নিম্বাষ্টকম্	৷৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ	/০
৬৭। মায়াপুরবর্ণনম্	৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ	।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত	।০
৭০। নামভজন	/০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী য়্যাণ্ড অন্টলজি	।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স	৶০
৭৩ লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্যমহাপ্রভু	।০
৭৪। বৈষ্ণবীজম্	
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং	/০
৭৬। দি ভাগবত	।০
৭৭। ইরোটিক প্রিন্সিপল য়্যাণ্ড আনয়্যালয়েড ডিভোশন	।০
৭৮। ব্রহ্মসংহিতা	২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (১ম খণ্ড)	১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি	।০
৮১। সাধন-পথ	।০
৮২। কল্যাণ-কল্পতরু	/১০
৮৩। গীতাবলী	/০
৮৪। শরণাগতি	/০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি	/০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত	২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভা[illegible] [illegible]ন্যান্য পত্র

১। THE HARMO[illegible] —একমাত্র শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী [illegible]-সম্পাদিত ইংরেজী পাক্ষিক পত্র একাদশবর্ষে প্রকাশিত হয়। সডাক ২[illegible] ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। দেহিবারণা শ্রীপরম[illegible] মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের জগৎকল্যাণকর জীবন-চরিত ইহাতে অঙ্কিত করা হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই এই গ্রন্থ পাঠে প্রভূত মহোপকার পাঠ ও বহু সাধুসঙ্গের ফল লাভ করিতে পারিবেন। বৈষ্ণব-সর্ব্বস্ব প্রথমখণ্ড ক্রাউন ৮ পেজী আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে মুদ্রিত। ৩৬০ পৃষ্ঠায় সম্পূর্ণ বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র ইহাতে সংযোজিত আছে; ভিক্ষা ৬৲ টাকা।

১২শবর্ষ { ৪১ দামোদর গৌরাব্দ ৪৫১, ২৩শে কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৪, ৯ই নভেম্বর ইং ১৯৩৭, মঙ্গলবার ; ০৬ষ্ঠ সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

——:(০):——

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ ... গ্রামে শ্রীমন্মহাপ্রভুর বাণী প্রচার করিয়া গত ৩০শে অক্টোবর ... গ্রামে ছায়াচিত্রযোগে গৌরাঙ্গলীলা প্রদর্শনমুখে বক্তৃতা করিয়াছেন। ... বহু বিশিষ্ট লোকের সমাগম হইয়াছিল।

গত ৩১শে অক্টোবর তারিখে স্বামীজী ... সহ আউড়িয়া গ্রামে উপস্থিত হন। তথায় সম্ভ্রান্ত ব্যক্তিগণের নিকট স্বামীজী মহারাজ নিরন্তর হরিকথা কীর্ত্তন করিয়াছেন। গত ১লা নভেম্বর তারিখে ... মহারাজের আখ্যান প্রসঙ্গে "শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ" শ্লোকটী ব্যাখ্যা করেন।

... গৌড়ীয়মঠে উৎসব

গত ৩রা অক্টোবর বুধবার ... গৌড়ীয়মঠে শ্রীগৌড়ীয়মঠাচার্য্যবরের ... শ্রীগোবর্দ্ধনপূজা ও অন্নকূট মহোৎসব অন্যান্য বৎসর অপেক্ষা বিরাট আয়োজনে অনুষ্ঠিত হইয়াছে। এতদুপলক্ষে মঠে পাঠ-কীর্ত্তনের বিশেষ ব্যবস্থা ছিল। স্থানীয় গ্রামবাসী এবং পার্শ্ববর্ত্তী ... হইতেও বহু সম্ভ্রান্ত সজ্জন ... উপলক্ষে শ্রীমঠে আগমন করিয়া ... কীর্ত্তন শ্রবণ এবং মহাপ্রসাদ সম্মান করিয়াছেন। এই উৎসবোপলক্ষে ... মঠের ... শ্রীযুক্ত ... মহোদয়ের সেবা ... প্রশংসনীয়। তিনি শারীরিক এবং আর্থিক সেবাসৌকর্য্য করিয়া এবং শ্রীশ্রীগিরিধারীজীউর সেবার জন্য ... মণেরও অধিক ভোগসামগ্রী সংগ্রহ করিয়া মঠবাসিগণকে সেবায় উৎসাহিত করিয়াছিলেন। আর্ত্তাশ্রমবাসিগণও নানাভাবে সেবায় সহায়তা করিয়াছেন। পাঠ-কীর্ত্তনান্তে বহু বিশিষ্ট ভদ্রলোক এবং কাঙ্গালীকে বিচিত্রতাপূর্ণ মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছিল।

পাটনায় প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম সেবক শ্রীপাদ ... ব্রহ্মচারী (এইচ, ই, বি, ...) গত ২১শে অক্টোবর বৃহস্পতিবার কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে বহির্গত হইয়া বিহার এবং ইউ-পিতে প্রচারকার্য্য করিয়াছেন। গত ২২শে এবং ২৩শে অক্টোবর তিনি গয়াতে অবস্থান করিয়া স্থানীয় বিশিষ্ট ব্যক্তিগণের নিকট হরিকথা কীর্ত্তন করেন। ২৪শে অক্টোবর তিনি গয়া হইতে পাটনায় পৌঁছেন। তথায় তিনি বিশিষ্ট জনসভায় জনসাধারণে তিনটী বক্তৃতা প্রদান করেন। ২৮শে অক্টোবর পাটনায় ... লাইব্রেরীতে "ভগবৎপ্রেম" সম্বন্ধে, ৩০শে অক্টোবর পাটনা সহরের হিন্দী লাইব্রেরীতে "সনাতন ধর্ম্মের সৌন্দর্য্য" সম্বন্ধে এবং ১লা নভেম্বর বিহারী ইঞ্জিনীয়ারিং কলেজে "দর্শন ও ধর্ম্ম" সম্বন্ধে ... বক্তৃতা প্রদান করিয়াছেন। ব্রহ্মচারীজীর বক্তৃতা শ্রবণে সহরের বহু বিশিষ্ট ব্যক্তি শ্রীগৌড়ীয়মঠের প্রতি আকৃষ্ট হইয়াছেন।

এতদ্ব্যতীত তিনি পাটনার ... কলেজ এবং ... কলেজের বহু প্রফেসার ও বিশিষ্ট ব্যক্তির নিকট গত ২৫শে, ২৭শে, ২৯শে ও ৩১শে অক্টোবর তারিখে ব্রহ্মসূত্রের কয়েকটি বিষয় সম্বন্ধে আলোচনা করিয়াছেন।

গত ২রা নভেম্বর ব্রহ্মচারীজী তথা হইতে প্রচারোদ্দেশ্যে কাশী অভিমুখে যাত্রা করিয়াছেন।

নরসিংদীতে প্রচার

গত ১লা কার্ত্তিক সোমবার (১৩৪৪) ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠ হইতে শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসারের ... প্রভু কএকজন ব্রহ্মচারী সহ নরসিংদী জেলার ভৈরববাজার অঞ্চলে প্রচারে গিয়াছিলেন। তাঁহারা ভৈরববাজার, নরসিংদী এবং ত্রিপুরা জেলার ... সহর প্রভৃতি স্থানে প্রচার করিয়াছেন। ... সহর নিবাসী শ্রীযুক্ত রোহিণী কুমার পাল ও শ্রীযুক্ত ... চন্দ্র পাল প্রভৃতি সজ্জন ব্যক্তিগণ প্রচারকার্য্যে বিশেষ সহায়তা এবং আনুকূল্য করিয়াছেন। তাঁহাদের শ্রীগুরুগৌরাঙ্গের প্রতি সেবাপ্রাণতা আদর্শস্থানীয়।

ঢাকা সহরের ... শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা

গত ৭ই ও ৮ই কার্ত্তিক (১৩৪৪) রবি ও সোমবার পুরাণপণ্টনবাসী শ্রীপাদ ... বাবু ... এম্-এ, বি-এল মহোদয়ের ভবনে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তি... মহারাজ ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি... মহারাজ যথাক্রমে শ্রীমদ্ভাগবত পাঠ করেন।

প্রথম দিন। সকল পুরাণ ও ব্রহ্মসূত্রাদি সকল ... বিষয় সম্বন্ধে 'পরম' ... উপনিষদ ছিলেন ... গোস্বামী প্রভু ... আগমন করিয়া অশান্তির কারণ প্রদর্শন, অমলপুরাণ শ্রীমদ্ভাগবত প্রণয়ন ও ... স্থাপনের উপদেশ সম্বন্ধে ব্যাখ্যা করেন।

দ্বিতীয় দিবস। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তি... মহারাজ—'... বদন্তি' শ্লোকের ব্যাখ্যা-প্রসঙ্গে অমলপুরাণ শ্রীমদ্ভাগবতের মতে সচ্চিদানন্দময় ভগবানের অস্তিত্ব, পরমেশ্বর শ্রীকৃষ্ণই যে ভাগবতরূপে জগতে অবতীর্ণ তাহা প্রমাণ করেন। উভয় দিবসই পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তিত হইয়াছিল। পাঠে অনেক সম্ভ্রান্ত লোক উপস্থিত হইয়াছিলেন। তন্মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণের নাম বিশেষ উল্লেখযোগ্য—

ডাঃ পি, কে, বিশ্বাস, শ্রীযুক্ত ... চন্দ্র ঘোষ, (রিটায়ার্ড পুলিস ইন্স্পেক্টর) রায় সাহেব ... মোহন ... (রিটায়ার্ড টেলিগ্রাফ মাষ্টার), ... বসু, বাবু জ্যোতিষচন্দ্র বসু, বাবু ... চন্দ্র, বাবু ... চৌধুরী ..., ... নাথ গাঙ্গুলী, ... ব্যানার্জ্জী, চুণীলাল চৌধুরী, কুমার ... নারায়ণ রায় (ভাওয়াল রাজকুমার), ... চরণ দেব, ... চন্দ্র সেন, ... মোহন বসু, ... মুখার্জ্জি, ... নাথ গাঙ্গুলী, ... মোহন পাল, ... রায়, ... রায় ইত্যাদি। এতদ্ব্যতীত আরও বহু ভদ্রলোক উপস্থিত ছিলেন।

এক ... বার্ষিক মূল্য ... টাকা ... অগ্রিম দেয়।

"হরি-ভজন ব্যতীত জীবের আর কাহারও কর্ত্তব্য নাই। বালক হউক, বৃদ্ধ হউক, যুবা হউক, স্ত্রী হউক, পুরুষ হউক, পণ্ডিত হউক, মূর্খ হউক, ধনী হউক, দরিদ্র হউক, রূপবান্ হউক, পুণ্যবান্ হউক, পাপী হউক, যে যে অবস্থায় থাকে থাকুক, তাঁদের জন্য সাধন-প্রণালী আর কিছুই নাই, 'সাধন'—একমাত্র শ্রীকৃষ্ণসংকীর্ত্তন।"

(শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
তৃতীয় খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী
গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২১ দামোদর, [illegible] গৌরাব্দ ৪৫১

বিধি ও রাগ

কৃষ্ণপ্রেম নিত্যসিদ্ধবস্তু, তাহা কখনও ভক্তি ব্যতীত অন্য অভিধেয় দ্বারা সাধ্য নয়। অনুকূল ভাবের সহিত সাধুসঙ্গে শ্রবণ-কীর্ত্তনাদি করিতে করিতে চিত্তশোধিত হইলে তাহার উদয় সম্ভব। সাধ্য ভাবভক্তি যখন ইন্দ্রিয়সাধ্য হয়, তখন তাহাকে সাধনভক্তি বলে। এই সাধনভক্তি দ্বিবিধা,—বৈধী ও রাগানুগা। এই বিধিমার্গ ও রাগমার্গকে মর্য্যাদামার্গ ও পুষ্টিমার্গও বলা হয়। যেখানে শাস্ত্রশাসন-ভয়ে কর্ত্তব্যজ্ঞানে ভজনপ্রবৃত্তি হয়, তাহাই বৈধী ভক্তি। আর শ্রীকৃষ্ণের ব্রজলীলায় পরিকরসমূহের সুষ্ঠু ভাবমাধুর্য্য-শ্রবণে "ঐ ভাব আমার কিরূপে হইবে" এই প্রকার লোভ উৎপন্ন হইলে শাস্ত্রযুক্তি ও শাসনের অপেক্ষা না করিয়া যেখানে রুচিমূলা ভক্তি হয়, তাহাই রাগানুগা ভক্তি।

রাগহীন লোক ভজে শাস্ত্রের আজ্ঞায়।
বৈধী ভক্তি বলি' তা'রে সর্বশাস্ত্রে গায়॥
রাগাত্মিকা-ভক্তি—মুখ্যা ব্রজবাসী-জনে।
তার অনুগত ভক্তির রাগানুগা-নামে॥
ইষ্টে গাঢ়তৃষ্ণা—রাগের স্বরূপ-লক্ষণ।
ইষ্টে আবিষ্টতা—তটস্থ-লক্ষণ কথন॥
রাগময়ী ভক্তির হয় রাগাত্মিকা নাম।
তাহা শুনি' লুব্ধ হয় কোন ভাগ্যবান্॥
লোভে ব্রজবাসীর ভাবে করে অনুগতি।
শাস্ত্রযুক্তি নাহি মানে রাগানুগার প্রকৃতি॥
বাহ্য-অন্তর ইহার দুই ত' সাধন।
বাহ্যে সাধক দেহে করে শ্রবণ-কীর্ত্তন॥
মনে নিজ সিদ্ধদেহ করিয়া ভাবন।
রাত্রি-দিনে করে ব্রজে কৃষ্ণের সেবন॥
নিজাভীষ্ট কৃষ্ণপ্রেষ্ঠ পাছে ত' লাগিয়া।
নিরন্তর সেবা করে অন্তর্ম্মনা হৈয়া॥

শাস্ত্র-শাসনই সাধনভক্তিতে প্রবৃত্তির কারণ। আর লোভই রাগানুগা-ভক্তি-প্রবৃত্তির কারণ। যেখানে শাস্ত্র ও যুক্তি প্রবল, সেখানে এই লোভোদয়ের অবকাশ নাই। এই লোভোৎপত্তি সম্বন্ধে শ্রীল রূপগোস্বামিপাদ বলিয়াছেন,—

তত্তদ্ভাবাদিমাধুর্য্যে শ্রুতে ধীর্যদপেক্ষতে।
নাত্র শাস্ত্রং ন যুক্তিঞ্চ তল্লোভোৎপত্তি-
লক্ষণম্॥

লোভোৎপত্তি জন্য শাস্ত্র আলোচনার আবশ্যক হয় না, স্বীয় যোগ্য-অযোগ্যতা বিচার উপস্থিত হয় না, কেবল লোভের বিষয় শ্রবণ বা দৃষ্টিগোচর হইলেই লোভ স্বতঃ উৎপন্ন হয়। শ্রীল রায় রামানন্দ প্রভুর উক্তিতে পাই,—

কৃষ্ণভক্তিরসভাবিতা মতিঃ ক্রীয়তাং
যদি কুতোঽপি লভ্যতে।
তত্র লৌল্যমপি মূল্যমেকলং জন্মকোটি-
সুকৃতৈর্ন লভ্যতে॥

রাগানুগা ভক্তি বুঝিতে হইলে প্রথমে রাগ কাহাকে বলে জানা আবশ্যক। শ্রীল জীবগোস্বামিপাদ এতৎসম্বন্ধে লিখিয়াছেন,—

"বিষয়িণঃ স্বাভাবিকো বিষয়-সংসর্গেচ্ছাতিশয়ময়ঃ প্রেমা রাগঃ। যথা চক্ষুরাদীনাং সৌন্দর্য্যাদৌ তাদৃশঃ এবাত্র ভক্তস্য শ্রীভগবত্যপি রাগ ইত্যুচ্যতে।"

(ভক্তিসন্দর্ভ)।

অর্থাৎ বিষয়িজনের বিষয়সংসর্গলাভের নিমিত্ত স্বাভাবিক ইচ্ছাতিশয়-স্বরূপ প্রীতির নাম রাগ। যেমন চক্ষু, কর্ণ প্রভৃতি ইন্দ্রিয়গণ রূপ-শব্দাদি স্ব-স্ব গ্রাহ্য-বিষয়ের সহিত মিলিত হইবার জন্য স্বভাবতঃ অনুরক্ত, ইহাতে যেরূপ কাহারও প্রেরণা অপেক্ষা নাই, সেই প্রকার ভগবদ্বিষয়ে ভক্তের যে স্বাভাবিক আকাঙ্ক্ষাতিশয়ময় প্রেম তাহার নাম রাগ।

ইষ্টে গাঢ় তৃষ্ণাই রাগের স্বরূপলক্ষণ। গাঢ় তৃষ্ণা বলিতে ভজন তৃষ্ণাও যে একটি আছে, তাহা বুঝা যায়। যেমন বদ্ধ অল্প জল। তরল অবস্থায় জলের উপর তৃণ, ধূলি, ইষ্টক প্রভৃতি নিক্ষেপ করা যায় ভিতরে প্রবেশ করে। আবার ঐ জল জমাট বাঁধিয়া যখন বরফ হয়, তখন তাহার উপর যতই তৃণাদি নিক্ষেপ করা যাউক না কেন, উহা যেমন কিছুতেই ভিতরে প্রবেশ করিতে পারে না, সেই প্রকার ইষ্টবিষয়ে তৃষ্ণা যেখানে অল্প, সেখানে ঐ তৃষ্ণার ভিতরে ভুক্তি-মুক্তি-স্পৃহারূপ বন্দিনতা বা ইতরবাসনা অনায়াসে প্রবেশ করিতে পারে; কিন্তু ইষ্টবিষয়িণী তৃষ্ণা যেখানে গাঢ় অবস্থায় প্রেমময়ীরূপে বিরাজিত, সেখানে তৃষ্ণার ভিতরে ভুক্তি-মুক্তি-স্পৃহা বা কোনও প্রকার বহির্ম্মুখ-বাসনার লেশমাত্র প্রবেশ করিতে সমর্থ হয় না।

গাঢ়-তৃষ্ণাতুর ব্যক্তির যেমন একমাত্র জলেই আবেশ, জল ভিন্ন অন্য বস্তুর অনুসন্ধান করিতে মন অসমর্থ, সেই প্রকার নিজাভীষ্ট ভগবৎ-স্বরূপে যাঁহার পরম আবিষ্টতা বিদ্যমান, তাঁহার মনে কখনও অভীষ্ট ভিন্ন অন্য বস্তুর অনুসন্ধান নাই। ইষ্ট বিষয়ে এইরূপ পরমাবিষ্টতার নামই রাগের স্বরূপ-লক্ষণ।

বৈধমার্গে ঐশ্বর্য্যজ্ঞানই প্রবল। ইহার দ্বারা ভক্তের স্বরূপগত ভাবের শৈথিল্য উপস্থিত হয়। ভাব শিথিলীভূত হইলে সেবাদ্বারা ভগবান্ প্রীত হন না। শ্রীচৈতন্যচরিতামৃতে ভগবানের উক্তিতে আমরা পাই,—

সকল জগতে মোরে করে বিধি-ভক্তি।
বিধিভক্ত্যে ব্রজভাব পাইতে নাহি শক্তি॥
ঐশ্বর্য্যজ্ঞানেতে সব জগৎ মিশ্রিত।
ঐশ্বর্য্য-শিথিল-প্রেমে নাহি মোর প্রীত॥
ঐশ্বর্য্যজ্ঞানে বিধি ভজন করিয়া।
বৈকুণ্ঠকে যায় চতুর্বিধ মুক্তি পাঞা॥
আমারে ঈশ্বর মানে, আপনাকে হীন।
তার প্রেমে বশ আমি না হই অধীন॥
মোর পুত্র, মোর সখা, মোর প্রাণপতি।
এইভাবে যেই মোরে করে শুদ্ধভক্তি॥
আপনাকে বড় মানে, আমারে সম-হীন।
সেইভাবে হই আমি তাহার অধীন॥

ভগবান্ শ্রীকৃষ্ণ প্রেমভক্তিতে প্রীত হন। সেই প্রেমভক্তি পাইলে ভক্তগণ সালোক্য, সার্ষ্টি, সামীপ্য ও সাযুজ্যমুক্তির আদর করেন না। তাঁহারা শ্রীকৃষ্ণের সেবাসুখকে চরম প্রাপ্য বলিয়া জানেন। এই প্রেমভক্তি রাগমার্গেই সাধ্য। শ্রীকৃষ্ণ বা কৃষ্ণভক্তের কৃপা ব্যতীত—কৃপা ব্যতীত এই রাগানুগা-ভক্তি-লাভের সম্ভাবনা নাই। এই রাগমার্গ ব্যতীত রাধাগোবিন্দ-সেবারও সৌভাগ্য হয় না। ঐশ্বর্য্যজ্ঞানমিশ্র বৈধী ভক্তিতে সাধকগণের উপাসনা পর্য্যন্ত লাভ হইতে পারে। বহুকাল এই বৈধী-ভক্তির অনুশীলন করিতে করিতে ভাব বা প্রীতি-ভক্তির আবির্ভাব হয়। যতদিন প্রীতির আবির্ভাব না হয় ততদিন সাধক বৈধী ভক্তির অধিকারী থাকেন।

আমরা 'বিধিমার্গরত জনে স্বাধীনতা-রত্নদানে রাগমার্গে করান প্রবেশ' এই শাস্ত্র-বাক্যানুসারে বৈধভক্তগণেরও রাগমার্গে প্রবেশের কথা জানিতে পাই। এখন প্রশ্ন হইতে পারে, রাগমার্গে প্রবেশাধিকার পাইয়াও কেন কেহ কেহ কৃষ্ণসেবাধিকার পান না? তদুত্তরে শ্রীল বিশ্বনাথচক্রবর্ত্তিপাদ লিখিয়াছেন,—"যদি চান্তরে রাগো বর্ত্তেত অথচ সর্বস্মিন্ বিধিরূচিস্য করোতি, তদা দ্বারকায়াং রুক্মিণ্যাদিবৎ প্রাপ্নোতি।" অর্থাৎ যদি অন্তরে রাগ থাকে অর্থাৎ ব্রজপরিকর-বিশেষের ভাবপ্রাপ্তির নিমিত্ত যদি লোভের উৎপত্তি হইয়া থাকে, অথচ সে অবস্থায়ও ভাবের প্রতিকূল অপ্রতিকূল বিচার না করিয়া সমস্ত ভক্তি-অঙ্গই যদি বিধিপূর্ব্বক অনুষ্ঠান করা হয়, তবে দ্বারকাপুরীতে রুক্মিণ্যাদির অনুগতভাবে মহিষীগণ লাভ হইয়া থাকে। যেহেতু বিধিমার্গই পূর্ব্বভাব বিমিশ্র বলিয়া বিধিমার্গে উপাসনা করিলে ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণকে লাভ করা যায় না।

'বিধিমার্গে নাহি পাইয়ে ব্রজে কৃষ্ণচন্দ্র।'
(চৈঃ চঃ)

লোভোৎপত্তি সময়ে শাস্ত্রযুক্তির কোন অপেক্ষা থাকে না। শাস্ত্রযুক্তি অপেক্ষা থাকিলে লোভের সিদ্ধি হয় না। যেহেতু শাস্ত্রযুক্তি দর্শন করিয়া কাহাকে কখনও লোভ করিতে দেখা যায় না। কিন্তু লোভনীয় বস্তুর কথা শুনিলে অথবা লোভনীয় বস্তু দর্শন করিলে আপনা হইতেই লোভ উৎপন্ন হইয়া থাকে। লোভোৎপত্তির জন্য শাস্ত্রযুক্তির অপেক্ষা না থাকিলেও লোভনীয় ব্রজভাব-বিশেষ কিরূপে লাভ করা যাইতে পারে তাহার উপায় জানিবার জন্য শাস্ত্রযুক্তির অপেক্ষা লক্ষিত হয়; কারণ, শাস্ত্রবিধির দ্বারাই ও শাস্ত্র-প্রতিপাদিত যুক্তি দ্বারাই ঐ উপায় প্রদর্শিত হয়। উদাহরণস্বরূপে শ্রীল চক্রবর্ত্তিপাদ উল্লেখ করিয়াছেন, যখন কোন ব্যক্তির দুগ্ধপানে লোভ জন্মে তখন কিরূপে দুগ্ধ পাওয়া যাইবে, তাহা জানিবার জন্য সে ব্যস্ত হয়। তখন যদি কাহারও অপেক্ষা না করিয়া সে দুগ্ধ অপহরণাদি অবৈধ উপায় অবলম্বনে নিরত হয় তাহা হইলে তাহার দুগ্ধপ্রাপ্তিও ঘটি হয়, যাবৎ দণ্ড ভোগ করিয়া তাহাকে কষ্টও পাইতে হয়। সুতরাং এ বিষয়ে অভিজ্ঞ বিশ্বস্ত ব্যক্তির উপদেশের অপেক্ষা লক্ষিত হইতেছে। অভিজ্ঞ ব্যক্তি তাহাকে দুগ্ধবতী সলক্ষণা গাভী ক্রয় করিয়া তাহাকে পালন, তৃণাদি-প্রদান ও গো-দোহনের প্রণালী শিক্ষা দিয়া তাহার দুগ্ধপানের কামনা পরিতৃপ্তির ব্যবস্থা করিয়া দেন। কেবলমাত্র সম্মত লোকের বলেই [illegible] ব্যক্তিকে দুগ্ধ সংগৃহীত হয় না; সেইরূপ হরিভজনে লোভোৎপত্তি হইলে তাহার সিদ্ধির উপায় জানিতে শাস্ত্র-উপদেশ ও সাধুগুরু-পাদাশ্রয়ের অপেক্ষা দৃষ্ট হয়। শাস্ত্রযুক্তি-বর্জন প্রকার আবশ্যক; তন্মধ্যে ইহা ভজনোপায় জানা যায় না।

কৃষ্ণ তারে দেন নিজ চিন্তামণি ধন। যাহা আকর্ষণ হয় হইয়া দুর্ব্বল।

দৈবী ভক্তিতে শ্রবণকীর্ত্তনাদি যে যে অঙ্গ উক্ত হইয়াছে, সেগুলি রাগভক্তিতেও অঙ্গ বলিয়া সুধীগণ জানিবেন। ইহা রূপানুগ ভজনপ্রণালীর মূল কথা। ইহা উল্লঙ্ঘন করিয়া যে রাগ দেখান হয় তাহা অনুরাগের বিবর্ত্ত, তদবধিরাগেরই লক্ষণ। ভজনমার্গ আনুগত্য-ধর্ম্ম-সমন্বিত। সুতরাং যেখানে সাধুমার্গ বা শাস্ত্র উল্লঙ্ঘনের কথা সেখানে আনুগত্য না থাকায় ভক্তির কোন্ কথা নাই।' সেইজন্য ভক্তগণ নিরন্তর আনুগত্য-ধর্ম্মে অবস্থিত হইয়া হরিভজন করেন। কি বিধি, কি রাগ, সর্ব্বাবস্থাতেই আনুগত্য প্রবল। তাই শাস্ত্র বলেন—

নিজাভীষ্ট কৃষ্ণপ্রেষ্ঠ পাছে ত' লাগিয়া।
নিরন্তর সেবা করে অন্তর্ম্মনা হঞা॥

শ্রীপাদ ভক্তিসারঙ্গ প্রভুর বক্তৃতার মর্ম্ম

(কলম্বো বোর্ড হাই স্কুলে ইংরেজী ভাষায় প্রদত্ত বক্তৃতার মর্ম্মানুবাদ অবলম্বনে লিখিত)

ওঁ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন-শলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

মাননীয় সভাপতি মহোদয় ও সমবেত ভদ্রমহোদয় এবং মহিলাগণকে আমি আন্তরিক ধন্যবাদ প্রদান করিতেছি। কারণ, আপনারা সকলেই পরম ঔদার্য্যময়বিগ্রহ ভগবান্ শ্রীগৌরসুন্দরের অপ্রাকৃত নাম, ধাম, কাম ও পরিকরবৈশিষ্ট্যের প্রচারের সহায়তা করিবার জন্য চেষ্টাবিশিষ্ট। আপনারা অভিনন্দন-পত্রিকাতে আমার সম্বন্ধে যাহা যাহা লিপিবদ্ধ করিয়াছেন তাহা সমস্তই আমার শ্রীগুরুপাদপদ্মের প্রাপ্য। শ্রীশ্রীহরি-গুরু-বৈষ্ণব কখন কাহার দ্বারা কি কি সেবা করাইয়া লয়েন তাহা আমাদের চিন্তার অতীত। শ্রীশ্রীহরিগুরুবৈষ্ণব ইঁহারা সকলেই অধোক্ষজ বস্তু। অধোক্ষজ বস্তুর অবতরণ-রহস্য শ্রীগুরুপাদপদ্মের নিকট জ্ঞাতব্য। 'সর্ব্বতন্ত্র-স্বতন্ত্রেচ্ছাময় বস্তু ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম এই পঞ্চ মহাভূতের যে-কোন একটীকে নিমিত্ত করিয়া সর্ব্বদেশে, সর্ব্বকালে ও সর্ব্বপাত্রে আবির্ভূত হইতে পারেন। বদ্ধজীবকোটির নিত্য মঙ্গলের জন্যই অধোক্ষজ বস্তু প্রপঞ্চে অবতার-লীলা প্রকাশ করিয়া থাকেন। ভগবানের নিকট দেশ কিম্বা দিন কিম্বা রাত্রি সবই সমান, সেইরূপ আত্ম-বিস্মৃতদের নিকট অধোক্ষজ বস্তুর স্বাবতরণ-প্রণালী চির অজ্ঞাত। অধোক্ষজ বস্তুর অবতরণ দেশ-কাল-পাত্রের মধ্যে আবদ্ধ নহে। প্রতি মুহূর্ত্তেই আমাদের মঙ্গলের নিমিত্ত অধোক্ষজ বস্তু অবতীর্ণ হইতেছেন। বসুদেবে অর্থাৎ বিশুদ্ধ-সত্ত্বেই ইহা অনুভূত বা প্রকাশিত হইয়া থাকে। আশ্রয়বিগ্রহ বাসুদেবের আবির্ভাবের পরক্ষণেই বিষয়-বিগ্রহ বাসুদেবের আবির্ভাব হইয়া থাকে। আশ্রয়বিগ্রহ বাসুদেবের আনুগত্য ব্যতীত বিষয়বিগ্রহ বাসুদেবের সেবা হয় না। আশ্রয়-বিগ্রহ বাসুদেবতত্ত্বই বসুদেবতত্ত্ব বা গুরুতত্ত্ব। আশ্রয় এবং বিষয় পরস্পর অচিন্ত্যভেদাভেদ-তত্ত্ব বা সম্বন্ধবিশিষ্ট। এই সমস্ত তত্ত্ব দৈহিক, মানসিক বা জাগতিক কোন যোগ্যতা দ্বারা উপলব্ধি করা যায় না। স্বপ্রকাশ অধোক্ষজ বস্তুর অহৈতুকী কৃপাই এস্থলে বলবতী। তবে সেই কৃপামৃত পানের আর্ত্তি থাকা চাই। সম্বন্ধ-তত্ত্ব জ্ঞাত হইয়া অভিধেয় বা ভজনকলে প্রয়োজন লভ্য হয়। প্রয়োজনলাভের একটা ক্রমপন্থা শ্রীচৈতন্য-মনোঽভীষ্ট-সংস্থাপক-প্রবর শ্রীল রূপগোস্বামিপাদ আমাদিগকে জানাইয়াছেন; তাহা এই—

আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ
ভজনক্রিয়া।
ততোঽনর্থনিবৃত্তিঃ স্যাত্ততো
নিষ্ঠা রুচিস্ততঃ॥
অথাসক্তিস্ততো ভাবস্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি।
সাধকানাময়ং প্রেম্ণঃ প্রাদুর্ভাবে
ভবেৎ ক্রমঃ॥
(শ্রীভক্তিরসামৃতসিন্ধু)

শ্রদ্ধাসহকারে সাধুসঙ্গ অর্থাৎ সাধুর আনুগত্যে ভজনের ফলেই অনর্থনিবৃত্তি হইয়া থাকে। তৎপরে ক্রমে ক্রমে নিষ্ঠা, রুচি, আসক্তি ও ভাবের উদয় হইয়া থাকে। চরমে পরম পুরুষার্থ প্রেমের উদয়। 'সেই প্রেম নৃলোকে না হয়'। 'কৃষ্ণ বিনা ইহার অন্যত্র নাহি যায়'। কৃষ্ণের সহিত যিনি প্রেম করিয়াছেন তাঁ'র দেহ-গেহ-কলত্র-পুত্র-বিত্তের প্রতি প্রেম নাই। সাধু সাবধান! ওঁ হরিঃ ওঁ। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ওঁ॥

উড়িষ্যার সমস্যা

বড়ই দুঃখের বিষয় উড়িষ্যার কোন কোন ধনী নায়ক শ্রীচৈতন্যমহাপ্রভুর প্রচারিত নিত্যসত্য তত্ত্ব সনাতন প্রেমধর্ম্মের প্রকৃত তাৎপর্য্য বুঝিতে না পারিয়া উড়িষ্যার অধঃপতনের অন্যতম মুখ্যকারণরূপে গৌড়ীয়-বৈষ্ণবধর্ম্মকেই নির্দ্দেশ করিয়াছেন। দেহাত্মবোধপ্রবল বদ্ধজীবের জাগতিক অভ্যুত্থান ও অধঃপতনাদি-সম্বন্ধীয় ধারণা পারমার্থিকের চিন্তাস্রোতঃ হইতে সম্পূর্ণ পৃথক্। শ্রীভগবানের বাহুবল-ধারাশালিত্ব ভগবানে আত্মভূতাবস্থায় শ্রীল প্রহ্লাদোক্ত "ন তে বিদুঃ স্বার্থগতিং হি বিষ্ণুং দুরাশয়া যে বহিরর্থমানিনঃ" শ্লোকের মর্ম্মার্থানুসারে অসামর্থ্য-হেতু নিখিল জীবাত্মার স্বার্থ (স্ব+অর্থ) বা আত্মপ্রয়োজনের একমাত্র গতি বিষ্ণুপাদপদ্মসেবা উপলব্ধি করিতে না পারিলে অপ্রাকৃতবিশ্রান্ত হইয়া ভগবানের উপরই সমস্ত দোষারোপ স্বাভাবিক হইয়া উঠে। শ্রীমহাপ্রভুর শুদ্ধজীবসমূহের কৃষ্ণাভেদময়ী নিত্যা বৃত্তি শুদ্ধভক্তির আচার ও প্রচারের ঐকান্তিক অনুসরণই সমগ্র জীবসত্ত্বার একমাত্র মঙ্গলসেতু। তাঁহার শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণীর মর্ম্মাবধারণে অসমর্থতা বৈষ্ণবজগতে মহান্ অনর্থ আনয়ন করিতেছে। অঘটনঘটনপটীয়সী মায়াদেবী 'ঈশাবাস্য' প্রভৃতির মর্ম্মার্থ বুঝিবার শক্তি অপহরণ করিয়া হতভাগ্য জীবকুলকে মাৎসর্য্যানলে দগ্ধীভূত হইবার অসংখ্য ইন্ধন সংগ্রহ করিয়া দিতেছে। দেহাত্মবোধই সর্ব্বপ্রকারের অধঃপতনের একমাত্র মূলীভূত কারণ। শ্রীচৈতন্যবাণীই জীবের একমাত্র রক্ষয়িত্রী ও পালয়িত্রী। অবশ্য "পৃথিবীতে যত কথা 'ধর্ম্ম' নামে চলে। ভাগবত কহে তাহা পরিপূর্ণ ছলে।"—এই মহাজন-বাক্য পরমসত্য, তাই বলিয়া সত্য অসত্য বা অসত্যে সত্যবুদ্ধিরূপ বিবর্ত্তের আবাহনে ছলনাকে অনাদর করিতে গিয়া প্রকৃত সত্যধর্ম্মে অনাদর না আসে, তদ্বিষয়ে বিশেষ সাবধান হওয়া কর্ত্তব্য। শুদ্ধবৈষ্ণবধর্ম্মের নামে যে সকল প্রাকৃতসহজিয়াবাদ, কর্ম্ম-জড়স্মার্ত্তবাদাদি অপধর্ম্মের উদ্ভব হইয়াছে, তাহা সর্ব্বতোভাবে গর্হণযোগ্য। কিন্তু গর্হণ করিবেন কে? যিনি ধানগাছ ও শ্যামাঘাসের পার্থক্য জানেন না, তিনি কি করিয়া ধান্যক্ষেত্র হইতে শ্যামাঘাস অপসারিত করিবেন? এজন্যই শুদ্ধভক্তিসিদ্ধান্তবিৎ সদ্গুরুপাদাশ্রয়ের একান্ত আবশ্যকতা আছে

শ্রীমাধবগৌড়ীয়মঠের উৎসব-পঞ্জী

—::(০)::—

গত ১০ই কার্ত্তিক বুধবার মঙ্গলারাত্রিকান্তে উচ্চকীর্ত্তনের পর শ্রীপাদ নিত্যানন্দ ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যভাগবত হইতে কাশী-রাজের কৃষ্ণের বিরুদ্ধে অভিযান, অন্যমনস্ক শিবের যাজ্ঞার পক্ষাবলম্বন, বিষ্ণুর সুদর্শন-নিক্ষেপে কাশীরাজের মুণ্ডপাত, কাশী দগ্ধ, শিবের ক্রোধ ও পাশুপত-অস্ত্র নিক্ষেপ, সুদর্শনচক্র-প্রভাবে শঙ্করের পলায়ন ও শ্রীকৃষ্ণসমীপে শরণাপন্ন হওয়া, শ্রীকৃষ্ণ কর্ত্তৃক শিবকে একাম্রক নামক স্থান প্রদান, পুরী-মাহাত্ম্য প্রভৃতি বিষয় কীর্ত্তন করেন। অতঃপর সংকীর্ত্তন-শোভাযাত্রা শ্রীমঠ হইতে বহির্গত হইয়া জগন্নাথমিশ্র রোড, মদন-মোহন ক্লাব রোড, উত্তর নৈঋতি, নবগ্রাম, যোগীসদন, চাঁদমেলা, যোগাপোলা, ঠাঠারী বাজার, নবাবপুর রোড, পুনরায় মদনমোহন ক্লাব রোড ও জগন্নাথমিশ্র রোড হইয়া শ্রীমঠে প্রত্যাগমন করিয়া শ্রীমন্দির পরিক্রমা করেন।

অপরাহ্নে রায়সাহেব যোগেন্দ্রমোহন দত্ত (রিটায়ার্ড হেডমাষ্টার, কলেজিয়েট স্কুল) ও অপর অনেক বিশিষ্ট ভদ্রলোক শ্রীমঠে আসিয়া মঠোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভুর সঙ্গে সাক্ষাৎ করেন। ভক্তিশাস্ত্রীজী শুদ্ধভক্ত ও শুদ্ধভক্তির কথা আলোচনা-মুখে 'মুক্তানামপি সিদ্ধানাং' শ্লোকের উল্লেখ করেন। জাগতিক পুণ্যকর্ম্ম ও ভক্ত্যুন্মুখী সুকৃতির পার্থক্য প্রদর্শন করেন। ভক্ত্যুন্মুখী সুকৃতি ব্যতীত জীব কখনই সাধুসঙ্গ লাভ করিতে সমর্থ হয় না প্রভৃতি বিষয় বিশেষভাবে বুঝাইয়া দেন।

সন্ধ্যারাত্রিকের পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিচার যাযাবর মহারাজ শ্রীমদ্ভাগবতে কংস-কারাগৃহে আবির্ভূত মহামায়াকে হনন-চেষ্টা, মহামায়ার আদেশবাণী শ্রবণে নিকৃষ্ট অপরাধের জন্য বসুদেব-দেবকী-সমীপে কপট স্তব-স্তুতি, বসুদেব-দেবকীর কারামোচন, অসুরবর্গের সহিত মন্ত্রণা ও নানারূপ অবৈধ চেষ্টাদ্বারা মহতের অবমাননা, তৎফলে নিজের ভাবী অমঙ্গলের আবাহন প্রভৃতি বিষয় বিশেষভাবে আলোচনা করেন। মহদতিক্রম বা সাধুনিন্দা যে কিরূপ ভয়াবহ তাহা ব্যাখ্যা বিশেষভাবে প্রদর্শন করেন। অতঃপর তাঁহার স্বভাব-সুলভ সুললিতকণ্ঠে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করেন।

শ্রীধাম বৃন্দাবনে ঊর্জ্জব্রত

গত ২৪।১০।৩৭ রবিবার প্রত্যূষে শ্রীল সনাতন গোস্বামিপ্রভুর সমাধিমন্দির পরিক্রমা হয়। শ্রীপাদ ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজের প্রস্তাবক্রমে বারাণসী শ্রীসনাতন গৌড়ীয়-মঠের রক্ষক শ্রীপাদ মাধবানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীসনাতন-মহিমা কীর্ত্তন করেন। তৎপরে সনাতন শোচক ও "হে আবিল প্রেমধন" ইত্যাদি পদ কীর্ত্তনান্তে শ্রীঅদ্বৈতবট নামক শ্রীঅদ্বৈতপ্রভুর বিশ্রামস্থান পরিক্রমা ও শ্রীরাধামদনমোহনজীউর শ্রীমন্দির পরিক্রমা করিয়া শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করা হয়।

অদ্যকার দৈনিক পাঠসূচী অনুসারে পূর্ব্বাহ্নে শ্রীপাদ মাধবানন্দ ভক্তিশাস্ত্রীজী শ্রীচৈতন্য-ভাগবত ব্যাখ্যা করেন। ভোগারাত্রিক ও প্রসাদ সম্মানাদির পর অপরাহ্ণ ২টা হইতে ৩টা পর্য্যন্ত শ্রীচৈতন্যচরিতামৃত পারায়ণ হয়।

অপরাহ্ণ ৪ ঘটিকায় শ্রীগুরুপাদপদ্ম-বন্দন ও মৌরাধিক কীর্ত্তনান্তে শ্রীপাদ নন্দলাল বিদ্যাসাগর প্রভু শ্রীমদ্ভাগবত ব্যাখ্যা করেন। সায়ংকালে আরাত্রিকান্তে পুনরায় শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা হয়।

মায়াকে পিছনে রাখি' কৃষ্ণপানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, তারকব্রহ্ম শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে নিত্যস্বরূপ,পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ,শ্রীগৌর,গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন নদ-ভাক্তিপ্রচারকের নদীয়া প্রকাশ প্রকাশ হয়। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৫২১৫

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, শ্রীমহাপ্রভুর দৈব-শ্রীমদ্ভাগবতাদি তত্ত্ব-গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণি ক ই রেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেয়াম্পদ শ্রীপাদ নরোত্তম রায় ভক্তিনিধি।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগবন্ধু দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিপাবন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জামগ্রাম (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিপিনকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)

শ্রীগৌরাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ মায়াপুর,নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুননন্দন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীসদানন্দ ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতারা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিরত্ন

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) সারঙ্গ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীরামদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীভক্তিরক্ষক ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীমদ্ভক্তিসার ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

জলাপাহাড়, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীঅক্ষয়কুমারী প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং কবিরপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীমধুসূদনানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীমঙ্গল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুরা, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সংকেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—দেবদ্বারী,

পোঃ হোডেল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনমালী গোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৬৩নং রহমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণবাস বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅধিক্রম ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়ানাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী —স্বর্গদ্বার, পুরী

(৫৬) পাগলাকুটী

রক্ষক—শ্রীভক্তিপ্রসাদ দাসাধিকারী

(৫৭) সিমলিয়া গৌড়ীয়মঠ

পোঃ কৃষ্ণনগর, পুরী

রক্ষক—শ্রীপ্রেমানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) আমলি গৌড়ীয়মঠ

পোঃ আমলি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ বাঁধু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনডাঙ্গা, পোঃ চিনসুরা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন্, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীঅপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রভুবিজয়বন্ধু-কর্ত্তৃক মুদ্রিত

কলিকাতার বাজার দর

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬৷০
বাঁশ ফুল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
দাদখানি	৫৷০
বাদশা নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
বালাম পোস্তা	৲
মিহি বেতন	৩৷৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
দেরাদুনী	১০৲-১০৷০
দাদখানি আতপ	৫৷০-৫৷৵
ঐ বাসমতি	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ বেতন	৩৵০

চিনির দর

চিনি, টাইপ	১০৷৵০
কাশীপুর ১০০০ নং	১০৵০
দোবরা সাদা	৯৷০
ঢাকাপুর সাদা	৮৷০—৯৵০
ঢাকাপুর লাল	৭৷৵০—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

গিনির দর	৩৩৷০
সভরেন	২২৲
চাঁদির বার	৫২৷০

পাটের দর

বাওয়া—	৪০৸০
বিভব—	৪০৸০
ডিভব—	৪১৷০
বাজার দরের গড়—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেণ্ট ময়দা প্রতি মণ	৬—৬৷৵০
প্যারাগন ঐ	৬৲—৬৵০
ফ্লোরমিল ঐ	৫৷৵০—৫৸০
সুজী	৬৲—৬৵০
আটা (বি)	৫৸০—৫৸৵০
আটা নং (২	৫৵০—৫৷৵০
আটা (এল)	৫৲—৫৷০
আটা (কে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	২৷০—২৷৵০
গমকুঁড়ি	১৸৵০—১৸০
ভুষি	১৷৵০—১৷৵০

তুলোর দর

	৫৭৲
কুমিল্লা	৫৭৲
ভূরপাতাসী	৪০৲
দেশী	৪৬

পাঙ্গাস	৪৬৷০
সাদা	৪৬৲
কাবুলি	৩৬৲
লাল পাক্কা	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী—	দর প্রতি হন্দর
লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)	
মার্কা	৯৵০—৯৸৵
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা টেসটেড জয়েষ্ট বীম সব মাইজ	১০৸৵
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৵০
বরগা (টি আয়রণ)	৮৷০
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৸৵০—৮৸০
টাটা গ্যাঃ করগেট-সীট।	।৵০
২৪ গেজ—	১৪৷০
২৬ গেজ—	১৬৷০
২৮ গেজ—	
টাটা গ্যাঃ প্লেন সীট।	
২৪ গেজ—	৭৸৵০
২৬ গেজ—	১৬৷৵০
২৮ গেজ—	১৬৸৵০
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ পাটকা ২৪—৩০ গেজ,

পীস	।৵১০—৸৵০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
গোল কাটিং বা ছিট কাটা মণ	৬৷০—

গাদি কাটিং ৩—৯ ফুট লম্বা

	৬৷০—৬৷০ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাত্তি, গোলাই, গরাদে	৮৲—৯৲

গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের

জন্য	৮৸০—১১৷০

ফুঃ ইস্পাত আসল ২৩৲, নকল ২১৲

চটকলের হালদা ৫৵০, পাটের হালদা ৬৷০

তুলার হালদা ৪৷০

তুলোর দর

কলিকাতা ২৬শে জুন,

আমের সোনার কাইন	৫৪৲
মিঠ্ঠা আমের বরফ	৪০৲
করাচি বুরানির কাইন	৪৩৲
হাবার্ড আমা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

প্রতি মণ

গোলমরিচ	৮৷০
সুপারী দেশী	২৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷০—১১৷০
শুঁঠ বিলিতি	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড কোম্ লিঃ

৬-৫ জগন্নাথ ঘাট রোড, আহিরীটোলা

কলিকাতা।

শ্রীধাম-মায়াপুরে

[illegible]

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার উপকূলে। বিদ্যালয় ও বোর্ডিং এর চতুর্দিক খোলা। শিক্ষকগণ আদর্শ ও আদর্শচরিত্র। দরিদ্র ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হওয়াতে খোরাক ও বেতনবাবত প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় সন্তোষজনক ফল প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের অশেষ সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—	
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—৩৪	
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৭২,	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—৩১	

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

স্বরূপগঞ্জ	ছাঃ	৫-৩৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫০	৯-৩০	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের



ম্যালেরিয়া-প্লীহাযকৃৎ জীর্ণ বিষমজ্বর প্রভৃতি রোগের একমাত্র উপায় বলিয়া ইহার খ্যাতি সর্বত্র অধিক। জিহ্বার রুচি সম্পূর্ণ ফিরাইয়া এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন। আপনার অবস্থা সাধক হয় কিনা। মূল্য ছোট বোতল ৮৵০ আনা, বড় বোতল ১৸০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং উপটার্টিং রোড, কলিকাতা।

শাখা

পোঃ বেতড়া, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পরবিদ্যার্থী[illegible] এক সু লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৫০ আনা; ডাকমাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দ্বিতীয় জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে ।০	৵০	৵০	৵
" " ইঞ্চি ২৲	১।০	১।০	১৲
সিকিকলম ৫	৩৲	৩৲	৩৲
অর্দ্ধকলম ৮৲	৩৲	৩৲	৩৲
এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	৪।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্ন্যাল ভক্তিভূষণ ভাগবতাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ় গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩০ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০-পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

ছাত্রিক সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া[illegible]" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতি[illegible] প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল-বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরাজি [illegible] "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া[illegible] ১৬।এ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

[illegible] হাটখোলা অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত [illegible] থাকে।

৪। [illegible] প্রিন্টিং ওয়ার্কস্

[illegible]—শ্রীমদ্ভক্তি[illegible] মঠে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক [illegible] ৫১) মাদ্রাজ [illegible] পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ রায়পেটা, মাদ্র.

[illegible]

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত-প্রবর্তিত
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্যবর্য্য
ও বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG. NO C 1544

ও বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আকুমারব্রহ্মচারী
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র আদর-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২৪শে কার্ত্তিক, ১৩৪৪, ১০ই নভেম্বর ১৯৩৭, বুধবার [সংখ্যা ২০৭]

নীলাম ইস্তাহার

কৃষ্ণনগর, ২য় মুন্সেফ আদালত
নীলামের দিন ১৬ই নভেম্বর, ১৯৩৭

(১)

৫৮৭ খাজানাজারি ৩৭ দাবী ৫৪৯/৯
ডিঃ অন্নপূর্ণা দাসী
১ দেঃ গোকুলচন্দ্র বিশ্বাস দিং সাং সাহেব
নগর পোঃ কৃষ্ণনগর

১। থানা কোতয়ালী মৌজে সাহেব নগর মধ্যে ডিঃ সং ৫৪নং খং ১-২০শ জমির ২৩৸৵ জমা, যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ১৫৲

২। ঐ থানা ঐ মৌজে ডিঃ সং ৭১নং খং ৭১ দাগ জমির খারাজউদ্দীনের আছে এবং তাহাতে দেনাদারদের ৸/১৩/ অংশ উক্ত অংশ যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ৫৲

(২)

৬০৯ খাজানাজারি ৩৭ দাবী ১৫১৸/৬
ডিঃ বঙ্কিমচন্দ্র বক্সী দিং
দেঃ লালিত মোহন বিশ্বাস দিং সাং
মাধবপুর পোঃ বাগআঁচড়া

১। থানা চাপড়া মৌজে কাটাপাড়া মধ্যে ডিঃ সং ১৭৮নং খং ৫-৮৪দাঃ জমির যে জমা লেখাবার যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ৪০০৲

২। ঐ থানা ঐ মৌজে ডিঃ সং ২৭৮। ৮৬।২৮৮।২৯৩ নং খং মুক্ত ১৩-১৯দাঃ জমির ৯৸৶ জমা, যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ১০০৲

(৩)

৬১৭ খাজানাজারি ৩৭ দাবী ৪৭/৯
ডিঃ ঐ
দেঃ গোপাল কৃষ্ণ খাঁ সাং মাধবপুর
পোঃ বাগআঁচড়া

থানা চাপড়া মৌজে মাধবপুর গ্রামে ডিঃ সং ৮৯নং খং ১৪-৮১দাঃ জমির ১৭৸৶০ জমা যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ২৫৲

(৪)

৬১৩ খাজানাজারি ৩৭ দাবী ৪৪৶০
ডিঃ ঐ
দেঃ রতিকান্ত বক্সী দিং সাং ঐ পোঃ ঐ

১। থানা চাপড়া মৌজে কাটপাড়া মধ্যে ডিঃ সং ১৩৭নং খং ১১-১৬দাঃ জমির ১৪।৵ জমা যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ১৫৲

২। ঐ থানা ঐ মৌজে মহৎপুর গ্রামে ডিঃ সং ৮৮০নং খং ৩-৩২দাঃ জমির ৪৲ জমা যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ৫৲

(৫)

৬২৫ খাজানাজারি ৩৭ দাবী ৫৩৸৶০
ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিমিটেড
দেঃ পঞ্চানন সিংহ সাং নাটুদহ পোঃ ঐ

থানা চাপড়া মৌজে নাটুদহগ্রামে ডিঃ সং ১৮৭নং খং ২-৪২দাঃ জমির ১০৶০ জমা যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ২৫৲

(৬)

৭৫৩ খাজানাজারি ৩৭ দাবী ৩৫।৬
ডিঃ মন্মথ পালচৌধুরী
দেঃ গফিজুদ্দী হালসানা সাং কালনা
পোঃ বাগআঁচড়া

থানা কোতয়ালী মৌজে দর্শীপুরগ্রামে ডিঃ সং ৩৸০।০ বিঘা জমির কাত ৭।০টাকার যে চটবন্দী জোত জমা লেখা যায় উক্ত জমির অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ১০৲

(৭)

৭৭৩ খাজানাজারি ৩৭ দাবী ১০৸৶০
ডিঃ বীরেন্দ্রনাথ রায়
দেঃ উম্মেখাতুন বিবি দিং সাং কাটাল-
পোতা পোঃ কৃষ্ণনগর

থানা চাপড়া মৌজে পাটিগ্রামে ডিঃ সং ২২৪নং খং ৫-৭০দাঃ জমি তন্মধ্যে দেনাদার দখলিকার আছে উক্ত বাকী পড়া জমা জমি ও আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ১০৲

(৮)

৭৯০ খাজানাজারি ৩৭ দাবী ১১৸/০
ডিঃ ম্যানেজার, কাশিমবাজার রাজ
ওয়ার্ডস্ ষ্টেট
দেঃ হজরত চন্দ্র গড়াই সাং মদনডাঙ্গা
পোঃ নাকাশীপাড়া

থানা নাকাশীপাড়া মৌজে ঐ ডিঃ সং ৪৬ নং খং ১০-৪০ দাঃ জমির ৩১৸৵ জমা যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ৫৲

(৯)

৭৯১ খাজানাজারি ৩৭ দাবী ১১৶৫
ডিঃ ঐ
দেঃ কার্ত্তিক চন্দ্র কর্ম্মকার দিং সাং
মাজের গ্রাম পোঃ নাকাশীপাড়া

১। থানা নাকাশীপাড়া মৌজে মাজদিয়া মধ্যে ডিঃ সং ২৪৯ নং খং ৩-৯ দাঃ জমির ১১।৵৯ জমা যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ৫৲

২। ঐ থানা ঐ মৌজে ডিঃ সং ২৫০ নং খং ৩৩ দাঃ জমির ১।৵৯ জমা যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ২৲

(১০)

৭৯২ খাজানাজারি ৩৭ দাবী ১১৶৫
ডিঃ ঐ
দেঃ ফকিরউদ্দিন মণ্ডল সাং আকন্দ
বেড়িয়া পোঃ নাকাশীপাড়া

থানা নাকাশীপাড়া মৌজে মাজদিয়া মধ্যে ডিঃ খং ২০৯ নং খং ২ ৭১ দাঃ জমির ১৶০ জমা যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ৫৲

(১১)

৭৯৩ খাজানাজারি ৩৭ দাবী ৯৸৶১
ডিঃ মন্মথ পাল চৌধুরী
দেঃ হু [illegible] সেখ সাং পুপুরিয়া পোঃ
বাগআঁচড়া

থানা চাপড়া মৌজে মহৎপুর মধ্যে ডিঃ সং ৪।৩।৵ বিঘা জমির কাত ৮৶।০ টাকার যে চটবন্দী জোত লেখা যায় যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য আং ২৫৲

(১২)

৮১২ খাজানাজারি ৩৭ দাবী ১৮.৯
ডিঃ যতীশ চন্দ্র পালচৌধুরী
দেঃ মোবারক সেখ দিং সাং পাথুরী
পোঃ বাগআঁচড়া

থানা চাপড়া মৌজে অলকাগ্রামে ডিঃ সং ১৬০ নং খং ৫৮ দাঃ জমির যে চটবন্দী জোত জমা লেখা যায় যার অন্তর্নিহিত আকর আওলাত দখলত হুকুক মূল্য ৫৲

(১৩)

৮১৩ খাজানাজারি ৩৭ দাবী ২২।৵
ডিঃ ঐ
দেঃ মেরাজ মণ্ডল দিং সাং পাথুরী
পোঃ বাগআঁচড়া

থা [illegible] গ্রামে [illegible] সং ১৫৩ [illegible] ২৩ দাঃ জমির কাত [illegible] চটবন্দী জোত [illegible] উক্ত জোত [illegible] আওলাত দখলত হুকুক মূল্য [illegible]

(১৪)

৮১৪ খাজানাজারি [illegible] দাবী ৪৯।০
ডিঃ

দেঃ ভগবতী দাসী দিং সাং অলকা পোঃ বাবলারি

থানা চাপড়া মৌজে অলকা গ্রামে ডিঃ নং ৩১০ নং খং ৩-১৭ দাঃ জমির ৭।/১০ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ১৫৲

(১৫)

৮৫৮ বাংজারি ৩৭ দাবী ৩১৸/০

ডিঃ বীরেন্দ্র নাথ রায়

দেঃ অন্নপূর্ণা দাসী সাং গোয়াড়ী কাটালপোতা পোঃ কৃষ্ণনগর

থানা চাপড়া মৌজে খাটুরা গ্রামে ডিঃ নং ১৬০ নং খং ৩-৩৪ দাঃ জমি মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ১০৲

(১৬)

৮৬৬ বাংজারি ৩৭ দাবী ১৪৫।/১

ডিঃ প্রতিভাসুন্দরী দাসী

দেঃ মনমোহন হালদার দিং সাং বালিডাঙ্গা পোঃ বাবলারি

থানা চাপড়া মৌজে কল্যাণদহ গ্রামে ডিঃ নং ১৮০ নং খং ৪ অধীন ১৮১-১৮৭ নং খং ৩৪-৪৩ দাঃ জমির ৬০৷৶৫ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ৫০৲

(১৭)

৮৭১ বাংজারি ৩৭ দাবী ১৮।৹

ডিঃ কালীদাসী পালচৌধুরী

দেঃ সংরাদি বিশ্বাস দিং সাং শিকড়ী পোঃ বাবলারি

থানা চাপড়া মৌজে শিকড়ী মধ্যে ডিঃ নং ৩৭০ নং খং -৬৪দাঃ জমির ২৲, ৮।০ টাকা যে করকার্ণ জমা লেখা যায় উক্ত জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ৫৲

(১৮)

৮৭২ বাংজারি ৩৭ দাবী ২০৬৸/১

ডিঃ মন্মথ পালচৌধুরী

দেঃ নন্দগোপাল মজুমদার দিং সাং গোয়াড়ী পোঃ কৃষ্ণনগর

থানা চাপড়া মৌজে মহৎপুর মধ্যে ডিঃ নং ৩/৪৵০ বিঘা জমির কাত লেখা যায় মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ১০৲

(১৯)

৮৮০ বাংজারি ৩৭ দাবী ৬২।৵০

ডিঃ ঐ

দেঃ ঐ

থানা চাপড়া মৌজে মহৎপুরগ্রামে ডিঃ নং ১১৩৬নং খং ২।৩৬০ বিঘা জমির ১৵০ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ৫৲

(২০)

৮৮১ বাংজারি ৩৭ দাবী ৫০।০

ডিঃ ঐ

দেঃ হুসেনার মণ্ডল সাং পুখরিয়া পোঃ বাবলারি

থানা চাপড়া মৌজে চন্দ্রমহৎপুর মধ্যে ডিঃ নং ৯১নং খং ২।০ বিঘা জমির ৬৸৹ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ১০৲

(২১)

৮৮৩ বাংজারি ৩৭ দাবী ৩১৸০

ডিঃ ঐ

দেঃ নন্দগোপাল মজুমদার সাং গোয়াড়ী পোঃ কৃষ্ণনগর

থানা চাপড়া মৌজে মহৎপুর মধ্যে ডিঃ নং ৩৬৮২নং খং ৩১৸৵০ বিঘা জমির ৪।৶১০ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ১০৲

(২২)

৮৮৫ বাংজারি ৩৭ দাবী ৬২৸৭

ডিঃ জ্যোতিষচন্দ্র পাল চৌধুরী দিং

দেঃ ভোলাই বীট দিং সাং হাতিশালা পোঃ বাবলারি

থানা চাপড়া মৌজে হাতিশালা গ্রামে ডিঃ নং ১৩৬০ নং খং -৯২ দাঃ জমির ৮।৶০ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ১৫৲

(২৩)

৯১১ বাংজারি ৩৭ দাবী ৪০৻৫

ডিঃ ঐ

দেঃ কাদী সেখ মল্লাবী দিং সাং মজলপুর পোঃ নাকাশীপাড়া

থানা নাকাশীপাড়া মৌজে মজলপুর গ্রামে ডিঃ নং ১৩৭৪ নং খং ২-২৯ দাঃ জমির ৫।৵০ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ১০৲

(২৪)

৯১২ বাংজারি ৩৭ দাবি ৩০৵০

ডিঃ ঐ

দেঃ মোহেন সেখ মণ্ডল দিং সাং বীরপুর পোঃ নাকাশীপাড়া

থানা নাকাশীপাড়া মৌজে পাটিকাবাড়ী গ্রামে ডিঃ নং ৯৫৪ নং খং ১-৩৫ দাঃ জমির ৫৲ টাকা জমা মায় তদুপরিস্থিত আকর আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ১০৲

(২৫)

৯০৬ বাংজারি ৩৭ দাবী ২৩/১

ডিঃ ঐ

দেঃ ইজেমার নিকারী সাং মজলপুর পোঃ নাকাশীপাড়া

থানা নাকাশীপাড়া মৌজে মজলপুর গ্রামে ডিঃ নং ১১১৫ নং খং -৮৯ দাঃ জমির যে ওটবন্দী জোত লেখা যায় মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ৫৲

(২৬)

৯১৯ বাংজারি ৩৭ দাবী ১৪০৸৶৬

ডিঃ শ্রীশচন্দ্র পাল চৌধুরী দিং

দেঃ কালী মণ্ডল তরফদার দিং সাং শিমলা পোঃ বাবলারি

থানা চাপড়া মৌজে মহাদেবপুর গ্রামে ডিঃ নং ১০০ নং খং ৪-৭৮ দাঃ জমির ১২৸১৫ জমা, মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ২৫৲

(২৭)

৯২৩ বাংজারী ৩৭ দাবি ৯৫।৵০

ডিঃ মন্মথ পাল চৌধুরী

দেঃ নিরঞ্জন গড়াই সাং তোলপুখরিয়া পোঃ বাবলারি

থানা চাপড়া মৌজে তোলপুখরিয়া গ্রামে ডিঃ নং ৩১১ নং খং ২২।১৶০ বিঘা জমির ১৩৸/১৬৸ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য ২৫৲

(২৮)

১০০৯ বাংজারী ৩৭ দাবি ৩০।৶৬

ডিঃ প্রবোধনাথ গঙ্গোপাধ্যায় দিং

দেঃ চিরঞ্জীব মুখোপাধ্যায় দিং সাং বর্ষীয়া পোঃ নাকাশীপাড়া

থানা নাকাশীপাড়া মৌজে বর্ষীয়াগ্রামে ডিঃ নং ৩৩১ নং খং ৪ অধীন ৩৩২-৩৩৩-৩৩৮ নং খতিয়ানভুক্ত -৭৫ দাং জমির ৪৵০ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ২০৲

(২৯)

৫৫৩ বাংজারি ৩৭ দাবি ৫১৸/১

ডিঃ কালীকুমার বিশ্বাস দিং

দেঃ হাবেল মণ্ডল দিং সাং বৃত্তিহুদা পোঃ বাবলারি

থানা চাপড়া মৌজে বৃত্তিহুদাগ্রামে ডিঃ নং ২০৬ নং খং ৫-২৭ দাঃ জমির ৭/০ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ১০৲

নীলামের দিন ১৯।১১।৩৭

(৩০)

৭০০ বাংজারি ৩৭ দাবী ৬৮৭/১

ডিঃ সৌদামিনী দাসী

দেঃ প্রমথনাথ সরকার সাং নবদ্বীপ বুনাথতলা পোঃ নবদ্বীপ

১। থানা চাপড়া মৌজে মহৎপুর মধ্যে ডিঃ নং ৩২৭নং খং ২-১৬দাঃ জমির ২।০জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ১০৲

২। থানা চাপড়া মৌজে মহৎপুরগ্রামে ডিঃ নং ৬৬৫নং খং -১০দাঃ জমির নিষ্কর ব্রহ্মোত্তর জমি মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ৫৲

৩। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৫১৩ নং খং ৭-১৫দাঃ জমির ৭।০ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ১৫৲

৪। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৪০৪ ২১নং খং -১৬দাঃ জমির [illegible] আদায় মতাবেক চিরস্থায়ী মোকররী [illegible] মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ৫৲

(৩১)

৭০১ বাংজারি ৩৭ দাবী ১৮৭৶৬

ডিঃ বিশ্বনাথ সিংহ রায় দিং

দেঃ আবদুল মণ্ডল দিং সাং গোখুরাপোতা পোঃ বাবলারি

থানা চাপড়া মৌজে গোখুরাপোতা গ্রামে ডিঃ নং ১৮নং খং ২০-৫৭দাঃ জমির ২১৸৶৫ পাই জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ১০০৲

(৩২)

৭৬৮ বাংজারি ৩৭ দাবী ২৭৸৵০

ডিঃ খোদাদাদ মণ্ডল দিং

দেঃ আতনাথ দাস খৃষ্টান দিং সাং চাঁদতলা পোঃ বাবলারি

থানা চাপড়া মৌজে লক্ষ্মীগাছাগ্রামে ডিঃ নং ৫১২নং খং -৩১দাঃ জমির ৯৸/১০ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ৫৲

(৩৩)

৮৪৬ বাংজারি ৩৭ দাবী ৮৫।৸৶৬

ডিঃ প্রতিভাসুন্দরী দাসী

দেঃ তবিবদি মল্লিক দিং সাং পিতাম্বরপুর পোঃ বাবলারি

থানা চাপড়া মৌজে পিতাম্বরপুর মধ্যে ডিঃ নং ১৯ নং খং ১১-৬২ দাঃ জমির ২৮৸৶৩ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য আঃ ২৫৲

(৩৪)

৯২৭ বাংজারি ৩৭ দাবী ১৫৬৸৶৩

ডিঃ মন্মথ পাল চৌধুরী

দেঃ হাজারি পাকুই সাং তোলপুখরিয়া পোঃ বাবলারি

থানা চাপড়া মৌজে তোলপুখরিয়া গ্রামে ডিঃ নং ২৮০ বিঘা জমির ২৲১০ যে ওটবন্দী জমা লেখা যায় মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য ১০৲

(৩৫)

৫২৯ বাংজারি ৩৭ দাবী ২৯৸৵০

ডিঃ ঐ

দেঃ পচু পাকুই সাং ঐ পোঃ ঐ

থানা চাপড়া মৌজে তোলপুখরিয়া গ্রামে ডিঃ নং ২-৫ নং খং ৭৯২৸৵০ বিঘা জমির ৬৸/১৭১ জমা মায় তদুপরিস্থিত আকর আওলাত দখলস্বত্ব হকুক মূল্য ১০৲

(৩৬)

৯৯০ বাংজারি ৩৭ দাবী ৫৩৸৶১০

ডিঃ ঐ

দেঃ নেহুই সেখ দিং সাং জাদবপুর পোঃ বাবলারি

(অতঃপর পর পৃষ্ঠার ১ম কলমে দ্রষ্টব্য)



১২শবর্ষ } ৪২ দামোদর গৌরাব্দ ৪৫: ২৭শে কার্ত্তিক ... ১৩৩৮, ১০ই নভেম্বর ১৯৩১, বুধবার } ২০৭তম সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

——::(০)::——

কটক শ্রীসচ্চিদানন্দমঠে শ্রীগোবর্দ্ধনপূজা ও অন্নকূট মহোৎসব

গত ৪ঠা নভেম্বর বুধবার কটক শ্রীসচ্চিদানন্দমঠে ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামিপাদের আনুগত্যে শ্রীশ্রীগোবর্দ্ধনপূজা ও অন্নকূট মহামহোৎসব যথাবিধি অনুষ্ঠিত হইয়াছে। উষঃকীর্ত্তন ও পাঠের পরে শ্রীমন্দির পরিক্রমা হইয়াছিল। মধ্যাহ্ণে ১১ ঘটিকা হইতে ১ ঘটিকা পর্য্যন্ত শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীপাদ নিতাইচরণ দাসাধিকারী ভক্তিলোচন প্রভু শ্রীগোবর্দ্ধন শ্রীশ্রীগোপালের প্রকট ও শ্রীপাদ মাধবেন্দ্রপুরীপাদের উপাখ্যান পাঠ করিয়াছিলেন। পাঠের আদি ও অন্তে শ্রীপাদ মনোহর প্রভু সংকীর্ত্তন করিয়াছিলেন।

মধ্যাহ্ণিকের পর শ্রীপাদ কৃষ্ণপ্রেম ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভুর মূলগায়কত্বে মহাজনপদাবলী কীর্ত্তন হইবার পর শ্রীপাদ বিলাসবিগ্রহ দাসাধিকারী ভক্তিভূষণ ভক্তশাস্ত্রী মহোদয় চতুর্থ বর্ষের 'গৌড়ীয়' হইতে "গোবর্দ্ধন-পূজা" প্রবন্ধটী প্রাঞ্জল ভাষায় পাঠ ও ব্যাখ্যা করিয়া সমাগত শ্রোতৃবর্গকে বুঝাইয়া দিয়াছিলেন। পাঠকীর্ত্তনান্তে প্রায় এক শত ব্যক্তিকে বিচিত্র মহাপ্রসাদ বিতরিত হইয়াছিল।

শ্রীযুক্ত রাখালচন্দ্র রায় বি-এল্ (ভাইস্ চেয়ারম্যান কটক মিউনিসিপ্যালিটী) শ্রীযুক্ত যতীন্দ্রনাথ সরকার বি-এ (কটকস্থ স্কুলের হেড্‌মাষ্টার), ঐ স্কুলের সহকারী শিক্ষক শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ মুখার্জ্জী বি-এ, শ্রীরামচন্দ্র সিংহ (কন্‌ট্রাক্টার), শ্রীযুক্ত সারদাকান্ত চৌধুরী, শ্রীযুক্ত কৃষ্ণদাস দাস, শ্রীযুক্ত শচীন্দ্রনাথ ঘোষ, শ্রীযুক্ত শচীন্দ্রনাথ রায়, শ্রীযুক্ত চিন্তামণি নায়ক প্রমুখ সজ্জনবর্গ উৎসবে উপস্থিত ছিলেন।

পুরুষোত্তমে প্রচার

গত ১০শে অক্টোবর হইতে ২৭শে অক্টোবর পর্য্যন্ত সপ্তদিবস ঢাকা-নিবাসী পাবনার রিটায়ার্ড কালেক্টার শ্রীযুক্ত বাবু সতীশ চন্দ্র গুহ মহোদয়ের পুরীধামস্থ আবাসে শ্রীগৌড়ীয়মঠের প্রচারক শ্রীপাদ গৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারীজী শ্রীমদ্ভাগবত হইতে অজামিল-উপাখ্যান পাঠ করিয়াছেন। পাঠ শ্রবণে কালেক্টার মহোদয়ের অন্তঃকরণে উচ্চভাবের প্রভাব উদয় হইয়াছে। ব্রহ্মচারীজী প্রথম দিবস আলোচনা করেন যে, আধ্যাত্মিক দুঃখনিবৃত্তির জন্য মুমুক্ষুগণ যে মুক্তি প্রার্থনা করেন এবং জড় জগতের সুখভোগে আকৃষ্টচিত্ত ব্যক্তিগণ যে সুখভোগ লাভ করিবার জন্য যত্ন করেন তদুভয়েই জীবকে বিষ্ণুপদে বিমুখ করায়। ভোগী ও ত্যাগি সম্প্রদায় উভয়েই দেবীধামের অধিষ্ঠাত্রী দেবীর অধীনে অবস্থান করেন। সুখভোগ-লোলুপ বাংসদূক অজ্ঞলোক ইন্দ্রিয়সুখভোগে প্রমত্ত হইয়া যে পাপের আবাহন করে সেই পাপের হাত হইতে রক্ষা পাইবার জন্য চান্দ্রায়ণাদি ব্রত আচরণ করিয়া থাকেন; তদ্দ্বারা পাপ কিয়ৎ পরিমাণে বিনষ্ট হইলেও পাপবীজ বা অবিদ্যার বর্ত্তমানতাহেতু পুনঃ পুনঃ জীবকে পাপে প্রণোদিত করায়। জ্ঞান পন্থা অবলম্বন করিয়া কতগুলি মুক্ত ব্যক্তি যদিও সাময়িকভাবে পাপের কবল হইতে কিয়ৎপরিমাণে নিষ্কৃতি পাইতে পারে, কিন্তু সেখানেও অবিদ্যা ধ্বংস না হওয়ায় তাহাদের পতন অবশ্যম্ভাবী। ব্রহ্মচারী মহোদয় 'নেহজ্ঞেয়বিধানো' এই শ্লোকটী কীর্ত্তন করিয়া এবং গৌড়ীয়, বিশ্বনাথ প্রভু ও তদনুগগণের উদাহরণ প্রদান করিয়া বিষয়টী বিশদভাবে শ্রোতৃমণ্ডলীর নিকট কীর্ত্তন করেন। ভগবত্ত কৃপা দ্বারাই জীবের প্রকৃত মঙ্গল হইয়া থাকে।

গত ২৪শে অক্টোবর পুরীস্থ কালেক্টারী ডিপার্টমেন্টের ফৌজদারী ডেপুটী কালেক্টার শ্রীযুক্ত বাবু ত্রৈলোক্যনাথ পট্টনায়ক মহোদয় শ্রীপুরুষোত্তম মঠে শ্রীবিগ্রহ দর্শনের জন্য শুভাগমন করিয়াছিলেন। মঠের সহকারী মঠরক্ষক শ্রীপাদ ইন্দুপতি অধিকারী মহোদয় তাঁহার গলদেশে প্রসাদী মালিকা অর্পণ করেন। তদনন্তর পুরুষোত্তমমঠের নাটমন্দিরে উপবেশন করত মঠের উদ্দেশ্য বিষয় শ্রীপাদ গৌরাঙ্গ ব্রহ্মচারীজী ও শ্রীপাদ উদ্ধব দাস অধিকারী মহোদয়ের নিকট হইতে শ্রবণ করেন। সে সময় শ্রীযুক্ত বাবু রাখালচন্দ্র বসু মহাশয়ও তাঁহার সহিত কিছুক্ষণ আলাপ করেন। তদনন্তর তিনি শ্রীল প্রভুপাদের চটক-পর্ব্বতস্থ ভজন কুটীর দর্শন ও চক্রাখ্য প্রণাম করেন। তিনি উক্ত স্থান দর্শন করিয়া আনন্দ প্রকাশ করেন। তৎপরে মঠপ্রধান সম্মান করত শ্রীর মোটরে স্বভবনে গমন করেন। ডেপুটী ম্যাজিষ্ট্রেট মহোদয়ের সৌজন্য ও ধর্ম্মানুরাগ বাস্তবিক বিশেষ প্রশংসনীয়। তিনি যাইবার সময় বলেন—আমার যাহা কিছু বক্তব্য তাহা সময়ান্তরে আসিয়া জ্ঞাপন করিব। আপনারা কৃপা করিয়া কেবল দয়ালু আমার মঙ্গল বিধান করিবেন, ইহাই আপনাদের নিকট প্রার্থনা।

শ্রীধাম বৃন্দাবনে উর্জ্জব্রত

গত ২৫।১০।৩১ রোববার তারিখে মহারাজগণ শ্রীমঠ হইতে যমুনাঘাটের পথে গিয়া শ্রীকেশীঘাট পরিক্রমা করেন। শ্রীপাদ মাধবানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী গৌরকিশোর কীর্ত্তন করিলে পণ্ডিত শ্রীপাদ নন্দলাল বিদ্যাসাগর ভক্তিশাস্ত্রী প্রভু ভক্তিসারস্বত হইতে শ্রীকেশীঘাটের মাহাত্ম্য ও ব্যাখ্যা সম্বন্ধে পাঠ ও বক্তৃতা করেন। পুনরায় 'বর্ণিতধর্ম্ম' শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ ... পাঠ ও ব্যাখ্যা করেন। ... শ্রীপাদ বিশ্বপতি প্রভু ... শ্রীকৃষ্ণের ... ব্যাখ্যা করেন। ... শ্রীচৈতন্যভাগবত হইতে ... পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হইয়াছিল। প্রত্যহই বহু সজ্জন শ্রীমঠে আগমন করিয়া পাঠকীর্ত্তন শ্রবণ করিতেছেন।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

"হরিভজন ব্যতীত জীবের আর কোনও কর্ত্তব্য নাই। বালক হউক, বৃদ্ধ হউক, যুবা হউক, স্ত্রী হউক, পুরুষ হউক, পণ্ডিত হউক, মূর্খ হউক, ধনী হউক, দরিদ্র হউক, রূপবান্ হউক, পুণ্যবান্ হউক, পাপী হউক, যে যে অবস্থায় থাকে থাকুক, তাঁদের জন্য সাধন-প্রণালী আর কিছুই নাই, 'সাধন'—একমাত্র শ্রীকৃষ্ণসংকীর্ত্তন।"

(বক্তৃতাবলী তৃতীয় খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২২ দামোদর, শুক্র অনিরুদ্ধ গৌরাব্দ ৪৪১

কৃপা পাই না কেন ?

——::•::——

কৃপা পাই না কেন, এই প্রশ্ন মীমাংসিত হইবার পূর্ব্বে কৃপার স্বরূপ কি, কৃপা কাহাকে বলে, তাহা জানা আবশ্যক। শুধু কৃপা চাহিতে গিয়া অন্য কিছু চাহিয়া বসিব। ভগবান্ সেব্যবস্তু। সেবকের নিকট হইতে সেবাগ্রহণই তাঁহার কার্য্য। সেব্যের কৃপা বা ইচ্ছা ব্যতীত সেবালাভ অসম্ভব। আবার এই সেবালাভেই আমাদের মঙ্গলাকাঙ্ক্ষা; সুতরাং নিরন্তর অপরাধ ক্ষমা করিয়া গুরু-সেবাদানই যে ভাবের প্রতি সেব্যের অযাচিত কৃপা তাহা সহজেই অনুমেয়।

ভগবান্ করুণাময়—কৃপাময়, দয়ার সাগর। তিনি মঙ্গলময়। তিনি জীবগণকে কৃপা করিবার জন্য—সেবাপ্রদানের জন্য সর্ব্বক্ষণ ব্যস্ত। তবে তিনি কাহারও স্বাধীনতায় হস্তক্ষেপ করেন না—কাহারও ইন্দ্রিয়তর্পণের দাবী পূর্ণ করেন না। আমরা তাঁহার নিকট কিছু প্রার্থনা করিলে স্বেচ্ছাময় তিনি তাহা পূরণ করিতেও পারেন, না করিতেও পারেন। কিন্তু এমন একটি জিনিষ আছে, যাহা নিষ্কপটে চাহিলে আর প্রত্যাখ্যাত হইতে হয় না। সে প্রার্থনা তিনি আনন্দের সহিত পূর্ণ করেনই করেন। সেইটী আর অন্য কিছুই নহে, তাহা কৃপাময়ের নিকট কৃপা প্রার্থনা, যাহা প্রদান করা দয়াময়ের স্বাভাবিক বৃত্তি। সেব্য যদি সেবা না দেন, কৃপা না করেন, তাহা হইলে সেবা দিবে আর কে ? ভগবানের নিকট নিষ্কপটে সেবা প্রার্থনা করিলে—তাঁহার নিকট অযাচিত কৃপাভিক্ষা করিলে তিনি যে নিশ্চয়ই কৃপা করেন তাহার বহু প্রমাণও আমরা শাস্ত্রাদিতে পাইয়া থাকি। তাঁহার নিকট নিষ্কপট কৃপার্থী হইয়া কেহ কখনও বিমুখ হন নাই বা হইবেন না। অতএব কৃপা না পাওয়া সম্বন্ধে কৃপাদাতার কোন দোষ নাই, যত দোষ এই হতভাগ্যের। যাঁহারা নিষ্কপট কৃপাপ্রার্থী বা শরণাগত ব্যক্তি তাঁহারা কখনও ভগবানের উপর দোষারোপ করেন না, পরন্তু তাঁহার অসীম দয়ার কথা বলিবার জন্য অনন্তমুখ হন; আর পূর্ণকৃপাপ্রাপ্তের ত' কথাই নাই।

সেবোন্মুখতাই কৃপালাভের—সেবালাভের একমাত্র উপায়। কেবল মুখে কৃপা-প্রার্থনাই কৃপাকাঙ্ক্ষার স্বরূপ নহে, পরন্তু সেবাকাঙ্ক্ষাই—কৃপাকাঙ্ক্ষা। নিষ্কপট সেবা-প্রার্থীই—অপ্রতিহত কৃপাপ্রার্থী। সেবায় উদাসীন থাকিয়া, সর্ব্বক্ষণ গুরু-বৈষ্ণব-ভগবানের সেবার জন্য ব্যস্ত নহেন যিনি, তিনি কৃপাপ্রার্থী নহেন—কপট বা কৃপাগ্রহণে অনিচ্ছুক। মুখে কৃপা প্রার্থনা আর অন্তরে কৃপাগ্রহণে অনিচ্ছা থাকিলে চলিবে না। অন্তরে বাহিরে কৃপাভিক্ষু হইতে হইবে, সেবালাভের জন্য প্রাণ-বিসর্জ্জন দিতে হইবে এবং সেবাপ্রাপ্তিকেই নিত্য প্রয়োজন বোধ করিয়া অন্যান্যের আশায় জলাঞ্জলি বা কৃপার্থী হইয়া বসিয়া থাকিতে হইবে। প্রভুকৃপার জন্য অধীন সেবককে প্রতীক্ষা করিতে হইবে। এই কৃপাপ্রার্থনা বা সেবা-লালসা সম্বন্ধে নিষ্কপট কৃপাপ্রার্থী ও কৃপাপ্রাপ্ত সাধুগণের শ্রীমুখে সেই কৃপা বা সেবার অমোঘ বলিবার কথা অহরহ নিরন্তর শ্রবণ করিতে হইবে। কৃপার্থী কৃপা পাইবেন, ইহা ধ্রুবসত্য। আমরা অনেক সময়ে বলি, কৃপা চাহিলেই যখন পাওয়া যায় তখন আমরা কৃপা চাহিয়াও পাই না কেন ? কপটতা বা ধর্ম্মার্থকাম-মোক্ষাদি—অন্যাভিলাষই তাহার বাধক। নিষ্কপটে কৃপা চাহিলে কি কৃপা না পাওয়া যায় ? আর যিনি নিষ্কপট কৃপাপ্রার্থী, কৃপা না পাইয়া তিনি থাকিতে পারেন না। তিনি কি কৃপা না পাইয়া স্থির থাকিতে বা প্রাণ ধারণ করিতে পারেন ? কৃপার যাঁহার জীবন ও সর্ব্বস্ব তিনি জানেন যে, কৃপা নিশ্চয়ই পাইব। তবে দু দিন আগে, না দু দিন পরে। তাঁহার নিষ্কপট হৃদয়ে কৃপা না পাওয়ার কোন কথা জাগে না এবং নিরন্তর সেবামুখে কৃপাপ্রার্থনা ছাড়া তিনি আর অন্য কিছু করেনও না। ভগবৎ-কৃপাবন্যা ত' নিত্যকালই পতিত জীবগণের জন্য বিস্তৃত আকারে সংসারকূলে প্রবাহিত রহিয়াছে। যখন আমরা যে পরিমাণে যোগ্যতা লাভ করিব তখন আমরা সেই পরিমাণে কৃপা পাইব—আমরা যে পরিমাণে নিষ্কপট সেবা বা সাধন করিব, সেই পরিমাণে কৃপাপ্রার্থী হইব।

জীব যখন আত্মমঙ্গলের জন্য ভগবৎ-সেবোন্মুখ হন—প্রপত্তিবিশিষ্ট হন, তখন ভগবান্ জীবকে কৃপা পূর্ব্বক উদ্ধার করেন জীবের সাধন-চেষ্টা ও ভগবৎকৃপা-প্রভাবে জীব উদ্ধার লাভ করিতে পারেন। ভগবৎ-কৃপাবিমুখ হইয়া আত্মনির্ভরতামূলে কেবল সাধন-চেষ্টার দ্বারা জীব উদ্ধার লাভ করিতে পারে না, কিছুদূর পর্য্যন্ত উঠিতে না উঠিতেই পড়িয়া যায়, আর সাধন-চেষ্টা পরিত্যাগ পূর্ব্বক কেবল কপটতা করিয়া মুখে কৃপাপ্রার্থনা অর্থাৎ জাড্য, আলস্য বা সেবাবৈমুখ্য দ্বারা সংসার হইতে পরিত্রাণ পাওয়া যায় না। যে ব্যক্তি কৃপা প্রার্থনা করিবেন, তিনি সাধন করিবেন অর্থাৎ সেবা-প্রবৃত্তিবিশিষ্ট হইবেন; সেবা-প্রবৃত্তির সহিতই প্রচুর কৃপা তাঁহার উপলব্ধির বিষয় হইবে।

'ভগবান্‌কে লাভ ক'রতে হ'লে আমাদের কি সাধনের প্রয়োজন, না কেবল কৃপাই প্রয়োজন ?' এই প্রশ্নের উত্তরে জগদ্‌গুরু শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—শ্রীচৈতন্যদেবের উপদেশ ভগবৎপ্রাপ্তির জন্য কৃষ্ণপ্রসাদন ও সাধনা-ভিনিবেশ—এই দুই প্রকার উপায়েরই আবশ্যকতা আছে। কৃপালাভ ব্যাকুল নিকট বড়িশ ফেলতে হ'বে আর কৃপালাভ ব্যক্তির হাতও বাড়াতে হ'বে অর্থাৎ ভবকূপে পতিত আমাদের নিকট শ্রীগুরুবৈষ্ণব-ভগবানের কৃপারজ্জু ও পৌঁছান দরকার আর আমাদের হাত বাড়িয়ে সেই কৃপারজ্জু ধরাও প্রয়োজন। শ্রীগুরুবৈষ্ণবের কৃপা এবং আমাদের ভক্তির অনুকূল বিষয় গ্রহণ ও প্রাতিকূল্য-বর্জ্জন-চেষ্টারূপ সাধন এই দুয়েরই আবশ্যকতা আছে।

শ্রীগুরুবৈষ্ণবগণ পতিত আমাদিগকে সংসার হইতে উদ্ধার করিবার জন্য নানা ভাবে চেষ্টা করিতেছেন, কত প্যাঁচে প্যাঁচে চিন্ময় ব্যয় করিতেছেন, করুণাবশে কত কথাই না বলিতেছেন, কত উপদেশই না দিতেছেন, কিন্তু তাহা আমরা গ্রহণ করিতেছি কৈ ? আমরা ত' কেবলই দিন দিন তাহাতে অমনযোগ ও উদাসীন হইয়া পড়িতেছি। সুতরাং মাদৃশ পতিত ব্যক্তির জন্য ভগবৎকৃপা অনুক্ষণ সমভাবে বর্ত্তমান থাকিলেও যে কোনও কালে কপট আমাদের উদ্ধার নাই, তাহাতে আর সন্দেহ কি ?

সদ্‌গুরু বা ভগবানের কৃপারজ্জু সর্ব্বদাই লম্বমান আছে। আমরা যদি সেই অহৈতুকী কৃপারজ্জু দৃঢ়ভাবে ধরি তাহা হইলে আমাদিগকে নিষ্কপটে কৃপাপূর্ব্বক শ্রীভগবানের আকর্ষণ করিয়া তাঁর পাদপদ্মে নিশ্চয়ই উঠাইবেন। আর যদি কপটতা করিয়া 'ঠাকুর আমাকে কৃপা করুন'—কথাটি মুখে আওড়াই এবং অন্তরে বা কার্য্যকালে ভগবানের কৃপা-গ্রহণে পরাঙ্মুখ হই, অথবা নিজ স্বতন্ত্রতা—কৃষ্ণবিমুখতাই সংরক্ষণ করি তাহা হইলে আমাদের সংসার হইতে পরিত্রাণ হইবে কি করিয়া—আমরা কৃপাই বা পাইব কি করিয়া ?

আমরা অনেক সময় গুরুবৈষ্ণবের নিকট বলিয়া থাকি, 'প্রভো, আমাকে কৃপা করুন, আপনার কৃপা ব্যতীত আমার উদ্ধারের আর উপায় নাই। আপনার কৃপা না থাকায় আমার অসুবিধা কাটিতেছে না। কিন্তু কৃপাময় সাধু-গুরু যখন সত্যসত্যই আমাকে কৃপা করিতে উদ্যত হন অর্থাৎ পলায়ন সেবাদান করিতে প্রস্তুত হন তখন আমি পলায়ন করিবার রাস্তা খুঁজিয়া পাই না। এমনি আমার কৃপা-প্রার্থনার দৌড়! এত আমার সেবা লালসা! হায় দুর্দ্দৈব!

শ্রীমন্মহাপ্রভু সেবোন্মুখ জিহ্বাতেই স্বয়ং স্ফূর্ত্তি লাভ করেন। সেবোন্মুখের প্রতিই তাঁহার কৃপা হয়, সেবোন্মুখই সেবা পায়। এইজন্যই বলিতেছি, সেবা-প্রবৃত্তিই প্রকৃত-পক্ষে কৃপাপ্রার্থনা বা কৃপাকাঙ্ক্ষা; নতুবা শুধু কপটাকাঙ্ক্ষার কোন মূল্যই নাই, তাহা কেবল লোকদেখান আত্মপ্রতিষ্ঠার্জ্জনাকাঙ্ক্ষা মাত্র, উহা কৃপা গ্রহণ বা বরণ হইতে নিজেকে তফাৎ রাখিবার চেষ্টা। সুতরাং আমি কৃপা চাই না, তাই পাই না। আমি সর্ব্বক্ষণ সেবালাভের জন্য উদ্‌গ্রীব হই না বলিয়াই যে কৃপা পাই না, তাহাতে আর সন্দেহ কি ?

অহঙ্কার

ভগবান্ জগতে জন্মগ্রহণ করিয়া চেতন-ধর্ম্ম বিস্মৃত হইয়া জীব ক্রমশঃ জড় উপাধিযুক্ত হইয়া নানারূপ অহঙ্কারে প্রমত্ত হইতে থাকে এবং নিজের বাস্তব সত্তা বিস্মৃত হইয়া যায়। অহঙ্কার নানা প্রকারে আমাদিগকে শৃঙ্খলিত করে। যথা—আমি এই জগতের কোনও বস্তু-বিশেষ, আমি পুরুষ আমি স্ত্রী, আমি পুত্র, আমি কন্যা, আমি মাতা, আমি পিতা, আমি ধনী, আমি পণ্ডিত আমি প্রভু, আমি ভৃত্য ইত্যাদি। এই অহঙ্কারই জীবের স্বভাবতঃ প্রবল দেখা যায়। কারণ এই জগতে কেহই ছোট হইতে ইচ্ছা করে না। বস্তুতঃ জীব অণু বস্তু। অথচ প্রভু হইবার বাসনায় কখনও লাঞ্ছিত ও পীড়িত হইতে হয়; আবার কখনও দাসত্বাভিমানেও ঠিক স্বরূপই রক্ষা পায় না থাকে। প্রাকৃত অভিমান প্রবল থাকা কালে চেতনের ধর্ম্ম বা কৃত্য বিস্মৃত...

প্রতিষ্ঠিত হইতে পারা যায় না। তজ্জন্যই শ্রীশ্রীমন্মহাপ্রভুর বাণীতে আমরা শুনিতে পাই—

তৃণাদপি সুনীচেন তরোরপি সহিষ্ণুনা।
অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ॥

তৃণ অপেক্ষা সুনীচ হইয়া বৃক্ষের ন্যায় সহিষ্ণু হইয়া, নিজে অমানী হইয়া অপরকে মান দান করিয়া সর্ব্বদা হরিকীর্ত্তন করিতে হইবে, ইহাই শ্রীমন্মহাপ্রভুর উপদেশ। নিজের প্রতিষ্ঠাসংগ্রহ কিম্বা অমানী হইবার চেষ্টা, উভয়ই পরিত্যাগ করিয়া শ্রীহরিগুরু-বৈষ্ণব-দাসানুদাসাভিমান প্রবল হইলেই অপরকে মান-দান ও নিজেকে তৃণাপেক্ষা সুনীচ জ্ঞান আপনা হইতে আসে। নতুবা জড়াভিমানে উঁচু নীচু সবই একতাৎপর্য্যপর হয়। গীতা বলিয়াছেন—'তুল্য-নিন্দাস্তুতির্মৌনী সন্তুষ্টো যেন কেনচিৎ।' নিজের নিন্দা বা স্তুতিতে সমবুদ্ধি সুনীচতার লক্ষণ, কিন্তু যে স্থানে হরিগুরু-বৈষ্ণব-বিদ্বেষ বা নিন্দা, সে স্থলে তৃণাদপি সুনীচ বা অমানী হইয়া মান দান করিতে গেলে হরি-গুরু-বৈষ্ণবদাস্য হইতে বঞ্চিত হইয়া অকালেই মহাপদ লাভ করিতে হয়। আর একটী বৃহৎ বস্তু, তাহার দাহিকা শক্তি প্রবল। আবার তদপু অংশ একটী স্ফুলিঙ্গের কণ এরূপ শক্তি ধারণ করিয়া থাকে যে, তাহাদ্বারা ব্যাপকভাবে সমস্ত বস্তু ভস্মসাৎ হইতে পারে। স্ফুলিঙ্গের যদি দাহিকা-শক্তি না থাকে, তাহা হইলে অগ্নির সহিত তদংশুলিঙ্গের কোনও সম্বন্ধ থাকিতে পারে না; অর্থাৎ তখনই বিরূপ দেখা। আমি তৃণাদপি সুনীচ, অমানী বলিয়া প্রতিষ্ঠা কুড়াইতে থাকিলাম আর হরি-গুরু-বৈষ্ণবের বিরুদ্ধে যে যাহাই বলিয়া যাউক, তাহার কোনও প্রতিবাদ না করিয়া সাজুতার পরাকাষ্ঠা দেখাইলাম, এইরূপ আদর্শ শ্রীমন্মহাপ্রভু ও প্রভুভক্তগণ দেখান নাই। যেখানে হরি-গুরু-বৈষ্ণবের নিন্দা, সে স্থলে কাণে তুলা দিয়া কিম্বা বোবা সাজিয়া বসিয়া থাকিলে ঐ তৃণাদপি সুনীচতা অহঙ্কারেরই অন্যতম হইয়া থাকে। বৈষ্ণবপ্রবর শম্ভুর নিন্দা শ্রবণ করিয়া সতী তদ্বিরাকরণে অসমর্থ হইয়া নিজ দেহ পরিত্যাগ করিয়াছিলেন। সেখানে তিনি বৈষ্ণবনিন্দা শুনিয়া নীরব থাকিয়া তৃণাদপি সুনীচতার আদর্শ প্রদর্শন করেন নাই। শাস্ত্রে বলিয়াছেন—

বৈষ্ণবনিন্দা-শ্রবণেঽপি দোষ উক্তঃ—
নিন্দাং ভগবতঃ শৃণ্বন্ তৎপরস্য জনস্য বা।
ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ
সুকৃতাচ্চ্যুতঃ॥

ততোঽপসরণাসমর্থস্য এব। সমর্থেন তু নিন্দকজিহ্বা ছেত্তব্যা; তত্রাপ্যসমর্থেন স্বপ্রাণ-পরিত্যাগোঽপি কর্ত্তব্যঃ। (ভক্তিসন্দর্ভ)

কেবল যে বৈষ্ণব-নিন্দাকারিজন দোষী, তাহা নহে। যিনি বৈষ্ণবনিন্দা শ্রবণ করেন তাঁহারও অপরাধ হয়। 'ভগবানের বা ভক্তের নিন্দা শ্রবণ করিয়া যিনি স্থানত্যাগ করেন না, সেই ব্যক্তি সুকৃতি হইতে চ্যুত হইয়া অধঃপতিত হন। সেই স্থান হইতে চলিয়া যাওয়া অসমর্থ-পক্ষের বিধান মাত্র। সমর্থ হইলে নিন্দাকারীর জিহ্বা ছেদন করা কর্ত্তব্য। তাহাতেও অসমর্থ হইলে নিজ প্রাণ পরিত্যাগ করা বিধেয়।

যদিও গুরুবৈষ্ণববিদ্বেষী মানবের বৈষ্ণব-নিন্দাই অন্যের মূল, কিন্তু সুকৃতিশালী বুদ্ধিমান্ ব্যক্তিসকল ঐ নিন্দাকারীর নিন্দা-কর্ম্মের উদ্দেশ্য সহজেই বুঝিতে সমর্থ হন। শ্রীশ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু এইরূপ সুকৃতিশালী ব্যক্তিগণের কথাই বলিয়াছেন—

বৈষ্ণবের নিন্দা যায় নাহি শুনে কাণে।
সবে কৃষ্ণভজন করে, এইমাত্র জানে॥

অগ্নের ধর্ম্ম যেরূপ তরলতা, বৃক্ষের ধর্ম্ম যেরূপ সহিষ্ণুতা, অগ্নির ধর্ম্ম যেরূপ দহন করা, তদ্রূপ জীবের ধর্ম্মও হরিগুরুবৈষ্ণব-দাস্যে প্রতিষ্ঠিত হওয়া। কোনরূপ অহঙ্কারের দ্বারা এই দাস্য হইতে চ্যুত হইলেই পারিপার্শ্বিক নানারূপ অকার্য্য কুকার্য্যে প্রবৃত্ত হইতে হয়। নিজেকে বৈষ্ণব বলিয়া অহঙ্কার হইলেই অন্য বৈষ্ণবকে আক্রমণ করিবার দুষ্প্রবৃত্তি অন্তরে জাগরূক হয়। কোনও মহাজন গাহিয়াছেন—'আমি ত' বৈষ্ণব এ বুদ্ধি হইলে অমানী না হ'ব আমি।' অমানী না হইলে হরি-কীর্ত্তনে অধিকার হইতে পারে না।

শ্রীল ঠাকুর নরোত্তম স্বয়ং বৈষ্ণবঠাকুর হইয়াও দৈন্যভরে বৈষ্ণবে বিজ্ঞপ্তি করিয়াছেন—

"ঠাকুর বৈষ্ণবগণ, করি এই নিবেদন,
মো বড় অধম দুরাচার।
দারুণ সংসার-নিধি, তাহে ডুবাইল বিধি,
কেশে ধরি' মোরে কর পার॥
বিধি বড় বলবান্, না শুনে ধরম জ্ঞান,
সদাই করম-পাশে বান্ধে।
না দেখি তারণ লেশ, যত দেখি সব ক্লেশ,
অনাথ কাতরে তেঞি কান্দে॥
কাম,ক্রোধ,লোভ,মোহ, মদ অভিমান সহ,
আপন আপন স্থানে টানে।
ঐছন আমার মন, ফিরে যেন অন্ধজন,
সুপথ বিপথ নাহি জানে॥
না লইনু সৎ মত, অসতে মজিল চিত,
তুয়া পদে না করিনু আশ।
নরোত্তম দাসে কয়, দেখি শুনি লাগে ভয়,
তরাইয়া লহ নিজ পাশ॥"

—শ্রীপাবনী দেবী।

শ্রীমাধবগৌড়ীয়মঠের উৎসব-পঞ্জী

——শ্রী(ক)ঃ——

গত ১১ই কার্ত্তিক বৃহস্পতিবার ঠাকুরের মঙ্গলারাত্রিকান্তে উষঃকীর্ত্তন হয়। পরে উপদেশক শ্রীপাদ নিতাই দাস ব্রহ্মচারী প্রভু শ্রীচৈতন্যভাগবত হইতে ক্ষেত্রপালশিব, ভুবনেশ্বর নামের কারণ, কৃষ্ণপ্রিয় শিবস্থানে মহাপ্রভুর নৃত্য, প্রভুর বিভিন্নস্থানে শিবলিঙ্গ দর্শন পূর্ব্বক ভ্রমণ প্রভৃতি বিষয় পাঠ ও ব্যাখ্যা করেন। অতঃপর নগরসঙ্কীর্ত্তন-শোভাযাত্রা শ্রীমঠ হইতে বহির্গত হইয়া ভগবৎপাদনিধি রোড, দারিয়া, হৃষীকেশদাস রোড, ওয়ান্টার রোড, বঙ্কীচৌধুরী রোড, দীননাথ সেন রোড, সতীশ সরকার রোড, শাখারীনগর, কালীচরণ সাহা রোড, নারায়ণগঞ্জ রোড প্রভৃতি রাস্তা হইয়া শ্রীমঠে প্রত্যাবর্ত্তন পূর্ব্বক শ্রীমন্দির পরিক্রমা করেন।

সন্ধ্যারাত্রিকের পর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিচার যাযাবর মহারাজ শ্রীমদ্ভাগবত ব্যাখ্যা করেন। নন্দমহারাজের পুত্র-জন্মোৎসব সম্পাদন, মথুরায় বসুদেবের সহ মিলন, গোকুলে নানা উৎপাতের সম্ভাবনা জানিয়া নন্দমহারাজকে সত্বর ব্রজে যাইবার জন্য অনুরোধ ও তাঁহার গোকুলযাত্রা, কংস-প্রেরিত পূতনার ব্রজ-গোকুলে আগমন ও মায়াদ্বারা পরমসুন্দরী নারীমূর্ত্তি ধারণ, বালকরূপী ভগবানকে ক্রোড়ে স্থাপন করিয়া বিষবিলেপিত স্তন দান, জীবন স্তনাকর্ষণে ব্যথিতস্তনা ও কাতরপ্রাণা পূতনার মৃত্যু, ভগবান্ কৃষ্ণের স্তন পান করায় পূতনার সমস্ত পাপ বিধ্বংস ও পূতনার ধাত্রীগতি লাভ ইত্যাদি বিষয় আলোচিত হয়। অতঃপর তাঁহারই সুগায়কত্বে 'যশোমতী-নন্দন' ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

১২ই কার্ত্তিক শুক্রবার মঙ্গলারাত্রিকের পর উষঃকীর্ত্তন হয়। তৎপরে শ্রীপাদ নিতাই দাস ব্রহ্মচারী প্রভু শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের বিষয়—'মন্দিরে জগন্নাথ-দর্শনে প্রভুর আনন্দ-মূর্চ্ছা, সার্ব্বভৌম কর্ত্তৃক প্রহারোদ্যত অজ্ঞ প্রহরীকে নিবারণ, তাঁহার বিস্ময় ও বিচার, মূর্চ্ছিত প্রভুকে নিজগৃহে আনয়ন, সার্ব্বভৌমের সহিত শ্রীচৈতন্যমহাপ্রভুর কথোপকথন, গরুড়-স্তম্ভের পশ্চাদ্ভাগে থাকিয়া জগন্নাথ দর্শনের লীলাভিনয় ইত্যাদি।

পাঠের পর মহামন্ত্র কীর্ত্তনান্তে শ্রীমন্দির পরিক্রমা করিয়া নগরসঙ্কীর্ত্তন-শোভাযাত্রা বহির্গত হয় ও ভগবৎপাদনিধি রোড, দারিয়া, সাহজিয়াদনগর, লক্ষ্মীবাজার, কে, জি, গুপ্ত লেন, ঈশ্বরদাস লেন, প্যারীদাস রোড, রূপচাঁদ লেন, তনুলাল দাস লেন, বৈরাগীটোলা, দেবেন্দ্রদাস লেন, সরকী মহাল, ফরাসগঞ্জ, ওয়ান্টার রোড, হৃষীকেশ দাস রোড হইয়া শ্রীমঠে প্রত্যাবর্ত্তন ও শ্রীমন্দির পরিক্রমা করেন।

গত ১৮ই কার্ত্তিক বৃহস্পতিবার মঙ্গলারাত্রিকের পর উচ্চকীর্ত্তন হইলে শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু শ্রীচৈতন্যভাগবত পারায়ণ-পাঠ করেন। 'শ্রীমন্মহাপ্রভুর দর্শনার্থ লোক-সঙ্ঘের ফুলিয়া গমন, বক্রেশ্বর ও দেবানন্দ পণ্ডিতের প্রভু-সমীপে গমন, দেবানন্দের স্তুতি' প্রভৃতি বিষয় আলোচিত হয়।

অতঃপর সন্ধ্যারাত্রিকান্তে উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসারের প্রভু ছায়াচিত্রযোগে শ্রীমন্মহাপ্রভুর লীলাকথা বক্তৃতামুখে কীর্ত্তন করেন। অসংখ্য সুকৃতিমান্ ব্যক্তি বৈষ্ণবমুখোচ্চারিত হরিকথা কীর্ত্তন শ্রবণ করিয়া ধন্য হইয়াছেন। অতঃপর মহোচ্চ কীর্ত্তন হয়।

১৯শে কার্ত্তিক শুক্রবার—শ্রীল বাসুদেব ঘোষ ঠাকুরের তিরোভাব-বাসর। প্রত্যূষে শ্রীশ্রীগান্ধর্ব্বিকাগিরিধারীর আরাত্রিকান্তে উচ্চকীর্ত্তন ও শ্রীচৈতন্যভাগবত যথারীতি পারায়ণ হয়। শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু—'দেবানন্দের মহাপ্রভুর নিকট হইতে ভাগবত ব্যাখ্যানের উপদেশ গ্রহণ, ভাগবত অপৌরুষেয়, প্রতিপাদ্য বিষয় ভক্তি, মহাপ্রভুর কৃপায় বিপ্রের মুখেও হরিনাম উচ্চারণ' ইত্যাদি বিষয় আলোচনা করেন। পাঠান্তে নগরসঙ্কীর্ত্তন জগবন্ধুপন্থাবাবু রোড, সা-সাহেব লেন, নারিকেল লেন, বাজারের লেন, বড়গাছ রোড, নারিকেল রোড, প্রভৃতি রাস্তা হইয়া শ্রীমঠে প্রত্যাবর্ত্তন ও শ্রীমন্দির পরিক্রমা করেন।

সন্ধ্যারাত্রিকান্তে ত্রিদণ্ডিস্বামী বিচারবাবের মহারাজ শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীল বাসুদেব ঘোষ ঠাকুরের অতিমর্ত্ত্য চরিত্র সম্বন্ধে আলোচনা করেন। অতঃপর শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যামুখে—'ভগবান্ শ্রীরামকৃষ্ণের জানুচংক্রমণ, বালচাপল্য, বালক কৃষ্ণের মুখগহ্বরে বিশ্বরূপ দর্শন করিয়া কৃষ্ণে ঐশ্বর্য্যভাবোদয় এবং পরমুহূর্ত্তেই যোগমায়া-বলে বাৎসল্যভাব-স্ফূর্ত্তি, কৃষ্ণকে উদূখলে বন্ধন-চেষ্টা প্রভৃতি বিষয় বর্ণন করেন। তদনন্তর মহোচ্চ কীর্ত্তন হয়।

শ্রীধাম বৃন্দাবনে দৈনন্দিন নিয়ম-সেবা-পঞ্জী

গত ২৯।১০।৩৭ শুক্রবার ভাবাহ প্রাতে শ্রীরাধারমণজীউর মন্দির ও শ্রীগোপাল ভট্ট গোস্বামী প্রভুর সমাধি পরিক্রমা হয়। শ্রীপাদ বিদ্যাসাগরপ্রভু ভক্তিরত্নাকর হইতে শ্রীপাদশ্রাম হইতে শ্রীমূর্ত্তির প্রকাশ-লীলা পাঠ ও শ্রীভট্টগোস্বামীর পরিচয় সহিত শ্রীহরিভক্তিবিলাসাদি বৈষ্ণবস্মৃতির প্রণয়ন, শ্রীনিবাস আচার্য্যপ্রভুকে মন্ত্রদীক্ষা প্রদান প্রভৃতি চরিতাবলী কীর্ত্তন করেন। পাঠান্তে শ্রীপাদ মাধবানন্দ ভক্তিশাস্ত্রী শ্রীভট্টগোস্বামীপ্রভুর শোচক কীর্ত্তন করেন। পথিমধ্যে শ্রীশ্রীগোবিন্দজীউ শ্রীমন্দিরের সম্মুখে প্রণতিপূর্ব্বক শ্রীমন্মহাপ্রভুর শ্রীবৃন্দাবনপর্য্যটনকালে বিশ্রামস্থলী আমলীতলানামক স্থান পরিক্রমা করা হয়।

পূর্ব্বাহ্নে ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ শ্রীচৈতন্যভাগবত পাঠ করেন।

মধ্যাহ্নে—শ্রীচৈতন্যচরিতামৃত পারায়ণ যথারীতি চলিতে থাকে।

অপরাহ্নে—শ্রীপাদ নন্দলাল বিদ্যাসাগর বি-এ কাব্যতীর্থ মহোদয় শ্রীমদ্ভাগবতের দশম স্কন্ধ চতুর্থ অধ্যায় হইতে দৈত্যগণের সহিত কংসের তদীয় মৃত্যুভয়ের হস্ত হইতে উদ্ধারের উপায়-স্বরূপ বিষ্ণুসম্পর্কিত গো-বিপ্রবধাদি হিংসা-বিষয়ক মন্ত্রণা পাঠ ও ব্যাখ্যা করেন।

সায়াহ্নে—পণ্ডিত শ্রীপাদ নরোত্তমানন্দ ব্রহ্মচারী ভক্তিকমল প্রভু ছায়াচিত্রযোগে শ্রীকৃষ্ণলীলাপ্রদর্শন করেন।

গত ৩০শে অক্টোবর শনিবার প্রাতঃকালে শ্রীল লোকনাথ গোস্বামী প্রভুর সেবিত শ্রীশ্রীগোকুলানন্দজীউর শ্রীমন্দির ও শ্রীল ঠাকুর নরোত্তম ও শ্রীল লোকনাথ গোস্বামী প্রভুর সমাধি পরিক্রমা হয়। শ্রীপাদ মাধবানন্দ ভক্তিশাস্ত্রী ও শ্রীপাদ নরোত্তমানন্দ ব্রহ্মচারী ভক্তিকমল প্রভুদ্বয় ঠাকুর মহাশয়ের প্রার্থনা কীর্ত্তন করেন। ঐ দিবস পূর্ব্বাহ্নে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ আশ্রম মহারাজ শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। অপরাহ্নে শ্রীপাদ নরোত্তমানন্দ ভক্তিকমল প্রভু শ্রীমদ্ভাগবত হইতে শ্রীনন্দ মহারাজের শ্রীকৃষ্ণ-আবির্ভাব-হেতু বহু দানাদির বৃত্তান্ত ব্যাখ্যা করেন। সায়াহ্নে শ্রীপাদ সুদর্শন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী শ্রীচৈতন্যভাগবত হইতে ভিক্ষা ও মাধুর্য্য রসের বৈশিষ্ট্য অতি সুন্দরভাবে সরল ভাষায় ব্যাখ্যা করেন।

—

আসামে প্রচার

শ্রীগৌহাটীমঠের অন্যতম প্রচারক শ্রীমদ্ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ গত ৩রা নভেম্বর পর্য্যন্ত দরং জেলার অন্তর্গত জাউন্টাবাড়ীতে শ্রীযুক্ত জ্ঞানেশ ঘোষ মহাশয়ের বাড়ীতে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ করিয়াছেন। পাঠ-প্রসঙ্গে স্বামীজী লৌকিক ও বৈদিক ধর্ম্মের বর্জ্জন ও পারমার্থিক ধর্ম্মাশ্রয়ের কথা বিশেষভাবে কীর্ত্তন করেন। সভার আদি ও অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হইয়াছিল।

গত ৫ই নভেম্বর তারিখে স্বামীজী কতিপয় ব্রহ্মচারী সহ গোয়ালপাড়ায় শ্রীমন্মহাপ্রভুর বাণী প্রচারার্থ গমন করেন। উক্ত দিবস স্বামীজীর আদেশে শ্রীরাধাকৃষ্ণ ব্রহ্মচারী শ্রীহরিদাস ব্রহ্মচারী, শ্রীগৌরচন্দ্র দাসাধিকারী ও স্থানীয় ভক্তবৃন্দসহ গণ্যমান্য হরিকথা প্রচারার্থে গমন করেন।

গত ৬ই অক্টোবর তারিখে শ্রীপাদ রাধাকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিবন্ধু প্রভু ... গোপাল মহাশয়ের বাড়ীতে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ করিয়াছেন।

গত ৭ই অক্টোবর সন্ধ্যায় উক্ত ... একটি সভা আহ্বান করা হইয়াছিল। উক্ত সভায় ব্রহ্মচারীজী "দৈব-জগতে মানবজীবনের সার্থকতা" সম্বন্ধে ... বক্তৃতা প্রদান করেন। ... সংসারে ... নিরূপণ কীর্ত্তন করেন। ... স্থানীয় ... সমাগম হইয়াছিল। ... ও অন্য শ্রীহরিদাস ব্রহ্মচারীর সুললিতকণ্ঠে মহাজন-পদাবলী কীর্ত্তন হইয়াছিল।

—

কৃষ্ণভক্ত হন সাধুর প্রসাদে। ভক্তসঙ্গে কৃষ্ণ কৃপা করেন তৎপরে।

হরিভজন ব্যতীত জীবের আর কোনও কর্ত্তব্য নাই বালক হউক, বৃদ্ধ হউক, যুবা হউক, স্ত্রী হউক, পুরুষ হউক, পণ্ডিত হউক, মূর্খ হউক, ধনী হউক, দরিদ্র হউক, রূপবান্ হউক, পুণ্যবান্ হউক, পাপী হউক, যে যে অবস্থায় থাকে থাকুক, তাঁদের অন্য সাধন-প্রণালী আর কিছুই নাই, 'সাধন'—একমাত্র শ্রীকৃষ্ণসংকীর্ত্তন।"

(বক্তৃতাবলী তৃতীয় খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২৭ দামোদর, সর্ব্বদিন সর্ব্বপ গৌরাব্দ ৪৫১

ঐকান্তিক ও ব্যভিচারী

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর)

একলা ঈশ্বর কৃষ্ণ আর সব ভৃত্য।
যারে যৈছে নাচায় সে তৈছে করে নৃত্য॥

একটি মাত্র বস্তু যাহার তিনি ঐকান্তিক বা ভক্তভৃত্য। একটি বস্তুতে সংখ্যাগত বাবতীয় নানাত্বের বিপরীতভাব প্রকাশ করে। শ্রীগীতায় ভগবান্ বলিয়াছেন—'বহুশাখা হ্যনন্তাশ্চ বুদ্ধয়োঽব্যবসায়িনাম্। ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন॥'

হে অর্জ্জুন, একমাত্র ব্যবসায়াত্মিকা বুদ্ধি করিবে। অব্যবসায়িগণ নানাপ্রকার বুদ্ধি দ্বারা চালিত হইয়া অসংখ্য বিষয় সৃষ্টি করে। সত্য বস্তু এক না হইয়া বহু বা দুই হইলে দুই নৌকায় দুই পা দিলে অকল্যাণ প্রসব করে। ঐকান্তিকতার অভাবে জীব বহু বিষয়ে আসক্ত হইয়া ব্যভিচারী হন। ব্যভিচার আচারের অপব্যবহার; সত্যাচারই জীবের তাহাই উপাস্য। অন্যবস্তু বাঞ্ছিগণ বহু ভক্তের পশ্চাৎ ধাবমান হইয়া কোন বস্তুই লাভ করিতে পারেন না। যেখানে সজাতীয় আশয়ে স্নিগ্ধ ব্যক্তিগণ সমবেত না হন, সেইখানেই বিষমজাতীয় সংভক্তিতেই ব্যভিচার।

অদ্বয়জ্ঞান ভগবান্, পরমাত্মা ও ব্রহ্ম একই বস্তু, কিন্তু ব্যবসায়াত্মিকা বুদ্ধির অভাবে ব্যভিচারক্রমে সেই বস্তু বিভিন্ন বলিয়া উপলব্ধ হয়। ঐকান্তিকতার অভাবই এর ব্যভিচার আনয়ন করে। আবার এই প্রকার ব্যভিচার পোষণ করিয়াও কাল্পনিক পঞ্চদেবতার উপাসকবৃন্দ বিবর্ত্তবাদ অবলম্বনপূর্ব্বক একমাত্র নির্ব্বিশেষ ব্রহ্ম কল্পনা করেন। বহ্বীশ্বরবাদের ব্যভিচার হইতে রক্ষা পাইতে গেলে একমাত্র নির্ব্বিশেষ কল্পনাই ঐকান্তিকতা পোষণ করে। ঐকান্তিকতার অভাবে এক জ্ঞানের পরিবর্ত্তে পাঁচ প্রকার কল্পের বাহ্য দর্শনে লক্ষীভূত বস্তুকে ঈশ্বর স্বীকার ও তাহাদের ঈশ্বরের বিলোপ সাধন করিয়া বস্তুকে অবাস্তবে পর্য্যবসিত করিলে ঈশ্বরগুলির বিশেষত্ব ধ্বংস হয়। সেইকালে কল্পের বাহ্যদর্শন ও পঞ্চোপাসনাগত ব্যভিচার আর থাকিতে পারে না। একজন সেবক যেরূপ বহু প্রভুর সেবা করিতে অসমর্থ, তদ্রূপ ঐকান্তিক বহ্বীশ্বরবাদের প্রশ্রয় দেন না। ব্যভিচারের প্রশ্রয় দিলে উদারতা হয় যাঁহারা বলেন, তাঁহারা কখনই অপ্রাকৃতিক হইতে পারেন না। উপাস্য বস্তু কখনও বহু হইতে পারে না। অদ্বয়জ্ঞানের অভাব হইতে, বিরোধের স্বভাব হইতে বহ্বীশ্বরের প্রবর্ত্তন। শ্রীমদ্ভাগবত বলেন—

'ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদীশাদপেতস্য
বিপর্য্যয়োঽস্মৃতিঃ।'

অদ্বয় কৃষ্ণ-জ্ঞান হইতে ভ্রষ্ট হইয়াই মানব দ্বিতীয় বস্তুতে অভিনিবিষ্ট হন। এই অভিনিবেশই তাহাকে অদ্বয় ঐকান্তিকতা হইতে বিস্মরণ করাইয়া তদ্রূপ ব্যভিচারের হস্তে নিক্ষেপ করেন। ঐকান্তিকগণের উপাস্য বস্তুকে বহু জ্ঞান হইলে ভয়ের উৎপত্তি। বিষয়ের বহুত্ব জ্ঞানই ভয়ের কারণ। সচ্চিদানন্দবিগ্রহ পরমেশ্বর কৃষ্ণই একমাত্র বিষয়। যাঁহারা সত্যভ্রষ্ট হইয়া ব্যভিচার কামনাক্রমে কামনানুসারে নিজ নিজ কামপূর্ত্তির জন্য সূর্য্য, গণেশ, শক্তি ও রুদ্র উপাসনার প্রবর্ত্তন করেন, তাঁহারাই বহ্বীশ্বরবাদী ও ব্যভিচারী। ভগবদ্ভজন হইতে বিমুখতাক্রমে বাহ্যবিচার ও বাহ্যদর্শন দ্বারা পঞ্চদেবতার কল্পনা হয়। বহু পাপনাশ হইতে পরিত্রাণ পাইলে জীব কৃষ্ণকাম বা অদ্বয়জ্ঞান লাভ করেন। সেকালে তাঁহার বাসনাবশে বিভিন্ন উপাসনা থাকে না। ব্যভিচারী সম্প্রদায় এই দুষ্ট অবস্থাকে দর্শন করিতে পশ্চাৎপদ হন না। ব্যভিচারী যাঁহারা বলেন, কৃষ্ণভক্তগণ স্বার্থপর ও ব্যক্তিগত স্বার্থে বিজড়িত; তাঁহারা ভগবান্‌কে ব্যক্তিগত (Personal) করিতে চান। সুতরাং ঐকান্তিক ভক্তের সহিত গণেশ পূজকের ভেদ আছে। গণেশ-পূজা করিলে সর্ব্বসিদ্ধি অবশ্যম্ভাবী, কিন্তু কৃষ্ণপূজা করিলে পার্থিব অর্থকে অনর্থ জ্ঞান হইয়া যায়। তাহা হইলে আর ভক্তের ব্যক্তিগত স্বার্থ স্বার্থপরের চমৎকারিতা পোষণ করে না। অকার্য্যকারী ব্যভিচারিগণ পঞ্চোপাসনায় প্রতি আদর করিয়া ঐকান্তিকতা বিনাশ করে এবং ঐকান্তিক কৃষ্ণভক্তকে তাঁহারাই স্বার্থ ব্যক্তিগত অনুস্বার্থের দাস বলিয়া মনে করে। কিন্তু এই স্থলে বিচার্য্য বিষয় এই যে, কৃষ্ণবস্তুই ভক্তের আত্মস্বরূপ। কৃষ্ণদাসে যে ঐকান্তিকতা ও স্বার্থপরতা ব্যভিচারিগণ দেখিতে পান, উহা তাঁহাদিগের ন্যায় হেয়তাপূর্ণ স্বার্থপরতা নহে। গণেশ-পূজকের স্বার্থ অর্থপ্রাপ্তি। তাদৃশ অর্থের দ্বারা কৃষ্ণৈকশরণের স্বার্থ বিলোপ-সাধন ও নিজ ইন্দ্রিয়তর্পণাদি ঘটে। অনন্ত কৃষ্ণভক্তের কৃষ্ণপূজা, অনন্ত কৃষ্ণভক্তের ইন্দ্রিয়তর্পণও ব্যক্তিগত ঘৃণিত স্বার্থ নহে। গণেশ-পূজক তাহা বুঝিতে না পারিয়া মনে করেন যে, জগৎ পঞ্চাইতী শাসনে প্রতিষ্ঠিত হওয়াই উচিত। ভক্তগণের ঐকান্তিকতা ছুটাইয়া দিয়া আমরা পাঁচ জনে জোট দিয়া ব্যভিচার আনয়ন করিব। ভক্তগণে পাঁচের অধিকার থাকুক কিন্তু ঐকান্তিকতা ও অনুরাগের স্বরূপ যাঁহারা বুঝিয়াছেন, তাঁহারা নানাত্ব, বহুত্ব ও সাধারণী ভাবেরই আদর না করিয়া ভগবান্ আমারই স্বাধীকৃত বস্তু, ইহাতে ব্যভিচারীর, সাধারণের বা অন্যের স্বরূপতঃ কোন অংশ নাই জানেন।

ঐকান্তিকতার মধ্যে অপরের কোন অংশ থাকিতে পারে না। ঐকান্তিক ভক্ত একদা সেবাপরায়ণ, আবার তাঁহার সজাতীয়াশয়স্নিগ্ধ উদ্দেশ্যের অনুকূল সহচরগণকে নিজ হইতে অপৃথক্ বুদ্ধি করেন। 'সখী লীলা বিস্তারিয়া সখী আস্বাদয়' প্রভৃতি ভক্তির পরমোজ্জ্বলের ভজনপ্রভাবের কিছু কিছু উপলব্ধি যাঁহার হইয়াছে তিনিই ঐকান্তিকের নিষ্ঠা বুঝিতে। তৎপূর্ব্বে নানা অনর্থ ও অজ্ঞান আসিয়া তাঁহার অদ্বয় স্বরূপজ্ঞানে বিপৎপাত ঘটাইবে। কৃষ্ণভক্তই ঐকান্তিক ও শান্ত, ভুক্তি-মুক্তি-সিদ্ধিকামী সকলেই অশান্ত। যেখানে কৃষ্ণেতর অন্য বস্তুতে জীবের অনুরাগ ও সহানুভূতি দেখা যায় সেখানে কৃষ্ণভক্তি নাই। কৃষ্ণভক্ত কখনই সাধারণী বহ্বীশ্বরবাদীর সঙ্গ করেন না। তাঁহাদিগকে সৎপথে আনয়নের জন্য, তাঁহাদের বিষয় উদ্ধৃত করিবার জন্য যত্ন করেন, কিন্তু তাদৃশ সাধারণী কৃষ্ণেতর দেবোপাসকের বিমুখ চেষ্টার আদর করেন না। তদৈকান্তিককে স্বার্থপর মনে করিয়া তাঁহাকে পাঁচমিশালী মতবাদী করিয়া তুলিবার চেষ্টা ব্যভিচারী দলে আদর পাইতে পারে, কিন্তু তাদৃশ দল যখন নিজ নিজ অসৎ চেষ্টা ছাড়িয়া দেন তৎকালে তিনিও ঐকান্তিক হইতে পারেন। ঐকান্তিকতা-বিনাশ-প্রবৃত্তি প্রবল থাকিলে তাহার কোন মঙ্গল হয় না।

গৌড়ীয়মঠের প্রতি মৎসরতা

(ডাঃ জ্ঞানদাস দাস)

আজকাল তথাকথিত শিক্ষাভিমানী অনেকেই গৌড়ীয়মঠের প্রতি মৎসরতা প্রকাশ করিতে পারিলে নিজদিগকে কৃতার্থ মনে করেন। বহির্ম্মুখ চিন্তাস্রোতে বাহিত এবং অনভিজ্ঞতা প্রবল ব্যক্তিগণ এই গৌড়ীয়মঠে তাহাদের কোন ইন্দ্রিয়তর্পণের কথা নাই দেখিয়া ইহার প্রতি নির্মৎসর হইতে পারে না। তাহারা অহঙ্কারবিমূঢ়াত্মা হইয়া নিজদিগকে জগতের কর্ত্তা মনে করে এবং একমিনিটে তাহারা গৌড়ীয়মঠকে বুঝিয়া নিতে পারে এই অভিমান রাখে। তাহারা প্রায়ই বলিয়া থাকে—গৌড়ীয়মঠ একটী সাম্প্রদায়িক প্রতিষ্ঠান এবং তাঁহাদের ধর্ম্মই সবচেয়ে বড় ইত্যাদি। তাহারা ভিক্ষালব্ধ অর্থদ্বারা দেশের দুর্ভিক্ষপীড়িত অঞ্চলে সাহায্য না করিয়া এবং নিঃস্ব এবং দরিদ্র লোকদের জন্য হাসপাতাল প্রতিষ্ঠা না করিয়া শুধু মঠমন্দির ইত্যাদি নির্ম্মাণ করিয়া অর্থের অপচয় করিতেছেন।

তাহারা 'গৌড়ীয়মঠ' বলিতে শুধু একটা দালানকোঠা এবং কতকগুলো গেরুয়া বসনপরিহিত সন্ন্যাসীর আড্ডা বলিয়াই মনে করে। কিন্তু গৌড়ীয়মঠ জাগতিক কোন প্রতিষ্ঠান নহেন। ইহা অপ্রাকৃত চিন্ময় বস্তু। এই স্থানে ভক্তবৈষ্ণবগণ নিরন্তর অদ্বয়জ্ঞানতত্ত্ব ব্রজেন্দ্রনন্দনের সেবায় ব্যস্ত। এই স্থান শ্রীরাধাগোবিন্দের নিত্য বিহারস্থলী; এখানে আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছার কোন গন্ধ নাই। কৃষ্ণেতর বিষয় পরিত্যাগ করিয়া কৃষ্ণেন্দ্রিয়তর্পণেই সকলে ব্যস্ত। এখানে আছে কেবল আশ্রয়বিগ্রহ শ্রীগুরুপাদপদ্মের আনুগত্যে বিষয়বিগ্রহ শ্রীভগবানের সেবা।

এই স্থানে অন্যাভিলাষী, কর্ম্মী বা জ্ঞানীর কোন স্থান নাই। এই স্থান শুদ্ধা ভক্তাভক্ত মহাজনের স্থান।

অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥

গৌড়ীয়মঠ অন্যপ্রাণ নিরন্তর সাধকগণ শ্রীমদ্ভাগবতের কথা কীর্ত্তন করিয়া থাকেন। এখানে আপাত-ইন্দ্রিয়সুখকর কোন কথা নাই, আছে শুধু আত্মধর্ম্মের কথা। যে পর্য্যন্ত না আমরা সর্ব্বোপাধিবিনির্ম্মুক্ত হইয়া স্বস্বরূপে প্রতিষ্ঠিত হইতে পারিব ততদিন এই চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডের দুঃখদুঃখের নাগরদোলায় কভু স্বর্গে, কভু নরকে, ঘুরিয়া মরিব। জগতে যত প্রতিষ্ঠান প্রায় সকলই প্রেয়ঃপন্থী এবং আত্মেন্দ্রিয়তোষণের কথাই বলিয়া থাকেন, কিন্তু এই জগৎ যে দুঃখভোগের, একথার যাহা আমরা অনেকেই বুঝি না। তাই কৃষ্ণেন্দ্রিয়তর্পণকারী শ্রীগৌড়ীয় মঠ যেন আমাদের চোখের

খালি এবং ভোজাভিমানই যেন আমাদের ব্যবহার্য্য।

প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্মাণি সর্ব্বশঃ।
অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে॥

আমরা যদি বাস্তবিক আত্মমঙ্গল চাই এবং নির্ব্বিবাদ হইতে চাই তবে আমাদের শ্রেয়ঃপথ অনুশীলন করিতে হইবে। শ্রেয়ঃপথ আপাত সুখকর না হইলেও পরিণামে পরম মঙ্গলদায়ক। শ্রীচৈতন্য-মঠপ্রভুর বাক্য তথা গৌড়ীয় মঠের উপদেশ যিনি গ্রহণ করিবেন তাঁহার আর কোন অভাব থাকিবে না। গৌড়ীয়-হাসপাতালে যাঁহারা নিষ্কপটে একবার আশ্রয় লইয়াছেন তাঁহাদের আর জাগতিক হাসপাতালের কোন প্রয়োজন নাই। তাঁহারা শ্রীগুরুপাদপদ্মের নিত্যকালের জন্য আশ্রয় লাভ করিবেন।

যাঁহাদের নিকট হইতে একদিন শাস্ত্রীয়-বাণী শ্রবণ করিয়া শ্রীগুরুপাদপদ্ম আশ্রয় করিবার অভিলাষ করিয়াছি, তাঁহাদের মুখ হইতেই আজ আবার কত অপসিদ্ধান্তবাণী শ্রবণ করিতেছি। তাঁহারা মৎসরতা চণ্ডালিনীকে আশ্রয় পূর্ব্বক আচার্য্যদ্রোহী হইয়া ভক্তপথ হইতে বিচ্যুত হইয়া অন্যাভিলাষী, কর্ম্মী ও জ্ঞানীর দলে মিশিয়াছেন। হায়! ভগবানের কি ভীষণ পরিণাম! সুতরাং আমরা যদি আত্মমঙ্গল চাই তাহা হইলে শ্রীল প্রভুপাদের অন্তরঙ্গ বর্ত্তমান আচার্য্যদেব ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুর শ্রীচরণে অমায়ায় কৃপা যাচ্ঞা করিয়া তাঁহার কৃপা-কটাক্ষেই মৎসরতার হাত হইতে নিষ্কৃতি লাভ করিব। 'নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়।'

স্মার্ত্তানুগ বৈষ্ণবক্রব

(৪)

আর্ত্তিক ও পারমার্থিক উভয়েই কী ধারণ প্রয়োজন বোধ করেন।

আর্ত্তিকগণ,—সুখ-দুঃখের মধ্যে থাকিয়া আরামপ্রিয়, কেহ ভোগে কেহ বা ত্যাগে দীর্ঘ জীবন কামনা করেন। কেহ বা স্বজনগণের সুখ-সুবিধার বন্দোবস্তের জন্য জীবনধারণ প্রয়োজন বোধ করেন ইত্যাদি। পারমার্থিকগণ সুদুর্ল্লভ মনুষ্য-জন্মের সার কর্ত্তব্য পরমার্থদান সম্ভব জানিয়া পরমার্থপ্রদ জীবনের স্থায়িত্ব কামনা করেন। আর্ত্তিক স্মার্ত্তগণের জীবন-রক্ষা নিজেন্দ্রিয়তর্পণার্থ; আর পারমার্থিকগণের জীবন-ধারণ নিজের ও অপরের জীবন অভয়, অশোক ও অমৃতের সন্ধানের জন্য। বাহ্যতঃ উভয়েরই ব্যবহার, চাল-চলন একই প্রকার লক্ষিত হইলেও অন্তরের ভাব বিভিন্ন থাকায়, অন্তর্য্যামী জনার্দ্দন তাহার জন্য বিভিন্ন ফলের ব্যবস্থা করেন। তিনি বাঞ্ছাকল্পতরু; তাঁহার নিকট যে যাহা চায়, তাহাই পায়। সুতরাং আর্ত্তিক স্মার্ত্তগণের জীবনধারণে বহির্ম্মুখ-বৃত্তি প্রবল দেখা যায়।

ইহার উপরে আরও কত কত ভেদ আছে, যাহা শ্রীগুরুপাদপদ্ম হইতে শ্রবণ করিয়াও অনর্থের বশিকে বলিয়া রাখিতে পারি নাই এবং সেইজন্যই স্মার্ত্তাচার ও প্রাকৃত সহজিয়াবাদ অন্য বিভ্রম প্রবেশের সুযোগ পাইতেছে। স্বয়ং শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু তদীয়াভিন্ন শ্রীনিত্যানন্দপ্রভু, শ্রীঅদ্বৈত আচার্য্য প্রভু, শ্রীগদাধর প্রভু, শ্রীনিবাসাদি শ্রীগৌরভক্তবৃন্দ, ষড়্গোস্বামিবর্গ আর্ত্তিক স্মার্ত্তবিধি সম্পূর্ণ পরিহার আচরণ দ্বারা শুদ্ধভজনপ্রণালী জগতে প্রতিষ্ঠা করিয়াছেন। কালের কুটিলা গতিতে কলির প্রাধান্যে তাহা পুনরায় স্মার্ত্তাচারের বিভিন্ন আবরণে আবৃত হইতেছিল বলিয়া শ্রীশ্রীনিবাসাচার্য্য, শ্রীশ্যামানন্দ ও শ্রীল ঠাকুর নরোত্তম, স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু ও তদনুচরগণের আচরিত ও প্রচারিত শুদ্ধ ভক্তিধর্ম জ্ঞান, যোগ, কর্ম্মাদির আবিল আবরণ হইতে নির্ম্মুক্ত করিবার প্রয়াস পান।

ঘোর কলি আগত; যেখানে যাই, যে দিকে তাকাই, যাহাই শুনি, যাহাই দেখি, সবই কলি অর্থাৎ কেবল দ্বন্দ্ব ও বিবাদময়। স্ব স্ব প্রাধান্য বিস্তারের তাণ্ডব নৃত্য ছাড়া আর কিছুই পাওয়া যায় না। এহেন ঘোর কলির প্রবল আক্রমণের সময়—পরদুঃখ-দুঃখী ঠাকুর শ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ প্রভু গৌড়ীয়গণের যবনিকা অপসারিত করিয়া অমল ভাবে শ্রীমদ্ভাগবত-সিদ্ধান্ত স্থাপন করেন। তৎকালে শুদ্ধভক্তি-সিদ্ধান্ত ও আর্ত্তিক স্মার্ত্তগণের অর্থাভাস কুবাক্য-রাশির আকাশ পাতাল ভেদ ধরা পড়িয়া যায়। কেহ কেহ নিজেকে সাধু, কিন্তু ভক্ত হইতে নির্দ্দোষ প্রমাণ করিবার প্রয়াসে ঠাকুর ভক্তিবিনোদের নিষ্কপট চরিত্রেও স্মার্ত্তাচারের কলঙ্ক লেপন করিয়া বলিয়া থাকেন, 'ভক্তিবিনোদ ঠাকুরও স্মার্ত্তদিগকে, জাতি-গোস্বামি-দিগকেও সম্মান করিতেন।' সেতো ব্যবহারিক সম্মান; বৈষ্ণব বা গোস্বামী দিগের প্রাপ্য সম্মান অর্থাৎ পারমার্থিক সম্মান তাঁর কখনও অপর কাহাকেও দেন নাই। তাঁহার স্বরচিত বৈষ্ণবধর্ম্ম গ্রন্থাদিই তাহার প্রকৃষ্ট প্রমাণ।

ঠাকুর ভক্তিবিনোদ প্রভুর মনোহভীষ্ট-পরিপূরণ-কল্পে জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তর-শতশ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর গৌড়ীয়াচার্য্যভাস্কররূপে ধরায় প্রকটিত হইয়া, জগতের তথাকথিত ধর্ম্ম বাধক মতবাদ, যাহা কেবল নানাবিধ ছলে পরিপূর্ণ, তাহা নিরাস করিয়া শ্রীমদ্ভাগবত কথা আচারময় প্রচার দ্বারা স্থাপন করেন। মদীয় শ্রীগুরুপাদপদ্মের শিক্ষায় আর্ত্তিক স্মার্ত্তগণের লুকোচুরি খেলা ধরা পড়ায় তাহারা আর কপটতা করিয়া সত্যার বৈষ্ণব-মত প্রচার এবং অন্তরে বিপরীত আচরণ করিয়া—আত্ম-গোপন করিতে পারিতেছেন না। স্বতঃই আত্মপ্রকাশ করিয়া তাঁহাদের অন্তরের ভাব—বহুজনের উদ্গার দিতে বাধ্য হইয়াছেন। ব্রাহ্মণ ও বৈষ্ণব গ্রন্থই তাহার জ্বলন্ত সাক্ষ্য। স্মার্ত্ত-মত অভিমান, জাত্যাভিমান, তাহা ছাড়া আবার বিচারাভিমান, যোগাভিমান, আচার্য্যাভিমান, ব্রাহ্মণ্যবর্ণাভিমান, কর্ম্মাভিমান, বৈষ্ণবাভিমান প্রভৃতি বহু প্রকারের অভিমান এবং কৃষ্ণভজনের বাধক তত্তৎ যাহা কিছু সবই আর্ত্তিক স্মার্ত্তাচারীর আচরণের বিশেষ প্রকার মাত্র। শুদ্ধভক্তি-যাজন ব্যতীত, ধর্ম্ম কর্ম্ম নামে যত কিছু আছে, সবই আর্ত্তিক বা জাগতিক প্রয়োজন-পর থাকায়, জড়বাদ, কর্ম্মবাদ, জ্ঞানবাদ, যোগবাদ, তপোবাদ, ধ্যানবাদ, সাকারবাদ, নিরাকার বাদ, কেবল চিদ্বাদ, কেবলাদ্বৈত-বাদ, সোহহংবাদ, শিবোহহংবাদ, পরিণামবাদ, শাক্তের বাদ, একজনবাদ, জগদ্গুরুবাদ প্রভৃতি সবই মায়ার প্রকারবাদের অন্তর্গত হয়।

মদীয় শ্রীগুরুপাদপদ্ম বজ্রনির্ঘোষ বাণীতে আমাদিগকে সতর্ক করিয়া আমরা যাহাতে মুক্তিরূপ একাকার ভাবিয়া গোলে হারাইয়া না যাই, সেই জন্য বিশেষভাবে পুনঃ পুনঃ একাত্মের তাৎপর্য্য বাণী দ্বারা আমাদিগের কর্ণবেধ সংস্কারের চেষ্টা করিয়াছেন। অতএব যাহাতে নিজে স্মার্ত্তাচার গ্রহণ করিয়া ভিতরে স্মার্ত্ত বাহিরে বৈষ্ণব না হই, এবং অপরের স্মার্ত্তাচারের অনুমোদন না করি তাহার জন্য শ্রীল প্রভুপাদের দৈব-বর্ণাশ্রম-ধর্ম্মের পুনঃস্থাপন। অতএব স্ব স্ব বিষ্ণুপাদ মহাপুরুষকে দেখাইয়া অবৈষ্ণবগণের সমাশ্রয় প্রার্থনা করি এবং বৈষ্ণব-সিদ্ধান্তের প্রতি অবজ্ঞা প্রকাশ করি, তবেই আমরা শ্রীগুরুপাদপদ্মে অবাধ্যতার অপরাধ সঞ্চয় করিব। গুরুপাদপদ্ম হইতে চ্যুত হইয়া, অচ্যুত গোত্র ছাড়িয়া, গুরুপাদপদ্ম ছাড়িয়া, চ্যুত গোত্রের গৌড়ীয়দের পরিচয়ে অবৈষ্ণব ও অবৈষ্ণব আর্ত্তিক স্মার্ত্তদল হইয়া যাইব। আবার মায়াদেবী তাহার চর অনুচরদিগের দ্বারা নানা বিমুখমোহিনী শাস্ত্র বিস্তার করাইয়া আমার দ্বারা তাঁহার পূজা করাইয়া লইবেন। আর আমার জন্মজন্মান্তরের ঝুলি কাঁধে লইয়া ভববন্ধনে ভ্রমণ করিয়া প্রকৃতি-জনের দ্বারে ভিখারী হইব। প্রকৃতিজন—বহির্ম্মুখ জন আমাকে বিশ্বাসঘাতক মনে করিয়া ঘৃণা করিবেন। আমি পূর্ব্বে গুরুসেবার অছিলায় যুক্তবৈরাগ্যের দোহাই দিয়া জাগতিক সাধারণ নীতির সীমা লঙ্ঘন করিয়া তাঁহাদের চক্ষে অনৈতিক হইয়াছিলাম, এখন শ্রীগুরুপাদপদ্মের শিক্ষায় অবিশ্বাসী হইয়া যদি আবার তাঁহাদেরই শরণাগতি প্রার্থনা করি তাহা হইলে আমার জাতিকুল বৈষ্ণবকুল উভয়কুল কর্ম্মাদিবিধির জেরবারের জলে ডুবিল। আমিও আর্ত্তিক "স্মার্ত্তানুগ বৈষ্ণবক্রব" হইয়া গেলাম।

হায় প্রভুপাদ! আপনি কোথায়! আমার পতনের দুর্দ্দশা একবার দেখুন। আপনাকে —আপনার বাণীকে—আপনার বাণীর নিষ্কপট সেবককে অবজ্ঞা করিয়া, আমি আজ মায়া ও তৎসেবকের পদলেহক হইয়া পড়িয়াছি। সুধী সজ্জনগণ আর আমাকে দেখা দেন না? আমার দাঁড়াইবার আশ্রয় আমিই হারাইয়াছি। হা প্রভো! এ বিপৎকালে রক্ষা করুন। নতুবা সব যায়!

শাপে বর

অন্বয় ও ব্যতিরেক এই ভাব দ্বয়।
শাস্ত্রে গ্রন্থে নিরন্তর পরিস্ফুট হয়॥
বস্তুর স্বরূপ চেষ্টা আনুকূল্যময়।
ব্যতিরেকে প্রাতিকূল্য নিরর্থক নয়॥
রাবণের বৈরীভাব যদি নাহি হ'ত।
রামের মাহাত্ম্য কেবা হ'ত অবগত॥
অঘ, বক, পূতনাদি অসুরের দল।
দেখায় জগতে মাত্র শ্রীকৃষ্ণের বল॥
শিশুপাল দন্তবক্র কংসাসুরগণ।
কৃষ্ণের মাহাত্ম্য মাত্র করে বিবর্দ্ধন॥
আচার্য্যবিরোধী এই গুরুদ্রোহী দল।
আচার্য্য-মাহাত্ম্য বিশ্বে বাড়ায় কেবল॥
অগ্নির দহনে স্বর্ণ উজ্জ্বল যেমন।
বৈরীভাবে উজ্জ্বলিছে আচার্য্য তেমন॥
অতএব সে ভাবের আছে প্রয়োজন।
অহিষ্ঠ না হও তায় ওগো বন্ধুগণ॥
আচরেহ লঙ্কাপুরী হ'লো দগ্ধভূত।
মরা হ'তে মুক্ত হ'বে অসুর পামর॥
তা'দের কপাল যাহা হইবে অক্ষয়।
মুক্তগামীর স্বামী হইবে নিশ্চয়॥
মহা রৌরবে স্থান হইবেক যাত।
গুরুদ্রোহী সবে হবে এই পরিণতি॥
অপরাধ্য সদা জেনো করিব স্মরণ।
পঙ্কাগ্ন সহস্র সাধুর নিন্দা আগমন॥

—শ্রীসহজানন্দ দাসাধিকারী

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ-শ্রীমায়াপুর
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, গান্ধর্ব্বা-গিরিধারী, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল ও আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন এবং আভিজাত্যবংশীয় নদীয়া প্রকাশ পত্রিকা ... রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৫২১৫ কলিকাতার শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, কীর্ত্তন, প্রধানতঃ চতুর্দ্দশ লোক-শ্রীমদ্ভাগবতাদি তত্ত্ব গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠার্য্য শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ ... প্রবীণচরণ রায় ভক্তিনিধি।

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীবামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগবন্ধুদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীবিপিনকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীবংশীবদন ঠাকুর বৃন্দাবনের স্থান
রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
রক্ষক—শ্রীকমলার্জ্জুন দাস ব্রহ্মচারী।

(১৪) জহ্নু-গৌড়ীয়মঠালয়
রক্ষক—শ্রীমাধব ব্রহ্মচারী।

১৫। সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ
রাইটারা (শ্রীবাস অঙ্গন পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)
রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)
রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন
রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুটা গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধবগৌড়ীয়মঠ
নারিন্দা, পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের ... কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ
কমলাপুর, পোঃ ঢাকা
রক্ষক—শ্রীমদনদাস গোস্বামী।

(২৫) বালিয়াটি গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি (ঢাকা)
রক্ষক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ
রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীরাধাভুষণ দাসাধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীশরৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
জলাপাহাড়, দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ
পোঃ নারায়ণ, জিঃ মজঃফরপুর, ই.আই, রেল
রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
ঐ কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ
পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার
রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
ব্রহ্মযোনি রোড, গয়া
রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ
৪২নং কবিরপুরা, বেনারস সিটি
রক্ষক শ্রীবামদানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক—শ্রীঅচ্যুতানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর (ই.আই, পি)
রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৪০) একপ্রাণ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা
রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী
রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা মথুরা।
রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—পেলাশী,
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক—শ্রীনীলগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ
৬৩নং মহলদার রোড, নিউ দিল্লী।
রক্ষক—শ্রীগোরাহ্লাদ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্‌ডিং বোম্বে ৭
রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মান্দ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মান্দ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা
রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মান্দ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধরের সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক—শ্রীমাধব দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী
রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) ক্ষিরচোরা-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ
চাঁদনিচক, পোঃ কটক (উড়িষ্যা)
রক্ষক—মহামহোপদেশক শ্রীনারায়ণদাস ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ
রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
রক্ষক—শ্রীজগবন্ধুদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ
পোঃ অমর্ষি, মেদিনীপুর
রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ
ব্রাহ্মণপাড়া, পোঃ মাড়ু (বাঁকুড়া
রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ
কুরুকুঞ্জ, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
রক্ষক—শ্রীরমানাথ সেনগুপ্ত অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়
১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।
রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, আউলরোড
ব্ল্যাণ্টন, লণ্ডন, ই ৫
রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়
রক্ষক—শ্রীবামনগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	টাকা মণ
বালাম	৬॥০
বাঁশ	৭৷৷০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭॥০
বাঁকতুলসী	৫॥০
মালদা নূতন	৪৷৵০
ঐ পুরাতন	৫৲
বালাম কোরাক্ষী	৪৲
সিদ্ধ বেলুন	৩৷৵০

আতপ—

নূতন আতপ	৪৲ - ৪॥০
দেশোয়ারী	১০৲-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০-৫৷৶
ঐ বাবরি	৫৲ ৪৵০
পাটনাই আতপ	৫৷০-৫॥০
কাটারীভোগ	৭৲
ঐ বেলুন	৩৵০

চিনির দর

কিরাউন, টাইপ	১০৷৶০
বরিশাল ১০০০ নং	১০৵০
বাবুতোলা সাদা	৯৷০
কানপুর সাদা	৮৷০—৯৵০
কানপুর লাল	৭৷৶০—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

টাকশালের বাট	৩৫॥০
গিনি	২২৲
চাঁদিবাট	৫২৷০

পাটের দর

আসল—	৪০৷৷০
মিডল—	৪০৷৷০
উত্তর—	৪১৷০
বাজার বন্দে সমর—	৪১৲

আটা ও ময়দার দর

হাউস কল প্রতি মণ	৬৷০—৬৷৵০
পাঞ্জাবীর ঐ	৬৲—৬৵০
ডাউনলোড ঐ	৫৷৷৵০—৫৷৷০
সুজী	৬৲—৬৵০
আটা (বি)	৫৷৷০—৫৷৷৵০
আটা নং (২	৫৵০—৫৷৶০
আটা (এস)	৫৲—৫৷০
আটা (বে)	৪৷৷০—৪৷৷৵০
আটা নং (৩)	২৷০—২৷৵০
মসলাই	১৷৷৵০—১৷৷০
চুনি	১৷৷৵০—১৷৵০

গুড়ের দর

তরুণ	৫৭৲
নিস্তারিণী	৫৭৲
ভুবনেশ্বরী	৫০৲
মুক্তি	৪৫৲
	৪৬৷৷০

তার	৪৬৲
কাবুলে	৩৬৲
রাঙা গাছালী	৪১৷৷০

লৌহ ও কাষ্ঠ ব্যাপার

টাটার ষ্টীল— ৩০ শতে উনত্র

পেরেক কাঁচা (গজে বা বাস)

মার্কা	৯৵০—৯৷৶
ঐ বে মার্কা চাদ্দরা একব	৮৲—৮৷০
ঐ টাটা টেপটেক ওবেই থাম সব মাইল	১০.৶
ঐ ইংলিশ ওবেই (বীম)	১০৷৷৵০
বরগা (টি আয়রণ)	৮৷০—৯৲
এঞ্জেল আয়রণ (কোনা)	৮৷৵০—৮৷৷০
টাটা গ্যাঃ করগেট সিট।	৷৵০
২৪ গেজ—	১৪৷০
২৬ গেজ—	১৬৷০
২৮ গেজ—	১৫৷০

টাটা গ্যাঃ প্লেন সীট।

২৪ গেজ—	১৪৷৷৵০
২৬ গেজ—	১৬৷৵০
২৮ গেজ—	১৬৷৷৵০

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৷৷০
২৬ গেজ—	১৪৷৷০

গ্যাঃ নটকা ২৪—৩০ গেজ

সীস	৷৵১০—৷৷৵০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
স্লেট কাড়ি বা চিট কাটা মণ	৩৷০—

পাতি কাড়ি ৩—৯ ফুট লম্বা

৬৷০—৬৷০ হন্দর

গোল বড় কাড়ি লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, গোলটু. সমাবে	৮৲—৯৲

গোল বড় রি-ইনফোস ও কনক্রিটের

রড	৮৷৷০—১১৷০

মৃঃ ইস্পাত আসল ২৩৲. নকল ২১৲

নাটকলের চালান ৫৵০, পাটের চালান ৩৷০

ভুসার চালান ৪৷০

সুদের দর

কলিকাতা ২৬শে জুন,

আমের সোনার বাইন	৫৪·
সিট_ন আমের কারক	৪০
কণাটি পুরনির বাইন	৪০
বাবার্গ গাথা	৫৬৲
ঐ বাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

প্রতি মণ

পাবন সাও	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷৷০—১১৷০
গুড়ি খয়ির	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স লিঃ
ডি-৫ জগন্নাথ ঘাট লোহাপটী, বড়বাজার
কলিকাতা

সরকার এণ্ড সন্স

সন এণ্ড গ্র্যাণ্ড সন্স অব লেট বি. সরকার

একমাত্র গিনি স্বর্ণের অলঙ্কার নির্মাতা

পুরাতন সোণার
বদলে নূতন
গহনা দেওয়া
হয়।
মজুরী
সুলভ

আমাদের নিজ
কারখানায় প্রস্তুত
একমাত্র গিনিসোণার
নানাবিধ হাল ফ্যাসানের
গহনা বিক্রয়ার্থ মজুত থাকে এবং
অর্ডার অনুযায়ী প্রস্তুত করিয়া
অতি সত্বর ভিঃ পিঃতে পাঠান
হয়। পত্র লিখিলে বিনামূল্যে
নূতন ক্যাটালগ পাঠান হয়।

ফোন ৭৩১ বড়বাজার টেলি-ব্রিলিয়্যান্টস্

১২৪,১২৪-১, বহুবাজার ষ্ট্রীট, কলি

বহুবাজার ও আমহার্ষ্ট ষ্ট্রীটের মোড়

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শান্তিপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	৩—৩১,	১৩—৩৩	১৭—৩৮	১৪—
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩	১৪—০	১৮—৯,	২০—৩৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৩৫	১১—১০,	১৪—৯	১৮—১৩,	২০—১

শান্তিপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৩৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৪১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫০	৯-৩০	১১-৫৮	১৭-৮	১৮-৫৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠভূষণের

বেঙ্গলার পিল

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

[illegible] জীর্ণ [illegible] এবং [illegible] একমাত্র উপায় [illegible]
[illegible] নূতন ও পুরাতন
[illegible]
[illegible] ১৵০ আনা, বড় বোতল ১৷৵০ আনা। [illegible]

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

[illegible] ২৫ [illegible]।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বারের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী বারের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বারের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী বারের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৴০	।০
" " ইঞ্চি	২৲	১।০	১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲	৪৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩	৪।০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৮৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যা৷ ভিন্ন ভাবে।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইয়াছে।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের ভক্তোত্তম সরবিদ্যালঙ্কৃত সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা-মাত্র ৬০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ,
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিদাস মল্লিক স্ট্রীট কলিকাতা।

৩। ব্রজাপত্তন প্রেস

মথুরায় হাইস্ট্রীটে অবস্থিত। এখান হইতে ব্রজভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

ডাকঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীনাম'—শ্রীমায়াপুর

শ্রীরূপানুগবর্গপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের [illegible]
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র প্রচুর-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৩০শে কার্ত্তিক, ১৩৪৪, ১৬ই নভেম্বর, ১৯৩৭, মঙ্গলবার [সংখ্যা ২১২]

বিবিধ সংবাদ

—(সংগৃহীত)—

বোম্বাইতে সেচবিভাগ ও শিক্ষা বিস্তারের জন্য ৫০০ শত প্রাথমিক স্কুল স্থাপন

জানা গিয়াছে যে, বোম্বাই গবর্ণমেণ্ট ৮ জন সরকারী এবং ৫ জন বে-সরকারী সদস্য লইয়া একটী কমিটি গঠন করিবার সংকল্প করিয়াছেন। এই কমিটি গবর্ণমেণ্টের সেচ-নীতি সম্পর্কে অনুসন্ধান করিবেন, জলকরের হার নির্দ্ধারণ করিবেন এবং যাহাতে সেচ-ব্যবস্থা কৃষিজীবীর পক্ষে অনুকূল হয়, এই উদ্দেশ্যে উহার আমূল পরিবর্ত্তনের পরিকল্পনা সুপারিশ করিবেন। বোম্বাই গবর্ণমেণ্ট প্রাথমিক শিক্ষা-বিভাগ বিস্তারের উদ্দেশ্যে ৫০০ নূতন প্রাথমিক স্কুল স্থাপনে উদ্যোগী হইয়াছেন বলিয়া প্রকাশ। বে-সরকারী প্রতিষ্ঠানসমূহকে গ্রাম্য-অঞ্চলে এই স্কুল খুলিতে বলা হইবে। স্কুল খোলা হইতে তাঁহারা সরকারী সাহায্য পাইবেন। বোম্বাই প্রদেশে মোট ২৬০০০টী গ্রাম এবং সহর আছে। তন্মধ্যে মাত্র দশ হাজারটীতে প্রাথমিক স্কুল আছে, এতদ্ব্যতীত কয়েকটী ট্রেনিং স্কুল খুলিবার উদ্দেশ্যও গবর্ণমেণ্টের আছে। এই সকল ট্রেনিং স্কুলে শিক্ষিত শিক্ষকেরা জাতীয় শিক্ষা আদর্শের পরিকল্পনা অনুসারে শিক্ষা বিস্তারে নিযুক্ত হইবেন।

বঙ্গীয় প্রাদেশিক চিকিৎসক সম্মেলন

গত রবিবার কলিকাতার টাউনহলে বঙ্গীয় প্রাদেশিক চিকিৎসক সম্মেলনের প্রথম অধিবেশন আরম্ভ হয়। ডাঃ সুন্দরী মোহন দাস অধিবেশনের সভাপতির

উপস্থিত চিকিৎসকগণের মধ্যে নিম্নলিখিত কয়েকজনও ছিলেন:

ডাঃ এস. এন. বসু, ডাঃ এ, সি, উকিল, ডাঃ শরৎ চন্দ্র দত্ত, ডাঃ কে. এন, বসু, ডাঃ বি এন, ঘোষ, ডাঃ এ, ডি মুখার্জ্জী, ডাঃ এ, কে, সরকার, ডাঃ প্রবোধ ব্যানার্জ্জি, ডাঃ টি পি চাটার্জ্জি, ডাঃ বি নন্দী, ডাঃ বি, মুখার্জ্জী, ডাঃ আর আমেদ, ডাঃ বি, পি ঘোষ, ডাঃ এম, এন, বিশ্বাস, ডাঃ জে বস্ ও ডাঃ এ জব্বার।

এতদ্ব্যতীত মৌলবী হাফিজুল হক খাঁ, মিঃ সাদাতুল্লা, মিঃ শুকময় দত্ত ও রায় বাহাদুর উপেন্দ্রচন্দ্র চাকলাদার প্রভৃতিও সম্মেলনে উপস্থিত ছিলেন।

জাপানে তামখনিতে ভীষণ বিস্ফোরণ

মধ্য জাপানে অবস্থিত কোমিনা শিরাকা নামক স্থানে একটি তামখনির উপর মাটি ধসিয়া পড়ায় ১৩০টারও খনি শ্রমিকের বাসগৃহ বিধ্বস্ত হইয়া গিয়াছে এবং আনুমানিক পাঁচ ছয় শত লোক (ইহাদের মধ্যে ৫০জন শিশুও আছে) হতাহত হইয়াছে। বিস্ফোরক দ্রব্য এবং অন্যান্য জিনিষপত্র ভীষণ শব্দে জ্বলিয়া উঠে এবং চতুর্দ্দিকে বহুদূর পর্য্যন্ত আগুনশিখা দেখা যায়। কয়েক ঘণ্টা পর্য্যন্ত অগ্নিকাণ্ড চলিয়াছে। তিনশত খনিশ্রমিক পুড়িয়া মারা গিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

দার্জ্জিলিংএ মহাজনবাদ দমন আইন

দার্জ্জিলিংএর ডেপুটী কমিশনার মিঃ এ, এল, মার্টিন নিম্নলিখিত মর্ম্মে এক আদেশ জারী করিয়াছেন:—

১৯৩২ সালের বঙ্গীয় মহাজন-বাদ দমন আইন এবং ১৯৩৩ সালের বঙ্গীয় মহাজন-বাদ দমন নিয়মাবলী অনুসারে দার্জ্জিলিংএর ডেপুটী কমিশনার কর্ত্তৃক যে আদেশ ১৯৩৪ সালের ২০শে মে তারিখে জারী হইয়াছিল এবং যাহা ১৯৩৭ সালের ২৬শে জুলাই সংশোধিত হইয়াছিল, এতদ্বারা সর্ব্বসাধারণের অবগতির জন্য তৎসম্পর্কে ঘোষণা করা হইতেছে যে ১৯৩৭ সালের ৯ই নভেম্বর হইতে পুনরাদেশ না হওয়া পর্য্যন্ত উক্ত আদেশ অনুসারে কার্য্য করা সাময়িকভাবে স্থগিত থাকিবে।

বিজ্ঞানের নোবেল প্রাইজ

পদার্থবিজ্ঞানে নোবেল প্রাইজ দেওয়া হইয়াছে একসঙ্গে দুইজন বৈজ্ঞানিককে। ইঁহারা হইতেছেন লণ্ডনের অধ্যাপক জর্জ প্যাজেট টমসন ও নিউ ইয়র্কের ডাঃ ক্লিণ্টন জোসেফ ডেভিসন।

রসায়নের নিম্নলিখিত দুইজনকে একসঙ্গে নোবেল প্রাইজ দেওয়া হইয়াছে। বার্মিংহামের অধ্যাপক ওয়াল্টার নর্মান হাওয়ার্থ এবং জুরিকের অধ্যাপক পল কারার।

স্পেন-সংবাদ

বার্সিলোনার এক সংবাদে প্রকাশ, বিদ্রোহীরা পুনরায় যে কোনও মুহূর্ত্তে তুমুল আক্রমণ আরম্ভ করিবে এবং জেনারেল ফ্রাঙ্কো স্বয়ং এই আক্রমণে নেতৃত্ব করিবেন।

বিদ্রোহীদের এই আক্রমণে সরকার পক্ষ ও বিদ্রোহী পক্ষে মোট সাত লক্ষ সৈন্য যুদ্ধে অবতীর্ণ হইবে।

শ্যাম রাজ্যের পররাষ্ট্রনীতি

সকল রাষ্ট্রের সহিত সদ্ভাব রক্ষা এবং নিরপেক্ষ থাকাই শ্যামরাজ্যের পররাষ্ট্র নীতি। সম্প্রতি উক্ত রাজ্য [illegible] জাপান, ব্রিটেন ও ফরাসীর মধ্যে নূতন সন্ধিপত্র স্বাক্ষরিত হইয়াছে।

লণ্ডনের লর্ড মেয়রের চীনে সাহায্য প্রেরণ

লর্ড মেয়রের তহবিল হইতে প্রথম যে ঔষধপত্রাদি চীনে পাঠান হইয়াছে, উহার ওজন ২১ টনেরও অধিক। প্রেরিত-দ্রব্যাদির মধ্যে সেরাম 'ঔষধ' এবং বেদনা রোধক আছে। আরও অল্প সময়ের মধ্যে এইরূপ দ্রব্য সংগৃহীত হইয়াছে এবং বেদনা রোধক ঔষধ পাঠাইবার একটী আবেদন ৬ দিনের মধ্যে [illegible] অনুসারে বিশেষভাবে প্রস্তুত হয়। লর্ড মেয়রের তহবিলে এপর্য্যন্ত ১০,০০০ পাউণ্ড সংগৃহীত হইয়াছে।

জেরুজালেমে বোমাবর্ষণ

বোমা নিক্ষিপ্ত হওয়ার ফলে একজন আরব যুবক নিহত এবং অপর দুইজন আহত হইয়াছে।

গত মঙ্গলবার জেরুজালেমে পাঁচজন ইহুদী যাত্রীকে হত্যা করা হইয়াছে। এই ঘটনা সম্পর্কে ১৭ জন আরবকে গ্রেপ্তার করা হইয়াছে।

ফিলিপাইনে প্রচণ্ড ঝঞ্ঝাবাতে ৫০০০০ লোক গৃহহীন

গত [illegible] নভেম্বর তারিখে ফিলিপাইন দ্বীপপুঞ্জের অন্তর্গত লুজন দ্বীপের একাংশে [illegible] অঞ্চলের উপর দিয়া প্রচণ্ড ঝঞ্ঝাবাত বহিয়া গিয়াছে। ফলে ৩৮ জন মৃত্যুমুখে পতিত হইয়াছে এবং পঞ্চাশ হাজার লোক গৃহহীন হইয়াছে। বহু লোক হতাহত হইয়াছে বলিয়া আশঙ্কিত হয়, কিন্তু সংবাদ আদান-প্রদানের যোগসূত্র বিচ্ছিন্ন হওয়ায় বিস্তৃত সংবাদ পাওয়া [illegible]

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্‌,—সমগ্র ৪০্
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮্
দশম স্কন্ধ— ৯্
২। ভাষ্যসহ বিরাট্‌ শ্রীচৈতন্যভাগবত (বাঁধা) ৭্
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬্
৪। সরস্বতী জয়শ্রী (বাঁধা) ৪্
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১্; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১্; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১্
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২্
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২্
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২্
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১্
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। বাদশ-আলবার ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-গানহতা ।৵০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্‌ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১্
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২্
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২্
(বাঁধা) ১্
২৬। শতার কেবল বাংলা ভাষা ৸০
২৭। মুক্তাচরিতম্ ও গৌরস্তবঃ (সানুবাদ) ২্
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্‌-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্থপঞ্চক ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৬্
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভাগবত ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪ তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। মায়াবাদবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪ বৈষ্ণবীজম্
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনম্যালয়েড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫্

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২্

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরিব্রাজকাচার্য্য গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩্, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—দিল্লী হইতে একমাত্র পারমার্থিক পাক্ষিক; নৈমিষারণ্য শ্রীপরম হংসমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

৫। শ্রী গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রকাশিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪্ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শবর্ষ ২৮ দামোদর গৌরাব্দ ৪৫১, ৩০শে কার্ত্তিক বঙ্গাব্দ ১৩৪৪, ১৬ই নভেম্বর খৃঃ ১৯৩৭, মঙ্গলবার } ১২৪শ সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

——::(০)::——

শ্রীধাম বৃন্দাবনে ঊর্জ্জব্রত-উৎসব-পঞ্জী

গত ৩১শে অক্টোবর প্রাতে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুধীর যাচক মহারাজ ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজদ্বয়ের আনুগত্যে শ্রীল রূপানন্দ প্রভুর গোবিন্দ শ্রীশ্রীরাধাগোবিন্দজীউর মন্দির পরিক্রমা হয়। পূর্ব্বাহ্নে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। অপরাহ্ন বেলা ৩টায় সময় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ, উপদেশক পণ্ডিত শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী কাব্যতীর্থ প্রভু ও শ্রীপাদ রামকৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী শ্রীবৃন্দাবন-ধামে উপ-[illegible] করেন। মধ্যাহ্নে শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন।

ঐ দিবস অপরাহ্নে শ্রীপাদ নরোত্তমানন্দ ব্রহ্মচারী ভক্তিকমল শ্রীমদ্ভাগবত হইতে কংসাদেশে পূতনার ব্রজে আগমন ও নানা প্রকার উৎপাত ও শ্রীকৃষ্ণ কর্ত্তৃক তাহার প্রাণ-সংহার বিষয় বর্ণনা করেন। সন্ধ্যায় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ হরিনামচিন্তামণি হইতে নামমাহাত্ম্য অতি সরল ও সুন্দর ভাবে বর্ণনা করেন। তাঁহার শ্রীমুখে নাম-মাহাত্ম্য-বর্ণনা শ্রবণ করিয়া যাত্রীদের ভক্তগণ অত্যন্ত আনন্দিত হন। তিনি কয়েক দিবস শ্রীবৃন্দাবন-ধামে অবস্থান করিয়া শ্রীমদ্ভাগবত ব্যাখ্যা করেন।

গত ১লা নভেম্বর সোমবার প্রাতে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ ও শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজের আনুগত্যে মঠবাসী, স্থানীয় ও বিদেশ হইতে আগত বহু ভক্ত সংকীর্ত্তনমুখে শ্রীধাম পরিক্রমা আরম্ভ করেন। পরিক্রমাকারী ভক্তগণ ৬৪ মহান্তের সমাধি পরিক্রমান্তে শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করেন। মধ্যাহ্নে উপদেশক শ্রীপাদ [illegible] ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজের আদেশে শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন।

গত ২রা নভেম্বর মঙ্গলবার প্রাতে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজদ্বয়ের আনুগত্যে ভক্তগণ "[illegible]" পরিক্রমা করেন। ঐ দিন প্রাতঃকালে উপদেশক পণ্ডিত শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী ও [illegible] প্রভু কর্ত্তৃক বক্তৃতা হয়। পূর্ব্বাহ্নে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। অপরাহ্নে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ শ্রীমদ্ভাগবত হইতে অন্নকূট-প্রসঙ্গ 'যজ্ঞভঙ্গ' নামক অধ্যায়টী পাঠ ও ব্যাখ্যা করেন। রাত্রে উপদেশক শ্রীপাদ অপ্রমেয় ভক্তি-শাস্ত্রী শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন।

গত ৩রা নভেম্বর বুধবার প্রাতঃকালে আদিবদরী ও [illegible] পরিক্রমা হয়। পূর্ব্বাহ্নে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। মধ্যাহ্নে শ্রীপাদ নরোত্তমানন্দ ব্রহ্মচারী ভক্তিকমল শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত হইতে অন্নকূট-প্রসঙ্গ পাঠ করেন। তৎপর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজের আনুগত্যে সমস্ত রাত্রি ভক্তগণ বিবিধ প্রকার অন্ন-ব্যঞ্জন নৈবেদ্য প্রস্তুত করেন। বেলা দশ ঘটিকা পর্য্যন্ত ভক্তগণ অক্লান্ত পরিশ্রম করিয়া শ্রীবিগ্রহের সম্মুখে অন্নযোগে শত শত প্রকার ভোগ-সামগ্রী সুসজ্জিত করেন। ঐ দিন শ্রীবিগ্রহের পূজার অতীব সমারোহ হইয়াছিল। ভোগা-রতির পর হইতে বহু লোক অন্নকূট-দর্শনের জন্য সমবেত হইয়াছিলেন। অপরাহ্নে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ শ্রীমদ্ভাগবত হইতে গোবর্দ্ধনপূজা-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। রাত্রে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ "অন্নকূট" সম্বন্ধে শ্রীমঠে বহু সজ্জনমণ্ডলী সভায় বক্তৃতা প্রদান করেন। সময়ান্তরে ঐ বক্তৃতা প্রকাশিত হইবে। বক্তৃতান্তে উপস্থিত ভক্তগণকে চর্ব্ব্য-চুষ্য-লেহ্য-পেয় অন্নকূট-প্রসাদার বিতরণ করা হয়। অন্নকূট-প্রসঙ্গে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুধীর যাচক মহারাজ ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজের সেবাচেষ্টা প্রশংসনীয়।

গত ৪ঠা নভেম্বর বৃহস্পতিবার প্রাতে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুধীর যাচক মহারাজ, শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ ও শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ প্রভৃতির আনুগত্যে [illegible] পরিক্রমা হয়। পূর্ব্বাহ্নে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ চৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন [illegible] শ্রীচৈতন্যচরিতামৃত হইতে [illegible] করেন। অপর [illegible] শ্রীপাদ নরোত্তমানন্দ ব্রহ্মচারী ভক্তিকমল [illegible] শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। ঐ দিবস [illegible] করেন।

গত ৫ই নভেম্বর শুক্রবার "যমুনা-পুলিন" পরিক্রমা হয়। পূর্ব্বাহ্নে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ [illegible] মহারাজ শ্রীচৈতন্য-ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। শ্রীকৃষ্ণ [illegible] শ্রীগৌরাঙ্গ-[illegible] শ্রীধাম-মায়াপুরে [illegible] তিনি প্রেমভক্তি [illegible] ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ [illegible] মহারাজ শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা [illegible]

[illegible]

তক্র দুগ্ধজাত হন পাদের প্রমাণে। ভক্তরূপে কৃষ্ণ কৃপা করেন জনগণে।

"হরিভজন ব্যতীত জীবের আর কোনও কর্তব্য নাই। বালক হউক, বৃদ্ধ হউক, যুবা হউক, স্ত্রী হউক, পুরুষ হউক, পণ্ডিত হউক, মূর্খ হউক, ধনী হউক, দরিদ্র হউক, রূপবান্ হউক, পুণ্যবান্ হউক, পাপী হউক, যে যে অবস্থায় থাকে থাকুক, তাঁদের অন্য সাধন-প্রণালী আর কিছুই নাই, 'সাধন'—একমাত্র শ্রীকৃষ্ণসংকীর্তন।"

(বক্তৃতাবলী তৃতীয় খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী
গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২৮ দামোদর, মাঘ ব্রাহ্ম গৌরাব্দ ৪৫০

পৃথু

উত্তানপাদ-বংশে রাজা অঙ্গ অপুত্রক ছিলেন। রাজার পুত্রোৎপত্তির নিমিত্ত ব্রাহ্মণগণ যজ্ঞ করায় অঙ্গপত্নী সুনীথার গর্ভে বেণ নামক এক দুষ্ট পুত্র জন্মগ্রহণ করেন। এই রাজপুত্র বেণ তাঁহার অধর্মশীল মাতামহ মৃত্যুর অনুগামী হওয়ায় বাল্যকাল হইতে অধার্মিক হইয়া পড়িল। সেই দুষ্ট বালক বেণ মৃগয়াসক্ত হইয়া বনে গমন করিত এবং মৃগাদি পশুগণকে বৃথা বধ করিত। পুরবাসিগণ তাহাকে দূর হইতে দর্শন করিয়াই "ঐ বেণ আসিতেছে" বলিয়া ভয়ে চীৎকার করিত। অতি নিষ্ঠুর, নির্দয় বেণ ক্রীড়াচ্ছলে বালকগণের সহিত ক্রীড়া করিতে করিতে তাহাদিগকে পশুর ন্যায় মারিয়া ফেলিত। রাজা অঙ্গ পুত্র বেণকে হিংসারত দেখিয়া তাড়ন-ভর্ৎসনাদির দ্বারা নানা উপায়ে শাসন করিতে লাগিলেন এবং অবশেষে ব্যর্থমনোরথ হইয়া অত্যন্ত দুঃখিত হইলেন।

হীনবুদ্ধিগণই পুত্রের সেবাবিমুখ গৃহব্রতগণ পুত্রের অভাবে কাতর হইয়া নানা দেবতার পূজা করিয়া থাকেন। কিন্তু হায়! কুপুত্র হইতে যে কি অসহ্য দুঃখ ভোগ করিতে হয় তাহা বোধ হয় তাঁহারা চিন্তা করিতে পারেন না। কুসন্তান হইতে মনুষ্যের যাবতীয় দুর্গতি এবং অপযশ হয়, অনেকের সাংসারিক বিবাদাদি ঘটে এবং অশেষবিধ মনঃপীড়ায় জর্জরিত হইয়া থাকে। যাহার নিমিত্ত গৃহ ক্লেশদায়ক হইয়া উঠে, সেই নামধারী পুত্রই কুপুত্র। উহাদের দ্বারা কেবল কষ্টই পায়। তবে অনেক সময় দেখা যায়, বৈদিক সুপুত্র অপেক্ষা অবৈদিক কুপুত্রগণই জীবের হরিবিমুখতা নাশের অধিক উপযোগী হয়। শ্রীমদ্ভাগবতেও আমরা পাই, "লোকের কারণীভূত সুসন্তান অপেক্ষা কুসন্তান বরং শুভদায়ক, কারণ এরূপ কুসন্তান হইতে গৃহ দুঃখপ্রদ হওয়ায় মানবগণের গৃহব্রতধর্মের প্রতি বিরক্তি উপস্থিত হয়।" তদনুসারে শ্রীশ্রীল প্রভুপাদও লিখিয়াছেন,—"জীবাত্মার নিত্যবৃত্তি ভক্তি হইতে বঞ্চিত হইলে পিতার পুত্রগণ পিতাকে হরিবিমুখ করাইয়া নিজসেবায় নিযুক্ত করে। যাহাতে জীবের নিত্য চরম-কল্যাণরূপ হরিসেবার বিঘ্ন হয়, তাদৃশ পুত্র কামনা করা কোনও বুদ্ধিমান্ ব্যক্তি ভাল বলিয়া মনে করেন না। যদি পুত্র ভক্তি-বিমুখ হইয়া কেবলমাত্র কর্মকাণ্ডের নীতি-পরায়ণ হয়, তবে তাদৃশ পুত্র অপেক্ষা যে পুত্র সকল সময় দুঃখপ্রদানে পিতার বিরাগ-ভাজন হয়, সেই পুত্রের অভিনিবেশ হইতে পিতা পরিত্রাণ পাইয়া ভগবৎসেবায় নিযুক্ত হইতে পারেন। সুতরাং সৎপুত্র অপেক্ষা অসৎপুত্রই হরিভজনের বিশেষ উপযোগী। যিনি গৌণভাবে পুত্রযোগ্য পিতাকে বঞ্চিত করেন, তিনিই পিতার উপকারী পুত্র। তাই বলিয়া অসৎপুত্রের প্রতি হরিবিমুখ পিতার যে অভিনিবেশ তাহাও নীতি-বিগর্হিত।

কাল হইতে হইতে কলি। পুত্রের ব্যবহারে দুঃখিতচিত্ত রাজা অঙ্গের নির্বেদ উপস্থিত হইল। রাত্রিতে তাঁহার নিদ্রা হইল না, তিনি অন্তরালে শয্যা হইতে উত্থিত হইয়া লোকের অজ্ঞাতসারে বেণজননী সুনীথাকে পরিত্যাগপূর্বক সমৃদ্ধশালী গৃহ হইতে বহির্গত হইলেন। রাজার অদর্শনে সকলেই শোক-বিহ্বল হইলেন। অনন্তর বেণ রাজ-সিংহাসনে অধিষ্ঠিত হইয়া গর্বভরে মহাভাগবতগণেরও অবমাননা করিতে লাগিলেন। এই প্রকারে রাজাসন লাভ করিয়া বেণ মদান্ধ এবং লোক-বেদাচারশূন্য হইলেন। অষ্টলোকপালাংশ হওয়ায় তিনি ভূর্লোক ও স্বর্লোক কম্পিত করত ব্রহ্মযোগে চতুর্দশ ভুবন শাসন করিতে লাগিলেন। কেহ কোন স্থানে কোন যজ্ঞ, দান বা হোমাদি করিতে পারিবেন না—তিনি নিনাদ দ্বারা ঘোষণা করিয়া যথাস্থানে সর্বতোভাবে বাধা উৎপাদন করিতে থাকিলে মুনিগণ উদ্বেগের সহিত বেণ রাজাকে অন্যায় চরণ হইতে বিরত হইতে অনুরোধ করিতে লাগিলেন এবং আরও বলিতে লাগিলেন যে, লোকপালগণের সহিত সর্বলোক যাঁহার আরাধনা করেন, সেই শ্রীহরি সন্তুষ্ট হইলে জীবের আর কিছুই অপ্রাপ্য থাকে না। যাঁহারা যজ্ঞেশ্বর ভগবানের পূজা করেন, তাঁহাদিগকে অবজ্ঞা করা অনুচিত। এইরূপ বাক্যে বেণ ক্রুদ্ধ হইয়া বলিলেন যে, তিনিই একমাত্র সর্বপূজ্য ও সর্বভোক্তা, তাঁহার দেহেই বিষ্ণু হইতে সকল দেবের অধিষ্ঠান। তাঁহাকে ত্যাগ করিয়া যোগ্য পুরুষের আরাধনা কুলটা কামিনীর জার ব্যাপার। মুনিগণ এইরূপ বিষ্ণুনিন্দা শ্রবণ করিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং তাঁহাকে হুঙ্কারে বিনাশ করিলেন। অনন্তর রাজ্যে অরাজকতাবশতঃ প্রবল দস্যুগণের অত্যাচারে প্রজাগণকে উৎপীড়িত হইতে দেখিয়া মুনিগণ বেণের দক্ষিণ হস্ত মন্থন করিলে ভগবান্ নারায়ণের অংশে পৃথুর জন্ম হয়। ইনি ভগবানের আবেশ অবতার।

অনন্তর পৃথু ব্রাহ্মণগণ কর্তৃক রাজসিংহাসনে অভিষিক্ত হইয়া প্রজাপালনে মনোনিবেশ করিলেন। রাজ্যাভিষেকের অব্যবহিত পরেই ক্ষুধাপীড়িত ক্ষীণ প্রজাগণের আর্তনাদ শ্রবণ করিয়া পৃথিবী ওষধিসমূহের বীজ গ্রাস করিয়াছে স্থির করিয়া শরাসন গ্রহণ পূর্বক পৃথিবীকে লক্ষ্য করিয়া শর-যোজনা করিলেন। পৃথু মহারাজের ভয়ে ভীতা হইয়া পৃথিবী গো-রূপ ধারণ করত প্রাণভয়ে পলায়ন করিতে লাগিলে পৃথু তাহার পশ্চাৎ ধাবমান হইলেন। পরে পৃথিবী পৃথুর শরণাগত হইলে পৃথু তাহাকে ক্ষমা করিলেন এবং ধরণী মহারাজ পৃথুর ইচ্ছানুরূপ বিবিধ শস্য উৎপাদন করিয়া প্রজাদিগের সুখবিধান করিতে লাগিলেন।

রাজর্ষি পৃথু যজ্ঞ করিতে মনস্থ করিয়া ব্রহ্মাবর্ত দেশে সরস্বতী তীরে নিষ্কাম পূর্বক শত অশ্বমেধের সংকল্প করিয়া দীক্ষা গ্রহণ করিলেন। ভগবান্ বিষ্ণু যজ্ঞপতিরূপে অবতীর্ণ হওয়ায় ব্রহ্মা, শিব, গন্ধর্ব, দানব, দেবতা তথা ভগবৎপার্ষদ কপিল, নারদ, দত্তাত্রেয় প্রভৃতি সনকাদি যাবতীয় ঋষিগণ শ্রীভগবানের অনুগমন করিয়াছিলেন। অতঃপর যখন ভগবান্ অশ্বমেধের অন্তিমকালে ইন্দ্র যজ্ঞপশুটি অপহরণ করিয়া আকাশমার্গে পলায়ন করিলে মহর্ষি অত্রি দেখিতে পাইয়া পৃথুকে জানাইলেন। পৃথুতনয় ক্রুদ্ধ হইয়া ধনুর্বাণহস্তে তৎপশ্চাৎ ধাবিত হইলে ইন্দ্র অশ্ব পরিত্যাগ পূর্বক পলায়ন করিলেন এবং পৃথুতনয় অশ্ব লইয়া যজ্ঞস্থানে প্রত্যাগমন করিলেন। যজ্ঞে বাধা উৎপাদন করিবার আশা ইন্দ্রের প্রবল ছিল। তাই সেই অশ্ব পুনরায় হরণ করিতে ইন্দ্র প্রগাঢ় অন্ধকার সৃষ্টি করিয়া পুনরায় অশ্বটিকে হরণ করিলে অত্রির ইঙ্গিতে পৃথুতনয় ক্রুদ্ধ হইয়া ইন্দ্রের প্রতি বাণ নিক্ষেপ করিলেন। বিপুল পরাক্রমশালী পৃথু দেবরাজ ইন্দ্রের এই অসৎ ব্যবহারে ক্রুদ্ধ হইয়া তাঁহাকে বধ করিবার ইচ্ছাবিশিষ্ট হইলে ভগবান্ বিষ্ণু পৃথু মহারাজকে সদুপদেশ ও সঙ্গত সদ্যুক্ত হইয়া প্রজাগণের পালনাদি করিতে আদেশ করিলে পৃথু মহারাজ তাহা অবনতমস্তকে গ্রহণ করিলেন এবং ভগবদাদেশে ইন্দ্রের সহিত বৈরীভাব পরিত্যাগ করিলেন। তদনন্তর ভগবান্ পৃথুকে অভীষ্ট বর প্রদান করিতে চাহিলে তিনি ধর্মবিষ্ণুকৈবল্যমুক্তিকে তুচ্ছ জানিয়া ভগবদ্‌গুণানুবাদশ্রবণ জন্য অযুত কর্ণ প্রার্থনা করিলেন এবং বলিলেন, সাধুমুখে হরিকথা শ্রবণ করিয়া পদ ব্যতীত কামনাও তাহা হইতে নিবৃত্ত হইবার ইচ্ছা হয় না। লক্ষ্মী-ঠাকুরাণী দেবীর সহিত বিরোধ হইলেও ক্ষতি নাই কিন্তু দীনবৎসল ভগবানের সেবা-সঙ্গ ব্যতীত জীবের দেহধারণের কোনও সার্থকতা নাই। ভগবন্মায়ায় মুগ্ধ হইয়াই জীব পুত্রৈষণাদি নানাবিধ কামনা করিয়া থাকে। পৃথু মহারাজের বাক্যে সন্তুষ্ট হইয়া ঋত্বিকগণের সহিত রাজর্ষি পৃথুর মনোরঞ্জন পূর্বক স্বধামে গমন করিলেন।

পৃথু মহারাজ প্রজাশাসনে যোগ্যতম কোনও কর্ম কিম্বা ব্রাহ্মণ ও অচ্যুতগোত্রীয় বৈষ্ণবগণের প্রতি কোনও দণ্ড বিধান করেন নাই। তিনি সপ্তদ্বীপপতি পৃথিবীর একচ্ছত্র অখণ্ড-বিধাতা ছিলেন। ব্রাহ্মণ ও বৈষ্ণব ব্যতীত সর্বত্রই তাঁহার আজ্ঞা অপ্রতিহতা ছিল। পৃথু মহারাজ আরও একটি মহাযজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন। সেই যজ্ঞে দেবর্ষি, ব্রহ্মর্ষি ও রাজর্ষিগণ সমবেত হইলে তিনি সভাস্থ সকলকে লক্ষ্য করিয়া বিধাতা যে তাঁহাকে প্রজাবর্গের পালন, রক্ষণ ও বর্ণাশ্রম-ধর্মের স্থাপনাদি কার্যে নিয়োগ করিয়াছেন তদ্বিষয় এবং প্রজাবর্গের প্রতি রাজার যথোপযুক্ত দেয় প্রাপনীয় কর্তব্যের কথা উল্লেখ করিয়া প্রজাগণকে পরমপুরুষ ভগবানের ভজন ও বৈষ্ণব-ব্রাহ্মণগণকে সম্মান করিতে উপদেশ প্রদান করেন। বৈষ্ণব, ব্রাহ্মণ ও ভগবানে পৃথু মহারাজের ভক্তিদর্শনে সকলেই সন্তুষ্ট হইয়া তাঁহার ভূয়সী প্রশংসা করেন। বৈষ্ণব-পুত্র প্রহ্লাদের প্রভাবে হিরণ্যকশিপু যেমন উদ্ধার হইয়াছিল, বৈষ্ণবপুত্র পৃথুর প্রভাবেও সেইরূপ বেণের নরক হইতে নিস্তার লাভ হইল।

তদনন্তর ভগবদাদেশে সনৎকুমারাদি ঋষিগণ পৃথুরাজ-সভায় আগমন করিলে পৃথু মহারাজ তাঁহাদিগকে যথাবিধি পূজা করিয়া জীবগণের শ্রেয়োপ্রাপ্তির উপায় জিজ্ঞাসা করিলেন। সনৎকুমার বলিলেন,—অনাত্ম বস্তুতে অনাসক্তি ও ভগবানে রতিই জীবের মঙ্গলপথ। শুদ্ধাভক্তিতে আসক্তি হইলে জীবের চিত্ত-বিকার, অভিমান ও অজ্ঞান নষ্ট হয় এবং জীব আনন্দ বিষয়ে মত্ত হইয়া সংসারে বাস করেন। সেইরূপ বিবেকী পুরুষ অনায়াসে

ত্যাগ করিয়া সাধুমুখে হরিকথা শ্রবণকীর্ত্তনের দ্বারা পরমপুরুষ ভগবানের অনুশীলনে নিযুক্ত হন। ভগবৎপাদপদ্ম-মধুপানাভাবে জনগণে জনপ্রীতি ছিন্ন হয়। তৎকালে জীব সর্ব্বদা ভগবদ্ভক্তির বাণী ভক্তিশূন্য কোন বস্তু দর্শন করেন না; ইহাই জীবের পক্ষে পরম-মঙ্গল। ধর্ম্মার্থকামাদি ত্রিবর্গের আসক্তিই অনর্থের মূল। ঋষিগণের শ্রীমুখে এইরূপ জীবকল্যাণকর উপদেশ শ্রবণকরতঃ সাধুজনের পথ অবলম্বন করিয়া নিরন্তর ভগবানে নির্ভর করিয়া সর্ব্বাভিলাষ হইতে অনাসক্ত হইয়া নিরন্তর আত্মানুশীলনে নিরত হইলেন।

পৃথুর বিজিতাশ্ব, ধূম্রকেশ, হর্য্যক্ষ, দ্রবিণ ও বৃকনামে পাঁচটী পুত্র ছিল। তিনি পুত্রগণের হস্তে রাজ্য-ঐশ্বর্য্যাদি সমর্পণ করিয়া একাকী বনে হরিভজন-মানসে পত্নীসহ তপোবনে গমন করত বানপ্রস্থ ধর্ম্মে অবস্থিত হইয়া শুষ্ক পত্র ফলমূল ভক্ষণ, কোন দিন বা অম্বু মাত্র পান, মৌন ব্রত, অনাবৃত স্থানে বাস প্রভৃতি কঠোর বৈরাগ্য অভ্যাস করিতে লাগিলেন। ক্রমে চিত্তশুদ্ধ হইয়া পরব্রহ্মের উদ্দেশে নিরন্তর হরিস্মরণ করিতে করিতে বিষ্ণুধামে গমন করিলেন।

আমরা গৌরজন্মস্থলী শ্রীধাম-মায়াপুরস্থ শ্রীচৈতন্যমঠের দক্ষিণে অবস্থিত যে বল্লালদীঘি দেখিতে পাই তাহার অপর নাম পৃথুকুণ্ড। সত্যযুগে শক্ত্যাবেশ-অবতার মহারাজ পৃথু এক সময় পৃথিবীর উচ্চ-নীচ ভূমিভাগসমূহ সমান করিবার জন্য লোক নিযুক্ত করিয়াছিলেন। যখন এই শ্রীমায়াপুরে এই বল্লালদীঘিতে মহারাজের কর্ম্মচারিবৃন্দ ভূমি-সমতলকার্য্যে নিযুক্ত ছিলেন, তখন চতুর্দ্দিক হইতে এক মহাজ্যোতির্ময়ী প্রভা উত্থিত হইলে কর্ম্মচারিবৃন্দ সেই কথা পৃথু মহারাজকে জ্ঞাপন করিলেন। মহারাজ স্বয়ং এইস্থানে উপস্থিত হইয়া সেই আশ্চর্য্য জ্যোতিঃপুঞ্জ অবলোকন করিলেন। অনন্তর তিনি ধ্যানযোগে জানিতে পারিলেন যে, এই ভূমি নবদ্বীপ-মণ্ডলের অন্তর্গত; সেইস্থানে—যেখানে কলিযুগে শ্রীকৃষ্ণ শ্রীরাধার ভাবকান্তি লইয়া অবতীর্ণ হইবেন। মহারাজ পৃথু এই স্থানের মাহাত্ম্য জগতে রাখিবার জন্য তথায় এক মনোহর সুবিস্তৃত কুণ্ড নির্ম্মাণ করাইলেন। এই কুণ্ডই নবদ্বীপ-মণ্ডলে পৃথুকুণ্ড নামে অভিহিত হইল।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পারমার্থিক সম্পুটের রত্নরাজি

ভিক্ষা ১ম খণ্ড—৮০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৮০ ৪র্থ খণ্ড—৮০ আনা

প্রাপ্তিস্থান—শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠ

চয়ন

[মিঃ উইন্‌ষ্টন্ এইচ্ বার্চেট নামক অষ্ট্রেলিয়ার জনৈক প্রসিদ্ধ সংবাদপত্রসেবী প্রায় দুই মাসকাল গৌড়ীয়মিশনের বিভিন্ন মঠ দর্শন এবং পরিশেষে প্রধান শাখামঠ কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে অবস্থান করিয়া মঠের আচার্য্য বিষয় সম্বন্ধে শ্রবণ করিয়াছিলেন। ইনি গৌড়ীয়মিশনের অন্যতম সম্পাদক পাশ্চাত্যে ভাগবতধর্ম্ম প্রচারক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভুর নিকট হইতে মিশনের বিষয় অবগত হইয়া তাঁহার সহিত লণ্ডন হইতে ভারতে আগমন করেন। তাঁহার ভারত হইতে প্রত্যাবর্ত্তনকালে শ্রীগৌড়ীয়মিশন সম্বন্ধে প্রসিদ্ধ অমৃতবাজার পত্রিকাতে তাঁহার নিম্নলিখিত মন্তব্য প্রকাশিত হইয়াছে।]

GAUDIYA MATH ACTIVITIES

Mr. W. H BURCHETT'S APPRECIATION

(A. B. Patrika 9. 11. 37)

Mr. Winston H. Burchett has issued the following –

On the eve of my departure for Australia after spending two most enlightening months in India. I would be failing in gratitude if I did not express my deepest appreciation to the authorities of the Gaudiya Mission, in whose institutions I have been a guest in Madras, Puri, Cuttack and Calcutta.

I have been deeply impressed by the high spiritual ideals of the Mission, and the manner in which these ideals are exemplified in the lives of the disciples. Essentially the message of the Gaudiya Mission is one of the Universal Love which is more powerful than any distinction of race, colour class, caste or creed and my reception in the Mission institutions and the impressions gained as an impertial observer whose criticism has been freely invited—and whose often ignorant questions have been patiently answered, is that this Creed of Love is no empty one, but the living ideal of all genuine devotees.

During my prolonged stay at the Calcutta Math in Bagbazar I took advantage of the opportunity to thoroughly investigate the methods and rules by which the institution is governed—or rather by which it governs itself. I am greatly impressed by the simplicity and efficiency of the management and the harmonious family relationship existing between all members. I had the privilege of being included within the family.

শ্রীগৌড়ীয় মঠ সম্বন্ধে মিঃ ডব্লিউ, এইচ., বার্চেটের হার্দ্দ মন্তব্য

ভারতবর্ষে প্রীতিপ্রদ দুইমাস অতিবাহিত করিবার পর অষ্ট্রেলিয়া যাত্রা করিবার পূর্ব্বে যাঁহাদিগের আশ্রমসমূহে আমি মাদ্রাজ, পুরী, কটক এবং কলিকাতায় আতিথ্যগ্রহণ করিয়াছিলাম সেই শ্রীগৌড়ীয়মিশনের প্রতি আমার আন্তরিক হার্দ্দ অভিব্যক্তি প্রকাশ না করা কৃতজ্ঞতার অভাবদ্যোতক বলিয়া মনে করি।

গৌড়ীয়মিশনের উচ্চ পারমার্থিক আদর্শ এবং ঐরূপ আদর্শের দ্বারা অনুগত শিষ্যবর্গের অনুপ্রাণিত জীবন আমার হৃদয়ে গভীর রেখাপাত করিয়াছে। গৌড়ীয়মিশনের মুখ্য উদ্দেশ্য শুদ্ধ ভগবৎপ্রেমবার্ত্তা-প্রচার, যাহা জাতিগত ও শ্রেণীগত বৈশিষ্ট্য হইতে অধিকতর ক্ষমতাশালী। এই মিশনের আশ্রমসমূহে আমি যেরূপভাবে অভ্যর্থিত হইয়াছি এবং নিরপেক্ষ দ্রষ্টা হিসাবে মিশন সম্বন্ধে আমার হৃদয়ে যেরূপ রেখাপাত হইয়াছে এবং আমার অজ্ঞতাব্যঞ্জক প্রশ্নসমূহের যেরূপ ধৈর্য্যসহকারে উত্তর প্রদান করা হইয়াছে ও আমার মন্তব্য যেরূপ নিরপেক্ষভাবে আহ্বান করা হইয়াছে তাহাতে আমার মনে হয় যে, এই মিশনের প্রচার্য্য প্রেমধর্ম্মের বার্ত্তা প্রাণহীন নয়, পরন্তু ইহা শুদ্ধভক্তগণের জীবন্ত আদর্শ।

কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে দীর্ঘ কাল অবস্থানকালে এই মিশনের কার্য্যকলাপ ও নিয়মাবলী সম্পূর্ণরূপে অনুসন্ধান ও তথ্য অবগত হইবার সুযোগ হইয়াছিল। মিশনের কার্য্যকরী ব্যাপারসমূহের সরলতা ও উৎকর্ষতা এবং আশ্রমবাসী বিভিন্ন সেবকবৃন্দের মধ্যে পরস্পর প্রীতিপূর্ণ সম্বন্ধ দর্শনে আমার হৃদয় অত্যন্ত মুগ্ধ হইয়াছে। উক্ত মিশনের পরিবারবর্গের অন্যতমরূপে তথায় বসবাস করিবার আমার সুযোগ হইয়াছিল।

পুরুষোত্তমমঠে প্রচার

গত ২০শে অক্টোবর পূর্ণিমার সময় পুলিশ ট্রেনিং স্কুলের ইন্‌স্পেক্টর শ্রীযুক্ত [illegible] পট্টনায়ক ও শ্রীযুক্ত সাধু বনমালী দাস মহাশয়ের নিকট শ্রীপাদ [illegible] ব্রহ্মচারীজী ইংরেজী ভাষায় শ্রীগৌড়ীয়মঠের উদ্দেশ্যের বিষয় বর্ণনা করেন। ঐ সময় উক্ত পুলিশ ট্রেনিং স্কুলের আরও বহু [illegible] উপস্থিত ছিলেন। ব্রহ্মচারীজী বলেন—গৌড়ীয়মঠ জগতে অদ্বিতীয় [illegible] [illegible]। [illegible] জীবগণ স্ব-স্ব মনোধর্ম্মের বাহিক কার্য্যাবলির [illegible] নামে অভিহিত করিলেও গৌড়ীয়মঠের প্রচারকগণ ঐ [illegible] বাহিক বা সাধু আখ্যায় আখ্যায়িত করেন না। [illegible] ধর্ম্মধারা প্রাকৃত জগতের ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষ সম্পূর্ণভাবে বিভক্ত হইয়াছে। [illegible] ভগবানের জীবগণ সকলেই ভোগকামী। [illegible] [illegible] চাপা দিয়া থাকা সম্ভব চেষ্টিত; কিন্তু [illegible] এবং [illegible] কখনও গৌড়ীয়মঠের প্রচারক হইতে পারেন না। গৌড়ীয়মঠের প্রচারকগণের শ্রীকৃষ্ণ গৌরাঙ্গ [illegible] সেবাই জীবাতু। তাঁহারা প্রেয়ঃ-পন্থাকে সম্পূর্ণভাবে গ্রহণ করিয়া শ্রেয়ঃ-পন্থাকে আশ্রয় করিয়াছেন। কোটি কোটি জন্মের সুকৃতি থাকিলে শ্রীগৌড়ীয়মঠের প্রকৃত সেবকগণের মহিমা [illegible] উপলব্ধি করিবার জীবের সৌভাগ্য লাভ হয়। ইন্‌স্পেক্টর মহোদয় ও অন্য সকলে ব্রহ্মচারীজীর যুক্তিপূর্ণ আলোচনা শ্রবণে বিশেষ প্রীত লাভ করেন।

যশোহরে প্রচার

গত ৮ই অক্টোবর সন্ধ্যায় শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী [illegible] [illegible] [illegible] [illegible] মহোদয়ের [illegible] সময় ধর্ম্মের সংক্ষিপ্ত তুলনামূলক বিচারে অবশ বৈষ্ণব-ধর্ম্মের কথা কীর্ত্তন করিয়াছেন। তথায় স্থানীয় বহু ভদ্রলোক, কলেজের ও স্কুলের ছাত্র উপস্থিত ছিলেন।

শুদ্ধভক্তি-মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, তাৎকাল শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল, আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন পত্র পারমার্থিকপ্রচারক দৈনিক নদীয়া-প্রকাশ [illegible]। রক্ষক—শ্রীমদ্ [illegible] সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৪

কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ পরিচিত। শ্রীমদ্ভা পাঠ, সংকীর্ত্তন, ব্যাখ্যান, দুইটি বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—ত্রেতাপাধ্যা শ্রীপাদ সখীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্‌দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিপিনকৃষ্ণ ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)

শ্রীল সারঙ্গ ঠাকুর বৃন্দাবনের স্থান। রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনগোপাল ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীসদানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

রাউতাবাটা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) সুখকুঞ্জ

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীনরেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বাংলা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীব্রজমোহন ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীযতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

নয়াবাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দরানন্দ ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

আপারটাউন, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জেঃ সাহারাণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীমহেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং অগস্ত্যকুণ্ড, বেনারস সিটি

রক্ষক—শ্রীরাধানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅচ্যুতানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণ মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেনাবী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৬৩নং রেগান রোড, নিউ দিল্লী;

রক্ষক—শ্রীগৌরাশ্রয় ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্পাউণ্ড বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীযতিবর ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রয়পেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যারত্ন

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ কৃষ্ণনেবর, পুরী

রক্ষক—শ্রীকেবলানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বালুবাজার, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীবিশ্বম্ভর দাসাধিকারী ভক্তিশাস্ত্রী এম্-এ।

(৫) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকগিরা, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীজগবান্দাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) কাঁথি গৌড়ীয়মঠ

পোঃ কাঁথি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাজু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

কুমারহাটা, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ সেবাব্রত অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮৩।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত

শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬॥০
দাদখানি	৮॥০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭॥০
বাঁকতুলসী	৫।০
মাগরা নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
এক্সেল কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেঙ্গুন	৩৷৶০

আতপ—

নূতন আতপ	৪৲—৪।০
পেশোয়ারী	১০৲-১০।০
বাঁকতুলসী আতপ	৫।০-৫৷৶
ঐ মাঝারি	৫৲ ৫৶০
পাটনাই আতপ	৪।০-৫।০
কাটারীভোগ	৭৲
ঐ বেঙ্গুন	৩৶০

চিনির দর

[illegible]রাইন, টাইপ	১০॥৶০
[illegible]পুর ১০০০ নং	১০৶০
[illegible] সাদা	৯।০
[illegible]পুর সাদা	৮।০—৯৶০
[illegible]পুর লাল	৭॥৶০—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

[illegible]াদের বার	৩৪।০
[illegible]বণ	২২৲
চাঁদিরবার	৫২।০

পাটের দর

[illegible]—	৪০৸০
[illegible]—	৪০৸০
[illegible]—	৪১।০
[illegible]	৪২৲

আটা ও ময়দার দর

[illegible] প্রতি মণ	৬।০—৬৷৶০
[illegible] ঐ	৬৲—৬৶০
[illegible] ঐ	৫৷৶০—৫৸০
[illegible]	৬৲—৬৶০
[illegible] (বি)	৫৸০—৫৷৶০
[illegible] নং (২	৫৶০—৫॥৶০
[illegible] (এম)	৫৲—৫।০
[illegible] (কে)	৪৸০—৪৸৶০
[illegible] নং (৩)	২॥০—২॥৶০
[illegible]	১৯৶০—১৯৸৶
[illegible]	১৯৶০—১৯৷৶০

ঘৃতের দর

[illegible]	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৫৫৲
[illegible]	৪৬৲
[illegible]	৪৬॥০

তার	৪৬৲
কাবুলে	৩৬৲
গাওয়া ঘী	৪১৸০

লৌহ ও কাষ্ঠ দ্রব্যাদি

টাটার তৈয়ারী— হক্‌ প্রতি হন্দর

লোহার কড়ি (ওয়েষ্ট না গার্ড)

বাকী ৯৶০—৯॥০

ঐ বে-দাগী হাল্কা ওজন ৮৲—৮॥০

ঐ টাটা ষ্টেণ্ডার্ড ওয়েষ্ট গার্ড সব সাইজ ১০৲

ঐ ইংলিশ ওয়েষ্ট (নীব) ১০৸৶০

বরগা (টি আয়রণ) ৮॥০—৯৲

এঙ্গেল আয়রণ (কোণা) ৮৷৶০—৮৸০

টাটা গ্যাঃ করগেট টিন। ।৶০

২৪ গেজ—	১৪।০
২৬ গেজ—	১৬।০
২৮ গেজ—	১৫।০

টাটা গ্যাঃ প্লেন শীট।

২৪ গেজ—	১৪৸৶০
২৬ গেজ—	১৬৷৶০
২৮ গেজ—	১৬৷৶০

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ মটকা ২৪—৩০ গেজ

পীস ।৶১ —৸৶০

বাগান ঘেরা কাঁটা তার (দা'গল) ১০৲

স্লেট কাটিং বা ছিট কাটা মণ ৩।০—

শাল কাটিং ৩—৯ ফুট লম্বা

৬।০—৬॥০ হন্দর

গোল বড় কাটিং লম্বা ১—৩ইঞ্চ ৯৲—১০৲

ঐ „ ৩—১০ ঐ ৯।০—১০।০

টিন শালি, গোলট্‌ নয়াদে ৮৲—৯৲

গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের

জন্য ৮৸০—১১।০

যুঃ ইস্পাত আসল ২৩৲ নকল ২১৲

টিকলের হাপর ৫৶০, পাটের হাপর ৬০

তুলার হাপর ৪।০

সুতের দর

কলিকাতা ২৮শে জুন,

আবেল গোলার ফাইন	৫৪৲
সিট্র আবেল কমক	৪৬৲
কওড়ি বুনিম ফাইন	৪৩৲
হাবার্ট ভাষা	৫৩৲
ঐ ফাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৮শে জুন,

প্রতি মণ

পানজাও	৮।০
সুপারী দেশী	১৬।০—১৭৲
কাটা সুপারী	১০॥০—১১।০
[illegible]	১৫।০—১৭।০
[illegible] পাটনাই	১৭৲—১৮॥০

অক্ষোভ কুমার অভিষেক
এণ্ড সন্স্ লিঃ
ডি-৫ বনহার খাঁ-মেহোলী, বড়বাজার
কলিকাতা

শ্রীধাম–মায়াপুর

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট"—

—:০:—

উচ্চ ইংরাজী বিদ্যালয়

শ্রীধাম মায়াপুর—গঙ্গার সন্নিকটে বিদ্যালয় ও বোর্ডিং এর মনোরম দৃশ্য। অভিজ্ঞ শিক্ষক ও শিক্ষাদান। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনাদি প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় সফল প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের অসাধারণ সুবিধা

পরীক্ষায় বাছাই করে অন্ততঃ ৮ বৎসর থাকিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর প্রথম স্থানীয় ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—০৮	১৯—[illegible]
মহেশগঞ্জ	ঐ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৫
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৩৫	১১—১০,	১৪—৯	১৮—১৩,	২০—১৫

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

স্বরূপগঞ্জ ঘাট	ছাঃ	৫-৩৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ঐ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

মেহলার পাচন

সর্ব্ববিধ মেহের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণ রোগীর পক্ষে সঞ্জীবনীর ন্যায় একমাত্র উপায় বলিয়াই জানিবেন। [illegible] এবং নূতন ও পুরাতন মেহ একবার সেবন করিয়া দেখুন যে আপনার অবস্থা সারিল কি না। মূল্য ছোট বোতল ৮৶০ আনা, বড় বোতল ১৶০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

অথবা

পোঃ [illegible], ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:: ●)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির আদ্যন্ত জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই ইহার অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যদেবের শুভেচ্ছায় সরবিদ্যালঙ্কারে সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৪ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৵০ আনা; ডাকমাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

———

দৈনিক নদীয়া-প্রকাশ

-::○::—

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের
প্রতিপংক্তি প্রতি লাইনে ।০	।৵০		।৵০	।০
" ইঞ্চ ২৲	১।০		১।০	১৲
সিকিকলম ৫৲	৪৲		৪৲	৩৲
অর্দ্ধকলম ৮৲	৬৲		৬৲	৫৲
এক কলম ১২৲	১০৲		১০৲	

এক বৎসরের জন্য হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চ ৩	৪।০
" সিকি কলম ১০৲	১২৲
" অর্দ্ধকলম ২০৲	৩০৲
" এক কলম ৩০৲	৬০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /১০, বিশেষ সংখ্যা ।০ ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী এম্‌-এ, কলেজের বহুগবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলক শ্রীমন্মহাপ্রভু প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৬০০ অধ্যায়ে প্রায় ৮০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীশ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

ভক্ত বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
শ্রীল ভক্তিকুলভূষণ প্রভুপাদ আচার্য্যদেবের
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে।
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

———

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(●):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের কল্যাণ বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১এ/নং কালিকাতার মধ্যস্থ ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীট অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

টেলি গ্রাম—'প্রকাশ'—শ্রীরামপুর

REG NO C 154

নদীয়া প্রকাশ

THE NADIA PRAKASH

[১২শ খণ্ড] শ্রীরামপুর—১লা অগ্রহায়ণ, ১৩৮৪, ১৭ই নভেম্বর, ১৯৭৭, [illegible] [সংখ্যা ২১৩]

বিবিধ সংবাদ

নদীয়ায় চোরের উপদ্রব

[illegible]

... প্রাথমিক শিক্ষকদের ... চেষ্টা

[illegible]

ভারতে দক্ষতার ...

[illegible]

ইস-কার্মাল কেন্দ্রের সূচনা

[illegible]

প্রেসিডেন্সী ও হাওড়া জেলে

[illegible]

এজেন্ট নিয়োগ সম্পর্কে পুলিশ সতর্কতা

[illegible]

রাজপথে মন্ত্রী

[illegible]

... ভারত শিক্ষা পরিষদ

[illegible]

... নদের উন্নয়ন

[illegible]

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্, —সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ১৮৲
দশম স্কন্ধ—
২। তাৎপর্য্য বিরাট শ্রীচৈতন্যভাগবত
(অর্বা) ৲
অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী (১ম খণ্ড) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৮০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৮০
৪র্থ খণ্ড—৮০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৮০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৮০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ১৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৮০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৭০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। বাদশ-আলবর ।০
১৯। বস্তুবিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-গানহার ।৵০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ১৲
(বাঁধা) ১৲
২৬। একাদশ কেবল মূল-ভাষা ।০
২৭। মুক্তাচরিত্র ও গৌরকৃষ্ণোদয় (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)
(বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১ সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩ ব্রহ্মাণ্ডাদ-প্রসঙ্গাদ্য ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫ গীতমালা ৴১০
৩৬ নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯ শ্রীগৌরকৃষ্ণপরিক্রমাদর্পণ ।০
৪০ শরণাগতি ৴০
৪১ গীতাবলী ৴০
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩ মায়াবাদ ৴০
প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৪। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্থপঞ্চক ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ নির্ণয় ।০
৫৫। শ্রবণকুতাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। তারতম্য ও কল্পিণপ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবর ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিভিক্তঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪ সত্যস্তবম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। মায়াবাদশতদূষণম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিউ অর্ডার্স অন বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইট্স্ মরফলজী এণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্স ।৵০
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং
৭৬। দি ভাগবত
৭৭। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনরামাঙ্কড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (১ম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্তৃক সম্পাদিত ইংরেজী পাক্ষিক, সদ্বিদ্যা প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—ত্রিপিটকের একমাত্র পারমার্থিক পাক্ষিক। দৈনিক শ্রীপুরুষ ... হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রকাশিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা, সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

নির্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এইগ্রন্থ পাঠে যুগপৎ মহাগ্রন্থ
পাঠ ও মহৎ সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৬৲ টাকা।

১২শ বর্ষ { ২৯ দামোদর গৌরাব্দ ৪৫১, ১লা অগ্রহায়ণ বঙ্গাব্দ ১৩৪৪, ১৭ই নভেম্বর ইং ১৯৩৭, বুধবার } ২১-তম সংখ্যা

শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজের বিরহ-মহামহোৎসব

——:•:——

গত ১৪ই নভেম্বর, ২৮শে কার্ত্তিক রবিবার উত্থানৈকাদশীদিবস পরমহংসদেব ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজের বিরহ-মহোৎসব শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যদেবের আনুগত্যে শ্রীচৈতন্যমঠে বিশেষ সমারোহে অনুষ্ঠিত হইয়াছে। এই উপলক্ষে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে গৌড়ীয় মিশনের গভর্ণিং বডির চেয়ারম্যান ত্রিদণ্ডিপাদ্যগণী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ, শ্রীপাদ অপ্রাকৃত-ভাষণ ভক্তিবান্ধব, শ্রীযুক্ত বিনয়ভূষণ বন্দ্যোপাধ্যায় ভক্তকেতন প্রভৃতি বৈষ্ণবগণ শ্রীধামে আগমন করিয়াছিলেন।

উৎসবের পূর্ব্বদিবস প্রাত্যহিক নিয়মানুসারে বৈকালিক পাঠ, কীর্ত্তন এবং পরিক্রমাদি হয়। সন্ধ্যারাত্রিকান্তে বৈষ্ণবের মাহাত্ম্য এবং কৃপা-প্রার্থনামূলক কীর্ত্তন করিতে করিতে শ্রীল বাবাজী মহারাজের সমাধিমন্দির পরিক্রমা হয়। পরিক্রমান্তে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্যপুরাণব্যাকরণতীর্থ মহোদয়ের মূল গায়কত্বে শ্রীল বাবাজী মহারাজের শ্রীসমাধির সম্মুখে বসিয়া গুরুপরম্পরা, পঞ্চতত্ত্বাষ্টক, মহাজন-পদাবলী এবং মহামন্ত্র কীর্ত্তন হয়। কীর্ত্তনান্তে শ্রীঅবিদ্যাহরণ-নাট্যমন্দিরে উপদেশক পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী কাব্য-ব্যাকরণতীর্থ মহোদয় শ্রীমদ্ভাগবত হইতে প্রহ্লাদচরিত্র পাঠ ও ব্যাখ্যা করেন।

১৪ই নভেম্বর প্রত্যুষে মঙ্গলারাত্রিকান্তে মহাজনপদাবলী কীর্ত্তন হইলে পর উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্য পুরাণব্যাকরণতীর্থ মহোদয় শ্রীল বাবাজী মহারাজের অতিমর্ত্ত্য-চরিত্র-সম্বন্ধে 'কতকাল' কীর্ত্তন করিয়া শ্রীচৈতন্যচরিতামৃত হইতে "শ্রীসনাতন-শিক্ষা" পাঠ ও ব্যাখ্যা করেন। পরে শ্রীচৈতন্যমঠরক্ষক শ্রীপাদ নরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ প্রভুকে অগ্রণী করিয়া শ্রীচৈতন্যমঠ হইতে এক বিরাট নগরসংকীর্ত্তন-বাহিনী বহির্গত হইয়া শ্রীল প্রভুপাদের সমাধিমন্দির, শ্রীল প্রভুপাদের ভজনস্থলী, শ্রীঅদ্বৈতভবনের শ্রীমন্দির, শ্রীবাসাঙ্গন, শ্রীযোগপীঠ শ্রীমন্দির, শ্রীনৃসিংহদেবের শ্রীমন্দির এবং শ্রীগৌরকুণ্ড পরিক্রমা করিয়া পুনরায় শ্রীচৈতন্যমঠে প্রত্যাবর্ত্তন করেন এবং শ্রীচৈতন্যমঠের শ্রীমন্দির পরিক্রমান্তে শ্রীরাধাকুণ্ড পরিক্রমা করিয়া শ্রীল বাবাজী মহারাজের সমাধিমন্দির পরিক্রমা করেন। অতঃপর পরিক্রমান্তে গুর্ব্বষ্টক এবং মহাজন পদাবলী কীর্ত্তনান্তে শ্রীপাদ [illegible] ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যচরিতামৃত অন্ত্য একাদশ পরিচ্ছেদ হইতে শ্রীল ঠাকুর হরিদাসের নির্য্যাণ-প্রসঙ্গ পাঠ করেন। অতঃপর কীর্ত্তনান্তে শ্রীচৈতন্যচরিতামৃত মধ্যলীলা পারায়ণ আরম্ভ হয়। মধ্যাহ্নে বিপুল উৎসাহে ভোগরাগাদি কীর্ত্তন অনুষ্ঠিত হয়।

অপরাহ্ণ ২॥০ ঘটিকায় অবিদ্যাহরণ-শ্রবণমন্দিরে এক বিরাট সভার অধিবেশন হয়। গুর্ব্বষ্টক ও বিরহসূচক বিবিধ মহাজনপদাবলী কীর্ত্তনান্তে ত্রিদণ্ডিপাদ্যগণী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ উক্ত উৎসবসম্বন্ধে গৌড়ীয়সম্পাদক মহোপদেশক শ্রীমদ্ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ-প্রভু সম্পাদিত ও প্রকাশিত শ্রীল বাবাজী মহারাজের সংক্ষিপ্ত জীবনচরিত "পরমহংসের শ্রীগৌরকিশোর" গ্রন্থখানি আদ্যোপান্ত ঘণ্টাকাল ধরিয়া পাঠ করেন এবং স্থানে স্থানে ব্যাখ্যা করিয়া শ্রোতৃবর্গকে বুঝাইয়া দেন। সভায় হাই-স্কুলের শিক্ষক ও ছাত্রগণ, স্থানীয় পোষ্ট মাষ্টার মহোদয়, নিকটবর্ত্তী গ্রামের ভদ্রলোক এবং বহু আগন্তুক উপস্থিত ছিলেন। সন্ধ্যা ৬ ঘটিকায় মহাজনপদাবলী কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়।

সন্ধ্যারাত্রিকের পর মহাজনপদাবলী কীর্ত্তনান্তে উপদেশক পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারীজী শ্রীমদ্ভাগবত হইতে প্রহ্লাদ চরিত্র পাঠ ও ব্যাখ্যা করেন।

১৫ই নভেম্বর সোমবার দ্বাদশী দিবস শ্রীচৈতন্যমঠে এক বিরাট উৎসবের আয়োজন হয়। নিয়মিত পাঠ কীর্ত্তনাদি অন্তে মধ্যাহ্নে প্রায় ৭০০ ব্যক্তিকে চতুর্বিধ রসসমন্বিত মহাপ্রসাদ বিতরণ করা হয়। বহু সজ্জন এই উৎসবের সেবানুকূল্য করিয়া নিত্য সুকৃতি অর্জ্জন করিয়াছেন।

শ্রেয়ঃ ও প্রেয়ঃ

(৫ম পৃষ্ঠার পর)

আপনারা সকলেই কাহিনী শুনে থাকবেন,— শ্রীমদ্ সনাতন গোস্বামী প্রভু [illegible] কেবলমাত্র পরীক্ষা জন্য [illegible] ক'রেছেন। যেমন গোপালদের [illegible] পুরীপাদকে স্বপ্ন আদেশ ক'রে [illegible] হ'য়েছিলেন সেই প্রকার শ্রীবৃন্দাবন-[illegible] গোস্বামী প্রভুকে স্বপ্নে কৃপা ক'রেছেন। সে [illegible] হ'য়েছিলেন।

কৃষ্ণ যে গোবর্দ্ধন-লীলা ক'রেছেন এর [illegible]। [illegible] গোবর্দ্ধন শৈল ধারণ ক'রে [illegible] বাম হাতে তাকে পূজা করতে বল্লেন,—

> যথা তরোর্মূলনিষেচনেন
> তৃপ্যন্তি তৎস্কন্ধভুজোপশাখাঃ।
> প্রাণোপহারাচ্চ যথেন্দ্রিয়াণাং
> তথৈব সর্ব্বার্হণমচ্যুতেজ্যা॥
>
> (ভাঃ ৪।৩১।১৪)

পরম ব্রহ্ম সেবা হ'লেই সব হ'ল। [illegible] আর কিছু [illegible] হরণ করলে [illegible] থাকে না। [illegible] কথা [illegible] আবার [illegible] গ্রহণ করেন। [illegible] করে। [illegible] প্রাতঃকালে [illegible] উচিত। [illegible] [illegible] আপনারা ক্ষমা করবেন।

এক কৃষ্ণনাম হরে পাপের প্রমাণে। একনাম [illegible] কৃপা করে ভগবানে।

"হরিভজন ব্যতীত জীবের আর কোনও কর্ত্তব্য নাই। বালক হউক, বৃদ্ধ হউক, যুবা হউক, স্ত্রী হউক, পুরুষ হউক, পণ্ডিত হউক, মূর্খ হউক, ধনী হউক, দরিদ্র হউক, রূপবান্ হউক, পুণ্যবান্ হউক, পাপী হউক, যে যে অবস্থায় থাকে থাকুক, তাঁদের অন্য সাধন-প্রণালী আর কিছুই নাই। 'সাধন'—একমাত্র শ্রীকৃষ্ণসংকীর্ত্তন।"

(বক্তৃতাবলী তৃতীয় খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২১ দামোদর, শুভ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫১

শ্রীভক্তিসিদ্ধান্ত-বাণী

অপ্রাকৃত বস্তুবোধের অসামর্থ্যহেতু অনেকের নিকট [illegible] শব্দচতুরতাদির প্রয়োগ প্রাকৃতবোধ বাণী প্রতীত হইতে পারে, বস্তুতঃ উহাতেই অপ্রাকৃতগণের পরতত্ত্বসেবা প্রকাশিত। সম্বন্ধ—[illegible] ও [illegible] শ্রবণ প্রভাব। কৃষ্ণকৃপায় এ [illegible] হইলে সাধকের অপ্রাকৃত বস্তুতে [illegible] লাভ হয়। [illegible]—[illegible] অভিধানে তাঁহাকে অবহেলা-[illegible] জীবের অভাব ভাবের [illegible] হয়। কৃষ্ণকৃপায় এরূপ [illegible] হইলে শ্রীগুরুপাদপদ্মের আশ্রয়ে কৃষ্ণ-প্রেমামৃতাস্বাদনের শ্রীকৃষ্ণচন্দ্রে বাসের [illegible] লাভ হয়।

তৌর্য্যত্রিকে যে অনুরাগাদি আছে, তাহা কেবল আত্মানন্দে প্রবৃত্তির জন্য [illegible]। সেই [illegible] অনুরাগ-বিলাসে প্রকট-লীলায় দেখা যায়। এ জগতে জীবের যেমন [illegible]—[illegible], সে [illegible], [illegible], সম্বন্ধ ও [illegible] অনুরের প্রতিকূল চেষ্টা [illegible] চেতন-প্রাণ হইয়াও [illegible]।

অথবা উৎসাহে বাদ্যযন্ত্রের কীর্ত্তন হউক, অথবা কীর্ত্তন বাদ দিয়া বাহ্যোন্মুখ জনমনোরঞ্জন বা নিজেদের নাচ-পূজা-প্রতিষ্ঠা বাড়াবার জন্য আমাদের মঠ-বাসিগণ নহে। শ্রীরূপানুগগণ—ভক্তিবিনোদ-ধারা অপ্রাকৃতরূপে সংরক্ষিত হউক, তথা কাহারও প্রতিকূল যাবতীয় অসৎ বিচারের সুষ্ঠু প্রতিবাদ হউক, অসৎ প্রবৃত্ত মানব সুবুদ্ধি লউক।

শ্রেয়ঃ ও প্রেয়ঃ

[কলিকাতা বাগবাজারে 'ভগবদ্-ইনষ্টিটিউট' হলে ৩রা নভেম্বর রং ১৯৩৭ বুধবার সভায় ত্রিপুরা ষ্টেটের প্রধান বিচারপতি মাননীয় শ্রীযুক্ত খগেন্দ্র চন্দ্র নাগ এম্-এ-বি রায়-বাহাদুর-এর মহোদয়ের সভাপতিত্বে 'শ্রীগৌড়ীয়'-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় কর্ত্তৃক প্রদত্ত বক্তৃতা।]

মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্।
যৎকৃপা তমহং বন্দে শ্রীগুরুং দীনতারণম্॥
বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ॥
আনন্দলীলাময়বিগ্রহায় হেমাভদিব্যচ্ছবিসুন্দরায়।
তস্মৈ মহাপ্রেমরসপ্রদায় চৈতন্যচন্দ্রায় নমো নমস্তে॥

প্রাতঃস্মরণীয় মাননীয় সভাপতি মহোদয়, পূজ্যপাদ বৈষ্ণববৃন্দ ও সমবেত সজ্জনগণ! আজকে আমাদের সভায় যেরূপ লোকসংখ্যা হ'য়েছে তা'তে বক্তৃতা বল্লে জিনিষটা শুষ্ক হ'তে পারে না। তবে আলোচনামুখে আত্মশুদ্ধির জন্য শ্রৌতবাণী কীর্ত্তন করছি।

আজ বক্তৃতার বিষয় 'শ্রেয়ঃ ও প্রেয়ঃ'। এই সভামন্দিরে প্রবেশ করবার অব্যবহিত পরেই একজন সজ্জন বল্লেন—'শ্রেয়ঃ ও প্রেয়ঃ' দার্শনিক বিষয় ব'লে এবং প্রতিমা-বিসর্জনের দিন ব'লে লোক কম হ'য়েছে। আর আমাদের মঠেও সহস্র সহস্র লোকের সমাগম হচ্ছে। লোকসংখ্যা হ'লেই যে আলোচনা শুষ্ক হ'বে তা' নয়। প্রকৃত শ্রোতা একজন থাকলেও বক্তার উৎসাহ থাকা উচিত

'শ্রেয়ঃ ও প্রেয়ঃ'—এই দুইটি সনাতন শাস্ত্রের কথা। ভারতবর্ষ বা ভারতের বাহিরে বেদের মধ্যে কঠোপনিষদে এই শব্দ দুইটি দেখতে পাওয়া যায়। বাজশ্রবার প্রপৌত্র উদ্দালক, তৎপুত্র নচিকেতা। পিতা উদ্দালক বিশ্বজিৎ যজ্ঞ আরম্ভ ক'রেছিলেন। সেই যজ্ঞে উদ্দালক ব্রাহ্মণগণকে বৃদ্ধা গরু দান ক'রেছিলেন। তাই দেখে নচিকেতা বল্লেন—পিতঃ, আপনি যজ্ঞে যে গাভী দান ক'চ্ছেন সর্ব্বস্বদানে; কিন্তু দান উত্তম বস্তুই দান করা কর্ত্তব্য। আর আপনার প্রিয় বস্তু। এই প্রিয় বস্তু ত' দান ক'রছেন না। আপনার দান ঠিক হচ্ছে না। আমায় আপনি কার কাছে দান করবেন? পিতা ক্রুদ্ধ হইয়া বল্লেন—আমি তোকে যমের কাছে দিলুম। সরল, সত্যপ্রিয় বালক নচিকেতা পিতার বাক্যে বিশ্বাস করিয়া যম-ভবনে গিয়েছিলেন। যমরাজ তখন নিজ পুরী থেকে অন্যত্র গিয়েছিলেন। যমরাজের স্ত্রী তাঁহাকে আহার গ্রহণের জন্য তিন দিন অনুরোধ করেন। কিন্তু নচিকেতা তিন দিন যাবৎ জলও গ্রহণ করেন নাই। যম নিজ পুরীতে এসে নচিকেতাকে বল্লেন—তিন দিন উপবাসী থেকে তুমি তিনটী বর প্রার্থনা ক'রেছ—(১) পিতা যেন সন্তুষ্ট হন, (২) আমাতে যেন জ্ঞানালোক হয়, (৩) মানুষ জগৎ হ'তে যাবার পর তাহার কি অবস্থা হয়? যমরাজ নচিকেতাকে প্রথম ও দ্বিতীয় বর দিলেন। তৃতীয় বর সম্বন্ধে নানা রকমের কথা বল্লেন। হে বৎস, দেবতা, মুনি প্রভৃতিও তত্ত্বজ্ঞান সম্বন্ধে অভিজ্ঞতা লাভ করিতে পারে না। অতএব তুমি আমাকে বিষয়ে এ প্রশ্ন পরিত্যাগ কর। নচিকেতাকে প্রলুব্ধ করিবার জন্য তাহাকে কিছু বর দিতে চাইলেন কিন্তু নচিকেতা কিছুই গ্রহণে স্বীকৃত হ'লেন না। তখন যম তাঁ'র প্রতি সন্তুষ্ট হ'য়ে আত্মতত্ত্ব উপদেশ দিলেন,—

শ্রেয়শ্চ প্রেয়শ্চ মনুষ্যমেত-
স্তৌ সম্পরীত্য বিবিনক্তি ধীরঃ।
শ্রেয়ো হি ধীরোঽভি প্রেয়সো বৃণীতে
প্রেয়ো মন্দো যোগক্ষেমাদ্ বৃণীতে॥
(কঠ ১।২।২

শ্রেয়ঃ আপাতমধুর না হ'লেও পরিণামে ভাল। প্রেয়ঃ—আপাতমধুর হ'লেও পরিণামে অমঙ্গলজনক। শ্রেয়ঃ ও প্রেয়ঃ—দুইটি বস্তু মানুষের করতলগত। যাঁ'রা নির্বুদ্ধি তাঁ'রা শ্রেয়ঃ চান না।

অসভ্যজাতিও পাহাড়, সমুদ্র ও আর প্রকৃতির উপাসনা করে। তা'রাও দেখছে বিরাট সাগর, বৃহৎ প্রকৃতি তা'দের চেয়ে অনেক বড়। বৃহতের কাছে ক্ষুদ্রের মাথা নত করা স্বাভাবিক। নির্বোধ জীব সাময়িক উপকার চায়। আমরা আপাত সুখ খুঁজি কিন্তু পরিণাম ভাবি না। নচিকেতার নিকট যখন নানা প্রলোভনীয় বস্তু উপস্থিত হ'ল, তখন তিনি তা' নিলেন না। কিন্তু আমার মত নির্বোধ লোক আপাতমধুর বস্তুই গ্রহণ ক'রে ব'সবে। পরম বস্তুর সন্ধানের স্পৃহা লোকের মধ্যে অতি বিরল। পরমমঙ্গল কোনটী ও আপাতমঙ্গল কোনটী, বিচার করা দরকার। ধীর ব্যক্তি শ্রেয়ঃকে এবং অধীর ব্যক্তি যোগ ও ক্ষেম গ্রহণ করে। 'যোগ-ক্ষেমাদ্'—আমাদি আহরণ [illegible] অধীর ব্যক্তি বলেন—'আগে ক্ষুধা নিবৃত্তি ক'রে বাঁচি তারপর আত্মমঙ্গলের কথা শুনব।' কিন্তু বুদ্ধিমান্ ব্যক্তি চিন্তা করেন—বাঁচব কেন? বেঁচে থাকা ত' শেষ নয়, উহার পরেও কিছু আছে। মানুষ জগতের বস্তুর প্রতি বীতস্পৃহ হইলে তাঁহার বিচার আসে—'অথাতো ব্রহ্ম-জিজ্ঞাসা'। নচিকেতা সেই ব্রহ্ম-জিজ্ঞাসা ক'রেছিলেন। আমরা কিন্তু সেই শ্রেয়ঃ জিনিষটা চাই না। আমরা এমনই বহির্মুখ হ'য়ে প'ড়েছি যে, আপাত ভাল জিনিষ পেলেই আমরা আগ্রহের সহিত গ্রহণ করি। যখন শ্রেয়ের সন্ধান—পরম মঙ্গলের সন্ধান ক'রবার স্পৃহা হয়, তখন উন্মুখ কর্ণপথে শ্রৌতবাণী আসে। যমরাজ উন্মুখের কর্ণে শ্রৌতবাণী প্রবেশ করাইয়া দেন।

শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্যঃ
শৃণ্বন্তোঽপি বহবো যং ন বিদ্যুঃ।
আশ্চর্য্যোঽস্য বক্তা কুশলোঽস্য লব্ধা
আশ্চর্য্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ॥
(কঠ ১।২।৭)

এই জগতে শ্রেয়ঃ কথা—আত্যন্তিক মঙ্গলের কথা শুনবার লোক অতি কম। উহা অনেকে শুনতে চায় না। আবার অনেকে শুনেও মনে নিতে চায় না। আশ্চর্য্য বক্তা অর্থাৎ আচার্য্য দুর্লভ। শ্রোতাও দুর্লভ অর্থাৎ বিরল হয়। চলতি কথায় বলে—"গুরু মেলে লাখ লাখ, চেলা মিলে এক।"

ছান্দোগ্য শাস্ত্রে ইন্দ্র ও বিরোচনের কথা অবগত হওয়া যায়। দুই জনই একসঙ্গে ব্রহ্মার উপদেশ গ্রহণ করেন। ব্রহ্মা প্রথমে ব'ল্লেন—এই অন্নময় কোষ অর্থাৎ স্থূল শরীরই ব্রহ্ম। তৎপরে ব্রহ্মা মনোময় বিজ্ঞানময় কোষের কথা বলেন। এইরূপ ব্রহ্ম সম্বন্ধে তারপর পর পর উচ্চ কথা ব'লে পরমাত্মা ও ব্রহ্মের কথা বলেন। তিনি বলেন—তোমরা আত্মার অনুশীলন কর। বিরোচন শেষ পর্য্যন্ত ধৈর্য্য ধ'রতে পারেন নাই। তিনি প্রচার করলেন—দেহই আত্মা। অতএব তার উপাসনা কর। গীতার শেষ কথা না শুনে গীতার ১ম, ২য় অধ্যায় পড়ে বক্তৃতা সমাপ্ত হয়। কিন্তু সমগ্র জ্ঞান লাভ করতে হ'লে শেষ পর্য্যন্ত অপেক্ষা করতে হবে। বস্তুমাত্রের সম্বন্ধে চোখ, হাত, কাণ, নাসিকা, জিহ্বা ইত্যাদির দ্বারা ভিন্ন ভিন্ন জ্ঞান হয়। যতক্ষণ উহাকে চোখ দিয়ে দেখছি, হাত দিয়ে গ্রহণ করছি, নাক দিয়ে ঘ্রাণ নিচ্ছি এবং কাণ দিয়ে শুনছি ততক্ষণ এক প্রকার জ্ঞান। কিন্তু যখন উহাকে জ্বালায় দিচ্ছি তখন সম্পূর্ণ জ্ঞান হ'ল। কোনো লাভে খণ্ড জ্ঞান এবং কোনো লাভে পরিপূর্ণ জ্ঞান লাভ হয়।

নচিকেতা বলেন—শ্রেয়ঃ কি ক'রে পাই
তখন উপনিষদ্ বলেন—

নায়মাত্মা প্রবচনেন লভ্যো,
ন মেধয়া ন বহুনা শ্রুতেন।
যমেবৈষ বৃণুতে তেন লভ্য-
স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনূং স্বাম্॥
(কঠ ১।২।২৩)

উত্তিষ্ঠত, জাগ্রত, প্রাপ্য বরান্ নিবোধত।
ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া।
দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি॥
(কঠ ২।৩।১৩)

যেমন বাক্যবাগীশরা ক'রে—শ্রেয়ের বক্তৃতা দিয়ে যাচ্ছি, খুব দার্শনিক আলোচনা করছি, তাতেও হ'বে না। ভজছি—ভজনার অভিনয় করছি, কিন্তু ভজন হচ্ছে না।

যমেবৈষ বৃণুতে তেন লভ্য-
স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনূং স্বাম্॥

ভগবান্ স্বপ্রকাশতত্ত্ব। তিনি স্বেচ্ছায় প্রকাশিত হ'বেন। আমরা তাঁহার শরণাগত হ'ব। আত্মসমর্পণ করব, তাঁহার পাদপদ্মে যথাসর্বস্ব অর্পণ ক'রব, নিজের কিছুই রাখ্‌ব না। দ্বার খুলে দিলে সূর্যরশ্মি এসে আমাদিগকে আলোকিত করবে। শ্রেয়োলাভ করতে হ'লে শরণাগতি চাই। এ সকল বিষয়ে বক্তৃতা দিয়ে বা শুনে চ'লে যাওয়ার কথা নয়। ইহার অনুশীলন করা চাই।

জাগ্রত হ'বে। সুখ দুঃখ প্রত্যেকের চিত্তে রয়েছে। আত্মস্থিত ভক্তি প্রত্যেক জীবাত্মায় আছে, কিন্তু তাহা সুপ্ত। এই জন্য শ্রুতি বলেন—

উত্তিষ্ঠত, জাগ্রত, প্রাপ্য বরান্ নিবোধত
ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া।
দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি॥

শ্রেষ্ঠ আচার্যপাদপদ্মে শরণাগত হ'য়ে চলতে হ'বে কেন? না,—ঐপথ ক্ষুর-ধারের ন্যায় তীক্ষ্ণ। সতর্ক থাকতে হ'বে কিরূপে? না,—সম্পূর্ণ শরণাগত হ'য়ে। যেখানে একটু ছিদ্র হ'বে সেখানেই কেটে যাবে। বড় দুর্গম পথ। আবার বড় সরল। সেই যে শ্রেয়ঃ এবং সেই প্রেয়ঃ শ্রীচৈতন্যদেব বড় সহজ ক'রে সাধারণের নিকট দিয়েছেন। আচার্যপাদপদ্ম হ'তে শুনেছি—'শ্রেয়ঃকে প্রেয়ঃ এবং প্রেয়ঃকে শ্রেয়ঃ করতে হ'বে।' বর্তমানে ব্যবহারে শ্রেয়ঃ ও প্রেয়ের স্বাভাবিক ভেদ হ'য়েছে। সংসারকে খারাপ ব'লে চ'লে গেলে হ'বে না। প্রেমের রাজ্যে সন্দর্ভ নাই, বিবাদ নাই,—এ' রকম জিনিসটা ধরা যায় নাই। বাইরে দুঃস্থ্যা-নীতিতে লোকের পিপাসা আছে, কিন্তু শান্তি নাই, তাই ক্রোধ। ক্রোধ জিনিসটাকে ত্যাগ ক'রে সংসার করায়। শ্রেয়ই পরম প্রেয়ঃ হউক। তোমার স্বভাবে যে সকল দোষ হ'য়েছে, তা' ঐসব সেবায় যত ক'রতে হ'বে। হরিকথা শ্রেয় হ'লেও তিক্ত হয় কেন? স্বভাবকে ফিরাতে হ'বে। শ্রেয়ই শেষে সবচেয়ে ভাল বোধ হ'বে। তখন শ্রেয়ঃ ও প্রেয়ের বিচার থাকবে না।

ভক্তগণ তাহাকেই বলি—যখন শ্রেয়ঃ প্রেয়রূপে স্বাভাবিকভাবে হৃদয়ে প্রকাশিত হয়—যখন শ্রেয়ঃ ও প্রেয়ঃ গাঢ় আলিঙ্গন করে। সেই শ্রেয়ঃ ও প্রেয়ঃ আলিঙ্গিত হ'য়ে পরমপুরুষের পাদপদ্মে আত্মবিসর্জন করে। ভগবান্ প্রেমময় পুরুষ। তিনি সকল প্রেমের প্রেমাস্পদ ও সকল রসের রসিক। 'রসো বৈ সঃ।' তিনি অখিলরসামৃতমূর্তি। তাঁ'র পাদপদ্মের সঙ্গে যে চেতনের সেবাবৃত্তি সংশ্লিষ্ট রয়েছে, তা'তে আত্মনিক্ষেপ বা আত্মনিবেদন ক'রতে হ'বে। তখন প্রেমের চিত্র প্রকাশিত হ'বে।

শ্রীচৈতন্যদেবের ভক্তগণ তাঁ'র গুণগান করেন, তাঁহার আগে বিল্বমঙ্গল ঠাকুর শ্রীচৈতন্যের প্রচারিত প্রেমধর্মের আগমনী গান গাহিয়াছেন,—

ভক্তিস্ত্বয়ি স্থিরতরা ভগবন্ যদি স্যাদ্-
দৈবেন নঃ ফলতি দিব্যকিশোরমূর্তিঃ।
মুক্তিঃ স্বয়ং মুকুলিতাঞ্জলি সেবতেঽস্মান্
ধর্মার্থকামগতয়ঃ সময়প্রতীক্ষাঃ॥

ইহার মর্ম এই যে—যখন আমাদের হৃদয়ে ভক্তি উপস্থিত হয়, তখন ধর্ম, অর্থ, কাম বা সর্বশ্রেষ্ঠ কাম্য—মোক্ষাদি আমাদের কাছে দাসদাসীর মত অপেক্ষা করে। কিন্তু এই চতুর্বর্গের জন্য এই জগতের লোক সকলেই পাগল। আমরা সকলেই ধর্মার্থ-কাম-মোক্ষ চাই। শ্রেয়ঃ বল্‌তে মুক্তি চাই। শ্রীমদ্ভাগবত শ্রেয়ঃ শব্দকে আরও বিকশিত ক'রে উহাকে নিঃশ্রেয়স্ বলিয়াছেন। মুক্তিকামনাকেও বিচার ক'রে অন্তে নিঃশ্রেয়স্ বিচারিত।

[illegible] বহুজন্মভাজে
সাংখ্যযোগবনিত্যধীরাঃ।
ভক্তিং [illegible]
নিঃশ্রেয়সায় [illegible] স্যাৎ॥

নিঃশ্রেয়সের জন্য এই মুহূর্তে চেষ্টা ক'রতে হ'বে। নিঃসংশয়িতরূপে শ্রেয়ঃ তিনিই কৃষ্ণপ্রেমা। তাহা মুক্তিকেও তিরস্কার করে।

কৈবল্যং নরকায়তে ত্রিদশপূরাকাশপুষ্পায়তে
দুর্দান্তেন্দ্রিয়কালসর্পপটলী প্রোৎখাত-
দংষ্ট্রায়তে।
বিশ্বং পূর্ণসুখায়তে বিধিমহেন্দ্রাদিশ্চ
কীটায়তে
যৎ কারুণ্যকটাক্ষবৈভববতাং তং গৌরমেব
স্তুমঃ॥
(চৈতন্যচন্দ্রামৃত)

ভক্তি লাভ হ'লে যোগীর আরাধ্য কৈবল্যমুক্তি নরকের মত, মিলনপুরী আকাশ-কুসুমের মত, আর ইন্দ্রিয়দমন-চেষ্টা স্বাভাবিক হ'য়ে যায়, ভক্তিমতা আবশ্যক হয় না—কারণ বৈরাগ্যের দরকার হয় না। সর্পের দাঁত ভেঙ্গে দিলে মানুষের অনিষ্ট হয় না। ভক্ত ইন্দ্রিয়কে উচ্ছেদ করেন না। ভক্তের স্বার্থ নাই, তা' ছাড়া আর সব আছে। ভক্তকে ক'রে দেওয়ার একমাত্র লক্ষণ—

ধর্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমো
নির্মৎসরাণাং সতাং
বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং
তাপত্রয়োন্মূলনম্।

মৎসরতা শব্দে অপরের সুখে অসহনশীলতা বা পরশ্রীকাতরতা বুঝায়। ভক্তি যাজন করব কিন্তু কাম-ক্রোধ থাকবে কেন? আপনারা শুনে থাকবেন, সেই গৌড়ীয় মহাকবি ব'লেছেন—

'কাম' কৃষ্ণ-কর্মার্পণে,'ক্রোধ' ভক্তদ্বেষী জনে,
'লোভ' সাধুসঙ্গে হরিকথা।
'মোহ' ইষ্টলাভ বিনে, 'মদ' কৃষ্ণগুণগানে
নিযুক্ত করিব যথা তথা॥

কামদেবের সেবা ক'রব কি ক'রে? কামের মালিক কৃষ্ণ। কামদেবকে কাম দিয়ে সেবা ক'রতে হ'বে। তাঁ'র যত কিছু আকাঙ্ক্ষা সব পূরণ ক'রব। ভক্তদ্রোহীর প্রতি ক্রোধের প্রয়োগ ক'রব। ভক্ত কে? যিনি কৃষ্ণকে ভোক্তা জানেন। যাঁ'রা কৃষ্ণকে যোগান, যাঁরা নিজেরা ভোক্তা নন তাঁ'রা ভক্ত। নিজে ভোক্তা হ'লে ভক্তের দাস হ'তে পারা যায় না, কামুক হ'তে পারা যায়। ভক্তের স্বভাব শাস্ত্রে এইরূপ উক্ত হ'য়েছে—

সালোক্য-সার্ষ্টি-সামীপ্য-সারূপ্যৈকত্বমপ্যুত।
দীয়মানং ন গৃহ্ণন্তি বিনা মৎসেবনং জনাঃ॥

ন নাকপৃষ্ঠং ন চ পারমেষ্ঠ্যং
ন সার্বভৌমং ন রসাধিপত্যম্।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা
সমঞ্জস ত্বা বিরহয্য কাঙ্ক্ষে॥

স্বারাজ্য, স্বর্গ, সার্বভৌমের পদ, রসাধিপত্য দিলেও সেবক তাহা গ্রহণ করেন না। কোন দেবের নিকট হ'তে আত্মসুখপর কোন বস্তু গ্রহণ করেন নাই। প্রহ্লাদ একান্ত অনুরক্ত হ'য়ে বর চাহিলেন,—

"যস্ত আশিষ আশাস্তে ন স ভৃত্যঃ
স বৈ বণিক্॥"

ভক্ত ভগবান্‌কে বল্‌ছেন—আমি তোমাকে খুব দিচ্ছি, তুমি আমাকে কিছু দুঃখ-দারিদ্র্য দাও। তিনি কি বণিকের মত ব্যবসায়ের ধার ধুরবেন? তিনি ত' তাহা নহেন। আমার কাছে সব নেওয়া, তাঁ'র কাছে সব দেওয়া। সমস্ত ধর্মসম্প্রদায়ের মধ্যে ভগবান্‌কে পিতা, মাতা ব'লে উপাসনা হয়েছে। কেউ বল্‌ছেন—ভগবান্ মাতা রূপ আমাদের। কিন্তু মাকে যে আমরা ভোগের যোগানদাররূপে দাঁড় করিয়ে স্বার্থ পোষণ করি। যার কাছে এত আবদার করি। তিনি কত স্নেহ করেন। ভগবান্‌কে পিতা বল্লেও তাঁ'র নিকট হ'তে দোহনের চেষ্টা করা হয়। বৈষ্ণবধর্মে ভগবান্‌কে পুত্ররূপে উপাসনা করা হয়। এখানে বাপ-মা ছেলের উপাসনা করেন। ছেলে বাপ-মাকে উপাসনা করেন না। নন্দনন্দনের উপাসনা এই বাৎসল্য রসে হইয়া থাকে। বৈষ্ণবধর্মে নন্দনন্দনের উপাসনার চমৎকারিতা আছে। আমরা যেমন বাপ মার নিকট হ'তে 'দেহি দেহি' রবে অভীষ্ট বস্তু আদায় করি, তেমন বাৎসল্য-রসের সেবকের নিকট ভগবান্ 'দেহি, দেহি' বলেন, আর ভক্ত সব দিতে থাকেন। সেখানে বণিক্‌বুদ্ধি চলে না।

পুত্র পিতামাতাকে যত্ন ও লালন পালন করে কর্তব্য-বুদ্ধি হ'তে। কিন্তু পিতামাতা কর্তব্যবুদ্ধিতে ছেলেকে স্নেহ করেন না। তাঁ'রা হৃদয়ের স্বাভাবিক আকর্ষণে পুত্রকে স্নেহ করেন। জ্ঞানোদয় হ'লে মাতাপিতাকে আমরা শ্রদ্ধা করি। কিন্তু বাল্যে মাতাপিতার নিকট হ'তে সেবা গ্রহণ করি। মাতাপিতা দুইই বুদ্ধি হ'বার পূর্বে আমাদের সেবা করেন। তাঁহারা ছেলের জন্য কত যত্ন করেন। শিশু-পুত্র-বিসর্জন আর চুম্বন এবং যে স্বাভাবিক আকর্ষণ, সেটা কি মা ও ছেলের মধ্যে নয়? ভগবান্ ছেলে হ'লে, উপাসক মাতা পিতা হ'লে প্রেম স্বাভাবিক।

আজ নন্দনন্দনের প্রিয়—গোবর্দ্ধন-পূজা-তিথি। গোবর্দ্ধন শব্দে—ভগবানের ইন্দ্রিয়-তোষ বা কামবর্দ্ধন বুঝায়। কিন্তু আবার ইন্দ্রিয়তর্পণ যেখানে সেখানে প্রেম-ধর্ম হ'ল না। সেখানে বণিক্‌বুদ্ধি এ'সে গেল। এই প্রেমধর্মের কথাই শ্রীচৈতন্যদেব বিশ্ববাসীর নিকট প্রচার ক'রে গিয়েছেন।

আজ বিশ্বসভার বিরাট্ বক্তৃতা। বর্তমানে প্রেমের বার্তা চতুর্দিকে বিঘোষিত হওয়া আবশ্যক। প্রাণের ভিতর থেকে জেগে উঠুক সেই বাণী-সেবার আকাঙ্ক্ষা—

পৃথিবীতে আছে যত নগরাদি গ্রাম।
সর্বত্র প্রচার হইবে মোর নাম॥

গৌড়ীয় মঠ সেই কার্যের ভার গ্রহণ ক'রেছেন। নিত্যলীলাপ্রবিষ্ট পরমারাধ্য শ্রীল প্রভুপাদ সমগ্র বিশ্বে প্রেমধর্ম বিতরণের জন্য আত্মাহুতি প্রদান করেছেন। আজ আমার শিক্ষাগুরুদেব ত্রিদণ্ডি-পাদ শ্রীমৎ তীর্থমহারাজ উপস্থিত, তিনি তাঁ'রই (প্রভুপাদের) আদেশে সুদূর পাশ্চাত্যদেশে গৌরবাণী প্রচার ক'রে এসেছেন

(অবশিষ্ট পর পৃষ্ঠার ৩য় কলমে দ্রষ্টব্য)

যাঁহারে পিছনে রাখি কৃষ্ণ পানে ধায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ শ্রীধাম
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, গান্ধর্ব্বিকা-গিরিধারী, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোবিন্দ প্রভৃতি চতুর্দ্দশ বিগ্রহ আছেন। সমগ্র ভারতের শুদ্ধভক্তিপ্রচারকেন্দ্র নবদ্বীপ পরিক্রমাকেন্দ্র। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। ... টেলিফোন নং বড়বাজার ৪২১৩ কলিকাতার শ্রীভক্তিবিনোদ আসন শ্রীমঠ পরিচিত। দৈনিক পাঠ, কীর্ত্তন, প্রত্যহ বহু লোকের শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও নানাবিধ গ্রন্থ এই মঠ হইতে প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রোত্রিয় শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণ।

(৩) যোগপীঠ-মায়াপুর-শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ।

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর বামনপুকুর (নদীয়া)। ইহা গৌরকৃপা পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অমুকূলকৃষ্ণাপ্রপন্নাশ্রম
শ্রীধাম মায়াপুর
রক্ষক—শ্রীমদ্ ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিধু শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-নিত্যানন্দ ও শ্রীরাধাশ্যামের সেবা আছেন। রক্ষক—শ্রীজগবন্ধু ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ বাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌর-গদাধর-সেবা। রক্ষক—শ্রীবিনোদ অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ চাম্পদ (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীঅখিলকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয় মঠ
মাউগাছি, পোঃ ভারগর, (বর্দ্ধমান)
শ্রীগোমাধব ঠাকুর বৃন্দাবনের স্থান
রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ স্বরূপগঞ্জ, নদীয়া
রক্ষক—শ্রীধরানন্দ ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক শ্রীলোক ব্রহ্মচারী।

(১৫) স্বর্ণবিহার গৌড়ীয়মঠ
পাড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনৃসিংহ পল্লী গৌড়ীয় মঠ
দেবপল্লী (শ্রীনৃসিংহদেবের মন্দির নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) সুবর্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)
রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
রক্ষক—শ্রীবৃন্দাবনকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পূজা গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
রক্ষক—শ্রীব্রজেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার কেন্দ্র। রক্ষক—মহোপদেশক শ্রীমদ্ভক্তিপ্রকাশ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউ মঠ
কমলাপুর, পোঃ ঢাকা
রক্ষক—শ্রীশ্যামদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
রক্ষক শ্রীমধুসূদন ব্রজবাসী।

(২৬) প্রপন্নাশ্রম-গৌড়ীয়মঠ
নড়বাজার, পোঃ ময়মনসিংহ
রক্ষক—উপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, বি-টি।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীশরৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
জলাপাহাড়, দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ
পোঃ চরিয়ার, জেঃ নারায়ণপুর, ইউ, পি
রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক—শ্রীরাসেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ
পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার
রক্ষক শ্রীকৃষ্ণপ্রসাদ ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
রমণা রোড, গয়া
রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ
৪২নং কদিরপুরা, বেনারস সিটি
রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক—শ্রীঅচ্যুতানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
কৃষ্ণনগর হাইষ্ট্রীট অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা ঢাকা সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে
মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট,
বাগবাজার, কলিকাতা।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীগৌড়মণ্ডলপালক
শ্রীগৌরাঙ্গবৈষ্ণব-
সমাজাগ্রিম-সরোরুহ
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1544

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র সমাদৃত-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৩রা অগ্রহায়ণ, ১৩৪৪, ১৯শে নভেম্বর, ১৯৩৭, শুক্রবার [সংখ্যা ২১৫]

বিবিধ সংবাদ

——(০(:০:)০)——

প্রদেশগুলির মধ্যে আর্থিক সাহায্য

প্রাদেশিক শাসন-সংস্কার প্রবর্ত্তনের প্রথম বৎসরেই সমস্ত প্রদেশগুলিকে কেন্দ্রীয় গবর্ণমেন্টের তহবিল হইতে সাহায্য দেওয়া হবে। ইনকাম ট্যাক্স হইতে যত টাকা আয় হইবে বলিয়া বজেটে ধরা হইয়াছে, প্রকৃতপক্ষে যদি তত টাকা আয় হয় এবং বৎসর শেষ হইতে যে কমবেশ বাকী আছে, সেই কমবেশ রেলের আয় যদি গত বৎসরের সেই কমবেশের আয় অপেক্ষা কম না হয়, তবে স্যার অটো নিমেয়ারের নির্দ্দেশ অনুসারে এই বৎসর ভারত গবর্ণমেন্ট প্রদেশগুলির মধ্যে দেড় কোটি হইতে দুই কোটি টাকা বণ্টন করিতে পারিবেন।

প্রদেশগুলির মধ্যে যত টাকা বণ্টন করা যাইবে, স্যার অটো নিমেয়ার তাহা এই অনুপাতে বণ্টনের নির্দ্দেশ দিয়াছেন :—

বাঙ্গালা—শতকরা ২৫ টাকা, বোম্বাই শতকরা ২০ টাকা, মাদ্রাজ শতকরা ২০ টাকা, যুক্তপ্রদেশ শতকরা ১৫ টাকা, পাঞ্জাব শতকরা ৮ টাকা, বিহার শতকরা ১০ টাকা, মধ্যপ্রদেশ শতকরা ৫ টাকা, আসাম, উড়িষ্যা ও সিন্ধু শতকরা ২ টাকা করিয়া এবং উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ শতকরা ১ টাকা।

—————

জাপান বোমাবর্ষণে সুচাও নগরী বিধ্বস্ত

জাপানীরা তিনদিক হইতে সুচাও-এর উপর আক্রমণ কেন্দ্রীভূত করিয়াছে। সুচাওকে চীনের ভেনিস বলা হয়; কিন্তু তোপের গোলা ও বোমাবর্ষণের ফলে নগরটি প্রায় অর্দ্ধবিধ্বস্ত হইয়াছে।

ইহার পর চীনাদের আত্মরক্ষার লাইন হইবে, চীনের অন্যতম বৃহৎ শিল্পকেন্দ্র উসি। এইস্থানে চীনাদের একটী দুর্ভেদ্য লাইন রহিয়াছে।

এখন স্পষ্ট বুঝা যাইতেছে যে, জাপানীদের পরবর্ত্তী লক্ষ্য হইবে নানকিং। কোন কোন বৈদেশিক পর্য্যবেক্ষক ভবিষ্যদ্বাণী করিতেছেন যে, আগামী বড়দিন তক জাপানীরা নানকিং দখল করিতে পারিবে। রাজধানীর ভিতর ও বাহিরকার অবস্থান সুরক্ষিত করা হইতেছে।

—————

শত্রু সৈন্যকে বাধাদানের ব্যবস্থা

সাংহাই হইতে প্রাপ্ত সংবাদে প্রকাশ যে, আগামী কয়েকটা দিন চীনের পক্ষে গুরুতর সঙ্কট কাল। জাপানীদের সৈন্যসংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাইতেছে, তাহারা অপসরমান চীনাদের পিছু পিছু দ্রুত অগ্রসর হইতেছে এবং চীনারা যাহাতে ঘাঁটি করিতে না পারে সে জন্য যথাসাধ্য চেষ্টা করিতেছে। যদি জাপানীরা ইহাতে সফলকাম হয় তবে নানকিং-এর ভাগ্য পর্য্যন্ত বিপন্ন হইয়া পড়িতে পারে।

কয়েকজন বিশিষ্ট চীনা রাজকর্ম্মচারী হংকং রওনা হইয়াছেন এবং কয়েকটি চীনা গবর্ণমেন্ট এজেন্সীও নানকিং হইতে স্থানান্তরিত করা হইয়াছে।

সমরক্ষেত্রের প্রবেশ-নিরোধার্থ বোমাং পূর্ব্বনীতে কাঠকলক ও সুদৃঢ় বাঁধ যে প্রতিবন্ধক স্থাপন করা হইয়াছিল জাপানী সৈন্যরা তাহা ভাঙ্গিয়া ফেলিয়াছে।

—————

নানকিং অভিমুখে অগ্রসর

জাপানীরা দ্রুত পূর্ব্বদিকের দিকে অগ্রসর হইতেছে। এখান হইতে চীনা সৈন্যরা দ্রুত পশ্চিমমুখে সরিয়া যাইতেছে।

ইয়াংসি নদীর উপর দিয়া কাঠ ও শিকল দিয়া যে প্রাচীর রচনা করা হইয়াছে তাহা জাপানীরা শীঘ্রই ভাঙ্গিয়া ফেলিবে বলিয়া মনে হয়। পার্শ্ব আক্রমণের জন্য আরও সৈন্য প্রেরণ ও ইয়াংসি নদী দিয়া যুদ্ধজাহাজ লইয়া গিয়া নানকিং-এর উপর বোমাবর্ষণই জাপানীদের উদ্দেশ্য।

চীনা গবর্ণমেন্টের দৃঢ়তা

চীনারা দৃঢ় নানকিং রক্ষার আয়োজন করিতেছে; কিন্তু অনেক বিদেশী বলিতেছে যে, জাপানীরা বড়দিনের মধ্যেই নানকিং-এ আসিয়া যাইবে।

নানকিং-এর সংবাদে প্রকাশ, গত ২৪ ঘণ্টার মধ্যে জাপানীরা সুচাওতে সাত শতাধিক বোমাবর্ষণ করে। সহরটি সম্পূর্ণ বিধ্বস্ত হইয়াছে। জাপানীরা ক্যান্টনের এ, তীর্থ প্রদর্শন করিয়াছিল। তাহা এইভাবে দূর করিয়াছে। নানকিং-এর টেলিগ্রাফ ও টেলিফোনের যোগাযোগে বাধা ঘটিয়াছে। গবর্ণমেন্ট যেমন করিয়াই হোক নানকিং রক্ষা করিতে কৃতসঙ্কল্প থাকিলেও লোকে আক্রমণ আশঙ্কায় সহর ত্যাগ করিতেছে। তাহারা দলে দলে নৌকায় ও বাসে চড়িয়া অন্যত্র গমন করিতেছে।

—————

পাঞ্জাব ও সীমান্ত প্রদেশে ভীষণ ভূমিকম্প

গত ১৪ই নভেম্বর বেলা ৮টার সময় লাহোরে বেশ জোরে ভূমিকম্প হয়। ভূমিকম্পের সময় বর্ষার মত শব্দ শুনা গিয়াছিল। কম্পন প্রায় ২ মিনিটকাল স্থায়ী ছিল। কয়েকটি পুরান বাড়ীতে ফাটল ধরিয়াছে; ইহা ব্যতীত আর কোন ক্ষতির সংবাদ পাওয়া যায় নাই।

জেনারেল পোষ্ট অফিসের বাড়ীর বারান্দা হইতে কয়েকখানা ইট নিচে পড়িয়া যায়। লোকজন সব বাড়ীর বাহির হইয়া পড়িয়াছিল।

গত একমাসে লাহোরে ৪ বার ভূমিকম্প হইল এইবারের ভূমিকম্প এত জোরে হইয়াছে যে, ১৯০৫ সালের পর আর এমন কম্পন কখনও অনুভূত হয় নাই।

—————

১৮টী কাপড়ের কলের শ্রমিকদের কাজ বন্ধ

আমেদাবাদ হইতে প্রাপ্ত সংবাদে প্রকাশ, ধর্ম্মঘটের অবস্থা পুনঃ গুরুতর আকার ধারণ করিয়াছে। আজ ১৮টী মিলে ধর্ম্মঘট চলিয়াছে। প্রকাশ, যে সমস্ত শ্রমিকেরা কাজ করিতে ইচ্ছুক তাহাদের ভয় প্রদর্শন করা হইতেছে এবং ধর্ম্মঘটে যোগদিতে বাধ্য করা হইতেছে। আরও প্রকাশ, ধর্ম্মঘটকারীরা বড় বড় দল করিয়া যে সকল মিলে এখন কাজ চলিতেছে তাহার সম্মুখে বিক্ষোভ প্রদর্শন করিতেছে। অবস্থা যেরূপ দাঁড়াইয়াছে তাহাতে মনে হয় যে, গবর্ণমেন্ট আমেদাবাদের জেলা ম্যাজিষ্ট্রেটকে ধর্ম্মঘটকারীদের শোভাযাত্রা ও সভা করা নিষেধ করিয়া ১৪৪ ধারা জারীর ক্ষমতা দিতে পারেন।

—————

রাজসাহের মফস্বল হাকিম অপহৃত

গত ১২ই নভেম্বর রাজসাহের মফস্বল হাকিম মিঃ রেজোয়ান চাঁদ মীরকের উপর [illegible] অপহরণকারীদিগকে অনুসন্ধান করিবার জন্য একটী দল নিয়োজিত হইয়াছেন। [illegible]

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ—
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত
(অবশ্য) ৭৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত
৪। সরস্বতী-জয়শ্রী (বাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸৹; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸৹
৪র্থ খণ্ড—৸৹
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸৹
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷৹
৯। বৈষ্ণবধর্ম
১০। গৌড়ীয়-কণ্ঠহার
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷৹
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷৹
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹
১৭। তৈত্তিরীয়োপনিষদ ৷৹
১৮। বামন-আদর্শ ৷৹
১৯। তত্ত্ববিবেক ৷৹
২০। গৌড়ীয় গৌরব ৷৵৹
২১। গৌড়ীয়-দর্শনতত্ত্ব ৷৵৹
২২ ভজন-রহস্য ৷৹
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। প্রাকৃত কেবল বাঙ্গ-ভাষ্য ৷৷৹
২৭। মুক্তিক-কা-অপগোরণঃ (সানুবাদ) ২৲
২৮। প্রেমভক্তিসার (সানুবাদ) ৷৹
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) বাঁধা ৸৹
৩০। দীপ-দিগ্-দর্শন ৶৹
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵৹
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷৹
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৸৹
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹
৩৫। গীতমালা ৵১৹
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶৹
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶৹
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷৹
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷৹
৪০। শরণাগতি ৵৹
৪১। গীতাবলী ৵৹
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸৹
৪৩। সাধনতত্ত্ব ৵৹
। প্রেমভক্তিচন্দ্রিকা ৵৹
৪৫। নবদ্বীপশতক ৵৹
৪৬। অর্চ্চনপদ্ধতি ৵৹
৪৭। সদাচারস্মৃতিঃ ৵৹
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১৹
৪৯। অর্চ্চনকণ ৴১৹
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷৹
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷৹
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷৹
৫৫। অমৃতমুক্তাবলী বা নামাপরাধভঞ্জনী ৷৹
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶৹
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷৹
৫৮। শ্রীকৃষ্ণলেখর ৶৹
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶৹
৬০। সাংখ্যবাণী ৵৹

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷৹
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ৷৹
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷৹
৬৪। তত্ত্বসূত্রম্ ৷৹
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶৹
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵৹
৬৭। সারাৎসারবর্ণনম্ ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷৹
৬৯। এ কিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷৹
৭০। নামভজন ৵৹
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী য্যাণ্ড অন্টলজি ৷৹
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ৷৵৹
৭৩। লাইফ য্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷৹
৭৪। বৈষ্ণবীজম্ ৷৹
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৵৹
৭৬। দি ভাগবত
৭৭। ইরোটিক প্রিন্সিপাল য্যাণ্ড অ্যানালয়েড ডিভোসন
৭৮। ব্রহ্মসংহিতা ২৷৷৹
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অদ্বয় জ্ঞান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷৹
৮১। সাধন-পথ ৷৹
৮২। কল্যাণ-কল্পতরু ৶৹
৮৩। গীতাবলী ৵৹
৮৪। শরণাগতি ৵৹

তামিল ভাষায় প্রকাশিত

৮৫ শরণাগতি ৵৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৩৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরিকল্পিত গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ৩৷৹ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি.এ. সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দি ভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। বৈদ্যবাটী শ্রীপুর মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ১৷৹।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রকাশ-বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিঃ সডাক ১৷৹ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

নির্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
একগ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

১২শবর্ষ | ১ কেশব গৌরাব্দ ৪৫১, ৭ই অগ্রহায়ণ বঙ্গাব্দ ১৩৪৪, ১৯শে নভেম্বর ইং ১৯৩৭, শুক্রবার | ২১৫তম সংখ্যা

শ্রীশ্রীল গৌরকিশোর-বিরহোৎসব

ঢাকা শ্রীমাধবগৌড়ীয়মঠে

(তারের সংবাদ)

শ্রীগৌড়ীয়মঠাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুরের আনুগত্যে ও নির্দ্দেশানুসারে ঢাকা শ্রীমাধবগৌড়ীয়মঠে শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজের বিরহোৎসব অভূতপূর্ব্ব অনুষ্ঠানাবলীর সহিত বিপুল আয়োজনে সুচারুরূপে অনুষ্ঠিত হইয়াছে। বিগত উৎসবসমূহ অপেক্ষা বর্ত্তমান বর্ষের এই উৎসবে ঢাকা নগরীর সকল হইতে এবং শ্রীহট্ট, ময়মনসিংহ, চট্টগ্রাম, আসাম প্রভৃতি দেশ হইতেও বহু ভক্ত ও বিশিষ্ট সজ্জন আসিয়া যোগদান করিয়া উৎসবটীকে বিশেষরূপে সাফল্যমণ্ডিত করিয়াছেন। উষাকৈর্ত্তনীবিধন সমস্ত দিবারাত্রিব্যাপী শ্রীচৈতন্যভাগবত পারায়ণ হইয়াছিল। বিরাট সভায় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিচার যাযাবর মহারাজ শ্রীল বাবাজী মহারাজের আদর্শ জীবনী ও জীবমঙ্গলকর অমূল্য উপদেশাবলী কীর্ত্তন করেন। 'গৌড়ীয়'-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু তাঁহার সম্বলিত ঠাকুরের সংক্ষিপ্ত জন্মচরিত-এর পাঠ করিয়া বিরাট জনতাকে উদ্দীপিত করেন।

উক্ত উৎসবোপলক্ষে শ্রীমঠ হইতে এক বিপুল নগরসংকীর্ত্তনবাহিনী বহির্গত হইয়া সমস্ত সহরটীকে কীর্ত্তন-বন্যায় প্লাবিত করিয়া সর্ব্বত্র মহাশান্তিপূর্ণ আবহাওয়ার সৃষ্টি করিয়াছিলেন। উৎসবটীকে সাফল্যমণ্ডিত করিবার জন্য মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী এবং পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভুর সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়।

শ্রীধাম-বৃন্দাবনে ঊর্জ্জব্রত-পালন

গত ৬ই নভেম্বর প্রাতে শ্রীশ্রীল জীবানন্দ প্রভুর সমাধি পরিক্রমা হয়। শ্রীগুরুবাস্তব গৃহ হইতে তাঁহার ব্রজে আগমন ও শ্রীশ্রীল আচার্য্যপ্রভুর সহিত মিলন-প্রসঙ্গ শ্রীপাদ বনমালী ভক্তকমল প্রভু পাঠ করেন। পূর্ব্বাহ্নে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। মধ্যাহ্নে শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যচরিতামৃত পারায়ণ করেন। অপরাহ্নে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। অনিত্য বস্তুতে আসক্ত হইয়া মানব কি প্রকারে অজাব, ভয় ও শোকজনিত দুঃখে আক্রান্ত হয় এবং কর্ম্মচক্রে আবদ্ধ হইয়া চতুর্দ্দশ ভুবনে ঘুরিয়া বেড়াইতেছে তাহা বিস্তৃতভাবে সহজ ভাষায় বুঝাইয়া দেন। সায়াহ্নে শ্রীপাদ অনন্তবাসুদেব ব্রহ্মচারী সম্প্রদায়বৈভবাচার্য্য প্রভু শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। মানবগণ যাবজ্জীবন যে-সমস্ত বিষয় চিন্তা করেন মৃত্যুকালে সেই চিন্তা হেতু পুনরাগমন করেন এবং ভক্তগণ সর্ব্বক্ষণ সর্ব্বেন্দ্রিয়ে শ্রীহরিসেবা করায় তাঁহাদের যে আর পুনরাগমন হয় না তাহা শাস্ত্রযুক্তি ও নানা পৌরাণিক আখ্যায়িকা দ্বারা বুঝাইয়া দেন।

গৌড়ীয়মিশন হইতে পাশ্চাত্য-প্রদেশে শ্রীমন্মহাপ্রভুর আচারিত ও প্রচারিত বিশুদ্ধ প্রেমধর্ম্ম-প্রচারের ভারপ্রাপ্ত মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু গত ৬ই অক্টোবর তারিখে গৌড়ীয়মিশনের বর্ত্তমান অবস্থার সমাধানের জন্য কলিকাতা গৌড়ীয়মঠে শুভাগমন করিয়াছেন। ইতোমধ্যে লণ্ডন মঠের সভাপতি মহামান্য লর্ড জেটল্যাণ্ড মহোদয় গত ১৮ই অক্টোবর হইতে উক্ত মঠের সভাপতির পদ ত্যাগ করিয়াছেন

ঢাকা শ্রীমাধবগৌড়ীয়মঠে অন্নকূট মহোৎসব

(৫ম পৃষ্ঠার পর)

ভোগারাত্রির ব্যাপারটি বাস্তবিকই পরম দর্শনীয় হইয়াছিল। অতঃপর রাত্রের বৃহৎ সাময়িক সভাধিবেশন এবং সমগ্র নিশুতি ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিচার যাযাবর মহারাজের প্রাণোন্মাদিনী কীর্ত্তন-পাঠকে মধুরতর করিয়াছিল।

সন্ধ্যায় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজের সভাপতিত্বে একটী সভার অধিবেশন হয়। পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসারের ভক্তিশাস্ত্রী এবং শ্রীমৎ যাযাবর মহারাজ শ্রীগোবর্দ্ধনপূজার শিক্ষা ও অন্নকূটের সুন্দর ও প্রাঞ্জল ভাষায় বুঝাইয়া দিয়াছিলেন।

এই উৎসবে আকৃষ্ট হইয়া বহু দূরদেশ হইতে ভক্তগণ আসিয়াছিলেন। উক্ত উৎসবে উপস্থিত ব্যক্তিগণের মধ্যে কয়েকজনের মাত্র নাম প্রদত্ত হইল।—রায় বাহাদুর মনোমোহন নিয়োগী (অবসরপ্রাপ্ত সেসন জজ্), রায় বাহাদুর ক্ষিতীশচন্দ্র রায় এম্ এ, (ডিভিসনাল ইনস্পেক্টর), রায় বাহাদুর এম্, এন্, মিত্র, প্রফেসর, পি,বি, কাপাকর, প্রফেসর দেবেন্দ্রকিশোর দত্ত, শ্রীযুক্ত সত্যানন্দ বিদ্যাবিনোদ, শ্রীযুত সুপারিণ্টেণ্ডেন্ট নাগ এম্ এ, বি-এল এবং শ্রীযুক্ত অমলচন্দ্র নাগ প্রভৃতি।

ম্যাজিক লণ্ঠনযোগে গৌরলীলা কীর্ত্তন

গত ৪ঠা নভেম্বর তারিখে শ্রীমায়াপুর-গৌড়ীয়মঠে ম্যাজিক লণ্ঠনের দ্বারা গৌরলীলা প্রদর্শিত হইয়াছিল। লোকসংখ্যা অনেক হইয়াছিল। গৌরলীলার প্রারম্ভে সূচনারূপে বৈষ্ণবের চিত্রাবলীর চারি-সম্প্রদায়ের সংক্ষিপ্ত ইতিহাস কীর্ত্তিত হয় এবং শ্রীচৈতন্যলীলার প্রচার বিষয়ে শ্রীমায়াপুর-গৌড়ীয়মঠের কার্য্য বর্ণিত হয়। শ্রীমন্মহাপ্রভুর চরিত্রের অল্প কয়েকটী মাত্র দৃশ্য দেখান হইয়াছিল। অধিক রাত্রিতে সভা ভঙ্গ হয়।

"হরিভজন ব্যতীত জীবের আর কোনও কর্ত্তব্য নাই। বালক হউক, বৃদ্ধ হউক, যুবা হউক, স্ত্রী হউক, পুরুষ হউক, পণ্ডিত হউক, মূর্খ হউক, ধনী হউক, দরিদ্র হউক, রূপবান্ হউক, পুণ্যবান্ হউক, পাপী হউক, যে যে অবস্থায় থাকে থাকুক, তাঁদের অন্য সাধন-প্রণালী আর কিছুই নাই. "সাধন"—একমাত্র শ্রীকৃষ্ণসংকীর্ত্তন।"

(বক্তৃতাবলী তৃতীয় খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী
গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১কেশব, বিধি গর্ভোদশায়ী গৌরাব্দ ৪৫১

জগৎ

অচিৎ বৈচিত্র্যের নাম জগৎ। চিদ্বাসে যেরূপ চিদ্বৈচিত্র্যহেতু নিত্য নব-নবায়মান সেবা-বৈভব প্রকটিত আছে, তদ্রূপ সেই চিজ্জগতের হেয় প্রতিফলনস্বরূপ এই অচিৎ জগতে নানাপ্রকার ভোগ-বৈভব প্রকাশিত রহিয়াছে। এই অচিদ্বৈচিত্র্য ভোগবৈভবে পরিপূর্ণ। জগৎ সেবাবিমুখ জীবের দণ্ডপ্রদান করিবার কারাগারস্বরূপ। এইস্থানে পশু, পক্ষী, কীট, পতঙ্গ, মনুষ্যাদি অনন্ত কৃষ্ণবহির্ম্মুখ জীব বাস করিতেছে। বৃক্ষলতা, পর্ব্বত ইহারা চেতন হইলেও আচ্ছাদিত চেতন জড়প্রায় হইয়া এই জগতে অনন্ত ভোগবৈভবের বিচিত্রতার এক একটি অঙ্গস্বরূপে বর্ত্তমান রহিয়াছে। ইহারই নাম জগৎ।

আবার এই জগতের মধ্যে মনুষ্যনামী একপ্রকার প্রাণী বুদ্ধি ও বিবেকবলে অন্যান্য প্রাণীকে পরাভূত করিয়া স্বীয় আধিপত্য স্থাপন করিয়াছে। তাহারা তাহাদের বুদ্ধিবলে অচিদ্বৈচিত্র্যকে নানাভাবে তাহাদের উপযোগী ভোগ-সম্ভাররূপে পরিণত করিয়া শিল্প, বিজ্ঞান, সাহিত্য ও দর্শনাদির সৃষ্টি করিয়াছে এবং ভোগের সুবিধার জন্য সমজাতীয় ব্যক্তি ও ভোগোপকরণ—প্রাণী ও বস্তুর সহিত একত্র বাস করিয়া সমাজ গঠন করিতেছে। জগতের সর্ব্বত্র যে যে স্থানে মনুষ্য বাস করিতেছে সেই সেই স্থানেই একরূপে সমাজ-সংঘ বর্ত্তমান রহিয়াছে।

এই সংসার দুর্গের জীবকুল বহির্ম্মুখ; বহির্ম্মুখতা তাহাদের স্বভাবসিদ্ধ। এই বহির্ম্মুখতা একদিনের নহে, অনাদিকাল হইতে তাহাদের মধ্যে চলিয়া আসিয়াছে। তাহারা কখনও উন্মুখ হইবার অবসর পায় নাই। সুতরাং এইসব বহির্ম্মুখ অনন্ত জীব ও মনুষ্য লইয়াই জগৎ এবং সমাজের গঠন হইয়াছে।

পরম কারুণিক ভগবান্ এই অনাদি-বহির্ম্মুখ সংসার-কারাগারে নিক্ষিপ্ত জীবকুলকে এইভাবে কৃপা করিতেছেন। যাহারা অত্যন্ত বহির্ম্মুখ, আচ্ছাদিত চেতন, কর্ম্মজড় বা ভোগজড় তাহাদিগকে তাঁহার মায়া-শক্তির দ্বারা কপট-কৃপা আর যাহারা কিঞ্চিন্মুখ অর্থাৎ মুকুলিত তাহাদিগকে স্বয়ং নিষ্কপট বা সাক্ষাৎ কৃপা করিতেছেন।

জীবকুলকে কৃপা করিবার জন্য তিনি সময়ে সময়ে জগতে অবতীর্ণ হন বা কখনও তাঁহার নিজজনকে প্রেরণ করেন। কিন্তু আমরা বিপরীত বুঝিয়া তাঁহার কৃপাকে অকৃপা বলিয়া মনে করি। নির্ব্বোধ সাধুগণকে "কামুকাঃ পশ্যন্তি কামিনীময়ং জগৎ" —এই ন্যায়ানুসারে আপনাদের ন্যায় মৎসর বলিয়া ধারণা করি, তাই জগতে ভগবান্ ও শুদ্ধভক্তের প্রতি মৎসরতা দেখিতে পাওয়া যায়।

এই ব্যাপারটি আমরা সত্যযুগ হইতে লক্ষ্য করি। শাস্ত্রে দেখিতে পাই—সত্যযুগে ধর্ম্ম চতুষ্পাদ কিন্তু জগতের নিয়ম সর্ব্বকালেই একরূপ। কৃষ্ণবহির্ম্মুখ জীবের স্বভাব সর্ব্বকালেই এক প্রকার। তাই সত্যযুগেও দেখিতে পাওয়া যায়, হিরণ্যকশিপু নির্ম্মৎসর প্রহ্লাদের প্রতি দ্বেষ করিয়াছিলেন, প্রহ্লাদ হিরণ্যকশিপুর পুত্র, পরম আদরের বস্তু। তাহার উপর আবার একটী কোমলমতি বালক মাত্র। তিনি পিতার নিকট রাজ্য চান নাই, ঐশ্বর্য্য চান নাই কিম্বা অন্য কোন বিষয়ের জন্য আবদার করেন নাই। প্রহ্লাদের একমাত্র দোষ তিনি নিজে হরিভজন করেন ও অপরকে হরিভজন শিক্ষা দেন। পিতা রাজনীতিকুশল, কল্যাণপুষ্ট, সাহিত্যসেবী, সর্ব্ববিষয়ে দক্ষ, প্রহ্লাদকে কৃষ্ণভজন ছাড়াইয়া অচিদ্বৈচিত্র্য বা ভোগ-বৈভবে লুব্ধ করিবার জন্য বহু ও অনর্থের দণ্ড প্রদান করিয়াছিলেন। প্রহ্লাদ জগতের চিন্তাস্রোতে, সমাজের গড্ডালিকাপ্রবাহে বাহিত হইতে চান নাই, তাই হিরণ্যকশিপুর ক্রোধ ও বিদ্বেষ। এই বিদ্বেষের মূল অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায় যে, হিরণ্যকশিপু সামাজিক ও জাগতিক হিসাবে একজন বিশিষ্ট ব্যক্তি হইলেও, তপস্যাশীল ব্রহ্মাদি দেবতার আরাধনাতৎপর থাকিলেও, আভিজাত্য, ঐশ্বর্য্য, পাণ্ডিত্যাদি গৌরবে গৌরবান্বিত হইলেও অন্তরে ভগবদ্বিরোধী। তাই, তাঁহার ভগবদ্বিরোধ-ভাবটী ভক্তের উপর প্রতিফলিত হইয়া পড়িয়াছে।

এই ভগবদ্বিদ্বেষরূপ ব্যাপারটী অনাদিবহির্ম্মুখ জীবের একটী বিশেষ ধর্ম্ম। ভগবদ্বহির্ম্মুখতা আমাদের অন্তরের অন্তস্তম প্রদেশে কতরূপভাবে যে লুক্কায়িত হইয়া রহিয়াছে, তাহার ইয়ত্তা করা যায় না। আমরা অনেক সময় মনে করি, আমরা ভগবদুন্মুখ, আমরা আস্তিক,—আমাদিগকে কেহ নাস্তিক বলিলে আমরা ঐ ব্যক্তিকে হনন করিতে পর্য্যন্ত উদ্যত হইয়া থাকি। ক্রোধে অন্ধ হইয়া তাহার প্রতিশোধ লইবার চেষ্টা করি। কিন্তু আমার অন্তর খুঁজিয়া দেখিলে আমার মধ্যে একটুও আস্তিকতার গন্ধ নাই। কপট মায়া আমাকে ছলনা করিয়া আমার অন্তরের ভাবটী আমাকে বুঝিতে দিতেছে না। তাহা আমরা ধরিতে পারি না।

ভগবান্‌কে আমরা জন্মমরণশীল বস্তু মনে করি, ভগবানের দেহ-দেহীতে ভেদ করি, ভগবানকে ইতিহাস বর্ণনের কোন নায়ক বিশেষ মনে করিয়া থাকি। ভগবানের কার্য্য-কলাপ আমার ভোগের প্রতিকূল বলিয়া দোষারোপ করিয়া থাকি, কখনও বা বিষয়ত্বে শ্রীভগবানের আচরণগুলি আমার ভোগসাধনের অনুকূল বলিয়া উঁহাদের অনুকরণে প্রবৃত্ত হই। কিন্তু শুদ্ধভক্তগণের আচরণে আমার চিত্ত আকৃষ্ট হয় না।

আমাদের ধারণা শ্রীকৃষ্ণ দ্বাপরযুগে কোন একটী সময়ে কোন একটী জন্মমরণশীল ব্যক্তির ঘরে জন্মিয়াছিলেন। কিছুকাল আমাদেরই ন্যায় বাল্যলীলা করিয়া পরে কোনও কারণবশতঃ এই ধরাধাম ত্যাগ করিয়াছেন। কেহ কেহ মনে করে, শ্রীকৃষ্ণের মুখের কথা যখন—

"যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ।
স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে॥"

—তখন শ্রীকৃষ্ণের বাল্যলীলা-সমূহ আমাদেরও নিশ্চয়ই অনুকরণীয়। যশোদা ও নন্দ যখন শ্রীকৃষ্ণের জন্য এত মমতা ও পুত্রস্নেহাধিক্য দেখাইয়াছিলেন, শ্রীকৃষ্ণ যখন মাতাপিতার প্রতি এত আসক্ত ছিলেন তখন আমরাও মাতাপিতা হইয়া পুত্রের প্রতি কেন না আসক্ত হইব, পুত্রগণও আমাদের প্রতি কেনই বা না আসক্ত হইবে? শ্রীকৃষ্ণ ও রামচন্দ্র যখন পত্নীর জন্য এত ব্যাকুলতা দেখাইয়াছিলেন তখন আমরাও আমাদের পত্নীর প্রতি সেইরূপ মোহ দেখাইব। রামচন্দ্রের সীতার প্রতি আসক্তি ও সীতাদেবীর রামচন্দ্রের প্রতি আসক্তি আমাদেরও পতি-পত্নীর আদর্শ হইবে। অথবা অধোক্ষজ ভগবানের লীলাকে আমাদের ইন্দ্রিয়তর্পণের অনুকূল ছাঁচে ফেলিয়া সাহিত্য ও কাব্য রচনা করিব। ভোগোন্মুখ জগৎ ভগবল্লীলার তাৎপর্য্য বুঝিতে না পারিয়া ভোগানন্দবর্দ্ধনকারী উচ্ছৃঙ্খল মনোধর্ম্মকে এইরূপেই সহজে বরণ করিয়া থাকে।

শ্রীগৌরসুন্দর যখন প্রপঞ্চে অবতীর্ণ হইয়াছিলেন তখনও বহির্ম্মুখ-জগতের অবস্থা এইরূপই ছিল। তখনও নৈয়ায়িক, দার্শনিক, তথাকথিত ধার্ম্মিক, সাহিত্যিক, সামাজিকগণের অসদ্ভাব ছিল না।

"বিদ্যার বয়সে এক জাতি লক্ষ লক্ষ।
সরস্বতী-প্রসাদে সবেই মহা দক্ষ॥
সবে মহা অধ্যাপক করি গর্ব্ব ধরে।
বালকেও ভট্টাচার্য্য সনে কক্ষা করে॥
অতএব পড়ুয়ার নাহি সমুচ্চয়।
লক্ষ কোটি অধ্যাপক নাহিক নির্ণয়॥
রমাদৃষ্টিপাতে সর্ব্বলোক সুখে বসে।
ব্যর্থকাল যায় মাত্র ব্যবহার-রসে॥
কৃষ্ণনাম-ভক্তিশূন্য সকল সংসার।
প্রথম কলিতে হৈল ভাবিষ্য আচার॥
ধর্ম্ম কর্ম্ম লোক সবে এই মাত্র জানে।
মঙ্গলচণ্ডীর গীতে করে জাগরণে॥
দম্ভ করি বিষহরি পূজে কোন জন।
পুত্তলী করয়ে কেহ দিয়া বহু ধন॥
ধন নষ্ট করে পুত্র-কন্যার বিভায়।
এই মত জগতের ব্যর্থ কাল যায়॥
যেবা ভট্টাচার্য্য, চক্রবর্ত্তী, মিশ্র সব।
তাহারাও না জানে সব গ্রন্থ অনুভব॥
শাস্ত্র পড়াইয়া সবে এই কর্ম্ম করে।
শ্রোতার সহিত যম-পাশে ডুবি মরে॥
এই মত বিষ্ণুমায়া-মোহিত সংসার।
দেখি ভক্ত সব দুঃখ ভাবেন অপার॥
বলিলেও কেহ নাহি লয় কৃষ্ণনাম।
নিরবধি বিদ্যাকুল করয়ে ব্যাখ্যান॥
সকল সংসার মত্ত ব্যবহার-রসে।
কৃষ্ণপূজা, বিষ্ণুভক্তি কারো নাহি বাসে॥
বাশুলি পূজয়ে কেহ নানা উপহারে।
মদ্য-মাংস দিয়া কেহ যক্ষ পূজা করে॥
নিরবধি নৃত্যগীত-বাদ্য-কোলাহল।
না শুনে কৃষ্ণের নাম পরমমঙ্গল॥
কৃষ্ণকথা ভক্তিবিনা নাহি যেন জন।
আপনি ভক্ত সবে করয়ে কীর্ত্তন॥
দুঃখ দেখে সকল সংসার ভক্তগণ।
আলাপের স্থান নাহি করয়ে ক্রন্দন॥
* * *
কিছু নাহি জানে লোক ধনপুত্র আশ।
সকল পাষণ্ডী মিলি বৈষ্ণবেরে হাস॥"

(চৈঃ ভাঃ আদি ২য়)

কেবল শ্রীমন্মহাপ্রভুর সময়ে নহে—সর্ব্ব সময়েই বহির্ম্মুখ জগতে ঐ চিরন্তন প্রথা। কেবল সময়ে সময়ে ভগবান্ ও

ভাগবতগণ জীবগণকে রক্ষা করিয়া থাকেন। জগৎ বা বহির্ম্মুখ সমাজ ভক্তভাগবত কথা গ্রহণ করিতে সর্ব্বদাই বিমুখ; ইহা তাহাদের মায়া-বাধিত স্বভাবোথ দুর্দ্দিব। দেবতা-পূজা, পুত্র কন্যা-বিবাহ, নৃত্য-গীত-বাদ্য-কোলাহল, মঙ্গলচণ্ডীর গীত, চপ, টপ্পা, নাটক প্রভৃতিতে তাহারা ব্যাপৃত। চক্রবর্ত্তী, ভট্টাচার্য্যগণের উদরভরণের জন্য প্রাকৃত-বাচক গীতা ভাগবতাদি শাস্ত্রের অপব্যাখ্যা এবং শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরের ভাষায়—"শ্রোতার সহিত যমপাশে ডু'বি মরে" প্রভৃতি ব্যাপার বহির্ম্মুখ-জগতে নিত্যকালই বাচকের বাণিজ্য যুক্ত হইয়াছে।

বহির্ম্মুখ সমাজ শ্রীল রূপপাদের 'অন্যাভিলাষিতাশূন্যং' শ্লোককে সংকীর্ণতা ও সাম্প্রদায়িকতা মনে করেন, ভক্তি ও অভক্তি, আস্তিকতা ও নাস্তিকতা, ধর্ম্ম ও অধর্ম্মকে সমপর্য্যায়ে দর্শনকারী চিজ্জড়-সমন্বয়বাদকে বহুমানন করিয়া থাকে। বর্ত্তমান যুগের কর্ম্মোন্মত্ত ও জ্ঞানোন্মত্ত সমাজের প্রায় ব্যক্তির কাছে 'অন্যাভিলাষিতাশূন্যং' শ্লোকের আদর না থাকিয়া চিজ্জড়সমন্বয়বাদের এত আদর কেন? আমাদের মনে হয়, ভক্তবহির্ম্মুখতাই তাহার একমাত্র কারণ। বর্ত্তমানে মায়া বা মনোধর্ম্মই আমাদের ধর্ম্মের উপদেষ্টা। মনোধর্ম্ম যাহা আমাদের হৃদয়-তর্পণের অনুকূল বলিয়া আমাকে নির্দ্দেশ করিবে, সেই পথ তাহাকেই ধর্ম্ম বলিয়া গ্রহণ করি এবং আমার মনোধর্ম্মানুযায়ী 'যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্'—এই শ্লোকের অর্থ করিয়া আমার মনোধর্ম্মকে সমর্থন করিয়া থাকি। বর্ত্তমান সাহিত্য কাব্যাদি যদি পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা করা যায় তবে দেখিতে পাওয়া যায় যে, তন্মধ্যে প্রাকৃত ধর্ম্ম, প্রাকৃত ভাবাবেশ, প্রাকৃত চেষ্টায় অপ্রাকৃতের বা রূপে ভোগপ্রবৃত্তি বিরাজিত।

উহাতে কৃষ্ণনামাক্ষরের ছড়াছড়ি আছে, কৃষ্ণলীলার (?) কথাগুলি আছে, কিন্তু উহা কৃষ্ণ হইতে বহু দূরে। শ্রীচৈতন্যচরিতামৃতে বঙ্গদেশীয় কবি ও স্বরূপ দামোদরের উপদেশ-প্রসঙ্গে উহার আভাস আমরা দেখিতে পাই।

কপটতা ও শঠতাই বহির্ম্মুখ-সমাজের মেরুদণ্ডস্বরূপ। যিনি যত কপট হইতে পারিবেন, যিনি যত শঠতায় হইতে পারিবেন, যিনি যত তাহাদের ঘরে চুরি করিতে পারিবেন, যিনি যত কৃষ্ণকে ও কার্ষ্ণকে ভোগের উপকরণ করিবেন, তিনি তত ধার্ম্মিক, তিনি তত বড় ভক্ত, তিনি তত লোকপ্রিয়, তিনি তত উদার—মহান্ সমন্বয়বাদিক।

বহির্ম্মুখ জগতে মায়াবাদিগণের মধ্যে দুই শ্রেণীর ব্যক্তি দেখিতে পাওয়া যায়; একপ্রকার নীতিপরায়ণ ও আর একপ্রকার নীতিবিমুখ। এই উভয় প্রকার লোক বহির্ম্মুখ জগতের চিত্তরঞ্জন করিয়া থাকেন। ভক্তভাগবতগণ এই উভয় শ্রেণীকেই ভক্তবহির্ম্মুখ বলিয়া জানেন। বহু সুকৃতি না থাকিলে এই সব কথার মর্ম্ম বুঝিতে পারা যায় না। যাঁহারা ব্যাসাবতার শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের উপযুক্ত কথার মর্ম্ম হৃদয়ঙ্গম করিতে পারিয়াছেন এবং শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর—

"কেহ পাপে কেহ পুণ্যে করে বিষয় ভোগ।
ভক্তিগন্ধ নাহি যাতে যায় ভব-রোগ॥"

(চৈঃ চঃ আদি ৩)

এই কথার তাৎপর্য্য উপলব্ধি করিতে পারেন যাঁহারা, তাঁহারা দেখিতে পাইবেন যে, বহির্ম্মুখ-সমাজ ভক্তভক্তি ছাড়া বাকী সকলই সাদরে গ্রহণ করিয়া থাকেন। ভক্তভক্তি ব্যতীত বাকী যাহা কিছু তাহারই নাম মায়া। এক বাদ দিয়া অঙ্ক লিখিলে দশ, শত, সহস্র, অযুত, লক্ষ, কোটি যাহা কিছু সবই শূন্য। আমরা সেই শূন্যের পূজাই করিতে চাই। তাহাতেই আমাদের স্বাভাবিক রুচি। তাই ভক্তভাগবত গ্রাহক অতি কম। মনোধর্ম্মের গ্রাহক বাকী সকলেই। এই দোষেই একদিন শ্রীঅদ্বৈতপ্রভু শ্রীমন্মহাপ্রভুর আগমনের পূর্ব্বে হৃদয়ে বড় ব্যথা অনুভব করিয়াছিলেন, ভগবান ব্যথিত হইয়া পড়িয়াছিলেন।

দণ্ড দেখে সকল সংসার ভক্তগণ।
আপনের স্থান নাহি করেন ক্রন্দন॥
সকল বৈষ্ণব যোগ আপনি অদ্বৈতে।
প্রাণ মাত্র কারে কেহ নারে বুঝাইতে॥

(চৈঃ ভাঃ, আদি ২)

আবার শ্রীমন্মহাপ্রভুর প্রকট-লীলা সমাপনের কিছুকাল পূর্ব্বে অদ্বৈতাচার্য্যের মুখে প্রহেলিকার মধ্য দিয়া সেই কথাই জানিতে পাই—

"হাটে না বিকায় —চাউল"

(চৈঃ চঃ অন্ত্য ১৯শ)

অর্থাৎ মূর্ত্তিমান্ ভাগবত শ্রীমন্মহাপ্রভুর ভক্তিকথা প্রচার করিয়া প্রেমোন্মত্ত হইয়াছেন কিন্তু বহির্ম্মুখ-সমাজে ঐ প্রেম-কথা আর বিকাইল না। ভক্তিকথার গ্রাহক চিরকালই খুব কম। নীতিবাদ, ছলভক্তি, বিদ্ধা ভক্তি, অন্যাভিলাষ, চিজ্জড়-সমন্বয়বাদ, লোকের মনোধর্ম্ম ও হৃদয়তর্পণের অনুকূল বলিয়া জগতের সকল লোকের নিকট আদৃত।

চয়ন

ANNAKUT CELEBRATIONS AT MADHWA GAUDIYA MATH

MENU OF 900 DISHES

(The East Bengal Times, Saturday, November 6, 1937)

Dacca is practically a city of Vaisnavas, and Annakut has been celebrated here for centuries. But the scale on which it was solemnised at the Sri Madhwa Gaudiya Math on the 3rd instant was indeed unique in the annals of the city. That was the occasion for Govardhan puja and the spiritual ideal behind it lent an additional sanctity and charm to the whole affair.

There were altogether nine hundred varieties of holy food and the manner in which these were arranged could not but profoundly appeal to the aesthetic sense even of thousands men and women professing different faiths,—who thronged on the occasion.

The Bhog-arati held at mid-day, was really ecstatic, the soft glow of the October-sun and the dreamy silence of noontide provided an ideal setting to the soulful kirtansongs led by Tridandi Swami Srimat Jajabar Maharaj.

In the evening, a meeting was held under the presidency of Tridandi Swami Srimat Bhakti Rakshak Sridhar Maharaj, Pandit Srimat Bhakti Saurav Bhakti Maitraya Bhaktisastri and Srimat Jajabar Maharaj most clearly and lucidly explained the experience and the inner meaning of Gobardhanpuja.

The ceremony attracted a large number of Bhaktas from far and near. Among those noticed in the congregation were Rai Bahadur Manamohan Neogi, Retired Sessions Judge, Messrs Arun Chandra Nag, Supati Ranjan Nag, M. A. B. L., Rai Bahadur Kshitish Chandra Rai M. A. Divisional Inspector of Schools, Rai Bahadur S. M. Mitra, Prof. P. B. Jularkar, Prof. Hemendra Kishore Dutt and Sri Sahajananda Vidyanidhi. Prasad was served to all without discrimination.

GAUR LEELA THROUGH LANTERN LECTURES

A very interesting function took place at the Math on the 4th instant when 'Gaurleela' was shown by means of lantern slides. There was a full gathering. 'Gaurleela' was prefaced with a short account of the rise of four schools of Vaishnav thought and part played by the Sri Madhva Gaudiya Math in the revival of the Chaitanya cult. Only certain phases of the career of Sriman Mahaprabhu could be shown. The congregation dispersed late at night.

ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয় মঠে অন্নকূট মহোৎসব

৯০০ শত প্রকার ভোগোপকরণ

ঢাকা নগর এক প্রকার বৈষ্ণবগণেরই স্থান এবং এখানে শতাব্দি ধরিয়া অন্নকূট মহোৎসব চলিয়া আসিতেছে। কিন্তু গত ৩রা তারিখে শ্রীমাধ্বগৌড়ীয়মঠে শ্রীঅন্নকূট মহোৎসব যেরূপ সুচারুরূপে ও বিস্তৃতভাবে অনুষ্ঠিত হইয়াছে তাহা এই নগরীর ইতিহাসে বিরল। ঐদিন শ্রীগোবর্দ্ধনপূজার দিন এবং শ্রীগোবর্দ্ধনপূজা-ব্যপদেশে উহাতে যে পারমার্থিক আদর্শ প্রদর্শিত হইয়াছে, তাহাতে ঐ অনুষ্ঠানের পবিত্রতা ও মধুরতা স্থাপিত হইয়াছে।

ঐ উৎসবে ৯০০ শত প্রকারের ভগবদ্‌ভোগ্য নৈবেদ্য প্রদত্ত হইয়াছিল এবং বিভিন্ন চিন্তাস্রোতের সহস্র সহস্র নরনারী ঐ উৎসবে যোগদান করিয়াছিলেন। সুন্দররূপে সজ্জিত নৈবেদ্য সকল তাঁহাদের চিত্তকে সত্যই আকৃষ্ট করিয়াছিল। দ্বিপ্রহরে

(অতঃপর ৩য় পৃষ্ঠার ৩য় কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরাবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপীকা আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন এবং প্রাক্তিপ্রচারকের 'নদীয়া প্রকাশ'-যন্ত্রাগার আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, ভাগবতচতুষ্টয়-প্রচার-শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ নবীচরণ রায় ভক্তিবিবেক।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজগোপাল ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান। রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনমোহন ব্রহ্মচারী।

(১৪) জয়দেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাতুপাড়া—(শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) সুভকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তিশরণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীভুজেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীনরেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীভক্তিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীযদুবর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অগষ্টাভিলা, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোবিন্দানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীএকেশ্বরী প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

৫২নং কাবিদপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅচ্যুতানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোর্দ্ধনাট্টি

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—শেরগাহী,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং রহমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রিয় ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্বালাহিল বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিকিশোর দাসাধিকারী

(৫৭) ক্ষিদক্তি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী ভক্তিসুধাকর এম্-এ।

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাকু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ছুরুলহড়া, পোঃ চিরুহড়া, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ বেদর্ষি অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০৷৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ভাউনরোড

গ্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ভক্তি ভক্তিসাধন গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীবনমালি ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬৸০
খাজা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
দাদখানি	৫৷০
বাঁশফুল নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
বাঁকতুলসী	৬৲
সিদ্ধ বেগুন	৩৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
পেশোয়ারী	১০৲-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০-৫৷৵
ঐ মাঝারি	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫৷০-৫৸০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৵০

চিনির দর

[illegible], টাউন	১০৷৵০
মতিপুর ১০০০ নং	১০৵০
মাদ্রাজী সাদা	৯৷০
কানপুর সাদা	৮৷০—৯৵০
কানপুর লাল	৭৷৵০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

টাকশালের বার	৩৪৷০
গিনি	২২৲
চাঁদির বার	৫২৷০

পাটের দর

[illegible]—	৪০৸০
[illegible]—	৪০৸০
[illegible]—	৪১৷০
বাজার বন্ধের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬৷০—৬৷৵০
[illegible] ঐ	৬৲—৬৵০
[illegible] ঐ	৫৷৵০—৫৸০
সুজী	৬৲—৬৵০
আটা (বি)	৫৸০—৫৸৵০
আটা নং (২)	৫৵০—৫৷৵০
আটা (এস)	৫৲—৫৷০
আটা (কে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	২৷০—২৸৵০
পাঞ্জাব	১৪৵০—১৪৸০
ভূষি	১৮৵০—১৪৷৵০

ঘৃতের দর

[illegible]	৫৭৲
বাগুড়ী	৫৭৲
কৃষ্ণনগর	৫০৲
নদী	৪৩৲
[illegible]	৪৬৷০

তার	৪৬৲
কাবুলে	৩৬৲
[illegible]	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী—	দর প্রতি হন্দর
লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)	
বাকী	৯৵০—৯৸৵
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা টেসটেড জয়েষ্ট বীম সব সাইজ	১০॥০
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৸৵০
বরগা (টি আয়রণ)	৮৷০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷৵০—৮৸০
টাটা গ্যাঃ করগেট-টিন।	৷৵০
২৪ গেজ—	১৪৷০
২৬ গেজ—	১৬৷০
২৮ গেজ—	১৫৷০
টাটা গ্যাঃ প্লেন সীট।	
২৪ গেজ—	১৪৸৵০
২৬ গেজ—	১৬৷৵০
২৮ গেজ—	১৬৷৵০
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০
গ্যাঃ ঘটকা ২৪—৩০ গেজ	
সীস	৷৵১০—৮৵০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
প্লেট কাটিং বা ছিট কাটা মণ	৩৷০—
পাটী কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৬৷০—৬৷০ হন্দর
গোল বড় কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, বোল্টু, পেরেক	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের	
জন্য	৮৸০—১১৷০
স্ক্রুঃ ইস্পাত আসল ২৩৲	নকল ২১৲
চটকলের হালদা ৪৵০, পাটের হালদা ৬৷০	
তুলার হালদা ৪৷০	

লবণের দর

কলিকাতা ২৬শে জুন,

আডেন সোলার ফাইন	৫৪৲
লিভার আডেন কর্কচ	৪০৲
করাচি যুরসিং ফাইন	৪৩৲
হামার্গ [illegible]	৫৩৲
ঐ ফাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
পাতন সাগু	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷০—১১৷০
শুঁঠ বরিশাল	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স লিঃ
৬-৫ জগন্নাথ ঘাট সোনাপটি, বড়বাজার
কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—ঃঃ০ঃঃ

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—ঃঃ০ঃঃ—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাধুচরিত্র ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খাওয়া ও পেন্সিলবাবত প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের অসাধারণ সুবিধা

পরীক্ষায় যাহারা শতে অন্ততঃ ৬০ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ের সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৩—৫৬,	১০—৩১,	১৩—২২	১৭—০৮	১৯—
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৫
স্বরূপগঞ্জ	পোঃ	৭—৫৫	১১—১০,	১৪—১	১৮—১৬,	২০—১৪

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

স্বরূপগঞ্জ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৫০
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৫৮
কৃষ্ণনগর সিটি	পোঃ	৬-২০	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরেরই অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-কালাজ্বর জীর্ণ শীর্ণকায় বঙ্গ পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় একমাত্র জ্বর কাটিতে অতীব আবশ্যক। [illegible] এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার জ্বরের সাধক কি না। মূল্য ছোট বোতল ৮৵০ আনা, বড় বোতল ১৸০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(০)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবচূড়ামণির আভ্যন্তর জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় সরবিদ্যালিতিতিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাকমাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০০০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	।৶০	।৵০	।০
" " ইঞ্চি ২৲	১॥০	১॥০	১৲
সিকিকলম ৫৲	৪৲	৪৲	৩৲
অৰ্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম ১২৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬	৪॥০
সিকি কলম ১৫৲	১২৲
অৰ্দ্ধকলম ২৫৲	২০৲
এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫; বিশেষ সংখ্যা। ভিন্ন কথা।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাক্তশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৬শত অধ্যায়ে প্রায় সহস্রাধিক পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ৯২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গৌড়ীয় বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্ম্মনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬এ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

ফোন কৃষ্ণনগর
টেলিগ্রাম—'প্রকাশ'—শ্রীমায়াপুর
শ্রীগৌরাবির্ভাবপীঠ
শ্রীগৌড়ীয়মঠ
শ্রীধামপ্রচারিণী সভা
ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক
নদীয়াপ্রকাশ
THE
NADIA-PRAKASH

REG NO C 1844
ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের প্রতিষ্ঠিত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র মঙ্গল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৪ঠা অগ্রহায়ণ, ১৩৪৪, ২০শে নভেম্বর, ১৯৩৭, শনিবার [সংখ্যা ২১৬]

বিবিধ সংবাদ

—(০(১০১)০)—

মাদ্রাজে প্রবল বারিবর্ষণ

মাদ্রাজে প্রবল ঝড় বৃষ্টি হইয়াছে। ১৬ই নভেম্বরের এক সংবাদে প্রকাশ, কয়েক দিন ধরিয়া প্রায় সকাল হইতে বৃষ্টিপাত হইয়াছে। ইহার ফলে শহরের প্রায় সর্ব্বত্র নিম্নস্থান জলমগ্ন হইয়া গিয়াছে এবং বহু গৃহ ভূমিসাৎ হইয়াছে। সুতরাং শত শত নরনারী ও বালকবালিকা আশ্রয়হীন হইয়া পড়িয়াছে।

অন্তঃপ্রদেশ হইতে বিশেষতঃ ত্রিচিনপল্লী, কুম্ভকোণম, মেলুর, তাঞ্জোর ও অন্যান্য স্থান হইতে ভীষণ ক্ষতির সংবাদ আসিতেছে। ঐ সকল স্থানে রেলওয়ে লাইন সেতু এবং ইক্ষু কার্পাস ও অন্যান্য শস্যের ক্ষেত্রসমূহ জলে ডুবিয়া গিয়াছে।

প্রকাশ, বারবন পাথর ভিরুকোলার নিকটবর্ত্তী স্টেশনে বন্যা দেখা দিয়াছে। দাক্ষিণাত্যের সমস্ত ট্রেন-পথ স্থানে স্থানে অবরুদ্ধ হইয়া আছে। রেলওয়ে ও ডাকের মাধ্যমে প্রবাহ বন্ধ হইয়া গিয়াছে গত ২৪ ঘণ্টার মধ্যে মুষলধারে বৃষ্টি মাদ্রাজ নগরে প্রবেশ করিতে পারে নাই, বরং আকস্মাৎ উহাদের প্রভূত ক্ষতি হয়। ঐ দিবস পর্য্যন্তও আকাশ মেঘাচ্ছন্ন থাকে এবং আবহাওয়া পরিবর্ত্তনের কোনরূপ লক্ষণই দেখা যায় নাই।

প্লাবনের রেল লাইনের ক্ষতি

মাদ্রাজের পানরুটি এস, আই, রেলওয়ের ডিভিসন্যাল ট্রাফিক সুপারিন্টেন্ডেন্ট জানাইয়াছেন :—

প্রবল বন্যার ফলে নিম্নোক্ত স্থানে লাইন ক্ষতিগ্রস্ত হইয়াছে :—

, মায়াবরম ও পানরুটি, তরকাপেটা কুম্ভকোণমের এস, টি, পোর্টোনোভো ও ত্রিচির মধ্যবর্ত্তী মেইন লাইন এবং কাম্বা ধনাম ও ভিরুভেন্নাইনল্লুর রোডের মধ্যবর্ত্তী ভিল্লুপুরম—ত্রিচিনপল্লী কর্ড লাইন এবং তাঞ্জোর ও তাঞ্জাবুরের মধ্যবর্ত্তী ভিল্লুপুরম কাটপাডি বিভাগ জলমগ্ন হইয়া গিয়াছে। বর্ত্তমানে গাড়ী চলা অসম্ভব হইয়া পড়িয়াছে। কাজেই ট্রেন সার্ভিস স্থানান্তরিত হইয়াছে।

জাপানী সমর বিভাগের পুনর্গঠন

জাপানের মন্ত্রিসভায় স্থির হইয়াছে যে, যুদ্ধত সৈন্যদল, বিমানবাহিনী এবং নৌবাহিনী পরিচালনের জন্য সম্রাটের নেতৃত্বে একটি সমরপরিষদ গঠিত হইবে। সমরসচিব এবং নৌবিভাগ ও সৈন্য বিভাগের মন্ত্রীরা ঐ পরিষদের সদস্য হইবেন।

এলাহাবাদে ছাত্র-চাঞ্চল্য

সংবাদ পাওয়া গিয়াছে যে, একটি স্থানীয় স্কুলের তিন শত ছাত্র বেতন দিতে অস্বীকৃত হইয়াছে। ঐ স্কুলের ছাত্রদিগকে মাসিক বেতনের সঙ্গে স্বাস্থ্যনির্মাণ এবং 'দরিদ্র' ভাণ্ডারেও মাসিক চাঁদা দিতে হয়। ছাত্রেরা তাহাতে আপত্তি করিয়া বলে যে, ঐ সকল ভাণ্ডারের বাবদ চাঁদা ধার্য করা উচিত নহে। স্কুলের কর্তৃপক্ষ ঐ ভাণ্ডারের অর্থ হইতে গৃহনির্মাণ এবং মেরামত করিয়া থাকেন। ছাত্রেরা গবর্ণমেণ্টের ধার্য বেতন দিতে প্রস্তুত আছে, কিন্তু তাহারা ঐ সকল চাঁদা দিতে অস্বীকৃত হইয়াছে।

ব্রিটিশ সৈন্যদলকে আক্রমণ

তিন দল ব্রিটিশ সৈন্য রজমাক হইতে এবং পুলিশ দলের সাহায্যে আরব বিদ্রোহীদের একটি বড় দলের সন্ধানে প্রবৃত্ত হইয়াছে। বিদ্রোহীরা সাফেদের নিকটবর্ত্তী পাহাড়ে আত্মগোপন করিয়াছে বলিয়া অনুমিত হয়। গোলাবর্ষণের শব্দ শুনিতে পাওয়া যায়। ইহাতে এই বিদ্রোহী দলের সন্ধান পাওয়া গিয়াছে বলিয়া মনে হয়।

বিদ্রোহীদের সন্ধান

সরকারীভাবে জানা গিয়াছে যে, সাফেদের নিকটবর্ত্তী স্থানে দস্যুদলের উপর আক্রমণের ফলে তিনজন দস্যু নিহত হইয়াছে এবং একজন সৈনিক সামান্যরূপ জখম হইয়াছে।

জেরুজালেমে গুরুতর অবস্থা

সহরটি প্রকৃতপক্ষে আরব ও ইহুদী এই দুই ভাগে বিভক্ত হইয়াছে। এক পক্ষ অপর পক্ষের অঞ্চলে যাতায়াত বন্ধ করিয়া দিয়াছে। দুই চার জন আরব কোন কারণে ইহুদীদের মহল্লায় যাইবার সময় তাহাদের পাগড়ী লুকাইয়া রাখে। রাস্তার মোড়ে মোড়ে সশস্ত্র পুলিশ প্রহরী মোতায়েন হইয়াছে।

সাঁজোয়া গাড়ীসমূহ মেশিন গান লইয়া অবিরত টহল দিয়া বেড়াইতেছে। সমস্ত সরকারী গৃহাদি রক্ষা করিবার জন্য প্রহরী মোতায়েন করা হইয়াছে।

আমেদাবাদ ও শোলাপুরে

১৪৪ ধারা জারী

আমেদাবাদ হইতে এক সংবাদ পাওয়া গিয়াছে তাহাতে জানা যায় যে, ধর্মঘটের অবস্থা ক্রমে জটিল আকার ধারণ করিতেছে। এ পর্য্যন্ত মোট ২৯টি কলে ধর্মঘট বিস্তৃত হইয়া পড়িয়াছে। ৭ হাজার শ্রমিক কলের শ্রমিক এই ধর্মঘটে যোগ দিয়াছে এবং ইহার ফলে প্রায় ২০ হাজার লোক বেকার হইয়া পড়িয়াছে। কার্য্যে যোগদানেচ্ছু লোকদিগকে ভীতি প্রদর্শন সমভাবেই চলিতেছে। ইহার ফলেই ধর্মঘট এত অধিক বিস্তৃত হইয়া পড়িতেছে। অবস্থা ভাবিয়া চিন্তিয়া জেলা ম্যাজিষ্ট্রেট কিছুদিনের জন্য একটা অঞ্চলে সভাসমিতি করা ও শোভাযাত্রা বাহির করা নিষিদ্ধ করিয়া ফৌজদারী কার্য্যবিধির ১৪৪ ধারানুসারে এক নিষেধাজ্ঞা জারী করিয়াছেন। আমেদাবাদে আরও পুলিশ মোতায়েন হইয়াছে।

শোলাপুরে

আরও শান্তিভঙ্গের আশঙ্কা করিয়া ও ধর্মঘটকারীদের মধ্যে ক্রমবর্দ্ধিত ধ্বংসমূলক প্রচার কার্য্যের কথা বিবেচনা করিয়া জেলা ম্যাজিষ্ট্রেট ধর্মঘটকারীদের অতি-অনুমতি ব্যতীত নিকটে সভা ও শোভাযাত্রা নিষেধ করিয়া ফৌজদারী কার্য্যবিধির ১৪৪ ধারা অনুসারে নোটিশ জারী করিয়াছেন। এই নোটিশ দুইমাস বলবৎ থাকিবে।

ইতালীয় ফলত্যাগী সৈন্যের মধ্যে দাঙ্গা

সরকারী ইস্তাহারে প্রকাশ গত ১৩ই নভেম্বর টালাভেরা ক্যাম্পে দলত্যাগী ইতালীয় ও ইরিত্রিয়ান দেশীয় সৈন্যদের মধ্যে একটি দাঙ্গা হইয়াছে। "কিংস আফ্রিকান রাইফেল্‌স" সৈন্য বাহিনীর রক্ষীগণ গুলী করিতে বাধ্য হয়। ফলে দুইজন দাঙ্গাকারী হত ও ২১জন আহত হয়। কিংস আফ্রিকান রাইফেল্‌স বাহিনীর ১০জন সৈন্যও আহত হইয়াছে।

প্রকাশ যে, অস্ত্রধারীগণের মধ্যে একটি খাবার বিবাদের ফলেই দাঙ্গা হয়। তাহারা অবশ্য সকলেই নিরস্ত্র ছিল। সৈন্যরা দুইজন ইতালীয়, ইরিত্রিয়ান ...
১৭ন আহত ...

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অর্দ্ধ গা) ৬৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত
৪। সরস্বতী-জয়শ্রী (প্রথম) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩ হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ॥০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। ব্রাহ্মণ-সাধনতত্ত্ব ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-গাথা ।৵০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(বাঁধা) ১৲
২৬। প্রচার কেবল বাক্য-ভাষ্য ॥০
২৭। যুক্তিমালিকা গৌরগণোদ্দেশ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তত্ত্বসার (সানুবাদ) ॥০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ॥০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০ শরণাগতি ৴০
৪১ গীতাবলী ৴০
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩ সাধনতত্ত্ব ৴০
প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্চ্চনপদ্ধতি ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ॥০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩ গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪ পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও অক্ষিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণসংহিতা ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ॥০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ॥০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বস্তবম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারার্থবর্ষিণী ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ॥০
৬৯। এ ভিউ ওয়ার্ড স অন বেদান্ত ॥০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী য়্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ক্‌স ।৵০
৭৩। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবৎ ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল য়্যাণ্ড আন্‌য়্যালয়েড ডিভোসন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২॥০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভলুম্ ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১ সাধন-পথ ।০
৮২ কল্যাণ-কল্পতরু ৵০
৮৩ গীতাবলী ৴০
৮৪ শরণাগতি ৴০

আসামী ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—ওঁ বিষ্ণুপাদ শ্রীল সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ॥০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় -মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥০ টাকা মাত্র।

৩। ভাগবত -তিন্নেভেল্লীর একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীশ্রীব্যাস-গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১॥০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাশয় সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রকাশিত, বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অনুকীর্ত্তিত হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্ত-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ জগদ্গুরুর
পাঠ ও বহু মানুষের জন্য
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিশুদ্ধ বর্ণসূচী ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

১২শবর্ষ { ২ কেশব গৌরাব্দ ৪৫১, ৪ঠা অগ্রহায়ণ বঙ্গাব্দ ১৩৪৪, ২০শে নভেম্বর ইং ১৯৩৭, শনিবার } ২১৬তম সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

শ্রীধাম-বৃন্দাবনে ঊর্জ্জব্রত-পর্ব্ব

৭ই নভেম্বর প্রাতে 'কালীদহ ঘাট' পরিক্রমা হয়। সেই ঘাটে বিশ্রামান্তে শ্রীপাদ মাধবাচার্য্য ব্রহ্মচারীজী শ্রীধাম-পরিক্রমায় যে মানবগণের পদের সার্থকতা, শ্রীহরিকথা শ্রবণ কর্ণের সার্থকতা এবং ভগবান্‌ ও ভক্তকে দণ্ডবৎ-প্রণতিতে যে মস্তকের সার্থকতা তাহা শ্রীমদ্ভাগবত হইতে বহু শ্লোকের দ্বারা বুঝাইয়া দেন। ঐ ঐ ইন্দ্রিয় যদি শ্রীহরি-সেবায় নিযুক্ত না হয় তবে পদ বৃথাভ্রমণ, কর্ণ ছিদ্র সম এবং মস্তক ভার মাত্র হইয়া থাকে। তিনি আরও বলেন যে, যদি পরিক্রমার সময় সর্ব্বক্ষণ শ্রীহরিকথা আলোচনা করেন তবেই দূর দূরদেশ হইতে পরিক্রমায় যোগদানের কষ্ট স্বীকার সাফল্য মণ্ডিত হইবে। পূর্ব্বাহ্ণে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি-বিজ্ঞান আশ্রম মহারাজ শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। মধ্যাহ্নে শ্রীপাদ নিতাই দাস ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যচরিতামৃত পারায়ণ করেন।

শ্রীশ্রীল গৌরকিশোর বিরহোৎসব

(৫ম পৃষ্ঠার পর)

দ্বারা মহামহোৎসবের বার্ত্তা প্রচারিত হয়। শ্রীমঠের চতুর্দ্দিক নানাবিধ বস্ত্র, কদলীবৃক্ষ, মঙ্গলঘট প্রভৃতি দ্বারা সুশোভিত হইয়াছিল, মধ্যে মধ্যে অহোরাত্র নানা প্রকার মঙ্গলবাদ্য বাদিত হইতেছিল। ঢাক ও পাঞ্জাবী বাদ্যসমূহের ঐকতানে সর্ব্বোপরি সঙ্কীর্ত্তনের কোলাহলে শ্রীমাধ্বগৌড়ীয়মঠের প্রাঙ্গণ সর্ব্বদা মুখরিত ছিল। বেলা ১১ ঘটিকা হইতে প্রসাদ-সন্মানার্থী জনস্রোত বিপুলভাবে আগমন করিতে থাকে। ক্রমে ইহা জনসমুদ্রের আকার ধারণ করিয়া সুবৃহৎ মঠপ্রাঙ্গণ, সুবিস্তৃত নাটমন্দির, সুদীর্ঘ সেবকগৃহ ও বিভিন্ন সমস্ত স্থান পরিব্যাপ্ত হয়। ঢাকাবাসী আবালবৃদ্ধবনিতা জনসাধারণ তথা অপর সম্ভ্রান্ত ও শিক্ষিত পুরুষ ও মহিলা অম্বুর প্রবাহের মত প্রায় সন্ধ্যার পর্য্যন্ত আগমন করিতে থাকেন। অপরাহ্ণে এমন কি রাত্রিকালেও কাঙ্গালিগণকে হরিসঙ্কীর্ত্তনমুখে মহাপ্রসাদ বিতরিত হইতেছিল। সকলের মুখে বর্ত্তমান শ্রীগৌড়ীয়মঠাচার্য্য, শ্রীমাধ্ব-গৌড়ীয়মঠের প্রতিষ্ঠাতা শ্রীল প্রভুপাদ, শ্রীল গৌরকিশোর, শ্রীল ভক্তিবিনোদ প্রভৃতি পূর্ব্বাচার্য্যগণের জয়ধ্বনি দিঙ্মণ্ডল কম্পিত ও পাষণ্ডগণের হৃদয় বিদারিত করিতেছিল। ঢাকার গৌড়ীয়মঠের মাননীয় সেক্রেটারী শ্রীযুক্ত শ্যামাকুমার সুর বি-এ মহাশয় শ্রীমাধ্বগৌড়ীয়মঠের উৎসবের খাদ্যদ্রব্য-ভোজনাদিকার্য্য ও অন্যান্য সেবাকার্য্যের জন্য নানাভাবে সাহায্য ও বিশেষ পরিশ্রম স্বীকার করিয়াছেন। মাননীয় সেক্রেটারী মহোদয়, রায় বাহাদুর শ্রীযুক্ত মনোমোহন নিয়োগী, বাবলার প্রবীণ জমিদার শ্রীযুক্ত অরুণকান্ত নাগ, শ্রীযুক্ত নৃপতিরঞ্জন নাগ, এম্‌-এ, বি-এল্‌, শ্রীযুক্ত ব্রজগোপাল সাহ বণিক্য প্রভৃতি সজ্জনগণ একবাক্যে বলিয়াছেন যে, এরূপ সুশৃঙ্খলার সহিত এরূপ বিরাট উৎসব শ্রীমাধ্বগৌড়ীয়মঠের ইতিহাসে অভূতপূর্ব্ব ও অপূর্ব্বতার। যদিও মৎসরগণের দু' একজন ভাড়াটিয়া লোক শুনা যায় কলিকাতা হইতে নানা প্রকার মিথ্যা কুৎসাপূর্ণ বিজ্ঞাপনাদি প্রচারের জন্য ঢাকায় সংবাদ প্রদান করিয়াছিল, কিন্তু ঢাকাবাসী সজ্জনবৃন্দ বর্ত্তমান শ্রীগৌড়ীয়-মঠাচার্য্যের অপূর্ব্ব প্রভাব ও তাঁহার বৈষ্ণব-সেবায় ঐকান্তিকতা ও অপূর্ব্ব প্রচারপটুতা এবং মঠসেবকবৃন্দের সেবাচেষ্টায় একটি মৎসরগণের অন্তর্দ্দাহ ও দুষ্প্রচার বুঝিতে পারিয়াছেন।

শ্রীপাদ সুন্দর মহারাজ, শ্রীপাদ মাধব মহারাজ, শ্রীপাদ ভক্তিসৌরভ প্রভু, শ্রীপাদ হয়গ্রীব প্রভু, শ্রীপাদ নিতাই দাস প্রভৃতি প্রচারকগণের আচার্য্যানুগত্যে হরিকীর্ত্তন-প্রচারে 'শান্তিপুর ডুবু ডুবু নদে ভেসে যায়' এই প্রসিদ্ধ বাক্যের মত পূর্ব্ব-বঙ্গের প্রধান নগরী শ্রীভক্তিবিনোদ-গৌরবাণীর বন্যায় প্লাবিত হইয়াছে।

মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় ও পণ্ডিত শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালঙ্কার প্রভু মহোৎসবের সুশৃঙ্খলতা বিধানের যে ব্যবস্থা করিয়াছিলেন, তাহা অপূর্ব্ব ও অদ্বিতীয়। শ্রীপাদ নবীনকৃষ্ণ প্রভুর ন্যায় অক্লান্তপরিশ্রমী সেবাব্রত ব্যক্তি শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের আনুগত্যে প্রাণপণে নিযুক্ত থাকায় মহোৎসবটি সর্ব্বপ্রকারে সাফল্যমণ্ডিত হইয়াছে।

ময়মনসিংহ-বাসী, নারায়ণগঞ্জ-বাসী, চট্টগ্রামবাসী, শ্রীহট্টবাসী, আসামবাসী, পূর্ববঙ্গবাসী গৃহস্থ ভক্তগণ এই উৎসবে যোগদান করিয়া ও নানা ভাবে এই উৎসবের সহায়তা করিয়া শ্রীগৌড়ীয়মঠাচার্য্য ও গৌড়ীয়মঠের পরিচালক-সমিতির আশীর্ব্বাদ ও শুভবার্ত্তা লইয়াছেন। মায়াপুর-নিবাসী শ্রীপাদ উদ্ধবদাস প্রভু মহোৎসবের নানাপ্রকার উপকরণ প্রদান করিয়াছিলেন। শ্রীমাধ্বগৌড়ীয়মঠের প্রত্যেক সেবক অকপটে সমস্ত প্রাণ দিয়া শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের আনুগত্যে শ্রীগুরুগৌরাঙ্গের সেবা করিয়াছেন। শ্রীযুক্ত সজ্জনসুহৃৎ দাসাধিকারী, শ্রীযুক্ত নিত্যানন্দ দে ভক্তিভূষণ, শ্রীযুক্ত দীনেশ চন্দ্র দে ভক্তিবিনোদ, ঢাকা নিউটাউন্‌সেক্রেটারী শ্রীযুক্ত নরেন্দ্র-কুমার সুর, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ, ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিচার যাযাবর মহারাজ, শ্রীপাদ মাধবানন্দ ব্রজবাসী ভক্তিকমল, মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসার, শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারী, শ্রীপাদ জয়ানন্দ দাসাধিকারী, শ্রীপাদ উদ্ধব দাসাধিকারী, শ্রীপাদ উরুক্রম দাসাধিকারী, শ্রীপাদ সত্যানন্দ দাসাধিকারী, শ্রীপাদ বনমালী দাসাধিকারী, শ্রীপাদ বৃন্দাবন দাসাধিকারী, শ্রীপাদ দেবকীনন্দন ব্রহ্মচারী, শ্রীপাদ নিরঞ্জন দাসাধিকারী, শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী, শ্রীযুক্ত মদনমোহন বণিক, তাঁহার শ্রীযুক্ত বংশীমোহন ঘোষ প্রভৃতি সজ্জনগণ অকুণ্ঠভাবে এই উৎসবে সেবাকার্য্য করিয়াছেন।

"হরিভজন ব্যতীত জীবের আর কোনও কর্ত্তব্য নাই। বালক হউক, বৃদ্ধ হউক, যুবা হউক, স্ত্রী হউক, পুরুষ হউক, পণ্ডিত হউক, মূর্খ হউক, ধনী হউক, দরিদ্র হউক, রূপবান্ হউক, পুণ্যবান্ হউক, পাপী হউক, যে যে অবস্থায় থাকে থাকুক, তাঁদের অন্য সাধন-প্রণালী আর কিছুই নাই, 'সাধন'—একমাত্র শ্রীকৃষ্ণসংকীর্ত্তন।"

(বক্তৃতাবলী তৃতীয় খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী
গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২ কেশব, অবস্থ শ্রীগৌরাব্দ ৪৫১

শ্রীভক্তিসিদ্ধান্ত-বাণী

——::(০)::——

যাঁহারা অতি দুস্তর সংসার-সিন্ধুতে পড়িয়া হাবুডুবু খাইতেছেন, তাঁহাদের একমুহূর্ত্তের জন্যও শান্তি নাই। তাঁহারা এমনি ফাঁপরে পড়িয়াছেন যে, শ্বাস ফেলিয়া আর শ্বাস লইতে পারেন না। ভগবানের লীলাকথা-রসধারা নিজের কর্ণপুটে পান করা ব্যতীত দুস্তর সংসার-সিন্ধু উত্তীর্ণ হইবার আর অন্য পন্থা নাই। ভগবৎ-প্রসঙ্গ-বিমুখ হইলেই জীবের পতন অবশ্যম্ভাবী।

এখন আমাদের uphill work করিতে হইতেছে। বাহ্য্ দী প্রবৃত্তি সর্ব্বক্ষণই আমাদিগকে নাস্তিক্যের আকর্ষণ করিতেছে। ভগবৎপ্রসঙ্গ-বিমুখ হইলেই সেই ছিদ্র পাইয়া মায়াদেবী আমাদিগকে হরিসেবা হইতে ছুটি করাইবার জন্য কাঁদিতেছে।

ব্রাহ্মণেতর বিচারের প্রাবল্যে লোক ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র হয়। ক্ষাত্রনীতি, বৈশ্যনীতি এবং শূদ্রনীতি সকলই ব্রহ্মনীতির অধীন। প্রকৃত ব্রাহ্মণের বিচার গ্রহণীয়। বৈষ্ণবতা ব্রাহ্মণতার উপরের অবস্থা। বর্ত্তমানে কলি কলি; তাই সর্ব্বত্র শাস্ত্রের উল্লঙ্ঘন তথাই যেন তথাকথিত ধর্ম্ম হইয়া পড়িয়াছে। লোক শূদ্র থাকিয়াই ব্রাহ্মণ ও বৈষ্ণবের বেশ গ্রহণ করিবে নীচ ও অধার্ম্মিক থাকিয়া উচ্চের আসন গ্রহণ করিয়া ধর্ম্ম ব্যাখ্যা করিবে।

যথার্থ সাধু ও ভক্ত এক নহে। নায়কের সাজ নেওয়া আর যথার্থ নায়কের অনুসরণ করা এক কথা নহে, পূতনাও শ্রীকৃষ্ণের প্রতি মাতৃস্নেহ দেখাইয়া স্তন পান করাইতে গিয়াছিল। কৃষ্ণ তাহার কপটতা ধরিয়া ফেলিলেন এবং তাঁহার প্রাণ বিনাশ করিলেন।

, যদিও বৈষ্ণব ও বিষ্ণু ইহ জগতে অবতীর্ণ হইলে অজ্ঞ সাধারণের নিকট মনুষ্যের ন্যায় প্রতিভাত হন, তথাপি তাঁহারা কদাপি মানব নহেন। বিষ্ণুর অবতার বামনদেবকে dwarf মনে করা উচিত নয়।

যাঁহারা শুষ্ক যুক্তি ও তর্কের মোহে আচ্ছন্ন, তাঁহারা বাস্তব সত্যের সন্ধান পান না। তর্কধারা তার্কিকগণ পরস্পরকে পরাস্ত করিতে পারেন; কিন্তু জড় বৃক্ষ যেরূপ সেবাকে পুনঃ পুনঃ পেষণ করিয়াও অধোক্ষজবস্তুর কোনই সন্ধান পান না। ঘটপট-বিচার-পরায়ণ ব্যক্তিগণ এই জড়জগতের চৌহদ্দির অতিক্রম করিতে পারেন না। তাঁহারা জড়াকাশজাত শব্দের আলোচনা করিয়া পুনঃ পুনঃ চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডে ভ্রমণ করেন। জড়-নৈয়ায়িকগণ মৃত্যুর পর শৃগাল হন।

"শ্রীগোবিন্দ-ভাষ্য"-প্রণেতা গৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীল বলদেব বিদ্যাভূষণপাদ খণ্ডাইতকুলে আবির্ভূত হইয়াছিলেন। তিনি মহানৈয়ায়িক ছিলেন। ন্যায়-শাস্ত্রে পাণ্ডিত্যের দ্বারা তিনি যথার্থ ন্যায় স্থাপন করিয়াছিলেন।

শ্রীমন্মহাপ্রভুর পরবর্ত্তী সময়ে স্মার্ত্ত রঘুনন্দন, জগদীশ, গদাধর প্রভৃতি তার্কিক নৈয়ায়িকগণ নানাপ্রকারে বাদ, বৈতণ্ডার দ্বারা বঙ্গদেশ তথা ভারতবর্ষ হইতে শুদ্ধ-হরিভক্তিকে উৎসাদিত করিবার যত্ন করিয়াছেন। রঘুনন্দন সম্বন্ধে একটী প্রবাদ—"অকারো গৌড়দেশে বাণভট্টো রঘুনন্দনঃ" কৃষ্ণকর্ণামৃতের লেখক শ্রীবিল্বমঙ্গল ঠাকুর পূর্ব্বজীবনে বৈদান্তিক নৈয়ায়িক পণ্ডিত ছিলেন। তখন তাঁহার নাম ছিল শিল্হন মিশ্র। তিনি অদ্বৈতবাদের পথ পরিত্যাগ করিয়া কৃষ্ণপ্রেমরসে মত্ত হইয়াছিলেন।

মধ্বাচার্য্যে এবং রামানুজে কতকগুলি দার্শনিক জন্মিয়াছিলেন। প্রাচীন দার্শনিক মাধবাচার্য্য ১৬ প্রকার দার্শনিক মত দেখাইয়াছিলেন। অনেকে কেবল ষড়্দর্শনের কথা মাত্র জানেন।

শ্রীমন্মহাপ্রভু যাবতীয় দর্শনের শুদ্ধ মীমাংসা ও সমন্বয় সাধন করিয়া বেদান্ত-দর্শনের চরমকথা "অথাতো ব্রহ্মজিজ্ঞাসা", "জন্মাদ্যস্য যতঃ" "শাস্ত্রযোনিত্বাৎ" প্রভৃতি সূত্রের প্রকৃত তাৎপর্য্য প্রকাশ করিয়াছেন। কিন্তু অনেকে শুধু শ্রীমদ্ভাগবতের দ্বারা "অথাতো ব্রহ্মজিজ্ঞাসা" ত্যাগ করিয়া 'জীবনীয় স্নাতা হরি' এই মহাবাক্যে দর্শনের চরম কথা প্রকাশ করিয়াছেন।

চেতনের আহার

(শ্রীপাদ মাধুর্য্য রামানিকারী)

আমার দেহ ও আমি দুইটী পৃথক্ বস্তু। দেহ জড় কিন্তু আমি চেতন। দেহ অনিত্য, আজই হউক অথবা শত বর্ষ পরেই হউক, ইহার বিনাশ অবশ্যম্ভাবী। কিন্তু আমি নিত্য ও বিভুর, কোন দিনও আমার বিনাশ নাই। আমরা নিজেকে অনেক সময় খুব বুদ্ধিমান বলিয়া অভিমান করি, কিন্তু চিৎ-শরীর পুষ্ট করিতে যাইয়া জড়দেহ একটু বিপন্ন বা ক্ষীণ হইয়া পড়িলেই আমরা হতাশ হইয়া পড়ি। এমন কি, চেতনের আহার-সংগ্রহ ব্যাপারে উদাসীন হইয়া—সাধনে বিশেষ যত্ন না করিয়া বিদ্রোহ ঘোষণা করিতেও দ্বিধা বোধ করি না। তখনই আমরা গম্ভীর হইয়া বলিতে থাকি, "শরীরমাদ্যং খলু ধর্ম্মসাধনম্।" কখনও বা জড় দেহটীকেই আমি বা আত্মা ধারণা করিয়া বলিতে থাকি, "আগে দেহ পরে ধর্ম্ম।" কেহ বা আবার বড় উদার কর্ম্মবীর ও ধর্ম্মবীরের মুখোস পরিয়া পরদুঃখে গলিয়া পড়ার ভাণ করিয়া বচন বিন্যাস করিতে থাকেন—"আগে দেশের লোককে পেট ভরিয়া খাইয়া বাঁচিয়া থাকিতে দাও, তা'র পরে অন্য ধর্ম্ম কর্ম্ম হইবে।"

আমি অনেক সময়ে এই সমস্ত অযাচিত বক্তার মধুপুষ্পিত বাক্যে মুগ্ধ হইতে পারি নাই। কিন্তু কত জনকল্যাণের পেট ভরিয়া খাইয়া বাঁচিয়া থাকিয়া কি জানি কোন্ খাদ্যের অভাবে যে মরণের হাত থেকে নিস্তার পায় নাই, তাহা ভাবি না। কত রাজা, মহারাজ, কত কত বিলাসী বাবু খাইয়া দাইয়া দুই হাতে থাবাদি ছড়াইয়া দিয়া বাঁচিয়া আছেন। অন্য কোন কিছুর প্রয়োজনীয়তা অনুভব না করায়, তাঁহারা অন্যভাবে দিন আর ভোগবিলাসে অতিবাহিত করিতেছেন, পরিণামে তাঁহারাও যে কোন খাদ্যের অভাবে মরণকে আলিঙ্গন করিতে বাধ্য হইতেছেন তাহা বুঝেন না। আবার তথাকথিত বন্ধুগণও তাহার কোনই খবর রাখেন না। সুতরাং দেহের খাদ্য ব্যতীতও আমার (আত্মার) আহারের প্রয়োজন। প্রত্যেক দেহধারীই যখন আত্ম-বস্তু—চেতন, তখন সেই চেতনের আহার প্রত্যেকেরই বিশেষ প্রয়োজন। চেতন পুষ্ট হইলে—সারাক্ষ হইলে দেহের সংসারিতে কিছু যায় আসে না। কিন্তু চেতন অপুষ্ট—নিস্তেজ থাকিলে দেহ পুষ্ট হইলেও খাইয়া দাইয়া বাঁচিয়া থাকা সত্ত্বেও সে বাঁচা মরণেরই সমান।

"চৈতন্যবিহীন দেহ জড় কাষ্ঠ সম।
জীবন্তেই মৃত সে যে, বৈদে শবত্ব সম।"

চেতনকে সঞ্জীবিত করিতে, চেতনের আহার সংগ্রহ করিতে যে জনাই জীবনই পুষ্ট হয় হইতে নচেৎ মহাজনগণের আদর্শ আর কোথাও দেখা যায় না। শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভু আমাদের সাধিক পালির রাখিয়া গেছেন। কিন্তু দেহরক্ষণ-ব্যাপারে উদাসীন হইয়া কথঞ্চিৎ জঠরাগ্নি পূর্ণ পূর্ব্বক যেন তেন প্রকারে দেহটিকে জীর্ণশীর্ণ অবস্থায় অবস্থানুকূলভাবে রক্ষামাত্র করিয়া নিরন্তর চেতনের আহারসংগ্রহে ব্যস্ত ছিলেন এবং চেতনের দেহটিকে বহুল পুষ্ট করিয়াছিলেন। শ্রীল সনাতন গোস্বামী প্রভু নাম প্রকার অনিয়মে চলিয়া শরীরটিকে কণ্ডু রোগগ্রস্ত বলিয়া জগতকে প্রতিভাত করিলেন। চেতনের পুষ্টি দেখে গৌরহরি ও গৌরগণে মহাপ্রভুর চিত্তবিনোদন করিয়াছেন লোকশিক্ষার্থ স্বয়ং মহাপ্রভুও নীলাচলে অভিমান সময়ে আহারাদি সংগ্রহ এবং নিত্য দেহরক্ষণ বিষয়ে উদাসীন হইয়া নিরন্তর শুদ্ধচেতনকেই আহার প্রদানের লীলা অভিনয় করিয়াছেন—

"নামে সে ঠাকুর সদা করেন ভোজন।
নিদ্রাবেশে অবকাশ নাহি একক্ষণ॥
ভিক্ষা করে প্রভুভক্তিমর্ম্ম সন্তোষার্থ।
নিরব ও প্রভুর ভোজন পদার্থ।"

(চৈঃ ভাঃ)

আমাদের প্রয়োজন চেতনের দেহকে পুষ্ট করা। চেতনের দেহ পুষ্ট হইলে আমরা পাতকাদি মুক্ত হইব। অন্যথা যতই খাইয়া দাইয়া বাঁচিয়া থাকি না কেন, মরণ ও সংসারাদির হস্ত হইতে নিস্তার পাইব না। ভবব্যাধির হস্ত হইতে নিস্তার পাওয়ার কোনই পথ নাই—'পন্থাঃ পথ নাই ব আছে দিয়ে।' এই মহাব্যাধির হস্ত হইতে নিস্তার পাইতে হইলে একমাত্র চাই চেতনের যথাযোগ্য আহার। শুদ্ধচেতন পুষ্ট হইলে আমরা মুক্ত হইব বা পরলোকে অব্যাহতি হইব।

রামমূর্ত্তির ন্যায় দৈহিক বলে বলীয়ান ব্যক্তি সারাজীবন ব্যাধিমুক্ত ও দৃঢ় দেহ ধারণ করিয়া বাঁচিয়া থাকিতে পারেন, বাহ্যজনিত সুখভোগও করিতে পারেন, তিনি হয়ত একবারে কলসের খাইয়াও হজম করিয়া ফেলিতে পারেন, কিন্তু বাস্তবে তাঁহার চেতনের শরীরও যে অনুপাতে পুষ্ট হইবে, তিনি ভবব্যাধির হস্ত হইতেও মুক্ত হইয়া স্বরূপ অবস্থিতি লাভ করিয়া ফেলিবেন এমন কোন কথাই নাই। তাহার চেতনের দেহ হয়ত অত্যন্ত জীর্ণশীর্ণ। বৃহৎকায় সিংহ-হস্তী আহারের জন্য যাপন করিয়া বীর দর্পে বনে বিচরণ করিয়া থাকে। বনরাজ মানবও অপেক্ষা হইতে বহু দূরে পলায়ন করে। কিন্তু উহাদের চেতনের দেহ শীত বস্ত্রের দ্বারা শিশু অপেক্ষাও জীর্ণ শীর্ণ। কিন্তু বিদ্যা হলাদ দিয়া উহাদের জ্ঞান কিছুই (

আমাদের বাহ্য শরীরকে খুব রাখিবার জন্য দিনান্তে দুবারও সংগ্রহ হওয়া কঠিন হইয়া পড়ে, তাহাদের চেতনের যেন পরিপূর্ণ পুষ্টি। শ্রীবাস পণ্ডিত নিজ দেহরক্ষণ বিষয়ে উদাসীন হইয়া চেতনের আহার সংগ্রহে নিরন্তর ব্যস্ত থাকিতেন। শ্রীভগবান্ যাঁহার উপর অত্যন্ত প্রসন্ন হইয়া বলিয়াছিলেন,—

যদি তুমি ভিক্ষা করহ নগরে নগরে।
তথাপি দারিদ্র্য তোর নহিবেক ঘরে॥
বিড়াল কুক্কুর আদি তোমার বাড়ীর।
সবার আমাতে ভক্তি হইবেক স্থির॥

অতিভোজনকারী পরমনৈষ্ঠিক চরিত্রবান্ ব্যক্তি ব্রহ্মচর্য্যপুষ্ট দৃঢ় শরীর পাইয়াও চেতনের আহার বিষয়ে কাঙ্গাল থাকেন। অপরপক্ষে চিররুগ্ন ব্যক্তিও সাধুসঙ্গের সৌভাগ্য পাইলে চেতনের আহার দ্বারা চেতনকে পুষ্ট করিতে পারেন। বর্ণাশ্রমধর্ম সুষ্ঠুভাবে আচরণকারী ব্যক্তিও যদি চেতনের আহার-সংগ্রহ বিষয়ে উদাসীন থাকেন তাহা হইলে তাঁহাকে বুদ্ধিমান বলা চলে না। কারণ, শুধু ঐ একটীর অভাবেই সমস্ত থাকা সত্ত্বেও তিনি জীবন অপব্যবহার করিতেছেন। এই কথাটি জানাইবার জন্যই শ্রীচরিতামৃত উল্লেখ করিয়াছেন,—

চারি বর্ণাশ্রমী যদি কৃষ্ণ নাহি ভজে।
স্বকর্ম্ম করিতেও সে রৌরবে পড়ি মজে॥

শ্রীকৃষ্ণনামই চেতনের আহার। উহাই চেতনের দেহকে পুষ্ট করে। চৌষট্টি প্রকার ভজনের মধ্যে শ্রেষ্ঠ নববিধা ভক্তি—শ্রবণ-কীর্ত্তনাদি। তাহার ভিতরও আবার সর্বশ্রেষ্ঠ নাম-সংকীর্ত্তন। অন্য কোন ভজনাঙ্গ যাজনের অবসর না হইলেও কেবলমাত্র নাম কীর্ত্তন দ্বারাও প্রেমধন পর্য্যন্ত লাভ হইতে পারে।

এক অঙ্গ সাধে কেহ সাধে বহু অঙ্গ।
নিষ্ঠা হইতে উপজয় প্রেমের তরঙ্গ॥

অতিবৃদ্ধার যদি প্রশ্ন। কখনো আহারাদি কিছু শারীরিক আবশ্যক নাই। কদাচিৎ প্রয়োজনীয় বস্তু হইতে সংগৃহীত হইতে পারে, অধিকন্তু বলবান্ নরপুঙ্গবকে সংকীর্ত্তনে ভাবাবিষ্ট হইতে পাষাণবৎ কাষ্ঠে নিষ্কৃত হইতেও দেখা যায়। শ্রীবাসুদেব বিপ্র গলিতকুষ্ঠ-ব্যাধিগ্রস্ত ছিলেন, কিন্তু মহাপ্রভুর কৃপা লাভ করিলেন। মহাপ্রভু তাঁহাকে আলিঙ্গন দান দ্বারা সুস্থ করিলেন, তাহাতে তিনি মহাপ্রভুকে নিবেদন করিলেন, আমার ব্যাধিগ্রস্ত দেহই আমার ভাল ছিল, কারণ তাহাতে অভিমান ছিল না। এখন সুস্থ অবস্থায় তাহাতে চেতনের আহার সংগ্রহ বিষয়ে উদাসীন হইয়া পড়িব। যথা চরিতামৃতে—

"অতএব যোগ্য মোর দেহ পরম পামর।
দেহ দিলে শান্তি, দুঃখ দেখি উপশম॥

কিন্তু আছিলাঙ্ ভাল অধম হইয়া।
এবে অহঙ্কার মোর জন্মিবে আসিয়া॥"

(চৈঃ চঃ মধ্য ৭।১৪৭)

শ্রীবাসুদেবানন্দ একপ্রকারে অক্ষম হইয়া থাকিয়াও প্রচুর পরিমাণে চেতনের আহার সংগ্রহ করিয়া শুদ্ধ চেতনকে এত পুষ্ট করিয়াছিলেন যে, মহাপ্রভু তাঁহাকে অযাচিত কৃপা করিয়াছিলেন।

এসমস্ত বিষয় আলোচনা করিলে আমরা বুঝিতে পারি যে, যেহেতু আমরা চেতন বস্তু (অচেতন জড় নহি) তাই চেতনের আহার আমাদের আগে প্রয়োজন। জড় শরীরের আহার যদি চেতনের পুষ্টির অনুকূলে হয় তাহা হইলে তাহা গ্রাহ্য হইবে নতুবা চেতনকে অভুক্ত রাখিয়া তাহাকে শীর্ণ করিয়া মাত্র জড় শরীরটিকে পুষ্ট করণানন্তর বহুদিন জগতে বাঁচিয়া থাকিয়া বা জগজ্জাল সৃষ্টি করিয়া লাভ কি?

"জীবিতং বহুকল্পান্যং বহু পক্ষদিনানি চ।
ন তু কর সহস্রাণি ভক্তিহীনস্ত কেশবে॥"

এই বাক্যের সিদ্ধান্তই পুষ্টচেতন আত্মবিদ্গণের নিশ্চয়।

অধিকন্তু অনভিজ্ঞ প্রাকৃত ব্যক্তিগণ অনেক সময়ে নির্বুদ্ধিতা প্রকাশ পূর্বক আত্মবিদ্গণের উপদেষ্টা হইয়া বলিয়া থাকেন, "মহাপ্রসাদ খাইয়া খাইয়া শরীরটিকে অকর্ম্মণ্য করিয়া ফেলা উচিত নহে। অভাবে দুশ্চিন্তাহীন হইয়া বলিষ্ঠ স্বাস্থ্যবান থাকিতে হইবে। বিশেষতঃ বাঙ্গালাদেশের লোকেরা মহাপ্রসাদ সহ্য করে না তাই তাহাদের অবলম্বন সোজাই বিষ। বিজ্ঞানের পরিভাষায় অত্যধিক খাইয়া জড় শরীরকে পুষ্ট করিতে হইবে। অন্তরে শান্তির চেতনের বল লাভ সহজ হইবে।" শুধু সাধারণ লোকেরাই যে এই প্রকারের উক্তি করিয়া থাকে তাহাদের কর্তৃক প্রকাশিত তথাকথিত দেশনেতাগণের ঐ প্রকারের বিচার। তাঁহারাও শরণাগতির অবজ্ঞা করিয়া এবং মহাপুরুষের পরিচয় দিয়া উপদেশের দাবী উদার পূর্বক বলিয়া থাকেন—'নায়মাত্মা বলহীনেন লভ্যঃ।' বল সংগ্রহ না হইলে ভগবানকে পাওয়া যায় না বা আত্মাকে জানা যায় না। যাহারা দুর্ব্বলচিত্ত পালোয়ান নয়, যাহারা একটা জোর থাবাও মারিতে পারে না, তাহারা কোন কাজের নয়—অপদার্থ। লোহার মত মাংসপেশী ও ইস্পাতের মত স্নায়ু চাই। কাজেই খুব আমিষ ও ফুটবল খেলায় অভ্যস্ত দেহে চর্চা থাকুক। বেদেরাও সন্ন্যাসের বক্ত থেকে বল পাওয়ার জন্য গীতা পড়া চেয়ে ফুটবল খেলা শিখিতে থাকুক। বল চাই—শক্তি চাই। উক্ত প্রকারের ব্যক্তিগণ বুঝাইতেছেন, অন্নের বল। অন্নকে পুষ্ট করিয়া তাঁহারা চেতনকে লাভ করিতে চাহেন। চেতনের বল যে বলদেবের সেবা বল—আত্মবল, দেহবল বা মনোবল নয়, তাহা যে বিনা আয়াসেই লাভ হইতে পারে, তাহার জন্য যে ইস্পাত ও লৌহবৎ স্নায়ু ও মাংসপেশীর আবশ্যক হয় না, ইহা তাহাদের বুদ্ধিরই অগোচর।

অনেক সময়ে ঐ শ্রেণীর বক্তাগণ আবার ভগবদ্-ভক্তকে আক্রমণ করিয়া আত্মবিদ্গণের চেয়েও অধিক হিতোপদেষ্টা সাজিয়া তাঁহাদের মনোধর্মের খেয়ালের ছাঁচে ঢালা সদুপদেশ জগৎকে দিয়া থাকেন। যথা—'গীতাপাঠ অপেক্ষা ফুটবল খেলা ভাল। ফুটবল খেলিয়া শরীর শক্ত হইলে তবে তোমরা ভগবানের মহতী লীলা বুঝিতে সক্ষম হইবে। মাছ-মাংস খাইয়া শরীর খুব পুষ্ট ও শক্ত করিতে না পারিলে পরমার্থ অনুশীলনের সামর্থ্য আসিবে না। অতএব মাছ-মাংস খুব খাবি।'

উক্ত বক্তামহাশয়ের যদি কোন দিনও আত্মবিদ্গণের চরণ-ধূলিতে অভিষিক্ত হওয়ার সৌভাগ্য হইত, তাহা হইলে তাঁহার এই সমস্ত প্রলাপোক্তি থামিয়া যাইত। ফুটবল খেলা বল দ্বারা বা মাছ-মাংস খাওয়া বল দ্বারা কোনও দিনই ভগবানকে জানা যায় না। অধিকন্তু ফুটবল খেলার নেশার মাতিয়া অসৎ বন্ধুদের সঙ্গে নিয়ত বহুবিধ সদ্ কার্য্য চেতনের যে বল-টুকু বা পূর্ব পূর্ব জন্মের সুকৃতি লব্ধ ছিল তাহাও হারাইয়া আসিতে হইবে। মৎস্য, মাংসাদি অপেয় খাইয়া পশুবল বর্দ্ধিত হইলে মনুষ্য হইয়াও বিপদ পশুবৎ চক্রবর্ত্তী-রূপে সেই হস্ত পাতকে আহ্বান দিতে হইবে। জিহ্বা-লাম্পট্যকে অবাধে বৃদ্ধি করায় দুঃখের দিনে শিশ্নলাম্পট্যও সঙ্গে সঙ্গে বর্দ্ধিত হইবে, শ্রীভগবান্‌ও বহুদূরেই চলিয়া যাইবেন।

'জিহ্বার লালসে যেই ইতি উতি ধায়।
শিশ্নোদরপরায়ণ কৃষ্ণ নাহি পায়॥'

(চৈঃ চঃ)

বহুদিন পণ্ডিত এই সমস্ত প্রলাপবাক্যের বাগ্‌বৈখরীতে ভুলিয়া সরল অজ্ঞলোক মুগ্ধ ও অধোগতিগামী হইয়া মোহাচ্ছন্ন হইয়াছেন। এইরূপ সরল ব্যক্তিগণ খাপ্‌পা খেয়ালী কথাকেই মঙ্গলের কথা ও পরম প্রাপ্তবাক্যকেই পরম হিতৈষী বন্ধু মনে করিয়া আসিয়াছেন। অতএব আমরা সকল সজ্জনগণে শ্রীল প্রবোধানন্দসরস্বতীপাদের আদর্শ মহাপ্রভুর প্রাণের কথা শ্রীরূপ-রঘুনাথের কথা শ্রবণ করিতে—চেতনের আহার পাইয়া পুষ্ট হওয়ার জন্য-সকলেরই আগ্রহ এবং অনুশীলন করিতে অনুরোধ করিতেছি।

শ্রীল গৌরকিশোর-বিরহোৎসব

ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠে

শ্রীমধ্বাধ্বগৌড়ীয়-সম্প্রদায়ৈক-সংরক্ষক শ্রীকৃষ্ণচৈতন্যাম্নায় নবমাধস্তনাম্বয়বর শ্রীভক্তিবিনোদ-গৌরবাণীশ্রেষ্ঠ সংকীর্ত্তনাধ্যক্ষ শ্রীগৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল প্রভুপাদের পরবিষ্ণু প্রভুর আনুগত্যে, বিশেষতঃ ও বিদেশে ঢাকা শ্রীমাধ্ব-গৌড়ীয়মঠের বার্ষিক শ্রীমন্মাধবোৎসব ও শ্রীগৌরকিশোর-বিরহোৎসব এ বৎসর যেরূপ সাফল্যের সহিত সম্পন্ন হইয়াছে, তাহা যাঁহারা প্রত্যক্ষ করিয়াছেন, তাঁহারা সকলেই একবাক্যে বলিতেছেন যে, শ্রীমাধ্বগৌড়ীয়মঠ প্রতিষ্ঠা অবধি এইরূপ বিরাট উৎসব সুশৃঙ্খলতার সহিত আর অনুষ্ঠিত হয় নাই।

শ্রীউত্থান একাদশী-দিবস অহোরাত্র মঠে ভক্তবৃন্দ শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের নির্দেশানুসারে শ্রীচৈতন্যভাগবত পারায়ণ ও অপরাহ্ণে নাটমন্দিরে বিরাট শ্রোতৃমণ্ডলী বেষ্টিত সভায় মাদ্রাজ-গৌড়ীয়মঠের আদর্শ প্রচারকবর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ, বেলুড়-গৌড়ীয়মঠের সুপ্রসিদ্ধ ভাগবতবক্তা ও গৌরবিহিত মহাজনপদাবলীর গায়কবর শ্রীপাদ ভক্তিবিচার যাযাবর মহারাজ শ্রীল গৌরকিশোর প্রভুর অতিমর্ত্ত্য চরিত্র সম্বন্ধে দুইটী অভিভাষণ প্রদান করেন। গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু শ্রীগৌরকিশোর-বিরহোৎসবে নবপ্রকাশিত 'পরমগুরু শ্রীগৌরকিশোর' গ্রন্থের কিছু স্থান পাঠমুখে শ্রীল গৌরকিশোর প্রভুর চরিত্র সম্বন্ধে একটি সুন্দর বক্তৃতা প্রদান করেন। তৎপরে শ্রীপাদ যাযাবর মহারাজের 'যে আনিল প্রেমধন করুণা প্রচুর' এবং বিরহজ্ঞাপনী মহাজনগীতি ও 'গোপীনাথ-বিজ্ঞপ্তি' কত পাষাণ হৃদয়কেও বিগলিত করিয়া ভক্তির উৎস প্রবাহিত করেন। মঠের ঐকান্তিক ভগবদ্‌ভক্তগণ শ্রীগৌড়ীয়মঠাচার্য্যের আনুগত্যে সারারাত্রি জাগরণ করিয়া শ্রীচৈতন্যভাগবত-কথা শ্রবণ-কীর্ত্তন ও পরদিবসে অনুষ্ঠেয় বিপুল মহামহোৎসবের আয়োজনাদির সেবা করিয়াছিলেন।

সাধারণ মহোৎসবের দিবস প্রাতঃ মঠ হইতে একটি বিরাট নগরসংকীর্ত্তন-বাহিনী বহির্গত হইয়া ঢাকা নগরীর প্রধান প্রধান পল্লীসমূহ পরিভ্রমণ করেন এবং সর্বত্র ইহার প্রচার করিয়া মহামহোৎসবের বার্ত্তা বিঘোষিত হয়। এতদ্ব্যতীত ঢাকা নগরীর সর্বত্র ও তৎপার্শ্ববর্ত্তী স্থানসমূহ

অতঃপর ৫৩ পৃষ্ঠার ১ম কলমে দ্রষ্টব্য।

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ-শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, অধুনা শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বা, শ্রীগৌর, শ্রীগুরু আচার্য্য চতুষ্ট বিগ্রহ আছেন। সুপ্রাচীন এবং আদিপ্রামাণিক 'নদীয়া-প্রকাশ'-যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনবকিশোর বনচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। ২৯ নং বাগবাজার ষ্ট্রীট, কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। নিয়মিত পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ দুইবার শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও তাহাদিগের পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—ত্রিদণ্ডী শ্রীপাদ সখীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মন্দির-শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীরমেশগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) উক্ত গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগবন্ধুদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ চাকদহ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীমিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)

শ্রীগোদাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্দ্দনজীবন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমন্তদাস ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

বাবতারা (শ্রীবুড়োশিবের মন্দির নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) সুজনকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিরূপ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরামানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর বনবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চাকদহ পরগণা

রক্ষক—শ্রীনরেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপীনাথমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীবরাহদাস ব্রজবাসী।

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীরাধাকৃষ্ণ দাস বর্ম্মা।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীমদ্বর ভক্তিশাস্ত্রী এম-এ, বি এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

আলুবাড়ী, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিত্তার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীরামেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীসুরূপনারায়ণ ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমনা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

২২নং কবিরপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোর্দ্ধবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫)নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাড়ী,

পোঃ কোতোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং হনুমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাশ্রয় ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্বালাহিল বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ কমলীয় ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, পশ্চিম গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যাব্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী ভক্তিরত্নাকর এম্-এ।

(৫) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীপাদ্মা মদনমোহন।

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীজগবান্দাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাহু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভূমরেহলা, পোঃ চিরহুলা, (মানভূম)

রক্ষক—শ্রীরামানাথ সেবার্থী অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, আর্ডরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেসিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত শ্রীসদানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতার বাজার দর

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
লক্ষ্মীবিলাস	৬৷০
বালাম চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
দাদখানি	৫৷০
বাঁশফুল নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
[illegible]	৫৲
সিদ্ধ বেলুন	৩৷৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
পেশোয়ারী	১০৲-১০৷০
দাদখানি আতপ	৫৷০-৫৷৵
ঐ বাছাই	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ বেলুন	৩৵০

চিনির দর

ট্রিকাইন, টাইপ	১০৷৵০
[illegible] ১০০০ নং	১০৵০
[illegible] দানা	৯৷০
কাশীপুর দানা	৮৷০—৯৵০
কাশীপুর দাল	৭৷৵০—৮৲

সোনা-রূপার দর।

	প্রতি ভরি
টাকশালের বার	৩৪৷০
গিনি	৫৯৲
চাঁদির বাট	৫২৷০

পাটের দর

আসাম—	৪০৸০
মিডল—	৪০৸০
বটম—	৪১৷০
বাজার দরের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

[illegible] ময়দা প্রতি মণ	৬৷০—৬৷৵০
[illegible] ঐ	৬৲—৬৵০
[illegible] ঐ	৫৷৵০—৫৸০
সুজী	৬৲—৬৵০
আটা (বি)	৫৸০—৫৸৵০
আটা নং (২	৫৵০—৫৷৵০
আটা (এল)	৫৲—৫৷০
আটা (বে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	২৷০—২৸৵০
পানাই	১৪৵০—১৸০
ভুষি	১৪৵০—১৪৵০

ঘৃতের দর

গাওয়া	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৫০৲
[illegible]	৪৫৲
[illegible]	৪৬৷০

তার	৪৬৲
কাবুলে	৩৬৲
[illegible]	৪১৸০

লৌহ ও হার্ডওয়ার

টাটার ষ্টোর্স— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৯৵০—৯৷৵
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা চেনেটেড জয়েষ্ট বীম সব সাইজ	১০৷৵
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০৷৵০
[illegible] (টি আয়রণ)	৮৷০—৯৲
[illegible] আয়রণ (কোনা)	৮৷৵০—৮৸০
টাটা গ্যাঃ করগেট-টীন।	৷৵০
২৪ গেজ—	১৪৷০
২৬ গেজ—	১৬৷০
২৮ গেজ—	১৫৷০

টাটা গ্যাঃ প্লেন সীট।

২৪ গেজ—	১৪৸৵০
২৬ গেজ—	১৬৷৵০
২৮ গেজ—	১৬৷৵০

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৬৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ বালতি ২৪—৩০ গেজ	
সীস	৷৵১০—৬৷৵০
বাজার বেচা কাটা তার (বাণ্ডিল)	১০৲
প্লেট কাটিং বা ছিট কাটা দর	৬৷০—
পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা	৬৷০—৬৷০ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, বোল্টু, নাট	৮৲—৯৲
গোল রড রি-ইনফোর্স ও কন্‌ক্রিটের জন্য	৮৸০—১১৷০

খুচ ইস্পাত আসল ২৬৲ নকল ২১৲

টিনের হাতল ৫৵০, পাটের হাতল ৬৷০ ছুরির হাতল ৪৷০

তুলের দর

কলিকাতা ২৬শে জুন,

[illegible]	৫৬৲
[illegible]	৪০৲
[illegible]	৪০৲
[illegible]	৫৬৲
ঐ [illegible]	৫১৲

বেনেতি মশলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
[illegible]	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷০—১১৷০
[illegible]	১৫৷০—১৭৷০
[illegible] পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স্ লিঃ
ডি-৫ জগন্নাথ ঘাট গোলাপটী, বড়বাজার
কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর [illegible] খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের বন্দোবস্ত হইয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের আশাতীত সুবিধা

পরীক্ষায় বাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সম্পাদক—ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—২
মহেশগঞ্জ	প্রাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—৩৫
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৩৫	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—৪২

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৩৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩৬
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৫৮	১৬-৮	১৮-৫৩
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার খ্যাতি অসাধারণ। প্লীহা যকৃত সংযুক্ত ম্যালেরিয়া এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ আনা, বড় বোতল ১৷৵০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———॥(০)॥———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের ভক্তোত্তম পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

-॥(১০৪)॥-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠা ১ম ও ৩য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠা পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠা ১ম ও ৩য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠা পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে ।০	৷৵০	৷৵০	।০
ইঞ্চি ২৲	১৷০	১৷০	১৲
সিকিকলম ৩৲	২॰	২৲	২৲
অর্দ্ধকলম ৬৲	৫৲	৫৲	
এক কলম ১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৩৲	৩৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৫০৲	৩৫৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতরত্ন সরস্বতী-বৈষ্ণবাচার্য্য এম-এ মহোদয়ের যৌবনব্যাপী এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের লীলামৃত-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩২ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—ঢাকার: গৌড়ীয়মঠ, মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রী[illegible]

[illegible]ড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গৌড়ীয় বৈষ্ণবগণের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

———

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———॥(০)॥———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" এবং ও বিবিধ ভক্তিগ্রন্থ প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বে নিত্যকাল বিতরিত হইতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্ম্মনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।এ-২, কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর রাধাবল্লভ ঘাটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থসমূহ প্রকাশিত হইতেছে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

টেলিঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীনাম'—শ্রীমায়াপুর

শ্রীধামনবদ্বীপাদি
শ্রীগৌড়মণ্ডল-
সর্বসাত্বত-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্বত্র মঙ্গল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৬ই অগ্রহায়ণ, ১৩৪৪, ২২শে নভেম্বর, ১৯৩৭, সোমবার [সংখ্যা ২১৭]

বিবিধ সংবাদ

—(সংগৃহীত)—

ভূগর্ভে মদ চোলাইয়ের কারখানা আবিষ্কার

গত বৃহস্পতিবার ব্যারাকপুরের দ্বিতীয় হাকিম মিঃ এ এক এম বাবুদের এজলাসে এক চাঞ্চল্যকর আবগারী মামলার শুনানী আরম্ভ হয়। এই মামলার আসামী অতুল কৃষ্ণ মণ্ডল, তাহার মাতা ও শাশুড়ীর বিরুদ্ধে বিনা লাইসেন্সে মদ চোলাই ও বিক্রয়ের অভিযোগ আনয়ন করা হইয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ, আসামী অতুল তাহার মাতা, স্ত্রী ও শাশুড়ীসহ গোপাল লাল ঠাকুর রোডে বাস করিত। আবগারী পুলিশ গত ২০শে এপ্রিল অতুলের বাড়ী খানাতল্লাস করিবার পর তাহার স্ত্রীর মৃত্যু হয়। প্রকাশ, পুলিশ বেআইনী মদের সন্ধানে অতুলের ঘর তন্ন তন্ন করিয়া বিনা আশী ... করিলে কাঁচা মেঝের উপর ... সন্দেহজনক একখণ্ড পাথর দেখিয়া সন্দেহবশতঃ উহা আলগা করিলে পাথরখানা উঠিয়া আসে এবং একটী সুড়ঙ্গ-পথ বাহির হইয়া পড়ে। সুড়ঙ্গ-পথে সরু সিঁড়ির ধাপ দেখিয়া পুলিশ একজন ধরিয়া নীচে নামিয়া, দেখিতে পায় ভূগর্ভে একটী পাকা ঘরের মধ্যে মদ চোলাইয়ের যন্ত্রপাতি ও বেআইনী মদ, বোতল প্রভৃতি সাজান রহিয়াছে। পুলিশ প্রকৃত অবস্থার সন্ধান পাইয়াছে বুঝিয়া আসামী অতুল ছুটিয়া পলাইয়া যায়। প্রকাশ, আসামী অতুল ঘুটিয়াদের 'গ্রাহক' করিয়া বেআইনী মদ গোপনে চালান দিত তাহার কারখানার মধ্যে বহুসংখ্যক 'গ্রাহক'ও পাওয়া ... চারি দিন ব্যাপী তল্লাসীর পর পুলিশ আসামী অতুলকে গ্রেপ্তার করিতে সক্ষম হয়। সেই সঙ্গে অতুলের মাতা ও শাশুড়ীকেও গ্রেপ্তার করিয়া বিচারার্থ চালান দেওয়া হয়।

যুবকের রহস্যজনক আত্মহত্যা

গত বুধবার রাত্রে কলিকাতা মেডিকেল কলেজের একটী মেসে শিশিরকুমার বসু নামক বাইশ বৎসর বয়স্ক একটী যুবককে তাহার ঘরে মৃত অবস্থায় দেখিতে পাওয়া যায়। শিশিরকুমার কলিকাতা মেডিকেল কলেজের তৃতীয় বার্ষিক শ্রেণীর একজন ছাত্র। সে আত্মহত্যা করিয়াছে বলিয়াই বিশ্বাস।

উক্ত যুবকের ঘরটী বহুক্ষণ যাবৎ বন্ধ থাকিতে দেখা যায়। ইহাতে অন্যান্য ছাত্রের মনে সন্দেহ উপস্থিত হওয়াতে, তাহারা সন্ধ্যা ৭ টার সময় ঐ ঘরের দরজা খুলিয়া শিশিরকুমারকে মৃত অবস্থায় তাহার বিছানায় পড়িয়া থাকিতে দেখে। তাহার দেহের অর্দ্ধাংশ শয্যার উপর এবং বাকী অংশ শয্যার বাহিরে ছিল।

শিশিরকুমারের বাড়ী হুগলী জেলায়। সে বেশ আমুদে ও সৎস্বভাববিশিষ্ট ছিল বলিয়া প্রকাশ। তাহার এই আত্মহত্যার কোনও যথার্থ কারণ পাওয়া যায় না।

নরহত্যার চেষ্টা

মির্জাপুরের দায়রা জজ রায় সাহেব মদনমোহন শেঠ, রঘুনাথ, বৈজনাথ ও মহাদেও নামক তিন ব্যক্তিকে নরহত্যার চেষ্টার অপরাধে অপরাধী সাব্যস্ত করিয়া রঘুনাথকে ৫ বৎসর এবং বৈজনাথ ও মহাদেওকে ৩ বৎসর করিয়া সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

অভিযোগে প্রকাশ, গত ১৮ই জুলাই প্রাতে চুণার (মির্জাপুর) নোটিফায়েড এরিয়া কমিটির সুপারিন্টেণ্ডেণ্ট মিঃ নন্দকিশোর সিংহ ট্রেন হইতে নামিয়া যখন একটী পুলের দিকে যাইতেছিলেন, তখন রঘুনাথ তাঁহাকে একটী কোদালি দ্বারা আক্রমণ করে। অভিযোগে আরও প্রকাশ, বৈজনাথ ও মহাদেওয়ের ইঙ্গিতে সে ঐ অপরাধ করিয়াছিল। মিঃ সিংহ গুরুতরভাবে আহত হইয়াছিলেন।

পরলোকে বিশিষ্ট খেলোয়াড়

হবিগঞ্জের শ্রীযুক্ত বীরেন্দ্রচন্দ্র দাস গত ২০শে অক্টোবর জামসেদপুর সহরে বাস চাপা পড়িয়া আঘাতের ফলে ৩৬ ঘণ্টা পর মারা গিয়াছেন। তিনি আসাম প্রদেশে ফুটবল খেলোয়াড় হিসাবে সুনাম অর্জ্জন করিয়াছিলেন। তিনি জামসেদপুরে টাটার কারখানায় মেকানিক্যাল ইঞ্জিনিয়ার ছিলেন।

শিক্ষকের বিরুদ্ধে মামলা

গত বৃহস্পতিবার কাশী মিত্র লেনের অন্নদানাথ ঘোষের পক্ষে আলিপুর চীফ প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট কে. কে. বিশ্বাসের নিকট কালীপদ ঘোষ নামক জনৈক শিক্ষকের বিরুদ্ধে মারপিটের অভিযোগ করা হয়। ম্যাজিষ্ট্রেট সমন জারির আদেশ দিয়াছেন।

অভিযোগে প্রকাশ,—ফরিয়াদীর বয়স ১৩ বৎসর। সে সারদা ইনষ্টিটিউশনের ছাত্র। গত বুধবার বেলা ১১টায় ফরিয়াদী যখন একটী ছেলের সহিত কথা কহিতেছিল, আসামী বিরক্ত হইয়া তাহাকে গালিগালাজ করে, এবং পরে ফরিয়াদীকে নিষ্ঠুরভাবে প্রহার করে, ফলে ফরিয়াদী অজ্ঞান হইয়া যায়। সংজ্ঞালাভ করিয়া ফরিয়াদী বাড়ীতে আসে এবং তাহার বড় ভাইকে সকল কথা বলে। তাহার ভাই তাহাকে থানায় লইয়া যায়। থানা হইতে তাহাকে হাসপাতালে পাঠান হয়।

উকীল মিঃ শশিভূষণ ভট্টাচার্য্য ফরিয়াদী পক্ষে উপস্থিত ছিলেন। আগামী ৩০শে নভেম্বর মামলার শুনানী হইবে।

রেলওয়ে শ্রমিক বিরোধ মীমাংসা

ভারত গবর্ণমেণ্টের গেজেটে ঘোষণা করা হইয়াছে যে, এক বৎসরের জন্য পরীক্ষামূলকভাবে রেলওয়ের বিরোধ মীমাংসার জন্য একজন স্পেশ্যাল সালিশ এবং একটী ইণ্ডিয়ান এ্যাডজাষ্টমেণ্ট বোর্ড নিয়োগ করা হইবে। ঐ স্পেশ্যাল সালিশ ও বোর্ডের কাজ কি হইবে তাহাও জানান হইয়াছে। গেজেটে বলা হইয়াছে যে, রেলওয়ে রেটস এ্যাডভাইসরী বোর্ডের প্রেসিডেণ্ট স্যার ... পদাধিকারবলে বোর্ডের চেয়ারম্যান হইতে স্বীকৃত হইয়াছেন; কর্ণেল ওয়াগষ্টাফ সালিশ নিযুক্ত হইবেন। ডিসেম্বর মাসের ... হইতে এই বোর্ড ও সালিশ কাজ চালাইবে।

সালিশের অফিস কলিকাতায় থাকিবে। তাঁহার কাজ হইবে, রেলওয়ে মজুরের রেলওয়ে মজুরের এসোসিয়েশন ... এবং এ্যাডমিনিষ্ট্রেশনের ... রেলওয়ে কর্তৃপক্ষ এবং ... মধ্যে যোগসূত্র ... কোন পক্ষ ... বিরোধ ... বিরোধের মীমাংসার জন্য উভয় দলের মধ্যে আপোষ মীমাংসা করিতে চেষ্টা করিবেন। তিনি ... কোন বিরোধ সম্পর্কে বোর্ডের ... সুপারিশ করেন, বোর্ডের ... সম্পর্কে ... রেলওয়ে এজেণ্টের নিকট রিপোর্ট প্রেরণ করা।

জ্বর

হইতে

মুক্তি

লাভ করিতে

রবিনসনের

"পেটেন্ট"

বার্লি

সেবন করুন

১৬শবর্ষ } ৪ কেশব গৌরাব্দ ৪৫১, ৬ই অগ্রহায়ণ ১৩৪৪, ২২শে নভেম্বর ইং ১৯৩৭, সোমবার } ১৫শ সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

শ্রীযোগপীঠে কীর্ত্তন

বিগত ২৯শে কার্ত্তিক সোমবার সন্ধ্যায় শ্রীযোগপীঠের ভক্তবৃন্দকর্ত্তৃক আহূত হইয়া ত্রিদণ্ডিপাদপ্রদীপ পরিব্রাজকাচার্য্য শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ প্রায় ২ ঘণ্টাকাল শ্রীচৈতন্যচরিতামৃত পাঠমুখে প্রাণস্পর্শিনী ওজস্বিনী ভাষায় আম্নায়বাণী কীর্ত্তন করেন। তিনি ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ও ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের ধাম-প্রকাশ-সেবা, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউটের বৈশিষ্ট্য ও তাহার শিক্ষা, শ্রীগৌরধর্ম্মের লীলায় বিস্তার, শ্রীমন্মহাপ্রভুর নিত্য ঔদার্য্যময়লীলা, শ্রীনামের স্বরূপ, নামাভাসের স্বরূপ, নামাপরাধের যোগ্যতা, কালদুর্গপাবনাবতারী শ্রীমন্মহাপ্রভুর নাম-প্রেম প্রচারলীলা, শ্রীনামের স্বরূপ, ভজনীয় ও নামাপরাধের পার্থক্য, ভজনে অবহিত ব্যক্তিই শ্রীনামকীর্ত্তন-যোগ্যতা, "বৈকুণ্ঠনামগ্রহণমশেষাঘহরং বিদুঃ।" "অপি দুর্জ্জন্মৈকজন্মনঃ পাবতে-সং হাস্যার্থ সংবদার্থ।" "অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্ গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ। সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ॥", একমাত্র নামাপরাধ এবং অযোগ্য ভগবানের সেবাপাতে অধিকার, শ্রীনামের সার্ব্বভৌম এবং অহৈতুক, চেতনোই শ্রীচৈতন্যের উপাসনার যোগ্যতা, শ্রীনামের স্বরূপ, শ্রীনাম ও শ্রীগৌরাঙ্গের ব্যক্তি পূ বতার অভ দুর্ল্লভ চেতনবর্ষ—প্রেমধনের আচার-প্রচারের সম্পূর্ণরূপে অভাব, আধ-নিবেদনের শ্রীযোগপীঠে আত্মসমর্পণকারী সকেই বিদ্যাজ্ঞানসাধের সার্থকতা, জ্ঞানবস্তুধর্ম্ম ও সনাতনধর্ম্মের পার্থক্য, কলির পঞ্চস্থান ও প্রধান বিরোধ, কলিযুগ শ্রীনামের মাহাত্ম্য, পাপবুদ্ধি ও আরাধনার বুদ্ধির কলহের, "অতো বিবেকী শিক্ষার্থ অধর্ম্মবধর্ম্মকলে ভক্তিবুদ্ধিঃ"—প্রভৃতি বাক্যের কথা, পঞ্চোপাসক, মায়াবাদী ও ঐকান্তিক ভক্তের পার্থক্য, এবং ভগবান্ শ্রীকৃষ্ণের সর্ব্বেশ্বরেশ্বরত্ব ও দেবগণের অধীনত্ব, বিষ্ণুর নিকট দেবগণের পর্য্যুদস্ত, মহাপ্রভুর তৃণাদপি সুনীচতা ও অমানি-মানদত্ব, অকিঞ্চনৈকলভ্য ভগবানের নিকট অর্জ্জুনের শরণাগতি, ভক্তিবিনোদ ইনষ্টিটিউটের অতর্ক্যও নাস্তিকতা শিক্ষার স্থানের তুল্য নয়, উহা বিশ্বমাধের শিক্ষাস্থলী, কৃষ্ণভক্তিই প্রকৃত বিদ্যা, Godless education এর বিষময় ফল, কলির দোষ—অসৎসঙ্গ, মৎস্যমাংস, ইন্দ্রিয়পরায়ণতা ও পরমার্থে অনাদর, কলিযুগে ভূতক পাঠক ও কীর্ত্তনীয়ার দুর্দ্দশা, মন্দভাগ্য ব্যক্তিগণের পতিতপাবন জগদ্গুরু আচার্য্যের কৃপাপাতে বিমুখতা, শ্রীগুরু-সেবকের ঠাকুর হরিদাসের আনুগত্যে নামভজন ও সদাচার পালনই, ভগবদ্ভক্তের প্রতি জাতি-কুল-বিদ্যা-ধন প্রভৃতি বিচার প্রদর্শনে পাষণ্ডত্ব, বৈষ্ণব মহাজন অবতারের প্রান্ত দুরাশা যাহার অবস্থার ফল, বৈষ্ণবকৃপা ব্যতীত বৈষ্ণবাপরাধীর পরিত্রাণাভাব, বংশবৃদ্ধে আবদ্ধ ও নামাচার্য্য ঠাকুর হরিদাসের আনুগত্যেই সকলের নামভজনে সিদ্ধিলাভ, শ্রীল প্রভুপাদ-কথিত সতত্প্রেম সার কতি বাণী—

(১) 'তোমার কনক, ভোগের জনক, কনকের দ্বারে সেবহ মাধব।' (২) কামিনীর কাম, নহে তব ধাম, তাহার মালিক কেবল যাদব।' (৩) সত্যের প্রতিষ্ঠা, সূকরের বিষ্ঠা, জান না কি তাহা মায়ার বৈভব।'

সাধুর নিরপেক্ষতা ও কীর্ত্তন-প্রবর্ত্তিত হইয়াও সত্যবাণী কহেন, যোঁহারা দম্ভ ও ভগবদ্ভক্তির ব্যবধানে অপরাধবিশেষ, প্রেয়ঃ ও শ্রেয়ঃ পথের পার্থক্য, আত্মধর্ম বৈষ্ণবধর্ম্মই একমাত্র ধর্ম্ম, 'পৃথিবীতে যত কথা ধর্ম্মনামে চলে। ভাগবত কহে সব পরিপূর্ণ ছলে॥' চতুর্ব্বর্গকামীর ভক্তিহীনতা, অকৈতবী ও ত্যাগীর ভক্তিশূন্যতা এবং নিষ্কপট সেবকের ভগবচ্চরণে একমাত্র ভক্তিপ্রার্থনার কথা বিশেষভাবে কীর্ত্তন করেন। উপস্থিত শত শত ছাত্র, শিক্ষক, ধামবাসী ভক্ত ও ব্রাহ্মণগণের মঙ্গল বিধান করিয়াছেন। সভার আদ্য ও অন্তে মহাজনপদ ও হরিনাম মহামন্ত্র কীর্ত্তন হয়। উপস্থিত সকলেই শ্রীল তীর্থ মহারাজের চেতনোদ্বোধনী বক্তৃতা শ্রবণে পরমানন্দিত ও পরমোপকৃত হন। উপস্থিত ব্যক্তিগণের মধ্যে ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউটের প্রধান শিক্ষক শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী বি-এস্, শ্রীপাদ নন্দকিশোর ভক্তিশাস্ত্রী সুপারিন্টেণ্ডেণ্ট, শ্রীপাদ সত্যকৃষ্ণ দাসাধিকারী বি-এ, শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী ভাগবতপুরাণতীর্থ বেদপাঠক, শ্রীপাদ নরহরিদাস দাসাধিকারী কাব্যতীর্থ, শ্রীপাদ বাসুদেবানন্দ ব্রহ্মচারী, শ্রীপাদ বলরাম ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী, শ্রীপাদ গোবিন্দদাস দাসাধিকারী, শ্রীপাদ মদনমোহন ব্রহ্মচারী, শ্রীযুক্ত নলিনীমোহন বন্দ্যোপাধ্যায় বি, এস্-সি, শ্রীযুক্ত শ্রীনাথচন্দ্র মণ্ডল বি এ, শ্রীযুক্ত সুধাংশু দাস বি. শ্রীযুক্ত গোপাল চৌধুরী, শ্রীযুক্ত মহীপতি দাসাধিকারী প্রভৃতির নাম উল্লেখযোগ্য।

শ্রীবৃন্দাবনে ঊর্জ্জব্রত-পালন

গত ১৫ নবেম্বর অপরাহ্ণে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ শ্রীমদ্ভাগবত হইতে কার্ত্তিক-মাসে শ্রীকৃষ্ণের বন্ধনলীলা পাঠ করেন। কৃষ্ণ যে একমাত্র প্রেমবাধ্য, জগতের কোন প্রাকৃত বস্তু দ্বারা অপ্রাকৃত বস্তুকে পাওয়া যায় না উহা বুঝাইবার জন্য যশোদার সমস্ত চেষ্টা ব্যর্থ হইয়া শেষে রজ্জু দুই অঙ্গুল পরিমাণ কম হইয়াছিল। কৃষ্ণ যখন কৃপাপূর্ব্বক বন্ধন স্বীকার করিলেন তখন অনায়াসেই তাঁহাকে বন্ধন করিতে পারিয়াছিলেন। ইহাই শ্রীকৃষ্ণের প্রেমবাধ্যতার একমাত্র নিদর্শন। সন্ধ্যায় শ্রীপাদ নরোত্তমানন্দ ভক্তিসদন প্রভু শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। সকলেই তাঁহার মুখে হরিকথা শ্রবণ করিয়া পরমানন্দিত হন।

গত ৮ই নবেম্বর সোমবার প্রাতে গোবিন্দকুণ্ড পরিক্রমা হয়। পূর্ব্বাহ্ণে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান আশ্রম মহারাজ শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। মধ্যাহ্নে শ্রীপাদ অনন্তদাস বিদ্যাবিনোদ শ্রীচৈতন্যচরিতামৃত পারায়ণ করেন। অপরাহ্ণে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিকুসুম শ্রৌতী মহারাজ শ্রীমদ্ভাগবত হইতে শ্রীকৃষ্ণের বস্ত্রহরণ-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। সন্ধ্যায় শ্রীপাদ নরোত্তমানন্দ ভক্তিসদন প্রভু শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ ;

শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৪ কেশব, মঙ্গলবার সর্ব্বম গৌরাব্দ ৪৪১

বৈষ্ণব-মর্য্যাদা

——:::(o):::——

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর)

এই জগতের প্রাণিগণের মধ্যে মানবের বিশেষত্ব ও শ্রেষ্ঠত্ব আছে। প্রাণিগণের মধ্যে অধিক চেতনতায় মানবের উত্তরোত্তর উন্নত হইয়াছে। তৎকালীন প্রতীয়মানে পশুও চেতনাবিশিষ্ট বলিয়া তাহার কার্য্যাবলীতে পরিচয় দেয়। ঐহিক ও ব্যবহার-বিচার বিষয়ে পশু ও মানবে অনেকটা সৌসাদৃশ্য আছে। আহার, নিদ্রা, ভয়, মৈথুনাদি ব্যাপারে মানবের সহিত পশুর সাদৃশ্য থাকিলেও মানব পশু অপেক্ষা অধিকতর বুদ্ধিমান্। সেই বুদ্ধিটী অন্য কিছু নহে, মানব কেবল ঐহিক জানা নহে পারলৌকিক জ্ঞানসম্পন্ন। মানবের পারলৌকিক জ্ঞানে বিশেষ বিভাগ পরিলক্ষিত হয়। দেহ ও মন সম্বলিত আত্মপরিচয়ে ঐহিক ও পারত্রিক দুঃখ ও সুখ ভোগের যে প্রবৃত্তিবশে মানব চালিত হন, এ গমনযোগ্য পথকে কর্ম্মপথ বলে। ইহারই নামান্তর প্রবৃত্তি-মার্গ। দেহ ও মন আত্ম-পরিচয়ে যেকালে মানব ঐহিক পারত্রিক ভোগ হইতে বিরত হন এবং দেহ ও মনের চেষ্টাসমূহ রুদ্ধ হয়, সীমিত যখন আবার বন্ধ হয়, সেইকালে অপ্রবৃত্ত দেহ ও মন জ্ঞানের উদ্দেশে অজ্ঞান-পথে চলেন এবং তাদৃশ প্রবৃত্তিপথ পরিহার করিবার ইচ্ছা করেন, উহাই জ্ঞান-পথ বলিয়া সংজ্ঞিত হয়। এই দুই প্রকার পথ ব্যতীত আবার নিত্য আত্মা নিত্যসুখবিশিষ্ট হইয়া অপ্রাকৃত জগতে বৈকুণ্ঠনাথের যে অনুশীলন করেন তাহাই আবার আত্মার নিত্য অনন্যমার্গ বা ভক্তিপথ। ভক্তিপথ কেবল নিবৃত্তিমার্গ নহে, উহা ভোগপর প্রবৃত্তি-মার্গও নহে কিন্তু কৃষ্ণভোগপর প্রবৃত্তি-মার্গ বা অন্যভোগপর নিবৃত্তি-মার্গ। আত্মবস্তুর চেতনের স্বভাব প্রবৃত্তি ও নিবৃত্তিসম্পন্ন। প্রবৃত্তি ও নিবৃত্তি হইতে চিদ্বৈচিত্র্য, তাহা নিত্য এবং শুদ্ধ বৈষ্ণব মাত্রে পরিদৃষ্ট। পরমাত্মার নিত্য প্রবৃত্তি হইতে শুদ্ধবৈষ্ণব এবং আত্মার প্রবৃত্তি হইতে আত্মবর্গের নিত্য সেবন-চেষ্টা। তিনি সেবন-চেষ্টায় উদাসীন হইলেই তাঁহার মনবিলাস বা চিদ্বৈচিত্র্য লাভ হইয়া পড়ে। ভক্তিপথিক মর্দনে জীবের স্বরূপ লাভ-কল্পনা: বৈকুণ্ঠে এবং অপ্রাকৃত গোলোকে লাভ জীব নিত্য সেবোন্মুখে থাকিয়া চিদ্বৃত্তির পরিচয় দেন, এইজন্যই ভক্তিযোগীর মানবমাত্রেরই অপ্রাকৃত জগতে অধিকার আছে বলেন। মানব ব্যতীত অন্য চেতনবিশিষ্ট জীবও কর্ম ও জ্ঞানের পথে অপ্রাকৃত আচরণ করা সম্ভবপর। কিন্তু কর্মজ্ঞানাবরণ মুক্ত হইবার সম্ভাবনা ঘটে নাই। হরি-বিমুখ জ্ঞানী ভক্তকে কোন কারণে অধিকারী নহেন, ভক্ত সচ্চিদানন্দ বস্তুকেও সেবা করিতে সক্ষম নহেন। তিনি সচ্চিদানন্দ বস্তুকে ন্যূনাধিক জড়ের আস্তরে বদ্ধ মনে করেন। এইজন্য তাঁহার নিবৃত্তি-মার্গে এত আদর। ভগবদ্ভক্ত বা বৈষ্ণব বৈকুণ্ঠ-বুদ্ধি বিশিষ্ট। তিনি কর্মী ও জ্ঞানী মানবের ন্যায় মায়িক রাজ্যে বিচরণ করেন না, মায়াবাদ যাহা জীব ও জগতের বিচার করেন না না ভোগ্য ও ভোক্তার বিচার করেন না। বিষ্ণুবৈষ্ণবের অনুগ্রহে কর্মী ও জ্ঞানী উভয়ে ন্যূনাধিক ভগবদ্ভক্তি সৌন্দর্য্য দেখিবার অবকাশ পান এবং ভক্ত-সৌন্দর্য্যে আকৃষ্ট হইয়া কৃষ্ণকে আকর্ষণকারী ও নিজেকে এবং তাঁহার বিষয়বর্গকে আকৃষ্ট-তত্ত্ব উপলব্ধি করেন। কর্মজ্ঞানের আবরণ সেকালে বৈষ্ণবকে বৈষ্ণব জানিবার বাধা দেয় না। যে কালে আত্মাকে ভগবান জানিবার অন্তরায় উপস্থিত হয়, তৎকালে হরি-বিমুখ বদ্ধজীব ও ভোগময় জড়জগৎ দুঃখরূপে উপলব্ধ হয়। সেইকালে জীব আপনাকে প্রকৃতির অতীত ও হরিবিমুখ অভিমান করেন। এই সময় অভিমানবশে জীব কর্ম ও জ্ঞান-পথের পথিক হইয়া প্রবৃত্তি বা নিবৃত্তিমার্গকে আশ্রয় করিতে থাকেন। অপরাত্র প্রাকৃত জগতে যে সকলের অংশ আমরা দেখিতে পাই তাহা বিপরীতক্রমে অপূর্ণ ও হেয়যুক্ত। প্রাকৃত জগতের স্বরূপ হেয় ও অপূর্ণ হইলেও চিজ্জগতের সহিত সম্বন্ধযুক্ত। চিজ্জগতের সত্তা আংশিকভাবে এজগতে আছে বলিয়া পূর্ণতার পরম উপাদেয়ত্ব নিত্য বৈকুণ্ঠে তাহার নিত্য পূর্ণ অবস্থা অবস্থান নাই—এইরূপ মায়িক যুক্তিচাতুর্য্য যাঁহারা প্রদর্শন করেন, তাঁহাদিগকে শাস্ত্র মায়াবাদী বলে। তাঁহারা স্বরূপতঃ বৈষ্ণব হইলেও বিমুখতাকালে মায়াবাদী বা অবৈষ্ণব। এই মায়াবাদ বা অবৈষ্ণবভাব হইতে জীবাত্মা যখন মুক্ত হইয়া আত্মস্বরূপ উপলব্ধি করিয়া হরিসেবাপর হন, তখনই পারমার্থে আপনাকে বৈষ্ণব বলিয়া জানিতে পারেন। বৈষ্ণবের মর্য্যাদা অন্যত্র উপলব্ধি না হইলে জানিতে পারেন জীবাত্মার নিত্য স্বরূপগত ধর্ম্ম স্ফূর্ত্তি প্রাপ্ত হয়।

[illegible] শ্রমিকগণের ধর্ম্মঘট গত ২০শে নভেম্বর আপোষ মীমাংসা হইয়া বাঙ্গলার ধর্ম্মঘটকারিগণ সরকারী কাজে যোগদান করিয়াছে। গত [illegible] হইতে [illegible] শ্রমিকগণ ধর্ম্মঘট আরম্ভ করিয়াছিল।

বাঙ্গলায় ডাকাতির সংখ্যা

পুলিশের নিকট বাঙ্গলার বিভিন্ন জিলা হইতে নভেম্বর মাসের প্রথম সপ্তাহে ১১টী ডাকাতি হইয়াছে বলিয়া সংবাদ আসিয়াছে। এতদ্বারা ডাকাতির সংখ্যা পূর্ব্ববর্ত্তী সপ্তাহ অপেক্ষা সামান্য বৃদ্ধি পাইয়াছে বলিয়া প্রতীয়মান হয়। এইসব ডাকাতির মধ্যে দিনাজপুর, মালদহ ও বাখরগঞ্জ প্রত্যেক জিলা হইতে ২টী, বর্দ্ধমান, মেদিনীপুর, যশোহর, ফরিদপুর ও ত্রিপুরা প্রত্যেক জিলা হইতে ১টী করিয়া ডাকাতির সংবাদ পাওয়া গিয়াছে।

১৯৩৭ সালের অক্টোবর মাসে বাঙ্গলার বিভিন্ন জেলা হইতে ৩৭টী ডাকাতির সংবাদ পাওয়া গিয়াছিল এবং তৎপূর্ব্ববর্ত্তী বৎসরের ঐ মাসে বাঙ্গলার বিভিন্ন জিলা হইতে ৫২টী ডাকাতির সংবাদ পাওয়া গিয়াছিল।

পূর্ব্ববঙ্গ সঙ্গীত-সম্মেলন

আগামী ডিসেম্বর মাসে পূর্ব্ববঙ্গ সঙ্গীত-সম্মেলনের অধিবেশন হইবার কথা ছিল, কিন্তু কলিকাতার নিখিলবঙ্গ সঙ্গীত-সম্মেলনের অধিবেশন স্থগিত হওয়ায় এবং আরও অন্যান্য কারণ বশতঃ পূর্ব্ব সঙ্গীত-সম্মেলনের অধিবেশনও স্থগিত রাখা হইয়াছে। কলিকাতার নিখিলবঙ্গ সঙ্গীত-সম্মেলনের কর্ম্মকর্ত্তাগণের সহিত আলোচনা করিয়া পরে উক্ত সম্মেলনের তারিখ ধার্য্য করা হইবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার ডাঃ রমেশচন্দ্র মজুমদার পূর্ব্ববঙ্গ সঙ্গীত-সম্মেলনের অভ্যর্থনা সমিতির সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র — ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৯৲
৩। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৪। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸৹; ২য় খণ্ড ১; ৩য় খণ্ড—৸৹
৪র্থ খণ্ড—৸৹
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸৹
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।৹
৯। বৈষ্ণব ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৪। নামকণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।৹
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।৹
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹
১৭। চৈতন্যোপনিষদ ।৹
১৮। ব্রাহ্মণ-আলবর ।৹
১৯। তত্ত্ববিবেক ।৹
২০। গৌড়ীয়-গৌরব ।৶৹
২১। গৌড়ীয়-শাসনতত্ত্ব ।৶৹
২২ ভজন-রহস্য ।৹
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল বাঙ্গলা-ভাষ্য ।৹
২৭। মুক্তিবাদিকা ওণসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।৹
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸৹
৩০। দীপ-দিগ্-দর্শন ৶৹
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶৹
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।৹
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹
৩৫। গীতমালা ⁄১৹
৩৬। নবদ্বীপধাম-মাহাত্ম্য ৶৹
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶৹
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।৹
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।৹
৪০। শরণাগতি ⁄৹
৪১। গীতাবলী ⁄৹
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸৹
৪৩। সাধনতত্ত্ব ⁄৹
[illegible]। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄৹
৪৫। নবদ্বীপশতক ⁄৹
৪৬। অর্থপঞ্চক ⁄৹
৪৭। সদাচারস্মৃতিঃ ⁄৹
৪৮। [illegible] ⁄১৹
৪৯। অর্চনকণ ⁄১৹
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।৹
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।৹
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।৹
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।৹
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶৹
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।৹
৫৮। শ্রীকৃষ্ণদেব ৶৹
৫৯। শিক্ষাদর্পণ ৶৹
৬০। সাংখ্যবাণী ⁄৹

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।৹
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।৹
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।৹
৬৪। তত্ত্বসূত্রম্ ।৹
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶৹
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ⁄৹
৬৭। সারাংশবর্ণনম্ ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।৹
৬৯। এ কিউ ওয়ার্ড স অন বেদান্ত ।৹
৭০। নামভজন ⁄৹
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী য্যাণ্ড অন্টলজি ।৹
৭২। রিলেটিভ ওয়ার্লড্স ।৶৹
৭৩। লাইফ য্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।৹
৭৪। বৈষ্ণবীজম্ ।৹
৭৫। কোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ⁄৹
৭৬। দি ভাগবত ।৹
৭৭। ইরোটিক প্রিন্সিপাল য্যাণ্ড আনয়ালয়েড ডিভোসন ।৹
৭৮। ব্রহ্মসংহিতা ২।৹
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অনুভ্ গোর) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।৹
৮১। সাধন-পথ ।৹
৮২। কল্যাণ-কল্পতরু ৶৹
৮৩। গীতাবলী ⁄৹
৮৪। শরণাগতি ⁄৹

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৮৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
১নং উল্টাডিঙ্গি জংশন রোড, শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরিব্রাজক গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪।৹ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।৹ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীগৌর-মন্দির হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।৹।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।৹ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রকাশিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।৹ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কীত করা
হইয়াছে।

———:০:———

নির্ব্বিশেষ ভক্তভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এইগ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড ডবল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৩০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৩৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শ বর্ষ শ্রীগৌরাব্দ ৪৫১, ১০ই অগ্রহায়ণ বঙ্গাব্দ ১৩৪৪, ২৬শে নভেম্বর ১৯৩৭, শুক্রবার : ১৩শ সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

ছায়াচিত্রযোগে বক্তৃতা

বিগত ১৮ই নভেম্বর বৃহস্পতিবার সন্ধ্যা ৬ ঘটিকা হইতে প্রায় ৭॥০ ঘটিকা পর্য্যন্ত ঢাকা বুড়িগঙ্গা নদীতীরস্থ করোনেশন-পার্কে শ্রীগৌড়ীয়মঠের প্রচারক পণ্ডিত শ্রীপাদ জ্ঞানেন্দ্র চট্টোপাধ্যায় ভক্তিশাস্ত্রী শ্রীধামমায়াপুর ও গৌরলীলা-সম্বন্ধে ছায়া চিত্রযোগে বক্তৃতা করিয়াছেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হইয়াছিল। সমবেত জনসাধারণ ছায়াচিত্র দর্শন ও বক্তৃতা শ্রবণে পরমপ্রীত লাভ করিয়াছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিন্দুধর্ম্মশিক্ষা-সংঘের আহ্বানে গৌড়ীয়মঠের প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ বিগত ১৯শে নভেম্বর শুক্রবার দিবস অপরাহ্ণ ৬ঘটিকা হইতে প্রায় ৭॥০ ঘটিকা পর্য্যন্ত ঢাকা জগন্নাথ হলে 'ধর্ম্মের প্রয়োজনীয়তা' ও ২০শে নভেম্বর তারিখ শনিবার দিবস অপরাহ্ণ ৬ ঘটিকা হইতে প্রায় ৭॥০ ঘটিকা পর্য্যন্ত ঢাকা মিটন হলে 'ধর্ম্ম ও সভ্যতা' সম্বন্ধে যথাক্রমে দুইটি বক্তৃতা প্রদান করিয়াছেন। বক্তৃতার আদি ও অন্তে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিচার যাযাবর মহারাজ তাঁহার স্বভাবসুলভ সুললিতকণ্ঠে মহাজন-পদাবলী কীর্ত্তন করিয়াছেন। বক্তৃতা ও কীর্ত্তন-শ্রবণে উপস্থিত ছাত্রগণ ও নাগরিকগণের চিত্ত বিশেষ আকৃষ্ট হইয়াছিল।

কাশীতে প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক পণ্ডিত শ্রীপাদ সদানন্দ ব্রহ্মচারী গত ২০শে নভেম্বর কাশীর বেঙ্গলীটোলা হাইস্কুলের প্রধানশিক্ষক কর্ত্তৃক আহূত হইয়া বেলা ২॥০টা হইতে ৩॥০টা পর্য্যন্ত 'আমাদের কর্ত্তব্য' সম্বন্ধে একটী সারগর্ভ বক্তৃতা প্রদান করেন। ব্রহ্মচারীজীর বক্তৃতা শ্রবণে শিক্ষকগণ ও ছাত্রবৃন্দ আনন্দ প্রকাশ করেন, বক্তৃতান্তে প্রধানশিক্ষক সকলের পক্ষ হইতে ব্রহ্মচারীজীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভা ভঙ্গ হয়।

বাঁকীপুর ও প্রচার

বর্ত্তমান শ্রীগৌড়ীয়মঠাচার্য্য পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুর পূর্ব্বাশ্রমের শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ শ্রীমদ্ভাগবত-পাঠ ও কীর্ত্তন-সভায় কর্ত্তৃক আহূত হইয়া শ্রীমদ্ভাগবত-প্রভৃতি শাস্ত্রপাঠ-প্রচারার্থ কতিপয় ব্রহ্মচারী সহ তথায় গমন করেন।

হংসেশ্বর শ্রীএকায়নমঠে শ্রীল গৌরকিশোর বিরহোৎসব

গত ২৮শে কার্ত্তিক রবিবার এবং ২৯শে কার্ত্তিক সোমবার উভয় দিবস হংসেশ্বর শ্রীএকায়নমঠে শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজের বিরহোৎসব পাঠ-কীর্ত্তনমুখে যথারীতি অনুষ্ঠিত হইয়াছে। সোমবার বাসরে দিবস প্রভুর অর্চ্চনান্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হয়। বেলা ১০ ঘটিকা হইতে ১২ ঘটিকা পর্য্যন্ত শ্রীপাদ কৃপাসিন্ধু ব্রহ্মচারী মহোদয় 'গৌড়ীয়' পত্রিকা হইতে শ্রীল বাবাজী মহারাজের পূত চরিত্র বিষয়ক প্রবন্ধ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের পর প্রায় শতাধিক নরনারীকে প্রসাদ বিতরণ করা হয়। অপরাহ্ণে ... শ্রীপাদ মধুসূদন মহাশয়গণ ... বক্তব্য প্রদর্শন করিয়াছেন।

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের আবির্ভাব উৎসব

শ্রীগৌড়ীয়মঠের শাখা ত্রিপুরা জেলার অন্তর্গত ... শ্রী ১৯শে কার্ত্তিক মঙ্গলবার বিগত ৫ই অগ্রহায়ণ রবিবার দিবস ঢাকা শ্রীমদ্ গৌড়ীয়মঠে তাঁহার পরলোকগত ... পারলৌকিক শ্রীপাদ প্রাণকৃষ্ণ ব্রহ্মচারীর পৌরোহিত্যে শ্রীহরিনামকীর্ত্তনাদির বিধান অনুসারে একাদশাহে মহাপ্রসাদ দ্বারা সম্পন্ন করিয়াছেন। এতদুপলক্ষে বৈষ্ণব-সজ্জনগণকে মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছিল।

আচার্য্যবাণী

(৫ম পৃষ্ঠার পর)

সংরক্ষিত। একজন বাউলকবির আকাঙ্ক্ষা 'ভাই নিমাই বলো শুনাই ভজনের' 'চৈতন্য এত আদি-অন্ত না হ বোধ। কেন মত দেন ন ... সেই মত নাম।' 'কাঞ্চন পুতুলী যেন কুঞ্জে নাচায়। ... কোথায় গেলে যে সম্বন্ধ' ... পদাবলে আর বৈষ্ণব-প্রভৃতিরা ... শিক্ষা প্রদান করিয়াছেন। 'শ্রীমন্মহাপ্রভু না অভাবিতে অন্যে কি আসবে ...' ... যে কি বৈষ্ণব ... সমাজে নিয়ত বাণী ... ইত্যাদি মহাজনবাক্য সমস্ত অনুধাবনীয়। ... শ্রীগৌরসুন্দর ও তাঁহার পার্ষদগণের ইচ্ছা একটি প্রকার দেখা গেছে ঠাকুর ... সাধক ঠাকুর ... গৌরাঙ্গ সাথাই ... বাঙ্গালাদেশ কাঙ্গাল লোকের নিকট ... ইত্যাদি কথা ... ভক্তগণের পাদপদ্ম বন্দনা করিয়া গাহিয়াছেন—

"সকৌবার পায়ে করি নমস্কার।
তবে আগত কিছু নহে আমার।"

গৌরবিমুখ ... অবশ্যই অত্যাচার বিস্তার করিতেছেন, তাহার ... প্রকৃত ... দেখিয়া ... আজ বিবিধ উপদেশ ... উদ্ধার ... বৈষ্ণব ... সেই বৈষ্ণব ... হইলে অঙ্গবন্ধ লাভ হয়, বস্তুর বস্তু, ... এ-প্রকার ... ইন্দ্রিয় ... জড়ভাব সংবর্দ্ধিত করে।

"হরিভজন ব্যতীত জীবের আর কোনও কর্ত্তব্য নাই। বালক হউক, বৃদ্ধ হউক, যুবা হউক, স্ত্রী হউক, পুরুষ হউক, পণ্ডিত হউক, মূর্খ হউক, ধনী হউক, দরিদ্র হউক, রূপবান্ হউক, পুণ্যবান্ হউক, পাপী হউক, যে যে অবস্থায় থাকে থাকুক, তাঁদের অন্য সাধন-প্রণালী আর কিছুই নাই, 'সাধন'—একমাত্র শ্রীকৃষ্ণসংকীর্ত্তন।"

(বক্তৃতাবলী তৃতীয় খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৮ কেশব, বিধি গর্ত্তোদশায়ী গৌরাব্দ ৪৫১

শাস্ত্র

'শাস্' ধাতু হইতে শাস্ত্র-শব্দ নিষ্পন্ন। 'শাস্' ধাতুর অর্থ শাসন করা। যাহা আমাদের মনোধর্ম্মরূপ উচ্ছৃঙ্খলতার শাসক, সেই ভ্রমপ্রমাদরহিত শব্দরাশিই শাস্ত্র। আমরা বদ্ধজীব, সুতরাং আমরা স্বভাবতঃই শাসনযোগ্য। হরি, গুরু, বৈষ্ণব—আমাদের এই নিত্যবন্ধুগণ অপ্রাকৃত বস্তু। ইঁহারা ব্যতীত আমাদের নিত্য-শাসক, মঙ্গলাকাঙ্ক্ষী বলিতে আর কেহ নাই। কিন্তু আমাদের এমনই দুর্দ্দৈব যে, যাঁহারা আমাদের জীবন-সর্ব্বস্ব ও প্রাণস্বরূপ, বস্তুবিচারে আমাদের পরম সুহৃৎ, যাঁহাদের পদাশ্রয় হইয়া সর্ব্বদা অবস্থান, যাঁহাদের কৃপা, সঙ্গ ও সেবা ব্যতীত সাধুশাস্ত্রগণের উদ্ধারের আর কোনও উপায় নাই, সেই পতিতপাবনগণের প্রতিই আমাদের বহু সন্দেহ, বহু অবিশ্বাস। আমরা পরমার্থ-বিষয়ে অন্ধ ছিলাম এবং বর্ত্তমানে জড়বুদ্ধিই আমাদের একমাত্র সম্বল হইয়াছে বলিয়া আমরা প্রত্যক্ষ প্রমাণাদির উপর নির্ভর করিয়া অপ্রাকৃত পরব্যোমের বাস্তব-বস্তু ভগবান্ ও তদীয়গণের বার্ত্তা সংগ্রহ করিবার সৌভাগ্য বরণ করিতে পারিতেছি না। আমরা যে অন্ধ, আলোর সন্ধান পাইব কি করিয়া? কিন্তু দীনদয়াল ভগবানের দয়ার সীমা নাই। তিনি আমাদের এই দুরবস্থা দেখিয়া শাস্ত্ররূপে—শব্দরূপে এজগতে অবতীর্ণ হইয়াছেন। সেই শব্দ বা শাস্ত্র আমাদের নিয়ামক এবং শাসকরূপে উদিত হইয়া সচ্চিদানন্দবিগ্রহ আমাদের নিকট নিরন্তর সত্যের বাণী নির্ভীকভাবে কীর্ত্তন করিয়া আমাদের যাবতীয় সন্দেহাদি নিরসনপূর্ব্বক জীবকল্যাণবিধানে ব্রতী হইয়াছেন। বদ্ধজীব আমরা, ভ্রম, প্রমাদ, করণাপাটব, বিপ্রলিপ্সা আদি দোষদুষ্ট। প্রাকৃত কোন বস্তুবিশেষের সম্যক্ ধারণা করাই যখন আমাদের পক্ষে অসম্ভব, তখন প্রত্যক্ষাদি দ্বারা প্রাকৃতাতীত বস্তুকে আমরা কিরূপে ধারণা করিতে পারিব? সুতরাং ভগবৎকৃপায় ভ্রম-প্রমাদাদি-দোষচতুষ্টয়মুক্ত শাস্ত্র যদি প্রকটিত না হইতেন, তাহা হইলে আমাদের যে কি দুর্গতি হইত, অজ্ঞানজলধির কোন্ অতলতলে পড়িয়া আমরা যে কি অশেষ দুঃখ ভোগ করিতাম, তাহা কি আমাদের চিন্তার বিষয় হইবে না? জীবের একমাত্র বন্ধু গ্রন্থ-ভাগবত বা শাস্ত্র কি আমাদের পরমাদরণীয় বা জীবন-সর্ব্বস্ব বা নিত্যসঙ্গী হইবে না? শ্রীচৈতন্যচরিতামৃতে আমরা পাই—

কৃষ্ণ ভুলি' সেই জীব—অনাদি-বহির্ম্মুখ।
অতএব মায়া তারে দেয় সংসারাদি দুঃখ॥
কভু স্বর্গে উঠায়, কভু নরকে ডুবায়।
দণ্ড্যজনে রাজা যেন নদীতে চুবায়॥
সাধু-শাস্ত্র-কৃপায় যদি কৃষ্ণোন্মুখ হয়।
সেই জীব নিস্তরে মায়া তাহারে ছাড়য়॥
মায়ামুগ্ধ জীবের নাহি কৃষ্ণস্মৃতি-জ্ঞান।
জীবেরে কৃপায় কৈলা কৃষ্ণ বেদ-পুরাণ॥
শাস্ত্র-গুরু-আত্মরূপে আপনারে জানান।
'কৃষ্ণ মোর প্রভু, ত্রাতা'—জীবের
হয় জ্ঞান।

ইহার দৃষ্টান্ত যৈছে দরিদ্রের ঘরে।
সর্ব্বজ্ঞ আসি দুঃখ দেখি' পুছয়ে তাহারে॥
তুমি কেন এত দুঃখী
তোমার আছে পিতৃধন।
তোমারে না কহিল অন্যত্র ছাড়িল জীবন॥
সর্ব্বজ্ঞের বাক্যে করে ধনের উদ্দেশ।
ঐছে বেদপুরাণ জীবে কৃষ্ণ-উপদেশ॥
বেদশাস্ত্র কহে—সম্বন্ধ, অভিধেয়, প্রয়োজন।
কৃষ্ণ প্রাপ্য সম্বন্ধ, ভক্তি প্রাপ্ত্যের সাধন॥
অভিধেয় নাম—ভক্তি, প্রেম—প্রয়োজন।
পুরুষার্থশিরোমণি—প্রেম মহাধন॥"

অতএব অনাদিকালবশতঃ মায়াকবলিত হইয়া জীব কৃষ্ণস্মৃতিজ্ঞান হইতে বঞ্চিত হন দেখিয়া পরম করুণাময় ভগবান্ কৃষ্ণ বেদপুরাণাদি শাস্ত্র প্রকাশ পূর্ব্বক সেই শাস্ত্ররূপে, শাস্ত্রার্থপ্রকাশক গুরু এবং অন্তর্য্যামী চৈত্ত্যগুরু—এই তিন রূপে জগতে উদিত হইয়া জীবকে নিজতত্ত্ব অবগত করান। সর্ব্ববেদশাস্ত্রে সম্বন্ধজ্ঞান, অভিধেয়-জ্ঞান ও প্রয়োজন-জ্ঞানের শিক্ষা আছে। জীবের প্রাপ্য কৃষ্ণ যে কি তত্ত্ব তাহা সম্বন্ধজ্ঞানে পাওয়া যায়। সেই কৃষ্ণপ্রাপ্তি-সাধনের নাম ভক্তি, তাহাকে অভিধেয় বলে। আর কৃষ্ণপ্রাপ্তিতে প্রেম বলিয়া যে একটী বিচিত্র ব্যাপার আছে, তাহাই প্রয়োজন। সর্ব্বজ্ঞ যেমন দরিদ্রকে তাহার পিতৃধনের সন্ধান প্রদান করিয়া থাকে, বেদ-পুরাণাদি শাস্ত্রও সেইরূপ জীবকে তাহার নিত্যধন-প্রাণ শ্রীকৃষ্ণের সন্ধান প্রদানপূর্ব্বক রক্ষা করিয়া থাকেন।

আম্নায়-পারম্পর্য্যে অবতীর্ণ নিরস্তকুহক নিত্য সত্যই যথার্থ শাস্ত্র। স্বকপোলকল্পিত বা দেশ কাল-পরিচ্ছিন্ন মত কখনও শাস্ত্র-পদবাচ্য নহে। যাজ্ঞবল্ক্য-মৈত্রেয়ী-সংবাদে আমরা জানিতে পারি যে, চতুর্বেদ, ইতিহাস ও পুরাণাদি শাস্ত্র পরমেশ্বরের নিঃশ্বাসস্বরূপ জগতে প্রকটিত হইয়াছে। একমাত্র ভগবদ্বাক্যই আমার বাক্যই শাস্ত্র—ইহাই সাধু মহাজনের উপদেশ। শাস্ত্রবচন উদ্ধার করিয়া শ্রীপাদ মধ্বমুনি বলিয়াছেন,—

ঋগ্‌যজুঃসামাথর্ব্বাশ্চ ভারতং
পঞ্চরাত্রকম্।
মূলরামায়ণঞ্চৈব শাস্ত্রমিত্যভিধীয়তে॥
যচ্চানুকূলমেতস্য তচ্চ শাস্ত্রং প্রকীর্ত্তিতম্।
অতোঽন্যগ্রন্থবিস্তারো নৈব শাস্ত্রং
কুবর্ত্ম তৎ॥

অর্থাৎ ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই চারি বেদ এবং মহাভারত, মূল রামায়ণ ও পঞ্চরাত্র—এই সকলই শাস্ত্র বলিয়া কথিত হইয়াছে। ইহাদের অনুকূল যে সকল গ্রন্থ তাহাও শাস্ত্র মধ্যে পরিগণিত। এতদ্ব্যতীত যে সকল গ্রন্থ তাহা শাস্ত্র ত' নহেই বরং তাহাকে কুবর্ত্ম বলা যায়।

আমরা চারি বেদ ও অষ্টাদশ পুরাণের কথা শুনিতে পাই। তন্মধ্যে ছয়টি সাত্ত্বিক, ছয়টি রাজসিক ও অন্য ছয়টি তামসিক বলিয়া কথিত। বিষ্ণুপুরাণ, নারদীয়পুরাণ, শ্রীমদ্ভাগবতপুরাণ, গরুড়পুরাণ, পদ্মপুরাণ এবং বরাহপুরাণ—এই ছয়টি সাত্ত্বিক পুরাণ; ব্রহ্মাণ্ড, ব্রহ্মবৈবর্ত্ত, মার্কণ্ডেয়, ভবিষ্য, বামন ও ব্রহ্মপুরাণ—এই ছয়টি রাজসিক এবং মৎস্য, কূর্ম্ম, লিঙ্গ, শিব, স্কন্দ ও অগ্নিপুরাণ—এই ছয়টি তামসিক পুরাণ। সাত্ত্বিক-পুরাণে শাস্ত্রে হরির মহিমা ও জীবের নিত্যমঙ্গলের কথাই অধিক বর্ণিত হইয়াছে। রাজসিক পুরাণে ব্রহ্মার মাহাত্ম্য এবং তামসিক পুরাণে ব্রহ্মার চার অগ্নি, শিব ও দুর্গার মাহাত্ম্য, আর সঙ্কীর্ণ অর্থাৎ সত্ত্বরজস্তমোময় বিমিশ্র শাস্ত্রে সরস্বতী প্রভৃতি নানা দেবতার মাহাত্ম্য ও পিতৃলোকের মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে।

জগদ্গুরু শ্রীশ্রীল প্রভুপাদও গৌড়ীয়-ভাষ্যে লিখিয়াছেন—'যে সকল নিরস্তকুহক সাত্বতশাস্ত্রে কৃষ্ণভক্তি প্রতিপাদন ও কীর্ত্তন করেন,—সেইসকল শাস্ত্রই সত্য ও সাত্ত্বত-নিদর্শক। যদি কোন শাস্ত্রে কৃষ্ণের নাম, রূপ, গুণ ও কৃষ্ণের পরিকর ও লীলার কথা প্রচুর না কীর্ত্তিত না থাকে অথবা কৃষ্ণভক্তের নিত্যত্ব ও সর্ব্বশ্রেষ্ঠ গৌরব-মাহাত্ম্য বর্ণিত না থাকে, অথবা একমাত্র কৃষ্ণভক্তিরই সর্ব্বোত্তম অভিধেয়ত্ব লিখিত না থাকে, তাহা হইলে উহাকে 'শাস্ত্র' বলিবার পরিবর্ত্তে 'পাষণ্ডীর গ্রন্থ' বলিয়া বুদ্ধিমজ্জনে কখনই অনুশীলন করিবে না।' স্বয়ং ভগবান্ শ্রীমন্মহাপ্রভুর উক্তিতেও আমরা পাই—

সত্য কৃষ্ণনাম-গুণ-শ্রবণ-কীর্ত্তন।
সত্য কৃষ্ণচন্দ্রের সেবক যে যে জন॥
সেই শাস্ত্র সত্য—কৃষ্ণভক্তি কহে যায়।
অন্যথা হইলে শাস্ত্র পাষণ্ড পায়॥
'যস্মিন্ শাস্ত্রে পুরাণে বা হরিভক্তির্ন
দৃশ্যতে।
শ্রোতব্যং নৈব তৎ শাস্ত্রং যদি ব্রহ্মা
স্বয়ং বদেৎ॥

[যে শাস্ত্রে বা পুরাণে একমাত্র শ্রীহরিভক্তি মুখ্যতাৎপর্য্যরূপে দৃষ্ট হয় না, সাক্ষাৎ চতুর্ম্মুখও যদি সেই শাস্ত্র শুনাইতে আসেন, তাহা হইলেও কখনই কোন প্রকারেই তাহা কাহারও শ্রবণ করা উচিত নহে।]

শ্রীমদ্ভাগবতই অমল পুরাণ ও সর্ব্বশাস্ত্র-শিরোমণি। শ্রীকৃষ্ণের অপ্রকটে প্রত্যক্ষমূর্ত্তি স্বরূপে শ্রীমদ্ভাগবত জীবকল্যাণার্থ পুরাণ-সূর্য্যরূপে সমস্ত ধর্ম্মজ্ঞানাদির সহিত এ জগতে নষ্ট-দৃষ্টি পুরুষগণের প্রয়োজনসিদ্ধির আশয়ে কৃপাপূর্ব্বক উদিত হইয়াছেন। পরমহংসগণের প্রিয় পারমহংসী-সংহিতা শ্রীমদ্ভাগবত ব্রহ্মসূত্রের অর্থ, মহাভারতের তাৎপর্য্যনির্ণয়, গায়ত্রীর ভাষ্য এবং সমস্ত বেদের তাৎপর্য্য দ্বারা সমন্বিত। ইহাতে নির্ম্মৎসর সাধুগণের জন্য ধর্ম্মার্থকামমোক্ষ প্রভৃতি কৈতবশূন্য পরমধর্ম্ম ব্যাখ্যাত হইয়াছে। সেই ধর্ম্ম জীবের নিত্যমঙ্গলপ্রদ, শিবদ ও বাস্তব বস্তুপ্রকাশক। দুঃখ-দূরের উপায় এবং বেদান্ত প্রতিপাদ্য এই শ্রীমদ্ভাগবত-ধর্ম্মের ব্যাখ্যান কেবলমাত্র ঈশ্বরকে হৃদয়ে অবরুদ্ধ করিতে সমর্থ হন।

কৃষ্ণভক্তি-রস-স্বরূপ শ্রীভাগবত।
তাতে বেদ-শাস্ত্র হৈতে পরম মহত্ত্ব॥
(চৈঃ চঃ)

সর্ব্ব পুরুষার্থ 'ভক্তি' ভাগবতে হয়।
প্রেমরূপ ভাগবতে চারিবেদে কয়॥
চারিবেদ—দধি, ভাগবত নবনীত।
মথিলেন শুকে—খাইলেন পরীক্ষিত॥
(চৈঃ চঃ)

কৃষ্ণতুল্য ভাগবত বিভু সর্ব্বাশ্রয়।
প্রতি শ্লোকে, প্রতি অক্ষরে নানা
অর্থ কয়॥
(চৈঃ চঃ)

কৃষ্ণ তারে দেন নিজ-চিচ্ছক্তি বল। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্বল॥

ভাগবত, তুলসী, গঙ্গা, ভক্তজন।
চতুর্দ্ধা বিগ্রহ কৃষ্ণ এই চারি সনে॥
যতকিছু ভাগবত সর্ব্বশাস্ত্রে কয়।
ইহা না বুঝিবে বিদ্যা, তপ, প্রতিষ্ঠায়॥
'ভাগবত বুঝি'—হেন যার আছে জ্ঞান।
সে না জানে কভু ভাগবতের প্রমাণ॥
ভাগবতে অচিন্ত্য ঈশ্বরবুদ্ধি যার।
সে জানয়ে ভাগবত-অর্থ—ভক্তিসার॥
(চৈঃ ভাঃ)

অহং বেদ্মি শুকো বেত্তি ব্যাসো
বেত্তি ন বেত্তি বা।
ভক্ত্যা ভাগবতং গ্রাহ্যং ন বুদ্ধ্যা ন
চ টীকয়া॥
(শিববাক্য)

ভক্তি দ্বারাই ভাগবত-তাৎপর্য্য জীবের উপলব্ধির বিষয় হয়। কিন্তু বিদ্যা, বুদ্ধি বা টীকাদ্বারা তাহাকে জানা যায় না। এই শ্রীমদ্ভাগবত-শাস্ত্র স্বয়ং বস্তু। তিনি আমাদের গুরু বা শাসক, এজন্যে প্রপন্ন হইয়া—শিষ্য হইয়া তাঁহার চরণে আত্মনিবেদন করিলে তিনি কৃপা পূর্ব্বক ভক্তগণ অনুগত জনের হৃদয়ে স্বতঃই স্ফূর্তি প্রাপ্ত হন। সেবোন্মুখ কৃপার্থী শিষ্যের নিকটই তিনি স্ব-স্বরূপ প্রকাশ করেন। বহুবিধ শাস্ত্রালোচনা, শাস্ত্রানুশীলন বা শাস্ত্র-পাঠ। এই শাস্ত্র আমাদের নিত্যোপাস্য বস্তু। সুতরাং তাঁহাকে সেবাই করিতে হইবে। তাঁহাকে পণ্যদ্রব্য করিয়া নিজেন্দ্রিয়তর্পণ করিতে হইবে না।

রাজস ও তামস শাস্ত্রে দেবাদির মহিমা, পশুবধ, মদ্যপানাদি বহু কথা লিখিত আছে। এই সকল শাস্ত্রের উদ্দেশ্য বন্ধজীবগণকে সোপানক্রমে প্রবুদ্ধ করিয়া ভগবানের দিকে উন্মুখ করা। কণ্টকের দ্বারা বিদ্ধ কণ্টককে নিষ্কাশিত করিয়া উভয় কণ্টকই দূরে নিক্ষেপ করিতে হইবে, ইহাই শাস্ত্রের উদ্দেশ্য। কিন্তু আরোহিগণ এক কণ্টক উত্তোলন করিতে গিয়া দ্বিতীয় কণ্টকে আবদ্ধ হইয়া পড়েন। আমরা দেখিতে পাই, বৈষ্ণবাদি ভক্তগণ সাধ্যস্থল ব্যতীত অন্য বাক্যে আবদ্ধ হইয়া নিষ্কপটে সত্যের সন্ধান পান নাই। এজন্য জীবগোস্বামিপাদ স্পষ্ট শব্দে লিখিয়াছেন, পুরাণ ও বেদ-প্রামাণিক শাস্ত্রের সম্পূর্ণ অংশ বুদ্ধিগোচর না হওয়ায় একাংশ অবলম্বনে নানা দেবতার মহিমা ও উপাসনার বিষয় উল্লেখ দেখিয়া অর্ব্বাচীন বুদ্ধিহীন ব্যক্তিগণ শাস্ত্রের তাৎপর্য্যনির্ণয়ে অক্ষম হইয়া পড়ে। সুতরাং জীবাত্মার উপাস্য বা সম্বন্ধ বস্তু নির্দ্দেশ সমস্যাজনক হয়। তিনি আরও লিখিয়াছেন, শ্রীবেদব্যাস নিখিল পুরাণ-শাস্ত্র ও বেদান্ত প্রণয়ন করিয়াও যখন নিজের প্রকৃতার্থ প্রকাশ সম্বন্ধে সন্দিহান তখন শ্রীনারদের নির্দ্দেশ অনুসারে সমাধিস্থ হইয়া তত্ত্ব-নির্ণয় করিয়া শ্রীমদ্ভাগবত প্রকাশ করেন। শ্রীমদ্ভাগবত প্রণয়নের পর তিনি শান্তিলাভ করিলেন। এই শ্রীমদ্ভাগবতশাস্ত্রে সর্ব্বশাস্ত্রের সমন্বয়মূলক তাৎপর্য্য পাওয়া যায়।

শ্রীভগবানের নির্দেশ পালন ও প্রচার জন্য এই বিবিধ শাস্ত্রই নিত্য। স্বেচ্ছাচারিক ভগবান্ একদিকে যেমন জীবের দুর্গতি দেখিয়া আত্মমঙ্গলপ্রতিপাদক শাস্ত্রসমূহ প্রণয়ন করিয়াছেন, অপরদিকেও সেইরূপ মোহনশাস্ত্র জগতে প্রচার করিয়া দুষ্কৃতিজনগণকে আরও মোহিত করিয়াছেন। যথা কৌর্ম্মে—

এবংবিধানি চান্যানি মোহনার্থানি
তানি তু।
ময়া সৃষ্টানি চান্যানি মোহো
যেষাং ভবার্ণবে॥

শিবগণকে উমাদেবী বলিয়াছেন—

কাপালিক, নাকুল, পাশুপত, বাম, কৈরব প্রভৃতি শাস্ত্র মোহিত জীবকে মোহন করিবার নিমিত্ত আমিই সৃষ্টি করিয়াছি।

বরাহ পুরাণে শ্রীভগবান্ মহাদেবকে মোহনশাস্ত্র প্রণয়নের জন্য আদেশ করিয়াছেন—

এষ মোহং সৃজাম্যাশু যো জনান্
মোহয়িষ্যতি।
ত্বঞ্চ রুদ্র মহাবাহো মোহশাস্ত্রাণি কারয়॥

পদ্মপুরাণে শঙ্কর বৌদ্ধবাদ-মায়াবাদরূপ অসচ্ছাস্ত্র কলিতে প্রচার করিবেন বলিয়া উমাদেবীকে বলিয়াছেন—

মায়াবাদমসচ্ছাস্ত্রং প্রচ্ছন্নং বৌদ্ধমেব চ।
ময়ৈব বিহিতং দেবি কলৌ ব্রাহ্মণমূর্ত্তিনা॥

একদিকে জৈমিনি প্রভৃতি ঋষিগণ বেদের কর্ম্মবাদে মোহিত আর অপরদিকে শাক্যসিংহগণ অতি বিতর্ক পড়িয়া মুগ্ধ। বৌদ্ধ বেদ অস্বীকার করিয়া নাস্তিক এবং মায়াবাদিগণ বেদ স্বীকার করিয়া আরও নাস্তিক। স্পষ্টপ্রমাণ মুখে স্বীকার করিলেও তাঁহারা প্রকৃত বেদের প্রামাণ্য প্রদর্শন করেন। সুতরাং তাঁহারা ভগবানের মায়ায় মোহিত। শ্রীগীতা বলেন—

মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং
তরন্তি তে।
ভক্তির প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া।
শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং।

আবার উপনিষদেও পাই—'যস্যৈব বৃণুতে তেন লভ্যঃ'। শাস্ত্র ভগবানের অভিন্ন তত্ত্ব, আধোক্ষজ বস্তু। যিনি শাস্ত্রে প্রপন্ন হইবেন, কিন্তু তাঁহাকে অধিক সেবাবিশিষ্ট হইবেন, তিনিই শাস্ত্রসিদ্ধান্ত উপলব্ধি করিবার সৌভাগ্য পাইবেন। অতএব শাস্ত্রমর্ম্ম এই প্রণতাত্মার তাৎপর্য্য বর্ণিত দিতে পারেন? সেইজন্য শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন,—'যাহ ভাগবত পড় বৈষ্ণবের স্থানে'। সুতরাং শাস্ত্রার্থ অবগত করিতে হইলে আমাদের সর্ব্বতো ভাবেই শাস্ত্র, শ্রীগুরু-বৈষ্ণবের সমীপে প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তি গ্রহণ করিতে হইবে। শাস্ত্র-প্রবেশের অন্য দ্বিতীয় পন্থা নাই।

শ্রদ্ধাই ভক্তিলতার বীজ। অজ্ঞাতসারে বিষ্ণু-বৈষ্ণব-সেবা সাধিত হইলে জীবের সুকৃতির উদয় হয়। এই ভক্ত্যুন্মুখী সুকৃতি জীবাত্মার নিত্যবৃত্তিরই অস্ফুট বিকাশ, উহা জড় কর্ম্ম নহে। এই সুকৃতিবলেই শ্রদ্ধা লাভ হয় এবং এই শ্রদ্ধা হইতেই ভক্তিলতারূপ পরমমঙ্গল-প্রাপ্তি ঘটে। সুতরাং এই শ্রদ্ধাই সকল মঙ্গলের মূল। শাস্ত্রবাক্যে বিশ্বাসের নামই শ্রদ্ধা। ইহা বহু ভাগ্যফলেই লাভ হইয়া থাকে। কিন্তু মাদৃশ পাপী চক্রান্তজনগণের শাস্ত্রে বিশ্বাস নাই, এমনি আমাদের দুর্দ্দৈব।

মঙ্গলবরণে অনিচ্ছুক আমরা অনেক সময় বড়াই করিয়া বলিয়া থাকি যে, আমরা শাস্ত্র বিশ্বাস করিব কেন? কিন্তু আমরা বলি, সে সৌভাগ্য আমাদের হইয়াছে কি? শাস্ত্র অমান্যকারীর যে কি কুফল তাহা গীতায় ভগবদুক্তিতে আমরা জানিতে পারি।

যঃ শাস্ত্রবিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামকারতঃ।
ন স সিদ্ধিমবাপ্নোতি ন সুখং ন পরাং
গতিম্॥
তস্মাচ্ছাস্ত্রং প্রমাণং তে কার্য্যাকার্য্য-
ব্যবস্থিতৌ।
জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম্ম
কর্ত্তুমিহার্হসি॥

শাস্ত্রবিধি পরিত্যাগপূর্ব্বক যিনি কামাচারে রত হন, তিনি সিদ্ধি, সুখ বা পরাগতি লাভ করেন না। সূক্ষ্ম এই যে, মানব সর্ব্বপ্রকার ঐহিকজ্ঞান লাভ করিয়াও যদি নীতির আশ্রয় না লয়, তবে সে নরাধম। আর ঐহিকজ্ঞান ও নীতিসম্পন্ন হইয়াও যদি ঈশ্বরের প্রধানতা স্বীকার না করে তবে তাহার সকলই অমঙ্গল। ঈশ্বরের অধীনতা স্বীকার করিয়াও যে বিশুদ্ধজ্ঞানসহকারে ভগবদ্ভক্তির অনুশীলন না করে, সেও পরাগতির যোগ্যতা লাভ করে না। অতএব সর্ব্বশাস্ত্রের তাৎপর্য্য যে ভক্তি, তাহা অবগত হইয়া তুমি কর্ম্ম করিতে যোগ্য হও—ইহাই অর্জ্জুনের প্রতি শ্রীকৃষ্ণাদেশ।

আমরা অজ্ঞ, তাই মঙ্গল-জ্ঞান আমাদের নাই। শাস্ত্রই আমাদের একমাত্র পথপ্রদর্শক ও মঙ্গলাকাঙ্ক্ষী বান্ধব। সুতরাং তাঁহার মঙ্গলময় উপদেশ শিরোধার্য্য করা আমাদের সকলেরই একান্ত কর্ত্তব্য। নতুবা বিপদ্ পদে পদে। জগদ্বাসী সকলেই শ্রদ্ধাবান্ হউন, সকলেরই শাস্ত্রবাক্যে বিশ্বাস করিবার সৌভাগ্য উদিত হউক, ইহাই শ্রীগুরু-গৌরাঙ্গের চরণে আমাদের আন্তরিক প্রার্থনা।

আচার্য্য-বাণী

শ্রীনিত্যানন্দাভিন্নবিগ্রহ শ্রীগুরুপাদপদ্ম এবং তাঁহারই বৈভবস্বরূপ বৈষ্ণববৃন্দের পাদপদ্মে সর্ব্ববিধ অন্যাভিলাষ-নিবৃত্তিমূলক নিষ্কপট শরণাগতি বিহিত না হইলে জীব মায়িক ভোগপ্রভাব-বিমুক্ত হইয়া ভক্তিমান্ হইতে পারেন না। তদ্রূপ ব্যতীত বাস্তব-সত্যের প্রাকট্য উপলব্ধির বিষয় হয় না। বস্তুনির্দ্দেশে সর্ব্বদা শ্রীগৌর-নিত্যানন্দই শ্রেয়ঃ (শ্রীচৈতন্যভাগবতের) প্রতিপাদ্য বিষয়। "হেন প্রভু নিত্যানন্দে কর অনুরাগ," "সংসারের পার হই' ভক্তির সাগরে। যে ডুবিবে সে ভজুক নিতাই-চাঁদেরে॥" প্রভৃতি পয়ারে গ্রন্থকার (শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর) আশীর্ব্বাদ জ্ঞাপন করিয়াছেন। "আছে শ্রীচৈতন্যাদি-গোষ্ঠীর চরণে। অশেষ প্রকারে মোর দণ্ড পরণামে॥ তবে বন্দোঁ শ্রীকৃষ্ণচৈতন্য মহেশ্বর। নবদ্বীপে অবতার নাম বিশ্বম্ভর॥" ইত্যাদি প্রকারে গ্রন্থকার মঙ্গলাচরণ মঙ্গলাচরণ করিয়া আমাদিগকে বস্তুর ক্রমপন্থা শিক্ষা দিয়াছেন।

'সংসার' বলিতে অন্যাভিলাষ, কর্ম্ম ও জ্ঞান। শ্রীনিত্যানন্দ প্রভুর কৃপাবলেই এই তিনটী পার হইয়া ভক্তিরসামৃতসিন্ধুতে অবগাহন-যোগ্যতা লাভ হয়।

স্বয়ংরূপ শ্রীকৃষ্ণচৈতন্যাভিন্ন-বিগ্রহই স্বয়ং প্রকাশ মূল সঙ্কর্ষণ শ্রীবলদেব বা নিত্যানন্দ। তাঁহারই দ্বিতীয় দেহ মহাসঙ্কর্ষণ। তাঁহার অংশ ক্ষীরাব্ধি অনন্ত; তিনি ব্রহ্মা, শিব, নারদ, সনকাদি ভক্তবৃন্দের নিকট সর্ব্বক্ষণ গৌরকৃষ্ণ-মাহাত্ম্য কীর্ত্তন করিয়া থাকেন। শ্রীনিত্যানন্দ বিষ্ণুপরতত্ত্ব হইয়াও ভক্তস্বরূপে সর্ব্বক্ষণ অনন্তভাবে গৌরসেবাভিমানী হইয়া আমাদিগকে সেবাশিক্ষা দিয়া থাকেন। শ্রীশেষ-বিগ্রহই কৃষ্ণসেবার আকর সম্বলিত। শ্রীগৌরকৃষ্ণ-লীলাকীর্ত্তনরত—শ্রীকীর্ত্তনকারী বিগ্রহ শ্রীশেষাখ্য কীর্ত্তন ব্যতীত শ্রীগৌরকৃষ্ণ-চরিত কীর্ত্তনের অধিকার হয় না। গুরু-প্রসাদক্রমে ভগবৎপ্রসাদ লাভ। এইজন্য গ্রন্থকারের গ্রন্থে সর্ব্বত্রই আশ্রয়বিগ্রহের যশোগানে অপূর্ব্ব মাধুর্য্যের আদর্শ পরিলক্ষিত হয়।

যে-গুলো শ্রীচৈতন্যচরিত কীর্ত্তনে গ্রন্থকার স্রোতঃপথাবলম্বনের আদর্শ বিশেষভাবে শিক্ষা দিয়া গিয়াছেন—শ্রীচৈতন্যকীর্ত্তনের নামে ভিন্ন কতকগুলি স্বকপোলকল্পিত কথার অবতারণা করেন নাই। শ্রীরাধা-ভাবদ্যুতিসুবলিত শ্রীকৃষ্ণস্বরূপ বেদে অতি গূঢ়; শ্রীভগবানের একান্ত অন্তরঙ্গ ভক্তগণের নিকটই সেই পরম গূঢ় সম্পদ্-তাঁহার

(অতঃপর এ পৃষ্ঠার ৩য় কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ-রাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। ভাগবত-প্রেস এবং ভক্তিপ্রচারক দৈনিক 'নদীয়া প্রকাশ' পত্রিকা আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রস্থানচতুষ্টয়-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাৰ্য শ্রীপাদ সখীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠমায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব ভাগবত মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) উক্ত গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্‌দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জামগ্রাম (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীমিহিরকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীবাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জুনরঞ্জন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহাদেব ব্রহ্মচারী।

(১৫) স্বর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাটিয়ারী - (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক - শ্রীবিধিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীকুঞ্জেশ্বরনাথ মল্লিক।

(২২) পুণ্ডা গৌড়ীয়মঠ

চাকদহ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বালিয়াটি পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপীনাথ গৌড়ীয়মঠ

কমলাপুর পোঃ ঢাকা

রক্ষক—শ্রীরামদাস ব্রজবাসী।

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীমধুরকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীমধুসূদন ভক্তিশাস্ত্রী এম এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

জলাপাহাড়, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) নারায়ণ-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিয়ার, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীবজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন-গৌড়ীয় মঠ

২২নং কালিপুরা, বেনারস সিটি

রক্ষক শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅচ্যুতানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক— শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) একায়নমঠ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদ্রানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গৌড়ীবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণ মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫)নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—শেখপুরা,

পোঃ কোকোলা, জেলা গুর্দাস (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং লছমন রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ক্যাম্বালা হিল,হিন রোড ৭.

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা, রক্ষক—মহোপদেশক শ্রীপাদ মধ্বরীপ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভূর, জেলা গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক —শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬ . সাতাসন

রক্ষক—শ্রীভক্তিসৌরভ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ কুমলেশ্বর, পুরী

রক্ষক—শ্রীক্ষেত্রপালানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

পীপলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক— শ্রীলালা মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিংড়িয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

রক্ষক —শ্রীজগমোহন ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) আমদি গৌড়ীয়মঠ

পোঃ আমদি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২ , ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ বালু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনপুর, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

গ্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্‌ভক্তিপ্রদীপ তীর্থ (?) ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেস্‌ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধকৃষ্ণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলিকাতার বাজার দর

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
দাদখানি	৬।০
বালাম চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭।০
বাঁকতুলসী	৫।০
দাদশা নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
এরেঞ্জ কোয়ালিটি	৪৲
বড় মেজুন	৩৸৶০

আতপ—

নূতন আতপ	৪৲—৪।০
দেশোয়ারী	১০৲-১০।০
বাঁকতুলসী আতপ	৫।০-৫।৶
ঐ বাবাদি	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫।০-৫।০
কাটারীভোগ	৭৲
ঐ মেজুন	৩৶০

চিনির দর

কাশীর, চাইপ	১০।৶০
কাশীর ১০০০ নং	১০৶০
দোবরা সাদা	৯।০
খেজুর সাদা	৮।০—৯৶০
খেজুর লাল	৭।৶০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

ক্যাশের বার	৩৩।০
গিনি	২২৲
চাঁদির বার	৫৩।০

পাটের দর

[illegible]—	৪০৸০
[illegible]—	৪০৸০
[illegible]—	৪৩।০
[illegible]	৪১৲

আটা ও ময়দার দর

[illegible] প্রতি মণ	৬।০—৬।৶০
[illegible] ঐ	৬৲—৬৶০
[illegible] ঐ	৫৸৶০—৫৸০
[illegible]	৬৲—৬৶০
[illegible] (বি)	৫৸০—৫৸৶০
[illegible] নং (২)	৫৶০—৫।৶০
[illegible] (এস)	৫৲—৫।০
[illegible] (কে)	৪৸০—৪৸৶০
[illegible] নং (৩)	২।০—২৷৶০
[illegible]	১৸৶০—১৸০
[illegible]	১৸৶০—১৸৶০

[illegible] দর

[illegible]	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৪৭৲
[illegible]	৪৯৲
[illegible]	[illegible]

তার	৪০
কাবুলে	৬৲
বাংলা গাঁজা	৪১৸০

লোহা ও হার্ডওয়্যার

টাটার টৈঃ প্রঃ— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	১০৶০—১১৶
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮।০
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ	১০।৶
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	১০।৶০
বাগা (টি আয়রণ)	৮।০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮।৶০—৮৸০
টাটা গ্যাঃ করগেট-টীন।	।৶০
২৪ গেজ—	১৪।০
২৬ গেজ—	১৬।০
২৮ গেজ—	১৫।০

টাটা গ্যাঃ প্লেন শীট।

২৪ গেজ—	১৪৸৶০
২৬ গেজ—	১৬।৶০
২৮ গেজ—	১৬৶০

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৪৸০

গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ

শীস	।৶১০—৸৶০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৲
প্লেট কাটিং বা ছিট কাটা মণ	৩।০—

পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা

	৬।০—৬।০ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন পাতি, বোল্টু, নাট ইত্যাদি	৮৲—৯৲

গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের

জন্য	৮৸০—১১।০
ক্রুঃ ইস্পাত আসল ২৩৲	নকল ২১৲

টেকনের হাপর ৫৶০, পাটের হাপর ৬।০

কুলার হাপর ৩।০

ফলের দর

কলিকাতা ২৬শে জুন,

আপেল সোনার কাইন	৫৪৲
লিচু ও আপেল কমলা	৪০৲
ক্রমাটি খুরমি কাইন	৪০৲
আখরোট আখা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
জায়ফল	৮।০
সুপারী দেশী	১৬।০—১৭৲
কাটা সুপারী	১৬।০—১৯।০
[illegible]	১৫।০—১৭।০
[illegible]	১১৲—১৯৶০

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"

—:০:—

[illegible] হাই ইংলিশ বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে। বিদ্যালয় ও বোর্ডিং এর স্বতন্ত্র [illegible]। শিক্ষকগণ [illegible] ও [illegible]। [illegible] ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় সফলতা প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের অসাধারণ সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ [illegible] বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—[illegible]
মহেশগঞ্জ	ছাঃ	৭—০৭,	১১—৩	১৪—০	১৮—৯,	২০—০৪
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৩৫	১১—৩০	১৪—৩	১৮—১৩,	২০—১২

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

স্বরূপগঞ্জ	ছাঃ	৫-৪৫	১১ ৪০	১৬-০	১৮-৫৭
মহেশগঞ্জ	ছাঃ	৬৭	১১-৪৮	১৬-৮	১৮-৫৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	-	১২ ১৮	৬-৩৮	

কবিরাজ শ্যামভূষণ কাব্যকণ্ঠাভরণের

রেহালার পাচন

[illegible] সমূহের অব্যর্থ মহৌষধ।

[illegible] জীর্ণ [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]। [illegible] [illegible] [illegible] [illegible]। [illegible] [illegible]। [illegible] [illegible] [illegible] [illegible]।

[illegible]—১১৭নং [illegible] রোড, কলিকাতা।

[illegible]

[illegible], ২৭ [illegible]।

[illegible]

'ঠাকুর ভক্তিবিনোদ'

——॥(০)॥——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিবন্দ্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের ইচ্ছায় পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

—॥(০০০)॥——

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	৷০	৷৵০	৷৵	৷০
" " ইঞ্চি	২৲	১৷০	১৷৹	১৲
সিকিকলম	৫৲	৩৲	৩৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৩৲	৩৲	
এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শ কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতাচার্য্য সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গবেষণা এবং গবেষক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া প্রকাশকে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মত্ত হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০৭ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ: গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ মাত্র।

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——॥(০)॥——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে [illegible] প্রকাশিত হইয়া বিশ্বে নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্ম্মনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১৬।এ কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর [illegible] অবস্থিত। এখান হইতে গ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

প্রবর্ত্তক—শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর
শ্রীশ্রীগৌড়ীয়মঠ—শ্রীধাম—শ্রীমায়াপুর

শ্রীগৌড়ীয়মঠাধ্যক্ষ শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ৈক-সংরক্ষক পরিব্রাজকাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তরশত শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্ত্তৃক প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

স্থাপিত ১৯২৬ ও ১৮৪৪

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের কৃপানির্দ্দিষ্ট আকরমূর্ত্তি শ্রীচৈতন্যাচার্য্য শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু কর্ত্তৃক পরিচালিত

গৌরকৃষ্ণের সর্ব্বমঙ্গল আচার-প্রচারে নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১১ই অগ্রহায়ণ, ১৩৪৪, ২৭শে নভেম্বর, ১৯৩৭, শনিবার [সংখ্যা ২২২]

বিবিধ সংবাদ

——(০(৯০:)০)——

স্যার জগদীশের মহাপ্রয়াণ

গত ২৩শে নভেম্বর মঙ্গলবার মধ্যাহ্ন প্রায় বারটায় কলিকাতায় খবর আসিল যে, বিজ্ঞান জগতে বাঙ্গলার গৌরব স্যার জগদীশচন্দ্র বসু গিরিডি প্রাতঃ ৮টা ১৫ মিনিটের সময় অকস্মাৎ হৃদ্‌রোগের ক্রিয়া বন্ধ হইয়া মারা গিয়াছেন। গত ২রা নভেম্বর তারিখে জগদীশ বসু মোটরযোগে গিরিডি গমন করিয়া তাঁহার সম্পর্কিত স্যার [illegible] মিত্রের বাড়ীতে উঠেন, পত্নী অবলা বসুও তাঁহার সঙ্গে ছিলেন। তদবধি শ্রীযুক্ত বসু সেখানেই বাস করিতেছিলেন; [illegible] মিত্র তিনি বেশ সুস্থ ও প্রফুল্লচিত্ত ছিলেন এবং মোটরযোগে অপরাহ্ণে যথারীতি বেড়াইতে যাইতেছিলেন। রাত্রি ১০টায় শয়ন করিতে যান। মঙ্গলবার ভোর-বেলাও তাঁহার অসুস্থতার কোন লক্ষণ প্রকাশ পায় নাই। চা-পানের পূর্ব্বে যথারীতি তিনি স্নান করিতে যান; স্নান করিয়া ফিরিয়া আসিতে তাঁহার অত্যধিক বিলম্ব [illegible] স্নানঘরে প্রবেশ করিয়া [illegible] অচৈতন্য অবস্থায় দেখিতে পান। [illegible] ডাক্তার ডাকা হয়; কিন্তু [illegible] হৃদ্‌রোগে তাঁহার মৃত্যু হয়—৮-১৫ মিনিটের সময়ই শ্রীযুক্ত বসু ইহধাম ত্যাগ করেন।

এই নিদারুণ সংবাদ বাহির হওয়া মাত্র [illegible] বিভিন্ন সমবায়ী আন্দোলন-মুক্ত [illegible] নির্ব্বিশেষে সমস্ত বাঙ্গলার তথা ভারতের এই অসামান্য মনীষীর প্রতি [illegible] শ্রদ্ধা নিবেদনের জন্য ছুটিয়া আসেন।

কলিকাতা অভিমুখে মৃতদেহ

বেলা ১টায় [illegible] শ্রীযুক্ত বসু এবং অবলা [illegible] মৃতদেহ সহ একখানি মোটরবাস-যোগে কলিকাতা অভিমুখে রওনা হন। বাসখানি ছাড়িবার সময় সমবেত বিপুল জনতা মুহুর্মুহুঃ 'বন্দে মাতরম্' ধ্বনি করিতে থাকে—মিউনিসিপ্যালিটী, এবং লোকাল বোর্ডের চেয়ারম্যান, গিরিডির বহু বিশিষ্ট অধিবাসী ও আচার্য্য জগদীশের বহু আত্মীয় বাসের সঙ্গে সঙ্গে ৪ মাইল পর্য্যন্ত আগাইয়া আসেন।

গত মঙ্গলবার রাত্রি ১০টার সময় সংবাদ পাওয়া গেল যে, আচার্য্য জগদীশের মৃতদেহ লইয়া মোটর বাস মঙ্গলবার রাত্রি ৭-১৫ মিনিটের সময় আসানসোলে পৌঁছিয়াছে এবং কলিকাতা অভিমুখে যাত্রা করিয়াছে।

গত মঙ্গলবার রাত্রি ১২টার সময় সংবাদ পাওয়া গেল যে, মৃতদেহ লইয়া মোটর বাস বর্দ্ধমান ত্যাগ করিয়াছে এবং পরে রাত্রি ৪-১২ মিনিটের সময় কলিকাতায় বসুমন্দিরে পৌঁছিয়াছে।

গত বুধবার ৮-৫৫ মিনিটের সময় এক বিরাট শোভাযাত্রা কলিকাতার বিভিন্ন স্থান হইয়া নিমতলায় উপস্থিত হয়।

গভর্ণরের বাঙ্গলা ত্যাগ

বাঙ্গলার গভর্ণর স্যার জন এণ্ডার্সন মঙ্গলবার ৪-৪০ মিনিটে একখানি স্পেশাল ট্রেনে হাওড়া ষ্টেশন ত্যাগ করিয়া বোম্বাই অভিমুখে রওনা হইয়াছেন। ট্রেনখানি ছাড়িবার সময় ফোর্ট উইলিয়াম দুর্গ হইতে ১৭ বার তোপধ্বনি করা হয়।

লাটভবন হইতে হাওড়া ষ্টেশন পর্য্যন্ত রাস্তার দুধারে পুলিশপ্রহরী মোতায়েন রাখা হইয়াছিল এবং প্রায় একঘণ্টাকাল সমস্ত যানবাহনাদি চলাচল বন্ধ ছিল।

জওহরলাল নেহরুকে সীমান্তে আহ্বান

খান আবদুল গফুর খান কংগ্রেস সভাপতি পণ্ডিত জওহরলাল নেহরুকে তারযোগে জানাইয়াছেন যে, তিনি সীমান্ত প্রদেশ সফর শেষ করিয়াছেন। শারীরিক কারণে গান্ধীজীর পক্ষে অদূর ভবিষ্যতে সীমান্ত পরিদর্শন সম্ভব হইবে না বলিয়া খান আবদুল গফুর খান পণ্ডিত জওহরলালকে সীমান্ত প্রদেশে যাইতে অনুরোধ জানাইয়াছেন।

ই, বি, রেলওয়ে ট্রেণ দুর্ঘটনা

ই, বি, রেলওয়ের বিভাগীয় সুপারিণ্টেণ্ডেণ্ট তারযোগে জানাইয়াছেন:—

গত সোমবার প্রাতে ৯-৮ মিনিটের সময় পূর্ণ বাগেরহাট লাইট রেলওয়ের [illegible] ও [illegible] মধ্যবর্ত্তী স্থানে ৪৩নং ডাউন প্যাসেঞ্জার ট্রেণের একখানি তৃতীয় শ্রেণীর গাড়ী লাইনচ্যুত হয়। বার পাঁচজন যাত্রী সামান্য আঘাতপ্রাপ্ত হইয়াছে বলিয়া জানা গিয়াছে। উক্ত গাড়ীখানিকে ১-৩০ মিনিটের সময় পুনরায় লাইনে তোলা হয় এবং ২-৩ মিনিটের সময় লাইন পরিষ্কার করা হয়। দুর্ঘটনার কারণ সম্পর্কে তদন্ত চলিতেছে।

আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতা

আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতায় দিল্লী এবং লক্ষ্ণৌ দলের খেলা ২৩শে নভেম্বর হইতে আরম্ভ হইয়াছে। লক্ষ্ণৌ দল প্রথমে ব্যাট করিয়া মোট ৭৮রাণ করে, তাহার মধ্যে সিবদাস ২৮ এবং বোসেন্স ২৩রাণ উল্লেখযোগ্য হইয়াছিল। ২৩শে নভেম্বর খেলার শেষে দিল্লী দল ৩ উইকেটে ১০৩রাণ করে। উক্ত রাণ সংখ্যার মধ্যে আলি আফাকের ৫২রাণ উল্লেখযোগ্য হইয়াছিল।

রেললাইনে যুবকের মৃতদেহ

গত ১৮ই নভেম্বর যশোহর রেলষ্টেশনের প্ল্যাটফর্ম্মের নিকট রেললাইনের উপর গলাকাটা অবস্থায় এক অজ্ঞ যুবকের মৃতদেহ পড়িয়া থাকিতে দেখা যায় পুলিশ তাহার পকেটে একখানি রুমাল পাইয়াছে। উহাতে "আবোধার" লেখা ছিল। মৃতদেহ সনাক্ত হয় নাই; পুলিশ তদন্ত চালাইতেছে।

স্ত্রী-পুত্র ও কন্যার জীবন নাশ

বাগেরহাটের এক সংবাদে প্রকাশ, রামপাল থানার অন্তর্গত কাইনমারী গ্রাম নিবাসী মণিমোহন বাহি নামক এক ব্যক্তি গত ১৭ই নভেম্বর গভীর রাত্রে তাহার স্ত্রী, পুত্র ও কন্যাকে খুন করিয়াছে। খুন করিয়া সে নিজেই ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের নিকট ঐ সংবাদ জানায়। কারণ জিজ্ঞাসায় সে নাকি বলিয়াছে যে, তাহার স্ত্রী দুশ্চরিত্রা; সেই জন্য সে তাহাকে খুন করিয়াছে। এই কার্য্যের জন্য তাহাকে আটক থাকিতে হইবে এবং তাহাতে তাহার শিশু পুত্র কন্যা না খাইয়া মারা যাবে, তজ্জন্য তাহাদিগকেও সে খুন করিয়াছে।

মধ্যপ্রদেশের মন্ত্রিসভা

প্রায় এক পক্ষকাল জব্বলপুরে থাকিয়া প্রধান মন্ত্রী ডাঃ এন, বি, খারে গত ২০শে নভেম্বর নাগপুরে আগমন করিয়াছেন।

বিশ্বস্তসূত্রে সংবাদ পাওয়া গেল, মন্ত্রিসভার মতভেদের কথা প্রকাশ করিয়া যে সকল সংবাদপত্র মন্ত্রিমণ্ডলীর বিরাগভাজন হইয়াছিল, তাহাদের পক্ষ হইতে ক্ষমা প্রার্থনা করিয়া প্রধান মন্ত্রীকে সন্তুষ্ট করা হইয়াছে। অতএব মধ্যপ্রদেশের মন্ত্রিসভা আর এই সকল সংবাদপত্রের বিরুদ্ধে ব্যবস্থা করিবেন না।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(*)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার,
কলিকাতা

"দৈনিক নদীয়া-প্রকাশ"

——:(**):——

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৶০	।৶০	।০
ইঞ্চি	২	১৷০	১৷০	১৲
সিঙ্গিকলম	৫	৪৲	৪৲	৩৲
অর্দ্ধকলম	৮	৭৲	৭৲	৫৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৬৲	৪৷০
" সিঙ্গি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৮৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈ মাসিক	"	২৸০
মাসিক	"	১৲

প্রতি সংখ্যা ৫৲; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতাচার্য্য সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য এম-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মান্দ্রাজ: গৌড়ীয়মঠ, রায়পেটা মান্দ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে
মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-১, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(*):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১৬।১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক নগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শবর্ষ { ৯ কেশব গৌরাঙ্গ ৪৫১, ১১ই অগ্রহায়ণ বঙ্গাব্দ ১৩৪৪, [illegible] ১৯৩৭, শনিবার } [illegible] সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

——::(*)::——

কাশীতে প্রচার

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম সেবক শ্রীপাদ রাধারমণ ব্রহ্মচারী বাগ্মীবর গত ১১।১১।৩৭ তারিখে কাশীর দশাশ্বমেধ ঘাটের নিকটস্থ শেঠ শ্রীযুক্ত [illegible] বর্মণ মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার ভবনে হিন্দিভাষায় শ্রীমদ্ভাগবত পাঠ করেন।

পাঠ শ্রবণ করিয়া শেঠজী অত্যন্ত আনন্দিত হন এবং আরও ৮।১০ দিন ব্রহ্মচারীজীকে তথায় পাঠ করিবার জন্য অনুরোধ করেন। পাঠের অন্তে "হরেকৃষ্ণ" এবং অন্তে "ভজহুঁ রে মন" এ মহামন্ত্র কীর্ত্তিত হন।

ময়মনসিংহে প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিহৃদয় বন মহারাজ ময়মনসিংহের [illegible] শ্রীহরিসংকীর্ত্তন-সমাজ কর্ত্তৃক আহূত হইয়া শ্রীমন্মহাপ্রভুর মঙ্গলময়ী বাণী প্রচারার্থ কতিপয় ব্রহ্মচারী সহ তথায় গমন করেন।

গত ১৬।১১।৩৭ তারিখে স্বামীজী শ্রীমদ্ভাগবত ৯ম স্কন্ধ ১০ম অধ্যায় হইতে শ্রীরামচরিত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

গত ১৬।১১।৩৭ তারিখে বেলা ২টায় স্বামীজীকে অগ্রণী করিয়া এক বিরাট নগরসংকীর্ত্তন-শোভাযাত্রা বাহির হয়। সমস্ত নগর পরিভ্রমণের পর সন্ধ্যা ৬টায় সমস্ত কীর্ত্তন-শোভাযাত্রা সমাজে প্রত্যাবর্ত্তন করেন।

তৎপরে রাত্রি ৭টা হইতে ১০টা পর্য্যন্ত স্বামীজী ছায়াচিত্রযোগে শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা সম্বন্ধে হিন্দিভাষায় এক চিত্তাকর্ষিণী বক্তৃতা প্রদান করেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়। সভায় সহস্রাধিক লোক উপস্থিত ছিলেন। তাঁহারা সকলেই স্বামীজীর শ্রীমুখ হইতে হরিকথা শ্রবণের ইচ্ছা প্রকাশ করেন। স্বামীজীর বক্তৃতা শ্রবণ করিয়া সকলে অত্যন্ত সন্তুষ্ট হন।

গত ১৯।১১।৩৭ তারিখে [illegible] নিকটস্থ [illegible] নামক গ্রামের জমিদারের নিমন্ত্রণে [illegible] তাঁহার ভবনে গমন পূর্ব্বক হরিকথা কীর্ত্তন করেন। তথাকার প্রচারকার্য্য সমাপ্ত করিয়া স্বামীজী সদলে প্রত্যাবর্ত্তন করেন। স্বামীজী বর্ত্তমানে [illegible] অবস্থান পূর্ব্বক শ্রীমন্মহাপ্রভুর বাণী প্রচার করিতেছেন।

শ্রীধাম বৃন্দাবনে ঊর্জ্জব্রত পঞ্জী

গত ৯ই নভেম্বর মঙ্গলবার প্রাতে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ ও ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় [illegible] প্রভৃতির আনুগত্যে শ্রীল গৌরদাস পণ্ডিতের সমাধি পরিক্রমা হয়। পুনরায় ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করিয়া শ্রীচৈতন্যদেব যে অবতার নহেন—তিনি স্বয়ং ব্রজেন্দ্রনন্দন—অবতারী, ইহা সুন্দরভাবে বুঝাইয়া দেন। মধ্যাহ্নে শ্রীপাদ নিত্যানন্দ ব্রহ্মচারী শ্রীচৈতন্যচরিতামৃত পারায়ণ করেন। [illegible]

শ্রীমদ্ভক্তি[illegible] [illegible] শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। শ্রীকৃষ্ণ [illegible] কেশীর [illegible]

গোপগণ [illegible] শ্রীকৃষ্ণ বৃষভাসুর বধ করিয়া যাহা দেখাইলেন [illegible] মাটী খাইয়াছেন [illegible] মুখের মধ্যে অনন্ত কোটী ব্রহ্মাণ্ড, গো এবং গোপগণ দেখিতে পাইলেন। গর্গাচার্য্যের [illegible] তাঁহাতে সমস্তই অবস্থান করিতেছে এবং সর্ব্বভূতেই তিনি অবস্থান করিতেছেন [illegible] তাঁহার এক নাম বাসুদেব।

সায়াহ্নে শ্রীপাদ অনন্তকৃষ্ণ ব্রহ্মচারী মহোপদেশক কাব্যতীর্থ শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। ঐ দিন সন্ধ্যার সময় গুজরাট হইতে শেঠ [illegible] নামক জনৈক ভদ্রলোক মন্দিরে শ্রীমঠে আগমন করেন। তিনি গুজরাটে [illegible] প্রচারসময়ে [illegible] সহায়তা করিয়াছিলেন। [illegible] শ্রীমন্মহাপ্রভুর [illegible] [illegible] হরিকথা শ্রবণ করিয়া তিনি [illegible] বলেন যে,—[illegible] যাইয়া মঠরক্ষক শ্রীপাদ [illegible] [illegible] পুনরায় গুজরাট অঞ্চলে [illegible] যাহাতে [illegible] [illegible] প্রচারের ব্যবস্থা করিতে [illegible]

'সাক্ষাদ্ধরিত্বেন', 'বন্দে শ্রীগুরোঃ' প্রভৃতি শ্লোক কীর্ত্তনমুখে মঙ্গলাচরণ করিয়া গোস্বামী প্রভু আত্মদৈন্যজ্ঞাপন-মুখে কীর্ত্তন সংযোগে শ্রীগুরুপাদপদ্মের সেবাসুযোগ লাভের সৌভাগ্যাতিশয্য জ্ঞাপন করিতে করিতে 'মূকং করোতি বাচালং', 'অপ্রাকৃত বস্তু নহে প্রাকৃতগোচর', 'আচাৰ্য্যং মাং বিজানীয়াৎ', 'অর্চ্চ্যে বিষ্ণৌ শিলাধীঃ', 'গুরৌ গোষ্ঠে গোষ্ঠালয়েষু', 'যস্য প্রসাদাদ্ভগবৎপ্রসাদঃ', 'আদৌ গুরুপাদাশ্রয়ঃ' প্রভৃতি শাস্ত্রবাক্যের মর্ম্মার্থ কীর্ত্তন করেন এবং ভগবানের প্রসন্নতাক্রমেই গুরুপাদপদ্ম লাভ, আর গুরুকৃপাতেই ভগবদুপলব্ধি, বৈষ্ণবের সঙ্গে হরিকথা শ্রবণের সৌভাগ্যলাভ শ্রীভগবানের অত্যন্ত দয়ার পরিচয়, শ্রীহরি আমাদিগকে চিন্ময় বস্তু উপলব্ধি করিবার সৌভাগ্য প্রাপ্ত মুহূর্ত্তেই যোগাইয়া দিতেছেন, Proper adjustment with the Absolute ব্যাপারটাই ভজন, আমরা নিরাশ্রয় নহি—"আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর", "নিতাইপদকমল কোটিচন্দ্রসুশীতল" এই সকল কথা মনে হইলে বুকটা বড় ফুলিয়া উঠে, দীন অযোগ্য বামন হইলেও—চাঁদের দিকে হাত দিবার জন্য হাতটা উপরে উঠে, বড় আশা, বড় ভরসা পাওয়া যায়, প্রতি মুহূর্ত্তে ভগবানের দয়া নিয়ে দিয়ে করিয়া

পাইয়েছে, কনক-কামিনী-প্রতিষ্ঠাকাঙ্ক্ষার শান্তি নাই, "তোমার কনক ভোগের জনক কনকের দ্বারে সেবহ মাধব" ইত্যাদি মহাজন-বাক্যই সকল মঙ্গলনিলয়, 'ঈশাবাস্য' শ্রুতির মর্ম আলোচনার অভাবই যাবতীয় অনর্থের মূল, বিদ্যাসাগর মহাশয়ের 'চুরি করিও না' ইত্যাদি পড়িয়া হয়ত অনেকে একটু নৈতিক জীবনযাপনের চেষ্টা করিতে পারি, কিন্তু সর্বাপেক্ষা একটি বড় চুরি আছে, যাহা ইংরাজ গভর্ণমেণ্টও ধ'রতে পারেন না, তাহা ঐ 'ঈশাবাস্য' শ্রুতির মর্ম অবধারণ না করিয়া কৃষ্ণভোগ্য বস্তুতে ভোগবুদ্ধি, কৃষ্ণ এবং 'সর্বধর্মান্ পরিত্যজ্য', 'বৃন্দবোধ ব্রজাধিশ', 'অহং ত্বাং সর্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি', 'কৃষ্ণ তে ত্বং পাপং', 'তেন এব সঃ' ইত্যাদি বহু বাক্যে আমাদিগকে সাবধান করিয়াছেন, সুখ্যচন্দ্র-বায়ু পৃথিবী জল অগ্নি প্রভৃতি সকলকে আমাদের জন্যবানে নিযুক্ত করিয়াছেন, কিন্তু আমরা কি প্রকার অকৃতজ্ঞ নরাধম—মায়ার প্রবল তরঙ্গমে আন্দোলিত, দুঃখময় এবং ইতস্ততঃ প্রধাবিত হইয়া বিষয়-ভোগে রত! শ্রীগুরুপাদপদ্মই একমাত্র রক্ষাকর্তা, শুরুকৃপার কৃষ্ণকৃপা আবার কৃষ্ণকৃপায় গুরুকৃপা, আচার্য্যবান্ পুরুষো বেদ, "আচার্য্যাং মাং বিজানীয়াৎ নাবমন্যেত কর্হিচিৎ"। প্রত্যুত গুরুতত্ত্ব ভগবৎতত্ত্ব। আত্ম-নিবেদন কার্পণ্যে ষড়্‌বিধা শরণাগতিঃ।" এই ষড়্‌বিধা শরণাগতি আবশ্যক, 'আমাদের নিত্যবাসস্থান গোলোক'—এই কথা মনে পড়িলেই শান্তি আসে, প্রেমবিবর্ত গ্রন্থের 'জীবধর্ম ও মায়ার বিচার' প্রভৃতি প্রসঙ্গ বিশেষভাবে আলোচ্য, কারণ মায়ার এর জাল 'আর নাহি বাঁধ' বলিয়া অনুকূল-সংকল্প-গ্রহণ ও প্রতিকূল-বর্জনের অঙ্গীকার করিলেই কৃষ্ণ রক্ষা করিবেন, রক্ষাকর্তা একমাত্র কৃষ্ণ, এই বিশ্বাসটি খুব বড় কথা, দুর্য্যোধন 'কৃষ্ণ ত' একাকী' এই বিচারে অসংখ্য নারায়ণী-সেনা-শ্রেষ্ঠই শ্রেয়ঃ মনে করিয়া বঞ্চিত হইয়াছিল, তদ্রূপ যাহারা কৃষ্ণপাদপদ্ম ছাড়িয়া পদার্থের সংখ্যাধিক্যকে বহুমানন করে, তাহারা চিরবঞ্চিত, "কর যোগেশ্বরঃ কৃষ্ণো যত্র পার্থো ধনুর্ধরঃ। তত্র শ্রীর্বিজয়ো ভূতির্ধ্রুবা নীতির্মতির্মম॥" 'বহবো যদ-ভক্তোঽয়ং', 'সত্যমেব বিজয়তে নানৃতম্'—এ সকল শাস্ত্রবাক্যের উপর নির্ভর করিলে কৃষ্ণপাদপদ্মে জন্ম-জন্ম অপরাধ হ'তে থাকে না, শ্রীহরিগুরুবৈষ্ণবে অপরাধ অত্যন্ত হইতে থাকে" ইত্যাদি বিষয়ে কথা বলিতে বলিতে গোস্বামিপ্রভু এক অপূর্ব-ভাবে বিভাবিত হইয়া "আর শ্রীগৌর-কিশোর বিরহব্যথার প্রভুপাদের বিরহ মনে এসে হৃদয় খুবই ব্যাকুল ক'রে তুলছে, বলিয়া অশ্রুবিসর্জন করিতে করিতে বাষ্পগদ্গদকণ্ঠে বলিতে লাগিলেন—

—"প্রভুপাদ আমাদিগকে আর মহা-পরীক্ষা দিয়ে গিয়েছেন, ব'লছেন—কনক-কামিনী প্রতিষ্ঠা চাও, না আমাকে চাও, না কৃষ্ণকে চাও? ধর্মার্থকাম মোক্ষ চাও না, নিজ নিত্য কল্যাণ চাও, যা চাও তাই দেব। আজ চারি দিক অন্ধকার। এই ভীষণ অগ্নি-পরীক্ষায় উত্তীর্ণ হ'তে পারলেই আমরা কৃষ্ণের বাস্তব কৃপা পা'ব, নতুবা 'চাই'এর মধ্যে প'ড়ে যাব। শ্রীভগবানে শুদ্ধা ভক্তি ব্যতীত আমাদের যে চাইবার কিছুই নাই, 'ন ধনং ন জনং'—শ্রীগৌরের শিক্ষাষ্টকের এই অংশটাই যেন আমরা অনুক্ষণ অনুকীর্তন ক'রতে পারি। হে ঠাকুর, অনেক চেয়েছি, আর কেন? হে প্রভো, যা চাইবার তা তোমার পাদপদ্মে এনেছি, তা ছেড়ে দিয়ে যেন আর কিছু নিয়ে ব'ঞ্চিত না হই। "গৌড়ীয়মঠের প্রাণপ্রদের সেবা, শ্রীগুরু-পাদপদ্মের সেবা ছাড়তে চাই না"—এই ব'লে খুব দৃঢ়ভাবে শ্রীগুরুপাদপদ্ম বক্ষঃস্থলে ধারণ করতে চাই। বীরের মত মরতে হ'বে। আপাতক ধনবল, জনবল, বুদ্ধি-বল, বিদ্যাবলের মূল্য এক কপর্দকও নয়। ধনজনের পরোয়া ক'রবো না, বলদেব নিত্যানন্দের চরণে বলীয়ান হ'তে চাই—সর্বস্ব পরিত্যাগ ক'রে একমাত্র সেই কোটী-চন্দ্রসুশীতল নিত্যানন্দপদকমলে আশ্রয় পাওয়াই আমাদের চরম প্রার্থনা হউক।

পাষণ্ডদল আজ খুবই অসহ্যে প্রমত্ত হ'য়ে শ্রীবলদেব-নিত্যানন্দের নিষ্কপটসেবক সরল-প্রাণ সাধুবৈষ্ণবকে অবমাননা ক'রছে, তাঁহাদিগকে নানা ভাবে উদ্বেগ দিচ্ছে, প্রভু-পাদের আকাঙ্ক্ষিতবাণী কীর্তনে নানা প্রকার বিঘ্ন উৎপাদন ক'রছে, প্রভুপাদের মনোহভীষ্ট সেবা ছেড়ে দিয়ে নিজেদের লাভ-পূজাপ্রতিষ্ঠাজনে উন্মত্ত হ'য়ে প'ড়েছে, তারা জানে না, বলদেবের চিরদিন পাষণ্ডসংহারের জন্য নিত্যকাল প্রস্তুত হ'য়ে আছে। শ্রীবলদেব অচিরেই আসুরিক চিত্তবৃত্তির সমূলে ধ্বংস সাধন ক'রবেন। মিথ্যা কখনও সত্য হ'তে পারে না, সত্যেরই জয় চির প্রসিদ্ধ। সত্যের জন্যই যদি এ প্রাণটা চ'লে যায় তা'তেই বা দুঃখ কিসের? কলেরা-বসন্তরোগে প্রাণ না দিয়ে ধর্মযুদ্ধে প্রাণ দিলেই বৈকুণ্ঠপ্রাপ্তি। প্রভুপাদ দৈন্য ক'রে ব'লতেন—"আমার শত কুড়ে প্রাণ কোটিবার নিয়েও যদি কৃষ্ণের কিছু সেবা হয়, তা'হ'লে কোটিবার জীবন দিতেও প্রস্তুত আছি।"

বড় ব্রাহ্মণ অভিমান ছিল, দিগ্বিজয়ের মাথায় পা ঠেকিয়ে দিতাম, জগৎকে আশী-র্বাদ ক'রতে পারি—এই অভিমান ক'রতাম। তখনও প্রভুপাদের পাদপদ্ম-দর্শন-সৌভাগ্য হয় নাই—এই সময়ে একদিন (জীব) 'কৃষ্ণদাস এ বিশ্বাস ক'রলে ত আর দুঃখ নাই'—শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের এই মহাবাণী শুনে চমক ভাঙলো, ভাবলাম—'কৃষ্ণদাস' এ বুদ্ধি ত' হয় নাই, 'প্রভু'-বুদ্ধিতেই ত' ঘুরে বেড়াচ্ছি! তখন প্রভুপাদ তাঁর পাদপদ্মে আকর্ষণ ক'রলেন। পালিত পশু যেমন নিজের ভরণপোষণ করে না, শরণাগত ভক্তের বিচারও সেইরূপ। তাঁ'র বিচার—কৃষ্ণই রক্ষাকর্তা, গোপ্তা বা পালয়িতা। Sense of helplessnessই কার্পণ্য। এইরূপ কার্পণ্য বা দৈন্যের উদয় হ'লেই শ্রীগৌরসুন্দরের প্রভুপাদের প্রপাদ-পদ্মের দাসানুদাস হওয়া যায়—'বদ্ধাঞ্জলিঃ কদা'বলং' শ্লোক আলোচ্য বিষয় হয়, তখন আমি প্রভু হ'তে ছুটি না, জগৎকে আশীর্বাদ ক'রবার বিচারের পরিবর্তে সকলের আশী-র্বাদ গ্রহণের বিচার এসে পড়ে। 'ঈশ্বরে তদধীনেষু' ও 'সর্বভূতেষু যঃ পশ্যেৎ' প্রভৃতি মধ্যম ও উত্তম ভাগবতের বিচার বুঝতে পারি। আমার প্রভু নরোত্তম, তিনি চাঁদ গোসাঞি নন, আমি যেমন নিজেকে বলো: পাধ্যায়—বন্দ্যাপের বংশে উপাধ্যায় ব'লে অভিমান করি, এরূপ অভিমান আমার স্বরূপের নয়, স্বরূপের অভিমান—'দাসো'হং'—গোপীভর্তুঃ পদ-কমলয়োর্দাসদাসানুদাসঃ', এরূপ বিচার এলেই 'তৃণাদপি সুনীচেন' শ্লোকের মর্ম বুঝা যায়। গুরু-কৃপায় যখন দিব্যজ্ঞানের উদয় হয় তখনই বৈকুণ্ঠে যাবার রাস্তা উন্মুক্ত হয়, গুরুপাদ-পদ্মের মাহাত্ম্য বুঝতে পারি, গুরুদেবে মর্ত্যবুদ্ধি ক'রে কৃষ্ণভোগ্য বিষয়ভোগের দুর্বুদ্ধি থাকে না।

শ্রীমন্মহাপ্রভু সাধুসঙ্গ, নামকীর্তন, ভাগবত-শ্রবণ, মথুরাবাস ও শ্রীমূর্তির শ্রদ্ধায় সেবন—এই সাধনপঞ্চককে শ্রেষ্ঠ ব'লেছেন। আমাদিগের ন্যায় বদ্ধজীবকে উদ্ধার করবার জন্য শ্রীমূর্তি অধোক্ষজ বস্তু হ'য়েও কৃপা ক'রে প্রকট হন, আমার মত নিতান্ত দরিদ্র জড়ভাবাপন্ন ব্যক্তির নিকটও তিনি এসে উপস্থিত হন। আমি তাঁকে প্রকট ক'রতে পারি না। এই শ্রীগৌরসুন্দর (শ্রীগৌড়ীয় মঠের শ্রীমন্দিরের শ্রীবিগ্রহ) যখন ১নং উল্টাডিঙ্গি জংশন রোডস্থ মঠে প্রকটলীলা আবিষ্কার করেন, তখন তাঁর অঙ্গরাগ ক'রার সময় ঐ প্রভুপাদ উপরের ঘর হ'তে নীচে নেমে এসে অঙ্গরাগ দেখছিলেন, এই সময়ে এক ব্যক্তি মহাপ্রভুর (শ্রীবিগ্রহের) এ জায়গাটা ঠিক হয় নাই, ওখানটা উঁচু নীচু, এখানটা অসমান রয়েছে ইত্যাদি তাঁ'র আধ্যক্ষিক দর্শনে ব'লতে আরম্ভ ক'রলে প্রভুপাদ অসন্তুষ্টচিত্তে ব'লে উঠলেন "মহাপ্রভু কি আপনার চক্ষের আসামী, যে তিনি আপনার ইচ্ছামত ইন্দ্রিয়তর্পণের বস্তু হ'বেন?

শ্রীভগবানের বা শ্রীমন্মহাপ্রভুর শ্রীবিগ্রহ নিমকাঠের, কি শ্রীরাধাগোবিন্দ শ্রীবিগ্রহ পাথরের, পিতলের বা সোনার, এসকল বিচার অত্যন্ত অমঙ্গলকর, নিরয়প্রাপক; ইহা সর্বতোভাবে পরিত্যাজ্য। মাতৃকোড়ে শিশু দর্শন ক'রে ডাক্তার তার উৎপত্তি যেভাবে বিশ্লেষণ ক'রতে চান, সে প্রকার দর্শন ঠাকুরের নিকট নিয়ে গিয়ে দরকার নাই। কাঠ কেটে, পাথর কেটে হ'য়েছে দেখতে গেলে প্রাকৃত বৈজ্ঞানিক হ'তে হয়। শ্রীপ্রহ্লাদ পশুরূপে উদ্ভূত হ'য়েছেন ব'লে তাঁকে অসম্যক দর্শন ক'রতে গেলে নরকের পথ প্রশস্ত হ'ল। শ্রীভগবান্ বা তাঁহার নিজজনে মর্ত্যবুদ্ধি করতে হ'বে না।

শ্রীগুরুপাদপদ্ম জীবের প্রতি অত্যন্ত কৃপাপরবশ হ'য়ে তাঁ'র প্রকটলীলা আবিষ্কার করেন, তাঁর শ্রীপাদপদ্মে সর্বস্ব সমর্পণ ক'রে সেবা-সংকল্প গ্রহণের নামই "আনুকূল্যস্য সংকল্পঃ"। এরূপ বিচার না এলে হরিভজনই আরম্ভ হ'চ্ছে না। জীব ব্রহ্মাণ্ড ভ্রমণ ক'রতে ক'রতে বহু ভাগ্যবলে গুরুকৃষ্ণ-প্রসাদে ভক্তিলতা বীজ পান। সুতরাং অন্তঃকরণে সেই বীজ বপন ক'রে শ্রবণকীর্তন জল সেচন ক'রতে ক'রতে সেই বীজ অঙ্কুরিত, পল্লবিত হ'য়ে বাড়তে বাড়তে ব্রহ্মাণ্ড ভেদ ক'রে বিরজায় ব্যাপ্ত হ'য়ে ব্রহ্মলোক, পরব্যোম দিয়ে গোলোক-বৃন্দাবনে কৃষ্ণচরণকল্পবৃক্ষমূলে শ্রীগুরুপাদপদ্মে উপনীত হয়। গুরুপাদপদ্ম একমাত্র বন্ধু নন। তাঁর কাছে পৌঁছতে হ'লে তাঁর নিজজনের শরণাপন্ন হ'তে হ'বে। "বাসুদেবানন্দাঙ্গে থাকিয়া ত' সদা লহ নাম"—ইহাই শ্রীগুরুমুখবাক্য। এই বাক্য নিত্যকাল সত্য। 'পূর্বে সত্য ছিল, এখন মিথ্যা হ'য়ে গেছে', তা' নয়। শ্রীগুরুপাদপদ্ম আমাদের অন্তরে নিত্যকাল বিরাজিত থেকে তাঁ'র মনোহভীষ্ট বুঝবার ও তা' পালন করবার শক্তি দান করুন। শ্রীরঘুনাথ দাস গোস্বামী প্রভু আমাদিগকে এই গুরুসংস্কৃতি শিখিয়েছেন—

নামশ্রেষ্ঠং মনুমপি শচীপুত্রমত্র স্বরূপং
রূপং তস্যাগ্রজমুরুপুরীং মাথুরীং
গোষ্ঠবাটীম্।
রাধাকুণ্ডং গিরিবরমহো রাধিকামাধবাশাং
প্রাপ্তো যস্য প্রথিতকৃপয়া শ্রীগুরুং
তং নতোঽস্মি॥

আজ পরমগুরুদেব শ্রীগৌর'কিশোর বিরহব্যথায় তদভিন্নপ্রকাশ শ্রীল প্রভুপাদের অপ্রকটলীলা স্মৃতিপথে জাগরূক হ'য়ে বড়ই ব্যাকুল ক'রে তুলছে। প্রভুপাদ

(অবশিষ্ট অংশ পৃষ্ঠায় ১ম কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ,পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ,শ্রীগৌর,গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-ম্যাজিষ্ট্রেটরূপে'নদীয়া' প্রকাশ'করণের মাঃ২। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন • বড়বাজার ৯১১৫ কলিকাতার শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, প্রত্যহ চতুর সেবার শ্রীমদ্ভাগবতাদি ভক্তগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিষ্ট পাক্ষিক ইংরাজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাঙ্ক শ্রীপাদ নবীচরণ রায় ভক্তিবিধ।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীরামপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরাধারাম ব্রহ্মচারী।

(৮) অদ্ভুতকুঞ্জকাননীশবাসার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জান্নগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিপিনকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জান্নগর, (বর্দ্ধমান)

শ্রীশ্যামাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

রক্ষক—শ্রীমদনার্জ্জুনমোহন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী

(১৫) স্বর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌরপুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীগৌরাঙ্গদেবের গম্ভীরা নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিশরণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) নরেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) বাগবাজার গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীকুঞ্জেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধবগৌড়ীয়মঠ

নাঙ্গিনা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মঠ-মহোপদেশক শ্রীমদ্বনমালী বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীরঘুনাথদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীমধুকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

নতুনবাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অকল্যাণ্ড রোড, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট,বিহার

রক্ষক শ্রীমধুসূদন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীপ্রাণিনাথ ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং দশাশ্বমেধ, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীমধুমঙ্গল ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীসনাতনগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) এতদ্বাজন্দ-কুঞ্জকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বরাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বরাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—দেবধারী,

পোঃ তোষেশ, জেলা গুরদাসপুর (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবংশীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৬৩নং কুতুব রোড, নিউ দিল্লী;

রক্ষক—শ্রীগৌরাঙ্গবন্ধু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কুম্বালা-হিল, গিরগাঁও বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ

পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) সিদ্ধবকুল-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীনিতাই বল্লভ দাসাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীসনাধিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাকু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীনরেন্দ্রকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

কৃষ্ণনগর, পোঃ চিত্রকুঞ্জ, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ মেধাবী অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ভাইনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎপ্রভুপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেস্ ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীসদানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলিকাতার বাজার দর

১৩ই সেপ্টেম্বর ১৯০৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬৷০
বালাম	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
বাঁকতুলসী	৫৷০
বালাম নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
বালাম কোম্পানী	৪৲
মিহি দেশী	৩৷৵০

আতপ—

নূতন আতপ	৪৲ - ৪৷৭
সেপোয়ারী	১০৲-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০-৫৷৵
ঐ বালাম	৫৲ ৫৵০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ দেশী	৩৵০

চিনির দর

কাশীর, ঢাকাই	১০৷৵০
হরিপুর ১০০০ নং	১০৵০
বারকোশা দানা	৮০
কানপুর দানা	৮৷০—৯৵০
কানপুর লাল	৭৷৵০—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

গিনির সোণার বাট	৩৪৷০
রূপার	২২৲
চাঁদির বাট	৫২৷০

পাটের দর

বাবড়ে—	৪০৸০
মধ্যম—	৪০৸০
মধ্যম—	৪১৷০
বাজার বস্তার দর—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেণ্ট ময়দা প্রতি মণ	৬৷০—৬৷৵
লালকোটা ঐ	৬৲—৬৵
হরিদ্বার ঐ	৫৷৵০—৫৸০
সুজী	৬৲—৬৵০
আটা (বি)	৫৸০—৫৷৵০
আটা নং ২	৫৵০—৫৷৵০
সুজী (মধ্য)	৫৲—৫৷০
আটা (বে)	৪৸০—৪৷৵০
আটা নং (৩)	২৷০—২৷৵০
পালাই	১৷৵০ - ১৸০
ভূষি	১৷৵০—১৷৵০

গুড়ের দর

ভেলী	৫৭৲
বাগদীয়া	৫৭৲
কৃষ্ণনগরী	৪০৲
দলো	৪৪৲
	৪৬৸০

চা	৪৬
কাবুল	৩৬৲
ঢাকা বাখরা	৪১৸০

লোহ ও হার্ডওয়ার

২৭।৯।১৯০৭

বিলাতি লৌহবার— দর প্রতি হন্দর

লোহার কড়ি (জোইষ্ট বা গার্ডার)

মার্কা	৯৲—৯৷০
ঐ বে মার্কা হালকা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা চেনেটেড প্যেষ্ট বীম সব সাইজ	১-৸৵
ঐ ইংলিশ অর্ডার (বীম)	৯৷০—১০৷৵০
এঙ্গল (টি আয়রণ)	৮৸০ -৯৲
ফ্লেম আয়রণ (কোণা)	৮৸০—৯৷০
টাটা গ্যাঃ করগেট টিন।	৷৵০
২৪ গেজ—	১৪৲
২৬ গেজ—	১৩৸০
২৮ গেজ—	১৮৲

টাটা গ্যাঃ প্লেন সীট।

২৪ গেজ—	১৪৷০
২৬ গেজ—	১৩৷৵০
২৮ গেজ—	১৫৷৵০

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৫৲
২৬ গেজ—	১৭৸০

গ্যাঃ শটকা ২৪—৩০ গেজ

সীস	৷৵৫—৸৵০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৸০
গ্রেট কাটিং বা ফিট কাটা মণ	৩৷৵—৪৲

পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা

৭৲--৭৷০ হন্দর

গোল চৌকা কাটিং লম্বা ১—৩ইঞ্চ	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাটি, বোল্টু, ঘরাদে	৮৸০—৯৷০

গোল চৌকা রি-ইনফোর্স ও কনক্রিটের

ডাণ্ডা	৮৸০—১০৷০
নং ইস্পাত খাসল ২৫৲	নকল ২৩৷০

চটকলের হাপর ৫৵০, পাটের হাপর ৬৷০

তুলার হাপর ৪৷০

তুলের দর

কলিকাতা ২৬শে জুন,

আসামের গোলার কাইব	৫৪৲
লিটল আসের ভারড	৪০৲
কলাচি খুলনিস কাইব	৪০৲
হাঙ্গার্স তাবা	৫৩৲
ঐ কাইব	৫১৲

বেঙ্গেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

প্রতি মণ

লবঙ্গ সাও	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	১০৷০—১১৷০
গুঁড়ি পরিষ্কার	১৫৷০—১৭৷০
কচা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স্ লিঃ

৬-৫ কলাবাগ ঘাট কোম্পানী, বড়বাজার

কলিকাতা

এম. বি. সরকার এণ্ড সন্স

সন এণ্ড গ্রাণ্ড সন্স অব লেট বি. সরকার

একমাত্র গিনি সোণার অলঙ্কার ও রৌপ্যের বাসন নির্মাতা

আমাদের নিজ কারখানায় প্রস্তুত একমাত্র গিনিসোণার নানাবিধ হাল ফ্যাসানের গহনা বিক্রয়ার্থ মজুত থাকে এবং অর্ডার অনুযায়ী প্রস্তুত করা হয়। অতি সত্বর ভিঃ পিঃতে পাঠান হয়। পত্র লিখিলে বিনামূল্যে নূতন ক্যাটালগ পাঠান হয়।

ফোন ১৩৬১ বড়বাজার টেলি-রিলায়েন্টস

১২৪,১২৪-১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা

বহুবাজার ও আমহার্ষ্ট ষ্ট্রীটের মোড়

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—৫২	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৩৫	১১—১০,	১৪—৯	১৮—১৩,	২০—১০

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫ ৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৭০
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩ ৯ ৩৩	১১-৪৮	১৬ ৮	১৮ ৩২
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬ ২৩ ০-৩	১২ ১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

ম্যালেরিয়ার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণ মৃত্যু পথযাত্রীর প্রাণরক্ষার একমাত্র উপায় পাচন সেবন। ইহার কার্য্যকারিতা অত্যন্ত অধিক। জ্বরের প্লীহা যকৃৎ সংযুক্ত জ্বর এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অবসাদ নাশক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸০ আনা, বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ওয়েলিংটন ষ্ট্রীট রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর এর ... এই বৈষ্ণব কুলচূড়ামণির আত্মকথা জীবনচরিত এতাবৎকাল পৃথক গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু এত বৎসর পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যদেবের অনুজ্ঞায় ... প্রবন্ধ লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। ডবল ক্রাউন ১২৪ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸৹ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ১০	।৵০	।৵০		
" " ইঞ্চি ২৲	১৷০	১৷০	১৲
" সিকিকলম ৫৲	৪৲	৪৲	৩৲
" অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্ন্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্পাদিত-বৈভবশালী এম-এ মহোদয়ের গৌরবময়ী এবং গবেষণাপূর্ণ লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের শ্রীমুখ্যপাঠে মত্ত হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য দর্শনের সহিত তুলনামূলক শ্রীমন্মহাপ্রভু প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩৭ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ও বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণক্রমে সজ্জিত শব্দসূচী ও সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—২৫, পঁচিশ টাকা। প্রাপ্তিস্থান—সম্পাদক, গৌড়ীয়মঠ, ... শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শ্রীগৌড়ীয়বৈষ্ণবসম্প্রদায়ের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে।
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর ... ষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীরূপানুগবর্য্যপালক শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ৈক-সংরক্ষক পরিব্রাজকাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংসকুলচূড়ামণি শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্ত্তৃক প্রতিষ্ঠিত

দৈনিক
নদীয়াপ্রকাশ
THE NADIA-PRAKASH

REG NO C 1541

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের পদাশ্রিত আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠাচার্য্য শ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু কর্ত্তৃক পরিচালিত

ভারতের সর্ব্বত্র অজস্র-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৪ই অগ্রহায়ণ, ১৩৪৪, ৩০শে নভেম্বর, ১৯৩৭, মঙ্গলবার [সংখ্যা ২২৪]

বিবিধ সংবাদ

——(•(:•:)•)——

কলিকাতায় কংগ্রেস সভাপতি পণ্ডিত জওহরলাল

পণ্ডিত জওহরলাল নেহরু আসাম যাইবার পথে গত শুক্রবার সকালে কলিকাতা আসিয়া দ্বিপ্রহরেই আসাম রওনা হইয়া গিয়াছেন। আসাম যাত্রার প্রাক্কালে শিয়ালদহ ষ্টেশনে সমুপস্থিত ছাত্রগণকে লক্ষ্য করিয়া তিনি এক বক্তৃতা দেন। বক্তৃতাপ্রসঙ্গে তিনি ছাত্রগণকে তাহাদের উৎসাহ উদ্যম সুনিয়ন্ত্রিত করিবার প্রয়োজনীয়তার উপর বিশেষ জোর দেন। ভারতের কৃষক-সমস্যার কথা উল্লেখ করিয়া জওহরলালজী বলেন যে, ভারতবর্ষ কৃষকদেরই দেশ; ভারতের কৃষক-সম্প্রদায় যদি চঞ্চল হইয়া উঠে, তবে সমগ্র দেশ তুমুল ভূমিকম্পের ন্যায় প্রকম্পিত হইবে। কৃষকেরা অনতিবিলম্বেই চঞ্চল হইয়া উঠিবে বলিয়া তিনি মন্তব্য করেন।

———

মাদ্রিদের উপর বিদ্রোহীদের প্রচণ্ড গোলাবর্ষণ

উভয় পক্ষই বিপুল আয়োজন করিতেছে; কারণ শীঘ্রই একটা ঘোরতর যুদ্ধ হইবে বলিয়া অনুমিত হইতেছে। সরকারী বাহিনী মনে করে যে, মাদ্রিদের উপর প্রচণ্ড গোলাবর্ষণ ও গোয়াদালাজারা ও মাদ্রিদের নিকটবর্তী অন্যান্য অঞ্চলে বিদ্রোহীদের বিপুল আক্রমণ একটা কৌশল মাত্র; আর আসলে, সম্ভবতঃ আরাগান রণাঙ্গনই বিদ্রোহীদের আসল লক্ষ্য। বিদ্রোহী পক্ষ আরাগানে বহু সৈন্য প্রেরণ করিতেছে। গত ২০শে তারিখে বোমা-বর্ষণের ফলে মাদ্রিদে ২৫ জন নিহত হইয়াছে এবং গোয়াদালাজারার উপর 'বিমান-আক্রমণে অন্ততঃ ৫০ জন অসামরিক ব্যক্তি নিহত ও বহু আহত হইয়াছে।

—

আরাগানে বিদ্রোহীদের পরাজয়

উত্তর পূর্ব স্পেনস্থিত সরকারপক্ষের ঘাঁটি বার্সেলোনা হইতে প্রচারিত সংবাদে প্রকাশ যে, বিদ্রোহীরা আরাগান প্রদেশের হুয়েস্কা-সাবিনানিগো রাস্তায় অবস্থিত সরকারী ঘাঁটিসমূহের উপর এবং সেসিনোয়া অঞ্চলে প্রবল আক্রমণ চালায়। সারারাত্রি ধরিয়া প্রচণ্ড সংগ্রাম চলে। সরকারী বাহিনী বিদ্রোহীদের আক্রমণ ব্যর্থ করিয়া দেয়। বিদ্রোহীদের পক্ষে বহুলোক হতাহত হয়।

বৈদেশিক শক্তিবর্গের প্রতি জাপ-সৈন্যাধ্যক্ষের হুমকী

আন্তর্জাতিক এলাকা সম্পর্কে জাপানীরা যে মনোভাব অবলম্বন করিয়াছে, তাহার ফলে সাংহাইতে গভীর উদ্বেগের সৃষ্টি হইয়াছে। এই মর্ম্মে একটি অসমর্থিত অথচ ব্যাপক গুজব রটিয়াছে যে, জাপানীরা ১লা ডিসেম্বর সমগ্র আন্তর্জাতিক এলাকা দখল করিবার অভিপ্রায় প্রকাশ করিয়াছে।

জাপানের তোড়জোড়

চীনে যে চাঞ্চল্যকর পরিস্থিতির উদ্ভব হইয়াছে, তাহার সম্মুখীন হইবার উদ্দেশ্যে অস্ত্র শস্ত্র ও সৈন্য প্রেরণের জন্য জাপ নৌবহরকে চীনের বন্দর হইতে জাপানে প্রত্যাবর্তনের আদেশ দেওয়া হইয়াছে।

———

সাংহাইয়ে খাদ্যাভাব

সাংহাইয়ে বাহির হইতে বহু নৌকা-বোঝাই চাউল এবং পূটাং হইতে খাদ্যদ্রব্য আসিয়া পৌঁছায়, তাহাতে খাদ্যাভাবের আশঙ্কা সাময়িকভাবে দূর হইয়াছে। জাপানীরা চীনা বণিকদিগকে পূটাং হইতে খাদ্যদ্রব্য সরবরাহ করিবার অনুমতি দিয়াছে। কিন্তু এখনও সহস্র সহস্র নরনারীর খাদ্যাভাব দূর করার সমস্যা গুরুতর আকার ধারণ করিয়াছে; কারণ তাহাদিগকে সম্পূর্ণভাবে পরের দয়ার উপর নির্ভর করিতে হইতেছে।

নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতি

ইউনাইটেড প্রেসের এক সংবাদে প্রকাশ, ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে বা শেষ সপ্তাহে অথবা জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির একটি বিশেষ অধিবেশন যাহাতে হয় তজ্জন্য ভাঃ রাঃ সাধারণ সম্পাদক অধ্যাপক এন, জি, রঙ্গ কংগ্রেস সভাপতি পণ্ডিত জওহরলালের নিকট একখানি চিঠি লিখিয়াছেন।

তিনি লিখিয়াছেন, "কৃষকদের জন্য মন্ত্রিসভাগুলি কি করিয়াছেন তাহা আলোচনার জন্য যে-কোন ভাবেই হউক নিখিল ভারত রাষ্ট্রীয় সমিতির একটি বিশেষ অধিবেশন হওয়া প্রয়োজন। ইহার উদ্দেশ্য কংগ্রেস মন্ত্রীদের কার্য্যের নিন্দা করা নয়; কৃষকদের প্রধান প্রধান সমস্যাগুলি সম্বন্ধে অন্ততঃ যাহাতে কংগ্রেসী মন্ত্রীদিগকে একটা সাধারণ ভাবের নির্দ্দেশ দেওয়া যায়, তাহাই হইবে উক্ত আলোচনার উদ্দেশ্য।"

———

নিখিল ভারত শিক্ষা-সম্মেলন

গত ২৩শে নভেম্বর সন্ধ্যায় নিখিল ভারত শিক্ষাসম্মেলনের কার্য্যকরী সমিতির এক অধিবেশনে খ্যাতনামা ও বিশিষ্ট শিক্ষাব্রতীদিগের নেতৃত্বে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে জনসভার অধিবেশনের পরিকল্পনা ও ব্যবস্থা অবলম্বিত হইয়াছে। উপসম্মেলনের সভাপতিদের সম্বন্ধেও আলোচনা হইয়া গিয়াছে।

চট্টগ্রাম-ময়মনসিংহ কলিকাতা লাইন

আগামী ৬ই ডিসেম্বর মেঘনা সেতুর উদ্বোধন করা হবে এবং ৭ই ডিসেম্বর হইতে ময়মনসিংহ পথে চট্টগ্রাম হইতে কলিকাতার মধ্যে প্যাসেঞ্জার ট্রেন যাতায়াত করিবে। গাড়ী চলাচলের সময় স্থির হইয়া গিয়াছে। চট্টগ্রাম হইতে সকাল ৭টা ২ মিনিটে আপগাড়ী ছাড়িয়া পরদিন সকাল ৭টা ১০ মিনিটে উহা কলিকাতা পৌঁছিবে এবং কলিকাতা হইতে রাত্রি ৮টা ৫১ মিনিটে ডাউন গাড়ী ছাড়িয়া পরদিন রাত্রি ৯টায় উহা চট্টগ্রামে পৌঁছিবে।

চট্টগ্রাম ময়মনসিংহ কলিকাতা লাইন এবং চট্টগ্রাম-চাঁদপুর কলিকাতা লাইনের ভাড়া একই থাকিবে।

এই নূতন লাইনের গাড়ীর সহিত নোয়াখালী ও চাঁদপুর লাইনের গাড়ীর যোগাযোগ থাকিবে।

খাঁ আবদুল গফুর খাঁর কার্য্যক্রম

গত ২৩শে নভেম্বর সফর শেষ করিয়া সীমান্তনেতা খাঁ আবদুল গফুর খাঁ পেশোয়ার প্রত্যাবর্ত্তন করিয়াছেন। পেশোয়ার সহরের বিভিন্ন পল্লীর কংগ্রেস কমিটিগুলি পুনর্গঠিত করিবার জন্য তিনি সময়ক্ষেপ করিতে মনস্থ করিয়াছেন।

জানা গিয়াছে যে, সীমান্ত প্রদেশের কংগ্রেসী মন্ত্রীমণ্ডলী স্থানীয় স্বায়ত্তশাসন প্রাপ্ত প্রতিষ্ঠানগুলিতে সংখ্যালঘিষ্ঠ সম্প্রদায়গুলির জন্য নির্দিষ্ট সংখ্যক আসন পৃথক রাখিয়া যুক্ত নির্বাচন প্রথা প্রবর্ত্তন করিবার সিদ্ধান্ত করিয়াছেন।

———

লণ্ডনে জেনারেল ফ্রাঙ্কোর এজেণ্ট

বৃটিশ গবর্ণমেণ্ট জেনারেল ফ্রাঙ্কোর লণ্ডনস্থ চীফ এজেণ্টরূপে ডিউক-অব আল্বার নিয়োগ অনুমোদন করিয়াছেন।

শুদ্ধভক্তি গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্, —সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৩৲
২। শ্রীমদ্ভগবদ্গীতা (বাংলা) ৷৶০
ভাগবতার্ক শ্রীচৈতন্যবিগ্রহ ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (বাংলা) ৬৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲, ৩য় খণ্ড— ৸০
৪র্থ খণ্ড— ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড— ৸০; ২য় খণ্ড —১৲, ৩য় খণ্ড— ৸০
৭। শ্রীচৈতন্যভাগবত ১৲
৮। ব্রজরীতিচিন্তামণি দীপিকা ও সংস্কার দীপিকা ১০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাংলা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাংলা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৬০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। প্রাকৃত-রসশতদূষণী ৷০
১৯। সর্ব্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৶০
২১। গৌড়ীয় পঞ্জিকা
২২। ভজন রহস্য
২৩। শ্রীচৈতন্যচরিতামৃত ও শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য (বাংলা)
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ)
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ৩৲
অন্বয়) ১৲
২৬। গীতার বেদান্ত ভাষ্য
২৭। মুণ্ডকোপনিষৎ গুণপ্রদীপ সহ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তদর্শন (সানুবাদ) ৬০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাংলা) ৸
৩০। তত্ত্ব বিবেক-দর্পণ ৶০
৩১। সাধন পথ (তৃতীয় সংস্করণ) ৷৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাংলা) ৷০
৩৩। নবদ্বীপভাব-তরঙ্গ ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০
৩৫। শ্রীকৃষ্ণলীলা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নবদ্বীপশতক ৵০
৪৬। অর্চ্চনকৃত্য ৵০
৪৭। মনঃশিক্ষা ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। শরণাগতি ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ
৫৪। পুরুষার্থ নির্ণয়
৫৫। দশমূলকারিকা বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীকৃষ্ণভেদ ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিধিক্রমঃ
৬৩। সটীক-শিক্ষাদশমূলম্ ৷০
৬৪। স্তবকদম্ব ৷০
৬৫। সপ্তদশ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। মায়াবাদশতদূষণী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড ৷৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। কোয়াট গৌড়ীয়মঠ ইজ দুইং ৵০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনর্যালয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

হরি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী গোস্বামী ঠাকুর সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক বার্ষিক মূল্য ৪৷০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—উড়িয়া ভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। মেদিনীপুর শ্রীপুরুষোত্তম মঠ হইতে প্রকাশিত, মূল্য সডাক ৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক মূল্য সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ১৷০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

নির্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এইগ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-দর্শনের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উৎকৃষ্টরূপে
মুদ্রিত। ৩৬০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৬৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



১০ম বর্ষ ১২ কেশব, গৌরাব্দ ৪৮১, ১৪ই অগ্রহায়ণ বঙ্গাব্দ ১৩৭৪, ৩০শে নভেম্বর ইং ১৯৬৭, বৃহস্পতিবার ১১শ সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

---::(•)::---

বহরমপুরে প্রচার

বিশ্ববিশ্রুত শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসারঙ্গ মহোদয় শ্রীপাদ ত্রিভুবনেশ্বর দেবশর্ম্মা ও শ্রীপাদ সেবানন্দ ব্রহ্মচারী প্রমুখ কতিপয় ব্রহ্মচারী সহ ঢাকা শ্রীনাথ-গৌড়ীয়মঠের উৎসবান্তে গত ৬ঠা অগ্রহায়ণ শনিবার শ্রীচৈতন্যবাণী-প্রচারার্থ মুর্শিদাবাদ জিলার অন্তর্গত বহরমপুর প্রভৃতি স্থানে গমন করেন। তথাকার স্থানীয় গ্রামবাসী ও ভক্তবৃন্দ তাঁহাদিগকে সংকীর্ত্তন-শোভাযাত্রা সহকারে মঠের সেবকবৃন্দকে অভ্যর্থনা করেন। গত ৭ই অগ্রহায়ণ রবিবার তারিখে বহরমপুরে এক বিস্তৃত নাট্যমন্দিরে আহুত বহু সজ্জনবেষ্টিত সভার সমারোহে শ্রীপাদ ত্রিভুবনেশ্বর দেবশর্ম্মা মহোদয় প্রচারকের পরিচয়ান্তে একটী সুন্দর বক্তৃতা প্রদান করেন; তৎপরে শ্রীগৌড়ীয় মঠের অন্যতম প্রচারক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিসারঙ্গ মহোদয় "মনুষ্য জীবনের কর্ত্তব্য" সম্বন্ধে একটী গবেষণাপূর্ণ বক্তৃতা করেন।

গত ৮ই অগ্রহায়ণ তারিখে উক্ত নাট্যমন্দিরে সন্ধ্যা ৬ টার সময় শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা হয় এবং ৭ই অগ্রহায়ণ তারিখে স্থানীয় বহরমপুর হাইস্কুলে শিক্ষকবৃন্দের আহ্বানে ভক্তিসারঙ্গ বেলা ৩টা হইতে ৫টা পর্যন্ত 'সার্বজনীন প্রেমধর্ম্ম' সম্বন্ধে গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করেন। স্থানীয় হেডমাষ্টার মহাশয় গৌড়ীয়মঠের বিশ্বব্যাপী শ্রীচৈতন্যবাণী প্রচারের কথা বর্ণন করিয়া আনন্দ প্রকাশ করেন। [illegible] শিক্ষকবৃন্দ ও ছাত্রমণ্ডলীর মধ্যে [illegible]

শ্রীযুক্ত [illegible]কুমার পোদ্দার [illegible] হেডমাষ্টার; [illegible] শ্রীযুক্ত মাণিকলাল মজুমদার [illegible]; শ্রীযুক্ত সুধীর কুমার দে [illegible]; শ্রীযুক্ত [illegible]; শ্রীযুক্ত [illegible] গঙ্গোপাধ্যায়; শ্রীযুক্ত [illegible]; মৌলবী মেজাম্মেল হোসেন; শ্রীযুক্ত [illegible] বন্দ্যোপাধ্যায় [illegible]।

সভার শ্রীগোবিন্দজীউর নাট্যমন্দিরে ছায়াচিত্রযোগে শ্রীচৈতন্যদেবের বৈশিষ্ট্য সম্বন্ধে সংশ্লিষ্ট ব্যক্তির সম্মুখে [illegible] বক্তৃতা করেন। সংকীর্ত্তন-শোভাযাত্রা সহকারে নগরসংকীর্ত্তন করা হয়। পরে [illegible] শ্রীল প্রভুপাদের পদাঙ্কপূত স্থানে উপস্থিত হইয়া উহার বিবরণাদি কীর্ত্তন করেন।

'শ্রীধাম বৃন্দাবনের উৎসব-পঞ্জী

গত ১১ই নভেম্বর বৃন্দাবনস্থিত উক্ত কীর্ত্তনাখ্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব মহারাজের আনুগত্যে "যুগলঘাট" পরিক্রমা হয়। পূর্ব্বাহ্নে তিনি শ্রীচৈতন্য-চরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন। অপরাহ্নে শ্রীপাদ সুদর্শন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী শ্রীচৈতন্যচরিতামৃত পারায়ণ করেন। অপরাহ্নে শ্রীপাদ নরোত্তমানন্দ ব্রহ্মচারী ভক্তিকমল প্রভু শ্রীমদ্ভাগবত হইতে প্রভাব [illegible] পাঠ ও ব্যাখ্যা করেন। [illegible] ও ব্যাখ্যা করেন। [illegible] করেন। [illegible] এই [illegible] ব্যাখ্যা করেন [illegible] করিলে তাহার [illegible] কাহারো [illegible] হইবে না। [illegible] উন্নতি লাভ করিতে হইলে [illegible] গুরুর নিকট দীক্ষিত হইয়া শ্রবণ করিয়া [illegible] জীবন তাহা পালন করিতেছেন তিনিই [illegible] শ্রীহরিকথা বলিবার অধিকারী। [illegible] পাঠ করিয়াছেন কিন্তু আচরণ করেন নাই তাহার প্রবণ কর্তব্য নয়।

১২ই নভেম্বর রবিবার প্রাতে বৃন্দাবন পরিক্রমা হয়। উষঃকীর্ত্তনের পর বহু ভক্ত শ্রীমঠ সম্মুখে সমবেত হইয়া ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রজ্ঞান কেশব মহারাজের আনুগত্যে শ্রীমঠ হইতে [illegible] বাহির হইয়া বৃন্দাবন। শ্রীগোবিন্দ গোপীনাথ [illegible] দর্শন [illegible] কীর্ত্তন করিতে করিতে [illegible] আসিয়া উপস্থিত হন। যমুনার বিভিন্ন ঘাট, আদিবদ্রী, যুগল-ঘাট, গোবিন্দঘাট, চিরঘাট বা বস্ত্রহরণ ঘাট, ভ্রমরঘাট, কেশীঘাট, ধীরসমীরঘাট, বংশী বটঘাট, মানঘাট এবং কালীয়দমনঘাট এই দ্বাদশঘাট পরিক্রমা করেন। প্রত্যেক বৎসর এইদিন ধামবাসী ও ব্রজবাসিগণ ব্রজনাথ পরিক্রমা করেন। প্রবাদ, ঐ দিবস 'যুগল-মিলন' পর্ব্ব নামে অভিহিত। ভক্তমুখী সুকৃতি অর্জ্জন করিবার জন্য বহু ধামবাসী [illegible] কৃষ্ণকথা [illegible] সম্পূর্ণ [illegible] কীর্ত্তন [illegible] উপস্থিত হইয়াছিলেন। [illegible] সকলেই [illegible] করিয়াছিলেন। [illegible] পরিক্রমা [illegible] সময় [illegible] পাঠ [illegible] কীর্ত্তন করেন। ঐ অপরাহ্নে [illegible] শ্রীচৈতন্যভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন।

আদর্শ সেবা

[illegible] শ্রীপাদ [illegible] এবং [illegible] শ্রীমতী রাধারাণীর [illegible] একটী স্বর্ণময়ী চাঁদ প্রদান করিয়া [illegible] অর্জ্জন করিয়াছেন। তাঁহার সেবা-প্রচেষ্টা এবং [illegible] আদর্শস্থানীয় ও প্রশংসনীয়। আমরা শ্রীগুরুগৌরাঙ্গের নিকট প্রার্থনা জানাইতেছি, তাঁহার সেবোন্মুখতা উত্তরোত্তর বর্দ্ধিত হউক।

জড় বৈষ্ণব হন শাস্ত্রের প্রমাণে। তত্ত্বরূপে কৃষ্ণ কৃপা করেন এরূপে।

"এই ভগবানের প্রিয়ত্তম,—কে ভগবানের প্রসাদের মালিক, তাহার নিষ্কারণ আমাদের ভাগ্যহীনতা ও ভাগ্যবিশিষ্টতার উপর নির্ভর করে। যদিও ভগবানের প্রসাদ আমাদের প্রয়োজনীয় বিষয়, তথাপি ভগবানের প্রসাদ যাঁহারা লাভ করেন—ভগবদ্ভক্ত যাঁহাদের সম্পত্তি, তাঁহাদের প্রসাদও আমাদের অপ্রয়োজনীয় নহে। ভগবৎপ্রসাদকে 'মহাপ্রসাদ' বলে। ভগবানের প্রসাদ লাভ করিয়া যাঁহারা মহান্ হইয়াছেন, তাঁহাদের প্রসাদই মহা-মহাপ্রসাদ"।

(বক্তৃতাবলী দ্বিতীয় খণ্ড)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১২ কেশব, [illegible] গৌরাব্দ ৪৫০

দু' একটী কথা

কলির নানাপ্রকার দোষ থাকিলেও একটী মহৎ গুণ আছে। সেটি আর কিছুই নহে, তাহা নাম কীর্ত্তন। এই কীর্ত্তন সম্বন্ধে বক্তব্য চাই। নতুবা দুঁদের কীর্ত্তন ভরসা থাকিবে, মায়ার কীর্ত্তন হইয়া পড়িবে, তাহাতে অনর্থনিবৃত্তি বা ভবরোগ-মোচন হইবে না। অসৎসঙ্গ ত্যাগ করিয়া সৎসঙ্গে নাম-কীর্ত্তন করিতে হইবে। নাম কীর্ত্তনও করিব এবং তৎসঙ্গে সঙ্গে অসৎসঙ্গও চালাইব এরূপ মনঃকল্পিত সাধনপ্রণালী গ্রহণ করিলে মঙ্গল হইবে না। অসৎসঙ্গ বা অসদাচরণকে ভক্ত্যাঙ্গ মনে করা অনুচিত। অসদ্ব্যক্তিগণ দ্যূত, পান, স্ত্রী, সূনা প্রভৃতি বিষয়কার্য্যে সতত ব্যস্ত। নিজের সুবিধাই তাহাদের একমাত্র লক্ষ্য। তাহারা বঞ্চক, ভক্তির গন্ধও তাহাদের মধ্যে নাই। নিজের সুখ যেখানে, কৃষ্ণসুখ বা ভক্তসুখ সেখানে কিরূপে সম্ভব?

কলি যেখানে অবস্থান করে, তাহা পাপের আধার। যেখানে পাপ, সেখানে নামকীর্ত্তন হইতে পারে না। কীর্ত্তনের স্থানে পাপাচরণ, সেবার নামে ভোগ, উপদেশের নামে নিজেকে প্রচার প্রভৃতি কার্য্য নানাপ্রকারে অনুষ্ঠিত। পরনিন্দা, নেশা করা, অবৈধ যোষিৎসঙ্গ বা বৈধ স্ত্রীতে অত্যাসক্তি, মৎস্য মাংস ভোজন এবং ঐ সকল ইন্দ্রিয়তর্পণের জন্য অর্থসংগ্রহ—এই পাঁচটি কলিকৃত চারি পাপ। নামবলে এই পাঁচটী পাপ ভোগ করিবার চেষ্টা নামবলে পাপাচরণরূপ নামাপরাধ, উহা নাম-কীর্ত্তন নহে।

নামে রুচি থাকিলে নাম ও নামীতে ভেদবুদ্ধি থাকে না। স্বতন্ত্রভাবে 'আমি নাম রচনা করিতে পারি' মনে করা অহঙ্কারের পরিচয়। যেখানে ভক্তির কথা, সেখানে কর্তৃত্বাভিমানে কোন কিছু করার কথা নাই, সেখানে আছে কেবল পূর্ণ আনুগত্য—গুরুবৈষ্ণবাদেশ-পালনে তৎপরতা। সেখানে যা কিছু করা হয় সমস্ত প্রভুর ইঙ্গিতে প্রভুর সেবার জন্য, সেবা অনুসেবক, বিদ্যান, বুদ্ধিমান, উচ্চ-নীচ ব্যক্তি নির্ব্বিশেষে আপনাকে অকিঞ্চন জ্ঞান। প্রভুর প্রিয় গুরুদেবের অনুগত হইয়া ভক্তিবিরুদ্ধ ব্যবহার একচ্ছত্রাধিপত্য স্থাপন করিবার। সেখানে কর্তৃত্ব নাই, প্রভুত্ব নাই, আছে কেবল 'নির্ম্মল' প্রেমময় ও মঙ্গল আনুগত্য [illegible] বা নমস্কার। যাঁহারা অহঙ্কারে [illegible] তাঁহারা এই পরমানন্দময়ী [illegible] বুঝিতে না পারিয়া প্রাচীনদের [illegible] ইহা কত কি জল্পনা-কল্পনা করেন। কখনও অভক্তিপরের দুষ্ট পোষাক, কখনও নিরাশ্রয়ের ছলনা, কখনও অজ্ঞপ্রণালীর কল্পনা আবার কখনও বা শাস্ত্রাবলম্বনে লোক শিক্ষাচ্ছলে তাঁহাদের হৃদয়কে কলুষিত করে। সাধুভক্তগণ তাঁহাদের এই খামখেয়ালীর প্রশ্রয় দেন না বা আদর করেন না। সুতরাং মঙ্গল প্রার্থী হইলে সাধুজনের নির্দ্দেশ ব্যতীত কোন কিছু করা উচিত নহে।

শ্রীগুরু উপদেশক্রমে জীবের অনুগ্রহ বা মঙ্গলপ্রাপ্তি ঘটে। স্বয়ং কল্পনা করিয়া মন্ত্র গড় মন্ত্র প্রস্তুত রচনা, শ্রীগুরুদেবের নিকট হইতে সাক্ষাদ্ভাবে মন্ত্র গ্রহণ না করিয়া স্বপ্নে তাঁহার নিকট হইতে মন্ত্র পাওয়ার উক্তি বা শাস্ত্র পরবঞ্চনা ভক্তবেশধারীই করিয়া। ইহা বৈষ্ণবের ধর্ম নহে। দুইদোষ নিপুণ অজ্ঞ নিজের মনোমত যাহাকে তাহাকে গুরু বলিয়া কোনও গুরুত্বহীন আত্মাভিমানের ছলনা প্রদর্শনপূর্ব্বক যে লোকবঞ্চনার কার্য্যে ব্যস্ত থাকে তাহাতে প্রতারণা ছাড়া আর কিছুই নাই। শ্রীগুরুপাদপদ্ম হইতে চক্ষু বুজিয়া মুখে অধোক্ষজতত্ত্বের আলাপ দেখান ভক্তির প্রতিকূল বিচার। ইহা শ্রৌতপন্থা বা ভক্তিপন্থা নহে। বৈষ্ণবের বেশ ধারণ করিয়া —অপরাধাদিতে বিভূষিত হইয়া এইরূপভাবে হরিজনের পাদপদ্মে অন্য কিছুকে গুরুবোধ করা উচিত নহে। যখন যে দলে থাকি প্রতিষ্ঠার জন্য সেই দলের মনযোগান হরিভক্তি নহে। হরিভক্তিতে এইরূপ ব্যক্তিগত বলিয়া কোন কথা নাই, সেখানে আছে কেবল ঐকান্তিকতা এবং লক্ষ্য নিয়ে একনিষ্ঠতা। তাহা লৌকিক বা তথাকথিত উদারতার ভাগ নহে, পরন্তু সরলতার চরম ও পরম আদর্শ এবং চেতনের শুদ্ধা সতী বৃত্তি।

বৈষ্ণবের দীনবেশের সহিত পাশাপাশি জড়তা খোঁজা পায় না। মালা, ঝোলা, পাগড়ী প্রভৃতি ভজনের উপকরণ নহে। তাম্বুলচর্ব্বণ এবং তামাক, চা প্রভৃতি পান ও অন্য নানাপ্রকার ইন্দ্রিয়তর্পণ বৈষ্ণবজীবনের ভূষণ নহে। সতীর পাতিব্রত্য ন্যায় সেবাই সেবকের শোভা। তাহাই তাহার প্রাণ, জীবন ও ভূষণস্বরূপ। গুরুবৈষ্ণবের চরণরেণুই তাঁহাদের শিরোভূষণ। তাহাতেই তাঁহাদের গৌরব এবং সেই চিন্ময় ধূলিধূসরিত হওয়াই তাঁহাদের যা কিছু মাহাত্ম্য ও মহত্ব।

যেখানে অন্যাভিলাষ, যেখানে ভোগ ও ত্যাগের প্রয়াস সেইখানেই সংসার। আর যেখানে সেবার নিষ্কপট উদ্যম, যেখানে জীব সেবাপিপাসার্ত্ত, সেবাছাড়া যেখানে অন্য কোনও কামনা-বাসনা বা আকাঙ্ক্ষা নাই, সেখানে সংসার বন্ধন কোন কথা নাই। নিজেন্দ্রিয়তর্পণে যে যত বেশী পটু সে তত বেশী বিষয়ী বা সংসারী। কিন্তু ভক্তের এইরূপ বালাই নাই। তাঁহাদের মুখদর্শন, তাঁহাদের গুণসম্পাত, তাঁহাদের প্রাণের বন্দিব—একমাত্র কৃষ্ণানুসন্ধান। এই মহাপুরুষগণের সঙ্গই সংসার নিবৃত্তির অর্থাৎ আত্মার অপ্রাকৃত পবিত্র কৃষ্ণেন্দ্রিয়প্রীতিবিধানের যোগ্যতালাভের একমাত্র উপায়। সুতরাং এই বৈষ্ণবগণের পাদপদ্মে নিষ্কপট প্রপত্তি ব্যতীত—তাঁহাদের নিত্যানুগত্য ব্যতীত মঙ্গলাকাঙ্ক্ষী আমাদের আর কি আশা থাকিতে পারে?

পাপাচারী ও ভগবদ্ভক্তিহীনের সম্বন্ধনীতি উপেক্ষা করিয়া যাহারা তাদৃশ দুঃসঙ্গবর্জনোপদেশকে বৈষ্ণবনিন্দা বলিয়া উপেক্ষা করেন, তাঁহাদের সত্যানুরাগ প্রকৃত সাধুগণ আস্থা স্থাপন করিতে পারেন না। ধর্ম্মের ছলনায় যে কেতব ধর্ম নামে চলিতেছে তাহা উপেক্ষা করাই সত্যানুরাগের ধর্ম। কিন্তু তাহা গোপন করিবার উদ্দেশে বৈষ্ণবনিন্দা বা পরচর্চ্চা করা নীতিবিরুদ্ধ—এই ছলনা যাহারা বিস্তার করেন তাঁহাদের কাপট্য সকলের অনায়াসে ধরিয়া ফেলিতে পারেন।

মানব নিজের দোষ আবরণ করিতে গিয়া যে ছলনা করে তাহা চতুর পরমার্থী ব্যতীত অপরে বুঝিতে সমর্থ হয় না। পরচর্চ্চা করা পাপের অন্তর্গত, কিন্তু চিকিৎসক রোগীর রোগের কারণ নিরূপণ করিতে গিয়া তাহার পাপের পূর্ব্ব ইতিহাস সংগ্রহ করেন বা সমাজ-হিতৈষী সামাজিক অবস্থা অপনোদন করিতে গিয়া যে পাপের প্রশমনোদ্দেশে পরচর্চ্চা-প্রভৃতি আলোচনা করেন তাহাকে কেহ পরচর্চ্চা বলিয়া মনে করিলে তাহার বুদ্ধির প্রশংসা করা যায় না।

এ জগতে উৎসবের ছড়াছড়ি। এমন দিন নাই যে কোথাও না কোথাও একটা না একটা উৎসব না হইতেছে। এই সকল উৎসবে আছে কেবল আনন্দের হাটবাজার। সেইজন্যই বোধ হয় লোকের উহাতে এত রুচি। কিন্তু এই সকল উৎসব বা আনন্দ ক্ষণিকের জন্য, তৎপরেই আবার দুঃখের স্রোত স্বাভাবিকভাবে প্রবাহিত হইতে থাকে। পারমার্থিকগণের মধ্যেও উৎসবের কথা শুনা যায়। কিন্তু তাঁহাদের উৎসব এইরূপ ইন্দ্রিয়তর্পণকারী নহে। এ জগতের উৎসবের সমাপ্তি আছে, কিন্তু পারমার্থিকগণের উৎসব অনন্তকালের জন্য, নবনবায়মানভাবে কৃষ্ণেন্দ্রিয়তর্পণের জন্য; এ উৎসবের আদি নাই, অন্ত নাই, এ উৎসবের আবাহন নাই, বিসর্জ্জন নাই, এ উৎসবের যবনিকা-পতনও কখনও হয় না; তাহাতে আছে কেবল একটি পর্ব্বের পর আর একটি পর্ব্ব - নিত্য নূতনতা, নবনবায়মানতা ও নিত্যবিচিত্রতা।

এই পারমার্থিক উৎসবের একটু লেশ ও বিন্দু প্রাপ্তিকণাই জগতের লোক প্রার্থী। যেদিন আমরা সেই নবনব অনুপমের পরিপাকে আত্মহারা হইয়া আনন্দোৎসবের পারভ্রমণ করিয়া নিত্য আনন্দোৎসবে মগ্ন হইবার সৌভাগ্য লাভ করিব সেইদিন আমাদের চিরমঙ্গল লাভ হইবে, সেইদিন আমাদের জীবনের সার্থকতা হইবে, সেইদিনই হৃদয় নির্ম্মল হইয়া তাহাতে আনন্দময়ের উদয় হইবে। জগতের উৎসব ভোগময় কিন্তু ভক্ত ও ভগবানের আবির্ভাব-উৎসব—সেবাময়। এই জন্যই পূর্ব্বাচার্য্যগণ ভক্তগণের সহিত নিত্য মহোৎসবের অনুষ্ঠান করিয়াছেন এবং শ্রীমন্মহাপ্রভু ইহাকে চৌষট্টি অঙ্গের মধ্যে উল্লেখ করিয়াছেন। বিবাহোৎসব, অন্নপ্রাশনোৎসব, দুর্গোৎসবাদিতে আমাদের বহির্মুখ ভোজন হয়, গ্রাম্যকথার আলোচনা হয়, অমেধ্যাদি দ্রব্য ভোজন ও ভক্ষণ করিবার অপরাধ ভোজন করান হয়; কিন্তু ভক্ত ও ভগবানের উৎসবে সাধুসঙ্গ হয়, সাধুর সহিত আদান-প্রদান হয়, বৈষ্ণবের নিকট প্রীতিপূর্ব্বক নিজ গোপনীয় কথা বলা ও শুনার অবসর হয়, ভগবান্ ও ভগবদ্ভক্তের প্রসাদ সেবাকারী উচ্ছিষ্ট গ্রহণ করিবার সৌভাগ্য হয়। সুতরাং পারমার্থিক উৎসবই সেবাময়—কৃষ্ণেন্দ্রিয়তর্পণপরায়ণ।

আচার্য্যরূপী কৃষ্ণের নরলীলা

(শ্রীযুত জিতেন্দ্রলাল ভট্টাচার্য্য)

অখিলরসামৃতমূর্ত্তি লীলাময় শ্রীকৃষ্ণচন্দ্র এক অদ্বয়বস্তু হইয়াও তাঁহার বিভিন্ন শক্তির সহিত নিত্য নানারূপে, নানাবেশে, নানাভাবে বিলাস করিতেছেন। শ্রীচৈতন্যচরিতামৃতে আমরা দেখিতে পাই—

"কৃষ্ণ, ভক্ত, ভক্তভাব, অবতার, প্রকাশ।
শক্তি এই ছয়রূপে করেন বিলাস॥"

শ্রীকৃষ্ণের উক্ত ছয়রূপ বিলাসের মধ্যে পরম কৃপাময় তাঁহার—গুরুরূপটী। গুরু দুই প্রকার—শিক্ষাগুরু ও দীক্ষাগুরু।

"শিক্ষাগুরুকে ত' জানি—কৃষ্ণের স্বরূপ।
অন্তর্যামী ভক্তশ্রেষ্ঠ—এই দুই রূপ॥"

অখিলরসেশ্বর শ্রীকৃষ্ণচন্দ্র তাঁহার বিভিন্ন লীলারসপুষ্টির জন্য গুরু বা আচার্য্যরূপে জীবের নিকট প্রকাশিত হন। তাঁহার দুই রূপ—অন্তর্যামী ও ভক্তশ্রেষ্ঠ। ভগবান্ যেমন তাঁহার নাম, রূপ, গুণ ও লীলাদির সহিত অভেদ, অপ্রাকৃত ও নিত্য, তাঁহার গুরুরূপটিও সেইরূপ অপ্রাকৃত ও নিত্য। ভগবান্ যেমন অজ, স্বতন্ত্র ও স্বপ্রকাশ বস্তু, সেইরূপ তাঁহার গুরুরূপটী—ভক্তশ্রেষ্ঠ বা ভগবৎ-স্বরূপটিও অজ, স্বতন্ত্র ও স্বপ্রকাশ বস্তু। তাহা হইলে আমরা দেখিতে পাই—মহান্তগুরু নিত্যই বর্ত্তমান।

তবে সর্ব্বতন্ত্রস্বতন্ত্র শ্রীআচার্য্যদেব স্বেচ্ছায় প্রকট ও অপ্রকট লীলা করিতে পারেন। তিনি অন্যাপেক্ষী, তিনি স্বয়ং প্রকাশবস্তু, তাঁহার প্রকাশ কাহারও অপেক্ষা করে না। তিনি জীব নহেন, তিনি জনমতের দ্বারা গঠিত কোন দলের নেতা নহেন বা তথাকথিত কোন মতবাদের নিয়ামক নহেন।

ভগবান্ যেমন অপরের ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু নহেন, সেইরূপ আচার্য্যবস্তুটীও বদ্ধজীবের পরিমাপের কোন বস্তুবিশেষ নহেন। তাঁহাকে জন্মমরণশীল মর্ত্ত্য জীব বলিয়া মনে করিলে অনন্ত নরকে গতি হইয়া থাকে।

"জীবে সাক্ষাৎ নাহি তা'তে গুরু
চৈত্ত্যরূপে।
শিক্ষাগুরু হন কৃষ্ণ মহান্তস্বরূপে॥"

তিনি চৈত্ত্যগুরুরূপে সর্ব্বদাই জীবহৃদয়ে অবস্থিত আছেন, কিন্তু মায়াবদ্ধ জীব স্বরূপ-বিস্মৃতির ফলে তাঁহাকে বুঝিতে পারে না বলিয়া তিনি মহান্তগুরুরূপে জীবের সম্মুখে আসেন। সুকৃতিসম্পন্ন ভাগ্যবান্ জীব তাঁহার সাক্ষাৎ পান এবং আচার্য্য-কৃপাতেই তাঁহারা আচার্য্যরূপী ভগবান্‌কে চিনিতে পারেন। অন্যথা তাঁহার দৈবী মায়ায় মুগ্ধ হইয়া তাঁহাকে জানিতে পারে না। তাহাদের নিকট তাহার স্বরূপটী আবৃত থাকে। অতএব মূঢ় ব্যক্তিরা তাঁহাকে জন্ম-মরণশীল মানব বলিয়া ধারণা করিয়া বঞ্চিত হয়। গীতায় ভগবান্ শ্রীমুখে বলিয়াছেন—

"অবজানন্তি মাং মূঢ়া মানুষীং
তনুমাশ্রিতম্।
পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরম্॥"

শ্রীকৃষ্ণের নররূপী মর্ত্ত্যাবতারলীলার মধ্যে আচার্য্যরূপটি অন্যতম, উহা নিত্য প্রকট ও অপ্রকট ভেদে দুই প্রকার। উহা যে কোন বর্ণ ও আশ্রম স্বীকার করিয়া প্রকাশিত হইতে পারেন। কখনও কখনও ঐ রূপটী আত্মগোপন করিয়া থাকেন, সময় মত আত্মপ্রকাশ করেন, কিন্তু তাঁহার নিজজনেরা আত্মগোপনাবস্থায়ও তাঁহাকে চিনিতে পারেন। তাঁহার ভক্তগণের নিকট তিনি নিত্য প্রকাশিত থাকেন। অভক্তগণ উহা বুঝিতে পারে না।

অবতারী স্বয়ং গৌরকৃষ্ণও বাল্যকাল আত্মগোপনাবস্থায় জনসাধারণের নিকট মর্ত্ত্য শিশুর ন্যায় লীলাভিনয় করিয়া পরে সময়মত আত্মপ্রকাশ করেন, সেইরূপ আচার্য্যগণও কখনও কখনও আত্মগোপনাবস্থায় থাকিয়া যথাসময়ে আত্মপ্রকাশ করেন। সেজন্য তাঁহার পূর্ব্ব অপ্রকাশিত অবস্থা দেখিয়া আমাদের মনে করা উচিত নয়—'তিনি আমাদেরই মত একজন বদ্ধজীব মাত্র, সাধনাদির দ্বারা এখন উচ্চাধিকার লাভ করিয়াছেন'। বস্তুতঃ তাহা নহে। তিনি নিত্যসিদ্ধ মহাভাগবত। জগদ্‌গুরু শ্রীল প্রভুপাদের বাণী হইতেও আমরা জানিতে পারি যে—"বদ্ধজীবের প্রাকৃত দর্শনে অনেক সময় নিত্যসিদ্ধকে সাধনসিদ্ধ বলিয়া মনে হয়।"

পরমকরুণাময় শ্রীকৃষ্ণ শ্রীগুরুরূপে জগজ্জীবকে কৃপা করিবার জন্য প্রপঞ্চে অবতরণ করেন। কর্ম্মী, জ্ঞানী, মায়াবাদী প্রভৃতি অভক্তগণ মহান্তগুরুর অবতরণ-লীলা বুঝিতে অসমর্থ। তাহারা মহান্তগুরুর নিত্যত্ব স্বীকার করে না বলিয়া এই সব তত্ত্ব বুঝিতে পারে না। বেদান্তসূত্রের বাণীতেও দেখিতে পাই—

'যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ।
তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥'

শ্রীগুরুদেবে পরাভক্তিবিশিষ্ট জীবহৃদয়ে ঐ সব তত্ত্ব স্ফূর্ত্তি পায়। একমাত্র নিত্য সেবোন্মুখ শিষ্যই এই সব অনুভব করিতে পারেন। একই বস্তু বিভিন্ন সময়ে বিভিন্ন মূর্ত্তিতে জগজ্জীবকে কৃপা করিবার জন্য নিত্যই জীব-সম্মুখে প্রকট থাকেন। আচার্য্যধারায় নিত্য আগত আচার্য্যগণের মধ্যে প্রভেদ দেখা মহা অপরাধ। পূর্ব্ব ও পরবর্ত্তী আচার্য্য এবং শিক্ষাগুরু ও দীক্ষাগুরুতে উচ্চ-নীচ ভাব পোষণ করিলেও অপরাধ হয়। একই বস্তুর নিত্য বিভিন্ন প্রকাশ মাত্র। ভগবান্ শ্রীমুখেই বলিয়াছেন—

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥

ভক্তবৎসল শ্রীকৃষ্ণচন্দ্র তাঁহার ভক্তগণকে কৃপা করিবার জন্য ও জগজ্জীবের মঙ্গলের নিমিত্ত নিত্যই আচার্য্যরূপে জগতে নরলীলা করিতেছেন।

"গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে।
গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥"

শ্রীল গৌরকিশোর

গৌড়ীয়-মিশনের মূল পারমার্থিক শক্তি

(২০।১১।৩৭ তাং ... বেঙ্গল টাইমস হইতে)

শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজের বাল্যজীবন সম্বন্ধে ... জানা যায়। ... যে, তিনি ১০০ ... বৎসর পূর্ব্বে পদ্মাবতী তীরে টেপাখোলার নিকটবর্ত্তী ... নামক ক্ষুদ্র গ্রামে বৈশ্যকুলে আবির্ভূত হন। তাঁহার নাম ছিল বংশীদাস। শৈশবেই তিনি দারপরিগ্রহ করেন এবং ২৯ বৎসর বয়স পর্য্যন্ত শস্যের ব্যবসা করেন। এই সময়ে তাঁহার সহধর্ম্মিণী ইহলোক ত্যাগ করেন। এবং তাঁহার জীবনে অপ্রত্যাশিত গতি প্রকাশিত হয়। মায়াময় সংসার ছিন্ন করিয়া তাঁহার নিত্য সাধ্যবস্তুর সন্ধানে আত্মনিয়োগ দৃঢ় হয়। শ্রীমৎ জগন্নাথ দাস বাবাজীর শিষ্য শ্রীমদ্ ভাগবত-দাস বাবাজীর নিকট তিনি বৈরাগ্য-বেষ গ্রহণ করেন। প্রায় ৩০ বৎসর কাল তিনি ব্রজমণ্ডলের বিভিন্ন স্থানে ব্রজেন্দ্রনন্দনের ভজন করিতে করিতে পরিভ্রমণ করেন। ইতোমধ্যে তিনি দক্ষিণদেশের ও গৌড়দেশের বিভিন্ন শ্রীমন্দির দর্শন করেন। শ্রীল জগন্নাথ দাস বাবাজীর ইচ্ছানুসারে তিনি ১৩০০ সালে (ইং ১৮৯৩ খৃঃ অঃ) ব্রজমণ্ডল হইতে শ্রীনবদ্বীপধামে আগমন করেন এবং তথায় গ্রামে গ্রামে বিপ্রলম্ভরসবিভাবিত চিত্তে ভ্রমণ করিতে থাকেন।

শ্রীগৌরকিশোর ঠাকুর শ্রীভক্তিবিনোদের একজন অন্তরঙ্গ সুহৃৎ। তিনি মধ্যে মধ্যে ঠাকুরের নিকট গিয়া ইষ্টগোষ্ঠী করিতেন। ১৯০০ খ্রীঃ অঃ শ্রীল গৌরকিশোর শ্রীমদ্ বিমলাপ্রসাদকে দীক্ষা দান করেন, যিনি উত্তরকালে শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী নামে পরিচিত হইয়া বিশ্ববিশ্রুত গৌড়ীয়-মিশন সংস্থাপন করিয়া সমগ্র জগতে প্রচারকার্য্য করেন। সেই শক্তি আজও বিশ্বের সর্ব্বত্র পরিলক্ষিত।

বাঙ্গলা ১৩১১ সালে (ইং ১৯০৪) শ্রীল গৌরকিশোর দৃষ্টিহীনতার অভিনয় করিয়া ভ্রমণ বন্ধ করেন। এই সময় হইতে তিনি কুলিয়ার রাণীর ধর্ম্মশালায় স্থায়িভাবে থাকিয়া ১৩২২ সালে (ইং ১৯১৫) ৩০শে কার্ত্তিক নিত্যলীলায় প্রবেশ করেন।

যাঁহারা এ'বিষয়ে অধিক জানিতে আগ্রহান্বিত, তাঁহারা শ্রীমায়াপুর গৌড়ীয়মঠ হইতে শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ কর্ত্তৃক সম্প্রতি প্রকাশিত তাঁহার জীবনী পাঠ করিলে জানিতে পারিবেন।

শ্রীপুরুষোত্তমে প্রচার

গত ১২ই নভেম্বর গৌর একাদশী দিবস মধ্যাহ্নিকের পর শ্রীপাদ উদ্ধবদাস ব্রহ্মচারী মহোদয় শ্রীভক্তিকুটীর হইতে "এবং দ্বিতীয়া' ... ভক্তবৎসলাত্মা" শ্লোকটী বিশদভাবে ব্যাখ্যা করেন। তিনি বলেন—বিষয়েন্দ্রিয়সংযোগজনিত চিত্তক্ষোভই জীবকে অত্যন্ত অভিভূত করে। অনাত্ম বস্তুতে আসক্ত জীবগণ দেহধর্ম্মবিশিষ্ট হইয়া স্বীয় ভোগবস্তুর বিনাশশীলতার কথা চিন্তা করিয়াও অভিভূত হইয়া পড়ে। ভগবানের ভক্তগণ মায়া জীবকে ... আবদ্ধ করিয়া আধি-আধারকরণ অসম্বুদ্ধিতে উদ্বুদ্ধ করায়। এ বিষয় বিশদভাবে বুঝাইয়া দিয়া "যাবৎ পাপস্তু মলিনং... প্রবাদি জায়তে" এই শ্লোকটী প্রাণস্পর্শিনী ভাষায় ব্যাখ্যা করেন। তাঁহার পাঠ শ্রবণে সমবেত সজ্জনমণ্ডলী বিশেষ প্রীতি লাভ করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তিত হয়।

অখণ্ডব্রত বিরাজের প্রয়াণ

বিগত ১২ই কার্ত্তিক শুক্রবার কিশোরগঞ্জ নিবাসী শ্রীযুক্ত উপেন্দ্র চন্দ্র বসু মহাশয়ের মাতৃশ্রাদ্ধ ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয়মঠে মঠাধ্যক্ষ আচার্য্য শ্রীপাদ ... প্রভুর অধ্যক্ষতায় এবং শ্রীপাদ ত্রিভুবনেশ্বর ভট্টাচার্য্য মহাশয়ের পৌরোহিত্যে শাস্ত্রসম্মত-বিধানানুসারে বহু সাধু প্রতিবাসী ও বিদ্বানের মধ্যেও সুষ্ঠুভাবে সম্পন্ন হইয়াছে।

এতদুপলক্ষে শ্রীমাধ্বগৌড়ীয়মঠে এবং শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীগুরুবৈষ্ণবসেবার নিমিত্ত উৎসবের অনুষ্ঠান হইয়াছিল

মায়াকে পিছনে রাখি কৃষ্ণ পান চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, সর্ব্বপ্রধান পীঠ, শ্রীশ্রীগান্ধর্ব্বিকা-গিরিধারী, শ্রীগৌর, গোপীনাথ আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন ও শাস্ত্রপ্রচারকেন্দ্রীয় প্রকাশনালয় স্থান। রক্ষক—শ্রীনবদ্বীপ ধামপ্রচারিণী সভাধ্যক্ষ।

সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আচার্য্যপ্রবর
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র আদৃত-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৩রা পৌষ, ১৩৪৪, ১৮ই ডিসেম্বর, ১৯৩৭, শনিবার [সংখ্যা ২৪০]

বিবিধ সংবাদ

—(*:*)—

নান্‌কিং সরকারের পরিবর্ত্তে জাপানের নূতন গণতন্ত্র

পিকিংএ একটা ঘোষণাপত্র পাঠ করা হয়। উক্ত ঘোষণাপত্রে নান্‌কিং সরকারের পরিবর্ত্তে পিকিংএ সাময়িকভাবে নূতন চীনা গণতন্ত্র প্রতিষ্ঠার বিষয় বর্ণিত হইয়াছে। উক্ত ঘোষণাপত্রে বলা হইয়াছে যে, এই নব-প্রবর্ত্তিত শাসন ব্যবস্থার উদ্দেশ্য হইবে, প্রথমতঃ রাজনীতিক্ষেত্র হইতে দলাদলির উচ্ছেদসাধন, দ্বিতীয়তঃ কম্যুনিজমের বিরুদ্ধে সার্ব্বিকভাবে বাধা দান, তৃতীয়তঃ পূর্ব্ব এশিয়ার নৈতিক উন্নতি-সাধনের জন্য প্রতিবেশী রাষ্ট্রসমূহের সহিত মৈত্রী বন্ধন দৃঢ় করার চেষ্টা; চতুর্থতঃ শিল্প-বাণিজ্যের উন্নতিসাধন।

হোপেই প্রদেশের স্বায়ত্তশাসন কর্ত্তৃপক্ষ পূর্ব্বেকেই এই নূতন শাসনতন্ত্রে যোগদান করিবে বলিয়া প্রকাশ। শান্‌সী, শানটুং ও উত্তর শানসি প্রদেশের স্বাধীন কর্ত্তৃপক্ষ গভর্ণমেণ্ট সমূহ অচিরেই নূতন শাসনতন্ত্রে যোগ দিবে বলিয়া আশা করা যায়। এই নূতন শাসনতন্ত্রে ক্রমশঃ সমগ্র উত্তর চীন ও সম্ভবতঃ ইয়াংসিকিয়াং নদী বিধৌত অঞ্চলের উপর শাসনক্ষমতা বিস্তার করিবে বলিয়া সূচিত হয়।

পিকিংএ চীনা গণতন্ত্রের ভিত্তি-স্থাপন উৎসব সম্পন্ন হয় এবং পিকিংএর, পূর্ব্বের পিকিং নাম ব্যবহার করিয়া উহাকে নূতন শাসনতন্ত্রের রাজধানী করা হয়। নান্‌কিং সরকারের পতাকার পরিবর্ত্তে চীনের পুরাতন পঞ্চবর্ণ-রঞ্জিত পতাকা বলিয়া নির্দিষ্ট হয়।

২০ হাজার চীনা সৈন্য ধ্বংস

জাপানীদের নান্‌কিং অধিকার সম্বন্ধে টোকিওতে প্রকাশিত এক ইস্তাহারে প্রকাশ যে, শেষ আক্রমণ যখন আরম্ভ করা হয় তখন ২০ হাজার চীনা সৈন্য নান্‌কিং-এর বাহিরে জাপানীদের পথ রোধ করে। ইহারা চিনকিয়াং গ্যারিসনের সৈন্য। চিনকিয়াং এর পতনের পর তাহারা পিছনে সরিয়া আসিয়াছিল। যুদ্ধের ফলে ক্রমশঃ তাহাদের সংখ্যা কমিয়া ৩ হাজার হইয়া যায় এবং যখন নান্‌কিং অবরোধকারী জাপ-সৈন্যের পশ্চাদ্‌ভাগে তাহারা আসে তখন তাহারা সম্পূর্ণ ধ্বংস হয়। যে জাপানী নৌ-বহর চিনকিয়াং-এ-ইয়াংসি নদীর উপরকার বেষ্টনী ভাঙ্গিয়া ফেলে তাহা অপরাহ্ণ ৫টার সময় নান্‌কিং-এ পৌঁছায়। নদীবক্ষে বাহির ও উপকূল হইতে চীনা কামানের গোলাবর্ষণের সহিত যুঝিয়া যুদ্ধজাহাজগুলি সিয়াকোয়ানে চীনা সৈন্যদের মধ্যে গোলাবর্ষণ করে।

একটি ইস্তাহারে প্রকাশ, নান্‌কিং-এর প্রাচীরের বাহিরে ২৫০০ চীনাকে বন্দী করা হইয়াছে।

—

উত্তর চীনে চীনা সৈন্যের দুর্দ্দশা

কলিকাতাস্থ চীনা কন্সাল জেনারেলের নিকট প্রেরিত তারে প্রকাশ, উত্তর-চীনে হোপেই, শান্‌সি ও চাহার সীমায় ২০টি ডিভিশন চীনা গতিশীল বাহিনীর সম্পূর্ণ দখলে আছে। এই চীনা সৈন্যদের সংখ্যা তিন হাজার।

তাঁবেদার রাষ্ট্র গঠনের সিদ্ধান্ত

জানা গিয়াছে যে, উত্তর চীনে জাপানের তাঁবেদার একটী গণতন্ত্র গঠিত হইবে। ভূতপূর্ব্ব প্রধানমন্ত্রী মিঃ ওয়াংকে ও মিঃ উলেই-হু যথাক্রমে এই গণতন্ত্রের প্রেসিডেণ্ট ও ভাইস-প্রেসিডেণ্ট হইবেন। এবং মিঃ চিসে ইউয়ান প্রধানমন্ত্রী ও সমর-সচিব হইবেন।

—

লাটের ঘরে চুরি

গভর্ণমেণ্ট হাউস হইতে ব্রহ্মের গভর্ণর পত্নী লেডী কক্রেণের প্রায় পঞ্চাশ হাজার টাকা মূল্যের অলঙ্কার অপহৃত হইয়াছে।

অপহৃত অলঙ্কারের সংখ্যা ১২টি। তন্মধ্যে ১১২টি মুক্তার গাঁথা হীরকখণ্ডযুক্ত এক ছড়া হার ছিল। লেডী কক্রেণের মাতা এই হারছড়া বিবাহে যৌতুক দিয়াছিলেন। লেডী কক্রেণ বাহির হইতে বাড়ী ফিরিয়া দেখেন যে, তাঁহার ঘরে অলঙ্কার নাই। তিনি প্রায় ৩।০ ঘণ্টাকাল বাহিরে ছিলেন। এই চুরি সম্পর্কে এপর্য্যন্ত কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

রিজার্ভ ব্যাঙ্ক এক্ট অনুসারে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ৫ টাকা, ১০ টাকা, ১০০ টাকা, ১০০০ টাকা ও ১০০০০ টাকার নোট বাহির করিবে। এই ব্যাঙ্ক ৫০ টাকা ও ৫০০ টাকার নোট প্রচার করিবে না; কিন্তু ভারত গভর্ণমেণ্ট কর্ত্তৃক প্রচারিত ৫০ টাকা ও ৫০০ টাকার নোটও চলিবে। রিজার্ভ ব্যাঙ্কের সমস্ত ইস্যু অফিস হইতে একবারে ব্যাঙ্ক নোট বাহির করা সম্ভব হইবে না এবং বর্ত্তমানে গভর্ণমেণ্ট কর্ত্তৃক প্রচারিত যে সকল নোট আছে ঐগুলি ফুরাইয়া গেলে পর রিজার্ভ ব্যাঙ্ক তাহার ব্যাঙ্ক নোট বাজারে বাহির করিবে।

রিজার্ভ ব্যাঙ্ক প্রথমে পাঁচ টাকা ও দশ টাকার নোট বাহির করিবে। এই ব্যাঙ্ক নোট গুলির আকার, রং ও বর্ণ নোটগুলি পাঁচ টাকা ও দশ টাকার নোটের মতই হইবে।

পাঁচ টাকা ও দশ টাকার ব্যাঙ্ক নোট শীঘ্র বাহির হইবে। ব্যাঙ্ক নোট বাহির হইবার পরও গভর্ণমেণ্ট কর্ত্তৃক প্রচারিত নোট চলিবে।

— —

কলেজে হিন্দু-মুসলমান ছাত্রে দাঙ্গা

মিঃ তালপুর করাচীর ডি, জে, সিন্ধু কলেজের চতুর্থ বার্ষিক শ্রেণীর একজন মুসলমান ছাত্রী কলেজে যোগদান করিলে গোলমালের সৃষ্টি হয়। কলেজের ছাত্রগণ ধর্ম্মঘট চালাইতেছে। গোলমাল ও বিশৃঙ্খলার মধ্যে কলেজের কতকগুলি জানালার কাচ ভাঙ্গিয়া যায়। ফলে একটী ছাত্রের হাতে গুরুতর জখম হইয়াছে।

কলেজের অধ্যক্ষ নোটিশবোর্ডে এই মর্ম্মে এক বিজ্ঞাপন দিয়াছেন যে, তালপুর প্রকাশ্যে ক্ষমা প্রার্থনা করিয়াছে ও অতীত কার্য্যের জন্য অনুতপ্ত হইয়াছে। তালপুর অন্যত্র ভর্ত্তি হওয়ার জন্য চেষ্টা করিয়াছিল কিন্তু অসঙ্গত আন্দোলনের জন্য অন্যত্র ভর্ত্তি হইতে পারে নাই। সে অপরাধীর স্থান গ্রহণ করিতে সম্মত নয়। অন্যান্য ছাত্র হইতে সম্পূর্ণ বিচ্ছিন্নভাবে বিশেষ ক্লাসে যোগ দিলে সে অপরাধী বলিয়াই বিবেচিত হইবে। অধ্যক্ষ জানাইয়াছেন যে, তালপুরের ক্ষমা-ভিক্ষা করার পর তিনি তাহাকে পুনরায় কলেজে গ্রহণ করা স্থির করিয়াছেন।

প্রায় ১২জন ছাত্র আহত হইয়াছে। তন্মধ্যে একজনকে হাসপাতালে পাঠান হইয়াছিল অন্যান্য সকলকেই প্রাইভেট হাসপাতালে চিকিৎসা করা হইয়াছে। এখনও পুলিশ কলেজ কম্পাউণ্ডে পাহারা দিতেছে।

বৈদিক ভাষা-প্রকাশ

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্‌,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কঃ - ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৮৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী।
১ম খণ্ড ৷৷৹ ; ২য় খণ্ড ১৲ ; ৩য় খণ্ড—৷৷৹
৪র্থ খণ্ড—৷৷৹
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷৷৹ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৷৷৹
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সংক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।৹
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০ গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১ শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷৹
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷৷৹
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।৹
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷৹
১৭। চৈতন্যোপনিষদ্ ।৹
১৮। প্রাকৃত-আদর্শ ।৹
১৯। তত্ত্ববিবেক ।৹
২০। গৌড়ীয়-গৌরব ৷৵৹
২১। গৌড়ীয়-গৌরবশ্রী ৷৵৹
২২ ভজন-রহস্য ।৹
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) (অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল বাঙ্গলা-ভাষ্য ।৹
২৭। মুক্তাচরিতম্ গণগৌরত্নঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তবসার (সানুবাদ) ।৹
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৷৷৹
৩০। দীপ-দিগ্-দর্শন ৵৹
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵৹
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।৹
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷৹
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵৹
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵৹
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵৹
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।৹
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।৹
৪০। শরণাগতি ৴৹
৪১। গীতাবলী ৴৹
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷৷৹
৪৩। সাধনতত্ত্ব ৴৹
। প্রেমভক্তিচন্দ্রিকা ৴৹
৪৫। নবদ্বীপশতক ৴৹
৪৬। অর্চ্চনকণ ৴৹
৪৭। সদাচারস্মৃতিঃ ৴৹
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৶১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।৹
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।৹
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷৹
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।৹
৫৫। শুভগুরুকাবলী বা মায়াবাদশতদূষণী ।৹
৫৬। আরতত্ত্ব ও ভক্তিপথ ৵৹
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।৹
৫৮। শ্রীকৃষ্ণদেবার ৵৹
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵৹
৬০। সাংখ্যবাণী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ
৬২। সিদ্ধান্ত-সরস্বতী পদ্ধিকাঃ
৬৪। সটীক-শিক্ষাদশকম্
৬৩। স্তবকম্
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵৹
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴৹
৬৭। সারাংশনর্ণয়ম্ ৵৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।৹
৬৯। এ ভিউ অফ্ দি আর্ট অন বেদাস্ত ।৹
৭০। নামভজন ৴৹
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যান্ড অন্টলজি ।৹
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৵৹
৭৩। লাইফ অ্যান্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।
৭৪ বৈষ্ণবীজম্ ।৹
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ৴৹
৭৬ দি ভাগবত ।৹
৭৭ ইসোটেরিক প্রিন্সিপাল অ্যান্ড আনঅ্যাপরেন্ট ডিভোশন ।৹
৭৮। ব্রহ্মসংহিতা ২।৹
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (১ম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।৹
৮১ সাধন-পথ ।৹
৮২ কল্যাণ-কল্পতরু ৵৹
৮৩ গীতাবলী ৴৹
৮৪ শরণাগতি ৴৹

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ১৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪।৹ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷৹ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। বৈদ্যবাটী শ্রীপরমহংসমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।৹।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷৹ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ১৷৹ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত্র
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

——:০:——

নির্বৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ মহাগ্রন্থের
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৫৬০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৬৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

ধাম—মায়াপুর—নদীয়া

১২শবর্ষ { ১ নারায়ণ গৌরাব্দ ৪৫১ ৩রা পৌষ বঙ্গাব্দ ১৩৪৪ ১৮ই ডিসেম্বর খৃঃ ১৯৩৭, শনিবার { ২৪০৩ম সংখ্যা

বিরহোৎসবে উপবাস কর্ত্তব্য কি ?

আমাদের সংবাদ [illegible] মধ্যে অনেকে শ্রীশ্রীল প্রভুপাদের বিরহ-তিথি-ব্রত উদ্‌যাপনকালে অন্নাদি গ্রহণবর্জ্জনরূপ উপবাস কর্ত্তব্য কি না—প্রশ্ন করিয়া পত্রাদি লিখিয়াছেন। তদুত্তরে আমরা পরমারাধ্য শ্রীশ্রীল আচার্য্যদেব ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্ত-[illegible] পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুর নির্দ্দেশানুসারে দৈনিক নদীয়া প্রকাশের মধ্যে [illegible] জানাইতেছি যে, পরমারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদের আদর্শ ও বিচার আমরা যাহা [illegible] ও অবগত আছি তাহাতে তিনি [illegible] বা শ্রীগৌরকিশোর প্রভুর [illegible] গুরুবর্গের বিরহ-তিথিতে অন্নাদি প্রসাদ গ্রহণবর্জ্জনরূপ উপবাসব্রত পালন নিজ [illegible] বা তদনুগত ভক্তবৃন্দের আচরণে [illegible] করেন নাই। তবে আমরা শ্রীগুরু-[illegible] 'সংকীর্ত্তিতে' অপূর্ব্ব [illegible] হরিকথা .. কীর্ত্তনানুশীলনের [illegible] . উপবাস . অর্থাৎ [illegible] শ্রীগুরুপাদপদ্মের . সমীপে . [illegible] করিব। [illegible] শ্রীল আচার্য্যদেব শ্রীধাম [illegible] শ্রীল প্রভুপাদের সমাধির সম্মুখে [illegible] পরিকীর্ত্তন ও শ্রীল প্রভুপাদ-[illegible] বিষয়ে আলোচনার ব্যবস্থা করিয়াছেন। . .

. বৈষ্ণবের . আবির্ভাব বা তিরোভাবে অন্নাদি-পরিত্যাগরূপ উপবাসের ব্যবস্থা নাই, তবে যখন ভগবানের আবির্ভাব বা বিগ্রহের আবির্ভাব 'জয়ন্তী' নামে খ্যাত হন বলিয়া স্মৃতিশাস্ত্র তাহাতে অন্নাদি পরিত্যাগরূপ উপবাসের ব্যবস্থা করিয়াছেন।

বাস্তব [illegible] নাম আহার, শ্রুতিতে যে "আহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃ, সত্ত্বশুদ্ধৌ ধ্রুবা স্মৃতিঃ" প্রভৃতি মন্ত্র যে পাওয়া যায়, তথায়ও 'আহার' বলিতে বাহ্য জগতের [illegible] বুঝাইয়াছে। ভোক্তৃবুদ্ধিতে বিষয় আহরণই আহার। [illegible] সেবোন্মুখ বৈষ্ণবগণের আহরণ দ্বারা ভক্তির ব্যাঘাত হয় না, [illegible] বৈরাগ্যের [illegible] তাহা [illegible] বিলুপ্ত হয়। [illegible] শাস্ত্রবাক্য সমূহ বা মহাজনের [illegible] করাই আমাদের পক্ষে মঙ্গলপ্রদ।

ভক্ত-ভগবানের আবির্ভাবে [illegible] বা [illegible] বিপ্রলম্ভভাবে [illegible] যে অকৃত্রিমভাবে আহার নিদ্রাদি [illegible] তাহা একটি স্বতন্ত্র বিষয়। সেখানে [illegible] কোন শাসনের অপেক্ষা নাই, [illegible] চেতনের স্বাভাবিক অনুরাগ কিন্তু সাধকগণ [illegible] বা [illegible] কর্ম [illegible] 'বপথের মধ্যে পতিত না হইয়া পূর্ব্বাচার্য্যগণের আদর্শই অনুসরণ করিবেন অর্থাৎ গুরুবর্গের বিরহ-তিথিতে মধ্যাহ্ন মহাপ্রসাদ গ্রহণ করিয়া অখণ্ড হরিকীর্ত্তনে অভিনিবিষ্ট থাকিয়া হরিগুরুবৈষ্ণবের পাদপদ্মসমীপে বাস করিবেন।

মেদিনীপুরে প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিকুমুদ সন্ত মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ মেদিনীপুর সহরে প্রচারে গমন করেন।

স্বামীজী ১০।১২।৩৭ তারিখে পাটনা বাজারে শ্রীমন্মহাপ্রভুর শ্রীমন্দির প্রাঙ্গণে শ্রীমদ্ভাগবত হইতে [illegible] পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের [illegible] শ্রীপাদ [illegible] মহাজন পদাবলী কীর্ত্তন করেন।

গত ১১।১২।৩৭, [illegible] কর্ণেলগোলায় শ্রীমন্মহাপ্রভুর [illegible] শ্রীমদ্ভাগবত পাঠ ও কীর্ত্তন হয়। [illegible] পাঠ ও ব্যাখ্যা শ্রবণ করিয়া [illegible] [illegible] ও [illegible] বহু শিক্ষিত ব্যক্তি [illegible] মহাজন [illegible] করেন।

স্বামীজী [illegible] ১২।১২।৩৭ তারিখে মেদিনীপুর হইতে রওনা হইয়া [illegible] গমন করেন।

[illegible] শ্রীযুক্ত [illegible] [illegible] উক্ত গ্রামে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। [illegible] পরে কীর্ত্তন হয়।

[illegible] শত্রু কে ?

(৩য় পৃষ্ঠার পর)

[illegible] বুদ্ধিবৈভব মনে করি। [illegible] গুরুবর্গ বলিয়া মনে করি, আবার [illegible] কৃষ্ণসেবা বলিয়া বরণ করিয়া [illegible] এবং তাহা লিখিয়া প্রচার করিবার উদ্দেশ্যে বৈষ্ণব লেখক হইয়া পড়ি।

আমি [illegible] পাড়া [illegible] প্রাকৃত [illegible] হইয়া [illegible], [illegible] নিজের [illegible] দোষ [illegible], পাছে সেই [illegible] প্রকাশিত হইয়া পড়ে এইজন্য [illegible] [illegible] অপরকে দেখাইয়া [illegible] লাভ পাই না। [illegible] শ্লোকের [illegible] করিয়া সেই [illegible] নিজেকে লুকাইয়া রাখিবার চেষ্টা করি। [illegible] বা কপটতা [illegible] 'পর-নিন্দা' 'পরচর্চ্চা' বলি। সেই সময় আমি [illegible], কিন্তু শুদ্ধ বৈষ্ণবের নিন্দা করিতে আমি কখনও পশ্চাৎপদ হই না। [illegible] অপ্রাকৃত [illegible] কোথায় কোন্ ছিদ্র আছে [illegible] থাকি এবং [illegible] তাহার অচিন্ত্য চেষ্টার সমালোচনা [illegible], তখন [illegible] আমার মনে থাকে না। [illegible] আমার! [illegible] 'তৃণাদপি' শ্লোক আমার [illegible] গ্রহণ করে, [illegible] সর্ব্বনাশের বেলায়—[illegible] তাহার [illegible] গ্রহণ করিয়া আমি বৈষ্ণবাপরাধরূপ [illegible] পতিত হই।

[illegible] এখন আমার [illegible]! [illegible] পোড়াকপাল। [illegible] আমার [illegible] । [illegible] [illegible] তাহার [illegible] । [illegible] [illegible] পারিতাম, [illegible] আমাকে [illegible] অশোক-[illegible] [illegible] হইত।

"শ্রীভগবান্ আমাদের মঙ্গলের জন্য সকল বিধান করেন ইহা বিশ্বাস করি। নাস্তিকেরা জগতে কখনই শান্তি লাভ করিতে পারে না। নিরর্থক লাফালাফি করিয়া পরিশেষে দেশসমেত ঠাণ্ডা হইয়া যায়। সবই ঈশ্বরের ইচ্ছা।"

—পত্রাবলী ৩য় খণ্ড

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী

গোস্বামী ঠাকুর প্রবর্তিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১ নারায়ণ, অবধ শ্রীগৌর দশমী গৌরাব্দ ৪৪১

সগুণোপাসনা

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর)

ভগবানের প্রকৃতি দ্বিবিধ। তাহাদের পরা ও অপরা সংজ্ঞা। ভগবান্ স্বয়ং তাঁহার প্রকৃতির অন্তর্ভুক্ত বস্তু নহেন, তিনি অপ্রাকৃত অর্থাৎ প্রকৃতির অতীত বস্তু হয়েন। ক্ষিতি, জল, তেজ, বায়ু ও আকাশ এই পঞ্চ মহাভূত এবং তাহাদের শব্দ, স্পর্শ, রূপ রস ও গন্ধ বিষয়ভোগের অভিমানে জীবের জ্ঞানেন্দ্রিয় কর্ণ, ত্বক্, চক্ষু, জিহ্বা ও নাসা ও কর্মেন্দ্রিয় বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ। এই বিষয়সমূহ ও মনঃ, মহত্তত্ত্ব বা বুদ্ধি এবং অহঙ্কার অব্যক্তের সংযোগে চতুর্বিংশ-তত্ত্ব। ইহারা সকলেই অপরা প্রকৃতি—প্রাকৃত। ভগবানের পরা প্রকৃতি যখন অপরা প্রকৃতির সংস্পর্শে ভোক্তৃত্বভাবে সম্বন্ধবিশিষ্ট হন, তখনই তিনি স্থূল ও সূক্ষ্ম প্রাকৃত উপাধিদ্বয় গ্রহণ করিয়া বদ্ধজীব-সংজ্ঞা লাভ করেন। আবার অপ্রাকৃত ভগবানের সহিত নিত্য সম্বন্ধ উপলব্ধি করিয়া ভগবদ্বস্তুকে ভোক্তা এবং আপনাকে তাঁহার ভোগ্য আশ্রয় জানিলে তাঁহার জড়ভোগ হইতে বিরত হইয়া ভগবৎসেবা-ধর্ম বোধিতে পারা যায়। প্রাকৃত বস্তুর সহিত প্রকৃতির ভাব এই যে, প্রাকৃত বস্তুতে ভগবদ্ অবস্থিত, একত্রে ভগবানের মায়াশক্তি। বদ্ধজীব অহঙ্কারের বশবর্তী হইয়া গৌণবৃত্তিতে চালিত হইয়া নশ্বর বস্তুর আদর করেন এবং জগতের ভোক্তা সাজিয়া থাকেন। সেইকালে তিনি আপনাকে ত্রিগুণাধীন মনে করেন। ত্রিগুণাভিমানী জীব গুণ ব্যতীত বস্তুর উপলব্ধি করিতে অসমর্থ, সেইজন্য তিনি তৎকালে গুণাতীত ও প্রকৃতির অতীত বস্তুর কোন পরিচয় দিতে পারেন না। এমন কি, অহঙ্কার পরিচালনপূর্বক আনুগত্য বা পূজা প্রভৃতি জীবের স্বধর্ম অবতারণা করিলেও তৎকালে গুণোপাসনার পরিবর্তে গৌণোপাসনাই প্রবল হয়। জীবের সূক্ষ্মদেহে আত্মোপলব্ধিতে জড়বস্তুর বিচারকরার প্রাধান্যে বাস হয়। সূক্ষ্মদেহ মনের অবলম্বনে স্থূল ও সূক্ষ্মদেহের দ্বারা ভোগে প্রবৃত্ত হন। আত্মার নিত্যবৃত্তি অপ্রাকৃত বলিয়া তিনি তাঁহার নশ্বর দেহদ্বয়ের অনিত্য সেবাবৃত্তি বাঁধিয়া রাখিতে পারেন না। আপনাকে অর্থাৎ নিজ দেহ ও মনকে ভগবজ্জাত-দ্রব্য জ্ঞান করিয়া নিরীশ্বর ধর্মাশ্রয়ে প্রতিষ্ঠিত থাকেন। সুতরাং তৎকালে স্থূল ও সূক্ষ্ম শরীরদ্বয়কে আত্মজ্ঞানে অনাত্মচেষ্টাক্রমে ভগবদ্বস্তুকে ভগবদর্পিত না করিতে পারিলে তাঁহার জড়েশ্বরে সুখোদয় হয় না।

জগজ্জাত জগতে অবিমিশ্র গুণত্রয় অপর গুণের সহিত গৌণসম্বন্ধবিশিষ্ট অবস্থাক্রমে উপাসকগণের ভেদ লক্ষিত হয়। তজ্জন্যই যে-কালে অপর গুণের সহিত সম্বন্ধরহিত তৎকালে তাহাই নির্গুণ। গুণমায়াবন্ধ প্রাকৃতকে গুণ না বলিয়া অদ্বৈতবাদীরা বলে যে ইহাই নির্গুণ উপাস্য বস্তু। "[illegible] সাক্ষাৎ" প্রভৃতি শাস্ত্র-প্রমাণ অনুশীলন করিলে ঐ বাক্যের যথার্থ প্রতীতি হইবে। সত্ত্বগুণসহ রজোগুণের মিশ্রণে উপাসক সৌর, সত্ত্বসহ তমোগুণের মিশ্রণে উপাসক গাণপত্য, রজোগুণসহ তমো মিশ্রণে উপাসক শাক্ত এবং তমোগুণের উপাসক শৈব নিজ নিজ নির্গুণ অভিমান করেন। ধর্মকামী সৌর, অর্থকামী গাণপত্য, কামকামী শাক্ত এবং মোক্ষকামী শৈব বলিয়া আপনাদিগকে সগুণোপাসক মনে করেন। পঞ্চোপাসক শ্রেণীর অন্তর্গত বিষ্ণু উপাসকগণও আপনাদিগকে নিত্য আখ্যা দিয়া মিশ্রগুণের সেবকাভিমানে সগুণ উপাসনার অন্তর্ভুক্ত হইয়া যান। কেবল রজোগুণের উপাসক আপনাদিগকে নির্গুণ ব্রাহ্মণ প্রভৃতি শব্দে অভিহিত করিলেও সগুণ পঞ্চোপাসনা করিতে গিয়া সুষ্ঠু উপাসনার কেবলমাত্র আদর করিতে অসমর্থ। সেজন্য ভগবান্ গীতাশাস্ত্রে বলিয়াছেন—

"যেঽপ্যন্যদেবতা ভক্তা যজন্তে
শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধি-
পূর্বকম্॥"

কামনার বশবর্তী হইয়া অপরা প্রকৃতির আশ্রয়ে গুণাশ্রিত অভিমানে যে ভগবানের বিভিন্ন মূর্তি কল্পনামূলে কল্পিত হয়, তাহার সেবকগণের ত্রিগুণাশ্রয়াভিমান থাকে। বদ্ধজীব কখনই নশ্বর কামের আবাহন করিতে পারেন না, সেজন্য বদ্ধজীব কামনামূলে কিছুকালের জন্য নির্গুণ ব্রহ্মের বাসনা করিয়া মূর্তির স্থূল ও সূক্ষ্ম শরীরদ্বয়ের যোগে উপাসক সম্প্রদায় তাঁহাদের আধিক্যপূর্বক সেবা করেন। তাহা আত্মার নিত্যসেবা নহে।

তাদৃশ বাহ্যকারকল্পিত ধর্মের অন্তর্ধানরূপে বিষ্ণু অবস্থিত সুতরাং বাহ্য নশ্বর মনঃকল্পিত ভাবের অপগমে নির্গুণ নিত্য চিন্ময় বস্তুর দর্শন ঘটে। নিত্য জীবাত্মা নিত্য সেবাবৃত্তিক্রমে নিত্যরূপ ভগবানেরই নিত্যকাল উপাসনা করেন, তাহা গৌণ উপাসনা নহে। গৌণ উপাসনা বুঝিতে আত্মার নিত্যবৃত্তি জাগিবার প্রয়োজন নাই। ভগবানের নিত্যরূপ সচ্চিদানন্দ অনিত্য নহে, তাহা চিদানন্দময়। নিত্যসেবক নিত্য চিদানন্দময়ের নিত্যসেবা করিতে পারেন। জড়জগতের কোন নশ্বর গুণ তথায় অধিকার না পাওয়ায় তাহা নির্গুণ শব্দবাচ্য পরন্তু নির্গুণ বলিলেই চিন্ময় নিত্যরূপ সম্পাদনের প্রতিবন্ধক হয় না। বহিঃশরীর ও মন বাহ্যজগতের প্রকটিত গুণের ভোক্তা হইতে পারেন কিন্তু দেহী জীবাত্মা স্বয়ং উপাধিদ্বারা পরিচিত হইবার সর্বতোভাবে অযোগ্য বলিয়া তিনি অপ্রাকৃত ভাবের অধীন। নিত্য বস্তুর নিত্যজ্ঞান নিত্যসেবক জীবাত্মাই করিতে পারেন। যে কালে ত্রিগুণাত্মক অজ্ঞান জীবকে পরিত্যাগ করে, তৎকালে তিনি অধোক্ষজ ভগবানের অহৈতুকী ও অপ্রতিহতা সেবা করিবার অধিকারী, তখন জগতের অচিৎ ভূমিকা তাঁহার ভোগক্ষেত্র নহে। সর্বতোভাবে সেকালে তিনি নির্গুণ রাজ্যে অবস্থান করিয়া চিদ্বৈচিত্র্য সেবার অধিকারে নিযুক্ত হন।

সগুণ উপাসনায় কাম বা অচিদ্ভোগবাসনা প্রবল, তাহা স্থূল বা সূক্ষ্ম উপাধিদ্বারা রচিত থাকে। নির্গুণ উপাসনায় নিত্য কামদেব ভগবানের সেবা নিত্য শুদ্ধ জীবাত্মার নিত্যপ্রবৃত্তি। তাহা ভোগের চিৎকরণ নয়। তাহাই বৈধ উপাসনা। অনাত্মাকে আত্মজ্ঞানে যে চরম নিত্যমুক্তি ব্যতীত অন্য অকার্যমূলক কামদ মুক্তি কামিত হয় তাহা মুক্ত অবস্থায় কাম-প্রভাবে ধ্বংস হওয়া উপাস্য-উপাসকের অভেদ প্রতিপন্ন করে তাহাই আবার। তাদৃশ উপাসনা অবৈধ এই জ্ঞান হইলেই অজামিলের পুত্র নারায়ণ নামোচ্চারণের ন্যায় নারায়ণ শব্দ স্মৃতিপথে উদিত হন, তখনই তাহার অন্যদেবতার বাহ্য কাম দাতৃত্ব বিদূরিত হইয়া তাহাতেই ভগবজ্জ্ঞান লাভ করেন এবং নশ্বর ভোগ-কামনার পরিবর্তে নিত্য ভগবৎ-সেবাকাম্য হন।

ভগবদ্বিষয়ে বাসনামূলেই দেবতান্তরের সৃষ্টি। তাহা নশ্বর অর্থাৎ অনিত্য। সুতরাং কাল-প্রভাবে প্রাকৃত দর্শনের ব্যাঘাত ভগবদ্ ব্যতীত অন্য দেব-জ্ঞান তিরোহিত হয়। ইতর প্রতীতির তিরোধানের পর ভগবান্ই অবশিষ্ট থাকেন। কামনামূলে বিষ্ণু ব্যতীত অপর দেবজ্ঞান ক্ষণস্থায়ী; কেন না, কামনা তৃপ্তি করায় তাদৃশ জ্ঞান বিলুপ্ত হয়। সেই স্থলে উপাস্য নিত্য বলিয়া উপলব্ধি হইয়া অবিদ্যাপ্রতীতি বা সগুণ উপাসনা থাকিতে পারে না।

নির্গুণ উপাসনা বলিলেই জড়ের সগুণ উপাসনা নিষেধ হয়। জড়ের সগুণ উপাসনা নিষেধ হইলেই জড়ের নির্বিশেষ উপাসনা-রাহিত্য সেইস্থলে অধিকার করিবে এরূপ প্রমাণ অভাব। চিজ্জড়াকার-রহিত অবকাশ প্রভৃতি জড়ের অভাব ধারণায় যে নির্গুণ ব্রহ্মোপাসনা এরূপ বলা যায় না। যেহেতু নিরাকার ও সাকার জড়েরই দুই প্রকার ধর্মমাত্র। জড়াতীত চিন্ময় যে জড় নিরাকারময় এবং তাহাতে নিত্য উপাসনা নিত্যকাল রহিত এরূপ জড়ের ধারণাই যে তথায় স্থান পাইবে এরূপ সগুণোপাসকগণ সমালোচক বেদান্তিক অনুমোদন করেন না। অতএব সগুণ সম্বন্ধে সগুণ উপাসনার অন্তর্গত হইতে হইবে এবং তাহার স্বাবলী জড় সগুণোপাসক স্বয়ং যখন তাহার তাঁহার সহিত নির্বিশেষ হয়েন, ইহা অহঙ্কারেরই অন্তর্ভুক্ত। ভগবান্ নিত্য-চিদ্বিলাসময় হইয়া বৈকুণ্ঠ-গোলোকাদিতে নিত্যাবস্থিত হইতে পারে না, এরূপ কল্পনা নিরীশ্বর নাস্তিক সমাজে আদৃত হয়, পরন্তু ভগবদুপাসকগণ অনিত্য জড়ের সগুণোপাসকগণের সহিত এ বিষয়ে সমতা স্থাপন করেন না।

প্রার্থনা

কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্য—এই রিপুষট্ক জীবকে কৃষ্ণের বিমুখে লইয়া যায়। কৃষ্ণের বিমুখে—মায়ায় অভিনিবিষ্ট করাইয়া কৃষ্ণভোগ্য জীবকে জড়ের ভোক্তা করিয়া তুলে। তখন কৃষ্ণের সেবক—নিত্যদাস জীব তাহার স্বরূপ ভুলিয়া যায়, কৃষ্ণসেবাবঞ্চিত হইয়া নিজের ভোগপর বহির্মুখ ইন্দ্রিয়তর্পণে প্রমত্ত হয়। কামক্রোধাদি কৃষ্ণসেবায় নিযুক্ত না হইলেই আত্মেন্দ্রিয়তর্পণে নিযুক্ত হইয়া জীবকে অনর্থনিরয়ের পথে লইয়া যায়। শ্রীভক্তিরসামৃতসিন্ধু বলিতেছেন,—

'কামাদীনাং কতি ন কতিধা পালিতা
দুর্নিদেশা-
স্তেষাং জাতা ময়ি ন করুণা ন ত্রপা
নোপশান্তিঃ।

কৃষ্ণ তারে দেন নিজ চিত্তাকর্ষণ কর। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্বল।

উপদেশামৃতের তাৎপর্য্য মাসাস্থ

—পঞ্চবৃত্তি-

শ্রীমাযাক্ষ শরণাগত নাং নিযুক্ত্ ক্ষমো ।'

. . আমি অনেক কাম প্রভৃতি ছয় রিপুর অসৎ আদেশ প্রতিপালন করিতে কতই না অযোগ্য সেবা করিয়াছি। কিন্তু আমার প্রতি তাহাদের করুণা হইল না এবং আমাকে পরিত্যাগ করিতেও বিরত হইল না। হে ভগবন্! আমি এখন কামাদি-রিপুবর্গকে পরিত্যাগ করিয়া আপনার শরণ গ্রহণ করিতেছি। আপনি কৃপাপূর্ব্বক আমাকে আপনার দৈবগণে নিযুক্ত করুন।

ভগবান্ বৈকুণ্ঠবস্তু। তিনি জড় জগতের কোন অধীন বস্তু নহেন। যাবতীয় অমায়িক বস্তু সেই বৈকুণ্ঠ হইতে জন্মগ্রহণ করিয়াছে মাত্র। ... বৈকুণ্ঠসেবা বিস্মৃত হইয়া ... দ্বারা কৃষ্ণেতর বস্তুর উপলব্ধি করে। কৃষ্ণ-বিমুখ হইলেই জীব মায়ার দুর্ভাগ হইয়া যায়। আবার ভগবানের সেবা করিতে গিয়া প্রপন্ন হইলে মায়ার বৃত্তি ছাড়িয়া যায়। শ্রীপাদ যামুনাচার্য্য বলিয়াছেন—হে বৈকুণ্ঠলোকনাথ, যাহাতে আপনার দুঃসহ দুর্ভোগ দুর্ভোগ হইতে পারি, এইরূপ আমাকে কৃপা করুন। তাহার নিত্যবৃত্তি হাস্য। ভগবানের নিত্যদাস্য-বিমুখ হইয়া জীব মায়ার প্রভু হইতে অভিলাষ করে, উহাই তাহার ভ্রান্তধারণা। মায়ার দাস হইলেই কৃষ্ণ ভুলিয়া অন্যাভিলাষিতা প্রবল হয়, তখন আর কৃষ্ণভক্তি থাকিতে পারে না। মায়া-নিবিষ্ট জীবের কৃষ্ণস্মৃতি থাকে না।

কৃষ্ণ ভুলি সেই জীব অনাদি-বহির্ম্মুখ।
অতএব মায়া তারে দেয় সংসার দুঃখ।

আবার কৃষ্ণস্মৃতি উদিত হইলে জীবের অনর্থ নিবৃত্ত হইয়া শুদ্ধ আত্মবৃত্তি উদিত হয়।

আবৃত্তিঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ
ক্ষিণোত্যভদ্রাণি চ শং তনোতি।
সত্ত্বস্য শুদ্ধিং পরমাত্মভক্তিং
জ্ঞানঞ্চ বিজ্ঞানবিরাগযুক্তম্॥"

কৃষ্ণপাদপদ্ম স্মরণ করিলে জীবের যাবতীয় অমঙ্গল প্রশান্ত হয় এবং মঙ্গল উদিত হয়, তৎপরে ভাববিশুদ্ধি সাত্ত্বিকভাব প্রবল হয়, পরমাত্ম-ভক্তি উদিত হয়।

জীব নিজচেষ্টাদ্বারা মায়া জয় করিতে পারে না কিন্তু ভগবচ্চরণে প্রপন্ন হইলেই সেই কৃপাদ্বারা মায়া অনায়াসে অতিক্রম করিতে পারে।

বদ্ধজীবের বর্ত্তমান আত্মবৃত্তি ইন্দ্রিয়জ্ঞানের সাহায্যে লব্ধ হয়। স্থূল শরীরে যে ইন্দ্রিয়সমূহ অবস্থিত আছে, সেগুলিই দৃশ্যজগতের ভোগ্যাভোগ্য বস্তুসমূহের ধারণা করে। বহির্জ্জগতে বহির্ম্মুখ জগতের প্রভু হইবার বাসনা কৃষ্ণসেবা অভিলাষ হইতে বিপরীত। জড়ের সৃষ্ঠার্থ বিগত হইলে আত্মস্বভাব বিকশিত হইয়া সেবা-প্রবৃত্তি উদিত হয়। জড়েন্দ্রিয় পরিচালনা করিয়া জীবের মাপিয়া লইবার বৃত্তি প্রবল হইলে বৈকুণ্ঠপ্রীতি হইতে বিচ্ছিন্ন হইয়া সেবা-বৃত্তি আবৃত হয়। সে সময় ভগবদ্‌রূপ, ভগবন্নাম, ভগবদ্‌ভোগ্য সুগন্ধি, ভগবদ্‌ধরামৃত আস্বাদন, সেবা ভগবচ্চিন্তা বিপর্যস্ত হয়। ইন্দ্রিয়বৃত্তিগুলি ভোগ-তাৎপর্য্যে নিযুক্ত হইলেই অন্যাভিলাষ আসিয়া ভগবৎ-স্মৃতি হইতে বিচ্ছিন্ন করিয়া সেবাবৃত্তি হরণ করে। সেইকালে বাহ্য বৈষ্ণব-চেষ্টা ও কপট পরিচয় প্রবল হয়। ইন্দ্রিয়তর্পণের আশা করিয়া কপ ... পদার্থ দূরে প্রদর্শনচেষ্টা মাত্র ... হয়। নিষ্কপট শুদ্ধসেবা-প্রবৃত্তির অভাবেই বৈষ্ণব আসিয়া আমাদিগকে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষাদি-চেষ্টাকেই পুরুষার্থ-রূপে প্রতিপন্ন করে। অন্যাভিলাষের স্থূল ও সূক্ষ্ম উপাধিতে নিজত্ব স্থাপন করিয়া সুখের পরিবর্ত্তে দুঃখে নিমগ্ন হয়। এই সময় মহাবদান্য ভগবান্ বদ্ধজীবের দুঃখ দর্শনে দুঃখিত হইয়া কৃপাবশতঃ গৌরদেশে বদ্ধপূর্ব্বক জীব পাইবার আকর্ষণ করেন। কিন্তু আমাদের স্বতন্ত্র ইচ্ছার অপব্যবহার করিয়া আমরা বিমুখ মায়া কর্তৃক বৈমুখ্য ধর্ম্মকে আহ্বান করিয়া কৃপাবন্ধন ছুটাইয়া সমর্থ সংসারকূপে ডুবিয়া যাই এবং নিজস্ব হারাইতে থাকি। আমাদের এই বিপাক দেখিয়া অহৈতুক কৃপাপরবশ হইয়া ভাগবতীন ভক্তের কেশাকর্ষণপূর্ব্বক ভবার্ণব হইতে রক্ষা উদ্ধার করিয়া শ্রীচরণে স্থান দিলে আমাদের একমাত্র মঙ্গল ঘটে, নতুবা প্রাণনাশ অবশ্যম্ভাবী। সংসারের বিপর্য্যয়ে ভোগবশ আমরা আমাদিগকে আপাতমধুর পারমার্থিকের কামকলভোগবাদে ডুবাইয়া দেই। তখন আর আমরা আমাদের নিজেদের উপলব্ধি করিতে পারি না। বিক্ষেপাত্মিকা ও আবরণী মায়ার এই প্রবলা বৃত্তিদ্বয়ের ক্রিয়া আমাদের উপর বিক্রম প্রকাশ করিলে ভগবৎ-কৃপাহত বিচ্ছিন্ন হইয়া যায়। তখন অজ্ঞান ভগবদ্‌বিস্মৃতিক্রমে স্থূলদেহ ও মন সেবা-বাধক হইয়া ক্লেশসাগরে ডুবিয়া যায়।

তাই আজ প্রার্থনা—

কাম-ক্রোধ-লোভ-মোহ, মদ-মৎসরতা সহ,
জীবের জীবন-পথে বাস।
অকৈতৌ বন্ধুভাবে, সাধকের ধর্ম্মনাশে,
প্রাণ লয় করে সর্ব্বনাশ।
বাটপাড় হয় যত, অকৈতৌ বন্ধুগণ,
দিয়া গলে কঠিন বন্ধন।
প্রাণবায়ু শত প্রায়, বাস করে এই হায়,
কর বিনোদদেবকে রক্ষণ॥

ভজনের শত্রু কে ?

——::)০(::——

আমার দেহ ও আমার মনই আমাদের ভজনের পরম শত্রু। ভজনে অগ্রসর প্রথমমুখেই দেহ আমাকে বাধা দেয়, মন তাহার ইন্ধন যোগাইয়া থাকে। সাধুগণ ও শাস্ত্র বলিয়া থাকেন, নিষ্কিঞ্চন মহাজনের চরণে চিরবিক্রীত হইতে না পারিলে হরিভজনই আরম্ভ হয় না। কিন্তু ঐ সময়ে আমার মন বলিয়া থাকে "সাধুর চরণে বিক্রীত হইলে তোমার স্বেচ্ছাচারিতা কিরূপে চলিবে? ইন্দ্রিয়তর্পণ কিরূপে হইবে? সাধুর পাদপদ্মে চিরবিক্রীত হইলে তোমার নরক যন্ত্রণার আত্মপ্রবঞ্চক স্বাধীনতা কিরূপে থাকিবে?"

মনের পরামর্শ শুনিয়া আমি তখন আনুগত্যধর্ম্ম অর্থাৎ বৈষ্ণবধর্ম্ম গ্রহণ করার পরিবর্ত্তে কর্ম্মী হওয়াকেই শ্রেয়ঃ মনে করি। দেহ ও মনের পরামর্শ গ্রহণ করিয়া অপর দেহ ও মনের পরামর্শ গ্রহণকারী ব্যক্তির নিকট গিয়া উপদেশ প্রার্থনা করি। তিনি আমাকে কখনও—"শরীরমাদ্যং খলু ধর্ম্ম সাধনম্" মন্ত্রে দীক্ষিত করেন, কখনও বা ঈশ্বর-সংস্কার-চাতুর্য্যাদিদ্বারা "মানুষ মানুষের সেবক হউক"—এইরূপ কর্ম্মজড়ত্বের মন্ত্র কর্ণে প্রদান করিয়া থাকেন। কখনও বা আমাকে আরও উদারতার আলোক দেখাইবার জন্য প্রতিষ্ঠা-পরিপূর্ণ দেশ ও সমাজ-সেবাপ্রবৃত্তি মন্ত্রে উদ্বুদ্ধ করিয়া থাকেন। কখনও বা শঠ, লম্পটগণের আচরণকে বৈষ্ণবতা বলিয়া সাব্যস্ত করিবার মন্ত্র দেন, কখনও বা বাহিরের পরোপকার-ব্রতের ভাণ দেখাইয়া আমার চেতন-সত্তাকে নির্বিশেষ অন্ধকার অতল জলে ডুবাইয়া আমার আত্মবিনাশ সাধনের গুপ্ত পরামর্শ দেন, কখনও বা আমাকে পাষাণাদির ন্যায় অচেতন অর্থাৎ নির্বাণই প্রয়োজন বলিয়া দেখাইয়া থাকেন।

আমি দেহ ও মনের দ্বারা চালিত ইন্দ্রিয়তর্পণপর বলিয়াই আমার লোকনীয় পদবী। আমি দেহ ও মনের তর্পণকেই হরিসেবা বলিয়া লিখিয়া-পড়িয়াও চালাইতে চাই কিন্তু কৃষ্ণসেবায় দেহ ও মনের অর্পণ নাই; কেবল কৃষ্ণেন্দ্রিয়ের তর্পণ আছে মনে করিয়া কপট লোকের দলে লোক বঞ্চনা করিয়া অহৈতুক সেবাধর্ম্ম হইতে বিরত হই।

কখনও আমার কপট বৈষ্ণব সাজিয়া ... ইন্দ্রিয়তর্পণ হইতে পারে, অভাবগ্রস্ত স্বীকার পূর্ব্বক বৈষ্ণব-বিদ্বেষের উদ্দেশ্যে আমাকে বৈষ্ণব বলিয়া প্রচার করি। কিন্তু প্রকৃত পক্ষে আমি বৈষ্ণবধর্ম্ম বা আনুগত্যধর্ম্ম হইতে অনন্ত কোটি যোজন দূরে অবস্থান করি।

কপট বৈষ্ণব সাজিয়া জীবিকার্জ্জন করিয়া আমি আমার ইন্দ্রিয়তর্পণে ব্যস্ত হই, লোকলজ্জা পরিত্যাগ করিয়া আমি মনোধর্ম্মীর পঙ্কিলতা-প্রবাহে বাহিত হইয়া থাকি।

আমি কলির বাসস্থান পঞ্চক অর্থাৎ দ্যূত, পান, স্ত্রী, সূনা (পশুবধাদি) এবং জাতরূপ—ইহাকেই আমার ভজনের সহায় বলিয়া বরণ করি। যাহারা এই কলিপঞ্চকে অবস্থিত, তাহাদিগকে বৈষ্ণব বলিবার ধৃষ্টতা করি। আমি পূর্ণ ভজনানন্দী, সর্ব্বদা আমার চিত্ত এত উচ্চস্তরে বিচরণ করে যে, সময়ে সময়ে আমাকে দেহস্মৃতি আনাইবার জন্য আমার তাম্র-পাত্রার দরকার হয়, পান-তামাকাদি আমার ভজনের উত্তেজক বা উৎসাহ বর্দ্ধনকারী বলিয়া আমি তাহাদের আশ্রয় গ্রহণ করিয়া থাকি। কখনও বা অপরের ঘরে চুরি করিয়াও বোকা লোককে ঠকাইয়া বলিয়া থাকি, তামাক ও চা না খাইলে পেটে বায়ু জমিয়া থাকে ও ম্যালেরিয়ার সৃষ্টি করে। আমার এইরূপ প্রবল বাধা দেয়। আমি ঔষধরূপেই তামাক চা, পান, অহিফেন ইত্যাদি গ্রহণ করিয়া থাকি, ভোগ বিলাসের জন্য এ সকল গ্রহণ করি না। কখনও বা গাঁজা-ভজনের ছল করিয়াও পাঁচের পাঁচজন বিধবাশ্রী ব্যক্তিগণের জন্য লোককে দুর্নীতি আত্মবঞ্চনা ও লোক-বঞ্চনা করিয়া থাকি।

বৈষ্ণবগণ যখন বোকা, তখন প্রেমের ছলনায় কপটতা করিয়া কাঁদিতে পারিলেই বৈষ্ণবগণকে ঠকাইতে পারি, তাঁহাদিগকে বিপথগামী করিতে সমর্থ হই। অর্থের তাড়নায়, সাধু-বিদ্বেষের উদ্দেশে ভক্তসমাজে আমি নানা কপটতা করি। কোনও সময়ে মনে করি, সাধুর সঙ্গে থাকিলে তাঁহারা আমাকে এ সকল কামের স্থান হইতে উদ্ধার করিবেন। সুতরাং কিছুতেই তাঁহাদের সঙ্গে থাকিব না। পূর্ব্বেই বলিয়াছি, জড়ভোগপর মনই আমাদের শত্রু। যখন মনকে পরামর্শ জিজ্ঞাসা করি, মন তখন বলিয়া থাকে, তুমি উত্তম প্রশ্ন করিয়াছ, গৃহে যাও, গৃহে গিয়া যুক্ত-বৈরাগ্য অবলম্বন কর, অনন্যনিষ্ঠা ও বাহ্যে লোকব্যবহার করিতে শিখ, মর্কট-বৈরাগ্য ভাল নহে, গোবিন্দজী বা ত্রৈলোক্যবিবর্জ্জিত করিলেই, গৃহে গিয়া কৃষ্ণের সংসার (?) করিলেই কৃষ্ণদাস (?) স্ত্রীপুত্রগণের ভরণ-পোষণ করিয়া ... ভক্তজন হইয়া পড়িবে, বহির্ম্মুখ ... ভক্ত বলিয়া প্রতিষ্ঠা পাইবে।

• ... গোস্বামী প্রভুর প্রতি শ্রীমন্মহাপ্রভুর উপদেশের মর্ম্ম করিয়া ইন্দ্রিয়-

(অতঃপর ... পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-[illegible]

১ [illegible]
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, [illegible] শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ মুদ্রিতপ্রচারকল্পে নদীয়া-প্রকাশ-শালায় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫
কলিকাতার শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, মহাজনগ্রন্থ বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও [illegible] পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। সম্পাদক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ নবীচরণ রায় ভক্তিবিনোদ।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীবৃন্দাবন ভাগবত মহারাজ

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক—শ্রীনারায়ণগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃষ্ণ-পাষ শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অন্তর্দ্বীপকুঞ্জকানন শ্রীমদ্বীপ
শ্রীধাম মায়াপুর
রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীকৃষ্ণবল্লভ ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
শ্রীগৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাহ্নব (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীবিহারীকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
[illegible], পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)

[illegible] গোবিন্দের সাথে শ্রীগৌরচন্দ্রের ঠাকুর বৃন্দাবনের স্থান
রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ [illegible], নদীয়া
রক্ষক—[illegible] ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক—শ্রীমদন ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমদ্দ্বীপ গৌড়ীয় মঠ
রাউতারা—(শ্রীবৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) সুবর্ণকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়ন-মঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)
রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঁচরাপাড়া, পোঃ চাকদহ (নদীয়া)
রক্ষক—শ্রীহরিকিশোর বনমালী।

(২১) রামানন্দ গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ
চ'ব্বিশ পরগণা।
রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) নারায়ণ গৌড়ীয়মঠ
[illegible], ঢাকা।
[illegible] রক্ষক—মহোপদেশক শ্রীকুঞ্জবিহারী [illegible] বি-এ

(২৪) গোপীনাথ গৌড়ীয়মঠ
[illegible] পোঃ ঢাকা
রক্ষক—শ্রীদয়ালদাস ব্রহ্মচারী।

(২৫) মধাই-[illegible] মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
রক্ষক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
ব্রহ্মপুত্র, পোঃ ময়মনসিংহ
রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীনন্দকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
আলুবাড়ী [illegible], দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ
পোঃ ভরিষার, জিঃ সাওতালপুর, ইউ, পি
রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক—শ্রী[illegible] বি-এল।

(৩২) [illegible] গৌড়ীয়মঠ
পোঃ [illegible], ক্যান্টনমেণ্ট, বিহার
রক্ষক—শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রমণা রোড, গয়া
রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ
৪২নং কালিকাপুরা, বেনারস সিটি
রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক—শ্রীমঙ্গলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর, ইউ, পি)
রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক—শ্রীভক্তি প্রজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গৌড়ীয়মঠ
রক্ষক—শ্রীকুঞ্জ শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ
সঙ্কেত মথুরা।
রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—গোকুল,
পোঃ রোহতক, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক—শ্রীবনমালী গোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ
৪৩নং রহমান রোড, নিউ দিল্লী
রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণধাম বিল্ডিং বোম্বে ৭
রক্ষক—শ্রীঅখিল ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা
রক্ষক—মহোপদেশক শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী ভক্তিভূষণ

(৫২) রামানন্দ-গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মহারক্ষক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী
রক্ষক—শ্রীঅখিলগৌর দাসাধিকারী

(৫৭) জিয়ড়-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ
বালিয়াল, পোঃ কটক (উড়িষ্যা)
রক্ষক—শ্রীবিলাস বর্দ্ধন দাসাধিকারী

(৫৯) [illegible] গৌড়ীয়মঠপাঠ
রক্ষক—শ্রীলালা মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী ভক্তিরত্ন

(৬১) অমরি গৌড়ীয়মঠ
পোঃ অমরি, মেদিনীপুর
রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ
ব্রাহ্মণপাড়া পোঃ বাজু (ঢাকা)
রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রহ্মচারী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ
কুমারহাট্টা, পোঃ হালিসহর, (বারাকপুর)
রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠালয়
১৮০।১৮০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।
রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্লাট নং ২
৫১, ডাউনরোড
[illegible] ব্ল্যাকটন, লণ্ডন, ই ৫
রক্ষক—ত্রিদণ্ডিস্বামী মহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ভক্তিহৃদয় বন গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়
রক্ষক—শ্রীবৃন্দাবন গোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
[illegible]

কলকাতার বাজার দর

১৩ই ডিসেম্বর ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
রামশালি	৬|০
আতা চাল	৫|০
ঐ নূতন	৫৲
কাটারিভোগ	৭৲-৭|০
বাঁকতুলসী	৫|০
লাফরা নূতন	৪৴০
ঐ পুরাতন	৫৲
[illegible] কোয়ালিটি	৪৲
সিদ্ধ মোটা	৩|৴০

আতপ—

নূতন আতপ	৪৲—৪|০
দেনোয়ারী	১০৲-১০|০
বাঁকতুলসী আতপ	৫|০-৫|৴
ঐ নাগরি	৮৲-৫৴০
পাটনাই আতপ	৫|০-৫|০
কাটারিভোগ	৭৲
ঐ মোটা	৩৴০

চিনির দর

[illegible]ীর, টাইপ	১০|৴০
[illegible] ১০০০ নং	১০৴০
[illegible] দানা	৯|০
[illegible] দানা	৮|০—৯৴০
[illegible] লাল	৭|৴০—৮৲

সোণা-রূপার দর।

	প্রতি ভরি
পাকের বাট	৩৩|০
[illegible]	২৪৲
[illegible]চিরবার	৫২|০

পাটের দর

[illegible]—	৪০|০
[illegible]—	৪০|০
[illegible]—	৪১|০
[illegible] মধ্য—	৪১৲

আটা ও ময়দার দর

[illegible] প্রতি মণ	৬|০—৬|৴০
[illegible] ঐ	৬৲—৬৴০
[illegible] ঐ	৫|৴০—৫|০
[illegible]	৬৲—৬৴০
[illegible] (বি)	৫|০—৫|৴০
[illegible] নং (২	৫৴০—৫|৴০
[illegible] (এম)	৫৲—৫|০
[illegible] (কে)	৪|০—৪|৴০
[illegible] নং (৩)	২|০—২|৴০
[illegible]	১|৴০—১|০
	১|৴০—১|৴০

সুতের দর

[illegible]	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৫০৲
[illegible]	৬৫৲
[illegible]	৬১|০

তার	৪৬৲
কাবুলে	৩৬৲
বাকা পারণা	৩১|০
২৬ গেজ—	১৭|০
গাঃ বটকা ২৪—৩০ গেজ	১০৲

লোহ ও হার্ডওয়ার

১৩ই ডিসেম্বর ৭\|১২\|৩৭

টাটার তৈয়ারী— দর মাল ৩নং

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৮|৴০—৯|০
ঐ বে মার্কা হাল্কা ওজন	৮৲—৮|০
ঐ টাটা টেসটেড জয়েষ্ট বীম সব সাইজ	৯|৴
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮|০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮|০—৯|৴০

টাটা গ্যাঃ করগেট-টিন।

২৪ গেজ—	১৪৲
২৬ গেজ—	১৩|০
২৮ গেজ—	১৮৲
টাটা গ্যাঃ প্লেন সীট	১|৴০
২৪ গেজ—	১৪|৴০
২৬ গেজ—	১৩|৴০
২৮ গেজ—	

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৫৲
সীস	৷৴৫—৷৷৴০
বাঙ্গাল বেড়া কাঁটা তার (বার্ডিন)	১০|০
মোট কাটিং বা ছিট কাটা দণ	৬|০—৬|০
গাদী কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৬|০—৭৲ হন্দ
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯|০—১০|০
টিন পাতি, বোল্টু, গয়ালে	৮|০—৯|০
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের	
জন্য	৮|০—১০|০

বুঃ ইস্পাত আসল ২৫৲ নকল ২৩\|০

টুকরোর হাসলণ ৫৴০, পাটের হাসলণ ৬

খুলার হাসলণ ৪\|০

সুতের দর

কলিকাতা ২৭শে জুন,

আমের সোনার কাইন	৫৪
সিট্‌ন আমের করকচ	৪০৲
কতাটি পুরনিয় কাইন	৩৩৲
গাঁজার্ম ভাজা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেসেস্ট বাজার

কলিকাতা, ২৭শে জুন,

	প্রতি মণ
পাতলা সাগু	৮|০
সুপারী মেলী	১৬|০—১৭৲
কাটা সুপারী	১০|০—১১০
কুচি পরিমাণ	১৫|০—১৭|০
নরা নূতন পাটনাই	১৭৲—১৮|০

সন্তোষ কুমার অধিকারী

এণ্ড সন্স লিঃ

১৩-৫ [illegible] ঘাট লোহাপটী, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম—মায়াপুরে

—:::—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—:::—

[illegible]

[illegible] সাবজেক্ট : [illegible] এবং বেতিং এর [illegible] ব্যবস্থা। [illegible] | বিদেশী ছাত্রগণের জন্য বিনা খরচে সুন্দর থাসাবাসের ব্যবস্থা একবারে খোরাক ও বেতন প্রতি মাসে মাত্র ৭৲ টাকা মাত্র। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্‌ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের আবশ্যক সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিদেশী ছাত্রগণকে বিনা খরচে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ের সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার ট্রেনের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—[illegible]
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—৩৫
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৩৫,	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—৪২

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার ট্রেনের সময়

স্বরূপগঞ্জ	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৫০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৫৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যতীর্থ ভিষগ্রত্নের

[illegible]

[illegible]

[illegible] শ্রীপাদ [illegible] | বিভাগ প্রভৃতি [illegible] এবং নূতন ও পুরাতন [illegible] মূল্য [illegible] আনা, বড় বোতল ১৷৴০ আনা। [illegible]

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

[illegible]

পোঃ [illegible], ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

—::(•)::—

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পরবিদ্যাসমিতির সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(•):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	৵০	।৵০	।০
" " ইঞ্চি ২৲	১।০	১।০	১৲
সিকিকলম ৫৲	৪॥০	৪৲	৩৲
অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৩৲	২।০
সিকি কলম ১৫৲	১২৲
অর্দ্ধকলম ২৫৲	১৮৲
এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫, বিশেষ সংখ্যা ৴০ ভিক্ষা মাত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিরত্নাকর ভক্তিশাস্ত্রী সরস্বতী-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন-চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক-শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ড ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ও বিকৃপায় শ্রীভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে, বর্ণানুক্রমে সন্নিবিষ্ট সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ: গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রী চৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

—:(•):—

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক-পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে নিয়মিতভাবে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।এ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহর-অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

ফোন: শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীমায়াপুরধামস্থ শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ৈক-সংরক্ষক পরিব্রাজকাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংসকুলচূড়ামণি শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি প্রভুপাদ কর্ত্তৃক প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG. NO. C 154

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের পদাশ্রিত আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠাচার্য্য শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু কর্ত্তৃক পরিচালিত

ভারতের সর্ব্বত্র প্রচুর-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৫ই পৌষ, ১৩৪৪, ২০শে ডিসেম্বর, ১৯৩৭, সোমবার [সংখ্যা ২৪১]

বিবিধ সংবাদ

——(০(:০:)০)——

দক্ষিণ চীন অভিমুখে জাপ-বাহিনীর অভিযান

"অবস্থার যে কোন প্রকার পরিবর্ত্তন হউক না কেন, আমরা আত্মসমর্পণ না করিয়া বিজয়পর্ব্বে অগ্রসর হইবার জন্য দৃঢ়সঙ্কল্প করিয়াছি।" চীনের প্রধান সমর নায়ক মার্শাল চিয়াং-কাই-সেক উ.হান রণক্ষেত্রস্থিত হেড্ কোয়ার্টার হইতে সমগ্র জাতির নিকট প্রচারিত এক আবেদনপত্রে উপরোক্ত বাণী ঘোষণা করিয়াছেন। মার্শাল চিয়াং কাই-সেক তাঁহার ঘোষণায় বলিয়াছেন, "যুদ্ধ আরম্ভ হওয়ার পর অবধি চীনের সমস্ত রণক্ষেত্রে সর্ব্বসমেত তিন লক্ষাধিক যে সাহসী দেশবাসী প্রাণ হারাইয়াছে এবং কি পরিমাণ ধনসম্পত্তি যে বিনষ্ট হইয়াছে তাহা হিসাবের অতীত।

অতঃপর মার্শাল চিয়াং-কাই-সেক বলেন, "আমার দেহে প্রাণ থাকা পর্য্যন্ত জাতিকে রক্ষা করিবার জন্য আমি আমার সমস্ত শক্তি নিয়োগ করিব। এই বিরোধের সমস্ত দিক সম্পর্কে বিবেচনা করিয়া আমাদের এই দৃঢ় বিশ্বাস হইয়াছে যে, বর্ত্তমান পরিস্থিতি চীনের পক্ষে অনুকূল। দীর্ঘকাল ব্যাপী বাধাদানের ক্ষমতার উপরই চীনের সাফল্য নির্ভর করিতেছে। নানকিং কিংবা অন্য কোন বড় সহর হইতে এই বাধাদানের প্রেরণা আসিবে না, পরন্তু সমগ্র চীনের সমস্ত পল্লীগ্রাম এবং জনগণের দৃঢ়সঙ্কল্পকে কেন্দ্র করিয়াই এই বাধাদানের ক্ষমতা গড়িয়া উঠিবে। এমন এক সময় আসিবে, যখন জাপানের সমস্ত সামরিক শক্তি নিঃশেষিত হইবে এবং পরিশেষে আমরাই জয়যুক্ত হইব।"

বহু সংখ্যক জাপানী সৈন্য এখান হইতে জাহাজে করিয়া অজ্ঞাত স্থানে যাত্রা করিয়াছে। তাহারা নানকিং অথবা দক্ষিণ চীন অভিমুখে যাত্রা করিয়াছে বলিয়া অনুমিত হয়।

মার্কিন গান বোট পেনে ডুবির সম্পর্কে যে বিস্তৃত বিবরণ পাওয়া গিয়াছে তাহাতে জানা যায় যে, 'পেনে'র উপর যে জঙ্গী বিমান হইতে বোমাবর্ষিত হইয়াছিল তাহা নহে পরন্তু উহার উপর মেশিন গানের গুলিও বর্ষিত হইয়াছিল এবং পেনের নাবিকগণ জাহাজ ত্যাগ করিলে জাপানী সৈন্যগণ মোটর বোট হইতে উহার উপর যায়। একজন আমেরিকান অফিসার এরূপভাবে আহত হইয়াছিলেন যে, মুখে আদেশ দিতে অসমর্থ হইয়া পড়িয়াছিলেন এবং ডেকের উপর খড়িমাটি দ্বারা লিখিয়া ঐরূপ নির্দ্দেশ দিতে-ছিলেন। নৌকায় উঠিয়া তীরের নিকট গিয়া অপেক্ষা করিতে থাকে। পেনে পতাকা উড্ডীন অবস্থায় জলমগ্ন হয়। পেনের যাত্রীরা বলে যে, জলমগ্ন হইবার সময় পেনের পতাকা এরূপ সুস্পষ্টভাবে দৃষ্টি গোচর হইয়াছিল যে, আক্রমণকারীরা উহা মার্কিন পতাকা বলিয়া চিনিতে পারিয়াছিল তৎসম্বন্ধে কোন সন্দেহ থাকিতে পারে না।

———

দক্ষিণ চীন অভিমুখে জাপবাহিনী

ক্যান্টন ১২ খানি জাপানী জাহাজ সুরক্ষিত হইয়া ক্যান্টনের দিকে অগ্রসর হইতেছে। পূর্ব্বেও জাপানী সৈন্যেরা উহার নিকটেই অবস্থান করিয়াছিল। হংকং-এর নিকটবর্ত্তী দ্বীপের জাপানী নৌ-বাহিনীর গতিবিধি দেখিয়া এবং ফর্মোজার আশেপাশে জাপানীদের আক্রমণের কথা বিবেচনা করিয়া মনে হয় দক্ষিণ চীনে জাপানীদের আক্রমণ আরম্ভ হইল। ক্যান্টন আক্রান্ত হইলে বৃটিশ নৌ-কর্তৃপক্ষের চুপ করিয়া বসিয়া থাকা মুস্কিল হইবে; কারণ ক্যান্টনে বৃটিশের বিশেষ স্বার্থ রহিয়াছে। তাই সাংহাই দিক হইতে জাপ-বাহিনী অগ্রসর হইতেছে বলিয়া অনেকে বিশ্বাস করিতেছে না; কিন্তু এ'বারে জাপানীদের শক্তি যে কিছু বাড়ান হইবে না এমন মনে হয় না।

———

আলিপুর সেন্ট্রাল জেলে রাজনৈতিক বন্দীদের অনশন

আলীপুর সেন্ট্রাল জেলের রাজনৈতিক বন্দীরা গত ১৬ই ডিসেম্বর প্রাতে অনশন ধর্ম্মঘট শুরু করেন। ইতোমধ্যে জেলের সুপারিন্টেণ্ডেণ্ট আসিয়া তাহাদিগকে জানান যে, গবর্ণমেণ্ট তাহাদিগকে একমাস কাল সময় দান করিতে অনুরোধ করিয়াছেন। ঐ সময়ের মধ্যে গবর্ণমেণ্ট তাহাদের সিদ্ধান্ত বন্দীদিগকে জানাইবেন। শরৎচন্দ্র বসু বলেন যে, গান্ধীজী কিছুদিন পূর্ব্বে কলিকাতায় আসিয়া যে গুরুতর চেষ্টা করিয়াছিলেন, তাহা জনসাধারণ এবং আন্দামান বন্দীরা বিশেষরূপ অবগত আছেন। দুর্ভাগ্যক্রমে গান্ধীজী হঠাৎ অসুস্থ হইয়া পড়ায় তাহার আরব্ধ কার্য্য স্থগিত রাখিতে বাধ্য হন। তিনি একটুকু সবল ও সুস্থ হইলেই যে পুনরায় ঐ কার্য্যে হাত দিবেন, একথা বলা আমার পক্ষে নিষ্প্রয়োজন।

সুখের বিষয় গান্ধীজীর স্বাস্থ্যের উন্নতি হইতেছে। তিনি যে অবিলম্বে ঐ কার্য্য পুনরায় আরম্ভ করিবেন তাহা খুবই আশা করা যায়। কাজেই আমি আশা করি যে, সংশ্লিষ্ট ব্যক্তিরা সকলে আর কিছু দিন ধৈর্য্য ধরিয়া অপেক্ষা করিবেন এবং এমন কিছু করিয়া বসিবেন না, যাহাতে গান্ধীজী আরব্ধ কার্য্য পণ্ড হইতে পারে।

আমি বরাবর জানি, যে সকল আন্দামান বন্দী বর্ত্তমানে কলিকাতায় রহিয়াছেন, তাঁহারা এখন পর্য্যন্ত অনশন অবলম্বনের সিদ্ধান্ত করেন নাই। তাঁহাদের যেসকল সহকর্ম্মী অন্যান্য স্থানে আছেন, তাঁহারা অনশন অবলম্বনের সঙ্কল্প করিয়াছেন বলিয়া যে সংবাদ রটিয়াছে, তাহা মিথ্যা প্রমাণিত হইবে বলিয়া আমি আশা করি। আমি তাঁহাদের সকলকেই অনুরোধ করিতেছি যে, তাঁহারা যেন গান্ধীজীর কার্য্যে সাহায্য করেন এবং অনশন অবলম্বন করিয়া তাঁহার চেষ্টা পণ্ড না করেন।"

কাশীর ধর্ম্মশালায় দুর্ঘটনা

বেনারসে একটি ধর্ম্মশালার এক ঘরে পঞ্চাশ বৎসর বয়স্ক এক ব্যক্তি, তাহার ১৫ বৎসর বয়স্কা দুহিতা অপর একজন যুবতী ও তাহার সন্তান শোচনীয় ভাবে মৃত্যু-মুখে পতিত হইয়াছে।

প্রকাশ যে, ঐ লোকগুলি তীর্থভ্রমণে বাহির হইয়া এক ঘরে রাত্রিতে নিদ্রিত ছিল। পরদিন প্রাতে একজন গোয়ালা দুধ দিতে আসিয়া তাহাদের কোন সাড়া না পাইয়া সংবাদ খবর দেয়। পুলিশ দরজা ভাঙ্গিয়া ঘরে ঢুকিয়া দেখে যে, সমগ্র পরিবারটি মৃত্যু-মুখে পতিত হইয়াছে। অনুমান হয় যে দম বন্ধ হইয়া তাহাদের মৃত্যু হইয়াছে। প্রকাশ যে, ঐ ঘরে একটি কয়লার উনুন ছিল।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্‌,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩৮৲
দশম স্কন্ধ - ৯৲
২। ভাষ্যসহ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অপ্রাপ্য) ৬৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সৎসঙ্গ; ৩য় খণ্ড (অপ্রাপ্য) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড ৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড —৸০; ২য় খণ্ড - ১৲; ৩য় খণ্ড - ৸
৭। শ্রীচৈতন্যদেব ৲
৮। সৎক্রিয়াসারদীপিকা ও সংস্কারদীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসিদ্ধান্ত ৩য় খণ্ড
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৬০
১৭। বৈষ্ণবোপনিষদ ।০
১৮। ব্রাহ্মণ আর্যত্ব ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵০
২১। গৌড়ীয়-গীতাঞ্জলি ।৵০
২২। ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃত ও শ্রীনবদ্বীপশতক বাঁধা। ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ১৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। দুর্গমসঙ্গমনী অর্পণাস্বাদঃ (সানুবাদ) ১৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)
(বাঁধা ৸০
৩০। দীপ-বিসর্জ্জন ৶০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৵
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনচক্র ৵০
। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৪। নবদ্বীপশতক ৵০
৪৬। অর্চ্চনক্রম ৵০
৪৭। সদাচারস্মৃতিঃ ০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। অর্চ্চনকণ ৵১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৸০
৫২। রাগমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ নির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। তারক ও পরিপ্রশ্ন
৫৭। উপদেশামৃত (সানুবিবৃতি)
৫৮। শ্রীমনঃশিক্ষা ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সংখ্যাবলী ০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। [illegible]
৬৩। সটীক [illegible]
৬৪। তত্ত্বসূত্রম্
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ
৬৭। [illegible] ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজি অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্‌স ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বৈষ্ণবিজম্
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং
৭৬। দি ভাগবত
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনম্যালয়েড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা ২৸০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—একমাত্র বিশুদ্ধ অপ্রাকৃতবেদ পারমার্থিক গোল ... সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৫৲। কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

তাই আজ শুভেচ্ছাতিথিদিবসে আমাদের একমাত্র প্রার্থনা—শ্রীগুরুদেব তাঁহার ভৃত্যানুভৃত্য আমাদিগকে তাঁহার নিজজন-পাদপদ্মে। আনুগত্যে তাঁহার মনোঽভীষ্টসেবায় সুবুদ্ধি প্রদান করিয়া তাঁহার শ্রীপাদপদ্ম-স্মৃতি আমাদের হৃদয়ে জাগরূক করুন। "তোমার সেবায় দুঃখ হয় যত, সেও ত' পরমসুখ সেবাসুখদুঃখ পরমসম্পদ নাশয়ে অবিদ্যাদুঃখ" আমাদের এই বিচারই প্রবল হউক।

আমরা তাঁহার পরমাপ্রষ্ঠ বর্তমান গৌড়ীয়াচার্য ও তাঁহার প্রিয়জনগণের পাদপদ্মে অবিচলিত শ্রদ্ধা রাখিয়া যেন প্রভুপাদের পদাঙ্ক অনুসরণ করিতে পারি, ইহাই আমাদের একমাত্র প্রার্থনা। প্রভুপাদ তাঁহার সেবকপ্রবর—যাঁহার লিখিত প্রবন্ধ ও নিবন্ধপাঠে, যাঁহার বক্তৃতা-শ্রবণে, যাঁহার প্রত্যেক সেবাকার্যে পরমসুখ পাইতেন, যাঁহার সর্বেন্দ্রিয় কৃষ্ণকার্ষ্ণানুশীলনে—প্রভুপাদের মনোঽভীষ্ট সম্পাদনে নিযুক্ত বলিয়া প্রভুপাদ যাঁহাকে সর্বদাই সুন্দর দর্শন করিতেন, প্রভুপাদের প্রাণারাধ্য সুন্দরকে আনন্দ দান করিতেন জানিয়া প্রভুপাদ যাঁহার নাম 'সুন্দরানন্দ' রাখিয়াছেন, যিনি কৃষ্ণসংকীর্তননীবাত্ত পরবিদ্যাবধূর সংকীর্তন-সেবা দ্বারা আনন্দ প্রদান করেন বলিয়া তাঁহাকে 'বিদ্যাবিনোদ' আখ্যা দিয়াছেন, সেই গৌড়ীয়ার নাথ স্বরূপ[illegible] সুসিদ্ধান্তপ্রকাশক গৌড়ীয়সম্পাদক মহামহোপদেশক পণ্ডিতপ্রবর শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভুর অনুগত[illegible] সেবনীয় অনুগমনপুরঃসর তাঁহার ও তদভিন্ন-সুহৃদগণের একান্ত আনুগত্যে যেন নদীয়া-প্রকাশের সেবায় কিছু যোগ্যতা অর্জন করিতে পারি। ইহাই দীনহীন বিষয়বিষ্ঠা-গর্তের কীট আমার [illegible] পদপল্লবের প্রার্থনা।

শ্রীগুরুপাদপদ্মের সেবায় তদভিন্নবিগ্রহ বৈষ্ণবানুগত্য হইতে না পারিলে আমাদের বিরহোৎসব কেবল আত্মেন্দ্রিয়-তর্পণোৎসবে পর্যবসিত হইবে মাত্র।

গৌরকরুণাশক্তি শ্রীল প্রভুপাদ

(পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী, কাব্যপুরাণ-রত্নতীর্থ)

বঙ্গাব্দ ১৩৪৩ সাল, ১৬ই পৌষ, কৃষ্ণাতিথির কৃষ্ণচতুর্থী তিথিতে মঙ্গলময় ও চিরপূজনীয় করিয়া যে প্রোজ্জ্বল গৌড়ীয়াচার্য-ভাস্কর জগজ্জীবের দুর্ভাগ্যবশতঃ লোকলোচনে আত্মগোপন করিয়াছেন, তাঁহার সেই গোলোকবিজয়বার্তা শ্রবণ করিয়া আসমুদ্রহিমাচল ভারতবাসিগণের, এমন কি সপ্তদ্বীপা বসুন্ধরার কোন্ সহৃদয়-ব্যক্তি হৃদয়বান্ না কি না গৌরাঙ্গবিরহবেদনাতুলে বিদ্ধ হইয়াছেন? কি মহামান্য ভারতসম্রাট, কি মহামান্য রাজপ্রতিনিধি কি প্রাদেশিক শাসনকর্তৃ কি রাজা, কি মহারাজা, কি রাজপুরুষ, কি দেশমান্য জননেতা, কি অধ্যাপক, কি অধ্যয়নকারিগণ, কি পথিক, কি বাল-বৃদ্ধ-যুবক, কি ধনী, কি নির্ধন, কি পণ্ডিত, কি মূর্খ, কি পশু-পক্ষী-বৃক্ষ-লতা—সকলেই যে সর্বজীববন্ধু অচিন্ত্য মহাভাগবতশিরোমণির বিরহে সমবেদনা জ্ঞাপন করিয়াছেন, করিতেছেন ও নিত্যকাল করিবেন, সেই মহাপুরুষের অদর্শন কাহার না হৃদয়ফলকে বিচ্ছেদ-কালিমারেখা অঙ্কিত করিয়াছে? [illegible]-গণের নয়নস্বরূপ, দীনহীন কাঙ্গালের একমাত্র আশ্রয়, আশ্রিতগণের জীবনসর্বস্ব, আর্ত জিজ্ঞাসু-অর্থার্থি-জ্ঞানিগণের অশোকাভয়-বিতরণকারক, মুকুন্দের উপাস্য ব্যাসাভিন্নবিগ্রহ এবং শ্রীরূপানুগগৌড়ীয়গোষ্ঠীর পরমাদরের রত্নধন ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী প্রভুর বিরহব্যথা অলক্ষিত গৌড়ীয় এবং কোন্ মঙ্গলাকাঙ্ক্ষীর চিত্তে বেদনা না দিয়াছে? ভগবানই তাঁহার শ্রেষ্ঠজনের গুণাবলী সম্যক্ অবগত আছেন এবং তাঁহার মিলন ও বিরহ তিনিই

জানেন। সর্ব্বজীবনাথ শ্রীল আচার্য্যদেবের অমন্দোদয় কোটিচন্দ্রসুশীতল পাদপদ্মের সমস্ত ভক্তের বর্ণন, দুষ্কর্ণরসায়ন চেতনবাণী প্রাণ ও কৃপা-বিতরণ লীলা সাক্ষাদ্ভাবে অনুভব করিতে অক্ষম হইয়া আজ এমন কোন্ প্রাণী আছে যাহার প্রাণ না কাঁদিয়া স্থির থাকিতে পারিতেছে? বৈষ্ণব মহাকবির ভাষায় পরমারাধ্যতম জগদ্গুরু লোকনাথ শ্রীল প্রভুপাদের প্রতীব বিরহ-ব্যথা ও গুণগাথা এরূপ ব্যক্ত হইতে পারে—

'দেখ প্রভু ভাই ত্রিভুবনে নাই
এমন দয়াল দাতা।
পশু-পাখী ঝুরে পাষাণ বিদরে,
শুনি যাঁর গুণগাথা॥

পতিতপাবন নিত্যানন্দ-অভিন্নপ্রকাশ শ্রীল প্রভুপাদের গুণগাথা অনন্তদেবও সহস্রমুখে বর্ণনা করিয়া শেষ করিতে পারেন না। যতপ্রকার শ্রীমন্মহাপ্রভু হইতেও যাঁহার অধিক দয়া, যে শ্রীচৈতন্য-দেবের অহৈতুকী কৃপাহেতু আজ জগৎ জনগণও শ্রীকৃষ্ণের শুদ্ধ নাম-রূপ-গুণ লীলা-পরিকর বৈশিষ্ট্য কীর্ত্তনের প্রবাহিত হইয়া আপামর বিশ্ববাসীকে প্লাবিত করিতেছে, সেই শ্রীচৈতন্যদেবের দয়ার কথা আমার ন্যায় ক্ষুদ্র ও বহির্মুখ ব্যক্তি আর কি বলিবে? শুধু এই ব্রহ্মাণ্ডে নয়, শুধু স্বর্গে নয়, এমন কি বৈকুণ্ঠেও এমন দয়াল দুর্লভ। পশু-পক্ষী, এমন কি পাষাণ পর্য্যন্ত তাঁহার অনন্ত চিদ্গুণাবলী শ্রবণ করিয়া বিগলিত হয়। তাঁহার সচ্চিদানন্দময় শ্রীবিগ্রহে শ্রীকৃষ্ণচন্দ্রের যাবতীয় গুণ শোভা পাইয়া থাকে। তিনি শ্রীকৃষ্ণ হইতে কোনও অংশে কম নহেন। বরং কৃষ্ণও যাঁহাকে স্কন্ধে মস্তকে বহন করিতে পারিলে নিজকে কৃতার্থ মনে করেন, সেই অসমোর্দ্ধ বস্তু আমার শ্রীগুরুপাদপদ্ম। সুতরাং সেই শ্রীগুরুপাদপদ্মের মহিমা আমি এক মুখে ক্ষুদ্রজীব আর কত বলিব? স্বয়ং ভগবান্ শ্রীমন্মহাপ্রভু কৃষ্ণভক্তের স্বরূপ এরূপ কীর্ত্তন করিয়াছেন—

'সর্ব্ব মহাগুণগণ বৈষ্ণব-শরীরে।
কৃষ্ণভক্তে কৃষ্ণের গুণ, সকলি সঞ্চারে॥
সেই সব গুণ হয় বৈষ্ণব-লক্ষণ।
সব কহা না যায়, করি দিগ্ দরশন॥
কৃপালু, অকৃতদ্রোহ, সত্যসার, সম।
নির্দ্দোষ, বদান্য, মৃদু, শুচি, অকিঞ্চন॥
সর্ব্বোপকারক, শান্ত, কৃষ্ণৈকশরণ।
অকাম, নিরীহ, স্থির, বিজিতষড়্গুণ॥
মিতভুক্, অপ্রমত্ত, মানদ, অমানী।
গম্ভীর, করুণ, মৈত্র, কবি, দক্ষ, মৌনী॥

(চৈঃ চঃ মধ্য ২২।৭২—৭৭)

কৃষ্ণের সর্ব্বসদ্গুণ বৈষ্ণবশরীরে অবস্থান করে তন্মধ্যে কৃষ্ণৈকশরণতাই প্রধান লক্ষণ। পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদের চরিত্রে কৃষ্ণৈকশরণতার চরম নিদর্শন প্রকাশ পাইয়া তাঁহার যাবতীয় গুণকে বৃদ্ধি করিয়াছিল। কৃষ্ণচন্দ্রের অন্বেষণে শ্রীল প্রভুপাদ এক এক মুহূর্ত্তে যে লীলা করিয়াছেন, তাহা অনন্তকাল ধরিয়া বলিলেও শেষ হইবে না। আমরা মহাজন-মুখে শুনিয়াছি—'নিতাই-পদ সদা, তাঁহার সেবক নিত্য, নিতাই-পদ সদা কর আশ।' ইহাতেই অন্বয় নিত্যানন্দাভিন্ন শ্রীগুরুপাদপদ্মের কথা নিত্য। তাহা কখনও জড় দেশ-কাল-পাত্রের অধীন নহে। অনন্ত ব্রহ্মাণ্ডে তাঁহার আচার্য্য-লীলা নিত্যই হইতেছে। কৃষ্ণ কৃপাই শরণাগত জনকে আশ্রয়প্রদান ও অভয় দান করিয়া তাহার স্বপাদমূলে লইবার জন্য শ্রীগুরুদেবের মূর্ত্তিতে অবতীর্ণ হন। ভক্তবৎসল কৃষ্ণের অপরিসীম বাৎসল্য শ্রীগুরুদেবের মূর্ত্তিতেই প্রকটিত ও বিস্তৃত হইয়া কৃপাপ্রার্থী জনগণের আশা ভরসা ও অপ্রাকৃত সেবারাজ্যের সন্ধান দান করে। যদিও জগৎ কখনই কোনও না কোন নিত্যসিদ্ধ মহাপুরুষের কৃপা হইতে একান্ত বঞ্চিত হয় নাই, তাহা হইলেও সকল সময় গৌড়ীয় প্রচারবান্ আচার্য্যের অভ্যুদয় দৃষ্ট হয় না। জীব যখন পরমমঙ্গলের জন্য ব্যাকুল হয় ও কাতরপ্রাণে ভগবানের নিকট আর্ত্তিভারে আচার্য্যের জন্য প্রার্থনা করে তখন কৃষ্ণ তাঁহার শ্রেষ্ঠ ভক্তকে জগতে প্রেরণ করেন। সেই আচার্য্যদেব স্বয়ং আচরণ করিয়া জীবকে শিক্ষা দেন, তিনি লোকোচিত সকল লীলাই করেন কিন্তু তিনি অজ্ঞান বদ্ধ জীবের ন্যায় ১৮ মহাদোষ ও দোষ-চতুষ্টয় হইতে সম্পূর্ণভাবে মুক্ত থাকেন। তিনি এই প্রাকৃত রাজ্যে গোলোক হইতে অবতরণ করিলেও কখনও প্রাকৃত বা মায়ার অধীন হন না। ইহাই ভগবান্ ও তদীয় ভক্তের এক অচিন্ত্য শক্তি যে, তিনি প্রপঞ্চে অবস্থান করিয়াও প্রপঞ্চাতীত থাকেন, নিত্যকাল নিত্যধামে অবস্থান করেন, মায়িক কোন গুণই তাঁহাকে স্পর্শ করিতে পারে না। শাস্ত্রে কথিত হইয়াছে—

এতদীশনমীশস্য প্রকৃতিস্থোঽপি তদ্গুণৈঃ।
ন যুজ্যতে সদাত্মস্থৈর্যথা বুদ্ধিস্তদাশ্রয়া॥

(ভাঃ ১।১১।৩৮)

অজোঽপি সন্নব্যয়াত্মা ভূতানামীশ্বরোঽপি সন্।
প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া॥

(গীঃ ৪।৬

ন কর্ম্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যতে।
বিষ্ণোরনুচরত্বং হি মোক্ষমাহুর্মনীষিণঃ॥

(পাদ্মে

বহি-সূর্য্য-ব্রাহ্মণেভ্যস্তেজীয়ান্ বৈষ্ণবঃ সদা।
ন বিচারো ন ভোগশ্চ বৈষ্ণবানাং মহাত্মনাম্॥

(ব্রহ্মবৈবর্ত্ত

হায়! যখন সর্ব্বজগৎ নানা প্রকার অসৎতর্ক কুজ্ঝটিকা, দম্ভময় ভণ্ডদের আক্রমণ, কর্ম্মী, জ্ঞানী ও যোগিগণের আস্ফালনে উদ্ভ্রান্ত হইয়া উঠিয়াছিল, যখন অযোগ্য অপসম্প্রদায় লৌকিক নাম লইয়া শুদ্ধ সত্যের বহির্দ্বারে গিয়া প্রদর্শন করিতেছিল, [illegible] কাম ও প্রেম, শুদ্ধভক্তি ও [illegible], গৌড়ীয় ও অগৌড়ীয়, প্রকৃত মহাজন ও কপট অবতার, ভক্ত কামাসক্ত প্রভৃতি, জীব ও মুক্ত মহাভাগবত, পাষণ্ড ও অপ্রাকৃত, নাম ও নামাপরাধ, ভক্তি ও মিছা ভক্ত প্রভৃতি একাকার হইয়া যাইতেছিল, যখন শুদ্ধভক্তগণই প্রাকৃতের আসন পাইতেছিল, যখন মহাপ্রভুর অমায়িক প্রেমের কথা জগৎ হইতে লোপ পাইতে বসিয়াছিল, তখন গৌরকরুণাশক্তি শ্রীল প্রভুপাদের আবির্ভাব হইয়াছে। শ্রীমন্মহাপ্রভুর নাম বাদ-সাম-নীতি বিগ্রহের জন্য শ্রীচৈতন্য-মঠের আবির্ভাব, 'পৃথিবী পর্য্যন্ত আছে যত দেশ গ্রাম। সর্ব্বত্র প্রচার হইবে মোর নাম॥' — এই গৌরবাণীকে সার্থক করিবার জন্য ৬৪ বৎসর পূর্ব্বে শ্রীপুরুষোত্তম-ক্ষেত্রে এক আষাঢ়-রথ-বিজয় বিগ্রহের ক্ষেত্র শ্রীপুরুষোত্তম-ধামে অপ্রাকৃত নিত্যসিদ্ধ গৌরপার্ষদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের ভবিতব্যানুসারে গোলোকাবিশিষ্ট গৃহে শ্রীচৈতন্য সরস্বতীর আবির্ভাব হইয়াছিল। গৌড়ীয়গণের আচার্য্য-ভাস্করের সেই প্রথমোদয়ের দিন যে কি মঙ্গলময় সুপ্রভাতের সূচনা করিয়াছিল তাহা শুদ্ধ গৌড়ীয় মাত্রই প্রাণে প্রাণে উপলব্ধি করিয়াছেন এবং করিতেছেন। আচার্য্য-ভাস্করের যেমন অন্ধকারের নাশক উদয় হইল, তেমন অজ্ঞানান্ধ লোকগণ পথ প্রাপ্ত হইল। সেই সুন্দর উজ্জ্বল কিরণ হইতে দূরে থাকিবার বাসনা করিল এবং নিজ নিজ পাপময় ভাবের আসন অবসানভয়ে প্রমাদ গণিল। শ্রীল প্রভুপাদের নিত্যসিদ্ধ আচার্য্যত্ব শৈশব হইতেই প্রকাশিত হইতে লাগিল। শৈশব হইতে তিনি মহাভাগবত শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের আনুগত্য, নাম ও সেবা শিক্ষা করিয়া যৌবনে পরমহংসকুলচূড়ামণি শ্রীল গৌর-কিশোরদাস বাবাজী মহারাজের সাক্ষাৎ সঙ্গ ও কৃপা লাভ করিয়া শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের অপ্রকটের পর গৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ের সংরক্ষণের গুরুভার স্বয়ং বহন করিলেন। শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর ও নিত্যসিদ্ধ শ্রীল গৌরকিশোর প্রভুর— গৌরশক্তি জগতের যাবতীয় শক্তি একমাত্র যোগ্যতম অধস্তন পরমারাধ্য শ্রীল প্রভুপাদে সঞ্চারিত হইল। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের বৈভব এবং [illegible] [illegible] শ্রীল [illegible]। যখন শ্রীচৈতন্যবাণী পরমহংসগণের অন্তর্দ্ধান-[illegible] শ্রীমদ্ভাগবতে শ্রীচৈতন্য-মতের [illegible] করিয়া যে শ্রীগৌর-করুণাধারা [illegible] ব্যাকুল হইলেন তখন [illegible] [illegible] প্রদর্শন [illegible] নিজজনগণ [illegible] হইলেন এবং তাঁহার অনেক [illegible] [illegible] ও শ্রীমদ্ভাগবত [illegible] [illegible] শ্রীল প্রভুপাদ [illegible] [illegible] প্রধান [illegible] শ্রীচৈতন্য-মঠ স্থাপন করিয়া শ্রীমন্মহাপ্রভুর বাণী বিশ্ববাসীর দ্বারে দ্বারে বিলাইবার জন্য স্বয়ং আচার, প্রচার, [illegible] [illegible] এবং শ্রীনাম-[illegible] [illegible] জীবের যে কি [illegible] ও প্রকৃতি মঙ্গলের পথ উদ্ঘাটন করিলেন তাহার মহিমা [illegible] [illegible] বিষয় অনুভব করিতেছেন। [illegible] পরবর্ত্তী আচার্য্য শ্রীনিবাস নরোত্তম শ্যামানন্দ প্রভু পর [illegible] শ্রীল প্রভুপাদ ব্যতীত কোনও আচার্য্যের পাদপদ্মে এত অধিক শিক্ষিত ও চরিত্রবান্ লোক যথার্থভাবে বরিত্যক্ত [illegible] [illegible] নাই। পতিতপাবন নিত্যানন্দাভিন্ন শ্রীগুরুদেব জীবের দুঃখে সন্তপ্ত [illegible] করিয়াছেন। কি উপায়ে [illegible] [illegible] [illegible] শ্রীগৌরনিত্যানন্দের [illegible] আকর্ষণ করা যাইবে—তাহাই শ্রীল প্রভুর চিন্তার [illegible] করিলেন। জীবের নিত্য মঙ্গলের [illegible] শ্রীল প্রভুপাদ [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] শ্রীধামপ্রচারণ, [illegible] [illegible] [illegible] এবং বিরাট্ [illegible] প্রদর্শনী উদ্ঘাটন করিয়াছিলেন জীবের প্রতি অহৈতুক করুণা না হইলে কি জন্য [illegible] জীবের [illegible] জন্য এত যত্ন হয়?

শ্রীমন্মহাপ্রভুর দ্বিতীয় স্বরূপ শ্রীল স্বরূপ দামোদর গোস্বামী প্রভু শ্রীচৈতন্যদেবের সম্বন্ধে যে [illegible] বর্ণনা করিয়াছেন, [illegible] [illegible] [illegible] প্রতিধ্বনি [illegible]।

হেলোদ্ধূলিতখেদয়া বিশদয়া
প্রোন্মীলদামোদয়া
শাম্যচ্ছাস্ত্রবিবাদয়া রসদয়া
চিত্তার্পিতোন্মাদয়া

কিবা বিপ্র, কিবা ন্যাসী শূদ্র কেনে নয়। যেই কৃষ্ণতত্ত্ববেত্তা সেই গুরু হয়

পশ্চাদ্ভক্তিবিনোদয়া স-দয়য়া
মাধুর্য্যমর্য্যাদয়া
শ্রীচৈতন্যদয়ানিধে, তব দয়া
ভূয়াদমন্দোদয়া॥

যে দয়ানিধি শ্রীচৈতন্য, যাহা হেলায় সমস্ত দোষ দূর করে, যাহা'র সম্পূর্ণ নির্ম্মলতা আছে, যাহা পরমানন্দ সঞ্চারিত হয়, যাহার উদয়ে শাস্ত্রবিবাদ দূর হয়, যাহা ভগবদ্বাণীদ্বারা চিত্তের উন্মত্ততা বিধান করে, যাহার ভক্তিবিনোদন-ক্রিয়া সকলা সহজে দান করে, মাধুর্য্য-মর্য্যাদাদ্বারা তোমার আবির্ভাবজনিত সেই অমন্দা দয়া আমার প্রতি হউক।

যে অমন্দোদয় শ্রীচৈতন্যদয়া মন্দোদয় করায়, যে শ্রীচৈতন্যদয়া শ্রীনন্দনন্দনের সেবাভিলাষ উজ্জ্বলরসের বৃদ্ধি করে, যে দয়ার কলিকালায়িত হইলে অন্য কোন বস্তুই আস্বাদ্য থাকে না, সেই গোলোকধন অপ্রাকৃত রসের পালন করে। যে দয়া নিত্যসিদ্ধের সকল বরেণ্য, সকল আশ্রয়ের ও সকল প্রকার জীবের চরম মঙ্গলোদয় করায়, যে দয়া জীব, কৃষ্ণ, ভক্ত প্রকৃতিকে যথার্থ প্রকাশ করায় সেই শ্রীচৈতন্যদয়া-মূর্ত্তি শ্রীল প্রভুপাদ। কলিযুগপাবনাবতারী অমন্দোদয়দয়ানিধি শ্রীগৌরসুন্দরের মহাবদান্যলীলায় যাঁহার কিরূপ আদৃত উদ্দাম হইয়াছিল তাহা শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃতে এরূপ লিখিয়াছেন—

উছলিল প্রেমবন্যা চৌদিকে বেড়ায়।
স্ত্রী, বৃদ্ধ, বালক, যুবা, সবারে ডুবায়॥
সজ্জন, দুর্জ্জন, পঙ্গু, জড়, অন্ধগণ।
প্রেমবন্যায় ডুবাইল জগতের জন॥
(চৈঃ চঃ আদি ৭ম ২৬)

সবা নিস্তারিতে প্রভু কৃপা-অবতার।
সবা নিস্তারিতে করে চাতুরী অপার॥
(চৈঃ চঃ)

হায়! হায়! আজ সেই পতিতপাবনাবতার শ্রীগৌরসুন্দরের মনোভীষ্ট-প্রভু কৃপায় শ্রীভক্তিবিনোদ-গৌর সরস্বতী আমার প্রাণ কোথায় লুকাইয়া গেলেন! আমাদের কোন অপরাধে অন্তর্হিত হইলেন! একমাত্র শ্রীল প্রভুপাদ ব্যতীত বর্ত্তমান যুগে শুদ্ধভক্তিস্রোতঃ পুনঃ প্রবাহের মূল সূত্র ভক্তিসদাচার প্রচার শ্রীভক্তিবিনোদ ঠাকুরের বাণীপ্রচারদ্বারা কে আর এমন সরস্বতী প্রায় শুষ্ক জগতের বক্ষে প্রবাহিত করিবেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে আর গোলোকের প্রেমধন হরিনামসংকীর্ত্তনধারা প্রবাহিত করিবেন? শ্রীল ভক্তিবিনোদ-গৌরকিশোর প্রভুদ্বয় ব্যতীত কে তাঁহাদের মনোভীষ্ট গৌরধাম, গৌরনাম ও গৌরনামের সেবাবৈভব বিস্তার করিবেন? কে শ্রীভক্তিবিনোদ ঠাকুর ও শ্রীল গৌরকিশোর বাবাজী মহারাজের পরমহংস-সৌন্দর্য্য-কিরণ জগতে সর্ব্বত্রভাবে বিস্তার করিবেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত এই ঘোর নাস্তিকতার যুগে কে আর শ্রীহরিনামমহৌষধি ও মহাপ্রসাদ পথ্য অকাতরে জনসাধারণকে বিলাইবেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে আর বৈষ্ণবজগতের উপধর্ম্ম-কণ্টকাদি মার্জ্জিত করিয়া বৈষ্ণবধর্ম্মের উজ্জ্বলতা লোকলোচনের নিকট এমন করিয়া ধরিবেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে আর অকিঞ্চন আদর্শব্রাহ্মণ সন্ন্যাসী জীবগণকে ছলে, বলে, কৌশলে হরিগুরুবৈষ্ণব-সেবায় নিযুক্ত করিবেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে আর মায়াবাদের বহুরূপী মূর্ত্তিকে এমনভাবে বিশ্লেষণ করিয়া লোকের নিকট ধরাইয়া দিবেন? শ্রীগৌরশক্তি ব্যতীত কে আর কোটি কোটি বর্ষব্যাপী সঞ্চিত উচ্ছৃঙ্খল ও জড় বাসনার এত লাঞ্ছনা-গঞ্জনা সহ্য করিয়া ভক্তিসিদ্ধান্ত ধরিয়া শ্রীগৌরমনোভীষ্ট পূরণ করিবেন? শ্রীগৌরমনোভীষ্ট পূরণ একমাত্র ব্রতপ্রাণ শ্রীল প্রভুপাদ ব্যতীত এই জগতে কে আর হরিগুরুবৈষ্ণব-সেবার এমন অদ্ভুতপূর্ব্ব বিচিত্র প্রকার প্রকট করিবেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে আর সম্প্রদায়-বর্গ মধ্যে কৃষ্ণানুশীলনের এমন অপূর্ব্ব কৌশল দেখাইবেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে আর বিশ্বের যাবতীয় বস্তুকে প্রকৃষ্টসেবায় নিয়োজিত করিবেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত এযুগে কে আর যুক্তবৈরাগ্যের আদর্শ প্রদর্শন করিবেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে আর সংসারের অসংখ্য কাঙ্গালকে আশ্রয় দিয়া তাঁহার কৃপা বিলাইবেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে আর বহুশতাব্দিব্যাপী 'দৈব বর্ণাশ্রম' ধর্ম্মের নির্ম্মল আদর্শ করাইয়া বিপুল গৌড়ীয়সাহিত্য-সাম্রাজ্যের বিস্তার করিবেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত এ পর্য্যন্ত কোন্ আচার্য্য শ্রীমদ্ভাগবতের এমন অলৌকিক ব্যাখ্যা বিস্তার করিয়াছেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত অন্য কোন্ আচার্য্য এতকাল পর্য্যন্ত অপরিজ্ঞাত পারমার্থিক ও ভাগবতধর্ম্ম অধিকারী ভক্তগণের নিকট জানাইয়াছেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত নানা ভাষায় বহু দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক পত্রিকা ও সাময়িক পত্রিকার সাহায্যে আর কোন্ আচার্য্য গৌড়ীয়বৈষ্ণবধর্ম্মের কথা, সনাতনধর্ম্মের কথা, শ্রীগৌরনামের কথা, শ্রীরূপানুগগণের কথা ও শুদ্ধভক্তগণের গুহ্যকথা জগতে অপামর সমস্ত জাতির নিকট উচ্চকণ্ঠে জানাইয়াছেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত অন্য কোন্ আচার্য্য বৈষ্ণবগণের বিবিধ পরীক্ষা-প্রবর্ত্তন ও উপাধিপ্রদান করিয়াছেন? শ্রীল সরস্বতীপ্রভু ব্যতীত সারস্বত চতুষ্পাঠী, ভাগবত-বিদ্যালয়, পারমার্থিক আলোচনা-সাম্মিলনী, পারমার্থিক বক্তৃতা, সভাসমিতি ও বিরুদ্ধমত খণ্ডন এমন আর অনন্যরূপে কে করিয়াছেন? শ্রীল সরস্বতীপ্রভু ব্যতীত শ্রীমদ্ভাগবত, শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীচৈতন্যভাগবত, শ্রীচৈতন্যমঙ্গল, গোস্বামি-শাস্ত্র, শ্রুতি, বেদান্ত, ভক্তিবিষয়ক অসংখ্য গ্রন্থ, নিবন্ধ ও সাময়িক পত্রিকাদি কেই বা আর জগতে প্রচার করিতেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে আর বিষ্ণুতত্ত্ব, একল বাসুদেবের উপাসনা, লক্ষ্মীনারায়ণ, শ্রীসীতারাম, দ্বারকেশ, মথুরেশ ও বৃন্দাবনচন্দ্রের সেবার উত্তরোত্তর বৈশিষ্ট্যের কথা এমন করিয়া বর্ণন করিয়াছেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে আর এই কোটিকণ্টককণ্ট ভক্তিপথে গমনের এমন সুন্দর ব্যবস্থা করিয়াছেন? শ্রীল প্রভুপাদ ব্যতীত কে আর হরিভজনকারীর সর্ব্বপ্রকার অনুকূল ব্যবস্থা বিধান করিয়াছেন? গৌরশক্তি শ্রীল প্রভুপাদের অলৌকিক আকর্ষণ ব্যতীত সংসারের সকল প্রকার মায়ার বন্ধন, কর্ত্তাপাশ ও অসংখ্য অপ্রাকৃতনামধারী অসংখ্য সম্প্রদায়ের হাত হইতে কে কোন্ নিরপেক্ষজন হরিভজনের সুদৃঢ় অভেদ্য দুর্গ শ্রীগৌড়ীয়মঠের আশ্রয় গ্রহণ করিতে পারিত? শ্রীল প্রভুপাদের কোটিয়া পাপ-ক্ষালনকারী অকৃত্রিম স্নেহ ও কৃপাশ্রয় লাভ না করিলে কোন্ মহাবীর বা এ জগতের স্নেহমমতার পাশ কাটাইতে পারিত? শ্রীল প্রভুপাদের অবিরাম কীর্ত্তনময় অবিশ্রান্ত-বদন করিয়া কাহারও না কঠোরকীর্ত্তনকারীর গোলায় বা অনুগামকরূপে দেহযষ্টিকে বাড়াইতে চেষ্টা হইয়াছে? শ্রীল প্রভুপাদের গোলোকের বাণীর নিকট কোন্ পাষণ্ডের না মস্তক অবনত হইয়াছে? শ্রীল প্রভুপাদের নৃসিংহদেবতুল্য ভয়ানক রুদ্রমূর্ত্তির সম্মুখে কোন্ ভাগবতপ্রাণী মায়াবাদী, অবৈষ্ণবাপরাধী ক্ষণকালমাত্র দণ্ডায়মান থাকিতে সাহস করিয়াছে? শ্রীগৌরকরুণাশক্তি শ্রীল প্রভুপাদ ব্যতীত আর কোন্ জীবহিতৈষী ব্যক্তির হৃদয় শ্রীধাম-মায়াপুরে 'ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট,' 'পরবিদ্যাপীঠ' প্রভৃতি স্থাপনদ্বারা সুকুমারমতি বালকগণের হৃদয়ে শিক্ষাদানের সঙ্গে সঙ্গে ভক্তিভাবের উন্মেষ করিবার মত উচ্চ ইচ্ছার উদয় হইয়াছিল? শ্রীল প্রভুপাদই শ্রীনবদ্বীপধাম, শ্রীব্রজমণ্ডল, শ্রীক্ষেত্রমণ্ডল ও শ্রীগৌড়মণ্ডলের পরিক্রমণ প্রবর্ত্তন করিয়া জীবজগতের প্রচুর নিত্য-মঙ্গল সাধন করিয়াছেন। একমাত্র শ্রীল প্রভুপাদই দৈব-বর্ণাশ্রমধর্ম্ম পুনঃসংস্থাপন করিয়া বিপ্রস্মার্ত্তসমাজের আস্ফালন ও উৎপীড়ন হইতে বৈষ্ণবসমাজকে সংরক্ষণ করত মানবের বর্ণনাতীত কল্যাণ সাধন করিয়াছেন। শ্রীল প্রভুপাদই আমাদিগকে হাতেকলমে শিক্ষা দিয়াছেন—

তোমার কনক ভোগের জনক,
কনকের দ্বারে সেবহ মাধব।
কামিনীর কাম নহে তব ধাম
তাহার মালিক কেবল যাদব॥
আসক্তি-রহিত, সম্বন্ধ-সহিত,
বিষয়সমূহ সকলি মাধব॥
শ্রীহরি-সেবায় যাহা অনুকূল
বিষয় বলিয়া ত্যাগে হয় ভুল।

শ্রীল প্রভুপাদ নিজে আচরণ করিয়া প্রকৃত বৈষ্ণবের আদর্শ শিক্ষা দিয়াছেন। তিনি সর্ব্বক্ষণ বলিতেন—"কনক-কামিনী প্রতিষ্ঠাবাঘিনী, ছাড়িয়াছে যা'রে সেই ত' বৈষ্ণব।" তিনি সর্ব্বক্ষণ আমাদিগকে সর্ব্বাপেক্ষা ভয়ঙ্করী প্রতিষ্ঠা-বাঘিনী হইতে সাবধান থাকিতে উপদেশ দিয়াছেন। কনকের ভোক্তা—নারায়ণের চরণে অপরাধী, কামিনীর ভোক্তা—শ্রীরাধিকা ও শ্রীকৃষ্ণচন্দ্রের চরণে অপরাধী, আর প্রতিষ্ঠার ভোক্তা—সেবাবিগ্রহ শ্রীনিত্যানন্দপ্রভুর চরণে অপরাধী। কনক-কামিনীলোলুপ ব্যক্তি কর্ম্মী ও জ্ঞানী হইয়া পড়ে। আর, প্রতিষ্ঠালোলুপ ব্যক্তি অহংগ্রহোপাসক নির্ব্বিশেষবাদী হইয়া পড়ে এবং প্রভুর আসন কাড়িয়া লইবার জন্য ব্যস্ত হইয়া পড়ে।

শ্রীল প্রভুপাদ গৌরবাণীমূর্ত্তিস্বরূপ। শ্রীল প্রভুপাদ বর্ত্তমান যুগের হরিকীর্ত্তনের মহাদুর্ভিক্ষ দূর করিবার জন্য আবির্ভূত হইয়াছিলেন। পরমারাধ্যতম গৌরকরুণাশক্তি শ্রীল প্রভুপাদের করুণা তাঁহার সংকীর্ত্তনামৃত-ধারা বিস্তারের মধ্যেই প্রকাশিত হইয়াছে। শ্রীল প্রভুপাদের অবদান-বৈশিষ্ট্য সম্বন্ধে "সরস্বতী-জয়শ্রী"-গ্রন্থে এরূপ উল্লিখিত হইয়াছে—

'শ্রুতিবিদ্যাই—ব্রহ্মবিদ্যা। জগতে এই ব্রহ্মবিদ্যা বা শব্দব্রহ্মের অবতার অনুক্ষণ প্রকট করাইবার জন্যই বর্ত্তমান জড়সর্ব্বস্ব-যুগের মধ্যে প্রভুপাদের আবির্ভাব, ইহাই তাঁহার আবির্ভাবের মূল বৈশিষ্ট্য। বর্ত্তমান যুগ জড় শব্দ ও তাহার পারিপার্শ্বিকতাদ্বারা ভরপুর হইয়া রহিয়াছে। সর্ব্বত্রই হরিকীর্ত্তনের মহাদুর্ভিক্ষ। জড়... মহামারীর ন্যায় তাহার বিজয়-অভিযানে বাহির হইয়াছে। এ ক্ষেত্রেই প্রভুপাদের অপার করুণা—এখানেই তিনি নিজের ভাবে 'ভূরিদ' (মহাদাতা) নামের প্রকৃত সার্থকতা প্রকাশ করিয়াছেন—এরূপ যুগেও তিনি শব্দব্রহ্মের কৃপাময় অবতারকে প্রতি জীবের কর্ণদ্বারের নিকট পৌঁছাইয়া দিয়েছেন শুধু বঙ্গবাসীর কর্ণদ্বারে নহে, শুধু ভারতীয় মানবজাতির কর্ণপ্রাঙ্গণে নহে, পৃথিবী সর্ব্বত্র—বিশেষ সকল দ্বারে তিনি এঁ

প্রভুচরিতামৃত-কণ

বর্ত্তমান বিশ্বে বিমল-শুদ্ধভক্তি-ধর্ম্মপ্রচারের মূল মহাজন, শ্রীশ্রীবিশ্ব-বৈষ্ণবরাজসভার পাত্ররাজ শ্রীগৌড়ীয় মঠ ও মিশনের প্রতিষ্ঠাতা ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ভক্তি-সিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ শুদ্ধ-বৈষ্ণব-জগৎকে বিরহ-সাগরে 'নিমজ্জিত করিয়া পরিপূর্ণ একবৎসর কাল পূর্ব্বে এই দিনে কলিকাতা শ্রীগৌড়ীয় মঠে অপ্রকট-লীলা আবিষ্কার করিয়া শ্রীশ্রীরাধাগোবিন্দের নিশান্ত-লীলায় প্রবেশ করিয়াছেন। তাঁহার বিরহে শুদ্ধ বৈষ্ণবসমাজ, তদীয় অশোক-অভয়-অমৃতস্বরূপ শ্রীপাদপদ্মে আকৃষ্ট বৈষ্ণববৃন্দ আজ অতিমাত্র কাতর। তাঁহার অপার-গুণমুগ্ধ সেবক-সম্প্রদায় তাঁহারই প্রদর্শিত শুদ্ধভক্তিমার্গে বিচরণ করিয়, তাঁহারই আচরিত ও প্রচারিত অমল-ভক্তিধর্ম্মের বিজয়-বৈজয়ন্তী গৌড়ীয়-গগনে চিরউড্ডীন রাখিবার জন্য তদীয় পেষ্ঠজনানুগত্যে কায়মনোবাক্যে সর্ব্বক্ষণ নিযুক্ত আছেন। "ভূবনে পুরুষোত্তমাৎ" ও "পৃথিবীতে আছে যত নগরাদি গ্রাম। সর্ব্বত্র প্রচার হইবে মোর নাম।" এই শাস্ত্রবাণী ও শ্রীচৈতন্য-বাণীর যাথার্থ্য বিশ্ববাসী আজ শ্রীশ্রীল প্রভুপাদের অনন্তমুখী প্রচার-প্রসারে লক্ষ্য করিবার সুযোগ পাইয়াছেন।

শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু যেরূপ মথুরাভিন্ন গৌড়মণ্ডলে আবির্ভূত হইয়া ক্ষেত্রমণ্ডলে বিপ্রলম্ভ-ভজনের পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছিলেন, বিপ্রলম্ভবিগ্রহ শ্রীশ্রীল প্রভুপাদও সেইপ্রকার ক্ষেত্রমণ্ডলে প্রকটিত হইয়া গৌড়মণ্ডলে গৌড়ীয়েশ্বরের লীলাভূমি-সমূহ প্রকট করিয়া গোবর্দ্ধনাভিন্ন ব্রজপত্তনে অবস্থান করতঃ গৌরভজন-মধুরিমায় সমগ্র বিশ্ব আপ্লুত করিয়াছেন। সুদূর পাশ্চাত্য দেশসমূহেও অপ্রাকৃত-লীলা-রসময় শ্রীশ্রীরাধাগোবিন্দের অমল প্রেমের বার্ত্তা প্রচার করিয়াছেন। সমস্ত পৃথিবীব্যাপী শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভুর অসমোর্দ্ধ অমল প্রেমের বার্ত্তা অনন্তমুখী ও

৬ষ্ঠ পৃষ্ঠার পর ৮ম পৃষ্ঠার ২য় কলম দ্রষ্টব্য

ব্যাপকভাবে প্রচারের আয়োজন শ্রীল প্রভুপাদের পূর্ব্বে আর কাহারও চরিত্রে এতাবৎকাল প্রদর্শিত হয় নাই। যতপ্রকার উপায়ে সম্ভব শ্রীচৈতন্যবাণী-প্রচারোদ্দেশ্যে শ্রীল প্রভুপাদ তত প্রকার উপায় উদ্ভাবন করিয়া বিশ্ববাসীকে শ্রীকৃষ্ণপাদপদ্মে আকর্ষণ করিতে বিন্দুমাত্রও ত্রুটী করেন নাই। প্রতিদেশে, প্রতিগ্রামে, প্রতিপল্লীতে, প্রতিদ্বারে আচার-পরায়ণ প্রচারক প্রেরণ, ভক্তিগ্রন্থ পাঠ ও ব্যাখ্যা-মুখে আলোচনা, সভা-সমিতিতে বক্তৃতা, ব্যক্তিগতভাবে আলোচনা ও মৃদঙ্গযোগে একতা খোল-করতাল-সংযোগে সংকীর্ত্তন, নগরসংকীর্ত্তন-শোভাযাত্রা, গৌড়-মণ্ডল-ক্ষেত্রমণ্ডল-ব্রজমণ্ডল পরিক্রমা, বৈষ্ণবপর্ব্ব সমূহে মহামহোৎসবের ব্যবস্থা, বিবিধ মহাপ্রসাদ বিতরণ, বিভিন্ন স্থানে বিরাট আকারে সংশিক্ষা প্রদর্শনী উন্মোচন, বিভিন্ন ভাষায় পরমার্থের বহু সাময়িক পত্রিকা প্রকাশ, বহু পারমার্থিক গ্রন্থ প্রণয়ন, বিভিন্ন ভাষায় শত শত ভক্তিগ্রন্থের প্রচার, নগরে নগরে, শুদ্ধভক্তিমঠ ও পরবিদ্যা-কেন্দ্র স্থাপন এবং বিগ্রহ-সেবা-প্রকাশ, লুপ্ততীর্থ সমূহের সেবোদ্ধার, শ্রীচৈতন্য-পদাঙ্ক-পূত স্থানসমূহে তাঁহার পাদপীঠ স্থাপন প্রভৃতি অসংখ্য উপায়ে শ্রীশ্রীল প্রভুপাদ শ্রীকৃষ্ণচৈতন্য-প্রবর্ত্তিত বিশুদ্ধ গৌড়ীয়বৈষ্ণব-ধর্ম্মের অনন্তমুখী প্রচার প্রসারিত করিয়াছেন তাঁহার অমিত তেজোদীপ্ত গুরুগম্ভীর বাণীর কীর্ত্তন নির্ঘোষণে বৈষ্ণব-ধর্ম্মের নামে যাবতীয় ছলধর্ম্ম, উপধর্ম্ম ও অপধর্ম্ম-প্রচারপ্রয়াসিগণ যেরূপ সূর্য্যোদয়ে পেচক সদৃশ গুহাস্তরালের ন্যায় অন্তরালে আত্মগোপন করিতে বাধ্য হইয়াছিল, অপর দিকে সেইরূপ প্রস্ফুটিত কুসুম-সৌরভে আকৃষ্ট মধুপের ন্যায় ভক্তমধুকরগণ তাঁহার অপার কারুণ্যকুসুমসৌরভে আকৃষ্ট হইয়া তদীয় কোটীচন্দ্রসুশীতল শ্রীপাদপদ্মে চির আশ্রয় গ্রহণ করেন।

আবির্ভাব

ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ ১৮৭৪ খৃষ্টাব্দে (১২৮০বঙ্গাব্দ) ৬ই ফেব্রুয়ারী, শুক্রবার মাঘী কৃষ্ণা পঞ্চমী তিথিতে অপরাহ্ণ ৩৷০ ঘটিকায় পুরী শ্রীজগন্নাথ-মন্দিরের নিকটে 'নারায়ণছাতার' সংলগ্ন ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের হরিকীর্ত্তনমুখরিত বাসভবনে শ্রীভগবতী দেবীর ক্রোড়ে এক জ্যোতির্ম্ময় দিব্যকান্তি শিশুরূপে অবতীর্ণ হন। সদ্যপ্রসূত শিশুর শ্রীঅঙ্গে স্বাভাবিক উপবীত বিভূষিত দেখিবার সৌভাগ্য প্রত্যেক দর্শকেরই হইয়াছিল এবং তাহা দেখিয়া সকলেই আশ্চর্য্যান্বিত হইয়াছিলেন। ঠাকুর শ্রীভক্তিবিনোদ শ্রীজগন্নাথ-দেবের পরাশক্তি শ্রীবিমলা দেবীর নামানুসারে এই শিশুর নাম রাখিয়াছিলেন—'শ্রীবিমলাপ্রসাদ'। শিশুর আবির্ভাবের ছয়মাস পরে রথযাত্রা মহোৎসবকালে শ্রীশ্রীজগন্নাথদেবের রথ ঠাকুর ভক্তিবিনোদের বাসগৃহের দ্বারে উপস্থিত হইয়া আর চলে না; তিন দিবস কাল রথ তথায় অবস্থান করে। শ্রীভগবতী দেবীর ক্রোড়ে থাকিয়া শিশু জগন্নাথ দর্শন করিতে করিতে হস্ত-প্রসারণপূর্ব্বক শ্রীজগন্নাথদেবের শ্রীচরণা-লিঙ্গন এবং শ্রীজগন্নাথদেবের গলদেশ হইতে একটী প্রসাদী মালা গ্রহণ করেন। ঠাকুর শ্রীভক্তিবিনোদ মহাপ্রসাদ দ্বারা শিশুর অন্নপ্রাসন সম্পন্ন করেন।

শিক্ষালাভ

আবির্ভাবের পর শিশু দশমাস কাল জননীর সহিত পুরুষোত্তমে বাস করিয়াছিলেন এবং তৎপরে পাল্কির ডাকে স্থলপথে বঙ্গদেশে রাণাঘাটে উপনীত হন। হরিকীর্ত্তনোৎসবের মধ্যে শিশুর সমস্ত শৈশবকাল অতি-বাহিত হইয়াছিল। এইস্থানে শিশুর হাতে-খড়ি হয়। প্রথমতঃ তিনি স্থানীয় বিদ্যালয়ে পড়াশুনা করিতে থাকেন। ১৮৮১ খৃঃ কলিকাতা ওরিয়েণ্টাল সেমিনারীতে ভর্ত্তি হন এই বৎসর, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর যখন কলিকাতা রামবাগানে 'ভক্তি ভবন' নির্ম্মাণ করিতেছিলেন, তখন ভিত্তি-খননকালে শ্রীকূর্ম্ম-বিষ্ণুবিগ্রহ প্রকটিত হন। ৭৷৮ বৎসরের বালক ঠাকুর ভক্তিবিনোদের নিকট হইতে পূজার মন্ত্র,অর্চ্চন পদ্ধতি ও তিলকাদি সদাচার-গ্রহণ-শিক্ষা লাভ করেন। শৈশবকাল হইতেই তাঁহার বিষ্ণুসেবা-তেই স্বাভাবিক রুচি এবং প্রাকৃত বিদ্যাদি আলোচনায় স্বাভাবিকী বিতৃ-ষ্ণতা লক্ষিত হইত। কিন্তু তাঁহার অসাধারণ মেধা ও তীক্ষ্ণধীর নিকট কেহই দণ্ডায়মান হইতে পারিতেন না। ১৮৮৩ খৃঃ তিনি শ্রীরামপুরের ইউনিয়ন স্কুলে ভর্ত্তি হন। এই স্থানে পঞ্চম শ্রেণীতে অধ্যয়নকালে বালক Bicanto এর মত একটী নূতন লেখপ্রণালী আবিষ্কার করেন। উহার নাম হইয়াছিল—বিকৃতি বা Bicanto. ১৮৮৫ খৃঃ ঠাকুর ভক্তিবিনোদের সাথে গোস্বামী-পাদগণের আবির্ভাবভূমি কুলিন-গ্রাম, সপ্তগ্রাম প্রভৃতি স্থান দর্শন এবং তথায় নামতত্ত্ব সম্বন্ধে শাস্ত্রবিচার শ্রবণ করেন। পঞ্চম শ্রেণীতে অধ্যয়ন-কালেই বালকের গণিত ও ফলিত জ্যোতিষ আলোচনায় স্বাভাবিকী প্রতিভা প্রকাশিত হইয়াছিল। পণ্ডিত-প্রবর মহেশচন্দ্র চূড়ামণি ও পণ্ডিত সুন্দরলাল নামক জ্যোতির্ব্বিদগণের নিকট গণিত ও জ্যোতিষশাস্ত্র অধ্যয়ন করিয়া অল্পকাল মধ্যেই উক্ত শাস্ত্রে তাঁহার অত্যদ্ভূত প্রতিভা ও পারদর্শিতা প্রকাশিত হইয়াছিল। ১৮৯২ খৃঃ তিনি সংস্কৃত কলেজে ভর্ত্তি হন। অসাধারণ প্রতিভা-বশতঃ কলেজের পাঠ প্রস্তুত করিতে তাঁহার যে সময় লাগিত অবশিষ্ট সময়ে কলেজ লাইব্রেরীর বিভিন্ন বিষয়ের গ্রন্থ পাঠ করিতে থাকিতেন। এতদ্ব্যতীত তিনি পণ্ডিত শিবনারায়ণ শিরোমণির নিকট সমগ্র মুগ্ধবোধ ব্যাকরণ, বৈদিক পণ্ডিত পৃথিধর শর্ম্মার নিকট বেদান্ত-সিদ্ধান্তকৌমুদী, মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কারের নিকট সংস্কৃত সাহিত্য, কলেজের অধ্যক্ষ মহামহো-পাধ্যায় মহেশচন্দ্র ন্যায়রত্নের নিকট ন্যায়সংহিতা, সাহিত্যদর্পণ ও সাংখ্য-কারিকা অধ্যয়ন করেন। সর্ব্ববিষয়ের অধ্যাপকগণই বালকের অপরিসীম মেধা দেখিয়া মুগ্ধ হইতেন। সংস্কৃত কলেজে পড়িবার কালেই সরস্বতী ঠাকুর কাশীর সুপ্রসিদ্ধ পণ্ডিত মঃ মঃ বাপুদেব শাস্ত্রীর ছাত্র ও সংস্কৃত

সংসারে পার হইয়া ভক্তির সাগরে যে ডুবিল সে ভজুক নিতাই-চাঁদেরে ॥

কলেজের অধ্যাপক পঞ্চানন সাহিত্যাচার্য্যের সমর্থিত বিচারের প্রতিবাদ করেন। এই অধ্যয়ন সময়েই তিনি "সিদ্ধান্তসরস্বতী" নামে অভিহিত হন।

পাঠাবস্থাতেই তিনি 'সূর্য্যসিদ্ধান্ত' এবং 'ভক্তি-ভবন-পঞ্জিকা' প্রভৃতি গণিত-জ্যোতিষগ্রন্থ প্রকাশ করেন। এই সময় ১৮৯১ খৃঃ বিডন স্কোয়ারে আগষ্ট য়্যাসেম্ব্লি (August Assembly) নামক আলোচনা সভা স্থাপন করিয়া বন্ধুবর্গ ও বিদ্যার্থিগণের সহিত ধর্ম্মপ্রসঙ্গ আলোচনা করিতেন। এই সভার সভ্যবৃন্দকে ভগবদ্ভক্তিতে প্রতিষ্ঠিত থাকিয়া চিরকুমারব্রত পালন করিতে হইত।

ত্যাগ

সর্ব্ববিদ্যা ও সর্ব্বশাস্ত্রে অসীম পাণ্ডিত্য-প্রতিভা প্রদর্শিত হইলেও জড়পাণ্ডিত্যের হেয়ত্ব প্রতিপাদন-কল্পে সরস্বতী ঠাকুর সংস্কৃত কলেজে অধ্যয়ন পরিত্যাগ করিয়া পরমার্থে জীবন-যাপনের আদর্শ প্রদর্শন জন্য কৃতসঙ্কল্প হইলেন। ১৮৯৭ খৃঃ কলিকাতা রামবাগানস্থ ভক্তিভবনে তিনি জ্যোতিষের সারস্বত-চতুষ্পাঠী স্থাপন করেন। লালা গৌরীশঙ্কর, ডাঃ একেন্দ্রনাথ ঘোষ এম্.এ, সাতকড়ি চট্টোপাধ্যায় সিদ্ধান্তভূষণ, নিত্যানন্দবংশীয় পণ্ডিত শ্যামলাল গোস্বামী, শরচ্চন্দ্র জ্যোতির্বিনোদ প্রভৃতি বহু খ্যাতনামা সম্ভ্রান্ত ব্যক্তি সরস্বতী ঠাকুরের নিকট জ্যোতিষ অধ্যয়ন করেন। সারস্বত চতুষ্পাঠী হইতে তিনি 'জ্যোতির্বিদ', 'বৃহস্পতি' প্রভৃতি মাসিক-পত্রিকা এবং জ্যোতিষ-দ্ধের অনেক প্রাচীন গ্রন্থ প্রকাশ করিয়াছিলেন।

পরমার্থালোচনা

সরস্বতী ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের সহিত বহু তীর্থ ভ্রমণ করেন এবং বিবিধ শাস্ত্রগ্রন্থালোচনায় রত হন। এই সময় হইতেই তাঁহার বৈরাগ্যময় জীবনের আদর্শ প্রকাশিত হইয়াছিল। ১৮৯৭ খৃঃ হইতেই তিনি বৈষ্ণবশাস্ত্রের বিধানানুসারে নিয়মিতভাবে চাতুর্ম্মাস্য ব্রত পালন, স্বহস্তে হবিষ্যান্ন রন্ধন, ধরাপৃষ্ঠে পাত্রহীন ভোজন ও উপাধানাদি পরিত্যাগ করিয়া ভূমিতে শয়ন করিতেন। এই সময় তিনি বিভিন্ন সাময়িক পত্রিকায় পরমার্থ বিষয়ে বহু গবেষণাপূর্ণ প্রবন্ধাদি প্রকাশ করিতে থাকেন।

শ্রীগুরুপদাশ্রয়

গোদ্রুমধামে সরস্বতী-জনক ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের প্রতিষ্ঠিত স্বানন্দসুখদকুঞ্জে ১৮৯৮ খৃঃ শ্রীল গৌরকিশোরদাস গোস্বামী নামক এক অতিমর্ত্ত্যচরিত্র অবধূত ভাগবত পরমহংসের দর্শন পাওয়া সরস্বতী ঠাকুর তাঁহার শ্রীচরণে আকৃষ্ট হন ও ভক্তিবিনোদ ঠাকুরের আদেশানুসারে ১৯০০ খৃঃ তাঁহার নিকট ভাগবতী দীক্ষা লাভ করেন। নাম গ্রহণান্তর তিনি "পরিব্রাজকাচার্য্য শ্রীমদ্ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী" নামে অভিহিত হন। এই সময়ের কিছু পূর্ব্বে নীলাচলস্থ স্বর্গদ্বারে ভক্তিকুটীরে তিনি শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরকে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ করিয়া শুনাইতেন। পুরীর সুপ্রসিদ্ধ ও সুপুরাতন সাতাসন মঠের সেবাও তিনি কিছুকাল চালাইয়াছিলেন। তিনি পুরীতে বৈষ্ণব-মঞ্জুষার উপকরণ সংগ্রহ ও দ্বারে দ্বারে বিশিষ্ট ব্যক্তিগণের নিকট হরিকথা প্রচার করিতেছিলেন; কিন্তু উহাতেও নানাপ্রকার বাধা-বিপত্তি উপস্থিত হইল, তখন ভক্তিবিনোদ ঠাকুর সরস্বতী প্রভুকে রামানুজাচার্য্যের তিরুনারায়ণপুরে নির্জ্জনবাসের ন্যায় শ্রীধাম মায়াপুরে গিয়া হরিভজন করিতে বলেন।

সরস্বতী ঠাকুরই সর্ব্বপ্রথমে বঙ্গদেশে শ্রীরামানুজাচার্য্য ও তৎসম্প্রদায় সম্বন্ধে মৌলিক গবেষণার সহিত গ্রন্থাদি প্রকাশ করেন

তীর্থভ্রমণ

১৯০৪ খৃঃ সরস্বতী ঠাকুর সীতাকুণ্ড, চন্দ্রনাথ প্রভৃতি স্থানে গমন করেন ও পরে পুরী হইয়া ১৯০৫ সালে দক্ষিণ ভারতে তীর্থপর্য্যটনে বহির্গত হন। সিংহাচল, রাজমাহেন্দ্রি, মাদ্রাজ, পেরেম্বেদুর, তিরুপতি, কঞ্জিভরাম, কুম্ভকোনম্, শ্রীরঙ্গম, মাদুরা প্রভৃতি স্থান দর্শন করিয়া ও বিভিন্ন বৈষ্ণবসম্প্রদায়ের বহু তথ্যাদি সংগ্রহ করিয়া কলিকাতা হইয়া শ্রীমায়াপুরে আগমন করেন।

শ্রীমায়াপুরে অবস্থান

নবদ্বীপমণ্ডলে আসিয়া সরস্বতী ঠাকুর ভক্তিবিনোদ ঠাকুরের দ্বারা মহাত্মা বংশীদাস বাবাজী মহারাজের সহিত পরিচিত হন। শ্রীমায়াপুরে অবস্থান করিয়া ১৯০৫ খৃঃ হইতে তিনি শ্রীমন্মহাপ্রভুর প্রেমময় বাণী-প্রচারকার্য্য আরম্ভ করেন। এই সময় তিনি প্রত্যহ অপতিতভাবে তিন লক্ষ মহামন্ত্র কীর্ত্তন করিয়া শতকোটী মহামন্ত্র-কীর্ত্তন-ব্রত উদযাপন করেন। ১৯০৯ খৃঃ হইতে শ্রীধাম মায়াপুরে গৌরপার্ষদ শ্রীচন্দ্রশেখর আচার্য্য-ভবনে শ্রীচৈতন্যমঠ স্থাপন করিয়া ব্রজপত্তন বা শ্রীরাধাকুণ্ডতট-বিচারে তথায় নিরন্তর ভগবদ্ভজন করিতে থাকেন। এই শ্রীচৈতন্যমঠই বর্ত্তমানে যাবতীয় শুদ্ধভক্তি-মঠসমূহের আকর মঠরাজ।

১৯১১ খৃঃ মেদিনীপুর জিলার অন্তর্গত 'বালিঘাই' নামক স্থানে একটা বিরাট সভায় "ব্রাহ্মণ ও বৈষ্ণব" নামক একটা স্বলিখিত প্রবন্ধ পাঠ করিয়া তিনি সমগ্র শুদ্ধ গৌড়ীয়-বৈষ্ণব-সমাজের আনন্দ বর্দ্ধন করেন। এই শ্রীচৈতন্যমঠ কেন্দ্র করিয়া সরস্বতী ঠাকুর বিপুলভাবে প্রচারকার্য্য আরম্ভ করেন এবং ক্রমশঃ বিভিন্ন জনপদে শুদ্ধভক্তি-প্রচারকল্পে বিভিন্ন প্রচার-কেন্দ্রসমূহ স্থাপিত হইতে আরম্ভ হয়।

১৯১২ খৃষ্টাব্দে তিনি কাশীমবাজার সম্মিলনীতে নিরপেক্ষভাবে শুদ্ধভক্তি-ধর্ম্মের কথা কীর্ত্তন করেন। ইহার পর সরস্বতী ঠাকুর কতিপয় ভক্তসহ শ্রীখণ্ড, যাজিগ্রাম, কাটোয়া, বামটপুর, আকাইহাট, চাখন্দি, দাঁইহাট প্রভৃতি গৌরপার্ষদ-লীলাস্থানে শুদ্ধভক্তি-ধর্ম্মের কথা প্রচার করেন।

১৯১৩ খৃঃ কালীঘাটে ভাগবত-যন্ত্রালয় স্থাপন করিয়া বহু সাত্বতগ্রন্থ প্রচার করেন। ১৯১৪ খৃঃ ঠাকুর ভক্তিবিনোদ নিত্যলীলায় প্রবেশ করেন। ১৯১৫ খৃঃ ভাগবতযন্ত্র শ্রীব্রজপত্তনে স্থানান্তরিত করেন। ঠাকুর ভক্তিবিনোদের অপ্রকটে তাঁহার সম্পাদিত 'সজ্জনতোষণী' মাসিক পত্রিকার সম্পাদনভার সরস্বতী ঠাকুর গ্রহণ করেন। ১৯১৫ খৃঃ ভাগবতযন্ত্র কৃষ্ণনগরে স্থানান্তরিত হইয়া পত্রিকা ও গ্রন্থাদি প্রচার হইতে থাকে। ১৯১৮ খৃঃ গৌরজন্মবাসরে শ্রীমায়াপুরে সরস্বতী ঠাকুর ত্রিদণ্ডসন্ন্যাসগ্রহণলীলা প্রকাশ করেন। ঐ সালে ১নং উল্টাডিঙ্গি জংশন রোডস্থ ভাড়াবাড়ীতে শ্রীল প্রভুপাদ তদীয় অনুকম্পিত সেবকগণের আর্ত্তিতে শ্রীচৈতন্যমঠের সর্ব্বপ্রথম শাখারূপে শ্রীগৌড়ীয়মঠ স্থাপন করেন। পরে ১৯২০ খৃষ্টাব্দে বাগবাজারে স্থায়ী শ্রীগৌড়ীয়মঠ স্থাপিত হয়। ক্রমশঃ নবদ্বীপের বিভিন্ন দ্বীপে এবং ঢাকা, কটক, ভুবনেশ্বর, পুরী, আলালনাথ, কভুর, মাদ্রাজ, বোম্বে, পাটনা, গয়া, কাশী, দিল্লী, কুরুক্ষেত্র, দার্জ্জিলিং, মৈমনসিংহ, প্রয়াগ, মথুরা, বৃন্দাবন, রাধাকুণ্ড, শেষশায়ী, বর্ষাণা, নন্দগ্রাম, আসাম, গোয়ালপাড়া, সরভোগ, লণ্ডন প্রভৃতি বহুস্থানে শ্রীচৈতন্যমঠের শাখারূপে বহু মঠ স্থাপিত হইয়াছে। সর্ব্বত্রই আচার-পরায়ণ প্রচারকগণ শ্রীচৈতন্যদেবের উপদেশ কীর্ত্তন করিতেছেন।

সরস্বতী ঠাকুর মন্দার, কানাইনাটশালা, যাজপুর, কূর্ম্মক্ষেত্র, সিংহাচল, কভুর, মঙ্গলগিরি, ছত্রভোগ প্রভৃতি স্থানে শ্রীচৈতন্যপাদপীঠ স্থাপন করিয়াছেন। শ্রীশ্রীগৌরসুন্দরের আবির্ভাবভূমি প্রাচীন নবদ্বীপ শ্রীধাম মায়াপুরে, শ্রীযোগপীঠে অভ্রভেদী সুউচ্চ মন্দির নির্ম্মিত এবং শ্রীধাম তড়িদালোকে উদ্ভাসিত হইয়াছেন।

সরস্বতী ঠাকুরের চেষ্টায় বৈষ্ণব-সাহিত্যের প্রভূত শ্রীবৃদ্ধি হইয়াছে। তিনি বিভিন্ন স্থানে মুদ্রাযন্ত্রালয় স্থাপন ও ভারতের বিভিন্ন স্থানে পরিভ্রমণ করিয়া সাত্বত সম্প্রদায়-চতুষ্টয়ের দুষ্প্রাপ্য গ্রন্থাদি সংগ্রহ করিয়া প্রচার করিয়াছেন। তাঁহার চেষ্টায় রামানুজ ও মধ্বসম্প্রদায়ের গ্রন্থ বঙ্গদেশে বঙ্গভাষায় সর্ব্বপ্রথম প্রচারিত হয়। সম্প্রদায়-চতুষ্টয়ের মূল আচার্য্যগণের সেবা শ্রীচৈতন্যমঠে স্থাপিত হইয়াছে। শ্রীল প্রভুপাদ তুলনামূলক বিচারে শ্রীচৈতন্যদেব-প্রবর্ত্তিত অচিন্ত্যভেদাভেদ সিদ্ধান্তের অসমোর্দ্ধত্ব প্রদর্শন

করিয়া প্রত্যেক প্রচারকেরেই শ্রীশ্রীগৌর-রাধাগোবিন্দের সেবা প্রকাশ করিয়াছেন। বৈষ্ণবস্মৃতি-সদাচারের যে চারিটি খণ্ড শ্রীল ঠাকুর কর্তৃক প্রকাশিত হইয়াছে তাহাতে পাঠকগণ পদ্ধতি দুষ্প্রাপ্য তথ্য লভিবেন। বাল্যকাল হইতে শ্রীল প্রভুপাদের বৈষ্ণব-সাহিত্য-চর্চায় স্বাভাবিক রুচি ছিল। তিনি মায়াবাদ খণ্ডন করিয়া বৈষ্ণবসিদ্ধান্তের উৎকর্ষ প্রদর্শন করিয়াছেন। মায়াবাদ ও প্রাকৃত-সহজিয়া সম্প্রদায়ের চতুর সিদ্ধান্ত হইতে অচিন্ত্যভেদাভেদসিদ্ধান্তের বৈশিষ্ট্য তিনি প্রদর্শন করিয়াছেন। নির্বিশেষ-চিন্তাস্রোত হইতে, একল-বাসুদেব, লক্ষ্মী-নারায়ণ, সীতারাম ও রাধাগোবিন্দের উপাসনা যথাক্রমে শ্রেষ্ঠতর কেন, তাহা তিনি সুযুক্তির সাহায্যে প্রদর্শন করিয়াছেন। ভগবান যে অধোক্ষজ এবং আমাদের প্রাকৃত ইন্দ্রিয়সমূহ তাঁহাকে জানিতে পারে না, ভগবানের এবং ভগবানের কৃপালব্ধ ভক্তগণের কৃপায় যে ভগবানকে জানা যায়, জগতে সত্য মুক্ত ব্যক্তির অন্তরেই যে ভগবানের রূপালোক আত্মপ্রকাশ করে এবং তাহাকেই যে 'চিদ্বিলাসরসমা' জানায়, তাহা প্রভুপাদ বিশদরূপে কীর্তন করিয়াছেন। অসৎসঙ্গ ত্যাগ করিয়া সৎসঙ্গে কৃষ্ণকীর্তন করিতেই তিনি সর্বদা উপদেশ করিতেন। পরমার্থ প্রচারের জন্য সরস্বতী ঠাকুর ১৮৯৯ খ্রীঃ কলিকাতা হইতে "নিবেদন" নামক মাসিকপত্র প্রকাশ করেন। 'বঙ্গে সামাজিকতা' নামক সমাজ ও নীতি-সম্বন্ধীয় বহু তথ্য ও গবেষণাপূর্ণ একটী পুস্তক রচনা করিয়া প্রকাশ করেন। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের অপ্রকটের পর তিনি বহুকাল তৎপ্রবর্তিত 'সজ্জন-তোষণী' পত্রিকার সম্পাদন করিয়াছেন। পরবর্ত্তী-কালে শ্রীবিশ্ববৈষ্ণব-রাজসভা প্রকাশ করিয়া তাঁহার মুখপত্ররূপে বাঙ্গালায় 'দৈনিক নদীয়া-প্রকাশ', সাপ্তাহিক 'গৌড়ীয়', হিন্দি পাক্ষিক 'ভাগবত', উৎকল পাক্ষিক 'পরমার্থী', ইংরেজী ভাষায় 'Harmonist' প্রবর্তন করিয়াছেন। এতদ্ব্যতীত তিনি বাঙ্গালা ও ইংরেজী বহু গ্রন্থ প্রণয়ন এবং বিভিন্ন ভাষায় বহু গ্রন্থ প্রকাশ করিয়াছেন। শ্রীল প্রভুপাদ সেবকগণ দ্বারা শ্রীনবদ্বীপধাম-প্রচারিণী সভার কার্য্য পরিচালনা করিতেছেন। ব্রজধাম-প্রচারিণী-সভা প্রবর্তন করিয়া ব্রজমণ্ডলের সুষ্ঠু সেবার ব্যবস্থা করিয়াছেন। শ্রীধাম-মায়াপুরে কৃষ্ণানুশীলনাগার বা The Thakur Bhakti Vinode Research Institute স্থাপন করিয়া বৈষ্ণব-সাহিত্য প্রচারের বিরাট আয়োজন করিয়াছেন। দৈববর্ণাশ্রম-সঙ্ঘ স্থাপন করিয়া চারি বর্ণ ও চারি আশ্রমের মুখ্য কৃত্য যে হরিভজন তাহা শিক্ষা দিয়াছেন। এতদ্ব্যতীত শ্রীমদ্ভক্তিবিনোদ [illegible] মঠে সারস্বত [illegible] বালকগণ ও বয়স্কগণ সকলের পৃথক শিক্ষার জন্য বিশেষ প্রবন্ধ করিয়াছেন। ইহা ব্যতীত Standard এর সহিত [illegible] বালকগণকে পরমার্থ শিক্ষা প্রদানের জন্য "Thakur Bhaktivinode Institute" নামে উচ্চ ইংরাজী বিদ্যালয় স্থাপন করিয়াছেন।

শ্রীল প্রভুপাদের আচার ও প্রচারের প্রধান বৈশিষ্ট্য এই যে, তিনি [illegible] ভগবদ্বস্তুর প্রতিকূল কোন বিষয় বা যে-কোন [illegible] হইতে সম্পূর্ণ দূরে থাকিয়া কপট বা অকপটতামূলক [illegible] ভক্তিবিরোধী কোন কথা বা সিদ্ধান্ত প্রশ্রয় তিনি দিতেন না। [illegible] প্রচারিত ভাগবত ধর্ম বা নিত্যসত্য সনাতন শ্রীশ্রীমন্মহাপ্রভুর [illegible] নিষ্কপট প্রচারক ছিলেন প্রভুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর।

শ্রীগৌরকরুণাশক্তি শ্রীল প্রভুপাদ

(৬ষ্ঠ পৃষ্ঠার পর)

শব্দব্রহ্মের অবতারকে প্রকট করাইবার জন্য অভিজ্ঞতামূলক চেষ্টা প্রদর্শন করিয়াছেন। কমলার অবিদ মধ্যে, [illegible] পল্লীতে, সাগরের বক্ষে, নির্জন কান্তারে, জনাকীর্ণ নগরীতে, ভাগীরথীতীরে, অট্টালিকা ও প্রাসাদ-শোভিত রাজধানীতে বাষ্পীয় শকটে, ব্যোমযানে, অর্ণবপোতে, কর্মকোলাহলের মধ্যে, নিস্তব্ধ নিভৃততায় কেন্দ্রে—সর্বত্র [illegible] এই শব্দব্রহ্মের অবতারের আবির্ভাব করাইয়াছেন। ইহাই আচার্য্যের বিশিষ্ট অবদান।'

কলিকালের ধর্ম—কৃষ্ণনাম-সঙ্কীর্তন।
কৃষ্ণশক্তি বিনা নহে তার প্রবর্তন॥
তাহা প্রবর্তাইলা তুমি,—এই ত' প্রমাণ।
কৃষ্ণশক্তি ধর তুমি,—ইথে নাহি আন॥
(চৈঃ চঃ অঃ ৭।১১-১২)

বিরহ-বিলাপ

([illegible])

যে আঁখির বিরহের প্রেমের প্লাবন।
কোথা সেই প্রভুপাদ [illegible]॥
হায়! হায়! কি করি! কোথা যাব আমি।
[illegible]॥
[illegible]।
[illegible]॥
[illegible]।

[illegible]॥
[illegible]।
[illegible]॥
[illegible]।
যত কৈলে [illegible]॥
[illegible] পায়।
কোথা [illegible] লোটায়
[illegible] তুমি;
[illegible]।
[illegible]।
[illegible]॥
[illegible]।
[illegible]॥
[illegible]।
[illegible] কোথা কামে॥
[illegible] তুমি [illegible]।
[illegible] নিখিল ভুবনে॥
কোথা [illegible] সদাগুণধাম!
কোন [illegible] নাম?
[illegible] নাহি পায়।
সেই [illegible]॥
[illegible]।
[illegible]॥
[illegible] লক্ষ্মী [illegible]।
পায় নাই [illegible]।
[illegible] উদ্ধব।
পায় নাই [illegible]॥
কারো [illegible] নাহি [illegible]।
সেই [illegible]॥
সেই [illegible]।
[illegible]।

নব [illegible]।
[illegible]॥
[illegible]।
[illegible]॥
[illegible]।
[illegible]।
[illegible] গৌরবাণী [illegible] দেখে
কৃপাপূর্ণ [illegible]॥

গেছে [illegible] বাঁশি।
[illegible] কৰ্ণ॥
[illegible] হবে।
শুধু কি [illegible] পেয়ে?
যে কৈল [illegible]।
যে কৈল [illegible] স্মরণ॥
[illegible] তোমা [illegible]।
[illegible]॥
[illegible]।
[illegible] বর্জন॥
[illegible]।
[illegible]॥
[illegible]।
[illegible]॥
[illegible]।
[illegible]॥
বিধি [illegible] হয়।
[illegible]॥
[illegible] কৃপাময়।
সে [illegible] পাষাণ-হৃদয়॥
[illegible]।
[illegible]॥
[illegible] কেন পান।
[illegible]।
[illegible]।
[illegible]॥
[illegible]।
[illegible] গৌরবে॥
[illegible]।
হায়! [illegible] প্রেমোল্লাস॥
[illegible]।
[illegible]॥
[illegible]।
[illegible]॥
কেন বা [illegible]।
[illegible] রহিয়া॥

প্রভু-বিরহে

([illegible])

[illegible] তোমাকে বিস্মৃত করিবে না? [illegible] একবার করি, [illegible] অভিমানে নীরবে [illegible]

যাই, ভাগবত প'-বৈষ্ণবের স্থানে।

একান্ত আশ্রয় কর চৈতন্য-চরণে

আত্মগোপনপূর্ব্বক সুদীর্ঘ একটী বৎসর হইল তুমি কোন্ মহাবিজনপ্রান্তে চলিয়া গিয়াছ অপরাধী সন্তানবৃন্দ তোমায় কত খুঁজিয়াছে পায় নাই। অনাথ মনে করিয়া উহারা কত অত্যাচার করিয়াছে কিন্তু নাথ, তাহারা নীরবে গোপনে শুধু অশ্রু বিসর্জ্জন করিয়াছে, চুপটী করিয়া অসহ্য সহ্য করিয়াছে। আজ তাহারা [illegible] হইতে তোমাকে খুঁজিতে আবার প্রাণের [illegible] মায়াপুরে ছুটিয়া আসিয়াছে। একবার কি [illegible] চাহিবে না? কত কত [illegible] বলিয়া [illegible] ক্ষমা করিয়াছ, আজই কি কেবল [illegible] রহিবে?

গৌড়ীয়ের জীবন-ধন! অনাথের নাথ! নীরব কেন প্রভু [illegible]! অভিমান ত্যাগ করিয়া দীনের দিকে চাহিয়া দেখ তোমার বড় আদরের সন্তানগণ তোমাহারা হইয়া আজ কত দীন হীন! তোমার 'রূপানুগের রূপমঞ্জরী' আজ শুষ্ক [illegible]! দীনদয়ালনাথ, একবার [illegible] ফিরিয়া চাও—একবার অভিমান ত্যাগ করিয়া [illegible] কোলে তুলিয়া লও। [illegible] তুমি ত' কখনও এত [illegible] না, তোমার কমল-কোমল হৃদয় ত' এত পাষাণ হয় না—জগতের কান্না থামাইতে—তাপ জুড়াইতে যে তুমি গোলোক হইতে এই [illegible] অবতরণ করিয়াছিলে, তবে কেন আজ নীরব? কেন এত মৌন?

হে প্রভো! পিতঃ! পিতৃহারা সন্তানগণ আজ মর্ম্মে মর্ম্মে বুঝিয়াছে যে পিতা কি বস্তু! তাহারা অবাধ্যতা করিবে না—আর তাহারা [illegible] হইবে না—আর তাহারা তোমার [illegible] স্বেচ্ছাচারিতার পিছনে ছুটিবে না, ইহারা দৃঢ়প্রতিজ্ঞা করিয়াছে; ওগো গৌরবাণীমূর্ত্তবিগ্রহ! আর একটী বারের জন্য মাত্র তাহাদের সব অপরাধ মার্জ্জনা করিয়া 'মাভৈঃ' বাণী শুনাও। তুমি বিনা যে তাহাদের আর কেহ নাই—তাহারা যে সকল পরিত্যাগ করিয়া তোমার কোটিচন্দ্রসুশীতল পদতলে আশ্রয় লইতে ছুটিয়া আসিয়াছে—তুমি তাহাদের দিকে একবার ফিরিয়া না চাহিলে কে আর তাহাদের দেখিবে? এ জগতে [illegible] তুমি ত' চিরদিনই বুঝিয়া থাক না—[illegible] তুমি ত' তাহাদের চোখে চোখে থাক, মাঝে মাঝে আত্মগোপন করিয়া পিতৃত্ব আর্ত্তি বাড়াও, কিন্তু তাহাকে বঞ্চিত কর না; পিতা কি বস্তু তাহাকে বুঝাইয়া দাও, কিন্তু পিতৃহারা কর না। তাই হে পরমপিতঃ! তোমার অদর্শন—অনাথ [illegible] আজ বড় [illegible]-পিতা চিনিয়াছে—সেবা করিবার জন্য ব্যাকুল হইয়াছে, আর দূরে থাকিও না, আর কাঁদাইও না, একবার ফিরিয়া এস! বিশ্বে রূপ-রঘুনাথের কথা অপ্রতিহত প্রবাহে প্রবাহিত হউক। হে গৌরকরুণার্ণবঘন অবতার! স্থাবর-জঙ্গম কীট পতঙ্গ সকলকে তুমি প্রেমবন্যায় ভাসাইতে আসিলে—সবাইকে [illegible] বুঝিয়া গেলে আর এই অবুঝ সন্তানগণই কি বঞ্চিত হইবে? তাহা ত' হয় না!

পতিতপাবন প্রভো! দেখ, তোমার আশ্রিতগণ আজ তাহাদের '[illegible]' থাকিয়া সঙ্কীর্ত্তন করিতেছে—তোমার [illegible] বিধানার্থ তোমার অভিষিক্ত শ্রীল [illegible] প্রভুর কোটিস্বরূপের [illegible] মিলিত হইয়াছে। [illegible] আর চঞ্চল বালকটী যায় নাই। তাহারা আজ শান্ত হইয়াছে—নিজেদের দুরবস্থার কথা প্রাণে প্রাণে বুঝিয়াছে, তাই আজ তাহারা পিতৃসেবার জন্য—পিতার মনোঽভীষ্ট সুষ্ঠুভাবে আপ্রাণ চেষ্টায় পরিপূর্ণ করিবার অভিপ্রায়ে বদ্ধপরিকর হইয়াছে। আজ তাহারা জীবনকে [illegible] "মন্ত্রের সাধন কিম্বা শরীর পতন" এই মন্ত্রে দীক্ষিত হইয়াছে। আজ তাহাদের [illegible] ছুটিয়া [illegible]—আজ তাহাদের [illegible]—আজ [illegible]। [illegible]

তাহারা [illegible] মহাজনদের নীরবতা [illegible] তোমারই সেবা করিবার জন্য—তোমার মনোঽভীষ্ট পরিপূরণে জীবনপণ করিয়াছে। [illegible] তাহাদের দিকে করুণ [illegible] ফিরিয়া চাও, একবার একবার তাহাদের প্রতি কৃপাদৃষ্টি [illegible] কর! দেখ নাথ, আজ চারিদিকে সব সৃষ্টির বিপুল আড়ম্বর; তাহাতে আবার [illegible]! ঘোর অন্ধকারে মানব-দেহের [illegible] উন্মাদ [illegible]; তুমি কি [illegible] অপ্রাকৃত আলোকে [illegible] সুমধুর স্বরের [illegible] করিবে না? চিরানন্দ কি [illegible] আলোকে আচ্ছন্ন করিয়া রাখিবে?

[illegible] করিয়াছ—[illegible] এক [illegible] জীবন [illegible]

[illegible], ছাড়িবেন না; ভগবানের [illegible] অনুশীলন করুন [illegible] না দেখে নিরুৎসাহিত হইবেন না। নিরন্তর, [illegible] ছাড়িবেন না, [illegible] সমস্ত সফল হইবে, কৃষ্ণ করুন।" তাই হে প্রভো তোমার বড় স্নেহের সন্তানগণ তোমার 'বাণী' আর 'বপু'তে ভেদ নাই জানিয়া বাণীপূজায় মনোনিবেশ করিয়াছে। তাহারা আজ তৃণ অপেক্ষা সুনীচ হইয়া [illegible] কত অনর্থের অত্যাচার অকাতরে সহ্য করিতেছে। পাষণ্ডিগণ তাহাদিগকে পিতৃহীন মনে করিয়া নানা প্রকার [illegible] করিতে কৃতসঙ্কল্প হইয়াছে; তাহারা মনে করিয়াছে [illegible] পিতার ন্যায় তাহাদের পিতাও মরিয়া গিয়াছে, তাহার কোনও অস্তিত্ব—কোনও সাড়া আজ নাই। [illegible] বুঝিতে পারিতেছে না যে, এ পিতা মরণশীল নন, [illegible] নিত্যপিতা, শুধু সেবোন্মুখতা বৃদ্ধি করিবার অভিপ্রায়ে আড়ালে থাকিয়া করুণ নয়নে সমস্ত পর্য্যবেক্ষণ করেন মাত্র।

প্রভো! তুমি তোমার একান্ত দাসগণকে পুনঃ পুনঃ উৎসাহিত করিয়াছ, আশ্বাস দিয়াছ—"ভক্তিবিনোদধারা কখনও রুদ্ধ হইবে না। তোমরা বিপুল উৎসাহে রূপ-রঘুনাথের কথা [illegible] প্রচার কর—অচিরেই পঞ্চাশ সহস্র [illegible] জুটিয়া যাইবে।" তাই তোমার সন্তানগণ বড় আশায় বুক বাঁধিয়া ভক্তিবিনোদধারায় অবগাহনপূর্ব্বক রূপ-রঘুনাথের কথা প্রচার করিতেছে। কিন্তু অদূরদর্শী আজ অপ্রাকৃত ভক্তিবিনোদধারাকে প্রাকৃত-ইন্দ্রিয়গ্রাহ্য-বস্তু [illegible] না করিয়া আসুরিক বিক্রমে উহা রুদ্ধ করিতে অগ্রসর হইয়াছে। [illegible] সেবোন্মুখ চিত্তে স্বপ্রকাশ অপ্রাকৃত বৈকুণ্ঠবাণীকে রাবণের ন্যায় কপট [illegible] 'স্পর্শ করিয়া ফেলিয়াছি', মনে করিয়াছেন, কিন্তু তাহাদের স্পৃষ্ট, দৃষ্ট বা কোনও ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু যে বৈকুণ্ঠ-বস্তু নয় এটী রাবণের অনুচরগণ বুঝিতে পারিতেছে না বলিয়া মনে করিতেছে "বৈকুণ্ঠ অবতার চেতন-বাণীর চেতন-মূর্ত্তিবিশেষ আত্মসাৎ করিয়া ভোগ করিব, অবিচ্ছিন্ন সনাতন আম্নায়-ধারা—ভক্তিবিনোদধারা আমরা রুদ্ধ করিয়া ফেলিব—[illegible] আমাদের আজ বৈকুণ্ঠের কবি গুরু-বৈষ্ণব, শ্রীচৈতন্যদেব ও শ্রীনিত্যানন্দকেও ভোগ না করিতে পারিলে [illegible] ভোগস্পৃহা কিছুতেই মিটিবে না।" পাষণ্ডদলনবানা অত্যাচারকেশরি! হে দানবদলন প্রভো! এইবার একবার নিজ [illegible] প্রকাশ কর। শ্রীকৃষ্ণকীর্ত্তনে বাধা প্রদানকারী কাজীকে যেমন নৃসিংহদেব 'কাটিমু তোমার [illegible]'—[illegible] উদ্যত হইয়াছিলেন যেমন তুমি আজ [illegible] বাধাপ্রদানোদ্যত পাষণ্ডগণকে দমন করিয়া [illegible] মহাভিক্ষু তোমার নিষ্কপট দাসগণকে অভয় দাও!

ভক্তবৎসল পতিতপাবন প্রভুপাদ! একটীবার মাত্র চাহিয়া দেখ—আর একটীবার শুধু তোমার মহামৌনব্রত ভঙ্গ করিয়া কৃপাবলোকন কর, দেখ নাথ! তোমার সমাধিপ্রাঙ্গণে [illegible] করুণ-গাথা—কত ব্যথিত দীর্ঘশ্বাস! আজ তোমার প্রিয় সন্তানগণ পাগলপারা হইয়া ছুটিয়া আসিয়াছে। তাহারা সংসার ভুলিয়াছে, স্বজন ভুলিয়াছে—আজ [illegible] ভুলিয়াছে, তাপ ভুলিয়াছে—আজ তাহারা পাপ পুণ্য, স্বর্গ নরক সব বিস্মৃত হইয়াছে, আজ তাহাদের হৃদয়ে জাগিয়া উঠিয়াছে প্রাণের প্রাণ হৃদয়ের ধন আপনার কথা। আজ জগৎ প্রভুপাদময়! এই মহা-পুণ্যতিথিতে তোমার বিরহকাতর নিরাশ্রয় ভক্তগণকে প্রভো কি নিরুৎসাহে ফিরাইয়া দিবে? তাহারা যেমন আকুল প্রাণ হৃদয়ে লইয়া ছুটিয়া আসিয়াছে তবু কি তেমনি গভীর হতাশায় সংসারে ফিরিয়া যাইবে? তাহা ত' তোমার স্বভাবে নাই—তাহা ত' তুমি পারিবে না! তাহাদের অজ্ঞাতে তুমি চলিয়া গিয়াছ, তাহারা তোমার দেখা পায় নাই, এই তাহারা দুঃখী অন্তর হইয়া তোমাকে দেখা দিতে আসিয়াছে। তুমিই চিরদিন বিশেষ করিয়া কীর্ত্তন করিয়াছ—অপ্রাকৃত অধোক্ষজ কাহারও দৃশ্য নহেন। দুষ্ট, ছিদ্রান্বেষী জীবকুল ভুল করিয়া তাঁহাকে দৃশ্য মনে করে। বস্তুতঃপক্ষে তিনি দ্রষ্টা এবং [illegible] প্রাকৃত ভক্তই তাঁহার দৃশ্য। তাই তোমার [illegible] প্রিয়তম পুত্রগণ সমস্ত ত্যাগ করিয়া তোমার অপ্রাকৃত নয়নের উৎসব বিধানার্থ সুন্দর সুন্দর সাজিয়াছে—শ্রীরূপের আনুগত্যে তাহারা অপ্রাকৃত সেবার রূপে রূপবিশিষ্ট হইয়াছে। প্রভো! প্রাণের ঈশ্বর! শুধু বারেক করুণ নয়নে তাহাদের দিকে ফিরিয়া চাও—সব অভিমান ত্যাগ করিয়া সব দোষ ক্ষমা করিয়া আজ তাহাদিগের প্রতি সদয় হও! তোমার হৃদয়ের ধন তোমারই অভিন্নবিগ্রহ শ্রীশ্রীল অনন্ত প্রভু। তাই আজ তাহারা '[illegible]' থাকিয়া রূপরঘুনাথের বাণী প্রচারপূর্ব্বক তোমার মনোঽভীষ্ট পরিপূর্ণ করিতে সজ্জিত হইয়াছে। হে সঙ্কীর্ত্তন-সেনাপতি তুমি আশীষ বর্ষণ কর—শক্তিসঞ্চার কর, তাহাদের প্রতি কৃপাবলোকন কর! ঐ শোন, দীনের ব্যাকুল আর্ত্তি—বুকভাঙ্গা হাহাকার—

"হাহা প্রভু নিত্যানন্দ প্রেমানন্দ সুখী।
কৃপাবলোকন কর আমি বড় দুঃখী॥
* * *
যে আনিল প্রেমধন করুণা প্রচুর।
হেন প্রভু কোথা গেলা আচার্য্য-ঠাকুর॥"

শ্রীধাম-মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রী প্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

শ্রীল প্রভুপাদের বাণী

সকলে রূপ-রঘুনাথের কথা পরমোৎসাহের সহিত প্রচার করুন। শ্রীরূপানুগগণের পাদপদ্মধূলি হওয়াই আমাদের চরম আকাঙ্ক্ষার বিষয়। আপনারা সকলেই এক অদ্বয়জ্ঞানের অপ্রাকৃত ইন্দ্রিয়তৃপ্তির উদ্দেশ্যে, আশ্রয়-বিগ্রহের আনুগত্যে মিলে মিশে থাকবেন। সকলেই এক চরিত্রজনের উদ্দেশ্যে এই দু'দিনের অনিত্য সংসারে কোনরূপে জীবন নির্বাহ ক'রে চলবেন। শত বিপদ, শত গঞ্জনা ও শত লাঞ্ছনায়ও হরিভজন ছাড়বেন না। জগতের অধিকাংশ লোক অকৈতব কৃষ্ণসেবার কথা গ্রহণ করছে না দেখে নিরুৎসাহিত হ'বেন না, নিজভজন, নিজ সর্ব্বস্ব কৃষ্ণকথা-শ্রবণ কীর্ত্তন ছাড়বেন না। তৃণাদপি সুনীচ ও তরুর ন্যায় সহিষ্ণু হ'য়ে সর্ব্বক্ষণ হরিকীর্ত্তন করবেন।

আমরা কোন প্রকার কর্ম্মবীরত্ব বা ধর্ম্মবীরত্বের অভিলাষী নহি, কিন্তু জন্মে জন্মে শ্রীরূপ-প্রভুর পাদপদ্মের ধূলিই আমাদের স্বরূপ—আমাদের সম্পদ। ভক্তিবিনোদ-ধারা কখনও রুদ্ধ হ'বে না, আপনারা আরও অধিকতর উৎসাহের সহিত ভক্তিবিনোদ মনোহভীষ্ট-প্রচারে ব্রতী হ'বেন।

সংসারে থাকা কালে নানা প্রকার অসুবিধা আছে, কিন্তু সেই অসুবিধায় মুহ্যমান হওয়া বা অসুবিধা দূর করবার চেষ্টা করাই আমাদের প্রয়োজন নয়। এই সকল অসুবিধা নিবৃত্ত হ'বার পর আমরা কি বস্তু লাভ করব, আমাদের নিত্য জীবন কি হ'বে, এখানে থাকা কালেই তা'র পরিচয় লাভ করা আবশ্যক। এখানে যত রকম ধরণের আকর্ষণ ও বিকর্ষণের বস্তু আছে—যাহা আমরা চাই ও চাই না, এই উভয় প্রকারেরই মীমাংসা হওয়া আবশ্যক। কৃষ্ণপাদপদ্ম হ'তে আমরা যতটা তফাৎ হ'ব, ততই এখানকার আকর্ষণ ও বিকর্ষণ আমাদিগকে আকৃষ্ট ক'রবে। এই জগতের আকর্ষণ ও বিকর্ষণের অতীত হ'য়ে অপ্রাকৃত নামারূঢ় হ'লেই কৃষ্ণসেবা রসের কথা বুঝতে পারা যায়। কৃষ্ণের [illegible] ব্যাপার বড়ই Startling ও Perplexing.

যে আগন্তুক ব্যাপার-সমূহ আমাদের নিত্য প্রয়োজনের অনুভূতিতে বাধা প্রদান করছে তাহা eliminate করবার জন্য মনুষ্যনামধারী সকলেই জ্ঞাত ও অজ্ঞাতসারে ন্যূনাধিক Struggle করছে। তদতীত হ'য়ে সেই নিত্য প্রয়োজনের রাজ্যে প্রবেশই আমাদের একমাত্র প্রয়োজন।

এজগতে কাহারও প্রতি আমাদের অনুরাগ বা বিরাগ নাই। এজগতে সকল বস্তুই কালহারী। প্রত্যেকের পক্ষেই সেই পরমপ্রয়োজনের অপরিহার্য্য প্রয়োজনীয়তা আছে। আপনারা একই উদ্দেশ্যে ঐকান্তিকে অবস্থিত হ'য়ে মূল আশ্রয়-বিগ্রহের সেবাধিকার লাভ করুন। জগতে শ্রীরূপানুগ-চিন্তাস্রোত প্রবাহিত হউক। সপ্তজিহ্ব শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তনযজ্ঞের প্রতি যেন কখনও আমরা কোন অবস্থায় বিরাগ প্রদর্শন না করি। তা'তে একান্ত বর্দ্ধমান অনুরাগ থাকলেই সর্ব্বার্থসিদ্ধি হ'বে। আপনারা শ্রীরূপানুগগণের একান্ত আনুগত্যে শ্রীরূপ রঘুনাথের কথা পরমোৎসাহে ও নির্ভীককণ্ঠে প্রচার করুন।

যে জগতে ত্রিগুণের তাড়নায় শক্তির গতি রুদ্ধ হয়, তাহাতে গমনশীলা শক্তি চতুর্দ্দিকে অনিত্য, অসত্য, অপূর্ণ, অযুক্ত ও নির্বিশেষ অন্ধকারকেই গন্তব্যসীমা-রূপে নির্দ্দেশ করিয়া স্তব্ধ হয়—সবিশেষ ক্ষেত্র নিত্য সিদ্ধ-পূর্ণ মুক্ত চৈতন্যরসবিগ্রহ চিন্তামণি দর্শন করিতে নিপুণ হয়।

ময়ূরপুচ্ছে যেরূপ নানা বিচিত্রবর্ণে রঞ্জিত সুদৃশ্য নয়ন অঙ্কিত থাকে, কিন্তু উহারা রূপদর্শন করিতে পারে না, তদ্রূপ ব্রহ্মবস্তুকে নির্বিশেষ বিচার করিলে আত্মার চক্ষুর দৃষ্টিশক্তিও রুদ্ধ হইয়া পড়ে অর্থাৎ উহা নিঃশ্রেয়সদর্শনফল প্রসব করে না।

অমন্দোদয়দয়াবিতরণকারী মহাবদান্যশেখর শ্রীচৈতন্যচন্দ্র হৃদ্যজ্ঞাগর্ভে কীর্ত্তনের চিত্তগুহার অন্ধকার বিনাশের জন্য একটী শান্তিপ্রতিভাময়ী কবিতা রচনা করিয়াছেন, তাহাতে প্রেয়ঃপন্থীদিগের ভোগসঞ্চয় প্রবৃত্তির বিপরীত শ্রেয়ঃপথ বিধাকেও বিপথে পরিচালনাকারিণী বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। শ্রীকৃষ্ণচৈতন্য শ্রীকৃষ্ণসংকীর্ত্তনকেই বিদ্যাবধূর জীবাতু বলিয়াছেন।

চৈতন্যচন্দ্রের চিন্ময়-চরণ চিন্তা-চর্চ্চিত চিত্ত দুস্তর-বিষগৃহে পতিত, অবিদ্যাগ্রস্ত মায়া ভোগ কামাতুর জীবকে নিষ্কল মহাকূপ হইতে অমন্দ-উদয়কারিণী সর্বতন্ত্রস্বতন্ত্রা অহৈতুকী দয়ার রজ্জু দ্বারা উদ্ধার করিবার [illegible] বঞ্চন-বিতরণ-প্রয়োজনের জন্য যে পরাৎপরতত্ত্ব জগতে অবতীর্ণ তাঁহার চরণপাদুকে একমাত্র চিন্তনীয় নিত্যবস্তুরূপে প্রদর্শন করিয়াছেন।

রূপের অনুগবর্গের মধ্যে যিনি সর্ব্বশ্রেষ্ঠ তাঁহার দর্শনের অনুসরণ-পথে আমরা দেখিতে পাই যে, আলোকময়ীর চরণকমল-নখরের শোভা শ্রীরূপের পাদপদ্মে দর্শন করিবার পিপাসা উদিত হইলেই অপূর্ব রূপানুগবর চিন্ময় নয়নকে চিদ্বস্তুর বিচিত্রতা দর্শনের আলোক দেখাইয়া থাকেন।

চিৎবিশেষ বা চেতনের বিলাস বিলাসবৃজীবন কৃষ্ণসংকীর্ত্তনের কায়মনোবাক্যে কীর্ত্তনকারী কৃষ্ণরূপী শ্রীচৈতন্যের চরণে নিত্য অবস্থিত। সেই শ্রীচৈতন্যচরণসংলগ্ন-চিত্ত ব্রজবধূগণ ব্রজে বিচরণ করিয়া অনুক্ষণ আলোকময়ীর পদ-নখশোভা দর্শনে ব্যস্ত থাকেন।

[illegible] সাধুসঙ্গফলে শ্রবণ কীর্ত্তনরূপ ভজনক্রিয়া আরম্ভ হয় এবং নিষ্ঠাপ্রণালীর শ্রীকৃষ্ণের সম্যক্ কীর্ত্তন যতটা হইতে থাকে, ততটা অনর্থ নিবৃত্তি সাধিত হয়, অনর্থ নিবৃত্তি পর্য্যন্ত সাধক জীবন, অনর্থমুক্তির ফলে অর্থাৎ সিদ্ধির পথে প্রথম পদবিক্ষেপেই নিষ্ঠা বা নিরন্তর হরিকীর্ত্তনে অভিনিবেশ, তৎপরে স্বাভাবিকী রুচির উদয়, ক্রমে আসক্তি ও তৎপরে স্থায়িভাব বা প্রেমের পর্য্যায় লাভ হইলে অপ্রাকৃত-রাজ্যে গমন হয়। সেখানে নিত্য রতি শৃঙ্গার রস আশ্রয় করেন ও মাধুর্য্য মিলনের প্রকাশ সকল পরিদৃষ্ট হয়। চতুঃষষ্টীর সম্মিলনে [illegible] ক্রমশঃ কেবল-প্রেমপর উজ্জ্বলের প্রেম [illegible] প্রাপ্ত করে।

স্বীয় বস্তু-নির্দ্ধারণে অসমর্থতা-হেতু জড়দেহ ও জড়ভোগের প্রবৃত্তিশালা অবিদ্যা প্রবৃত্তি নিজাকে জ্ঞাত ও অজ্ঞাতসারে বহুমানন [illegible] ভক্তিযোগকে অবমাননা করে তৎপরে অভিলাষময় কর্মকাণ্ডে ও জ্ঞানকাণ্ডে জীবকে প্রধাবিত করাইয়া কখন কর্ম্মবীরত্ব, কখনও জ্ঞানবীরত্ব, কখন যোগবীরত্ব, কখনও বীরত্বের সাময়িক ঐশ্বর্য্যে লোকের চক্ষু ও বুদ্ধি ঝলসাইয়া দেয়।

শ্রীগুরুপাদপদ্মের কৃপা হইলেই কৃষ্ণ দেখা যায়। একমাত্র শ্রীগুরুপাদপদ্ম ব্যতীত কৃপা করিবার ক্ষমতা আর কাহারও নাই। কৃষ্ণই প্রয়োজক-কর্ত্তা, আর প্রয়োজ্যকর্ত্তৃত্ব শ্রীগুরুপাদপদ্মের।

অনর্থযুক্ত জীব কৃষ্ণেতর বিষয়ের অনুশীলনকেই কৃষ্ণানুশীলন ব'লে ভুল করে। কাণে যদি কৃষ্ণকথা ছাড়া আর কোন কথা এসে উপস্থিত হয়, তা' হ'লেই অমঙ্গল হ'ল। যে-কোন শব্দই উচ্চারিত হউক না কেন, তাতে কি প্রকারে কৃষ্ণসেবা হ'চ্ছে, সেই শব্দে কি প্রকার সেবন-ধর্ম অবস্থিত আছে, তা' অনুভব ক'রবার বুদ্ধি উদিত হ'লেই সর্ব্ব অমঙ্গল বিনষ্ট হয়। অপ্রাকৃত শ্রীগুরুপাদপদ্মের অপ্রাকৃত শব্দ যতক্ষণ সেবোন্মুখ কর্ণে প্রবেশ না করা পর্য্যন্ত জীবের বধিরতা দূর হয় না।

প্রয়োজনের পরম প্রয়োজন—চৈতন্যবাক্যের শেষকথা শ্রীরাধিকাতে যান। সুতরাং কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণের সকল কথা বৃষভানুনন্দিনীতে সর্ব্বক্ষণ পরিপূর্ণভাবে বিরাজিত। অষ্টসখীর কুঞ্জে এক এক প্রকার ভাব পাই। কিন্তু রাধাকুণ্ডধামে যুগপৎ আট প্রকার ভাব লাভ হয়। শ্রীল রূপগোস্বামী প্রভু এ সকল কথা বিশেষভাবে আলোচনা ক'রেছেন।

কৃষ্ণের অনুসন্ধান করিতে হইলে আমাদিগকে সর্ব্বাগ্রে রাধা'র অনুসন্ধানের জন্য ব্যাকুলতা প্রকাশ করিতে হইবে। শুদ্ধবৈষ্ণবের পাদপদ্ম আশ্রয় না করার দরুণই—অবৈষ্ণবকে বৈষ্ণব বলার দরুণই আমাদের অসুবিধা হচ্ছে। ভজনীয় বস্তুকে লাভ করার কৃষ্ণভাবে সম্পূর্ণ নিভাবিত হওয়া। শত পরিমাণ শতভাগ অর্থাৎ পরিপূর্ণ রুচি, ভজনকারীর আশ্রয়ে না থাকিলে কখনও হরিভজন হইতে পারে না।

যিনি প্রতিমুহূর্ত্তে স্বীয় পাদপদ্মে আমাকে আকর্ষণ ক'রে রাখেন, আমি সে গুরুপাদপদ্ম হ'তে যে মুহূর্ত্তে পৃথক্ হই—সে গুরুপাদপদ্ম বিস্মৃত হই, সে মুহূর্ত্তে আমি নিশ্চয়ই সত্য হ'তে বিচ্যুত হ'য়েছি।

প্রত্যেক বস্তুতে আমার গুরুপাদপদ্ম প্রতিফলিত। কৃষ্ণ—অদ্বৈকটা, আর আশ্রয়জাতীয় অদ্বৈকটা। এতদুভয় বিলাস-বৈচিত্র্যই পূর্ণতা। বিষয়-জাতীয় পূর্ণ প্রতীতি—কৃষ্ণ আর আশ্রয়-জাতীয় পূর্ণপ্রতীতি—আমার গুরুপাদপদ্ম।

জীবনব্যাপী ভগবানের সেবা ক'রতে হ'বে সর্ব্বক্ষণ দেখাচ্ছেন যিনি, তিনিই গুরুপাদপদ্ম। সেই গুরুপাদপদ্ম প্রতি জীব হৃদয়ে প্রতিবিম্বিত হ'য়েছেন—আশ্রয়জাতীয় রূপে, প্রতিবস্তুতেই তাঁ'র অবস্থান। তিনি প্রতিবস্তুতেই বিরাজমান।

সত্য জানিবামাত্রেই তাহাতে আমার নিষ্ঠাযুক্ত হওয়া উচিত। আমাদের জীবনের সময় [illegible] আছে, উহার এক মুহূর্ত্তও বিষয় কার্য্যে নিযুক্ত না করিয়া হরিভজনে নিযুক্ত করা উচিত।

বৈষ্ণবের পথ ব্যতীত জীবের মঙ্গলের আর দ্বিতীয় রাস্তা নাই। শ্রী[illegible] জগতে গুরুসেবনকামনা ক'রলেন, তার দ্বারা আমাদের নিকট শ্রীকৃষ্ণ হ'তেও গুরুপাদপদ্মের অধিক প্রয়োজনীয়তাই জানিয়াছেন। [illegible] গুরু ভগবান হ'তে অভিন্ন হ'লেও জগদ্গুরুর প্রধানতমরূপে গুরুত্বের অবস্থান।

গত ২১শে ডিসেম্বর বোম্বে শ্রীগৌড়ীয়মঠের সেবকবৃন্দ শ্রীল প্রভুপাদের প্রথম বার্ষিক বিরহ-তিথি-পূজা শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে সংকীর্ত্তনমুখে মহাসমারোহের সহিত সম্পন্ন করিয়াছেন। সন্ধ্যারাত্রিকের পর শ্রীমঠে একটী মহতী সভার অধিবেশন হয়। উক্ত সভায় শ্রীপাদ পাঠকপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী 'শ্রীল প্রভুপাদের [illegible] আচার্য্য' সম্বন্ধে [illegible] ভাষায় একটী বক্তৃতা প্রদান করেন। সভায় আর ও অন্য বিরহসূচক [illegible] হইয়াছিল। সমাগত ব্যক্তিগণকে [illegible] মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছে।

শ্রীল আচার্য্যদেবের হরিকথা

(৫ম পৃষ্ঠার পর)

[illegible] ক'রতে [illegible] ঠাকুর মহাশয় [illegible]

'[illegible] ছাড়িয়া কবে শুদ্ধ হ'বে মন।
কবে হাম হেরব শ্রীবৃন্দাবন॥'

"[illegible] লোকের [illegible] হয়" — এই কথা সর্ব্বদা মনে থাকা দরকার। [illegible] দর্শন করলে লোকের [illegible] হ'বে। [illegible] বিষয় হ'তে [illegible] হ'বে—আবার শুদ্ধ হবে [illegible] সহিত বিষয়ের সম্বন্ধ [illegible] করবে, [illegible] হ'বে। "[illegible] [illegible] [illegible] [illegible]।" আবার [illegible]—[illegible] [illegible]। নিত্যানন্দের কৃপায় [illegible] ভাবরূপ [illegible] হ'বে। [illegible] শুদ্ধ হ'লে তখন "[illegible] মন, মোর মন বৃন্দাবন" [illegible] আসবে। তখন [illegible] কথায় অধিকার হবে। শ্রীনিত্যানন্দের কৃপায় [illegible] হ'তে [illegible] প্রকট হ'লে তখন [illegible] হ'বে। তাই কি ক'রে নিত্যানন্দ[illegible] পাব, সেজন্য উৎকণ্ঠা হওয়া দরকার।
[illegible] পাব সেই [illegible] দিবে।
যে তু'বেলে সে [illegible] নিতাই চাঁদেরে॥

সংসার-[illegible] —এ [illegible] সংসার—[illegible] অবস্থা। এ থেকে মোচন কর্‌তে পারেন শ্রীল নিত্যানন্দ প্রভুপাদপদ্ম। তাঁ'র অহৈতুকী [illegible] [illegible] [illegible] হ'বে। [illegible] [illegible] [illegible] কথা [illegible]। শ্রীনিত্যানন্দ [illegible] [illegible] নাই। [illegible] [illegible] [illegible] হ'য়ে [illegible]। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] নাই। [illegible] [illegible] কথা [illegible]

[illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] সম্প্রদায়। [illegible] [illegible] [illegible] শ্রীমদ্ভাগবত [illegible] মাথুর [illegible] [illegible]॥

"যেরূপ সূর্য্য অতি সুবৃহৎ হইলেও দূরে অবস্থিত বলিয়া আমাদের অক্ষিগোচর হন এবং আমরা তাঁহাকে আমাদের অপেক্ষা ছোটবস্তু বলিয়া দেখিতে পাই, তদ্রূপ গুরুর সহিত আমাদের সম্বন্ধস্থাপন অসম্ভব প্রতীয়মান হইলেও তিনি আমাদের অন্তরতায় আসিবার চেষ্টা করেন।"

পত্রাবলী ৩য় খণ্ড

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

৪

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

নারায়ণ, অদ্য ক্ষীরোদশায়ী গৌরাব্দ ৪৫১

শ্রীল প্রভুপাদ

(অপ্রকট বাসরে লিখিত)

দেখিতে দেখিতে আমাদের প্রাণের ঠাকুর, হৃদয়-দেবতা, জীবনসর্ব্বস্ব, প্রাণের প্রাণ, জীবনের জীবন শ্রীশ্রীল প্রভুপাদের এ জগৎ হইতে পরজগতে চলিয়া যাওয়া আজ এক বৎসর পূর্ণ হইল। প্রভুহারা আমরা আপাততঃ হইলেও অনাথ ত' নহি পরম দয়ালু প্রভু যাঁহার হাতে দিয়া প্রতিপালিত হইলেন বান্ধবগণের প্রভুনিজজন শ্রীশ্রীল আচার্য্যদেবের অমৃতময় কৃপা ও স্নেহদৃষ্টিতে আমরা অসহায় হই নাই এবং প্রভুসেবা-লাভেচ্ছু দীন আমরা প্রভুর আত্মগোপনে প্রভুপদসেবাপরায়ণ শ্রীশ্রীআচার্য্যচরণে আশ্রয় লাভ করিবার সৌভাগ্য পাইয়া কৃতার্থ হইয়াছি, আমাদের হতাশ প্রাণে আশার সঞ্চার হইয়াছে ও হইতেছে। সর্ব্বস্বহারা বস্তুটীর আমরা প্রভুর সহসা অদর্শনে কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়িয়াছিলাম এবং আমাদের মনে হইতেছিল, আর বুঝি প্রভুসেবা করিতে পারিব না, প্রভুসঙ্গ পাইব না, প্রভু বুঝি আমাদিগকে চিরদিনের জন্যই ছাড়িয়া গেলেন; কিন্তু আমাদের এই অবিশ্বাসতা, চিত্তচাঞ্চল্য ও নিরাশা দেখিয়া পরদুঃখদুঃখী, দয়ার মূর্ত্তিমান্ বিগ্রহ, প্রভুপাদের আত্মজন প্রভুপ্রাণ শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় জানিতে পারিলাম, শ্রীশ্রীল প্রভুপাদ আমাদের মঙ্গলের জন্যই আমাদের সেবোন্মুখ করিবার জন্যই আত্মগোপন করিয়াছেন। তিনি দেখিতেছেন—আমরা তাঁহাকে চাই কি না, তাঁহার জন্য ব্যাকুল হই কিনা। তাই আমাদের নিষ্কপটতা, আন্তরিকতা ও বাস্তব নিষ্ঠা পরীক্ষার জন্য প্রভু-ইচ্ছায়ই নানাপ্রকার বিপদ্-আপদ্ ও বাধাবিঘ্ন আমাদের সম্মুখে আসিয়া উপস্থিত হইয়াছে ও হইতেছে। তিনি আমাদিগকে আরও জানাইয়াছেন ও জানাইতেছেন যে, প্রভু আমাদের নিত্য প্রভু। তাঁহার সহিত আমাদের অবিচ্ছেদ্য নিত্য সম্বন্ধ। তিনি ছাড়া আর আমাদের কেহ নাই। সুতরাং এখন আমরা চাহিতে পারি না, কখনও জানিতে পারি না যে, শ্রীল প্রভুপাদ তাঁহার প্রিয়তম সংকীর্ত্তনগোষ্ঠী শূন্য করিয়া অন্যত্র গিয়াছেন। তাঁহার বাণী—তাঁহার শ্রীমূর্ত্তি, তাঁহার 'হরিকথা', তাঁহার অমৃত পত্রাদেশনা, হরিকীর্ত্তনে নবনবায়মানভাবে উৎসাহদান, বাস্তবসত্যের জন্য সর্ব্বস্বার্পণযোগের উপদেশবাণী—এখনও আমাদের কর্ণে ঝঙ্কৃত হইতেছে। শ্রীশ্রীল আচার্য্যদেবের এই সকল বাস্তববাণী প্রভুহারা আমাদিগকে সঞ্জীবিত করিয়া রাখিয়াছে ও রাখিবে এবং পতিত আমরা, নিরাশ্রয় আমরা, অন্ধের যষ্টি, পতিতের বন্ধু, মহামহাবদান্য পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেবের কোটিচন্দ্রসুশীতল শ্রীচরণকমলে আশ্রয় গ্রহণ করিয়া তদাশ্রিত প্রভুসেবালাভের আশায়, আজ এই নিত্যপূজ্য অপ্রকট তিথিতে করযোড়ে নতজানু হইয়া প্রভুকৃপা ভিক্ষা করিতেছি।

গতবর্ষের ১৬ই পৌষ বৃহস্পতিবার নিশান্ত-তিথিতে আমাদের একমাত্র আশ্রয় শ্রীগৌরবাণীবিগ্রহ শ্রীশ্রীল প্রভুপাদ আমাদের অকূলপাথারে ভাসাইয়া, তাই বা বলি কেন, আমাদিগকে তাঁহার নিজজন শ্রীশ্রীল আচার্য্যদেবের নিকটে রাখিয়া নিত্যলীলায় প্রবেশ করিয়াছেন। সেই তিথিবরের আজ ৬ই পৌষ, ২১শে ডিসেম্বর মঙ্গলবার কৃষ্ণচতুর্থী তিথিতে শ্রীশ্রীল প্রভুপাদের প্রথমবর্ষপূর্ত্তি অপ্রকটতিথি কৃপাপূর্ব্বক আমাদিগকে সেবাসুযোগ প্রদানের জন্য, আমাদিগকে কৃপা করিবার জন্য শুভাগমন করিয়াছেন। আমরা প্রভুনিজজনানুগত্যে সেই তিথিবরকে সাদরে সম্বর্দ্ধনা ও অভিনন্দন করিতেছি।

আজ শ্রীশ্রীল প্রভুপাদের অপ্রকট তিথি, একথা শুনিতে বা বলিতে যেন ভক্তগণের হৃদয় বিদীর্ণ হইয়া যায়, প্রাণ যেন কেমন করিয়া উঠে। না উঠিবেই বা কেন? প্রভুবিরহ বা প্রভুবিচ্ছেদ কি প্রভুজন সহ্য করিতে পারে? প্রভুর অভাবে কি তাঁহাদের প্রাণ রাখিতে ইচ্ছা হয়? কিন্তু উপায় কি? ইহাই সেব্য-সেবকের ভজন-রহস্য। প্রভু-ভৃত্যের এই যে পরস্পরের বিচ্ছেদ, ইহা পরস্পরের পক্ষে মৃত্যুপ্রায় হইলেও, অত্যন্ত কষ্টকর হইলেও, পরস্পরের প্রীতির জন্যই বিরহ-কাতর প্রভু ও ভৃত্য জীবনধারণ করিয়া থাকেন, তাঁহারা সম্ভোগবাদের ন্যায় আত্মহত্যা করেন না—প্রভুচিন্তা, প্রভুস্মৃতি বা প্রভুসেবা ছাড়িয়া দিয়া প্রভুসুখবিধানের পরিবর্ত্তে, দুঃখনিবৃত্তি-মূলা ক্ষণিক সুখের জন্য ব্যস্ত হন না। সেবক সর্ব্বক্ষণই বিরহব্যাকুল হইয়া, বিপ্রলম্ভে বিভাবিত হইয়া প্রভুর সেবার জন্য ব্যস্ত। জীবনে-মরণে, শয়নে-স্বপনে প্রভুপ্রীতিবিধান ছাড়া প্রভুগতপ্রাণ সেই গুরুসেবকগণের অন্য কোন কার্য্য নাই—অন্য কোন চিন্তা নাই। তাঁহাদের বিরহ জাগতিক শোকের প্রকার-ভেদ নহে, পরন্তু তাহা সেবার পরাকাষ্ঠা—সেবার সারমূর্ত্তি। এই বিরহে আছে কেবল সতত প্রভুসেবানুসন্ধান, প্রভুর জন্য ব্যাকুলতা এবং প্রভুর জন্য উত্তরোত্তর নবনবায়মানভাবে আকুতি। এই বিরহের মত প্রগতিশালী জিনিষ আর এ জগতে বা পরজগতে নাই। সেইজন্য বলিতেছি, প্রকৃত প্রভুভৃত্যগণের নিকট প্রভুবিরহ শোকপ্রদ নহে, পরন্তু সেবার দ্যোতক—প্রভুপ্রীতিবর্দ্ধক এবং সকলকে প্রভুসেবায় সর্ব্বতোমুখী চেষ্টায় নিযুক্ত করিবার এক অভাবনীয় ব্যাপার। এই বিরহে হতাশা নাই, আছে কেবল পুনঃসঙ্গলাভের অদম্য পিপাসা। কারণ, এই প্রভুভৃত্য-সম্বন্ধ দুদিনের নয়, ইহা নিত্যকালই আছে ও থাকিবে। জগজ্জীবের মঙ্গলের জন্য, লীলাপুষ্টির জন্যই প্রভুভৃত্যের এই মিলন-বিচ্ছেদের সংঘটন।

অনেকেরই ধারণা যে, প্রভুবিরহে লোকদেখান চোখের জল ফেলিতে পারিলেই বুঝি প্রভুবিরহে খুব বিরহী হওয়া যায়। সেইজন্য হৃদয়ের কপটতা আবরণ করিতে না পারিয়া কেউ কেউ বলিয়াও ফেলেন যে, আমরা কাঁদতে এসেছিলাম কিন্তু কাঁদতে পেলাম না। কিন্তু কথা তা' নয়, এ ত' লোক-দেখান জিনিষ নয়। সে ক্রন্দন, সে সেবোৎসাহ যে প্রভুসুখের জন্য, তাহাতে নিজানন্দ বা লোকরঞ্জনের কি কথা আছে? সে ত' অন্তরের জিনিষ। তাহা বাহ্যে প্রকাশিত হউক বা না হউক, তা লইয়া আমাদের এত মাথা-ব্যথা কেন? সেইজন্যই বলিতেছি, প্রভুবিরহ মায়াকান্না নহে, তাহা সেবোৎসাহবর্দ্ধক ও প্রভু-অভাব উপলব্ধিমুখে প্রাণের কাতরতা—অন্তরের ব্যথা। সুতরাং এই অপ্রকট-দিবসে প্রভু এবং প্রভুনিজজনের পদধূলি মস্তকে ধারণ করিয়া প্রভুসেবাসুখে জীবনসার্থক করাই যে আমাদের কর্ত্তব্য, তাহাতে আর সন্দেহ কি?

আজ শ্রীল প্রভুপাদের অপ্রকট-তিথি। সুতরাং আজ আমাদের শ্রীগুরু-পূজার দিন। অনেকের ধারণা, আজ অপ্রকটের দিন, কিন্তু শ্রীশ্রীল প্রভুপাদ আমাদের জানাইয়াছেন যে, শ্রীগুরুদেবের অপ্রকট দিবসেই আমরা প্রকটের দিন বলিয়া জানি। আমার শ্রীগুরুপাদপদ্ম বাস্তবিকই অচিন্ত্যবস্তু, অধোক্ষজ বস্তু, শুধু অধোক্ষজই বা বলি কেন, তিনি অপ্রাকৃত নবীনমদনের সর্ব্বশ্রেষ্ঠ সেবক। ভগবানের যত সেবক আছেন, সব চেয়ে যিনি সর্ব্বাপেক্ষা বেশী প্রিয় সেই পরমমঙ্গলদাতা কৃষ্ণবিতরণকারী মহামহাবদান্যশিরোমণিই আমার শ্রীগুরুপাদপদ্ম। এই শ্রীগুরুদেব সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ আশ্রয়। তিনি আশ্রয়-জাতীয় ভগবান্। তাই বলিয়া যেন কেহ মনে না করেন যে, আমার শ্রীগুরুপাদপদ্ম মূল আশ্রয়বিগ্রহ বা বিষয়বিগ্রহ। তবে তিনি সাধারণ বৈষ্ণব নহেন, তিনি আশ্রয়-জাতীয় সেবকভগবান্, শ্রীরাধাপ্রাণবন্ধু কৃষ্ণের বড় আদরের ধন—মূল আশ্রয়বিগ্রহ জয়শ্রীর নয়ন-তারা সরস্বতীজয়শ্রী তিনি। সমস্ত ভগবদ্ভক্তের অগ্রণী এই শ্রীগুরুপাদপদ্মের পূজা ভগবানের পূজার চেয়েও নিশ্চয়ই বড় জিনিষ। ভগবান্ আর কাহারও নহেন—আমার শ্রীগুরুদেবের—ভগবান্ তাঁহারই প্রেমবশ্য। এই শ্রীগুরুপাদপদ্মের মত বড় জিনিষ এ জগতে বা পরজগতে আর নাই। এত বড় জিনিষ আমার শ্রীগুরুপাদপদ্ম। কিন্তু বড়ই দুর্ভাগ্য তাঁহাকে পাইয়াও পাইলাম না, দেখিয়াও দেখিলাম না, চিনিয়াও চিনিলাম না, তাঁহার কথা শুনিয়াও শুনিলাম না। সুতরাং এই অপ্রকটের দিনে পিতৃহারা সেবাবঞ্চিত দীন আমাদের তাঁহার শ্রীচরণে কাঁদিয়া কাঁদিয়া কৃপাভিক্ষা করা ব্যতীত আর কি কার্য্য আছে?

এজগতে জনক, জননী, শিক্ষক এবং তথাকথিত যে সকল মন্ত্রদাতা গুরুর কথা শুনা যায়, তাঁহারা সকলেই আংশিক গুরু। তাঁহাদের দ্বারা আমাদের নিত্যমঙ্গলের কোন আশা নাই। কিন্তু যিনি নিজগুণে কৃপাপরবশ হইয়া আমার অসংখ্য অপরাধ ক্ষমা করতঃ স্বেচ্ছায় শ্রীচরণে স্থান দিয়াছেন, সেই আমার শ্রীগুরুপাদপদ্ম সমগ্র জগতের গুরুপাদপদ্ম। তিনি নিত্যবস্তু ভগবানের ন্যায় সচ্চিদানন্দবিগ্রহ। তিনিই জগদ্গুরু—সমগ্র জগতের গুরুতত্ত্ব। তিনি জন্মে জন্মে আমার গুরু, নিত্যকাল আমার গুরু। তিনি ভগবানের নিত্যসঙ্গী, তাই প্রত্যেক রেণু-পরমাণুতে তাঁহার সম্বন্ধ পরিস্ফুট। এজগতে প্রত্যেক বস্তুই যাঁহার সেবার সেবোপকরণ, সেই আমার প্রভুই জগদ্গুরু-পূর্ণতা ও নিত্যত্ব ধারণ করেন। তাঁহার অর্চ্চাবিগ্রহ তাঁহা হইতে অভিন্ন—সাক্ষাৎ তিনিই।

শ্রীল আচার্য্যদেবের হরিকথা

—::(০)::—

শ্রীধাম-মায়াপুর

—::)০(::—

শ্রীল প্রভুপাদের বিরহ-মহোৎসব-বাসর

২৩শে ডিসেম্বর ১৯৩৭ প্রাতঃকাল

সর্ব্বাগ্রে আমাদের সম্পূর্ণভাবে শরণাগত হ'য়ে শ্রবণগুরু, দীক্ষাগুরু বা শিক্ষাগুরুর নিকট তাঁ'দের বাণীর সহিত সম্পূর্ণভাবে যোগসূত্রে অবস্থিত হ'য়ে অর্থাৎ ভক্তি বা সেবার সূত্রে অবস্থিত হ'য়ে—শ্রীল প্রভুপাদ যাকে ইংরাজীতে বল্‌তেন—properly adjusted হ'য়ে—গুরুবাণী-কীর্ত্তনকারী জিহ্বার সহিত শ্রবণকারীর শ্রবণেন্দ্রিয়ের সুষ্ঠু যোগাযোগ ক'রে উপাস্য বস্তুর অনুশীলন করা দরকার। নচেৎ অন্যরকম অনর্থ এসে জুটবে—মদ-প্রমাদ-নিদ্রা-নিন্দা-কাপট্যাদি এ'সে ভক্তিদেবীকে আঘাত ক'রবে।

শ্রীশ্রীরাধাগোবিন্দের সেবার অধিকার লাভ ক'রবার পূর্ব্বে তত্ত্বজ্ঞান-লাভের জন্য তাঁ'র নিজজনের নিকট সম্পূর্ণ শরণাগত হওয়া আবশ্যক। বিধূত-অনর্থ না হ'লে শ্রবণ সুষ্ঠু হয় না। শ্রবণকারীর একমাত্র নিত্যবান্ধব—শ্রীনিত্যানন্দপাদপদ্ম। তাঁ'র কৃপা ব্যতীত শুদ্ধ জ্ঞান হয় না। এজন্য ঠাকুর নরোত্তম অনর্থযুক্ত জনগণকে সাবধান করার জন্য প্রথম গানটী গেয়েছেন,—

আর কবে নিতাইচাঁদ করুণা করিবে।
সংসার-বাসনা মোর কবে তুচ্ছ হ'বে॥
বুদ্ধি নাশ—এ বুদ্ধি ভাল।
না মানিলে সুভজন সাধুসঙ্গে সংকীর্ত্তন
না করিলে নির্জ্জনে স্মরণ।
না উঠিয়া বৃক্ষোপরি টানাটানি ফল ধরি
দুষ্ট ফল ক'রলে অর্জ্জন॥

অপক্কাবস্থায় বেশী রাধাগোবিন্দের কথা আলোচনা ক'রলে প্রাকৃত সহজিয়া হ'য়ে যেতে হ'বে। এজন্য শ্রীগুরুদেব-নিত্যানন্দের কৃপাই একমাত্র অবলম্বন।

প্রথমেই পুরুষ অভিমান—দুষ্ট অভিমান—ভোক্তৃ অভিমান—অবিদ্যা দ্বারা আবদ্ধ হ'য়ে বিষয়ী, ভোক্তা, দ্রষ্টা, পরিমাণকারিরূপে, প্রতিষ্ঠাদির আশায় পাঞ্চ অহঙ্কারে দর্পে গর্ব্বে গর্ব্বিত হ'য়ে নিত্য অকল্যাণ বরণ করা হ'চ্ছে। এ পাপ না নষ্ট হ'তে উদ্ধার করতে পারেন নিত্যানন্দ-পাদপদ্ম। শ্রীল ঠাকুর নরোত্তমের এ গানটীর কথা—"কবে তুচ্ছ হ'বে" এই আকাঙ্ক্ষা নিরন্তর—অভাবযোগ্য। আমার বিষয়বাসনা ছাড়াবার জন্য সর্ব্বক্ষণ মনকে শতমুখী

(অতঃপর এ পৃষ্ঠার ১ম কলমে দ্রষ্টব্য)

আমরা যদি এই কুকর্ম্মেই শ্রীগুরুদেবের বিদ্বেষী হই, তাহা হইলে জগদীশের বিদ্বেষী হইয়া গেলাম—জগতের সকলের বিদ্বেষী—সম্প্রদায়েরই বিদ্বেষী হইয়া গেলাম। কিন্তু আমরা যদি শ্রীগুরুপাদপদ্মের পদধূলি হইবার সৌভাগ্য পাই, তাঁহার কৃপায় নিজমঙ্গল লাভ করিতে পারি, তাহা হইলে নিজ মঙ্গলও করা হইবে এবং তৎসঙ্গে সঙ্গে বহু সজ্জনবৃন্দ ব্যক্তিকেও মঙ্গলের সুযোগ দেওয়া গেল। নতুবা নিজ মঙ্গল না করিয়া পরমঙ্গল-চেষ্টা আত্মবঞ্চনা ও পরবঞ্চনা মাত্র।

শ্রীগুরুসেবার ন্যায় এমন মঙ্গলপ্রদ কার্য্য এ জগতে ও পরজগতে কোথাও নাই। সকল আরাধনা অপেক্ষা ভগবানের আরাধনা বড়, ভগবানের আরাধনা অপেক্ষা শ্রীগুরুপাদপদ্মের সেবা বড়, এই প্রতীতি হৃদয়ে সুদৃঢ় না হওয়া পর্য্যন্ত আমাদের মঙ্গল বা গুরুদেবের আশ্রয়ের বিচার সুষ্ঠুভাবে হয় না—আমরা আশ্রিত, তিনি আমাদের পালক—এই বিচার আসে না। আমাদের ধারণা—জগদ্গুরু মাত্র একজন, তিনি কোন এক নির্দ্দিষ্ট সময়ে আবির্ভূত হইয়াছিলেন কিন্তু এ ধারণা ভ্রমাত্মক ও অন্যায়। কারণ, আমার যোগ্যতানুসারে, অথবা লঘুত্বের পরিমাণানুসারে যদি জগদ্গুরুতত্ত্ব যথাযথরূপে আমার নিকট সাক্ষাদ্ভাবে প্রকাশিত হইয়া আমাকে কৃপা বিতরণ না করেন, আমাকে সাক্ষাদ্ভাবে সেবা বা উপদেশ দান না করেন, তাহা হইলে অজ্ঞ আমার পক্ষে বহু দিন পূর্ব্বের ব্যক্তির আদর্শ, আচার-প্রচার গ্রহণ করা সম্ভবপর হয় না—"সর্ব্বং গুরবে দদ্যাৎ" এই শ্রুতিবাণী অনুসারে গুরুপাদপদ্মে সর্ব্বস্ব সমর্পণ পূর্ব্বক দ্বিতীয়াভিনিবেশের কবল হইতে উদ্ধারলাভের সৌভাগ্য হয় না—আমার ভয়, শোক, মোহাদি অপগত হয় না। সেইজন্যই পরমকরুণাময় শ্রীশ্রীল প্রভুপাদ তাঁহার অন্তরঙ্গ নিত্যসঙ্গ ভগবৎপার্ষদ শ্রীশ্রীল আচার্য্যদেবকে আমাদের মঙ্গলের জন্য এ জগতে রাখিয়া গিয়াছেন, আমাদের মঙ্গলামঙ্গলের সমস্ত ভার তাঁহার উপরে অর্পণ করিয়াছেন।

আমরা যদি এই শ্রীশ্রীগুরুপাদপদ্মের শ্রীচরণে নিষ্কপটভাবে আশ্রয় গ্রহণ করিতে পারি, তাহা হইলে আমরা নিশ্চয়ই নির্ভয় ও অশোক হইতে পারিব। তবে নিষ্কপটে প্রাণভরা অভীষ্টলাভপ্রার্থী হওয়া চাই।

আমার শ্রীগুরুপাদপদ্ম বড় এবং তিনি—সবার বড়—নিত্য বড়। আমার শ্রীগুরুপাদপদ্ম—নিত্য, তাঁহার সেবক নিত্য এবং তাঁহার সেবাও নিত্য। আমরা বদ্ধজীব কিন্তু তিনি ঈশ্বরতত্ত্ব-সেবক-ভগবান্—গুরুরূপী ভগবান্। সৌভাগ্যক্রমে এত বড় জিনিষ পাইয়াছি আমরা, সুতরাং আমাদের যে কত বড় আশা-ভরসা তাহা কি দিয়া ব্যক্ত করিব? সেইজন্যই বলিতেছিলাম, শ্রীগুরুপাদপদ্মের চরণাশ্রিতগণের আবার ভয় কিসের?

শ্রীগুরুদেব কৃষ্ণের আকর্ষণীশক্তি তাঁহাতে আকর্ষণধর্ম্ম আছে। তিনি স্বতন্ত্র তিনি ইচ্ছা করিলে আমাকে অনায়াসে আকর্ষণ করিতে পারেন—তাঁহার নিকট সর্ব্বস্ব সমর্পণ করিবার জন্য আমার যাবতীয় অনর্থ তিনি দূর করিয়া দিতে পারেন, তাঁহার ইচ্ছা হইলে কৃষ্ণদর্শন, কৃষ্ণসাক্ষাৎকার অতি সহজেই হইতে পারে। মনুষ্যাকৃতিতে এত বড় জিনিষ আমাদের মঙ্গলের জন্য এ জগতে আসিয়াছিলেন। আমরাও শ্রীশ্রীল আচার্য্যদেবের অহৈতুকী কৃপায়—সেই জগদ্গুরুদেবের আশীর্ব্বাদে মঙ্গললাভের অনেক আশা-ভরসা লইয়া তাঁহার শ্রীপাদপদ্মে উপস্থিত হইয়াছিলাম; কিন্তু হতভাগ্য আমরা সেই অমূল্য ধনে এখনও বঞ্চিত, ইহাই দুঃখ। কিন্তু আমরা দুর্ভাগ্যবশতঃ তাঁহার সেই শুদ্ধসেবাধন এখনও না পাইলেও তাঁহার স্মৃতি এখনও ভুলিতে পারি নাই এবং কখনও পারিব না। অবোধ আমরা, তাঁহার সম্যক্ কৃপা এজন্মে পাই আর না পাই, তাঁহাকে ভুলিয়া যাওয়া কি আমাদের পক্ষে সম্ভব? তাই আজ সেবকগণ সকলে উপাসন-সম্ভার সহ শ্রীগুরুপাদপদ্ম সেবা করিবার জন্য শ্রীধাম-মায়াপুর শ্রীচৈতন্যমঠস্থ শ্রীসমাধিমন্দিরে উপস্থিত হইয়াছেন। কিন্তু হতভাগ্য আমার কোন সম্বল নাই। তাই আজ অনুগত বৈষ্ণবগণের বহু পশ্চাতে থাকিয়া নীরবে কৃপালাভের আশা হৃদয়ে পোষণ করিতেছি।

আজ আমাদের স্মরণীয় দিন। এই দিনে আমার শ্রীগুরুপাদপদ্ম নিত্যলীলায় প্রবেশ করিয়াছেন। ইহা নিত্যকাল স্মরণ ক'রবার বস্তু। ইহা আমাদের ভোলা কখনও উচিত নয়। কারণ, আমার শ্রীগুরুপাদপদ্মের স্মৃতির সহিত ভগবানের কথা সংশ্লিষ্ট আছে, তাঁহার কথা নিরন্তর হৃদয়ে উদিত হইলে আমাদের পরম মঙ্গললাভ হইবে। আর আমরা যদি তাঁহাকে ভুলিয়া যাই, তাহা হইলে আমাদের সর্ব্বনাশ হইল, মঙ্গললাভের আর কোন উপায়ই থাকিল না। তাঁহার যদি কৃপা হয় তাহা হইলে আমরা সম্বন্ধজ্ঞান লাভ করিতে পারিব এবং সম্বন্ধজ্ঞান লাভ হইলেই ভক্তিবৈষ্ণবের সেবায় নিত্য বৈকুণ্ঠধামের যাত্রী হইবার সৌভাগ্য পাইয়া পরমানন্দিতচিত্তে কৃতকৃতার্থ হইব।

শ্রীশ্রীল প্রভুপাদ যদি না আসিতেন, আচার-প্রচারের দ্বারা আমাদের সর্ব্বশ্রেষ্ঠ মঙ্গলের কথা যদি তিনি না শুনাইতেন, তাহা হইলে আমাদের যে কি দুর্গতি হইত, তাহা বলিবার ভাষা আমাদের নাই। সুতরাং আর আমাদের বসিয়া থাকা উচিত নয়। আর তর্কপথ আশ্রয় করিয়া গুরুপাদপদ্ম হইতে তফাৎ থাকা উচিত নয়। নিজের খামখেয়ালি বিচার ছাড়িয়া তিনি আমার জন্য অশায়ায় যে সকল বিধান করিয়াছেন এবং আমাকে কৃপা করিবার জন্য যে আচার্য্যদেবকে রাখিয়া গিয়াছেন, তাহা ও উপদেশ নতশিরে গ্রহণ করাই আমার কর্ত্তব্য। পতিতপাবনকে বাজাইতে গেলে কি পাপিত্ব হইতে উদ্ধার লাভ করা যায়? এই শ্রীগুরুপাদপদ্মের সেবা দিতে পারেন একমাত্র তিনিই, যিনি সর্ব্বদা গুরুপাদপদ্ম অনুশীলন করেন, তাঁহার আনুগত্যময়ী সেবায় যাঁরা তাঁহার সন্তোষ বিধান করেন। নতুবা অন্যভাবে গুরুসেবা পাওয়া যায় না। সেইজন্যই শ্রীশ্রীআচার্য্যচরণে শরণাগত হইতে হইবে—মনোযোগ সহকারে তাঁহার কথা শুনিতে হইবে। শ্রীগুরুপাদপদ্মই নিষ্কপট কৃপাকাঙ্ক্ষীকে ভক্তিঅঙ্গসঙ্গ-সুযোগ দান করেন। তাঁহার প্রেষ্ঠের হাত দিয়াই তিনি নিজেকে জগতে বিতরণ করিয়া থাকেন। যাঁহাদের কপাল খুব ভাল, যাঁহাদের কপালের জোর বেশী, তাঁহারাই এই দুর্লভ সুযোগটা পান—প্রভু নিজজনের সঙ্গ পান,—তাঁহারাই শ্রীগুরু হইতে পারেন। 'নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়'।

আজিকার দিনে গুরু-গুরুসেবকগণ শ্রীগুরুপাদপদ্মের অনন্ত মহিমা কীর্ত্তন করিবেন। আমরা তাঁহাদের শ্রীমুখনিঃসৃত চেতনবাণী শ্রবণ করিয়া আত্মশোধনে যত্নপর হইব। এ দিনে সর্ব্বক্ষণ living source হইতে চেতনবাণী শ্রবণ করা ব্যতীত আমাদের আর অন্য কোন কার্য্য নাই। তাই কৃপা ভিক্ষা করি,—

গুরুদেব!
কৃপাবিন্দু দিয়া, কর এই দাসে,
তৃণাপেক্ষা অতি হীন।
সকল সহনে, বল দিয়া কর,
নিজ মানে স্পৃহাহীন॥
সকলে সম্মান, করিতে শকতি,
দেহ নাথ যথাযথ।
তবে ত' গাইব, হরিনাম সুখে,
অপরাধ হ'বে হত॥
একাকী আমার নাহি পায় বল,
হরিনাম-সঙ্কীর্ত্তনে।
তুমি কৃপা করি' শ্রদ্ধা বিন্দু দিয়া
দেহ' কৃষ্ণনাম-ধনে॥

মায়াকে পিছনে রাখি কৃষ্ণ পানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীগুরুদেবের ভজনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিরাজ করিতেছেন। সুপ্রাচীন শ্রীগৌরাঙ্গের ...। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালী প্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগ. বি. কলিকাতা। ... রক্ষক শ্রীকুঞ্জবিহারী ... সেবাব্রত পাঠ, সংকীর্ত্তন, ... এবং শিক্ষাবিষয়ক ... 'গৌড়ীয়' পত্র ... প্রকাশিত হয়। মঠরক্ষক—সেবাপ্রাণ শ্রীপাদ ... বিভব।

(৩) যোগপীঠ-মায়াপুর পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীগৌরাঙ্গের জন্মস্থান; শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ ... ভাগবত মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভু ভবন এবং ... বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীনরোত্তমগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)। ইহা চৌরকপা পাত শ্রী একাধিক সমাধি। রক্ষক শ্রীরামধাম ব্রহ্মচারী।

(৮) অমৃতকুণ্ড-কাপুরীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

স্বানন্দ-সুখদ-কুঞ্জ, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ও বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক-শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিজীবন অধিকারী।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জানগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীঅখিলকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মামগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীশ্যামসুন্দর ঠাকুর বৃন্দাবনের দাস

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীবলাই ব্রহ্মচারী।

১৫) অবধূতিকাপুর গৌড়ীয়মঠ

গৌরপুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীসমুদ্রগড় গৌড়ীয় মঠ

বাঁইহারা (শ্রীনৃসিংহ দেবের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক শ্রীগোবিন্দদাস বাবাজী।

১৭ কুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক শ্রীরুক্মিণীকান্ত ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) ... মঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)

রক্ষক—শ্রীরামনাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কৈঃ পালপাড়া, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক শ্রীহরিকিশোর বনবাসী।

(২১) বালাঘাট গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীকৃষ্ণনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীশরচ্চন্দ্রনাথ অধিকারী।

(২৩) ঢাকাগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার কেন্দ্র। রক্ষক মহামহোপদেশক শ্রীমৎ ... বিদ্যাবিনোদ বি এ

(২৪) গোপালজীউ

কমলাপুর পোঃ ঢাকা

রক্ষক—শ্রীগৌরদাস ব্রহ্মচারী।

(২৫) বালিয়াটি গৌড়ীয় মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক শ্রীমধুসূদন ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ

নতুনবাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীমদ্ ভক্তিশাস্ত্রী এম এ, বি এল.

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন অধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

আপার ... দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ. পি

রক্ষক—শ্রীসাধুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীবংশীবদনদাস বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীপুরুষোত্তম ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীকৃষ্ণবিলাস ব্রহ্মচারী বি. এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৩১নং ক্ষেত্রপুর, বেনারস সিটি

রক্ষক শ্রীসারদানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ. পি)

রক্ষক শ্রীআনন্দবিনোদ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীজগন্নাথ ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রহ্মানন্দ কুসুমকুণ্ড

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

রক্ষক—শ্রীচন্দ্রশেখর ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোবর্দ্ধন

রক্ষক—শ্রীমৎ শ্রীনেমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) নন্দকিশোর বিহারী মঠ

নন্দগ্রাম মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী দাস ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—লেপাশী,

পোঃ কোতোয়ান, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪০নং ওয়ামান রোড, নিউ দিল্লী,

রক্ষক—শ্রীগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কুম্ভালাম বিলডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিল ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ সঞ্জীব ব্রহ্মচারী ভক্তিবান্ধব

(৫২) রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম -মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক শ্রীমাধব অধিকারী

(৫৫) ভক্তিকুটী স্বর্গদ্বার, পুরী

৫৬ ...

রক্ষক—শ্রী... অধিকারী

(৫৭) সিদ্ধি গৌড়ীয় মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশসন্ধি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীবিদ্যাধর ... অধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন

(৬০) ভাগবত জনানন্দ মঠ

চিকমিয়া, পোঃ নারায়ণপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী ভক্তিরত্ন

(৬১) অম্বিকা গৌড়ীয় মঠ

পোঃ অম্বিকা, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাদ্রা (হাওড়া)

রক্ষক—শ্রীঅধিরকৃষ্ণ দাস ব্রহ্মচারী

(৬৩) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক শ্রীনরেন্দ্রকৃষ্ণ অধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনকুমা, পোঃ চাকুলা, (মানভূম)।

রক্ষক—শ্রীরামনাথ রেণুপদ্ম অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠালয়

৩৮৩৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

গ্লাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ভক্তি হৃদয় বন গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধচন্দ্র চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত শ্রীবনানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলকাতার বাজার দর

১৩ই ডিসেম্বর ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬৷০
বাঁকা চাল	৫৷৹০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
দাদখানী	৫৷০
রামশাল নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
কোয়ালিটি	৪
সিদ্ধ বেগুন	৩৷৴০

আতপ—

নূতন আতপ	১৲—৪৷০
পেশোয়ারী	১০ -১০৷০
দাদখানী আতপ	৫৷০-৫৷৶
ঐ বালাম	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৶০

চিনির দর

কাশীপুর, টাইপ	১০৷৴০
১০০০ নং	১০৴০
কাজতোলা শাদা	৯.০
চাঁদপুর শাদা	৮৷০—৯৶০
চাঁদপুর লাল	৭৷৴০—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

গিনি সোনার বার	৩৪৷০
ভরেণ	২২.
চাঁদির বার	৫২৷০

পাটের দর

উত্তম—	৪০৷৹০
মধ্যম—	৪০৷৹০
অধম—	৪১৷০
আর বস্তের দর—	৪১৲

আটা ও ময়দার দর

টেক্ট ময়দা প্রতি মণ	৬৷০—৬৷৶
...ঐ	৬৲—৬৶০
... ঐ	৫৷৶০—৫৷৹০
...	৬৲—৬৶০
...(বি)	৫৷৹০—৫৷৶০
... নং (২	৫৴০—৫৷৴০
...(এম)	৫৲—৫৷০
...(কে)	৪৷৹০—৪৷৶০
... নং (৩)	২৷০—২৷৶০
আটা	১৷৶০—১৷৹০
	১৷৶০—১৷৶০

ঘৃতের দর

...	৫৭৲
...	৫৭৲
...ধবী	৫০৲
	৪৫৲
	৩৪৷০

ভার	৪৬৲
কাবুলে	৩৬৲
খাড়া পাত্রা	৪১৷৹০
২৬ গেজ—	১৭৷৹০
গ্যাঃ মটকা ২৪- -৩০ গেজ	১০৲

লোহ ও হার্ডওয়ার

১৩ই ডিসেম্বর ৭।১২।৩৭

টাটার তৈয়ারী—	দর প্রতি হন্দর
লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)	
মার্কা	৮৷৹০—৯৷০
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ	৯৷৴
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮৷৹০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷০—৯৷৶০
টাটা গ্যাঃ করগেট-সিট।	
২৪ গেজ—	১৪৲
২৬ গেজ—	১৩৷৹০
২৮ গেজ—	১৮.
টাটা গ্যাঃ প্লেন সীট	১৷৶০
২৪ গেজ—	১৪৷৶০
২৬ গেজ—	১৩৷৴০
২৮ গেজ—	
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৫.
সীস	৷৵৫—৸৶০
বাগান ঘেরা কাঁটা তার (বান্ডিল)	১০৷০
প্লেট কাটিং বা ছিট কাটা মণ	৩৷০—৩৷৹০
পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৬৷০—৭৲ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, গোল্ডু, গরাদে	৮৷৹০—৯৷০
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের	
জন্য	৮৷৹০—১০৷০

ব্লু: ইস্পাত আসল ২৫৲ নকল ২৩৷০

চটকলের হালখণ ৫৶০, পাটের হালখণ ৩/

ভূসার হালখণ ৪৷০

সুনের দর

কলিকাতা ২৫শে জুন,

আদেন গোলার কাইন	৫৪.
সিট্রন আদেন কর্কচ	৪০৲
করাচি পুদিনা কাইন	৪০৲
চাবার্ণ গাদা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৫শে জুন,

প্রতি মণ

পান মাও	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	
গুড় মরিচ	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স্ লিঃ

৬ ও জগন্নাথ ঘাট রোড, নিমতলা

কলিকাতা

শ্রীধাম মায়াপুরে

——::০:: ——

—“ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট”—

——::০::——

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর চারদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। ছাত্রদের খোরাক ও পেছনবাবদ প্রতি মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের অশেষ সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৬৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—২২	১৭—৩৮	১৯—৩৭
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—৫৪
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৩৫	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—১২

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-৩	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৫৮	১৬-৯	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২ ১৮	১৬-৩৫	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত ক্ষীণ শীর্ণকায় রুগ্ন পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বেহালার পাঁচন অমোঘ। অন্যান্য পাঁচন সংস্কৃত এবং নূতন ও পুরাতন জ্বর একবার সেবন করিয়া দেখুন যে আপনার অর্থব্যয় সার্থক হয় কিনা। মূল্য ছোট বোতল ৮০ আনা, বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—২১নং ভবানীচরণ রোড, কালীঘাট, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

——::(०)::——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণব-কুলচূড়ামণির প্রামাণ্য জীবনচরিত এতাবৎকাল সম্যক্‌ভাবে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু সম্প্রতি সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্য্যের অনুগত ভক্তিসিদ্ধান্তবিৎ সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী চিত্রাদি সম্বলিত প্রকাশিত হইয়াছে। পুস্তক সমাপ্তে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিতপ্রবর শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্ এ মহোদয়ের স্রোতস্বতী এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দর্শনের সহিত তুলনামূলক গ্রন্থখানিতে পাণ্ডিত্যপূর্ণ আলোচনা। প্রথম খণ্ডটী ৩১৩ পৃষ্ঠা। ও'বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংক্ষিপ্ত সূচিপত্র ও টীকা (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—২৫ টাকা। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর, জেলা নদীয়া।

[illegible]

[illegible] ভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে
মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

——::(०)::——

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে ।০	।৵০	।৵০	।০
" ইঞ্চি ২৲	১৷০	১৷০	১৲
সিকিকলম ৫৲	৪৲	৪৲	৩৲
অৰ্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম ১৪৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬৲		৪৷০
"	সিকি কলম ১২৲	১১৲
"	অৰ্দ্ধকলম ২৪৲	১৮৲
"	এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

"শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(०):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতি প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজী মাসিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া ১৬।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উৎকলের একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

ফোন: শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীনাথ'—শ্রীমায়াপুর

শ্রীধামপ্রকাশক শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ৈক-সংরক্ষক পরিব্রাজকাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংসকুলচূড়ামণি শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্ত্তৃক প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKAS

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের কৃপাভিষিক্ত আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠাচার্য্য শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু কর্ত্তৃক পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১২ই পৌষ, ১৩৪৪, ২৭শে ডিসেম্বর, ১৯৩৭, সোমবার [সংখ্যা ২৪৭]

বিবিধ সংবাদ

—(০(:০:)০)—

হাংচাও অভিমুখে জাপবাহিনীর অভিযান

হাংচাও অধিকারের সংগ্রাম ক্রমশঃ ...র আকার ধারণ করিতেছে। ...দের প্রবল বাধাদান সত্ত্বেও জাপ-...ণী উত্তর, উত্তর-পশ্চিম ও উত্তর-পূর্ব্ব ... হইতে হাংচাওয়ের দিকে অগ্রসর ...ছে। প্রচণ্ড ও ব্যাপক সংগ্রাম বাধিবার ...য় জাপ কর্ত্তৃপক্ষ বৈদেশিক দূতদিগকে, ... স্ব স্ব রাষ্ট্রের অধিবাসীদিগকে ... হইতে ৩০ মাইল দূরে অবস্থিত ...ং হইতে স্থানান্তরিত করিবার জন্য ... দিয়াছেন। সাংহাই হইতে ... । চীনারা হাংচাও সাংহাই রেলপথের ...ী নদীর উপরস্থিত সেতুর প্রয়োজন ... উড়াইয়া দিবার জন্য উহার তলদেশে ...ইট পাতিয়া রাখিয়াছে।

...কাল ধরিয়া বাধাদানের নীতিকে ...ল সাফল্যমণ্ডিত করিবার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার এক আদেশ জারী ...চীনের পণ্য দ্রব্য উৎপাদন-প্রতিষ্ঠান ... একটী সামরিক কমিশনের কর্ত্তৃত্বা-...ধীনে আনিয়াছেন। শিল্প ও বাণিজ্য এবং ...যোগাযোগও এই ব্যবস্থার আমলে ...। প্রয়োজনসাপেক্ষ উৎপাদন নিমিত্ত ...উৎপাদনের পরিমাণ বৃদ্ধি করা ...হইবে। কেন্দ্রীয় সরকারের আদেশে ... পিকেটিং নিষিদ্ধ হইয়াছে। ...ধর্ম্মঘট, কলকারখানার কার্য্য ও মজুর-...ঘটিত ... এমন কি ... সমস্যা ...য়াছে।

ইউরোপে যুদ্ধ হইবার সম্ভাবনা নাই

লর্ড লোথিয়ান জনৈক সাংবাদিকের নিকট বলেন যে, ভারতীয় পরিস্থিতি সম্পর্কে তিনি কোনও বিবৃতি দিবেন না।

আন্তর্জ্জাতিক পরিস্থিতি সম্পর্কে তিনি বলেন যে, আন্তর্জ্জাতিক পরিস্থিতির সম্প্রতি যে অবোগতি দেখা দিয়াছে, পুনরায় অস্ত্র-সজ্জাই তাহার প্রধান কারণ। তিনি এইরূপ অভিমত ব্যক্ত করেন যে, ইউরোপে সমরানল প্রজ্জলিত হইবার সম্ভাবনা নাই; কারণ, প্রত্যেক দেশের সমরনায়কগণই যুদ্ধ বাধিলে সমস্ত দেশই উহাতে লিপ্ত হইবে বলিয়া আশঙ্কা করিয়া যুদ্ধে নামিতে সাহস পাইতেছেন না। তাঁহার মতে প্রত্যেক শক্তির অধিকার নির্দ্ধারণে বৃহৎ শক্তি সমূহের প্রভাব অপরিহার্য্য।

নূতন প্যালেষ্টাইন কমিশন

প্রশ্নোত্তরকালে উপনিবেশ সচিব মিঃ অর্মসবিগোর কমন্স সভাকে জানান যে, প্যালেষ্টাইনে যে নূতন কমিশন যাইবে তাহার প্রকৃতি ও রিপোর্টের বিষয় সম্বন্ধে তিনি শীঘ্রই বিবৃতি দিবেন। কমিশন প্রেরণে বেশী বিলম্ব হইবে না।

প্যালেষ্টাইনের অবস্থা সম্বন্ধে উপনিবেশ-সচিব একটী বিবৃতি দেন। তিনি বলেন যে, বহু স্থানে স্থানে খুনজখম চলিতেছে তথাপি অবস্থার একটু উন্নতি হইয়াছে। কয়েকটি সন্ত্রাসবাদিদল এখনও তৎপর রহিয়াছে; ঐগুলির মধ্যে প্যালেষ্টাইনের বাহির হইতে আগত অনেক লোক আছে; উহারাই নেতা ও সংগঠয়িতারূপে কাজ করিতেছে। এপর্য্যন্ত নূতন রেগুলেশন অনুসারে

সামরিক আদালতে ২৬জন আরবের বিচার হইয়াছে।

উত্তরে অশ্বারোহী পুলিশ ও ট্রান্সজোর্ডান সীমান্ত সৈন্যদল একযোগে বিশেষ তৎপরতার সহিত কাজ করিতেছে সেখানে ও অন্যত্র হত্যা-অভিযান বন্ধ করিবার জন্য দৃঢ় ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসু

অষ্ট্রিয়ার অন্তর্গত বাদগাষ্টিন হইতে গত ১৩ই ডিসেম্বর শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসু, বঙ্গীয় প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতির সেক্রেটারী শ্রীযুক্ত কমলকৃষ্ণ রায়কে যে পত্র লিখিয়াছেন, তাহাতে তিনি উল্লেখ করিয়াছেন যে, তিনি বোধ হয় আগামী জানুয়ারী মাসের শেষ সপ্তাহে ভারতে পৌঁছিবেন। বর্ত্তমান ব্যবস্থা অনুসারে জানুয়ারী মাসে লণ্ডন পরিদর্শনের পর তিনি ভারত যাত্রা করিবেন।

স্পেনে তেরুয়েল সহরে এখনও যুদ্ধ

সরকারী ইস্তাহারে প্রকাশ যে, গবর্ণমেণ্টসৈন্যগণ তেরুয়েল সহরের মধ্যেই অগ্রসর হইতেছে এবং সহরের কেন্দ্রে আরও বাড়ী দখল করিয়াছে। অসামরিক অধি-বাসীরা চারদিন জল পায় নাই; তাহারা নিকটস্থ গ্রামে চলিয়া গিয়াছে। অসামরিক অধিবাসী ও বিদ্রোহী সৈন্য মিলিয়া ৮০০ লোক আহত হইয়াছে। গবর্ণমেণ্ট পক্ষ হইতে তাহাদের চিকিৎসা ও শুশ্রূষা করা হইতেছে।

সালামাঙ্কার বিদ্রোহীপক্ষের বেতার ঘোষণা হইতে প্রকাশ যে, তেরুয়েলে সরকারী সৈন্যদের সহিত লড়িবার জন্য আরও সৈন্য যাইতেছে। বিদ্রোহী পক্ষ এখনও বলিতেছে যে, সহরের গ্যারিসন সরকারী সৈন্যগণকে বাধা দিতেছে।

হাতীর প্রতিহিংসাবৃত্তি

চৈপার জমিদার বাড়ীর একটী হাতী রংপুর সহরের দেওয়ান বাড়ী রোড দিয়া যাইবার সময় ঐ অঞ্চলের এক ভদ্রলোক হাতীটীকে লক্ষ্য করিয়া অপ্রীতিকর মন্তব্য করেন। ইহাতে হাতী ক্রুদ্ধ হইয়া ভদ্র-লোককে তাড়া করিলে, তিনি মাহুতের চেষ্টায় পলাইয়া রক্ষা পান। প্রাতঃকালে এই ঘটনা ঘটে। সন্ধ্যাবেলা হাতীটি ঐ পথে ফিরিবার সময় অকস্মাৎ বাঁকিয়া দাঁড়ায় এবং মাহুতের শত চেষ্টা সত্ত্বেও উপরোক্ত ভদ্রলোকের টিনের ঘর ও বাঁশের বেড়া না ভাঙ্গিয়া স্থান ত্যাগ করে নাই।

চারিজন আরবের প্রাণদণ্ড

গত ২৬শে জুলাই তারিখে রামলের নিকটবর্ত্তী কোন একটি রাস্তায় একজন আরবকে হত্যা করার অভিযোগে সামরিক আদালত কর্ত্তৃক চারিজন আরব প্রাণদণ্ডে দণ্ডিত হইয়াছে।

আবিসিনিয়ায় ইতালীর প্রভুত্ব

পররাষ্ট্র সচিব অধ্যাপক হালভ ডান কোত্‌টের সহিত সাক্ষাৎ করা হইলে তিনি বলেন যে, ওলন্দাজ গবর্ণমেণ্টের, অন্যান্য চুক্তির স্বাক্ষরকারীদের ন্যায়, আবিসিনিয়ার উপর ইতালীর প্রভুত্ব স্বীকার করিয়া লইবার জন্য পাশ্চাত্য শক্তিবর্গকে অনুরোধ জাপনের যে প্রস্তাব করিয়াছেন সে সম্বন্ধে তাহার পক্ষপাতী নহে

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে নবম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৮০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণব ১৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যভাগবতামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ২৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ
১৮। ব্রাহ্মণ-আলবন্দ
১৯। তত্ত্বসংবেক
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয় গান্ধর্ব্বা ।৶০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রী-নবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষ্য ।০
২৭। মুক্তিফলিকা ভগবৎসোন্দর্য (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /০
। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্চ্চনকণ /০
৪৭। সদাচারস্মৃতি /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ /১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৩৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ ।০
৫৮। শ্রীরূপদেবের ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
সাংখ্যায়ন /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠভজনপরিচয়ঃ /০
৬৭। সারার্থবর্ষিণী ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন /০
৭১। বেদান্ত—ইট্স্ মর্ফলজী য্যাণ্ড অন্টলজি ৸০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৶০
৭৩। লাইফ য্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইয়োটিক প্রিন্সিপাল য্যাণ্ড আনর‍্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (১ম ভল্যুম) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী /০
৮৪ শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা।

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের পরিব্রাজক শ্রীল তীর্থ মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত —ত্রিদণ্ডিস্বামীর একমাত্র পারমার্থিক পাক্ষিক। বৈদিকবার্ত্তা শ্রীসজ্জনতোষণী হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ কেবল টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের জীবকল্যাণকর জীবন-চরিত ইহাতে কীর্ত্তিত করা হইয়াছে।

নির্ব্বিশেষ জড়ভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই এই গ্রন্থ পাঠে যুগপৎ মহাপুরুষের পাঠ ও বহু সাধুসঙ্গের ফল লাভ করিতে পারিবেন।

বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী আকারে এন্টিক কাগজে উত্তমরূপে মুদ্রিত। ৩৬০ পৃষ্ঠায় সম্পূর্ণ বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র ইহাতে সংযোজিত আছে; ভিক্ষা ৪৲ টাকা।



১২শ বর্ষ | শ্রীধাম ... ৪৫১ ১২৫ || ... ২৭শে ডিসেম্বর ১৯৩৭, সোমবার } ২৫৭তম সংখ্যা

শ্রীশ্রীল প্রভুপাদের বিরহ-মহোৎসব

——::(০)::——

তৃতীয় দিবস

পূর্ব্বাহ্নে

গত ২৩শে ডিসেম্বর ৮ই পৌষ বৃহস্পতিবার মধ্যাহ্নিকাতে শ্রীশ্রীল প্রভুপাদের সমাধি-মন্দিরের সম্মুখে উপদেশক পণ্ডিত শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী সমাধিস্তব কীর্ত্তন করেন। অতঃপর ভক্তবৃন্দ সংকীর্ত্তন-মুখে শ্রীধাম পরিক্রমা করিতে থাকেন। শ্রীল প্রভুপাদের সমাধি-মন্দির, শ্রীচৈতন্যমঠের শ্রীমন্দির, শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজের শ্রীমন্দির পরিক্রমান্তে ভক্তবৃন্দ কাজীর সমাধিক্ষেত্রে উপস্থিত হন। তথায় শ্রীপাদ রাধারমণ ব্রহ্মচারীজী "কাজীর মাহাত্ম্য" বিষয়ে একটী নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। অতঃপর পরিক্রমা-কারিগণ শ্রীচৈতন্যমঠে প্রত্যাবর্ত্তন করিলে অধিবেশনের কার্য্য আরম্ভ হয়। সভার প্রারম্ভে শ্রীপাদ সজ্জন দাস ব্রহ্মচারীজী সুললিতস্বরে "কবে হ'বে বল সেদিন আমার" এই গীতটী কীর্ত্তন করেন। কীর্ত্তন হইবার পর শ্রীপাদ গৌরেন্দু ব্রহ্মচারী সেবা-রত্ন, ভক্তিশাস্ত্রীজী "শ্রীল প্রভুপাদ ও নদীয়া-প্রকাশ, শ্রীল প্রভুপাদ ও হাস্য পট, শ্রীল প্রভুপাদ ও গৌড়ীয়" সম্বন্ধে, শ্রীযুক্ত মধুসূদন বাবু "শ্রীল প্রভুপাদের কৃপার বৈশিষ্ট্য", শ্রীপাদ ... ব্রহ্মচারীজী "শ্রীশ্রীল প্রভুপাদ ও নির্জ্জন ভজন, শ্রীল প্রভুপাদ ও যুক্ত ও যুক্তবৈরাগ্য, শ্রীল প্রভুপাদ ও 'পত্রিকাবলী ও গ্রন্থাবলী", শ্রীপাদ মহাপুরুষ দাস অধিকারী প্রভু "শ্রীল প্রভুপাদ ও বিগ্রহ ও আশ্রয়বিগ্রহের আনুগত্য" সম্বন্ধে বক্তৃতা প্রদান করেন।

অতঃপর বর্ত্তমান গৌড়ীয়-সম্প্রদায়ৈক-সংরক্ষক শ্রীশ্রীল আচার্য্যদেব 'বক্তৃতা বাবদ' শ্রীহরিকথা কীর্ত্তন করেন। তৎপরে শ্রীপাদ নৃসিংহানন্দ ব্রহ্মচারী ভক্তিবিধু প্রভু 'শ্রীশ্রীল প্রভুপাদ ও চিন্ময়শব্দ আবির্ভাব ও তিরোভাব' সম্বন্ধে একটী সুন্দর বক্তৃতা প্রদান করেন।

অনন্তর পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ কাব্যপুরাণতীর্থ প্রভুর সুললিতকণ্ঠে "যে আনিল প্রেমধন" এই বিরহগীতিটী কীর্ত্তিত হইলে পর সভা ভঙ্গ হয়।

অপরাহ্নে

বেলা ২॥ ঘটিকার সময় পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তন হইলে পর শ্রীযুক্ত রাধাগোবিন্দ দাসাধিকারী বি-এ মহোদয় "শ্রীল প্রভুপাদ ও প্রকৃত অনুশীলন", শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী মহোদয় "শ্রীল প্রভুপাদ ও অপসম্প্রদায়", শ্রীযুক্ত জয়ানন্দ দাসাধিকারী মহোদয় "শ্রীল প্রভুপাদ ও হরিভক্তিবাধক নামাপরাধ ও সেবাপরাধ", শ্রীযুক্ত সতীশচন্দ্র ... মহোদয় "শ্রীল প্রভুপাদ ও অস্পৃশ্যতা", শ্রীযুক্ত ... মহোদয় "শ্রীল প্রভুপাদ ও পল্লীনীতি ও সুনীতি" সম্বন্ধে বক্তৃতা প্রদান করেন। অতঃপর শ্রীপাদ শ্রৌতী মহারাজ প্রাতে শ্রীল আচার্য্যদেব-কীর্ত্তিত হরিকথার মর্ম্ম সমাগত শ্রোতৃবর্গকে বিশেষভাবে বুঝাইয়া দেন।

মহারাজের পর শ্রীপাদ নরনারায়ণ দাসাধিকারীজী "বৈষ্ণবঠাকুর দয়ার সাগর" গীতিটী কীর্ত্তন করিলে পর শ্রীপাদ অবধি-কৃষ্ণ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী "শ্রীল প্রভুপাদ ও শরণাগতি", সম্বন্ধে একটী বক্তৃতা প্রদান করেন। তৎপরে শ্রীপাদ শ্রৌতী মহারাজ ... একটি বক্তৃতা প্রদান করেন। অতঃপর কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়।

—————

চতুর্থ দিবস

গত ২৪শে ডিসেম্বর (১৯৩৭) ৯ই পৌষ শুক্রবার প্রাতে মঙ্গলারাত্রিকের পর কীর্ত্তন সহযোগে ভক্তগণ শ্রীশ্রীল প্রভুপাদের সমাধি মন্দির, শ্রীল পরমগুরুদেবের শ্রীমন্দির ও শ্রীচৈতন্যমঠের আচার্য্যচতুষ্টয় মন্দির ও শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীজীউর শ্রীমন্দির পরিক্রমান্তে শ্রীশ্রীল প্রভুপাদের সম্মুখে উপস্থিত হন। শ্রীপাদ নিতাইদাস ব্রহ্মচারীজী সমাধিস্তব কীর্ত্তন করেন। অতঃপর পরিক্রমাগণ সংকীর্ত্তন সহযোগে শ্রীবাসাঙ্গনে উপস্থিত হন। তথায় শ্রীপাদ নিতাইদাস প্রভু শ্রীমহাপ্রভুর পার্ষদ নিষ্কিঞ্চন ভক্তপ্রবর শ্রীবাসের মহিমা ও চরিত্র সম্বন্ধে একটী বক্তৃতা প্রদান করেন। অবধূতস্বামী শ্রীপাদ ভক্তি-বিচার যাযাবর মহারাজ তথায় "আর কি জীবন দশা পাবে হয়" এই মহাজনগীতটী কীর্ত্তন করেন। কীর্ত্তনান্তে পরিক্রমাগণ পুনরায় শ্রীচৈতন্যমঠে প্রত্যাবর্ত্তন করিলে সভার কার্য্য আরম্ভ হয়।

সভার প্রারম্ভে শ্রীপাদ অনুপম সেবা-বিলাস প্রভু 'শ্রীল প্রভুপাদ ও বিবিধ বৈষ্ণব' সম্বন্ধে একটী বক্তৃতা প্রদান করিলে পর মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু 'শ্রীল প্রভুপাদ ও সেবক-বাৎসল্য' বিষয়ে একটী গভীর গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করেন। অতঃপর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ 'শ্রীল প্রভুপাদ ও ব্রহ্ম-ব্যাস-মধ্ব-শ্রীরামানুজ, কৃষ্ণ-বিষ্ণুস্বামী, চতুঃসন নিম্বার্ক-সম্প্রদায় প্রভৃতি বিষয় অবলম্বনে একটী মৌলিকতাপূর্ণ অতি সুন্দর বক্তৃতা প্রদান করেন। ইহার পর বাগ্মীবর অধ্যাপক শ্রীযুক্ত ... দাসাধিকারী এম্ এ বি-এল্ মহোদয় 'শ্রীল প্রভুপাদ ও ভাবের বৈশিষ্ট্য' সম্বন্ধে এক তথ্যসমৃদ্ধ একটী উপদেশপূর্ণ বক্তৃতা প্রদান করেন। বক্তৃতান্তে শ্রীরাধা-রমণ ব্রহ্মচারীজী 'হরি হে দয়াল মোর জয় রাধানাথ' এই মহাজন পদটী কীর্ত্তন করিলে পর উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধা-গোবিন্দ ব্রহ্মচারী কাব্যব্যাকরণপুরাণতীর্থ মহোদয় মহামন্ত্র কীর্ত্তন করেন। অতঃপর ... শত শত ব্যক্তিকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

সরভোগে প্রচার

ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ গত ... ডিসেম্বর সন্ধ্যায় চক্‌বাজারে শ্রীযুক্ত ... বাবুর ভবনে শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করিয়াছেন। তাঁহার আদি ও অন্ত্য ... কীর্ত্তন করা হইয়াছিল। তৎপর দিবসও সভাতে স্বামীজী স্থানীয় ভক্তবৃন্দের সহিত বহুক্ষণ পর্য্যন্ত হরিকথা আলোচনা করিয়াছিলেন।

ভজ কৃষ্ণনাম যে নামের প্রভাবে। ... ? ... প্রভাবে।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১০ নারায়ণ, সর্ব্বদিন সর্ব্বশুভ গৌরাব্দ ৪৫১

নিষিদ্ধাচার

——::)·(:: ——

(ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর)

সম্যক্ গমন করার নাম আচার। যিনি সুষ্ঠুভাবে অনিন্দ্য আচরণশীল তিনি আচার্য্য। জীবে অসম্পূর্ণতাদোষ আছে বলিয়া তাহার আচরণ অসম্পূর্ণ। কর্ম্মী বা মুমুক্ষুগণ যে আচরণ করেন তাহা খণ্ডিত বা আংশিক বলিয়া সম্পূর্ণ নহে। সে জন্য তাহাদিগের আচরণ পূর্ণত্বের প্রাপ্ত হয় না। ভক্তিমার্গ আশ্রিত নিত্যমুক্ত পরমপূর্ণ পুরুষ ভগবানের সেবনপথে বিচরণ করেন বলিয়া তাহাতে কোন অসুবিধা বা অসম্যক্ আচরণ থাকিতে পারে না। জীবের স্বরূপগত নিত্যধর্ম্মে যে স্বাভাবিকতা-আচরণ বা বৃত্তি পাওয়া যায়, তাহাই অপরিবর্ত্তনীয় আচার। যে স্থলে বিষয় ষড়ৈশ্বর্য্য-পূর্ণ ভগবান্ অর্থাৎ অনন্তৈশ্বর্য্যপূর্ণ ভগবান্ এবং যেস্থলে অনন্ত ঐশ্বর্য্যের প্রাপ্য নিরবচ্ছিন্ন মাধুরীই বিষয়, সে স্থলে আচার্য্যের আচারে কোন প্রকার অসম্পূর্ণতা নাই। তাহাকে পরিবর্ত্তন, পরিবর্দ্ধন ও পরিবর্জ্জন করিতে হয় না, সেই আচার নিত্য; তাহাই সিদ্ধাচার।

যেখানে সিদ্ধের আচার নাই, বদ্ধ, দীন বা আচার নশ্বর বা অনিত্য, তাহাই নিষিদ্ধাচার। সিদ্ধ বলিতে যাঁহার পূর্ণতা পূর্ব্বেই লক্ষিত হইয়াছে, যাবতীয় অভাব বিদূরিত হইয়াছে এবং যিনি মায়িক বন্ধন হইতে মুক্ত হইয়াছেন, তিনিই সিদ্ধ। অসিদ্ধের আক্রমণে সিদ্ধ নিত্য স্থান হইতে বিচ্যুত হন না। তিনি অক্ষয় ধর্ম্মে অবস্থিত। অসিদ্ধগণই উচ্চ হইতে নিম্নে অধঃপতিত হন এবং পুনরায় উচ্চে আরোহণ করিবার যোগ্যতা লাভ করেন। যাঁহারা ধীর, শান্ত, অচঞ্চল, তাঁহারা কখনই বিপথগামী হইয়া নিম্ন লোকস্থ স্থানকে নিজ বাসস্থলী জ্ঞান করেন না। অভাবযুক্ত হৃদয়ের সঙ্গে ভ্রান্তিপথে ধাবন করিলে দরিদ্রতার আবাহন আবশ্যক। মূর্খের পণ্ডিত পণ্ডিতের সাংখ্য নিজ জ্ঞানের জন্য দম্ভ অর্থাৎ মূর্খতা বা জড়তার অনুশীলনফলে অচিৎ বস্তু সমগ্রভাবে জ্ঞানী অজ্ঞানে কর্দ্দমনিবিষ্ট হন এবং তাহার জ্ঞান আচ্ছাদিত-প্রায় হয়। তত্ত্বজ্ঞানে অবস্থান করিয়া অজ্ঞানীর অবস্থা নিরাস করিলে কখনই জ্ঞানীর পতন হয় না। জ্ঞানী যখন অজ্ঞানীর সঙ্গ করেন তখনই তাঁহার জ্ঞান আবৃত হইয়া অজ্ঞানরূপ ভূত স্কন্ধে চাপিয়া বসে, আবার বৈষ্ণবগুরুর চরণাশ্রয়ে সেই মুক্তপুরুষ জ্ঞানী ব্রহ্মচারী হইয়া ব্রহ্মজ্ঞ হন। ব্রহ্মচারী যোগবিচ্যুত হইলেই তাঁহার অযোগ্যতা ঘটে, যোগী সেবাবিচ্যুত হইলেই তাঁহার ব্রহ্মচর্য্য আচ্ছন্ন হইয়া পড়ে। ভগবৎসেবকই প্রকৃত যোগী এবং ব্রহ্মচারী। ব্রহ্মে বিচরণ করিতে করিতে ভক্ত বিমুখ হইলেই জীব মায়ার সঙ্গ করিতে আরম্ভ করেন অর্থাৎ বৈকুণ্ঠসেবা পরিত্যাগ করিয়া স্বস্থ সিদ্ধ জ্ঞানের অপব্যবহার করিতে গিয়া মায়িক বস্তুর ভোক্তৃঅভিমানে দৃষ্ট জগৎকে মাপিতে আরম্ভ করেন—ইহাই ব্রহ্মচর্য্য পরিত্যাগ করিয়া দুর্ভোগ গ্রহণ। ক্রমশঃ মানসিক প্রবৃত্তিক্রমে আত্মবিচাররহিত হইয়া অন্যের মায়াকে ব্রহ্ম বলিয়া বিবর্ত্তবাদী মায়ার বশীভূত হন। সেইকালে ভগবান্ বদ্ধ মুক্তাভিমানী জীবকে কেবলমাত্র মায়াবাদী করিয়া তুলে উহাই জীবের নিত্য নিষিদ্ধাচার।

পতিত যোগী যোগভ্রষ্ট হইয়া ব্রহ্মচর্য্য হইতে বিচ্যুত হন এবং মায়ার সংসার আবাহন করেন। সেই কালে কর্ম্মসংসার তাঁহার সম্মুখবর্ত্তী। কর্ম্মসংসারকেও মায়ার অধীন সংসারজ্ঞানে অবিদ্যাকে পরিবর্ত্তা বলিয়া নির্দ্দেশ করেন। জ্ঞানের সংসারের বিশেষরহিত প্রণবের অবস্থাকে ব্রহ্মের নিত্য স্থিতি বলিয়া ঘোর মায়াবাদে প্রবিষ্ট হন। যোগী যখন ব্রহ্মচর্য্যচ্যুত হইয়া মায়াকেই ব্রহ্ম ও বিশেষরহিত প্রণবের অবস্থাকেই মুক্তি বলিতে গিয়া স্বয়ং ব্রাহ্মণের অচিদংশকেই চিদ্বৃত্তিতে নির্দ্দেশ করিয়া ভ্রম করেন। পবিত্র নিত্যমুক্ত আত্মাই নিত্য বৃত্তিমান এবং ভোগময় রাজ্যে ভ্রমণকারী নহে জানিলেই স্বরূপোপলব্ধিক্রমে জীবের নিত্য-বৃত্তি ভক্তিতে নিত্য অবস্থিতি ঘটে। যে যোগবিদ্যার পরম পরাকাষ্ঠা ভক্তি নহে, সেই যোগ কখনই আচার বলিয়া পরিগণিত হইতে পারে না, যেহেতু তাহা অনিত্য নশ্বর ধর্ম্মে অবস্থিত। অবিমিশ্র শুদ্ধ আত্মার পরমাত্মভূমিতে বিচরণই মুক্ত পার্ষদের ভক্তিতে অবস্থান। সেকালে শুদ্ধ জীবাত্মার নিত্যবৃত্তি প্রেমা খণ্ড বস্তু নহে। অদ্বিতীয় ভগবানের হ্লাদিনীবৃত্তির সার-সমবেত প্রেমময়ী কৃষ্ণাহ্লাদিনীর অসমোর্দ্ধ বিচিত্রতাময়ী লীলাবিলাসের সমুজ্জ্বলিত বিচিত্রতা বা মাধুর্য্যই বাসস্থলী। সেই চিদ্ ব্রহ্মভক্তিযোগীর চিত্তোন্মাদকারী। সেই সদাচারগণের যে প্রকৃষ্ট উপায় শ্রীরাধা-গোবিন্দমিলিততনু শ্রীগৌরসুন্দর বৈষ্ণব-ব্রাহ্মণবেশে প্রকাশিত করিয়াছেন—যে আচার সেই শ্রীগৌরাঙ্গের নিজজনগণ সর্ব্বত্র জগতে নিজ নিজ আশ্রিত অনুগত সম্প্রদায়ের মধ্যে সম্পত্তিস্বরূপ প্রদান করিয়াছেন—সেই সম্পত্তি রক্ষা করিবার জন্য যদি কাহারও নিত্য রুচি জন্মে তাহা হইলে তিনি গৌরজনের কীর্ত্তিত নিষিদ্ধাচারবিষয়ক কীর্ত্তন শ্রবণ করুন। সেই মুক্ত বেণীতে নিমজ্জিত হইলে জীব স্বরূপের চরণাশ্রিত হইয়া আপনাকে প্রাচ্ছীনপুর ব্রজগৌড়ের অধিবাসী জানিয়া শ্রীগৌর-কথিত সিদ্ধাচারে নিত্যকাল অবস্থিত হউন। নিষিদ্ধাচার পরিহার করিলেই জীব ব্রহ্মচারী হইতে পারেন। ব্রহ্মচারী হইলেই অপরা বিদ্যার অনুশীলন পরিহারপূর্ব্বক ভগবানের সান্নিধ্য লাভ করিতে পারেন এবং সান্নিধ্যযোগ লাভ করিলেই স্বতঃসিদ্ধ ভক্তিবৃত্তি নিত্যকাল প্রকটিত হইবে, নতুবা ভ্রষ্ট হইয়া সমাবর্ত্তন-পূর্ব্বক সকাম ব্রাহ্মণরূপ ভক্তিযোগের প্রতিকূলধর্ম্মে অবস্থিতি ঘটিবে। কোথায় অশেষ যোগভ্রষ্ট ক্লেশপরিপূর্ণ নশ্বর সংসার হইতে কৃষ্ণপাদপদ্মসেবারূপ নিত্যমঙ্গল লাভ, আর কোথায় ভক্তিপথবিচ্যুত হইয়া অনাশ্রমধর্ম্মে অবস্থান পূর্ব্বক যোগভ্রষ্ট হইয়া ব্রহ্মচর্য্য হইতে পতন! কোথায় নিত্য সিদ্ধাচার—অনন্ত কল্যাণ, কোথায় নিষিদ্ধাচারে অনাদি পতন-যোগ্যতা! সমাবৃত্ত ব্রাহ্মণ জড়বৃদ্ধি-ভোগপর হইয়া ক্ষত্রিয়, তদাদি ত্রিবিধের বশবর্ত্তী হইয়া ভূমিজাত খণ্ডদ্রব্য-লোভে ত্রিবিধ-সন্তানপরস্তারূপ বৈশ্য এবং অন্ত্যবর্ণ শূদ্রাদি জীবনে কতই না ক্লেশ ভোগ করে। আবার এই ক্লেশকে বিপ্রলিপ্সা অবলম্বন পূর্ব্বক সমাধান করিতে পর্য্যন্ত দ্বিধা বোধ করে না। ভোগপর দ্বিজ দান করিতে করিতে বহুজীবের আর হরিসেবাবিষয়ক কিছুই ভাল লাগে না। কেবল আপনাপনি নিষিদ্ধাচারকেই সদাচার—সিদ্ধাচার বলিয়া মনে হয়। সুতরাং তাদৃশ মনের নিগ্রহ না করিতে পারিলে জীবের স্বতঃসিদ্ধ জ্ঞানে অবস্থান-রূপ শুদ্ধজীবের সেবাবৃত্তি নিরবচ্ছিন্নভাবে প্রকটিত হয় না। অভাবের রাজ্যে—মায়ার রাজ্যে ভ্রমণপরায়ণ পথিকের নিষিদ্ধাচার পরিহার করা কঠিন বলিয়া প্রথমেই মনে হইতে পারে, কিন্তু যত্নপূর্ব্বক প্রথমমুখে সিদ্ধাচারে অবস্থিত হইলেই নিষিদ্ধাচারপরতা উদ্দেশ্যের প্রতিকূল বলিয়া জগতে নিত্যস্থান লাভ করিবে।

শ্রীচৈতন্যসরস্বতী

(শ্রীল আচার্য্য-বিরহ-দিবসে লিখিত)

নম ওঁ বিষ্ণুপাদায় কৃষ্ণপ্রেষ্ঠায় ভূতলে।
শ্রীমতে ভক্তিসিদ্ধান্তসরস্বতীতি নামিনে॥
শ্রীবার্ষভানবীদেবীদয়িতায় কৃপাব্ধয়ে।
কৃষ্ণ-সম্বন্ধ-বিজ্ঞানদায়িনে প্রভবে নমঃ॥
মাধুর্য্যোজ্জ্বলপ্রেমাঢ্য-শ্রীরূপানুগভক্তিদ।
শ্রীগৌরকরুণাশক্তিবিগ্রহায় নমোঽস্তু তে॥
নমস্তে গৌরবাণীশ্রীমূর্ত্তয়ে দীনতারিণে।
রূপানুগবিরুদ্ধাপসিদ্ধান্তধ্বান্তহারিণে॥

বিশুদ্ধ প্রেমভক্তির মূল প্রস্রবণ হইতে শুদ্ধ-কৃষ্ণ-কীর্ত্তন-স্বার্থকপ্রণোদিত বিশ্ব-সৎসিদ্ধান্তামৃত-ধারার প্লাবন আনয়ন করিয়া—রূপানুগ ভক্তিবিনোদের নামপ্রেম-প্রচারের সুদৃঢ় ভিত্তির উপর গোলোকনাথের বিজয়বৈজয়ন্তী বিভূষিত মহাচিৎসম্মেলনের এক অপূর্ব্ব সৌধ প্রকটিত করিতে বর্ত্তমান-যুগে "উৎকলে পুরুষোত্তমাৎ" বাণীর সার্থকতা সম্পাদন করিয়া নীলাচলসিন্ধুতটে, নিত্য অজ ও অনাদিস্বরূপ শ্রীচৈতন্যসরস্বতীর আবির্ভাব হইয়াছিল। নিত্যসিদ্ধ আচার্য্যরূপে আবির্ভূত। এই শ্রীচৈতন্যবাণী, শ্রীচৈতন্য মনোঽভীষ্ট স্থাপন ও প্রচারমুখে পূর্ব্বাচার্য্য-গণের প্রচারবৈভব বিশেষভাবে প্রস্ফুটিত করাইয়াছেন। বস্তুতঃ চিদ্বিলাস শ্রীচৈতন্য-সরস্বতী ইহ জগতের চিন্ময়ীবিপুল শ্রী শ্রীরাধা-গোবিন্দকে এবং এই অপ্রাকৃত মিথুনের নিজ জন্য নিজ প্রেমভক্তিযোগ অকাতরে বিতরণ করিয়া "সর্ব্বত্র প্রচার হইবে মোর নাম" এই গৌরবাণীর মূর্ত্তবিগ্রহরূপে প্রকাশিত হইয়াছিলেন। সেই সচ্চিদানন্দবিগ্রহ গৌরবাণী বিশ্বের আবাল-বৃদ্ধ বনিতার নিকট ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্যাষ্টোত্তর-শতশ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ নামে পরিচিত হইয়াছিলেন। অতএব ক্ষুদ্র মক্ষিকা যেরূপ নীল মুখে মেরু ধারণ করিতে অসমর্থ, তদ্রূপ আমিও এই অনন্তচিদ্গুণবৈভবখনি শ্রীচৈতন্য-সরস্বতীর মহাবরিমারাশির কিয়দংশও বর্ণনা করিবার যোগ্য নহি। তথাপি তাঁহার অপ্রকটদিবসে তাঁহারই স্মৃতি হৃদয়ে ধারণ করিয়া আত্ম-শোধনার্থ শ্রৌতবাণীর যৎকিঞ্চিৎ অনুকীর্ত্তন করিতে প্রয়াস পাইতেছি।

শ্রীচৈতন্যসরস্বতীর সর্ব্বত্র নিত্যাবস্থিতি ভক্তগণ-বোধগম্য হইলেও তদীয় ইচ্ছাক্রমে তাঁহার প্রপঞ্চে প্রকটিত নিত্য সচ্চিদানন্দময় বিগ্রহ লোকলোচনের অন্তরালে অবস্থান করায় তিনি নিত্যলীলাপ্রবিষ্ট বলিয়া জগতে বিঘোষিত হইয়াছেন। বস্তুতঃ সূর্য্যের উদয়াস্তের ন্যায় শ্রীচৈতন্য-সরস্বতীর প্রকটাপ্রকট লীলামঞ্চের নিমিত্তই জগতের ভাগ্যে উদিত হইয়া থাকেন।

কৃষ্ণ তাঁরে দেন নিজ-চিত্তভক্তি বল। যারা অর্জ্জুন, হ্রাসে হইয়া দুর্ব্বল॥

শ্রীচৈতন্যবাণীই আমাদিগকে গুরুতত্ত্বের মর্ম্ম জানাইয়াছেন,—"শ্রীগুরুপাদপদ্ম, যা এক-জগদ্গুরুবাদ পরিহার ক'রে আম্নায়-পারম্পর্য্যাগত মহান্তগুরুবাদের সৌন্দর্য্য প্রদর্শন ক'রেছেন—বাস্তব স্বরূপ অপসারিত ক'রে রূপের ছায়া প্রদর্শন ক'রেছেন এবং বাক্যে, চিন্তায় ও আচরণে সেই বাক্যের সেবায় সহায়যোগ প্রদান ক'রেছেন সেই গুরুপাদপদ্মই আজ সভা-পতির আসন বিভূষিত করুন। সেই গুরুদেব আকার সভার সভাপতির পদে প্রতিষ্ঠিত হ'য়ে আমার বাক্যের নিয়ামক হউন, আপনারা সম্মুখে সভাপতির কাষ্ঠাসনটী শূন্য দেখছেন, কিন্তু প্রকৃত প্রস্তাবে এ আসন শূন্য নহে। শ্রীগুরুদেব কালবিধ্বংসী মঙ্গলাংশের শিরোমণি নহেন,—একথা শ্রীমদ্ভাগবতে স্বয়ং ভগবান্ আমা-দিগকে জানিয়েছেন—

"আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ।"

সর্ব্বতন্ত্রস্বতন্ত্র শ্রীগুরুদেব স্বেচ্ছাবশতঃ মহান্তগুরুরূপে কৃপাপূর্ব্বক আমাদের নয়ন-পথের পথিক হন। আবার স্বেচ্ছাক্রমে অপ্রকটলীলা প্রকাশ করেন। প্রকটাপ্রকট-ভেদে উভয় লীলাতেই তিনি নিত্য। সুতরাং তিনি সর্ব্বদাই আমাদের নিয়ামকরূপে অবস্থান ক'রে আমাদের বুদ্ধিবৃত্তি প্রেরণ ক'রছেন।" (গৌড়ীয়দর্শন ১—২ পৃষ্ঠা।)

অদ্য শ্রীচৈতন্যসরস্বতীর বিরহতিথিবাসর বিশ্বের দ্বারে অতিথি হইয়া নিখিল অনু-চেতনের আর্ত্তি-অজ্ঞান আকর্ষণ করিতেছেন এবং এই সুসেবা-তিথিবাসর শ্রীচৈতন্যবাণীর অন্তরঙ্গ সেবকবৃন্দের হৃদয়ে যে বিরহ-আর্ত্তির পঞ্চপ্রদীপ জ্বালিয়া দিতেছেন, সেই পবিত্র স্মৃতির অনুসরণে আজ ভারতের বিভিন্ন শুদ্ধভক্তসঙ্ঘারামে—তথা ভারতের বাহিরে সমস্ত শ্রীচৈতন্যবাণীপীঠে বিরহবিধুর ভক্তবৃন্দের কাতরকণ্ঠ হইতে যে অশ্রু ধ্বনি নিঃসৃত হইতেছে। শ্রীচৈতন্যসরস্বতীর বিরহ কাতর সেবকবৃন্দ অনুক্ষণ শ্রীচৈতন্যবাণী-শ্রবণ-কীর্ত্তনমুখে পূর্ণতম সেবার পরাকাষ্ঠা প্রদর্শন করিতেছেন; কিন্তু বিরহাস্ফূর্ত্তি-হীন এই বালবাধমের কোন যোগ্যতা না থাকায় আজ গোপিকাবৃন্দের শ্রীমুখোচ্চারিত ভাগবতীয় পদ্য আবৃত্তি করত শ্রীচৈতন্য-সরস্বতীর শ্রীপাদপদ্মে নমস্কার বিধানপূর্ব্বক তাঁহার অন্তরঙ্গ সেবকবৃন্দের কৃপা প্রার্থনা করিতেছি।

তব কথামৃতং তপ্তজীবনং কবিভিরীড়িতং
কল্মষাপহম্।
শ্রবণমঙ্গলং শ্রীমদাততম্ ভুবি গৃণন্তি যে
ভূরিদা জনাঃ।
(ভাঃ ১০।৩১।৯)

পরমারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদের অপ্রকট-বাসরে

—::(০)::—

বিলাপ-কুসুমাঞ্জলি

অশোক, অভয় যে পদ-পঙ্কজ নিখিল জীবলোক জীবাতু, প্রাণ-ধন,
মর্ত্ত্য ললাটে যে বরষ এল ফিরে নিত্য সে চরণ না করি' দরশন।
উর্দ্ধ সব লোক ভেদিয়া চিদাকাশে উঠিছে ভকতের কণ্ঠ-ঝঙ্কার,
ভুবনমোহন প্রভুর যশোগান অপার মধুর অবধি নাহি তার।
অযুত সেবাপ্রাণ জাগিয়া উঠে যদি রসনা কোটী কোটী চেতনা যদি পায়,
সে পদ-কমলের বিন্দু-নখশোভা কণ্ঠে তবু হায় কভু নাহি তায়।
তব রসনা এ, শ্রবণ সুবধির, জীবিত শবসম চিত্ত-হীন হায়।
ভকত-পদযুগে রহিত' দীনা আমি ঘৃণিত সেবাহীন বঞ্চিত অভাগ।
(প্রভু মোর) বিশ্বে বিতরিয়া করুণা-বারিধারা কৃষ্ণসেবাসুখ সবারে দিতে চান—
সুপ্ত চেতনেরে শকতি দিয়া দান শ্রবণ ভরি' যেন কৃষ্ণ-নাম-গান।
ভোগের পিপাসায় জগৎ-জীব ধায় ভোগের, খেলনায় করে যে কামনা,
ত্যাগের ছলনায় তুচ্ছ করি' তায় সকলি মিথ্যা উঠায় জল্পনা।
কৃষ্ণসেবা লাগি' সকল আর্তজনে করেন নিয়োজন—রচিছে ভোগী যত,
ভোগীরে ত্যাগী করি' জড়েতে উদাসীন শ্রীহরিসেবা-পথে করেন সদা রত।
সকল দান ভাবে প্রভুর অবশেষ দুঃখ' সেবা-সুখে ভকত যায় ভরি'
জানায়ে ত্যাগী সবে দিলেন বাধাসব, ত্যজিতে নাহি চায় সেবিছে চিত্ত ভরি।
মানব-সেবা যত করিয়া আলোড়ন রচনা ভোগে শত ভোগের উপচার,
কত না কৌশলে সকলে করি' যেন বিনোদবাণী-সেবা পূজার উপহার;
বিশ্বমানবের বুদ্ধি অগোচর জীবের শোচনীয় মায়ার অবদান,
মরুর মরীচিকা সমান জানি' তাহা সকল লোক করে তাহাতে অভিমান।
মায়ার অধীনের হরিয়া অন্তরে তাহারে অনায়াসে করেন ব্যবহার,
জানান জীবগণে বিশ্ব ভগবান পরমসুখময় কৃষ্ণ-সংসার,
সেবিয়া জড় আঁখি দ্রষ্টা-সাজে ঘোর কমল-নয়নের দৃষ্টে সবে হায়,
ভোক্তা অভিমান ছাড়িয়া জীবকুল ভোগ্য মাধবের জানয় আপনায়,
প্রতিটী তৃণলতা, আকাশ, প্রান্তর কৃষ্ণ-সেবা লাগি' বিশ্বমাঝে তায়,
বিশ্বম্ভর সদা পালিছে বিশ্বেরে পূর্ণ সত্তাই আপন বলিবার।
হরির নাম বিনা বিশ্বলোক মাঝে অর্থ সম্পদ নাহিক কিছু আর,
চেতন অচেতন যা কিছু দেখি সব সকলি উদ্দেশে কৃষ্ণনাম সার।
বিনোদবাণী সার জীবাতু সকলের হউক প্রচার বিশ্ব ব্যাপিয়,
প্রভুর ভক্তাশিস্ বিশ্বজন' পরে নিত্যকাল তরে পূর্ণ হ'য়ে রয়।
শ্রেষ্ঠ সেবা-সার বাণীর প্রচার করান দীন জীবে তাহাতে আহ্বান,
বাণীর সেবা ছাড়ি' জড়ের বপু-সেবা কেবল সুকপট জনের অভিমান।
রাধিকা-মাধবের শ্রবণ-মঙ্গল শ্রীধামবৃন্দাবন অতুল শৃঙ্গার;
বিপুল জীবতরে বিলাতে ঘরে ঘরে, আপনি দ্বারে দ্বারে করেন নামগান।
কপট মানসের অতীব সুকপট,—ছলনাহীন জন যদি বা কভু হয়,
চরণ পরসাদ পাইয়া অযাচিত সদাই সেবাসুখে মগ্ন হ'য়ে রয়।
তাঁহার মহিমা, করুণা অপার সকলি মানবের ধারণা-সীমাপার,
রাতুল পদযুগ নিখিল লোকপতি দীনের আশ্রয় নাহিক কিছু আর।
অন্ধ সেবাহীন অধম দুরাচার বিষয়কূপে পড়ি' কাটিছে ঘোর দিন,
দুষ্ট মনমাতঙ্গ অশেষ অপরাধ প্রভুর কীর্ত্তনে করিছে সেবাহীন।
নিখিল বৈষ্ণব ধ'রয়া পদযুগ মুখ্য দীন আমি কাকুতি করি মোর,
করুণা ঘনাধার লভিয়া কোন দিন সেবায় জীবন কভু কি হ'বে ভোর?

হে শ্রীচৈতন্যসরস্বতী! যাঁহারা এই পৃথিবীতে আপনার বিরহে তাপিত ব্যক্তি-গণের জীবাতুস্বরূপ, অপ্রাকৃত রসিকগণের আরাধ্য ও বিষয় ভব-দুঃখবিনাশক, বিষয়-তাপিতগণের কর্ণরসায়ন এবং সর্ব্বশক্তি-সমন্বিত আপনার কথামৃত বিস্তার করেন, তাঁহারাই সত্য সত্য বদান্যশিরোমণি।

বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো
নমো নমঃ।

—শ্রীপাদ রামগোবিন্দ বিতাবন

অনাথের বিলাপ

—::(০)::—

আজি কি সেই তিথি যে দিন মোরা সবে—
হারাইনু প্রাণারাধ্য প্রাণের দেবতা।
যে দিন গৌড়ীয়গগনে ভীষণ মেঘ
হইল উদয়, হইল আবৃত সব,
অন্ধকারময়, নাহি জ্ঞান দিশি দিশি;
নিত্যলীলা-প্রবেশের বাণী পশিয়াছে
কাণে, অশনি পতন-ভীতি তুচ্ছ তার
কাছে;—জীবন্ত সমাধি-গাত, মর্ম্মাহত,
বজ্রাহত, যুগপৎ হইল হৃদয়!
আবাল-বৃদ্ধ-পুরুষ আর পুর-নারী,
সবজন, দুর্জ্জন, কেউ পারে নাই—
পারে নাই করিতে অশ্রুসংবরণ, বীরতা,
স্থিরতা, গাম্ভীর্য্য লইল যেন বিদায়।
হায় হায় রব! উঠিল সবার মুখে,—
কে রহিবে ধৈর্য্য চোখে সে দৃশ্য দেখিয়া!
কে বলে কঠিন শৈল-শিলা! মিথ্যা কথা!
হৃদয় মম পাষাণাধিক সুকঠিন
জানি আমি, সে যেন কঠিনতর চিত্তেও
এ হেন আঘাতে লেগে গেছে শত দাগ;
মনে হয় এ জনমে কেন, বহু জন্ম
কেটে যদি যায়, নাহি পাই যদি মোর
প্রভু শ্রীভক্তিসিদ্ধান্ত-চরণাশ্রয়,
যেন জন্মজন্ম অনাথ আমি রব
পতিত হ'য়ে, পতিত বিশ্বে নিরাশ্রয়।
কোথা আছ প্রভো! অনাথের নাথ তুমি,
এ অন্ধ—এ অধম, জানে না গো
কোথা আছ তুমি, কোথা তব 'নিত্যলীলা'!
চির অন্ধ আমি ভব-অন্ধকূপে পড়ি'
হা হুতাশে করিতেছি কত আর্ত্তনাদ,
কেমনে ধ'রে পুনঃ তুলে লও পদতলে।
পাপবহুল এই বিশ্বের অন্তরে
প্রাণিতে উত্তপ্ত শোকে মূহ্যমান তাঁ'রা।
রক্ষাকর্ত্তা একমাত্র অভয় চরণ,—
আর তব মহোৎকীর্ত্তিপূরক যাঁহারা
কিছু মম হৃদে আর নাহি কোন বল
দুর্ব্বল—দুর্ব্বল হতাশ পরাণ।
তোমার কারুণ্যলীলা বুঝিবে এমন
শকতি ধ'রয়াছে কে? জানি না—জানি না
প্রভো! এক লীলায় কর তুমি কি অনন্ত
কার্য্য! বুঝিবার শক্তি দাও প্রভু তুমি,
তবে সে বরিবে মম মঙ্গল বিধান।
নিত্যলীলা প্রবেশিয়া নিত্যধামে থাকি'
দেখাইছ যাহা, যাহা তব অভিপ্রায়—
মোদের কল্যাণ লাগি' দাও প্রভো দাও,
সে শক্তি বল, যাহাতে বহিতে পারি তব
আশীর্ব্বাদ।
অনাথ কাঙ্গাল আমি, অতি নিরাশ্রয়,
(তব) একনিষ্ঠ সেবক-পদে মাগি'
সদাশ্রয়।

—শ্রীরাধাচরণ দাস

মায়াকে পিছনে রাখি কৃষ্ণ পানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ ও শ্রীমায়াপুর

প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান, শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল ও আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রথ প্রতিষ্ঠাকাল হইতে নদীয়া প্রকাশ মুদ্রাযন্ত্র আছে। রক্ষক - শ্রীমন্দির সম্বন্ধী সেবা বিভাগ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। শ্রীগৌড়ীয় মঠ শতবার্ষিকী ৪।১০ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমদ্ গৌড়ীয় পাঠ, পরীক্ষা, কর্ম্মচতুষ্টয়-সেবার শিক্ষা ও প্রচারাদি ও গ্রন্থের সম্যক আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্ম্মোনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠাচার্য্য শ্রীপাদ নবীনচন্দ্র দাস ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক —শ্রীমদ্ভক্তিপ্রদীপ ভাগবত মহারাজ

(৪) শ্রীবাস অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীবৃন্দাবনগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহ্নগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীঅখিলকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)

শ্রীবাসাম্বরের ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক —শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক - শ্রীমদ্গৌরশরণ ব্রহ্মচারী।

(১৪) সমুদ্রসেন গৌড়ীয়মঠালয়

রক্ষক শ্রীমধোর ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক - শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীরূপ চন্দ্র পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক - শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কৃষ্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ আচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক —শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীকুলেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চ'ব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ মঠাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক শ্রীমদ্ভক্তিকুসুম ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক —মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীমদ্ভক্তি অধিকারী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন মঠাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

ঘুমপাহাড়, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ বরিশাল, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক —শ্রীমহেশ্বরীপ্রসাদ বি এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক শ্রীপুরুষোত্তম ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৫২নং কালভৈরব, বেনারস সিটি

রক্ষক শ্রীসদানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ, পি)

রক্ষক— শ্রীমদাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক— শ্রীমদনলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) এজবাসানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গৌড়ীয়মঠপার্শ্বস্থ

রক্ষক —শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবৰ্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—পেশওয়ারী,

পোঃ জেলোয়াল, জেলা গুজরাট (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক— শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৮নং লরেন্স রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গ দেব ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণদাস বিল্ডিং বোম্বে

রক্ষক—শ্রীঅখিল ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ চক্রবর্ত্তী

ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী গৌড়ীয়মঠ

পোঃ কভূর, পশ্চিম গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগোপীনাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক —শ্রীগদাধর মঠাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিসৌরভ মঠাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁশবলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীবিলাস বিগ্রহ মঠাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিরুলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পোঃ অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীমদনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাড়ু (চাকদা

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক —শ্রীচৈতন্য মঠাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

কুমারহট্ট, পোঃ হালিসহর, (বালেশ্বর)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ভাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত
... ব্রহ্মচারী ভক্তিপ্রদীপ, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলকাতার বাজার দর

১৩ই ডিসেম্বর ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
দাদখানি	৬৷০
বাঁকা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
ধানকুলী	৫৷০
বালাম নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
[illegible] কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেগুন	৩৸৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
দেশোয়ারী	১০৲-১০৷০
ধানকুলী আতপ	৫৷০-৫৸৵
ঐ মাঝারি	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৵০

চিনির দর

কাশীর, টাইপ	১০৷৵০
[illegible] ১০০০ নং	১০৵০
[illegible] সাদা	৯৷০
[illegible]পুর সাদা	৮৷০—৯৵০
[illegible]পুর লাল	৭৸৵০—৮৲

সোনা-রূপার দর

প্রতি ভরি

সোনার বার	৩৩৷০
[illegible]	২২৲
চাঁদির বার	৫০৷০

পাটের দর

[illegible]—	৪০৸০
[illegible]—	৪০৸০
[illegible]—	৪১৷০
দার বন্ধের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

[illegible] ময়দা প্রতি মণ	৬৷০—৬৸৵০
[illegible] ঐ	৭৲—৭৵০
[illegible] ঐ	৫৸৵০—৫৸০
[illegible]	৭৲—৭৵০
টা (বি)	৫৸০—৫৸৵০
টা নং (২	৫৵০—৫৷৵০
টা (এল)	৫৲—৫৷০
টা (কে)	৪৸০—৪৸৵০
টা নং (অ)	৯৷০—২৷৵০
[illegible]	১৸৵০—১৸০
	১৸৵০—১৷৵০

ঘৃতের দর

৫৭৲
৫৭৲
৫০৲
৪৫৲
৩৪৷০

তার	৪৮৲।
কাবুলে	৩৬৲
[illegible]	৪১৸০
২৬ গেজ—	১৭৸০
প্যাঃ নটকা ২৪—৩০ গেজ	১০৲

লোহা ও হার্ডওয়ার

১৩ই ডিসেম্বর ৭।১২।৩৭

টাটার তৈয়ারী— [illegible]

লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)

মার্কা	৮৸৵০—৯৷০
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ	৯৲
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম)	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮৸০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷০—৯৸৵০

টাটা গ্যাঃ করগেট সিট।

২৪ গেজ—	১৪৲
২৬ গেজ—	১৬৸০
২৮ গেজ—	১৮৲
টাটা গ্যাঃ প্লেন সীট	১৮৵০
২৪ গেজ—	১৩৸৵০
২৬ গেজ—	১৩৷৵০
২৮ গেজ—	

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৫৲
পীস	৷৵৫—৸৵০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৷০
প্লেট কাটিং বা চিট কাটা মণ	৩৷০—৩৸০
পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৬৷০—৭৲ মণ
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, বোল্টু, পয়াবে	৮৸০—৯৷০

গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের

ওজ	৮৸০—১০৷০

ঝু: ইস্পাত আসল ২৫৲ নকল ২৩৷০

টকসের হাপর ৫৵০, গাটের হাপর ৬৷০

তুলার হাপর ৪৷০

গুড়ের দর

কলিকাতা ২৫শে জুন,

[illegible] সোনার কাইন	৫৪৲
[illegible] আমের [illegible]	৪০৲
করাচি সুরমির কাইন	৪০৲
[illegible]	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৫শে জুন,

প্রতি মণ

[illegible]	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	
১ই [illegible]	১৫৷০—১৭৷০
[illegible] নূতন পাটনাই	১৭৲ -১৮৷০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স লিঃ

৬-৫ জগন্নাথ ঘাট গোলাপটি, বড়বাজার

কলিকাতা



রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শান্তিপুর-রাণাঘাটে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—[illegible]	১৭—৩৮	১৯—৩৪
[illegible]	ছাঃ	৭—১৭,	১১—৩,	১৪—০	১৮—১,	২০—০৪
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৭৫	১১—১০,	১৪—১	১৮—১৩,	২০—১০

শান্তিপুর রাণাঘাট হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

[illegible] ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
[illegible]	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	[illegible]	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

[illegible] পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

[illegible]

, ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

[illegible]



প্রকা

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১॥০	১॥০	১৲
সিকিকলম	৫৲	৪৲	৪৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি	৩	৪॥০
" সিকি কলম	১২৲	১২৲
" অর্দ্ধকলম	২৪৲	১৮৲
" এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)		৯৲
ষাণ্মাসিক	"	৫৲
ত্রৈমাসিক	"	২৸০
মাসিক	"	১

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যা৷ ভিন্ন খরচ।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

"শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——::(০)::— —

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অভিনব জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পরবিদ্যাসমিতির সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, মহোদয় সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩১০নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—মায়াপুর

দৈনিক

নদীয়াপ্রকাশ
THE NADIA-PRAKASH

REG NO C 1844

[illegible]
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের [illegible]
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৩ই পৌষ, ১৩৪৪, ২৮শে ডিসেম্বর, ১৯৩৭, মঙ্গলবার [সংখ্যা ২৪৮]

বিবিধ সংবাদ

——(০(:০:)০)——

বিজ্ঞাপন

আগামী ১৯৩৮ সালের ফেব্রুয়ারী মাসের ৩রা তারিখ হইতে কৃষ্ণনগরে একটী কৃষি শিল্প ও স্বাস্থ্য-প্রদর্শনী হইবে এবং বাঙ্গালার আনীত দেশীয় সামগ্রী উক্ত প্রদর্শনীতে বিশেষ প্রশংসার যোগ্য বলিয়া বিবেচিত হইলে, তাহাদিগকে চক্র মাদলীর জন্য পুরস্কার দেওয়া হইবে। প্রদর্শনীতে আনীত বিভিন্ন দ্রব্যাদির বিক্রয়েরও যথেষ্ট সুবিধা ও সম্ভাবনা আছে। ইহার জন্য প্রদর্শনীর সেক্রেটারীর নিকট আগামী ৫ই জানুয়ারীর মধ্যে দরখাস্ত করিতে হইবে।

এস, এম, ষ্টুয়ার্ট
নদীয়ার কালেক্টর ও
প্রদর্শনী-কমিটির প্রেসিডেণ্ট।

মহাসমর বাধিবে কি না

সংবাদপত্রের প্রতিনিধি লর্ড লোথিয়ানের সহিত সাক্ষাৎ করিয়া ব্রিটিশ কমনওয়েলথ নিরাপদ কি না জিজ্ঞাসা করিলে তিনি বলেন, "আর একটা পৃথিবীব্যাপী সমর হইবে কি না তাহা কেহ বলিতে পারে না। তবে মহাসমর হইলে উহার পর জগতের অবস্থা আর বর্ত্তমানের মত থাকিবে না। গ্রেট ব্রিটেন এবং যুক্তরাষ্ট্রের শক্তি বর্দ্ধিত হইবে। অধুনা গ্রেটব্রিটেন জাপানের সহিত বিরোধী করিতেছে এবং জিব্রালটার, সুয়েজখাল, কেপটাউন এবং সিঙ্গাপুরে প্রতি বিশেষ দৃষ্টি দিতেছে। এগুলি কমনওয়েলথকে নিরাপদ রাখিবার পক্ষে অত্যন্ত আবশ্যক। যুক্তরাষ্ট্রের প্রশান্ত মহাসাগরে শক্তিবৃদ্ধি করিয়াছে, জগতের অন্যান্য অংশে ব্রিটেনের হস্তক্ষেপ করিবার শক্তি হ্রাস হইয়াছে এবং ব্রিটিশ কমনওয়েলথের নিরাপত্তার শক্তি বৃদ্ধি পাইতেছে বলিয়া আমার মনে হইতেছে।"

অর্থ হ্রাসের সমস্যার দ্বারাই আন্তর্জাতিক পরিস্থিতি যোগান হইয়াছে বলিয়া লর্ড লোথিয়ান মনে করেন। ইউরোপে একটা বড় যুদ্ধ বাধিবে বলিয়া তিনি ব্যক্তিগতভাবে মনে করেন না। তিনি বলেন, "জগতের প্রত্যেক সামরিক শক্তিই বড় যুদ্ধের ভয়ে ভীত। কোন জাতিই এই প্রকার যুদ্ধে জয়ী হইবে না এবং দীর্ঘকালব্যাপী যুদ্ধে প্রত্যেকেই ধ্বংস হইয়া যাইবে। এই সম্পর্কে একটা সামঞ্জস্য হইবে বলিয়া আমি মনে করি। আমি ইতঃপূর্ব্বেই সুদূর প্রাচ্যের অবস্থা সম্পর্কে বলিয়াছি। ইউরোপে জার্ম্মাণীর সামরিক শক্তি বৃদ্ধি পাইয়াছে। জার্ম্মাণ জাতির সীমা পর্য্যন্ত মধ্য ইউরোপের উপর [illegible] করিবে বলিয়া মনে হয়। ভূমধ্যসাগরের সমস্যার এখনও সমাধান করা যাইতে পারে। যদি জগতের সর্ব্বপ্রধান সাতটী রাষ্ট্র—যুক্তরাষ্ট্র, জাপান, রাশিয়া, জার্ম্মাণী, ইটালী, ফ্রান্স এবং ব্রিটিশ কমনওয়েলথের মধ্যে একটা মীমাংসা করা যায়, তবে জগতে শান্তি প্রতিষ্ঠিত হইতে পারে। এই শক্তির সামঞ্জস্য করিবার সময়টা অত্যন্ত সঙ্কটপূর্ণ, কারণ এই সময় একটা মূর্খ বা ধূর্ত্ত অথবা কোন একটা দুর্ঘটনাই একটা সঙ্কট সৃষ্টি করিতে পারে। যে সকল শক্তি যুদ্ধ চাহে না, তাহাদের পক্ষেও উহাকে সংযত করা শক্ত।"

বৃটিশ গায়নায় ভারতীয়দের বসতি

নিখিল ভারত বাংলা সম্মেলনের ষ্টাণ্ডিং কমিটির সদস্যা শ্রীযুক্তা উর্ম্মিলা দেবী লিখিয়াছেন:—

'বৃটিশ গায়নায় ভারতীয়দের বসতি সম্পর্কে একটী শতবার্ষিকী অনুষ্ঠানের আয়োজন করা হইয়াছে। ১৯৩৮ সালের ৫ই মে এই অনুষ্ঠান হইবে। বৃটিশ গায়না ইষ্ট ইণ্ডিয়া এসোসিয়েশান এই অনুষ্ঠানের ব্যবস্থা করিতেছেন। যদি কোন মহিলা এই অনুষ্ঠানে যোগদান করিতে চাহেন, ইষ্ট ইণ্ডিয়া এসোসিয়েশন তাঁহার সমস্ত ব্যবস্থা করিবেন; এই বিষয়ে কাহারও আগ্রহ থাকিলে, তিনি আমার নিকট লিখিতে পারেন।"

———

জাপানের নিকট ব্রিটিশের নোট

টোকিওস্থ ব্রিটিশ রাজদূত স্যার রবার্ট ক্রাগীকে বৃটিশ গবর্ণমেণ্ট প্রেরিত যে নোট জাপ সরকারের হস্তে অর্পণ করিতে বলা হইয়াছে তাহাতে দুইটী জাপানী মোটর বোট হংকংয়ের বন্দরে প্রবেশ করিয়া আন্তর্জাতিক বিধি ভঙ্গ করিয়াছিল বলিয়া অভিযোগ করা হইয়াছে। এই অভিযোগও করা হইয়াছে যে, একটী জাপানী ডেষ্ট্রয়ার হংকংয়ের সীমানার বহির্ভাগ হইতে হংকংএর পরিবাহী চীনা শুল্ক বিভাগের একটী জাহাজের উপর গোলা চালায়, পরে উক্ত ডেষ্ট্রয়ার হইতে উক্ত জাহাজটিকে টানিয়া নিবার জন্য হংকংএর পরিবাহী দুইটী মোটর বোট প্রেরিত হয়। চীনা শুল্ক বিভাগের জাহাজটী তীরের নিকটবর্ত্তী চড়ায় আটকাইয়া গিয়াছিল। অতঃপর উক্ত নোটে বলা হইয়াছে যে, এই ঘটনা সম্পর্কে জাপ সরকার ব্রিটিশ সরকারের সহিত একমত হইবেন বলিয়া ব্রিটিশ গবর্ণমেণ্ট বিশ্বাস করেন। অধিকন্তু উক্ত নোটে এই অনুরোধ করা হইয়াছে যে, হংকংএর সীমা সম্পর্কিত আন্তর্জাতিক বিধির মর্য্যাদা অক্ষুণ্ণ রাখার জন্য জাপ নৌবহরের প্রতি কড়া নির্দ্দেশ জারীর প্রতিশ্রুতি যেন ব্রিটেনকে দেওয়া হয়।

———

শুল্ক বিভাগের কর্ম্মচারিগণ কর্তৃক মাছধরা জাহাজ আটক

একটী জাপানী জাহাজ হইতে সন্দেহজনক বলিয়া কতকগুলি চিঠিপত্র পাওয়ায় এবং শুল্ক বিভাগের কর্ম্মচারিগণ একটী জাপানী মাছধরা জাহাজ আটক করায় মার্কিন সরকার প্রশান্ত মহাসাগরের সমগ্র উপকূলভাগে অধিকতর কড়া পাহারা দেওয়ার ব্যবস্থা করিবেন বলিয়া অনুমিত হয়। সানফ্রান্সিসকোতে 'তায়সা মারু' নামক একটী জাহাজে খানাতল্লাসীর ফলে উক্ত চিঠিগুলি পাওয়া যায়। মার্কিন ডেষ্ট্রয়ার সমূহ দক্ষিণ ক্যালিফোর্ণিয়ার সমুদ্রে জোর টহল দিতেছে। সান্‌ডিয়েগোতে কয়েকটী মাছধরা জাহাজের পরিদর্শন করিয়া তল্লাসী করা হয়।

প্রকাশ যে বৈদেশিক [illegible] প্রশান্ত মহাসাগরের উপকূল-ভাগস্থ বর্ত্তমান পরিস্থিতি ও উহার মানচিত্র গ্রহণ করিয়াছেন বলিয়া সংবাদ পাওয়ায় মেক্সিকো সরকার জাপানী মাছধরা জাহাজসমূহের উপর সতর্ক দৃষ্টি রাখিবার জন্য গানবোটসমূহকে আদেশ দিয়াছেন।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্, —সম্পূর্ণ ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৭৲
৩। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৪। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড -৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড —৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবদর্শন ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৮
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-আগমন ।০
১৯। তর্ক্কবিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-সারস্বত্তা ।৵০
২২ ভজন রহস্য
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) অবাঁধা) ২৲
২৬। গীতার কেবল বঙ্গ-ভাষা ।০
২৭। মুক্তিসংক্রান্ত গৌরাঙ্গভক্ত: (সানুবাদ) ২৲
২৮। প্রেমভক্তিসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ নির্ণয়-দর্পণ ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ⁄০
৪১। গীতাবলী ⁄০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ⁄০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄০
৪৫। নবদ্বীপশতক ⁄০
৪৬। অর্চ্চনকণ ⁄০
৪৭। সদাচারস্মৃতি: ⁄০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪৯। অর্চ্চনকণ ৫।০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়: ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। শুদ্ধভক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। আরতব ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণবিজয়
৫৯। শিক্ষাদর্পণ ৵০
৬০। সংস্কারদীপি ⁄০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসার: ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়: ।০
৬৩। সটীক শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়: ⁄০
৬৭। সারাংশদর্পণম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।
৬৯। এ ভিউ অব ওয়ার্ক স অব বোদিধ ।
৭০। নামভজন ⁄
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টোলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ⁄০
৭৬। দি ভাগবত
৭৭। ইরোটিক প্রিন্সিপল্ অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ডিমাই ভ্যাল) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী ⁄০
৮৪। শরণাগতি ⁄০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—একমাত্র শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। নদীয়াপ্রকাশ দৈনিক পত্র। ... সাপ্তাহিক পাক্ষিক। দৈনিকসংখ্যা শ্রীমায়াপুর হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ...।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ ... বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন চরিত্র
ইহাতে সঙ্কলিত করা
হইয়াছে।

—— :o: ——

নিখিলের শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে জগৎ মহাজনের
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথম খণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৬৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৫৲ টাকা।

১২শবর্ষ | ১ নারায়ণ, শ্রীগৌরাব্দ ৪৫১, ১১ই পৌষ | ১৩৪৪, ২৮শে ডিসেম্বর ইং ১৯৩৭, মঙ্গলবার | ২৭৮তম সংখ্যা

শ্রীচৈতন্যমঠে বিরহ-মহোৎসবে বিরাট সভা

বিরহস্মৃতি-সভার বিশেষ অধিবেশন

সভাপতি—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ

গত ২৪শে ডিসেম্বর (১৯৩৭) ৯ই পৌষ (১৩৪৪) শুক্রবার অপরাহ্নে শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীল প্রভুপাদের সমাধি-মন্দির-প্রাঙ্গণে সুবিস্তৃত চন্দ্রাতপতলে একটী বিরাট সম্মেলন-সভার অধিবেশন হয়। সভামধ্যে সুউচ্চ সিংহাসনোপরি বিবিধ সুগন্ধি পুষ্পস্তবক, পুষ্পমাল্য, বস্ত্র ও বৃক্ষশাখাদিদ্বারা সুসজ্জিত করিয়া শ্রীশ্রীল প্রভুপাদের আলেখ্যার্চ্চা সংস্থাপিত হইয়াছিলেন। কাশী হিন্দু বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতবিভাগের পরিচালক (Director) ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বৈষ্ণবদর্শনের বক্তা, মহামহোপাধ্যায় পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ মহোদয় এই বিরাট বিরহ-সভার সভাপতিত্ব করিয়াছিলেন। সভায় ভারতবর্ষের বিভিন্ন স্থানের বহু ভক্ত-সজ্জন, পণ্ডিত, ব্যবহারজীবী প্রভৃতি বিভিন্ন সম্প্রদায়ের বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

শ্রীগৌড়ীয়মঠের সেবকমণ্ডলীর পক্ষ হইতে শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ বি-এ মহোদয় সভাপতি মহোদয়কে কলিকাতা হইতে অভ্যর্থনা করিয়া আনাইয়াছিলেন। তিনি কৃষ্ণনগর হইয়া 'তথা' হইতে মোটরযোগে শ্রীধাম মায়াপুর অপরাহ্ণে ৩ ঘটিকায় শ্রীমায়াপুরে পৌঁছিয়া আসেন। কৃষ্ণনগর ষ্টেশনে তাঁহাকে পুষ্পমাল্যাদিদ্বারা সম্বর্দ্ধনা করা হইয়াছিল। সভাপতি মহোদয়ের সঙ্গে তাঁহার সুযোগ্য পুত্র হাইকোর্টের এ্যাড্‌ভোকেট শ্রীযুক্ত বটুকনাথ ভট্টাচার্য্য মহোদয়ও শ্রীধামে আগমন করিয়াছিলেন।

তর্কভূষণ মহোদয় শ্রীচৈতন্যমঠে উপস্থিত হইলে মঠের প্রবেশদ্বারে শ্রীগৌড়ীয়মিশনের জেনারেল সুপারিন্টেণ্ডেণ্ট উপদেশক পণ্ডিত শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী ভক্তিরত্ন মহোদয় এবং সমাধিপ্রাঙ্গণস্থিত বিরাট সভামণ্ডপের দ্বারদেশে পঞ্চতত্ত্বের অনুগ্রহপ্রাপ্ত এবং গৌড়ীয়সম্পাদকসঙ্ঘপতি মহামহোপদেশক পণ্ডিতপ্রবর শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু তাঁহাকে অভ্যর্থনা করিয়া লয়েন। গৌড়ীয়াচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীল অনন্ত বাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুর এবং তাঁর অন্যান্য বিশিষ্ট ভক্তবৃন্দের সহিত তাঁহার পরিচয় করাইয়া দেন। ঠাকুর ও কবিবিনোদ ইন্‌ষ্টিটিউটের প্রধান শিক্ষক শ্রীযুক্ত কিশোরীমোহন ভক্তিবান্ধব বি-এল্ মহোদয়ের প্রস্তাবে ও বগুড়ার এ্যাড্‌ভোকেট শ্রীযুক্ত গৌরাঙ্গনাথ সরকার এম্-এ, বি-এল্ মহোদয়ের সমর্থনে পণ্ডিতবর তর্কভূষণ মহোদয় সভাপতির আসন গ্রহণ করেন। শ্রীল আচার্য্যদেবের আসনও সভাপতির আসনের পার্শ্বে রচিত হইয়াছিল। শ্রীল আচার্য্যদেব আসন গ্রহণ করিলে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ শ্রীল আচার্য্যদেবের এবং শ্রীচৈতন্যমঠরক্ষক শ্রীপাদ নরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ প্রভু সভাপতি মহোদয়ের গলদেশে পুষ্পমাল্য বিভূষিত করেন। অতঃপর সভাপতি মহোদয়কে সরস্বতী বিদ্যাপীঠের ছাত্রগণের পক্ষ হইতে একটী সংস্কৃত এবং শ্রীচৈতন্যমঠের সেবকবৃন্দের পক্ষ হইতে একটী বাংলা এই দুইটী অভিনন্দন প্রদান করা হয়। শ্রীধাম মায়াপুর হাইস্কুলের প্রধান পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্য-পুরাণ-স্মৃতি-তীর্থ মহোদয় সংস্কৃত অভিনন্দনটি এবং বাগ্মীর ভাষায় শ্রীযুক্ত অপূর্ব্বরঞ্জন নাগ এম্-এ, বি-এল্ মহোদয় বাংলা অভিনন্দনটি পাঠ করিয়া সভাপতি মহোদয়কে প্রদান করেন।

সভাপতি মহোদয়ের আহ্বানে 'গৌড়ীয়' সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু "বিরহ" সম্বন্ধে একটী বক্তৃতা প্রদান করেন। বিদ্যাবিনোদ প্রভু বিপ্রলম্ভ-রসের যে গৌড়ীয়-বৈষ্ণবের বৈশিষ্ট্য, "হরে কৃষ্ণ" প্রভৃতি মহামন্ত্রের বিশিষ্টার্থ, মহাজনের রূপা ও বক্তা শ্রীগৌরসুন্দর, তাঁহাদের শ্রীল প্রভুপাদের প্রধান মনোহভীষ্ট, বিরহ আর কেন প্রবণযোগ্য নহে, প্রভুপাদের প্রচারবৈশিষ্ট্য প্রভৃতি বিভিন্ন বিষয় বর্ণনমুখে একটী হৃদয়গ্রাহী বক্তৃতা প্রদান করেন। অতঃপর সভাপতি মহোদয়ের ইচ্ছায় তর্কভূষণ মহোদয়ের সুযোগ্য পুত্র অধ্যাপক শ্রীযুক্ত বটুকনাথ ভট্টাচার্য্য মহাশয় একটী নাতিদীর্ঘ বক্তৃতায় মহাপ্রভুর আবির্ভাবস্থলীতে আসিবার জন্য দৈন্যমুখে অনেক আনন্দ জ্ঞাপন করিয়া এই জন্মস্থলীতে জনের জন্ম ও বাহ্য-জীবন আলোচনামুখে অনেক কথা বলেন। যোগপীঠে শ্রীমন্মহাপ্রভুর শ্রীমন্দিরের আলোকমালা দর্শনে তাঁহার নবদ্বীপে গোবিন্দজীর মন্দিরের চূড়ান্থিত আলোক-স্তম্ভের কথা বলিয়া তাহা পুনরুজ্জীবিত করিবার জন্য এই আবেগময়ী উক্তি প্রকাশ করেন।

শ্রীযুক্ত ভট্টাচার্য্য মহাশয়ের বক্তৃতার পর সভাপতি মহোদয় সংস্কৃত ভাষায় একটী বক্তৃতা প্রদান করেন।

সভাপতি মহোদয়ের অভিভাষণের পর শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু একটী নাতিদীর্ঘ বক্তৃতা প্রদানমুখে সভাপতি মহোদয়ের বৈষ্ণবতা, বৈষ্ণব-নিষ্ঠা ও আদরের কথা উল্লেখ করিয়া পুনঃ পুনঃ ধন্যবাদ জ্ঞাপন করেন।

অতঃপর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ "নমস্তে জগন্নাথ আনন্দ" এই মহাজনগীতিটী কীর্ত্তন করিলে শ্রীপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু পুনরায় সভাপতি মহোদয়ের অনুমতি লইয়া উপস্থিত শ্রীযুক্ত বটুকনাথ ভট্টাচার্য্য এ্যাড্‌ভোকেট, কলিকাতা হাইকোর্টের এটর্ণি মিঃ এস্, সি, সেন মহোদয় এবং সমাগত সুধীবৃন্দকে ধন্যবাদ প্রদান করেন। রাত্রি প্রায় ৯ ঘটিকায় সভা ভঙ্গ হয়।

কৃষ্ণনগর হইতে আসিবার সময়ে ... উক্ত অনুষ্ঠান হয় আজের প্রভাতে। ভক্তগণের উপর কৃপা করেন ভক্তগণে।

"যেরূপ সূর্য্য অতি বৃহদ্বস্তু হইলেও দূরে অবস্থিত বলিয়া আমাদের অক্ষিগোচর হন এবং আমরা তাঁহাকে আমাদের অপেক্ষা ছোটবস্তু বলিয়া দেখিতে পাই, তদ্রূপ কৃষ্ণের সহিত আমাদের সম্বন্ধস্থাপন অসম্ভব প্রতীয়মান হইলেও তিনি আমাদের অধিকারানুসারে দর্শন দান করেন।"

—পত্রাবলী ৩য় খণ্ড

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী
গোস্বামি ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১১ নারায়ণ [illegible] গৌরাব্দ ৪৪১

মুক্তি ও ভক্তি

অবিদ্যা নির্ম্মুক্ত হইয়া স্বরূপে অবস্থিতির নামই 'মুক্তি'।

"মুক্তির্হিত্বান্যথারূপং স্বরূপেণ ব্যবস্থিতিঃ"।

উহার পরাবস্থা - 'ভক্তি'। সর্ব্বোপাধি বিনির্ম্মুক্ত হইয়া ভগবানে ঐকান্তিক শরণগ্রহণ ও নিজ স্বরূপে অবস্থান পূর্ব্বক সর্ব্বেন্দ্রিয় দ্বারা সর্ব্বেন্দ্রিয়াধিপতি ভগবানের সেবা, তাহাই—'ভক্তি'। যে ভক্তিতে ভগবৎ-সেবাকাঙ্ক্ষা ব্যতীত অন্য অভিলাষ নাই - যাহা ভোগ বা মোক্ষ-পিপাসা নির্ম্মুক্ত, যাহাতে কেবল কৃষ্ণানুশীলন লক্ষিত হয়, তাহাই 'শুদ্ধা ভক্তি'।

যেমন কোন ব্যক্তির উদরে শূলবেদনা হইয়াছে, ঐ শূল বেদনা হইতে আরোগ্য লাভের অবস্থাকে 'মুক্তি'র সহিত তুলনা করা যাইতে পারে। আর রোগ নির্ম্মুক্ত হইয়া আবার স্বাভাবিকভাবে আহার, বিহার, ভাই, বন্ধু, পিতা, মাতা ও স্ত্রী-পুত্রাদির সহিত আলাপ ব্যবহার ও স্বচ্ছন্দে জীবনযাত্রা নির্ব্বাহ প্রভৃতিকে শুদ্ধ ভক্তির উপমা দেওয়া যায়। রোগ নির্ম্মুক্ত হওয়াই চরমফল হইতে পারে না। রোগ নির্ম্মুক্ত হইয়া অলস জীবন যাপন কিংবা অচেতন কাষ্ঠলোষ্ট্রাদির ন্যায় অবস্থান কখনও শ্লাঘ্য ব্যাপার নহে। কোন কোন অর্ব্বাচীন দুঃখযোগ হইতে চিরতরে মুক্ত হইবার জন্য আত্মহত্যা করিয়া থাকেন। কেবল মোক্ষকামী ব্যক্তিগণেরও সেইরূপ অবস্থা।

মুক্তি, ভুক্তি বাঞ্ছে যেই কাহাঁ
তোঁহার গতি।
স্থাবর দেহ, দেব-দেহ যৈছে অবস্থিতি॥
(চৈঃ চঃ)

'ভক্তি'-জীবাত্মার স্বাভাবিকী বৃত্তি; আর মুক্তি আত্মার জড় বা নিরপেক্ষভাব। শ্রুতি, স্মৃতি, পুরাণ, পঞ্চরাত্র নিখিলশাস্ত্রই সমস্বরে বলেন,—'ভক্তি ব্যতীত মুক্তি হয় না'। 'মুক্তি' ভক্তির মুখাপেক্ষিণী। কিন্তু 'ভক্তি' নিরপেক্ষা। শ্রুতি বলেন—"তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়"। অর্থাৎ হে ভগবন্! তোমাকে জানিয়াই জীব 'মৃত্যু' বা সংসার পার হইতে পারে, তদ্ব্যতীত সংসারোত্তরণের দ্বিতীয় পন্থা নাই। এরূপ 'জ্ঞান' ভগবজ্জ্ঞান বা ভক্তির অঙ্গ বলিয়া উহাও ভক্তি-স্বরূপ। কেবল-জ্ঞানে কখনও মুক্তি হয় না।

"ভক্তি বিনা কেবল জ্ঞানে মুক্তি নাহি হয়।"
কেবল জ্ঞান মুক্তি দিতে নারে
ভক্তি বিনে॥"
কৃষ্ণভক্তি হয় অভিধেয় প্রধান।
ভক্তিমুখ-নিরীক্ষক কর্ম্ম-যোগ-জ্ঞান॥
(চৈঃ চঃ)

অবিদ্যা বা মায়া হইতেই কৃষ্ণ বহির্ম্মুখতা-দোষ উপস্থিত হয়। কৃষ্ণোন্মুখ ভক্তি হইতে সেই মায়ামুক্ত হওয়া যায়। মুক্ত ব্যক্তির কৃত্য 'ভক্তি' যাজন। ভক্তিযাজনের পরিবর্ত্তে যদি মুক্তির জন্যই কেবল মুক্ত হয়, তবে উহা আত্মহত্যা বা ভগবদ্বিমুখের স্বরূপ।

"ভক্তিবাধা করে ভক্তিপথে মুক্তিফল।
ভগবদ্বিমুখের এই মত কেবল॥
কৃষ্ণের বিগ্রহ যেই সত্য নাহি মানে।
সেই নিন্দা যুদ্ধাদিক করে তাঁ'র সনে॥
সেই দুয়ের দণ্ড হয় ব্রহ্ম-সাযুজ্যমুক্তি।
তাই মুক্তিফল নহে, যেই করে ভক্তি॥
যদ্যপি মুক্তি হয়ে এই পঞ্চ প্রকার।
সালোক্য, সামীপ্য, সারূপ্য, সার্ষ্টি
সাযুজ্য আর॥
সালোক্যাদি চারি যদি হয় সেবাদ্বার।
তবু কদাচিৎ ভক্ত করে অঙ্গীকার॥
সাযুজ্য শুনিতে ভক্তের হয় ঘৃণা ভয়।
নরক বাঞ্ছয়ে তবু সাযুজ্য না লয়॥
ব্রহ্মে ঈশ্বরে সাযুজ্য দুইত প্রকার।
ব্রহ্মসাযুজ্য হইতে ঈশ্বর-সাযুজ্য ধিক্কার॥"
(চৈঃ চঃ)

কেবল মুক্তিকামীর মুক্তির আশা আকাশকুসুমের ন্যায় নিরর্থক। কিন্তু ভক্তগণের 'মুক্তি' করতলগতা।

ধর্ম্মার্থকামমোক্ষাখ্যাঃ পুরুষার্থা
দ্বিজোত্তমাঃ।
হরিভক্তিপরাধীনাঃ সম্পদ্যন্তে ন সংশয়ঃ॥
ধর্ম্মার্থকামৈঃ কিমতৈব মুক্তিস্তত্
করে স্থিতা
সমস্ত জগতাং মূলে যস্য ভক্তিঃ স্থিরা স্থিতি॥

মুক্তি ভক্তির কিঙ্করী। মুক্তি ভক্তের সেবা করিবার জন্য সর্ব্বদা প্রতীক্ষায় ও তাঁহার কৃপাদৃষ্টির জন্য লালায়িতা।

"ভক্তিস্ত্বয়ি স্থিরতরা ভগবন্ যদি স্যাদ্
দৈবেন নঃ ফলতি দিব্যকিশোরমূর্ত্তিঃ।
মুক্তিঃ স্বয়ং মুকুলিতাঞ্জলি সেবতেঽস্মান্
ধর্ম্মার্থকামগতয়ঃ সময়প্রতীক্ষাঃ॥"
(শ্রীকৃষ্ণকর্ণামৃত)

অর্থাৎ হে ভগবন্! তোমাতে যদি আমাদের ভক্তি স্থিরতরা থাকে, তাহা হইলে তোমার অপ্রাকৃত কিশোরমূর্ত্তি স্বভাবতঃই নিরন্তর আমায় প্রকাশিত হন। ধর্ম্ম ও মুক্তির প্রয়াসে কিছুই প্রয়োজন নাই, ভক্তি থাকিলে মুক্তি স্বভাবতঃই মুকুলিতাঞ্জলি হইয়া স্বয়ং আমাদিগকে অযাচক ভাবে যে অবিদ্যামোচন স্বরূপে সেবা করিতে থাকে। তজ্জন্যই চেষ্টার প্রয়োজন থাকে না। শ্রীমদ্ভাগবতে কপিলদেব বলেন,—

সালোক্যসার্ষ্টি-সামীপ্য সারূপ্যৈকত্বমপ্যুত
দীয়মানং ন গৃহ্ণন্তি বিনা মৎসেবনং জনাঃ
(ভাঃ ৩।২৯।১১)

ভগবদ্ভক্তগণকে সালোক্য, সার্ষ্টি, সামীপ্য, সারূপ্য বা সাযুজ্যরূপ মুক্তি প্রদান করিলেও তাঁহারা আমার (ভগবানের) সেবা ব্যতীত কিছুই গ্রহণ করেন না।

শ্রীমদ্ভাগবত আরও বলেন—
'হৃদ্বাগ্বপুর্ভির্বিদধন্নমস্তে
জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্॥'

অর্থাৎ যিনি কায়মনোবাক্যে শরণাগত হইয়া জীবনধারণ করেন, তিনি মুক্তিপদে দায়ভাক্ অর্থাৎ তাঁহার সম্বন্ধে অনায়াসে মুক্তিপদ লাভ হয়। অতএব প্রমাণিত হইল কেবলজ্ঞান কখনও মুক্তির কারণ নহে। ভক্তির আনুষঙ্গিক ও অবান্তর ফলই মুক্তি। মুক্ত ব্যক্তিই ভক্ত। তবে যে শাস্ত্রের কোন কোন স্থানে মোক্ষসুখের কথা দেখিতে পাওয়া যায়, তাহার কারণ কি? যদি এইরূপ পূর্ব্বপক্ষ হয়, উত্তরে সাধু বলেন,—শাস্ত্রের কোন কোন স্থানে যে মুক্তিসুখের প্রশংসা করিয়াছেন, ভক্তি উদৃশ মোক্ষসুখ হইতেও কোটি কোটি গুণ অধিক সুখময়ী, তাহাই বুঝাইবার জন্য। কারণ মোক্ষসুখবর্ণন ভিন্ন সাধারণ লোকের নিকট ভক্তিসুখ নিশ্চয় করিবার অন্য নিদর্শন নাই। সাধারণ লোক ত্রিতাপে তপ্ত। তাহারা ত্রিতাপ হইতে উদ্ধারলাভকেই তাহাদের আধ্যাত্মিক জ্ঞানে সর্ব্বশ্রেষ্ঠ বিবেচনা করিয়া থাকে। তাই, তাহাদের নিকট প্রথমে মোক্ষসুখের উৎকৃষ্ট সুখময়ত্ব বর্ণনা করিয়া যে শ্রেষ্ঠ ভক্তিসুখের কথা বলা হইয়াছে। সেইস্থানে মোক্ষসুখের শ্রেষ্ঠত্ব প্রতিপাদন উদ্দেশ্য নহে, পরন্তু তুলনা দ্বারা ভক্তিসুখেরই সর্ব্বশ্রেষ্ঠত্ব প্রতিপাদন উদ্দেশ্য। যেমন অত্যন্ত প্রাকৃত লোকের নিকট কর্ম্ম-শাস্ত্র স্বর্গের শ্রেষ্ঠতা বর্ণন করিয়াছেন, কিন্তু আবার নিবৃত্তিমূলক শাস্ত্রে স্বর্গের অনিত্যতা, পতনভয়, স্পর্দ্ধা, অসূয়া ইত্যাদি দোষের কথা উক্ত হইয়াছে। কিন্তু এইরূপ উক্ত হইলেও যেরূপ প্রাকৃত লোক স্বর্গের জন্যই লালায়িত হয় ও তৎপ্রাপ্তিকেই পরমপুরুষার্থ মনে করে, সেইরূপ মুমুক্ষুগণও মোক্ষকেই চরমপুরুষার্থ জানিয়া থাকে। বস্তুতঃ মুক্তি কখনও চরম ফল হইতে পারে না। রোগরূপ দুঃখের অভাব যেরূপ সুখ, তমোময়ী সুষুপ্তি দশাতে যে সুখ, সেইরূপ সুখই মোক্ষসুখ। যদি বল—"আমি সুখে নিদ্রা গিয়াছিলাম" সুষুপ্তির পর জাগ্রত হইলে কি জন্যই বা এইরূপ স্মৃতির উদয় হইয়া থাকে? উত্তর এই যে, উহা সুষুপ্তিকালীন সুখবোধের স্মরণ নহে, পরন্তু সুষুপ্তিকালে কোনরূপ স্বপ্ন, মনোরথ ও নিদ্রা বৈকল্যাদিরূপ দুঃখ ভোগ করিতে হয় নাই। ইহাই উক্ত বাক্য দ্বারা প্রতিপাদিত হইয়াছে। সংসার-দুঃখাভাবই মোক্ষ বলিয়া কথিত। বস্তুতঃ ঐ মোক্ষে কোন সুখ নাই। অনভিজ্ঞগণেরই তাহাতে রুচি। কারণ মোক্ষ অজ্ঞান-সম্ভব। সুতরাং বস্তুতঃ সত্তাও নাই। অজ্ঞানময় বন্ধনের যখন কোন সত্তাই নাই, তখন মোচনেরও সত্তাভাব। যথা—

অজ্ঞানসংজ্ঞৌ ভববন্ধমোক্ষৌ
দ্বৌ নাম নান্যৌ স্ত ঋতজ্ঞভাবাৎ।
(ভাঃ ১০।১৪।২৬)

অর্থাৎ লোকে অজ্ঞানতাপ্রযুক্তই 'সংসার-বন্ধন', 'সংসারমোচন' এই শব্দ প্রয়োগ করিয়া থাকে। কিন্তু তাহা প্রকৃত জ্ঞানগর্ভ হইতে পারে না। নিত্যমুক্ত জীবাত্মার 'বন্ধন' বা 'মুক্তি'রূপে কোন কথা হইতে পারে না। জীবাত্মার নিত্যাবৃত্তি অর্থাৎ ভগবদ্দাস্য স্বভাবকে আশ্রয় করাই আমাদের প্রয়োজন।

একবার মাত্র পরিহাস বা অবহেলায় অর্থাৎ অপরাধানপেক্ষ হইয়া সম্বন্ধজ্ঞানবিহীন ভগবন্নাম (নামাভাস) উচ্চারণ করিলে অনায়াসেই মোক্ষ লাভ হইতে পারে। মোক্ষ যে চরমফল নহে তৎপ্রমাণেও দেখিতে পাওয়া যায় যে, অজামিল ঐরূপ নামাভাসে মোক্ষ লাভ করিয়াও ভগবদ্ভজন করিয়াছিলেন এবং তৎফলে নারায়ণের সেবা প্রাপ্ত হইয়াছিলেন। সেবা বা ভক্তি জীবের নিত্য ধর্ম্ম, মুক্তি নিত্যধর্ম্ম নহে।

নৈয়ায়িকগণের মতে একবিংশতি প্রকার দুঃখধ্বংসরূপ—মোক্ষ, বৈদান্তিক-বেদান্ত-

এই ভাবে যেন নিত্য চিদ্ভক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হওয়া মুক্ত॥

হতে অবিদ্যা ও কর্মবন্ধন মোক্ষ, নির্বি-শেষবাদীর মতে স্বীয় ব্রহ্মস্বরূপপ্রাপ্তিই মোক্ষ স্বীকৃত হইয়াছে। কিন্তু শক্তিপরিণামবাদ শ্রীভগবচ্চরণারবিন্দ সাক্ষাৎ অনুভবরূপ সুখের তুলনায় 'মোক্ষসুখ' নাই বলিলেই হয়। শ্রীগীতা বলেন—

"ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমমৃতস্যাব্যয়স্য চ।"

অর্থাৎ আমিই অমৃত অব্যয়স্বরূপ ব্রহ্মের প্রতিষ্ঠা। এই প্রমাণ হইতে জানা যায় যে, ভগবচ্চরণারবিন্দ প্রভাবিস্তারকারী অপরাবীর এক অমৃত ও অব্যয় ব্রহ্মের প্রতিষ্ঠা অর্থাৎ আশ্রয়স্বরূপ, ভগবৎপাদপদ্ম-সেবায় আনন্দ লাভ হয়, প্রভাবাবীর ব্রহ্মের অনুভবে কদাচ সেই সুখ লব্ধ হইতে পারে না। কারণ ধর্ম্মীর অনুভবে যাহা লাভ হয়, একদেশ ধর্ম্মের অনুভবে তাহা কিছুতেই পাওয়া যাইতে পারে না। শ্রীকৃষ্ণপাদপদ্ম ধর্ম্মিগণের ন্যায় সুখরূপ ও সুখাধার; 'ব্রহ্ম' কেবল এই সুখমাত্র, কিন্তু সুখাধার নহেন।

ভক্তিসুখ পরম মহৎ হইয়াও প্রতি-মুহূর্তে নূতন হইতেও নূতন, মধুর হইতেও সুমধুর, অধিক হইতেও পরমাধিকরূপে অনুভূত হয়। কিন্তু ব্রহ্মসুখের তাদৃশ অনুভব হয় না। কারণ উহা সীমাবিশিষ্ট। যেমন স্বর্গকামিগণ স্বর্গের অসীম স্তব করেন, তদ্রূপ সংসারযন্ত্রণায় উদ্বিগ্নচিত্ত রসহীন মুক্তিপিপাসু ব্যক্তিগণ বহুপ্রকারে মোক্ষের স্তব করিয়া থাকেন। গো, ব্রাহ্মণ, বর্ণধর্ম্মী বৈষ্ণব সকলেও যে সাযুজ্য মোক্ষ লাভ করিয়া থাকেন, মোক্ষপর ব্যক্তিগণও যাহাদের নিন্দা করিয়া থাকেন, এতাদৃশ মুক্তিপদ প্রাপ্ত বস্তুকে কি প্রকারেই বা প্রশংসা করা যায়। মুক্তি হইতে ভক্তির শ্রেষ্ঠত্ব বিষয়ে বহু বহু পুরাবৃত্ত শ্রুত হয়। দ্বারকায় কোন এক ভগবদ্ভক্ত ব্রাহ্মণ বাস করিতেন। তাঁহার একে একে আটটী পুত্র ভূমিষ্ঠ হইবামাত্রই উহারা মৃত্যুমুখে পতিত হয়। ব্রাহ্মণ ঐ সকল মৃতপুত্রকে রাজদ্বারে নিক্ষেপ করিয়া রাজার নিন্দা করিতে থাকেন। কৃষ্ণসখা অর্জ্জুন, সখা শ্রীকৃষ্ণের নিন্দা শ্রবণে ক্ষুভিত হইয়া এবং ঐ ব্রাহ্মণকে 'ভগ্নভক্ত' জানিয়া ব্রাহ্মণের নবমপুত্রকে নিশ্চয়ই তিনি মৃত্যুমুখ হইতে উদ্ধার করিবেন, নচেৎ অগ্নিতে প্রবেশ করিয়া প্রাণত্যাগ করিবেন, এইরূপ প্রতিজ্ঞাসূচক আশ্বাসবাণী প্রদান করেন। ব্রাহ্মণের নবমপুত্র ভূমিষ্ঠ হইবামাত্রই অন্তর্হিত হইল। অর্জ্জুন অনেক অনুসন্ধানেও ঐ বালককে কোথায়ও না পাইয়া অবশেষে স্বীয় প্রতিজ্ঞা রক্ষার নিমিত্ত অগ্নিতে প্রবেশ করিতে উদ্যত হন। এ স্থলে ঐ ব্রাহ্মণও অর্জ্জুনের বহু নিন্দাবাদ করিতে থাকেন। ব্রাহ্মণের এইরূপ ভগবান্ ও ভগবদ্ভক্ত অর্জ্জুনের নিন্দাবাদ করিবার একটী গূঢ় উদ্দেশ্য ছিল। তাঁহার পুত্র মুক্তিপদ লাভ করিয়া ভূমাপুরুষের জ্যোতি-র্মধ্যে লীন হইয়াছিলেন। ভগবদ্ভক্ত ব্রাহ্মণ-পুত্রকে মুক্তিপদ হইতে রক্ষা করিবার জন্যই ঐরূপ ভগবান্ ও অর্জ্জুনের নিন্দা করিয়া-ছিলেন। এদিকে আবার ভগবান্ অর্জ্জুনের নিন্দা শ্রবণ করিতে না পারিয়া ও অর্জ্জুনকে অগ্নি-প্রবেশ হইতে রক্ষা করিবার জন্য তাহাকে লইয়া ভূমা-পুরুষের নিকট উপস্থিত হন। ভূমাপুরুষ নারায়ণের জ্যোতির্মধ্যেই সাযুজ্যের অধিকারী লয় প্রাপ্ত হয়। শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিবার জন্য ভূমাপুরুষ উক্ত ভগবদ্ভক্ত ব্রাহ্মণের পুত্রকে তথায় আনয়ন করিয়া-ছিলেন। লীলাকারের অভিলাষ পূর্ণ হইলে অর্থাৎ শ্রীকৃষ্ণের রূপ দর্শন করিলে তিনি উক্ত ব্রাহ্মণের পুত্রকে প্রত্যর্পণ করিলেন। ভগবান্ ব্রাহ্মণের পুত্রগণকে ভক্তিপথরূপ দ্বারকাপুরীতে প্রত্যানয়ন করিয়াছিলেন। ইহাতে ভগবদ্ভক্ত ব্রাহ্মণের মনস্তুষ্টি হইয়াছিল। এই ইতিহাস হইতে জানা যায় যে 'মুক্তি' পদবী হইতে 'ভক্তি'-পদবী কত শ্রেষ্ঠ ও নিত্যজনের বরণীয়। ঐ ভূমাপুরুষ শ্রীকৃষ্ণকে তৎপুরী পরিত্যাগকালে বলিয়াছিলেন; আপনি ব্রাহ্মণহিতৈষক, আপনার দর্শন নিমিত্ত বৈষ্ণবগণকে আমার নিকট প্রেরণ করুন।

শ্রীভগবান্ মহারাজ পৃথুকে পরমার্থরূপ বর গ্রহণ করিতে বলিলে পৃথু মহারাজ ভগবান্‌কে বলিয়াছেন,—"পিতা যেমন পুত্রকে অবরুদ্ধ হইয়া শ্রেষ্ঠ বর প্রদান করেন, তদ্রূপ আপনিও আমাকে সেইরূপ বর প্রদান করুন।' ভগবান্ তাঁহাকে,—'ময়ি ভক্তিরস্তু' অর্থাৎ আমাতে ভক্তি হউক এইরূপ বরপ্রদান করিয়াছিলেন। ইহা হইতেও বুঝা যায় যে, ভক্তিই সর্বশ্রেষ্ঠ বর। ভগবান্ মুক্তি দিলেও সহজে অন্যের প্রিয় বাঞ্ছিত ভক্তিকে তাহাকে দান করেন না।

সাধারণ প্রভু লক্ষ্য আর অদ্ভুত নাম, ও নীচ নাম যেরূপ অবান্তর ফলমাত্র সেইরূপ মোক্ষ, স্বাধ্যায়াদি, যোগসিদ্ধি জ্ঞানাদির অবান্তর ফলমাত্র। এ সকল প্রেমের বিরোধী জানিয়া ভক্তগণ তাহা গ্রহণ করেন না।

নারায়ণপর ভক্তগণ কোন বস্তু হইতেই ভীত নহেন। তাঁহারা স্বর্গ, মোক্ষ ও নরকে তুল্যার্থদর্শী, ভগবানের চাতুর্যক-মহিমাপ্রকাশিনী পরিবেশনকারী সংযমী ভক্তদের মধ্যে কেহ কেহ ভগবানের পাদপদ্মকে রসময় ও সম্ভুক্ত ন্যায় ভগবৎসান্নিধ্যে পরিত্যাগপ্রস্তুত হইয়া মুক্তি পর্যন্তও অঙ্গীকার করেন না।

পরীক্ষা

নিত্যলীলাপ্রবিষ্ট জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল প্রভুপাদ যেদিন হইতে জগজ্জীবের পরমমঙ্গলবিধানে আচার্য্যলীলা প্রকাশ করিয়া মহজগতে অমৃতের প্রস্রবণরূপ কৃষ্ণ-কীর্ত্তন আরম্ভ করিয়াছিলেন, তখন হইতেই বহু জীব তাঁহার বীর্য্যবতী হরিকীর্ত্তনে আকৃষ্ট হইয়া তাঁহার শ্রীচরণাশ্রিত সমুপস্থিত হইয়াছিলেন এবং সকলেই নিজ নিজ প্রবৃত্তি অনুযায়ী তাঁহার বাণী-সেবায় আত্মনিয়োগ করিতে প্রয়াস পাইয়াছিলেন। কিন্তু সকলেই যে তাহাতে সার্থকতা লাভ করিয়াছিলেন তাহা নহে। অন্তরের বশে কেহ কেহ অন্যাভিলাষ দ্বারা চালিত হইয়া নিজ অমঙ্গল আবাহন করিয়াছিলেন। অপর অনেকে সুকৃতিবলে সর্বতোভাবে শ্রীগুরুপাদপদ্মের অতুলনীয় অপ্রাকৃত সৌন্দর্য্যদর্শনে সেই রাতুল চরণ-সেবায় সর্ব্বাত্মসমর্পণ করিয়াছেন। তবে শ্রীগুরুদেবের প্রকটকালে তিনি নিরপেক্ষতার সহিত অনেক ব্যক্তিকে দিয়াও সেবাচেষ্টা বহু অসম্ভব সম্ভব করাইয়াছেন। তাহাতে অনেকে নিজ ক্ষুদ্র পাত্রতা ভুলিয়া অত্যন্ত হইয়া নিজ কর্তৃত্বাভিমানে অহঙ্কার-পুষ্ট হইয়া অমঙ্গল আবাহন করিয়াছেন। তাঁহাদের শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভুর সতর্কবাণী স্মরণ রাখা কর্ত্তব্য ছিল,—

'কাকেরে গরুড় করে ঐছে দয়াময়।'

পরন্তু শ্রীশ্রীল প্রভুপাদ আমাদের ন্যায় ক্ষুদ্র জীবের সামান্য সেবা-চেষ্টাকেও বহু-মানন করিয়াছেন এবং সেবোন্মুখ-প্রবৃত্তির প্রেরণা দানের উদ্দেশ্যে সামান্য সেবা দর্শনে উৎফুল্ল হইয়া সেই ক্ষুদ্র সেবাকেও ভূয়সী প্রশংসা করিয়াছেন। আমরা কিন্তু তাঁহার অন্তরের কথা অনুধাবন না করিতে পারিয়া নিজেরা বহু সেবা করিয়াছি, আমার ন্যায় সেবার পরাকাষ্ঠা আর কেহ দেখাইতে পারে নাই এবং গুরুদেব প্রদত্ত প্রশংসার certificate আমি নিজ নিজ বিপণীতে সাজাইয়া প্রতিষ্ঠা ও লোকসংগ্রহের চেষ্টায় রত হইতেছি। অপর পক্ষে অন্য একটী গুরুতর কথা আমরা ভুলিয়া গিয়াছি যে, অন্তর্যামী প্রভু আমাদের মূঢ়তা দেখিয়া আমাদের বাসনা-বাসনাদির অন্তর জানিয়া স্বীয় পাদপদ্মশোভা এবং তৎ সেবা সৌভাগ্য অনেককে প্রদান না করিয়া প্রতিষ্ঠা আদি দিয়া বঞ্চিত করিয়াছেন। তবে তাঁহার এই বঞ্চনাময়ী লীলার মধ্যেও গূঢ় করুণা লুক্কায়িত ছিল। তিনি আমাদিগকে পুনঃ পুনঃ সেবাসুযোগ দান করিয়া পরীক্ষা করিয়াছেন; আমরা সে সুযোগ গ্রহণ করি কি না? হয়তো বা কোন শুভক্ষণে আমরাও আমাদের ভুল বুঝিয়া সংশোধিত হইব এবং অন্যাভিলাষ ত্যাগ করিয়া তাঁহার পাদপদ্ম-শোভা দর্শন করিবার সৌভাগ্য লাভ করিব এবং সেই পাদপদ্ম-সেবাই যে জীবের নিত্য কল্যাণময়ী সত্যানন্দপ্রদ নিত্য বৃত্তি তাহা বুঝিতে পারিব।

এই সেবানন্দের নিকট অতিতুচ্ছ কর্মফলজনিত স্বর্গাদি সুখ, তুচ্ছ জ্ঞানিগণ-প্রাপ্য আত্মানন্দ বা যোগিগণের কৈবল্যাদি। এহেন সেবাসুখ-দানে সৌভাগ্যবন্ত করিবার পরমকৃপালু প্রভু তাঁহার নিজ জনগণকে বিপ্রলম্ভ সেবার অধিকতর সুযোগ দানে স্বীয় অপ্রকট-লীলা আবিষ্কার করিয়া নিত্যলীলায় প্রবেশ করিয়াছেন এবং পরীক্ষাও করিতেছেন যে সেই নিজ প্রিয় জনগণ আপাতক তথাকথিত বিপদ-আপদের মধ্যেও নিজজন শ্রীগুরুমুখবাণীর অপ্রতিহত সেবা করিতে পারে কি না,—বৈষ্ণব আচার 'অসৎসঙ্গত্যাগ' কায়মনোবাক্যে করিতে পারে কি না; তাহার মঠকোণ বা মঠাশ্রিত গ্রহণ করিয়াছে 'গৌড়ীয়মঠ' প্রণালীর দ্বারা তৈয়ারী গৃহ কি শুদ্ধভক্তিবাণীপ্রচারের উহার কোনটি রাখিয়াছে? শ্রীবিগ্রহ মুক্তি প্রচারের নিমিত্ত কাহারও বস্তু বিশেষ বা আছে 'ব্রজনন্দন'? 'কৃষ্ণ' কৃষ্ণকীর্ত্তনের সমাবেশ কি নিয়োজিত হইয়াছে বা আছে? তাহারা মহাপ্রসাদ ভোগী না প্রসাদাপমান কারী; শ্রীগুরুগৌরাঙ্গের বাণীপ্রচারকের ভাগ ত্যক্ত বলী সম্প্রদায়ের সাথে সংশ্লিষ্ট কথা। আত্মপ্রতিষ্ঠাকামী? আমাদের নিত্যকাল প্রবাহিত থাকবে 'কি' কি হবে? তাঁহার বিনোদ গৌর সরস্বতীর বাণী কীর্ত্তন অকৈতবে চলিবে, না তাহাতে আবিলতা প্রবেশ করিবে?

এইরূপ শত শত পরীক্ষার সম্মুখে আজ শ্রীগুরুদেবের আশ্রিত তাঁহারই একান্ত সেবকগণকে সম্মুখীন হইতে হইতেছে এবং আরও বহু পরীক্ষা তাঁহাতে সম্মুখীন হইতে পারে কিন্তু এ সব তাঁহার ইচ্ছায়, তাঁহার একান্ত শরণাগত ভক্তগণ জানেন, 'তাঁহারই অনন্ত কৃপায় আজ অবশেষে তাহা উত্তীর্ণ হইয়া যাইবেন। ইহারা নিত্য আশ্বাসিত 'ও জানেন যে তাহা কখনই নষ্ট হবে না। আপনারা পরমোৎসবের সহিত রূপানুগদের কথা প্রচার করুন" এইকে বরণ করিয়া, তাঁহারা সকল বাধা, সকল আপদ তুচ্ছ করিয়া সর্ব্বোপরি সেই বাণী জগতের নিকট প্রচার করিয়া গুরুপাদপদ্মের 'মনোভিষ্টকে' স্থাপন করিয়াছেন।

তাহাকে পিছনে রাখি কৃষ্ণ পাছে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ-প্রধান

প্রাচীন নবদ্বীপ, তান্তর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীব্রজপত্তন-ভবনে শ্রীচৈতন্যমঠ, গান্ধর্বিকা-গিরিধারী, শ্রীশ্রীরাধাকান্ত, শ্রীগৌর, গোপাল ও আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। তৎপ্রাচীন শুদ্ধ-ভক্তিপ্রচারকল্পে 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবা-বিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫, কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে স্থাপিত। প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রচারকচতুষ্টয়-বেদান্ত-শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাপ্তাহিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রোত্রিয় শ্রীপাদ সদাচরণ রায় ভক্তিবিবেক।

(৩) যোগপীঠ-শ্রীমায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক— শ্রীমদ্‌ 'কৃষ্ণদাস' ভাগবত মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক— শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক— শ্রীভগবান্‌দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিশ্বম্ভর ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীগোপালচন্দ্র ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীরূপবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীব্রজেন্দ্র ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক - শ্রীনাম ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

রাইটাঙ্গা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-কালাজ্বর [illegible] পল্লীবাসীর [illegible] একমাত্র উপায় [illegible] [illegible]। [illegible] এবং [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার [illegible] কিনা। [illegible] বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা

অথবা

[illegible]

'ঠাকুর ভক্তিবিনোদ'

—:●:—

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ ভক্তি-সদাচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির [illegible] জীবনচরিত এযাবৎকাল কোনও প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু এতদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের অনুকম্পায় [illegible] "গৌড়ীয়" সম্পাদক [illegible] শ্রীযুক্ত [illegible] কর্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী [illegible] প্রকাশিত করিয়াছে। এতে [illegible] ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবেশিত হইয়াছে। [illegible] ১১৪ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র দশ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

[illegible] গ্রন্থ [illegible]

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

—:●:—

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দিনের জন্য	পরবর্তী দিনের জন্য
প্রতিপংক্তি প্রতি লাইনে	।০	।৵০	।৵০	।০
" ইঞ্চি	২৲	১৷০	১৷০	১৲
সিকিকলম	৫৲	৪৲	৪৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬
" সিকি কলম ১০৲
" অর্দ্ধকলম ২৪৲
" এক কলম ৩৬৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)
ষাণ্মাসিক "
ত্রৈমাসিক "
মাসিক "
প্রতি সংখ্যা [illegible]; বিশেষ সংখ্যা [illegible]।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের [illegible] প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত [illegible] শ্রীপাদ [illegible] সম্পাদক [illegible] কর্তৃক সম্পাদিত [illegible] এবং [illegible] লেখনীর অমৃত ফল আস্বাদন করিবো [illegible] দর্শন এবং [illegible] ভগবানের [illegible]। এই [illegible] অভিনব ও আদ্যন্তহীন গ্রন্থ [illegible] চিত্র সম্বলিত। [illegible] [illegible] তুলনা-মূলক শ্রীমদ্ভাগবত [illegible] সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই [illegible] পৃষ্ঠা ব্যাপী। শ্রীবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), [illegible] গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় তালিকা (Contents) ও [illegible] শব্দার্থ [illegible] (Index Glossary) সহ [illegible] প্রকাশিত। ভিক্ষা—১২৲ [illegible] টাকা। প্রাপ্তিস্থান—[illegible] গৌড়ীয়মঠ, [illegible]; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

।—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ প্রেমভক্তসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে

যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

—:○:—

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১৬।এবং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

শ্রীধাম শ্রীমায়াপুর
শ্রীনবদ্বীপধাম—'ঈশোদ্যান'—শ্রীমায়াপুর
শ্রীধামপ্রচারপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKAS

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সার্ব্বত্রিক সংবাদ-প্রচারক নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৫ই পৌষ, ১৩৪৪, ৩০শে ডিসেম্বর, ১৯৩৭, বৃহস্পতিবার [সংখ্যা ২৫০]

বিবিধ সংবাদ

——(৩০।১২।৩৭)——

নিখিল ভারত শিক্ষা-সম্মেলন

নিখিল ভারত শিক্ষা সম্মেলনীর অভ্যর্থনা সমিতির সম্পাদক জানাইতেছেন যে, যাঁহারা এতাবৎকাল অভ্যর্থনা সমিতির সভ্য হন নাই, অথবা কোনও প্রতিষ্ঠানের প্রতিনিধি-রূপে সম্মিলনীতে যোগ দিতেছেন না, তাঁহারা দর্শক হিসাবে সম্মিলনীর সভাতে উপস্থিত হইতে পারেন। দর্শকগণের প্রবেশপত্রের মূল্য দুই টাকা মাত্র। ২৮শে ডিসেম্বর সকাল হইতে বিদ্যাসাগর কলেজে অভ্যর্থনা সমিতির অফিসে প্রবেশপত্র পাওয়া যাইবে।

অভ্যর্থনা সমিতির সভ্যগণকেও অনুরোধ করা যাইতেছে যে, তাঁহারা যেন অনুগ্রহ করিয়া সমিতির অফিস হইতে তাঁহাদের ব্যাজ ও কাগজপত্র লইয়া যান।

মেট্রোপলিটন বিদ্যালয়-গৃহে একটি মেডিক্যাল ক্যাম্প খোলা হইয়াছে। একজন ডাক্তার তাঁহার সহযোগিগণসহ উক্ত ক্যাম্পে সকাল ৯টা হইতে ১২টা ও বিকাল ৩টা হইতে ৭টা পর্য্যন্ত উপস্থিত থাকিবেন। সাধারণ অসুখের চিকিৎসার জন্য ঔষধ পত্রের ব্যবস্থা করা হইয়াছে।

প্রদর্শনী-প্রাঙ্গণে ৩ মিনিট হল দুইটি প্রাথমিক চিকিৎসা-কেন্দ্র খোলা হইয়াছে। মেডিক্যাল কোরাম্বুলেন্স ও সেন্ট জন এ্যাম্বুলেন্সের সভ্যগণ তথায় উপস্থিত থাকিবেন।

লেডী ডাক্তার প্রত্যহ ৮টা হইতে ৯টার মধ্যে মহিলাদের বাসস্থান পরিদর্শন করিবেন।

বিহারের অর্থ-সচিব আহত

গত ২৪শে ডিসেম্বর রাত্রি ৮৷৹ ঘটিকায় পাটনা হইতে আট মাইল দূরবর্তী দানাপুর নগরে একটি মোটর দুর্ঘটনার ফলে বিহারের অর্থসচিব শ্রীযুক্ত অনুগ্রহনারায়ণ সিং আহত হইয়াছেন। শ্রীযুক্ত সিং গয়া জেলায় পরিভ্রমণ করিতেছিলেন।

মাননীয় অর্থসচিব মাথায় বুকে ও পায়ে আঘাত পাইয়াছেন। শ্রীযুক্ত অনুগ্রহনারায়ণ সিং শ্রীযুক্ত ত্রিপাঠী নামক জনৈক সাংবাদিক মোটর চালকের পার্শ্বে উপবিষ্ট ছিলেন। তিনিও গুরুতররূপে আহত হন এবং দুর্ঘটনার দুই ঘণ্টা পরে মৃত্যুমুখে পতিত হইয়াছেন।

— —

নিখিল বঙ্গ মিউনিসিপ্যাল কর্ম্মচারী সম্মেলন

গত শনিবার বেলা ২ ঘটিকার সময় হাওড়া টাউনহলে নিখিলবঙ্গ মিউনিসিপ্যাল কর্ম্মচারী সমিতির দ্বিতীয় অধিবেশন আরম্ভ হয়। অধিবেশনে বহু সংখ্যক প্রতিনিধি ও দর্শক উপস্থিত ছিলেন। মৌলবী তামিজুদ্দিন খাঁ এম, এল, এ, সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন।

ঢাকা, ফরিদপুর, বর্দ্ধমান, ২৪পরগণা, হুগলী, মুর্শিদাবাদ, খুলনা, চট্টগ্রাম, বাখরগঞ্জ, নদীয়া, পাবনা, মেদিনীপুর, জলপাইগুড়ি, রাজসাহী, এবং বাঙ্গলার অন্যান্য স্থানের ৮৬টি মিউনিসিপ্যালিটি হইতে প্রতিনিধি এই অধিবেশনে যোগদান করিয়াছিলেন।

উপস্থিত ব্যক্তিগণের মধ্যে নিম্নলিখিত ভদ্রমহোদয়গণ বিশেষ উল্লেখযোগ্য :—

শ্রীযুক্ত ডা, এইচ এন, কে মুখার্জ্জী, সন্তোষকুমার বসু, বি, [illegible], নরেন্দ্রনাথ গাঙ্গুলী, শিবনাথ ব্যানার্জ্জী, বীরেন রায়, সুশীল ঘোষ, পি, সেন, মনোমোহন ভট্টাচার্য্য, শৈলেন মুখার্জ্জী, নলিনচন্দ্র কর, বীরেন্দ্রমোহন সেন, ক্যাপ্টেন এম, কে, বসু, লেঃ ক্যাপ্টেন এস, কে ব্যানার্জ্জী, কে, এন, মিত্র এবং প্রভাস ব্যানার্জ্জী।

মাদ্রাজের শিল্প বিভাগ

১৯৩৭ সালের ৩১শে মার্চ্চ যে বর্ষ শেষ হইয়াছে তৎসম্পর্কে মাদ্রাজের শিল্প বিভাগীয় ডিরেক্টর নিম্নলিখিত রিপোর্ট প্রকাশ করিয়াছেন :—

১৯০২ সালের শিল্প উন্নয়নে সরকারী সাহায্য সংক্রান্ত আইনে মাদ্রাজে শিল্পের বিশেষ উন্নতি হয় নাই। আলোচ্য বর্ষে ইহার যে সংশোধন করা হইয়াছে, তাহাতে প্রয়োজন হইলে পুরাতন অথবা নবপ্রতিষ্ঠিত শিল্পগুলিরও উন্নতি করা সম্ভব হইবে।

মিহুরে শিল্প উন্নয়ন ব্যবস্থা প্রবর্ত্তন, বিবিধ উন্নয়নমূলক কার্য্যের জন্য ৫০ লক্ষ টাকা মূলধন লইয়া মিহুর রাসায়নিক ও শিল্প সম্বন্ধীয় কর্পোরেশন গঠন এবং মেসার্স ভক্তি এ ব্রেড্‌লেস এণ্ড কোংএর পরিচালনাধীনে সূতাকাটা প্রভৃতির নিমিত্ত ২০ লক্ষ টাকা মূলধন লইয়া একটি মিল স্থাপনে আলোচ্যবর্ষে শিল্পবিষয়ে কিছু উন্নতি হইয়াছে। উক্ত প্রতিষ্ঠানের সাহায্যে কার্য্য আরম্ভ করিবার নিমিত্ত আয়োজন চলিতেছে।

কুটীর শিল্প

পূর্ব্বে 'কুটীর-শিল্প' বলিতে শ্রমিকগণ স্ব-স্ব গৃহে নিজেদের লাভের নিমিত্ত যে কার্য্য করিত তাহাই বুঝাইত। কিন্তু মধ্যস্থ লোকেরা স্বয়ং বহন্তে যে কার্য্য করে, তাহাও বর্ত্তমানে কুটীর-শিল্পের অন্তর্ভুক্ত করা হইয়াছে এবং যে সমস্ত কুটীরাশ্রমে মধ্যবিত্তগণ অগ্রবিত্ত লাভবান হন, সেগুলিকেও ঋণ-দানের ব্যবস্থা করা হইতেছে। এই সব সুবিধার ব্যবস্থা করা সত্ত্বেও কুটীর-শিল্পীগণের নিকট হইতে অর্থের নিমিত্ত আবেদন পাওয়া যাইতেছে না। পল্লীশিল্পসমূহকে অর্থদানের নিমিত্ত পূর্ব্বোক্ত আইনের অধিকতর সংশোধন করা হইয়াছে।

এই প্রদেশের ব্যবসা বিষয়ে ডিরেক্টরের মাসিক রিপোর্ট এবং বিভিন্ন ব্যবসায়কেন্দ্রে সোমবারে জিনিষপত্রের পাইকারী দর সম্পর্কে বিবৃতি সংবাদপত্র মারফৎ প্রকাশ হওয়ায় শিল্পবিভাগ ও জনসাধারণের মধ্যে নিকটতর সংযোগ স্থাপিত হইয়াছে

যুক্তপ্রদেশ পরিষদের কংগ্রেসী দলের বৈঠক

যুক্তপ্রদেশ পরিষদের আগামী অধিবেশন সংক্রান্ত কর্ম্মসূচী আলোচনার্থ আগামী ১৫ই জানুয়ারী লক্ষ্ণৌ সহরে যুক্তপ্রদেশ পরিষদের কংগ্রেসীদলের এক সভা হইবে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। অন্যান্য আলোচ্য বিষয়ের সঙ্গে অবৈতনিক ম্যাজিষ্ট্রেট ও অবৈতনিক কলেক্টর নিযুক্ত করিবার প্রশ্নও বিবেচনা করা হইবে। অবৈতনিক ম্যাজিষ্ট্রেট ও বেতনভোগী ম্যাজিষ্ট্রেটগণের স্ব স্ব কর্ত্তব্য কর্ম্ম বণ্টন করিয়া দিবার জন্য কর্ত্তৃপক্ষ জেলা ম্যাজিষ্ট্রেটদিগকে নির্দ্দেশ দিয়াছেন বলিয়া প্রকাশ।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ — ৯৲
২। অনুভাষ্য সহিত শ্রীচৈতন্যচরিতামৃত (অবাঁধা) ৭৲
অনুভাষ্য শ্রীচৈতন্যভাগবত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৵০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০ ৪র্থ খণ্ড—৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড-
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা সংস্কার দীপিকা ১।০
৯। জৈবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে [illegible] তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। দ্বাদশ-আলবর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-[illegible] ।৵০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /০
। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্থপঞ্চক /০
৪৭ সদাচারস্মৃতিঃ /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ ৶১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸
৫৪। পুরুষার্থ নির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। [illegible] ও ভক্তিগণ ৵০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।।০
৫৮। [illegible] ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০ সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। [illegible] ।০
৬৪। তত্ত্বসূত্রম্
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ /০
৬৭। সারার্থবর্ণনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০ [illegible]
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টোলজী ১৲
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভল্যুম ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া.
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—[illegible] ইংরেজী পাক্ষিক, পরে মাসিকভাবে প্রকাশিত হয়। সডাক [illegible] ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় [illegible] শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৭৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত [illegible] পাক্ষিক। বৈদ্যবাটী [illegible] হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ৷০

৪। পরমার্থী [illegible] বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ [illegible] বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্য-শিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণপর জীবন-চরিত
ইহাতে উৎকীর্ত্তিত করা
হইয়াছে।

—— ০ ——

নিষ্কপট তত্ত্বানুসন্ধিৎসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-দর্শনের পথপ্রদর্শক রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উৎকৃষ্টরূপে
মুদ্রিত। ৬৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

১৩ বর্ষ শ্রীগৌরাব্দ ৪৫১ ১৫ই পৌষ বঙ্গাব্দ ১৩৪৪, বুধবার ডিসেম্বর ২৯ ১৯৩৭ খৃঃ ... ১৩০-৬৪ সংখ্যা

শ্রেষ্ঠাৰ্য্য শ্রীল ভক্তি-বিজয় প্রভু

——::(●)::——

শ্রীল প্রভুপাদের সমাধি-মন্দির নির্মাণে কৃতসঙ্কল্প

শ্রীগৌড়ীয়বৈষ্ণবাচাৰ্য্যবর্য্য গৌর-নিজজন পরমারাধ্য নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের পরম প্রিয় স্থান শ্রীধাম মায়াপুর। প্রভুপ্রিয় এই শ্রীধামের একনিষ্ঠ সেবক—শ্রেষ্ঠাৰ্য্য শ্রীযুক্ত সখীচরণ রায় ভক্তিবিজয় প্রভু। তিনি শ্রীচৈতন্যমঠে শ্রীগুরুদেবের ভজনস্থলী 'শ্রীভক্তিবিজয় ভবন' নির্মাণ করিয়া শ্রীগুরু বৈষ্ণবগণের পরম প্রীতির পাত্র হইয়াছেন। শুধু তাহাই নহে, তিনি শ্রীগুরুগৌরাঙ্গের শ্রীমন্দির ও সেবকগণের বাসস্থান বিদ্যালোকের ব্যবস্থাও করিয়াছেন। সম্প্রতি তিনি শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থলী শ্রীযোগপীঠে এক রত্নবেদী শ্রীমন্দির নির্মাণ করিয়া উহাও অপ্রতির কৃতিত্বালোকে উদ্ভাসিত করিয়া শ্রীল প্রভুপাদ, শ্রীমন্মহাপ্রভুর ও শ্রীধামগ্রীতির পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছেন।

যাঁহার শ্রীমন্দির ও শ্রীধামপ্রীতি দর্শন করিয়া শ্রীল প্রভুপাদ কতই না আনন্দ প্রকাশ করিয়াছেন—যাঁহার ধামসেবায় পরম প্রীত হইয়া শ্রীল প্রভুপাদ তাঁহাকে শ্রীভক্তিবিনোদ-গোস্বামী বলিয়া স্বীকার করিয়াছেন, সেই শ্রেষ্ঠাৰ্য্য শ্রীল সখীচরণ রায় ভক্তিবিজয় প্রভু শ্রীল প্রভুপাদের বিরহোৎসব-বাসরে শ্রীল প্রভুপাদের সমাধি-

কলিকাতায় শ্রীশ্রীল আচাৰ্য্যদেব

গত ২৮শে ডিসেম্বর মঙ্গলবার অপরাহ্নে গৌড়ীয়বৈষ্ণবাচাৰ্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুর সপার্ষদে শ্রীধাম মায়াপুর হইতে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে শুভবিজয় করিয়াছেন।

শ্রীগৌড়ীয়মঠ দর্শনে বরোদার মহারাজা

বিশিষ্ট ব্যক্তিগণ কর্তৃক অভ্যর্থনা

অদ্য অপরাহ্ণ ৫॥০ সাড়ে পাঁচ ঘটিকায় হিজ্ হাইনেস্ বরোদার মহারাজা বাহাদুর কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ দর্শনার্থ আগমন করিবেন। ঐ সময় একটী বিশেষ সভায় তাঁহাকে অভিনন্দন প্রদান করা হইবে।

— — — —

মন্দির নির্মাণের যাবতীয় ব্যয়ভার বহনে কৃতসঙ্কল্প হইয়া শ্রীশ্রীল আচাৰ্য্যদেবের নিকট সেই অভিলাষ জ্ঞাপন করেন। তদনুসারে গত ২৬শে ডিসেম্বর রবিবার সাধারণ সভার অধিবেশন দিবসে গৌড়ীয়-সম্পাদক মহামহোপদেশক শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু সভাসমক্ষে এই শুভবার্ত্তা জ্ঞাপন করিলে সকলেই পরমানন্দভরে মুহুর্মুহু শ্রীল ভক্তিবিজয় প্রভুর জয়গান করিতে থাকেন। শ্রীপাদ ভক্তিবিজয় প্রভুর এই আদর্শ সেবাপ্রবৃত্তি দর্শন করিয়া সকলেই মুগ্ধ হইয়াছেন।

শ্রীমৎ তীর্থমহারাজের বক্তৃতা

(৫ম পৃষ্ঠার পর)

সুতরাং পরম্পর অর্থাৎ এবং শ্রীচৈতন্যমঠ প্রভুর সহিত অচিন্ত্যভেদাভেদসম্বন্ধ-বিশিষ্ট।

কৃপা কর বৈষ্ণব ঠাকুর।
সম্বন্ধ জানিয়া ভজিতে ভজিতে
অভিমান হউ দূর॥
আশ্রয় লইয়া ভজে তারে কৃষ্ণ নাহি ত্যজে
আর সব মরে অকারণ।

মহাপ্রভুর নিজ ধাম অচিন্ত্যভেদাভেদ।
গৌরভক্তের চিন্ময় অভিন্ন।

এক মহাপ্রভু আর প্রভু দুইজন।
দুই প্রভু সেবে মহাপ্রভুর চরণ॥
আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর॥

শ্রীল প্রভুপাদ আদেশ—'নামসেবা-ময় ধামে থাকিয়া ত' সদা লহ নাম।' শ্রীগুরুদেবের প্রিয়তম শ্রীল নামপ্রভুর নিত্যাশ্রয়ে যদি বাস করিতে পারি তবেই আমাদের শ্রীচৈতন্যমঠে বাস হইবে।

'শ্রীরূপমঞ্জরীপদ সেই মোর সম্পদ
সেই মোর ভজন পূজন।'

শ্রীল প্রভুপাদ অভিন্ন শ্রীরূপমঞ্জরী। শ্রীল প্রভুপাদ আমাদিগকে সেই রাগ-মার্গের সেবা দান করিবার জন্য আসিয়াছিলেন।

বিলসদ্ব্রজবাসসৌভগাতিলাস্যসুখাস্বাদনবিভবোন্মাদিনীং
শ্রীমদ্রাধামাধবযোঃ চরণসরোজৌ।
শ্রীশ্রীরাধা-শ্রীমদ্গোবিন্দদেবৌ
প্রেষ্ঠালীভিঃ সেব্যমানৌ স্মরামি।
কদা ত্বাং কুলবৃন্দারণ্যঃ সুরভিঃ তে
নিভৃত কালিন্দীতটকুঞ্জকোণম্।
রূপং রূপাং রূপবতোঃ যাবধনাশং
অন্যত্র বিনাভিত চিত্তবৃত্তঃ যে।

(স্তঃ ৩০।৫২।৩৭)

অনায়াসে ভবরোগ-দুঃখনাশং জ্ঞাং
বৃন্দাবন কিরণ শ্রবণং স্মরণীয়ম্।
যা ভক্ত্যা শ্রবণমাত্রমপেক্ষ্য নিত্যা
তেজস্বী কৃপাপরং মহাতিবিনিৰ্ম্মিতাম্।

(ভাঃ ১০।৭।৮১)

শ্রীরাধাগোবিন্দ, গৌরসুন্দর ও শ্রীগুরু-বর্গের বিপ্রলম্ভ জীবের একমাত্র মুখ্যবস্তু। ভক্তিবিনোদ গৌর-সরস্বতী ধারায় ভজন করিলে তাদৃশ সান্নিধ্য লাভ হইবে। ভক্তিবিনোদ-ধারা কখনও রুদ্ধ হইবার নহে।

নাম শ্রেষ্ঠ মনুমপি শচীপুত্রমত্র স্বরূপং
রূপং তস্যাগ্রজমুরুপুরীং মাথুরীং গোষ্ঠবাটীম্।
রাধাকুণ্ডং গিরিবরমহো রাধিকামাধবাশাং
প্রাপ্তো যস্য প্রথিতকৃপয়া শ্রীগুরুং তং নতোঽস্মি॥

কৃপয়া তব পাদপঙ্কজেষু সুদিনসুখ-বিচিন্তয়॥

ছোড়ত পুরুষ অভিমান
কিঙ্করী হইলুঁ আজি কান॥
বরজ বিপিনে সখী সাথ।
সেবন করবুঁ রাধানাথ॥

কমলমঞ্জরী শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের অভিন্ন নয়নমণি শ্রীল গৌরকিশোর এবং বার্ষভানবীর দয়িতদাস শ্রীল প্রভুপাদ আমাদের প্রতি এই শ্রীধামগৌরবে কৃপা করুন এই প্রার্থনা। আজকের কীর্ত্তনের ফলে প্রভুদের শ্রীচরণে শক্তি লাভ আমাদের হউক।

অবিস্মৃতিঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ
ক্ষিণোত্যভদ্রাণি শমং তনোতি।
সত্ত্বস্য শুদ্ধিং পরমাত্মভক্তিং
জ্ঞানঞ্চ বিজ্ঞান-বিরাগযুক্তম্॥

এক কৃষ্ণনাম করে সর্ব্বপাপ নাশ। প্রেমের কারণ ভক্তি করেন প্রকাশ॥

"যেরূপ সূর্য্য অতি বৃহদ্বস্তু হইলেও দূরে অবস্থিত বলিয়া আমাদের অক্ষিগোচর হন এবং আমরা তাঁহাকে আমাদের অপেক্ষা ছোটবস্তু বলিয়া দেখিতে পাই, তদ্রূপ ভক্তের সহিত আমাদের সম্বন্ধস্থাপন অসম্ভব প্রতীয়মান হইলেও তিনি আমাদের অধীন হইয়া আসিবার ব্যবস্থা করেন।"

—পদ্যাবলী ৩য় খণ্ড

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীকৃষ্ণায়

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩ নারায়ণ, আদি কার্ত্তিকোদনাদী গৌরাব্দ ৪৪১

অধোক্ষজ-বস্তুতত্ত্ব

বিশ্বদর্শনকারী মায়াবদ্ধ জীবসমূহের ইন্দ্রিয়জ জ্ঞানের দ্বারা বৈকুণ্ঠদর্শনের চেষ্টা অন্ধকারের অন্তর্গত বিষয়দর্শন। ইহাই লৌকিক ভৌমলীলায় দর্শনীয় আধার।

অধোক্ষজ বস্তু দর্শনে ভোগময়বুদ্ধিবশতঃ নানাকালে নানাপ্রকার বাধা লাভ করে। অপ্রকটলীলায় সেই সকল বাধার অবকাশ নাই।

কৃষ্ণাবতরণের জন্য অধোক্ষজ বস্তু 'কৃষ্ণ' বেশক সেই অন্তর্গত পারিষদের রূপধারণে সেই ও সেবা স্বাভাবিক পার্থক্য প্রকট হইয়া প্রপঞ্চকে নির্মল মুগ্ধ করিবার যোগ্যতা-বিশিষ্ট। কিন্তু মায়াবদ্ধ জনগণ তাঁহাকে প্রাকৃত দেহ ও জড়কালের অন্তর্গত বিবেচনা করিয়া তাঁহার সচ্চিদানন্দ চিন্ময় দেহলীলাকে মূঢ়তাবশতঃ অবজ্ঞা করিয়া থাকে। প্রপঞ্চগত বদ্ধজীব মায়াধীন হইয়া স্থূল সূক্ষ্ম দেহ লাভ করে। ভগবদ্বস্তুতে সেই প্রকার দেহ-দেহিবিভাগের কল্পনা করা অপরাধমূলক মাত্র। জড় বিচার মুক্ত চিন্ময়চক্ষুর দ্বারা চিন্ময়দেহবিশিষ্ট ভগবানের নাম, রূপ, গুণ, পরিকর-বৈশিষ্ট্য ও লীলা পরিদৃষ্ট হয়। যখন কোন মুক্তজীবের সৌভাগ্যক্রমে তাদৃশ অধিকারলাভ ঘটে সেই সময় তিনি চিদাকাশে চিন্ময় লীলা, চিন্ময় পরিকর, চিন্ময় গুণ, চিন্ময় রূপ, চিন্ময় নাম প্রভৃতি বৈকুণ্ঠ বস্তুর দর্শনে সমর্থ হন। অধিকারহীন জীব বদ্ধাবস্থায় তদ্রূপ উপলব্ধি করিতে অসমর্থ হইয়া লৌকিকজগতে প্রকটিত নাম-রূপাদিতে অন্তর্জ্ঞান লাভের পরিবর্ত্তে ইন্দ্রিয়জ্ঞান দ্বারা মাপিয়া দেখিবার প্রয়াস করিলেও সৌভাগ্যক্রমে ভগবৎকৃপার দ্বারা আকৃষ্ট হইয়া 'চৈতন্য' দর্শনে অধিক সৌভাগ্য লাভ করেন। শ্রীকৃষ্ণের লীলা আলোচনা করিতে গিয়া অনেকে ঐতিহাসিক অথবা আধ্যাত্মিক বিচারে আবদ্ধ হইয়া পড়েন, কোথাও বস্তু-কল্পনা কৃষ্ণনামে আরোপণ করিয়া লোকের কল্পসমূহের দ্বারা ভগবানের অপ্রাপ্য স্বরূপ নির্দ্দেশ করিবার যত্ন করেন এবং পরিশেষে ভগবানের নির্গুণ, কেবল, নিত্য পৃথক্ বিচারে স্থূল ও সূক্ষ্ম কাঠামো মাত্র দর্শন করেন। কখনও বা চেতনহীন নিরূপ করিয়া কেবল স্থূল ও সূক্ষ্মাতিরিক্ত মাত্রও অন্য তত্ত্বও লাভ করেন না। চিৎ-প্রকাশের ন্যায় চিন্ময় ভাগবতের চতুর্ব্বিধসমূহ ভগবানের অনন্ত সৌন্দর্য্যে পরিণত করিলে 'চিদাকাশের সন্ধান পাওয়া যায় এবং তথায় চিন্ময় বস্তুর নাম, রূপ, গুণ, পরিকর-বৈশিষ্ট্য ও লীলা ভগবানের ভক্ত ব্যক্তিবর্গের নিকট অনুভবনীয় হয়—ভক্তিযুক্ত জীবের হৃদয়ে কৃষ্ণের আবির্ভাব, বিশুদ্ধসত্ত্ব বসুদেবের অনকদুন্দুভি, দেবকীর গর্ভধারণ, কংসকারাগারের উদ্ঘাটন প্রভৃতি আলোচনার বিষয় হয়। আবার ঐসকল বিষয়ে ভোগবুদ্ধিতে অর্থাৎ 'মাটিয়া' বিচারে প্রাকৃত সাহিত্যিকের ধারণা চিত্রণে নিযুক্ত হইয়া প্রকাশ করে। কৃষ্ণের জন্ম, অপ্রকট প্রাকৃত লীলাসমূহ ভোগময় দর্শনে বিষয়ীভূত হইয়া সেই সকল দেশে ঘটনা ব্যাপারমাত্রে আমাদের চিত্তকে অগ্রসর হইবার পরিবর্ত্তে জড়ময় নরকাগ্নিতে প্রবেশ করিতে হয়। কৃষ্ণচরিত্রে রাজনীতি দর্শন, চরিত্রহীনতার আরোপ, ভগবদ্বস্তুতে দেহের পরিকল্পনা ও "অর্চ্চ্যে বিষ্ণৌ শিলাধীঃ" প্রভৃতি বিচারপরায়ণ বাক্যগণের অবস্থা অবলম্বন ঘটে।

যে সকল পরম মহাপুরুষগণ কৃষ্ণসেবোন্মুখ থাকেন, বলদেবের সেবা করেন, এবং কামাদি ভ্রান্ত তাঁহারা কৃষ্ণ ও বলদেবকে বাস্তব বিচারে আকর্ষণ করিবার পরিবর্ত্তে সেবাই করিয়া থাকেন; আর যাঁহারা সর্ব্বদা বুদ্ধি প্রবল হইলে দেহদেহি-বিচার অপিচ অন্য নির্ব্বুদ্ধিতাক্রম তীক্ষ্ণ শরদ্বারা কৃষ্ণ-বলরামের শরীর ক্ষতাক্ত (?) করিবার জন্য ব্যস্ত হন। কৃষ্ণের উপদেশক্রমে তাঁহাদের সেবোন্মুখ নিত্যসিদ্ধত্ব শাস্ত্র স্বরূপের বিশুদ্ধতা প্রকটিত হয়। তখন আবৃত অবস্থায় যাহার অভিনিবেশমুখে প্রকাশ গমন ও তথায় পরস্পর একীভূত হইবার যোগ্যতা লাভ ঘটে এবং বলদেব, বলদেব ও নিজ নিজ দেহ দেহি-ভেদ ভুলিয়া প্রবল হইয়া পরস্পরকে আকর্ষণ করে। স্বরূপ-বিস্মৃত জীবের পারবর্ত্তনশীলতার প্রদর্শনের জন্য চিন্ময় কৃষ্ণসেবাপরায়ণগণের সম্বন্ধজ্ঞান মায়ার দ্বারা আবৃত হয় এবং বদ্ধজীবকুল

পাঃ শ্রীধর মহারাজের বক্তৃতা

[কাল—শ্রীল প্রভুপাদের অপ্রকট-তিথিবাসর, ২১শে ডিসেম্বর, মঙ্গলবার পূর্ব্বাহ্ণ
স্থান—শ্রীল প্রভুপাদের সমাধিপ্রাঙ্গণ, বিরহ-সভা, শ্রীচৈতন্যমঠ।]

শ্রীল আচার্য্যদেবের আনুগত্য ব্যতীত শ্রীগুরুপাদের সেবা কখনও হইবে না। তাঁহার আনুগত্য কাহারও নিকট ছোট হওয়া বাহেও হইবে না। বৈষ্ণবের আনুগত্যই ভজন। অচিন্ত্যবিলাসে নিত্যানন্দ ও উচ্চাবচ ভাবের দেখা আছে। আচার্য্যবিরহ সে প্রসঙ্গ সেইসকল কথা আলোচনা করিবার অবকাশ পাই। স্বয়ংপ্রকাশ বস্তুর স-শরীরে প্রকাশক্ষেত্র হইতে অন্তর্দ্ধান বাক্য গমন করেন। ভগবান্ স্বয়ং শ্রীকৃষ্ণ স্বীয় মাধুর্য্যময় বপুতে চতুর্ভুজ ঐশ্বর্য্য প্রকাশ করেন, কিন্তু অবৈধ্য মায়া-প্রতারিত নরের নিকট মৃত্যু-জাগপদার্থরূপে প্রদর্শিত হয়। তখনই স্বরূপ-বিস্মৃত জড়রোগগ্রস্ত আত্মপ্রতারকারী ব্যক্তি স্বীয় ভ্রমবশতঃ অন্য প্রশ্ন করিয়া বসে। ভগবানের চিন্ময় সাধনের মূর্ত্তি চক্ষুষ্মানের রাতুল চরণের বিনয়াশালী অঙ্কও শরদ্বারা বিদ্ধ করে, সেইরূপ বিশ্ববাসিকগণে নিত্যসিদ্ধ ভ্রমবশতঃ পরিদৃষ্ট হন। শ্রীমায়াপুরে অবস্থানকালে শ্রীগৌরসুন্দর একদিন বলিয়াছিলেন যে—'কাশীতে পড়ায় বেটা প্রকাশানন্দ সেই বেটা করে মোর অঙ্গ খণ্ড খণ্ড।' ভগবানের চিন্ময় স্বরূপ অসৎ কাহারও পিপাসা বিবর্ত্তের রূপ ধারণ করিয়া বদ্ধজীবকে মায়াবাদী করিয়া তোলে। তখন সে বিবর্ত্তরূপে অনাত্মবোধের অধীন হইয়া নির্ব্বিশেষরূপের অস্ত্র দ্বারা (?) অজ্ঞান বাণ বিদ্ধ করে। ইহার ফলে "নরাকার" "নিরাকার" নির্ব্বিশেষ প্রবৃত্ত করিয়া অপ্রাকৃত সবিশেষ অপ্রদর্শনে বাধা রচনা করিয়াছে, দেখিতে পাই। 'সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম' শ্লোক বিচার করিলে জানা যায় যে, বিবর্ত্তের অপগমে জীবের মুক্তাবস্থায় ভগবৎকৈঙ্কর্য্য-লাভের যোগ্যতা হয়, তখন ভগবদ্বিলাসের পরিকরে জীবাত্মার বিনাশ হইলেও একসূত্র জন্মে বিশেষরূপ ফুটিয়া যায়। কিন্তু জরাসন্ধ সাধনের জ্ঞান লাভ করিয়া নির্ব্বিশেষবাদীর অপেক্ষা উত্তম জীবন লাভ করেন।

কংস, জরাসন্ধ প্রভৃতি কৃষ্ণের উপলাভকে যে শত্রু অসমর্থ হইয়াছিল জরাসন্ধ ঠিক সেইরূপভাবে কৃষ্ণকে আক্রমণ করে নাই। জরাসন্ধ শত-বিবর্ত্ত, আর কংস-শিশুপালাদি বিবর্ত্তনাশে অচেষ্ট।

ব্যক্তিগণ ভোগী। চিদ্বিলাসে ভগবানের নাম, রূপ, গুণ, লীলা-পরিকর-বৈশিষ্ট্য সকলই আছে। ভক্তজনের হৃদয়ে আনুগত্য ও সেবার বৈচিত্র্য নূতন নূতন হইয়া জাগিয়া উঠে। ভক্তের বিচার যথা—

"অন্যাভিলাষিতাশূন্য কৃষ্ণানুশীলন-ক্রিয়া কৃষ্ণার্থ... ইতি যাহা সেবা"

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি
বৈশ্যো ন শূদ্রো
নাহং বর্ণী ন চ গৃহপতির্নো
বনস্থো যতির্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিলপরমানন্দপূর্ণামৃতাব্ধে-
র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ॥

দাসানুদাসত্বে আশ্রয়বিগ্রহের আনুগত্য যত বেশী হইবে ততই ভজনের উৎকর্ষ হইবে। আমাদের অপেক্ষা যিনি শতগুণে ভগবান্ ও অধিকারী তাঁহার অনুগত হইয়া আশ্রয়বিগ্রহের সেবা পাইয়া আমরা লাভবান্ হইব না কেন? আশ্রয়বিগ্রহের আনুগত্যে থাকিয়া গুরুসেবার জন্য যাহা যাহা আমাদের গুরুপদে উপস্থিত হইবে তাহাই বরণ করিতে হইবে। আমাদের অভিজ্ঞ বৈষ্ণবসেবার অন্তরায়রূপে শত শত জন্মের যে কর্ম্মবিপাক তাহার প্রায়শ্চিত্তের জন্য শত শত লাঞ্ছনা সহ্য করিতে হইবে। ইহাই আমাদের প্রতি শ্রীমন্মহাপ্রভুর কৃপা জানিতে হইবে।

বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো
নমো নমঃ॥

মৎ তীর্থ মহারাজের বক্তৃতা

(১)

[শ্রীল প্রভুপাদের অপ্রকটতিথি বাসর,
পূর্ব্বাহ্ণ]

নামশ্রেষ্ঠং মনুমপি শচীপুত্রমত্র স্বরূপং
রূপং তস্যাগ্রজমুরুপুরীং মাথুরীং গোষ্ঠবাটীম্।
রাধাকুণ্ডং গিরিবরমহো! রাধিকামাধবাশাং
প্রাপ্তো যস্য প্রথিতকৃপয়া শ্রীগুরুং তং
নতোঽস্মি॥

সমবেত সজ্জনগণ!

আমরা শ্রীল প্রভুপাদের যে অপ্রকট-তিথি-মহামহোৎসবের জন্য সমবেত হইয়াছি সেই বিরহতিথিকে আমি বন্দনা করি। আচার্য্য বৈষ্ণবগণের শিক্ষা-প্রচার ও বিচার-ধারায় জানিতে পারি যে, বিপ্রলম্ভই ভজন-পরাকাষ্ঠা, বিপ্রলম্ভে গৌরকৃষ্ণভজন। কৃষ্ণ-কার্ষ্ণ-বিরহ উপলব্ধিই ভজন। 'প্রভুপাদের বিরহ' বলিতে কোন বদ্ধজীবের বিচ্ছেদজনিত শোক বুঝাইবে না। ঐরূপ বদ্ধবিচার আবাহন করিলেও অপরাধ হবে।

ন প্রেমগন্ধোঽস্তি দরাপি মে হরৌ
ক্রন্দামি সৌভাগ্যভরং প্রকাশিতুম্।

কৃষ্ণ ভুলে যেন নিজ চিন্তাকিত ? মায়া আকর্ষণ হাতে ধরয়া দুঃখ।

ষষ্টী বৎসরসহস্রাণি বিনা
ভক্তিং যজ্ঞপ্রাণপতয়াম্ বৃথা॥
বৃথা জনম গেল গৌরাঙ্গে আপন সেহি
চিরদিন তাপিত জীবন।
হা হা প্রভু কর দয়া দেহ' মোরে পদছায়া
এ অধম লইল শরণ।
যে আমিল প্রেমধন করুণা প্রচুর।
হেন প্রভু কোথা গেলা আচার্য্যঠাকুর॥
কৃপাবিন্দু দিয়া কবে নিজে যাবি,
শান্তিপুর পথ অন্তরেতে আনি,
সকলে যাবত আপনি অধীন
হ'য়ে আস্বাদিব নাম-রূপ-গান।
কবে শ্রীচৈতন্য মোরে ক'রবেন দয়া।
কবে আমি পাইব বৈষ্ণব পদছায়া॥

—ইত্যাদি মহাজনগীতিতে হরিজন-বৈষ্ণবের বিরহের বর্ণনা হইয়াছে।

আমি শ্রীল প্রভুপাদের নিকটে শরণাগত হইয়া কাকুতির সহিত তাঁহার লীলা ও নাম-ধামের কৃপায় দেশ ও নিদর্শন পাইবার জন্য আবেদন করিলে তিনি আমাকে বলিয়াছিলেন—

"একাকী আমার নাহি পায় বল
হরিনাম সংকীর্ত্তনে"।

তিনি আমাকে ভক্তিবিনোদবাণী প্রবণ করাইয়া তাঁহার অনুগতজনের আশ্রয়ে সেবা করিবার উচিত জানাইয়াছিলেন। তিনি আমাকে বর্ত্তমান আচার্য্যপাদের অনুসরণ করিতেও উচিত শিখাইয়াছিলেন। কিন্তু আমার কর্ণে ভক্তিসিদ্ধান্তবাণী প্রবেশ করিল না। আমার কর্ণরন্ধ্র-সংস্কার হইল না। শ্রীল প্রভুপাদের এক একটী বাণী শ্রীরাধা-গোবিন্দের নাম, রূপ, গুণ, লীলা-পরিপূর্ণ। আমার কায়মনোবাক্যে শরণ হইল না। আমার যেন কৃষ্ণকীর্ত্তনকারিগণের নিকট থাকে বটে, কিন্তু শ্রবণের জন্য আমি উন্মুখ হই না। মহাপ্রভুর বাণী 'কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ'। আমার শ্রীল প্রভুপাদের অনুগত, অনুগত ও অনুগতজনের আনুগত্যে কীর্ত্তন হইল না। আমি কল্পনায় প্রবণ, কীর্ত্তন করি বলিয়া শ্রীচৈতন্যবাণীকীর্ত্তন-কারীর প্রতি আমার বিদ্বেষ উপস্থিত হয়। আমি বাহাদুর বলিয়া গুরুবৈষ্ণবকে দেখে দেখা ও ভোগবুদ্ধিতে দর্শন করা এখনও ছাড়িতে পারিতেছি না। আমি অন্যাভিলাষ, জ্ঞান, কর্ম্ম দ্বারা আচ্ছন্ন হইয়া আমার পরমা স্ত্রীর যে বৈষ্ণবগণ তাঁহাদের প্রতি বিদ্বেষ পোষণ করিতেছি। আজ এক বৎসর যাবৎ শ্রীগুরুপাদপদ্ম অপ্রকট-লীলা আবিষ্কার করেও তাঁহার অনুগতজন সর্ব্বদা তাঁহাকে অন্তরে দর্শন করিতেছেন। তিনি চৈতন্যরূপে সকলের হৃদয়ে প্রকটিত আছেন। আমার একটী ভরসা এই যে—

আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা চিত্তে ধরি নিরন্তর॥

শ্রীল প্রভুপাদের শ্রীমুখোচ্চারিত শ্লোক—

অনিবৃত্তিঃ কৃষ্ণপাদারবিন্দয়োঃ
নিযোগতঃ প্রাপ্তি চ সং ভবোত্তি।
সম্বন্ধ ভক্তিং পরমাত্মভক্তিং
জ্ঞানক বিজ্ঞানবিরাগ-যুক্তম্॥

অনুকরণের জন্য শ্রীল প্রভুপাদ ও তাঁহার নিজজনগণের কথা শুনিতে হইবে না। সম্বন্ধ ঠিক হইলে সব ঠিক হইবে। সম্বন্ধ ঠিক না হইলে অভিধেয় কীর্ত্তন হইতে পারে না। কীর্ত্তন না হইলে প্রয়োজন সম্ভব হয় না। শ্রীগুরুপাদপদ্মের নিকট Return Ticket করিয়া আসিলে হইবে না।

কৃষ্ণ যদি কৃপা করে কোন ভাগ্যবানে।
গুরু অন্তর্য্যামিরূপে শিখায় আপনে॥

সম্যগ্‌রূপে বদ্ধকে সম্বন্ধ বলে। আমি যদি সম্বন্ধ-জ্ঞানের সহিত প্রবণ না করিয়া কীর্ত্তন করি তাহা হইলে আমার প্রতিষ্ঠা মাত্র লাভ হইবে। প্রতিষ্ঠাকাঙ্ক্ষী দুষ্ট বা সংস্কৃত্যবাক্তি কখনও প্রচারক হইতে পারে না।

কুমতাদিগণ, প্রচারক হন,
প্রতিষ্ঠা-নিযুক্ত তাহা নহে সব।
প্রাণ আছে তার, সে হেতু প্রচার,
প্রতিষ্ঠাশাহীন কৃষ্ণ গাথা সব॥

শ্রীল প্রভুপাদ কৃপা করিয়া আমাদিগকে শ্রীচৈতন্যমঠে স্থান দিয়াছেন। তিনি এ স্থানে নিত্যকাল আছেন। অতএব আমাদিগকে তাঁহার সেবকজ্ঞানে সেবা করিতে হইবে। শ্রীল প্রভুপাদের শিক্ষার সার এইরূপ ছিল:—

আদদানস্তৃণং দন্তৈরিদং যাচে পুনঃ পুনঃ।
শ্রীমদ্রূপপদাম্ভোজধূলিঃ স্যাং জন্মজন্মনি॥

আমি আমার সর্ব্বস্ব আমার শ্রীগুরুদেব ও তদনুগজনের চরণে অর্পণ করিলাম কৈ?

ক্ষামো নাঙ্গ ন ধৃত্যা [illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]

হায়! আমি এই শ্লোকের মর্ম্ম উপলব্ধি করিলাম কৈ? হে গুরুসেবকগণ! তোমরা আমাকে গুরুসেবায় নিযুক্ত কর। শ্রীগুরুপাদপদ্মের আশ্রয়ের পূর্ব্বেও যে অবস্থা এখনও সেই অবস্থা থাকিলে আমার গুরুপাদপদ্ম লাভ হইল কৈ? 'উত্তমো ব্রাহ্মণো বা বদ্ধঃ'—তাহা আমি পালন করিলাম কৈ? শ্রীমন্মহাপ্রভুর বাণী—

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি বৈশ্যো
ন শূদ্রো
নাহং বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো
যতির্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিলপরমানন্দপূর্ণামৃতাব্ধে-
র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ॥

মধ্যাহ্নঃ করণিয়ং বহুকৈটভারে,
সংসার্থনীয়-সদস্থ্রহ এষ এব।
ব্রহ্মাদি-রুদ্র-পরিচারক কৃপাযুক্ত-
যুক্তাত্ম যুক্তা ইতি নাং স্মর লোকনাথ॥

এই চেতবাণী আমার হৃদয়ে কেন স্থান পাইল না? শ্রীগুরুদেব ও গুরুদাস-গণের সেবা ব্যতীত আমার আর কোন গতি নাই; আমি আমার স্বরূপ উপলব্ধি করিতে পারিলাম না। আমি গুরুদাস-গণের অনুগত হইয়া ভক্তিবিনোদ-ধারার ধারক হইতে পারিলাম না। আমি স্বাধীনতার সদ্ব্যবহার করিলাম না। শ্রীগুরু-দেবের কাছে থাকিয়াও "কৃষ্ণদাস ও "বল-ভদ্রের" কান্না কাঁদিলাম।

কেন বা আছয়ে প্রাণ কি সুখ লাগিয়া।
এ অধম দাস কেন না গেল মরিয়া॥

হায়! আমার গুরুপাদপদ্মের সহিত সম্বন্ধ হইলে তাঁহার বিরহে কি আমি স্থির থাকিতে পারিতাম? আমার যে এক বিন্দু অশ্রুও বহির্গত হইল না? মহাজনের বাক্যে বুঝিলাম:—

অপরাধফলে মম চিত্ত ভেল বজ্রসম,
তুয়া নামে না লভে বিকার।
হতাশ হইয়া হরি তব নাম উচ্চ করি
বড় দুঃখে ডাকি বিরবার॥
বিহত [illegible] দীনবন্ধো দয়ালো
[illegible]
[illegible]
[illegible]

শ্রীল তীর্থ মহারাজের বক্তৃতা

(২)

[বিষয়—শ্রীল প্রভুপাদ ও শ্রীল ভক্তিবিনোদ—শ্রীল প্রভুপাদের অপ্রকট তিথি বাসর, অপরাহ্ণ]

নামশ্রেষ্ঠং মনুমপি শচীপুত্রমত্র স্বরূপং
রূপং তস্যাগ্রজমুরুপুরীং মাথুরীং
গোষ্ঠবাটীম্।
রাধাকুণ্ডং গিরিবরমহো! রাধিকামাধবাশাং
প্রাপ্তো যস্য প্রথিতকৃপয়া শ্রীগুরুং তং
নতোঽস্মি॥
বন্দে গুরূনীশভক্তানীশমীশাবতারকান্।
তৎপ্রকাশাংশ্চ তচ্ছক্তীঃ কৃষ্ণচৈতন্য-
সংজ্ঞকম্॥
বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো
নমো নমঃ॥

সমবেত সজ্জনবৃন্দ! আমি আপনা-দিগকে বন্দনা করিতেছি। শ্রীল ভক্তি-বিনোদ ঠাকুর কি বস্তু—তিনিই বুঝিতে পারেন যাঁহার প্রতি শ্রীল ভক্তিসিদ্ধান্ত প্রভুর অসীম কৃপা হইয়াছে। শ্রীল ভক্তি-বিনোদ ঠাকুর শ্রীগৌরশক্তি এবং শ্রীল প্রভুপাদ শ্রীগৌরকৃপাশক্তি। উভয়ে এক বস্তু, শ্রীকৃষ্ণচৈতন্য হইতে অভিন্ন। আমাদের সম্বন্ধজ্ঞানের অধিষ্ঠাতৃদেবতা শ্রীগৌর-কিশোর। তাঁহারই কৃপায় আমরা জানিতে পারি শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী প্রভুই ভক্তিদেবের সেবক। আবার শ্রীল প্রভুপাদের কৃপায় জানিতে পারি শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরই প্রয়োজন। আত্মবিস্মৃতগণ বিষয়বিগ্রহের সহিত ভোগাদেশ-সংহিত অবস্থিত। অধঃজ্ঞানপরিত্রাণকল্পনার শ্রীগৌর-নামরূপে আচার প্রচারের দ্বারা প্রোজ্জ্বল-বৈষ্ণব প্রেমধর্ম্ম শিক্ষা দিয়াছেন।

কলিকালের যুগধর্ম্ম নাম-সংকীর্ত্তন।
কৃষ্ণশক্তি বিনা নহে তার প্রবর্ত্তন॥

শ্রীমদ্ভাগবত বলিয়াছেন—"ধর্ম্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমো নির্মৎসরাণাং সতাম্।" প্রোজ্ঝিতকৈতব ও নির্মৎসর সাধুদিগের পরমধর্ম্ম নাম সংকীর্ত্তনই যুগধর্ম্ম। যখন ধর্ম্মের গ্লানি ও অধর্ম্মের অভ্যুত্থান হয়, যখন অজ্ঞলোক অসত্যকে সত্য বলিয়া মনে করে, অসাধুকে সাধু এবং অধর্ম্মকে ধর্ম্ম বলিয়া চালায় তখনই ভগবান্ স্বয়ং বা তাহা হইতে অভিন্ন স্বরূপ-শক্তিগণকে প্রেরণ করিয়া সনাতনধর্ম্ম—যুগধর্ম্ম—ভাগবত-ধর্ম্ম বা প্রেমধর্ম্ম নামসংকীর্ত্তনমুখে জগতে স্থাপন করেন। ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার লেখনীর দ্বারা যে যুগধর্ম্ম বা সনাতনধর্ম্ম প্রচার করিয়াছিলেন, তাহাই শ্রীল ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী ঠাকুর সর্ব্বত্র ও সুষ্ঠুভাবে করিয়া বিশ্বব্যাপী প্রচারকের দ্বারা প্রচার করাইয়াছেন। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের ভবিষ্যদ্বাণী—"কোন মহাপুরুষ অচিরেই আবির্ভূত হইয়া বৈষ্ণব ধর্ম্মের গ্লানি দূর করিবেন এবং বর্ণাশ্রমধর্ম্মের পুনঃ স্থাপন করিবেন।" শ্রীল প্রভুপাদ জগতে আবির্ভূত হইয়া গৌরধাম, গৌরকাম ও গৌরনাম প্রচার করিয়াছেন। তিনি প্রত্যেক জীবকে শ্রীচৈতন্যমঠকে প্রকাশিত করিবার জন্য জগতে অবতীর্ণ হইয়াছিলেন। প্রত্যেক জীবের দেহই শ্রীচৈতন্যমঠ। তাহাতে শ্রীহরি ও গুরুদেব নিত্য অবস্থান করেন। তাঁহাদের সেবক-সূত্রে আমরা দেহের সেবা বিধান করিবার অন্তর্ভুক্ত ভজন যাজন করিব।

মহাপ্রভুর ভবিষ্যদ্বাণী ২টী অবতার অংশ। ও নাম। আর্তির নিকট আমাদের ভার গণ্ডীর সকল সন্দেহ বা প্রশ্নের মীমাংসা হইল, তাহা আমরা ভক্তিসিদ্ধান্তবাণী হইতে জানিতে পারি। বর্ত্তমান ভক্তিস্রোতের মূলপ্রবর্ত্তক ঠাকুর ভক্তিবিনোদ। উভয়েই দয়ার অবতার। প্রভুপাদই অর্চ্চা ও নামের কথা জানাইয়াছেন। অতএব অকপট বৈষ্ণব, গৃহ ও সংস্থান সকলই প্রভুপাদের দ্বারা প্রকাশিত। নতুবা আমরা গোলোক ও মহিমা হইতে বঞ্চিত হইতাম।

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর, শ্রীল গৌর-কিশোর, শ্রীল সিদ্ধান্তসরস্বতী প্রভুপাদ ও শ্রীল অনন্ত বাসুদেবপ্রভু সকলেই গুরুপাদ।

(অতঃপর ৩য় পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

অঙ্কলক্ষ্মী-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, মায়াপুর শ্রীধাম, নদীয়া।
শ্রীচৈতন্যদেবের জন্মস্থান [illegible] শ্রীবাস-অঙ্গন, শ্রী [illegible] আছেন। [illegible] বর্ত্তমান আছে।
রক্ষক শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। [illegible]
কলিকাতায় শ্রীগৌড়ীয়মঠ [illegible] প্রতিষ্ঠিত। [illegible] শ্রীমদ্ভাগবত [illegible] 'গৌড়ীয়' পত্র [illegible] প্রকাশিত হয়। মঠরক্ষক—[illegible] প্রভুপাদ [illegible]।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।
রক্ষক—শ্রীমদ্ভক্তি [illegible] মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্‌দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসুধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাহনগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিধিকৃষ্ণ ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

[illegible], পোঃ জাহনগর, (বর্দ্ধমান)

শ্রীবাসুদেবদত্ত ঠাকুর [illegible] স্থান
রক্ষক—শ্রীউপেন্দ্রনাথ অধিকারী।

(১৩) কুলিয়াদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক শ্রী[illegible] ব্রহ্মচারী।

(১৪) জন্মস্থান গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক শ্রী[illegible] ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌরপুর, রক্ষক শ্রী[illegible] ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীমন্মহাপ্রভুর পদাঙ্কপূত 'মধ্যদ্বীপ')
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক শ্রীগোবিন্দদাস বাবাজী।

১৭ কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিধবল

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ তামলাল, (নদীয়া)

রক্ষক শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর বনবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চাঁদনী পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর পোঃ ঢাকা

রক্ষক—শ্রীরাধালদাস ব্রজবাসী।

(২৫) বল্লভ-গৌরাঙ্গ মঠ

পোঃ পদ্মহাটি, (ঢাকা)

রক্ষক শ্রীমধুকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসজ্জন ভক্তিশাস্ত্রী এম এ, বি এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

আগ্‌টাকিলা, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোবিন্দানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীবাসুদেব [illegible] বি এল।

(৩২) নারায়ণপুর গৌড়ীয়মঠ

পোঃ নারায়ণপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ.

বলদ রোড, গয়া

রক্ষক—শ্রীরাধাবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৩৩নং কালীপুরা, বেনারস সিটি

রক্ষক শ্রীনারায়ণানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক শ্রীরঞ্জুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ, পি)

রক্ষক শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক শ্রীভক্তিবিবেক আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

[illegible]পুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড পার্ষদকাঁটী

রক্ষক—ভক্ত শ্রীদেবীরামণ

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গৌরবিহারী মঠ—গোপালী,

পোঃ ঢোঢোল, জেলা গুরদাসপুর (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগৌরবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং ওয়ার্ডন রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কম্যালাবাম হিল, ডিং বোম্বে

রক্ষক—শ্রীঅখিলকৃষ্ণ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীকৃষ্ণগৌরাঙ্গরাধাগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা
রক্ষক—মহোপদেশক শ্রী[illegible] ব্রহ্মচারী [illegible]

(৫২) মাধবানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভূর, গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীকৃষ্ণগৌরাঙ্গরাধাগান্ধর্ব্বিকা গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যারত্ন

(৫৩) বলগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক শ্রীপরমেশ্বর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী স্বর্গদ্বার, পুরী

(৫৬) সাক্ষী গোপাল

রক্ষক—শ্রীহরিমোহন দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীপদ্মলোচন ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বালিগঞ্জি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীবিলাসবল্লভ দাসাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকপিরা, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর

রক্ষক—শ্রীজগদানন্দদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমদা গৌড়ীয়মঠ

পোঃ অমদা, মেদিনীপুর

রক্ষক—শ্রীমহাবিষ্ণু ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ সাতু। চাকদহ

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনেশ্বর, পোঃ চিরকুণ্ড, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ বেদজ্ঞ অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাইক রোড

গ্ল্যাডস্টন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার কর্ত্তৃক সম্পাদিত

কলকাতার বাজার দর

১৩ই ডিসেম্বর ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬।০
মোটা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭।০
দাদখানি	৫।০
মাগরা নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
এক্সট্রা কোয়ালিটি	৬৲
সিদ্ধ বেগুন	৩৷৶

আতপ—

নূতন আতপ	৪৲ – ৪।০
পেশোয়ারী	১০ -১০।।
দাদখানী আতপ	৫।০ ৫৷৶
ঐ বাঁশমতি	৫৲ ৫৶০
পাটনাই আতপ	৪।০-৪।০
কাটারীভোগ	
ঐ বেগুন	৩৶০

চিনির দর

জাভা, টাইপ	১০৷৵০
মরিশস ১০০০ নং	১০৵০
মাজোরা সাদা	৯,
কানপুর সাদা	৮।০—৯৶০
কানপুর লাল	৭৷৵০—৮৲

সোণা-রূপার দর

প্রতি ভরি

টাকশালের সোনা	৩৪।০
গিনি	২২৲
চাঁদিবার	৫৩।০

পাটের দর

আষাঢ়—	৪০৸০
শ্রাবণ—	৪০৸০
ভাদ্র—	৪১।০
বাজার বন্ধের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬।০—৬৷৶
স্পেশাল ঐ	৬৲—৬৷৶
হাউসহোল্ড ঐ	৫৷৶০—৫৸০
সুজী	৬৲—৬৷৶০
আটা (বি)	৫৸০—৫৸৶০
আটা নং (২)	৫৵০—৫৷৵০
আটা (এস)	৫৲—৫।০
আটা (কে)	৪৸০—৪৸৶০
আটা নং (৭)	৩।০—৩৸৶০
পাঞ্জাব	৩৸০ — ৩৸০
ভুষি	৩৸৶০ — ৩৸৶০

গুড়ের দর

মোটা	৫৭৲
মিহি	৫৭৲
দলুয়া	৪০৲
ঢাকাই	৪৫৲
খাণ্ডসারি	৯৪।০

ভাল	৪৬০
কাপড়	৩৬০
বালা সাদা	৪১৸
২৬ গেজ—	১৭।
সাঃ মইকা ২। -৩০ গেজ	১০৲

লৌহ ও হার্ডওয়ার

১৩ই ডিসেম্বর ৭।১২।৩৭

টাটার তৈয়ারী— ৪৫ সাঃ ৫ ০১

লোহার কড়ি (বহেই না বার।

মার্কা	৮৸৶০—৯।০
ঐ মে মার্কা হাল্কা ওজন	৮৲—৮।০
ঐ টাটা টেস্টেড ওয়েষ্ট খাম সব সাইজ	৯৷৶
ঐ ইংলিশ ওয়েষ্ট (বীম	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮৸০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮।০—৯৸৶০

টাটা গ্যাঃ করগেট টিন।

২৪ গেজ—	১৪৲
২৬ গেজ—	১৫৸০
২৮ গেজ—	১৮,
টাটা গ্যাঃ প্লেন শীট	১৪৶০
২৪ গেজ—	১৪৸৶০
২৬ গেজ—	১৬।৵০
২৮ গেজ—	

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৭৲
শীস	।৶৫ —৸৶
বাগান ঘেরা কাটা তার (বার্বিড)	১০।০
প্লেট কাটিং বা ডিট কাটা মণ	৩৬০—৫৸০

পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা

৬০—৭৲ হন্দ

গোল রড কাটিং লম্বা ১—৩ফুট ৯৲—১০৲

ঐ ,, ৩—১০ ঐ ৯।০—১০।০

টিন পাতি, বোল্টু, নারেল ৮৸০—৯।০

গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের

হন্দ ৮৸০—১০।০

নূঃ ইস্পাত আসল ২৫৲ নকল ২৩।০

চটকলের হাপরণ ৫৶০, পাটের হাপরণ ৬০

তুলার হাপরণ ৪।০

তুলের দর

কলিকাতা ২৮শে জুন,

আমেরিকা গোল্ডার কাইন	৫৪৲
সিটি আমেরিকা ওয়ার্ক	৪০৲
কটন সুরতির কাইন	৪০৲
সাবর্ণ আসা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেঙ্গল মসলা

কলিকাতা, ২৮শে জুন,

প্রতি মণ

লাল মরিচ	৮।০
সুপারী দেশী	১৬।০—১৭৲
কাঁচা সুপারী	
এই পরিমাণ	১৫।০—১৭।০
নং, নূতন পাটনাই	১৭৲ — ১৮।০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স লিঃ

ডি-৫ জগন্নাথ ঘাট গোলাপটী, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম–মায়াপুরে

—ঃঃ০ঃঃ—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—ঃঃ০ঃঃ—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর পরিবেশ খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও সচ্চরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। ওয়ার্ড খোরাক ও দেখাশুনার প্রতি মাসে মাত্র ৭৲ টাকা লাগে। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের অভাবনীয় সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউশন

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৩,	১০—৩১,	১৩—১১	১৭—৩৮	১৯—৩৪
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৫
স্বরূপগঞ্জ	পৌঃ	৭—৫৫,	১১—১০,	১৪—৯	১৮—১৬,	২০—১২

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

স্বরূপগঞ্জ ঘাট	ছাঃ	৫-৪৫	৯-২৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৫-৫৩	৯-৩৩	১১-৪৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	১০-৩	১২-১৮	১৬-৩৮	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

রেহাণার পাঁচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ইহার কাটতি অত্যধিক বাড়ে। জিহ্বার স্বাদ সংযুক্ত জ্বালাযন্ত্র এবং নতুন ও পুরাতন জ্বর একবার সেবন করিয়া দেখুন যে আপনার অবস্থার সাথে ঔষধটি মিলে কিনা। ছোট বোতল ৮০ আনা, বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং উল্টাডিঙ্গি রোড, কলিকাতা

অথবা

পোঃ মেহারা, ২৪ পরগণা

'ঠাকুর ভক্তিবিনোদ'

———::०)::——

প্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পৃথক্ গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পরিব্রাজকাচার্য্য ত্রিদণ্ডিস্বামী ... প্রসিদ্ধ লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

———

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	।০	।৵০	।৵০	
" ইঞ্চি	২৲	১।০	১।০	১৲
সিকিকলম	৫৲	৪৲	৪৲	৩৲
অৰ্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	৪॥০
সিকি কলম ১৫	১২৲
অৰ্দ্ধকলম ২৫	২০৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যা। ভিক্ষা স্বতন্ত্র।

"কৃষ্ণ"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্ এ মহোদয়ের স্বৌগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্রাধিক পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র-(Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—বঙ্গ ও গৌড়ীয়মঠ, ঢাকা; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী
বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

"শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

———

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিবার প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু সদ্গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর,
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীপাদপদ্মপাদ
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
পরিব্রাজকাচার্য্যবর্য্য
ওঁ বিষ্ণুপাদ
[illegible]
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের অন্যতম প্রিয়
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র [illegible]-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৬ই পৌষ, ১৩৪৪, ৩১শে ডিসেম্বর, ১৯৩৭, শুক্রবার [সংখ্যা ২৫১]

বিবিধ সংবাদ

——(০(০০:)০)——

নিখিল ভারত শিক্ষা-সম্মেলন

গত সোমবার কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে নিখিল ভারত শিক্ষা-সম্মেলনের ত্রয়োদশ অধিবেশন আরম্ভ হয়। অন্ধ্র ইউনিভার্সিটির ভাইস্ চ্যান্সেলার মিঃ সি, আর রেড্ডি অধিবেশনের সভাপতিত্ব করেন।

স্যার নীলরতন সরকার অধিবেশন উদ্বোধন করেন।

"বন্দেমাতরম্" সঙ্গীতের পর অধিবেশনের কাজ আরম্ভ হয়।

অভ্যর্থনা সমিতির সভাপতি, কলিকাতার মেয়র শ্রীযুত সনৎকুমার রায় চৌধুরী সমাগত প্রতিনিধিদিগকে সাদর সম্বর্দ্ধনা জ্ঞাপন করেন।

উপস্থিত ব্যক্তিবর্গের মধ্যে মনীষী শ্রী[illegible] শাস্ত্রী, পণ্ডিত বদরীনাথ শুক্ল, অধ্যাপক নির্ম্মলচন্দ্র বসু, শ্রীযুত সরোজকুমার বসু, মিঃ অমরনাথ ঝা, ডাঃ প্রমথনাথ ব্যানার্জ্জি, মিঃ জে, সি, গুপ্ত, মিঃ ডি, এন, মল্লিক, মিঃ এস, এম, বসু, অধ্যাপক এ কবির, অধ্যাপক পি, শেষাদ্রি, অধ্যাপক বেঙ্কটরাম শাস্ত্রী, শ্রীযুত ক্ষিতীশপ্রসাদ চট্টোপাধ্যায়, শ্রীযুত মনোমোহন সেন গুপ্ত, অধ্যাপক অনাথনাথ বসু, অধ্যাপক রাজকুমারী [illegible], শ্রীযুত আশুতোষ চক্রবর্ত্তী প্রভৃতি ছিলেন।

শ্রীযুত রবীন্দ্রনাথ ঠাকুর, ডাঃ [illegible] আর পিল, বোম্বাইয়ের [illegible] মিঃ বি, জি, খের ও স্যার আকবর হায়দারী প্রভৃতি সম্মেলনের সাফল্য কামনা করিয়া বাণী প্রেরণ করেন সেইগুলি সভায় পঠিত হয়।

ইউরোপের কয়েকজন বিশিষ্ট শিক্ষাব্রতীও অধিবেশনে উপস্থিত ছিলেন।

নিখিল ভারত শিক্ষা সম্মেলনের অধিবেশনের গত ২৮শে ডিসেম্বরের কার্য্যসূচী নিম্নে প্রদত্ত হইল:—(১) বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, (২) মাধ্যমিক শিক্ষা, (৩) শৈশব ও পারিবারিক শিক্ষা, (৪) প্রাপ্ত-বয়স্কের শিক্ষা, (৫) পরীক্ষা, (৬) স্বাস্থ্য ও শরীর চর্চা, (৭) বৃত্তিশিক্ষা, ও (৮) [illegible] বিভাগের অধিবেশন ও ঐ সকল বিভাগের রিপোর্ট পাঠ।

তৎপর ওয়ার্দ্ধা পরিকল্পনা সম্পর্কে আলোচনা।

অপরাহ্ণে সিনেট হাউসে সাধারণ অধিবেশন। শ্রীযুত এস, এল, গাঙ্গুলীর কর্ত্তৃক 'বিভাগ-গত' পরিকল্পনা সম্পর্কে বক্তৃতা ও প্রস্তাবাবলী আলোচিত হইবে। রাত্রি সাড়ে আটটায় সিনেট হাউসে বিশিষ্ট ব্যক্তিবর্গের বক্তৃতা হয়। রাত্রি আটটায় ইউনিভার্সিটি ইন্‌ষ্টিটিউটে জলসা।

নিখিল ভারত চিকিৎসক সম্মেলন

ডাঃ বিধানচন্দ্র রায়ের সভাপতিত্বে গত ২৭শে ডিসেম্বর লাহোরে নিখিল ভারত চিকিৎসক সম্মেলনের চতুর্দ্দশ বার্ষিক অধিবেশন আরম্ভ হইয়াছে। ডাঃ ডি, এন, [illegible] অভ্যর্থনা সমিতির সভাপতি রূপে বক্তৃতা করিলে [illegible] পরিষদের সভাপতি [illegible] তাঁহার অভিভাষণ পাঠ করেন। এই সম্মেলন উপলক্ষে একটি প্রদর্শনীর ব্যবস্থা করা হইয়াছে। অভ্যর্থনা সমিতির সভাপতি তাঁহার অভিভাষণ পাঠ করিলে মাদ্রাজের সার্জ্জন জেনারেল মেজর জেনারেল এস, এস, [illegible] প্রদর্শনীর উদ্বোধন করেন। তিনি বলেন, এইরূপ প্রদর্শনী চিকিৎসক সম্মেলনকে পূর্ণাঙ্গ করিয়া তোলে। ঔষধপত্র, যন্ত্রপাতি এবং হাসপাতাল-ব্যবহার্য্য সাজ সরঞ্জাম প্রায়ই পরিবর্ত্তিত হয়; প্রদর্শনীতে চিকিৎসকগণ আধুনিকতম ঔষধপত্র, যন্ত্রপাতি ও হাসপাতালের সাজ সরঞ্জাম দেখিতে পান।

অতঃপর ডাঃ বিধানচন্দ্র রায় তাঁহার অভিভাষণ পাঠ করেন।

নারায়ণগঞ্জে ইউনিয়ন বোর্ডের ভাইস প্রেসিডেন্ট নিহত

গত শনিবার রাত্রে [illegible] থানার [illegible] ইউনিয়ন বোর্ডের ভাইস প্রেসিডেন্ট মিঞা বক্সের বাড়ীর সংলগ্ন এক ঘরে আগুন লাগাইয়া দেওয়া হয়। মিঞা বক্স ও তাঁহার বাড়ীর লোকেরা আগুন নিভাইতে যায়। ঐ সময় কোন লোক মিঞা বক্সকে আক্রমণ করে ও তাঁহার গায়ে ধারাল অস্ত্র বসাইয়া দেয়। ঘটনাস্থলেই তাঁহার মৃত্যু হয়। দুষ্কৃতকারীরা অন্ধকারে গা ঢাকা দেয়।

ঐ দিন মৃতদেহ নারায়ণগঞ্জ হাসপাতালে শবব্যবচ্ছেদের পরীক্ষার জন্য আনা হইয়াছে।

নিঃ ভাঃ হোমিওপ্যাথিক সম্মেলন

গত ২৮শে এবং ২৯শে ডিসেম্বর টাউনহলে যে নিখিল ভারত হোমিওপ্যাথিক [illegible] কনফারেন্স হয়, উহাতে [illegible] ভারতের প্রতিনিধিত্ব করিবার জন্য বোম্বাইয়ের ডাঃ আর আর মাথার ঐ দিন কলিকাতা আসিয়া পৌঁছিয়াছেন। ১৯৩৫ সালে বুডাপেস্টে আন্তর্জাতিক হোমিওপ্যাথিক লীগের যখন অধিবেশন হয় তিনি ভারতের প্রতিনিধিত্ব করিয়াছিলেন।

সরকারী হাসপাতালে হোমিওপ্যাথিক চিকিৎসার ব্যবস্থার জন্য মিঃ গিয়াস উদ্দীন কেন্দ্রীয় ব্যবস্থা পরিষদে যে বিল আনিয়াছেন, ডাঃ মাথার টাউনহল সম্মেলনে সর্ব্বপ্রথমে তৎসম্বন্ধে আলোচনা করিবেন। তারপর বোম্বাই সরকার কর্ত্তৃক হোমিওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞান অনুমোদন সম্বন্ধে এবং আয়ুর্ব্বেদীয় ও ইউনানী চিকিৎসাপদ্ধতি অনুমোদন এবং রেজিষ্ট্রেশনের জন্য বোম্বাই সরকারের স্বাস্থ্য-সচিব ডাঃ গিল্ডার যে বিল আনিয়াছেন তৎসম্পর্কে তিনি সম্মেলনে বক্তৃতা করিবেন।

কর্পোরেশনের ছাত্রদের বিদ্যালয়ে স্বাস্থ্য পরীক্ষা

গত ২৬শে ডিসেম্বর রবিবার অপরাহ্নে ১০ বি নং পাতোয়ার বাগান ষ্ট্রীটে ১নং ওয়ার্ডের স্বাস্থ্য-প্রদর্শনীর দ্বারা উদ্বোধনকালে কলিকাতা কর্পোরেশনের এডুকেশন অফিসার শ্রীযুত শৈলেন্দ্রনাথ ঘোষ বলেন যে, কলিকাতা কর্পোরেশনের শিক্ষা-বিভাগ উহার বিদ্যালয়-সমূহের ছাত্রছাত্রীদের বিদ্যালয়ে স্বাস্থ্য পরীক্ষা ও স্বাস্থ্য রক্ষার ব্যবস্থা করিবে বলিয়া প্রস্তাব করিয়াছে। তিনি আরও বলেন যে, এই পরিকল্পনা গত জানুয়ারী মাসে পেশ করা হইয়াছে এবং কর্পোরেশন যে ইহা সমর্থন করিবেন, সে বিষয়ে আমি স্থিরনিশ্চিত আছি। একমাত্র সবল দেহই সবল মন গঠন করিতে পারে এবং যাহারা স্বাস্থ্যের অধিকারী, তাহারাই ভাল নাগরিক হইতে পারে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ৩৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
অমৃতপ্রবাহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
। [illegible] (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড ৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব
। সংকীর্ত্তনের বাণী ও [illegible] ১৷০
৯। বৈষ্ণব ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসিদ্ধান্ত-বিচার তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। ব্রাহ্মণ সাম্বন্ধ ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয় [illegible] ।৵০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ বাঁধা। ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। মুক্তিপ্রদা তত্ত্বসারঃ (সানুবাদ) ১৲
২৮। বেদান্তসূত্র (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)
(বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ-দর্শন
৩১। সাধনপথ (তৃতীয় সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৴
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৪। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্চ্চনপদ্ধতি ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ নির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। তারতম্য ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ (ভাষ্যাদিসহ) ।০
৫৮ শীক্ষাদেশক ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১ শ্রীচৈতন্যলীলামৃতসারঃ
৬২ সিদ্ধান্তসরস্বতী বিজয়ঃ
৬৩। সটীক শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বম্ ।০
৬৫। সম্বন্ধ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০ নামভজন ৴।
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজী
৭২। বৈষ্ণবিজম রিয়াল এণ্ড আপারেন্ট ।৵।
৭৩। দি টিচিংস অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বেদান্তীজম্ ।০
৭৫। শ্রীমদ্ভাগবত গৌড়ীয়মঠ ইন বৃটেন ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনআলয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—[illegible] সম্পাদিত ইংরেজী পাক্ষিক, মাসি একাদশীতে প্রকাশিত হয়। সডাক মূল্য ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় মহামহোপদেশক শ্রীপাদ [illegible] বিদ্যাবিনোদ কর্তৃক সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৬৲, ষাণ্মাসিক ৩।০ টাকা মাত্র।

৩। ভাগবত—[illegible] পারমার্থিক পাক্ষিক। [illegible] হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ৪০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উড়িয়া পাক্ষিক। কটক [illegible] হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ [illegible] মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—[illegible] পণ্ডিত শ্রীপাদ [illegible] বিদ্যাবিনোদ [illegible] বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয় বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে গ্রথিত করা
হইয়াছে।

—:০:—

নির্ভরযোগ্য তত্ত্বজ্ঞ-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
ডবল-ক্রাউন ষোলপেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।



১২শ বর্ষ | নারায়ণ [illegible] ১৫শ পৌষ | ৩১শে ডিসেম্বর | শুক্রবার | ২৫১তম সংখ্যা

[illegible]ল প্রভুপাদের বিরহ-মহোৎসব

সাধারণ সভার অধিবেশন

গত ২৬শে ডিসেম্বর (১৯৩৭) ১১ই পৌষ রবিবার অপরাহ্ণ ৩ ঘটিকার সময় পরম-রাধান্বয় শ্রীশ্রীল প্রভুপাদের সমাধির প্রাঙ্গণে পূর্ব্বের নির্দ্দেশানুসারে শ্রীগৌড়ীয়দিগের একটী সাধারণ সভার অধিবেশন হয়। এই সভায় ভারতের সর্ব্বত্র হইতে শ্রীগৌড়ীয়মঠাশ্রিত বহু ভক্ত এবং শ্রীচৈতন্যমঠাশ্রিত যাবতীয় শাখা মঠসমূহ হইতেও মঠসেবকগণ উপস্থিত ছিলেন। পাশ্চাত্যে শ্রীল প্রভুপাদ কর্ত্তৃক গৌরবাণী প্রচারের ভারপ্রাপ্ত প্রচারক, গৌড়ীয়দিগের অন্যতম সম্পাদক মহোপদেশক শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু সর্ব্বসম্মতিক্রমে এই সভায় সভাপতির আসন গ্রহণ করেন। অতঃপর সভার কার্য্য আরম্ভ হয়। রাত্রি ১০।০ ঘটিকা পর্য্যন্ত সভার কার্য্য চলে। সভার কার্য্য বিবরণী আগামীতে প্রকাশিত হইবে।

সভারম্ভের কিছু পূর্ব্বে শ্রীশ্রীল আচার্য্যদেব সভায় শুভাগমন করিলে সকলে দণ্ডায়মান হইয়া তাঁহার প্রতি সম্মান প্রদর্শন করেন এবং তিনি আসন গ্রহণ করিলে সকলে স্ব স্ব স্থানে উপবেশন করেন। সভায় [illegible] শ্রীপাদ ভক্তিবিজয় [illegible] মহারাজ কর্ত্তৃক "গুরুদেব বড় [illegible]" এই গীতিটী কীর্ত্তন হয়। অতঃপর শ্রীল আচার্য্যদেব স্বমুখে [illegible] কীর্ত্তন করেন এবং উপস্থিত সকলে তাহার অনুকীর্ত্তন করেন।

কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়। অতঃপর সমাগত আগত-ভক্তবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়।

[illegible]

[illegible] শ্রীচৈতন্যমঠে শ্রীল প্রভুপাদের সমাধিমন্দিরের নিকটে শ্রীল গৌড়ীয়মঠাচার্য্যের আনুগত্যে [illegible] প্রতিবৎসর বড় [illegible] হইয়াছে। [illegible] শ্রীল প্রভুপাদপদ্ম-মহিমা-সংশ্লিষ্ট নির্দিষ্ট ১০৮ [illegible] মধ্যে সকলগুলির আলোচনা শেষ না হওয়ায় শ্রীল আচার্য্যদেবের ইচ্ছানুসারে ২৭শে ডিসেম্বর প্রাতে পুনরায় শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে সমাধি-প্রাঙ্গণে একটী সভার অধিবেশন হয়। "গুরুদেব [illegible] হংস মহাশয়" এই গীতিটী কীর্ত্তন হইবার পর সভার কার্য্য আরম্ভ হয়।

[illegible] শ্রীপাদ ভক্তি[illegible] [illegible] মহারাজ প্রথমে "শ্রীল প্রভুপাদ ও [illegible] পথ", "শ্রীল প্রভুপাদ ও [illegible]", "শ্রীল প্রভুপাদ ও পারমহংস-ধর্ম্ম" বিষয়ে একটী বক্তৃতা প্রদান করেন। অতঃপর শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী "শ্রীল প্রভুপাদ ও প্রাকৃত সহজিয়াবাদ" বিষয়ে একটী বক্তৃতা দেন। এই সময় শ্রীল আচার্য্যদেব সভায় শুভাগমন করিলে সকলে তাঁহাকে অভিবাদন করেন। তদনন্তর গৌড়ীয় সম্পাদক মহোপদেশক শ্রীপাদ [illegible] 'বিদ্যাবিনোদ প্রভু' "শ্রীল প্রভুপাদ ও [illegible] ও [illegible]", "[illegible] বা বিপ্রলম্ভ [illegible]", "বেদ বা শ্রুতি এবং বেদান্তদর্শন" বিষয়ে শ্রীল প্রভুপাদের অবদান [illegible] বৈশিষ্ট্যের কথা উল্লেখ করিয়া একটী অতীব সুন্দর বক্তৃতা প্রদান করেন। অতঃপর মহোপদেশক শ্রীপাদ [illegible] [illegible] প্রভু "শ্রীল প্রভুপাদ ও গৌর কিশোর-[illegible]" বিষয়ে একটী নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। উহার পর বক্তৃতায় [illegible] শ্রীযুক্ত সৌ[illegible]নাথ সরকার মহোদয় শ্রীল প্রভুপাদের কয়েকটী গানের কথা উল্লেখ করিয়া কিছুক্ষণ হরিকথা কীর্ত্তন করেন। তদনন্তর মহোপদেশক শ্রীপাদ প্রণবানন্দ ব্রহ্মচারী প্রত্নবিদ্যালঙ্কার প্রভু "যে আনিল প্রেমধন করুণা প্রচুর"—এই গীতটী কীর্ত্তন করিতে করিতে ভক্তগণ সমভিব্যাহারে শ্রীশ্রীল প্রভুপাদের সমাধিমন্দির পরিক্রমা করেন।

সন্ধ্যায় শ্রীল আচার্য্যদেবের নির্দ্দেশানুসারে শ্রীভক্তিবিনোদ নাটমন্দিরে পুনরায় সভার কার্য্য আরম্ভ হয়। মহাজন-পদাবলী কীর্ত্তন শেষ হইলে শ্রীল আচার্য্যদেব সভায় শুভাগমন করেন। শ্রীল আচার্য্যদেবের ইচ্ছানুসারে শ্রীপাদ [illegible] প্রভু "শ্রীল প্রভুপাদ ও [illegible]" এবং "শ্রীল প্রভুপাদ ও প্রাকৃত ও অপ্রাকৃত রস" [illegible] একটী [illegible] গবেষণাপূর্ণ [illegible] বক্তৃতা প্রদান করেন।

অতঃপর শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীল প্রভুপাদের বিরহোৎসবে সাক্ষাৎ হরিকথা কীর্ত্তন [illegible] প্রসঙ্গে "বিরহোৎসবে [illegible]", প্রকৃত বিরহ কাহাকে বলে, কীর্ত্তনমুখেই প্রকৃত বিরহোৎসব অনুষ্ঠিত হইয়া থাকে প্রভৃতি বহু নিগূঢ় বিষয় উল্লেখ করিয়া একটী পরম সারগর্ভ ও চমৎকারিতাপূর্ণ বক্তৃতা প্রদান করেন। অতঃপর [illegible] শ্রীমৎ [illegible] বাবাজী মহারাজ মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করিলে পর সভা ভঙ্গ হয়।

উৎসব সমাপ্তি

[illegible] পরম আনন্দ সহকারে শ্রীল প্রভুপাদের পরমপ্রকাশস্থান শ্রীচৈতন্যমঠে [illegible] সমাধি সংশ্লিষ্ট বর্ত্তমান গৌড়ীয়াচার্য্যের নির্দ্দেশ ও আনুগত্যে সংকীর্ত্তন-যজ্ঞমুখে বিরহ-মহোৎসব সম্পাদিত হইয়াছে। ভারতের সকল স্থান হইতে সেবক ও মঠাশ্রিত ভক্তগণ এবং বিশিষ্ট [illegible] ও [illegible] শ্রীচৈতন্যমঠে আগমন করত স্বতঃস্ফূর্তভাবে সংকীর্ত্তন মহোৎসবে যোগদান করিয়া কৃতার্থ হইয়াছেন।

উৎসবান্তে গত ২৮শে ডিসেম্বর শ্রীশ্রীল আচার্য্যদেব কলিকাতা শ্রীগৌড়ীয় মঠে শুভ-বিজয় করিয়াছেন। তাঁহার সঙ্গে গৌড়ীয়মঠের সেক্রেটারী মহোপদেশক [illegible] শ্রীপাদ [illegible] ভক্তিসুধাকর প্রভু, গৌড়ীয় সম্পাদক মহোপদেশক শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু, [illegible] শ্রীমদ্ [illegible] মহারাজ, [illegible] মহারাজ, [illegible] শ্রীপাদ [illegible] মহারাজ, [illegible] শ্রীপাদ [illegible] মহারাজ, [illegible] মহারাজ, [illegible] শ্রীপাদ [illegible] মহারাজ, মহোপদেশক [illegible] প্রভৃতি প্রায় ৮০ [illegible] শ্রীগৌড়ীয়মঠে গমন করিয়াছেন। শ্রীচৈতন্যমঠের অন্যতম সম্পাদক মহোপদেশক শ্রীপাদ [illegible] ভক্তিপ্রদীপ গোস্বামী প্রভু [illegible] তৎপূর্ব্ব দিবস শ্রীগৌড়ীয়মঠে শুভাগমন করেন।

[illegible] শুভ [illegible] প্রকাশে। [illegible]

'যেরূপ পূর্য অতি বৃহদ্বস্তু হইলেও দূরে অবস্থিত বলিয়া আমাদের অক্ষিগোচর হন এবং আমরা তাঁহাকে আমাদের অপেক্ষা ছোটবস্তু বলিয়া দেখিতে পাই, তদ্রূপ কৃষ্ণের সহিত আমাদের সম্বন্ধস্থাপন অসম্ভব প্রতীয়মান হইলেও তিনি আমাদের অধীনতায় আসিবার ব্যবস্থা করেন।"

—পত্রাবলী ৩য় খণ্ড

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৪ নারায়ণ, নিত্য-সর্বোদয়শালী গৌরাব্দ ৪৫১

সঙ্কীর্ত্তনযজ্ঞে কৃষ্ণারাধক শ্রীল প্রভুপাদ

(অপ্রকটবাসরে শ্রীল গৌড়ীয়াচার্য্য লিখিত)

কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্।
যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ।

(ভাঃ ১১।৫।৩২)

অঙ্গোপাঙ্গ তীক্ষ্ণ অস্ত্র প্রভুর সহিতে।
সেই সব অস্ত্র হয় পাষণ্ড দলিতে॥
পারিষদগণ যার নিত্যানন্দ রায়।
আর অদ্বৈতাদি পাপ পাষণ্ডী পলায়॥
সংকীর্ত্তন-প্রবর্ত্তক শ্রীকৃষ্ণচৈতন্য।
সংকীর্ত্তন-যজ্ঞে তাঁরে ভজে সেই ধন্য॥
সেই ত' সুমেধা আর কুবুদ্ধি সংসার।
সর্ব্বযজ্ঞ হইতে কৃষ্ণনামযজ্ঞ সার॥

(চৈঃ চঃ আদি ৩য়)

হরিকীর্ত্তন-বিমুখ আমাদিগকে যিনি অনুক্ষণ কৃষ্ণসংকীর্ত্তন যজ্ঞে দীক্ষিত করিবার জন্য প্রবোধানন্দরূপে অবতীর্ণ হইয়াছিলেন, সেই কৃষ্ণচৈতন্যের কৃষ্ণসংকীর্ত্তনযজ্ঞের যুগপৎ হোতা, উদ্গাতা, অধ্বর্য্যু ও ব্রহ্মা স্বরূপ ওঁ বিষ্ণুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-প্রভুপাদ যে ভিত্তিতে শ্রীশ্রীরাধাগোবিন্দের প্রণয়-যাজনের প্রতিষ্ঠা করিয়াছেন, তাহাই ত্রিজগৎপাবনী সুমেধস্থিত।

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ভজনরহস্যে 'নিশান্তভজনের প্রারম্ভে—"কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং" শ্লোকে সপার্ষদ শ্রীকৃষ্ণচৈতন্যকে সংকীর্ত্তনধারা ভজন করিয়াছেন এবং শ্রীরূপানুগ শ্রীল রঘুনাথ দাস গোস্বামি-প্রভুর "স্তবাবলী"র এই বিপ্রলম্ভময় কীর্ত্তন করিয়াছেন,—

নিজত্বে গৌড়ীয়ান্ জগতি পরিগৃহ্য প্রভুরিমান্
হরেকৃষ্ণেত্যেবং গণনবিধিনা কীর্ত্তয়ত ভোঃ।
ইতি প্রায়াং শিক্ষাং জনক ইব তেভ্যঃ পরিদিশন্
শচীসূনুঃ কিং মে নয়নসরণীং যাস্যতি পুনঃ॥

যিনি জগতে গৌড়দেশীয় জনগণকে আত্মীয়রূপে স্বীকার করিয়া—'হে জনগণ, তোমরা সংখ্যারক্ষণপূর্ব্বক 'হরেকৃষ্ণ' এই নাম কীর্ত্তন কর'—এইরূপ বাক্যে পিতার ন্যায় উপদেশ প্রদান করিয়াছিলেন, সেই শচীনন্দন গৌরসুন্দর কি পুনরায় আমার নয়নগোচর হইবেন?

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের নিশান্তভজন বা প্রথম-যাম-সেবার বিচার তদনুবর্ত্তী হইতে শ্রীরূপানুগজনগণের আনুগত্যে আলোচনা করিলে শ্রীল প্রভুপাদের জীবনাদর্শে পরিস্ফুট দেখিতে পাওয়া যায়। নিশান্তলীলায় শ্রীরূপের প্রাণসর্ব্বস্ব শ্রীশ্রীরাধাগোবিন্দের যে অপ্রাকৃত গাঢ় সম্প্রয়োগ, "রাত্র্যন্তে ত্রস্তবৃন্দেরিতবহুবিরুবৈর্বোধিতৌ" শ্লোকে শ্রীরূপানুগবর শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বর্ণন করিয়াছেন, শ্রীজয়দেব-সরস্বতী শ্রীগীতগোবিন্দে 'মেঘৈর্মেদুরমম্বরং' শ্লোকে 'নক্তং' অর্থাৎ রজনীর পর যে অবস্থার ইঙ্গিত করিয়াছেন, তাহাই নিশান্তলীলায় শ্রীরাধাগোবিন্দের সম্প্রযোগিতাবস্থা— ইহাই শ্রীশ্রীরাধাগোবিন্দমিলিততনু শ্রীগৌরসুন্দরের অপ্রাকৃত নিত্যলীলা। সেই সংকীর্ত্তন প্রবর্ত্তক সপার্ষদ শ্রীকৃষ্ণচৈতন্যের নিজজন গোলোকের সংকীর্ত্তন বিস্তারের জন্য ভূলোকে আগমন করিয়াছিলেন। আবার স্বেচ্ছায় তিনি শ্রীগৌরসুন্দরের নিত্যলীলায় প্রবেশ করিয়াছেন। সেই শ্রীশ্রীনবদ্বীপলীলা-দয়িতদাস প্রভুর নিত্যলীলাপ্রবেশের প্রথম বর্ষপূর্ত্তি-'বরহতিথি' অদ্য সমাগত। সেই তিথি সম্রাজ্ঞীকে আমরা শ্রীশ্রীল প্রভুপাদের পাদপীঠে এবং তদনুকূল অনুসারে সঙ্কীর্ত্তন-প্রধান যজ্ঞের দ্বারা আরাধনা করিয়া শ্রীশ্রীনবদ্বীপবিহারীদাস প্রভুবরের ও অনুগজনগণের কৃপাবিন্দু বাঞ্ছা করিতেছি।

শ্রীরূপানুগবর শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর—'সেই ত' সুমেধা আর কুবুদ্ধি সংসার' (চৈঃ চঃ আঃ ৩।৭৭), 'সেই ত' সুমেধা আর কলিহত জন' (চৈঃ চঃ মঃ ১১।৯৯) প্রভৃতি বাণী—পূর্ব্বের আদরে শিক্ষাদাতাদের চার কৃষ্ণকীর্ত্তনে শ্রীশ্রীকৃষ্ণগৌরাঙ্গের প্রীতি এবং তদুচিতজনের গৌরকীর্ত্তনের সুমেধা, আর কীর্ত্তনবিমুখতার তাহার মূর্খতা প্রমাণিত করে। শ্রীল প্রভুপাদ সেই সংকীর্ত্তনযজ্ঞ কৃষ্ণের সংসার পত্তন করিবার জন্যই এই জগতে অবতীর্ণ হইয়াছিলেন। এজন্যই তিনি সুমেধোমৌলি জগদ্গুরু ও আচার্য্য-শিরোমণি।

আশ্রয়-বিগ্রহের সেবার যে সর্ব্বোৎকৃষ্ট আদর্শ তিনি 'স্বয় আচরি ধর্ম্ম' জীবকে তাঁহার সর্ব্বকার্য্যে সর্ব্বক্ষণ সর্ব্বতোভাবে প্রকাশ করিয়াছেন, তাহাতেই তাঁহার সর্ব্বশ্রেষ্ঠ স্বরূপ প্রকটিত হইয়াছে। বৈষ্ণবের সেবার দ্বারাই ভক্তের সর্ব্বশ্রেষ্ঠত্ব প্রকাশিত হয়। যিনি যতটা বৈষ্ণবের সেবক, তিনি তত অধিক বৈষ্ণব। যিনি সর্ব্বাপেক্ষা অধিক বৈষ্ণবসেবক তিনি বৈষ্ণবশিরোমণি অর্থাৎ বৈষ্ণবগণের সম্রাট্ শ্রীগুরুদেব। আশ্রয়শিরোমণি শ্রীবৃষভানুনন্দিনী সর্ব্বোত্তমা হইয়াও গোপীগণের, সখীগণের, শ্রীকৃষ্ণের সখাগণের, দাসগণের, গো-বৎস-বিষাণ প্রভৃতি শান্তরসের রসিকগণের সেবার লীলায় প্রকটকারিণী। এজন্য 'অজ্ঞ'র অনুগুরুরূপ। শ্রীবেদব্যাস-গুরু দেবর্ষি শ্রীনারদ প্রভুও নিজের কৃষ্ণসেবার আদর্শ স্মরণ করিয়া কলিযুগোদ্ভূত প্রিয়পাণ্ডব ধর্ম্মরাজ শ্রীযুধিষ্ঠিরকেও 'বন্ধু' শব্দে অভিহিত করিয়া প্রচুর সম্মান প্রদর্শনপূর্ব্বক বলিয়াছিলেন, (ভাঃ ৭।১৫।৩০)—'হে বিভো, আমরা কেবল কৃষ্ণে গৌরবময়ী বৈধী ভক্তি মাত্র করিয়া থাকি, কিন্তু তোমরা কৃষ্ণের প্রিয়—তাঁহার সহিত স্নেহবিশিষ্ট'।

এই সম্বন্ধযুক্ত সেবাই কৃষ্ণাকর্ষিণী। কুল, পাণ্ডিত্য, তপস্যা বা অন্যান্য জাগতিক গুণ কৃষ্ণকে আকর্ষণ করিতে পারে না। বিশ্রম্ভ-সেবার প্রধান লক্ষণ এই যে, তাহাতে কোন প্রকার সম্মাননীতি অর্থাৎ বণিগ্বুদ্ধি নাই। ভৃত্য বণিক্ নহে, বণিকও ভৃত্য নহে। গুরু অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ বৈষ্ণব হইয়াও যিনি বৈষ্ণবের সেবা করেন, তিনিই আশ্রয়বিগ্রহ শ্রীগুরু।

গুরু শিষ্যকে নিত্য কৃষ্ণদাস-বিচারে কৃষ্ণসেবায় প্রকৃত উৎসাহ দান করেন, সেই উৎসাহের দ্বারা শিষ্যের কৃষ্ণভক্তি অধিকতর প্রকাশিত হয়। এই উৎসাহদানের সংস্কৃত প্রতিষ্ঠাদান এক নহে। উৎসাহদানে শিষ্যের কৃষ্ণসেবাবৃত্তি আবৃত হয় না, উহা ক্রমশঃ সম্প্রকাশিত হয়। উৎসাহ-প্রদান-ব্যাপারটি শ্রীগুরুদেবের আশীর্ব্বাদ ও সাক্ষাৎকার আর অযথা প্রতিষ্ঠাপ্রদান-ব্যাপারটি শ্রীগুরুদেবের বঞ্চনা বা ছলনাজাল।

শ্রীল কাশী মিশ্র শ্রীমন্মহাপ্রভুকে বলিয়াছেন—

সন্ন্যাসী বিরক্ত তোমার কা সনে সম্বন্ধ?
ব্যবহার লাগি' তোমা ভজে,
সেই জ্ঞান-অন্ধ॥
তোমার ভজন-ফলে তোমাতে প্রেমধন।
বিষয় লাগি' তোমা ভজে সেই মূর্খজন॥
তোমা লাগি' রামানন্দ রাজ্য ত্যাগ কৈলা।
তোমা লাগি' সনাতন বিষয় ছাড়িলা॥
তোমা লাগি' রঘুনাথ সকল ছাড়িল।
হেথায় তাহার পিতা বিষয় পাঠাইল॥
তোমার চরণকৃপা হঞাছে তাঁহারে।
ছন্দে খাদি' খায়, বিষয় স্পর্শ নাহি করে॥'
সেই 'রামানন্দ' যে তোমা ভজে তোমা লাগি।
আপনার সুখদুঃখে নহে ভোগ-ভাগী॥
তোমার অনুকম্পা চাহে ভজে অনুক্ষণ।
অচিরাৎ মিলে তাঁরে তোমার চরণ॥

—(চৈঃ চঃ অন্ত্য ৯।৬৮-৭০, ৭৫-৭৬)

পরমারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদের জগদ্গুরুত্বের বৈশিষ্ট্যের মধ্যে তাঁহার অতুলনীয় বৈষ্ণবসেবা-প্রবৃত্তির আদর্শ প্রকাশিত। যে সকল ব্যক্তি অতি সামান্যভাবেও তাঁহার সঙ্কীর্ত্তনযজ্ঞের সহায়তা করিতেন, শ্রীল প্রভুপাদ তাঁহাদিগকে যথেষ্ট উৎসাহ প্রদান করিতেন। তাঁহার ভৃত্যগণকে তিনি নানাভাবে উৎসাহ প্রদান করিয়া সেবাশক্তি সঞ্চার করিতেন—ইহা তাঁহার চরিত্রে সর্ব্বক্ষণ দেদীপ্যমান ছিল। তাঁহার এই উৎসাহ-প্রদানকার্য্য শিষ্যের প্রতি অহৈতুকী কৃপা অর্থাৎ শিষ্যের কৃষ্ণসেবাবৃত্তির উদ্বোধনকারী। সেই উৎসাহে উৎসাহান্বিত হইয়া আজ বহু সেবক জাগতিক দুরাশা আদর্শ, নিজ পরিজন ও যথা-সর্ব্বস্ব জগদ্গুরুর পাদপদ্মে উৎসর্গ করিয়া অনন্যশরণ হইয়াছেন। কিন্তু সেজন্য শ্রীল প্রভুপাদ সেইসকল ভক্তকে কোনদিন তোষামোদ করেন নাই। তাঁহাদিগকে সর্ব্বতোভাবে শাসন, 'নিন্দা-নিপিন্দা-কর্কশ-যুক্ত সুতীব্র বাক্যের দ্বারা সংশোধিত করিয়া প্রকৃত 'আত্মীয়তা-সুধারস' পান করাইতে পশ্চাৎপদ হন নাই। তাঁহাদিগের সম্মুখে প্রশংসা না করিয়া বরং পশ্চাতে অপরের শিক্ষার জন্য তাঁহাদের আদর্শচরিত্রের কথা বর্ণন করিয়াছেন। তাঁহার কোন নিষ্কপট সত্যানুসন্ধিৎসু ভক্তকে তিনি বিষয় দ্বারা বঞ্চনা করেন নাই, বিষয়ে প্রলুব্ধ করেন নাই। অনেক সময় অনেক মঠবাসী হরিসেবকের আত্মীয়স্বজন, স্ত্রী আত্মীয়ের সংসারধর্ম্ম ছাড়াইয়া এমন কি ব্যবহারিক জগতের একান্ত প্রয়োজনীয় প্রাণরক্ষণ সংগ্রহে পর্য্যন্ত উদাসীন করাইয়া হরিকীর্ত্তন-সেবায় নিযুক্ত করায় শ্রীল প্রভুপাদের নিকট উপস্থিত হইয়া অনেক দুঃখ জানাইয়াছেন, কোন কোন মাতা-পিতা শ্রীল প্রভুপাদের সম্মুখে মূর্চ্ছিত হইয়া পুত্রবিরহকাতরতা প্রকাশ করিয়াছেন, কেহ বা শ্রীল প্রভুপাদকে নানাপ্রকার ভয়প্রদর্শন করিয়াছেন। কিন্তু তিনি তাঁহাদিগকে বলিতেন,—'আমি এতটা কঠোর ও নিষ্ঠুর হইতে পারিব না যে, যাহাদের সেবাবৃত্তির বিন্দুমাত্র উন্মেষ হইয়াছে তাহাদিগকে পুনরায় দুঃখের বিষয়ের যূপকাষ্ঠে বলি দিবার জন্য পাঠাইয়া দিব।"

'তোমা ভজে তোমা লাগি', আপনার সুখদুঃখে নহে ভোগ-ভাগী'—এইরূপ ভক্তকে পাইয়াই তিনি ভক্তসম্বোধন মঠ যা

কৃষ্ণ তারে দেন নিজ চিন্তামণি, যাঁহা আকৃষ্ণ হয়ে মধুর বৃন্দাবন।

কৃষ্ণের সেবায় গঠন করিয়াছিলেন।—সংকীর্ত্তন-প্রবর্ত্তক শ্রীচৈতন্যের অনুগ গৌড়ীয়-গণের আশ্রয়বিগ্রহানুগত্যে বিষয়-বিগ্রহের সেবার জন্যই মঠ বা মিশন স্থাপন করিয়াছিলেন। 'মঠ'-শব্দে যুগপৎ আশ্রয়-আধেয়রূপে ভগবান্ ও ভগবৎকামবাসী আশ্রয় বস্তুকে বুঝায়। যেস্থানে বহু সেবক গুরুদেব বা আচার্য্যের আনুগত্যে আচার্য্য-বর্ত্তিত বহু-বিগ্রহের সেবায় নিযুক্ত থাকেন, সেই গুরুসেবকগণাশ্রয়যুক্ত বিগ্রহ ও বিগ্রহের অধিষ্ঠানই 'মঠ'। এইরূপ বহু মঠের সমবায়কে 'সম্প্রদায়' বা পাশ্চাত্য-ভাষায় 'মিশন' প্রভৃতি বলা হয়।

মঠ' শব্দের অর্থ—হরিকীর্ত্তনমুখরিত স্থান। সম্প্রদায় বা 'মিশন' সংঘ বা গোষ্ঠী। গোষ্ঠীনিবিষ্টগণ যেখানে আশ্রয়বিগ্রহানুগত্যে পরস্পর একবৃত্তিতে পরস্পরকে বিষয়বিগ্রহের সঙ্গে মিলন করাইবার জন্য—সেবায়ত্ত করাইবার জন্য অনুক্ষণ ব্যস্ত। প্রণষ্ট প্রকারে অপ্রচীর্ণ বিষয়-বিগ্রহের অনুক্ষণ-কীর্ত্তনমুখে বর্ত্তনই একমাত্র পরধর্ম্ম। সেই ব্যক্তিগণই মঠসেবক বা সুমেধা। শ্রীল প্রভুপাদ সেই সুমেধাগণের শিরস্থানের মণিস্বরূপ।

সুমেধোবৃন্দমণি শ্রীশ্রীল প্রভুপাদ কি হরিকথা-কীর্ত্তনে, কি গ্রন্থরচনায়, কি পঠন-পাঠনে, কি মঠ-মন্দিরাদির স্থাপনে বা নির্ম্মাণ-কার্য্যাদির দর্শনে কিম্বা আপাতদৃষ্টিতে দৈনন্দিন কার্য্যে, অর্থাৎ প্রত্যেক ক্রিয়ায় কৃষ্ণ-উদ্দীপনের সন্ধান ও কৃষ্ণসম্বন্ধ-যোগে যুক্ত থাকিবার অভূতপূর্ব্ব আদর্শ প্রকট করিয়াছেন। তাঁহার প্রত্যেক কথা ও ক্রিয়ার মধ্যে সব যুগপৎ অপূর্ব্ব সমন্বয় সব বস্তু হইয়া প্রকাশিত হইত। তাঁহার দেহ ও মন এবং স্থানের মধ্যে সেবার বৈচিত্র্য নিত্য প্রকাশমান ছিল। এমন কি, প্রবজীবিগণের কার্য্যাদির পদার ভিতর তিনি কৃষ্ণ-সম্বন্ধ স্থাপনায় বিভাবিত হইতেন। সাধকের একটি ক্রিয়া কিরূপ উদ্দেশ্যের দ্বারা প্রত্যেক এবং অনন্ত নিত্যক্রিয়ার সাথে উপরে কেন্দ্র একটি সম্পূর্ণ বৃত্ত, বৃত্ত বা বৃত্ত প্রকৃতি হয়, তাহা তিনি ভাগবতগণের ক্রিয়াকলাপের মধ্যেও প্রদর্শন করিতেন এবং হরিকীর্ত্তন-মুখে সুমেধা শিষ্যগণকে উপদেশ করিতেন। তাঁহার মতে সমস্ত ক্রিয়া—কৃষ্ণকীর্ত্তন মুখ্যপ্রকাশের উদ্দেশ্যে না হওয়া উচিত নহে। তিনি বলিতেন এক মাত্র বিষয়ই যথার্থ—

"পরস্পরানন্দ বাণী ব্যাপি পূর্ব্বকর্ম্মসু।
ভবেদ্বা বন্দনা কথনম্।"

—এই বাক্যের মুখ্য-বিগ্রহরূপে কীর্ত্তন বিচারে অভ্যন্ত আচরণীয় যা করেন। ইহা যাহারা উপলব্ধি করিতে পারেন, তাঁহারাই শ্রীল প্রভুপাদের মহাযজ্ঞ-যজ্ঞের পুরোধা ও সুমেধা। শ্রীল প্রভুপাদ কিছু ভবিষ্যতে ভোগিগণের ইন্দ্রিয়তর্পণের জন্য মঠমন্দিরাদি-নির্ম্মাণে ঐরূপ ব্যবস্থা দেখাইতেন না। তিনি অনেক সময় কাষায় গৃহাদি দ্বারা ভজনকুটীর নির্ম্মাণের বিশেষ পক্ষপাতী ছিলেন। তিনি বলিতেন,—যাহারা হরিভজনপরায়ণ হইবেন, তাঁহারা তাঁহাদের ভজনোপযোগী গৃহ করিয়া অবস্থান করিতে পারিবেন, তৎপরে উহার সংরক্ষণের আর প্রয়োজন নাই। ভবিষ্যৎকালে যাঁহারা হরিবিমুখতা লাভ করিবেন, তাঁহাদের ইন্দ্রিয়তর্পণের ইন্ধন সংগ্রাহক করিয়া যাওয়া তাঁহার নিজ ইচ্ছার বিরুদ্ধ কার্য্য ছিল।

তিনি শ্রীধাম মায়াপুরে কৃষ্ণের ভোগের ও কৃষ্ণকীর্ত্তনকারী ভক্তগণের সেবোপযোগী দ্রব্যাদির জন্য ক্ষেত্রকর্ষণ কার্য্য আমাদের সাক্ষাৎ দর্শন করিয়াছেন। কৃষিকার্য্যের মধ্যেও তিনি কৃষ্ণসেবার উদ্দীপনা অর্থাৎ বলদেব নিত্যানন্দ প্রভুর উদ্দীপনায় বিভাবিত হইতেন এবং সেই সকল উপদেশ শিষ্যগণের নিকট কীর্ত্তন করিতেন। দার্জ্জিলিং, শিলং, মুসৌরী, উতকামণ্ড প্রভৃতি শৈলে গমন করিয়া তিনি গোবর্দ্ধনের স্মৃতিতেই উদ্দীপ্ত হইয়া অধিকতর আবেশভরে হরিকথা কীর্ত্তন করিতেন, সকলকে আত্মমঙ্গলের উপদেশ প্রদান করিতেন, নবনবায়মান সেবা-বৈচিত্র্য-পরিকল্পনা ও তাহাতে ভক্তগণকে প্রেরণা দান করিতেন। ভোগ-বুদ্ধির বিন্দুমাত্র আভাসও কোন নিষ্কপট সেবক তাঁহার নিকট হইতে প্রাপ্ত হন নাই।

পূর্ব্ব বঙ্গে তাঁহার গোবর্দ্ধনস্মৃতির ও মহাদর্শনের উদ্দীপনা হওয়ায়, তিনি তথায় একটি মঠপীঠ স্থাপনের কথা অনেকদিন আমাদের নিকট বলিয়াছিলেন। গোবর্দ্ধনাদ্রির ব্রজবাসীর বৃহৎ বৃন্দাবন মুক্তাগিরি মালাবর তিনি স্বয়ং গৌরসুন্দরের সংকীর্ত্তন করিবেন, ইহাই তাঁহার উদ্দেশ্য ছিল। তিনি সংকেতে (ইঙ্গিতে) বলিয়াছেন যে মায়াবাদী ভক্তবৈষ্ণবগণের উৎসাহ পারমার্থিকগণের অনুশীলন হয়, তজ্জন্য তথায় একটি প্রকাণ্ড প্রচারাশ্রম স্থাপনের বিশেষ ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন। সাম্প্রদায়িক মতে তিনি কাহাকেও ক্ষুদ্র বলিয়া দর্শন করিতেন না। প্রত্যেককে তিনি বহু আচার্য্যরূপে দর্শন করিতেন। বহু বৈষ্ণবাচার্য্যের সঙ্গে অবস্থান করিয়া—তাঁহাদের বাণী প্রচার করিয়া তিনি আচার্য্য-সেবকের গোষ্ঠী বর্দ্ধন করিবেন, এতদুদ্দেশ্যে তিনি কুটীচক ও বহূদক অবস্থার পর হংস ও পরমহংসগণের সমবী এককালে আচার্য্যগণের ও তাঁহাদের বাণী-সংকীর্ত্তন সেবায় যাহাতে লাভ হয়, ইহা আমাদিগকে শিক্ষা দিয়াছেন।

ভারতবর্ষের প্রত্যেক দর্শকের হৃদয়ে যাহাতে চৈতন্য সঞ্চার হয়, এইজন্য তিনি শ্রীচৈতন্যপাদপীঠ স্থাপন করিয়াছেন। শ্রীচৈতন্যপাদপীঠ দর্শনে শ্রীচৈতন্যগোষ্ঠীগণের সঙ্গে অচৈতন্য জীব প্রবুদ্ধ হইতে পারিবে, কলিহত সংসার সুমেধা হইয়া সংকীর্ত্তন-যজ্ঞে যোগদান করিতে পারিবে, ইহাই তাঁহার আশাবন্ধ ছিল।

তিনি মূর্খদিগণের জন্য বেদাকে রূপে প্রকাশ করিয়া পুনরায় রূপকে বাণীর সাহায্যে ব্যাখ্যা করিয়া হরিকীর্ত্তনের দ্বারা জীবের চেতনবৃত্তি উদ্বোধনের জন্য কতই না চেষ্টা করিয়াছেন। কোন স্থানবিশেষের শিল্পবিদ্যার সৌন্দর্য্য-প্রকাশ ও প্রচার তাঁহার উদ্দেশ্য ছিল না। প্রাকৃত বেদাস্বাদে মুগ্ধ ব্যক্তিগণ হয় ত' মনে করিতে পারেন, তিনি কোন দেশীয় কুম্ভকারগণের শিল্পবিদ্যা প্রদর্শনী উন্মোচন করিয়াছিলেন, কিম্বা নদীয়া জেলার উন্নতিকল্পে তথায় স্কুল, ডাকঘর, তড়িতালোক, গোশালা প্রভৃতি স্থাপন ও নির্ম্মাণ করিয়াছিলেন, বস্তুতঃ তাঁহার মুখ্য উদ্দেশ্য কৃষ্ণসংকীর্ত্তনের প্রসার। ঐসমস্ত কার্য্যে তিনি কৃষ্ণ-সংকীর্ত্তন-যজ্ঞের অনুকূলরূপে প্রকাশ করিয়া গেলেন। ভাবনাবিগণ বপুঃদর্শনে মুগ্ধ হন। সারগ্রাহী হংস ও পরমহংসগণ বাণী বা কৃষ্ণের সংকীর্ত্তন শ্রবণ করিতে পারেন, কারণ, তাঁহারা সুমেধা। এখানেই শ্রীল প্রভুপাদের Morphology ও Ontologyর বিচার।

'Morphos' বা বপুর্দর্শনে কৃষ্ণ-সংকীর্ত্তনের প্রতি একমাত্র লক্ষ্য ও কোটি ব্রহ্মের দ্বারা হরিকীর্ত্তনকে আবৃত করিবার অনুরাগ থাকে না। সমস্ত সংসার এই কৃষ্ণসংকীর্ত্তনের প্রতি উদাসীন, অতএব কুমেধা ও বাদরত। 'শ্রীকৃষ্ণসংকীর্ত্তন' অর্থে শ্রীগোবর্দ্ধনপূজা অর্থাৎ কামদেব কৃষ্ণের অপ্রাকৃত কামদেবের সর্ব্বতোমুখী তর্পণ।

কলৌ ন রাজন্ জগতাং পরং গুরুং
ত্রিলোকনাথানতপাদপঙ্কজম্।
প্রায়েণ মর্ত্ত্যা ভগবন্তমচ্যুতং
যক্ষ্যন্তি পাষণ্ডবিভিন্নচেতসঃ॥
(ভাঃ ১২।৩।৪৩)

হে রাজন্! কলিযুগে মানবগণ প্রায়শঃ পাষণ্ডগণ-কর্ত্তৃক বিভ্রান্তচিত্ত হইয়া ব্রহ্মাদি লোকেশ্বরগণকর্ত্তৃক বন্দিতপাদপদ্ম, জগতের পরমগুরু ভগবান্ শ্রীহরির আরাধনা করিবে না।

যন্নামধেয়ং ম্রিয়মাণ আতুরঃ
পতন্ স্খলন্ বা, বিবশো গৃণন্ পুমান্।
বিমুক্তকর্ম্মার্গল উত্তমাং গতিং
প্রাপ্নোতি যক্ষ্যন্তি ন তং কলৌ জনাঃ॥
(ভাঃ ১২।৩।৪৪)

ম্রিয়মাণ আতুর পুরুষ পতনকালে শিথিলেন্দ্রিয় হইয়াও বিবশকণ্ঠেও যাঁহার নাম উচ্চারণ করিলে কর্ম্মরূপ অর্গলবন্ধনমুক্ত হইয়া পরমগতি লাভ করিয়া থাকে, কলিযুগে লোকগণ সেই শ্রীহরির আরাধনা করিবে না।

আমরা ম্রিয়মাণ, আতুর, শিথিলেন্দ্রিয় ও পঙ্গু। আমরা সর্ব্বদোষাকর কলির তাপে তপ্ত, সম্ভোগমদে মত্ত, এইজন্যই শ্রীল প্রভুপাদ তাঁহার প্রকট-তিথি-পূজায় যে আশ্রয়ানুগত্য আমাদিগকে নানাভাবে শিক্ষা প্রদান করিলেও আমরা আমাদের নিত্যমঙ্গলবিধাতা শ্রীগুরুপাদপদ্মের সেই মঙ্গলচেষ্টাকে বরণ করিতে পারি নাই, তাই পুনরায় মহাবদান্যশিরোমণি অপ্রকটরূপে কৃপা করিবার জন্য অজ্ঞান অধম আমাদের নিকট তাঁহার বিপ্রলম্ভময়ী সুমেধাস্বরূপ প্রকট করিয়া আশ্রয়-বিগ্রহানুগত্যে বিষয়বিগ্রহ নামাবতারের আরাধনা শিক্ষা দিয়াছেন।

কলের্দোষনিধে রাজন্নস্তি হ্যেকো মহান্ গুণঃ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তসঙ্গঃ পরং ব্রজেৎ॥

"হে রাজন্! সর্ব্বদোষাশ্রয় কলিযুগের ইহাই একমাত্র মহাগুণ যে, মানবগণ এই যুগে কৃষ্ণনাম কীর্ত্তন হেতুই মুক্তসঙ্গ হইয়া পরমপুরুষকে প্রাপ্ত হইয়া থাকেন।"
(ভাঃ ১২।৩।৫১)

শ্রীশ্রীল প্রভুপাদের প্রাণসর্ব্বস্বপূর্ত্তি-বিরহ-তিথিতে বৈষ্ণবগণের আনুগত্যে সংকীর্ত্তনকারী বিগ্রহ শ্রীগান্ধর্ব্বী-গিরিধারীর প্রভুর অভিমত আচার প্রচার আদর্শের অনুশীলন করিতে আমাদের লোভ ও অভিলাষ হইয়াছে। তাঁহার অপার্থিব কৃপার কথা অষ্টোত্তরশত ভক্তিতে মালাকারে রচনা করিয়া সপ্তাহব্যাপী সুমেধোবৃন্দ মহামহোৎসবে আমরা তাহা অনুশ্রবণ ও অনুকীর্ত্তন মুখে অনুস্মরণ করিব। যাহাতে আমরা আত্মনিবেদন ক্ষেত্রে গোবর্দ্ধনতটে শরণাগত হইয়া শ্রীরূপানুগত্যে, বৈষ্ণবানুগত্যে যাঁহারা কৃষ্ণকীর্ত্তন করেন, তাঁহাদের সঙ্গে প্রভুপাদের কীর্ত্তনময়ী পূজা করিতে পারি, তজ্জন্য সকলের নিকট আশীর্ব্বাদ ভিক্ষা করিতেছি। বৈষ্ণবের আনুগত্যেই আশ্রয়-বিগ্রহশিরোমণি শ্রীগুরুপাদপদ্মের সেবা হয়। বৈষ্ণবের নিকট হইতে সেবা-গ্রহণের চেষ্টা গুরুর অনুকরণ, তাহা শ্রীগুরুদেবের অনুসরণ নহে। শ্রীগুরুদেব বৈষ্ণবের নিকট হইতে সেবা গ্রহণ করেন না, বৈষ্ণবকে কৃষ্ণসেবায় নিযুক্ত করিয়া সুখী হ'ন। গুরুদেবের কৃষ্ণসেবার সর্ব্বশ্রেষ্ঠ উপকরণ—কৃষ্ণ-সংকীর্ত্তন। শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ গৌর-সরস্বতী যে শ্রীকৃষ্ণচৈতন্যপ্রবর্ত্তিত শ্রীরূপানুগসংকীর্ত্তন-যজ্ঞের সমৃদ্ধিকে পুনঃপ্রকাশ করিয়াছেন, সুপবিত্রতিথিপূজায় আমরা সেই অপ্রাকৃত বাঞ্ছক শ্রীল প্রভুপাদের গোবর্দ্ধনপূজার একটি নগণ্য উপকরণ হইবার জন্য শ্রীশ্রীভক্তিবিনোদ-গৌর-সরস্বতীর কৃপা-কটাক্ষ প্রার্থনা করিতেছি। জয় শ্রীভক্তিবিনোদবাণীর জয়।

মায়াকে পিছনে রাখি কৃষ্ণ পানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

শাখা-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ মায়াপুর
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্য মঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। প্রাচীন প্রভুপাদ ঠাকুরের 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে।
রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। গৌড়ীয়মঠ নং বড়বাজার ৫১১৫ কলিকাতার শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমদ্ভাগবত পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ চতুর্থ বেদান্ত শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্মনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিবিবেক ভারতী।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।
রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) শ্রীগুরুকুলকৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

[১]১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীহিরন্ময় ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মামগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
শ্রীবাসুদেব দত্ত ঠাকুর বৃন্দাবনের স্থান
রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
রক্ষক—শ্রীমহত্ত্বরূপ ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়
রক্ষক শ্রীমহাপ্রভু ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়মুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক শ্রীগোবিন্দদাস বাবাজী।

১৭) কুলিয়া কুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিবান্ধব

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)
রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)
রক্ষক—শ্রীহরিকিশোর ব্রহ্মচারী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাসন
রক্ষক—শ্রীনৃপেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
রক্ষক—শ্রীনরেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) বারদীগৌড়ীয়মঠ
বারিদী পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি-এ

(২৪) গোপীনাথমঠ
কমলাপুর পোঃ ঢাকা
রক্ষক—শ্রীমদনগোপাল ব্রজবাসী।

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ
পোঃ গণিয়াটি, (ঢাকা)
রক্ষক শ্রীঅমৃতকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
রতুনাথ, পোঃ ময়মনসিংহ
রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দরানন্দ ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীশরৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
জলাপাহাড়, দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ
পোঃ হরিবাব, জিঃ নারায়ণপুর, ষ্টেট, দি
রক্ষক—শ্রীযোগেন্দ্রানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ
পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার
রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
বনপর রোড, গয়া
রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ
৩২নং জঙ্গমবাড়ী, বেনারস সিটি
রক্ষক শ্রীনামানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর ষ্টেট, পি)
রক্ষক—শ্রীসনাতনগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক—শ্রীভক্তিবিলাস আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড। মথুরা
রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ শ্রীরাধাকুণ্ড
(৪২) রাধাকুণ্ড পার্ষদগোষ্ঠী
রক্ষক—ভক্ত শ্রীবনোয়ারী

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা মথুরা।
রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫)নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—কুরুক্ষেত্র.
পোঃ জোতোসর, জেলা কর্ণাল (পাঞ্জাব)
রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ
৬৩নং কুতুব রোড, নিউ দিল্লী।
রক্ষক—শ্রীগৌরাঙ্গদেব ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণধাম বিল্ডিং নং ৩
রক্ষক—শ্রীঅখিলবন্ধু ব্রহ্মচারী।

(৫১) মান্দ্রাজ গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মান্দ্রাজ
শ্রীশ্রীকৃষ্ণগৌরাঙ্গরাধাকান্তবিশাখাজিউর সেবা
রক্ষক—মহোপদেশক শ্রীপাদ কুঞ্জবিহারী ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, জেলা গোদাবরী মান্দ্রাজ
শ্রীশ্রী কৃষ্ণগৌরাঙ্গগান্ধর্ব্বিকা গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগোপীনাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক — শ্রীমাধব দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী স্বর্গদ্বার, পুরী

(৫৬ সাক্ষীকুটী
রক্ষক—শ্রীভক্তিকেশব দাসাধিকারী

(৫৭) জিয়ড়-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
রক্ষক —শ্রীকেবলানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ
বাখরাবাদ, পোঃ কটক (উড়িষ্যা)
রক্ষক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

([৫৯]) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ
রক্ষক—শ্রীলালা মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ
ঠিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
রক্ষক—শ্রীজগদানন্দ ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) কাঁথি গৌড়ীয়মঠ
পোঃ কাঁথি, মেদিনীপুর
রক্ষক—শ্রীধর্ম্মবিক্রম ব্রহ্মচারী।

(৬২ ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ
ব্রাহ্মণপাড়া পোঃ মাড় (চাকতা)
রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ
কুমারখালী, পোঃ চন্দ্রকোণা, (মানভূম)
রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়
১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।
রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রকাশ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, ডাউনরোড
গ্লাসটন, লণ্ডন, ই ৫
রক্ষক—প্রচারোপদেশক পণ্ডিত শ্রীমৎ [illegible] গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়
রক্ষক—শ্রীজগদ্গোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপরমানন্দ চক্রবর্ত্তী ভক্তিবিদ্যাসম্বর সম্পাদিত
শ্রীনরহরি ব্রহ্মচারী [illegible], ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

কলকাতার বাজার দর

৩ই ডিসেম্বর ১৯৩৭

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
রামশালি	৮৷০
বালাম চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
বাঁকতুলসী	৫৷০
দাদরা নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
রাজাবেক কোম্পানি	৩৲
সিদ্ধ বেগুন	৩৷৶০

আতপ—

নূতন আতপ	৪৲-৪৷০
পেশোয়ারী	১০৲-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০ ৫৷৶
ঐ মাঝারি	৫৲-৫৩০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৶০

চিনির দর

কাশীর, টাইপ	১০৷৶
[illegible] ১০০০ নং	১০৶
[illegible] সাদা	৯
[illegible] সাদা	৮৷০ ৯৶০
[illegible] লাল	৭৷৶০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

কণ্সোলের বার	৩৪৷
গিনি	২২৲
চাঁদিবার	৫০৷০

পাটের দর

[illegible]—	৪০৸০
[illegible]—	৪০৸০
[illegible]—	৪১৷০
[illegible]—	৪১৲

আটা ও ময়দার দর

টেক্স ময়দা প্রতি মণ	৬৷০—৬৷৶
[illegible] ঐ	৬৲—৬৶০
[illegible] ঐ	৫৷৶০—৫৸০
ঐ	৬৲—৬৶০
ঐ ([illegible])	৫৸০—৫৸৶০
ঐ নং (২)	৫৶০—৫৷৶০
ঐ ([illegible])	৫৲—৫৷০
ঐ ([illegible])	৪৸০—৪৸৶০
ঐ নং (৩)	[illegible]—২৸৶০
[illegible]	১৸৶০—১৸০
	১৸৶০—১৸৶০

ঘৃতের দর

[illegible]	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৪০৲
[illegible]	৪৫৲
[illegible]	৬৬৷০

[illegible]	৭৩৲
[illegible]	৩৬৲
[illegible]	৪১৸০
২৬ গেজ—	১৭৸০
[illegible] ২৪—৩০ গেজ	১০৲

লৌহ ও হার্ডওয়ার

১৩ই ডিসেম্বর ৭।১২।৩৭

টাটার তৈয়ারী— [illegible]

লোহার কড়ি [illegible]

মার্কা	৮৸৶০—৯৷০
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা টেস্টেড [illegible]	[illegible]
ঐ [illegible] ([illegible])	৯৲—১০৲
[illegible] (টি আয়রণ)	৮৸০—৯৲
[illegible] আয়রণ (কোনা)	৮৷০—৯৸৶০

টাটা প্যাঃ করগেট টিন।

২৪ গেজ—	১৪৲
২৬ গেজ—	১৬৸০
২৮ গেজ—	১৮৲
টাটা প্যাঃ প্লেন সীট	১৩৶০
২৪ গেজ—	১৪৷৶০
২৬ গেজ—	১৬৷৶০
২৮ গেজ—	

[illegible] প্যাঃ করগেট।

২৪ গেজ—	১৲
সীস	[illegible]
[illegible] কাটা ([illegible])	১০৷
সেট কাড়ি বা চিট কাটা মণ	৩৷০—৫৸০

পাটি কাড়ি ৯—৯ ফুট লম্বা ৬৷০ ৭৲ [illegible]

গোল বড় কাড়ি লম্বা ১—৩ফুট ৯৲—১০

ঐ ,, ৩—১০ ঐ ৯৷০—১০৷০

টিন পাতি, গোলটু, [illegible] ৮৸০—৯৷০

[illegible] টি-[illegible] ও [illegible] ৮৸০—১০৷০

[illegible] আসল ২৫৲ নকল ২৩৷০

চটকলের [illegible] ৫৶০, পাটের [illegible]

[illegible] ৯৷০

ঘৃতের দর

কলিকাতা ২৭শে জুন,

[illegible]	৫৪৲
[illegible]	৪০৲
[illegible]	৪৯৲
[illegible]	৫৩৲
ঐ [illegible]	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৭শে জুন,

প্রতি মণ

[illegible]	৮৷০
[illegible]	১৬৷০—১৭৲
[illegible]	
[illegible]	১৫৷০—১৭৷০
[illegible]	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার [illegible]
এণ্ড সন্স্ লিঃ
[illegible] পোস্তা, [illegible]
কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট—

[illegible] বিদ্যালয়

[illegible] পড়ার [illegible]—[illegible], বিদ্যালয় ও বোর্ডিং এর [illegible]। [illegible] । বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে খোরাক ও [illegible] মাসে মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ [illegible] ম্যাট্রিকুলেশন পরীক্ষায় [illegible] ফল প্রদর্শন করিয়াছেন।

[illegible]

পরীক্ষায় যাহারা [illegible] পারিবে, [illegible], ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর [illegible] ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউশন
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

রেলওয়ে সময়

কৃষ্ণনগর হইতে শ্রীধাম-মায়াপুরে যাইবার রেলের সময়

কৃষ্ণনগর	ছাঃ	৬—৫৬,	১০—৩১,	১৩—১১	১৭—৩৮	১৯—৩৫
মহেশগঞ্জ	ছাঃ	৭—২৭,	১১—৩,	১৪—০	১৮—৯,	২০—০৫
নবদ্বীপঘাট	পৌঃ	৭—৫৫	১১—১০,	১৪—৯	১৮—১৩,	২০—১২

শ্রীধাম মায়াপুর হইতে কৃষ্ণনগর যাইবার রেলের সময়

নবদ্বীপ ঘাট	ছাঃ	৫-৫৫	৯-১৫	১১-৪০	১৬-০	১৮-৩১
মহেশগঞ্জ	ছাঃ	৬-৫০	৯-৩৩	১১-৫৮	১৬-৮	১৮-৩৯
কৃষ্ণনগর সিটি	পৌঃ	৬-২৩	[illegible]	১২ ১৮	[illegible]	

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠভূষণের
রেহিণীর তৈল
সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ
[illegible] জ্বর [illegible] একমাত্র উপায় [illegible] তার [illegible] । [illegible] এবং নূতন ও পুরাতন [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার [illegible] । [illegible] ছোট [illegible] ৮০ আনা, বড় বোতল ১৮০ আনা। [illegible]।
ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।
অথবা
পোঃ [illegible], [illegible]।

ঠাকুর ভক্তিবিনোদ

কাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপ্রসিদ্ধ। এই বৈষ্ণবচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় পারমার্থিক সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী প্রতিবার	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী প্রতিবার
প্রতিবারে প্রতি লাইনে।০	।৶০	।৵০	।০	
" " ইঞ্চ ২৲	১৷০	১৷০	১৲	
সিকিকলম ৫৲	৪৲	৪৲	৩৲	
" অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲	
" এক কলম ১৫৲	১০৲	১০৲	৮৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬০	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৴৫, বিশেষ সংখ্যা৷৹ ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপদেশক পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাক্তশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গ্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া জগদ্বাসী ধন্য এবং ভক্ত ও ভগবানের লীলাকাহিনী পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্রাধিক পৃষ্ঠা ব্যাপী। ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ ইংরাজি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—সত্য ও সাউথ [illegible], [illegible] ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা— নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী
বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১৩।৭নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষার "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG NO C 1844

শ্রীরূপানুগবর্য্যপাদ
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
নিত্যলীলাপ্রবিষ্ট
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৭ই পৌষ, ১৩৪৪, ১লা জানুয়ারী, ১৯৩৭, শনিবার [সংখ্যা ২৫২]

বিবিধ সংবাদ

——(০(:০:)০)——

ভারতীয় বিজ্ঞান কংগ্রেস

আগামী ৩রা জানুয়ারী বেলা দশ টিকার সময় ইউনিভার্সিটি সায়েন্স কলেজে বড়লাট ভারতীয় বিজ্ঞান-কংগ্রেসের জুবিলী অধিবেশনের উদ্বোধন করিবেন। পূর্ব্ব ঘোষণা অনুযায়ী উক্ত অধিবেশন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট হাউসে হইবে না।

বিদেশ হইতে যে সকল প্রতিনিধি ইতোমধ্যেই ভারতে আসিয়া পৌঁছিয়াছেন তাঁহাদের ছাড়া জার্ম্মাণীর হেলডিবার্গ কাইজার উইল হেলম ইন্‌ষ্টিটিউটের ফিজিক্স বিভাগের ডিরেক্টার অধ্যাপক ডবলিউ বথেও উহাতে যোগদান করিবেন। তিনি বিমানযোগে ১লা জানুয়ারী কলিকাতায় পৌঁছিবেন।

বিদেশের ও ভারতের নিম্নলিখিত বৈজ্ঞানিকগণকে ভারতীয় বিজ্ঞান-কংগ্রেস এসোসিয়েশনের ফেলো (অনারারী সদস্য) হইবার জন্য আহ্বান করা হইয়াছে। আবার্ডিনের ম্যাকলিকার ইন্‌ষ্টিটিউটের ডিরেক্টার অধ্যাপক এল, এফ, ডি, বোর্ড ও জুরিক বিশ্ববিদ্যালয়ের ফ্রাইকোলজীর অধ্যাপক সি, জি, জাং (জুরিখ, বৈজ্ঞানিকদের সুইস বিশিষ্ট প্রতিনিধি) তাঁহারা কলিকাতা অধিবেশনে যোগদান করিবেন; কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বোটানীর ভূতপূর্ব্ব অধ্যাপক এ জীভ, আর মুলার (উপস্থিত সকলের বৈজ্ঞানিকদের একজন বিশিষ্ট প্রতিনিধি), স্যার জেম্‌স জীনস, স্যার আর্থার এডিংটন, জুড এফ, ডবলিউ এটুইন ও স্যার জেফারিস হইতে (বৃটিশ বৈজ্ঞানিকদের বিশিষ্ট প্রতিনিধিগণ)।

আচার্য্য প্রফুল্লচন্দ্র রায়, স্যার এম, বিশ্বেশ্বর রায়, স্যার বেঙ্কট রমণ ও অধ্যাপক যে, এন, সাহা এবং অধ্যাপক, জে, এল, সাইমনসেন (ভারতীয় বিজ্ঞান কংগ্রেস এসোসিয়েশনের অন্যতম প্রতিষ্ঠাতা এবং ১২ বৎসর যাবৎ উহার সাধারণ সম্পাদক ছিলেন, বর্ত্তমানে নর্থ ওয়েল্‌স্ বিশ্ববিদ্যালয় কলেজের রসায়ন বিজ্ঞানের অধ্যাপক)।

বড়লাট কর্ত্তৃক সভ্যের সময় প্রদত্ত হইবে।

চীনের আত্ম-নিয়ন্ত্রণে শক্তি-ভিত্তিক জেনারেলের কর্তৃত্ব

সাংহাই-এর সংবাদপত্রসমূহে প্রকাশ যে, চীনের সমরনায়কগণ এক বৎসর কালের মধ্যে বিশ হাজার চীনা বৈমানিককে বিমান চালনায় পারদর্শী করিবার সংকল্প করিয়াছেন। এই বৈমানিক বাহিনীর এক তৃতীয়াংশ মার্কিন বাহিনীর মধ্যে যুদ্ধে যোগদানের যোগ্যতা অর্জ্জন করিবে এবং চীনারা জাপানীদের উপর যে বিরাট পাল্টা আক্রমণ চালাইবার জন্য প্রস্তুত হইতেছে, তাহাতে গুরুত্বপূর্ণ অংশ গ্রহণ করিবে। এতদ্ব্যতীত এই মর্ম্মে সংবাদ পাওয়া গিয়াছে যে, চীনা বিমানবাহিনীতে যোগদানকারী মার্কিন বৈমানিকদের দ্বিতীয় দল হাঙ্কাও অভিমুখে যাত্রা করিয়াছে। ইহাদের মধ্যে বিগত মহাসমরে যোগদানকারী বহুজন যোদ্ধা এবং ৯০জন বিমান-চালক আছেন। এরূপ অনুমিত হয় যে, কয়েক মাসের মধ্যে একমাত্র বিদেশী স্বেচ্ছাসৈনিকদিগকে লইয়া জাপ-বিমানবহরের বিরুদ্ধে লড়িবার মত ক্ষমতা-সম্পন্ন একটি শক্তিশালী বিমান-বাহিনী গড়িয়া উঠিবে।

দক্ষিণ-চীনে জাপানীদের প্রথম আক্রমণ

পর্ত্তুগীজ অধিকৃত ম্যাকাও বন্দরের দশ মাইল দক্ষিণ পশ্চিমে টং-বাম দ্বীপের নিকটবর্ত্তী অঞ্চলে প্রচণ্ড গোলাবর্ষণের শব্দনির্ঘোষে ম্যাকাওবাসীদের নিদ্রা ভঙ্গ হয়। কিয়ৎকাল পরে তথায় দুই শত নৌ-সৈন্য অবতরণ করে। একটি ক্রুজার, একটি সহায়ককারী জাহাজ ও দুইটী ডেষ্ট্রয়ার গোলাবর্ষণে প্রবৃত্ত হইয়াছিল।

— —

ওয়ার্কিং কমিটির আগামী অধিবেশন

শোনা যাইতেছে যে, কংগ্রেস ওয়ার্কিং কমিটির আগামী অধিবেশনে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি আলোচিত হইবে :—

(১) মুসলিম গণ-সংযোগ।

(২) যুক্তপ্রদেশে মুসলমান কেন্দ্র-সমূহে উপনির্ব্বাচনে কংগ্রেসী প্রার্থীদের অসাফল্য।

(৩) কংগ্রেস বিরোধী আন্দোলনের ফলে কিষাণদের টাকাদানে অসম্মত।

(৪) মিঃ জিন্নার আধুনিক উক্তি সমূহ।

ইন্দুরের দাঁতে আট হাজার টাকা

ব্যাঙ্ক ও টাকা আমানতের অন্যান্য নিরাপদ স্থানের প্রতি অবিশ্বাস বশতঃ জনৈক অবসরপ্রাপ্ত পুলিশ সাব ইন্‌স্পেক্টার তাহার জীবনের সমস্ত সঞ্চয় বাড়ীর মধ্যে এক বাক্সে বন্ধ করিয়া রাখে। মোট আট হাজার টাকা নোট করিয়া কয়েকটী বাণ্ডিলে ভাগ করিয়া বাঁধিয়া রাখা হয়। এক দিন উক্ত সাব ইন্‌স্পেক্টার ঘর খুলিয়া বাক্সের তালা টানিয়া দেখে, তালাটী ঠিক আঁটা আছে কি না তারপর আর ঘর খোলা হয় না।

গত সোমবার সাব ইন্‌স্পেক্টারের টাকার দরকার হয়। বাক্স খুলিয়া সে তাহার মধ্যে নোট দেখিতে পায় না; তৎপরিবর্ত্তে বাক্সের মধ্যে টুকরা টুকরা কাগজ দেখিতে পায়। অবশেষে দেখা যায় গর্ত্ত কাটিয়া ইন্দুর বাক্সের মধ্যে প্রবেশ করিয়া নোটগুলি টুকরা টুকরা করিয়া কাটিয়া ফেলিয়াছে। শোকার্ত্ত হইয়া সাব ইন্‌স্পেক্টার কিছুক্ষণ বাক্সের নিকট বসিয়া থাকে। প্রতিবেশীরা আসিয়া সান্ত্বনা দিবার চেষ্টা করে; কিন্তু তাহাদের সে চেষ্টা ব্যর্থ হয়।

ইতালীয় সাংবাদিক আটক

একখানি ইতালীয় বিমানে কয়েকজন ইতালীয় সাংবাদিক পৃথিবী ভ্রমণে বাহির হইয়া লাহোরে আসিয়া পৌঁছিলে ঐ বিমানখানা আটক করা হয় এবং ভারতবর্ষের ডিরেক্টর অব সিভিল এভিয়েশনের নির্দ্দেশ অনুসারে তাঁহাদিগকে দিল্লী চলিয়া যাইতে বলা হয়। প্রকাশ, কর্ত্তৃপক্ষ বিমান-সংক্রান্ত কোন বিধান ভঙ্গ করা হইয়াছে মনে করিয়া তাঁহাদিগকে দিল্লীতে যাইয়া কৈফিয়ৎ দিতে বলেন। বিমান চালক ও যাত্রিগণ বলেন যে, ঐ বিমানখানি কোন ইতালীয় সংবাদপত্রের এবং সংবাদপত্রের কর্ত্তৃপক্ষ তাঁহাদিগকে পৃথিবী পরিভ্রমণে পাঠাইয়াছেন। তাঁহারা আরও কয়েকদিন লাহোরে অবস্থান করিতে চাহেন।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০.
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৬৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৩। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৪। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড —৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ্ ।০
১৮। বামন জীবন ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-সাহিত্য ।৵০
২২ ভজন রহস্য
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল বাংলা ভাষা ।০
২৭। মুক্তিদায়িকা ভগসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তজলসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা. ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸
৪৩। সাধনতত্ত্ব /।
। প্রেমভক্তিচন্দ্রিকা /।
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্থপঞ্চক /০
৪৭। সদাচারস্মৃতিঃ /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ /১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ)
৫৮। শ্রীকৃষ্ণদেব ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যাবলী

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠকল্পবিচারঃ /০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন /০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। বোম্বাই গৌড়ীয়মঠ ইন ফুটিং /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনর্যাপচেড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য ([illegible]) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৩৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার. কলিকাতা



কেভ্রোল

—::●::—

ম্যালেরিয়া রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রায় নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কসের "কেভ্রোল" ব্যবহার করিবেন। এমন আশ্চর্য্য ঔষধ আজ পর্য্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, জেবু জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি আমাশয়, বসা-লাপুতা, খাণ্টু এবং অন্যান্য পাতাড়িয়া জ্বরে "কেভ্রোল" অব্যর্থ। উহা রক্ত পরিষ্কারের এবং শরীর কান্তিযুক্ত করিয়া তোলার একমাত্র টনিক।

সেবনের বিধি ঃ—জ্বর কম অবস্থায় পূর্ণ বয়স্কের জন্য ২ ড্রাম বা চা চামচের ২ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর অবধি ১ চামচ জলের সহিত, তাহার কম বয়সে ৩০ ফোঁটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলেদের জন্য ৫ হইতে ১৫ ফোঁটা জলের সহিত বিধি। জ্বর অবস্থায় সাগু, বার্লি, ফল ইত্যাদি পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা ৸০ বড় প্রতি শিশি ১৬ মাত্রা মূল্য ১।০ আনা।

দি রায় নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কস্,
শক্তিনগর, কৃষ্ণনগর সিটি, (বেঙ্গল)
৬২-২৩১নং গলি পোঃ আঃ চাঁদনী, বেঙ্গল।
সর্ব্বত্র বড় বড় দোকানে পাওয়া যায়।



১২শ বর্ষ { ১৫ নারায়ণ, গৌরাব্দ ৪৫১, ১৭ই পৌষ বঙ্গাব্দ ১৩৪৪, ১লা জানুয়ারী ৩৮, শনিবার ১৫৮৫ম সংখ্যা।

সাময়িক প্রসঙ্গ

শ্রীগৌরাবির্ভাবস্থলী শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীল প্রভুপাদের বিরহ-মহামহোৎসব শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে সপ্ত দিবসব্যাপী নিরন্তর সঙ্কীর্ত্তন-মুখে মহা-সমারোহের সহিত সুসম্পন্ন হইয়াছে, একথা পাঠকগণ অবগত আছেন।

এই মহোৎসব উপলক্ষে মঠবাসী ও ধামবাসী ভক্তবৃন্দ এবং বিভিন্নস্থান হইতে আগত গৃহস্থভক্তগণ অক্লান্ত পরিশ্রম সহকারে নানাভাবে শ্রীল প্রভুপাদের সেবা করিয়াছেন। শ্রোত্রিয় শ্রীযুক্ত সখিচরণ রায় ভক্তিবিজয় মহোদয়ের নিষ্কপট সেবাচেষ্টা সকলেরই দৃষ্টি আকর্ষণ ও ভক্তবৈষ্ণবের আনন্দ বিধান করিয়াছে। উপদেশক পণ্ডিত শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী কৃতিরত্ন মহোদয় যেরূপ সুশৃঙ্খলার সহিত উৎসবের কার্য্য পরিচালনা করিয়াছেন, তাহা বাস্তবিকই শ্রীশ্রীল প্রভুপাদ ও তাঁহার ভক্তগণের আনন্দবর্দ্ধন করিয়াছে। মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নরহরি ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ অর্দ্ধবন ব্রহ্মচারী ভক্তিসর্ব্বস্ব প্রভৃতি সেবকবৃন্দের সেবাচেষ্টাও বিশেষ প্রশংসনীয়।

বিধাওবাসী শ্রীযুক্ত জানকী বাবাজী মহাশয় যে একজন সুকণ্ঠ কীর্ত্তনীয়া তাহা কাহারও অজ্ঞাত নাই। বাবাজী সপ্ত দিবস কাল প্রত্যহ পূর্ব্বাহ্ণ, অপরাহ্ণ ও সন্ধ্যায় সুললিতস্বরে বিবিধ মহাজন-পদাবলী ও মহাপ্রভুর কীর্ত্তন করতঃ শ্রীশ্রীল প্রভুপাদ ও তাঁহার ভক্তগণের প্রীতি আকর্ষণ করিয়াছেন। এমন একটী লোকও নাই যিনি তাঁহার সুমধুর কীর্ত্তন শ্রবণে আকৃষ্ট না হইয়াছেন। আমরা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

বিভিন্নস্থানে শ্রীল প্রভুপাদের বিরহমহোৎসব

——::(০)::——

পাটনা গৌড়ীয়মঠে

গত ২২শে ডিসেম্বর ৬ই পৌষ মঙ্গলবার পাটনা শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের অপ্রকট মহা-মহোৎসব বিশেষ সমারোহে সুসম্পন্ন হইয়াছে। শ্রীশ্রীল প্রভুপাদের আলেখ্য একটি সুসজ্জিত মঞ্চোপরি স্থাপন করিয়া নানা-প্রকার সুগন্ধি পুষ্পমালা ও বিচিত্রবর্ণের বস্ত্র দ্বারা সুসজ্জিত করা হইয়াছিল। শ্রীশ্রী-বিনোদগোবিন্দজীউর অর্চ্চনাদির পর বেলা ১০ ঘটিকার সময় শ্রীশ্রীপ্রভুপাদপদ্মে অঞ্জলি প্রদান করা হয়।

মধ্যাহ্নিকের পর শ্রীগুরুবৈষ্ণব-বন্দনান্তে শ্রীপাদ জগদ্বন্ধু ব্রহ্মচারীজীর মূলগায়কত্বে 'গুর্ব্বষ্টক', 'যে আনিল প্রেমধন' প্রভৃতি বিরহসূচক মহাজন-পদাবলী কীর্ত্তন হয়। অতঃপর সমাগত ভদ্রমহোদয় ও মহিলাবৃন্দের সম্মুখে 'সরস্বতী-জয়শ্রী' হইতে বর্ত্তমান গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ও ত্রিদণ্ডিপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্ত বাসুদেব পরবিদ্যা-ভূষণ প্রভুর লেখনী পাঠ করিয়া বিস্তৃতভাবে ব্যাখ্যা করেন। সঙ্গে সঙ্গে কোথায়, কি প্রকারে শ্রীশ্রীল প্রভুপাদের ও শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সহিত বর্ত্তমান আচার্য্য-দেবের সাক্ষাৎ হইয়াছিল, কিরূপে তিনি শ্রীশ্রীল প্রভুপাদের প্রতি আকৃষ্ট হইয়া-ছিলেন, তাহা বিশেষভাবে শ্রোতৃমণ্ডলীকে বুঝাইয়া দেন ও শ্রীশ্রীল প্রভুপাদের অনন্ত গুণের কথা এবং জগতের প্রতি তাঁহার অপার করুণার কথা বিশেষভাবে জ্ঞাপন করেন। পাঠের পর শ্রীপাদ সচ্চিদানন্দ ভক্তিভাস্কর প্রভু 'হরিভক্তির একটি নাতি-দীর্ঘ বক্তৃতা করেন। সন্ধ্যায় মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়। তৎপরে সমাগত মহিলা ও ভদ্রমহোদয়গণকে চতুর্ব্বিধ-রসসমন্বিত শ্রীমহাপ্রসাদ বিতরণ করা হয়। পরদিন প্রাতে কাঙ্গালিগণকে মহাপ্রসাদ প্রদান করা হয়।

রেঙ্গুণ গৌড়ীয়মঠে

'চরণরেণু' জগতে যে হরিনাম বিতরণ করিয়াছেন, তাহা সব নামাপরাধযুক্ত জনগণের অভিধেয় নহে, নাম-নামীর অভিন্নতার স্পর্শমাত্র নহে; কিন্তু নামাভাসের দ্বারা নামাপরাধী জনগণের নামগ্রহণ-সুযোগ দিল। সুতরাং সেই ঠাকুরের মূর্ত্তিরূপে শ্রীবিগ্রহ স্বরূপ আশ্রয় করাইয়া শ্রীনামভজন ভক্তদের প্রকৃত পূজা বিধান করে। আমরা সেই নামাভাস ও নামাপরাধমুক্ত শুদ্ধ নামপ্রচারের বর্ত্তমান যুগীয় মূলপুরুষ গৌরকৃষ্ণ ঠাকুর ভক্তিবিনোদের অনুগমনে যাহারা কীর্ত্তনপ্রভাবে সর্ব্বজীব বিমুখতার নিবৃত্তিবিধি হইয়া উদ্দেশ্যরূপে তাঁহার নামাশ্রয় করিতেছি। আজ ভক্তকীর্ত্তন বিশ্ববৈষ্ণব-সুজন, ভক্তিবিনোদ-সুজন, শ্রীচৈতন্যমঠাশ্রিত বিভিন্ন মঠের সেবক সুজন সম্প্রদায় সকলেই প্রচার-আচার আদর্শ ভক্তিবিনোদ প্রভুর স্মৃতি-তিথির আরাধনা করুন।

দীনের বিরহ-বেদনা

হে নিত্যারাধ্য শ্রীল প্রভুপাদ! বর্ষকাল হইল আপনার বিরহে ব্যথিত হইয়া আপনার নিজজনগণ দিনাতিপাত করিতেছিলেন। বিরহোৎসবে বৎসর অতীত হইয়া বিরহতিথি-পূজা করিয়া বিশ্ববাসীকে ধন্য করিবার জন্য তিথিবরা আগমন করিয়াছেন। আজ দেখিতেছি, ভক্তগণ বিরহ-কাতরহৃদয়ে অশ্রুপূর্ণনেত্রে আপনার শ্রীমূর্ত্তির দিকে দৃষ্টিপাত করত আপনার শ্রীচরণযুগল বন্দনা করিতেছেন। এমন কি, অতি মহাপাপীও আপনার অনর্গোদ্ঘাটনের কথা, আপনার সৌম্যমূর্ত্তি ও আপনার অবিশ্রান্ত হরিকথা কীর্ত্তনের কথা স্মরণ করিয়া অশ্রু সম্বরণ করিতে পারিতেছে না। কিন্তু হায়, আমি এমনই হতভাগ্য যে, আপনার রাতুল চরণে আমার মর্ম্মিত মস্তক অবনত হইতেছে না। যাদৃশ গুরুসেবা বিমুখ জীবকেও আপনার মধুর চরিত্র শ্রবণ, কীর্ত্তন ও স্মরণের সুযোগ প্রদানের জন্য আপনার নিজজনগণ সপ্তাহব্যাপী আপনার বিরহ-মহামহোৎসবের বিরাট আয়োজন করিয়াছেন। ইহা গুরুসেবা বিমুখ জীবের প্রতি তাঁহাদের অপার করুণা। তাই আমি আজ করুণাময় আপনার সেবকগণের আনুগত্যে আপনার শ্রীচরণযুগল বন্দনা করিবার প্রয়াস পাইয়াছি।

হে পরমকরুণাময় প্রভুপাদ! আপনি ইহজগতের কোন ব্যক্তি-বিশেষের অন্তর্ভুক্ত নহেন। আপনি গোলোকের ধন। আপনার এই প্রপঞ্চে প্রকট এবং অপ্রকটের রহস্য একমাত্র প্রতিপাল্য নিজজন ও পরমপ্রেষ্ঠগণ আপনি বা আপনার নিজজন না জানাইলে কেহ জানিতে পারে না। অন্যত্র ক্ষুদ্র অধীন ব্যক্তি আপনার প্রকট ও অপ্রকটের তত্ত্ব কি করিয়া বুঝিবে? আপনি স্বতন্ত্র ও পরমকরুণাময়। জীবকল্যাণার্থে স্বেচ্ছায় আপনার ইহজগতে প্রকটাপ্রকট লীলা-বিস্তার।

বর্ষান্তে বিরহমহোৎসবতিথিবরা আজ আমাদের নিকট সমাগতা। এই তিথিবরা সর্ব্বপ্রথম পূজার অধিকার প্রদান করিলেও বিরহের অভাবহেতু ও সর্ব্ববিষয়ে অযোগ্যতা নিবন্ধন আজ আমি পূজায় উদাসীন হইয়াছি।

জগাই মাধাই হৈতে মুঞি সে পাপিষ্ঠ।
পুরীষের কীট হৈতে মুঞি সে লঘিষ্ঠ॥
মোর নাম শুনে যেই তা'র পুণ্য ক্ষয়।
মোর নাম লয় যেই তার পাপ হয়॥
এমন নির্ঘৃণ মোরে কেবা কৃপা করে।
এক নিত্যানন্দ বিনু জগৎ ভিতরে॥
প্রেমে মত্ত নিত্যানন্দ কৃপা-অবতার।
উত্তম, অধম কিছু না করে বিচার॥
যে আগে পড়য়ে তা'রে করয়ে নিস্তার।
অতএব নিস্তারিল মো হেন দুরাচার॥

এবম্বিধ দুরাচারগণের আমাকে উদ্ধার করিতে একমাত্র নিত্যানন্দাভিন্ন আপনিই সমর্থ। তাই আমার ন্যায় পাষণ্ডীকে আপনার অভয় চরণারবিন্দে স্থান প্রদান করত অবজ্ঞা হইতে নিস্তার করিবার জন্য আপনি কতই না চেষ্টা করিয়াছিলেন। কিন্তু হতভাগ্য আমি আপনার অহৈতুকী করুণার কথা উপলব্ধি করিতে পারিলাম না, কেবল আপনার আশ্রিত অভিমানে বৃথা কাল যাপিত হইলাম মাত্র। কিন্তু বিচার করিয়া দেখিলে আশ্রিতের যাহা করা উচিত তাহা কখনও করি নাই এবং করিবার ইচ্ছাও করি না। আপনার আশ্রয় লাভ করিবার সৌভাগ্য লাভ করিয়াও বঞ্চিত হইয়াছি। যাদৃশ গুরু-ভোগিগণের অনাচার দর্শন করিয়া আপনি হৃদয়ে কতই না দুঃখ অনুভব করিয়াছেন, আপনি অনেকবার কাতরহৃদয়ে বলিয়াছেন, "আমি যে বাণী দিতে বিলাইবার জন্য আসিয়াছিলাম, তাহা কেহই লইতে পারিল না। কেবল বাহিরের খোলাটা লইয়া সকলে ব্যস্ত হইয়া পড়িল।" বাস্তবিক আপনার এই বাণী আপনি আমাদের লোচনের অন্তরালে চলিয়া যাওয়ায় বিশেষ ভাবে অনুভূত হইতেছে। আমরা আপনার সেবার নামে কেবল বিষয়েন্দ্রিয়তর্পণই করিয়াছি। আমার ন্যায় অনেকে কপট বৈরাগ্য অবলম্বন করিয়া মুক্তবৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ আপনাকে এবং আপনার কৃপা প্রদানকারী আপনার অভিন্নবিগ্রহের স্বরূপ অবধারণে বঞ্চিত হইয়াছে। আপনি আপনার অভিন্নবিগ্রহের স্বরূপ বর্ণন করিতে গিয়া বলিয়াছেন—"একমাত্র বাসুদেবই আমার কথাটা বুঝিয়াছে।" ইহা একবার নয় বহু বার শ্রীল বাসুদেব প্রভুর আচার্য্যত্ব ও অসমোর্দ্ধ-বৈশিষ্ট্যের কথা জানাইয়া আমাদিগকে জানিয়া যে হরি-গুরু বৈষ্ণব-বিদ্বেষী অসুরগণের হস্ত হইতে উদ্ধারের ব্যবস্থা করিয়া দিয়াছেন। কিন্তু আপনার অভিন্নবিগ্রহ, আপনার বাণীপ্রচারের প্রধান সেনাপতি সেই শ্রীল বাসুদেব প্রভুর স্বরূপদর্শনে বঞ্চিত হয়ে তাঁহার বিদ্বেষ করিবার জন্য আমার ন্যায় কাম-ক্রোধের দাসগণ আপ্রাণ-চেষ্টা করিতেছে। আপনার প্রকটাপ্রকট উভয়লীলাতেই অনুরূপ দশা বর্ত্তমান। আপনি লোকলোচনের অন্তরালে চলিয়া গিয়া সৎ ও অসতের স্বরূপ উপলব্ধি করিবার একটা সুবর্ণ সুযোগ প্রদান করিয়াছেন।

আজ এই বিরহ-বাসরে আপনার অনুগতজনগণ অশ্রুপূর্ণনয়নে আপনার গুণাবলী কীর্ত্তনমুখে কোটিচন্দ্রসুশীতল আপনার শ্রীপাদপদ্মের বন্দনা করিতেছেন। যাদৃশ পাষণ্ডীর এত অত্যাচার সত্ত্বেও অমানি-মানদধর্ম্মে প্রতিষ্ঠিত ওঁবিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব প্রভু সর্ব্বক্ষণ আপনার গুণগান করত আমার ন্যায় বহুজীবকেও কৃপা করিতেছেন। এই অমূল্য রত্নস্বরূপ শ্রীল বাসুদেব প্রভুকে দানই বিশ্বের নিকট আপনার একটী মহাদান। যদি শ্রীল বাসুদেব প্রভুকে আমাদের জন্য রাখিয়া না যাইতেন, তাহা হইলে আমাদের দুর্দ্দশা যে কি হইত তাহা ভাষায় ব্যক্ত করা যায় না। আপনার অনুগত জনগণ বিরহ-কাতর হইয়া বিরহ-বিলাপের মধ্যেও সর্ব্বক্ষণ আপনার সাক্ষাৎ-সেবা করিতেছেন। কিন্তু আমি নরাধম, পামর, তাই আমার একমাত্র আশ্রয়দাতা আপনার শ্রীচরণ-সেবা হইতে চিরতরে বঞ্চিত হইয়াছি ও হইতেছি।

হে নিরাশ্রয়ের আশ্রয়দাতা প্রভু মোর! আপনার শ্রীচরণকমলে প্রার্থনা এই যে, এই জীবন পরীক্ষার সময় কলিকল্মষের প্রবলস্রোতে যেন ভাসিয়া না যাই। সর্ব্বক্ষণ যেন শ্রীল বাসুদেব প্রভুর আনুগত্যে থাকিয়া আপনার অভয়চরণারবিন্দের সেবা জন্মে জন্মে করিতে পারি। আমার ভাষা নাই, জ্ঞান নাই, অতিশয় দুর্ভাগা আমি, আপনার বিরহ-তিথিতে কি ভাবে বন্দনা করিব জানি না। কেবল যাদৃশ পামরের প্রতি আপনার অহৈতুকী করুণার কথা স্মরণ করিয়া হতভাগ্য আমি আপনার শ্রীচরণে বিরহ-বেদনা জ্ঞাপন করিলাম। এ অধমকে আপনার শ্রীচরণের সান্নিধ্য দান করুন, ইহাই এ দীনের প্রার্থনা।

আপনার অযোগ্য ভৃত্য
শ্রীরাধারমণ ব্রহ্মচারী

শ্রীকৃষ্ণচৈতন্যমঠে শ্রীল প্রভুপাদের বিরহমহোৎসব

গত ২২শে ডিসেম্বর মঙ্গলবার কৃষ্ণচতুর্থী তিথিতে শ্রীকৃষ্ণচৈতন্যমঠে শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের বিরহ-মহোৎসব মহাসমারোহে সুসম্পন্ন হইয়াছে। ঐ দিবস শ্রীশ্রীল প্রভুপাদের অর্চাবিগ্রহ সিংহাসনোপরি স্থাপিত করিয়া নানাবিধ সুগন্ধি পুষ্পমালার দ্বারা বিভূষিত করিয়া বিচিত্র বর্ণের পট্টসূত্র দ্বারা খচিত করা হয়। নানাবিধ বিচিত্র পট্টবস্ত্রের দ্বারা শ্রীমন্দিরটিও সুসজ্জিত করা হয়। শ্রীপাদ নিত্যানন্দ ব্রজবাসী মহারাজ শ্রীবিগ্রহের অপূর্ব্ব শৃঙ্গার-বেশ রচনা করেন। মধ্যাহ্নভোগের পর ভক্তবৃন্দগণ শ্রীগুরুবন্দনা, শ্রীগুর্বষ্টক, পঞ্চতত্ত্ব, বিরহ সঙ্গীত, নিতাইগুণমণি, 'কবে কবে আমার মন অতি মন্দ' প্রভৃতি মহাজন-পদাবলী কীর্ত্তন করেন। প্রাতে ৮টার সময় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ শ্রীমদ্ভাগবত হইতে শ্রীকৃষ্ণের প্রকটলীলা-সম্বরণ পাঠ করেন ও বৈকালে শ্রীচৈতন্যভাগবত, শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ করেন। অপরাহ্নে শ্রীশ্রীল প্রভুপাদের অতিমর্ত্ত্য জীবনী সমাগত সজ্জনবৃন্দের নিকট কীর্ত্তন করেন। মধ্যাহ্নে ভোগারাত্রিক কীর্ত্তনের পর আহূত, অনাহূত বহু লোককে বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়।

এই উৎসবে যোগদানকারী কয়েকজন বিশিষ্ট ব্যক্তির নাম প্রদত্ত হইল—

বৃন্দাবনের মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান শ্রীকৃষ্ণগোপাল দীক্ষিত ও তদীয় ভ্রাতা গোপীনাথ দীক্ষিত, বৃন্দাবনের প্রসিদ্ধ ডাক্তার শ্রীযুক্ত বনবিহারী দাস ও তদীয় ভ্রাতা জনিতাই দাস, মথুরা হইতে রেলওয়ে ট্রাফিক-ইন্স্পেক্টর বাবু শ্রীযুক্ত যতীন্দ্রনাথ চক্রবর্ত্তী ও শ্রীঘনশ্যাম দাস প্রভৃতি।

শ্রীগৌড়ীয়মঠে বরোদার গাইকোয়াড়

(৩য় পৃষ্ঠার পর)

বাহাদুর দিগিন্দ্রনাথ সেন, (শোভাবাজার রাজবাটী) কে, এন, বোস (বরোদা মহারাজের অর্থসচিব), মিঃ এম, এন, মিত্র এটর্ণি, মিঃ বি. এম্. দাস এটর্ণি, মিঃ আর এম্. সেন এটর্ণি, মিঃ কে, সি সেন এটর্ণি, অধ্যাপক এস, আর, দাস, মিঃ এন, কে, সুর, মিঃ এ, আর, বোস (পুলিশ ম্যাজিষ্ট্রেট), অধ্যাপক এম, এন, বোস, মিঃ এস, এন, বোস (অবসরপ্রাপ্ত ডিষ্ট্রিক্ট এবং সেসন জজ), ক্যাপ্টেন কে, এম্ ব্যানার্জ্জী, শ্রীযুক্ত শিবপ্রসন্ন সেন জমিদার, শ্রীযুক্ত কামিনীমোহন রায়চৌধুরী, (বালিয়াটির জমিদার), অধ্যাপক শ্রীযুক্ত সুশীলরঞ্জন দাস এম এ, বি-এস্, (বাবরীর জমিদার); রায় বাহাদুর এ, টি, সেন (অনারারী ম্যাজিষ্ট্রেট), শ্রীযুক্ত নবীনচন্দ্র রায়চৌধুরী বি-এল-এস, বি এল (বালিয়াটীর জমিদার), রায় বাহাদুর জ্ঞানেন্দ্রচন্দ্র সেন (অবসরপ্রাপ্ত সুপারিন্টেণ্ডেন্ট ইঞ্জিনিয়ার), ঢাকার মাধবলাল সেন, পণ্ডিত শ্রীযুক্ত সতীশচন্দ্র চক্রবর্ত্তী কাব্য ব্যাকরণ-ষড়্দর্শনতীর্থ, সুবর্ণবণিকপতি, পণ্ডিত শ্রীযুক্ত মোহিনীমোহন শাস্ত্রী, শ্রীযুক্ত ক্ষিতীশচন্দ্র বসু (সলিসিটর), শ্রীযুক্ত শচীন্দ্রনাথ রায় বার এট্-ল, ডাঃ সুকুমার ভট্টাচার্য্য, শ্রীযুক্ত কালীভূষণ চক্রবর্ত্তী এডভোকেট, মহামহোপাধ্যায় কবিরাজ শ্রীযুক্ত রামচন্দ্র মল্লিক, কবিরাজ শ্রীযুক্ত যদুনাথ গুপ্ত, ডাঃ কে, ব্যানার্জ্জী, মিঃ ও, বি, এল, কাপুর এম্ এ প্রভৃতি।

শুদ্ধভক্ত-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচৈতন্যদেবের ভবনে শ্রীগৌর-বিষ্ণুপ্রিয়া, গান্ধর্বিকা-গিরিধারী, শ্রীগৌরগদাধর, শ্রীগুরু-গৌরাঙ্গ আচার্য্য প্রভৃতি বিগ্রহ আছেন। প্রপাঠান শ্রীমঠ [illegible] প্রকাশিত আছে। রক্ষক- শ্রীমদ্ভক্তি [illegible]।

(২) শ্রীগৌড়ীয়মঠ
[illegible] কলিকাতা। [illegible] কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমন্মহাপ্রভুর সেবায় শ্রীমদ্ভাগবতের তত্ত্ব আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও [illegible] সাপ্তাহিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—ত্রিদণ্ডী শ্রীপাদ [illegible] মহারাজ।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক শ্রীমদ্ [illegible] ভাগবত মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক – শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক –শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অপ্রকট-শ্রীলক্ষ্মীলাভাগ
শ্রীধাম মায়াপুর
রক্ষক —শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিপাবন অধিকারী।

১১) সারস্বত-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ [illegible] (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীগিরিধারী ব্রহ্মচারী

(১২) গোদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ ভারুইডাঙ্গা, (বর্দ্ধমান)

শ্রীবাসমন্দির ঠাকুর বৃন্দাবনের স্থান
রক্ষক —শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
রক্ষক —[illegible] ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক - শ্রী[illegible] ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়বন, রক্ষক শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) মধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা (শ্রীমন্মহাপ্রভুর পদাঙ্কিত 'নরকটকচড়া')
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক [illegible] বাবাজী।

১৭ কৃষ্ণানন্দীর্থ
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক- শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক – শ্রীকৃষ্ণকেশব ব্রহ্মচারী ভক্তিবান্ধব

(১৯) প্রকাশানন্দমঠ
গোবিন্দপুর, পোঃ ঠাণামালি, (নদীয়া)
রক্ষক—শ্রীবনমালী ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
কাঁচালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)
রক্ষক – শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক – শ্রীভূতেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা-মহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি এ

(২৪) গোপালজীমঠ
কমলাপুর, পোঃ ঢাকা
রক্ষক—শ্রীনয়নদাস ব্রজবাসী।

(২৫) নিতাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
রক্ষক – শ্রীনন্দকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ
রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীনিশুর ভক্তিশাস্ত্রী এম এ, বি এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
অকল্যাণ্ডভিলা, দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ
পোঃ কলিহার, জিঃ সাহারণপুর, ইউ, পি
রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক –শ্রীদেবেশ্বরী প্রসাদ বি এল।

(৩২) ভাগলপুর গৌড়ীয়মঠ
পোঃ ভাগলপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার
রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
বন্দা রোড, গয়া
রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ
৮৭নং কালিপুরা, বেনারস সিটি
রক্ষক শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর ইউ, পি)
রক্ষক—শ্রীসনাতিমোহন ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক— শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক --শ্রীমদ্ভক্তিপ্রদীপ আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৪০) একচক্রামদ শ্যামকুণ্ড
পোঃ রাধাকুণ্ড (মথুরা
রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গৌড়ীয়মঠ
রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা মথুরা।
রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেখপুরী,
পোঃ হোডল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব
রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক —শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ
৬৩নং কুতুব রোড, নিউ দিল্লী,
রক্ষক—শ্রীগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণধাম বিল্ডিং বোম্বে ৭
রক্ষক—শ্রীঅখিলব্রহ্ম ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীকৃষ্ণগৌরাঙ্গরাধিকাগিরিধারীজীর সেবা
রক্ষক –মহোপদেশক শ্রীপাদ ভক্তিশ্রীধর ব্রহ্মচারী তর্কতীর্থ

(৫২) রাজমহেন্দ্রী গৌড়ীয়মঠ
পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীকৃষ্ণগৌরাঙ্গগান্ধর্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগৌরীশ্যামনাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক – শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক – শ্রীমধুসূদন দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী স্বর্গদ্বার, পুরী

(৫৬ সাতাসন কুটী
রক্ষক —শ্রীকৃষ্ণকিশোর দাসাধিকারী

(৫৭) সিদ্ধবকুল-গৌড়ীয়মঠ
পোঃ জগন্নাথ, পুরী
রক্ষক –শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ
বালীসাহি, পোঃ কটক (উড়িষ্যা)
রক্ষক—শ্রীবিলাস বগ্রহ দাসাধিকারী

(৫) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ
রক্ষক —শ্রীলাল মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
রক্ষক –শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমরি গৌড়ীয়মঠ
পোঃ অমরি, মেদিনীপুর
রক্ষক—শ্রীধনঞ্জয় ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ
ব্রাহ্মণপাড়া পোঃ বাড়ু (বাঁকুড়া
রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীভবেন্দ্রকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ
ভুবনগুমা, পোঃ চিড়কুণ্ডা, (মানভূম)
রক্ষক –শ্রীরামনাথ সেবক অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠাশ্রম
১৮০।১৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।
রক্ষক —শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, ডাউন্‌রোড
ব্রম্পটন্, লণ্ডন, ডব্লিউ ৫
রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়
রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীমধুসূদন ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

নীলামের ইস্তাহার

(২য় পৃষ্ঠার পর)

জোতস্বীহরের দখলিকার আছে। দায় অত্র-পরিচ্ছিন্ন আ.কর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ১২০৲

(২২)

১৫০৫ বাংলাটী ৩৭ দাবী ৮/০

ডিঃ ঐ

দেঃ কালীপদ চাষার সাং গোয়াড়ী চাষারপাড়া পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগর মৌজে গোয়াড়ী চাষারপাড়া মধ্যে ডিঃ নং /১৸০ জোতস্বী জমি দখলিকার আছে দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ৪৲

(২৩)

১৫০৬ বাংলাটী ৩৭ দাবী ২০/০

ডিঃ ঐ

দেঃ শিবু চাষার সাং গোয়াড়ী চাষারপাড়া পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে গোয়াড়ী চাষারপাড়া মধ্যে ডিঃ নং ।২/ ছটাক জমি জোতস্বীহরের বসবাস দ্বারা দখলিকার আছে উক্ত বাকী পড়া জমি দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য ১০৲

(২৪)

১৫০৭ বাংলাটী ৩৭ দাবী ১১৶৯

ডিঃ ঐ

দেঃ দেবী চাষার সাং গোয়াড়ী চাষারপাড়া পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে চক্রবেড়ীগ্রামে ডিঃ নং /৩৶০ ছটাক জমি বসবাস দ্বারা দখলিকার আছে দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য ৫৲

(২৫)

১৫০৮ বাংলাটী ৩৭ দাবী ১০৲

ডিঃ ঐ

দেঃ মদন চাষার সাং গোয়াড়ী চাষারপাড়া পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে চক্রবেড়ীগ্রামে ডিঃ নং ০ কাঠা জমি বসবাস দ্বারা দখলিকার আছে উক্ত বাকী পড়া জমি দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ৮৲

(২৬)

১৫০৯ বাংলাটী ৩৭ দাবী ২৫৲

ডিঃ ঐ

দেঃ পার্বতী চাষার সাং গোয়াড়ী চাষারপাড়া পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে চক্রবেড়ীগ্রামে ডিঃ নং ৫/৶৶০ ছটাক জমি জোতস্বী বসবাস দ্বারা দখলিকার আছে উক্ত বাকী পড়া জমি দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ৫৲

নীলামের দিন ১২।৯।৩৮

(২৭)

৮১৩ বেংগলি ৩৭ দাবী ১০৭২/৬

ডিঃ সুরেন্দ্রকুমার বসু দিং

দেঃ যতীন্দ্রনাথ মিত্র সাং গোয়াড়ী পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালি মৌজে কৃষ্ণনগরের অন্তর্গত ডিঃ নং ১১১০ নং খং -৩৪ দাঃ জমির ২৭২ জমা, দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য ২০০৲

(২৮)

১০৬০ বেংগলি ৩৭ দাবী ২৮১৭।৶০

ডিঃ অনাথ নাথ মুখোপাধ্যায়

দেঃ রজনীমোহন দে দিং সাং জানকীনগর, পোঃ পলাশী

১। থানা কালীগঞ্জ মৌজে হাটগাছা গ্রামে ডিঃ নং ৪৪৬ ও অধীন ৪৭৬।৩৫৯ নং খং ১-৮৪ শতক জমির ।০ খাজনার আছে দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ২৫৲

২। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৪৮৭ নং খং -৩৮ দাঃ জমির ।০ জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ২০৲

৩। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৪৮৮ নং খং ০-৫৯ দাঃ জমির ১/১০ জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ২৫৲

৪। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৩০২ নং ও অধীন ৩১০ নং খং প্রচলিত জমির ৩০।৶০ জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ২৫০৲

৫। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৬১ নং খং ১-৭০।০ দাঃ জমির ৬৶০ জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ২০৲

৬। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৬২নং খং ২-০৭দাঃ জমির ৫৸৶০ জমা, দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ৩০৲

৭। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৩০৯ নং খং ২-২০। দাঃ জমির ১০৶১০ জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ২৫৲

৮। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৫০৬ নং ০-৩০০শতক জমির ৫৷৶০ জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ৪৫৲

৯। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ১০২ নং খং ০-৭ দাঃ জমির ।৶০ খাজনার যে মৌরসী মোকররী জমা প্রচলিত আছে দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ২০০৲

১০। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৪২৮নং খং -২২।০ দাঃ জমির ।০ জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ২৲

১১। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৪ নং খং ৬-০ দাঃ জমির ৭৷ জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ২০০৲

(২৯)

১০৮৭ বেংগলি ৩৭ দাবী ১০২৭৸/০

ডিঃ সেহলতা দেবী

দেঃ কৃষ্ণভূষণ ভট্টাচার্য দিং সাং ও পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে ঐ ডিঃ নং ৪০৩৯ নং খং ও ৪৪৪৫ নং খং —৩৬ দাঃ জমির বাহা জমা প্রচলিত আছে, দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য ৫০০৲

(৩০)

১১৪৪ বেংগলী ৩৭ দাবী ৫৪৯৸০

ডিঃ রাধনাথ গোস্বামী দিং

দেঃ উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় সাং ও পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে ঐ ডিঃ নং ৬৩৭ নং খং -০৩দাঃ জমির ।১৩ জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ৩০০৲

(৩১)

১১৫১ বেংগলি ৩৭ দাবী ২৬৫৲

ডিঃ নিতাইচন্দ্র দাস মণ্ডল

দেঃ গৌরচন্দ্র দাস মণ্ডল সাং গোয়াড়ী পোঃ কৃষ্ণনগর

১। থানা কালীগঞ্জ মৌজে গোবড়া গ্রামে ডিঃ নং ২৪।/৫ যে জমা লেখা যায় দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ২৫৲

২। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৭২০ নং খং ২-৫৭ দাঃ জমির ৪২৸১৫ জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ৫০৲

(৩২)

১১৭৯ বেংগলি ৩৭ দাবী ১৯৩৸/৯

ডিঃ অন্নদা চক্র দিং

দেঃ মাণিকবালা দেবী সাং নবদ্বীপ তেঘরিপাড়া পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে তেঘরিপাড়া নবদ্বীপ মধ্যে ডিঃ নং ৮৪৯ নং খং ।০৯ কাঠা ও তদুপরিস্থিত দক্ষিণদ্বারী ঘর, দরজা ইত্যাদি, দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ১৬০০৲

(৩৩)

১২৪১ বেংগলী ৩৭ দাবী ২২৯৶০

ডিঃ স্বর্ণময়ী ঠাকুরাণী

দেঃ পদ্ম বিবি সাং নবদ্বীপ মুসলমানপাড়া পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপ মোসলমানপাড়ার অন্তর্গত ডিঃ নং ৩৩১ নং খং -৩দাঃ জমির ।০আনা জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য ১০০৲

(৩৪)

১২২১ বেংগলী ৩৭ দাবী ৪৭৫৸৶৩

ডিঃ বৈদ্যনাথ মুখোপাধ্যায় দি

দেঃ চণ্ডীচরণ চট্টোপাধ্যায় দিং সাং ও পোঃ নবদ্বীপ

১। থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপ মধ্যে ডিঃ নং ৫৫৭৯ নং খাদে -৫১ দাঃ জমির নিষ্কর ব্রহ্মত্তর জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য ৫০৲

২। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ১২৮ নং খং ৪৬ ৭৮ দাঃ জমির যে জমা লেখা যায় দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ৫০৲

(৩৫)

১২৪০ বেংগলী ৩৭ দাবী ২২৮১৸৶৯

ডিঃ পূর্ণেন্দুনারায়ণ মুখোপাধ্যায় দিং

দেঃ মনোমোহন গুপ্ত দিং সাং ও পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপ গ্রামে ডিঃ নং ৩৫৭০ নং খতিয়ানে নিষ্কর ব্রহ্মত্তর জমি আন্দাজ ।০ কাঠা উপরিস্থিত উপর নীচে আট কুঠরী পাকা কোঠা দায় দরজা ও সাজসরঞ্জাম সমেত বরবস্ত হইক মূল্য আঃ ২৩০০৲

(৩৬)

১২০৮ বেংগলী ৩৭ দাবী ১৫২৬/১

ডিঃ ব্রজনাথ সিংহ রায়

দেঃ প্রমাণী সরদার দিং সাং হাঁসড়ী পোঃ আলমডাঙ্গা

থানা আলমডাঙ্গা মৌজে হাঁসড়ী গ্রামে ডিঃ নং ৭৭ নং খতিয়ানে ৬-৫০ দাঃ জমির ৯৸/৬ পাই জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য আঃ ৮০০৲

(৩৭)

১২৪৭ বেংগলি ৩৭ দাবী ১২৪৯৶৩

ডিঃ বৈদ্যনাথ কর্মকার পক্ষ কালীপদ কর্মকার দং

দেঃ শিবচন্দ্র তরফদার দিং সাং ও পোঃ বেলপুকুর

থানা কোতয়ালী মৌজে দুর্গাপুর গ্রামে ডিঃ নং ৪৩৬ নং খতিয়ানে ১৪ -১০ দাঃ জমির নিষ্কর ব্রহ্মত্তর জমা দায় অত্রপরিচ্ছিন্ন আকর আওলাত বরবস্ত হইক মূল্য ১০০৲

(৩৮)

১৩১২ বেংগলি ৩৭ দাবী ৬০০।৶৯

ডিঃ গৌরচন্দ্র বৈরাগ্য

দেঃ অন্নপূর্ণাসুন্দরী দাসী বৈষ্ণবী সাং ও পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপ মধ্যে ডিঃ নং ১৯৮ নং খতিয়ানে ৵১০ কাঠা জমির ৷৴ খাজনা দিতে হয় যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য ২০০৲

১১১৪ ফেব্রুয়ারী ৩১ দাবী ১২৩ ৮৵৬

ডিঃ গোবিন্দলাল গঙ্গোপাধ্যায় দিং

দেঃ প্রবোধ গোস্বামী দিং সাং ও পোঃ নবদ্বীপ

থানা শান্তিপুর মৌজে শান্তিপুর মধ্যে ডিঃ নং ২২১ নং খতিয়ানে ২৪ দাগ জমির যে জমা লেখা হয় স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম হইয়াছি।

— —

নিষ্পত্তির দিন ৯।১।৮

(৪০)

৯০৮ ফেব্রুয়ারি ৩১ দাবী ৬৮৸০

ডিঃ মন্মথনাথ পালচৌধুরী

দেঃ ভোলা সেখ করিম দিং সাং কৃষ্ণচন্দ্রপুর পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে কৃষ্ণচন্দ্রপুর মধ্যে ডিঃ নং ৫০০ নং খং ৭১৮৴ বিঘা জমির ১০৮১৩ জমা যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য দাঃ ২৫৲

(৪১)

১১৭ ফেব্রুয়ারি ৩১ দাবী ২৬৯৩

ডিঃ শ্রীকুমারী প্রফুল্লবাসিনী দাসী দিং

দেঃ তারাপদ চট্টোপাধ্যায় দিং সাং ও পোঃ নবদ্বীপ।

থানা নবদ্বীপ মৌজে বাবুপুকুর মধ্যে ৭৯১ নং খতিয়ানের দাগ ৭৭ ২৪ নং নিষ্কর জমার জমা ২৲৴০ টাকা, যথা কর্ত্তা বাবুর ৷৴ সন দাখিলা আছে উক্ত নিষ্কর জমা কাহার ৬৪,১৯ দাগ ৪০ নাম্বার পাড়া সম্পত্তির যোগ জানা মবলগ হুকুম মূল্য দাঃ ১০৲

(৪২)

১০৪৯ ফেব্রুয়ারি ৩১ দাবী ১২৮৵৯

ডিঃ পূর্ণচন্দ্র চৌধুরী

দেঃ আবালমান দাস দিং সাং ও পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে ঐ মধ্যে এবং কোর্ট অফ ওয়ার্ডস সেটেলমেন্টের ২৮৭৪ নং খতিয়ানের ৭৭৫২ দাগের লিখিত ১২৮ দাঃ জমির মধ্যে ০০৪ দাঃ মৌরসী জমি যাহার খাজনা বার্ষিক ২ টাকা জিজ্ঞাসার সেটেলমেন্ট দিতে হয় উক্ত জমী ও স্বত্বলিখিত কোঠা ও টিনের ছাপড়া কুয়া পায়খানা প্রাচীন ইত্যাদি মবলগ হুকুম মূল্য ১০৲

৪৩।

১৯১০ ফেব্রুয়ারী ৩১ দাবী ২০৵৯

ডিঃ ঐ

দেঃ কৈলাসচন্দ্র আচার্য্য দিং সাং ও পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপ মিউনিসিপ্যালিটির মধ্যে ও কোর্ট অবপাড়ার ৬৩৭৩ নং খতিয়ানের লিখিত ৬৬৭৩ দাগের ০০৬ দাঃ জমির মধ্যে সেটেলমেন্টের স্বত্বলিপি ধার্য্য ৵১১৴ জমি যাহার খাজনা ২৸০ টাকা সরকারের সেটেলমেন্ট আদায় দিতে হয় উক্ত জমির যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য দাঃ ১০৲

নিষ্পত্তির দিন ১১।১।৩৮

(৪৪)

১০৭ ফেব্রুয়ারী ৩১ দাবী ১৬৵

ডিঃ রাজকুমারী প্রফুল্লবাসিনী দাসী দিং

দেঃ উপেন্দ্রনাথ হালদার দিং সাং কৃষ্ণনগর পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগরের সামিল মৌজে মালাকোল মধ্যে নয়ন খতিয়ানের লিখিত ডিঃ নং নিষ্কর একরকম জমা বার্ষিক ১০৵ জামাবন্দীর দাখিলা হইয়া ৮৵৯ পাই সেস দাখিলা আছে। যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য দাঃ ৩৲

(৪৫)

১১১৪ ফেব্রুয়ারি ৩১ দাবী ১৮৮৵৯

ডিঃ ঐ

দেঃ শশিভূষণ চট্টোপাধ্যায় সাং পাতরালপাড়া পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে বাবুপুর মধ্যে ২ নং খতিয়ানভুক্ত ডিঃ নং নিষ্কর জমা যাহার জামাবন্দীর ১১৷৴ খাজনা হইয়া বার্ষিক সেস ৷৵০ পাই দাখিলা আছে উক্ত নিষ্কর জমা জমি যার স্বত্বলিখিত মবলগ হুকুম মূল্য দাঃ ৩৲

——

নিষ্পত্তির দিন ১১।১।৩৮

(৪৬)

১৮২ ফেব্রুয়ারী ৩১ দাবী ২৯৷৵৯

ডিঃ সীতানাথ ভট্ট

দেঃ মতীশচন্দ্র ঘোষ দিং সাং বাগানপাড়া পোঃ কৃষ্ণনগর

থানা কোতয়ালী মৌজে চেঁপাডাঙ্গা মধ্যে ৩৬ ও নং খতিয়ানে ডিঃ নং ৮—১৪ দাঃ জমির বাস্তু বিক্রয়ের সত্ব যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য দাঃ ২০৲

(৪৭)

৯১২ ফেব্রুয়ারী ৩১ দাবী ৪১০৵৯

ডিঃ কালীদাস চক্রবর্ত্তী দিং

দেঃ তারাপদ চক্রবর্ত্তী সাং ও পোঃ নবদ্বীপ

থানা নবদ্বীপ মৌজে নবদ্বীপের মধ্যে ডিঃ নং ৩৬০৪ খতিয়ানে দাঃ জমির যে জমা আছে যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য দাঃ ২৫৲

(৪৮)

১১৭০ ফেব্রুয়ারী ৩১ দাবী ৮৩২৲৩

ডিঃ শ্রীপদ চৌধুরী

দেঃ খগেন্দ্রনাথ সেখ দিং সাং চৌবেড়িয়া পোঃ তেহট্ট

১। থানা তেহট্ট মৌজে চৌবেড়িয়ার মধ্যে ডিঃ নং ৫২৫ নং খং ও অধীনস্থ ৫২৭—৫২৮ নং খং ৪-৫ দাঃ জমির ১১১৵২ জমা যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য দাঃ ৮০৲

২। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৭১৭ নং খং ১ ৬২দাঃ জমির ২৬৸৬ টাকা জমা যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য দাঃ ২০৲

৩। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ৫২১ খং ২০—৯০ দাঃ জমির যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য ৪০০৲

(৪৯)

৭০৩ ফেব্রুয়ারী ৩১ দাবী ৪৪ ৶৬

ডিঃ কৃষ্ণধন মুখোপাধ্যায়

দেঃ গোপালচন্দ্র ভট্টাচার্য্য দিং সাং আমঘাটা পোঃ শান্তিপুর

১। থানা কৃষ্ণনগর মৌজে দিগনগর গ্রামে ডিঃ নং ২০১ নং খতিয়ান ও অধীনস্থ ২০৩ ২০৬/২ ও ২১৩ খতিয়ানে ২ ৭৪ দাঃ জমির ৮০ জমা যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য দাঃ ৩০৲

২। ঐ থানা ঐ মৌজে ডিঃ নং ২০১ ও ২০৫ নং খতিয়ানে ০৬৭ দাঃ জমির মধ্যে চিরস্থায়ী নিষ্কর জমা প্রচলিত আছে যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য দাঃ ৫০৲

৩। ঐ থানা ঐ মৌজে কৃষ্ণপ্রসাদ ডিঃ নং ২৫০ নং অধীনস্থ ২৫১ ২৫২।২৫৪। ২৫৬ নং খং ৩১৮ দাঃ জমির মধ্যে নিষ্কর নিষ্কর জমা প্রচলিত আছে যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য দাঃ ৪০৲

(৫০)

১১৮৭ ফেব্রুয়ারী ৩১ দাবী ৮ ৭২

ডিঃ তারাপদ সরকার

দেঃ রামচন্দ্র চক্রবর্ত্তী দিং সাং চাপোর ঘাট পোঃ বাকাশীপাড়া

থানা বাকাশীপাড়া মৌজে বিরামপুর গ্রামে ডিঃ নং ১৭৫ নং খং ও অধীন ৪৬৮ ৪৬৭ নং খং ১২ ৯৭ দাঃ জমির ২০।৵৯ জমা আকর আদালত মবলগ হুকুম মূল্য দাঃ ১০৲

(৫১)

৯৭১ ফেব্রুয়ারী ৩১ দাবী ১০৸৵৩

ডিঃ নারায়ণচন্দ্র সরকার

দেঃ মধুসূদন মুখোপাধ্যায় দিং সাং গোয়াড়ী পোঃ কৃষ্ণনগর

থানা কৃষ্ণনগর মৌজে ৯৪ নং খং ১৪০ দাঃ জমির ৫৲ টাকা জমা যার স্বত্বলিখিত আকর আদালত মবলগ হুকুম মূল্য ৫০৲

——

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

ভারতের সংবাদের আদান-প্রদান নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২০শে পৌষ, ১৩৪৪, ৪ঠা জানুয়ারী, ১৯৩৮, মঙ্গলবার [সংখ্যা ২৫৪]

বিবিধ সংবাদ

—(০(৯০১)০)—

টেরুয়েলে বিদ্রোহীদের পাল্টা আক্রমণ

...সংবাদে প্রকাশ, টেরুয়েলে বিদ্রোহী... পার্শ্বে হইতে সালামাঙ্কা হইতে বেতারযোগে খবর দিয়াছেন যে, তাহারা দখলকার্য্য ছাড়িতে পারিবে এবং অনেক খাদ্য ও অস্ত্রশস্ত্র তাহাদের হাতে আছে। বিদ্রোহী কর্তৃপক্ষের ইস্তাহারে বলা হইয়াছে যে, টেরুয়েলের পশ্চিম দিকে বিদ্রোহীদের আক্রমণের ফলে সরকারী সৈন্যদল সম্পূর্ণ পর্যুদস্ত হইয়াছে এবং তাহাদের দুই শত লোক নিহত হইয়াছে।

মাদ্রিদ হইতে প্রাপ্ত সংবাদে প্রকাশ, গবর্ণমেণ্ট সৈন্যদল যখন টেরুয়েলে বিদ্রোহীদের শেষ ঘাটিগুলি প্রায় দখল করিয়া ফেলিয়াছিল তখন নবাগত বিদ্রোহী সৈন্যেরা বাহির হইতে অবরুদ্ধ দুর্গটিকে বাঁচাইবার জন্য চেষ্টা করে। বিদ্রোহীদের পূর্বের আক্রমণগুলি সরকারী সৈন্যদল সহজেই প্রতিহত করে; কিন্তু শেষবার বিদ্রোহীরা বিভিন্ন দিক হইতে সৈন্য লইয়া একযোগে আক্রমণ করে। কামান, বিমানপোত ও ট্যাঙ্কের সাহায্যে তাহারা জোর আক্রমণ চালায়। বাহিরে পাশে দুটী পাহাড় তাহারা প্রথমে দখল করিয়া লয়; কিন্তু সরকারী সেনাদল অল্পক্ষণের মধ্যে পাল্টা আক্রমণ করিয়া উহা পুনরধিকার করে। এখন ঐ স্থানে গবর্ণমেণ্টের ঘাঁটি সুপ্রতিষ্ঠিত হইয়াছে।

গবর্ণমেণ্ট স্বীকার করিয়াছেন যে, বাম পার্শ্বে সরকারী বাহিনী কয়েকটী জায়গা হইতে সরিয়া আসিয়াছে; কিন্তু ইহাতে টেরুয়েলের চতুষ্পার্শ্বে অবস্থা বিপন্ন হয় নাই বলিয়া তাঁহারা মত প্রকাশ করিয়াছেন।

জার্ম্মাণীর সৈন্যবল বৃদ্ধির সঙ্কল্প

নব বর্ষ উপলক্ষে জার্ম্মাণ সমর সচিব যে বাণী প্রচার করিয়াছেন, তাহাতে জার্ম্মাণীর সৈন্যবল বৃদ্ধি করিবার অভিপ্রায় সুপরিস্ফুট হইয়া উঠিয়াছে। হের হিটলার তাঁহার বাণীতে বলিয়াছেন, "এ হেন সঙ্কটজনক সময়ে একমাত্র শক্তিশালী রাষ্ট্রগুলিই জগতে নিজেদের শান্তি রক্ষায় সমর্থ হইবে। সমগ্র জগৎ ন্যায় ও বৈধতার উপর প্রতিষ্ঠিত সমস্যাসমূহের (হের হিটলার উপনিবেশ সমূহ সম্পর্কে ইহা বলিয়াছেন বলিয়া মনে হয়) শান্তিপূর্ণ সমাধানে প্রবৃত্ত হউক, ইহাই কামনা করি।

চীন জাপান সমরে বৈদেশিক সংবাদদাতার অভিজ্ঞতা

ফ্রান্সের বিখ্যাত সংবাদপত্র "লা জুর্ণাল" এর 'বর্ত্তমান সংবাদদাতা ম্যসিয়ে রেমার এখন চীন হইতে প্যারিসে প্রত্যাবর্ত্তনকালে রণক্ষেত্র পুনঃ পরিভ্রমণ করিয়া একটি বিবৃতি দেন। এই বিবৃতিতে তিনি বলেন, "জাপানী সমর বাহিনীর প্রধান বিশেষত্ব দুইটি—প্রথম তাহার বিমানবাহিনীর দক্ষতা, আর দ্বিতীয় তাহার সৈন্যবাহিনীর প্রবল আক্রমণমুখে তাহাদের হটিতে দুর্দ্দান্ত অবস্থানের ক্ষমতা। জাপ বিমান বাহিনীর বৈমানিক ও বিমানপোত উভয়ই অতি উৎকৃষ্ট। জাপানী বৈমানিক বিমান চালনায় যেরূপ পারদর্শী নয় বলিয়া ইউরোপবাসীদের যে বিশ্বাস ছিল তাহা তাহারা ভুল মিথ্যা বলিয়া প্রমাণিত করিয়াছে।

"জাপ সৈন্য-বাহিনী যেরূপ অসুবিধার মধ্যে তাহাদের সামরিক সাফল্য লইয়া ভূমিতে অবতরণ করিয়াছে তাহাতে আমি বিস্ময়ান্বিত হইয়াছি।

সাংহাই-এর দক্ষিণে চাপুতে তিন হাজার জাপ-সৈন্যকে চল্লিশ জাহাজ হইতে চীনা-ট্রেঞ্চের বাধার সম্মুখে অবতরণ করিতে আমি দেখিয়াছি। তাহারা যে কি প্রকারে এই কার্য্য করিল তাহা আমি এখনও বুঝিতে পারি না।'

— —

সাংবাদিক প্রতিনিধিমণ্ডলী

বঙ্গ প্রাদেশিক সংবাদপত্রসেবী সমিতির পক্ষ হইতে এক প্রতিনিধিমণ্ডলী প্রচারমন্ত্রী মাননীয় মিঃ এস, ডাবলুখনের সহিত সাক্ষাৎ করিয়া একটি মেমোরেণ্ডাম দাখিল করেন।

প্রতিনিধিমণ্ডলীর নেতৃত্ব করেন মিঃ হরি সর্ব্বোত্তম রাও। তাঁহার সহিত আরও যাহারা গিয়াছিলেন তাঁহাদের নাম,—মিঃ এস, ডি, খুবা রাও, টি, ভি, কৃষ্ণরাও, এম, চলপতি রাও, ভি, বি পুনাম্বা শাস্ত্রী, চক্র শেকট্ রেবুণী ও অন্যান্য সদস্য।

প্রতিনিধিমণ্ডলী ভারতীয় দণ্ডবিধির ১২৪ (ক) ধারার (রাজদ্রোহ) ব্যবহার তুলিয়া দিবার জন্য অনুরোধ করেন এবং বলেন যে, এই ধারাটি অস্পষ্ট—সাধারণভাবে সমালোচনার ক্ষেত্রেও ইহা অত্যাচারের অস্ত্ররূপে ব্যবহৃত হইতে পারে। সংবাদপত্র ও প্রেসের নিকট হইতে জামানত দাবী করার যে ক্ষমতা কর্তৃপক্ষের আছে, তাহাও প্রত্যাহৃত হওয়া উচিত নহে।

প্রতিনিধিমণ্ডলী আরও বলেন যে, ম্যাজিষ্ট্রেট ও জজেরা যখন রায় দিবেন, তখন রায় দেখিয়া তাহার প্রয়োজনীয় অংশগুলি লিখিয়া লইবার সুযোগ সাংবাদিকগণ যাহাতে পান তাহার ব্যবস্থা করা উচিত। সাংবাদিকদের প্রতি যথাযোগ্য শিষ্টাচার প্রদর্শন করিবার জন্য সরকারের সকল বিভাগের কর্মচারীদের নির্দ্দেশ দান করিতে তাঁহারা অনুরোধ করেন।

মেমোরেণ্ডামে বর্ণিত বিষয়সমূহ লইয়া প্রতিনিধিমণ্ডলী মন্ত্রীর সহিত একঘণ্টাকাল আলোচনা করেন। মন্ত্রী মহাশয় তাঁহাদের দাবী সহানুভূতির সহিত বিবেচনা করিবেন বলিয়া প্রতিশ্রুতি দেন।

একখানি পত্র

(মতামতের জন্য সম্পাদক দায়ী নহেন)

নবদ্বীপ ছাত্রসম্মেলনের সম্পাদক মহাশয়
সমীপেষু

মহাশয়—

দুঃখের সহিত জানাইতেছি যে, আপনারা আমার অনুমতি না লইয়া আপনাদের সম্মেলনের ভাইস্-প্রেসিডেণ্টের পদে আমাকে নিযুক্ত করিয়াছেন। ইহা আপনাদের উচিত হয় নাই। আমি ছাত্র নই বরং শিক্ষক। আমার এইরূপ সভায় যোগদান করা অনুচিত এবং আপনাদের যে কার্য্যাবলী হইয়াছে তাহা আমি কিছুই জানি না এবং অনুমোদনও করি না। আশা করি আপনারা আমার নাম আপনাদের তালিকা হইতে উঠাইয়া লইবেন এবং ভবিষ্যতে আর কখনও এরূপ করিবেন না।

ইতি—
নিবেদক
শ্রীভবপতি দৈবজ্ঞ

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ — ৯৲
২। অনুভাষ্য বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১.০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। প্রার্থনাকল্পতরু (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণব-সিদ্ধান্ত বিরহ তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-আদর্শ ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-পঞ্জিকা ।৵০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যভাগবতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেমন বাক্য আবা ।০
২৭। দুর্গমসঙ্গমনী শ্রীগৌরাঙ্গ: (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ). ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্‌-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। শ্রীরত্নমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ⁄০
৪১। গীতাবলী ⁄০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধুবৃত্ত ⁄০
। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄০
৪৪। নবদ্বীপশতক ⁄০
৪৬। অর্চ্চনকণ ⁄০
৪৭। সদাচারস্মৃতিঃ ⁄০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪৯। অর্চ্চনকণ ⁄১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। শ্রবণকাহিনী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (অন্বয়াদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণনামের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী ⁄০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। ত্রিদণ্ড সরস্বতী বিধিত্বঃ ।০
৬৩। সতীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠভজনবিধানং ⁄০
৬৭। মায়াবাদখণ্ডনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ⁄০
৭১। বেদান্ত—ইট্‌স্ মর্ফলজী এণ্ড অন্টোলজি ।০
৭২। বিলেটিভ ওয়ার্ল্ড্‌স ।৵০
৭৩। লাইফ এণ্ড প্রেসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। রেপোর্ট গৌড়ীয়মঠ ইন লণ্ডন ⁄০
৭৬। ভক্তিভবন ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ⁄০
৮৪ শরণাগতি ⁄০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—শ্রীরূপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু কর্তৃক সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক বার্ষিক মূল্য ৩।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত-বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক মূল্য সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত, মূল্য সডাক ।০।

৪। পরমার্থী—উড়িয়া ভাষায় সম্পাদিত উৎকল পাক্ষিক, কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক মূল্য সডাক ১।০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি. এ. বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক মূল্য সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য শিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জগৎকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

বিশ্বের সর্ব্বত্র তত্ত্বভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
ডবল-ক্রাউনের প্রথম ও ডবল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৬৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৬৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১২শ বর্ষ { ৪ নারায়ণ শ্রীগৌরাব্দ ৪৫১ ২১শে পৌষ বঙ্গাব্দ ১৩৪৪ ৬ষ্ঠী জানুয়ারী ১৯৩৮ মঙ্গলবার ২৫৪৬তম সংখ্যা

শ্রীল প্রভুপাদের বিরহ-মহোৎসব

শ্রীসনাতন-গৌড়ীয়মঠে

গত ৬ই পৌষ ২১শে ডিসেম্বর হইতে ৮ই পৌষ ২৩শে ডিসেম্বর পর্য্যন্ত শ্রীচৈতন্য মঠের অন্যতম শাখা শ্রীসনাতন-গৌড়ীয়মঠে গৌড়ীয়গণের সর্ব্ববিধ বিত্তাশ্রীসর্ব্বস্ব ও বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশত শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের প্রথম-বার্ষিক বিরহ-তিথি-মহামহোৎসব তাঁহার যোগ্যতম অধস্তন ও বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশত শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুপাদ মহারাজের পূর্ণতত্ত্বাবধানে ও নিয়ামকত্বে বিশেষ সমারোহের সহিত সুসম্পন্ন হইয়াছে।

৬ই পৌষ ২১শে ডিসেম্বর শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিকাতে ভোর ৫ ঘটিকা হইতে বেলা ৮ ঘটিকা পর্য্যন্ত মঠবাসিগণ সমবেতকণ্ঠে শ্রীশ্রীগুরুবন্দনা, শ্রীশ্রীগৌরকীর্ত্তন, বিরহসূচক মহাজনপদাবলী এবং শ্রীপঞ্চতত্ত্ব ও শ্রীমহামন্ত্র-শ্রীনাম-সঙ্কীর্ত্তন করেন। বেলা ১০ ঘটিকা হইতে ২ ঘটিকা পর্য্যন্ত মঠরক্ষক শ্রীপাদ বনমালী দাসাধিকারী ভক্তিভূষণ প্রভু সমাগত বহু ব্যক্তির সমক্ষে 'প্রার্থনা' পাঠ ও ব্যাখ্যা করিয়া শ্রীশ্রীল প্রভুপাদের অভিনব জীবনী ও শিক্ষা বিশেষভাবে বুঝাইয়া দেন। ভোগারাত্রিক কীর্ত্তনের পর মধ্যাহ্ন ১২ ঘটিকা হইতে ৩ ঘটিকা পর্য্যন্ত ন্যূনাধিক ৩০০ শত লোককে চতুর্ব্বিধরসসমন্বিত মহাপ্রসাদ দ্বারা পরিতৃপ্ত করা হয়। অপরাহ্ন ৩৷০ ঘটিকায় শ্রীশ্রীগুরুবন্দনা, শ্রীপঞ্চতত্ত্ব শ্রীনাম-কীর্ত্তন এবং 'যে আনিল প্রেমধন করুণা প্রচুর', মহাজন-পদাবলী কীর্ত্তিত হইবার পর ৫৷০ ঘটিকা পর্য্যন্ত ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবৈভব সাগর মহারাজ শ্রীশ্রীমহাপ্রভুপাদ কি বস্তু, তাঁহার সহিত জীবের কি সম্বন্ধ, শ্রীগুরুপাদপদ্মের বিরহ কিরূপ, জগদ্গুরু ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের পরদুঃখকাতরতা, জীবকুলকে বিপথগামিদের সন্ধান দান ও এবং তাঁহার অতুলনীয় চেষ্টা এবং তাঁহার শুদ্ধভক্তসম্পাদিত অনন্য অপ্রাকৃত গুণের কথা উল্লেখ করিয়া আবেগভরে কীর্ত্তন করেন। স্বামীজী প্রসঙ্গক্রমে শ্রীশ্রীরূপানুগবরের অনুসরণ শ্রোতৃবৃন্দকে বিশেষভাবে বুঝাইয়া দেন তিনি বলেন যে বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্য পরমহংসকুলচূড়ামণি অষ্টোত্তরশত শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের আনুগত্যে থাকিয়া পরমারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদের মনোহভীষ্ট-সংস্থাপন-সেবাকার্য্যেই তাঁহার শ্রীপাদপদ্মে শরণাগতির পরিচয় এবং জীবমাত্রেই এক প্রাণে বরণ করিয়া আনন্দ অনুভব করিতে সমর্থ। অতঃপর শ্রীমহামন্ত্র শ্রীনাম সঙ্কীর্ত্তন হয়।

শ্রীবিনোদ-গৌড়ীয়মঠে

গত ২১শে ডিসেম্বর প্রাতে মঙ্গলারাত্রিকান্তে শ্রীগুরুদেব-বন্দনা ও বিবিধ মহাজন-পদাবলী কীর্ত্তন হয়। অতঃপর সেবকগণের বিশেষ চেষ্টায় একটী মহামহোৎসব অনুষ্ঠিত হয়। 'শ্রীগুরুপদকে মহাভাগবতস্বরূপ কীর্ত্তনাদে গুরুবন্দন', 'যে আনিল প্রেমধন করুণা প্রচুর', ও শ্রীরূপানুগবর পদ ইত্যাদি মহাজন-পদাবলী কীর্ত্তন হয়। তৎপরে শ্রীপাদ কেশব ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীল হরিদাস ঠাকুরের নির্য্যাণলীলা পাঠ ও ব্যাখ্যা করেন। তাঁহার পাঠ ও ব্যাখ্যা শ্রবণে শ্রোতৃবৃন্দ পরমানন্দিত হন। মহাজন পদাবলী কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়। বহু সজ্জন ব্যক্তিকে মহাপ্রসাদ প্রদান করা হয়। তৎপর দীন কাঙ্গালীগণকে মহাপ্রসাদ দেওয়া হয়।

এতদুপলক্ষে শ্রীবিগ্রহ অপূর্ব্ব সুসজ্জিত হইয়াছিল। দর্শকমণ্ডলী দর্শন করিয়া বিশেষ আনন্দ প্রকাশ করেন।

শ্রীমহেশ পণ্ডিতের শ্রীপাটে বার্ষিক উৎসব

গত ৩০শে ডিসেম্বর বৃহস্পতিবার চাকদহ শ্রীল মহেশ পণ্ডিতের শ্রীপাটে বার্ষিক মহামহোৎসব সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। নবনির্ম্মিত শ্রীমন্দিরে শ্রীবিগ্রহ প্রবেশ ও মন্দিরের প্রতিষ্ঠা শ্রীশ্রীল প্রভুপাদের অন্যতম প্রিয় তত্ত্বজ্ঞ শ্রীপাদ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ ও শ্রী ... গৌড়ীয় ... প্রভু ও শ্রীপাদ ... ব্রহ্মচারীজী সুচারুরূপে সম্পন্ন করিয়াছেন। নামসঙ্কীর্ত্তন ও পাঠ ব্যাখ্যা প্রসঙ্গে সকলে বিশেষই আনন্দিত হইয়াছিলেন। শ্রীপাদ নিতাই প্রভু সমস্ত দিন কীর্ত্তন করিয়াছিলেন। শ্রীমন্দির-প্রবেশোৎসবের ও ... বিভাগের ব্যয়ভার শ্রীযুক্ত ... বন্দ্যোপাধ্যায় মহাশয় বহন করিয়া

ভক্ত-সুজ্জনগণ ধন্য হইয়াছেন। শ্রীগুরুদেবের প্রসাদে। উক্তদেশে এত কৃপা করেন ভক্তগণে।

শ্রীধাম মায়াপুরে ব্যাসপূজা

--::(o)::--

আগামী ৭ই ফাল্গুন ১৯শে ফেব্রুয়ারী শনিবার শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠে গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশত শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী ঠাকুরের 'অনুপালনাচার ও পরমহংস-সেবাবিগ্রহ নিত্যলীলাপ্রবিষ্ট ও বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশত শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শুভাবির্ভাব-তিথিতে শ্রীশ্রীব্যাসপূজা মহামহোৎসব অনুষ্ঠিত হইবে। এতদুপলক্ষে শ্রীহরিকীর্ত্তন, শ্রীল প্রভুপাদের শিক্ষা ও প্রচারের আলোচনা ও সকলকে মহাপ্রসাদ বিতরণ করা হইবে। সকলেই মহামহোৎসবে সোৎসাহে যোগদান করিলে আমরা পরমানন্দিত হইব। এতদুপলক্ষে যাঁহারা প্রণামী প্রভৃতি শ্রীমঠে পাঠাইতে অভিলাষ করেন তাঁহারা শ্রীচৈতন্যমঠ, গোঃ শ্রীমায়াপুর নদীয়া, এই ঠিকানায় পাঠাইবেন।

... ব্রহ্মচারী ... শ্রীযুক্ত ... শ্রীধাম ... ভাবে ... করিয়াছেন। ... বাস্তবিক আচারের ... করা হইয়াছে।

শ্রীশ্রীকৃষ্ণগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী
গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৮ নারায়ণ, বুধ, পঞ্চম গৌরাব্দ ৪৫১

শ্রীল প্রভুপাদ ও ভক্তিবিনোদধারা

—:::o::—

'ভক্তিবিনোদধারা'তে আমরা তিনটি শব্দ দেখিতে পাই। একটী 'ভক্তি', একটি 'বিনোদ' ও অপরটি 'ধারা'। কৃষ্ণেন্দ্রিয়-তর্পণ নামই ভক্তি। তাহাতে নিজসুখের কোন কথা নাই। ভগবান্ কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণ ব্যতীত অন্যাভিলাষ, জ্ঞান, কর্ম, অষ্টাঙ্গসিদ্ধি, ব্রত বা তপস্যাদি সমস্তই অভক্তি। এই সকল অভক্তির বিনোদন বা আবর্জ্জনাসমূহ হইতে ভগবদ্ভক্তের সম্পূর্ণভাবে নির্মুক্ত হইয়া অনুকূলকৃষ্ণানুশীলনই ভক্তি-বিনোদন বা সেবার পরাকাষ্ঠা। কৃষ্ণের এই অনুকূল-সুখসন্ধান-স্পৃহা অনেক পূর্ব্বপ্রাপ্ত বর্ত্তমান বা যিনি এত ভক্তিবিনোদন-কার্য্যে পরবশ, তিনিই ভক্তিবিনোদ। তিনি কৃষ্ণসুখে সুখী, তাঁহারই—সেবাতেই তাঁহার সুখ, তাহাই তাঁহার সর্ব্বস্ব।

স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের বিনোদন-কার্য্যে যা শ্রীভগবানের নিত্য সহায় নিপুণা, সেই ভক্তবিনোদিনী শ্রীরাধিকা—আমার প্রভুর প্রাণনাথ শ্রীরাধাই অনুকূল-কৃষ্ণ। এই অনুকূল কৃষ্ণের অনুশীলন বা অনুকূল কৃষ্ণানুশীলনই ভক্তিবিনোদ-ধারার মূল প্রস্রবণ। এই ধারার আকর স্থান শ্রীচৈতন্যপাদপদ্ম। এই ধারা অভক্তিবিনোদ-ধারা নয়—ইহা মাতৃ-পিতৃ-স্বজন-স্বদেশ বিনোদন ধারা নয়। ইহা শৌরভক্তি-বিনোদধারা— কৃষ্ণভক্তিবিনোদ-ধারা— প্রেমভক্তিবিনোদধারা— রূপানুগধারা— সঙ্কীর্ত্তন ধারা—শ্রৌতধারা—আচার্য্য ধারা বা গৌরবাণীধারা। এ ধারা সাধারণ জলধারা নহে, ইহা বৈকুণ্ঠবাণী ধারা বা মঙ্গলধারা। এই ধারা গৌরজন-শ্রীমুখেই নিত্যকাল প্রবাহিতা।

ভক্তি আত্মার স্বাভাবিক বৃত্তি। ইহা মনঃকল্পিত কোন ব্যাপার-বিশেষ নহে। ভক্তির আদি বা আরম্ভ নাই, তাহার প্রাকট্য বা প্রকাশ আছে মাত্র। ভক্তির শেষ নাই—অন্ত নাই। কর্ম্ম অনাদি হইলেও তাহার শেষ আছে। কর্ম্ম ও ভক্তি—কৃষ্ণবিমুখ ও কৃষ্ণোন্মুখ স্বরূপ ও স্বভাবের সুখ ঠিক উল্টা দিক্। অনন্তরূপ কৃষ্ণ সংবিদ্বৃত্তি না হইলে এই শুদ্ধভক্তি—সাধনভক্তি বা আত্মার বৃত্তি প্রকাশিত হয় না। আমাদের ধারণা—সর্ব্বশক্তিমানের কৃপালেই বুঝ সাধনভক্তি প্রকাশ পায়, 'বড় কথা তা' না। 'এই ভক্তি কঠিন কিছু নয়,' বা অতি সহজ। জগতের কাঠিন্য বশতঃই ইহা আমাদের নিকট কঠিন বলিয়া বোধ হয়। এই ভক্তি নিত্যাধন, সুতরাং ভক্তিবিনোদধারাও নিত্য, ইহা কোনকালেই বন্ধ হয় না বা হইতে পারে না। এখন শ্রীশ্রীল প্রভুপাদও আমাদিগকে কৃপাপূর্ব্বক জানাইয়াছেন। এই ধারার রূপ আছে, তাহা আচার্য্যরূপ বা গুরুরূপ। এই ভক্তিবিনোদ ধারা ব্যতীত অধোক্ষজ কৃষ্ণপাদপদ্ম লাভের বা কৃষ্ণদর্শনের অন্য কোন রাস্তা নাই। কৃষ্ণকে লাভ করিবার উপায় বা রাস্তা মাত্র এই একটি। সেইজন্যই এই ভক্তিবিনোদধারাশ্রিত নিষ্কপট সজ্জনগণ বলিয়া থাকেন, গুরু মাত্র একজন। তিনি আমাদের শ্রীগুরুপাদপদ্ম। আমাদের গুরুদেব ছাড়া জগতে আর গুরু নাই। আমার গুরু সবই এই জগতে একমাত্র সাধু। আর তাঁহার পূর্ব্ব পূর্ব্ব গুরুগণ যাঁহারা, সেই হরিজন সবই হরিজন, অপরে নহে। এ সকল তথ্য আমাদের নিকট প্রথমমুখে বিদ্রোহী বলিয়া মনে হইলেও কথা কিন্তু ঠিক্। 'মদ্গুরুঃ শ্রীজগদ্গুরুঃ, মদাত্মা সর্ব্বভূতাত্মা' ইহাই প্রকৃত নিরোধ অকৃত্রিম কথা। এই বাণীর যিনি যে পরিমাণে পরিচিত, তিনি সেই পরিমাণেই গুরুকৃপাপ্রাপ্ত বা শিষ্যত্বে প্রতিষ্ঠিত। এই ধারা স্বরূপ-রূপ-শ্রীজীব-রঘুনাথ কবিরাজ-নরোত্তম-বিশ্বনাথ বলদেব-জগন্নাথ ভক্তিবিনোদ-গৌরকিশোর ও আমার শ্রীগুরুপাদপদ্ম পর্য্যন্ত আসিয়াছে। এই ধারার সকলেই গৌরনামা বা গৌরশক্তি। বর্ত্তমানে এই অপ্রতিহত ভক্তিবিনোদ ধারার সংরক্ষক হইয়াছেন—আমাদের পরমপূজ্যপাদ পতিতপাবন শ্রীশ্রীল আচার্য্যদেব। তিনিই এই ধারার মূর্ত্তবিগ্রহ, এবং জগতে একমাত্র অনুকূল-কৃষ্ণানুশীলন-শিক্ষা-প্রদাতা — জগদ্গুরু। এই শ্রীশ্রীল আচার্য্যদেবের অহৈতুকী অযাচিত কৃপা ব্যতীত ভক্তিবিনোদধারার বা শুদ্ধভক্তিলাভের অন্য কোন উপায় নাই বা থাকিতে পারে না।

আমাদের প্রত্যেকেরই ভক্তিবিনোদ-ধারা আশ্রয় করিতে হইবে। তদ্ব্যতীত শুদ্ধভক্তিপথের অনুসরণ হইবে না। কৃষ্ণ-কার্ষ্ণ এই নিত্যা ধারা বা ভক্তিবিনোদধারা অমন্দোদয়া দয়ার সন্ধান প্রদান করে—আমাদিগকে কৃষ্ণপাদপদ্মে লইয়া যায়। এই ভক্তি একমাত্র প্রভুসেবা-প্রদাতা শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপাসাপেক্ষ। সুতরাং তদানুগত্য ব্যতীত নিষ্কপট মঙ্গলাকাঙ্ক্ষীর মঙ্গললাভের আর অন্য কোন উপায় নাই। অনেকে বলিতে পারেন যে, ভগবান্কে লাভ করিবার ধারা, পন্থা বা উপায় যদি একটিই হয় তাহা হইলে তাহার সন্ধান পাওয়া ত' বড়ই দুষ্কর। কথা ঠিক্, কিন্তু কেহ যদি নিষ্কপটে ভগবৎসেবাপ্রার্থী হন, তাহা হইলে ভগবান সেই নিষ্কপট ব্যক্তিকে নিশ্চয়ই ভক্তিবিনোদ-ধারার সন্ধান দিবেন। তাঁহার নিজজন কোথায় আছেন, এই সংবাদ তিনিই তাঁহাকে জানাইবেন। ভক্তিবিনোদ-ধারার আশ্রিত যাঁহারা তাঁহাদের ভক্তিবিনোদ-ধারাশ্রিত লোক দেখিলে আপনা হইতেই প্রীতির উদয় হইবে। ভক্তিবিনোদ-ধারা যাঁহারা নিষ্কপটে আশ্রয় করিতে চাহেন, তাঁহাদের প্রাণের স্বাভাবিক টান সেই ভক্তিবিনোদ-ধারাশ্রিত ব্যক্তিগণের দিকেই যায়। দূরস্থিত ভগিনী তাঁহার ভ্রাতাকে কখনও না দেখিলেও পিত্রালয় আসিয়া তাঁহার ভ্রাতৃদ্বয়ে যেরূপ স্বতঃই স্ফূর্ত্তিপ্রাপ্ত হয়, বিদেশে লোক দেখিলেই যেরূপ প্রীতির উদয় হয়, সেইরূপ সজাতীয়াশয়স্নিগ্ধ সাধুতে প্রীতি স্বাভাবিক। যেখানে তাহার অভাব সেখানে সজাতীয়তা-বিচারে কোন না কোন বিপর্য্যয় অবশ্যই উপস্থিত হইয়াছে বুঝিতে হইবে।

এই ভক্তিবিনোদধারা অনুসরণ করিবার পথ শত শত কণ্টকে কণ্টকাকীর্ণ। ইহাতে Compromiseএর কোন কথা নাই। ভক্তি ও অভক্তি, আলো ও অন্ধকারে মিলন সম্ভব নয়। ভক্তির বিনোদন করিতে হইলে, অভক্তি বা অসতের কোন কথার সংস্রবই গোঁজামিল দেওয়া চলে না। সেখানে প্রথমেই আছে—অসৎসঙ্গ ত্যাগের কথা, এবং নিরন্তর সৎসঙ্গে অনুকূল-কৃষ্ণানুশীলনের উপদেশ। এই ধারা আশ্রয় করিলে আর কোন অসুবিধা থাকে না। তবে এই ধারা দৃঢ়ভাবে আশ্রয় করিতে হইবে। 'গুরুদেবের আমি' বিচার প্রাণে জাগাইতে হইবে— শ্রীগুরুদেবের নিজজনের আনুগত্যে তচ্চরণসেবায় মনোনিবেশ করিতে হইবে। এই ধারাতে অন্যাভিলাষ-কর্ম্ম-জ্ঞানাদির কোন কথা নাই, আছে কেবল নিত্য-নবনবায়মানভাবে সর্ব্বতোভাবে কৃষ্ণসুখ-বিধানের জন্য যত্ন প্রয়াস। অথবা নিত্য গুরুদাস্যপ্রয়াস। এই প্রতিষ্ঠাটীই আমাদের সর্ব্বক্ষণ মনরত্ন থাকা উচিত। তাহা হইলে আর আমাদিগকে বিপদে পড়িতে হইবে না। কে সৎ, কে অসৎ—ইহা নির্দ্ধারণ করিতে ধাঁধায় পড়িতে হইবে না। ভক্তিবিনোদধারা মুখে আমার নাম বা তাহা আশ্রয়ের অভিনয় করিলেই যে ভক্তিবিনোদধারা বা "ভক্তিসিদ্ধান্ত-ধারার" আশ্রয় লাভ করা হইল এইরূপ নহে। শ্রীগুরুদেবের ধারার সহিত—তাঁহার ইচ্ছার সহিত ইচ্ছা মিশাইতে হইবে; প্রভুনিজজনের ইচ্ছার সহিত আপন ইচ্ছা মিশাইয়া প্রভুমনোহভীষ্টপূরণে ব্যস্ত হইতে হইবে। কপাল খুব ভাল না হইলে প্রভুনিজজনে আপনজ্ঞান হয় না, এই ধারার আশ্রয় লাভ করা যায় না। এই ধারার কথা শ্রীল রূপগোস্বামী প্রভু লিখিয়াছেন,—

"অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥"

আমার শ্রীগুরুপাদপদ্ম ও ভক্তিবিনোদ-ধারা একই জিনিষ। আমার গুরুদেবের ধারায় ও বর্ত্তমান আচার্য্যধারায় কোন তফাৎ নাই। ইঁহারা সকলেই গৌরনিজজন—গৌরশক্তি—গৌরবল্লভ। যিনি শ্রীভক্তিবিনোদধারাকে জগতের নিকট কৃপাপূর্ব্বক প্রকাশ করিয়াছেন, সেই আমার শ্রীগুরুপাদপদ্ম নিত্য জগদ্গুরু—তিনি কাহারও শিষ্য নহেন। আমাদের মঙ্গলের জন্যই তিনি শিষ্যের লীলা বিস্তার করিয়াছেন। নিত্যসিদ্ধ গুরুবর্গের সহিত পরস্পর কি সম্বন্ধ তাহা আমরা জানি না। সেই গৌরনিজজনগণের মধ্যে ছোট বড় বলিবার কোন কথা নাই। আবার শ্রীগুরুদেব সাধারণ কৃষ্ণসেবক নহেন, তিনি সেবক কৃষ্ণ, তিনি—নিত্যানন্দ। আমার শ্রীগুরুদেব প্রভু বড় [illegible]। তচ্চরণে যোগ্য আত্মা সমর্পণ না করিলে আমাদের মঙ্গললাভ হয় না—আমার হৃদয়ে গুরুপাদপদ্ম স্ফূর্ত্তি লাভ করেন না তাই কৃষ্ণসেবাও হয় না। এবং ভক্তগণই একমাত্র সংসার-ক্লেশ-নাশের একমাত্র উপায়, একথা আমরা বুঝিয়া উঠিতে পারি না। আমরা ভক্তিবিনোদ-ধারার সন্ধান পাইয়াও পাই নাই—শ্রীল প্রভুপাদকে দেখিয়াও দেখি নাই। উঁহাকে জানেন, চিনেন একমাত্র আমাদের শ্রীল গুরুপাদপদ্ম। আর জানেন শ্রীশ্রীল আচার্য্যদেবের অনুগত—কৃপাপ্রাপ্ত আমাদের স্বজনগণ। এই শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্য করিবার বা শিষ্য হইবার সৌভাগ্য হইলে আমরা কোন না কোন জন্মে শ্রীল প্রভুপাদের শিষ্য হইবার সৌভাগ্য পাইব বা ভক্তিবিনোদধারায় স্নাত হইতে পারিব। এই ধারায় সেবান্বয়ের আসন—হরি-গুরু-বৈষ্ণবের আসন নিত্যকাল Reserved আছে ও থাকিবে। আমি কোন দিন এ তিনটীর একটীও হইব না। আমি নিত্যকাল তাঁহাদের কৃপাপ্রার্থী হইয়া থাকিব। যেখানে হরিগুরুবৈষ্ণবের আনুগত্য নাই," প্রভুমনোহভীষ্টপূরণে প্রভুনিজজনের নিকট

কৃষ্ণ তারে দেন নিজ ভিক্ষাভক্তির বল মায়া আকর্ষে হাতে ধরিয়া তুলন।

কৃপাপ্রার্থনা নাই, তাহা ভক্তিধারা নহে, তাহা চৈতন্যধারা নহে। সেখানে আছে কেবল অচৈতন্যের বাহাদুরী বা বিবাদ।

এই ভক্তিবিনোদধারার ঙ্গ আচারপ্রচার অনুসরণ করিয়া যিনি যতটুকু চলিবেন তিনি ততটুকুই মঙ্গলের পথে অগ্রসর হইবেন। ভক্তিবিনোদ ধারায় এই কথা বিষয় ভুলিয়া পশ্চাৎপদ হইতে হইবে না। জগতের কোন লোক যদি এই ভক্তিবিনোদ-ধারা গ্রহণ না করে বা তাহাতে উদাসীন থাকে তথাপি শ্রীল প্রভুপাদের অযোগ্য ভৃত্যানুভৃত্য আদি অসংখ্য বাধাবিপত্তি আসিলেও কোনদিনই তাহা ছাড়িতে পারিব না—অসৎসঙ্গতাপে এইরূপ দৃঢ়প্রতিজ্ঞ হইয়া আমাদিগকে শ্রৌতপথে অগ্রসর হইতে হইবে। বর্ত্তমান গৌড়ীয়মঠাচার্য্য এই কথা সিংহ-হুঙ্কারে প্রচার করিতেছেন। ইহার মধ্যে কোন আপোষ নাই। যদি কেহ ভক্তিবিনোদধারার দোহাই দিয়া সত্যনিষ্ঠা ও বাস্তবসত্যে একনিষ্ঠার পরিবর্ত্তে লোকপ্রিয়তা ও আপোষপ্রবর্ত্তনকেই বড় মনে করেন, তাহা হইলে সেইরূপ মত ভক্তিবিনোদধারা হইতে হয় উৎক্ষিপ্ত না হয় চিরতরে বঞ্চিত হইয়াছে জানিতে হইবে। স্বরূপ-রূপানুগ ভক্তিবিনোদ-সিদ্ধান্তে অকপট অনুরাগ দেখিলে সেখানে নিঃসন্দেহে ভক্তিবিনোদ-ধারার সম্বন্ধ নির্ণয় করিতে হইবে। এই ধারাতে বাস্তবসত্যের কথা—মহাপ্রভুর কথা ছাড়া অন্য কথা নাই। সেইজন্য গৌর ও গৌরনিজজনকৃপাপ্রার্থী আমাদের ভক্তিবিনোদ-ধারা ব্যতীত অন্য ধারার আদর নাই। জানি না কবে শ্রীশ্রীল আচার্য্যদেবের কৃপায় আমরা এই শ্রীভক্তিবিনোদ-ধারায় প্রতিষ্ঠিত হইবার সৌভাগ্য পাইব।

শ্রীপাদ সেবাবিগ্রহ প্রভুর পত্র

——::(০)::——

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীচৈতন্যমঠ, ২৫।১১।৩৭

শ্রীশ্রীবৈষ্ণবচরণে দণ্ডবৎ প্রণতিপূর্ব্বিকেয়ম্—

* * তোমার ৯।১১ তারিখের লিখিত পত্র পাইলাম।

* * * বাহিরের কৃষ্ণবহির্ম্মুখ জনগণের নানাপ্রকার দৌরাত্ম্য তোমাকে একটু অস্থির করিয়াছে বুঝিলাম। জগতের সমস্ত লোকই কৃষ্ণভক্তির কথা শ্রবণ করিবে—এরূপ আশা করা বৃথা। তাই বলিয়া তাহাদের ভক্তিবিদ্বেষচেষ্টা দেখিয়া আমাদের হতাশ হওয়ার কোন কথা নাই। হরিবিমুখ ব্যক্তিগণের স্বভাবই সাধুকে নির্য্যাতন করা। শ্রীচৈতন্যচরিতামৃতে ও শ্রীচৈতন্যভাগবতে ইহার যথেষ্ট প্রমাণ পাইবে। শ্রীল প্রভুপাদকেও পাষণ্ডিগণ বহুপ্রকারে উদ্বেগ দিয়াছে। আচার্য্য শ্রীল রামানুজকেও বহু অত্যাচার সহ্য করিতে হইয়াছে। এমন কি দুর্জ্জনগণ আচার্য্যগণের প্রাণনাশ করিবার চেষ্টা হইতেও পশ্চাৎপদ হয় নাই। কিন্তু ভক্তবৎসল ভগবান্ তাঁহাদিগকে রক্ষা করেন। বহির্ম্মুখগণের ঐরূপ চিত্তবৃত্তি দেখিয়া হরিভজনে আমাদিগকে দৃঢ় হইতে হইবে এবং তাহাদের ঐরূপ অসৎকার্য্যের জন্য আন্তরিক দুঃখ এবং তাহাদের ঐরূপ চিত্তবৃত্তি যাহাতে সংশোধিত হইয়া হরিভজনে নিযুক্ত হয় তজ্জন্য ভগবানের নিকট প্রার্থনা করিতে হইবে। এটা অসুবিধার জগৎ, তজ্জন্য শ্রীল প্রভুপাদ অপ্রকটের পূর্ব্বমুহূর্ত্তেও সর্ব্বাবস্থায় ভগবৎসেবা করিবার জন্য আমাদিগকে আদেশ ও উপদেশ দিয়াছেন। তিনি বলিয়াছেন—"জগতের লোক অকৈতব হরিভজনের কথা শুনছে না দেখে আপনারা ম্রিয়মান হবেন না। শত বিপদ্—শত গঞ্জনা শত লাঞ্ছনা আসিলেও নিজভজন—নিজকর্ত্তব্য শ্রীহরিকথা-শ্রবণ-কীর্ত্তন এক মুহূর্ত্তের জন্যও ছাড়বেন না। উহাতে বর্দ্ধমান রুচি হওয়াই প্রয়োজনীয়।"

শ্রীল প্রভুপাদ এরূপ নশ্বর বস্তু নহেন যে তিনি দু'দিন আমাদিগকে অনুগ্রহ করিয়াছেন, এখন আমাদের চক্ষুর অন্তরালে থাকায় আমাদিগকে আর দেখিবেন না—অথবা ভাসিয়া যাইব। কৃষ্ণ যেরূপ নিত্য, পরমদয়াল শ্রীগুরুপাদপদ্মও তদ্রূপ নিত্য এবং আমাদের সর্ব্বতোভাবে রক্ষক। তিনি সর্ব্বাবস্থায় আমাদিগকে শত শত বিপদ হইতে রক্ষা করিয়া তাঁহার শ্রীপাদপদ্মসেবার সুযোগ দিয়াছেন, দিতেছেন ও দিবেন। আমাদের প্রভুপাদ কৃষ্ণের অশান্ত প্রিয়তম, কৃষ্ণ সর্ব্বস্বরূপ হইয়াও তাঁহার প্রেমবশ্য; এত বড় প্রবল আশ্রিত ও রক্ষিত আমরা। আমাদের হরিভজনের যাবতীয় প্রতিকূলতার তাঁহার ইচ্ছাতেই আমাদের মঙ্গলের জন্য ব্যবস্থা হইয়াছে। উহাতে আমাদের নৈরাশ্য বা হৃদয়দৌর্ব্বল্যের কোন কারণ নাই। কৃষ্ণ আমাদের প্রতি যে ব্যবস্থা করেন সকলই আমাদের মঙ্গলের জন্য। তিনি পরম মঙ্গল ময়। তাঁহার এইসকল ব্যবস্থা দেখিয়া ম্রিয়মান হইলে কেন?

শ্রীল প্রভুপাদ স্বয়ং আমাদিগকে সর্ব্বতোভাবে রক্ষা করিতেছেন—তাঁহার অভিন্নবিগ্রহ আচার্য্যদেব ও বৈষ্ণবগণের দ্বারা শ্রীহরিকথামৃত শ্রবণ করাইয়া সর্ব্বক্ষণ হরিভজনের সুযোগ দিতেছেন। তাঁহার অসীম দয়ার তাঁহার নিজজন শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে রাখিয়াছেন। বহির্ম্মুখ পাষণ্ডগণের কবলে কোনদিন পতিত হইতে দেন নাই। শ্রীল প্রভুপাদের এত করুণা সত্ত্বেও আমাদের নৈরাশ্য বা ভয়ের কি কথা আছে? * * শ্রীল প্রভুপাদের আজ্ঞায় যখন আমরা তাঁহার সেবার জন্য সর্ব্বত্র যাইতেছি, তখন সে সকল স্থানের বিপদ্ হইতে তিনিই আমাদিগকে রক্ষা করিবেন। তিনি আশ্রিতবৎসল, তিনি এরূপ নিষ্ঠুর নন যে তাঁহার আশ্রিতগণকে তিনি রক্ষা করিবেন না। তিনি তাঁহার প্রত্যেক সেবকের জন্য অপ্রকটলীলার শেষ মুহূর্ত্ত পর্য্যন্ত বিশেষভাবে চিন্তা করিয়াছেন। এখনও তিনি তাহা ত্যাগ করেন নাই বা করিতে পারেন নাই।

বাহিরের লোকের সহিত খুব বুদ্ধিমত্তার সহিত কথাবার্ত্তা বলিতে হইবে। নিজ-আচরণ বিষয়ে সর্ব্বদা সতর্ক থাকিবে। উদ্দেশ্য ঠিক রাখিয়া স্থান-কাল-পাত্র বিচার করিয়া এইরূপভাবে চলিতে হইবে, যাহাতে অজ্ঞ ব্যক্তিগণের অপবৈষ্ণবের প্রতি আক্রমণ করিবার দুর্ভাগ্য উপস্থিত না হয়। তবে মনে রাখিও, নির্ভয়ে সত্য কথা বলিতে হইবে, অসত্যের সহিত সৌজন্য দিতে হইবে না।

সর্ব্বদা সহাস্যবদনে থাকিতে হইবে। বিরুদ্ধপক্ষের কথা আসিলে উত্তেজিত হইতে হইবে না। হরিভজন করিতে হইলে সময়োপযোগী কতকটা সহ্য করিতে হয়। কষ্ট ছাড়া কি আর কৃষ্ণ মিলে?

মধ্যে মধ্যে তোমাদের কুশল দিও, আমরা ভাল আছি। তুমি আমার দণ্ডবৎ জানিও। ইতি—

দাসাধম

শ্রীনরহরি

কি করিব?

কি করিব ভোরা এ ঘোর সঙ্কট।
ভাবিতেছ মনে মিথ্যা নাহি বটে॥
ডুবিব কি তবে নৈরাশ্য-সাগরে।
কাণ্ডারীবিহীন ভাবিয়া নিজেরে?
নাই কি কেহই রক্ষিতে দুর্দ্দীন।
আমরা কি সত্য রক্ষকবিহীন?
কৃষ্ণ কি এখন রক্ষে না ভকতে।
তাঁর অধিকার নাই কি জগতে?
কৃপায় যে কৃষ্ণ প্রহ্লাদে রক্ষণ।
দুর্ব্বার অসুরে সংহারে গর্জ্জন॥
সাধুর রক্ষণ, অসুর-নাশন।
অধর্ম্ম-বিনাশ ধর্ম্ম-সংস্থাপন॥
যে কৃষ্ণের খ্যাতি একমাত্র পণ।
সে প্রভু কি করে অবাক্য লঙ্ঘন?
প্রাকৃত জগতে অণুচিৎ জীব দেহ ও মনের দ্বারা আচ্ছন্ন। অপ্রাকৃত বস্তু প্রাকৃত জগতে স্থূল ও সূক্ষ্ম উপাধিদ্বয় দ্বারা অণুচিৎ স্বরূপ আবরণ করিয়াছে। দেহ ও মনের বৃত্তি দ্বারা স্মরণ করিতে গেলে কর্ম্ম ও জ্ঞানের স্থূল ও সূক্ষ্ম বাক্যে বদ্ধজীবের প্রাকৃত দর্শন দৃষ্ট। কর্ম্ম জ্ঞানাবরণ মুক্ত হইলে অণুচিৎ জীব কৃষ্ণসেবা ব্যতীত অন্য সেবা পরিত্যাগ করিয়া বিভুচিৎ কৃষ্ণের অনুকূলভাবে অনুশীলন করেন। অন্যাভিলাষ, কর্ম্ম ও জ্ঞান অণুচিৎ জীবকে প্রতিকূল ভাবে অনুশীলন করায়। সেইজন্য ভাগবতগণ কর্ম্ম ও জ্ঞান প্রতিষ্ঠিত। নিত্য আনুকূল্যে অনুশীলনীয় পদই ভক্তিপথ। ভক্তি অপ্রাকৃত বৃন্দাবনে আছে। কৃষ্ণসেবা-বিমুখ কর্ম্মী ভোগময় ও জ্ঞানময়ী প্রবৃত্তিতে চালিত জীব পুনরায় অবিমিশ্র কৃষ্ণসেবা বুদ্ধি ও প্রাকৃত ভাব লাভ করিয়া অপ্রাকৃত বৈকুণ্ঠে চলিতে থাকিলে প্রাকৃত সম্বন্ধ বিচ্ছিন্ন হইয়া উঠেন। প্রাকৃত কর্ম্ম বদ্ধ জীবের দেহ মনের পালা। প্রাকৃত নির্ব্বিশেষ জ্ঞান জীবের দেহ ও মনের ধ্বংস-বিষয়ক। আত্মার ধর্ম্মে অবিমিশ্র অপ্রাকৃত অধিষ্ঠিত। বিভুর ও অণুর নিত্যসেবায় সেই অপ্রাকৃত বিলাসময়। তাহার নিত্য সে কোন প্রকার ভেদ, পরিচ্ছেদ ও অনিত্য ভাব নাই। প্রাকৃত রাজ্যে বৈকুণ্ঠ অবস্থিত। অণুচিৎ জীবের অপ্রাকৃত সম্বন্ধ [illegible] ভক্তি অনুশীলন প্রাকৃত জগতে অবস্থানকালে প্রাকৃত সম্বন্ধ তাহার অপ্রাকৃত বুদ্ধিকে আবরণ করে। অপ্রাকৃত গুরু অপ্রাকৃত দিব্যজ্ঞানদানে বদ্ধজীবকে দিব্যজ্ঞান প্রদান করেন, তখনই অপ্রাকৃত বিবেক উদয় হয়। অপ্রাকৃত বিবেকাভাবে জীব প্রাকৃত বিবেকশূন্য।

শ্রীমদ্ মহারাজের বক্তৃতা

[বিষয়—শ্রীল প্রভুপাদ ও ব্রহ্ম-ব্যাস মধ্ব, শ্রীরামানুজ, রুদ্র বিষ্ণুস্বামী ও চতুঃসন-নিম্বার্কসম্প্রদায়।

কাল—২০শে অক্টোবর, বৃহস্পতিবার, পূর্ব্বাহ্ণ।

স্থান—শ্রীল প্রভুপাদের বিরহসভা, শ্রীচৈতন্যমঠ]

নিত্যাচিন্ত্যাশক্তি-প্রকাশকুলশীলনম্।
দিশতঃ পরমশ্রেষ্ঠ-গৌরপ্রেষ্ঠায় তে নমঃ॥
নম ওঁ বিষ্ণুপাদায় রূপপ্রেষ্ঠায় ভূতলে।
শ্রীমতে ভক্তিসিদ্ধান্তসরস্বতীতি নামিনে॥
বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ॥
অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ
সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্।
হরিঃ পুরটসুন্দরদ্যুতিকদম্বসন্দীপিতঃ
সদা হৃদয়কন্দরে স্ফুরতু বঃ শচীনন্দনঃ॥

পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদ ব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়সম্প্রদায় স্বীকার করিয়া জগৎকে শ্রীমদ্ প্রভুর কথা প্রদান করিয়াছেন। শ্রী-ব্রহ্ম-রুদ্র সনকাদি চারিটী সম্প্রদায় জগতে উদিত হইয়া নিত্যকাল জগতের মঙ্গল বিধান করিতেছেন। এই চারিটী বৈষ্ণবসম্প্রদায় অনাদিকাল হইতে প্রকটিত আছেন। ইঁহারা প্রত্যেকেই ভক্তিকে মূল প্রধান বলিয়া গ্রহণ করিয়াছেন। এই চারিটী বৈষ্ণবসম্প্রদায় ব্যতীত ভারতবর্ষে বহু সম্প্রদায় আছে, যাহারা বৈষ্ণবসম্প্রদায় বলিয়া দাবী করিলেও ভক্তির অনুগত না হইয়া তদ্বিরুদ্ধ নিজ নিজ মত প্রকাশ করিতেছে।

ঐ চারিটী বৈষ্ণবসম্প্রদায়ের মধ্যেও বিচারের তারতম্য ও ভজনের বৈশিষ্ট্য আছে। পাঁচটী মুখ্য রসে যে ভগবানের সেবা হয় তাহার মধ্যেও তারতম্য আছে।

যার যেই ভাব সেই হয় সর্ব্বোত্তম।
তটস্থ হইয়া বিচারিলে আছে তর-তম॥

প্রত্যেক সম্প্রদায়ের বিচার ও ভজন সেই সেই সম্প্রদায়ের নিকট সর্ব্বোত্তম বলিয়া বিবেচিত হইলেও তটস্থভাবে বিচার করিলে তারতম্য আছে। তটস্থভাবে বিচার করিতে গেলে দেখা যায়—শ্রীচৈতন্যদেব ব্রহ্মমাধ্ব-সম্প্রদায় অবলম্বন করিয়া যে তত্ত্ব প্রকাশ করিয়াছেন তাহাই সর্ব্বোত্তম। সর্ব্বশাস্ত্র শিরোমণি বেদান্তের অকৃত্রিম ভাষ্য শ্রীমদ্-ভাগবতের বিচারই শ্রীমন্মহাপ্রভু ও শ্রীল প্রভুপাদ জগতে প্রদান করিয়াছেন। বর্ণাশ্রম সম্বন্ধে ভাগবতের যে অস্ফুট বিচার ছিল, শ্রীমধ্বাচার্য্যের সম্বন্ধে যাহা

পরিস্ফুট হয় নাই শ্রীমন্মহাপ্রভু ও প্রভুপাদ সেই ভাগবতের কথাই আবরণশূন্য স্ফুট-ভাবে জগতে বিতরণ করিয়াছেন। প্রশ্ন হইতে পারে শ্রীমন্মহাপ্রভুর পূর্ব্বে কি জগতে ভাগবতের বিচার ছিল না? মহাপ্রভু ও প্রভুপাদের কথা কি নূতন? সাত্বত আচার্য্যগণের মধ্যে কি পার্থক্য আছে? এসকল প্রশ্নের সমাধান এই যে—আচার্য্য সকলেই একতত্ত্ব। বিভিন্ন আচার্য্যের সময় এক তত্ত্বই কৃষ্ণের ইচ্ছায় সঙ্কুচিত ও প্রসারিতভাবে প্রকাশ পাইয়া থাকেন। আচার্য্যগণের মধ্যে কোন অজ্ঞতা বা অমিল নাই। তবে তত্ত্বপ্রকাশের মধ্যে তারতম্য আছে।

শ্রীমদ্ভাগবতের বিচার মহাপ্রভুর সময়ে প্রচুরভাবে সম্প্রসারিত হইয়াছিল। ব্রহ্মা আদিগুরু হইয়াও কৃষ্ণলীলায় মুগ্ধ হইবার ছলনা দেখাইয়াছেন। 'মুহ্যন্তি যৎসূরয়ঃ' বাণীতে দেবতাগণেরও শ্রীকৃষ্ণ সম্বন্ধে যে মোহ হয় জানা যায়। কিন্তু ব্রহ্মা নিত্যমুক্ত হইয়াও অসুর মানবের জন্য এপ্রকার লীলা করেন। অসুরদের এ প্রকার মোহ উপস্থিত হয়, ব্রহ্মার মোহের স্বরূপ সেরূপ নয়।

বিভিন্ন মায়াবাদী সম্প্রদায় ও কর্ম্মী জ্ঞানী সম্প্রদায় শ্রীল ব্যাসদেবের মৌখিক আনুগত্য স্বীকার করিয়া নিজ নিজ মতবাদ স্থাপন করিয়াছেন। আচার্য্য শঙ্করও শ্রীল ব্যাসদেবকে গুরু বলিয়া স্বীকার করত তাঁহার ব্রহ্মসূত্রের দুষ্টতা প্রদর্শন করিয়াছেন। শ্রীমন্মধ্বাচার্য্য শ্রীব্যাসদেবের প্রকৃত সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন। শ্রীমধ্বাচার্য্য শ্রীকৃষ্ণের সচ্চিদানন্দ বিগ্রহ স্বীকার করিয়াছেন এবং তাঁহার ভক্তশ্রেষ্ঠতা প্রচার করিয়াছেন। অন্যান্য সম্প্রদায়ে কৃষ্ণই একমাত্র উপাস্য বলিয়া স্বীকৃত হন নাই। শ্রীমন্মহাপ্রভু শ্রীমন্মধ্বাচার্য্য সম্প্রদায় হইতে উপদেবন অর্থাৎ সচ্চিদানন্দ স্বরূপ শ্রীকৃষ্ণের নিত্যসেবা-সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। শ্রীকৃষ্ণের উপাসনার সর্ব্বোত্তমতা স্বীকৃত হইয়াছে বলিয়াই শ্রীমন্মহাপ্রভু সেই সম্প্রদায় স্বীকার করিয়াছিলেন। তিনি শ্রীরামানুজাচার্য্যের শক্তিবিচার ও বৈষ্ণব-সেবন গ্রহণ করিয়াছিলেন। তিনি বিষ্ণু-স্বামীর রাগভজন এবং নিম্বার্ক সম্প্রদায়ের দ্বৈতাদ্বৈত-সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন।

চারিটী সম্প্রদায়ের আচার্য্য জগতে যে বস্তু বিতরণ করিতে আসিয়াছিলেন তাহাতে কোনও না কোন অসম্পূর্ণতা ছিল। প্রভুপাদ শ্রীমন্মহাপ্রভুর পদাঙ্ক অনুসরণ করিয়া চারিসম্প্রদায়ের সারাংশ গ্রহণ করত সর্ব্বোপরি যে ব্রজগোপীদের এমন পরা-কাষ্ঠা জানাইয়াছিলেন তাহা অদ্বিতীয় বলিলেও অত্যুক্তি হয় না। চারি সম্প্রদায়ের আচার্য্যগণ যে ভাবে নিজদিগকে প্রকাশ করিয়াছিলেন তাহাতে আচার্য্যভাস্কর শ্রীল প্রভুপাদকে অংশী-প্রকাশ ও অন্যান্য উল্লিখিত সাত্বত আচার্য্যগণকে অংশ-প্রকাশ বলা যাইতে পারে।

আকাশের গুণ যেন পরপর ভূতে।
এক দুই তিন ক্রমে পঞ্চ পৃথিবীতে।

যেমন অন্যান্য ভূতগণের তুলনায় বা তারতম্যানুসারে একমাত্র পৃথিবীতে পঞ্চগুণের সমাবেশ দেখা যায়, শান্ত দাস্যাদিরস ক্রমে উন্নত হইয়া মধুররসে যে প্রকার সমাবেশ হয়, তেমন আচার্য্যকেশরী শ্রীল প্রভুপাদের মধ্যে সকল আচার্য্যের সারকথা সন্নিবিষ্ট হইয়াছে। শ্রীল প্রভুপাদ শ্রীচৈতন্যমঠে চারি আচার্য্যের সেবা প্রকাশ করিয়া যেমন তাঁহাদের মর্য্যাদা অক্ষুণ্ণ রাখিয়াছেন এবং সর্ব্বোপরি স্বীয় বৈশিষ্ট্য স্থাপন করিয়াছেন তেমন তাঁহার আচার প্রচারের সেই বৈশিষ্ট্য ফুটিয়া উঠিয়াছিল। শ্রীল প্রভুপাদের কথার মধ্যে রামানুজ-নিম্বার্ক প্রভৃতি সকল আচার্য্যের উপদেশের কথা সন্নিবিষ্ট রহিয়াছে। শ্রীল প্রভুপাদ বৈয়াসকিদিগের সেবায় যে পরমহংস-কালিতার কথা প্রকাশ করিয়াছেন, তাহাতে সকল আচার্য্যের কথা স্থান পাইয়াছে। এখানে অন্যান্য সম্প্রদায়ের আচার্য্যগণের প্রচার ও আচারের একটা অসামঞ্জস্য বা অবলম্বনাভাব দেখিতে পাওয়া যায়। পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদ সর্ব্বোত্তমের সর্ব্বভাবনী সেবার যে spirit বা ভাব দিয়াছেন, তাহা যদি অন্য সম্প্রদায় গ্রহণ করে তবে তাহাদের সার্থকতা হয় এবং তাহাদের অপূর্ণতা পূর্ণতা প্রাপ্ত হয়। আমরা দেখিতে পাইতেছি, বর্ত্তমানে শ্রীল প্রভুপাদের কথা সকল সম্প্রদায়েই জ্ঞাতে বা অজ্ঞাতসারে অল্পবিস্তর গৃহীত হইতেছে। শ্রীল প্রভুপাদের কথার কোটী অংশের এক অংশ জগতে থাকিলে জগৎ ধন্য হইবে। শ্রীল প্রভুপাদ নির্জ্জন-ভজনের কথা বা মানসিক-ধ্যানে বিদ্যাভোগের কথা বলেন নাই। বিষয়ের কৃষ্ণভোগ্য স্বরূপ দর্শনে তদনুকূল অনুশীলনের কথা বলিয়াছেন। খানিক সময় ভগবানের অনুশীলন ও অন্য সময় অন্য কার্য্য করার কথা তিনি বলেন নাই। তিনি ভগবানের সর্ব্বতোভাবে সেবা করার কথা বলিয়াছেন; সর্ব্বক্ষণ কায় মনে বাক্যে যুক্তবৈরাগ্যের সহিত ভগবদ্ভজনের কথা বলিয়াছেন। জগতের সহিত সম্বন্ধ পরিত্যাগ করাই প্রভুপাদের কথার উদ্দেশ্য নয়। বিষয়কে কৃষ্ণসেবায় নির্ব্বন্ধ না করিয়া বিষয়ের মলিনতা সংস্পর্শের ভয়ে ত্যাগের পথ অবলম্বনের কথায় আমাদের হরিভজনে প্রকৃত ক্ষতি হইবে। জগতের সমস্ত বস্তুকে কৃষ্ণসেবায় নিযুক্ত করিবার অনুশীলন শ্রীল প্রভুপাদ শিক্ষা দিয়াছেন। ইহাই শ্রীল প্রভুপাদের বৈশিষ্ট্য। শ্রীল প্রভুপাদ কৃষ্ণানুশীলনের কথা বলিয়াছেন বা অখণ্ডবস্তুর অনুশীলনের কথা বলিয়াছেন। কিন্তু তিনি খণ্ডবস্তুর অনুশীলনের কথা বলেন নাই। খণ্ডবস্তুর অনুশীলনকে কৃষ্ণানুশীলন বলে না। বর্ত্তমান আচার্য্যদেব শ্রীল প্রভুপাদের অখণ্ড কৃষ্ণানুশীলনের কথা সম্পূর্ণরূপে গ্রহণ করিয়াছেন। আমরা যদি স্ব-স্ব মনোধর্ম্মানুযায়ী প্রভুপাদের কথা বুঝিতে যাই তাহা হইলে বঞ্চিত হইব। স্বকীয় অন্তরের ভাব আমাদের নূতন নূতন অনর্থ গজাইয়া উঠিতেছে। বিভিন্ন ভাবের মনোবৃত্তি লইয়া প্রভুপাদের কথা গ্রহণ করিতে গেলে তাহাতে সামঞ্জস্য হয় না। প্রভুপাদের কথার সামঞ্জস্য আমরা নিজে নিজে বুঝিয়া উঠিতে পারি নাই। কিন্তু শ্রীল আচার্য্যদেব আমাদিগকে তাহা বুঝাইয়া দিয়াছেন। অন্যান্য বিপথগামী লোকের যে সকল চরিত্র প্রভুপাদের প্রচারকে আচ্ছাদিত করিয়াছিল তাহা একমাত্র শ্রীল আচার্য্যদেব দূর করিয়াছেন। তুমিও শ্রীল প্রভুপাদের মাহাত্ম্য সাক্ষাদ্ভাবে ততটা জানিতে বা বুঝিতে পারি নাই, বর্ত্তমান আচার্য্যদেবের মধ্য দিয়া যতটা শ্রীল প্রভুপাদের অসমোর্দ্ধ মাহাত্ম্য উপলব্ধি করিয়াছি। মহাপ্রভুর পূর্ব্বের আচার্য্যগণ অনেকে মহাপ্রভুকে স্বীকার করিয়াছেন। শ্রীঅদ্বৈত প্রভু ঐতিহাসিক প্রাচীনতা সত্ত্বেও মহাপ্রভুর সেবা করিয়াছেন। অন্যান্য সম্প্রদায়ের মধ্যে গলদ এই যে, তাহারা বিষ্ণু, রাম ও কৃষ্ণকে স্বীকার করেন কিন্তু মহাপ্রভুকে স্বীকার করে না। পরমার্থ-বিচারে ভগবৎতত্ত্ব বিষয় Historic পর্য্যায়ের বিচারের প্রয়োজনীয়তা নাই। কি অতীতে, কি বর্ত্তমানে, কি ভবিষ্যতে শ্রীল প্রভুপাদের কথা হইতে যেখানে যতটা deviation থাকিবে সেই স্থান বা সেই সম্প্রদায় হইতে ততটা দূরে থাকিতে হইবে। আপনারা সকলে আশীর্ব্বাদ করুন যেন শ্রীল প্রভুপাদের ভক্তিসিদ্ধান্ত বিচার ও তাঁহার কষ্টিপ্রস্তরস্বরূপ বর্ত্তমান আচার্য্যচরণে আমার মতি নিশ্চলা থাকে।

বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো
নমো নমঃ॥

শ্রীল জীবগোস্বামী প্রভুর পত্র

(সংস্কৃত পত্রের বঙ্গানুবাদ)

শ্রীবৃন্দাবনতো ভবতি

যাঁহার পদযুগল আমার সমস্ত সুখ প্রদান করে, সেই শ্রীনিবাস আচার্য্য প্রভুর শ্রীচরণে জীব নামক এই ব্যক্তি নমস্কার পূর্ব্বক নিবেদন করিতেছে,—"আপনাদের কুশল সর্ব্বদাই ইচ্ছা করিতেছি। বহুদিন যাবৎ উহা পাই নাই। কুশল লিখিয়া আমাদিগকে সুখী করিবেন। সম্প্রতি আমি শারীরিক রোগযুক্ত হইয়া আছি এবং অপরেও তদ্রূপ আছেন। কিন্তু শ্রীকৃষ্ণ গোস্বামিপাদ দেহ রক্ষা করিয়াছেন এবং নিজেকে শ্রীবৃন্দাবন-নাথের চরণে জ্ঞানপূর্ব্বক সমর্পণ করিয়াছেন, ইহাই বিশেষ সংবাদ। আপনার নিজ পরিকরবর্গের এবং বিশেষতঃ শ্রীবৃন্দাবন-দাসের কুশল লিখিবেন। এই বৃন্দাবনদাস কিছু লেখাপড়া করে কি না করে, তাহাও লিখিবেন।

এতদ্ব্যতীত শ্রীব্যাস শর্ম্মা সম্প্রতি কিরূপ ও কোথায় আছেন এবং শ্রীরামচন্দ্র কবিরাজও কিরূপ ও কোথায় আছেন তাহাও লিখিবেন।

তাহা ছাড়া—"শ্রীভক্তিরসামৃতসিন্ধু" "শ্রীমাধব মহোৎসব", "শ্রীগোপালচম্পূর উত্তরভাগ" এবং "হরিনামামৃত ব্যাকরণের" শোধন কিছু বাকী আছে, এজন্য ঐগুলি পাঠান হয় নাই। পরে দৈব অনুকূল হইলে পাঠাইতে পারা যাইবে। অধিক কি, এখানকার সকলেরই যথাযথ নমস্কার জানিবেন এবং থাকার সকলকে আমার ... জানাইবেন। ইতি শাং সুখী।

শ্রীভাল মহাশয়ের প্রতি আমার শুভাশীষ।

বিরহোৎসব

মহেশ পণ্ডিতের শ্রীপাটে

গত ২১শে ডিসেম্বর ৬ই পৌষ মঙ্গলবার জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তর-শতশ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের প্রথম বার্ষিক বিরহ-মহোৎসব শ্রীপাটের অমল চরিত আলোচনা ও কীর্ত্তন-মুখে সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। ঠাকুরের আলেখ্য পুষ্পচন্দনাদির দ্বারা উত্তমরূপে সজ্জিত করিয়া একটী উচ্চ বেদোপরি স্থাপন করা হইয়াছিল। উপস্থিত সকলে এক এক অঞ্জলি চন্দন পুষ্প দ্বারা তাঁহার পাদপদ্মে অঞ্জলি প্রদান করেন। কীর্ত্তন ও পাঠক্রমে উপস্থিত সকলকেই মহাপ্রসাদ প্রদান করা হইয়াছিল।

মায়ারে পিছনে রাখি কৃষ্ণপানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপদ পায়

১ [illegible] মঠ
প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান, শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচৈতন্যদেবের [illegible] গৌরবিহিত-[illegible], শ্রীশ্রীগান্ধর্বিকা-গিরিধারীর [illegible] চতুর্দ্দিকে বিরাজ আছেন। [illegible] [illegible] রক্ষক -শ্রী[illegible] [illegible]

(২) শ্রীগৌড়ীয়মঠ
উল্টা [illegible] [illegible] রোড, বাগবাজার, কলিকাতা। [illegible] [illegible] [illegible] শ্রীবিগ্রহ প্রতিষ্ঠিত। [illegible] পাঠ, সঙ্কীর্ত্তন, [illegible] আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও [illegible] [illegible] পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক- [illegible] [illegible] ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তি[illegible] ভাগবত মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট
প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক--শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অন্তর্দ্বীপস্থ শ্রীগুপ্তলীলাগার
শ্রীধাম মায়াপুর
রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৯) স্বানন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)
[illegible] ১৫ [illegible] স্থান
রক্ষক—শ্রী[illegible] অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী।

(১৪) ভক্তিদেব-গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক —শ্রী[illegible] ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়দ্বীপ, রক্ষক শ্রী[illegible] ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
[illegible] (শ্রী[illegible] নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

১৭ কুলিয়াকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)
রক্ষক শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ পণ্ডিতের পাট
কাঁঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)
রক্ষক—শ্রী[illegible] বনবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক—শ্রীভূতেশ্বনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ
কমলাপুর, পোঃ ঢাকা
রক্ষক—শ্রী[illegible] ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
বড়বাজার, পোঃ ময়মনসিংহ
রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রী[illegible] [illegible] এম-এ, বি-এল

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চকচকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
[illegible], দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ
পোঃ চরিবার, [illegible] নারায়ণপুর, টুট, পি
রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক—শ্রী[illegible] প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ
পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার
রক্ষক শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
[illegible] রোড, গয়া
রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ
৩২।২ [illegible], বেনারস সিটি
রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর ইউ, পি।
রক্ষক—শ্রী[illegible] গোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়
বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক—শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা
রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী
রক্ষক—ভক্ত শ্রী[illegible]

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়
গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ
বর্ষাণা মথুরা।
রক্ষক—শ্রী[illegible] প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—শেরগড়ী,
পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)
রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক—শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ
৪৩নং হনুমান রোড, নিউ দিল্লী;
রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible] বিল্‌ডিং বোম্বে ৭
রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা
রক্ষক—মহোপদেশক শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী গৌড়ীয়মঠ
পোঃ কভুর, ওয়েষ্ট গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যার্ণব

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগোপীনাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক—শ্রীমাধব দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী - স্বর্গদ্বার, পুরী

(৫৬ লীলাকুটী
রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ভ্রিদণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ
বাঁধপলি, পোঃ কটক (উড়িষ্যা)।
রক্ষক—শ্রীবিলাস[illegible] দাসাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
রক্ষক—শ্রী[illegible] মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিকণিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) আমলি গৌড়ীয়মঠ
পোঃ আমলি, মেদিনীপুর
রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ
ব্রাহ্মণপাড়া, পোঃ বাজু (গঞ্জাম)
রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ
ভুবরহ[illegible], পোঃ চিরকুণ্ডা, (মানভূম)
রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়
১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।
রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, ডাউনরোড
ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫।
রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়
রক্ষক—শ্রী[illegible]গোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলিকাতার বাজার দর

৮রা জানুয়ারী ১৯৩৮

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
দাদখানি	৬৷৷০
বালাম চাল	৫৷৷০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷৷০
বাঁকতুলসী	৫৷০
মাগরা নূতন	৪৷৵০
ঐ পুরাতন	৫৲
বাঙ্গালী কোম্পানী	৮৲
সিদ্ধ বেগুন	৩৷৵০

আতপ—

নূতন আতপ	৮৲	৪৷০
পেশোয়ারী	১০	-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০	৫৷৵
ঐ মাঝারি	৫৲	৫৵০
পাটনাই আতপ	৫৷০-৫৷০	
কাটারী ভোগ	৭৲	
ঐ বেগুন	৩৵০	

চিনির দর

ক.টি.ম, টাইপ	১০৷৵০
সিঙ্গাপুর ১০০০ নং	১০৴০
[illegible] সাদা	৯৷০
[illegible] সাদা	৬৷০—৯৵০
[illegible] লাল	৭৷৵০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

[illegible] বার	৩৫৷।
[illegible]	২২৲
চাদিরবার	৫৭৷০

পাটের দর

[illegible]—	৪০৷৷০
[illegible]—	৪০৷৷০
[illegible]—	৪১৷০
[illegible] সময়—	৪১৲

আটা ও ময়দার দর

[illegible] প্রতি মণ	৬৷০—৬৷৵
[illegible] ঐ	৬৲—৬৵০
[illegible] ঐ	৫৷৵০—৫৷৷০
[illegible]	৬৲—৬৵০
[illegible] (ব)	৫৷৷০—৫৷৵০
[illegible] নং (২	৫৴০—৫৷৴০
[illegible] (এ)	৫৲—৫৷০
[illegible] (বে)	৪৷৷০—৪৷৵০
[illegible] নং (৩)	২৷০—২৷৵০
[illegible]	১৷৵০—১৷৷০
[illegible]	১৷৵০—১৷৵০

গুড়ের দর

[illegible]	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৫০৲
[illegible]	৪৫৲
[illegible]	৬৩৷০

[illegible]	৬৬৲
[illegible]	৩৬৲
[illegible]	৩১৷৷০
২৬ গেজ—	১৭৷৷০
প্যাঃ মটকা ২৪—৩০ গেজ	১০৲

লোহা ও হার্ডওয়ার

[illegible]—	৮৪ প্রতি হন্দর
লোহার [illegible] দরেই পাওয়া যায়	
মার্কা	৮৷৷৵০—৯৷০
ঐ বে মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা [illegible] দরেই [illegible]	৯৷৵
ঐ ইংলিশ দরেই ([illegible])	৯৲—১০৲
[illegible] (টি আয়রণ)	৮৷৷০—৯৲
[illegible] আয়রণ (কোনা)	৮৷০—৯৷৷৵০
টাটা প্যাঃ করগেট সিট।	
২৪ গেজ—	১৪৲
২৬ গেজ—	১৬৷৷০
২৮ গেজ—	১৮৲
টাটা প্যাঃ প্লেন সীট	১৯৵০
২৪ গেজ—	১৪৷৵০
২৬ গেজ—	১৬৷৴০
২৮ গেজ—	
ইংলিশ প্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৫৲
সীস	১৵৫—৷৷৵০
[illegible] কাঁটা তার ([illegible])	১০৷০
[illegible] বা [illegible] কাঁটা মণ	৩৷০—৩৷৷০
[illegible] ৩—৯ ফুট লম্বা	
	৬৷০— ৭৲ হন্দর
গোল রড [illegible] লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন [illegible]	৮৷৷০—৯৷০
গোল রড [illegible]	
[illegible]	৮৷৷০—১০৷০
[illegible] ২৫০	নতুন ২৩৷০
[illegible] ৫৵০, [illegible]	৩৷০
[illegible] ৪৷০	

গুড়ের দর

কলিকাতা ২৮শে জুন,

[illegible]	৫৪৲
[illegible]	৪০৲
[illegible]	৩৪৲
[illegible]	৫৪৲
ঐ [illegible]	৫১৲

বেনেতি মশলা

কলিকাতা, ২৮শে জুন,

	প্রতি মণ
[illegible]	৮৷০
সুপারী [illegible]	১৬৷০—১৭৲
কাটা সুপারী	
[illegible]	১৫৷০—১৭৷০
[illegible] পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার [illegible]

এণ্ড সন্স্ লিঃ

[illegible] ঘাট [illegible]

কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

——|:০:|——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

[illegible] —[illegible] : বিদ্যালয় ও বোর্ডিং এর [illegible]। [illegible] ও [illegible]। বিদেশী ছাত্রগণের জন্য [illegible] সুন্দর [illegible] ব্যবস্থা হইয়াছে খোরাক ও [illegible] মাসে মাত্র ৭৲ টাকা খরচ। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা [illegible] নম্বর রাখিতে পারিবে, [illegible] শ্রেণীর [illegible] ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেশরোপ

—— ঃ|০|ঃ ——

[illegible] রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কসের "কেশরোপ" ব্যবহার করিবেন। এমন [illegible] [illegible] আজ পর্য্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, [illegible] জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি আমাশয়, [illegible], [illegible] এবং [illegible] পাণ্ডুরোগ [illegible], "কেশরোপ" [illegible]। ইহা রক্ত পরিষ্কারক এবং শরীর কান্তিযুক্ত করিবার [illegible] একমাত্র টনিক।

সেবন বিধি ঃ—[illegible] পূর্ণ বয়স্কের জন্য ২ ড্রাম বা চা চামচের ২ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর অবধি ১ চামচ জলের সহিত, তাহার কম বয়সে ৩০ ফোঁটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলেদের জন্য ৫ হইতে ১৫ ফোঁটা জলের সহিত বিধি। জ্বর অবস্থায় [illegible], বার্লি, [illegible] পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা ৸০ বড় প্রতি [illegible] ১৬ মাত্রা মূল্য ১।০ আনা।

দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কস্,

শম্ভুনগর, কৃষ্ণনগর সিটি, (বেঙ্গল)

৮২-২৪১নং গলি পোঃ আঃ টাবওয়ে, রেঙ্গুন।

সর্ব্বত্র বড় বড় দোকানে পাওয়া যায়।

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

[illegible] জীর্ণ [illegible] একমাত্র [illegible] [illegible]। [illegible] এবং [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার [illegible] কিনা। [illegible] ছোট বোতল ৸০ আনা, বড় বোতল ১৷০ আনা। [illegible]।

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

——:: ০ ::——

প্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অত্যুজ্জ্বল জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্য্যের অনুজ্ঞায় সর্ব্বজনসাহিত্যিক সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র দশ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

——:(০):——

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিপংক্তি প্রতি লাইনে ।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চ ২৲	১৷০	১৷০	১৲
সিকিকলম ৫৲	৪৲	৩৲	২৲
" অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

পাক্ষিকে প্রতি ইঞ্চি ৬৲	৪৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৪৲	২০৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১

প্রতি সংখ্যা ৫ পয়সা, বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহোদয় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল তত্ত্বভূষণ ভাগবতাঙ্কিত সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্ এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া জগৎবাসী ধন্য এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভু প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখণ্ড প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয়মঠ, রায়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ, ১৬এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

[illegible]

ছাপা হইতেছে।

শুদ্ধ প্রেমভক্তসমাজের ইহা একটী অমূল্য রত্ন ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত

যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি অতি সুন্দরভাবে ইহাতে সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্ম্মনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১৪।৭নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

প্রেস: শ্রীমায়াপুর
শ্রীধাম—শ্রীমায়াপুর

শ্রীশ্রীগৌরকিশোর...
ও বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক
নদীয়াপ্রকাশ
THE NADIA-PRAKASH

REG NO C 844

ও বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিক্ষিত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাধ্যক্ষ
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্বশ্রেষ্ঠ পারমার্থিক-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ বর্ষ] শ্রীমায়াপুর—২৭শে পৌষ, ১৩৪৪, ১১ই জানুয়ারী, ১৯৩৮, মঙ্গলবার [সংখ্যা ২৬০]

বিবিধ সংবাদ

——(০)——

কলিকাতায় বিজ্ঞান সম্মেলন

গত শুক্রবার ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের তিনটী শাখার অধিবেশন হয়।

অধ্যাপক পি, মাইতি প্রাণিতত্ত্ব শাখায় সভাপতিত্ব করেন।

রসায়ন শাখায় সভাপতিত্ব করেন অধ্যাপক এস, এস, ভাটনগর।

পশুরোগ-চিকিৎসা শাখায় সভাপতিত্ব করেন কর্ণেল স্যার আর্থার ওলসার।

প্রত্যেকটী শুক্রবার নানা বৈজ্ঞানিক বিষয়ে গবেষণামূলক প্রবন্ধও পাঠ হয়।

———

বিশিষ্ট বৈজ্ঞানিকদিগকে সম্মানদান

গত শুক্রবার সন্ধ্যায় সাউথ্যাম্প্টনে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন উৎসবে ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের রজত জয়ন্তীর সভাপতি স্যার জেমস্ জিন্স ও অপর ৮জন বিদেশাগত প্রতিনিধি এবং বিশ্ববিদ্যালয়ের ঠাকুর ল প্রফেসার স্যার উইলিয়ম হোল্ডস্ ওয়ার্থকে "ডক্টর অব ল" উপাধিতে ভূষিত করা হয়।

সমাবর্তন উৎসব উদ্বোধন করিয়া বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলার গভর্ণর লাটসাহেব বলেন যে, বিশ্ববিখ্যাত পণ্ডিতদিগকে সম্মান প্রদর্শন করিয়া তাঁহারা নিজদিগকে সম্মানিত করিতেছেন। লাটসাহেব আশা করেন যে, প্রতিনিধিগণের এই প্রথম কলিকাতা পরিদর্শন তাঁহাদিগকে আর একবার এদেশ আসিতে উৎসাহিত করিবে।

নিম্নলিখিত বিদেশীদিগকে "ডক্টর অব ল" উপাধি দান করা হইয়াছে—(১) স্যার জেমস্ জিন্স, (২) প্রফেসার ফ্রান্সিস উইলিয়ম এস্টন, (৩) প্রফেসার আর্নেষ্ট বার্কার, (৪) স্যার আর্থার ষ্ট্যানলী এডিংটন, (৫) প্রফেসার আর্থার হেনরী রেজিনাল্ড বুলার, (৬) প্রফেসার ফ্রেডারিক আলেকজাণ্ডার লিণ্ডেমান, (৭) স্যার উইলিয়ম আর্ল হোল্ডসওয়ার্থ, (৮) প্রফেসার চার্লস্ গুস্টাভ ইয়ং, (৯) প্রফেসার চার্লস অ্যাথুরেল বারাস, (১০) প্রফেসার-আলফ্রেড ট্রাব।

———

বঙ্গসাহিত্য সম্মেলন
কৃষ্ণনগর অধিবেশন

আগামী বঙ্গসাহিত্য সম্মেলনের কৃষ্ণনগর যে অধিবেশন হইবে তাহাতে নিম্নলিখিত ভদ্রমহোদয়গণ মূল ও শাখা-সভাপতি নির্বাচিত হইয়াছেন :—

মূলসভাপতি—শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

সভাপতি—

সাহিত্যশাখা—শ্রীযুক্ত অতুলচন্দ্র গুপ্ত
কাব্যশাখা—শ্রীযুক্ত সজনীকান্ত দাস
কথাসাহিত্যশাখা—শ্রীযুক্তা হেমলতা দেবী
সংবাদিকসাহিত্য—শ্রীযুক্তা সত্যবালা মজুমদার
গল্প-গীত ও কীর্ত্তন-শাখা—শ্রীযুক্তা অপর্ণা দেবী
দর্শনশাখা—শ্রীযুক্ত হরিদাস ভট্টাচার্য্য
বিজ্ঞানশাখা—ডাঃ সুকুমার বোস
ইতিহাসশাখা—শ্রীযুক্ত নলিনীকান্ত ভট্টশালী
চারুকলাশাখা—শ্রীযুক্ত নন্দলাল বসু
সঙ্গীতশাখা—সঙ্গীতাচার্য্য শ্রীযুক্ত গোপেশ্বর বন্দ্যোপাধ্যায়।

———

সাহিত্য সম্মেলন সম্পর্কে বিজ্ঞাপন

আগামী মাঘ মাসে নদীয়া জেলার কৃষ্ণনগরে বঙ্গীয় সাহিত্য সম্মেলনের অধিবেশন উপলক্ষে একটী সাহিত্য, শিল্প ও ললিতকলার প্রদর্শনীর আয়োজন হইবে বলিয়া স্থিরীকৃত হইয়াছে। সাহিত্য ও ললিত কলার সম্বন্ধে নদীয়াবাসীর দান সামান্য নহে, আমাদের ভরসা যে, সমগ্র নদীয়াবাসীর সহযোগিতায় এবং সমস্তার বিক্ষিপ্ত দ্রষ্টব্য বস্তু আহরণ করিতে পারিলে প্রস্তাবিত প্রদর্শনী বিশেষ সমৃদ্ধ হইবে। এতৎ সম্পর্কে সংরক্ষণযোগ্য বস্তু কোথায় কি আছে তাহা আমরা সম্যক্ অবগত নহি। এ কারণ নদীয়াবাসীর নিকট আমাদের সাগ্রহ অনুরোধ তাঁহারা যেন প্রবীণ সাহিত্যিক শিল্পিগণের দান বা কোন প্রকার স্মারক চিহ্ন যথা—পুঁথি, পুস্তক, লেখনী, চিত্র, যন্ত্র প্রভৃতি বস্তুর পরিচয় ও সন্ধান অবিলম্বে আমাদের নিকট প্রেরণ করেন; তদনুসারে অভ্যর্থনা সমিতি ঐ সমুদয় দ্রব্য সংগ্রহ করিয়া আনিয়া প্রদর্শনী অন্তে যথাস্থানে সযত্নে পুনঃ প্রেরণের ব্যবস্থা করিবেন।

—শ্রীনকুলাল ভট্টাচার্য্য
সম্পাদক অভ্যর্থনা সমিতি।

———

চীন-সংগ্রামের ব্যয়ভার

প্রকাশ যে, জাপান এ যাবৎ ঋণ গ্রহণ করিয়া চীন-যুদ্ধের ব্যয় নির্বাহ করিয়া আসিতেছিল, কিন্তু এক্ষণে চীন যুদ্ধের ব্যয়-নির্বাহার্থ কর বৃদ্ধির পরিকল্পনা করা হইতেছে। গবর্ণমেণ্ট কর বৃদ্ধির জন্য নিম্নলিখিতরূপ পরিকল্পনা করিয়াছেন :—(১) আয়কর শতকরা ২০ ভাগ বৃদ্ধি করা হইবে, (২) বৎসরে ১০ টাকা পর্য্যন্ত চিনি বা পণ্য শুল্ক প্রাপ্ত হইয়াছে, তৎপরিবর্ত্তে ৩০ টাকা পণ্যের উপর বিশেষ বাণিজ্য শুল্ক ধার্য্য করা হইবে, (৩) আবগারী শুল্ক বৃদ্ধি করা হইবে, (৪) অতিরিক্ত লাভের উপরও কর ধার্য্য করা হইবে, (৫) মাল চালানের উপর যে কর ছিল তাহা পুনরায় ধার্য্য করা হইবে; (৬) নবনির্ম্মিত বাস ভবনের উপর একটী নূতন কর ধার্য্য করা হইবে।

———

ব্রিটীশ সৈন্যাধ্যক্ষের সতর্কবাণী

সাংহাইস্থিত ব্রিটীশ সৈন্যাধ্যক্ষ জেনারেল টেলফার-স্মোলেট জাপ যুদ্ধের সামরিক উপদেষ্টা জেনারেল হারাদার সহিত সাক্ষাৎ করিয়া জাপ সৈন্যগণ কর্ত্তৃক ব্রিটীশ এলাকার সীমান্ত অতিক্রম করায় তীব্র প্রতিবাদ করেন এবং এই বলিয়া সতর্ক করিয়া দেন যে, এইরূপ ঘটনার পুনরাবৃত্তি ঘটিলে তাহার পরিণামফল গুরুতর হইবার সম্ভাবনা রহিয়াছে। সাংহাই-এর ব্রিটীশ এলাকায় জাপ সৈন্যগণ কর্ত্তৃক দুইজন ব্রিটীশ পুলিশ কর্ম্মচারী গুরুতররূপে প্রহৃত হওয়ায় যে পরিস্থিতির উদ্ভব হইয়াছে তৎসম্পর্কে প্রতিবাদ জ্ঞাপনের জন্য ব্রিটীশ সৈন্যাধ্যক্ষ জেনারেল হারাদার সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন।

———

জাপানী সৈন্যদের হস্তে বৃটীশ পুলিশ কর্ম্মচারী লাঞ্ছিত

আমেরিকা এক এলাকায় দুইজন বৃটীশ পুলিশ কর্ম্মচারী—সার্জেণ্ট এ আর টার্ণার ও ইন্সপেক্টর এফ, জি, হেটে জাপানী সৈন্যগণ কর্ত্তৃক গুরুতরভাবে প্রহৃত হইয়াছে। জাপানীরা চীনাদের উপর বলপ্রয়োগ ব্যবহার করায় সার্জেণ্ট টার্ণার তাহার প্রতিবাদ করিলে এই কাণ্ড ঘটে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র
প্রথম স্কন্ধে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ — ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (স্বর্ণ দাঁ) ৬৲
৩। ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (বাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৵০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। ভাজন-আলবর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-সম্পত্তা ।৵০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) (অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। দুর্জ্জয়াত্মিকা গুণগৌরবঃ (সানুবাদ) ২৲
২৮। দেশাত্মবোধ (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /০
। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্চ্চনকণ /০
৪৭। সদাচারস্মৃতিঃ /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ /১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ নির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণনামের ৵০
৫৯। শিক্ষাদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিবিধঃ ।০
৬৩। সটীক শিক্ষাষ্টকম্ ।০
৬৪। ভক্তস্তবম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ /০
৬৭। সারাৎসারবর্ষিণ্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ভিউ অফ দি ভার্সন অব বেদান্ত ।০
৭০। নামভজন /০
৭১। বেদান্ত—ইট্স্ মরফলজী অ্যাণ্ড অণ্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্স ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভল্যুম ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—
১। শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
২। শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরিব্রাজক গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ. সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—চিকিৎসার একমাত্র পারমার্থিক পাক্ষিক। মেদিনীপুর শ্রীশ্যামানন্দ গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ।১০।

৪। পরমার্থী—ত্রিদণ্ডি স্বামী রঘুনাথ এতাপাৎ সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

———:০:———

নিঃসংশয় শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এইগ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-ধর্ম্মের প্রামাণ্য রয়েল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
উহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৬৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ



১ম খণ্ড { ২৭ নারায়ণ, গৌরাব্দ ৪৫১ ২৭শে পৌষ বঙ্গাব্দ ১৩৪৪ ১১ই জানুয়ারী ইং ১৯৩৮ মঙ্গলবার ১০০তম সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

— ::(০):: —

ফরিদপুরে

শ্রীগৌড়ীয় মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ ফরিদপুর জেলান্তর্গত গোপালগঞ্জ বন্দরে কয়েকজন ব্রহ্মচারী সহ হরিকথা প্রচারার্থে ১০।১।৩৭ তারিখে শ্রীধাম মায়াপুর হইতে যাত্রা করেন। তথায় শ্রীগৌড়ীয়মঠাশ্রিত শ্রীযুক্ত বাবু গোপীনাথ পোদ্দার মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার গৃহে তিন দিবস কাল অবস্থান করিয়া ভাগবত-ধর্ম্মের কথা কীর্ত্তন করেন। প্রথম দিবস স্বামীজী মহারাজ "অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্ গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ" শ্লোক আলোচনা-মুখে জীবের সেবোন্মুখী ও ভোগোন্মুখী বৃত্তিদ্বয়ের কথা কীর্ত্তন করেন। যখন জীব ভোগে বা মুক্তি বাঞ্ছা পরিচালিত হইয়া আমি ভোক্তা অভিমান করি তখন আমরা জীব স্বরূপ হইতে বিচ্যুত হই এবং ক্রমে জগৎসেবকের চিন্তা আমাদিগকে বিস্তার করে। অধোক্ষজ ভগবানের নাম নামী হইতে অভিন্ন, সুতরাং তিনি আমাদের স্থূল ইন্দ্রিয়ের গ্রাহ্য নহেন। মনুষ্যজীবনের একমাত্র কর্ত্তব্য ভগবৎসেবা করা। যেখানে ভগবান কীর্ত্তনের বাণী অবাধে উচ্চারিত সেখানে সত্য সত্য হরিকথা কীর্ত্তন হয় না। সর্ব্ব প্রাণীর একমাত্র আশ্রয় ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্রের উদ্দেশে শুদ্ধভক্তিদ্বারাই হরিকথার একমাত্র উদ্দেশ্য। তাহা শ্রবণে আমাদের পরম মঙ্গল সাধিত হয়। দ্বিতীয় দিবসে "মদ্বৃত্তিঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ" "কৃষ্ণ ভজিবার তরে সংসারেতে আইনু", "সেই নাম সেই কৃষ্ণ", বৈষ্ণব ধর্ম্মের মর্য্যাদা ও সদ্‌বিচারের কথা এবং শ্রীবিষ্ণুপ্রিয় শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজ ও শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর চরিত্র ও আলোচনা করেন। দ্বিতীয় ও তৃতীয় দিবস স্বামীজী শ্রীচৈতন্যচরিতামৃত হইতে 'সনাতন-শিক্ষা' পাঠ করেন। পাঠের আদি ও অন্তে মহাজন পদাবলী কীর্ত্তন হয়। পাঠে বহু সম্ভ্রান্ত লোক উপস্থিত ছিলেন।

গোয়ালপাড়ায়

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম সেবক শ্রীপাদ হরিকিশোর ব্রহ্মচারী প্রভু শ্রীযুক্ত নবগোপাল ব্রহ্মচারী প্রমুখ গৌরভক্তগণের প্রচার করিতে গত ৬ঠা পৌষ গোয়ালপাড়া গ্রামে উপস্থিত হন। তথায় শ্রীযুক্ত কৃষ্ণ চন্দ্র দাস মহাশয়ের ভবনে হরিকথা কীর্ত্তন করেন।

গত ৬ই পৌষ মঙ্গলবার সন্ধ্যায় এতদ্‌বাসীগণ উক্ত গ্রামের শ্রীযুক্ত কটিচন্দ্র দাস মহাশয়ের গৃহে শ্রীমদ্ভাগবতের একাদশ স্কন্ধ হইতে নবযোগেন্দ্র-সংবাদ পাঠ ও ব্যাখ্যা করেন। বহু বিশিষ্ট ব্যক্তি তাঁহার পাঠ ও ব্যাখ্যা শ্রবণ করা তথায় উপস্থিত হইয়াছিলেন। নিম্নে তাঁহাদের মধ্যে কতিপয় ব্যক্তির নাম প্রদত্ত হইল:—

শ্রীজনার্দ্দনচরণ দাস (এম্, বি, স্কুলের হেড্‌পণ্ডিত), শ্রীদীননাথ দাস, শ্রীউপেন্দ্র নাথ দাস (সেকেণ্ড পণ্ডিত), শ্রীকটিচন্দ্র দাস, শ্রীমনমোহন দাস (মহাজন), শ্রীকালাচাঁদ দাস, শ্রীদেবেন্দ্রনারায়ণ দাস, শ্রীনলিনচন্দ্র দাস, শ্রীযুত কমলাকান্ত দাসাধিকারী, শ্রীহরিনাথ দাস প্রভৃতি।

গত ৯ই পৌষ শুক্রবার মধ্যাহ্নে শ্রীজগন্নাথ-গৌড়ীয়মঠসেবক শ্রীনবগোপাল ব্রহ্মচারীজী গোয়ালপাড়া হইতে বড়্‌ঘাটী গ্রামে আসিয়া শ্রীযুক্ত ব্রজনাথ দাস মহাশয়ের বাটীতে সন্ধ্যা ৫ ঘটিকা হইতে রাত্রি ৮ ঘটিকা পর্য্যন্ত শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীমহাপ্রভু, সার্ব্বভৌম ও প্রতাপ রুদ্রের উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠ শ্রবণের জন্য বহু ভদ্রলোক ও ভদ্রমহিলা তথায় উপস্থিত হইয়াছিলেন। সন্ধ্যায় মহাজনগণের আগ্রহে তিনি আবার কতিপয় স্থানে পাঠ ও কীর্ত্তন করেন। শ্রোতৃবৃন্দ সকলেই তাঁহার পাঠ শ্রবণ করিয়া অত্যন্ত আনন্দ প্রকাশ করিয়াছেন।

— —

কুষ্টিয়াতে

শ্রীচৈতন্যমঠের অন্যতম সেবক শ্রীপাদ অদ্বয়ানন্দ সেবাধিকারী ভক্তিশাস্ত্রী মহোদয় নদীয়া জেলার কুষ্টিয়া মহকুমার অন্তর্গত সর্ব্বসাধারণ কর্ত্তৃক আহূত হইয়া তথাকার উকিল লাইব্রেরীতে ও আশ্রমপল্লীতে গত ২২শে ডিসেম্বর বুধবার অপরাহ্ণ ৩ ঘটিকায় "মনুষ্যজীবনের কর্ত্তব্য" বিষয়ে একটি বক্তৃতা প্রদান করেন। স্থানীয় উক্ত সংবাদ পত্রের সহকারী সম্পাদক শ্রীযুত ললিতমোহন ঘোষ বিশেষ সহযোগিতার সহিত আসন গ্রহণ করিয়াছিলেন। সভায় ও উকিল সমিতিতে কুষ্টিয়ার বহু সম্ভ্রান্ত ব্যক্তি উপস্থিত ছিলেন। সকলেই বক্তৃতা শ্রবণ করিয়া আনন্দ প্রকাশ করেন।

শ্রীযুক্ত ব্রজেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, এম্-এ, বি-এল্, (এডভোকেট, হাইকোর্ট); শ্রীযুক্ত মন্মথমোহন বাগ্‌চী (ম্যানেজিং ডিরেক্টর, কুষ্টিয়া ব্যাঙ্ক); শ্রীযুক্ত কিশোরীমোহন মজুমদার (রিটায়ার্ড গভর্ণমেণ্ট প্লীডার); শ্রীযুক্ত উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় বি-এ (এডিটার, কুষ্টিয়া হিতৈষী); শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ চৌধুরী (জমিদার); শ্রীযুক্ত বিশ্বনাথ বিশ্বাস (মেদিনীপুর জমিদারী কোম্পানীর নায়েব); শ্রীযুক্ত মাধবচন্দ্র মুখার্জ্জি এম্, এ, বি, এল্; শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ চৌধুরী (জমিদার); শ্রীযুক্ত অবিনাশ চন্দ্র মজুমদার, উকিল; শ্রীযুক্ত রমেশচন্দ্র রায়, উকিল; শ্রীযুক্ত কুমুদনাথ চক্রবর্ত্তী (হেডমাষ্টার, কুষ্টিয়া হাইস্কুল); শ্রীযুক্ত বনমালী ভট্টাচার্য্য (হেডপণ্ডিত, কুষ্টিয়া হাইস্কুল); শ্রীযুক্ত কালীপদ মজুমদার, উকিল; ডাঃ নলিনীকান্ত মুখার্জ্জি এম্, বি; শ্রীযুক্ত ... চৌধুরী (জমিদার); শ্রীযুক্ত ... চৌধুরী (জমিদার); শ্রীযুক্ত শচীন্দ্রনাথ ব্যানার্জ্জি; শ্রীযুক্ত ... মুখার্জ্জি; শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ঘোষ প্রভৃতি।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী
গোস্বামি-ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২৫ নারায়ণ, ৪৫১ গৌরাব্দ

সাধুর দুঃখ কিরূপ ?

এ জগতে সুখ দুঃখভেদে দুই শ্রেণীর লোক দেখা যায়। যাঁহারা ভগবানের সেবা করেন না, যাঁহারা আত্মধর্মে প্রতিষ্ঠিত নহেন, মনোধর্মই যাঁহাদের সর্ব্বস্ব, সেই ইন্দ্রিয়তর্পণপর পণ্ডিত, ধনী, ব্রাহ্মণ, রাজা, প্রজা সকলেই অসাধু বা অবৈষ্ণব। আর যাঁহার ভগবানে ভক্তি আছে, প্রাকৃত ভোগসুখই যাঁহার লক্ষ্য ও উদ্দেশ্য, ভগবান্‌ যিনি নিত্যানন্দ চান না, পরন্তু প্রভুসেবাতেই যাঁহার আনন্দ, তিনি মূর্খই হউন, বা পণ্ডিতই হউন, বা মূর্খই হউন, দুর্ব্বল হউন বা বলবানই হউন—তিনিই সাধু—তিনিই বৈষ্ণব। এই বৈষ্ণবগণ সমস্ত জিনিষকে ভগবৎসেবায় নিযুক্ত করেন। তাঁহারা কোনও জিনিষ নিজের জন্য গ্রহণ বা ত্যাগ করেন না। ভগবানের জন্যই তাঁহাদের সর্ব্বপ্রকার গ্রহণ বা তৎপ্রতিকূল বিষয় ত্যাগের প্রয়াস। এই বৈষ্ণবকে সাধারণ মানব মনে করা উচিত নয়। বৈষ্ণব আমাদের গুরু। এই নিষ্কপট নিঃস্বার্থ বৈষ্ণবে গুরুজ্ঞান না হইলে তাঁহার ছিদ্রানুসন্ধান করিবার প্রবৃত্তি ও আমাদের হৃদয়ে স্থান পাইবে। এই বৈষ্ণব কখনও কপটতা করেন না। তিনি কোনও জীবকে কখনও ভোগ বা ত্যাগপথে লইয়া যান না। কারণ ইন্দ্রিয়তর্পণের প্রশ্রয় তিনি দেন না। লোকের মনরক্ষা করিতে গিয়া তিনি কৃষ্ণসেবা ছাড়িয়া দেন না। সমস্ত কপটতাই ভগবান্‌কে দেন। তিনি নিজে কপটতা সাজেন না। এই সাধু সেবা বস্তু। সুতরাং এই সেবাবস্তুর উপর জুয়াচুরি বা বাহাদুরী করিতে যাওয়া উচিত নহে। হইলে তাঁহার কৃপা হইতে বঞ্চিত হইব। সাধুগণের আনুগত্য ব্যতীত আমাদের আর কোন কথা নাই। যাঁহারা ভগবানের সেবা করেন তাঁহাদের সেবা করিলেই আমাদের সব সুবিধা হইয়া যাইবে। এই সাধুর সন্মান করিতে হইবে। সাধুর সেবা বাদ দিলে কাহারও সুবিধা হইবে না।

আমরা যেন, কোন দিন স্বপ্নেও চিন্তা না করি যে, সাধু আমার চেয়ে কম বুঝেন, তাহা হইলে আমাদের সর্ব্বনাশ হইবে। সাধু অন্য কিছু বুঝুন আর নাই বুঝুন, যতই অজ্ঞতার ভাণ করুন তিনি কিন্তু ভগবানের সেবা-কাজটা বেশ ভাল বোঝেন। ব্যক্তিগতভাবিত্ব তাঁহার বাহ্য নিপুণতা দেখা না গেলেও ভক্তিসিদ্ধান্তে তাঁহার পাণ্ডিত্যের অভাব নাই। এ সকল কথা কেবল মুখে আওড়াইলে চলিবে না, অন্তরে অন্তরে উপলব্ধি করিতে হইবে। তাহা হইলেই আমাদের প্রকৃত সাধুসঙ্গ হইবে। নতুবা আমরা সঙ্গের অভিনয় করিয়াও যে তিমিরে সেই তিমিরেই থাকিব। তাঁহারা অন্তর্যামী। তাঁহারা আমার মনের সব কথাই জানেন। উঁহাদিগকে ফাঁকি দিতে গিয়া বাহিরে সেবা বা আনুগত্যের ভাণ দেখাইলে আমরাই ফাঁকে পড়িব। তাঁহাদের নিকট কোন চালাকিই চলিবে না। খোলাখুলি সরল হইতে হইবে। তাঁহারা সবই জানেন, সবই বুঝেন, অথচ বলেন না,—পাছে আমরা তাঁহাদের কথা এক বুঝিতে আর এক বুঝিয়া বিপথগামী হই এই আশঙ্কায়।

আমরা অনেক সময় মনে করি, সাধুরা আমাদেরই ন্যায় দুঃখ ভোগ করেন, কিন্তু কথা তা নয়। তাঁহারা সর্ব্বক্ষণই সেবানন্দে বিভোর থাকেন। তবে শরীর-যাত্রা নির্ব্বাহ করিতে করিতে অবৈষ্ণবদিগের ন্যায় বৈষ্ণবেরও যে শারীরিক ও মানসিক ব্যবহার দুঃখ দেখিতে পাওয়া যায় সে সকল ব্যবহার দুঃখ বাস্তবিক দুঃখ নয়। তাহা বৈকুণ্ঠবাসীর ন্যায় দুঃখের ন্যায় অস্থায়ী এবং সুখবৎ কাটিয়া যায়। এইজন্য শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর লিখিয়াছেন—

যত দেখ বৈষ্ণবের ব্যবহার-দুঃখ।
নিশ্চয় জানিহ সেই পরানন্দ-সুখ ॥
বিষয় মদান্ধ সব কিছুই না জানে।
বিদ্যামদে ধনমদে বৈষ্ণব না চিনে

সেবোন্মুখবিশিষ্ট অবৈষ্ণবের এই নশ্বর দেহই সর্ব্বস্ব। তাহারা স্ব-স্ব কর্ম্মফলানুসারে বিবিধ দুঃখ ভোগ করিয়া থাকে। এই কষ্ট নিবারণের জন্য বহুবিধ চেষ্টা করিয়াও তাহারা কষ্টের হস্ত হইতে নিষ্কৃতি পায় না। তাহাতে তাহাদের জীবন যন্ত্রণার ন্যায় কোন উপায়ে অতিবাহিত হয় মাত্র। কিন্তু ভক্তগণ ঐহিক জীবনকে কেবল ক্ষণিক পান্থজীবন মনে করেন বলিয়া শুদ্ধ চিন্ময় সুখের প্রভাবে তাঁহাদের জীবনের ক্ষণিক ব্যবহারিক দুঃখ সকল অতীব অনাদরের সহিত অতিবাহিত হয়। সেদিকে তাঁহাদের আদৌ ভ্রূক্ষেপ থাকে না। সেবানন্দের নিকট এই ক্ষণিক দুঃখ কিছুই নয়; তাঁহারা এই দুঃখাদিকে ভগবানের কৃপা বলিয়া বরণ করেন। তাঁহারা জানেন, সেবানিষ্ঠা পরীক্ষার জন্য ভগবদিচ্ছাতেই নানা আপদ বিপদ, বাধা-বিঘ্ন, সুখ-দুঃখাদি উপস্থিত হইয়াছে। এই অনর্থ বা দুঃখাদিকে অর্থ বা সুখের প্রাগবস্থা জানিয়া তাঁহারা ভগবানের পাদপদ্ম স্মরণ করিতে করিতে সানন্দে সেগুলিকে অতিক্রম করেন। তাই ভক্তগণ মহাজনানুগত্যে গাহিয়া থাকেন—

তোমার সেবায় দুঃখ হয় যত
সেও ত পরম সুখ।
সেবা-সুখ দুঃখ পরম সম্পদ
নাশয়ে অবিদ্যা-দুঃখ
পূর্ব্ব ইতিহাস ভুলিনু সকলে
সেবা-সুখ পেয়ে মনে।
আমি ত' তোমার তুমি ত' আমার
কি কাজ অপর ধনে ॥

সেবার জন্য দুঃখাদি বরণ প্রথমমুখে কষ্টপ্রদ হইলেও তাহা অনন্তদুঃখনাশক বলিয়া ভক্তের নিকট আনন্দপ্রদই হইয়া থাকে। যে দুঃখের ফল মহানন্দ, তাহা কি দুঃখ? না সুখেরই অগ্রদূত? সুতরাং ভক্তের ব্যবহারিক দুঃখ যে দুঃখের মধ্যে গণ্যই নয় পরন্তু পরমসুখজনক, তাহাতে আর সন্দেহ কি?

ভক্তের ধন, জন, পাণ্ডিত্যের অভাব অনেক সময় দেখা যায়। সেসকল দেখিয়া আমরা মনে করি যে তাঁহারাও বুঝি আমাদের ন্যায় দুঃখ পান—তাঁহারাও বুঝি আমাদের ন্যায় একজন। কিন্তু বুদ্ধিমান জনগণ এরূপ বিচারের সমর্থন করেন না। বহু লোকসংগ্রহ করিতে পারিলেই যে, তিনি অধিক বৈষ্ণব হইবেন—এরূপ নহে। শাস্ত্রাদিতে অধিক পাণ্ডিত্য থাকিলেই যে তিনি বিষ্ণুভক্ত হইবেন—এরূপ নহে। শুদ্ধভক্তের অধিক ধনের পরিচয় না থাকিতে পারে, অধিক লোকসংগ্রহের পরিচয় না থাকিতে পারে, অধিক তর্কবিতর্কাত্মক পাণ্ডিত্যের অধিকার না থাকিতে পারে, কিন্তু সেই সকল বিষয়ে তাঁহারা কেন উদাসীন তাহা বুঝিবার অধিকার সাধারণের নাই। ভগবানের সেবাকেই তাঁহারা ধন, জন, পাণ্ডিত্য অপেক্ষা বহুমানন করেন। সুতরাং সেবাবিষয়ে অনভিজ্ঞ আমরা তাঁহাদের গৌরব, মহিমা বা শ্রেষ্ঠতা কিরূপে উপলব্ধি করিব?

মূঢ় আমরা ইন্দ্রিয়তর্পণে ব্যস্ত হইয়া যতক্ষণ সর্ব্বতঃ বৈষ্ণব চিনিতে পারি না। তাই বৈষ্ণবের জাগতিক পাণ্ডিত্য ও জাগতিক ঐশ্বর্য্যের অভাব দেখিয়া আমরা অনেক সময়ে তাঁহাদিগকে উপহাস করিতেও কুণ্ঠিত হই না, এমনি আমাদের দুর্দ্দৈব! প্রকৃত বন্ধুর প্রতিই আমাদের যত শত্রুতা, আর যত আত্মীয়তা আমার সর্ব্বনাশসাধনকারী শত্রুগণের প্রতি।

বৈষ্ণবের সকল সিদ্ধিই করতলগত, কিন্তু তিনি সিদ্ধিসমূহ প্রতি উদাসীন। সেইজন্যই প্রাকৃতবাদী মূঢ় আমরা তাঁহাদের মর্ম্মদর্শন করিতে না পারিয়া তাঁহাদিগকে দুর্গত ও ক্লিষ্ট মনে করি। ভজনপরায়ণ ভক্তের বাহিরে ঐশ্বর্য্যের পরিবর্ত্তে অভাব, স্বাস্থ্যের পরিবর্ত্তে অস্বাস্থ্য, ধনের পরিবর্ত্তে দারিদ্র্য, পাণ্ডিত্যের পরিবর্ত্তে মূর্খতা দেখিয়া কর্ম্মবাদীর ন্যায় বৈষ্ণবও নানাবিধ অভাবপীড়িত এবং ব্যবহারিক কনক-কামিনী প্রতিষ্ঠাশাবিশিষ্ট মনে করিয়া যাঁহারা বৈষ্ণবগণকে দুঃখী মনে করে, তাহারা বঞ্চিত। ঠাকুর হরিদাস যবনকুলোদ্ভূত হওয়ায় কোনদিনই ব্যবহারদুঃখে দুঃখিত ছিলেন না। তিনি সর্ব্বদাই হরিসেবানন্দে ব্যস্ত থাকায় দুঃখতাপপীড়িত জনগণের ন্যায় দুঃখাভিভূত হইবার অবকাশ পান নাই। যাহা আমাদের অক্ষজবিচারে দুঃখ বলিয়া অনুমিত হয় তন্মধ্যে কৃষ্ণের কি অভিপ্রায় আছে তাহা বুঝিতে পারিলে উহা পরমানন্দের কারণ বলিয়া প্রতিভাত হয়। আত্মবিদের আবার অনাত্মপ্রতীতিজনিত দুঃখ আবাহনের সম্ভাবনা কোথায়?

সাধুর দুঃখ-শোক বা অসুস্থতার অভিনয় সম্বন্ধে শুদ্ধবৈষ্ণবগণ যাহা বলিয়াছেন, আমরা তাহাই উদ্ধৃত করিয়া প্রবন্ধের উপসংহার করিতেছি।

"ভগবানের নিজজন নিত্যসিদ্ধ পার্ষদগণের যে অসুস্থতাদির অভিনয় তাহা একদিকে যেমন অত্যন্ত বিমুখ ও অপরাধী ব্যক্তিগণকে বঞ্চনা করিয়া মহাপুরুষগণের বিপ্রলম্ভময় ভজনের আদর্শ প্রকাশ করে, অপরদিকে তেমনি সেবোন্মুখ ব্যক্তিগণকে সেবাসুযোগদান এবং জাগতিক ক্লেশের মধ্যে হরিসেবার উদ্দেশ্যে তীব্রতর চেষ্টা ও উৎসাহ প্রদর্শনের প্রত্যক্ষ আদর্শ প্রচার করিয়া থাকেন। মহাভাগবতগণ যে অসুস্থতাদির প্রদর্শন করেন তাহা কর্ম্মফলবাধ্য বদ্ধজীবগণের কর্ম্মফল-ভোগ বা দেহেতে আবদ্ধ হইয়া ভগবৎসেবা হইতে বিচ্যুতি নহে,—পূর্ণভাবে ভগবদনুশীলন করিয়াও তাঁহারা বিচার করেন,—"আমরা ভগবৎসেবা করিতে পারিলাম না।" কৃষ্ণের পূর্ণতম ইন্দ্রিয়তর্পণের জন্য তাঁহাদের যে এইরূপ উৎকট ও তীব্র লালসা তাহাই ভজনপরাকাষ্ঠা বা বিপ্রলম্ভ।"

"শ্রীমন্মহাপ্রভুর জর-রোগাভিনয়, শ্রীল সনাতন গোস্বামী প্রভুর শ্রীঅঙ্গের কণ্ডুরসা-রোগের অভিনয়, শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর জরাতুর হইবার অভিনয় প্রভৃতিকে যে সকল আধ্যক্ষিক প্রাকৃতের বঞ্চনায় বিমোহিত হইয়া কর্ম্মফলবাধ্য জীবের প্রাক্তন ভোগসদৃশ মনে করে, তাহারা দুর্ভাগা ও

বঞ্চিত। জীব রোগ-শোকের মধ্যে জীবনের অনিত্যতা উপলব্ধি করিয়া যাহাতে ভগবৎ-সেবায় অধিকতর তীব্রভাবে উৎসাহিত ও প্রবৃত্ত হয় তজ্জন্যই মহাপুরুষগণ এইরূপ অভিনয় করিয়া থাকেন। ভগবানের নিজ-জনগণ যদি শীত দুঃখ ও নানা বিপদ্-আপদ্, ক্লেশ-সন্তাপ, রোগ-শোকের মধ্যে অবস্থিত হইবার লীলা দেখাইয়া হরিসেবার জন্য তীব্রচেষ্টা প্রদর্শন না করিতেন তাহা হইলে এই ত্রিতাপের কারাগারে পতিত কয়েদী বিমুখ জীবসমূহ কিছুতেই নিজের মঙ্গলের পথে উন্নত হইত না। সুতরাং যাঁহারা মহাপুরুষগণের ক্রিয়ামুদ্রায় মর্ত্যবুদ্ধি করিবেন তাঁহারা নিজেরাই বঞ্চিত হইবেন।”

শ্রীপাদ ভক্তিবান্ধব প্রভুর বক্তৃতা

——::(০)::——

[বিষয়—শ্রীল প্রভুপাদ ও লক্ষ্মীনারায়ণ, সীতারাম, দ্বারকেশ, মথুরেশ ও গোকুলেশ শ্রীকৃষ্ণ।

কাল—২২শে ডিসেম্বর, মঙ্গলবার, পূর্ব্বাহ্ন।

স্থান—শ্রীল প্রভুপাদের বিরহসভা, শ্রীচৈতন্যমঠ।]

লোকে সাধারণতঃ সাংসারিক জগতে উন্নতি করিতে না পারিলে স্কুলের শিক্ষকতা করে। আমিও স্কুলে মাষ্টারি করিতেছি। সুতরাং আপনারা আমার যোগ্যতা বুঝিতে পারিতেছেন। বর্ত্তমান আচার্য্যদেব শ্রীশ্রীল অনন্তবাসুদেব প্রভু যদি আমার প্রতি অহৈতুক কৃপাপরবশ হইয়া আমাকে তাঁহার পাদপদ্মে আকর্ষণ না করিতেন, তাহা হইলে আর শ্রীল প্রভুপাদের পাদপদ্মে উপস্থিত হইবার সৌভাগ্য এবং আপনাদের দর্শন পাইতাম না। প্রভুপাদ ও বর্ত্তমান আচার্য্যদেবের লীলায় দুইটি ধারা দেখিতে পাই। একটি শাস্ত্রলঙ্ঘন ও অপরটি—প্রেমপ্রচারণ। প্রভুপাদের লীলায় যে প্রকার শাস্ত্রলঙ্ঘন ও প্রেমপ্রচারণ ছিল শ্রীল আচার্য্যদেবের লীলায়ও তাহাই দৃষ্ট হয়। প্রভুপাদের সময়ও কতকগুলি লোক তাঁহার প্রচারের বিরুদ্ধ ছিল। বর্ত্তমানেও শ্রীল আচার্য্যদেবের অনুগত কতকগুলি সেবকগণ তাঁহার বিরুদ্ধ হইয়াছে। দেবাসুর-সংগ্রাম চিরকাল চলিয়া আসিতেছে। আচার্য্যদেবের লীলার প্রথম হইতে সেই অসুরগুলির উপদ্রব আরম্ভ হইয়াছে। এক শ্রেণীর লোক দেখাইতে চান তাঁহারাই শ্রীল প্রভুপাদের প্রিয়তম ও সর্ব্বেসর্ব্বা। কিন্তু কোন শিক্ষিত বুদ্ধিমান্ ব্যক্তিই তাহাদের অনুসরণ করে নাই। কোন পণ্ডিত ব্যক্তি বলিয়াছে—“শ্রীল বাসুদেব প্রভুর ‘আচার্য্য’ উপাধি ছিল না। আমি তাঁহাকে ‘আচার্য্য’ উপাধি দিয়াছি। হায় কলির কি প্রভাব! এতগুলি শিক্ষিত বুদ্ধিমান্ ব্যক্তি যাঁহার ব্যক্তিত্বে আকৃষ্ট হইয়াছেন তাঁহার কিনা ‘আচার্য্য’ উপাধির অভাব। আমাদের মধ্যে যাহারা অসুর প্রকৃতির লোক ছিল, তাহারা অনেক খসিয়া পড়িয়া গিয়াছে। তাহাদের এমনি দুর্ভাগ্য যে, শ্রীল প্রভুপাদের প্রথম বিরহ উৎসবে আসিয়া গুরুভক্তসম্মেলনে যোগদান করিতে পারিল না। বাংলা বর্ষারম্ভে আচার্য্য-বিরোধী হইয়াছে, তাহাদের ধারণা—আমি শ্রীচৈতন্যমঠ বা গৌড়ীয়মঠ ধ্বংস করিয়া দিব। তাহারা গৌড়ীয়মঠকে দালান কোঠা এবং আচার্য্যদেবকে মনুষ্যবুদ্ধি করিয়া অপরাধপঙ্কে নিমজ্জিত হইয়াছে। আমরা যে চোখ দিয়া বিশ্ব দর্শন করি সে চোখ দিয়া গুরুবৈষ্ণব ও ভগবদ্দর্শন হয় না। আমাদের angle of vission changed হওয়ার দরকার। আমরা যদি অজ্ঞান প্রবল রাখি, তাহা হইলে টিকিট কিনিয়া বৃন্দাবন যাওয়ার মত হইবে। শ্রীল প্রভুপাদের কথা বুঝিবার ইচ্ছা থাকিলে শ্রীল আচার্য্যদেবের আনুগত্য করিতেই হইবে। অক্ষজজ্ঞানের দ্বারা অতীন্দ্রিয় শ্রীগুরুবৈষ্ণবকে জানা যায় না। নিজের বুদ্ধির দ্বারা শ্রীগুরুদেবের কথা বুঝা যায় না। শ্রীগুরুদেবের বাণী অপ্রাকৃত। আমরা যে প্রকার দোষত্রুটিযুক্ত, শ্রীগুরুদেব সে প্রকার নহেন। যদি সত্যসত্য এরূপ হইত, তাহা হইলে আমার ভজন আরম্ভ হইত। আমার জিহ্বা অসদ্বার্ত্তায় রত বারবধূ অসতী জিহ্বা। সুতরাং সেই জিহ্বায় কি করিয়া প্রভুর নাম কীর্ত্তিত হইবে? সেই জিহ্বা কি করিয়া ভগবানের গুণ কীর্ত্তন করিবে? অসতী স্ত্রীর পক্ষে স্বামীর জন্য কান্না বৃথা মাত্র।

“জিহ্বাসতী দার্দ্দুরিকেব সূত উপগায়তি উরুগায়গাথাঃ”
“বিলে বতোরুক্রমবিক্রমান্ যে
ন শৃণ্বতঃ কর্ণপুটে নরস্য।
জিহ্বাসতী দার্দ্দুরিকেব সূত
ন চোপগায়ত্যুরুগায়গাথাঃ॥”

আমার উপর যে সকল তত্ত্ববিষয় বর্ণনার ভার পড়িয়াছে তাহা ভজনরাজ্যের অতি উন্নত স্তরের কথা। এ সকল আমার মুখে বলা শোভা পায় না। আমি অনধিকারী হইয়াও তাহা বলিতেছি বটে; কিন্তু ইহাতেও আমার অনেক শিক্ষা হইবে। কারণ অপরকে উপদেশ করিতে গেলে নিজে উহা আচরণ করিবার নিমিত্ত সতর্ক থাকিতে হইবে।

একজন বিদ্রোহী আরবকে [illegible] এক দল লোক বিজার্তেতে হাঙ্গামা আরম্ভ করে; সৈন্য ও পুলিশ এইসব হাঙ্গামাকারীদের উপর গুলী চালায়, ফলে পাঁচজন নিহত ও তিনজন আহত হইয়াছে।

সরকারী রেলের আয় বৃদ্ধি

গত ২০শে ডিসেম্বর হইতে পিছন দিকে দশদিনের হিসাব করিয়া দেখা গিয়াছে যে, ঐ কয়দিনে সরকারী রেলওয়েগুলির মোট আয় হইয়াছে ২ কোটি ৬৭ লক্ষ টাকা। ১৯৩৬ সালে ঠিক ঐ সময়ের ঐ কয়দিনে এতদপেক্ষা ১৩ লক্ষ টাকা বেশী আয় হইয়াছিল।

গত ১লা এপ্রিল হইতে ২০শে ডিসেম্বর পর্য্যন্ত সরকারী রেলওয়েসমূহের আয় হইয়াছে মোট ৬৫ কোটি ১৮ লক্ষ টাকা। ইহার পূর্ব্ব বৎসরে এই সময়ে এতদপেক্ষা ৩৫২ লক্ষ টাকা কম আয় হইয়াছিল।

১ বৎসরে ১১৬৩টী নরহত্যা

ব্রহ্মদেশের অপরাধ অনুষ্ঠানের তালিকায় দেখা যায়, গত বৎসর মোট ১১৬৩টি নরহত্যা অনুষ্ঠিত হইয়াছে, পূর্ব্ববৎসর নরহত্যার সংখ্যা ছিল ১০৭৯। ১২৮টি ক্ষেত্রে আগ্নেয়াস্ত্র ব্যবহার করা হইয়াছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র ৪০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। আকর বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৲
আকরসহ শ্রীচৈতন্যচরিতামৃত
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম
১০। গৌড়ীয় কণ্ঠহার
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয় ও রস ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। জৈবধর্ম-আলোচনা ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৸৶০
২১। গৌড়ীয়-কণ্ঠহার ৸৶০
২২। ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) (অবাঁধা) ২৲
২৬। গীতার কেবল বাংলা ভাষা ।০
২৭। মুক্তাফলাঞ্জলি গৌরাঙ্গলীলাঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসূত্রসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীন-দিন-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৸৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্চ্চনকণ ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরহরেকোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ)
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-নিকাষণকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারসংগ্রহবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।
৭০। নামভজন ৴
৭১। বেদান্ত—ইট্‌স্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৸৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভাণ্ডের অন্যান্য পত্র

১। THE HARMONIST—শ্রীরূপাদ শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—উড়িয়া ভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। মেদিনীপুর শ্রীপুরুষোত্তম মঠ হইতে প্রকাশিত. ভিক্ষা সডাক ।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ প্রভুর সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত হিন্দী পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য শিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

নিষ্কপট শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ মহদাশ্রয়
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।



১২শ বর্ষ { ২৮ নারায়ণ গৌরাব্দ ৪৫১ ৩০শে পৌষ বঙ্গাব্দ ১৩৪৪, ১৪ই জানুয়ারী ইং ১৯৩৮, শুক্রবার } ২১৬তম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

—— ::(•):: ——

শ্রীধামে হরিকথা

আকর মঠরাজ শ্রীধামমায়াপুর শ্রীচৈতন্যমঠে প্রত্যহই নিয়মিতভাবে শাস্ত্রগ্রন্থ পাঠ, ব্যাখ্যা, কীর্ত্তন ও হরিকথা আলোচনা হইতেছে। প্রত্যূষে মঙ্গলারাত্রিকান্তে পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী ব্যাকরণ-কাব্য-পুরাণতীর্থ মহোদয় প্রত্যহ শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করিয়া শ্রোতৃবৃন্দের চিত্তাকর্ষণ করিতেছেন। সন্ধ্যারাত্রিকের পর উপদেশক পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী কাব্য-ব্যাকরণতীর্থ মহোদয় শ্রীমন্দিরের নাট্যমন্দিরে সমাগত বহু শ্রোতার নিকট শ্রীমদ্ভাগবত গ্রন্থ পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। এতদ্ব্যতীত মধ্যাহ্নে ও বিভিন্ন সময়ে ইহাদের শ্রীমুখে আত্মমঙ্গলপ্রদ ও নিত্যকল্যাণের সেতুস্বরূপ ভগবৎসেবা-বিষয়ক নানা কথার আলোচনা হইয়া থাকে।

কলিকাতায় শ্রীপাদ সেবা-বিগ্রহ প্রভু

শ্রীধাম-মায়াপুর শ্রীচৈতন্যমঠরক্ষক শ্রীপাদ নরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ প্রভু বিশেষ সেবাকার্য্য ব্যপদেশে গত ১১ই জানুয়ারী মঙ্গলবার পূর্ব্বাহ্নে শ্রীচৈতন্যমঠ হইতে কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠে শুভবিজয় করেন। মায়াপুর চৈতন্যমঠের ম্যানেজার শ্রীপাদ মহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক প্রভুও সেবাবিগ্রহপ্রভুর সঙ্গে কলিকাতায় গিয়াছেন। শীঘ্রই তাঁহাদের পুনরায় শ্রীধামে প্রত্যাবর্ত্তনের কথা আছে।

শ্রীল প্রভুপাদ ও ভক্তিসিদ্ধান্ত

(৫ম পৃষ্ঠার পর)

হইতে শ্রীল গৌরকিশোর প্রভুকে সমস্ত টাকা দিয়া দিলে তিনি তৎক্ষণাৎ সহজিয়াগণের জন্য ঐ টাকা সহজিয়া-সম্প্রদায়ের এক অধিনায়কের নিকট বৃন্দাবনে পাঠাইয়া দিলেন।

শ্রীনিত্যানন্দ প্রভু তাঁহার শ্রীঅঙ্গের অলঙ্কার চুরি করাইবার প্রয়োজন উৎপাদন করিয়া দস্যুরক্ষা করেন। শ্রীবিগ্রহ সাক্ষাৎ সচ্চিদানন্দ বস্তু হইয়াও চোর, দস্যু, কালাপাহাড় প্রভৃতির চিত্তবৃত্তির দ্বারা দর্শকগণের চৌর্য্যকার্য্যের সহায়করূপে তাহাদিগকে বঞ্চনা করিয়া অসমর্থের ন্যায় প্রতিভাত হন। শ্রীল প্রভুপাদের চরিত্রেও দেখিতে পাওয়া গিয়াছে যে, তিনি অনেক অসদ্ব্যক্তিকে নানাপ্রকার পারিতোষিক প্রদান করিয়া বঞ্চনা করিয়াছেন। কিন্তু যখন শ্রীল প্রভুপাদ ভক্তিসিদ্ধান্ত কীর্ত্তন করিতেন, তখন সেই সিদ্ধান্তের মধ্যে কোন বঞ্চনা থাকিত না। একমাত্র ভক্তিসিদ্ধান্তবাণীর কীর্ত্তনকারিরূপেই আমরা শ্রীল প্রভুপাদের নিজস্ব স্বরূপ প্রাপ্ত হই।

এক সময়ে বৃন্দাবনে কুঞ্জকুটীরে যখন শ্রীল প্রভুপাদের পাদপদ্মে শ্রীল আচার্য্যদেব ও শ্রীপাদ সনন্দ প্রভুর এ অযোগ্য পতিতাধম অবস্থান করিবার সৌভাগ্য পাইয়াছিল (বহু দিনের কথা), তখন শ্রীল প্রভুপাদের নিকট একটি সংবাদ আসিল যে শ্রীল প্রভুপাদের শ্রোতাভিমানী জনৈক ব্যক্তি শ্রীধামপাদে নয়ন মনোরঞ্জন-স্থানপ্রদীপ একটি বিশেষ অবৈধ কার্য্য করিয়াছে। তৎপর অকাট্য প্রমাণ পাওয়া সত্ত্বেও তিরস্কারের পরিবর্ত্তে নানা প্রশংসার পুরস্কার তাহার ভাগ্যে ঘটিল। সেই ব্যক্তি তখন মনে করিল—শ্রীল প্রভুপাদ তাহার অবৈধ আচার ধরিতে পারেন নাই, প্রভুপাদ অন্তর্য্যামী নহেন, প্রভুপাদকে ভোগা দিয়া যে-কোন প্রকার কার্য্য করা যায় বলিয়া আত্মগোপন করা যায়! শ্রীল প্রভুপাদ ঐ ব্যক্তির শ্রোতাভিমানীর নিকট তাঁহার একরূপ বৈশিষ্ট্য দিলেন; আবার তাঁহার কঠোর সত্য যে "গোপনেতে অত্যাচার লোকা ধরে চুরি", তাই তাঁহারা একমাত্র সত্যের অনুসন্ধিৎসু, তাঁহাদিগের বাস্তব নিত্যমঙ্গলার্থে ইচ্ছা করিয়া বলিলেন,—"আপনারা যে জন্য আসিয়াছেন, উহারা সেজন্য আমার নিকট আসে নাই—ইহা জানিয়া আপনারা অতএব হরিভজন করুন।"

দম্ভ ও মাৎসর্য্যবশে শ্রীল প্রভুপাদের ভক্তিসিদ্ধান্ত স্বীকার না করিয়া অবৈধ যোষিৎসঙ্গী কৈতবাশ্রিত প্রাকৃতসহজিয়াগণ তাঁহার বা তদীয় শ্রীগৌরসুন্দরের চরণে অপরাধ সঞ্চয় করিয়া বিপথগামী হইয়া পড়ে। "শুদ্ধ স্বভাবে—বাস্তবিকপক্ষে ভগবৎপার্ষদ মহাপুরুষগণের ক্রিয়া-মুদ্রা, তাহাদের কথা, উহা যত প্রৌঢ় প্রজ্ঞা-চক্ষুর দ্বারা সর্ব্বদাই দেখে দর্শন করিলেই তবে তাঁহাদের মহিমা সম্যক উপলব্ধি করা যায়। আবার শ্রীগুরুপাদপদ্মের বা শুদ্ধ বৈষ্ণবগণের বিন্দুমাত্র দোষ থাকিতে পারে না, আচার-প্রচারে অসামঞ্জস্য থাকিতে পারে না, উহাদের আচার,—"বৈষ্ণবঠাকুর অপ্রাকৃত সদা নির্দ্দোষ আনন্দময়। কৃষ্ণনামে প্রীত, জড়ে উদাসীন, জীবেতে দয়ার্দ্র হয়।" —প্রকৃত মহাজন-বাক্যের সত্যতা উপলব্ধি বহু সৌভাগ্যফলে জীবের সংসার ক্ষয়োন্মুখ হইলেই তবে উপলব্ধির বিষয় হয়। মায়াবাদাচার্য্য শঙ্করের বা বুদ্ধের নিজের অসুরমোহন লীলায় যথার্থ যখন কোন দোষ নাই, তখন শ্রীকৃষ্ণসিদ্ধান্তের প্রথম পক্ষে কা কথা। মায়াবাদ আচার্য্যের বা ভগবান্ বুদ্ধের দোষ না থাকিলেও সাধক-গণ, শ্রীমহাপ্রভু ও বৈষ্ণবাচার্য্যগণ মায়াবাদাচার্য্যের ও বুদ্ধদেবের অসুরমোহন-লীলাই নিন্দা করিয়াছেন। শ্রীল প্রভুপাদ স্বয়ং শ্রীমুখে তাঁহার প্রতি তাঁহার শ্রীগুরুদেবের আদেশ আমাদিগকে জানাইয়াছেন,—

"তিনি (আমার গুরুদেব) আমাকে একবার বলিয়াছেন, লোককে ভোগা দিয়া আপনি হরিভজন করুন। আমাদের এরূপ মহান্ গুরুদেবের পাদপদ্মের নিকট বসিবার সৌভাগ্য হইয়াছিল।"

—(শ্রীল প্রভুপাদের বক্তৃতা "এক দিন" দিন- ৩১শে ভাদ্র, ১৩৩৫ বঙ্গাব্দ।)

এই উক্তিসমূহের সহিত সংযোগ না করিলে শ্রীল প্রভুপাদের কথাবলী ও আচার ও প্রচার-কার্য্য অসামঞ্জস্যপূর্ণ এবং একদেশদর্শী বলিয়া মনে হইবে, যাহা মনে করিয়া অনেক বৈষ্ণবগণ অবৈধ যোষিৎসঙ্গ মোহগ্রস্ত ও বিভ্রান্ত হইয়া পড়িয়াছে।

একারণেই বলিতেছিলাম,—শ্রীল প্রভুপাদের নাম, রূপ, গুণ, পরিকরবৈশিষ্ট্য ও লীলা—সকলই ভক্তিসিদ্ধান্তবাণীর মূর্ত্তবিগ্রহ। ভক্তিসিদ্ধান্তকে ছাড়িয়া তাঁহার নাম, রূপ, গুণ, পরিকরবৈশিষ্ট্য ও লীলা—কোনটাই বুঝা যাইবে না।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

বিজ্ঞপ্তি

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২১ নারায়ণ, [illegible]

নিবেদন

পরমারাধ্য পরিব্রাজকাচার্য্য শ্রীশ্রীল আচার্য্যদেব ও মহা ভাগবত পরমহংস শ্রীশ্রীল প্রভুপাদের অযোগ্য ভৃত্যাধম আমরা আজ কৃষ্ণানুশীলনমুখী সজ্জনগণের নিকট আমাদের দুই একটি কথা নিবেদন করিতেছি। শ্রীনদীয়াপ্রকাশ পারমার্থিক প্রবন্ধ শ্রীচৈতন্যবাণীর বাহক বা গোলোকদূত। ইনি কৃপাপূর্ব্বক আমাদের নিকট গৌর ও গৌরজনগণের কীর্ত্তন করত আমাদের কলুষিত চিত্ত সংশোধন করিয়া আমাদিগকে শ্রীগুরু গৌরপাদপদ্মে আকৃষ্ট করেন। ইনি পারমার্থিক স্বতন্ত্র। ইঁহার সৃষ্টি বা আরম্ভ নাই, অবতরণ বা প্রাকট্য আছে মাত্র। শ্রীনদীয়াপ্রকাশ শ্রীগুরুদেবই জগতে ইঁহাকে প্রকাশ করেন। সুতরাং তাঁহারাই যে [illegible] একমাত্র Editor বা সম্পাদক—অপরে নহে, তাহাতে আর কোন সন্দেহ নাই। পরমার্থ বস্তু একমাত্র শ্রীকৃষ্ণ। সেই কৃষ্ণকে Edit বা প্রকাশ করিবার সামর্থ্য কৃষ্ণপ্রেষ্ঠ শ্রীগুরুপাদপদ্ম ব্যতীত অন্য কাহারও নাই। কারণ, কৃষ্ণ শ্রীগুরুদেবেরই সেব্য-বস্তু। সেইজন্যই বলিতেছি, এই পারমার্থিক পত্রিকাটি পরিচালনে সমর্থ—একমাত্র আমাদের শ্রীশ্রীগুরুপাদপদ্ম বা শ্রীশ্রীআচার্য্যপাদ। তাঁহাদের অযোগ্য ভৃত্যানুভৃত্য আমরা তাঁহাদের কৃপাদেশ শিরে ধারণ করিয়া কথঞ্চিৎ আত্মশোধনে প্রয়াস পাই মাত্র। তাঁহাদের কথাবহনার্থ বা বাণীর অযোগ্য বাহক বা পিয়নরূপে সেই সদভিপ্রায়ের অনুপাতে আমাদের শ্রীনদীয়াপ্রকাশ-সেবার অধিকার। কিন্তু সেই স্বরূপ বিস্মৃত হইয়া—ক্রমে ক্রমে তাঁহাদের পদধূলি হইবার আশা হৃদয়ে পোষণ না করিয়া যদি আমরা সেবার নামে—প্রভুদের পরিবর্তে নিজস্বার্থ জ্ঞানে বা কর্ম্ম আমাদের বাসনা হই, সেবামুখে আত্মশোধনের পরিবর্তে যদি আমরা সেবার ফাঁকে জগতের মঙ্গল বা বাধা উদ্বোধন বর্দ্ধিত করিতে চেষ্টা করি, তাহা হইলে অপরাধফলে সেবাবিচ্যুতি বা সংসারই আমাদের প্রাপ্য হইয়া দাঁড়াইবে। যেখানে নিষ্কপট সেবার অভাব সেখানে [illegible] অবস্থানকারী। আর এইভাবে যেখানে, সেখানে একমাত্র পরিণামে বঞ্চনা, পূর্ব্বের প্রতি আকৃষ্ট পরিণামে অপূর্ব্বের প্রতি অশ্রদ্ধা আসিবেই।

এই শ্রীনদীয়াপ্রকাশের প্রধান কার্য্য ভক্তিমূলবৈষ্ণবদের গুণকীর্ত্তন করা, বৈষ্ণবগণের কথাই সর্ব্বদা প্রচার করা। একমাত্র আমাদের গুরু ও মহাজনগণের উপদেশ প্রচারই ইহার উদ্দেশ্য। ইহার দৃঢ় প্রতিজ্ঞা এই যে, ইনি কেবল সদ্বস্তু পরমার্থ ব্যতীত অন্য কোন বিষয় আলোচনা করেন না বা করিবেন না। [illegible] কথা না [illegible] তাহার [illegible] কথা কীর্ত্তন করিতে [illegible] হইবেন না। [illegible] তাঁহার কথা [illegible]। [illegible] পরমার্থ ছাড়িয়া তিনি এক মুহূর্ত্তও [illegible] করিতে পারেন না। তাঁহার অবসর নাই। এজন্য তিনি অন্যান্য সংবাদপত্র সর্ব্বদা আলোচনা করে। কিন্তু শ্রীনদীয়াপ্রকাশ হরিকথা, হরিতত্ত্ব, গুরুবাণী, গুরুতত্ত্ব ও গৌরবাণীর কীর্ত্তনে সতত ব্যস্ত থাকেন।

শ্রীনদীয়াপ্রকাশ শ্রীগৌরহরির কথা প্রচারেই অকপটে শ্রীনদীয়াপ্রকাশের কার্য্য। তাঁহা ব্যতীত অন্য কোনও [illegible] আলোচনা [illegible] নাই। [illegible] মায়াময় মনবুদ্ধির কোন কথা নাই, আছে কেবল অকৃত্রিম, মঙ্গলপূর্ণ, নিত্য কথা—যাহা নিত্য শ্রেয়োপ্রদ, আত্মার শুদ্ধ চিন্ময়বৃত্তির উদ্বোধক। এই শ্রীনদীয়াপ্রকাশ উপদেশ প্রবণমুখে আমাদের [illegible] হইলেও উচিত কিন্তু আমাদের [illegible] জগতে একমাত্র কৃষ্ণসেবাপরায়ণগণই ইঁহার কথা বা সেবা করেন ইঁহার সন্ধান পাওয়া যায়। জগতে এমন বন্ধু আর কে আছে যিনি প্রত্যহ বহির্ম্মুখ আমাদিগকে আমাদের প্রাণের ঠাকুর কথা কীর্ত্তন করিয়া অন্তরে আকৃষ্ট করেন—একমাত্র শ্রীনদীয়াপ্রকাশ ব্যতীত। সেইজন্যই বলিতেছি, শ্রীনদীয়াপ্রকাশ পরিত্রের বন্ধু, অসহায়ের সহায় ও আশ্রয়রক্ষক। তাই আজ আমরা শ্রীনদীয়াপ্রকাশের কিঞ্চিৎ সেবাপাত্রের আশায় তাঁহার নিকট কাতর প্রার্থনা নিবেদন করিতেছি।

এই শ্রীনদীয়াপ্রকাশে সৎ ও অসৎ এর সমন্বয়ের কোন কথা নাই। ইনি সত্যবান ও সত্যনিষ্ঠ। অসত্য ইঁহার নিকট হইতে কলঙ্কের কালি [illegible] দূরে সরিয়া অবস্থান করে। শ্রীনদীয়াপ্রকাশে ইন্দ্রিয়তর্পণের কোন কথা—তোষামদ নাই বলিয়া অবুঝজনগণ আমরা অনেক সময় মনে করি যে, শ্রীনদীয়াপ্রকাশ এত বড় গুরুকথাই বলেন, তাহাতে

শ্রীল প্রভুপাদ ও ভক্তিসিদ্ধান্ত

[শ্রীধাম মায়াপুরে শ্রীল প্রভুপাদের বিরহ সংকীর্ত্তন-সভা-মহামহোৎসবে বৈষ্ণব-স [illegible] 'গৌড়ীয়'-সম্পাদক-প্রদত্ত বক্তৃতা]

জয়তে গৌরবাণী-শ্রীমূর্ত্তয়ে দীনতারিণে।
রূপানুগবিরুদ্ধাপসিদ্ধান্তধ্বান্ত-হারিণে॥

পরমারাধ্য শ্রীল আচার্য্যদেব, পরম পূজনীয় বৈষ্ণববৃন্দ ও শ্রদ্ধেয় শ্রোতৃমণ্ডলি! আমার পূর্ব্ববর্ত্তী বক্তা মহোপদেশক শ্রীপাদ [illegible] "শ্রীশ্রীল প্রভুপাদ ও বৈষ্ণব" সম্বন্ধে বক্তৃতায় শ্রীল প্রভুপাদের লিখিত 'বঙ্গে সামাজিকতা' গ্রন্থ হইতে বিভিন্ন [illegible] নূতন কোনও কথা দেখা যায় না, কিন্তু শ্রীনদীয়াপ্রকাশ কোন নূতন বস্তুর কথা বলেন না, অবিদ্যাবস্তুর কথা লইয়া ব্যস্ত থাকেন না। তিনি অতি পুরাতন অথচ নিত্য নবীন মহান বস্তুর কথা—একমাত্র শ্রীহরির কথাই কীর্ত্তন করেন। [illegible] সাংসারিক সংবাদপত্রসমূহ প্রতিদিন নূতন কথা লিখিয়া পাঠকগণের মুখবিধান করে। তাহারা জড়বিষয়ের নূতন বিচিত্র কথা বলিতে পারে। তাহাতে দেহমনের কিছু সুখ বা পুষ্টির কথা থাকিতে পারে; [illegible] হরিকথা সেরূপ নয়। এ তো মনোরঞ্জন কথা নহে। ইহা [illegible] কৃষ্ণের মনোরঞ্জন বা আত্মার তুষ্টি, পুষ্টি বা উন্নতির কথা ছাড়া অন্য কথা নাই। [illegible] কথা জাগতিক সংবাদপত্রের ন্যায় আকাশে বিলীন হইয়া যায় না। এই শ্রীনদীয়াপ্রকাশের কথাগুলি চরম এবং সেই কথাগুলি কাণ করে চেতনের উপর—আত্মার উপর, আমাদিগকে লইয়া যায় [illegible] পথে—সকল ক্লেশ [illegible]। তাঁহাতে মায়াবাদের কোন কথা নাই, আছে কেবল অমন্দোদয়দয়ার নিত্য প্রস্রবণ—যাঁহার নাম হরিকথা, যাঁহার নাম চৈতন্যবাণী, গৌরবাণী বা ভক্তিসিদ্ধান্তবাণী, যিনি সনাতন। সেই হরিকথা বা বৈকুণ্ঠকথা কখনও পুরাতন হয় না। যতবার বলা যায় বা শুনা যায় ততই তাহাতে রসের উদয় হয়। সুতরাং আমরা যেন কোনও দিন এই গৌরকথা ছাড়া অন্য কোনও বাণী আদৌ গ্রহণ না করি বা হরি-কথাকে আমাদের স্বপ্নবিষয় বোধ কোন বস্তু-বিশেষ মনে না করি। ঐরূপ সংসার-সমুদ্রে একমাত্র কর্ণধার শ্রীশ্রীল আচার্য্যপাদপদ্মে ও শুদ্ধ বৈষ্ণবগণের চরণে শ্রীনদীয়াপ্রকাশের সেবাধিকার লাভের জন্য প্রার্থনা জানাইতেছি।

সম্বন্ধে শ্রীল প্রভুপাদের কথা ও সমালোচনার আলোচনা করিয়াছেন। 'বাদ' শব্দটি 'সিদ্ধান্ত' শব্দের বিপরীত শব্দ। যাহা তর্কের দ্বারা কিংবা প্রমাণ বলের দ্বারা খণ্ডিত হইবার যোগ্য তাহাই 'বাদ', আর যাহাকে কোন প্রকার দ্বিতীয় পদার্থ খণ্ডন করিতে পারে না—যাহা নিত্যসিদ্ধ সত্য, স্বতঃসিদ্ধ প্রমাণরূপে প্রতিষ্ঠিত, তাহাই 'সিদ্ধান্ত'। 'বাদ' অমীমাংসিত ব্যাপার—আর সিদ্ধান্ত নিত্য মীমাংসিত সত্য।

শ্রীল প্রভুপাদ ভক্তিকে আধ্যক্ষিক-মতবাদিসম্প্রদায়ের ন্যায় কোনদিনই বাদের অন্তর্গত বিচার করেন নাই। শ্রীল প্রভুপাদ কোনদিনই "ভক্তিবাদ" এই শব্দটি ব্যবহার করিতেন নাই। তিনি "ভক্তিসিদ্ধান্ত" এই শব্দ-ব্যতীত অন্য কোন শব্দই শুনিতে পারিতেন না। প্রায় ১৭ বৎসর পূর্ব্বের কথা বলি, একবার শ্রীল প্রভুপাদের সম্মুখে 'অচিন্ত্যভেদাভেদবাদ' এই শব্দটী উচ্চারণ করিয়াছিলাম। শ্রীল প্রভুপাদ ইহা শুনিয়া আমাকে বলিলেন—অচিন্ত্যভেদাভেদ-"বাদ" না বলিয়া অচিন্ত্যভেদাভেদ-'সিদ্ধান্ত' বলাই ভাল। কারণ উহাই বেদ ও নিত্যপ্রতিষ্ঠিত ও নিত্যসিদ্ধ অপরিবর্ত্তনীয় একমাত্র সত্য ও মীমাংসা।

শ্রীশ্রীল প্রভুপাদের নাম শ্রীশ্রীভক্তি-সিদ্ধান্তসরস্বতী। তাঁহার নাম ভক্তিসিদ্ধান্ত-বাণী, তাঁহার 'রূপ' ভক্তিসিদ্ধান্তবাণী—শ্রীরূপের ভক্তিসিদ্ধান্তবাণী, তাঁহার গুণ ভক্তিসিদ্ধান্তবাণী, তাঁহার 'পরিকরবৈশিষ্ট্য' ভক্তিসিদ্ধান্ত, তাঁহার নিজজনগণকে চিনিবার একমাত্র কষ্টিপাথর তাঁহাদের ভক্তিসিদ্ধান্ত-বাণীতে কতটা উন্নতি তাহা শুনিয়া, তাঁহার 'লীলা'—ভক্তিসিদ্ধান্তবাণী-প্রচার। এই যে শ্রীল প্রভুপাদের প্রতিষ্ঠিত মঠ-মন্দির-প্রদর্শনী, ইহাদের মূল উদ্দেশ্য কেবল ভক্তিসিদ্ধান্তবাণীর আচার ও প্রচার। তিনি কতটা অদ্ভুত 'বর্ণ'-পরিচয়, বিদ্যা-সম্বন্ধে কতটা উচ্চতম উপাধিধারী, কতটা জাগতিক ঐশ্বর্য্য ও ব্যক্তিসম্পন্ন, তিনি ব্রহ্মচারী বা সন্ন্যাসী, ইহা দেখিয়া তাঁহার কোন আত্মবঞ্চনাকারী মনোমুগ্ধকর দান তাঁহার শ্রীপাদপদ্মে আকৃষ্ট হন নাই। অনেক অনুস্বার-বিসর্গ-ওয়ালা মহামহো-পাধ্যায় পণ্ডিত থাকিতে পারেন, মায়াবাদি-সম্প্রদায়ে অনেক বৃহস্পতি ও কামিনীকাঞ্চন-ত্যাগী সন্ন্যাসী থাকিতে পারেন, হিটলার, মুসোলিনী, ডি ভ্যালেরা প্রভৃতির ন্যায় ব্যক্তিসম্পন্ন রাষ্ট্রনায়ক বা ভারতবর্ষীয় অনেক জননায়ক থাকিতে পারেন, কিন্তু সেইরূপ ব্যক্তিদের মধ্যেও আমরা বেদান্তবাদ বা নানাপ্রকার অভক্তিমতবাদই দর্শন করি। কিন্তু শ্রীল প্রভুপাদে ভক্তিসিদ্ধান্ত তাঁহার নিত্যসিদ্ধ-

ব্যক্তিরূপে প্রকাশিত। ভক্তিসিদ্ধান্ত হইতে তাঁহার ব্যক্তিত্বকে পৃথক্ করিলে আমরা শ্রীল প্রভুপাদকে পাই না। সেখানে আমাদের প্রভু 'বাদ' অর্থাৎ বিযুক্ত হইয়া পড়েন। ভক্তিসিদ্ধান্তবিযুক্ত প্রভুপাদ বা প্রভুপাদের ব্যক্তিত্ব—মায়া বা তাঁহার বঞ্চনা।

আচার্য্য শঙ্কর তাঁহার স্বরচিত গ্রন্থসমূহে শ্রীমাধব, শ্রীধর প্রভৃতি আচার্য্যগণ অপেক্ষা শ্রীব্যাসের চরণ-বন্দন-প্রণামাদির অভিনয় কিছু কম করেন নাই। আচার্য্য শঙ্করের পাণ্ডিত্য-প্রতিভা ও ব্যক্তিত্ব-প্রতিভা কোনটাই কম নহে। মায়াবাদি-সম্প্রদায়ও নিজদিগকে ব্যাসানুগ-সম্প্রদায় বলিয়া থাকেন। কিন্তু একমাত্র ভক্তিসিদ্ধান্তের দ্বারাই তাঁহাদের সেই ব্যাসানুগত্যের অভিনয়, অনর্থ-বঞ্চনা সকলই যে মায়া-বাদ, তাহা প্রমাণিত হয়। পৃথিবীর চক্ষে যাঁহারা অসাধারণ অলৌকিক বা অদ্বিতীয় প্রতিভার ব্যক্তিত্ব বলিয়া সর্ব্বজনস্বীকৃত হইয়াছিলেন, শ্রীল প্রভুপাদ একমাত্র ভক্তিসিদ্ধান্ত অস্ত্রের দ্বারা তাহা খণ্ডবিখণ্ডিত করিয়াছেন। 'বঙ্গে সামাজিকতা' গ্রন্থ বা পৃথিবীর সর্ব্বত্র বিভিন্ন মনীষার সহিত সংলাপসমূহে শ্রীল প্রভুপাদ তাঁহাদের যে-সকল মনোধর্ম বা মতবাদ নিরাস ও খণ্ডন করিয়া ঐকান্তিক বাস্তবসত্যের পথ প্রদর্শন করিয়াছেন, উহার একমাত্র সুদর্শন-অস্ত্র—ভক্তিসিদ্ধান্ত।

শ্রীল প্রভুপাদ শ্রীচৈতন্যচরিতামৃতের ভূমিকায় শ্রীগৌড়ীয়গণ কর্ত্তৃক নানা সংবাদ-পত্র প্রভৃতি মারফৎ জনসাধারণকে উহাদের যে একটি ভূমিকা প্রকাশ করিয়াছেন, তাহাতেও শ্রীল প্রভুপাদ লিখিয়াছেন—"যাহারা ভক্তি-সেবাবিমুখ হইয়া কৃষ্ণচন্দ্রকে ভক্তিসিদ্ধান্তের সহিত সমপর্য্যায়ে গণনা করে, তাহাদের সঙ্গ হইতে জীবকুলকে সেবোন্মুখ করিবার জন্যই শ্রীচৈতন্যদেবের প্রপঞ্চে লীলা প্রকটন। শ্রীচৈতন্যপার্ষদ জনগণের সু-সঙ্গরূপ কুসিদ্ধান্তের হস্ত হইতে একমাত্র শ্রীচৈতন্যদেবের অনুগত জনগণই মুক্ত হইতে সমর্থ। শ্রীচৈতন্যপার্ষদ জনগণ কুসিদ্ধান্তগণকে কৃষ্ণবহির্ম্মুখতারে লোপকিত দর্শনে আবদ্ধ থাকেন। তাঁহারা কোনকালেই অধোক্ষজসেবায় নিযুক্ত হইবার অধিকার পাইবেন না।"

আমার পূর্ব্ববর্ত্তী বক্তা যে সকল বাক্যের কথা উদ্ধৃত করিয়া ঐ প্রসঙ্গে জগতের সমস্ত পথের প্রতিবন্ধক বলিয়াছেন, ঐ সকল মতবাদ পৃথিবীর শতকরা নিরানব্বই জন অধিক বা পৌনঃপুনিক সংখ্যক লোক বুঝিয়া লইয়াছে। যে চিজ্জড়সমন্বয়বাদকে একমাত্র গৌড়ীয়মঠ নিন্দা করিয়াছেন, তাহা পৃথিবীর প্রায় সকল লোকই সকল সমস্যার একমাত্র সমাধান বা শেষ কথা বলিয়া বরণ করিয়াছেন এবং 'এই মতবাদ প্রচারের দ্বারা বর্ত্তমান যুগ পাঁচশত বৎসর অগ্রগামী হইয়া পড়িয়াছে' এরূপ কথাও অনেকের মুখে শুনিতে পাওয়া যাইতেছে। পৃথিবীর শতকরা প্রায় শতজন লোকের এইরূপ বিচার বা মতবাদকে কে খুব জোরে ধাক্কা দিতে পারিয়াছেন? চিজ্জড়-সমন্বয়বাদের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্যক্তিত্বের বিরাট্‌-রূপকে কে ম্লান করিতে পারিয়াছেন? যিনি শ্রীরূপানুগবিরুদ্ধ অপসিদ্ধান্ত অন্ধকারের বিনাশক—ভক্তিসিদ্ধান্তবাণীর মূর্ত্তবিগ্রহ, একমাত্র সেই শ্রীচৈতন্যশক্ত্যাবেশী শ্রীল প্রভুপাদ। তিনি চিজ্জড়সমন্বয়বাদের অধিনায়কের ন্যায় বিশ্বপূজিত বলিয়া গৃহীত না হইতে পারেন, সাধারণ সংবাদপত্রের স্তম্ভে তাঁহার নাম অধিক প্রকাশিত হইতে না পারে, কিন্তু একমাত্র ভক্তিসিদ্ধান্তের দ্বারাই তিনি বিশ্ববৈষ্ণব-সভার পাত্ররাজ বা শ্রীসনাতন-রূপ রঘুনাথের অভিন্নবিগ্রহরূপে প্রকাশিত হইয়াছেন।

তাই শ্রীল প্রভুপাদের পরিচয়বৈশিষ্ট্য কোথায়, শ্রীল প্রভুপাদের মূর্ত্ত স্বরূপ কে, তাঁহার স্বরূপ কে, ভক্তিবিনোদ-গৌরকিশোর সরস্বতীর সংরক্ষক কে, যখন অনুসন্ধান করা যায়, তখন ভক্তিসিদ্ধান্তের কষ্টিপাথরেই তাহার স্বতঃসিদ্ধ প্রমাণ প্রকাশিত হয়। একথা শ্রীল প্রভুপাদ কোটি কোটিবার বলিয়াছেন এবং গৌড়ীয় বিশ্বের প্রত্যেক ব্যক্তি চিরদিনই মুক্তকণ্ঠে স্বীকার করিয়াছেন যে, শ্রীল জগন্নাথের বিদ্যাভূষণ গোস্বামী প্রভুপাদ শ্রীল প্রভুপাদের ভক্তিসিদ্ধান্ত আর কেহই সমগ্ররূপে বা সম্পূর্ণভাবে ধারণ করিতে পারেন নাই। বক্তৃতা-প্রতিভার হইয়া গায়ের জোরে বা দলাদলির দ্বারা অথবা কাণাটা-চাপাচাপিতে ভক্তিসিদ্ধান্তে অভিমান বা শ্রীরূপরঘুনাথের কথা প্রচার করা যায় না। প্রতিযোগিতা ও অনুকরণমূলে গায়ের জোরে ও টাকার জোরে প্রাসাদাদিবহকে রূপানুগ বাস্তব বলিয়া প্রচার করিলেই তাহা ভক্তিসিদ্ধান্ত বলিয়া প্রতিষ্ঠিত হইতে পারে না। দুই একটী প্রত্যক্ষ দৃষ্টান্ত বলি।

একবার দৈনিক নদীয়া-প্রকাশের একজন লেখকপ্রবর ব্যক্তি বোধ হয় মনে করিয়াছিলেন যে, ভক্তিসিদ্ধান্ত Intellectualism বা বুদ্ধির কসরৎবিশেষ। সেইরূপ প্রেরণা লইয়া সেই ব্যক্তি নদীয়া-প্রকাশে শ্রীকৃষ্ণের গোবর্দ্ধন-ধারণ-রূপ লীলাকে কল্পনা-বলে ঐশ্বর্য্যময়ী লীলা বলিয়া সিদ্ধান্ত করিলেন। 'কৃষ্ণের [illegible] কৃষ্ণ তাঁহার কনিষ্ঠাঙ্গুলিতে বিরাট্‌ [illegible] পর্ব্বত ধারণ করিয়া যখন ইন্দ্রের বিস্ময় উৎপাদন করিয়াছিলেন, তখন গোবর্দ্ধন-ধারণ লীলাটি নিশ্চয়ই ঐশ্বর্য্যময়ী লীলা! নদীয়া-প্রকাশে ইহা মুদ্রিত হইয়া গেল। তখন শ্রীল প্রভুপাদ প্রকট ছিলেন। সকলেই ন্যূনাধিক ঐ প্রবন্ধ পাঠ করিলেন, কিন্তু কাহারও নিকট ঐ প্রবন্ধ সিদ্ধান্ত-বিরুদ্ধ বলিয়া মনে হইল না। কিন্তু এক জনের দৃষ্টি তাহা অতিক্রম করিতে পারিল না। শ্রীল বাসুদেব প্রভু ঐ প্রবন্ধ পাঠ করিয়াই 'শ্রীমদ্ভাগবত', শ্রীল রঘুনাথের 'স্তবাবলী,' শ্রীল ঠাকুর মহাশয়ের 'প্রেমভক্তিচন্দ্রিকা', শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের 'মাধুর্য্য কাদম্বিনী' প্রভৃতি গ্রন্থ হইতে বহু প্রমাণ উদ্ধার করিয়া আমার নিকট এক পত্রে ঐ প্রবন্ধের সিদ্ধান্তবিরোধি-মতবাদ কিরূপে সংশোধিত করিতে হইবে, তাহা জানাইলেন। "গৌড়ীয়ে" লোক-মঙ্গলের জন্য দৈনিক নদীয়াপ্রকাশের উক্ত লেখকের ভক্তিসিদ্ধান্ত বিরোধি মতটী সাধুসঙ্কেতে প্রকাশিত হইল। শ্রীল প্রভুপাদ গৌড়ীয়ের সেই প্রবন্ধ পাঠ করিয়া বিশেষ সন্তুষ্ট হইয়া বলিলেন,—"আমি নদীয়া প্রকাশের প্রবন্ধ তত ধ্যান করিয়া দেখি নাই, কিন্তু বাসুদেবের দৃষ্টি সর্ব্বত্র আছে, সে কখনও ভক্তিসিদ্ধান্ত-বিরোধ সহ্য করিতে পারে না খুব ঠিক হইয়াছে।

আর একবার দৈনিক নদীয়াপ্রকাশের সম্পাদক অভিমানী অর্থাৎ কেবলমাত্র নাম-উপাধির show bottle স্বরূপ নাম-মাত্র সম্পাদক (প্রকৃত প্রস্তাবে তাঁহারা ভক্তিসিদ্ধান্তের লেখক নহেন) একবার গৌড়ীয়ের প্রচ্ছদপটের একটী ব্লকের পরিকল্পনা করিতে দেওয়া হইয়াছিল। তিনি প্রাণপণ গবেষণা ও পরিকল্পনার পর বহু অর্থব্যয়ে 'গৌড়ীয়ের' দুইটী ইংরেজী ব্লক প্রস্তুত করিয়া গৌড়ীয়মঠে উপস্থিত করিলে শ্রীল আচার্য্যদেব তাহা দেখিয়া বলিলেন—এরূপ ভক্তিসিদ্ধান্তবিরুদ্ধ চিত্র 'গৌড়ীয়ে' কিছুতেই প্রকাশিত হইতে পারে না। বহুই অর্থ একত্র ব্যয়িত হইয়া থাকে হউক, কিন্তু ভক্তিসিদ্ধান্তবিরোধ কিছুতেই সহ্য করা যাইবে না। তাহাতে ভক্তিসিদ্ধান্ত সম্রাট্‌ শ্রীশ্রীরূপ-রূপ-রঘুনাথ ভক্তিবিনোদ-গৌর-সরস্বতীর চরণে অপরাধ ও তাঁহাদের অসন্তোষ হইবে। ঐ ব্লক দুইটি এখনও অব্যবহৃতভাবে পড়িয়া রহিয়াছে। এ ব্লকটিতে 'গৌড়ীয়' শব্দের চিন্ময় 'গৌড়ীয়' শব্দের দুইপার্শ্বে শঙ্খ দুইকরে গৌড়ীয়কে স্তব করিতেছেন এইরূপ চিত্র ছিল। ইহা দেখিয়াই শ্রীল আচার্য্যদেব (শ্রীল বাসুদেব প্রভু) ঐ চিত্রের ভক্তিসিদ্ধান্তবিরুদ্ধ ভাব জানাইয়াছিলেন। 'গৌড়ীয়' শব্দের অর্থ শ্রীমন্মহাপ্রভুর আশ্রিত বৈষ্ণব, আবার শ্রীকৃষ্ণও বৈকুণ্ঠের নিত্যসিদ্ধ পার্ষদ। কিন্তু এক বৈষ্ণবকে দিয়া আর এক বৈষ্ণবের বন্দনা করাইবার চিত্র প্রকাশ ও প্রচার—ভক্তিসিদ্ধান্ত-বিরুদ্ধ কথা। শ্রীমতী রাধারাণী মূল আশ্রয়-বিগ্রহ হইলেও তৎপাদপদ্মে কোন অর্ঘ্যই তুলসীদেবীকে অর্পণ করিতে পারেন না—ইহা আমরা শ্রীল প্রভুপাদের ভক্তি-সিদ্ধান্ত হইতে শ্রবণ করিয়াছি। কোন ভক্ত-সেবক বৈষ্ণবকে যদি কেহ নিত্যপাদপদ্ম উপদেশন করাইয়া ঐরূপ আলেখ্য প্রচার করেন, তবে তদ্দ্বারা শ্রীল প্রভুপাদের আসনে আরোহণ করিবার পাপপন্থা হয়। বৈষ্ণবকে স্বীয় পাদযুগে সংবরণ করিয়া অপরে গৌরব-বোধ কখনও কোনরূপেই ভক্তিসিদ্ধান্তসম্মত নহে—ইহা শ্রীল প্রভুপাদও 'আলেখ্য'-প্রসঙ্গে অনেকবার বলিয়াছিলেন; কিন্তু অসাধারণ অতুল-প্রতিষ্ঠাকাঙ্ক্ষীকে প্রতিষ্ঠা-যাঁহারা চিরবঞ্চনা করিয়া প্রভুপাদ আশ্রয়ণ-কারিগণকে চিরদিন ভক্তিসিদ্ধান্ত শিক্ষা দিয়াছেন। অর্থাৎ তাঁহারা অগ্রবর্ত্তী শ্রীল প্রভুপাদের অভিমন্যু অনুকারের আনুকূল্য করিবার জন্যই কেহ কেহ "গৌড়ীয়ে" ঐরূপ প্রতিষ্ঠাকাঙ্ক্ষার আগ্রহে ঐরূপ ভক্তিসিদ্ধান্তবিরুদ্ধ আলেখ্যাদি প্রকাশ করিতে বাধ্য হইয়াছেন।

শ্রীল প্রভুপাদের স্বরূপ-স্বরূপ আমরা তাঁহার ভক্তিসিদ্ধান্তের মধ্যেই পাই। একথাও দেখিতে পাওয়া গিয়াছে যে, তিনি চোরকে আরও অধিক চুরি করিবার সুযোগ দানের জন্য চোরের হস্তে বহুমূল্য দ্রব্য নিজেই তুলিয়া দিয়াছেন। ইহা মহাপুরুষগণের একটি বৈশিষ্ট্য। শ্রীল গৌরকিশোর, শ্রীল বংশীদাস প্রভৃতি অভিন্নবর্ত্তী পরমহংসশিরো-মণিগণের চরিত্রেও এইরূপ আদর্শ দেখিতে পাওয়া যায়।

শ্রীগৌরকিশোর প্রভুর নিকট লোকে যে সকল ধন দিতেন, শাক বনাত উপরে দিতেন, তিনি ঐসকল অন্য চোর, দস্যু, ব্যভিচারী, প্রাকৃত সহজিয়াগণকে দয়া করেন—যাহাদের ধনাকাঙ্ক্ষা করিতেন, তাহাদিগকে মানুকপটশ্রীর তত্ত্ব হৃদয়ে রাখিয়াও নিষ্কপট ভক্তিভজনের উপদেশ দিতেন। একবার শ্রীল গৌরকিশোর প্রভু অনেক কিছু টাকা জমাইয়া তাহা শ্রীল প্রভুপাদের নিকট গচ্ছিত রাখেন। শ্রীল প্রভুপাদ ঐ টাকা ব্যাঙ্কে রাখিয়া দেন। অতঃপর একদিন শ্রীল গৌরকিশোর প্রভু শ্রীল প্রভুপাদের নিকট সমস্ত টাকা চাহিয়া বসিলেন। সেদিন শ্রীমঠ বন্ধ। সকল কথা বলা হইলেও শ্রীগৌরকিশোর কিছুতেই তাহা শুনিলেন না বা মানিলেন না। অবশেষে শ্রীল প্রভু-[illegible]

[illegible] জাইবা)

শ্রীগৌড়ীয় মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, অধুনা শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, শ্রীগান্ধর্বিকা-গিরিধারী, শ্রীগৌর, শ্রীগোপাল প্রভৃতি বিগ্রহ আছেন। সুপ্রাচীন এবং ... সেবা আছে।
রক্ষক — শ্রীমদনমোহন ব্রহ্মচারী গোস্বামী।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। ... শ্রীগৌড়ীয়মঠ ... শ্রীগুরুগৌরাঙ্গ শ্রীশ্রীগান্ধর্বিকা-গিরিধারী ... ও শ্রীগৌড়ীয় পত্র ... নিত্য পাঠ, কীর্ত্তন, ... প্রত্যহ ... প্রকাশিত হয়। ... প্রেরিত হইয়া থাকে।

(৩) যোগপীঠ মায়াপুর-মঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।
রক্ষক — শ্রীমৎ ... মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক — শ্রীরাধামোহন ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক — শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক — শ্রীব্রজমোহন ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
হুসেন সাহের ... কাজীর সমাধি। রক্ষক — শ্রীরাধাদাস ব্রহ্মচারী।

(৮) ... কুঞ্জ ...
শ্রীধাম মায়াপুর
রক্ষক — শ্রীমদ্ ... মহারাজ

(৯) আনন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধাবল্লভের সেবা বর্ত্তমান। রক্ষক — শ্রীজগবন্ধু ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরদাস পণ্ডিত প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর সেবা। রক্ষক — শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ চাতরা (বর্দ্ধমান)
রক্ষক — শ্রীঅনিরুদ্ধ ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ ... (বর্দ্ধমান)

শ্রীপাদ ... বৈষ্ণবের স্থান
রক্ষক — শ্রী... অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌড়পুর, রক্ষক — শ্রী... ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা (... নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক — শ্রী...দাস বাবাজী।

(১৭) কুলিয়া ...
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক — শ্রী... অধিকারী।

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ ... (নদীয়া)
রক্ষক — শ্রী... ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
... পোঃ চাকদহ (নদীয়া)
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী।

(২১) ... গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক — শ্রী... মল্লিক।

(২২) ... গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
রক্ষক — শ্রী... নাথ দাসাধিকারী।

(২৩) ঢাকা গৌড়ীয়মঠ
... পোঃ ... ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক — মহোপদেশক শ্রী... বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর, পোঃ ঢাকা
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী।

(২৫) ...-গৌরাঙ্গ মঠ
পোঃ ..., (ঢাকা)
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
..., পোঃ ময়মনসিংহ
রক্ষক — মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রী... ভক্তিশাস্ত্রী এম-এ, বি এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক — শ্রী... দাসাধিকারী

(২৮) ...-গৌড়ীয়মঠ
পোঃ ..., কামরূপ (আসাম)
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
..., দার্জ্জিলিং
রক্ষক — শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ
পোঃ ..., জিঃ ..., ই, বি
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
...
পোঃ বাঁকিপুর, (পাটনা)
রক্ষক — শ্রী... প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ
পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার
রক্ষক শ্রী... ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
... রোড, গয়া
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ
... কাশী, বেনারস সিটি
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক শ্রী... ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর ইউ, পি)
রক্ষক — শ্রী...গোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক — শ্রীভক্তি... আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ... কুঞ্জ
পোঃ ... (মথুরা
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ — শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গৌড়ীয়...
রক্ষক — ... শ্রী...

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা

(৪৪) ... বিহারী মঠ
..., মথুরা।
রক্ষক — শ্রী... প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) ... গৌড়ীয়মঠাশ্রম
পোঃ ..., মথুরা

(৪৬) কাম্য গৌড়ীয়মঠাশ্রম
পোঃ কাম্য, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ — ...,
পোঃ ..., জেলা ... (পাঞ্জাব)
রক্ষক — শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ...গৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক — শ্রী...গোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ
... রোড, নিউ দিল্লী;
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ...
বিল্ডিং বোম্বে
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ ..., মাদ্রাজ

শ্রীশ্রী... সেবা —
রক্ষক — মহোপদেশক শ্রী... ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) ... গৌড়ীয়মঠ
পোঃ ..., ... গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রী...-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক — পণ্ডিত শ্রী...গোবিন্দ বিদ্যা...

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক — শ্রী... দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী — স্বর্গদ্বার, পুরী

(৫৬ সীতাকুটী
রক্ষক — শ্রী...কিশোর দাসাধিকারী

(৫৭) ত্রি-দণ্ডি-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
রক্ষক — শ্রী...নন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ
..., পোঃ কটক (উড়িষ্যা)
রক্ষক — শ্রী... দাসাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ
রক্ষক — শ্রী... মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী ভক্তিরত্ন

(৬১) অমথি গৌড়ীয়মঠ
পোঃ অমথি, মেদিনীপুর
রক্ষক — শ্রী... ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ
ব্রাহ্মণপাড়া, পোঃ ... (...)
রক্ষক — শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রহ্মচারী

(৬৩) ... প্রপন্নাশ্রম মঠ
পোঃ ... (বর্দ্ধমান)
রক্ষক — শ্রী... দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ
..., পোঃ ..., (মানভূম)
রক্ষক — শ্রী...নাথ ... অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠাশ্রম
১৮০/৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।
রক্ষক — শ্রীমদ্ভক্তি... গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, ... রোড
... লণ্ডন, ইং ৫
রক্ষক — মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎপ্রভুপাদ ভক্তি... গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়
রক্ষক — শ্রী...গোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রী... ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলিকাতার বাজার দর

২রা জানুয়ারী ১৯২৮

ডাক্তারখানার দর

দেশী নিম ডাক্তার—

	গাঁট দর
বালাম	৮৸০
রাজা চাল	৪৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৸০
ধানকুলী	৫৷০
বাদশা নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
এগারো কোম্পানি	
নিম বেগুন	৩৷৵০

আতপ—

নূতন আতপ	৪৲-৪৷০
পেশোয়ারী	১০৲-১০৷০
ধানকুলী আতপ	৪৷০-৪৷৵
ঐ বাবাজি	৫৲ ৫৵০
পাটনাই আতপ	৪৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৵০

চিনির দর

কাশীর, চাঁদপ	১০৷৵০
চিনুর ১০০০ নং	১০/০
খেজোরা দানা	৯৷০
নেপুর দানা	৮৷০—৯৵০
নেপুর লাল	৭৸/০—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

ক্যানের বার	৩৪৷০
গিনি	২২৲
চাঁদির বার	৫৭৷০

পাটের দর

নারায়ণগঞ্জ—	৪০৸০
মধুর—	৪০৸০
ভেজন—	৪১৷০
ডোর বস্তের দর—	৪১৲

আটা ও ময়দার দর

গমের ময়দা প্রতি মণ	৬৷০—৬৷৵
পাঁউরুটির ঐ	৬৲—৬৵
উৎকৃষ্ট ঐ	৫৸/০—৫৸০
আটা	৬৲—৬৵০
বাটী (কি)	৫৸০—৫৸৵০
বাটী নং (২	৫/০—৫৷/০
বাটী (এল)	৫৲—৫৷০
বাটী (কে)	৪৸০—৪৸৵০
বাটী নং (৩)	৩৷০—৩৸৵০
শাদাউ	১১৸০—১৯০
যব	১৮/০—১৯৵০

গুড়ের দর

দলুয়া	৫৭৲
মনীষা	৫৭৲
মেঘেবরী	৫০৲
মাণী	৪৫৲
খাড়িমাস	৬৬৷০

ভাত	১৬৲
কাবুলে	৩৬৲
রাজা পাবনা	৪১৸০
২৬ সের—	১৭৸০
গ্যাস মোটা ২৪—৩০ সের	১০৲

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— ২৪ গজ ওজন

সোনার কড়ি ' করেই বা বীম।

মার্কা	৮৸/০—৯৷০
ঐ বে মার্কা হালকা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা টেসটেড করেই বীম সব সাইজ	৯৷/
ঐ ইংলিশ করেই (বীম।	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮৸০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷০—৯৸/০

টাটা গ্যাঃ করগেট টিন।

২৪ গেজ—	১৪৲
২৬ গেজ—	১৬৸০
২৮ গেজ—	১৮৲

টাটা গ্যাঃ প্লেন শীট

২৪ গেজ—	১৫৸/০
২৬ গেজ—	১৪৵০
২৮ গেজ—	১৩৷/০

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৫৲
সীস	১৵৫—৸৵০
বাখার বেরা কাটা তার (বার্ব্ড)	১০৷০
মোটা কাটি বা ডিট কাটা মণ	৩৷০—৩৸০
গাড়ী কাটি ৩—৯ ফুট লম্বা	৬৸০—৭৲ হন্দর
গোল রড কাটি লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ ,, ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, বোল্টু নাটারে	৮৸০—৯৷০
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের জন্য	৮৸০—১০৷০
নৃঃ ইস্পাত আসল ২৫৻০	মদন ২৩৷০

চটকলের হালদার ৫৵০, গাঁটের হা .পা ৩৷০

কুলার হালদার ৪৷০

গুড়ের দর

কলিকাতা ২৬শে জুন,

পাবের সোনার কাইন	৫৪৲
সিঙ্গুর ও আবের ওয়ারড	৪০৲
কাঁচি পুরনির কাইন	৪৩৲
হাওর্দ দাবা	৫৩৲
ঐ কাইন	৫২৲

বেলেঘাটি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রায় মণ
গাছরা দাম	৮৷০
সুপারী মেনী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	
খুচি পরিবর্তন	১৫৷০—১৭৷০
লঙ্কা মুক্ত পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স্ লিঃ

৬-৫ বনমালী ঘাট লোহাপটি, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

শ্রীঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

উচ্চ ইংরেজী বিদ্যালয়

শ্রীধাম মায়াপুর—গঙ্গার সন্নিকট; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। অভিজ্ঞ শিক্ষক ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও বেতনাদি প্রতি মাসে ৩য় শ্রেণী হইতে ৬ষ্ঠ শ্রেণী পর্য্যন্ত ৯৲ টাকা এবং ৭ম শ্রেণী হইতে ১০ম শ্রেণী পর্য্যন্ত মাত্র ৭৲ টাকা মাত্র। এ বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ স্থান অধিকার করিতেছে।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৬০ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র মেধাবী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেভ্রোল

ম্যালেরিয়া রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কসের "কেভ্রোল" অমোঘ মহৌষধ। এমন মহৌষধের ন্যায় ঔষধ আজ পর্য্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, ডেঙ্গু জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি আসামী, বর্দ্ধমান-জাপ্‌টা, দামদ্দি এবং অন্যান্য পালাজ্বরা জ্বরে "কেভ্রোল" ব্রহ্মাস্ত্র। ইহা রক্ত পরিষ্কারক এবং শরীর কান্তিযুক্ত করিবার জোলাপ একমাত্র টনিক।

সেবন বিধি ঃ—জ্বর কম অবস্থায় পূর্ণ বয়স্কের জন্য ২ ড্রাম বা ৮টা চামচের ১ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর অবধি ১ চামচ জলের সহিত, তাহার কম বয়সে ১০ ফোটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলেদের জন্য ৫ হইতে ১৫ ফোটা জলের সহিত বিধি। জ্বর অবস্থায় সাগু, বার্লি, দুধ ইত্যাদি পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা ৮০ বড় প্রতি শিশি ১৬ মাত্রা মূল্য ১৷০ আনা।

দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কস,

শম্ভুনগর, কৃষ্ণনগর সিটি, (বেঙ্গল)

৭২ ২৪১নং গলি পোঃ আঃ চাঁদপুর, বেঙ্গল।

সর্ব্বত্র বড় বড় দোকানে পাওয়া যায়।

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠ চরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-রক্তহীনতা জীর্ণ শীর্ণতা প্রভৃতি পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই এত খ্যাতি অর্জন করিয়াছে। অতএব প্লীহা যকৃত আমাশয় এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আমাদের অমৃতের সমান ফল কি না। ছোট বোতল ৮০ আনা, বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবাচার্য্যের অপ্রকট জীবনচরিত এতাবৎকাল প্রচারাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু এতদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীমদ্ গৌড়ীয় মঠাচার্য্যবর্গের অন্যতম প্রবীণ সম্পাদক "গৌড়ীয়"-সম্পাদক মহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্পাদিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছে। গ্রন্থের প্রারম্ভে ঠাকুরের এক মূল্যবান চিত্রখানাও সন্নিবিষ্ট হইয়াছে। ক্রাউন ১৬ পেজীর ১২৪ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের।
প্রতিবারের প্রতি লাইনে ।০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি ২৲	১।০	১।০	১৲
সিকিকলম ৫৲	৪০	৪৲	৩৲
" অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম ১৫৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ৬	৪।০
সিকি কলম ১২৲	১৪৲
অর্দ্ধকলম ২৪	১৮৲
এক কলম ৩৬	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহাশয় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতাচার্য্য এম্-এ মহোদয়ের গৌরবময়লেখা এবং পণ্ডিতের লেখনীর অদ্ভুত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের লীলারহস্যের মধ্যে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় দর্শনের সহিত তুলনামূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমাক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০০ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয় সূচী (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ শ্রীমায়াপুর জেলা—নদীয়া।

শ্রীবিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

"শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

।—আরও কিছুকাল ১২৲ স্থলে
মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১৬।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—শ্রীধাম—মায়াপুর

দৈনিক

নদীয়াপ্রকাশ
THE NADIA-PRAKASH

Regd No C 1841

শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ৈক-সংরক্ষক ত্রিদণ্ডিস্বামী প্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংসকুলচূড়ামণি শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্ত্তৃক প্রতিষ্ঠিত

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের অন্তরঙ্গ আশ্রয়বিগ্রহ শ্রীচৈতন্যমঠাচার্য্য শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু কর্ত্তৃক পরিচালিত

ভারতের সর্ব্বত্র সমাদৃত-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৩রা মাঘ, ১৩৪৪, ১৭ই জানুয়ারী ১৯৩৮, সোমবার [সংখ্যা ২৬৮]

বিবিধ সংবাদ

——(০(:০:)০)——

ময়দানের খেলায় এক লক্ষ টাকার টিকেট বিক্রয়

গত বুধবার মোহনবাগান কোম্পানী, ডিলবার্ণ কোম্পানী ও ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানীর প্রায় ১২।১৩ হাজার যাত্রী লইয়া ময়দানে খেলার মাঠে গিয়াছে। বুধবার দিনে কেবল ডিলবার্ণ কোম্পানীর একখানা জাহাজ সহযাত্রীর যাত্রী সংখ্যা বৃদ্ধি হইয়াছে। এই উপলক্ষে শুধু মোহনবাগান কোম্পানী বুধবার ৩।৪ হাজার টাকার টিকেট বিক্রয় করিয়াছে। এই খেলা উপলক্ষে রেলওয়ে এবং বিভিন্ন ট্রাম কোম্পানী অনেক হইতে সোয়া লক্ষ টাকার টিকেট বিক্রয় করিয়াছে বলিয়া অনুমান হয়।

———

ছাত্রদের জন্য সস্তা ভাড়ার অনুরোধ

বহু ছাত্রের অনুরোধক্রমে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ ট্রাম কোম্পানী ও বাস সিণ্ডিকেটের নিকট জানাইয়াছিলেন, ছাত্রদিগকে যেন কম ভাড়ায় চড়িতে দেওয়া হয়।

প্রকাশ, ট্রাম কোম্পানী লিখিয়াছেন যে, তাঁহারা ভাড়া যথাসম্ভব কমাইয়াছেন, এবং মাসিক টিকেটের ব্যবস্থা করিয়াও যাত্রীদিগকে সুবিধা দিয়াছেন। সুতরাং ছাত্রদিগকে আর অতিরিক্ত সুবিধা দিতে পারিবেন না।

বাস সিণ্ডিকেট লিখিয়াছেন যে, তাঁহারা ছাত্রদের দাবী সর্ব্বদাই বিবেচনা করিয়া আসিতেছেন এবং নানা উপলক্ষে ছাত্রদিগকে কম ভাড়ায় বাসে চড়িতে দিয়া থাকেন।

ট্রাম কোম্পানী ও বাস সিণ্ডিকেটের উত্তর বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের বিবেচনাধীন আছে।

চীন সাহায্য ভাণ্ডারে দান

নিখিল ভারত কংগ্রেস কমিটির চীন সাহায্য ভাণ্ডারে পণ্ডিত জওহরলাল নেহেরু একশত টাকা, মিঃ আর, এস, পণ্ডিত একশত টাকা, কলিকাতার মিঃ যে. গোল্ড এক শত টাকা ও স্বাব প্রভাকর শাস্ত্রী ১২১ টাকা দান করিয়াছেন। চীন দিবসে এলাহাবাদে ৩১০ টাকা সংগৃহীত হইয়াছে।

— —

কলিকাতা সাহিত্য সমিতি

অনেক কারণে যৌথ উৎসব বিলম্বে হওয়ায় গত বুধবার কলিকাতা সাহিত্য সমিতির ৬২তম বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয়। বিচারপতি শ্রীযুক্ত চারুচন্দ্র বিশ্বাস সভাপতিত্ব করেন।

রায় বাহাদুর কেশবচন্দ্র দে ও রাজা ক্ষিতীন্দ্র দেব রায় মহাশয় কলিকাতা সাহিত্য সমিতির কার্য্যকলাপের কথা আলোচনা করেন, এই প্রসঙ্গে তাঁহারা সমিতির প্রতিষ্ঠাতা ও সম্পাদক শ্রীযুত জানকীনাথ দেব কর্মনিষ্ঠার ভূয়সী প্রশংসা করেন। শ্রীযুত জানকীনাথ যে সমিতির জন্য প্রায় এক লক্ষ টাকা ব্যয় করিয়াছেন।

———

ভারতে চীন দিবস পালনে চীনের কল্যাণ কর্তৃপক্ষের জ্ঞাপন

চীনের এবং চীনাদের প্রতি সহানুভূতি জানানের জন্য ভারতের সর্ব্বত্র চীন-দিবস (গত ৯ই জানুয়ারী) প্রতিপালনের ব্যবস্থা করায় পণ্ডিত জওহরলাল নেহেরুকে কলিকাতার চীনা কন্সাল জেনারেল নিজের ও ভারতপ্রবাসী চীনাদের পক্ষ হইতে ধন্যবাদ জ্ঞাপন করিয়া তার প্রেরণ করিয়াছেন।

ট্রাম-মোটর সংঘর্ষ

বৃহস্পতিবার দ্বিপ্রহরে হ্যারিসন রোড ও আমহার্ষ্ট ষ্ট্রীটের মোড়ের নিকট হ্যারিসন রোডের উপর পার্ক সার্কাসগামী একখানি ট্রামের সহিত কর্পোরেশনের কাউন্সিলার মিঃ এ, কে, এ জামান এম, এল, এর মোটরের সহিত সংঘর্ষ হয়। ফলে মিঃ জামান আহত হন। তাঁহার চালকেরও মাথায় আঘাত পায়। স্থানীয় ডাঃ যোগেন্দ্রনাথ মৈত্র তাঁহাদের প্রাথমিক চিকিৎসা করেন।

———

অষ্ট্রিয়া ও হাঙ্গেরীর নূতন সিদ্ধান্ত

অষ্ট্রিয়া ও হাঙ্গেরী জেনারেল ফ্রাঙ্কোর গবর্ণমেণ্টকে স্পেনের বৈধ গবর্ণমেণ্ট বলিয়া স্বীকার করিয়া লইতে সিদ্ধান্ত করিয়াছে।

ঐ মর্ম্মে ইটালী, অষ্ট্রিয়া ও হাঙ্গেরী ত্রি-শক্তি সম্মেলনের পর একটী যুক্ত ইস্তাহার বাহির করিয়াছে। ইস্তাহারে আরও বলা হইয়াছে,—অষ্ট্রিয়া ও হাঙ্গেরী ইটালীর জাপানের সহিত বন্ধুত্বের প্রতি সহানুভূতি প্রকাশ করিতেছে; কারণ শান্তি অক্ষুন্ন রাখার পক্ষে উহা এক নূতন এবং প্রধান ব্যবস্থা। অষ্ট্রিয়া ও হাঙ্গেরী কমিউনিজমের প্রতি তাহাদের বিরুদ্ধতা পুনরায় ব্যক্ত করিতেছে এবং কমিউনিজমবিরোধী ইটালী জার্ম্মাণী চুক্তিকে সাদরে বরণ করিতেছে এবং এই সঙ্গে ঘোষণা করিতেছে যে, তাহারা তাহাদের স্ব-স্ব দেশে সমস্ত শক্তি প্রয়োগে কমিউনিষ্ট প্রচারকার্য্য দমন করিবে। ইটালীর রাষ্ট্র-সঙ্ঘ ত্যাগের কারণ ও সঙ্গত কারণ উপলব্ধি করিয়া অষ্ট্রিয়া হাঙ্গেরী বলিতেছে যে, রাষ্ট্র-সঙ্ঘের পক্ষে একটা বিশেষ মতবাদসম্পন্ন দলে পরিণত হওয়া চলে না এবং হওয়া উচিত নয়। এ অবস্থায় অষ্ট্রিয়া ও হাঙ্গেরী রাষ্ট্রসঙ্ঘের সহিত তাহাদের সম্পর্ক আরও বিবেচনা করিয়া দেখিবার অধিকার রাখিয়া দিতেছে।

— — —

ফ্রান্সের সহিত বাণিজ্য-চুক্তি

সালানাঙ্ক হইতে প্রকাশিত বিদ্রোহী পক্ষের এক ইস্তাহারে ঘোষণা করা হইয়াছে যে, ইটালী, জার্ম্মাণী, পর্ত্তুগাল, সুইজারল্যাণ্ড ও হল্যাণ্ডের সহিত ফ্রাঙ্কো গবর্ণমেণ্টের বাণিজ্য-চুক্তি হইয়া গিয়াছে। এখন নরওয়ে ও সুইডেনের সহিত আলোচনা চলিতেছে।

— ·

আমেরিকার নৌশক্তি বৃদ্ধি

প্রতিনিধি সভার "নেভাল কমিটির" সভাপতি কার্ল ভিনসন ঘোষণা করেন যে, যুক্তরাষ্ট্রের নৌ-বাহিনীর শক্তি বৃদ্ধির জন্য একটি নূতন বিল আনা হইবে; এই বিলে এক বৃহৎ নৌ নির্মাণ পরিকল্পনা দেওয়া হইয়াছে, সর্ব্বপ্রকার যুদ্ধ জাহাজের সংখ্যা বৃদ্ধি করা হইবে।

কার্ল ভিনসন বলেন যে, বিল রচনা শেষ হইয়াছে; প্রেসিডেণ্ট রুজভেল্ট নৌ-নির্মাণের প্রোগ্রামের পরিচয় দিয়া কংগ্রেসে বাণী প্রেরণ করিলে উক্ত বিল কংগ্রেসে পেশ করা হইবে।

কমিটির সদস্যগণ বলেন যে, লণ্ডন চুক্তিতে যে টনেজের সীমা নির্দ্ধারিত হইয়াছিল, এই পরিকল্পনায় তাহার শতকরা ২০ টন বৃদ্ধি করা হইয়াছে। একজন সদস্য বলেন যে, প্রথমেই ১২ কোটি ৫০ লক্ষ ডলার ব্যয় করা হইবে বলিয়া ধরা হইয়াছে।

দৈনিক নদীয়া প্রকাশ

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—প্রথম ২০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ
২। ঠাকুর বৃন্দাবন বিরচিত শ্রীচৈতন্যভাগবত
(অবাঁধা) ৬৲
কাগজ-বাঁধা শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। ব্রহ্মসূত্রা (অবাঁধা) ৪
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৮০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৮
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৮০; ২য় খণ্ড —১৲; ৩য় খণ্ড—৮০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সংক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণব ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ৩৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৮০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয় তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। প্রবন্ধ আলবর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৶০
২১। গৌড়ীয় গল্পসুধা ।৶০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মূল ভাষা ।০
২৭। মুক্তাচরিতম্ গৌরগোবিন্দ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্‌-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৵১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ
৪০। শরণাগতি ৵০
৪১। গীতাবলী ৵০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৵০
। প্রেমভক্তিচন্দ্রিকা ৵০
৪৫। নামাপরাধ ৵০
৪৬। অর্চ্চনপদ্ধতি ৵০
৪৭। সদাচারস্মৃতিঃ ৵০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১০
৪৯। স্তবকল্প ৷১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। প্রমেয়রত্না
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরহরেরাদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। বৈষ্ণবাবলী বা মায়াবাদিশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সংখ্যাবলী ৵০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। মায়াবাদশতদূষণম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৵০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৵০
৭৬। দি ভাগবত ।০
৭৭। থিয়োটিক প্রিন্সিপল্স অ্যাণ্ড অ্যাডভাণ্সড্ ডিক্টোমি ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (তদুর্দ্ধ খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৵০
৮৪। শরণাগতি ৵০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

গৌড়ীয় সাময়িক পত্র

১। THE HARMONIST— ত্রিদণ্ডি স্বামী শ্রীমদ্ভক্তি প্রদীপ তীর্থ গোস্বামী মহারাজ সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত - ত্রিদণ্ডিপাদ একত্রে পাক্ষিক পত্রিকা। দৈনিক শ্রীমায়াপুর-চৈতন্যমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ২০।

৪। পরমার্থী -প্রভুপাদ বাসুদেব মহোপদেশক সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের জীবকল্যাণকর জীবন-চরিত ইহাতে গ্রন্থিত করা হইয়াছে।

———:০:———

নিরপেক্ষ শুদ্ধভক্ত-পিপাসু ব্যক্তিমাত্রই এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ পাঠ ও বহু সাধুসঙ্গের ফল লাভ করিতে পারিবেন।

বৈষ্ণব-দর্শনের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী আকারে এন্টিক কাগজে উত্তমরূপে মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ বিস্তৃত স্চীপত্র ও বহু চিত্র ইহাতে সংযোজিত আছে; ভিক্ষা ৩৲ টাকা।

১২শ বর্ষ ১ মাধব গৌরাব্দ ৪৫১, ৩রা মাঘ বঙ্গাব্দ ১৩৪৪, ১৭ই জানুয়ারী ইং ১৯৩৮, সোমবার } ২৯৫তম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

——::)•(::——

বেরিলিতে প্রচার

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ভক্তিশাস্ত্রী শ্রীমদ্ভক্তিসুধীর যাচক মহারাজ কয়েকদিন যাবৎ শ্রীচৈতন্যমঠে ও শ্রীগৌড়ীয়মঠে অবস্থান করিয়া, বারাণসী, প্রয়াগক্ষেত্র, শ্রীধাম বৃন্দাবন প্রভৃতি স্থানে প্রচার করিয়া গত ৮ই জানুয়ারী শনিবার বেরিলিতে উপস্থিত হন। গত ১০।১।৩৮ তারিখে শিবপ্রাণ পণ্ডিত চতুর্ব্বেদী (জিলার অধিকারী) কর্ত্তৃক আহূত হইয়া শ্রীমদ্ভক্তিসুধীর যাচক মহারাজ তাঁহার ভবনে ছায়াচিত্র সহযোগে 'শ্রীকৃষ্ণলীলা' চিত্রপট বক্তৃতা-মুখে প্রদর্শন করেন। ব্যাখ্যামুখে শ্রীশ্রী গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের অতিমর্ত্ত্য আচারাদি, অদ্ভুতময় জীবনী ও অনন্যতুল্য প্রচার দিগ্দর্শন প্রদানমুখে [illegible] বহু কীর্ত্তন করেন এবং বর্ত্তমান আচার্য্যদেব ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের অনন্ত গুণাবলী এবং তাঁহার আশ্রিত নিষ্কপট শুদ্ধভক্তি-শিষ্য ত্রিদণ্ডিপাদগণ ও বহুসংখ্যক ব্রহ্মচারী শ্রীমহাপ্রভুর প্রচারিত নিখিল জীবের একমাত্র অনুশীলনীয় আত্মধর্ম্ম—প্রেমধর্ম্মের বাণী প্রচার করিতেছেন, তাহা স্ফুটরূপে বুঝাইয়া দেন। শ্রীচৈতন্যমহাপ্রভুর আবির্ভাবের পূর্ব্বের অবস্থা, শ্রীধাম মায়াপুরে তাঁহার আবির্ভাব, শ্রীমহাপ্রভুই সাক্ষাৎ শ্রীরাধাকৃষ্ণমিলিততনু শ্রীচৈতন্যরূপে প্রকট, অন্য ভগবানের আবির্ভাবের কারণ, শ্রীকৃষ্ণ সচ্চিদানন্দস্বরূপ, একই চিচ্ছক্তি প্রভেদে সন্ধিনী, সম্বিৎ, হ্লাদিনী; চিদংশে পূর্ণজ্ঞানরূপ সম্বিৎ অর্থাৎ কৃষ্ণের স্বরূপশক্তি, আনন্দাংশে হ্লাদিনী অর্থাৎ সেই স্বরূপশক্তির আশ্রয়-স্বরূপিণী প্রভৃতি বিষয় বিশদভাবে ব্যাখ্যা করেন। স্বামীজী আরও বলেন—ভক্তিই ভগবানের নিকট ভক্তকে লইয়া যায়, ভক্তিই ভক্তকে ভগবদ্দর্শন করান, ভগবান্ ভক্তবশ্য প্রভৃতি। তিনি যশোদার স্তন্য [illegible] বাৎসল্যরসে যেরূপ ও [illegible] যেরূপ পার্ষদ প্রভৃতি বিষয় সজ্জনগণের নিকট বিশেষভাবে বুঝাইয়া দেন। বক্তৃতার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়। বহু গণ্যমান্য সজ্জন স্বামীজীর নিকট হরিকথা শ্রবণ করিয়া পরমানন্দ লাভ করিয়াছেন।

———

দিল্লীগৌড়ীয়মঠে হরিকথা

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ দিল্লী গৌড়ীয়মঠে পাঠমুখে অবতারসম্বন্ধে বলেন—

আমাদের ইচ্ছাপূর্ত্তি ও সমাজ, বুদ্ধি, মন প্রভৃতির মধ্যে ব্যবধান আছে। আবার যোগে অন্য সম্বন্ধ রক্ষা বাধা দেয়। অসম্বন্ধের উদ্দেশ্য কেহ বাধা দিতে পারে না। ভগবানের প্রতিবন্ধী কোথায়? অতএব তাঁহার যোগে বাধার ব্যবধান নাই। সেই স্বরাট্ স্বেচ্ছাময় মধ্যে মধ্যে স্বেচ্ছাক্রমে লীলায় অবতীর্ণ হন। ভিন্ন ভিন্ন ইচ্ছাপূরণের জন্য ভিন্ন-কালে ভিন্ন দেশে অবতীর্ণ ভগবানই অবতার। কিন্তু একজন অবতারী আছেন। স্বয়ংরূপ, স্বয়ংপ্রকাশ, তদেকাত্মরূপ, বৈভব, প্রাভব, প্রকাশ, বিলাস, পুরুষাবতার, লীলাবতার, শক্ত্যাবেশাবতার প্রভৃতি লীলা, পরিকর, অধিষ্ঠানাদি প্রভেদের বৈশিষ্ট্য বিদ্যমান। কিন্তু সকলেই অভিন্ন-বস্তু ও এক। একই বস্তুকে নানা ভাবে, মৎস্য, কূর্ম্ম, বরাহাদি লীলা ও শক্ত্যাবেশ-অবতারাদি। মীন-কূর্ম্মাদি লীলাতে 'এটা ভগবানের অনিবার্য্য বস্তুর অনেক বিবেচনা [illegible] হিন্দুদের বহ্বীশ্বরবাদী বলিতে প্রস্তুত। তাহারা তত্ত্ববিচার জানে না, বুঝে না। কিন্তু সত্য বিচার এই—জীবস্বরূপে সেবাবৃত্তি রহিয়াছে। অবশ্য বর্ত্তমান অবস্থায় তাহা অন্যসেবারূপে দেখিতেছি। কিন্তু শুদ্ধ জীবাত্মার সেবাবৃত্তি আছে। তদ্দ্বারা তাহারা ভগবদ্ভজন করে।

ভিন্ন ভিন্ন জীবের ভিন্ন ভিন্ন সেবাধিকার। সকলে সকলের সেবক নয়। তাই জীব ভিন্ন ভিন্ন রুচিতে ভগবানের ভিন্ন ভিন্ন উপাস্য স্বরূপের সেবক। ভগবানের রূপাদির যোগ্য মূর্ত্তিধারী। প্রত্যেক জীবরূপে রস আছে। বৈকুণ্ঠগতে সকলে শুদ্ধভাবে 'বলে' [illegible] দেবের সেবায় নিযুক্ত। দাস্য, সখ্য, বাৎসল্যাদি পঞ্চ মৌল রস আছে। অন্য [illegible] তাহাতে আলোচনা আছে। উহাও শুদ্ধভাবে সর্ব্বকালে বর্ত্তমান। এই গৌণমুখ্যযোগে রস দ্বাদশ প্রকার বা অনন্ত প্রকার। এই অনন্ত প্রকারে ভগবান্ সকল ভাবের ভোক্তা।

দাস্যে প্রভু চাই, দাসো সেবা চাই, সখ্যে সুহৃদ, বাৎসল্যে পুত্র, মধুরে প্রিয়তম আবশ্যক। এইরূপ অনন্ত জীবের সেবা-বৃত্তির সেব্য প্রভু চাই। এইজন্য ভগবানের বহুরূপে অবতার; সুতরাং তাহা ভগবত্তার কর্ম্মকাণ্ড নহে। জীবের নিত্য কারণ্য, করুণার সেবারূপে ভগবানের অবতার। উহা জীবদের সেবাবৃত্তির ক্রমশঃ উৎকর্ষের জন্য সেবার উপযোগী আসন গ্রহণ। পাশ্চাত্য পণ্ডিতগণ অবতারবাদিগণের এই গূঢ় উপলব্ধি করিতে না পেরে তাহাদিগকে বহ্বীশ্বরবাদী ব'লে ভ্রান্ত হ'য়েছেন। এ বিচার তাঁ'দের আধ্যক্ষিক বিচার। তাহারা জানে না, কৃষ্ণই একমাত্র প্রভু—স্রষ্টা। কৃষ্ণই কৃষ্ণ, কৃষ্ণই নীল, এই বিচার। সকলগণ যাহা কীর্ত্তন ক'রে সে রূপের বর্ণে গুণনীয়। [illegible] অনেক বিষ্ণু দেখিতে পেয়েছেন। [illegible] ঐ দেশে বিদ্যমান। [illegible] সকলে বৈষ্ণব। তাঁ'রা সকলেই ভাগবত ভগবানের সেবক। [illegible] এ [illegible] হ'ন।

[illegible]

[illegible]

[illegible]

শুদ্ধ কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে।

শ্রী শ্রী গুরু গৌরাঙ্গৌ জয়তঃ

বিজ্ঞাপন

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৩শ খণ্ড [illegible] শ্রীধাম শ্রীমায়াপুর গৌরাব্দ ৪৩৯

সজ্জন সেবা

(শ্রীবৃন্দাবন [illegible] শ্রীকৃষ্ণচৈতন্য সম্মেলনে [illegible] গোস্বামী ঠাকুর)

শ্রীমান্ন শ্রীরূপ প্রভু বলিয়াছেন,—

ত্বং পদ্মপত্রনয়নঃ [illegible] নিত্য[illegible]।
[illegible] 'স্বরূপ' [illegible]॥

অর্থাৎ যিনি অনাত্ম দেহ-মনের অতীত অপ্রাকৃত সেবা নিরত থাকেন, তদ্বস্ত ও উদ্দীপনে উদ্ভাসিত হয়েন, যিনি বৈকুণ্ঠ বস্তুতে অধিষ্ঠিত, যাঁহা হইতে জীব এবং বস্তুর অপ্রাপ্তি ক্ষুদ্র হয়েন, সেই বিষ্ণু ও সম্পত্তির জীবই মুনি পদবাচ্য। ব্রহ্মচারী সন্ন্যাসাদি ক্রম দ্বারা সুদৃঢ় জীবনে নানা প্রকার ত্যাগ, তপ ও যোগাদির দ্বারা, তদ্বস্তুর জন্য আবশ্যকীয় চেষ্টা তদনুগত ব্যাপারে ব্যস্ত থাকেন। এই আবিষ্ট অবস্থা হইতে উন্মুক্ত হইবার আকাঙ্ক্ষায় জীব যখন গৃহ পরিত্যাগ পূর্বক বনে গমন করেন, তখন তাঁহাকে বানপ্রস্থ বনচারী মুনি বলে। যে পরিব্রাজক গৃহস্থ জগতের অন্য দর্শন ত্যাগে [illegible] এবং প্রাপ্ত বস্তু ভক্তের অনিত্যতা উপলব্ধি করত হরিসেবোন্মুখ হইয়া গমন করেন তাঁহার এই মুনিবৃত্তি। মুনিবৃত্তিবিশিষ্ট জনই মৌনী।

সর্বদা পরিচর্যাবিশিষ্ট জীব অসজ্জন অর্থাৎ দেহ ও মনের পরিচয়ে কেবলমাত্র পরিচিত জীব অসৎ, যেহেতু দেহ ও মন পরিবর্তনশীল ক্ষণভঙ্গুর উপাধিমাত্র। বৈষ্ণব ব্যতীত অন্য কেহ সৎশব্দবাচ্য নহেন। এই জন্যই সৎসম্প্রদায়ের আচার্যবর শ্রীরামানুজ স্বামী নিজ সম্প্রদায়কে সৎসম্প্রদায় আখ্যা দিয়াছেন। মায়াবাদী বা কর্মফলভোগী অসজ্জন বাচ্য, যেহেতু তাঁহাদের অনুষ্ঠানাবলী স্থূল ও সূক্ষ্ম উপাধিতে আবদ্ধ। বৈষ্ণব বিধি বন্ধনের অনুবর্তী হইয়া কৃষ্ণসেবা-তৎপর বলিয়া একমাত্র সজ্জন-শব্দবাচ্য।

সজ্জন বাহ্য জগতের বিক্ষোভ সমূহ হইতে সুদূরে অবস্থান পূর্বক ভগবৎসেবা-নিরত। বহু জনের উচ্চ ধ্বনি তাঁহার কর্ণকুহরে প্রবিষ্ট হইলেও তিনি উক্ত ব্যক্তিগণের

প্রতি মনোযোগ প্রদান করেন না। তিনি নিজের উদ্দেশ্যে বা প্ররোচিত হইয়া যাহা উপদেশ দ্বারা অপরকে তোষণ বিধান করেন না। তাঁহাদের উচ্চ শব্দসমূহ তাঁহার মৌনভঙ্গ করে না। প্রকৃত উদ্দেশ্য নিবৃত্তি সম্পূর্ণ অভাব, কিন্তু অনেক সময় বৃথা বাক্য ব্যয়ে তাঁহার মৌন ভঙ্গ হইতে পারে না। অন্যের বাগ্দণ্ডে সজ্জনকে কখনই উত্তেজিত করিয়া কপট মৌনী করে না। শ্রীমদ্ভাগবতে যে সমস্ত প্রবৃত্তির কথা আছে তিনি সে সকলেও। কথা প্রসঙ্গে এই শ্লোকটী মৌনীদের আদর্শ—

কেবল চরিত্র, [illegible] পবিত্র
সেই নিজে কি না করি।
[illegible] না [illegible]
[illegible] মৌন ধরি॥

সজ্জন প্রজল্পী নহেন। যে সকল কথা ও সেবা তাৎপর্য বিশিষ্ট নহে, তাহা বাক্য মাত্র প্রজল্প। জগদ্গুরু সেবাপরায়ণ সুতরাং বাহ্য ব্যবহার কথায় তিনি মৌন। উত্তরাদের আকর্ষণ তাঁহার মৌন ভঙ্গ করায় না। আত্মারাম মুনিগণ ভক্তির প্রতিমূর্তি হইয়া ভগবানের নিকট [illegible] থাকেন। শুক পুত্রগণের ভক্তাকর্ষণে খোলসা নাই। তাঁহারা ভক্ত আত্মনিবেদনের মুখে পরিত্যাগ করিয়া অপ্রাকৃত বাক্যে হরিসেবা করেন। সজ্জন হরিসেবা ব্যতীত অন্য বস্তুর সেবায় তোষামোদ আবাহন করেন না। তাঁহার মৌনব্রত বাধাপ্রাপ্ত হয় না। ভক্তির আলোচনা ব্যতীত অন্য কোনও অনুকূল আলোচনা তাঁহার উপর প্রভাব নহে। সজ্জন মৌন ধর্ম [illegible] মৌনী বাক্য [illegible] হরিসেবার অনুকূলভাবে নিযুক্ত করেন। হরিকথা কীর্তন করতে সেই সজ্জনের মুনিধর্ম বাধাপ্রাপ্ত হয় না, পরন্তু মুনির হরিসেবা-প্রবৃত্তি না থাকলে তিনি নিজের মৌনব্রত রক্ষা করিতে সমর্থ হন না। সকল গুণগণ বৈষ্ণব-শরীরেই আশ্রিত; অবৈষ্ণবে তাৎকালিক গুণ দেখা গেলেও সেই গুণগুলি স্থায়ী নহে। অনুকূলতা বা প্রতিকূলতা ছাড়িয়া অন্যরূপে নিজ অবস্থান সম্ভবপর নহে। যেখানে গুণকৃষ্ণ নিষ্ঠ, সেখানে অবৈষ্ণব ভাব সম্ভাবনা নাই এবং যে স্থলে হরি-সেবার অভাব তথায় গুণসকলের পরিণাম অবস্থায়ী। সজ্জনের গুণ ও মৌনী সজ্জন—এই দুইটি বিষয়ই, বহু সজ্জন ও তাৎকালিক গুণের কাপট্য অভিজ্ঞান একতাৎপর্য বিশিষ্ট নহে। সজ্জনই প্রকৃত প্রস্তাবে নিত্যকাল মৌনীব্রত আছে।

নিরহ-সভায় বক্তৃতা

'শ্রীল প্রভুপাদ ও বঙ্গোদ্ধারের, ভক্তিসিদ্ধান্ত, ভক্তিবিনোদ ও শ্রীশ্রীগৌরাঙ্গ'

[বক্তা—কুন্দপুরী মহারাজ শ্রীমদ্ কুঞ্জবিহারী দাস এম্-এ, বি এল।

কাল—২৩শে ডিসেম্বর, বুধবার অপরাহ্ণ।

স্থান—শ্রীল প্রভুপাদের নিরহসভা, শ্রীচৈতন্যমঠ।]

আমি আমার প্রভুদেব ও বৈষ্ণববৃন্দকে দণ্ডবৎ করতেছি। এই মহতী বৈষ্ণব-সভায় পরমার্থ বিষয়ে অনভিজ্ঞ ও অযোগ্য ব্যক্তি কিছুই বলিতে পারে না। তবে একটি কথা ভাবিতেছিলাম—"Thy will be done"—অর্থাৎ তোমার ইচ্ছাই পূর্ণ হউক। আমার পক্ষে গুরুবৈষ্ণবদিগের আদেশ লঙ্ঘন করিবার উপায় নাই। আজ এই সভায় আমাকে একটী school boy এর অবস্থায় দাঁড়াইতে হইয়াছে। School boy তাঁহার পাঠ প্রস্তুত না করিয়া বিদ্যালয়ে উপস্থিত হইলে যে দশা হয়, আমার সেই দশা হইয়াছে। আমি আপনাদের পরমার্থ-বিদ্যালয়ে কোন পাঠই শিখি নাই। তবে মনে করি, আমি আপনাদের গৌড়ীয় বিদ্যালয়ের ছাত্র হইয়া কালই থাকিব। জগতে যে যত বড়ই বিদ্বান্ ও পণ্ডিত হউক না কেন, পরমার্থ-শিক্ষা-সম্বন্ধে শ্রীগৌড়ীয়মঠের কাছে আসিলে আমরা বুঝিতে পারিব যে, তাহাদের কিছুই শিক্ষা হয় নাই।

যখন গৌড়ীয়মঠের প্রথম প্রচার হয়, তখন আমরা ভাবিয়াছিলাম গৌড়ীয়মঠে কতকগুলি মূর্খ অলস বাঙ্গালী সাধুবেশ ধারী বৈরাগীদের ও [illegible] আড্ডা বসাইতেছে। যদি পাশ্চাত্য দেশে বিশেষতঃ ইংলণ্ডে গৌড়ীয় মঠের কথায় বিশ্ব-বৈষ্ণবী ইজ্জত বৃদ্ধি হইলেই গৌড়ীয়মঠের প্রশংসা শিক্ষিত সমাজ সম্বন্ধে প্রকৃত [illegible] হইবে। যখন আমরা পত্রিকা পড়িয়া জানিতে পারিলাম—গৌড়ীয়মঠের প্রচার ইংলণ্ডে সাফল্য লাভ করিয়াছে, তখন পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত ব্যক্তিগণ প্রভাবিত হইলাম। বর্তমান সময়ে অনেকেই পাশ্চাত্যভাবাপন্ন। ইংরাজেরা শুধু আমাদের দেশকে জয় করে নাই, তাহারা আমাদের মনকেও জয় করিয়াছে। আমার বিশ্বাস ছিল—যখন গৌড়ীয়বৈষ্ণবধর্মে দীক্ষিত হইয়া বিদেশীয় দুই একজন প্রচারক দেশে আসিয়া বৈষ্ণবধর্ম প্রচার করিবেন তখন এদেশের লোকের মধ্যে যাহারা এখনও শিক্ষা-গৌরবে বাহাদের বৈষ্ণবধর্মের প্রতি আদর জন্মে নাই, তাহারাও মনোযোগপূর্বক কথা শুনিবে। সচরাচর দেখা যায় যখন কোন শিশু রোগে বা অজ্ঞতাবশতঃ কোন পথ্য বা আহার গ্রহণ করিতে চায়

না, তখন বুদ্ধিমতী মাতা তাঁহার শিশুকে প্রথমে খাওয়াইয়া পরে 'খোকা' দিতেও অনুকরণ করাইয়া থাকেন, সেই প্রকার কোনও যোগ্য ব্যক্তি বৈষ্ণবধর্ম গ্রহণ করিলে—তাহা অনুকরণ করিয়া এবং সেই যৌবন দ্বারা অন্যান্য আগন্তুক ব্যক্তিকেও বৈষ্ণবধর্মে আকৃষ্ট করা শ্রীল প্রভুপাদের একটি কৌশল ছিল। আমরা ইহাও ভাবিয়া থাকি। কারণ অনুকরণ করিতে প্রবৃত্ত হই—যেহেতু ভিন্ন কিছু নয়। তাহাদের কার্যের যোগাযোগ পরিষ্কার পাওয়া যাইতেছে। তাঁহারা বর্তমানকালে বিজ্ঞান সাম্রাজ্যের অধীশ্বর এবং জড় আবিষ্কারে শীর্ষস্থান অধিকার করিয়াছেন।

আমরা যে প্রকার প্রাদেশিক বিচারে আবদ্ধ, প্রভুপাদ সে প্রকার ছিলেন না। তাঁহার নিকট East and West এর কোন question ছিল না। তিনি মানুষের বাহিরের বিচার করেন নাই। তিনি প্রত্যেক মানুষ ও জীবের মধ্যে ভগবৎ ভাব দর্শন করিয়াছেন। তিনি পাশ্চাত্যবাসীদিগকে সাধারণের সহিত সমভাবে দেখিয়াছেন। পাশ্চাত্য দেশবাসীর মধ্যে জার্মানদেশবাসিগণ খুব সরল, সত্যপ্রিয় ও সহজবুদ্ধি; তাঁহারা যদি একবার সত্যবস্তুটী বুঝিতে পারেন, তবে তাহা কখনও ছাড়িবেন না। পাশ্চাত্যদেশবাসীরা বিজ্ঞানসম্মত উপায়ে সকল জিনিষ জানিতে চায়। তাহারা এখনও inductive প্রণালীর দ্বারা সত্যকে আবিষ্কার জন্য চেষ্টা করিতেছেন। তাঁহারা যদি বুঝিতে পারেন যে, একমাত্র deductive উপায় দ্বারাই transcendental বস্তু জানা যায় তবে তাঁহারা নিশ্চয়ই উহা গ্রহণ করিবেন। বর্তমানে শ্রীল ভক্তিসিদ্ধান্ত প্রভু যে পন্থা ও যে মঠের সহিত কথাবার্তা প্রবর্তন করিয়াছেন তাহাতে, পাশ্চাত্যে মহাপ্রভুর ধর্ম প্রচার হইবে এবং ভক্তিবিনোদ ঠাকুরের ভবিষ্যদ্বাণী সফল হইবে নিশ্চয়ই। তত্ত্বের বিচারে যে প্রকৃত প্রাচ্য ও পাশ্চাত্যের মধ্যে পার্থক্য রহিয়াছে তাহা প্রকাশ, সন্দেহ নাই। কিন্তু শ্রীল প্রভুপাদ ও ভক্তিবিনোদ-ঠাকুর যে levelএ East ও West এর মিলনের কথা বলিয়াছেন, তাহাতেই পরস্পর মিলন সম্ভব। আমাদের দেশের যে levelএর কথায় অর্থাৎ মহাপ্রভুর প্রেমধর্মের কথায় প্রাচ্য ও দূরের পরস্পর মিলন সম্ভব হইয়াছে, সেই মনের কথা দ্বারাই প্রাচ্য ও পাশ্চাত্যের মিলন হইবে। ইংলণ্ডে গৌড়ীয়মঠের প্রচারের ফলে সেই প্রাচ্য ও পাশ্চাত্যের মিলনের লক্ষণ দেখা দিয়াছে।

অধোক্ষজসেবায় যুক্ত হইয়া আমরা জড়ীয় জগতের জন্য [illegible]

সমস্তকে কী [illegible] হইতেও সমস্ত

কৃষি, স্বদেশের সেবার জন্য পুনঃ পুনঃ এই দেশে জন্মগ্রহণ করিতে ইচ্ছা করি, গীতা পাঠ করিয়া দেশীয় লোকের দেহের অভাব দূর করিবার যথাশক্তি চেষ্টাকে বরণ করিয়া গীতার কর্মবাদ গ্রহণ করি। এই আমরা যতই স্বদেশসেবা করি না কেন, তাহাতে দেশের কোন অভাবই মিটাইতে পারি না। বর্ত্তমানের সুশিক্ষিত জনমেরা, অনেকেই পণ্ডিত জনগণের প্রার্থনা—সকলের অভাব দূর হউক। যে কোন প্রকারেই হউক, সকলের দুবেলা অন্নের সংস্থান করিতে হইবে। আর যদি একমাত্র খাওয়াই কি আমাদের অভাব? কেবল উহাদের সংস্থান হইলেই সকল প্রকার দুঃখদৈন্য ও মানসিক অভাব কি ঘুচিয়া যাইবে? দেশের সকল লোক যদি বৃহৎ অট্টালিকায় বাস করে, সেই অভিজাত চাল চলন অবলম্বন করে, সকলেই মোটর-গাড়ী চড়িতে পায়, তবে কি আমাদের সকল অভাব দূর হইয়া আমরা প্রকৃত সুখী হইতে পারিব? আমাদের দেশে Canada ও Australiaর মত constitution ও dominion status হইলেই কি আমাদের সব দিকে সুখ হইবে? কিছুদিন পূর্ব্বে ইংলণ্ডের এবং জার্ম্মাণ সম্রাট কেন রাজ্য ত্যাগ করিলেন? তাঁহার কি খাওয়া পরার অভাব ছিল? বর্ত্তমান সভ্যতা এবং সম্পদ লাভ করিয়া উন্নত অবস্থায়ও ত' সুখী হইতে পারে নাই। যদি সুখীই হইত তাহা হইলে তাহাকে প্রাণ দিবার সময় দুঃখ করিতে হইত না। তাই দেখিতেছি, জড়জগতে উন্নতি হইলে আমাদের সকল অভাব দূর হইবে না। শুধু রাষ্ট্রিক স্বাধীনতা ও স্বত্ব হইলেও আমাদের সুখ হইবে না। যে পর্য্যন্ত না আমরা শ্রীল প্রভুপাদের চরণ আশ্রয় করিয়া প্রকৃত পথ অবলম্বন করিব সে পর্য্যন্ত আমাদের কখনও প্রকৃত শান্তি হইবে না। আবার দেহেও যে প্রকার 'দুঃখ' আছে, মনেও সেইরূপ। আজ এই দেশে জন্মলাভ করিয়া এই দেশের সুবিধার কথা চিন্তা করি, আগামীতে হয় ত' ইংলণ্ডে জন্মগ্রহণ করিয়া বিপরীত চিন্তাধারা লাভ করিব। আবার অন্যান্যেও আমার নিন্দিত এবং বৈকুণ্ঠ গোলোক আমাদের নিত্য স্থান। এই জগতের প্রতি আমাদের অনুরাগ বৃদ্ধি হয় তাহা কেবল আমাদের অজ্ঞতা ও দুর্দ্দৈবমাত্র। সেই বৈকুণ্ঠ বা গোলোকের প্রতি অনুরাগ বৃদ্ধি হইলে জড়দেশপ্রেমিকতা যে কত নিরর্থক তাহা বোধ হইবে, তাহার narrowness and hollowness উপলব্ধি হইবে।

স্বদেশ কলেজের অধ্যাপক পণ্ডিত তারাকুমার চক্রবর্ত্তী স্বদেশের একনিষ্ঠ ভক্ত ছিলেন। স্বদেশের জন্য বহু কার্য্য করিয়াও তাঁহার চিত্ত প্রসন্ন হয় নাই। প্রভুপাদের নিকট প্রকৃত স্বদেশ ও স্বদেশ-প্রেমিকতার কথা শুনিয়া শ্রীগৌড়ীয়মঠের প্রতি বিশেষ আকৃষ্ট হইয়াছিলেন। তিনি সেজন্যই Albert Hallএ বক্তৃতায় উচ্চ কণ্ঠে গৌড়ীয়মঠের জয়গান করিয়াছিলেন এবং প্রভুপাদের পাদপদ্মে বহু আর্ত্তি জ্ঞাপন করিয়াছিলেন।

কৃষিশিল্প ও বিজ্ঞান দ্বারা জড়জগতের কিছু কিছু অভাব দূর হয় বটে। যেমন জড়বিজ্ঞানের সাহায্যে তৈলের প্রদীপ অপেক্ষা বৈদ্যুতিক আলো আমাদিগকে অধিকতর সুবিধা প্রদান করিতেছে। বর্ত্তমানে জড় যান বাহনে প্রচুর উন্নতি হইয়াছে। কিন্তু মানুষ তাহার অন্তরের অভাব দূর করিবার জন্য যতই চেষ্টা করিতেছে তাহাতে আকাঙ্ক্ষা আরও বাড়িয়া যাইতেছে এবং কিছুতেই সুবিধা করিয়া উঠিতে পারিতেছে না। নানা নূতন তথ্য আবিষ্কার, মারাত্মক হইতেও অধিকতর মারাত্মক অস্ত্রশস্ত্র উদ্ভাবন করিবার জন্য জার্ম্মাণ-দেশীয় রাজসরকার হইতে বৈজ্ঞানিকগণকে (Research Scholar) বেতন দিয়া নিযুক্ত করা হয়। কিন্তু আমরা এখন দেখিতে পাইতেছি—লোকের তথাকথিত সুবিধা বা প্রয়োজনের কোন চেষ্টা দ্বারাই পৃথিবীর লোকের অভাব দূর হইতে পারিবে না। আমরা দেখিতে পাই—কত 'নব নব' সাধনার জন্য নানাপ্রকার যোগ্যতা পরিত্যাগ করিয়া কেহ কেহ সন্ন্যাসীর ন্যায় জীবন যাপন করিতেছে। বৈজ্ঞানিকদিগের কতই না অসাধারণ চেষ্টা। কিন্তু জড়বিজ্ঞানের কোন কিছুতেই আমাদের অভাব সম্পূর্ণরূপে দূর করিতে পারিতেছে না। বিজ্ঞানের আবিষ্কার যদি হরিসেবায় নিযুক্ত হয় তবেই তাহাদের সার্থকতা আছে। বিজ্ঞানের দ্বারা ভগবৎসেবায় নিযুক্ত করিব বলিয়া যদি বিজ্ঞানের চর্চ্চা হইত তাহা হইলে তাহাদের সকল পরিশ্রমই সার্থক হইত। ভগবৎসেবার জন্য যাহা করা যাইবে তাহাতেই জীবের বৈকুণ্ঠ গমন হইবে, নতুবা নিজের জন্য কার্য্য করিতে গেলে কোন সুবিধা হইবে না। এই বিশ্ব জীবের ভোগের বস্তু নয়। জগৎ ভগবানের সেবার বস্তু। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন—

তোমার কনক   ভোগের জনক
কনকের দ্বারে সেবহ মাধব।

মায়াপুরে যে সুন্দর চাষ আবাদ ও কৃষি চলিতেছে তাহা সার্থক—চাষী ধন্য। তাহার পরিশ্রম সার্থক, উৎপন্ন ফসল সার্থক; কারণ, সমস্তই হরিসেবার উপাদান। আর এই চাষের উৎপন্ন অর্থ দ্বারা যদি আমাদের ভোগের ব্যবস্থা করিয়া লই তবে সমস্তই আমাদের অসুবিধার কারণ হইবে।

জড়কর্ম্মী ও প্রতিষ্ঠাশালী ব্যক্তিগণ বলিয়া থাকে, Time is money. তাহাদের এক মুহূর্ত নষ্ট হইলে বহু অর্থ নষ্ট হইয়া যায়। কিন্তু আমাদের প্রভুপাদ বলিতেন Time is more valuable than money অর্থাৎ ভগবৎসেবায় নিযুক্ত সময় জড় অর্থ হইতে প্রচুরপরিমাণে অধিক মূল্যবান্।

জগতে কর্ম্মীরা সময়ের সদ্ব্যবহার করিয়া যে অর্থ উপার্জ্জন করেন এবং সেই অর্থকে স্ব স্ব public service & charityতে ব্যয়িত করেন তাহারই বা মূল্য কতটুকু? প্রাকৃত দানের মাহাত্ম্য এইটুকু যে, তাহারা জগতের সাময়িক মঙ্গল ও স্ব-স্ব প্রতিষ্ঠা বা স্বর্গসুখাদি লাভ করাইয়া থাকে। কিন্তু তাহার ফল অনিত্য। তাহার এক কপর্দ্দক যদি হরিসেবায় নিযুক্ত হইত তাহা হইলে তদ্দ্বারা আমাদের লক্ষ টাকা দানের কার্য্য হইত।

পারমার্থিক দিক্ দিয়া জাগতিক নীতির অধিক মূল্য নাই। পাপ-পুণ্যের বন্ধের মধ্যে থাকিলে আমাদের মঙ্গল হইবে না। নীতি যদি ভগবৎসেবার বিধি হয় তাহা হইলে আমাদের সুবিধা হইবে। জাগতিক সত্যের স্থান কতটুকু? উহা আমাদের দেহ, সমাজ বা স্বদেশের জন্য তৈয়ারী হইয়াছে। আজ যাহা সত্য, কাল তাহা পরিত্যক্ত হইতেছে। উহা ত' কেবল জাগতিক অভিজ্ঞতার উপর নির্ভর করিতেছে। যদি সাপেক্ষ সত্য প্রভুগণের দ্বারা আমাদের ন্যায্যতা প্রকাশ পায় তাহা হইলে সে সত্যের দ্বারা নরকে যাইতে হইবে। পরমার্থের নিকট জাগতিক সত্য তুচ্ছ হইয়া যায়। জাগতিক নীতি ভোগের সুবিধা করিয়া দেয় অথবা ভোগের বাঞ্ছা বাড়াইয়া দেয়। ভোগ ও ত্যাগ নীতি উভয় পরিত্যাগ করিয়া ভগবৎসেবার নীতি গ্রহণ করা আবশ্যক। সেখানে সকল নীতির সার্থকতা সম্পাদিত হয়।

মনুষ্যের সত্যের অনুভূতি উপলব্ধি ক্রিয়া বা inductive methodএর বিকাশমাত্র। আমাদিগকে deductive methodএ শাস্ত্রীয় সত্য অনুসন্ধান করিতে হইবে। শ্রুতিবাক্যের দ্বারা যাহা জানা যায় তাহাই প্রকৃত সত্য। ভগবানের ইচ্ছার সহিত proper adjustment দ্বারা dovetailed হইতে পারা Thy will be done. সর্ব্বতোভাবে ভগবানের শরণাগত হওয়াই প্রকৃত সত্য ও সুনীতি। ভগবান্ গীতায় বলিয়াছেন—"সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।"

জাগতিক নীতি, জাগতিক ধর্ম্ম আমাদিগকে মায়াপাশে আবদ্ধ করিয়া রাখিয়াছে আমি যেন এ সকল সাপেক্ষিক সত্য বা বন্ধন পরিত্যাগ করিয়া গৌড়ীয়মঠের কথা বা প্রকৃত সত্যের প্রতি আকৃষ্ট হইতে পারি ইহাই আপনাদের নিকট প্রার্থনা।

হাওড়ায় প্রচার

গত ১।১।৩৮ তারিখে বিশ্বব্যাপী শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌধ ভক্তিবৈভব ভক্তিশাস্ত্রী কতিপয় ব্রহ্মচারী সহ কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে রওনা হইয়া হাওড়া জেলার অন্তর্গত উলুবেড়িয়া গৌড়ীয়গ্রামে শ্রীচৈতন্যবাণী প্রচারার্থ গমন করেন। শ্রীযুক্ত কালিদাস পাল ও শ্রীযুক্ত জীবনকৃষ্ণ পাল মহাশয়ের সনির্ব্বন্ধ অনুরোধে তথায় অবস্থানপূর্ব্বক সজ্জনবর্গের আগ্রহে বিভিন্নস্থানে পাঠ, কীর্ত্তন ও বক্তৃতাদি করিয়াছেন।

২।১।৩৮ তারিখে আমুলগ্রামে সিদ্ধেশ্বরী নাটমন্দিরে 'সনাতন ধর্ম্ম' সম্বন্ধে শ্রীপাদ দেবানন্দ ব্রহ্মচারীজী প্রথমে আধঘণ্টা বক্তৃতা করেন। পরে শ্রীপাদ ভক্তিসৌধ ভক্তিবৈভব ভক্তিশাস্ত্রী মহোদয় প্রায় ১॥ ঘণ্টাকাল সুললিত ভাষায় উক্ত বিষয়ে বক্তৃতা প্রদান করেন।

৩।১।৩৮ তারিখে উক্ত নাটমন্দিরে সমাগত সজ্জন ব্যক্তির আগ্রহে উপদেশক শ্রীপাদ ভক্তিসৌধ ভক্তিবৈভব ভক্তিশাস্ত্রী 'শ্রীমদ্ভগবদ্গীতা' সম্বন্ধে প্রায় ২ ঘণ্টাকাল প্রাঞ্জলভাষায় গীতার মাহাত্ম্য ব্যাখ্যা করেন। সমাগত জনমণ্ডলী এরূপ মুগ্ধ হন যে পুনঃ পুনঃ শ্রবণের আগ্রহ প্রকাশ করেন। সভায় শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত বঙ্কিমবিহারী বেদান্ততীর্থ বি-এ, শ্রীযুক্ত কালিদাস পাল, শ্রীযুক্ত জীবনকৃষ্ণ পাল, শ্রীযুক্ত মথুরাচন্দ্র পাল প্রভৃতি সজ্জন উপস্থিত ছিলেন। সভার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হইয়াছে।

উক্ত আমতা থানাতে এক দিবস 'সনাতনধর্ম্ম'-সম্বন্ধে এবং দ্বিতীয় দিবস 'জীবের শ্রেয়ঃপথ' ও 'ভাগবত'-সম্বন্ধে ভক্তিশাস্ত্রী মহোদয় বিচারপূর্ব্বক প্রায় ১॥ ঘণ্টা বক্তৃতা করেন।

৬।১।৩৮ তারিখে উক্ত-গৌড়ীয় শ্রীযুক্ত জীবনকৃষ্ণ পাল মহাশয়ের বাটীতে ছায়াচিত্রে শ্রীমন্মহাপ্রভুর লীলা দেখান হয় এবং ভক্তিসিদ্ধান্তবাণী প্রচারিত হয়। জগতের একটা মঙ্গল শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তনের দ্বারা সাধিত হয় এবং অন্যান্য অপসম্প্রদায় যাহা দুষ্পরিমাণে অমঙ্গল ঘটাইয়াছে তাহাও দুষ্ট পুনঃ বিচার সাধিত হয়।

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্য মঠ [illegible]

প্রাচীন নবদ্বীপ, [illegible] শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীচৈতন্যদেব [illegible] শ্রীচৈতন্য [illegible] পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ [illegible] বিগ্রহ আছেন। [illegible]

রক্ষক - [illegible]

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। [illegible]

[illegible] শ্রীধাম [illegible] পাঠ, [illegible]

[illegible] আদিপীঠ [illegible] 'গৌড়ীয়' [illegible]

[illegible] সর্ব্বতোভাবে [illegible] শ্রীগৌড়ীয় [illegible]

প্রকাশিত হয়। [illegible]

শ্রীচৈতন্য বাণী প্রচারিত হয়।

(৩) যোগপীঠ মায়াপুর মঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।

রক্ষক—শ্রীমদ্ [illegible] মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক শ্রীবংশীগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অন্তর্দ্বীপকাশ্রমনীলমাধব

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ [illegible] মহারাজ

(৯) আনন্দ সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে শ্রীল বিদ্বৎ শ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্তমান। রক্ষক—শ্রীভগবান্‌দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিপিনকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

[illegible] ঠাকুর [illegible] স্থান

রক্ষক -শ্রীবৈষ্ণবদাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক -শ্রীমহেশচন্দ্র ব্রহ্মচারী।

(১৪) জয়দেব গৌড়ীয় মঠাশ্রম

রক্ষক -শ্রীমহাপ্রভু ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক - শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাইটোলা (শ্রীবৃন্দাবনের প্রাচীন নিকটবর্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক শ্রীগোবিন্দদাস বাবাজী।

১৭ [illegible]

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক শ্রীকৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)

রক্ষক—শ্রীমধুনাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁটাপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক -শ্রীচন্দ্রকিশোর ব্রহ্মচারী।

(২১) বাগবাজার গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীকুঞ্জনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগনা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ বাসাধিকারী।

(২৩) মাধবগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর পোঃ ঢাকা

রক্ষক—শ্রীমাধবদাস ব্রহ্মচারী।

(২৫) পরাই-গৌরাঙ্গ মঠ

পোঃ গলিয়াটি, (ঢাকা)

রক্ষক - শ্রীধরিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

মনোহরপুর, পোঃ ময়মনসিংহ

রক্ষক -মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীভবতোষ ভক্তিশাস্ত্রী এম এ, বি এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন বাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জিলিং গৌড়ীয়মঠ

লগটোলিয়া, দার্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিয়ার, জিঃ সাতারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীমহেশচন্দ্র প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীনৃসিংহানন্দ ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

[illegible] রোড, গয়া

রক্ষক - শ্রীহরিবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৮১নং ক্ষিরপুরা, বেনারস সিটি

রক্ষক শ্রীসদানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক শ্রীমধুসূদন ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ, পি।

রক্ষক - শ্রীমদনগোপাল ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক— শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক -শ্রীভক্তিবিকাশ আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

গোপেশ্বর, বৃন্দাবন

(৪০) ব্রহ্মানন্দ কুঞ্জ-কুটী

পোঃ রাধাকুণ্ড। মথুরা

রক্ষক--শ্রীচিদানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ শ্রীরাধাকুণ্ড,

(৪২) রাধাকুণ্ড গৌড়ীয়মঠ

রক্ষক—শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গৌরবিহারী মঠ—সেবাশ্রম,

পোঃ [illegible], জেলা গুর্দাসপুর (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগৌরবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক -শ্রীননীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং হনুমান রোড, নিউ দিল্লী,

রক্ষক—শ্রীগৌরাঙ্গ [illegible] ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণবাগ বিল্‌ডিং বোম্বে

রক্ষক—শ্রীঅবিদ্ব ব্রহ্মচারী।

(৫১) মান্দ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মান্দ্রাজ

[illegible] শ্রীশ্রীবিগ্রহের সেবা

রক্ষক —[illegible]

ব্রহ্মচারী ভক্তশাস্ত্রী

(৫২) ব্রহ্মানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভুর, কভুর গোদাবরী মান্দ্রাজ

শ্রীশ্রীরুক্মিণীগোপালের শিকা-মিলিঙ্গের সেবা বর্তমান। মঠরক্ষক —পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ বিদ্যারত্ন

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক -শ্রীগদাধর বাসাধিকারী

(৫৫) ভক্তি কুটী স্বর্গদ্বার, পুরী

(৫৬) গৌ. কুটী

রক্ষক —শ্রীভক্তিকেশব বাসাধিকারী

(৫৭) ক্ষি ক্ষি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক —শ্রীজ্ঞানানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁধপাড়া, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীবিলাস বরাহ বাসাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক —শ্রীলালা মদনমোহন

(৬০) কাপনবহুতসারানন্দ মঠ

চিঙ্গড়িয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক -শ্রীভগবানদাস ব্রহ্মচারী ভক্তিরত্ন

(৬১) অমর্দি গৌড়ীয়মঠ

পোঃ অমর্দি, মেদিনীপুর

রক্ষক - শ্রীনরহরিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ মাড় (বাঁকুড়া)

রক্ষক— শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রহ্মচারী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ বাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ফুলবেড়িয়া, পোঃ চিতুড়িয়া, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠাশ্রম

১৮০।৪০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ [illegible] গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্লাট নং ২

৫১, কাউয়েনরোড

ক্ল্যাপহাম, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ভক্তি ভক্তিপ্রদীপ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধভূষণ চক্রবর্তী প্রভুবিত্ত'সভার সম্পাদিত শ্রীসদানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলকাতার বাজার দর

২রা জানুয়ারী ১৯৩৮

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬৷০
বাজা চাল	৫৷০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
দাদখানী	৫৷০
বাঁশফুল নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
রেঙ্গুন ভোবাশিটি	৪৲
সিদ্ধ রেঙ্গুন	৩৷৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
পেশোয়ারী	১০৲-১০৷০
বাঁশফুলী আতপ	৫৷০-৫৷৵
ঐ মাঝারি	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ রেঙ্গুন	৩৵০

চিনির দর

কাশীপুর, টাইপ	১০৷৵০
ত্রিপুর ১০০০ নং	১০৴০
[illegible] সাদা	৯০
[illegible]পুর সাদা	৮৷০—৯৵০
[illegible]পুর লাল	৭৷৵০—৮

সোনা-রূপার দর।

প্রতি ভরি

কশালের বার	৩৪৷
রূপা	১২
গিনিবার	৫০৷

পাটের দর

[illegible]—	৪০৷০
[illegible]—	৪০৷
[illegible]—	৪১৷০
[illegible] বস্তার দর—	৪১৲

ডাল ও ময়দার দর

পাটনাই মসুর প্রতি মণ	৬৷০—৬৷৵
[illegible] ঐ	৬৲—৬৵
[illegible] ঐ	৫৷৵০—৫৷০
[illegible]	৬৲—৬৵
[illegible] (বি)	৫৷০—৫৷৵
[illegible] নং (২	৫৴০—৫৷৵
[illegible] (এম)	৫৲—৫৷
[illegible] (কে)	৪৷০—৪৷০
[illegible] নং (৩)	২৷০—২৷৵
[illegible]	১৷৵০ - ১৷০
[illegible]	১৷৵০—১৷৵০

মুতের দর

[illegible]	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৫০৲
[illegible]	৪৫৲
[illegible]	৩৬৷০

তার	৪৫৲
কাবুল	৩৫৲
বাজা গাওয়া	৪১৷০
২৬ গেজ—	১৭৷০
গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ	১০৲

লোহ ও হার্ডওয়্যার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

পোতার কড়ি (জয়েষ্ট বা বীম।

মার্কা	৮৷৵০—৯৷০
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ ৯৷৵	
ঐ ইংলিশ জয়েষ্ট (বীম।	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮৷০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷০—৯৷৵০

টাটা গ্যাঃ করগেট সিট।

২৪ গেজ—	১৪৲
২৬ গেজ—	১৬৷০
২৮ গেজ—	১৮৲

টাটা গ্যাঃ প্লেন সীট

২৪ গেজ—	১৯৵০
২৬ গেজ—	১৪৷৵০
২৮ গেজ—	১৬৷৴০

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৫৲
সীস	৮৵৫—৯৵০
[illegible] কাটা পাত ([illegible])	১০৷০
প্লেট কাটিং বা সিট কাটা দর	৩৷০—৫৷০

পাতি কাটিং ১—৯ ফুট লম্বা

৬৲০ - ৭৲ টন

গোল রড কাটিং লম্বা ১—৩ফুট ৯৲—১০৲

ঐ „ ৩—১০ ফুট ৯৷০—১০৷০

টিন পাতি, বোল্টু পয়াদে ৮৷০ -৯৷০

গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের

ও [illegible] ৮৷০—১০৷০

[illegible] ইস্পাত আসল ২৫৲ নকল ২০৷০

[illegible] হালদাম ৫৵০, গাটের [illegible] ৩৷০

[illegible] হালদাম ৪৷০

সুতের দর

কলিকাতা ২৬শে জুন,

[illegible] কাইন	৫৭৲
[illegible]	৪০৲
[illegible] কাইন	৭৪৲
[illegible]	৫৯৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৮শে জুন,

প্রতি মণ

[illegible]	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	
[illegible]	৫৷০—১৭৷০
[illegible] নূতন পাটনাই	১৭৲ ১৮৷০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স লিঃ

৫-৫ [illegible] ঘাট [illegible], [illegible]

কলিকাতা

বি!

সন এণ্ড গ্র্যাণ্ড সন্স অফ লেট বি সরকার

অলঙ্কার ও রৌপ্যের বাসন নির্মাতা

পুরাতন সোনার বদলে নূতন গহনা পাওয়া যায়।

মজুরী সুলভ।

আমাদের নিজ কারখানায় প্রস্তুত একমাত্র গিনিসোনার নানাবিধ হাল ফ্যাশানের গহনা বিক্রয়ার্থ মজুত থাকে এবং অর্ডার অনুযায়ী প্রস্তুত করিয়া ভিঃ পিঃ যোগে পাঠান হয়। পত্র লিখিলে বিনা মূল্যে নূতন ক্যাটালগ পাঠান হয়।

ফোন ১৭৩১ বড়বাজার টেলি-ব্রিলিয়ান্টস্

১২৪,১২৪-১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা

বহুবাজার ও আমহার্ষ্ট ষ্ট্রীটের মোড়

কেশরোপ

[illegible] রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রাম নারায়ণ ভুবনেশ্বরী [illegible] "কেশরোপ" [illegible]। এমন [illegible] ঔষধ আজ পর্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, [illegible] জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি [illegible], [illegible], [illegible] এবং [illegible] "কেশরোপ" [illegible]। [illegible] এবং [illegible] তোমার একমাত্র টনিক।

সেবন বিধি ঃ জ্বর কম অবস্থায় পূর্ণ বয়স্কের [illegible] চায়ের ২ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর অবধি ১ চামচ জলের [illegible], তাহার [illegible] ৩০ ফোঁটা জলের [illegible] বৎসরের [illegible] ফোঁটা জলের সহিত দিবে। জ্বর অবস্থায় মাছ, বার্লি, ফল [illegible] পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা [illegible] বড় [illegible] মাত্রা মূল্য [illegible]।

দি রাম নারায়ণ ভুবনেশ্বরী [illegible] ওয়ার্কস্,

[illegible], [illegible] ([illegible])

[illegible]-২৫১নং [illegible] পোঃ আঃ [illegible]।

[illegible] বড় বড় দোকানে পাওয়া যায়।

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

হেমসার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

[illegible] জ্বর [illegible]। [illegible] বড় বোতল ১৷০ আনা। [illegible]

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

অথবা

পোঃ [illegible], [illegible] পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

[illegible] শ্রীল ভক্তিবিনোদ [illegible] কিন্তু [illegible] গৌড়ীয় [illegible] শ্রীমৎ [illegible] ভক্তিবিনোদ [illegible] ঠাকুর [illegible] প্রকাশিত হইয়াছে। [illegible] পৃষ্ঠা [illegible] ডাক [illegible]

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
বাগবাজার
কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের
প্রতি লাইনের প্রতি [illegible]	।৵০	।৵০	।৵০	।০
" " ইঞ্চি ২৲	১।০	১।০	১।০	১৲
সিকিকলম ৫৲	৪।	৪৲	৪৲	৩৲
" অর্দ্ধকলম ৮৲	৬৲	৬৲	৬৲	৫৲
"	১০৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

বিজ্ঞাপনে প্রতি ইঞ্চি ৩	৪।০
" সিকি কলম ১ ৲	১১৲
" অর্দ্ধকলম ১৪৲	১৮৲
" এক কলম ৩৮৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১

প্রতি সংখ্যা [illegible] বিশেষ সংখ্যা [illegible]।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

[illegible] কলেজের [illegible] অধ্যাপক [illegible]

[illegible] শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; [illegible]

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা, ব.পৃ

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ, ১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ [illegible] ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইয়াছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। **শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্**
এখান হইতে [illegible] একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া[-প্রকাশ]" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। **শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্**
একমাত্র [illegible] পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে [illegible] প্রকাশিত হইয়া [illegible] বিধান করিতেছে। [illegible] পাক্ষিক [illegible] "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।এ নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। **শ্রীভাগবত প্রেস**
কৃষ্ণনগর [illegible] অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। **পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্**
ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া [illegible] পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীকৃষ্ণনামপ্রচারক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
প্রধানবৈষ্ণব-সংরক্ষক
নিত্যলীলাপ্রবিষ্ট
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1541

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আচার্য্যবর্য্য
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র সজ্জন-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৪ঠা মাঘ, ১৩৪৪, ১৮ই জানুয়ারী, ১৯৩৮, মঙ্গলবার [সংখ্যা ২৬৬]

বিবিধ সংবাদ

——(০(::)০)——

শান্তিপুরে শিক্ষার ব্যবস্থা

শান্তিপুরের মধ্য শ্রেণীর ও প্রাথমিক বিদ্যালয়গুলি গত বৎসরের উত্তীর্ণ ছাত্রসংখ্যার অনুপাতে সাহায্য প্রাপ্ত হয় নাই। কিন্তু এখনও কেহ উদ্যোগী হইতেছেন না। কর্ত্তৃপক্ষ নীরব। জনসাধারণও ইহার কোন প্রতিকারের চেষ্টা করিতেছেন না।

বৃষ্টিপাত

গত ২১শে পৌষ রবিবার শান্তিপুরে ও তাহার বহু স্থানে বৃষ্টিপাত হইয়াছে। বৃষ্টির ফলে মাঠ হইতে যে সব ধান এখনও উঠে নাই তাহার কিছু ক্ষতি হইবে। রবি শস্যের কিছু ক্ষতি যে হইবে না এমন নহে।

শোক সংবাদ

গত ২১শে পৌষ শেষ রাত্রিতে 'বঙ্গ-শ্রী' প্রেস-মালিকের প্রতিষ্ঠাতা ও সাহিত্যিক শ্রীযুক্ত কানাইলাল বাগচি মহাশয়ের সহধর্ম্মিণী লীলাবতী বাগচি হঠাৎ হৃদরোগে আক্রান্ত হইয়া পরলোক গমন করিয়াছেন। তাঁহার এই আকস্মিক সংবাদে পল্লীর জনসাধারণ বিশেষ মর্ম্মাহত হইয়াছে।

গঙ্গাসাগর মেলা

১৩ই জানুয়ারী গঙ্গাসাগর মেলার যাত্রী মধ্যে দুইজন কলেরায়, দুইজন বসন্তে, এক নিউমোনিয়ায় আক্রান্ত হইয়াছে। মৃত্যু সংবাদ নাই। দুর্ঘটনায় নৌকা ডুবিয়া গিয়াছে স্বেচ্ছাসেবকগণের চেষ্টায় যাত্রীরা সকলেই রক্ষা পাইয়াছেন।

স্বাস্থ্য বিজ্ঞানের ডি-এস-সি পরীক্ষা

সম্প্রতি বাঙ্গলা সরকার বিশ্ববিদ্যালয়কে এক পত্র লিখিয়া স্বাস্থ্য বিজ্ঞানের ডি এস-সি, ডিগ্রীর পরীক্ষা আরও কঠিন করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছেন। এই উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয় কিছু দিন পূর্ব্বে একটি কমিটি গঠন করেন এবং উহার কয়েকজন সদস্য সরকারের অনুরূপ মন্তব্য করেন।

ডি পি-এইচ, পরীক্ষা এবং ডি, এস্-সি, ডিগ্রী পরীক্ষা উভয়ের মধ্যে একটি ইন্টার মিডিয়েট পরীক্ষা প্রবর্ত্তনের প্রস্তাব করিয়া সরকার পত্রে জানাইয়াছেন, বিশ্ববিদ্যালয় যদি মধ্যবর্ত্তী কোন পরীক্ষার ব্যবস্থা না করেন—তাহার বদলে যাহাতে অন্য কিছু গ্রহণ করা হয় এই সম্বন্ধে সরকার কতকগুলি পরামর্শ দিয়াছেন।

সরকারী মতে ডি-পি-এইচ পরীক্ষার জন্য ছাত্র লওয়া নির্ব্বাচন ব্যাপারে আরও কড়া ব্যবস্থা হওয়া উচিত। যাহাদের ব্যবসা আছে এবং অন্য কারণে যাহারা ক্লাসে আসিতে পারে না তাহাদিগকে এই পরীক্ষা দিতে দেওয়া উচিত নয়। পরীক্ষা আরও উচ্চস্তরের হওয়া বাঞ্ছনীয়। যে সকল ছাত্র পরীক্ষায় শতকরা ৭৫ নম্বর পাইবে কেবল মাত্র তাহাদিগকেই ডি-এস-সি, পরীক্ষা দিতে দেওয়া হইবে।

এই সকল প্রস্তাব যদি গ্রহণ করা না হয় তবে ডি-এস-সি কোর্স ২ বৎসরের বদলে বাড়াইয়া ৩ বৎসর করা হউক সরকার পত্রে তাহাও জানাইয়াছেন।

বিশ্ববিদ্যালয় যে কমিটি গঠন করিয়াছিলেন সরকারের এই প্রস্তাবনা তাহার বিবেচনাধীন রহিয়াছে।

বিশ্ববিদ্যালয়ের উপর সর্ত্ত পূরণের দাবী

বাঙ্গলা সরকার প্রতিবৎসর কলিকাতার বিশ্ববিদ্যালয়ে যে টাকা মঞ্জুর করিয়া থাকেন, সে সম্বন্ধে বাঙ্গলা সরকারের একাউণ্ট্যাণ্ট জেনারেল কলিকাতা বিশ্ববিদ্যালয়কে যে পত্র লিখিয়াছেন, তাহাতে একরূপ এক পরিস্থিতির উদ্ভব হইয়াছে। একাউণ্ট্যাণ্ট জেনারেল বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষকে উক্ত পত্রে জানাইয়াছেন যে, চলতি সরকারী বৎসরের জন্য বিশ্ববিদ্যালয়কে ৪ লক্ষ ৮৫ হাজার টাকা মঞ্জুর করিয়া গত ২রা ডিসেম্বর বাঙ্গলা সরকারের শিক্ষা বিভাগ হইতে বিশ্ববিদ্যালয়ের নিকট লিখিত পত্রে যে সব সর্ত্তের উল্লেখ আছে, তাহা পূরণের এক সুপারিশ পত্র বিশ্ববিদ্যালয়কে দাখিল করিতে হইবে।

জানা গেল যে, বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ নাকি একাউণ্ট্যাণ্ট জেনারেলকে জানাইয়াছেন যে, তাঁহার পত্রে যে কার্য্যধারার তিনি উল্লেখ করিয়াছেন, পূর্ব্বে কখনও উক্ত কার্য্যধারা অবলম্বিত হয় নাই। পূর্ব্বের অনুসরিত প্রথার ব্যতিক্রম করা হইবে না বলিয়াই তাঁহারা মনে করেন।

আমেদাবাদে শোচনীয় দুর্ঘটনা

গত ১২ই জানুয়ারী প্রাতঃকালে ক্যালিকো মিলের প্রাঙ্গণস্থ একটী গৃহের মধ্যে জনৈক পুলিশ একজন বিধবাকে (৩২) দুটী শিশু সন্তানসহ মৃত অবস্থায় দেখিতে পায়। প্রকাশ যে, আগের দিন রাত্রে শীতের জন্য কক্ষগৃহের মধ্যে একটী জলন্ত চুল্লী রাখা হইয়াছিল। গৃহে বায়ু চলাচলের কোন পথ না থাকায়, সকলেই শ্বাসরুদ্ধ হইয়া মারা গিয়াছে।

কৃষ্ণনগরে প্রদর্শনী

——::)০(:: ——

২৫শে জানুয়ারী ষ্টল সম্বন্ধে আবেদনের শেষ দিন

কৃষ্ণনগর সহরে আগামী ৩রা ফেব্রুয়ারী তারিখে একটী প্রদর্শনী খোলা হইবে। তদুপলক্ষে প্রদর্শকগণের প্রদর্শিত স্বদেশী দ্রব্যাদির যোগ্যতা বিচারে পুরস্কার প্রদান করা হইবে। প্রাইভেট ব্যবসাদারগণের দ্রব্যাদি বিক্রয়ের সুবর্ণসুযোগ উপস্থিত।

এক একটী ষ্টল, দৈর্ঘ্য একখুঁটি হইতে আর একখুঁটি পর্য্যন্ত এবং গভীর ৯ ফুট, উহার ভাড়া ১২॥০ টাকা; আর ঐ দৈর্ঘ্য ও ৬ ফুট গভীর—ভাড়া ১০ টাকা। বৈদ্যুতিক আলোক ও অন্যান্য আবশ্যকীয় বন্দোবস্ত আছে। ষ্টলের জন্য আবেদনকারিগণের শেষ দরখাস্ত আগামী ২৫শে জানুয়ারী পর্য্যন্ত গৃহীত হইবে।

স্বাঃ এম, এম্ ষ্টুয়ার্ট
কলেক্টর ও প্রেসিডেণ্ট
প্রদর্শনী-কমিটী,-কৃষ্ণনগর

রেলওয়ে কমিশনারের অফিসার

ভারত সরকারের এক ইস্তাহারে প্রকাশ,- রেলওয়ের বিরোধগুলি আপোষে নিষ্পত্তি করিবার জন্য লেফ্টেনাণ্ট কর্ণেল এইচ ডবলিউ ওয়াগষ্টাফকে "কন্সিলিয়েশন অফিসার পদে নিযুক্ত করা হইয়াছে। তিনি কলিকাতার ১নং কাউন্সিল হাউস ষ্ট্রীটের দোতলায় ২৪নং রুমে তাঁহার অফিস খুলিয়াছেন।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বাঙ্গালাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য সহ শ্রীচৈতন্যভাগবত
(অবাঁধা) ৭৲
অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণব ... ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। বামন-আনন্দ ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়-গৌরব ।৶০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। শ্রীকৃষ্ণচৈতন্য গণোদ্দেশঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)
(বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌরমণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ⁄০
৪১। গীতাবলী ⁄০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ⁄০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄০
৪৫। নবদ্বীপশতক ⁄০
৪৬। স্মরণমঙ্গল ⁄০
৪৭। সদাচারস্মৃতিঃ ⁄০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ⁄১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ নির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভাগবতধর্ম্ম ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণভজনেশ্বর ৶০
৫৯। শিক্ষাদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ⁄০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ⁄০
৬৭। সারাৎসারবর্ষিণম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ⁄
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী য্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৶০
৭৩। লাইফ য্যাণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ⁄০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল য্যাণ্ড আনর্য্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভলুম ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ⁄০
৮৪। শরণাগতি ⁄০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরিচালনায় গৌড়ীয় মঠ হইতে সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত ... সডাক ভিক্ষা ৪।০, কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত - ভিজিগাপট্টম হইতে পারমার্থিক পাক্ষিক। বৈদিক ... শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ।০।

৪। পরমার্থী - শ্রীযুক্ত রঘুনাথ ... সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ সৎশাস্ত্র
পাঠ ও সৎ সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পত্রের প্রথম খণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
উহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১২শ বর্ষ | ২ মাধব গৌরাব্দ ৪৫১, ৪ঠা মাঘ বঙ্গাব্দ ১৩৪৪, ১৮ই জানুয়ারী ইং ১৯৩৮, মঙ্গলবার } ২১৬তম সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

—::(*)::—

আজমের নগরীতে

গত ২রা জানুয়ারী স্থানীয় খাজার পার্ষি কলনি প্রবাসী শ্রীযুক্ত অজয় কুমার সেন মহাশয়ের সাদর আহ্বানে, এবে শ্রীগৌড়ীয়মঠের সেবকগণ সন্ধ্যা ৭ ঘটিকার সময়ে তাঁহার বাটীতে উপস্থিত হন।

তথায় শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের প্রারম্ভে 'সংসারদুঃখজলধৌ' শ্লোকটীর ব্যাখ্যামুখে যাহা বদ্ধ পতিত জীবের দুর্গতির বিষয় বিশেষভাবে বুঝাইয়া দেন এবং শ্রীভগবত্তত্ত্ব জানিতে হইলে শাস্ত্রের অনুসরণ করা যে অবশ্য কর্তব্য তাহাও কীর্তন করেন। আবার সেই শাস্ত্রের প্রকৃত অর্থ হৃদয়ঙ্গম করা শাস্ত্রতত্ত্ববক্তা সদ্গুরুর চরণাশ্রয়েই একমাত্র সম্ভবপর। শ্রীমদ্ভাগবত এবং [illegible] অনেক মূল্যবান্ সিদ্ধান্ত সমূহ কীর্তন করেন।

সভাস্থ সকলে বিশেষ আগ্রহের সহিত ব্রহ্মচারীজীর পাঠ ও ব্যাখ্যা শ্রবণ করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্তন হইয়াছিল। পাঠের অন্তে শ্রীযুক্ত অজয় বাবু সমাগত বহু ভদ্রমহোদয়, ভদ্রমহিলা ও বালক-বালিকাদিগকে নানা প্রকার মিষ্টান্ন প্রসাদ বিতরণ করেন।

গত ৩রা জানুয়ারী খাজার নিবাসী শেঠ ফাজলাল জিনাভাই মহোদয়ের [illegible] সহধর্মিণীর পরলোক গমনে শোকসন্তপ্ত পরিবারবর্গ হরিকথা-শ্রবণেচ্ছু হইয়া মঠস্থ ব্রহ্মচারিবৃন্দকে তাঁহার বাটীতে আহ্বান করেন। ব্রহ্মচারিগণ সন্ধ্যা ৮ ঘটিকার সময়ে তাঁহার বাটীতে উপস্থিত হইয়া শ্রীমদ্ভাগবত পাঠ ব্যাখ্যা এবং মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্তন করেন।

শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী গুজরাটি ভাষায় শ্রীমদ্ভাগবতব্যাখ্যা-মুখে ভগবদ্বিমুখতার জন্যই যে জীবের জন্ম, মৃত্যু ও সংসারে গমনাগমন এবং ভগবদুন্মুখতা-দ্বারাই যে সংসারদুঃখ ও জন্ম-মৃত্যুর হাত হইতে চিরতরে নিস্তার লাভ করা যায় প্রভৃতি বিষয়গুলি শাস্ত্রপ্রমাণ সহ বিশেষভাবে বুঝাইয়া দেন।

গত ৬ই জানুয়ারী [illegible], শ্রীমন্মহাপ্রভুর প্রতি বিশেষ অনুরাগযুক্ত শেঠ রতিলাল হীরালাল মহোদয়ের সাদর আহ্বানে মঠস্থ ব্রহ্মচারিগণ রাত্রি ৯ ঘটিকার সময় তাঁহার বাটীতে উপস্থিত হন।

তথায় শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীজী গুজরাটি ভাষায় শ্রীচৈতন্যচরিতামৃত ব্যাখ্যা করেন। শ্রীমন্মহাপ্রভু যে স্বয়ং কৃষ্ণ এবং তিনিই এই যুগে ভক্তভাবে অবতীর্ণ হইয়া কলিযুগপাবন কৃষ্ণনাম সংকীর্তন প্রচার করেন প্রভৃতি বিষয় ভক্তিশাস্ত্রীজী শাস্ত্র সহায়পূর্ণ অনেক হরিকথা কীর্তন করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্তন হইয়াছিল।

এতদ্ব্যতীত প্রত্যহ শ্রীমঠে সন্ধ্যারাত্রিক কীর্তনান্তে ব্রহ্মচারীজী সমাগত ভদ্র ব্যক্তিগণের নিকট গুজরাটী এবং বাঙ্গালা ভাষায় শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করিতেছেন।

[illegible]

গত ৪।১।৩৮ ও ৫।১।৩৮ ইং তারিখে শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক পণ্ডিত শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিবৈভব প্রভু [illegible] স্থানীয় নাটমন্দিরে 'সনাতনধর্ম' সম্বন্ধে বক্তৃতা প্রদান করেন। বক্তৃতায় কর্ম, জ্ঞান যোগ ও ভক্তির বৈশিষ্ট্য বিচার পূর্বক ভক্তির প্রাধান্য স্থাপন করেন। ভক্তিই যে একমাত্র সর্বজীবের প্রার্থনীয় বিষয় তাহা তিনি কীর্তন করেন। পঞ্চ-উপাসনা ও ঐকান্তিকী ভক্তির পার্থক্য সম্বন্ধেও বহু শাস্ত্রপ্রমাণ উদ্ধৃত করিয়া আলোচনা করেন। ভক্তিই আত্মার সহজ ধর্ম, সুতরাং আত্মধর্মে বা সনাতনধর্মে কোন প্রকার সাম্প্রদায়িকতা থাকিতে পারে না। দেহ ধর্মে বা মনোধর্মেই সাম্প্রদায়িকতা আছে। জীব যে সময় 'বহুদেবতা' পোষণ করে সেই সময় অন্য দেবতার পূজায় রত হয়। ভগবান্ যে তাহার নিত্য সেব্য এ কথা ভুলিয়া যায়। গীতাও এই কথাই বলিয়াছেন—

"কামৈস্তৈস্তৈর্হৃতজ্ঞানাঃ
প্রপদ্যন্তেঽন্যদেবতাঃ।"

সভার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্তন হয়।

[illegible]

গত ১১ই পৌষ ২৭শে ডিসেম্বর [illegible] নিবাসী শ্রীযুক্ত [illegible] গত [illegible] শ্রীগৌরমন্দিরে [illegible] উদ্দেশ্যে [illegible] সভা আহূত হয়। উক্ত সভায় শ্রীশ্রীল প্রভুপাদের আলেখ্য যথোপযুক্ত পুষ্পমাল্যে সুসজ্জিত করা হয়। ভক্তিবিবেক ও বিরহগীতি এবং মহামন্ত্র কীর্তনমুখে সভার কার্য আরম্ভ হয়। পরে স্থানীয় ডাঃ শ্রীযুক্ত রাজেন্দ্রলাল চট্টোপাধ্যায় মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। শ্রীশ্রীল প্রভুপাদের অতিমর্ত্য চরিত্র সম্বন্ধে তিনি বলেন 'তাঁকে আপনারা শ্রীভগবৎপ্রেরিত নিজজন ব'লে বিশ্বাস করুন। গীতায় আমরা পাই যখনই ধর্মের গ্লানি হয় তখন শ্রীভগবান্ বা তাঁহার নিজজন জগতে প্রকটিত হন। বৈষ্ণবধর্মের গ্লানি উপস্থিত দিনে তিনি প্রকটিত হ'য়ে বাঙ্গলা, ভারতবর্ষ, এমন কি জগদ্বাসীকে রক্ষা ক'রে অপ্রাকৃত আলোকে উদ্ভাসিত ক'রেছেন। আপনারা সকলে আমাকে আশীর্বাদ করুন যেন সেই আলোকে আমি আলোকিত হ'তে পারি।"

তিনি দৈবদুর্বিপাকবশতঃ শেষক্ষণ সভায় থাকিতে পারেন নাই। পরে চন্দননগরের [illegible] হেডমাষ্টার শ্রীযুক্ত মণিলাল পাল মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। শ্রীশ্রীল প্রভুপাদের বাণীর [illegible] কথা বলিতে গিয়া তিনি বলেন "আমি নিজ জীবনে পালন না করিতে পারিলেও ইহা যে সর্বোত্তম এবং সর্বোত্তম কথা তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। অনেক ইহার বিরুদ্ধ আচরণ করেন, কিন্তু তাহা নিতান্ত ভুল।" উহার পর মহামন্ত্র কীর্তনমুখে শ্রীগুরু বৈষ্ণবের জয়ধ্বনির পর সভা ভঙ্গ হয়।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে।

বৈষ্ণবেরাই ব্রাহ্মণ। ব্রাহ্মণগণ বৈষ্ণবতার সর্ব্বনিম্ন সোপান। বৈষ্ণবতা ব্রাহ্মণতার চেয়ে অনেক বড় জিনিষ। বৈষ্ণবের মধ্যেই ব্রাহ্মণ। যেমন—এক লক্ষ টাকা যাঁর আছে, তাঁর সহস্র টাকাও আছে, সেইরূপ যিনি বৈষ্ণব, তিনি ব্রাহ্মণ। বৈষ্ণবতার অন্তর্ভুক্তই ব্রাহ্মণ্য।

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী
গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২রা মাঘ [illegible] গৌরাব্দ ৪৫১

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর আমাদের শ্রীগুরুদেব। তিনি গৌড়ীয়বৈষ্ণবকুলগুরু। কলিযুগপাবনাবতারী শ্রীশ্রীমহাপ্রভু ও তদনুগ প্রধান শ্রীরূপ-সনাতনাদি গোস্বামিগণের অপ্রকটের পর শুদ্ধভক্তিস্রোত—ভাগবতধারা—ভক্তিসিদ্ধান্তধারা বা আচার্য্যধারা শ্রীনিবাস আচার্য্য, ঠাকুর নরোত্তম ও শ্রীশ্যামানন্দ প্রভুত্রয়কে আশ্রয় করিয়া প্রবাহিত হয়। ইঁহারাই ছিলেন তখন তৎকালীন ভক্তিধারার শ্রেষ্ঠ সংরক্ষক—মহাপ্রভুর নিজজন। সেই ঠাকুর নরোত্তমের শিষ্যানুশিষ্যে চতুর্থ অধস্তন হইতেছেন—আমাদের পরম পূজ্যপাদ মহামহোপাধ্যায় শ্রীশ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর।

গৌড়ীয়বৈষ্ণবমাত্রেই শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের কথা অবগত আছেন। যাঁহারা শ্রীমদ্ভাগবত আলোচনা করেন, গীতাপাঠ করেন, ও গোস্বামিশাস্ত্রাদি আলোচনা করেন, তাঁহারা সকলেই শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের অলৌকিক কীর্ত্তির কথা শুনিয়া থাকিবেন। আমাদের এই ঠাকুরটী গৌড়ীয়বৈষ্ণবগণের মধ্যকালীন সংরক্ষক ও বিখ্যাত আচার্য্য। এখনও সাধারণ বৈষ্ণবগণের মধ্যে এই চক্রবর্ত্তী ঠাকুরের গ্রন্থাদি সম্বন্ধে একটী কিংবদন্তী আছে। যথা—"কিরণ-বিন্দু-কণা। এই তিন নিয়ে বৈষ্ণবপনা॥" এই 'ভক্তিরসামৃতসিন্ধু-বিন্দু', 'ভাগবতামৃতকণা', ও 'উজ্জ্বলনীলমণি-কিরণ' অতি দুর্লভ গ্রন্থ। তাঁহার সম্বন্ধে এই শ্লোকটীও সর্ব্বত্র গীত হইতে শুনা যায়।

বিশ্বস্য নাথরূপোঽসৌ ভক্তিবর্ত্মপ্রদর্শনাৎ।
ভক্তচক্রে বর্ত্তিতত্বাৎ চক্রবর্ত্ত্যাখ্যয়াভবৎ॥

অর্থাৎ ইনি বিশ্ববাসী সকলকেই ভক্তিপথ প্রদর্শন করিয়াছিলেন বলিয়া বিশ্বনাথ, ভক্তমণ্ডলীতে অবস্থিত ছিলেন বলিয়া তাঁহার নাম—চক্রবর্ত্তী। তিনি গৌড়ীয়বৈষ্ণবকুলচূড়ামণি—গৌরপার্ষদবিগ্রহ, শ্রীগোস্বামিবর্গের নিত্য পার্ষদ। কিন্তু এই সম্প্রদায়বিশেষের অনেক প্রাকৃতসহজিয়া সহজিয়াকল্পনাপ্রসূত বলিয়া তাঁহার চরণে অমার্জ্জনীয় অপরাধ করিয়া থাকে, কিন্তু প্রকৃত প্রস্তাবে তিনি বৈষ্ণবাচার্য্য। গৌড়ীয়বৈষ্ণবগণ যে তাঁহার নিকট কতদূর ঋণী হইয়াছেন, তাহা অবর্ণনীয়। শ্রীল চক্রবর্ত্তী ঠাকুর নদীয়াজেলার রাঢ়ীয় শ্রেণীর ব্রাহ্মণকুলে আবির্ভূত হন। ইনি কাহারও মতে হরিবল্লভ দাস নামেও খ্যাত ছিলেন। রামভদ্র ও রঘুনাথ নামে তাঁহার দুইটি জ্যেষ্ঠ ভ্রাতা ছিলেন। বাল্যকালে দেবগ্রামে থাকিয়া ব্যাকরণ পাঠ সমাপনপূর্ব্বক মুর্শিদাবাদ জেলার সৈয়দাবাদ গ্রামে তিনি গুরুগৃহে ভক্তিশাস্ত্র অধ্যয়নের জন্য গমন করিয়াছিলেন। শ্রীরাধারমণ চক্রবর্ত্তী তাঁহার গুরুদেব। এই শ্রীরাধারমণ শ্রীগঙ্গানারায়ণ চক্রবর্ত্তীর শিষ্য শ্রীকৃষ্ণচরণের শিষ্য ছিলেন। শ্রীল চক্রবর্ত্তী ঠাকুর তাঁহার শ্রীগুরুদেবের স্তোত্র, পরম গুরুদেবের স্তোত্র, পরাৎপর গুরুদেবের স্তোত্রাষ্টক ও পরমপরাৎপর গুরুদেবের স্তোত্রাষ্টক রচনা করিয়াছিলেন। এই ছবি তাঁহার স্তবামৃতলহরী গ্রন্থে অপর বহু স্তোত্রের সহিত সংগৃহীত আছে। তিনি [illegible] থাকিয়া বহু গ্রন্থ রচনা করেন। বর্ত্তমান সময়ে ছাপানো তাঁহার দুই চারখানি গ্রন্থ ব্যতীত সমুদয় গ্রন্থই গৌড়ীয়বৈষ্ণবগণের পরমাদরের সম্পত্তি হইয়াছে। তিনি কোন সময়ে শ্রীগোবর্দ্ধনে, কোনও সময়ে শ্রীরাধাকুণ্ডতটে, কোনও সময়ে যাবটে এবং কোনও সময়ে শ্রীবৃন্দাবনে গোকুলানন্দজীতে বাস করিয়াছিলেন। তাঁহার বিভিন্ন গ্রন্থের শেষভাগে এইসকল কথা স্পষ্টভাবে লিখিত আছে। শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের উদয়কাল নির্ণয়ে আমরা তৎকৃত শ্রীকৃষ্ণভাবনামৃত-গ্রন্থের শেষভাগে দেখিতে পাই যে, তিনি ১৬০১ শকাব্দের মাঘীপূর্ণিমা দিবসে এ গ্রন্থরচনা শেষ করেন। আবার তৎকৃত শ্রীমদ্ভাগবতের টীকা সারার্থদর্শিনীর মধ্যে দেখা যায় যে, ঐ টীকা লেখার কাল—১৬২৬ শকাব্দার মাঘ মাস। সুতরাং ১৫৬০ শকাব্দায় তাঁহার আবির্ভাবকাল ধরিলে এবং ১৬৩০ শকাব্দায় তাঁহার অপ্রকটকাল অনুমান করিলে সপ্ততিবর্ষকাল তিনি এই প্রপঞ্চে বিরাজমান ছিলেন, সুতরাং জানা যায়।

শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয়ের শিষ্য মুর্শিদাবাদ জেলান্তর্গত বালুচর গাম্ভীলা নিবাসী শ্রীগঙ্গানারায়ণ চক্রবর্ত্তী মহাশয় ভগবদিচ্ছাক্রমে কোন পুত্র সন্তান লাভ করেন নাই। তাঁহার একমাত্র কন্যা—বিষ্ণুপ্রিয়া। শ্রীরামকৃষ্ণ আচার্য্য নামক বারেন্দ্রশ্রেণীর একজন ব্রাহ্মণ শ্রীল ঠাকুরের একজন প্রধান শিষ্য ছিলেন। সেই আচার্য্যের কনিষ্ঠপুত্র শ্রীকৃষ্ণচরণকে শ্রীগঙ্গানারায়ণ দত্তকপুত্ররূপে গ্রহণ করেন। এই শ্রীকৃষ্ণচরণই শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের পরমগুরু। শ্রীরাসপঞ্চাধ্যায়ের সারার্থদর্শিনী টীকার প্রারম্ভে এই শ্লোকটী দেখিতে পাই,—

"শ্রীরামকৃষ্ণ-গঙ্গাচরণান্ নত্বা
গুরূনুরুপ্রেম্ণঃ।
শ্রীল নরোত্তমনাথ-শ্রীগৌরাঙ্গপ্রভুং নৌমি॥"

শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের ন্যায় সুবিস্তৃত সংস্কৃত গ্রন্থাদির লেখক গৌড়ীয়াচার্য্যগণের মধ্যে অল্পই প্রাদুর্ভূত হইয়াছে। তিনি এই বিপুল সংস্কৃত সাহিত্য লিখিয়াও পরন্তু গৌড়ীয়বৈষ্ণবসমাজের দুইটি বিশেষ কার্য্যে ব্রতী হইয়াছিলেন। সেই দুইটির প্রথম—মূল কীর্ত্তনের কার্য্য। শ্রীনিবাস আচার্য্য-কন্যা শ্রীমতী হেমলতা ঠাকুরাণী শ্রীরূপ কবিরাজ নামক একটি উদাসীন শিষ্যকে গৌড়ীয়বৈষ্ণবসমাজ হইতে বর্জ্জন করেন। সেই রূপ কবিরাজ গৌড়ীয়বৈষ্ণব সম্প্রদায়ের অতিবাড়ী নামক উপশাখার মধ্যে গণিত হন। তিনি গৌড়ীয়বৈষ্ণবসমাজের প্রতিকূলে এই সিদ্ধান্ত করেন যে, ত্যাগী ব্যক্তি একমাত্র আচার্য্যের কার্য্য করিতে সমর্থ। গৃহস্থগণের মধ্যে ত আচার্য্য হইবার সম্ভাবনা নাই। বিধিমার্গের সম্পূর্ণ অনাদর করিয়া বিশৃঙ্খলপূর্ণ রাগমার্গ প্রচারই তাঁহার চেষ্টা ছিল। শ্রবণ ও কীর্ত্তনের [illegible] সমুদয় এই গোস্বামিমত-প্রতিকূল পন্থা কাহারও মধ্যে প্রচার করেন। শ্রীল চক্রবর্ত্তী ঠাকুর শ্রীমদ্ভাগবত তৃতীয় স্কন্ধের টীকা সারার্থদর্শিনীতেই ইহার প্রতিবাদ করিয়াছেন। ইহা শ্রীজীবগোস্বামি-লিখিত ভক্তিসন্দর্ভের অনুগত পথমাত্র। শ্রীরূপ কবিরাজ আচার্য্যবংশে অথবা শ্রীনিত্যানন্দপ্রভুর পুত্র শ্রীবীরচন্দ্রের বংশে এবং শ্রীঅদ্বৈতপ্রভুর আত্মজগণের বংশে গৃহস্থ হইয়া 'গোস্বামী' উপাধি প্রদান করা দিগের উচিত নহে, এই কথা প্রচার করিলে শ্রীল চক্রবর্ত্তী ঠাকুর তাহার প্রতিবাদ করতে শিষ্য আচার্য্যবংশের যোগ্য অধস্তন গৃহস্থ সন্তানের আচার্য্যের কার্য্য করা অসঙ্গত নহে প্রমাণ করেন। পরন্তু বংশ পারম্পর্য্যক্রমে বা শিষ্যাদির গোষ্ঠে অযোগ্য আচার্য্যসন্তানগণের ভিন্ন ভিন্ন নামের পশ্চাতে 'গোস্বামী' পদ সংযোজনা করা উচিত নহে বলেন। তজ্জন্য তিনি নিজে আচার্য্যের কার্য্য করিলেও নিজ নামের সহিত কখনও গোস্বামী পদ সংযোগ করেন নাই। ইহা [illegible] আচার্য্যসন্তানগণের অনধিকারের নির্দ্দেশরূপে রহিয়া গিয়াছে।

সেকালে আচার্য্যসন্তানগণ নিজ নিজ নামের পার্শ্বে 'গোস্বামী' পদ লিখিয়া স্ব স্ব অনধিকারের পরিচয় দিতেছিলেন এবং [illegible] সেই সময়ে জয়পুরে শ্রীগোবিন্দদেবের মন্দিরে শ্রীরামানুজ সম্প্রদায়ের আচার্য্যগণ গৌড়ীয়বৈষ্ণবের প্রতিপক্ষে এক বিপুল সংগ্রাম আরম্ভ করেন। সেইকালে জয়পুররাজ শ্রীবৃন্দাবনের প্রধান গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যদিগকে শ্রীরূপগোস্বামীর অনুগত বলিয়া শ্রীরামানুজীগণের সহিত বিচার করিবার জন্য আহ্বান করেন। এই ঘটনা ১৬২৮ শকাব্দায় শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের অতি বৃদ্ধ বয়সে সংঘটিত হওয়ায় তাঁহারই পরামর্শক্রমে তাঁহার ছাত্রপ্রতিম গৌড়ীয়বৈষ্ণব বেদান্তাচার্য্য মহামহোপাধ্যায় পণ্ডিতকুলমুকুট শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ প্রভু ও শ্রীবিদ্যাভূষণ প্রভুর ছাত্র শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের শিষ্য শ্রীকৃষ্ণদেব জয়পুরের বিচারসভায় গমন করেন। [illegible] শ্রীসম্প্রদায়ের আচার্য্যগণ বিস্মিত হইয়াছিলেন। সাম্প্রদায়িক পরিচয় বিস্তৃত হওয়ায় বৈষ্ণববেদান্তের অনাদর করায় যে বিপদ উপস্থিত হইয়াছিল তাহার প্রতিকারের জন্য শ্রীবলদেব বিদ্যাভূষণ প্রভু গৌড়ীয়বৈষ্ণবের সম্প্রদায়কে একখানি স্বতন্ত্র ভাষ্য রচনা করিতে বাধ্য হন এবং গৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ের পারম্পর্য্য নির্দ্ধারণে শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের অনুমোদন লাভ করেন। এই কার্য্য শ্রীচক্রবর্ত্তী ঠাকুরের বৈষ্ণবধর্ম্ম প্রচারের দ্বিতীয় নিদর্শন। বিশেষতঃ অলৌকিক ব্রাহ্মণকুলে জাত বৈষ্ণবাচার্য্যের সংস্কারের অনুমোদনের ইহাই জাজ্বল্যমান দৃষ্টান্ত।

শ্রীচক্রবর্ত্তী ঠাকুর নানাগ্রন্থ লিখিয়াছেন। তাঁহার রচিত গ্রন্থের কয়েকটী তালিকা দেওয়া হইল।

১। ব্রজরীতি চিন্তামণি, ২। শ্রীচমৎকারচন্দ্রিকা, ৩। প্রেমসম্পুটং (খণ্ডকাব্যঃ), ৪। গীতাবলী, ৫। সুবোধিনী (অলঙ্কারকৌস্তুভটীকা), ৬। আনন্দচন্দ্রিকা (উজ্জ্বলনীলমণিটীকা), ৭। গোপালতাপনীটীকা, ৮। স্তবামৃতলহরী-ধৃত—(ক) শ্রীগুরুদেবাষ্টকং, (খ) মন্ত্রগুরু-স্তোত্রাষ্টকং, (গ) পরমগুরোরষ্টকং, (ঘ) পরাৎপরগুর্বষ্টকং, (ঙ) পরমপরাৎপরগুর্বষ্টকং, (চ) শ্রীলোকনাথাষ্টকং, (ছ)

আমাকে পিছনে রাখি কৃষ্ণপানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়

ষট্‌পদ্যাষ্টক, (ড) স্বরূপ চরিতামৃত, (ঢ) স্বপ্নবিলাসামৃত, (ণ) শ্রীগোপাল-দেবাষ্টক, (ত) শ্রীমদনমোহনাষ্টক, (থ) শ্রীগোবিন্দাষ্টক, (দ) শ্রীগোপীনাথাষ্টক, (ধ) গোকুলা-নন্দাষ্টক (ন) স্বয়ংভগবত্তাষ্টক, (প) শ্রীরাধাকুণ্ডাষ্টক, (ফ) জগন্মোহনাষ্টক, (ব) অনুরাগবল্লী, (ভ) বৃন্দাবনাষ্টক, (ম) শ্রীরাধিকাধ্যানামৃত, (য) শ্রীরূপ-চিন্তামণি, (র) নন্দীশ্বরাষ্টক, (ল) শ্রীবৃন্দা-দেব্যষ্টক, (শ) শ্রীনিকুঞ্জবিরুদাবলী (বিরুদ-কাব্য), (ষ) সুরতকথামৃত (আর্যাশতক), (স) শ্রীশ্যামকুণ্ডাষ্টক, ৯। কৃষ্ণভাবনামৃত মহাকাব্য, ১০। শ্রীভাগবতামৃতকণা, ১১। উজ্জ্বলনীলমণেঃ কিরণলেশঃ ১২। ভক্তিরসামৃতসিন্ধুবিন্দু, ১৩। রাগবর্ত্ম-চন্দ্রিকা, ১৪। ঐশ্বর্য্যকাদম্বিনী, ১৫। মাধুর্য্য-কাদম্বিনী, ১৬। ভক্তিরসামৃতসিন্ধু টীকা, ১৭। উজ্জ্বলনীলমণিটীকা, ১৮। দান-কেলিকৌমুদীটীকা, ১৯। ললিতমাধব নাটকটীকা, ২০। শ্রীবিদগ্ধমাধব-নাটকটীকা, ২১। শ্রীচৈতন্যচরিতামৃতটীকা (অসম্পূর্ণ), ২২। ব্রহ্মসংহিতার টীকা, ২৩। শ্রীমদ্ভগবদ্গীতার সারার্থবর্ষিণী টীকা, ২৪। শ্রীমদ্ভাগবতের সারার্থদর্শিনী টীকা।

বিরহ-সভায় বক্তৃতা

শ্রীল প্রভুপাদ ও অহিংসা, দয়ালুতা এবং জীবে-দয়া

[বক্তা—শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী।
কাল—২২শে ডিসেম্বর, বুধবার, সন্ধ্যা।
স্থান—শ্রীল প্রভুপাদের বিরহসভা, শ্রীচৈতন্যমঠ।]

ওঁ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনাম্নে গৌরত্বিষে নমঃ॥

পূর্ব্বে আমরা যে ধর্ম্মের গ্লানির কথা গীতা ও সাধুমুখে শুনিয়াছিলাম, তাহা আমরা এখন প্রত্যক্ষ করিতেছি। আমি যখন বালক ছিলাম তখন শ্রীপাদ কৃষ্ণানন্দ প্রভু আমাদের দেশে প্রচারে যান। তাঁহার নিকট আমি প্রথমে শ্রীগৌরাঙ্গদেবের চৈতন্য-লীলার কথা শ্রবণ করি। আমি ছেলে বেলায় ঠাকুর কথায় কাঁদিতাম বলিয়া আমার পিতাঠাকুর আমাকে গৌড়ীয়মঠে দান দিবেন বলিয়াছিলেন। আমি একটু বড় হইলে গৌড়ীয় মঠে চলিয়া আসি। গৌড়ীয়মঠের লোককে দেবতা জ্ঞান করিতাম। কিন্তু পরে বুঝিতে পারিয়াছি, গৌড়ীয়মঠের নিষ্কপট সেবকগণ দেবতা হইতেও অনেক বড়।

তমীশ্বরাণাং পরমং মহেশ্বরং
তং দেবতানাং পরমঞ্চ দৈবতম্।
পতিং পতীনাং পরমং পরস্তাৎ
বিদাম দেবং ভুবনেশমীড্যম্॥

প্রভুপাদকে দেবতা মনে করিলে ছোট মনে করা হয়। তিনি দেবতাগণেরও নমস্য। আমি অনেকের সঙ্গেই তর্ক বিতর্ক করিতাম, কিন্তু শ্রীশ্রীল আচার্য্যদেব ও শ্রীপাদ তীর্থ মহারাজকে ভয় করিতাম।

যে যে অবস্থায় থাকুক না কেন, শ্রীগৌরাঙ্গের কৃপাপ্রাপ্ত ব্যক্তিই তত্ত্বসিদ্ধান্ত জানিতে সমর্থ।

শ্রীচৈতন্যপ্রভুং বন্দে বালোঽপি যদনুগ্রহাৎ।
তরেন্নানামতগ্রাহব্যাপ্তং সিদ্ধান্তসাগরম্॥
(চৈঃ চঃ)

আমি বালক, তাহা হইলেও আমার বড় আশা এই যে, শ্রীল প্রভুপাদের কৃপায় আমার একদিন সিদ্ধান্তস্ফূর্ত্তি হইবে। আমার প্রভুপাদ সাক্ষাৎ ভক্তিসিদ্ধান্তসরস্বতী। গঙ্গাধারা যেই স্থানে প্রবাহিত হয় সেই সেই স্থানকে পবিত্র করে; কিন্তু ভক্তিসিদ্ধান্ত সরস্বতী যারা নিষ্কপট সেবোন্মুখের জিহ্বায় প্রবাহিত হইয়া সকলকেও পবিত্র করে। একমাত্র শ্রীল আচার্য্যদেবের আনুগত্যেই সেই ভক্তিসিদ্ধান্তের সেবা পাইতে পারিবে। এতদ্ব্যতীত অন্য উপায়ে প্রভু-সেবালাভ তো দূরের কথা, প্রভুতে মনুষ্যবুদ্ধিও যাইবে না। শ্রীল প্রভুপাদের কথা অনন্তকাল বলিলেও ফুরাইবে না।

আমরা বুদ্ধদেবের অহিংসা ধর্ম্মের কথা শুনিয়াছি। কিন্তু উহারা জীবদেহ-হত্যা রূপ হিংসা হইতে দূরে থাকিলেও কৃষ্ণকীর্ত্তন-বিরত হইয়া জীবাত্মা-হিংসায় রত হইয়াছে। প্রভুপাদের অহিংসা বা দয়ার কথা সাধারণ দেহের প্রতি দয়ার কথা নহে। এ দয়া দেহদয়া নহে, ইহা আত্মদয়া—চেতনের প্রতি নিত্য দয়া।

নৃদেহমাদ্যং সুলভং সুদুর্লভং
প্লবং সুকল্পং গুরুকর্ণধারম্।
ময়ানুকূলেন নভস্বতেরিতং
পুমান্ ভবাব্ধিং ন তরেৎ স আত্মহা॥

এই নৃদেহটী সকল শুভের মূল। অতএব অতি সুলভ ও সুদুর্লভ। ইহাই সুদৃঢ় নৌকা। গুরু ইহার কর্ণধার। কৃষ্ণকৃপারূপ অনুকূল বায়ু দ্বারা প্রচালিত এইরূপ নৌকাখানি প্রাপ্ত হইয়াও যিনি এই সংসারসমুদ্র পার হইতে চেষ্টা না করেন তিনি আত্মঘাতী। মনুষ্যকুলে যদি ভারতভূমিতে জন্মগ্রহণ করিয়াও আমরা হরিভজন না করি—কৃষ্ণ-কীর্ত্তন না করি, তবে আত্মঘাতী ও জীব-হিংসক হইলাম। ভাগবতবাণী বা গৌরবাণীকে বধ করিবার চেষ্টা অপেক্ষা আর অধিক হিংসা হইতে পারে না। প্রভুপাদের মৌখিক আনুগত্য করিয়া যেমন অনেকে দুর্ভাগ্যবশতঃ আজ বঞ্চিত ও পতিত হইয়াছে, তেমন বর্ত্তমান আচার্য্যদেবের মৌখিক আনুগত্য করিলেও আমাদের সেই দশা হইবে। মৌখিক আনুগত্যের কোন মূল্য নাই, ইহা ছলনা বা আত্মবঞ্চনামাত্র। শ্রীল প্রভুপাদ বাণীর মূর্ত্তি ছিলেন। বাণীর মধ্য দিয়া আচার্য্যের পরিচয়। আমরা নিজের চেষ্টায় কখনও আচার্য্যদেবকে প্রকাশিত করিতে পারি না। শ্রীল প্রভুপাদই আচার্য্যদেবকে প্রকাশ করিয়াছেন।

শ্রীল প্রভুপাদ মহাবদান্যশিরোমণি। শ্রীমন্মহাপ্রভুর প্রণামমন্ত্রে তাঁহার মহাবদান্যতা প্রকাশিত হইয়াছে।

নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনাম্নে গৌরত্বিষে নমঃ॥

তিনি মহাবদান্য, যেহেতু তিনি কৃষ্ণপ্রেম প্রদান করিয়াছিলেন। আচার্য্যদ্রোহী হইলে মহাপ্রভুর অনুগত অভিমান করিলেও আমরা তের প্রকার অপসম্প্রদায়ের পথ ধরি। প্রভুপাদ যে সকল দুঃসঙ্গের কথা আমাদিগকে জানাইয়া দিয়াছেন। প্রভুপাদের শিষ্য বলিয়া অভিমান করিয়া গুরুসেবকদ্রোহিগণ তের প্রকার অপসম্প্রদায় অপেক্ষাও অধিক দোষে দোষী। আমরা কি প্রভুপাদের শাসন স্বীকার করিতেছি? তবে কি করিয়া তাঁহার দয়া হইলাম? আমি যখন ভারতী মহারাজের সহিত প্রচারে ছিলাম তখন আমি ভাবী আচার্য্য কে হইবে জানিতে চাহিলে তিনি বলিয়াছিলেন—"আমাদের ভয় কি? প্রভুপাদের পরে বাসুদেব প্রভুই আচার্য্য হইবেন।" কিন্তু এখন আচার্য্যবিরোধী হইয়া তিনি সে কথা ভুলিয়া গিয়াছেন। শ্রীল আচার্য্যদেবের জীবের প্রতি কৃপা অসাধারণ। শ্রীল প্রভুপাদ জগতে যে করুণা বিতরণ করিয়াছেন তাহা চৌদ্দভুবনে এমন কি বৈকুণ্ঠেও নাই। শ্রীল প্রভুপাদের মহাদানের কথা চিন্তা করিবার লোক জগতে বিরল।

জীবে দয়া, নামে রুচি, বৈষ্ণবসেবন।
ইহার অধিক ধর্ম্ম নাহি সনাতন॥

মহাপ্রভুর জীবে দয়া অর্থাৎ কৃষ্ণ-কীর্ত্তন জীবের দেহ-মনের কোন সুবিধা করে না—জীবের ইন্দ্রিয়তর্পণ করে না, কিন্তু আত্মার পরমমঙ্গল বিধান করে। 'জীব' বলিতে আত্মাকেই বুঝায়।

মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ।
মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি প্রকৃতিস্থানি কর্ষতি॥

স্বয়ং ভগবান্ মহাপ্রভু জীবকে দয়া করিয়াছেন। আমরা বদ্ধজীব ও কৃষ্ণবিমুখ। মুক্ত না হইলে মহাপ্রভুর দয়ার কথা ঠিক ভাবে বুঝা যায় না।

অবিস্মৃতিঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ
ক্ষিণোত্যভদ্রাণি চ শং তনোতি।
সত্ত্বস্য শুদ্ধিং পরমাত্মভক্তিং
জ্ঞানঞ্চ বিজ্ঞানবিরাগযুক্তম্॥

এ সকল ভাগবতবাণী আমরা ভুলিয়া গিয়াছি। জীবদয়ার ছলনায় আমরা জীব-হিংসা করিতেছি। এক শ্রেণীর জীবের উপর দয়া দেখাইতে গিয়া অন্য শ্রেণীর জীবের উপর হিংসা করিতেছি। 'জীবে-দয়া' বলিতে কেবল মনুষ্যজাতিকে দয়া করা বুঝায় না। 'জীবে-দয়া' বলিতে সমগ্র জীবের—মনুষ্য, পশু, পক্ষী আদির আত্মার নিত্য কল্যাণ বিধান বুঝায়। শ্রীমন্মহাপ্রভুর মহাবদান্যতা এইখানে যে, তিনি প্রত্যেক জীবের হৃদয়ে ব্রজেন্দ্র-নন্দনকে স্থাপনের উপদেশ দিয়াছেন। শ্রীল প্রভুপাদের শ্রীচৈতন্যপাদপীঠ স্থাপনের তাহাই উদ্দেশ্য। শ্রীল প্রভুপাদের এই মহাবদান্য-লীলার এই উদ্দেশ্য ছিল যে, 'প্রত্যেক জীব-হৃদয়ে শ্রীচৈতন্যপাদপীঠ স্থাপিত হউক।' শ্রীল রূপগোস্বামী প্রভু এবং প্রভুপাদ আমাদিগকে সাধু চিনিবার দুইটী চক্ষু দিয়াছেন।

অনাসক্তস্য বিষয়ান্ যথার্হমুপযুঞ্জতঃ।
নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে যুক্তং বৈরাগ্যমুচ্যতে॥
প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা হরিসম্বন্ধিবস্তুনঃ।
মুমুক্ষুভিঃ পরিত্যাগো বৈরাগ্যং ফল্গু
কথ্যতে॥

হায়! গুরুদ্রোহী হইয়া আমরা এই সকল কথা ভুলিয়া গিয়াছি। গুরুদেবের ছলনা করিয়া ভোগ চালাইতেছি। আর অসার অচেতন হইয়া পড়িয়াছি! শাস্ত্র বলিয়াছেন—

উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত।
ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া।
দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি॥

কর্ম্মী, জ্ঞানী যোগী প্রভৃতি জীবে-দয়ার নানাপ্রকার ছলনা করিতে পারে এবং অন্যদিগকে বিপথগামী করিতে পারে, কিন্তু শাস্ত্র বলেন—

কর্ম্মাবলম্বকাঃ কেচিৎ কেচিজ্‌
জ্ঞানাবলম্বকাঃ।
বয়ন্তু হরিদাসানাং পাদত্রাণাবলম্বকাঃ॥

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড—৮০; ২য় খণ্ড—১৲; ৩য়—৮০; ৪র্থ খণ্ড—৮০ আনা।

প্রাপ্তিস্থান শ্রীধাম-মায়াপুর, শ্রীচৈতন্যমঠ

সেই ভাবে যেন নিজ চিত্তবৃত্তি বশ। মায়া অংকার হ'তে রৌরা দুর্দিন।

শ্রীগৌড়ীয়মঠসমূহ

(১) শ্রীচৈতন্যমঠ ও শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান, শ্রীমায়াপুর, নদীয়া।

শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-প্রাদিপ্রচারকারক-যন্ত্র প্রকাশমন্দির আছে। রক্ষক- শ্রীনবদ্বীপ ব্রহ্মচারী গোস্বামী।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬এ কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪৪১৫ কলিকাতায় শ্রীশ্রীবিনোদ স্বায়ত্ত শ্রীমঠ প্রতিষ্ঠিত। নিয়মিত পাঠ, সংকীর্ত্তন, আচার্য্যচতুষ্টয় সেবার নিয়মাবলির তথ্য এবং সম্যক্ আলোচনা ও 'গৌড়ীয়' সাপ্তাহিক পত্রিকা ও মাসিক পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক - শ্রোতৃস্বামী শ্রীপাদ নরোত্তম দাস অধিকারী।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক-- শ্রীমদ্ভক্তিপ্রদীপ ভাগবত মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)

ইহা গৌরকৃপা-প্রাপ্ত শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অপ্রকটলীলাস্থান শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ঔ বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবদ্দাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সারস্বত-গৌড়ীয়মঠ

বিজয়নগর, পোঃ কালনা (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিশ্বেশ্বর ব্রহ্মচারী

(১২) গোবর্দ্ধন-গৌড়ীয়মঠ

প্রাচীন, পোঃ কালনা, (বর্দ্ধমান)

শ্রীশ্যামসুন্দর প্রভুর অপ্রকট লীলাস্থান

রক্ষক - শ্রীদেবানন্দ অধিকারী।

(১৩) রূপগঞ্জ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক- শ্রীমহদ্রূপা ব্রহ্মচারী।

(১৪) অম্বুদেব গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক – শ্রীমতাপ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক — শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ-গৌড়ীয় মঠ

বাইশালা (শ্রীবৃন্দাবনের পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক – শ্রীহরিদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক - শ্রীকৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তিধন

(১৯) প্রকাশমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক - শ্রীরমানাথ ভট্টাচার্য গোস্বামী

(২০) মহেশ পণ্ডিতের পাট

কাঠালপুলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক— শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধবগৌড়ীয়মঠ

বালিয়াটী পোঃ বালিয়াটি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার কেন্দ্র। রক্ষক—মহোপদেশক শ্রীকৃষ্ণানন্দ বিদ্যাবিনোদ বি এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর পোঃ ঢাকা

রক্ষক - শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) মদনমোহন-গৌরাঙ্গ মঠ

পোঃ নালিহাটি, (ঢাকা)

রক্ষক – শ্রীমতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়গোলা, পোঃ ময়মনসিংহ

রক্ষক —মহোপদেশক আচার্য্য-অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম-এ, বি এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক – শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীশরৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জিলিং গৌড়ীয়মঠ

জলাপাহাড়, দার্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চন্দ্রিকা, ২নং মহানগর, ষ্ট্রীট, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক —শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীরুক্মিণীনাথ ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

বনবা রোড, গয়া

রক্ষক - শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৯২নং কারিগপুরা, বেনারস সিটি

রক্ষক - শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ, পি)

রক্ষক –শ্রীমনোবিনোদ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক— শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিপ্রদীপ আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজানন্দ সুখদ-কুঞ্জ

পোঃ রাধাকুণ্ড, মথুরা

রক্ষক - শ্রীচিদানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ - শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গৌড়ীয়মঠ

রক্ষক—৩০ শ্রীদেবীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) নন্দগ্রাম বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোপীবিহারী মঠ—সেন্দাই,

পোঃ রোড়োগ, জেলা গুর্গাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোপীবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক –শ্রীনবীনগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৯৩নং কুতুব রোড, নিউ দিল্লী,

রক্ষক—শ্রীগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, কম্পাউণ্ড বিল্ডিং বোম্বে

রক্ষক—শ্রীঅধিরাজ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীমন্মহাপ্রভুর পাদপীঠ কূর্ম্মক্ষেত্রের সেবা

রক্ষক –মহোপদেশক শ্রীপাদ চক্রপাণি ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী গৌড়ীয়মঠ

পোঃ কভুর, গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীকৃষ্ণগৌরাঙ্গরাধিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যারত্ন

(৫৩) প্রসাদগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক - শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক শ্রীমধুসূদন দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী স্বর্গদ্বার, পুরী

(৫৬) সাক্ষীগোপাল কুটী

রক্ষক—শ্রীভক্তিবিনোদ দাসাধিকারী

(৫৭) ক্ষি ক্ষি গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক শ্রীকমলানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বালুবজার, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীবিলাস বসু দাসাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক-- শ্রীপাদ্মা মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকনিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীজগদীশ ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) নারায়ণ গৌড়ীয়মঠ

পোঃ নাড়া, মেদিনীপুর

রক্ষক –শ্রীসনাতনকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) আঙ্গুলপাড়া প্রপন্নাশ্রমমঠ

আঙ্গুলপাড়া পোঃ মান্দ (ত্রিপুরা)

রক্ষক—শ্রীপাদপদ্ম দাস ব্রজবাসী

(৬৩) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ বাঁকুড়া (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ফুলবাগান, পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক –শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠাশ্রম

১৮০৷৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

গ্ল্যাডস্টন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎপ্রভুপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে মহামহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলকাতার বাজার দর

২রা জানুয়ারী ১৯৩৮

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬৷০
রাজা চাল	৫৷৷০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
ধান্যকুলশী	৫৷০
বাঁশফুল নূতন	৪৷/০
ঐ পুরাতন	৫৲
বালামের কোয়ালিটি	৪৲
সিদ্ধ রেঙ্গুণ	৩৷/০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
পেশোয়ারী	১০৲-১০৷০
ধান্যকুলশী আতপ	৫৷০ ৫৷/
ঐ বালাম	৫৲-৫৶০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ রেঙ্গুণ	৩৶

চিনির দর

কাশীর, চাঁদপ	১০৷৶
নবীপুর ১০০০ নং	১০৶
দারভাঙ্গা সাদা	৯
কানপুর সাদা	৮৷০—৯৶০
কানপুর লাল	৭৷৶০—৮৲

সোনা-রূপার দর।

	প্রতি ভরি
টাকশালের বার	৩৪৷০
গিনি	২২৲
চাঁদিরবার	৫১৷০

পাটের দর

জানুয়ারী—	৪০৸
মিডল—	৪০৸
উচ্চ দর—	৪১৷০
বাজার বন্ধের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

পেটেন্ট ময়দা প্রতি মণ	৬৷০—৬৷৶
স্পেশাল ঐ	৬৲—৬৶
হাইসেকেণ্ড ঐ	৫৷৶০—৫৸০
সুজী	৬৲—৬৶
আটা (বি)	৫৸০—৫৸৶
আটা নং (২)	৫/০—৫৷৶
আটা (এস)	৫৲—৫৷০
আটা (কে)	৪৸০—৪৸০
আটা নং (৩)	৪৷০—৪৷৶
পাঞ্জাব	১৪৶০—১৪৸০
ছাতু	১৪৶০—১৪৶০

ঘৃতের দর

গব্য	৫৭৲
গোপাল	৫৭৲
ভয়সা	৫০৲
ঘি	৪৫৲
মাখন	৬৫৷০

তার	৪৷
কাবুলে	৩৷
রাঙা শাওয়া	৪১৸০
২৬ গেজ—	১৭৸০
গ্যাঃ ঘটকা ২৪—৩০ গেজ	১০৲

লোহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী—	দর প্রতি হন্দর
লোহার কড়ি (জয়েষ্ট বা বীম)	
মার্কা	৮৸৶০—৯৷০
ঐ বে মার্কা হালকা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা টেস্টেড জয়েষ্ট বীম সব সাইজ	৯৶
ঐ বৃটিশ জয়েষ্ট (বীম)	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮৸০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮৷০—৯৸৶০
টাটা গ্যাঃ করগেট সিট।	
২৪ গেজ—	১৪৲
২৬ গেজ—	১৩৸০
২৮ গেজ—	১৮৲
টাটা গ্যাঃ প্লেন শীট	১৷৶০
২৪ গেজ—	১৪৸৶০
২৬ গেজ—	১৩৷/০
২৮ গেজ—	
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৫৲
শীস	৷৶৪—৸৶০
গাঁথার মোটা কাঁটা তার (বার্বিড)	১০৷০
প্লেট কাটিং বা ডিউ কাটা মণ	৩৷০—৩৸০
পাতি কাটিং ৩—১ সুত পর্য্যন্ত	
	৬৷০ ৭৲ হন্দর
গোল রড কাটিং নং ১—৩ সুত	৯৲—১০৲
ঐ " ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, পোলটু, পয়সে	৮৸০—৯৷০
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের	
জন্য	৮৸০—১০৷০
নূঃ ইস্পাত আসল ২৫৲	নকল ২৩৷০
ষ্টীলের হাপর ৫৶০, পাটের হাপর ৩৷০	
ঢালার হাপর ৪৷০	

ফুলের দর

কলিকাতা ২৬শে জুন,

বাদের তেলের ফাইন	৫৪৲
নটন আদের ক্যাশ	৪০৲
গ্যাসি সুপার ফাইন	৪৪৲
সাধারণ বাধা	৫৪৲
ঐ ফাইন	৫১৲

বেনেতি মশলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
গরম মশলা	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা সুপারী	
ঐ বরিশাল	১৫৷০—১৭৷০
ঐ নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স লিঃ

৫-৫ জগন্নাথ ঘাট স্ট্রীট, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা রহিয়াছে খোরাক ও বেতনবাবদ প্রতি মাসে ৩য় শ্রেণী হইতে ৬ষ্ঠ শ্রেণী পর্য্যন্ত ৬৲ টাকা এবং ৭ম শ্রেণী হইতে ১০ম শ্রেণী পর্য্যন্ত মাত্র ৭৲ টাকা ব্যয়। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন্ পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেভরোল

—:০:—

ম্যালেরিয়া রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিকেল ওয়ার্কসের "কেভরোল" অমোঘ মহৌষধ। এমন মহৌষধের ন্যায় ঔষধ আজ পর্য্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, ডেঙ্গু জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি আম বাত, বর্ণা-পাণ্ডু, ম্যালেরিয়া এবং সকল প্রকার জ্বরে "কেভরোল" অব্যর্থ। উহা রক্ত পরিষ্কারের এবং শরীর কান্তিযুক্ত করিবার জন্য একমাত্র টনিক।

সেবন বিধি ঃ—জ্বর কম অবস্থায় পূর্ণ বয়স্কের জন্য ২ ড্রাম বা চা চামচের ২ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর অবধি ১ চামচ জলের সহিত, তাহার কম বয়সে ৩০ ফোটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলেদের জন্য ৫ হইতে ১৫ ফোটা জলের সহিত বিধি। জ্বর অবস্থায় সাগু, বার্লি, ফল ইত্যাদি পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা দাম ৮০ বড় শিশি ১৬ মাত্রা মূল্য ১৷০ আনা।

দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কস্,
শম্ভুনগর, কৃষ্ণনগর, (সিটি বেঙ্গল)
৭২-২৪১নং গলি পোঃ আঃ চাঁদপুর, বেঙ্গল।

সর্ব্বত্র বড় বড় দোকানে পাওয়া যায়।

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

... পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অ...র্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীব দেশবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই ...দের খ্যাতি সর্ব্বত্র আছে। জ্বরের প্লীহা-যকৃৎ রোগাক্রান্ত এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অবস্থায় সাধক হয় কিনা। মূল্য ৫ ডোজের শিশি ৮০ আনা, বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং কর্ণওয়ালিস রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্তমান বৈষ্ণবজগতে মহা-ভক্তি-প্রচারের মূল প্রবর্তক শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণব-কুলচূড়ামণির অপ্রকট লীলাচরিত এতাবৎকাল [illegible] প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে [illegible] অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্যদেবের অনুকম্পায় [illegible] এবং "গৌড়ীয়"-সম্পাদক মহোপদেশক পণ্ডিত [illegible] কর্তৃক সম্পাদিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী [illegible] প্রকাশিত হইয়াছে। [illegible] ঠাকুরের বহু দুষ্প্রাপ্য চিত্র যথাস্থানে সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] হইয়াছে। ভিক্ষা মাত্র ৬০ [illegible] মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান- শ্রীগৌড়ীয় মঠ

পোঃ বাগবাজার

কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

——:(০):

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় বারের জন্য	পরবর্তী প্রতিবারের জন্য	১ম ও দ্বিতীয় বারের জন্য	পরবর্তী প্রতিবারের জন্য
প্রতিপংক্তি প্রতি সপ্তাহে ।০	।৵০	।৵০	।০
" ইঞ্চ ২৲	১।০	১।০	৮৲
সিকিকলম ৫৲	৪৲	৪৲	৩৲
" অর্দ্ধকলম ৮৲	৭৲	৭৲	৫৲
" এক কলম ১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চ ও	৪।০
" সিকি কলম ১২৲	১১৲
" অর্দ্ধকলম ২৪৲	১৮৲
" এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বার্ষিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১

প্রতি সংখ্যা ৫ পয়সা, বিশেষ সংখ্যা ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহাশয় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল এম, এ, ভক্তিশাস্ত্রী মহোদয়ের শ্রীচৈতন্যদেবের [illegible] বিরাট, অভিনব ও অভূতপূর্ব গ্রন্থ [illegible] সম্বলিত। [illegible] তুলনামূলক [illegible] প্রচারিত সত্যের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডেই [illegible] প্রায় ৭০০ পৃষ্ঠা ব্যাপী। ঐ পুস্তকে শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সংক্ষিপ্ত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ গৌড়ীয় মঠ, [illegible] মাদ্রাজ; শ্রীগৌড়ীয় মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্য মঠ শ্রীমায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ, ১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্তী ষ্ট্রীট বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসম্প্রদায়ের ইহা একটী অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন স্যাট পেজি আকারে শ্রীচৈতন্য মঠ হইতে শীঘ্রই প্রকাশিত হইবে। যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি অতি সুন্দরভাবে ইহাতে সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্মনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাফ—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1841

শ্রীরূপানুগবরপালক শ্রীগৌড়ীয়বৈষ্ণব- সম্প্রদায়ৈক-সংরক্ষক বিশ্বগুরুবর্য্য ও বিষ্ণুপাদ পরমহংসকুলচূড়ামণি শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্ত্তৃক প্রতিষ্ঠিত

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের কৃপাভিষিক্ত আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠাচার্য্য শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পুরবিদ্যাভূষণ প্রভু কর্ত্তৃক পরিচালিত

ভারতের সর্ব্বত্র সত্বর-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৫ই মাঘ, ১৩৪৪, ১৯শে জানুয়ারী, ১৯৩৮, বুধবার [সংখ্যা ২৬৭]

বিবিধ সংবাদ

——(০(:০:)০)——

পরলোকে শরৎচন্দ্র

বাঙ্গালার জনৈক সাহিত্যসেবী শ্রীযুক্ত শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের গত ১৬ই জানুয়ারী রবিবার বেলা ১০-১০ মিনিটের সময় জীবনদীপ নির্ব্বাপিত হইয়াছে। মৃত্যুকালে তাঁহার বয়স ৬২ বৎসর হইয়াছিল। ঐ দিবস সন্ধ্যা প্রায় ৬ ঘটিকার সময় কেওড়াতলায় তাঁহার শেষ কৃত্য সম্পন্ন হয়। তাঁহার শবদেহ বিপুল শোভাযাত্রা সহকারে শ্মশানঘাটে লইয়া যাওয়া হয়। বহু বিশিষ্ট ব্যক্তি উহাতে যোগদান করেন।

জেনারেল হানফুচু ও অপর দুইজন চীনা সেনাপতির প্রাণদণ্ড

হাঙ্কাউয়ের এক সংবাদে প্রকাশ,—মৃত্যুদণ্ডে দণ্ডিত জনৈক চীনা জেনারেলকে গুলী করিয়া হত্যা করা হইয়াছে। ইহারা হইতেছেন সান্টুং প্রদেশের গবর্ণর জেনারেল হানফুচু এবং ইহার ভূতপূর্ব্ব সহকারী চ্যাং-? এবং অপর এক সেনাপতি। চীন জাপান যুদ্ধে চীনের স্বার্থের জন্য ইহাদিগকে দায়ী করা হয়।

সান্টুং প্রদেশের অধিকাংশ অঞ্চল জাপানের হস্তগত হইয়াছে। জাপানীরা জাপান কর্ত্তৃক প্রতিষ্ঠিত পিকিংএর চীনা গভর্ণমেন্ট সান্টুং প্রদেশের শাসনভার গ্রহণ করিবার জন্য প্রস্তুত হইতেছে।

সামরিক আদালতে বিচারের ব্যবস্থা

সামরিক আদালতের বিচারে প্রাণদণ্ডে দণ্ডিত জেনারেল হানফুচুকে গুলী করিয়া হত্যা করা হইয়াছে বলিয়া যে সংবাদ চীনা মহল হইতে প্রচারিত হইয়াছে তাহা সমর্থিত হয় নাই। তবে এই সংবাদ সমর্থিত হইয়াছে যে, সামরিক আদালতে বিচারের জন্য জেনারেল হানফুচুকে হাঙ্কাওয়ে স্থানান্তরিত করা হইয়াছে এবং তাঁহাকে যে মৃত্যুদণ্ডে দণ্ডিত করা হইবে ইহা একপ্রকার সুনিশ্চিত।

জাপ সৈন্য কর্ত্তৃক মার্কিন ধন-সম্পত্তি লুট

মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারী দপ্তরখানা হইতে প্রকাশিত একখানা ইস্তাহারে বলা হইয়াছে যে, জাপ সৈন্যগণ যুক্তরাষ্ট্রের ধনসম্পত্তি অবাধে লুণ্ঠন করিতে থাকায় চীনস্থ মার্কিন রাষ্ট্রদূত জাপ কর্ত্তৃপক্ষের নিকট এক নূতন প্রতিবাদপত্র প্রেরণ করিয়াছেন।

চীনাদের আক্রমণে জাপানের অসংখ্য বিমান ধ্বংস

হাঙ্কাওএর একটি সরকারী ইস্তাহারে প্রকাশ, গত ১লা জানুয়ারী হইতে এ পর্য্যন্ত জাপানীদের চারখানা যুদ্ধজাহাজ ইয়াংসি নদীতে জলমগ্ন করা হইয়াছে। তাহাদের মধ্যে দু'খানা জাহাজ মালবাহী জাহাজ এবং উহার মধ্যে দু'টীতে সৈন্য ছিল; ঐ দিনই উহার সন্নিকটে সৈন্যবাহী দুইখানা ট্রেন ধ্বংস করা হয়। এই ইস্তাহারে আরও প্রকাশ যে, গত ১লা জানুয়ারী হইতে আরম্ভ করিয়া এপর্য্যন্ত চীনের বিমানবাহিনী শানাকংএর উপর চৌদ্দবার হানা দিয়াছে; চীনা বিমানবাহিনীর এই আক্রমণে জাপানীদের নব্বই বিমানপোত ধ্বংস হইয়াছে।

হাঙ্কাওর উপর বিমান আক্রমণ

গত ১৬ই জানুয়ারী জাপ নৌ-বিভাগের তিন বহর দুইবার হাঙ্কাও চাংশার বিমান ঘাঁটিতে সৈন্যাবাস এবং অন্যান্য সামরিক ঘাঁটির উপর আক্রমণ চালায়। আক্রমণ 'সাফল্যমণ্ডিত' হইয়াছে বলিয়া জাপানীরা দাবী করেছে।

উড়িষ্যায় স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়

কটক হইতে ১৫ই জানুয়ারীর সংবাদে প্রকাশ, প্রধান মন্ত্রীর আহূত সম্মেলনে পারস্পরিক আলোচনার পর উড়িষ্যার স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হইয়াছে। এই বিশ্ববিদ্যালয়টী কি ধরণের হইবে তাহার একটী পরিকল্পনা প্রণয়নের জন্য নিম্নলিখিত ব্যক্তিগণকে লইয়া একটী সাব কমিটী গঠিত হইয়াছে:—

পণ্ডিত নীলকণ্ঠ দাস (সভাপতি) শ্রীযুক্ত এম, সি, প্রধান (সেক্রেটারী), শ্রীযুক্ত এস, সি, ত্রিপাঠী, শ্রীযুক্ত গোদাবরী মিশ্র এবং অধ্যাপক পারিজা প্রেমানন্দ মহান্তি (সদস্যগণ)।

সাব কমিটী যথাসম্ভব সত্বর তাঁহাদের রিপোর্ট দাখিল করিবেন।

এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য অর্থ সাহায্য দানের নিমিত্ত উড়িষ্যার রাজন্যগণের নিকট এক আবেদন করা হইবে।

ভারত সম্বন্ধে ল্যাঙ্কাশায়ারের বিক্ষোভ

গত ১৬ই জানুয়ারী ম্যাঞ্চেষ্টার চেম্বার অব কমার্সের তাঁত শাখার অধিবেশনে ভারতে ল্যাঙ্কাশায়ারের কাপড়ের কাটতি সম্বন্ধে বিক্ষোভ প্রকাশ করা হয়।

চেয়ারম্যান বলেন যে, গত বৎসর ধরিয়া ভারতীয় তুলা সর্ব্বশ্রেষ্ঠ [illegible]—বৃটিশ সাম্রাজ্যের সমস্ত অংশেই রপ্তানী হইয়াছে এবং রপ্তানীর পরিমাণ বাড়িয়া চলিয়াছে। ল্যাঙ্কাশায়ার ইহার প্রকৃত প্রতিদান পাইবার আশায় ভারতীয় তুলা বিক্রয়ে সুবিধাও করিয়া দিয়াছিল; কিন্তু দুর্ভাগ্যবশতঃ ভারতবর্ষ হইতে তাহার প্রতিদান পাওয়া যায় নাই। এক্ষণে প্রশ্ন এই যে, আজ পর্য্যন্ত এই সকল সুবিধা ভারতের অনুকূলে দেওয়া হইবে। যাহা হউক, প্রকৃত সহযোগিতা ও পারস্পরিকতার একটা ভিত্তি যদি গঠিত হইয়া অর্থ-সঞ্চয়ের হয়, তাহা হইলে ল্যাঙ্কাশায়ার এখনও তাহার কর্ত্তব্য পালনে প্রস্তুত আছে।

কৃষ্ণনগরে প্রদর্শনী

——::)০(:: —

২৫শে জানুয়ারী ষ্টল সম্বন্ধে আবেদনের শেষ দিন

কৃষ্ণনগর সহরে আগামী ৩রা ফেব্রুয়ারী তারিখে একটী প্রদর্শনী খোলা হইবে। তদুপলক্ষে প্রদর্শকগণের সরবরাহকৃত দ্রব্যাদির যোগ্যতা বিচারে পুরস্কার প্রদান করা হইবে। প্রাদেশিক ব্যবসায়ীগণের দ্রব্যাদি বিক্রয়ের সুবর্ণসুযোগ উপস্থিত।

এক একটী ষ্টল, লম্বা একখুঁটি হইতে আর একখুঁটি পর্য্যন্ত এবং গভীর ৯ ফুট, উহার ভাড়া ১॥০ টাকা; আর ঐ চওড়া ও ৬ ফুট গভীর—ভাড়া ১৲ টাকা। বৈদ্যুতিক আলোক ও অন্যান্য আবশ্যকীয় বন্দোবস্ত আছে। ষ্টলের জন্য আবেদনকারিগণের শেষ দরখাস্ত আগামী ২৫শে জানুয়ারী পর্য্যন্ত গৃহীত হইবে।

স্বাঃ এম, এন, ষ্টুয়ার্ট
কলেক্টর ও প্রেসিডেন্ট
প্রদর্শনী-কমিটী, কৃষ্ণনগর

শুদ্ধভক্ত

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্‌,—সমগ্র ৪০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ — ৯৲
২। অনুভাষ্য বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
অনুভাষ্যযুক্ত শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০, ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১.০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ৩৲
১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব
১৭। চৈতন্যোপনিষৎ
১৮। বামন-আলবর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয় গৌরব ।৵০
২১। গৌড়ীয়-পঞ্জিকা ।৵০
২২ ভজন রহস্য
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্‌ ও শ্রীনবদ্বীপশতকম্‌ (বাঁধা) ৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল বাঙ্গলা ভাষা ।০
২৭। মুক্তাচরিত ও গণোদ্দেশঃ (অনুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (অনুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত, তৃতীয়-সংস্করণ) (বাঁধা ৸০
৩০। দীপ-বিন্দু-দর্পণ ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /০
। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্থপঞ্চক /০
৪৭। সদাচারস্মৃতিঃ /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ /১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (অনুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্‌ (ভাষ্যাদিসহ)
৫৮। শ্রীকৃষ্ণদেবের
৫৯। শিক্ষাদর্পণ
৬০। সংখ্যাবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্‌ ।০
৬৪। তত্ত্বত্রয়ম্‌ ।০
৬৫। সাত্বত শিক্ষাষ্টকম্‌ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ /০
৬৭। সারাংশবর্ণনম্‌

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস্‌ অন বেদান্ত ।০
৭০। নামভজন /০
৭১। বেদান্ত—ইটস্‌ মরফলজী য়্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস্‌ ।৵০
৭৩। লাইফ য়্যাণ্ড প্রিসেপ্টস্‌ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্‌ ।০
৭৫। হোয়াট গৌড়ীয় মঠ ইজ্‌ ডুইং /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপল্‌ য়্যাণ্ড আনয্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভলুম ওয়ান, ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত -

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST - প্রভুপাদ শ্রীল সরস্বতীদেবের পরিচালনায় গোস্বামী কর্ত্তৃক সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪৲ ও কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত —ত্রিভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক; বৈষ্ণবাচার্য্য শ্রীল প্রভুপাদ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ৪০।

৪। পরমার্থী - শ্রীযুক্ত রঘুনাথ গোপাল সম্পাদিত উৎকল পাক্ষিক। শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয় —মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

জগতের শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পত্রের প্রসদৃশ ও রয়েল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৩৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

ধাম—শ্রীমায়াপুর—নদীয়া

১২শ বর্ষ ৩ মাধব গৌরাব্দ ৪৫১ ৫ই মাঘ বঙ্গাব্দ ১৩৪৪, ১৯শে জানুয়ারী ইং ১৯৩৮, বুধবার { ২০৭তম সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

— ::(০):: —

পুরীতে

গত ১৪ই ডিসেম্বর পুরীর সাব্-জজ্ শ্রীযুক্ত রমেশচন্দ্র মিশ্র মহাশয় কর্ত্তৃক আহূত হইয়া শ্রীপুরুষোত্তমমঠের সেবকবৃন্দ তাঁহার গৃহে গমন করেন এবং মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীপাদ গৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী প্রভু শ্রীমদ্ভাগবত হইতে নবযোগেন্দ্র উপাখ্যান পাঠ করেন। ব্রহ্মচারীজীর পাঠ শ্রবণে সাবজজ মহোদয় ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ বিশেষ সন্তোষ লাভ করেন।

নবযোগেন্দ্রের প্রতি বিদেহরাজ নিমি যে কয়টী প্রশ্ন করিয়াছিলেন তন্মধ্যে আত্যন্তিক ক্ষেম কি ইহা ব্যাখ্যা করিতে যাইয়া ব্রহ্মচারীজী বলেন—বদ্ধজীবগণ সংসারের অসৎ পদার্থ হইতে আসক্তি নিবন্ধন ত্রিতাপগ্রস্ত হইয়া থাকে। ত্রিতাপক্লিষ্ট দিগের যাহা জয় নামক দুইটী অনায়াসপ্রার্থিত সেবোন্মুখতারহিত বদ্ধজীবগণের চেষ্টা উদিত হয়। যে সমস্ত মানব ভগবৎপাদপদ্ম বহুদূরে স্থানে বিরত, তাহারা জড়রসে আসক্ত হইয়া পরিত্যাজ্য ভোগপিপাসায় রত হয়। দেহ গেহ পুত্র প্রকৃতি অচিরস্থায়ী বস্তুনিচয় যে নশ্বর ভোগপ্রবৃত্তি উহা বদ্ধজীবকে উদ্বেগ প্রদান করে। শ্রীভগবানের চরণাশ্রয় দ্বারা ঐ সকল অন্তরায় সমূলে বিনষ্ট হয়। যে সমস্ত কষ্ট ত্যাগী অণিমা লঘিমা প্রকৃতি সিদ্ধির জন্য চেষ্টা করেন অথবা যে সকল নির্বিশেষবাদী জ্ঞানিগণ আত্মবিনাশকে অবলম্বন করিবার জন্য সচেষ্ট হন উঁহারা আত্যন্তিক ক্ষেম লাভে বঞ্চিত হইয়া দুঃখকেই পুনঃ পুনঃ বরণ করিয়া থাকেন।

ভাবস্তবঃ ক্ষণিক-দেহ সুখদিশিষ্টং
শোকস্পৃহা পরিভবো বিপুলশ্চ লোভঃ।
তাবন্মমেত্যসদবগ্রহ আর্ত্তিমূলং
যাবন্ন তেহঙ্ঘ্রিমভয়ং প্রবৃণীত লোকঃ॥

শ্রীমদ্ভাগবতের এই শ্লোকটী উল্লেখ করিয়া জীব অনাত্মবস্তু অসৎ বস্তুতে আমি আমার বুদ্ধিরূপ আসক্তি দ্বারা কি প্রকার দুরবস্থা প্রাপ্ত হয় তাহা বিশেষভাবে বুঝাইয়া দেন। কৃষ্ণেতর অখিল চেষ্টা বিশিষ্ট হইলে জীবের আত্যন্তিক ক্ষেম বা পরমকল্যাণ লাভ হয়। অনুকূল কৃষ্ণানুশীলনদ্বারা উভয়লোকের বন্ধনমুক্ত নশ্বরতা জয় হইয়া জীব অবলম্বন বিভীষিকা বিশেষ ও শোক-মোহ হইতে মুক্তি লাভ করেন। ভাগবতধর্ম্মের এই সকল একান্তিক এবং নিরবচ্ছিন্ন আনন্দের। ভগবদ্ধক্তের পদধূলি অর্চনা, অজ্ঞান নিবৃত্তি ও সর্ব্বোদয় কল্যাণ আনয়ন। ভগবদ্ভক্ত সঙ্গ, শাস্ত্র, সেই সঙ্গ অনর্থ হইতে উন্মুখ অপরাধী জীবগণকে উদ্ধার করিয়া আত্যন্তিক ক্ষেম ও পরম মঙ্গলের পথে পরিচালিত করে। পাঠান্তে মহাজনপদাবলী কীর্ত্তিত হয়। সমস্ত সজ্জনবৃন্দ সকলেই বিশেষ প্রীতি লাভ করেন।

———

মেদিনীপুরে

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ মেদিনীপুর জেলার বিভিন্নস্থানে শ্রীমন্মহাপ্রভুর মঙ্গলময়ী বাণী প্রচার করিতেছেন।

বিগত ১১।১।৩৮ তারিখে মহাকোলে শ্রীযুক্ত বাবু রমানাথ মহাপাত্র মহাশয়ের বাটীতে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

৪।১।৩৮ তারিখে কল্যাণপুর নামক স্থানে শ্রীযুক্ত বাবু বিনোদবিহারী ভৌমিক মহাশয়ের বাটীতে স্বামীজী শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে কীর্ত্তন হয়।

৫।১।৩৮ তারিখে উক্ত গ্রামে শ্রীযুক্ত বাবু গোবর্দ্ধন মাঝি মহাশয়ের বাটীতে স্বামীজী ছায়াচিত্রযোগে কৃষ্ণলীলা-বর্ণনমুখে বক্তৃতা প্রদান করেন। আদি ও অন্তে কীর্ত্তন হয়।

৬।১।৩৮ তারিখে পুনরায় উক্ত গ্রামে শ্রীযুক্ত গোবর্দ্ধন বাবুর বাটীতে ছায়াচিত্রে শ্রীগৌরাঙ্গলীলা ও শ্রীগৌরাঙ্গের শিক্ষা সম্বন্ধে বক্তৃতা করেন। আদি ও অন্তে কীর্ত্তন হয়।

৭।১।৩৮ তারিখে উক্ত গ্রামে স্বামীজী শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করেন।

৮।১।৩৮ তারিখে উক্ত গ্রামে শ্রীযুক্ত বাবু বিনোদবিহারী ভৌমিক মহাশয়ের বাটীতে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা হয়। শ্রোতৃবর্গ স্বামীজীর ব্যাখ্যা শ্রবণ করিয়া অত্যন্ত সন্তুষ্ট হন।

স্বামীজী কল্যাণপুরের প্রচারকার্য্য সমাপ্ত করিয়া ভগবন্তপুর থানার দীনবন্ধুপুর নামক স্থানে শ্রীযুক্ত বিধুভূষণ ঘোষ মহাশয়ের বাটীতে গমন করেন। তথায় ৯।১।৩৮ তারিখে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। আদি ও অন্তে কীর্ত্তন হয়।

স্বামীজী ১০।১।৩৮ তারিখে কাঁকড়া গ্রামে শ্রীযুক্ত বাবু নগেন্দ্রনাথ ঘোষ মহাশয়ের বাটীতে শ্রীমদ্ভগবদ্গীতা পাঠ ও ব্যাখ্যা করেন। স্বামীজীর যুক্তিপূর্ণ ব্যাখ্যা শ্রবণ করিয়া শ্রোতৃবর্গ অত্যন্ত সন্তুষ্ট হন। পাঠের আদি ও অন্তে শ্রীপাদ বংশীবদন ব্রহ্মচারী মহাজনপদাবলী কীর্ত্তন করেন।

———

ফরিদপুরে

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ ফরিদপুর জেলান্তর্গত গোয়ালন্দ মহকুমায় কয়েকদিন প্রচার করিয়া গত ২১।১২।৩৭ তারিখে শ্রীনবদ্বীপবাসী শ্রীযুক্ত ভোলানাথ সেন মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার বাড়ীতে গমন করেন। তথায় এক সপ্তাহ কাল অবস্থান করিয়া শ্রীমদ্ভাগবত পাঠ, কীর্ত্তন এবং হরিকথামৃত বক্তৃতা করেন। পরদিন নিবসন্ত স্বামীজী মহারাজ শ্রীমদ্ভাগবত হইতে 'প্রহ্লাদচরিত্র' পাঠ করেন। হিরণ্যকশিপুর পুত্র হইয়াও প্রহ্লাদ মহারাজ কহেন—

ততো হরৌ ভগবতি ভক্তিং কুরুত দানবাঃ।
আত্মৌপম্যেন সর্ব্বত্র সর্ব্বভূতাত্মনীশ্বরে॥
দৈত্যা যক্ষা রক্ষাংসি স্ত্রিয়ঃ শূদ্রা ব্রজৌকসঃ।
খগা মৃগাঃ পাপজীবাঃ সন্তি হ্যচ্যুততাং গতাঃ॥

—শ্লোক ব্যাখ্যামুখে বলেন—প্রহ্লাদ যে ভাবে পঞ্চমবর্ষীয় বালক হইয়াও সমবয়স্ক দৈত্যবালকগণকে ভগবদ্ভক্তি অনুশীলনের কথা সম্বোধন করিয়া বলিয়াছেন তাহা মনুষ্য জীবনে শ্রেষ্ঠ সম্পদ্ ... ... সকল মনুষ্যই ... ... সম্পূর্ণ সমর্থ ... ... শ্রীভগবানের ... ... হইতে পারেন এবং ... ... হইতে সমস্ত লাভ করিতে পারেন।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে।

"বৈষ্ণবেরাও ব্রাহ্মণ। ব্রাহ্মণত্ব বৈষ্ণবতার সূচনার সোপান। বৈষ্ণবতা ব্রাহ্মণতার চেয়ে অনেক বড় জিনিষ। বৈষ্ণবের দাসই ব্রাহ্মণ। যেমন—এক লক্ষ টাকা যাঁর আছে, তাঁর সহস্র টাকাও আছে, সেরূপ যিনি বৈষ্ণব, তিনি ব্রাহ্মণ। বৈষ্ণবতার অন্তর্ভুক্তই ব্রাহ্মণ্য।"

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী
গোস্বামি-ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ মাঘ। বুধ অনিরুদ্ধ গৌরাব্দ ৪৪১

যৎকিঞ্চিৎ

(২)

শ্রীগুরুদেব পতিতপাবন। তিনি সাধুগণের শিরোমণি, অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ সাধু বা সাধুর অগ্রণী। তিনি শুদ্ধসত্ত্ব বাসুদেব বা সত্ত্বের মূর্ত্তিবিগ্রহ। তিনি পরব্রহ্মানন্দ বস্তু। তাঁহাতে কোন অনর্থ, দোষ, অপূর্ণতা বা অন্য কোন দোষ নাই। তাঁহার শুদ্ধ হৃদয়ে কৃষ্ণ সর্ব্বক্ষণ পরমানন্দে বাস করেন। তিনি সকল মঙ্গলালয়, সর্ব্বগুণাকর। তিনি বস্তুতঃই, যথার্থই অলৌকিক বস্তু। তাঁহাকে মাপিতে বা কোনবুদ্ধিতে দেখিতে গেলেই বিপদ্। সেখানে তাঁহার সচ্চিদানন্দময় স্বরূপ অপ্রকাশিত থাকিয়া জড়ময় রূপটী প্রকাশিত। কাজেই অতঃপর শাস্ত্রানুসারে সর্ব্বদোষাকর আমরা নির্দ্দোষ নিষ্কলঙ্ক সাধুগুরুতে দোষানুসন্ধান বা দোষ আরোপের চেষ্টা করি। কিন্তু নির্দ্দোষের যে দোষ থাকে না, নিষ্কলঙ্কের যে কলঙ্ক নাই, নির্ম্মলের যে মল নাই, এ কথা অনুধাবন করিতে না পারিয়া কাদা ছোঁড়ার মত নিজের মনের ময়লাটা ধরিতে পারি না। এখন আমাদের দুর্দ্দৈব!

শ্রীগুরুপাদপদ্মের দোষ বলিয়া কোন কথা নাই। তাহা হইল সদ্গুরুর কথা—শুদ্ধভক্তের কথা; অসদ্গুরুর কথা নহে। আমার শ্রীগুরুদেব সাক্ষাৎ নিত্যানন্দ বা গৌরনিজজন, তাঁর কৃষ্ণচৈতন্য কৃপায় উপলব্ধির কথা—প্রাণের কথা। তাহা অসদ্গুরুকে সদ্গুরু বলিয়া খাড়া করিয়া ঢক্কানিনাদে লোক সংগ্রহ করত অর্থ প্রতিষ্ঠা অর্জ্জনের কথা নহে, ইহাতে আছে কেবল প্রাণ খোলা সরল ও প্রাণের স্বাভাবিক টান। সেখানে আছে কেবল শ্রীগুরুপাদপদ্মের পদধূলি শিরে ধারণপূর্ব্বক অকপটভাবে জগতের নিকট আচার্য্যমুখে প্রচার করিয়া গুরুপাদপদ্মে সকলকে আকর্ষণের সকল কথা, গুরুদেবকে গুরু বিগ্রহ বলিয়া ধারণার একটা স্বীকার না করা—যাহার নাম জীবে দয়া। এরূপ জনগোষ্ঠী ও কাজের আড়ম্বরেরই সহিত কোথাও কোন বিন্দুর তুলনা হয় না। তাহা কেবলকে জাগাইয়া দেয়, অন্তরে একটা মস্ত বড় দেয়, সকলের প্রাণে একটা সাধুসঙ্গের প্রেরণা দেয়। যত পাষণ্ড হউক, অন্ততঃ কাহারও তাহা প্রাণ এমন করিয়া উঠে। আবার সেই সকল শুদ্ধবাণী প্রাণের মনোযোগ সহকারে শ্রবণের সৌভাগ্য হইলে মানুষের সর্ব্বই মঙ্গল লাভ হয়। এত বড় জিনিষ শ্রীগুরুদেব এবং তাঁহার নিজ আশ্রিত সেবকগণ। সদ্গুরুচরণাশ্রিতের বাণীর এত জোর, এত ক্ষমতা, এত শক্তি, এত আকর্ষণ! কিন্তু যেখানে সদ্গুরুর অভাব, সেখানে মাত্র কৃত্রিম একটা ভাব থাকায় সে কথায় যেন প্রাণ নাই, সে সকল লোকের কাছে বহু দিন কথা শুনিলেও কিছুই হয় না। এ সকল কথা কল্পনা প্রসূত নহে, পরন্তু সদ্গুরুচরণাশ্রিতের প্রত্যক্ষ অনুভূতির বিষয়।

সদ্গুরুচরণাশ্রিতের সৌভাগ্য যাঁহাদের হইয়াছে, তাঁহারা সেই বস্তু নিষ্কপট সেবকগণ শ্রীগুরুদেবকে সেবক-ভগবান্ বলিয়া জানেন। শ্রীগুরুদেব নিত্যানন্দ প্রভু ছাড়া অন্য কেহ, একথা যে বলে এরূপ পাষণ্ডীর মুখদর্শনও তাঁহারা করেন না। তাঁহারা জানেন গুরুদেব কৃষ্ণের সর্ব্বশ্রেষ্ঠ সেবক বা সেবকের বিগ্রহ। তাঁহার অলৌকিক গুণের কথা অনন্তমুখে বলিয়াও শেষ করিতে পারা যায় না। সেই গুরুসেবাপ্রাণ, গুরুসেবকগণের নিকট শ্রীগুরুপাদপদ্মে প্রাকৃত কোনও কিছুর আরোপ করিলে তাঁহারা দৃঢ়তার সহিত অকপটভাবে বলিয়া থাকেন,—

মদিরা যবনী যদি ধরে নিত্যানন্দ।
তথাপি ব্রহ্মার বন্দ্য, বলে গৌরচন্দ্র॥

শুদ্ধগুরুসেবকগণের এই প্রাণস্পর্শী দৃঢ়তার সুযোগ লইয়া সংসারী সম্প্রদায় গুরুব্রুবগণকে গুরু (?) সাজাইয়া নিজ অনর্থ বহনের সঙ্গে সঙ্গে অপরের অমঙ্গল করিবার জন্য বলিয়া থাকে যে,—

যদ্যপি আমার গুরু শুঁড়ি বাড়ী যায়।
তথাপি আমার গুরু নিত্যানন্দ রায়॥

আমরা ত' আগেই বলিয়াছি, ইহা দুই দলের গলা দিবার কথা নহে। ইহা ত' প্রাণের কথা—উপলব্ধি করিবার কথা। ইহা বাগাড়ম্বর নয়। অপসিদ্ধান্তপরায়ণ কোন অনুদ্ধ গানের জোরে, নিত্যানন্দ খাড়া করিলে ত' আর চলিবে না। 'মদ্গুরুঃ শ্রীজগদ্গুরুঃ, মদাত্মা সর্ব্বভূতাত্মা' এই কথা মর্ম্মে মর্ম্মে গুরুকৃপায় নিজ হৃদয়ে উপলব্ধি করিয়াছেন, এইরূপ সরল দৃঢ়তা তাঁহারই এক চেষ্টা। এ ত' আর বাক্-চাতুর্য্যের ঘোলমাথার কথা নয়। সদ্গুরু যাঁহারা না পাইয়াছেন তাঁহারা বুকে হাত দিয়া দেখুন যে, তাঁহারা যথার্থরূপে অন্তর হইতে একথা বলিতেছেন, না পাড়ার মুখে আওড়াইতেছেন। যদি এই ত' সেই অভাব তাঁহাদের দুরাচারী বা অসদাচারীর সঙ্গে গলা দিয়া কথা বলেন, তাঁহাদের কথা। কিন্তু এই সম্প্রদায়ের প্রকৃতার্থ কি?

আমাদের সকলের সতত মনে রাখা উচিত যে, যিনি সতত চব্বিশ ঘণ্টার মধ্যে চব্বিশ ঘণ্টাই কৃষ্ণের সুখবিধান করেন, সেই গুরুদেব কখনও অন্যায় কার্য্য করেন না, তাঁহার সকল কার্য্যই কৃষ্ণসুখতাৎপর্য্যপর। নিজের দর্শনে তাঁহার কোন অসদাচার লক্ষিত হইলে তাহা দিয়া নিজে অনুকরণীয় মনে ত' করিবেনই না পরন্তু গুরুদেবের ঐ কার্য্য অন্যায় হইয়াছে এইরূপ কল্পনা করাও উচিত নয়। কারণ, শ্রীগুরুদেবের ক্রিয়ামুদ্রা মনোধর্ম্মী আমাদের বোধগম্য নয়। কোন্ অভিপ্রায়ে যে তিনি ভক্তের কি অভ্যুত্থান স্বীকার করেন, কি করিয়া তিনি কৃষ্ণসুখ-বিধান করেন, তাহা আমরা বুঝিয়া উঠিতে পারি না। তাই বলিয়া হরিসেবা-চেষ্টা ব্যতীত অন্য কোনরূপ কার্য্যে গুরু কখনই নিজের অনুভজন ছাড়িয়া রত হন না। শ্রীনিত্যানন্দ প্রভু কোন অন্যায় কার্য্য করেন না। তিনি অন্যায় কার্য্য করেন, এরূপ প্রতীতি নিরয়ের চতুঃসীমাপ্রাপক। তাহাতে কোনঅংশে সেই বিপথগামী হইবেন, সন্দেহ নাই। সেইজন্য শাস্ত্র বলিয়াছেন,—

অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ব্যবসিতো হি সঃ॥

অতএব যাঁহার সন্দেহ আছে, তিনি শিষ্যনামের অযোগ্য, তিনি গুরুবিমুখ। উপরিউক্ত কথা প্রকৃত শিষ্যেরই, শিষ্যের লাভের জন্য প্রবৃত্তি নষ্ট মানুষ কোনরূপ নহে। আমাদের প্রত্যেককেই ঐরূপ স্বভাব নষ্ট হইবার জন্য কৃপাপ্রার্থী হইতে হইবে। নচেৎ শিষ্যত্ব বা সেবা লাভ সম্ভবপর নহে। তবে ইহা অন্তরের কথা। সেইজন্যই বলিতেছি, মুক্তি-মদির একাকার বা সাধুর সরলতার সহিত অসাধুর কপটতার সমন্বয় করিতে হইবে না। সর্ব্বদাই প্রকৃত পরিত্যাজ্য, অসতীর পরিত্যাজ্য হয়না যায়। সেখানে হরিবোল দিলে চলিবে না। যদি এইরূপ নিষ্কপট সত্যাসত্য সন্দেহশূন্য আমাদের হৃদয়ে থাকে, তাহা হইলে নিশ্চয়ই ভগবৎকৃপায় আমরা ইহার পার্থক্য বুঝিতে পারিব। কিন্তু যদি কাহারও প্রবৃত্তি না থাকে, তাহা হইলে আমাদের কোন কথা নাই।

শ্রীমদ্ গিরি মহারাজের বক্তৃতা

[বিষয়—শ্রীল প্রভুপাদ ও বর্ণ-ধর্ম্ম কাব্যলোক, শ্রীল প্রভুপাদ ও কৃষ্ণপ্রেম।
কাল—২৫শে ডিসেম্বর, শনিবার, সায়াহ্ন।
স্থান—শ্রীল প্রভুপাদের বিরহ-সভা, শ্রীচৈতন্যমঠ।]

ওঁ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ॥
নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনাম্নে গৌরত্বিষে নমঃ॥
প্রেমাঞ্জনচ্ছুরিতভক্তিবিলোচনেন
সন্তঃ সদৈব হৃদয়েষু বিলোকয়ন্তি।
যং শ্যামসুন্দরমচিন্ত্যগুণস্বরূপং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥

পরমপূজ্যপাদ শ্রীল আচার্য্যদেব, পূজনীয় বৈষ্ণববৃন্দ! এদের মাতৃগণ ও সজ্জনমণ্ডলি, পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্মের অনুকম্পার মধ্যে ১০৮টী শ্রী বা শোভা দর্শন করাইবার জন্য শ্রীল আচার্য্যদেব ১০৮ পুষ্পাঞ্জলি রচনা করিয়া তাঁহার পাদপদ্মে প্রদান করিবার ব্যবস্থা করিয়াছেন তাহার মধ্যে ২টী পুষ্পাঞ্জলি শ্রীল প্রভুপাদের সেবা করিবার ভার এ অযোগ্যের উপর অর্পণ হয়েছে। আমার কিন্তু কোনই যোগ্যতা নাই। তবে কীটও পুষ্পের সঙ্গে ভগবানের পাদপদ্মে উপস্থিত হয়। ইহাই আমার ভরসা।

আমরা সাধারণতঃ ইহ ও পরকালের সুখের জন্য ধর্ম্ম করি। সকলেই প্রেমের জন্য লালায়িত, প্রেম প্রায় কেহই চায় না। জৈমিনীর মতে 'অথাতো ধর্ম্মজিজ্ঞাসা' অথবা 'চোদনালক্ষণো ধর্ম্মঃ' ইত্যাদি ঐহিক ও পারত্রিক সুখ সুবিধার জন্য যে ধর্ম্মের কথা কথিত আছে, উহাই সাধারণতঃ ধর্ম্ম নামে পরিচিত। ইঁহার মতে অজ্ঞানতাই জীবের সার্ব্বভৌম নিঃশ্রেয়স প্রার্থনীয় নহে। আগন্তুক ধর্ম্ম-সঙ্গে ঐহিক ও পারত্রিক সুখ-সুবিধার্থ জন্য বৈষ্ণবাদি পুণ্যকর্ম্ম কথিত হয়। অর্থ সঙ্গে আগন্তুক প্রয়োজন বা পারত্রিক

সাধু সে ছলে রাখি কৃষ্ণপানে চায়। তাহাকে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়॥

ধর্মাদি লাভ প্রয়োজনীয়রূপে লক্ষিত হয়। 'কাম' অর্থে স্থূল ও সূক্ষ্ম ইন্দ্রিয়তর্পণ এবং মোক্ষ-শব্দে আত্যন্তিক দুঃখনিবৃত্তি বুঝাইয়া থাকে। চতুর্বর্গের মধ্যে মোক্ষ কখনই প্রার্থনীয় নয়। মোক্ষের মধ্যে সাযুজ্যমুক্তি নিতান্ত গর্হণীয়। ভক্তগণ কোনদিনই ঐ মুক্তি প্রার্থনা করেন না।

এই সকলই ধর্ম-অর্থ-কাম-মোক্ষের প্রাকৃত ধারণা; কিন্তু শ্রীল প্রভুপাদ আমাদিগকে যে প্রকৃত ধর্ম, অর্থ, কাম ও মোক্ষের কথা জানাইয়াছেন, তাহা অন্যরূপ। 'ধর্ম' বলিতে শ্রীল প্রভুপাদ ভাগবত-ধর্মকেই লক্ষ্য করিয়াছেন। পরমধর্ম সম্বন্ধে শ্রীমদ্ভাগবতে এইরূপ উক্ত হইয়াছে—

স বৈ পুংসাং পরো ধর্মো যতো ভক্তিরধোক্ষজে।
অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সম্প্রসীদতি॥

'অর্থ' বলিতে তিনি পরমপুরুষার্থ কৃষ্ণপ্রেমকেই জানাইয়াছেন। তিনি বলিয়াছেন—

'তোমার কনক ভোগের জনক,
কনকের দ্বারে সেবহ মাধব।'

নেহ যৎকর্ম ধর্মায় ন বিরাগায় কল্পতে।
ন তীর্থপদসেবায়ৈ জীবন্নপি মৃতো হি সঃ।

'কাম' বলিতে অপ্রাকৃত কামদেব মদনমোহনের ইন্দ্রিয়তৃপ্তি বুঝায়। 'কাম কৃষ্ণকর্ম্মার্পণে।' আর মোক্ষ বলিতে বিষ্ণুপাদ পদ্মলাভের কথাই বলিয়াছেন। শ্রীমধ্বাচার্য্য বলিয়াছেন—'মোক্ষং বিষ্ণ্বঙ্ঘ্রিলাভম্' অথবা 'মুক্তির্হিত্বান্যথারূপং স্বরূপেণ ব্যবস্থিতিঃ'।

সাধারণ লোকের ধারণা এই যে, ভগবানের দাস হইলে ছোট হইয়া যাইতে হয়। কিন্তু তাঁহারা জানেন না যে, [illegible] ও ভগবদ্দাস্যে আকাশ পাতাল প্রভেদ রহিয়াছে। ভগবদ্দাস্যে এমন মাধুর্য্য আছে যে, তাহার নিকট ভগবান্ অধীন হইয়া থাকেন; ও মুক্তিসম্পদ্ তাঁহার নিকট তুচ্ছ হইয়া পড়ে। যখন আমাদের শ্রীগৌড়ীয়মঠ ছিল তখন 'নিত্যধাম' নামক একখানা বই বাহির হইয়াছিল। উহাতে ভগবদ্দাস্য ও মায়াদাস্যকে একপর্য্যায়ে স্থাপন করা হইয়াছিল। উহাতে এরূপ ভাব ছিল যে, ভগবানের দাস হইলে আমাদের কি হইবে? ভগবানের দাস হইলে ও আমাদের দুঃখ রহিবে? কিন্তু আমরা সাধু গুরুর মুখে ভগবানের দাসত্বই শ্রেষ্ঠ জানি। শ্রীচৈতন্যভাগবতে উক্ত হইয়াছে—

অজ ভব না পায় যে দাস্য-অভিমান।
অজ ভবে দাস নাহি করেন প্রণাম॥

শ্রীমৎ প্রহ্লাদ মহারাজ বলিয়াছিলেন

শ্রবণং কীর্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনম্।
অর্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্॥
ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা।
ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্॥

অর্থাৎ এই নবলক্ষণ ভক্তি যে ব্যক্তি অনুষ্ঠান করেন তিনি সর্ব্বোত্তমরূপে অধ্যয়ন করিয়াছেন বলিয়া মনে করি। অর্থাৎ তাঁহার শাস্ত্রাধ্যয়ন সার্থক হইয়াছে।

মন্যে ধনাভিজনরূপতপঃশ্রুতৌজ-
স্তেজঃপ্রভাববলপৌরুষবুদ্ধিযোগাঃ।
নারাধনায় হি ভবন্তি পরস্য পুংসো
ভক্ত্যা তুতোষ ভগবান্ গজযূথপায়॥

আমার মনে হয়, ধন, সৎকুলে জন্ম, দেহের সৌন্দর্য্য, তপস্যা, পাণ্ডিত্য, ইন্দ্রিয়-নৈপুণ্য, তেজঃ (কান্তি), প্রভাব, শারীর বল, পৌরুষ (উদ্যম), প্রজ্ঞা এবং অষ্টাঙ্গ যোগ—এই দ্বাদশ গুণ সেই পরমপুরুষের আরাধনার যোগ্য হয় না, যেহেতু গজযূথপতির (গজেন্দ্রের) ভক্তিতেই ভগবান্ তুষ্ট হইয়াছিলেন। অর্থাৎ বিশুদ্ধভক্তি দ্বারাই আরাধনার যোগ্য।

ভগবানের সেবাই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। ভগবান্ প্রেমবশ্য। 'ভক্তিরেবৈনং নয়তি, ভক্তিরেবৈনং দর্শয়তি, ভক্তিবশঃ পুরুষো, ভক্তিরেব ভূয়সী' ভক্তিই জীবকে ভগবানের নিকট লইয়া যায়, ভক্তিই জীবকে ভগবদ্দর্শন করায়। সেই পরমপুরুষ ভগবান্ একমাত্র ভক্তিরই বশ। ভক্তিই সর্ব্বশ্রেষ্ঠ। আমাদের কোন যোগ্যতার দ্বারা ভগবানকে পাওয়া যাইতে পারে না। ভগবানের কৃপাতেই সকলের উদ্ধার হয়। টাইটানিক নামক জাহাজডুবির কথা অনেকেই অবগত আছেন। উহার প্রস্তুতকারক ইঞ্জিনীয়ার সাহেব গর্ব্বের সহিত বলিয়াছিল God (গড্) ডুবিতে পারে কিন্তু টাইটানিক ডুবিবে না। ভক্ত উহার সেই গর্ব্ব ভগবান্ চূর্ণ করিলেন। টাইটানিকের প্রথম যাত্রাতেই সেই জাহাজ ধ্বংস হইল। এই প্রকার প্রাকৃত বিজ্ঞানের চরম পরিণাম আমরা অহরহঃ দেখিতেছি।

ভগবান্ তাঁহার শরণাগত ভক্তকে সর্ব্বতোভাবে রক্ষা করেন। 'যো তাঁকো শরণ লিয়ে, সো তাঁকো রাখে লাজ। উলট জলে মছলি চলে, বহি যায় গজরাজ।' আমাদের আচার্য্যদেব কোন্ বলে বলীয়ান্? তিনি কোন্ বলে এত বাধা বিপত্তির মধ্যেও অটল আছেন? তিনি ভক্তির বলে বলীয়ান্ বলিয়াই কোন বাধাই গ্রাহ্য করিতেছেন না। আচার্য্যদ্রোহিগণ নিজদিগকে শ্রেষ্ঠ বলিয়া মনে করিতে পারে এবং সকলকে অনাদর করিতে পারে, কিন্তু আচার্য্যদেব ঐ সকলের কিছুই ভরসা রাখেন না। হিরণ্যকশিপু প্রহ্লাদকে নানাভাবে ভয় প্রদর্শন করিয়াছিলেন, কিন্তু ভক্ত প্রহ্লাদ সর্ব্বাবস্থাতেই শ্রীভগবানে সম্পূর্ণ নির্ভরশীল ছিলেন।

হিরণ্যকশিপুর দাম্ভিকতা ও প্রহ্লাদের নির্ভীকতা এক নয়। সত্যাশ্রয় ও অসত্য পক্ষের মধ্যে কখনও আপোষ হইতে পারে না।

যাঁহা যায় তাঁহা দেখি শ্যাম,
যাঁহা চায় তাঁহা দেখি শ্যাম,
দুহি রজনী দুহু দেখি হয় এক ঠাম॥

অন্ধকার ও সূর্য্য কখনও একত্র থাকিতে পারে না। ভক্তের ভয় মৃত্যু বা পতন নাই।

তথা ন তে মাধব তাবকাঃ কচিদ্
ভ্রশ্যন্তি মার্গাত্ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া
বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো॥

হে মাধব! আপনার ভক্তগণ আপনাতেই বদ্ধসৌহৃদ (দৃঢ় প্রীতিযুক্ত)। তাঁহারা কখনই মার্গভ্রষ্ট হন না অর্থাৎ মুক্তাভিমানিদিগের ন্যায় অধঃপতিত হন না; তাঁহারা আপনার দ্বারা সুরক্ষিত হইয়া বিঘ্নকারীদিগের মস্তকে পদক্ষেপ করিয়া নির্ভয়ে বিচরণ করিয়া থাকেন।

ভক্ত ভগবানের সেবায় ব্যস্ত হন। ভক্ত ভগবানের দর্শনের জন্য ব্যস্ত হন না। তিনি নিজকে ভগবানের দ্রষ্টা অভিমান করেন না। তিনি আপনাকে দৃশ্য মনে করেন, কপটতা করিয়া নিজকে সেবক বলিয়া অভিমান করিলে কি হইবে? ভগবান্ সেবা গ্রহণ না করিলে সেবা হয় না। আমাদিগকে শ্রীল প্রভুপাদের শেষবাণী সর্ব্বদাই স্মরণ রাখিতে হইবে, 'আপনারা শত শত লাঞ্ছনা সহ্য করিয়াও কিছুতেই ভগবানের সেবা ছাড়িবেন না।'

শ্রীল আচার্য্যদেব আমাদিগকে সর্ব্বদাই Aggressive part নিতে আদেশ করিয়াছেন। তিনি ভগবানের উপর সর্ব্বদাই নির্ভরশীল। ধর্ম-অর্থ-কাম-মোক্ষ কিছুই ভক্তজীবনকে প্রলুব্ধ করিতে পারে না। পরন্তু তাহারা ভক্তের নিকট সেবা প্রার্থনা করিয়া থাকেন।

হরিসেবার উদ্দেশ্যে যাহাই করা যায় তাহাই ভক্তি।

মুক্তিঃ [illegible] ক্রিয়া।
সেবা [illegible]
পরা ভবেদিতি।

শ্রীভাগবতে আমরা জানিতে পারি—শ্রীকৃষ্ণসেবার জন্য অর্জ্জুন তাঁহার আত্মীয়স্বজনের বিরুদ্ধে যুদ্ধ করিতে কুণ্ঠিত হন নাই। Peaceful life lead করাই ভক্তি নয়। শ্রীল প্রভুপাদ তাঁহার জীবনের প্রথম হইতে শেষ পর্য্যন্ত কৃষ্ণসেবার জন্য অজস্র বাধাবিপত্তি সহ্য করিয়াছিলেন এবং বিরুদ্ধবাদ খণ্ডন করিয়াছিলেন। শ্রীল প্রভুপাদ কৃষ্ণসেবার জন্য যত কষ্ট করিয়াছিলেন তাহা ভাষায় ব্যক্ত করা যায় না। শ্রীল প্রভুপাদের অন্তর্ধানের পর প্রচারের জন্য শ্রীল আচার্য্যদেব অনেক কষ্ট সহ্য করিতেছেন। তাঁহার শ্রীগুরুগৌরাঙ্গে অনন্যপরায়ণতা ও ভগবন্নিষ্ঠতা এবং [illegible] সজ্জনবর্গকে আকৃষ্ট করিয়াছে। তিনি আমাদের প্রতি কৃপাদৃষ্টি করুন, ইহাই প্রার্থনা।

— —

শ্রীগৌরকিশোরবাণী

বৈষ্ণব কখনও কৃষ্ণবিষয়ের সেবার আসক্তি ব্যতীত অন্যবিষয়ে লোভ করেন না। যখন আমাদের নিজেদের বিষয়ে লোভ হয়, তখন নিজের অনর্থ বৈষ্ণবের কাঁধে চাপাইয়া তাঁহার প্রতি কটাক্ষ করি। যাহার বিষয়ের প্রতি কিঞ্চিন্মাত্র আসক্তি থাকে, তাহার হৃদয়ে কখনও প্রেমভক্তি উদিত হইতে পারে না। হরিসম্বন্ধি বস্তুতে প্রচুর আসক্তি ব্যতীত অকিঞ্চন প্রেমভক্তির লক্ষণ বিশুদ্ধভাবে বুঝা যায় না। শ্রীরাধাগোবিন্দে ও শ্রীকৃষ্ণে যাঁহার প্রগাঢ় প্রেমভক্তির উদয় হইয়াছে, তাঁহার হরিসেবা ও বৈষ্ণবসেবার অনুকূল বিষয়ে প্রতি স্বাভাবিক প্রগাঢ় আসক্তি প্রকাশিত হয়। তাঁহাদের বিষয় হরিভক্তের সেবায় আনুকূল্য ব্যতীত কখনও নিজের বা আত্মীয়-স্বজনের ভোগের নিমিত্ত নির্দ্দিষ্ট হয় না। তাঁহাদের কৃষ্ণসেবানুকূল বিষয়ে বিষয়ী অপেক্ষাও অধিকতর আসক্তি দেখিয়া ভোগী ও ত্যাগী লোক মনে করিয়া থাকে যে, প্রেমিক ভক্তের কৃষ্ণবিষয়ের প্রতি আসক্তি আছে। বস্তুতঃ যাঁহাদের কৃষ্ণসম্বন্ধি বিষয়ে প্রগাঢ় আসক্তি উদিত হয় নাই, তাঁহাদের কৃষ্ণে আসক্তির অভিনয় কেবল কপটতা। যে ব্যক্তি একান্ত বৈষ্ণবের নিন্দা করে, প্রিয়তম হইলেও তাহার সঙ্গ ত্যাগ করা উচিত।

কপটের সঙ্গে থাকিলে ভজনের বাধা হয়। কপটতা ভক্তের একচেটিয়া সম্পত্তি। জীবে কপটতা থাকিলে উহা ভক্তের অনুকরণ বা অভিনয় হইয়া পড়ে। সকলেই বৈষ্ণবতা। আমাকে লোকে বৈষ্ণব মনে করিয়া আমার ভোগের জন্য আমাকে টাকা দিয়াছে। আমি ত বৈষ্ণব নহি। জানিয়াছি এখানে বৈষ্ণবগণ আছেন। সুতরাং তাঁহাদের সেবার জন্য ঐ টাকা পাঠাইয়া দিলাম। [illegible] হরিভজন যত জীবন নির্ব্বাহের জন্য যথাযোগ্য গ্রহণ ব্যতীত অপরের দ্রব্য গ্রহণ করিলে চিত্ত মলিন ও হরিভজনে বিঘ্ন উপস্থিত হয়।

মায়াপরাধ ও সেবাপরাধের ফলে ধন, অর্থ ও কাম লাভ হয়। উহাই জীবের সর্ব্বাপেক্ষা দুর্ভাগ্য। [illegible] কপটকে প্রবঞ্চনা দ্বারা বঞ্চনা করেন।

যাহার হরিভজনের ইচ্ছা আছে সে যেন অসৎসঙ্গ না করে। অসৎসঙ্গ ত্যাগ, সৎসঙ্গের অভিনয় করিয়া কিংবা গোপনে গোপনে ধর্মধ্বজিদিগের হুজুগ করিয়া যাহারা এরূপ বিচার পোষণ করে, তাহাদের অনর্থ আরও বাড়িয়া যায়। সব কষ্ট সহ্য করিয়া—নিরন্তর সৎসঙ্গে থাকিয়া শ্রবণ কীর্ত্তন করিলে তবে হরিজনের সেবা রক্ষা করা যায়।

সাধুসঙ্গ কিরূপে করিতে হয়, সাধুসঙ্গের প্রণালী কিরূপ, সাধু কাহাকে বলে, সঙ্গেরও প্রকৃত অর্থ কি, এই সকল বিচার অনুধাবন জানা আবশ্যক। নতুবা সাধুসঙ্গের অভিনয়ে সাধুর কৃপালাভের পরিবর্তে ক্ষতি হওয়ার সম্ভাবনাই বেশী।

সাধুসঙ্গ করিলে জীবের ভক্তি উত্তরোত্তর ভগবদুন্মুখী হইবে। কিন্তু সাধুর নিকট থাকিয়াও যদি বহির্মুখতা দেখা যায় অথবা সেবাপ্রবৃত্তির পরিবর্তে অন্যাভিলাষ বা কর্মজ্ঞানাদির প্রবৃত্তি মনে স্থান পায়, তবে সাধুসঙ্গ নিষ্ফল হইতেছে না জানিতে হইবে।

সদাচার সাধুর জীবন্ত। সুতরাং সাধুকে অনুকরণ না করিয়া তাঁহার অনুসরণ করিতে হইবে। তাঁহার আচার চিত্তে সংক্রামিত হওয়া, তাঁহার প্রদর্শিত পথে চলা, তাঁহার ন্যায় সেবাময় জীবন যাপন করা, নিজের দেহের ইন্দ্রিয়ের পথে অগ্রসর হইতে গমনশীল মনকে অনুশীলন করার নামই সাধুসঙ্গ। তাঁহার নিকটে থাকিয়া তাঁহার কথা শ্রবণ না করিলে ও তাঁহার উপদেশানুযায়ী চলিতে না পারিলেও তাঁহার কৃপাময়ী বাণী আমাদিগকে ভগবৎপথে আকৃষ্ট করে, এবং অনুসরণ করিবার বা ভজনের জন্য তাঁহাদের একটি অভাবনীয় প্রেরণা দেয়। তাঁহার বাণী আমাদের মনকে ভগবানের দিকে লইয়া যায় এবং তাঁহার কৃপাতেই আমরা তাঁহার আচারময়—সেবাময় জীবন কিছুদিন পরে দেখিবার সৌভাগ্য পাই। আনুগত্যই সঙ্গ বা সেবা। যেখানে আনুগত্য নাই সেখানে সঙ্গের কোন কথা নাই। আমাদের জানিয়া রাখা উচিত যে, কোন অপরিচিত বস্তুর সঙ্গ করা কঠিন। সুতরাং সাধু না চিনিলে, সাধুকে সাধু বলিয়া জানিবার সৌভাগ্য না হইলে, সাধু বা গুরুকে সাধুবুদ্ধি বা গুরুবুদ্ধি না হইলে সাধুসঙ্গ কি করিয়া হইবে? সেইজন্য সাধুসঙ্গের সহায়ক সদ্গুরুর নিকটেই কৃপা ভিক্ষা করিতে হইবে, যাঁহারা সাধুর সেবা করেন তাঁহাদের নিকট নিষ্কপটে প্রাণের কথা জানাইতে হইবে। সাধুর কথা তাঁহাদের নিকট শুনিতে হইবে। নতুবা অন্য কোন উপায় দেখি না।

শুদ্ধ কৃষ্ণভক্তের সঙ্গ হইলেই জীবের পরমমঙ্গল লাভ হয়। সুতরাং সাধুসঙ্গ কি করিয়া হইতে পারে এ বিষয়ে প্রত্যেকেরই বিশেষ লক্ষ্য রাখা আবশ্যক। সাধুর নিকট প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবাবৃত্তির সহিত হরিকথাশ্রবণমুখেই সাধুর সঙ্গ হয়। অনেকে মনে করেন যে, সাধুর পদসেবা, তাঁহাকে প্রণতি, তাঁহার চরণামৃত সেবন, তাঁহার প্রসাদ সেবন ও তাঁহাকে কিছু অর্থ দান করিলেই বুঝি সাধুসঙ্গ হয়। এই সকল কার্যের দ্বারা সাধুর সম্মাননা হয়। তাহাতে যে কোনও প্রকার লাভ হয় না একথা আমরা বলিতে চাহি না। তবে তাহাই যে প্রকৃত সাধুসঙ্গ ইহাও বলা যায় না। আমরা যদি সাধুর কাছে থাকি কিন্তু তাঁহার বাণী বা উপদেশ নিজ জীবনে পালন করিতে চেষ্টা না করি তাহা হইলে তাঁহার কাছে থাকিয়াও আমাদের বিশেষ কিছু সুবিধা হইবে না। পরন্তু তাঁহার আচরণ বুঝিতে না পারিয়া তাঁহাকে প্রাকৃত বুদ্ধি করত তদ্রূপে অপরাধের ফলে পতনের আশঙ্কাই বেশী। সেইজন্য বলিতেছি, সাধুর বাণীকে অবহেলা না করিয়া দৃঢ়ভাবে ধরিতে হইবে। তাহা হইলে আমাদের মঙ্গল একদিন না একদিন হইবেই। সাধুর কথা হৃদয়গ্রন্থিনাশক। সাধুর বাহ্য আচরণে অনেক সময় বঞ্চনা থাকিতে পারে, কিন্তু সাধুর বৈকুণ্ঠবাণীতে বঞ্চনা বলিয়া কোন কথা নাই। তাঁহার বাণী বা সিদ্ধান্তে তাঁহার অবঞ্চক মঙ্গলময়ী প্রকাশিত বা জীবের প্রতি নিষ্কপট অনুগ্রহ দয়া বর্ষিত।

সাধুসঙ্গ যেরূপে করিতে হয় সে কথা শ্রীমদ্ভাগবত আমাদিগকে জানাইয়াছেন—

তে বৈ বিদন্ত্যতিতরন্তি চ দেবমায়াং
স্ত্রী-শূদ্র-হূণ-শবরা অপি পাপজীবাঃ।
যদ্যদ্ভুতক্রমপরায়ণশীলশিক্ষা-
স্তির্যগ্জনা অপি কিমু শ্রুতধারণা যে॥

উরুক্রম অদ্ভুতক্রম। তাঁহার ভক্তগণ অদ্ভুতক্রমপরায়ণ। সেই ভক্তগণের শীল অর্থাৎ স্বভাব ও সচ্চরিত্র যিনি বিশেষ যত্নের সহিত শিক্ষা করেন তিনি নিশ্চয় ভগবানের মায়াকে জয় করিতে পারেন। সংসারসাগর উত্তীর্ণ হইতে একমাত্র তিনিই সমর্থ। স্ত্রী, শূদ্র, হূণ, শবর, অন্য পাপজীব ও পশুপক্ষী যে কেহ ভক্তজনের স্বভাব শিক্ষা করিতে পারিলে তিনি অনায়াসে ভবসাগর পার হইতে পারিবেন। সুতরাং নিষ্কপট সত্য শ্রদ্ধালু জিজ্ঞাসু সাধুগণ যদি একান্তভাবে অনুসরণ করিয়া অনায়াসে সংসার অতিক্রম করিতে পারিবেন তাহাতে আর সন্দেহ কি?

বহু শাস্ত্রজ্ঞান, উত্তম জাতিলাভ শুষ্ক বৈরাগ্য অবলম্বন, প্রচুর ধন ও সৌন্দর্যের দ্বারা ভগবদ্ভক্তি লাভ করা যায় না। কেবলমাত্র শুদ্ধ সাধুদের স্বভাব বহু যত্নে অনুসন্ধানপূর্বক তাঁহা নিষ্কপটে অনুসরণ করিতে পারিলেই মঙ্গল অনিবার্য। কিন্তু কপটতা করিলে চলিবে না। জীবনে অনেক ভাগ্যে অনেক সাধুর সাক্ষাৎকার হইতে পারে, কিন্তু আমাদের কপট ব্যবহারের জন্য আমরা সাধুদের কোন কৃপাই লাভ করিতে পারি না। সাধুকে প্রকৃত অভাবে তাঁহার পূর্ণাশ্রয় বা অকপটে নিষ্ক্রীত হইতে না পারার জন্য আমরা তাঁহার উপদেশকে বেদবাক্যের ন্যায় মনে করিতে পারি না। তাই আমাদের সুবিধাও হয় না। সুতরাং সরল প্রকার সহিত আমরা সাধুসঙ্গ করিবার জন্য প্রযত্ন করিব, তাহা হইলে আমাদের আত্মোন্নতি হইবে।

সাধুসঙ্গ করিতে হইলে আমাদিগকে প্রথমেই অসৎসঙ্গ পরিত্যাগ করিতে হইবে। অসৎসঙ্গ রাখিয়া সাধুসঙ্গ হয় না। যাঁহার মুখে বা বাহ্যভাবে অসৎসঙ্গ ত্যাগ করিলেই যথেষ্ট হইবে না। হৃদয়-সহিত মনোবিবেক-সহকারে সাধুর নিকট হরিকথা শ্রবণ করিতে হইবে। হরিকথা শ্রবণ করিতে করিতেই আমাদের অনর্থ ক্রমশঃ কমিয়া গেলে আমরা এই সকল কথা হৃদয়ে উপলব্ধি করিতে পারিব। হরিকথা সাক্ষাৎ হরি। সাধুগণ সর্বদাই আমাদিগকে হরিই দান করেন। সাধু এত দয়াল! কিন্তু তাঁহার এতবড় দানের কথা আমরা বুঝিয়া উঠিতে পারি না। সাধুদর্শন না হইলে প্রকৃত সাধুসঙ্গ হয় না এবং ভবজ্বালা আমাদের কখনও কাটে না। সাধুর কৃপা ব্যতীত কিছুই হইবার উপায় নাই। সুতরাং সাধুর আনুগত্য করিয়া থাকা ছাড়া আমাদের আর কোন কৃত্য নাই।

যোগ্যতা বিচারে কিছু নাহি পাই
তোমার করুণা সার।
করুণা না হ'লে কাঁদিয়া কাঁদিয়া
প্রাণ না রাখিব আর॥

দেবানন্দ পণ্ডিত

(শ্রীপাদ দামোদর বিদ্যানন্দ)

মঙ্গলাচরণ

বন্দে শ্রীকৃষ্ণচৈতন্যদেবং তং করুণার্ণবম্।
কলাবপ্যতিগূঢ়েয়ং ভক্তির্যেন প্রকাশিতা॥
অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ
সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্।

লীলা-পুরুষোত্তম স্বয়ং পূর্ণ শ্রীকৃষ্ণচৈতন্যদেব জযুক্ত হউন, জয়যুক্ত হউন, তাঁহার মহাবদান্য কীর্তি জয়যুক্তা হউন, জয়যুক্তা হউন। সপার্ষদ শ্রীশ্রীনিত্যানন্দ প্রভু, শ্রীঅদ্বৈতাচার্য প্রভু এবং গৌরাঙ্গ-প্রিয় শ্রীশ্রীগৌরসুন্দরের ভক্তবৃন্দ জয়যুক্ত হউন, জয়যুক্ত হউন এবং তাঁহার নিখিল প্রিয়-পরিকরগণের বৃন্দ জয়যুক্ত হউন, জয়যুক্ত হউন।

কোলদ্বীপ বন্দনা

কলিতে অতি কোলদ্বীপ কাজার কাজী
সুরনদীকূলকণ্ঠে দেবালয়-শোভনা।
খগ-মৃগ-তরু-লতা ফুল-ফলে শোভান-
মন্দাকিনী-সুরভী-বায়ুভরে সেবিত গৌরপদম্॥

পশু, পক্ষী, তরু, লতা, ফুল, ফল, দীর্ঘিকা, সরোবর, উপবন, পর্বত এবং কুঞ্জগৃহের অদ্ভুত সৌন্দর্যের দ্বারা উদ্ভাসিত অপূর্ব উপবন সর্বদেবপ্রণম্য শ্রীকোলদ্বীপ কাজার-পাহাড় জয়যুক্ত হউন, জয়যুক্ত হউন

গৌরসুন্দরের নগর ভ্রমণ

অপ্রাকৃত নবদ্বীপ মণ্ডলের মধ্যবর্ত্তী পশ্চিম তীরে পাদসেবাখ্য ভক্ত্যঙ্গ-দ্বীপ অবস্থিত। এই অপ্রাকৃত দ্বীপরাজ কোলদ্বীপ নামে সুপরিচিত। সত্য যুগে এই দ্বীপস্থিত 'বাসুদেব' নামক ব্রাহ্মণ-কুমারের সাধনায় সন্তুষ্ট হইয়া কোলদেব বা বরাহদেব উক্ত ব্রাহ্মণকুমারের প্রতি স্বীয় কৃপাদৃষ্টি নিক্ষেপ করিয়াছেন বলিয়া এই দ্বীপ "কোলদ্বীপ" নামে খ্যাত হইয়াছেন। একদা অখিল-ব্রহ্মাণ্ড-বন্দন, মায়াপুরপুরন্দর [illegible] গঙ্গার পশ্চিম তটস্থিত এই দ্বীপে শুভাগমন করিলেন। আর্য্য ভাগবতগণ দ্বারা পরিবেষ্টিত গৌরচন্দ্র ভ্রমণ করিতে করিতে ক্রমে সার্ব্বভৌম ভট্টাচার্য্যের পিতা মহেশ্বর বিশারদের জাঙ্গাল বা সেতুর সমীপে উপস্থিত হইলেন।

শ্রীদেবানন্দ পণ্ডিত

মহেশ্বর বিশারদের সেতুর নিকট দেবানন্দ পণ্ডিত নামক একজন বিপ্রের বসতি। দেবানন্দ পণ্ডিত তদানীন্তন আধ্যাত্মিক-সমাজে শ্রীমদ্ভাগবতের একজন বিখ্যাত অধ্যাপক বলিয়া পরিচিত ছিলেন। শুধু তাহাই নহে, দেবানন্দের বাহিরে যেরূপ প্রচুর পাণ্ডিত্য-প্রতিষ্ঠা ছিল, তদ্রূপ অন্তরেও তাঁহার প্রচুর [illegible] ছিল। ফলতঃ তিনি পরম "জ্ঞানবান্", "তপস্বী", আজন্ম উদাসীন এবং মোক্ষাকাঙ্ক্ষী ছিলেন। শ্রীচৈতন্যলীলার ব্যাস শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর এইরূপ প্রসঙ্গক্রমে গাহিয়াছেন,—

জ্ঞানবন্ত তপস্বী আজন্ম উদাসীন।
ভাগবত পড়ায়, তথাপি ভক্তিহীন॥
"ভাগবতে মহাধ্যাপক" লোকে ঘোষে।
মর্ম্ম অর্থ না জানেন ভক্তিহীন দোষে।

অর্থাৎ দেবানন্দ পণ্ডিত ভগবৎসেবাবর্জ্জিত হওয়ায় তপস্যাপরায়ণ এবং শ্রীমদ্ভাগবতের মহা অধ্যাপক বলিয়া খ্যাত হইলেও ভক্তিসম্পদের অভাবে শ্রীমদ্ভাগবতের মর্ম্ম উপলব্ধি করিতে পারেন নাই। পরম উদারচরিত্র শ্রীগৌরহরি [illegible] তাঁহার মনোভাব যথাযথরূপে অবগত আছেন। কর্ম্মযোগ, হঠযোগ, রাজযোগ, জ্ঞানযোগ প্রভৃতি সংকীর্ণ সাধন [illegible] যুগে [illegible] বিচার করিবার জন্যই এবং [illegible] অবতার। সুতরাং শ্রীমন্মহাপ্রভু সম্মুখস্থ পথ হইতে দেবানন্দ পণ্ডিতের অপরাধজনক ভাগবতব্যাখ্যা অর্থাৎ অপব্যাখ্যা শ্রবণ করিয়া বলিতে লাগিলেন—

কোপে বলে প্রভু,—"বেটা কি অর্থ বাখানে।
ভাগবত-অর্থ কোন জন্মেও না জানে॥
এ বেটার ভাগবতে কোন্ অধিকার?
গ্রন্থরূপে ভাগবত কৃষ্ণ-অবতার॥
সবে পুরুষার্থ 'ভক্তি' ভাগবতে হয়।
'প্রেমরূপ-ভাগবত' চারি বেদে কয়॥
চারি বেদ—'দধি', ভাগবত—'নবনীত'।
মথিলেন শুকে, খাইলেন পরীক্ষিত॥
মোর প্রিয় শুক সে জানেন ভাগবত।
ভাগবতে কহে মোর তত্ত্ব-অভিমত॥
বুঝি, মোর দাস আর গ্রন্থ-ভাগবতে।
যার ভেদ আছে, তার নাশ ভাল মতে"॥
ভাগবত-অর্থ প্রভু কহে ক্রোধাবেশে।
শুনিয়া বৈষ্ণবগণ মহানন্দে ভাসে॥
ভক্তি বিনু ভাগবত যে আর বাখানে।
প্রভু বলে,—"সে অধম কিছুই না জানে॥
নিরবধি ভক্তিহীন এ বেটা বাখানে।
আজি পুঁথি চিরিব, দেখহ বিদ্যমানে"॥
পুঁথি চিরিবারে প্রভু ক্রোধাবেশে যায়।
সকল বৈষ্ণবগণ ধরিয়া রহায়॥
(চৈঃ ভাঃ মধ্য ২১শ ১৩-২২)

অর্থাৎ অবতারী শ্রীগৌরসুন্দরের উপরি-উক্ত লীলার তাৎপর্য্য-সমালোচনা এই যে,—অভক্তগণ সেবোন্মুখ না হওয়ায়, কনক-কামিনী প্রতিষ্ঠা বা আত্মবিনাশ লাভের আশায় ভাগবতের উদ্দেশ্যকে উপলব্ধি হয় না। উপরন্তু তাহারা শ্রীমদ্ভাগবতকে ভোগ্য জ্ঞান করত নিজ অপস্বার্থ বজায় রাখিবার উদ্দেশ্যে "ভক্ত ভাগবতরূপ" ধরিয়া জগতে বিচরণ করিতে থাকে। এজন্য শ্রীমহাপ্রভু ভক্তদ্রোহীর মুখে ভাগবতের অপব্যাখ্যা শ্রবণ করিয়া বলিলেন—যে ভাগবত ভক্তির কথা পাঠকের হৃদয়ে উদ্দীপনা করায়, সেই ব্যক্তির ভাবুক ভাগবতের কোন আবশ্যকতা নাই। এইস্থানে অপ্রাকৃত কবি শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর গাহিয়াছেন,—

"মহাচিন্ত্য ভাগবত সর্ব্বশাস্ত্রে গায়।
ইহা না বুঝিয়ে বিদ্যা, তপ, প্রতিষ্ঠায়॥
"ভাগবত বুঝি" হেন যার আছে জ্ঞান।
সে না জানে কভু ভাগবতের প্রমাণ॥
ভাগবতে অচিন্ত্য ঈশ্বর-বুদ্ধি যার।
সে জানয়ে ভাগবত-অর্থ ভক্তিসার॥
সর্ব্বগুণে দেবানন্দপণ্ডিত-সমান।
পাইতে বিরল বড় হেন জ্ঞানবান্॥
সে-সব লোকের যদি ভাগবতে ভ্রম।
তাতে যে [illegible] গর্ব্ব, তার [illegible] হয়?"

অর্থাৎ ভক্তিসিদ্ধান্ত এই যে—ভক্তগণের যোগ ও ভাগবতের ব্যাখ্যাকালে শ্রীমদ্ভাগবতের বিচার কাহারও বোধগম্য হয় না। সুতরাং ভক্তিবিহীন জড়-চেষ্টা, জড়জগতে প্রতিষ্ঠালাভের লোভে ব্যাখ্যাকারী পণ্ডিত অধোক্ষজ বস্তুর [illegible] বুঝিবার কাহারও সম্ভাবনা নাই। যাঁহারা প্রতিভা-সম্পন্ন, সর্ব্বশাস্ত্রবিদ জ্ঞানবান্ পণ্ডিত হইয়াও শ্রীমদ্ভাগবতের অর্থ গ্রহণে ভ্রান্ত হইতে পারেন, এরূপ পণ্ডিতগণের গৌরববর্দ্ধনের জন্য যাঁহাদের প্রয়াস, তাঁহারা ও অন্যান্য বিচারকর্ত্তা থাকিলেও যম তাঁহাদের দণ্ডবিধান করিবেন।

শ্রীমন্ মহাপ্রভু ও দেবানন্দ

এইরূপে গ্রন্থভাগবত ও ভক্তভাগবতের মহিমা বর্ণন করিতে করিতে শ্রীগৌরসুন্দর নগর ভ্রমণ করিতে লাগিলেন। দৈবাৎ মদ্যপের গৃহসমীপে গিয়া মদ্য গন্ধ পাওয়ায় শ্রীমন্মহাপ্রভুর বলদেব ভাবের উদয় হইল। তখন মহাপ্রভু মদ্যপের গৃহের দিকে প্রধাবিত হইলে শ্রীবাস পণ্ডিত বারণ করিলেন। প্রেমভক্তের শিরোমণিচরণ [illegible] শ্রীগৌরসুন্দর তাহা হইতে বিরত হইলেন এবং উচ্চৈঃস্বরে হরিকীর্ত্তন করিতে করিতে রাজপথে নৃত্য করিয়া চলিতে লাগিলেন। মদ্যপগণও "হরিবোল" বলিতে বলিতে মহাপ্রভুর পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিল। শ্রীশ্রীগৌরচন্দ্র মদ্যপগণের প্রতি কৃপাদৃষ্টিপাত করিয়া কিছুদূর গমনপূর্ব্বক দেবানন্দ পণ্ডিতকে দর্শন করায় তাঁহার শ্রীবাসের কথা স্মরণ হইল, অর্থাৎ—দেবানন্দ পণ্ডিতের ভাগবত ব্যাখ্যা শ্রবণ করিতে অভিলাষী হইয়া শ্রীবাস পণ্ডিত একদিন তৎসমীপে গমন করিয়া ভাগবত-ব্যাখ্যা শ্রবণ করিয়াছিলেন; মহাভাগবত পণ্ডিত শ্রীবাস স্বভাবতঃই শ্রীমদ্ভাগবতে প্রীতিমান্। মহাভাগবতের সর্ব্বদাই কৃষ্ণ ও কার্ষ্ণ দর্শন। তাই যে কালে তিনি দেবানন্দ পণ্ডিতের মুখে [illegible] শ্রীমদ্ভাগবতের আবৃত্তি শ্রবণ করিয়াও মহাভাগবত শ্রীবাসের অশ্রু-কম্পাদি বিকারসমূহ উপস্থিত হইল। তদ্দর্শনে দেবানন্দ পণ্ডিতের ছাত্রবৃন্দ পাঠের ব্যাঘাত উপস্থিত হইয়াছে বিবেচনা করিয়া মহাভাগবত শ্রীবাসকে বাহির করিয়া দিয়াছিল। দেবানন্দ পণ্ডিত তখন ছাত্রগণকে তাদৃশ কার্য্য হইতে নিবারণ না করায় তাঁহার বৈষ্ণবাপরাধ হইয়াছিল। দেবানন্দকে দর্শন করিয়া শ্রীগৌরসুন্দরের পূর্ব্বোক্ত বিষয় স্মৃতিপথে উদিত হইল। তখন তিনি ভাগবত অবমাননাকারী দেবানন্দ পণ্ডিতকে তিরস্কার করত ভাগবতের তাৎপর্য্য ও বৈষ্ণবের মহিমা কীর্ত্তনমুখে বলিলেন,—

"আরে আরে দেবানন্দ! বলি যে তোমারে।
তুমি এবে ভাগবত পড়াও সভারে॥
যে বাসে দেখিতে সভার মনোরথ।
হেন জন গেলা শুনিবারে ভাগবত॥
কোন্ অপরাধে তারে শিষ্য মারিয়া।
বাড়ীর বাহিরে লৈয়া এড়িলা টানিয়া?
ভাগবত শুনিতে যে কান্দে কৃষ্ণ-রসে।
টানিয়া ফেলিতে কি তাহার
যোগ্য আইসে?
বুঝিলাম, তুমি সে পড়াও ভাগবত।
কোন জন্মে না জান গ্রন্থ-ভাগবত॥
পরিপূর্ণ করিয়া যে সব জনে খায়।
তবে বহির্দ্দেশে গিয়া সে সন্তোষ পায়॥
প্রেমময় ভাগবত পড়াইয়া তুমি।
তত সুখ না পাইলা, কহিলাম আমি॥"

অবতারী শ্রীগৌরহরির বাক্যসমূহ নীরবে ও শান্তচিত্তে অন্তরে দেবানন্দ শিরে ধারণ করিলেন। সুতরাং দেবানন্দের প্রতি মহাপ্রভুর এই বাক্যদণ্ড উত্তরকালে দেবানন্দের সৌভাগ্য-লাভেরই জনক হইয়াছিল।

তথাপিহ দেবানন্দ বড় পুণ্যবন্ত।
বচনেও প্রভু যারে করিলেন দণ্ড॥
চৈতন্যের দণ্ড মহা-সুকৃতি সে পায়।
যার দণ্ডে মরিলে বৈকুণ্ঠ-লোকে যায়॥
চৈতন্যের দণ্ড যে মস্তকে করি' লয়।
সেই দণ্ড তারে প্রেমভক্তি-যোগ হয়॥
(চৈঃ ভাঃ মঃ ২১।৭৭-৭৯)

কৃষ্ণ তারে দেন নিজ চিন্তামণি ধন।

[illegible] আকর্ষণ ছেড়ে হইয়া দুর্ব্বল॥

ঠাকুর ভক্তিবিনোদ ইন্স্টিটিউট

বর্ত্তমান কালে বঙ্গদেশে সুনীতি ও আস্তিক্য-শিক্ষার ও শিক্ষাদানের বিশেষ অভাব। এই চরিত্র-গঠন-মূলক মোহ ও উত্তেজনার পারিপার্শ্বিকতা হইতে মুক্ত রাখিয়া ভাবগম্ভীর কোমলমতি ছাত্রগণের শিক্ষাদানের ব্যবস্থা করা কর্ত্তব্য। দেশের ভাবী আশা-ভরসাস্থল শিক্ষার্থী বালক, কিশোর ও যুবকগণকে অর্থকরী প্রাচ্য ও পাশ্চাত্য শিক্ষাদানের সঙ্গে সঙ্গে তাহাদিগকে দেশের নৈতিক সত্তা বা সনাতন ধর্ম্ম শিক্ষা দিবার একান্ত অভাব ও প্রয়োজনীয়তা দেশ কাল-পাত্র ও ছাত্রবর্গের হিতৈষী সুধীমাত্রেই মর্ম্মে মর্ম্মে অনুভব করিতেছেন। এই উদ্দেশ্যে প্রাচীন নবদ্বীপে "ঠাকুর ভক্তিবিনোদ ইন্স্টিটিউট" নামে একটী উচ্চ ইংরাজী বিদ্যালয় স্থাপিত হইয়াছে। উহার সংস্কৃত বিভাগের বিভিন্ন বিষয়ে সর্ব্বশ্রেষ্ঠ সংস্কৃত আদ্য, মধ্য ও উপাধি পরীক্ষার জন্য নির্দ্দিষ্ট গ্রন্থসমূহ অধ্যাপনা করা হয়। সকলেই জানেন, বঙ্গের তথা সমগ্র ভারতের চতুষ্পাঠীরূপে প্রাচীন নবদ্বীপ অদ্যাপি বঙ্গের "Oxford" বলিয়া প্রসিদ্ধ। এইস্থানের অধিবাসী অধ্যাপক পণ্ডিত রামলোচন এক সময়ে 'এসিয়াটিক সোসাইটী'র প্রতিষ্ঠাতা Sir William Jones সাহেবকে সংস্কৃত ভাষা ও সাহিত্যাদি শিক্ষা দিয়াছেন। এই উচ্চ ইংরাজী বিদ্যালয়টীর অপূর্ব্ব সর্ব্বতোমুখী শিক্ষাদানের নৈপুণ্য ও

(অবশেষ ৩য় পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, সর্ব্বধাম-শীর্ষ, শ্রীশ্রীরাধাগোবিন্দ, শ্রীগৌর,গোপাল আচার্য্য চতুর্ভুজ বিগ্রহ আছেন। [illegible] [illegible] [illegible]
রক্ষক - [illegible] ব্রহ্মচারী [illegible]।

(১) শ্রীগৌড়ীয়মঠ

[illegible] [illegible] কলিকাতা। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] শ্রীমন্ মহাপ্রভু, [illegible] [illegible] [illegible] 'গৌড়ীয়' পত্র [illegible] [illegible] [illegible]। সংরক্ষক - [illegible] [illegible]।

(৩) যোগপীঠ-মায়াপুর-মঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শচীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।
রক্ষক - শ্রীমদ্ [illegible] ভাগবত মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর
রক্ষক শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এখনও বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক - শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি সমাধি পাট

প্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌড়েশ্বরের [illegible] শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক - শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) শ্রুতকুলকুন্ডপুলিনগঙ্গা

শ্রীধাম মায়াপুর
রক্ষক - শ্রীমদ্ ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) শ্রীআনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ঔ বিষ্ণুপাদ শ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবান্দাস ব্রহ্মচারী।

(১০) গৌ -গদাধর-মঠ

চাঁপাহাটী, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক - শ্রীহরিদাসন অধিকারী।

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীবিপিনকুমার ব্রহ্মচারী

(১২) গোদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীগোদ্রুমদ্বীপে ঠাকুর বৃন্দাবনের পাট
রক্ষক – শ্রীভক্তিপ্রদীপ অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া
রক্ষক – শ্রীপুষ্পরূপ ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক – শ্রী[illegible] ব্রহ্মচারী।

১৫ । মোদদ্রুমদ্বীপ গৌড়ীয়মঠ

মৌদপুর, রক্ষক শ্রী[illegible] ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

[illegible] (শ্রীমুদি কুঠার পাটের নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক - শ্রীগোবিন্দদাস বাবাজী।

১৭ কুলিয়া

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক শ্রীকৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর. পোঃ চাঁদপাড়ি, (নদীয়া)
রক্ষক – শ্রীরঘুনাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ পণ্ডিতের পাট

কাঁচাগড়ি, পোঃ চাকদা (নদীয়া)
রক্ষক - শ্রীগিরিধারী ব্রহ্মচারী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীভুজেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চট্টগ্রাম শহর
রক্ষক – শ্রীমহেশনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক – মহা মহোপদেশক শ্রীমদ্ভক্তিবিনোদ বিদ্যাবিনোদ বি এ

(২৪) গোপালজীউ মঠ

কমলাপুর পোঃ ঢাকা
রক্ষক – শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)
রক্ষক - শ্রীনটকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ গৌড়ীয়মঠ

ময়মনসিংহ, পোঃ ময়মনসিংহ
রক্ষক মহোপদেশক আচার্য্য শ্রীমদ্ভক্তিসার অধিকারী এম এ, বি এল [illegible]

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীনবমোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্চকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীমদনকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জিলিং গৌড়ীয়মঠ

অকল্যান্ডভিলা, দার্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিয়ার, জিঃ সাহারণপুর, ইউ, পি
রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক শ্রীবংশীবদন প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট. বিহার
রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

স্টেশন রোড, গয়া
রক্ষক – শ্রীমদনবিহারী ব্রহ্মচারী বি, এ।

(৩৪) প্রয়াগ গৌড়ীয় মঠ

৩২নং দরিয়াগঞ্জ, লেনার্ড স্ট্রিট
রক্ষক শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক - শ্রীমধুসূদন বসাক জী

(৩৬) সনাতনমিশন মঠ,

পোঃ [illegible], সীতাপুর ইউ, পি।
রক্ষক শ্রীসনাতনগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক— শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক—শ্রীভক্তিপ্রকাশ আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) শুদ্ধাদ্বৈত সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড। মথুরা
রক্ষক —শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ - শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গৌড়ীয়

রক্ষক [illegible] শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সংকেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।
রক্ষক – শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ – গোপালজী,

পোঃ গোরচান, জেলা গুজরাট (পাঞ্জাব
রক্ষক – শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক - শ্রীবনগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৬০নং কুতুব রোড, নিউ দিল্লী,
রক্ষক – শ্রীগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible]
বিল্ডিং বোম্বে ৭
রক্ষক—শ্রীঅনিরুদ্ধ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীমধ্বগৌড়েশ্বরাচার্য্যের [illegible] সেবা
রক্ষক—মহোপদেশক শ্রীপাদ বক্রীন ব্রহ্মচারী [illegible]

(৫৩) কাভুর গৌড়ীয়মঠ

পোঃ কভুর, কভুর গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ[illegible]-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ [illegible]

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগোপীনাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক - শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক - শ্রীনরহরি দাসাধিকারী

(৫৫) সিদ্ধবকুল, জগন্নাথ, পুরী

(৫৬ টোটা গোপীনাথ

রক্ষক – শ্রীভক্তিবিনোদের দাসাধিকারী

(৫৭) শ্রী শ্রী-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী
রক্ষক - শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বালিগলি, পোঃ কটক (উড়িষ্যা)
রক্ষক—শ্রীবিলাস বস্ত্র দাসাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপীঠ

রক্ষক - শ্রীলোলা মদনমোহন

(৬০) ভক্তিভবনানন্দ মঠ

চিকরিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর
রক্ষক শ্রী[illegible] ব্রহ্মচারী [illegible]

(৬১) ঋষিপুর গৌড়ীয়মঠ

পোঃ [illegible], মেদিনীপুর
রক্ষক-- শ্রী[illegible] ব্রহ্মচারী।

(৬২ আমলাপাড়া প্রপন্নাশ্রমমঠ

[illegible] পোঃ মাহু। ঢাকা
রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রহ্মচারী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রণডিহা (বর্দ্ধমান)
রক্ষক -- শ্রী[illegible] দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

কুয়াকুন্দা, পোঃ চিত্তকুণ্ডা, (মানভূম)
রক্ষক - শ্রীরমানাথ দেবশর্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠাশ্রম

১৮০।২০ নং স্ট্রীট, রেঙ্গুণ।
রক্ষক – শ্রীমদ্ ভক্তিপ্রদীপ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২
৫১, ডাউনরোড
ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫
রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ভক্তি হৃদয় বন গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধচন্দ্র চক্রবর্ত্তী প্রভুবিদ্যাসরস্বতী সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলকাতার বাজার দর

২০শে জানুয়ারী ১৯৩৮

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	দর
বালাম	৬।০
মোটা চাল	৫৸০
ঐ নতুন	৫৲
কাটারীভোগ	৭৲-৭।০
দাদখানী	৫।০
বালাম নূতন	৪৶০
ঐ পুরাতন	৫৲
বাঁকতুলসী	৪৲
সিদ্ধ বেগুন	৩৸৶০

আতপ—

নূতন আতপ	৪৲	৪।০
পেশোয়ারী	১০৲-১০।০	
বাঁকতুলসী আতপ	৫।০	৫।৶
ঐ বাসমতি	৫৲	৫৶০
নাজিরাই আতপ	৫।০-৫।০	
কাটারিভোগ	৭৲	
ঐ বেগুন	৩৶০	

চিনির দর

চ.টা, ই.টা	১০।৶০
১০০০ নং	১০৶০
বড়োবা দানা	৯৲
নতুন দানা	৮।০—৯৶০
নতুন দানা	৭৸৶০—৮৲

সোনা-রূপার দর

ভরি

সোনার বাট	৩৩৷
গিনি	২২৲
টাকশাল	৫০।০

পাটের দর

১নং—	৪০৸০
২নং—	৪০৸০
৩নং—	৪১।০
বার বক্সের মাল—	৪১৲

তামা ও পিতলের দর

টেনি বড় প্রতি মণ	৬।০—৬।৶
ঐ	৬৲—৬৶০
ঐ	৫৸৶০—৫৸০
ঐ	৬৲—৬৶০
ঐ (বি)	৫৸০—৫৸৶০
ঐ (এ)	৫৶০—৫।৶০
ঐ (এল)	৫৲—৫।০
ঐ (বে)	৪৸০—৪৸৶০
ঐ (এ)	২।০—২৸৶০
তার	১৸৶০—১৸০
[illegible]	১৸৶০—১৸৶০

ফুলের দর

[illegible]	৫৭৲
গাঁদা	৫৭৲
[illegible]	৫০৲
[illegible]	৫৫৲
[illegible]	৩৬।০

তার	৪৬৲
জায়ফল	৯৬৲
মাতা মাথন	৪১৸০
২৬ নম্বর—	১৭৸০

প্রায় মাইক্রা ২৪—৩০ সের

লোহা ও হার্ডওয়্যার

টাটার ইস্পাত— ৪৪ গজি ৩০০৭

লোহার কড়ি [illegible]

বার্ডা	৮৸৶০—৯৲০
ঐ বে চাকা চাদর ওজন	৮৲—৮।০
ঐ টাটা উপরের গায়ে গীত সব ওজন	৯।৶
ঐ ইংলিশ সবুজ (গাঁথা	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮৸—৯৲
একেল আয়রণ (কোনা)	৮।০—৯৸৶০

টাটা প্যারা করগেট টিন।

২৪ গেজ—	১৬৲
২৬ গেজ—	১৬৸০
২৮ গেজ—	১৮
টাটা প্যারা প্লেন শীট	১৮৶০
২৪ গেজ—	১৪৸৶০
২৬ গেজ—	১৩।৶০
২৮ গেজ—	

ইংলিশ প্যারা করগেট।

২৪ গেজ—	১৭৲
শীট	১৸৫—৯৶০
গ্যাস বেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৪
সেট কাটি বা চিট কাঁটা মণ	৩।০—৩৸

গালি কাটি ৩—৯ ফুট লম্বা

৬।০ ৭৲ [illegible]

গোল বুক কাটি লম্বা ১—৩ফুট	৯৲—১০
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন পাতি, বোল্টু প্রভৃতি	৮৸০—৯।০

গোল বড় রি-ইনফোর্স ও কনক্রিটের

ঐ	৮৸০—১০।০
বুক ইস্পাত আসল ২৫৲	বৃকল ২৫।০
স্টিলের হাপরণ ৫৶০, পাটের হা [illegible]	৬।০
কুলার হাপরণ	৪।০

ফুলের দর

কলিকাতা ২৭শে জুন,

জাপের সোনার কাইন	৫৬৲
লট্ন আমের ওজন	৪০৲
ওয়াটি পূর্ণিমা কাইন	৪০৲
অবার্শ দানা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেগেটি মসলা

কলিকাতা, ২৭শে জুন,

	প্রতি মণ
গোলমরিচ	৮।০
সুপারী বেশী	১৬।০—১৭৲
কাটা সুপারী	
কুট পরিষ্কার	১৫।০—১৭।০
বড়া নূতন পাটনাই	১৭৲—১৮৸০

সন্তোষ কুমার অধিকারী
এণ্ড ব্রাদার্স লিঃ
৭৩-৫ ক্লাইভ ষ্ট্রীট সোলাপটী, বড়বাজার
কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—:০:—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—:০:—

[illegible]

[illegible] —[illegible] ; [illegible] ও [illegible] [illegible]। [illegible] ও [illegible]। [illegible] [illegible] [illegible] [illegible] শ্রেণী হইতে ৬ষ্ঠ শ্রেণী পর্য্যন্ত ২৲ টা। এবং ৭ম শ্রেণী হইতে ১০ম শ্রেণী পর্য্যন্ত [illegible] ৭৲ টাকা [illegible]। [illegible] ছাত্রগণ প্রতিবৎসর [illegible] পরীক্ষায় উচ্চ স্থান অধিকার করিতেছেন।

[illegible] আরও সুবিধা

পরীক্ষায় যাহারা [illegible] [illegible] পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ [illegible] ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সম্পাদক—ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট
[illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেভ্‌রোল

—:০:—

[illegible] রোগের [illegible] হইতে পরিত্রাণ পাইতে হইলে [illegible] "কেভ্‌রোল" [illegible]। এমন [illegible] আজ পর্য্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, [illegible] জ্বর, জীর্ণ জ্বর, [illegible] জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি [illegible], [illegible], [illegible] এবং [illegible] "কেভ্‌রোল" [illegible]। [illegible] রক্ত পরিষ্কারক এবং শরীর কান্তিযুক্ত করিতে তোমার একমাত্র টনিক।

সেবন বিধি ঃ—[illegible] পূর্ণ বয়স্কের জন্য ২ ড্রাম বা চা চামচের ৩ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬বৎসর অবধি ১ চামচ জলের সহিত, তাহার কম [illegible] ৩০ ফোটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলে [illegible] ৫ হইতে ১৫ ফোটা জলের সহিত বিধি। [illegible] দুধ, বার্লি, [illegible] পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা ৮০ বড় প্রতি শিশি ১৬ মাত্রা মূল্য ১।০ আনা।

দি ব্রাহ্মণ [illegible] কেমিক্যাল ওয়ার্কস্‌,
[illegible], কৃষ্ণনগর, (নদীয়া বেঙ্গল)
[illegible]-২৪১নং [illegible] পোঃ আঃ [illegible]।

সর্ব্বত্র বড় বড় বাজারে পাওয়া যায়।

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেজালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

[illegible] জীর্ণ [illegible] পাচনটি [illegible]। [illegible] প্লীহা [illegible] এবং নতুন ও পুরাতন [illegible] একবার সেবন করিয়া দেখুন যে [illegible]। মূল্য [illegible] ৮০ আনা, বড় বোতল ১৶০ আনা। [illegible]।

[illegible]—১১নং [illegible] রোড, কলিকাতা।

অথবা

পোঃ [illegible], ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল প্রবর্ত্তক সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণব-কুলচূড়ামণির অলৌকিক জীবনচরিত এতাবৎকাল পৃথক্ গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্য্যের অন্তরঙ্গ [illegible] ও লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষাবলী ও সন্নিবিষ্ট হইয়াছে। [illegible] ১২৫ পৃষ্ঠায় [illegible] সম্পূর্ণ হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাকমাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ৩ দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ৩ দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনের	।০	৵০	৵০	
ইঞ্চ	২৲	১।০	১।০	১৲
সিকিকলম	৫৲	৪০	৪৲	৩৲
অর্দ্ধকলম	৮৲	৭৲	৭৲	
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৩	৪।০
সিকি কলম	১২৲	১৪৲
অর্দ্ধকলম	২৪৲	২০৲
এক কলম	৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক „	৫৲
ত্রৈমাসিক „	২৸০
মাসিক „	১

প্রতি সংখ্যা /৫, বিশেষ সংখ্যা ।০ ভিন্ন ধার্য্য।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্শ কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক প্রণীত।

পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী [illegible] এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অদ্ভুত ফল। আধুনিক প্রণালীতে [illegible] দর্শন এবং তত্ত্ব ও ভগবানের লীলাতত্ত্ব-পাঠে সহ [illegible]। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য [illegible] দর্শনের সহিত তুলনামূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩২ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। শ্রীবিশ্ববৈষ্ণব-রাজসভাপতি শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), গ্রন্থকার ও প্রকাশকের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-সূচিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সন্নিবিষ্ট সুবিস্তৃত সূচীপত্র (Index, Glossary) সহ প্রথম খণ্ড প্রকাশিত। ভিক্ষা—১৫ পনর টাকা। প্রাপ্তিস্থান—[illegible] শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে
মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসম্প্রদায়ের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। ভবিষ্যতে পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হার্ম্মনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর, হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটকনগরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া [illegible] পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

[illegible]

REG NO C 1841

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

[illegible] নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[illegible]

বিবিধ সংবাদ

——(০৫১০১০)——

সিকাগোয় শ্রীযুক্ত [illegible] রায়

শ্রীযুক্ত [illegible] রায় যুক্তরাষ্ট্রে [illegible] যোগে কলিকাতা আসিয়া- [illegible] পৌঁছলে [illegible] করা হয়। [illegible] সহিত তাঁহার [illegible]। শ্রীযুক্ত রায় [illegible] প্রায় ২৫ [illegible] প্রত্যাবর্তন করেন। [illegible] বিভিন্ন [illegible] ও [illegible] পক্ষ [illegible] করা হয়। শ্রীযুক্ত [illegible] উপর হইতে [illegible] করিয়া [illegible] বড় বড় [illegible]। [illegible] শ্রীযুক্ত রায় [illegible] ভাবে [illegible] ও [illegible] করেন।

——

বার্লিনোপরি প্রচণ্ড বিমান আক্রমণ

বৃটিশের এক সংবাদে প্রকাশ, [illegible] বিমান হইতে ঘোষণা করা হইয়াছে [illegible] উপর [illegible] ২১০ জন নিহত ও [illegible] আহত হইয়াছে। [illegible] বিমান [illegible] হইতে [illegible] পারে। [illegible] হইয়াছে [illegible] আক্রমণটি অত্যন্ত সাংঘাতিক; [illegible] সহরের [illegible]

পরিপূর্ণ বাড়ীসমূহের উপর অতর্কিতে অতি [illegible] বর্ষণ হইয়াছে। সরকারপক্ষ কর্তৃক [illegible] অধিকারের উহা প্রতিশোধ গ্রহণ বলিয়া বিবেচিত হইতেছে।

বৃটিশের সংবাদদাতা জনাকীর্ণ [illegible] এক রাস্তার উপর বোমাবর্ষণ [illegible] শত শত দূর হইতে প্রত্যক্ষ করিয়াছিলেন। [illegible] বোমা বিদীর্ণ হইলে জনাকীর্ণ [illegible] বাকী [illegible] এখন ও [illegible] কতকগুলি [illegible] হইয়াছে। বিমানধ্বংসী কামান হইতে গোলাবর্ষণ ও বিমান দ্বারা পশ্চাদ্ধাবন করিয়া [illegible] আক্রমণকারী দলকে বিতাড়িত করা হয়।

——

শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসুর কলিকাতায় আগমন

[illegible] প্রেসিডেন্ট ডাঃ [illegible] সহিত সাক্ষাৎকারের পর শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসু [illegible] প্রাগ হইতে [illegible] অভিমুখে যাত্রা করেন। তথা হইতে তিনি কে. এল. এম. বিমান যোগে [illegible] করিবেন। বিমানখানির ২১শে জানুয়ারী করাচী ও ২৩শে জানুয়ারী কলিকাতায় পৌঁছিবার কথা।

——

বাংলাদেশীর নবীন পদ্ধতি চিকিৎসা

[illegible] উদ্দেশ্যে পত্রিকা [illegible] যে চিকিৎসা করাইতেছেন [illegible] 'সকলে-ভাবিত সম্বন্ধে' [illegible]। এই চিকিৎসায় [illegible] এবং উহা বাকি সম্পূর্ণ [illegible]। [illegible] চিকিৎসা চলিতেছে। [illegible] হইতে [illegible] দূরবর্তী একটী ভবন হইতে প্রত্যহ ঔষধ প্রস্তুত হইয়া আসিতেছে। ছয় সপ্তাহ এই চিকিৎসা চলিবে এবং এই সময় বাঙ্গালী [illegible] বিশ্রাম করিবেন। তিনি নিজে এই চিকিৎসার সাফল্য সম্বন্ধে বিশ্বাসী। এই চিকিৎসার সাফল্য আসিলে আয়ুর্বেদীয় চিকিৎসার শ্রেষ্ঠত্ব প্রমাণিত হইবে।

——

পুরীর জগন্নাথ মন্দির

পুরীস্থিত জগন্নাথদেবের মন্দিরের কর্তৃপক্ষ [illegible] পরিচালনের [illegible] দাবী [illegible] পরিত্যাগ করিবেন বে সরকারী দখল ছাড়িয়া [illegible] কৌপীন [illegible]। [illegible] উহার সকল [illegible] সংবাদে প্রকাশিত হইয়াছে। বাংলা সরকার আবার ঐ সম্পর্কে [illegible] আহ্বান করিয়াছেন।

——

ফরিদপুর জেলের অনশনব্রতীদের সংবাদ

গত ২০শে জানুয়ারী [illegible] এক বিরাট জনসভায় বক্তৃতা প্রসঙ্গে [illegible] অনশনব্রতী রাজনৈতিক বন্দীদের জন্য বিশেষ উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, উহাদের অনশন [illegible] আমার [illegible] অধিকার [illegible] উঠে [illegible] যদি [illegible] তাহা হইলে অবিলম্বে আমরা উহাদিগকে মুক্তি দিতাম। উহাদের পক্ষ লইয়া বাবাদিগের লড়াই করা কর্তব্য। উহাদের দাবী [illegible] কথা যেন উহাদিগকে আমাদের জানান উচিত।

'পত্রিকা' বলেন, আমার ব্যক্তিগত অভিমত এই যে, উহাদের এমন কিছু করা উচিত নহে যাহা আইন [illegible] আন্দোলনের [illegible] ধারণ করিতে পারে এবং উহাদের

——

ব্যক্তিগণের বিরু আরোপিত হইতে পারে। পত্রিকা সকলকে দলাদলি, [illegible] ও ক্ষুদ্র সঙ্কীর্ণতা পরিহার করিতে অনুরোধ করেন।

——

ইরাক-সীমান্তে সংঘর্ষ

[illegible] ইরাক সীমান্তে মরুভূমির উপর দুইটি বেদুইন উপজাতির মধ্যে সংঘর্ষের ফলে অনুমান ৫০জন নিহত ও ৫০জন আহত হইয়াছে বলিয়া আরবীয় সূত্র হইতে এক খবর আসিয়াছে। উহা পাকা [illegible] এখনও নির্ণীত হয় নাই। শেষ [illegible] উপজাতি [illegible] নেতৃত্বাধীন এক দল উপজাতি [illegible] নেতৃত্বাধীন একদল উপজাতির পর [illegible] উট লুঠ করিয়াছিল বলিয়া প্রকাশ। উহার ফলেই নাকি এই সংঘর্ষ হইয়াছে।

——

ঢাকা সহরে ডাকাতি

গত ১৮ই জানুয়ারী মধ্য রাত্রিতে সহরের [illegible] মৌলবী বাড়ীতে এক দুঃসাহসিক ডাকাতি হইয়াছে। প্রায় ৫।৬ জন লোক ছোরা হস্তে দেওয়াল টপকাইয়া বাড়ীতে ঢুকিয়া যে ঘরে লোহার সিন্দুক ছিল সেই ঘরে প্রবেশ করে। সেই ঘরে এক ব্যক্তি নিদ্রিত ছিল। ডাকাতরা তাহাকে [illegible] করিয়া লোহার সিন্দুক ভাঙ্গিয়া প্রায় এক হাজার টাকা মূল্যের স্বর্ণ লইয়া প্রস্থান করে। ঘরের মধ্যে শায়িত ব্যক্তি বাধা দিতে চেষ্টা করে, কিন্তু [illegible] ফলে তাহার শরীর অবসন্ন হইয়া পড়ায় তাহার চেষ্টা ব্যর্থ হয়।

——

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবত,—সমগ্র
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৫৲
দশম স্কন্ধ —
২। আনুষঙ্গ বিরাট শ্রীচৈতন্যভাগবত (অর্দ্ধ বাঁধা) ৭৲
৩। আনুষঙ্গ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড —৸০; ২য় খণ্ড —১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। বৈষ্ণবোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-আনয়ন ।০
১৯। গুরুবিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-পাল্‌কী ।৵০
২২ ভজন রহস্য
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ২৲
২৪। গীতা (শ্রীবলদেব টীকা-সহ ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল বাংলা ভাষা ।০
২৭। মুক্তাচরিত্র এবং গৌরকৃষ্ণঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসূত্রার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) (বাঁধা ৸০
৩০। দীপ-দিগ্‌-দর্শন ৶০
৩১ সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ১০।
৩৩ নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০
৩৫ গীতমালা /১০
৩৬ নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০ শরণাগতি /০
৪১ গীতাবলী /০
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা, ৸০
সাধনতত্ত্ব /০
প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্চ্চনপদ্ধতি /০
৪৭। সদাচারস্মৃতিঃ /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। আত্মনিবেদন /১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৩
৫১। প্রবন্ধ-রত্ন ৷
৫২। নবদ্বীপ-তত্ত্ব-গীতি ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪ পুরুষার্থ নির্ণয় ।০
৫৫ ভাগবতী বা সাত্বতশিক্ষাবলী ।০
৫৬। ভাগবত ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ ।০
৫৮। শ্রীকৃষ্ণদেব ৶০
৫৯ শিক্ষাদর্পণ ৶০
৬০ সংখ্যাগতি /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যভাগবতসারঃ ।০
৬২। শিক্ষায় সরস্বতী দিগ্বিজয়ঃ
৬৩। সটীক শিক্ষাষ্টকম্
৬৪। তত্ত্বসূত্রম্
৬৫। সার্ব্বভৌম শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ /০
৬৭। সারাৎসারবর্ণনম্

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮ রায় রামানন্দ
৬৯। এ কিউ ওয়ার্ড স অন বেদান্ত ।০
৭০। ব্রহ্মসূত্র /০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী এণ্ড অন্টোলজি
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড স ।৵০
৭৩। লাইফ এণ্ড প্রেসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম্
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনালয়েড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা. ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম ভাগ, ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী গোস্বামী ঠাকুরের পরিচালিত [illegible] ইংরেজী পাক্ষিক, [illegible] প্রকাশিত হয়। [illegible] কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় [illegible] সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক মূল্য ৩৲, ষাণ্মাসিক ১৸০ টাকা মাত্র।

৩। ভাগবত —[illegible] পাক্ষিক। [illegible] হইতে প্রকাশিত [illegible]।

৪। পরমার্থী [illegible] সম্পাদিত [illegible] হইতে প্রকাশিত। বার্ষিক [illegible] মাত্র।

৫। শ্রীগৌড়ীয় —[illegible] সম্পাদিত বাংলা [illegible]। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
লোককল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

বিশ্বের শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ ভক্তপাঠকগণ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ ক'রতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৩৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১২শবর্ষ ৮ মাধব (গৌর ৪৫১) ১০ই মাঘ বঙ্গাব্দ ১৩৪৪, ২৪শে জানুয়ারী ১৯৩৮ সোমবার } ১০১১তম সংখ্যা

সভাপতি শ্রীশ্রীল আচার্য্যদেব

ঠাকুরভক্তিবিনোদ ইনষ্টিটিউটের সাপ্তাহিক অধিবেশন

গত ২০শে জানুয়ারী ৬ই মাধব বৃহস্পতিবার পঞ্চমী তিথি উপলক্ষে ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউটের সাপ্তাহিক অধিবেশন অনুষ্ঠিত হয়। এতদুপলক্ষে পরমারাধ্য শ্রীশ্রীল আচার্য্যদেবের সভাপতিত্বে অপরাহ্ন ৫ ঘটিকায় শ্রীচৈতন্যমঠের অধিষ্ঠানের নাটমন্দিরে একটী বক্তৃতা সভার অধিবেশন হয়। সভায় ইন্‌ষ্টিটিউটের ছাত্র এবং শিক্ষকবৃন্দ, অধ্যাপক মহোপদেশক শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর প্রভু, মহোপদেশক শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসার গোস্বামী প্রভু, শ্রীচৈতন্যমঠরক্ষক শ্রীপাদ নরহরি [illegible] গোবিন্দপ্রভু, উপদেশক পণ্ডিত শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী কৃতিরত্ন প্রভু, উপদেশক পণ্ডিত শ্রীপাদ গৌরদাস ব্রহ্মচারী কাব্য ব্যাকরণতীর্থ, মহোপদেশক শ্রীপাদ [illegible]দাস ভক্তিময়ূখ ভক্তিশাস্ত্রী, শ্রীপাদ নৃসিংহানন্দ ব্রহ্মচারী ভক্তিবিভূতি, শ্রীপাদ বীরচন্দ্র ব্রহ্মচারী ভক্তিকমল, শ্রীপাদ কৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিবল্লভ প্রভৃতি মঠবাসী ভক্তবৃন্দ, শ্রীধামবাসী বহু গৃহস্থভক্ত এবং গ্রামবাসী সজ্জন ও বালবৃদ্ধ উপস্থিত ছিলেন।

সভার প্রারম্ভে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্য-পুরাণতীর্থ মহোদয় বিভিন্ন মহাজনপদাবলী কীর্ত্তন করেন। অতঃপর পরমপূজ্যপাদ শ্রীশ্রীল আচার্য্যদেব অভিপ্রায় হেতু, পরা বিদ্যার পরম-উপাদেয়তা, এবং অপরা বা মায়িক পরবিদ্যানুশীলন [illegible] শ্রীকৃষ্ণসঙ্কীর্ত্তনাশ্রয়ে জীবের অধিকারত্ব প্রভৃতি বিষয় অবলম্বনে একটী [illegible] অভিভাষণ প্রদান করেন। তাহার মর্ম্ম আগামীতে প্রকাশিত হইবে।

তদনন্তর শ্রীশ্রীল আচার্য্যদেবের ইচ্ছা অনুসারে অধ্যাপক শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর প্রভু প্রায় অর্দ্ধ ঘণ্টা কাল যাবৎ একটী মনোজ্ঞ বক্তৃতা প্রদান করেন। বক্তৃতায় তিনি [illegible] নিরর্থকতা, আধ্যাত্মিক পণ্ডিতম্মন্য ব্যক্তিগণের পাণ্ডিত্যের অসম্পূর্ণতা ও অকিঞ্চিৎকরতা, বিদ্যাশিক্ষার প্রকৃত আবশ্যকতা ও তাহার অত্যাবশ্যকতা, সর্ব্বাবস্থায় প্রকৃত [illegible], [illegible] বিদ্যার শ্রেষ্ঠত্ব, পরবিদ্যায় পরমোৎকর্ষতা, বালক, যুবা, স্ত্রী, পুরুষ নির্ব্বিশেষে সকলেরই পরবিদ্যানুশীলনে একান্ত প্রয়োজনীয়তা ও যোগ্যতা, বিদ্যাসুন্দর শ্রীগৌরসুন্দর ও তাঁহার ভক্তগণের আনুগত্যেই পরবিদ্যালাভের একমাত্র উপায় প্রভৃতি বিষয় বহু শাস্ত্রযুক্তি ও প্রমাণাদি উল্লেখে বিশদভাবে বুঝাইয়া দেন।

বক্তৃতান্তে কীর্ত্তনসহযোগে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সান্ধ্যারাত্রিক সম্পন্ন হয়।

শ্রীধামে শ্রীপাদ অপ্রাকৃত প্রভুর পাঠ

গত ২০শে জানুয়ারী, ৬ই মাধব সন্ধ্যারাত্রিকের পর শ্রীচৈতন্যমঠের অধিষ্ঠানে নাটমন্দিরে মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসার গোস্বামী প্রভু শ্রীমদ্ভাগবত ১১শ স্কন্ধ ১৭শ অধ্যায় হইতে কয়েকটী বিষয় পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠ-প্রসঙ্গে তিনি [illegible] উদ্ধবের বর্ণাশ্রমধর্ম্মাচরণ বিষয়ে ও স্বধর্ম্মপালন প্রভৃতি বিষয় সম্বন্ধে প্রশ্নের উত্তরে শ্রীভগবান্ কর্ত্তৃক উপদিষ্ট বর্ণাশ্রমধর্ম্ম ও স্বধর্ম্মপালন কি প্রকার তাহা বর্ণন এবং পরস্পর [illegible] আচরণ যে বর্ণাশ্রমাচার, অধিকার হিসাবে তাদের স্বধর্ম্ম আপাততঃ পৃথক্ [illegible] হইলেও [illegible] একটী [illegible] যে শুদ্ধবৈষ্ণবের আনুগত্যে [illegible] উহা বিশেষভাবে বুঝাইয়া দেন। দৈববর্ণাশ্রমী ব্যক্তিগণের আধ্যাত্মিক [illegible] কথা বুঝাইতে গিয়া তিনি তাহাদের মধ্যে থাকিবার জন্য নিত্য প্রযত্নের চেষ্টা ও তাহাদের সম্পূর্ণরূপ অকৈতবতার কথাও উল্লেখ করেন। যাঁহারা আরোহপন্থী পাণ্ডিত্যপূর্ণ অবরোহপন্থায় শুদ্ধবৈষ্ণবের আনুগত্যে শ্রীকৃষ্ণসেবার একান্ত প্রয়োজনীয়তা সম্বন্ধে তিনি বহু উপদেশ প্রদান করেন।

পাঠান্তে মহাজনপদাবলী কীর্ত্তনে সভা ভঙ্গ হয়।

আর এ কথার যাচাই চলিবে না

(৩য় পৃষ্ঠার পর)

অনুগত হইয়া শ্রীমন্মহাপ্রভুর সঙ্কীর্ত্তন যজ্ঞে জীবনাহুতি প্রদান করিবার যে সুযোগ পাইয়াছি—ইহাও শ্রীল প্রভুপাদের অহৈতুকী কৃপা। আমাদের যোগ্যতা বা [illegible] কাহারও প্রাপ্য নাই। তবে আমরা শুদ্ধবৈষ্ণববিদ্বেষকে উপেক্ষা করিয়া যৌথভাবে অথবা সমর্থ ও সুযোগ হইলে তাহাদের অভক্তিপ্রসবিনী মতবাদকে সমূলে উৎপাটিত করিয়া ভক্তিসিদ্ধান্তসমূহ স্থাপন করিবার জন্য মহাজনগণকর্ত্তৃক আদিষ্ট হইয়াছি।

বহু [illegible] 'যাচাই' করিবার পর নিষ্কপট শুদ্ধভক্তগণের সঙ্গ করিবার এক প্রকার [illegible] সৌভাগ্য লাভ হইয়াছে। কিন্তু এখন আমাদের অন্তরের কপটতা [illegible] বুঝাইয়া দেওয়া শ্রীল [illegible] —আর [illegible]। এবার [illegible] আসিয়াছে। অধম-সৌভাগ্য ত্যাগ করিয়া [illegible] যাহাতে পরমার্থ-পথে অগ্রসর হইতে পারি এইরূপ কাতর [illegible] হউক। 'সাধুসঙ্গে [illegible] কথা প্রচার করিব' [illegible] আত্মসমর্পণ [illegible] শ্রীল প্রভুপাদের [illegible] বাণী আমাদের জীবনে সার্থক হউক—

"সকলে শ্রীরূপানুগের কথা সংযোগের সাথে প্রচার করুন। শ্রীরূপানুগগণের [illegible] চরম আকাঙ্ক্ষার বিষয়। আপনারা সকলেই এক অদ্বয়জ্ঞানের [illegible] উদ্দেশে, আশ্রয়বিগ্রহের আনুগত্যে মিলে মিশে থাকবেন। সকলেই এক হরিভজনের উদ্দেশে [illegible] কোনরূপে জীবন নির্ব্বাহ ক'রে চলবেন। শত বিপদ, শত গঞ্জনা ও শত লাঞ্ছনায়ও হরিভজন ছাড়বেন না। জগতের অধিকাংশ লোক অকৈতব কৃষ্ণসেবার কথা গ্রহণ ক'চ্ছে না দেখে নিরুৎসাহ হবেন না। নিজভজন, নিজসর্ব্বস্ব কৃষ্ণকথা শ্রবণ কীর্ত্তন ছাড়বেন না। তৃণাদপি সুনীচ ও তরুর ন্যায় সহিষ্ণু হ'য়ে সর্ব্বক্ষণ হরিকীর্ত্তন ক'রবেন।"

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী

গোস্বামি-ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৮ মাঘ [illegible] গৌরাব্দ ৪৪১

পরমার্থের স্বরূপ

[ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর লিখিত]

আধ্যক্ষিক জ্ঞানী অধিরোহপন্থে অগ্রসর হইতে বাসনা করেন বলিয়া শ্রুত অবরোহপন্থে তাঁহার নিকট সমাগত হন এবং তাঁহাকে লইয়া ঊর্দ্ধ্ব পথে অগ্রসর হন। কোন স্থলে আরোহবাদী উন্নতি লাভ করিতে না পারিয়া চিদ্বিলাস-বাক্য বৈকুণ্ঠবিরোধী হইয়া জড় ভোগময়ত্বে প্রমত্ত হন। তৎকালে তাঁহার অনভিজ্ঞগণের প্রতীত দেবতা তাঁহাকে গ্রাস করায় উহাঁর সত্যগ্রহণচেষ্টা অবশ হইয়া পড়ে। জড়-ভূমিতে অবস্থিত হইয়া উচ্চ ... স্তরে অবস্থান তাঁহার নিকট অপ্রয়োজনীয় কথা হইয়া পড়ে। ছয় হইতে ... পর্যন্ত সকল দর্শনে অভিজ্ঞ তাঁহাকে উচ্চ ... বৈচিত্র্যের কথা বলিলে ... অনভিজ্ঞের উহা ধারণাযোগ্য হয় ... একটুকু পাণ্ডিত্য করিয়া যদি তাঁহার পূর্ব জ্ঞানের সহিত মিলাইয়া বিবরণ প্রদত্ত হয়, তাহা হইলে ... বিচিত্রতা ... থাকিয়াও কতকটা উপলব্ধির বিষয় হয়, কিন্তু ... না হইলে "সর্বং খল্বিদং ব্রহ্ম" মন্ত্রের 'সর্ব' সম্বন্ধী ... হইয়া থাকে 'ইদং'কে "সর্বং ইদং" এর সহিত ... নির্ভেদ বস্তু মনে করিলে তাঁহার বাস্তব জ্ঞানে বঞ্চিত হইবার অধিকারই পুষ্ট হয়।

ঔপাধিক বিচারে তাদৃশ ভূমিকায় জীবের চেতনধর্ম ইচ্ছা-শক্তির পরিচালনে যে সকল খণ্ড ব্যাপার সমূহ আলোচ্য বিষয় হয়, সেইগুলি খণ্ড কাল, খণ্ড দেশ ও খণ্ড পাত্র হইতে পৃথক্ নহে ...। ভগবদিচ্ছার অনুকূলে যে সকল চেষ্টা চেতনের বৃত্তিতে দেখা যায়, সেইগুলি প্রাকৃত উপাদানের সহিত সংশ্লিষ্ট থাকিলেও চেতনের চেষ্টার খণ্ডিত বস্তুর সহিত সান্নিধ্যসূত্রে উহা ভগবদনুশীলন তাৎপর্যে পর্যবসিত। যেখানে ভগবৎ-তাৎপর্যপরতার অভাব, তাদৃশী চেষ্টা ভুক্তাবৃত হইয়া পূর্ণতার হানি করে।

কৃষ্ণসেবাভিলাষিতা হইতে পৃথক্ চেষ্টা যে সকল বহির্মুখ ... আবাহন দেখা যায় সেইগুলিকে বিচারপথে "অন্যাভিলাষ" বলা যাইতে পারে। অন্যাভিলাষের ফল ... বদ্ধজীব-সম্প্রদায় লাভ করে। কৃষ্ণানুশীলনের ফল ভগবানের সেবাকার্যে ... হইয়া সর্বাবস্থায় এবং সেবা প্রভাবে ... অনুমোদন লাভ করে। ভগবানের দাসগণ তাঁহার নিষ্কপট সেবক-সম্প্রদায়েরই পরিচিত বিষয়।

যাহারা ভগবদনুশীলনের সম্বন্ধ নহে, তাহাদের ভগবৎসেবার প্রতিকূল ... ও ... যত দিন ... স্বরূপানুভূতি লাভ না করে ... হয় নাই, তাহাদের স্বাভাবিকী চেষ্টা নশ্বর-সুখভোগ পর্যবসিত হয়। নিত্য ... জ্ঞানের অভাবক্রমে ... বৃত্তির অভিনিবেশ বশতঃ তাহাদের ... বিপথে লক্ষিত হয়। স্বরূপবিস্মৃত জীব সেবাসুখে বঞ্চিত হইয়া ইন্দ্রিয়সমূহকে বহির্জগতে পরিচালনা করিতে গিয়া নশ্বর বস্তুসমূহের প্রভূত-পিপাসা প্রদর্শন করেন। চক্ষুরিন্দ্রিয়ের ক্রিয়া ভগবদ্রূপের অনুসন্ধান না করিয়া মায়িক খণ্ড রূপসমূহ দর্শনে ইচ্ছা প্রকাশ করে। সেই ইচ্ছা নিজ ভোগ-তাৎপর্যপর হওয়ায় তদ্বিপরীত ভগবৎসেবা বদ্ধজীবের হৃদয় হইতে বিদায় গ্রহণ করে।

বদ্ধজীবের ঔপাধিক ভূমিকায় বিচরণকালে প্রত্যেক জ্ঞানেন্দ্রিয় জড় ... এবং নিজ ভোগবিচারে মানস ... থাকে। এই ইন্দ্রিয়বৃত্তির পরিতোষ করিতে অসমর্থ হইয়া স্বরূপগত জীব নানা বিপৎপাত আহ্বান করিয়া ত্রিতাপে ক্লিষ্ট হইয়া থাকেন। যে-কালে কোন পারমার্থিকের সহিত তাহার সাক্ষাৎকার ঘটে তখন তাঁহার উপদেশমূলে অর্থ হইতে পরমার্থের বৈশিষ্ট্য লক্ষ্য করিবার শক্তি লাভ করেন। কোন্‌টী তাঁহার পক্ষে হিতকর ও কোন্‌টী অহিতকর, তাহা তাঁহার বিচারে আসিয়া উপস্থিত হয়। যাহা সংরক্ষিত হইতে পারে না, সীমায় আবদ্ধ হইয়া যাহার চেষ্টা প্রতিহত হয় এবং স্বরূপ-প্রাপ্তিক্রমে যে পাত্রের অনুকূলতা গৃহীত হয় না, সেইগুলির জন্য অভিলাষ করা তিনি তখন আবশ্যক বোধ করেন না। নিত্যবস্তুর জন্য প্রয়াস, কেবল চেতনময় বস্তুরূপ বস্তু এবং অবিনশ্বর পাত্রের সেবা করাই সেইকালে তাঁহার কৃত্য বলিয়া স্থির হয়।

পরমার্থবিমুখ জীব নিত্যার্থ সংগ্রহে ব্যস্ত হইয়া বাহিরের রূপে বিমুগ্ধ হন। নিজের সৌন্দর্য সংরক্ষণে যত্নবান্ হন, ইতর প্রাণীর বিনোদনের জন্য চাটুবাক্য শিক্ষা করেন, অপরের নিকট হইতে স্বীয় প্রতিষ্ঠা ও প্রশংসা লাভের যত্ন করেন, ভগবৎপ্রতিষ্ঠা ও গুরুপ্রতিষ্ঠাদিতে কুণ্ঠাবোধ করেন, ভগবন্নির্মাল্য-সুরভির আঘ্রাণ করিবার ইচ্ছার পরিবর্তে স্বীয় অভিলষিত সুরভির আঘ্রাণে ব্যস্ত হন, ভগবদ্বস্তুর উদ্দেশে সুগন্ধি দ্রব্য সমূহের সংস্পর্শ প্রভৃতি তাঁহার রুচির অনুকূল হয় না। 'জগতের বাহ্য বোধে যে সকল ... বদ্ধজীবকে ... যুক্ত করে, ফলতঃ তাহারা নানাপ্রকার অবিহিত কার্যে নিযুক্ত হন। তাঁহাদের একবারও মনে পড়ে না যে, সমগ্র আস্বাদনীয় বস্তু কোন্‌ জিহ্বায় আস্বাদিত হইলে আস্বাদিতের তাৎপর্য পূর্ণমাত্রায় সাফল্য লাভ করে। ভগবৎসেবারহিত জীব স্বীয় চেষ্টার দ্বারা যে শ্রুতোক্ত লাভের যত্ন করেন তাহা নিজের তাৎপর্যে নিযুক্ত করিবার জন্য ব্যস্ত হন, ভগবানের পাদপদ্মের সুশীতলতা এবং শীত-... স্পর্শবোধনের সামর্থ্য তাহাদের বিচারের অনুকূল হয় না। কৃষ্ণের ... শ্রীকর-কমল স্বীয় স্বরূপের কল্যাণ লাভের আকর এবং ভগবানের সুখতাৎপর্যে স্পর্শেন্দ্রিয়ের ক্রিয়া আবদ্ধ। সেবারহিত জীব এ কথার প্রতিকূল দেশে অবস্থিত থাকেন। জ্ঞানেন্দ্রিয়সমূহের বৃত্তিগুলি অযথারূপে অপরে যুক্ত থাকায় তিনি স্বীয় অভিলাষ-পরিতৃপ্তির জন্য সর্বদা বাসনাবিশিষ্ট হন, স্বরূপজ্ঞানাভাবই ইহার মূল কারণ। উদ্বুদ্ধ-স্বরূপে তাঁহারা জানিতে পারেন যে, সকল ইন্দ্রিয়ের বিষয় বিষ্ণু, সকল ব্যক্তিগত জীবের ইন্দ্রিয়সমূহের পতি বিষ্ণু, বিষ্ণুতেই সর্বেন্দ্রিয়ের প্রতিষ্ঠান আছে। ভিন্ন ভিন্ন জীবের ইন্দ্রিয়ের প্রতিষ্ঠা আংশিক প্রতীতি-মাত্র। যে কালে ইন্দ্রিয়পতি সচ্চিদানন্দ-বস্তুর পূর্ণ বিগ্রহে, অণু-চেতন সেবায় নিযুক্ত হন, সেইকালেই তাঁহার নিকটে প্রতিকূল চেষ্টাসমূহ ইন্দ্রিয়পতিতে নিযুক্ত হয় না। সকল ইন্দ্রিয়ের নিয়ামক ভগবান্—এই প্রতীতির অভাবে জীবগণ নিজ নিজ ঔপাধিক অপস্বার্থপর বিচারক্রমে ইন্দ্রিয় পরিচালনা করিতে গিয়া কর্মফলকে পদ-ভূষণরূপে নির্দেশ করেন।

তাহার ফলে উদ্দিষ্ট বাসনা সিদ্ধ হইবার পরিবর্তে প্রেমের স্থানে বিরোধ আসিয়া আধিপত্য বিস্তার করে। সেই কালে তিনি অভিলাষ সিদ্ধির পথের কণ্টক নষ্ট করিবার প্রতিপক্ষের প্রতি যে ভাব পোষণ করেন, তাহা 'ক্রোধ' নামে আখ্যাত হয়। বাসনার অতৃপ্তি হইতে ক্রোধবৃত্তির উদয়। ভগবৎ-সেবাবাসনা প্রতিহত হইলে যে বৃত্তির উদয় হয় তাহাকেও ক্রোধ বলিয়া সংজ্ঞা দেওয়া হয়। কিন্তু সেই ক্রোধ অপস্বার্থতাৎপর্যে নিযুক্ত না হওয়ায় যে স্বরূপবৈশিষ্ট্য রক্ষা করে, তাহা ইতর ক্রোধের সমপর্যায়ে গণিত হইতে পারে না। ভগবৎসেবাবাসনা প্রতিহত হইলে যে বৃত্তি 'ক্রোধ' নামে দৃষ্ট হয়, তাহার

... ভগবৎসেবার অবকাশ পারমার্থিকের উদ্দেশে ... ভগবদ্বস্তুর সেবায় যে কামনা দৃষ্ট হয়, ... অপর কোন প্রতিযোগী বস্তুর উদ্দেশে ... প্রাপ্তিমূলে প্রবৃত্তি হয় না। যেখানে ... অবকাশাভাব, সেখানেই বিষয়ের বহু... বিষয়ে বহুত্বে যে ভেদ অবস্থান করে, ... ভেদে প্রেমের অভাব বিরোধ ধর্ম বাস ক... উহার ভেদ সমূহ প্রেমের বিচারক ... হয়ের সমর্থন করেন না। ভগবদ্বিষয় বাস... যে শ্রেণীর, ভগবৎসেবাবাসনা সেই শ্রেণী হইলেও উহাদের মধ্যে যে ভেদ অব... আছে, তাহা লাভ করিবার প্রয়াস ভগব... সেবাবিমুখ জগতের রুচির অনুকূল হওয়া... তাহারা সমন্বয়বাদের পক্ষপাতী। কি... তাদৃশ সমন্বয়বাদ ভগবৎসেবাবৈমুখ্য... বিরোধধর্ম আবাহন করে বলিয়া উহা... বাস্তববিষয় প্রেমধর্ম দলিতে প্রস্তুত... না। ভক্তকামনা প্রতিহত হইলে যে ক্রোধ... উদয় হয়, তাহাতে কামরূপে তাৎকালি... গুরু স্বীয় স্বরূপ প্রদর্শন করিলেও উহা ... নহে; আবার অনেক স্থলে সেবা ক্রো... কেবল ক্রোধ উৎপন্ন করে। তখন ক্রো... প্রতিষ্ঠা ... উহার আবা... অপ্রয়োজনীয় স্থির হয়। কিন্তু ভগবৎসে... বাসনামূলে যে ক্রোধের উৎপত্তি দেখা যা... তাহা পরমমত প্রকাশ করে এবং তা... চেষ্টা বুদ্ধিবিহিত হইয়াই এরূপ ধারণা সব... বিচারমূলে প্রতিষ্ঠিত হয়। যেখানে এ... তাৎপর্যপরতা অবস্থিত অর্থে অবজ্ঞা... কার্য করে, সেইস্থলে প্রতিযোগী, কে... বৈশিষ্ট্যকাম বা ক্রোধ পরস্পর বিদ্যমান হইয়া সমতাৎপর্যপর হওয়ায় প্রেম আছ... হয়। উহাপ্রকাশক কাম ও ক্রোধ—'লো... নামক বৃত্তি আনয়ন করে। ক্রোধের বিক... অন্তত ফল দর্শন করিয়া বা 'হনাশশীল ... দেখিয়া স্বরূপজ্ঞানে জীবের যে বৃত্তির উ... হয়, তাহা 'লোভ' নামে প্রসিদ্ধ। কৃ... সেবালোলা লোভ পর্যায়ে পতিত হইলে উহার যে বৈশিষ্ট্য আছে, তাহা যাঁ... পর্যালোচনা করেন না, তাঁহারাই অপস্বার্থ লোভের সহিত সমপর্যায় গণনা ক... অসঙ্গতি লক্ষ্য করেন না। 'লোভ' ... কাম-পর্যায়ের অনুকূল দ্বিতীয় স্তর। ... প্রতিকূল দ্বিতীয় স্তর ক্রোধের অধিষ্ঠান না... লোভনীয় বস্তু যেখানে অবস্থান, সে... তাদৃশ লোভ ইতর লোকের ন্যায় পর ... নহে, উহাই পরম উপাদেয়। নিত্য লোভ ... অভিলাষণরূপে ভগবানের জন্য লোভ বি... করিলে, আমরা দেখিতে পাই যে, অনি... বস্তুর জন্য লুব্ধ জনগণ তাহাদের বৃত্তি... কালের জন্য সংরক্ষণ করিতে অসমর্থ ... পক্ষান্তরে অবজ্ঞাতে লুব্ধ জনগণ নিত্যা... নিত্যবস্তু পরিত্যাগ করিয়া নিজের নশ্বরবা... আকর্ষণে আকৃষ্ট হন। ভগবদ্বস্তু তাঁ...

দিগের ভক্তিকে আবর্জন করে বলিয়া তাঁহাদের লোকের নিকট সেই বদ্ধ হইয়া পড়ে। সেকালে ইতর লোকে তাঁহাদের কৃতি দেখা যায় না। যাঁহারা সমন্বয়বাদ অবলম্বন করিয়া লোভনীয় বস্তু বিচারে নীর অকিঞ্চিৎকরতা প্রচার করেন, তাঁহাদের অপস্বার্থপরতা নিঃশ্রেয়স্ লাভের ব্যাঘাত করে।

ইতর বস্তুতে লোভের অবকাশ নিষ্ফল হইলে যে বৃত্তির উদয় হয়, তাহাকে 'মোহ' বলে। লোভের প্রতিকূলভাবে প্রতিষ্ঠিত মোহ জীবের কামনা বা লোভকে প্রতিরোধ করে। তিনি সেইকালে বিষয়াবিষ্ট হইয়া দূর হইবার প্রয়াসেও ঔদাসীন্য প্রদর্শন করিতে বাধ্য হন। কোন সময়ে বিষয় লোভের প্রবলতাক্রমেও মোহ উপস্থিত হয়। ভগবৎকৃপা পুষ্ট না হইলেই জীব কপট মোহে আবদ্ধ হন। ভগবদ্গীত প্রণালীতে জীবের দুর্দৈব দূরীভূত হয় না। সেকালে তিনি নীর অপস্বার্থপর বৃত্তিবশে যে প্রকার মূর্চ্ছিত হন, তাহা মোহ পর্য্যায়ে গণিত। মেস্মার (Mesmer) প্রমুখ মনোবিজ্ঞানবিদ্ পারদর্শী ব্যক্তিগণ কোথাও মোহে বদ্ধ জীবকে যে স্তব্ধ করেন, তদবস্থ ঐরূপ মোহকে সেই পর্য্যায়ে গণনা করা জীবের স্বরূপসিদ্ধ ভিন্ন লক্ষণের অন্তর।

কামনা ও লোভের তৃতীয় স্তরে মদের স্থান। কামনাসিদ্ধি ও লোভনীয় বস্তু প্রাপ্তির সঙ্গে সঙ্গে মত্ততা বৃদ্ধি দেখা যায়। অতএব জ্ঞান ও মদ্য মত্ত জীবজনে যাহার মত্ততা উপস্থিত হয়, তাঁহাকে কাম-ক্রোধ-লোভ-মোহ বিপরীত ও অপ্রাকৃত ভাবসমূহ ক্লেশ দিতে পারে না। কিন্তু যেখানে জড়-বুদ্ধিযুক্ততাবশে কামলোভের অনুকূল মত্ততা উপস্থিত হইয়া ক্রোধ ও মোহের বশবর্তিতায় স্তব্ধতা বৃদ্ধি করে, সেস্থলে যে মত্ততা, তাহার সহিত ভগবৎপ্রেমের মত্ততা সমপর্য্যায়ে গণনা করা কর্ত্তব্য নহে। একের দ্বারা প্রেমে প্রতিষ্ঠান, অপরের দ্বারা ত্রিতাপ-ক্লিষ্ট প্রমত্ত জীবগণ অন্য জীবের প্রতি বন্ধুর বা শত্রুভাবে মৎসরতা বৃদ্ধিতে উন্মুক্ত; কিন্তু ভগবদ্ভক্তগণ ভগবদ্গুণ-মত্ততাক্রমে নির্মৎসরতা লাভ করেন।

মাৎসর্য্য বৃত্তির পরিচয় এই যে, তিনি নির্মৎসর অর্থাৎ লৌকিক অসহনশীলতা তাঁহাতে স্থান পায় না। আর ভোগী কাম-লোভ মদোন্মত্ত, ক্রোধ-মোহ-চালিত হইয়া যে মৎসরতা প্রদর্শন করিতে গিয়া ভগবদ্ভাব উপলব্ধ করেন, তাহাতে প্রেমের গন্ধ নাই, কেবল অপস্বার্থ ও মিথ্যাবঞ্চনাপরতা আছে। যাহারা কামাদি রিপুষট্কের বশীভূত হইয়া প্রাকৃত সাহজিকতার প্রাবল্য-চরণ করেন, তাঁহারা পরমার্থে বঞ্চিত। এই

আর একবার বাছাই হইবে

(শ্রীরাধাকৃষ্ণ ব্রহ্মচারী, ভক্তিশাস্ত্রী)

এ জগতে মানুষের সংখ্যা অন্যান্য প্রাণী অপেক্ষা অতি অল্প। তাহার মধ্যে একজন মানুষের চিন্তাস্রোতের সহিত অন্য একজনের চিত্তস্রোতের সর্ব্বতোভাবে মিল আছে—এরূপ দেখা যায় না। তাই ভক্তিবিনোদ ঠাকুর তাঁ'র কোন গ্রন্থে লিখিয়াছেন—'এ জগতে প্রত্যেক মানুষের এক একটি অধিকার'। এই বাক্যে তিনি মানুষের বিভিন্নমুখী চিন্তাস্রোতের কথা উল্লেখ করিয়াছেন। তাহা হইলে দেখিতে পাওয়া যায়, এ জগতে সমষ্টিভাবে মানুষের অসংখ্য অধিকার। এইরূপ হইবার মূল কারণ কি? কোথা হইতে এই অধিকার আসে? কেন কোন মানুষের সহিত আর একজনের সর্ব্বাঙ্গীন মিল পাওয়া যায় না?

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যা৷৵ ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইংরাজের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিশাস্ত্রী ভক্তিসুধাকর সম্প্রদায়-বৈভবাচার্য্য এম্-এ মহোদয়ের গৌরবেষণা এবং লালিত্যপূর্ণ লেখনীর অদ্ভুত ফল। ইহা আশ্চর্য্য করিয়া কলেবরে দর্শন এবং ভক্ত ও ভগবানের ঐতিহাসিক কাহিনী বর্ণিত। এই গ্রন্থে বঙ্গের ও উৎকলের অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য দর্শনের সংক্ষেপ, তুলনা-মূলক শ্রীমদ্ভাগবতের ঐতিহাসিক সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৬০৭ অধ্যায়ে আর সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Preface), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ ঐতিহাসিক প্রকাশিত। ভিক্ষা—১২, পাঁচ টাকা। প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয়মঠ, মাদ্রাজ, ঢাকা, ময়মনসিংহ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর (জেলা—নদীয়া)।

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

১—জীবও বিছুকাল ১২৲ স্থলে

মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

"শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে"
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।এ নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—"শ্রীধাম"—শ্রীমায়াপুর

শ্রীগৌড়ীয়মঠাধ্যক্ষ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্ত্তৃক প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের কৃপাভিষিক্ত ... শ্রীশ্রীমদ্ ... পরিব্রাজক ... কর্ত্তৃক পরিচালিত

ভারতের সর্ব্বপ্রথম ... নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৩ই মাঘ, ১৩৪৪, ২৭শে জানুয়ারী, ১৯৩৮, বৃহস্পতিবার [সংখ্যা ২৭৪]

বিবিধ সংবাদ

—(০(০)০)—

জাতীয় শিক্ষা এডভাইসরী কমিটি

আগামী ২৮শে জানুয়ারী তারিখে শিক্ষা ...র কেন্দ্রীয় এডভাইসরী কমিটির যে ...বেশন হইবে তাহাতে মাত্র তিন জন ...দেশিক শিক্ষা মন্ত্রী ও একজন পার্লিয়া-...টারী সেক্রেটারী যোগদান করিতে সমর্থ ...বেন। মন্ত্রী তিন জন হইতেছেন, ...বের ডাঃ সৈয়দ মাহমুদ, মধ্য প্রদেশের ...যুক্ত মাহ, এম, শুক্ল ও সীমান্ত প্রদেশের ... আওটালা। বোম্বাই হইতে শিক্ষা ...রের পার্লিয়ামেন্টারী সেক্রেটারী শ্রীযুক্ত ...স মেটা আসিবেন। ঐ সময় অনেক ...দেশে আইন সভার অধিবেশন চলিতে ...বিবে। সেই জন্যই বোধ হয় অন্যান্য ...দেশের মন্ত্রীরা দিল্লীতে আসিতে ...রিবেন না।

স্যার তেজবাহাদুর সপ্রু, স্যার আকবর ...হায়দরী, শ্রীযুক্ত ভি এস, শ্রীনিবাস শাস্ত্রী ও ...যুক্ত শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় যোগদান ...রিবেন বলিয়া আশা করা যায়।

কেন্দ্রীয় এডভাইসরী বোর্ডের অধিবেশনে ...র্দ্ধা পরিকল্পনা সম্বন্ধে সম্ভবতঃ আলোচনা ...বে, সেই হেতু এই অধিবেশনের উপর ...শেষ গুরুত্ব আরোপ করা হইতেছে।

উড়িষ্যা জমিবন্ধকী ব্যাঙ্ক

গত সোমবার ২৪শে জানুয়ারী উড়িষ্যা ব্যবস্থা পরিষদের অধিবেশন আরম্ভ ...হইয়াছে। বে-সরকারী বিল ও প্রস্তাব ...আলোচনার জন্য দুই দিন সময় রাখা ...হইয়াছে।

সরকারী বিল সমূহের মধ্যে উড়িষ্যা ...র আইন সংশোধন বিল, মাদ্রাজ এষ্টেটস্ ল্যাণ্ড এ্যাক্ট বিল ও ১৯৩৮ সালের উড়িষ্যা জমি-বন্ধকী ব্যাঙ্ক বিল উল্লেখযোগ্য। প্রধানমন্ত্রী শেষোক্ত বিল পরিষদে পেশ করিবেন। পল্লীবাসীদের বিশেষতঃ মধ্যবিত্ত শ্রেণীর ঋণগ্রস্তদের ঋণ পরিশোধের সুবিধার জন্য জমি-বন্ধক রাখিয়া দীর্ঘ দিনের মেয়াদে অল্প সুদে টাকা ধার পাইবার পক্ষে সমবায় ব্যাঙ্ক ও জমি-বন্ধকী ব্যাঙ্ক বিশেষ উপযোগী হবে। উড়িষ্যার এই অসুবিধা দূর করিবার জন্য সরকার জমি বন্ধকী ব্যাঙ্ক প্রতিষ্ঠার উদ্দেশ্যে জমি বন্ধকী ব্যাঙ্ক আইন পাশ করিতে আগ্রহশীল। ভারতের অন্যান্য প্রদেশে জমি বন্ধকী ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হইয়াছে। মাদ্রাজ ও মধ্য প্রদেশের এলাকা বিচ্ছিন্ন করিয়া যে অংশ উড়িষ্যার অন্তর্ভুক্ত করা হইয়াছে, ঐ দুই প্রদেশের জমি বন্ধকী ব্যাঙ্কের সুবিধা হইতে ঐ সকল স্থান বঞ্চিত হইয়াছে। এই কারণে এবং উত্তর উড়িষ্যার পল্লীবাসীদের ঋণ সমস্যা সমাধানের সুবিধার জন্য অবিলম্বে জমি বন্ধকী ব্যাঙ্ক স্থাপন অপরিহার্য্য বিবেচনা করিয়া সরকার এই কার্য্যে অগ্রণী হইয়াছেন।

কলিকাতায় টাইফয়েড রোগে মৃত্যুসংখ্যা

কলিকাতার হাসপাতালসমূহে টাইফয়েড রোগে বহু মৃত্যু ঘটিতেছে। তবে রোগে মৃত্যু সংখ্যা যে গত বৎসর অপেক্ষা বর্ত্তমান বৎসরে অনেক কম তাহা নিম্নলিখিত হিসাব হইতেই প্রমাণিত হইবে :—

গত ১৫ই জানুয়ারী পর্য্যন্ত এক সপ্তাহে মৃত্যুসংখ্যা—মোট ৬জন, পূর্ব্ব বৎসরের আলোচ্য সপ্তাহে—মৃত্যু সংখ্যা ১৭জন। গত ৮ই জানুয়ারী পর্য্যন্ত এক সপ্তাহে মৃত্যু সংখ্যা—৮জন। পূর্ব্ব বৎসরের ঠিক এই সপ্তাহে মৃত্যু সংখ্যা মোট ১৩জন। গত ১লা জানুয়ারী পর্য্যন্ত এক সপ্তাহে মৃত্যু সংখ্যা ১৬জন। পূর্ব্ব বৎসরের আলোচ্য সপ্তাহে মৃত্যুসংখ্যা মোট ১৬জন।

হুয়েস্কা সীমান্তে বিদ্রোহীদের বিমান আক্রমণ

বিদ্রোহীরা এই দাবী করিতেছে যে, হুয়েস্কা সীমান্তে বিদ্রোহীপক্ষের ৩টি বিমান সরকার পক্ষের সৈন্য বোঝাই একখণ্ড সাঁজোয়া গাড়ীর উপর বোমাবর্ষণ করে; ফলে সরকারী সৈন্যবাহিনীর ৩০০০ সৈন্য হতাহত হইয়াছে।

সালামাঙ্কা আক্রমণ

সরকার পক্ষের বিমানবহর বিদ্রোহী-পক্ষের হেডকোয়ার্টার্স সালামাঙ্কার উপর আক্রমণ করে। যুদ্ধ আরম্ভ হওয়ার পর হইতে এতবড় আক্রমণ খুব কমই হইয়াছে।

বৃটিশ এজেণ্ট স্যার রবার্ট হজসন তাঁহার কর্ম্মচারিগণসহ অল্পের জন্য রক্ষা পাইয়া গিয়াছেন। তাঁহারা হোটেলের জানালা দিয়া যখন বিমান আক্রমণ দেখিতেছিলেন, তখন একটি বোমার আঘাতে জানালাটি চুরমার হইয়া যায়।

৯ জন নিহত ও ২০জন আহত হইয়াছে বলিয়া এপর্য্যন্ত জানা গিয়াছে। কোন বৃটিশ হতাহত হয় নাই।

বিদ্রোহীপক্ষের বিমান আক্রমণ

বিদ্রোহীপক্ষের দৈনন্দিন বিমান আক্রমণ যথারীতি চলিতেছে। গত ২১শে জানুয়ারী তিনখানি বিমান হইতে বার্সেলোনার উপর বহু বোমা নিপতিত হয়। উহার ফলে ৭জন নিহত ও ৫০জন আহত হইয়াছে।

লাহোরে পয়ঃপ্রণালী ও জল সরবরাহের নূতন ব্যবস্থা

পাঞ্জাব গবর্ণমেণ্ট লাহোরের পয়ঃ-প্রণালী ও জলসরবরাহের ব্যবস্থা আধুনিক বিজ্ঞানসম্মত করিবার পঞ্চবার্ষিকী পরিকল্পনাটি অনুমোদন করিয়াছেন। উক্ত পরিকল্পনা অনুযায়ী গবর্ণমেণ্টকে লাহোর মিউনিসিপ্যালিটিকে ৪০ লক্ষ টাকা সাহায্য এবং ৬০ লক্ষ টাকা ঋণ দিতে হইবে। পয়ঃপ্রণালীর জন্য, ৯০ লক্ষ টাকা এবং জল সরবরাহের ব্যবস্থার জন্য ২৯ লক্ষ টাকা ব্যয় করা হইবে। মিউনিসিপ্যালিটি এই ঋণ পরিশোধ করিবার জন্য এবং আরও ২০ লক্ষ টাকা তুলিবার জন্য মিউনিসিপ্যালিটী সিভিললাইন এলাকাভুক্ত বাড়ীগুলির ভাড়ার উপর শতকরা ২৷০ টাকা হারে ট্যাক্স ধার্য্য করিবেন। এই পরিকল্পনা অনুযায়ী কাজ আরম্ভ করিবার পূর্ব্বে সমগ্র পরিকল্পনাটি ব্যবস্থা পরিষদে উপস্থিত করা হইবে।

নরহত্যার মামলা

গত ১৯শে জানুয়ারী মুর্শিদাবাদে জেলা ও দায়রা জজ মিঃ কে, কে, হাজরা মহোদয়ের এজলাসে শক্তিপুর গ্রামের মোক্তার সেখ নামক একব্যক্তি ও অপর কয়েক ব্যক্তির বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৩০২ (হত্যা) অপরাধে বিচার হইয়া গিয়াছে। বিচারে জুরীগণ একমত হইয়া আসামী মোক্তার সেখকে দোষী সাব্যস্ত করে। অপর ব্যক্তিদিগকে তাঁহারা সন্দেহের অবকাশ দান করেন। জজ সাহেব বাকাসা জুরীগণের সহিত একমত হইয়া আসামী মোক্তার সেখের প্রতি যাবজ্জীবন দ্বীপান্তর ও অপর সকল আসামীগণকে সন্দেহের অবকাশে মুক্তি দান করিয়াছেন।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৬৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। দৈববর্ণ ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসার্বভৌমে বিরহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ৷০
১৮। বামন-আগমন ৷০
১৯। তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-গানহুচ্ছ ৷৵০
২২ ভজন রহস্য ৷০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ৲
২৫। গীতা (চক্রবর্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষা ৷০
২৭। মুক্তাফলিকা গুণলেশঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিন-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ৷০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
৪৪। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্থপঞ্চক ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ৷০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ৷০
৫৮। শ্রীভুবনেশ্বর ৶০
৫৯। শিক্ষাদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিতঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। তত্ত্বসূত্রম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারাংশবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ৷০
৭২। সিলেক্টেড ওয়ার্ড্স ৷৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (১ম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬ শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীঠাকুরের পরিব্রাজক, গো[illegible] মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪৷০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি[illegible] সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভি[illegible] সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—ত্রিদণ্ডিবাণী একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীল [illegible]মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। ক[illegible] শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্প[illegible]ংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

-:o:-

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পঞ্জিকার প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৬৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক

ধাম-শ্রীমায়াপুর-নদীয়া



১২শবর্ষ | ২১ মাধব গৌরাব্দ ৪৫১. ১৩ই মাঘ বঙ্গাব্দ ১৩৪৪ ২৭শে জানুয়ারী ইং ১৯৩৮, বৃহস্পতিবার | ২৭৪তম সংখ্যা

যৎকিঞ্চিৎ

— ::)•(:: —

যিনি মন্ত্র দান করেন, তিনিই দীক্ষাগুরু এবং যাঁহাদের দ্বারা ভজন-শিক্ষা হয় তাঁহারাই শিক্ষাগুরু। দীক্ষাগুরু মাত্র একজন। কিন্তু শিক্ষাগুরু বহু হইতে পারেন। দীক্ষা এবং শিক্ষাভেদে শ্রীগুরু দ্বিধ কথিত হইলেও উভয়েই অভিন্ন গুরুতত্ত্ব। দীক্ষাগুরু ও শিক্ষাগুরু উভয়েই শ্রীচৈতন্যের প্রকাশ। যিনি নিজে ভজন করেন না তিনি শিক্ষাগুরু কিরূপে হইবেন? সুতরাং দীক্ষাগুরু ও শিক্ষাগুরুর লীলাভেদ থাকিলেও শিষ্যের নিকটে উভয়েই সমতত্ত্ব ও সমভাবে পূজ্য। গুরুবর্গ পরস্পর অভিন্ন। এই শ্রীগুরুতত্ত্বে ছোটবড় বা ভেদজ্ঞান নিরয় প্রাপক।

শ্রীচৈতন্যচরিতামৃত পাঠে আমরা জানিতে পারি, শ্রীগুরুতত্ত্ব শ্রীকৃষ্ণচৈতন্যনামক পরতত্ত্ব হইতে অভিন্ন বস্তু। শ্রীচৈতন্যদেবই গুরুরূপে জীবের প্রতি কৃপা করিয়া থাকেন।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে।
গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥
কৃষ্ণ, গুরুদ্বয় ভক্ত, অবতার, প্রকাশ।
শক্তি, এই ছয়রূপে করেন বিলাস॥
যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস।
তথাপি জানিয়ে আমি তাঁহার প্রকাশ॥

যদিও সকল জীবই কৃষ্ণদাস; সুতরাং আমার গুরুও বস্তুতঃ কৃষ্ণদাস; তথাপি আমি আমার গুরুদেবকে কৃষ্ণের প্রকাশ বলিয়াই জানি। এককথায় "তিনি সাধারণ কৃষ্ণসেবক নহেন, তিনি সেবকভক্ত। শ্রীগুরুদেব কৃষ্ণের প্রকাশ-স্বরূপ বলদেবাভিন্ন নিত্যানন্দতত্ত্ব। তিনি কৃষ্ণের পরম প্রিয়তম বস্তু—কৃষ্ণপ্রেষ্ঠ। শ্রীগুরুনিত্যানন্দের কৃপা ব্যতীত ভগবানের সেবাধিকার লাভ করা যায় না। গৌড়ীয়বৈষ্ণবমাত্রই শ্রীগুরুদেবকে কৃষ্ণপ্রেষ্ঠ বা নিত্যানন্দস্বরূপ জানিয়া শ্রীগুরুদেবের নিত্য সেবা করিয়া থাকেন। তাই বলিয়া কেহ যেন মনে না করেন যে, গুরুদেব শক্তিতত্ত্ব। শ্রীগুরুদেব—কৃষ্ণশক্তি। শ্রীগুরুদেবের সহিত শ্রীনিত্যানন্দের লীলাগত বিচিত্রতা থাকিলেও তিনি শ্রীনিত্যানন্দ-স্বরূপ।

শ্রীগুরুদেব শ্রীগৌরাঙ্গের মনোভীষ্ট-প্রচারক শ্রীনিত্যানন্দের আশ্রয়-বিগ্রহ। শ্রীগুরুদেব সাক্ষাৎ নিত্যুতত্ত্ব হইয়াও বৈষ্ণবশ্রেষ্ঠ সেবক-বিগ্রহরূপে জীবে দয়া করিবার জন্য অবতীর্ণ। অধরজ্ঞানের অভাব বশতঃ যাহারা বলদেবাভিন্ন নিত্যানন্দ-বিগ্রহ শ্রীচৈতন্যপ্রকাশমূর্তি শ্রীগুরুদেবকে মরণশীল মানববুদ্ধি করে তাহারা নারকী। আর যাঁহারা প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবা এই তিনটি আশ্রয় করিয়া শ্রীগৌরাঙ্গ অভিন্ন শ্রীগুরুদেবের সেবা নিষ্কপটে করেন তাঁহারাই যথার্থ অর্থাৎ ভোগবুদ্ধি পরিহার-পূর্বক স্বরূপে বা স্বরূপে অবস্থিত হইয়া নিত্যকাল শ্রীরাধাগোবিন্দের সেবামৃত করিয়া কৃতকৃতার্থ হন। তাই শাস্ত্র বলেন,—

নিত্যাতীষ্ট কৃষ্ণপ্রেষ্ঠ পাছে ছ' লাগিয়া।
নিরন্তর কৃষ্ণচন্দ্রে মর্মনা টেরা॥

—

শ্রীপাদ সুন্দরানন্দ প্রভুর বক্তৃতা

——::(*)::——

[শ্রীধাম মায়াপুরে শ্রীশ্রীল প্রভুপাদের সমাধি-প্রাঙ্গণে গত ৯ই পৌষ (১৩৪৪, ২৫ ডিসেম্বর ১৯৩৭) শুক্রবার অপরাহ্ন ৬ ঘটিকার মহামহোপাধ্যায় ওঁ শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ মহাশয়ের সভাপতিত্বে প্রদত্ত।]

পরমারাধ্য শ্রীল আচার্যদেব, পূজ্যপাদ বৈষ্ণববৃন্দ, পরম শ্রদ্ধাস্পদ সভাপতি মহোদয় ও সজ্জনমণ্ডলী, এক বৎসর পূর্বে পৌষী কৃষ্ণা চতুর্থী লগ্নে আমাদের সর্বারাধ্য জগদ্গুরু শ্রীশ্রীল প্রভুপাদ সমগ্র গৌড়ীয় সম্প্রদায়কে তথা প্রত্যেক সত্যান্বেষীকে অকূল বিরহ সাগরে ভাসাইয়া নিত্যলীলায় প্রবেশ করেন। মহাজনগণের প্রকটা-প্রকট লীলা—অচিন্ত্যময়ী। গত বৎসরের পূর্ব বৎসর যখন আমরা শ্রীধাম মায়াপুরে শ্রীগৌরজন্মভূমি সংকীর্ত্তন-রাসস্থলী শ্রীবাস-অঙ্গনে শ্রীশ্রীল প্রভুপাদের প্রকট-বিরহ-বাসরে শ্রীব্যাসপূজার জন্য সমবেত হইয়াছিলাম, তখনই প্রথমতঃ কাহারও শ্রীল প্রভুপাদ তাঁহার প্রকট-লীলা সংগোপনের ইঙ্গিত প্রদান করিয়াছেন। কিন্তু এই কথা একমাত্র শ্রীল আচার্যদেব ব্যতীত শ্রোতৃবৃন্দের মধ্যে আর কেহই ধরিতে পারেন নাই। শ্রীল প্রভুপাদ ৬ই ফাল্গুন (১৩৪২) ১৯শে ফেব্রুয়ারী (১৯৩৬) বুধবার অপরাহ্নে সন্ধ্যার পর যোগপীঠে 'শ্রীগৌরগোবিন্দে'র "শ্রেষ্ঠমাধুর্য্যপ্রকাশক"— এই শ্লোক এবং শ্রীচৈতন্যচরিতামৃতের "অখিলরসামৃতমূর্তিঃ"—এই প্রথম শ্লোক ব্যাখ্যাকালে হরিকথা কীর্ত্তনমুখে বৈষ্ণব-সার্বভৌম শ্রীল জগন্নাথকে ভাগেশ্বরী তপ-স্যাদের অবতার, প্রাচী সরস্বতীকে 'পশ্চিম' বা সরস্বতী নদী, যোগপীঠের কদম-বৃক্ষের নিম্ন হইতে যমুনা [illegible] পার্শ্বেশ প্রবাহিত করিয়া গঙ্গা প্রবাহিত হইবার কথা বলিয়াছিলেন এবং তৎসঙ্গে প্রাচী সরস্বতীর তীরে ভাগেশ্বরী জগন্নাথের ভবনে মহাপ্রভুর পদার্পণের ন্যায় বৈষ্ণবসার্বভৌম শ্রীজগন্নাথের নবদ্বীপ ভজন কুটীরে শ্রীগৌরসুন্দরের প্রকাশ-লীলা ও শ্রীযোগপীঠ প্রকাশের প্রেরণা-দানের কথা বর্ণন প্রসঙ্গে 'নিত্য-প্রকটলীলা' ও 'প্রকটিবিরোধ' যাত্রা-সম্বন্ধে ইঙ্গিত প্রদান করিয়াছিলেন।

শ্রীল আচার্যদেব (ওঁ বিষ্ণুপাদ শ্রীল অনন্তবাসুদেব বিদ্যাভূষণ গোস্বামি-প্রভু) ঐ দিবসই বা ঐ বলিয়াছিলেন যে, শ্রীল প্রভুপাদ তাঁহাকে (আচার্যদেবকে) বলিয়াছেন,— শ্রীল প্রভুপাদের স্বকৃত প্রকটকালের গণনায় সপ্তবৎসর বাড়িয়া গিয়াছে। তিনি যে আরও সপ্তবৎসর প্রকট থাকিবেন বলিয়া পূর্বে বলিয়াছিলেন, তাহা আর হইল না, সপ্তবৎসর কমিয়া যাইবে।

এই কথা বলিয়া শ্রীল আচার্যদেব আমাকে তীব্রভাবে হরিভজন করিবার উপদেশ দিয়াছিলেন। কিন্তু শ্রীল প্রভুপাদের একান্ত দয়ী শ্রীল আচার্যদেবের কথাও নিঃসন্দেহে সত্য বলিয়া গ্রহণ করিতে পারি নাই, ফলে হরিভজন হইতে পশ্চাৎপদ হইয়া পড়িয়াছি।

শ্রীশ্রীল প্রভুপাদ কৃষ্ণ-চতুর্থীর নিশান্তে নিত্যলীলায় প্রবেশ করিয়াছেন,—ইহা পূর্ব্বে বর্ণনাছি। শ্রীল প্রভুপাদের এই লীলা-প্রবেশের মধ্যে তাঁহার স্বরূপ-রূপানুগ ভজন-বিজ্ঞান-প্রয়োজনের একটি বিশেষ তাৎপর্য্য নিহিত আছে। শ্রীল আচার্য্যদেবের কৃপায় তাহার ইঙ্গিত 'গৌড়ীয়ে' প্রকাশিত হইয়াছে।

শ্রীরূপ ও তদনুগ ভজন-রাজ্যের মূল মহাজনগণ নিশান্ত চব্বিশ প্রহরকে শ্রীরাধাগোবিন্দের বিচিত্র সেবার নিযুক্ত করিবার জন্য আট ভাগে বিভক্ত করিয়াছেন। এই প্রত্যেক ভাগকে 'যাম' বলে। দিন রাত্রের বিভাগ এবং দিবাভাগের বিধান উষা ও সন্ধ্যার সহিত সম্পন্নে অষ্ট যাম হয়। শ্রীরূপানুগবর শ্রীল কবিরাজ গোস্বামি-প্রভু 'শ্রীগোবিন্দলীলামৃত' গ্রন্থে, অপ্রাকৃত রসিকচূড়ামণি শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর 'শ্রীকৃষ্ণভাবনামৃতে' শ্রীশ্রীরাধাগোবিন্দের অষ্টযাম সেবার কথা অনর্থমুক্তগণের জন্য নির্দ্দেশ করিয়াছেন। যাঁহাদের অন্তরসে সম্ভোগবাদে ও তৎপ্রতিযোগী নিরীশ্বরবাদ বা নির্বিশেষভাবের আশঙ্কা সম্পূর্ণভাবে বিদূরিত হইয়াছে, তাঁহারা চব্বিশ ঘণ্টার মধ্যে চব্বিশ ঘণ্টা অর্থাৎ অহর্নিশ অষ্টযাম শ্রীশ্রীরাধাগোবিন্দের বিপ্রলম্ভময়ী শ্রবণ-কীর্ত্তন-স্মরণপরা সেবার আত্মনিবেশ। এই অষ্টযাম-সেবা একমাত্র শ্রীনাম-কীর্ত্তন-শ্রবণ স্মরণময়ী। তারক ও পারকব্রহ্ম শ্রীনামই 'চতুর্ণামিথুন' অর্থাৎ আশ্রয়বিগ্রহ-সমাশ্লিষ্ট বিষয়বিগ্রহ বা অখিলরসামৃতসিন্ধু রাধাগোবিন্দ। শ্রীনামের সেবাই শ্রীরাধা-গোবিন্দ মিথুনের বা আশ্রয় সমাশ্লিষ্ট বিষয়-বিগ্রহ বাবীর যুগপৎ সেবা। শ্রীনামের সংযোগ বামনীয় দিব্যপাদ অভিহিত। এতএব শ্রীগৌরসুন্দর একমাত্র শ্রীনামেই সর্ব্বসিদ্ধি এবং শ্রীনামেই সমস্ত শক্তি নিহিত বলিয়া জানাইয়াছেন।

এখানে সভাপতি ভারত-বিখ্যাত মহামহোপাধ্যায় তর্কভূষণ মহোদয় 'অধরচন্দ্র মুখোপাধ্যায় বক্তৃতায়' সে-দিন কলিকাতা বিশ্ববিদ্যালয়ে "গৌড়ীয়-বৈষ্ণবধর্ম" সম্বন্ধে যে বক্তৃতা দিয়াছেন, তাহাতেও তিনি প্রাচীনতম ঋগ্বেদের—

"ওঁ আস্য জানন্তো নাম চিদ্বিবক্তন্ মহস্তে বিষ্ণো সুমতিং ভজামহে ওঁ তৎসৎ।"
—(ঋগ্বেদ ১ম মণ্ডল ১৫৬ সূক্ত ৩ য় ঋক্)

এই সূক্তের শ্রীল জীবগোস্বামি-প্রভুর সন্দর্ভের ব্যাখ্যা উদ্ধার করিয়া শ্রীনাম-ভজনের বিচারের সুপ্রাচীনত্ব বা সনাতনত্ব প্রদর্শন করিয়াছেন।

এতন্নির্বিদ্যমানানামিচ্ছতামকুতোভয়ম্।
যোগিনাং নৃপ নির্ণীতং হরের্নামানুকীর্ত্তনম্॥
(ভাঃ ২।১।১১)

যে রাজন্, কামী, মুমুক্ষু, আত্মারাম যোগী—সকলের পক্ষেই হরিনামের শ্রবণ ও অনুকীর্ত্তন একমাত্র অভয় ফল বলিয়া আচার্য্যগণ-কর্ত্তৃক নির্দ্ধারিত হইয়াছে।

শ্রীমদ্ভাগবতের এই শ্লোকও কলিকাতা-বিশ্ববিদ্যালয়ের অভিভাষণে সভাপতি মহোদয় উল্লেখ করিয়াছিলেন। আমরা শ্রীল প্রভুপাদের শ্রীমুখে শুনিয়াছি,—এই ভাগবতবাক্য, যাহাতে শ্রীনামানুশীলনকেই সকলের পক্ষে একমাত্র সাধ্য ও সাধন নির্ণীত করা হইয়াছে, তাহা বৈদিকযুগে মাত্র নহে, বেদমন্ত্র সঙ্কলিত হইবার বহু পূর্ব্বে অর্থাৎ প্রাগ্‌-বৈদযুগেও নিত্যসিদ্ধভাবে প্রকাশিত ছিল। ত্রেতা-যুগে বেদ বিভক্ত হয়। কিন্তু শ্রীনামের ও শ্রীমদ্ভাগবতের আবির্ভাব কোন যুগ বা খণ্ডকালের অন্তর্গত নহে, পুরুষোত্তম বিষ্ণুর ন্যায় তাঁহার নাম ও কাম সৃষ্ট হইবার পূর্ব্ব হইতে অর্থাৎ অনাদিকাল হইতে প্রকাশিত। আলোয়ারগণের প্রচার বা বোধায়ন বৃত্তির বহু পূর্ব্ব হইতে অর্থাৎ অনাদিকাল হইতে সনাতন বৈষ্ণবধর্ম্ম প্রকাশিত। আমাদের শ্রীল প্রভুপাদ ইহা অসংখ্য প্রমাণ, যুক্তি বা শ্রৌতবাক্য হইতে প্রদর্শন করিয়াছেন।

শ্রীনামী স্বয়ং তাঁহার অবতারে শ্রীনামের প্রচারের জন্য এবং নিত্য-বিগ্রহ আশ্রয়-সমাশ্লিষ্ট বিষয়ের সেবার ঔদার্য্য ও মাধুর্য্য প্রচারের জন্য গৌরসুন্দররূপে অবতীর্ণ হইয়াছেন। বিষয়ের অন্তর আশ্রয়ের ভাবে একটা বিভাবিত ও তন্ময় হইয়াছে যে, আশ্রয়ের ভাব ও কান্তিকে বিষয় আত্মসাৎ করিয়া ফেলিয়াছেন। অর্থাৎ আশ্রয়ের ভাব কান্তিকে আলো করিয়া কেলিয়াছে। সেই রাধাভাব দ্যুতিসুবলিত শ্রীগৌরসুন্দর একমাত্র শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তনের নিজ-সম্পত্তি দান করিবার জন্যই শিক্ষাষ্টক কীর্ত্তন করিয়াছেন।

প্রেমাবতারক শ্রীগৌরসুন্দর স্বয়ং এবং তাঁহারই অঙ্গ ও পার্ষদরূপ শ্রীনিত্যানন্দাদ্বৈত, নামাচার্য্য শ্রীহরিদাস ঠাকুর, শ্রীবাস, গদাধর, শ্রীসনাতন-রূপাদি গৌরভক্তবৃন্দ শ্রীনামচিন্তামণি সর্ব্বত্র বিতরণ করিয়াছেন; কিন্তু এই সর্ব্বমঙ্গলময় দেশ-কাল-পাত্র-নিরপেক্ষ শ্রীনামচিন্তামণির এরূপ সর্ব্বশক্তিমত্তার কৃপা-সত্ত্বেও—

"দুর্দ্দৈবমীদৃশমিহাজনি নানুরাগঃ"— (শিক্ষাষ্টক ২য় শ্লোক) অর্থাৎ আমার এই দুর্দ্দৈব যে, সেই হরিনামে রুচি হইল না।

এই দুর্দ্দৈব মোচনের উপায়সমূহ, শ্রীচৈতন্যমনোহভীষ্ট ভক্তিবিনোদ-ধারাশক্তি, বর্ত্তমানযুগে ভক্তিভাগীরথীকে পুনরানয়নের ভগীরথ ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার 'হরিনাম-চিন্তামণি'-গ্রন্থে যে ভাবে বিশ্লেষণ করিয়াছেন, এরূপ আর কোথায়ও দেখিতে পাওয়া যায় না। যদিও শ্রীশ্রীজীবাদি গোস্বামিবৃন্দ ভাগবত-সন্দর্ভে পদ্মপুরাণ হইতে দশবিধ নামাপরাধের কথা বর্ণন করিয়াছেন, তথাপি শুদ্ধনাম কীর্ত্তন ও সেই অভিধেয় যাজনে কোথায় আভাস ও অপরাধ উপস্থিত হয়, উহার পূর্ণ-বিশ্লেষণ-কার্য্য পূর্ব্ব-গৌড়ীয়াচার্য্যগণ বর্ত্তমান জগতে শুদ্ধভক্তিস্রোতঃ পুনঃ-প্রবাহের মূলপুরুষ ঠাকুর শ্রীভক্তিবিনোদের জন্যই অপরিসমাপ্ত রাখিয়াছিলেন। আর নামসংকীর্ত্তন-পিতা শ্রীগৌরনিত্যানন্দের, নামাচার্য্য ঠাকুর শ্রীহরিদাসের অদ্বিতীয় দান শ্রীমদ্ভাগবতের একমাত্র দান, ঠাকুর ভক্তিবিনোদ-কর্ত্তৃক জীবের দুর্দ্দৈব-মোচনের জন্য মহা করুণা ব্যতীত ব্যর্থ হইত। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার 'শ্রীহরিনামচিন্তামণি' গ্রন্থে জীবের দুর্দ্দৈব অর্থাৎ নামাপরাধের কথা বিবৃত করিয়াছেন। সেই নামচিন্তামণির অন্তর্গত ভজন-রহস্যে ঠাকুর ভক্তিবিনোদ শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টকের একএকটি শ্লোককে এক একটী নামসেবার যাম বলিয়া নির্ণয় করিয়াছেন এবং শ্রীরূপের ভক্তিরসামৃতসিন্ধুতে 'আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গঃ' প্রভৃতি শ্লোকে যে (১) শ্রদ্ধা, (২) সাধুসঙ্গে অনর্থনিবৃত্তি, (৩) নিষ্ঠাভজন, (৪) রুচিভজন, (৫) রূপাসক্তি, (৬) ভাব, (৭) প্রেম-বিপ্রলম্ভ (৮) প্রেমভজন-সম্ভোগ— এই অষ্টক্রম ভজন ক্রিয়া আছে, তাহা অষ্ট যামের সহিত সংযোজন করিয়াছেন।

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

—এই 'হরেকৃষ্ণ' ষোলনামে অষ্টযোগ বা অষ্টশ্লোক অর্থাৎ এখানে আশ্রয়-বিগ্রহের সম্বোধনাত্মক-নাম আটবার এবং বিষয়-বিগ্রহের সম্বোধনাত্মক-নাম আটবার আছে। ঠাকুর ভক্তিবিনোদ আশ্রয়বিগ্রহ-সমন্বিত বিষয়বিগ্রহের এই সম্বোধনাত্মক নামের প্রত্যেকটি শ্রীরূপের কথিত আটটি ভজন-ক্রমের সহিত সংযুক্ত করিয়াছেন এবং শ্রীরূপের "শ্রীনামাষ্টকে"রও সম্বন্ধ নির্ণয় করিয়াছেন।

রাত্রির শেষ দুই দণ্ডকে নিশান্ত বলে। এই নিশান্তই প্রথম যাম। নিশান্ত-ভজনে শ্রদ্ধা।

"শ্রদ্ধা-শব্দে 'বিশ্বাস' কহে সুদৃঢ় নিশ্চয়।
কৃষ্ণে ভক্তি কৈলে সর্ব্বকর্ম্ম কৃত হয়॥"

—এই প্রথম যাম-সাধনে চিত্তদর্পণ-মার্জ্জনকারী শ্রীনামের অনুশীলন বা সর্ব্বাভিধাবান্ সংকীর্ত্তন-যজ্ঞাদির প্রয়োজন।

"চেতোদর্পণমার্জ্জনং ভবমহাদাবাগ্নি-
নির্ব্বাপণং
শ্রেয়ঃকৈরবচন্দ্রিকাবিতরণং
বিদ্যাবধূজীবনম্।
আনন্দাম্বুধিবর্দ্ধনং প্রতিপদং
পূর্ণামৃতাস্বাদনং
সর্ব্বাত্মস্নপনং পরং বিজয়তে
শ্রীকৃষ্ণসংকীর্ত্তনম্॥"

এই গোকুলমহোৎসব শ্রীকৃষ্ণ-নাম আশ্রিত জনের অর্ত্তিবিনাশকারী—

নৃত্যতা প্রিতজনার্ত্তিরাশয়ে রম্যচিদ্ঘন-
সুখস্বরূপিণে।
নাম গোকুলমহোৎসবায় তে কৃষ্ণ
পূর্ণবপুষে নমো নমঃ॥

হে নাম, হে কৃষ্ণ, তুমি আশ্রিত জনগণের সকল আর্ত্তি নাশ কর; তুমি পরম সুন্দর চিদ্ঘন-স্বরূপ এবং গোকুলবাসিগণের মূর্ত্তিমান্ আনন্দস্বরূপ, পরিপূর্ণ কৃষ্ণবিগ্রহস্বরূপ তোমাকে পুনঃ পুনঃ নমস্কার করি।

এই শ্রীহরিনাম তাঁহারই জিহ্বা-প্রাঙ্গণে নৃত্য করেন—যিনি পূর্ব্বের শত শত জন্ম শ্রীবাসুদেবের সম্যক্ অর্চ্চন করিয়াছেন। ইহা প্রথম যাম-সাধনে ঠাকুর ভক্তিবিনোদ জানাইয়াছেন,—

যেন জন্মশতৈঃ পূর্ব্বং বাসুদেবঃ
সমর্চ্চিতঃ।
তন্মুখে হরিনামানি সদা তিষ্ঠন্তি ভারত॥
(হঃ ভঃ বিঃ ১১।২০৭)

পরমারাধ্য শ্রীল প্রভুপাদ যে-দিন অপ্রকট-লীলা আবিষ্কার করেন, সেইদিন প্রাতে তাঁহার সর্ব্বক্ষণনিধি আশ্রয় বিগ্রহ শ্রীরূপের নাম-রূপ-গুণ-পরিকরবৈশিষ্ট্য লীলা-কীর্ত্তন-শ্রবণের পর শিক্ষাষ্টকের প্রথম শ্লোকের ঠাকুর শ্রীভক্তিবিনোদ-কৃত পদ্যানুবাদ-গীতি শ্রবণ করেন। তখনও আমার ন্যায় স্থূলবুদ্ধি ব্যক্তি এই গীতি-শ্রবণের মধ্যে যে তাঁহার প্রথম যাম সেবা বা নিশান্ত লীলায় প্রবেশের ইঙ্গিত আছে, তাহা বুঝিতে পারে নাই। যখন শ্রীল প্রভুপাদ পৌষী কৃষ্ণ-চতুর্থীর রাত্রির শেষভাগে অপ্রকট-লীলা আবিষ্কার করিলেন, তখনও কেহ তাঁহার এই অপ্রকটলীলার তাৎপর্য্য অবধারণ করিতে পারেন নাই। কিন্তু একমাত্র শ্রীল আচার্য্যদেবই জানাইয়াছিলেন যে, শ্রীল প্রভুপাদের লীলাপ্রবেশের কালে অপ্রাকৃত শ্রীরাধাগোবিন্দের গাঢ় সমাশ্লিষ্টাবস্থা এবং সম্ভোগের পর বিপ্রলম্ভের সূচনা।

"গাঢ়ালিঙ্গননির্ভেদমাপ্তৌ তদ্রূপবাহকৌ"
—(পদ্মপুরাণ পাতালখণ্ড)

নিশান্তে শ্রীরাধাগোবিন্দের এই গাঢ় সমাশ্লেষাবস্থাই শ্রীরাধাগোবিন্দমিলিত-তনু শ্রীগৌরসুন্দরের অপ্রাকৃত-নিত্যলীলা। শ্রীল জয়দেব-সরস্বতী তাহাই নিম্নশ্লোকে গাহিয়াছেন,—

যেৈষনে হৃদয়ং বনভূবঃ তাবাভবানন্দকৈ-
র্বংকং জীবনং হৃদয় ভবিষং যাবে
বৃহৎ প্রাপ্য।
ইথং নববিনোদভঙ্গিতয়োঃ প্রতাপন-
মূর্তমং,
রাধামাধবয়োর্ভবতি যমুনাকূলে মহঃকেলয়ঃ
(শ্রীশ্রীগোবিন্দ ১১)

শ্রীচৈতন্যসরস্বতী এই শ্লোকের "নবং" "বৃহৎ প্রাপ্য" ও "রাধামাধবয়োঃ মহঃ,-কেলয়ঃ" প্রভৃতি পদের যে-সকল ব্যাখ্যা সময় সময় করিতেন, তন্মধ্যেও তিনি তাঁহার প্রভু শ্রীরাধামাধব-মিলিততনু শ্রীগৌরসুন্দরের নিত্যলীলা ও তাঁহার (শ্রীল প্রভুপাদের) স্বরূপের পরিচয় দিয়াছেন।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ভজনরহস্যে নিশান্ত লীলায় এইরূপ গান গাহিয়াছেন,—

নিশান্তে কীর্তনে সুবদন করে যান।
ক্রমে ক্রমে চিত্তপথে রসের বিধান॥

এসকল কথা আমার ন্যায় অনর্থযুক্ত জীবের ধারণার অতীত, ধারণা করিতে যাওয়াও বামন হইয়া চাঁদ ধরিবার চেষ্টার ন্যায় হাস্যাস্পদ ও বিচে বৈপরীত্য-জনক। তবে শ্রীল প্রভুপাদের অপ্রকট-লীলা-সিন্ধুর মধ্যে যে গূঢ় আশ্রয়সমাশ্লিষ্ট বিষয়বিগ্রহের সেবা-রহস্য ও তাঁহার গৌর-বিরহ-জনক প্রকটিত হইয়াছে, তাহার বচিত প্রাধান্যের জন্যই আচার্য্য বাণীসকল কণ শিরে ধারণ করিতেছি।

শ্রীল প্রভুপাদ নিত্যসিদ্ধ গৌরজন। গৌরজন ও বিষ্ণুপাদ শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের বিচ্ছেদসত্ত ভজনের আচার্য্য স্বাতন্ত্র্য বর্ণ বলিয়াছেন। এই বিচ্ছেদ ভজন বা বিপ্রলম্ভই উন্নত গৌড়ীয়-বৈষ্ণব ধর্ম্ম প্রতিষ্ঠিত। কৃষ্ণ-সেবার গাঢ় চরম কান্তিভাময় অবস্থাই 'বিপ্রলম্ভাবস্থা'। তদবর্গ প্রকটাপ্রকট উভয় লীলাতেই বিরহময় ভজন 'প্রকাশ' দিয়া থাকেন। তাঁহাদের প্রকট লীলা ও সম্ভোগময় ব্যাপার নহে। ধর্ম্ম ও জ্ঞানবাদে সম্ভোগকেই প্রয়োজন বিচার করা হয়। কর্ম্মী স্বর্গাদি ভোগরূপ সম্ভোগ এবং নির্বিশেষজ্ঞানী ব্রহ্মানন্দরূপ সম্ভোগের প্রার্থী। কিন্তু গৌড়ীয়গণ কোন অবস্থাতেই সম্ভোগ প্রার্থনা করেন না।

শ্রীগৌরসুন্দর স্বয়ং এই শিক্ষা দিয়াছেন,—

"যুগায়িতং নিমেষেণ চক্ষুষা প্রাবৃষায়িতম্।
শূন্যায়িতং জগৎ সর্ব্বং গোবিন্দ-
বিরহেণ মে॥"
উদ্বেগে দিবস না যায়, 'ক্ষণ' হৈল
'যুগ' সম।
বর্ষার মেঘপ্রায় অশ্রু বরিষে নয়ন॥
গোবিন্দ বিরহে শূন্য হইল ত্রিভুবন।
তুষানলে পোড়ে,—যেন না যায় জীবন॥
"আশ্লিষ্য বা পাদরতাং পিনষ্টু মা-
মদর্শনান্মর্ম্মহতাং করোতু বা।
যথা তথা বা বিদধাতু লম্পটো
মৎপ্রাণনাথস্তু স এব নাপরঃ॥"
আমি কৃষ্ণপদদাসী তেঁহো রসসুখরাশি,
আলিঙ্গিয়া করে আত্মসাথ।
কিবা না দেয় দরশন না জানে মোর তনুমন
তবু তেঁহো—মোর প্রাণনাথ॥
—(চৈঃ চঃ অঃ ২০।৩৯-৪১, ৪৭-৪৮)

শ্রীরঘুনাথের ভজন ও বাণী—বিরহের ভজন বা বিপ্রলম্ভের বাণী। শ্রীল রঘুনাথ নিজেশ্বরীর শ্রীচরণ বিরহ-বিলাপ-কুসুমাঞ্জলি দ্বারা অষ্টকাল পূজা করিয়াছেন—

অত্যুৎকটেন নিতরাং বিরহানলেন
দন্দহ্যমানহৃদয়া কিল কাপি দাসী।
হা স্বামিনি ক্ষণমিহ প্রণয়েন গাঢ়-
মাক্রন্দনেন বিধুরা বিলপামি পদ্যৈঃ॥

হে ঈশ্বরি, এই গোবর্দ্ধন পর্ব্বতের নিকট শ্রীকুণ্ডসমীপে কোন এক নিকৃষ্টা দাসী আমি তোমার বিরহে পুনঃ পুনঃ দগ্ধীভূতা হইয়া সকল কর্ম্ম হইতে নিবৃত্ত হইয়া প্রণয়-সহকারে পদ্যসমূহের দ্বারা বিলাপ করিতেছি।

গৌড়ীয়গণের বৈরাগ্য প্রচ্ছন্ন সম্ভোগবাদী মায়াবাদিগণের ন্যায় সম্ভোগের প্রস্তাবনা নহে, তাহা বিরহেরই বাক্যাবস্থা। মূল আশ্রয়বিগ্রহ শ্রীবার্ষভানবী কৃষ্ণবিরহানলে সর্ব্বদা প্রেমবৈচিত্ত্যময়ী। তাঁহাতে যে উত্তম বসনভূষণ, সখীগণের তৎপ্রতি প্রেষ্য এবং শ্রীবার্ষভানবীর তাহা অঙ্গীকার প্রভৃতি ব্যাপার দেখিতে পাওয়া যায়, তাহা সমস্তই কৃষ্ণোন্মুখতাৎপর্য্য ও কৃষ্ণ-বিরহের অবস্থা; তাই শ্রীরূপ 'ললিতমাধবে' শ্রীনন্দনন্দন প্রতি বিরহবিধুরা শ্রীরাধার উক্তি এইরূপভাবে বর্ণন করিয়াছেন।

উত্তাপী পুটপাকতোঽপি গরলগ্রামাদপি
ক্ষোভণো
দম্ভোলেরপি দুঃসহঃ কটুরলং
হৃন্মগ্নশল্যাদপি।
তীব্রঃ প্রৌঢ়বিসূচিকানিচয়তো-
ঽপ্যুচ্চৈর্মমায়ং বলী
মর্ম্মাণ্যদ্য ভিনত্তি গোকুলপতে-
র্বিশ্লেষজন্মা জ্বরঃ॥

গোকুলপতির বিচ্ছেদজনিত জ্বর পুটপাক অর্থাৎ মুখমুদ্রিত পাত্রাদি পাক হইতেও অধিকতর উত্তাপদায়ক, গরলসমূহ হইতেও ক্ষোভ-জনক, বজ্র হইতেও দুঃসহ, হৃদয়ভেদী শল্য অপেক্ষাও বেদনাদায়ক এবং বিসূচিকা রোগ হইতেও অতিশয় তীব্র। হে সখি, সেই বিরহ অতিশয় বলবান্ হইয়া আমার মর্ম্ম ভেদ করিতেছে।

শ্রীল রঘুনাথ তাঁহার মনিবদ্ধকে গাহিতেছেন,—

পরিত্যক্তঃ প্রেয়োজনসমুদয়ৈর্বাঢ়মসুধী-
র্দুরন্ধো নীরন্ধ্রং কদনভরবাব্ধৌ নিপতিতঃ।
তৃণং দন্তৈর্দষ্ট্বা চটুভিরভিযাচেঽদ্য কৃপয়া
স্বয়ং শ্রীগান্ধর্ব্বা স্বপদনলিনান্তং নয়তু মাম্॥

অর্থাৎ নির্ব্বোধ আমি শ্রীস্বরূপ গোস্বামী, শ্রীরূপ গোস্বামী প্রভৃতি প্রিয়জন কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া অত্যন্ত জ্ঞানশূন্য হইয়া পড়িয়াছি। তাঁহাদের অপ্রকট লীলার পরও এখন জীবন ধারণ করিয়া মহাদুঃখসাগরে মগ্ন হইতেছি। দন্তে তৃণ ধারণ পূর্ব্বক অতিশয় দৈন্যভরে নিরন্তর কাতরপ্রাণে প্রার্থনা জানাইতেছি যে, এখন স্বয়ং শ্রীবার্ষভানবী আমাকে তাঁহার চরণপদ্মপ্রান্তে লইয়া যাউন।

আমাদের আশ্রয়বিগ্রহ-সমাশ্লিষ্ট বিষয়-বিগ্রহের সেবাসুযোগের তীব্রতা ও বৈশিষ্ট্য-ভাব বৃদ্ধি করিবার জন্য গুরুবর্গের অপ্রকট-লীলাবিস্তার। তাঁহাদের অপ্রকট লীলায় আমাদিগকে এই শিক্ষা প্রদান না করিলে আমরা নিশ্চয়ই বঞ্চিত।

শ্রীল প্রভুপাদের লীলার বৈশিষ্ট্য এই যে, তাহাতে একাধারে অকপট-কৃপা ও বঞ্চনা-লীলা গুম্ফিত রহিয়াছে। সম্ভোগময়ী চিত্তবৃত্তি লইয়া অর্থাৎ তাঁহা হইতে কিছু আদায় করিবার প্রচ্ছন্ন চিত্তবৃত্তি লইয়া তাঁহার নিকটে অভিনয় করিলে আর বার্ষভানবীর সেই শ্রীচরণ-কমল শোভা আমরা দর্শন করিতে পারিব না, আর বিপ্রলম্ভময়ী চিত্তবৃত্তি-দ্বারা তাঁহার পদাঙ্ক অনুসরণ করিলে অর্থাৎ আশ্রয়-সমাশ্লিষ্ট বিষয়-বিগ্রহের বিরহ-ময় সম্বোধনাত্মক শব্দত্রয়ের বা শ্রীনামের সেবোন্মুখ হইয়া অর্থাৎ নামদুঃখ হইয়া বেদদুঃখ হইয়া শ্রীল প্রভুপাদের পদাঙ্ক অনুসরণ করিলে তাঁহার প্রকৃত স্বরূপ দর্শন করিতে পারিব।

ঋগ্বেদের মন্ত্রে আমরা শুনিতে পাই,—

"ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি
সূরয়ঃ।"

আবার বেদান্তসার শ্রীমদ্ভাগবতের প্রথম শ্লোকে শুনিতে পাই,—

"মুহ্যন্তি যৎ সূরয়ঃ"

একস্থানে 'পশ্যন্তি', আর একস্থানে 'মুহ্যন্তি'—উহার তাৎপর্য্য কি? সম্ভোগময় নেত্রে আচার্য্যদর্শন বা গুরুদর্শন হয় না, তৎপ্রতি অসূয়া বা মৎসরতা উপস্থিত হয়, আর সেবোন্মুখ বিপ্রলম্ভ চিত্তবৃত্তিতে আচার্য্য-দর্শন বা গুরু-দর্শন হয়; একই সূরিগণও ওঁ বিষ্ণুপাদ শ্রীগুরুপাদপদ্মে 'মুহ্যন্তি' আবার বিপ্রলম্ভময় চিত্তবৃত্তিতে "সূরয়ঃ পশ্যন্তি"।

বৈষ্ণবের যে তৃণাদপি সুনীচতা, তাহা তাঁহার বিরহেরই অভিব্যক্তি। কপট শারীরিক বা মানসিক কসরৎ তৃণাদপি সুনীচতা বা বিরহময় চিত্তবৃত্তি নহে।

শ্রীল প্রভুপাদের চরিত্রে বিরুদ্ধ ধর্ম্মের অপূর্ব্ব সমন্বয় দেখিতে পাওয়া যায়। অনেক অর্ব্বাচীন ব্যক্তি ইহা ধরিতে পারে নাই। কেহ মনে করিয়াছেন,—শ্রীল প্রভুপাদ খুব জাঁক-জমকের সহিত ধর্ম্ম প্রচার করিয়াছেন, কেহ বা তাঁহাকে বৈজ্ঞানিক শাখা, উৎকৃষ্ট বসনভূষণ পরিধান, মর্ম্মরনির্ম্মিত অট্টালিকায় বাস, উত্তম যান-বাহন প্রভৃতি স্বীকার করিতে দেখিয়া তাঁহাকে তাঁহার শ্রীগুরুদেব শ্রীগৌর-কিশোরের আচার-প্রচার-বিরোধী কল্পনা করিয়াছেন; কিন্তু শ্রীবার্ষভানবী যেরূপ কৃষ্ণসেবার সুখের জন্য উত্তম বসন-ভূষণে বিভূষিত থাকিয়া ও নানাপ্রকার লোক-বঞ্চনার কলঙ্কে কলঙ্কিত থাকিয়াও কৃষ্ণসেবার পূর্ণতম বিচারে প্রতিষ্ঠিত ও উৎকট কৃষ্ণ-বিরহসেবা-ভূষণে বিভূষিত, শ্রীল প্রভুপাদের চরিত্রও সেইরূপ। তিনি যে-কোন উপায়ে জীবকে কৃষ্ণসেবায় সংলগ্ন করিবার জন্য অসংখ্য বিচিত্র উপায় উদ্ভাবন করিতেন, এই জন্যই তাঁহার অবতার। লোক-ধারণার বাহা বিপ্লবময়, তাহা তাঁহার প্রচারের সহজ ধর্ম্মে অভিব্যক্ত হইয়াছে। তিনি 'সমগ্র মানবজাতি' বনাম 'গৌড়ীয়' এই শব্দটি ব্যবহার করিয়া উভয় পক্ষের যে বিচার আদালতে প্রকাশ করিয়াছেন, তাহাতে তাঁহার অসমোর্দ্ধ আচার্য্যকেশরী মূর্ত্তি প্রকটিত হইয়াছে। ন্যূনাধিক পঞ্চাশৎ বৎসরের মধ্যে ঠাকুর ভক্তিবিনোদ ধর্ম্মজগতের যে যুগান্তরের সূচনা করিয়া দিয়াছেন—যে শুদ্ধভক্তি-ভাগীরথীর প্রবাহ পুনরায় মর্ত্ত্যে আনয়ন করিয়াছেন, শ্রীচৈতন্যবাণীর মূর্ত্ত-বিগ্রহরূপে শ্রীল প্রভুপাদ পরবর্ত্তী-জগতের সেই নূতন যুগকে নূতন রূপ দিয়াছেন। সেই চৈতন্যবাণী-গঙ্গার প্রবাহকে অক্ষুণ্ণ ধারায় অবিচ্ছিন্ন অনন্তকালের মধ্যে প্রবাহিত করিয়া দিয়াছেন। তাঁহার ভবিষ্যদ্বাণী—'অচিরেই লক্ষালক্ষ লোক ভক্তিবিনোদ-গৌরবাণী-গঙ্গায় ত্রিবেণী স্নান করিবার জন্য উপস্থিত হইতেছেন'—ইহা নিশ্চয়ই সফল হইবে। শ্রীল প্রভুপাদ—

'পৃথিবীতে আছে যত নগরাদি গ্রাম।
সর্ব্বত্র সঞ্চার হইবে মোর নাম॥'

—শ্রীগৌরসুন্দরের এই ভবিষ্যদ্বাণী সার্থক করিবার প্রস্তাবনা করিয়া দিয়াছেন এবং পাশ্চাত্যদেশে শ্রীল ভক্তিসারঙ্গ গোস্বামি-প্রভুকে শালগ্রাম অৰ্চ্চাবিগ্রহসহ প্রেরণ করিয়া ও নিজ অপ্রকট-লীলার পর তথায় স্বয়ং শ্রীগৌরসুন্দরবিগ্রহ প্রকট করাইয়া কপালকুণ্ড-আস্বাদকে উৎপাটিত এবং তদুপরি শ্রীরূপের সেবাধৃত-তরু অঙ্কুরিত করিয়াছেন। শ্রীবাসুদেবাদ্যা ভক্তিসাধনের ভক্তি-সার শাখে পাশ্চাত্যদেশ মুখরিত হইয়াছে। অচিরেই সমগ্র পৃথিবী হইতে লক্ষালক্ষ লোক ভক্তিসিদ্ধান্তবাণী-গঙ্গায় অবগাহন করিবেন, আমরা এই আশায় লইয়া জগদ্গুরু শ্রীল প্রভুপাদের প্রথম বার্ষিক বিরহ-সঙ্কীর্ত্তন-মহোৎসবের সফল-মন্ত্র পাঠ করিতেছি।

কৃষ্ণভাবে যেন নিজ চিত্তবৃত্তির বল
মায়া আকর্ষণ হ'তে হইয়া দুর্বল

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ-শ্রীধাম

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যাপীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থাদি-প্রচারকল্পে নদীয়া প্রকাশ যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪১১৫ কলিকাতায় শ্রীভক্তিবিনোদ-আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ শ্রীমদ্ভাগবতাদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—মহোপদেশক শ্রীপাদ নবীনচন্দ্র রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ ভাগবত মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ও বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগদানন্দ ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিভিন্নকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ চাঁপাহাটী, নদীয়া

রক্ষক—শ্রীমধুসূদন ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেশ-গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

রাধিকা (শ্রীমন্মহাপ্রভুর পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুলিয়াকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিসদন

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ তাঁবাপাশি, (নদীয়া)

রক্ষক শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপুলি, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীভুবনেশ্বরনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ

বারিদা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) মদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীঘনশ্যাম ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

মড়কাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর ভক্তিশাস্ত্রী এম এ, বি-এল

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীশরৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অপরাজিতা, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিহার, জিঃ সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীরাধেশ্বরী প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার

রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪২নং কবিরপুরা, বেনারস সিটি

রক্ষক শ্রীবামনানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ.

পোঃ নিমসার, সীতাপুর (ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রীনবলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ডাঃ শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম

গোবৰ্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাধারী,

পোঃ কোডোল, জেলা গুড়গাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনমালীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৬৩নং হনুমান রোড, নিউ দিল্লী;

রক্ষক—শ্রীগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্যাণ্ডার বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅবিরত ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেটা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ .... ব্রহ্মচারী ভক্তিরত্ন

(৫২) কাভুর গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী মাদ্রাজ শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথ সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিমোহন দাসাধিকারী

(৫৭) শিমুলিয়া গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বাঁধনগলি, পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিক

(৫৯) সালেশ্বর গৌড়ীয়মঠশাখা

রক্ষক—শ্রীলালা মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমরি গৌড়ীয়মঠ

পোঃ অমরি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম

ব্রাহ্মণপাড়া পোঃ মাড়ু, বাঁকুড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীদেবেন্দ্র দাসাধিকারী.

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

কুমারকুণ্ডা, পোঃ চিত্রকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠাশ্রম

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

গ্লাসটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্প্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীকমলগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্তশালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলকাতার বাজার দর

২০শে জানুয়ারী ১৯০৮

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

প্রতি মণ

বালাম	৬৸০
বাঁকা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭৷০
বাঁকতুলসী	৫৷০
বালাম নূতন	৪৷০
ঐ পুরাতন	৫৲
একাদশী কোরাজিই	৪৲
সিদ্ধ বেতুল	৩৸০

আতপ—

নূতন আতপ	৪৲—৪৷০
দেশোয়ারী	১০৲-১০৷০
বাঁকতুলসী আতপ	৫৷০-৫৸০
ঐ বালাম	৫৲-৫৷০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
কাটারীভোগ	৭৲
ঐ বেতুল	৩৷০

চিনির দর

কাশীর, চিনি	১০৷০
বিলাতী ১০০০ নং	১০৷০
দানাদার দাদা	৯
কাশীপুর দানা	৮৷০—৯৷০
কাশীপুর লাল	৭৷০—৮৲

সোণা-রূপার দর।

প্রতি ভরি

গিনির বার	৩৫৷
গিনি	২২৲
টাকশাল	৫১৷০

পাটের দর

নারায়ণগঞ্জ—	৪০৷০
সিরাজ—	৪০৸০
দিনাজ—,	৪১৷০
বাহার জেলার মধ্য—	৪১৲

আটা ও ময়দার দর

দেশী ময়দা প্রতি মণ	৬৷০—৬৷০
পাঞ্জাবের ঐ	৬৲—৬৷০
ভিজানো ঐ	৫৷০—৫৸০
সুজী	৬৲—৬৷০
আটা (মি)	৫৸০—৫৸০
আটা নং (২	৫৷০—৫৷০
আটা (এম)	৫৲—৫৷০
আটা (কে)	৪৸০—৪৸০
আটা নং (৩)	৪৷০—২৷০
দানাদার	১৷০—১৸০
ঐ	১৷০—১৸০

ঘৃতের দর

গাওয়া	৫৭৲
ভঁইসা	৫৭৲
এরেণ্ডা	৫০৲
ঘী	৬৫৲
বিলাতী	৩৫৷০

টাঁর	১৬৲
গাওয়া	৩৬৲
গাওয়া গাওয়া	৪১৸০
১৬ সের—	১৭৸০
খাঁটি মটরা ২৪—৩০ সের	১০৲

লৌহ ও হার্ডওয়ার

টিন তৈয়ারী— দর প্রতি হন্দর

পীতল কড়ি (কাঁসা বা পীতল)

মার্কা	৮৸০—৯৷০
২ রে মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷০
৫ টাকা-ক্রাউটের জোড় পীতল সব সাইজ	৯৷০
ঐ ইংলিশ জোড় (পীতল)	৯৲—১০৲
লোহা (টি আয়রণ)	৮৸০—৯৲
বেল আয়রণ (কোণা)	৮৷০ ৯৸০

টিনা পাতা করগেট টিন।

২৪ গেজ—	১৪
২৬ গেজ—	১৩৸০
২৮ গেজ—	১৮৲
টাটা পাতা প্লেন সীট	১৩৷০
২৪ গেজ—	১৩৸০
২৬ গেজ—	১৩৷০
২৮ গেজ—	

ইংলিশ পাতা করগেট।

২৪ গেজ—	১৪৲
সীস	৷৶৫—৸৶০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৷০
গোল কাটি বা ডিট কাটা মণ	৬৷০—৬৸০

পাতি কাটি ৩—১ ফুট লম্বা

৬৷০—৭৲ হন্দর

গোল রড কাটি লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯৷০—১০৷০
টিন পাতি, বোল্টু, নাট প্রভৃতি	৮৸০—৯৷০

গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের

জন্য ৮৸০—১০৷০

স্কু ইস্পাত আসল ২৫৲ নকল ২৩৷০

ডক্কলের হাপর ৫৷০, পাটের হাঁ সিং ৬৷০

ভুলার হাপর ৪৷০

ফুলের দর

কলিকাতা ২৭শে জুন,

আসের গোলাপ কাটন	৫৫৲
সিট ঐ আসের ওজন	৪০৲
কাপাসি তুলার কাটন	১০৲
হাবার্ট তাবা	৫৫৲
ঐ কাটন	৫১

বেজোড় মশলা

কলিকাতা, ২৭শে জুন,

প্রতি মণ

পাতন মাপ	৮৷০
সুপারী দেশী	১৬৷০—১৭৲
কাটা, এলাচী	
ঝুরি পরিষ্কার	১৫৷০—১৭৷০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স্ লিঃ

৪-৫ নবাব সার ঘোষণী, বড়বাজার

কলিকাতা।

শ্রীধাম-মায়াপুরে

—(:০:)—

—শ্রীঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট—

—::০::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

গঙ্গার তীরে স্বাস্থ্যকর—সুন্দর মনোরম; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। অভিজ্ঞ শিক্ষক ও আবাসস্থান। বিদেশী ছাত্রগণের জন্য অল্প খরচে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। খোরাক ও বেতনসহ মাসে ৫ম শ্রেণী হইতে ৬ষ্ঠ শ্রেণী পর্য্যন্ত ৮৲ টাকা এবং ৭ম শ্রেণী হইতে ১০ম শ্রেণী পর্য্যন্ত মাত্র ৭৲ টাকা মাত্র। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা খরচে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

'কেভ্‌রোল'

—:(০):—

ম্যালেরিয়া রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কসের "কেভ্‌রোল" অমোঘ মহৌষধ। এমন আশ্চর্য্য জ্বর ঔষধ আজ পর্য্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, জেনু জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি আমাশা, বর্ষা-লাগুড়া, পাণ্ডু এবং অজীর্ণ পাতাড়িয়া জ্বরে, "কেভ্‌রোল" অব্যর্থ। ইহা রক্ত পরিষ্কারক এবং শরীর কান্তিযুক্ত করিয়া তোলার একমাত্র টনিক।

সেবন বিধিঃ—জ্বর কম অবস্থায় পূর্ণ বয়স্কের জন্য ২ ড্রাম বা চা চামচের ২ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর অবধি ১ চামচ জলের সহিত, তাহার কম বয়সে ৩০ ফোঁটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলেদের জন্য ৫ হইতে ১৫ ফোঁটা জলের সহিত বিধি। জ্বর অবস্থায় সাগু, বার্লি, দুধ ইত্যাদি পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা ৸০ বড় প্রতি শিশি ১৬ মাত্রা মূল্য ১৷০ আনা।

দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কস্,

শক্তিনগর, কৃষ্ণনগর (নদীয়া বেঙ্গল)

৭২-২০১নং গলি সোঃ আঃ টাইমস্, দেখুন।

সর্ব্বত্র বড় বড় দোকানে পাওয়া যায়।

কবিরাজ শশিভূষণ কাবকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিলেই অত্যুক্তি হইবে না। প্লীহা যকৃত জ্বরাদির এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অবস্থার পরিবর্তন হয় কিনা। মূল্য ছোট বোতল ৮০ আনা, বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং কর্ণওয়ালিস রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পৃথক্ গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পারবিত্তাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান- শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী প্রত্যেক বার	১ম ও দ্বিতীয় বার	পরবর্ত্তী প্রত্যেক বার
প্রতিবারে প্রতি লাইনে ।০	৷৶০	৷৶০	।০	
" " ইঞ্চি ২৲	১৷০	১৷০	১৲	
সিকিকলম ৫৲	৪৲	৩৲	৩৲	
অর্দ্ধকলম ৮৲	৭৲	৬৲	৫৲	
এক কলম ১২৲	১০৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৩	২৷০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	১৮৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৷০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহোদয় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের স্রোতস্বিনী এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—৭ নং পোঃ গৌড়ীয়মঠ, কাশীপাড়া ময়.....; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

গৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ, ১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসম্প্রদায়ের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৩।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীনামহট্টপ্রচারক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
বিশ্ববৈষ্ণবরাজসভাপতি
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসপরিব্রাজকাচার্য্য
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক
নদীয়াপ্রকাশ
THE
NADIA-PRAKASH

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের অন্তরঙ্গ
আচার্য্যবর্য্য
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বাগ্র শব্দ-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৪ই মাঘ, ১৩৪৪, ২৮শে জানুয়ারী, ১৯৩৮, শুক্রবার [সংখ্যা ২৭৫]

ঈস্টর্ণ বেঙ্গল রেলওয়ে

আনন্দ সংবাদ !! আনন্দ সংবাদ !!

ভারতের ধর্ম্মপ্রাণ হিন্দু জনসাধারণের আনন্দ-সংবাদ !

হরিদ্বারে পূর্ণ কুম্ভমেলা

ইংরাজী ১৯৩৮ সালের এপ্রিল মাসে হিন্দুর চিরবাঞ্ছিত তীর্থক্ষেত্র হরিদ্বারে পূর্ণ কুম্ভমেলা অনুষ্ঠিত হইবে। দীর্ঘ একাদশ বৎসর পরে আবার সেই মহাপুণ্য যোগ উপস্থিত। এই উপলক্ষে হরিদ্বারে সাধু সন্দর্শন করিতে ভুলিবেন না। স্মরণ রাখিবেন, এই দুর্লভ সুবর্ণ সুযোগ জীবনে আবার না-ও আসিতে পারে।

বিবিধ সংবাদ

—(০(:০:)০)—

কলিকাতায় শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসু

হরিপুর কংগ্রেসের নির্ব্বাচিত সভাপতি শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসু সোমবার বেলা ১২টার সময় এলাহাবাদ বিমান যোগে দমদম বিমান ঘাঁটিতে পৌঁছিয়াছেন।

দমদম বিমান ঘাঁটিতে বিমানখানি অবতরণ করিলে পর বিরাট জনতা সেইদিকে অগ্রসর হয়। সহাস্যবদনে শ্রীযুক্ত বসু বিমানপোত হইতে বাহির হইয়া আসেন। তাঁর স্বাস্থ্যের অনেকটা উন্নতি হইয়াছে। বিমান হইতে অবতরণ করার পর বিপুল জনতা 'সুভাষচন্দ্র কি জয়', ও 'বন্দে মাতরম্' ধ্বনির মধ্যে তাঁহাকে অভিনন্দিত করে এবং বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষ হইতে তাঁহাকে মাল্যভূষিত করা হয়। বঙ্গীয় প্রাদেশিক রাষ্ট্রীয় সমিতি, বিভিন্ন কংগ্রেস কমিটি, যেমন ক্রাইং ক্লাব, যোগ সঙ্ঘ প্রভৃতির পক্ষ হইতে তাঁহাকে মাল্যভূষিত করা হয়।

শ্রীযুক্ত সুভাষচন্দ্রের কার্য্যতালিকা

শ্রীযুক্ত বসু বলেন যে, গান্ধীজী যদি বিশেষ তাঁহাকে ওয়ার্দ্ধা যাইতে না বলেন তাহা হইলে তিনি কলিকাতায় ৪।৫ দিন অবস্থান করিবেন। তাহার পর তিনি বঙ্গীয় প্রাদেশিক রাষ্ট্রীয় সম্মেলনে যোগদান করার জন্য বিষ্ণুপুর যাত্রা করিবেন। তার পর শ্রীযুক্ত বসু ওয়ার্দ্ধা যাত্রা করিবেন এবং আগামী ১লা ফেব্রুয়ারী নাগাদ তথায় পৌঁছিবেন।

শ্রীযুক্ত বসু আরও বলেন যে, ওয়ার্কিং কমিটির আগামী অধিবেশন সম্ভবতঃ ৪।৫ দিন চলিবে। কারণ আগামী ১২ মাসের জন্য কংগ্রেস কার্য্যতালিকার খসড়া তথায় প্রণয়ন করিতে হইবে।

সাংবাদিকগণের নিকট শ্রীযুক্ত সুভাষচন্দ্রের বিবৃতি

"কংগ্রেসের সিদ্ধান্ত কি হইবে তাহা আমি জানি না, তবে আমার ব্যক্তিগত অভিমত এই যে, গবর্ণমেন্টের যুক্তরাষ্ট্র পরিকল্পনা ব্যর্থ করিবার জন্য কংগ্রেসকে অহিংস অসহযোগের সীমার মধ্যে থাকিয়া সম্ভবপর সকল প্রকার পন্থা হয়ত অবলম্বন করিতে হইবে",—সোমবার সন্ধ্যায় কলিকাতার সাংবাদিকগণ শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসুর সহিত তাঁহার বাসভবনে সাক্ষাৎ করিলে শ্রীযুক্ত বসু এই কথা বলেন।

ব্যবহৃত ডাকটিকেট ব্যবহারের অভিযোগ

ব্যবহৃত পোষ্ট অফিসের টিকিট পুনর্ব্বার চালাইয়া গবর্ণমেন্টকে ঠকাইবার ও অতিরিক্ত গ্রহণ করিবার অভিযোগে পুর্ণিয়া পোষ্ট অফিসের দুইজন পিয়নকে গ্রেপ্তার করা হইয়াছিল।

অভিযোগে প্রকাশ, তাহারা নাকি নূতন টিকিট উঠাইয়া লইয়া সাদা খামযুক্ত ব্যবহৃত টিকিট লাগাইয়া পার্শেল চিঠিপত্রাদি পুনরায় মোহরযুক্ত করিয়া ছাড়িয়া দিত। বোম্বাই হইতে ঘটনাচক্রে তাহাদের কার্য্য সম্বন্ধে সন্দেহ হওয়াতে বিভাগের একজন পোষ্টাল ইন্সপেক্টর তদন্তে আসেন। তিনি কাহাকেও না জানাইয়া হঠাৎ উপস্থিত হইয়া একটী ছোট কাঠের বাক্স হইতে আরও কিছু সাদা খামযুক্ত ব্যবহৃত ষ্ট্যাম্প আবিষ্কার করেন।

পুলিশ উপযুক্ত অনুসন্ধানের পর একজন পিওনকে ছাড়িয়া দিয়াছে ও অন্য একজনকে চালান দিয়াছে। তাহার বিরুদ্ধে মামলার শুনানীর দিন আগামী ২৮শে জানুয়ারী ধার্য্য হইয়াছে।

সিঙ্গাপুর-এ জাপানীদের অত্যাচার

সিংহাংওয়ের ব্রিটিশ ও জার্ম্মাণ রাজদূত তাঁহাদের স্ব-স্ব জাতির লোকদের বাড়ীতে অনধিকার প্রবেশের অভিযোগ সম্পর্কে জাপ-কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করিয়াছেন। ব্রিটেনের পক্ষ হইতে ৪টী এবং জার্ম্মাণীর পক্ষ হইতে ২টী অভিযোগ করা হইয়াছে। ব্রিটিশ প্রজা মিঃ ম্যালকম ইয়ং সম্পর্কিত অভিযোগই সর্ব্বাপেক্ষা গুরুতর। মিঃ ম্যালকম ইয়ং একজন জাপ সৈনিককে মাতালবস্থ অবস্থায় তাঁহার বাড়ীতে দেখিতে পান। তিনি তাহাকে বাহির করিয়া দিতে গেলে প্রহৃত হন।

সান্টুং প্রদেশের শাসনকর্ত্তা হান-ফুচুর প্রাণদণ্ড

সান্টুং প্রদেশের ভূতপূর্ব্ব শাসনকর্ত্তা জেনারেল হানফুচু সামরিক আদালতে বিচারে প্রাণদণ্ডে দণ্ডিত হন। গত ২৪শে জানুয়ারী সন্ধ্যাকে সেঙ্গে তাঁহাকে গুলী করিয়া হত্যা করিয়াছে বলিয়া প্রকাশ। জেনারেল হানফুচুর বিরুদ্ধে প্রধানতঃ বারংবার সামরিক কর্তৃপক্ষের আদেশ অমান্য এবং সান্টুং প্রদেশ চীনের হস্তচ্যুত করার অভিযোগ আনা হইয়াছিল। তদুপরি তাঁহার বিরুদ্ধে আফিম বিক্রয় করার জন্য জোর জবরদস্তি ও সরকারী তহবিল হস্তগত করা এবং অন্যায় ভাবে কর আদায় করার অভিযোগও আনা হইয়াছিল।

চীন সোভিয়েট মৈত্রী বন্ধন

গত ২৪শে জানুয়ারী সোভিয়েট দূত মিঃ ওরলভ্‌স্কি চীন-গণতন্ত্রের প্রেসিডেন্টের নিকট পরিচয়পত্র পেশ করিতে গিয়া আবেগময়ী ভাষায় চীনের প্রতি সোভিয়েটের সহানুভূতির পরিচয় দেন। তাঁহার বক্তৃতায় সাধারণ নিয়মের ব্যতিক্রম সুপরিস্ফুট হইয়া উঠিয়াছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ—
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত
(অবাঁধা) ৬৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৷৹ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৷৷৹
৪র্থ খণ্ড—৷৷৹
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷৷৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৷৷৹
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।৹
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ-সংস্করণ) ৷৷৹
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।৹
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ১
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷৹
১৭। চৈতন্যোপনিষৎ ।৹
১৮। বামন-আনন্দ ।৹
১৯। তত্ত্ববিবেক ।৹
২০। গৌড়ীয়-গৌরব ।৶৹
২১। গৌড়ীয়-সাহিত্য ।৶৹
২২ ভজন-রহস্য ।৹
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল বাংলা-ভাষ্য ।৹
২৭ মুক্তাফলিকা গুণসৌরভঃ (সানুবাদ) ১৲
২৮। বেদান্তত্ত্বসার (সানুবাদ) ।৹
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৷৷৹
৩০। দীপ-দিগ্-দর্শন ৶৹
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶৹
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।৹
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷৹
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹
৩৫। গীতমালা ৴১৹
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶৹
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶৹
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।৹
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।৹
৪০। শরণাগতি ৴৹
৪১। গীতাবলী ৴৹
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷৷৹
৪৩। সাধনতত্ত্ব ৴৹
। প্রেমভক্তিচন্দ্রিকা ৴৹
৪৫। নবদ্বীপশতক ৴৹
৪৬। অর্চ্চপঞ্চক ৴৹
৪৭। সদাচারস্মৃতিঃ ৴৹
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১৹
৪৯। অর্চ্চনকণ ৴১৹
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।৹
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ১
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ১
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।৹
৫৮। শ্রীকৃষ্ণলেখ ৶
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶৹
৬০। সাংখ্যবাণী ৴৹

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।৹
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।৹
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।৹
৬৪। তত্ত্বসূত্রম্ ।৹
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶৹
৬৬। গৌড়ীয়মঠস্তবপরিচয়ঃ ৴৹
৬৭। সারাংশবর্ণনম্ ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।৹
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।৹
৭০। নামভজন ৴৹
৭১। বেদান্ত—ইট্স্ মরফলজী য্যাণ্ড অণ্টলজি ।৹
৭২। বিলেক্টেড ওয়ার্ক্স ।৶৹
৭৩। লাইফ য্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।৹
৭৪। বৈষ্ণবীজম্ ।৹
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴৹
৭৬। দি ভাগবত ।৹
৭৭। ইরোটিক প্রিন্সিপাল য্যাণ্ড আনর্যাভেল্ড মিস্টেরিজ ।৹
৭৮। ব্রহ্মসংহিতা ২।৹
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভল্যুম্ ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।৹
৮১। সাধন-পথ ।৹
৮২। কল্যাণ-কল্পতরু ৶৹
৮৩। গীতাবলী ৴৹
৮৪। শরণাগতি ৴৹

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী গোস্বামী ঠাকুরের পরিকল্পিত ও ... সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৩।৹ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।৹ টাকা মাত্র।

৩। ভাগবত—উড়িয়াভাষার একমাত্র পারমার্থিক পাক্ষিক। মেদিনীপুর শ্রীশ্যামানন্দ গৌড়ীয়মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ।৹।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ দাসাধিকারী সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।৹ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।৹ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে কীর্ত্তিত করা
হইয়াছে।

নিষ্কপট শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রেই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-দর্শনের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক

শ্রীধাম-মায়াপুর-নদীয়া





১২শ বর্ষ | ২২ মাধব গৌরাব্দ ৪৫১, ১৪ই মাঘ বঙ্গাব্দ ১৩৪৪, ২৮শে জানুয়ারী খৃঃ ১৯৩৮, শুক্রবার | ২৭৫৩তম সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

বেরিলীতে

গত ১২ই জানুয়ারী বুধবার সন্ধ্যায় বেরিলী শ্রীরামমন্দিরে পণ্ডিত শ্রীপাদ গোটাওয়ালা মহাশয়ের অনুরোধে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুধীর যাচক মহারাজ ছায়াচিত্রযোগে শ্রীকৃষ্ণলীলা-সম্বন্ধে বহুক্ষণ যাবৎ কীর্ত্তন করেন। হরিকথাপ্রসঙ্গে স্বামীজী শ্রীমদ্ভাগবতের "নৃদেহমাদ্যং সুলভং সুদুর্লভং" প্রভৃতি শ্লোক ব্যাখ্যামুখে মনুষ্য-জীবনে সকলেরই যে একমাত্র চরম কল্যাণ লাভের জন্য চেষ্টা করা উচিত তাহা বিশেষভাবে কীর্ত্তন করেন। বুদ্ধিমান ব্যক্তিগণ যে বন্ধনের কারণরূপ প্রেয়ঃপন্থা সম্পূর্ণরূপে পরিত্যাগ করিয়া শ্রেয়ঃপন্থাকে বরণ করেন তাহাও বিশেষরূপে আলোচিত হয়। সভায় উপস্থিত বহু শিক্ষিত ভদ্রলোক স্বামীজীর মুখে হরিকথা শ্রবণ করিয়া বিশেষ মুগ্ধ হন। বক্তৃতার আদি ও অন্তে শ্রীপাদ সত্যনারায়ণ অধিকারী মহোদয় "যশোমতী-নন্দন" প্রভৃতি মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করেন।

গত ১৩ই জানুয়ারী শ্রীযুক্ত মোহিনী-তাজ জমিদার মহাশয়ের সাদর আহ্বানে মঠসেবক শ্রীপাদ সত্যনারায়ণ অধিকারী মহাশয় কয়েকজন ব্রহ্মচারী সহ ছায়াচিত্রযোগে শ্রীগুরুপরম্পরা, শ্রীচৈতন্যমহাপ্রভুর আবির্ভাবের পূর্ব্বাবস্থা, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-মিলিততনু শ্রীমন্মহাপ্রভুর পার্ষদে শ্রীবাস নবদ্বীপ শ্রীমায়াপুরে অবতরণ, স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের আবির্ভাব, শ্রীনন্দ মহারাজের গৃহে আনন্দোৎসব, যশোদামাতার বাৎসল্য-রসে পুত্রের প্রতি স্নেহ প্রভৃতি বিষয় অতি সুন্দরভাবে বর্ণনা করেন। বক্তৃতার পর তিনি সুললিত-কণ্ঠে মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করেন।

ফরিদপুরে

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রকাশ অরণ্য মহারাজ এক সপ্তাহকাল যাবৎ ফরিদপুর জেলান্তর্গত শ্রীনগরের বিভিন্নস্থানে হরিকথা কীর্ত্তন করেন। শেষ দিবসত্রয় স্বামীজী ছায়াচিত্রযোগে গৌর ও কৃষ্ণলীলার বিবিধ শিক্ষা কীর্ত্তন করিয়া সমাগত বহু শ্রোতার প্রীতি উৎপাদন করেন।

শ্রীনগরে প্রচারকার্য্যের পর স্বামীজী মহারাজ সদলে ফরিদপুরের নিকটবর্ত্তী চণ্ডীপুর গ্রামে শ্রীযুক্ত সকলনিগমমূর্ত্তি দাসাধিকারী মহাশয়ের গৃহে গমন করিয়া তথায় বিভিন্নস্থানে শ্রীমন্মহাপ্রভুর ভুবনমঙ্গল-শিক্ষা বিষয়ে কীর্ত্তন করেন।

তমলুকে

শ্রীগৌড়ীয় মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ মেদিনীপুর জেলার তমলুক পরগণার অন্তর্গত কাশীপুর গ্রামে শ্রীযুক্ত বাবু নগেন্দ্র নাথ গোস্বামী মহাশয়ের বাড়ীতে ১৩।১।৩৮ তারিখে শ্রীমদ্ভগবদ্গীতা পাঠ ও ব্যাখ্যা করেন

১৪।১।৩৮ তারিখে উক্ত গোস্বামী মহাশয়ের বাড়ীতে ছায়াচিত্রে শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা সম্বন্ধে বক্তৃতা করেন

১৫।১।৩৮ তারিখে কাশীপুর গ্রামস্থ জমিদার শ্রীযুক্ত বাবু জগন্নাথ হাজরা মহাশয়ের বাটীতে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে মহাজন-পদাবলী কীর্ত্তন হয়।

১৬।১।৩৮ তারিখে কাশীপুরের জমিদার শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গোস্বামী মহাশয়ের বাড়ীতে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা হয়। পাঠের আদি ও অন্তে কীর্ত্তন হয়। গোস্বামী বাবুদের সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়।

১৭।১।৩৮ তারিখে স্বামীজী তাজপুরের জমিদার শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ জানা মহাশয়ের বাড়ীতে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের আদি ও অন্তে কীর্ত্তন হয়।

বর্ত্তমানে স্বামীজী তমলুকের প্রচারকার্য্য সমাপ্ত করিয়া অমরবিহারের নিকটবর্ত্তী স্থানে প্রচারকার্য্য করিতেছেন

মেদিনীপুরে বিরহসভা

গত ৬ই পৌষ মঙ্গলবার জোতঘনশ্যামের স্থানীয় মঠাশ্রিত ভক্তগণের উদ্যোগে হরসভা-গৃহে নন্দীগ্রাম গৌড়ীয়মঠাচার্য্য শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভুচরণের পূর্ব্বাশ্রমোক্ত নিত্যলীলাপ্রবিষ্ট শ্রীশ্রীল প্রভুপাদের অপ্রকট-তিথি-পূজা সঙ্কীর্ত্তনমুখে যথারীতি পালিত হয়। উচ্চাসনোপরি শ্রীল প্রভুপাদের আলেখ্য নানা পুষ্পমাল্যাদি দ্বারা সুসজ্জিত করা হয়। সভায় শ্রীপাদ জগমোহন দাসাধিকারী মহাশয়ের মূলপাঠকত্বে গুরুবন্দনা, গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব ও গুরুপরম্পরা কীর্ত্তন হয়। তৎপরে "আচার্য্য-পরিচয়" গ্রন্থ হইতে শ্রীল প্রভুপাদের অতিমর্ত্ত্য চরিত্র আলোচিত হয়। সমাগত শ্রোতৃবর্গ শ্রীল প্রভুপাদের অত্যাশ্চর্য্য জীবনী ও নিরপেক্ষ, তাঁহার বাণী প্রচারের কথা শুনিয়া বিশেষ আনন্দিত হন। অতঃপর "যে আনিল প্রেমধন" গীতিটী কীর্ত্তন হইলে পর সভা ভঙ্গ হয়। তৎপরে সমাগত শ্রোতৃবৃন্দকে মহাপ্রসাদ বিতরণ করা হয়

অক্ষেত্রবিহারী মঠে বিরহোৎসব

গত ২১শে ডিসেম্বর মঙ্গলবার শ্রীশ্রীল প্রভুপাদের প্রথম বার্ষিক বিরহমহোৎসব আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠ ও তদীয় যাবতীয় শাখামঠসমূহে অনুষ্ঠিত হইয়াছে। ব্রহ্মগুলস্থ শ্রীঅক্ষেত্রবিহারীমঠেও ঐ দিবস কীর্ত্তনমুখে বিরহোৎসব সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে শ্রীশ্রীল প্রভুপাদের আলেখ্য পুষ্পমাল্যাদি দ্বারা সুসজ্জিত করিয়া পূজা করা হইয়াছিল। মঠের সকলেই সচন্দনপুষ্পদ্বারা প্রভুপাদপদ্মে অঞ্জলি-প্রদান করিয়াছিলেন। স্থানীয় ব্রজবাসী-দিগকে ঐ দিবস মিষ্টান্ন প্রসাদাদির দ্বারা পরিতুষ্ট করা হইয়াছিল।

শ্রীচৈতন্যমঠে ইষ্টগোষ্ঠী

গত ২৪শে জানুয়ারী সোমবার হইতে শ্রীধাম-মায়াপুর আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠে ২ ঘটিকা হইতে ৩ ঘটিকা পর্য্যন্ত প্রত্যহই হরিকথা আলোচনামুখে ইষ্টগোষ্ঠী হইতেছে।

"বৈষ্ণবেরাও ব্রাহ্মণ। ব্রাহ্মণতা বৈষ্ণবতার সর্ব্বনিম্ন সোপান। বৈষ্ণবতা ব্রাহ্মণতার চেয়ে অনেক বড় জিনিষ। বৈষ্ণবের দাসই ব্রাহ্মণ। যেমন —এক লক্ষ টাকা যাঁর আছে, তাঁর সহস্র টাকাও আছে, সেরূপ যিনি বৈষ্ণব, তিনি ব্রাহ্মণ। বৈষ্ণবতার অন্তর্ভুক্তই ব্রাহ্মণতা।"

—শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামি-ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১২ মাধব তিথি গঙ্গাসাগরী গৌরাব্দ ৪৪১

শ্রবণ

নাম-রূপ-গুণ লীলাময় শব্দ সমূহের শ্রবণেন্দ্রিয়ের স্পর্শই শ্রবণ। জাগতিক কথা শ্রবণ ও বৈকুণ্ঠ-কথা শ্রবণ এক জিনিষ নয়। আমরা সচরাচর যে সকল কথা শুনিতে পাই সে সকল কথা শুনিবার পর কর্ণেন্দ্রিয় ব্যতীত অপর ইন্দ্রিয়ের দ্বারা সেগুলিকে যাচাইয়া লইতে পারি, কিন্তু বৈকুণ্ঠ-কথা বা হরিকথা শ্রবণেন্দ্রিয় ব্যতীত অপর ইন্দ্রিয়ের দ্বারা বুঝিয়া লইবার ক্ষমতা আমাদের নাই। ভগবানের কথা এ জগদ্বাসী কেহই জানেন না। গোলোকগত ভগবদ্ভক্তগণ অর্থাৎ শ্রীগুরুদেবই আমাদিগকে সেই পরমপুরুষের সন্ধান প্রদান করেন। সাধুমুখে শ্রবণ ব্যতীত অন্য কোন উপায়ে অধোক্ষজ শ্রীভগবানকে জানা যায় না। এই সকল কথা ইন্দ্রিয়জ্ঞানাতীত, কিন্তু আমরা যদি তাঁহাকে ইন্দ্রিয়জ্ঞান দ্বারা জানিয়া লইতে যাই, তাহা হইলে আমরা ভগবদ্বিজ্ঞান লাভ করিতে পারিব না। এই সকল গুরুমুখনিঃসৃত কথা আমাদিগকে প্রণিপাত পরিপ্রশ্ন ও সেবাদ্বারা জানিয়া লইতে হইবে। এই শরণাগতির পন্থা ছাড়িয়া তর্কপন্থা অবলম্বন করিলে আমরা যে তিমিরে সেই তিমিরে থাকিব। শ্রবণের অভিনয় করিয়া আমাদের কোন কিছুই লাভ হইবে না।

শ্রবণবিষয়ে কোনও প্রকারে অমনোযোগী না হওয়া অর্থাৎ সম্পূর্ণভাবে অবহিত হইয়া কাণ দিয়া শুনার নামই প্রণিপাত। যে বিষয় পূর্ব্বে আমাদের ইন্দ্রিয়জ্ঞানদ্বারা গোচরে ছিল না সেই বিষয়টী আমরা কর্ণেন্দ্রিয় ব্যতীত অন্য ইন্দ্রিয়ের সাহায্যে গ্রহণ করিতে পারি না। যে বিষয়টী শ্রীগুরুপাদপদ্মের শ্রীমুখ হইতে শুনা যায় তাহা শ্রবণ ব্যতীত অন্য উপায় দ্বারা জানা সম্ভব নয়। এক কথায় প্রণিপাত ব্যতীত অন্যোপায়ে ভগবদ্বস্তু জানিবার কোন প্রকার সম্ভাবনা নাই। আমরা গুরুমুখে শ্রবণ করিতে গিয়া তাহা সম্পূর্ণভাবে জানিবার জন্য প্রশ্ন করিয়া যেই শ্রবণটীর বিষয়ে পরিপ্রশ্ন করিতে পারি যাহা না তাহা করাই উচিত, তদ্ব্যতীত অধিক কিছু করিবার সামর্থ্য আমাদের নাই। শ্রবণ জিনিষটী প্রকৃতপ্রস্তাবে শুশ্রূষাটী নিজ জীবনে পালন করাকেই লক্ষ্য করে। শ্রবণ মানে আজ্ঞা-পালন বা সেবা। শ্রবণ অর্থাৎ সেবাপ্রবৃত্তি ব্যতীত সেই ভগবদ্‌বস্তুর অভিজ্ঞান কোন দিনই হইতে পারে না। শ্রবণ করা ব্যতীত ভগবদ্বস্তু সম্বন্ধে অন্য কোনও প্রকার চেষ্টা করিবার দরকার নাই।

প্রণত হইয়া সাধুর শ্রীমুখে হরিকথা-শ্রবণ করিতে করিতে যখন অধোক্ষজবস্তু কৃপা করিয়া স্বয়ং আসিবেন তখনই তাঁহার সেবা করিতে হইবে। 'কি করিয়া সেবা-সিদ্ধ হইবে' শ্রোতার কেবল এই কথাই পরিপ্রশ্ন করিবার অধিকার মাত্র আছে। সেখানে তর্কের কোন কথাই নাই। প্রণিপাত দ্বারাই শ্রবণাধিকার লাভ হয় —সেবাবৃত্তিদ্বারাই শ্রবণে অধিকার হয়।

মহাজন কর্তৃক আবির্ভাবিত ও মহাজন কর্তৃক কীর্ত্তমানরূপে ঐ শ্রবণ বিধি। শিক্ষা না হইলে শ্রবণ শুদ্ধ হয় না। অনর্থ-নিবৃত্তির পরই শ্রবণ শুদ্ধ হয়। শ্রবণ নবধাভক্তির অন্তর্ভুক্ত। তৎপূর্ব্বে আত্ম-সমর্পণ বলিয়া একটী কথা আছে। যেখানে আত্মসমর্পণ নাই সেখানে আনুগত্য অভাবে শ্রবণ কার্য্যকরী হয় না। এই শ্রবণ সাধুমুখে হওয়া চাই। ভগবদ্ভক্তের শ্রীমুখে ভগবদ্‌গুণানুবাদ আদরের সহিত শ্রবণ করিতে করিতে মুমুক্ষুগণেরও মোক্ষবাসনা বিদূরিত হইয়া ভগবান্ বাসুদেবে শুদ্ধা রতির উদয় হয়। শ্রবণের এত মাহাত্ম্য। এই শ্রবণপথ বা শ্রৌতপথই ভক্তিপথ আর অন্যান্য সব পথই অপ্রতিষ্ঠ অভক্তি-বিজড়িত। এক কথায় ভগবানকে লাভ করিবার এই একটীমাত্র পথ। তদ্ব্যতীত আর অন্য পথ নাই। সেইজন্য শ্রীমদ্ভাগবত বলিয়াছেন,—

নিবৃত্ততর্ষৈরুপগীয়মানাদ্
ভবৌষধাচ্ছ্রোত্রমনোঽভিরামাৎ।
ক উত্তমশ্লোকগুণানুবাদাৎ
পুমান্ বিরজ্যেত বিনা পশুঘ্নাৎ॥
(ভাঃ ১০।১।৪)

এই শ্রীকৃষ্ণগুণানুবাদ নিবৃত্ততৃষ্ণ পুরুষগণ কর্তৃক উপগীয়মান্ হইয়া থাকে। ইহা ভবৌষধ এবং শ্রোত্রমনোঽভিরাম-স্বরূপ। অতএব পশুঘ্ন ব্যতীত অন্য কোন্ পুরুষ তাহা হইতে বিরত হইতে পারে?

ন কাময়ে নাথ তদপ্যহং ক্বচি-
ন্ন যত্র যুষ্মচ্চরণাম্বুজাসবঃ।
মহত্তমান্তর্হৃদয়ান্মুখচ্যুতো
বিধৎস্ব কর্ণাযুতমেষ মে বরঃ॥
(ভাঃ ৪।২০।২৪)

হে নাথ, যে মোক্ষপদে মহত্তম ভাগবত-গণের অন্তর্হৃদয় হইতে মুখমার্গ দ্বারা বিনিঃসৃত ভবদীয় পাদপদ্মসুধার মধুপান শ্রবণ করিবার সম্ভাবনা না থাকে, আমি সেই মোক্ষপদও প্রার্থনা করি না। আমার প্রার্থনা যে, আপনার গুণ কীর্ত্তন ও শ্রবণ করিবার জন্য আমাকে অযুত কর্ণ প্রদান করুন,—ইহাই আমার একমাত্র প্রার্থনীয় বর, আমি অন্য কিছুই চাহি না।

স উত্তমশ্লোক মহন্মুখচ্যুতো
ভবৎপদাম্ভোজসুধাকণানিলঃ।
স্মৃতিং পুনর্বিস্মৃততত্ত্ববর্ত্মনাং
কুযোগিনাং নো বিতরত্যলং বরৈঃ॥
(ভাঃ ৪।২০।২৫)

হে উত্তমশ্লোক, মহাপুরুষগণের শ্রীমুখ-বিগলিত ভবদীয় পাদপদ্মমধুর্য্যলেশ সম্বন্ধে স্বস্বরূপ যে বায়ু, তাহা পরমতত্ত্বস্বরূপ ভবদীয় জ্ঞানবিষয়ে বিস্মৃতিযুক্ত আমাদিগকে ভবদীয় স্মৃতিও প্রদান করিয়া থাকে। অতএব তাদৃশ শব্দ শ্রবণই পরমসাধ্য-সাধন বলিয়া অন্য বরসমূহের আবশ্যকতা নাই।

আমরা বদ্ধজীব। আমাদের চিত্ত মলিন। চিত্তশুদ্ধি ব্যতীত রূপাদির স্ফূর্ত্তির সম্ভাবনা নাই তাই অন্তঃকরণ শুদ্ধির নিমিত্ত প্রথমে সাধু মুখে নাম শ্রবণই আবশ্যক। সাধুসঙ্গে আদরের সহিত শ্রীনাম করিতে করিতে অন্তঃকরণ শুদ্ধ হইলে রূপশ্রবণদ্বারা হৃদয়ে রূপের উদয় হয়। তদ্দ্বারা গুণসমূহের স্ফূর্ত্তি হয়। অনন্তর নাম রূপ-গুণ এবং তদীয় পরিকরসমূহের স্ফূর্ত্তি হইলেই সুষ্ঠুরূপে লীলা সমূহের স্ফুরণ হইয়া থাকে, ইহাই সাধনক্রম।

মহাজন কর্তৃক আবির্ভাবিত বিষয়ে শ্রীমদ্ভাগবত এবং শ্রীকৃষ্ণকর্ণামৃতাদি সাত্বত শাস্ত্রকে লক্ষ্য করা হইয়াছে। এই শ্রবণ মহাজন কর্তৃক কীর্ত্তিত হইলে মহামাহাত্ম্যযুক্ত এবং জাতরুচি পুরুষগণের পরমসুখপ্রদ হইয়া থাকে। শ্রীল জীবগোস্বামিপ্রভু ভক্তি-সন্দর্ভে লিখিয়াছেন—শ্রবণ ব্যতীত কীর্ত্তনাদি বিষয়ে জ্ঞান হয় না বলিয়া এই শ্রবণকে তাহাদের অপেক্ষা পূর্ব্ব কর্ত্তব্যরূপে জানিতে হইবে। শ্রীভগবানের নামাদি শ্রবণ পরম শ্রেয়ঃস্বরূপ, তন্মধ্যেও মহাজন কর্তৃক আবির্ভাবিত প্রবন্ধাদির শ্রবণ অধিক, তন্মধ্যেও মহাজন কর্তৃক কীর্ত্তমান হইলে তদপেক্ষা অধিক এবং তন্মধ্যেও শ্রীভাগবতশ্রবণ আরও অধিক শ্রেয়ঃস্বরূপ হইয়া থাকে। ঐ ভাগবত যদি পুনরায় মহাভাগবত কর্তৃক কীর্ত্তমান্ হয় তাহা হইলে সর্ব্বাপেক্ষা অধিক শ্রেয়ঃপ্রদ জানিতে হইবে।

নিজ অভীষ্ট নামাদির শ্রবণ পুনঃ পুনঃ করিতে হইবে। তবে এই শ্রবণ Living source হইতে হওয়া চাই। তদ্বিষয়ে বিশেষ লক্ষ্য রাখিতে হইবে। সাধুর বাণী আমাদিগকে নিয়মিত করিবেই করিবে। হরিকথা একমাত্র সেবোন্মুখ জিহ্বায় কীর্ত্তিত হন। অন্যত্র হরিকথার অবতরণ নাই। ইহাই শ্রবণের পন্থা; কিন্তু সকল সময় সাক্ষাৎ মহাজনের শ্রীমুখ হইতে হরিকথা শ্রবণের সৌভাগ্য না হইলে নিজে নিজে গুরুবৈষ্ণবানুগত্যে কীর্ত্তন বা আলোচনা করিয়া শ্রবণ করিতে হইবে। এই শ্রবণ আনুগত্যময়। শ্রীকৃষ্ণ পূর্ণভগবৎস্বরূপ; সুতরাং শ্রীকৃষ্ণনামাদি শ্রবণ কেবলমাত্র পরমভাগবতেচ্ছুই সম্ভবপর হইয়া থাকে। এই শ্রবণই সাধু-সঙ্গ, শ্রবণ ব্যতীত মঙ্গললাভের অন্য কোন উপায় নাই। সুতরাং শ্রবণবিষয়ে যে আমাদের প্রত্যেকের যত্নপর হওয়া আবশ্যক তৎসম্বন্ধে বেশী বলা অনাবশ্যক মাত্র।

বিরহ-তিথিপূজা কি?

(শ্রীশ্রীল প্রভুপাদের বিরহ-তিথি-বাসরে লিখিত)

প্রভুর বিরহে আজ আমরা বড়ই কাতর। তাই দূরদূরান্ত হইতে ছুটিয়া আসিয়াছি অশ্রুজলে বিরহ-উৎসব করিব বলিয়া। কিন্তু শুধু অশ্রুজলেই কি বিরহ উৎসব সম্পন্ন হয়, না সঙ্গে আরও চাই? জগতের অন্যান্য পাঁচমিশালী উৎসবের মত ইহাও কি একটী লোক্য ব্যাপার বিশেষ যে সপরিবারে রিটার্ণ টিকিট কাটিয়া আসিয়া উৎসবটী শুধু ভোগ মাত্র করিয়াই পুনরায় স্বস্থানে প্রস্থান করিব; 'পুনরায় বর্ষ অন্তে আসা যাইবে' এই সঙ্কল্প মাত্র সার করিয়া পিচ্ছিল চক্ষু হইতে দুই ফোটা প্রাণহীন অশ্রু বিসর্জ্জনান্তে গৃহে প্রত্যাবর্ত্তন করিলেই কি বিরহ-তিথি পালন শেষ হইয়া গেল? প্রাণহীন অশ্রু ত' আমরা জীবনে কতই বিসর্জ্জন করিলাম, কেহ বা ইহলোক অপেক্ষাও কোমলস্বরে বলিয়া থাকিব বা প্রতিষ্ঠাও কিনিয়া ফেলিলাম! তাহাতে আমার প্রভুর কি শান্তি হইল? শুধু কাঁদিলেই কি প্রভুভক্তির পরাকাষ্ঠা

হইল ? আর কি কিছু চাই না ? অন্তরের পিছনে কে কতটুকু প্রাণ প্রভুর জন্য উপহার দিয়াছি ? আজ প্রাণ উপহার দিতে হইবে ; প্রাণ দিয়া বিরহতিথির পূজা করিতে হইবে। প্রভু প্রাণ চাহেন, আর কিছুই চাহেন না। ভাবের ঘরে চুরি করিলে চলিবে না। যোল আনা প্রাণ স্ত্রীপুত্রের জন্য তুলিয়া রাখিয়া মাত্র প্রাণহীন কপট অর্ঘ্য প্রভুকে দিলে ত' প্রভু সন্তুষ্ট হইবেন না। কপটতা ঢের করিয়াছি—আর কেন ?

আজীবন প্রভু তাঁহার চিৎশরীরের পালন পালন করে আমাদের ন্যায় দুর্ভাগার জন্য ব্যয় করিয়াছেন। আজীবন প্রভু বড় আদরে বড় করুণভাবে আমাদের ডাকিয়াছেন—আপন করিয়া প্রাণের প্রাণ করিয়া লইতে চাহিয়াছেন আর আজীবনই আমরা কপটতা করিয়াছি। বিষয়বিষ্ঠা ভোজনের তৃষ্ণা-পিপাসা কিছুতেই পরিত্যাগ করিতে পারি নাই বলিয়া এমন করুণ আহ্বানকেও প্রত্যাখ্যান করিয়াছি ; বরং তাঁহাদ্বারা নিজের ভোগ-ভোগের সুবিধা করিয়া লইবার চেষ্টা করিয়াছি—খাদ্যগ্রাহকারা বাদাম ভাঙ্গিয়া খাইতে চাহিয়াছি, তবু এক আনা প্রাণও তাঁহাকে দিতে স্বীকার করি নাই। কৃষ্ণবহির্মুখ স্ত্রীপুত্র, আত্মীয়স্বজন, এমন কি অনেক সময় কুকুর বিড়ালের জন্য পর্যন্ত পাগল বাতুল হইয়া পড়ি, আর কিন্তু শুধু প্রাণের প্রাণ—জীবনসর্বস্ব প্রভুকেই ফাঁকি দিবার চেষ্টা করিয়াছি ! নিকটে আসিয়া শুধু প্রাণহীন অনুষ্ঠান করিয়াছি মাত্র, এমনই আমাদের প্রভুভক্তি ! তাই বড় অভিমানে—বড় ব্যথা বুকে লইয়া প্রভু আমাদের ছাড়িয়া চলিয়া গিয়াছেন। আজ আর কপটতা চলিবে না। জড়ের ন্যায় শুধু উৎসব নিরহকারতরভাব ছল প্রদর্শন-পূর্বক নামসংগ্রহ ব্যাপারে উৎসাহ প্রদর্শন করিলে চলিবে না। তিনি চতুশ্চূড়ামণি—সর্বজ্ঞ, তাঁকে, ফাঁকি দেওয়া যায় না—ফাঁকি দিবার দুষ্ট ইচ্ছা মনে জাগিলে নিজেরাই ফাঁকিতে পড়িয়া যাইব।

'উত্তিষ্ঠত জাগ্রত'—ভাই উঠ, জাগ, মহানিদ্রাতুরের মোহনিদ্রা ছুটিয়া যাউক, প্রাণ ছুটিয়া যাউক, ভোগ-পিপাসা ছুটিয়া যাউক। নবীন উষার নূতন আলোকে দীপ্ত সিংহশিশুর মত আমরা জাগরিত হই। আজ প্রাণ উপহার দিয়া প্রভুবিরহ-মহামহোৎসব-সম্পন্ন করিতে হইবে। প্রভু আমাদের প্রাণহীন জড়পিণ্ড নহেন। তাঁহার প্রাণের অপূর্ব অভিলাষ—অপূর্ব পিপাসা আছে। তাহা আমাদের সম্পূর্ণভাবে পরিপূরণ করিতে হইবে। ভোগী রুক্ষের পরিপূর্ণ ইন্ধন-যোগানদার তিনি। তাঁহার মনোভীষ্টের অন্ত নাই। প্রভু থাকিতে কেহ তাঁহার কথা শুনি নাই—কেহ তাঁহার প্রাণের ব্যথা বুঝি নাই—দাঁত থাকিতে দাঁতের মর্য্যাদা বুঝি নাই। আজ আর আমরা উদাসীন থাকিব না। আজ এই বিরহ-উৎসবে সঙ্কল্পবদ্ধ হইয়া প্রতিজ্ঞা করিতে হইবে আমরা আমাদের জীবনের মহামূল আজ ভাসিব, আর ছেলেখেলা করিয়া দিনটী বৃথা কাটাইব না।

আজও যদি আমরা ব্যক্তিগত ক্ষুদ্র প্রয়োজন লইয়াই ব্যস্ত থাকি, অতিতুচ্ছ ক্ষুদ্র জড় বিষয়ভোগপিপাসায় মত্ত থাকিয়া শ্রীগুরুদেবের গৌরমনোঽভীষ্ট পরিপূরণ ব্রতে জীবন উৎসর্গ করিতে না পারি তাহা হইলে আমাদের মত দুর্ভাগা আর কে ? রাস্তার কুলি, পথের ফকির, বাহারা খাওয়া দাওয়া ভিন্ন আর কিছুই জানে না, তাহারাও তাহা হইলে আমাদের চেয়ে ভাগ্যবান বলিয়া বিবেচিত হইবে, সন্দেহ নাই। সুদিন চিরদিন জীবের ভাগ্যে আসে না, তাহা অত সস্তাও নয়। দুর্দিন ঘুচিয়া পথের ফকিরের ভাগ্যে বরং একদিন সৌভাগ্যরবি উদিত হইবে কিন্তু আমাদের সৌভাগ্যরবি যে চিরতরে অস্ত যাইয়া যুগ যুগান্তরের গভীর অন্ধকারকে আহ্বান করিতে চলিল, সেদিকে কি আমরা একটুও চাহিয়া দেখিব না ? এখনও কি আমরা উদাসীন থাকিব ? তাই হে বিরহকাতর প্রভুভক্তগণ, আসুন, আজও যে ক্ষীণ আলোক-রশ্মিটুকু পশ্চিম গগনের শেষপ্রান্তে অস্তাচলের শেষ সীমায় কখনও দেখা যাইতেছে, আমরা প্রাণ আহুতি দিয়া উহাকে উজ্জ্বল হইতেও উজ্জ্বলতর করিয়া ফুটাইয়া তুলি। আমরা যদি প্রাণ উপহার দিতে পারি, তাঁর সেবাব্রতে দীক্ষিত হইতে পারি, জীবনের শেষ কয়টা গণা দিন কি ব্রহ্মচারী, কি গৃহস্থ, কি বনচারী, কি সন্ন্যাসী যাঁহার যাহা যোগ্যতা আছে তাহাদ্বারা প্রভুমনোঽভীষ্ট পরিপূরণরূপ মহাব্রতের উদ্‌যাপনে ব্যস্ত থাকিতে পারি, অনন্ত-জীবন-মহাসমুদ্রের ক্ষুদ্র তুচ্ছ বারিবিন্দু সম দু'দিনের একটি জীবনের কয়েকটী মুহূর্ত মাত্র চারিত চর্ব্বণরত ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ে ব্যয়িত না করিয়া যদি একান্তে শুদ্ধভক্তগণের নিষ্কপট সেবায় নিযুক্ত করিতে পারি তাহা হইলে সেবোন্মুখের চিত্তভাণ্ডার অন্ধকার চিরতরে বিনষ্ট করিয়া ঐ অপ্রাকৃত আলোকরশ্মি উজ্জ্বল হইতে আরও উজ্জ্বলতর হইয়া ফুটিয়া উঠিবে, চিন্তা নাই। কোন দিনও উহা নিভিবে না।

অভিমান ত্যাগ করিয়া, দাম্ভিকতা দূরে নিক্ষেপ করিয়া প্রভুপ্রেষ্ঠের নিকট আজ নূতন করিয়া জানিয়া লইতে হইবে যে, কিসে প্রভুর মনোভীষ্টপূরণ হয়, প্রভুপাদ আমাদিগের নিকট কি প্রার্থনা করেন, তাঁহার মনোঽভীষ্ট কি ? শ্রবণে সিদ্ধ হইয়া গিয়াছি মনে করিয়া উদাসীন হইলে চলিবে না। প্রভুর মনের অভিপ্রায় প্রভুপ্রেষ্ঠের নিকট ভাল করিয়া শ্রবণ না করিলে আমাদিগের খামখেয়ালী সেবার ছলনা প্রভুপাদপদ্ম পর্যন্ত পৌঁছিবে না—আনুগত্য-বিহীন ব্যক্তিদের কর্মকাণ্ড প্রভু গ্রহণ করিবেন না ; বৃথায় দিনের পর দিন চলিয়া যাইবে, এমনি করিয়া বৃথা বহুজন্ম অতিবাহিত করিয়াছি, অনেক দুর্দশাগ্রস্ত হইয়াছি। আর কেন ?

অনেক সময়ে আবার নিজের শতসহস্র কোটি শতসহস্র উদাসীন্যের বিষয় চিন্তা না করিয়া অতি সঙ্গোপনে মনে মনে প্রভুকেই দোষারোপ করিয়াছি, অভিমন্য শ্রীগুরুদেবের শুকদেব সন্নিহান হইয়া নরকের পথ পরিষ্কার করিয়াছি। আজ সমস্ত বিষয়ে সতর্ক হইতে হইবে, রূপানুগানুগদের কথা নিজে প্রাণেপ্রাণে উপলব্ধি করিয়া জগতে বিতরণ করিতে হইবে। প্রভু থাকিতে যাঁহারা সাধ্য দিতে পারেন নাই বলিয়া প্রাণে আজ ব্যথা অনুভব করিতেছেন, অনুতাপানলে দগ্ধীভূত হইয়া যাইতেছেন, তাঁহারা আর বৃথা অশ্রু-মাত্র বর্ষণ না করিয়া আচার্য্যদেবের পাদপদ্মে সকল উপায়ন লইয়া আসুন—'প্রাণ-অর্থ বুদ্ধি বাক্য' যাহার যাহা সম্বল আছে, সমর্পণ করুন, বিরহতপ্ত প্রাণ শীতল হইবে, শ্রীগুরুদেব অজস্র আশিস্ বর্ষণ করিবেন। আমাদের সেবা উৎসাহ দেখিয়া অলক্ষ্যে তিনি আনন্দাশ্রু বিসর্জন করিবেন, চিন্তা কি ?

ঠাকুর শ্রীভক্তিবিনোদ ও পরমগুরুদেব শ্রীগৌরকিশোরের অন্তর্দ্ধানের পর প্রভুপাদ মুহ্যমান হইয়া যান নাই, কীর্ত্তন ছাড়িয়া দেন নাই, শতসহস্র বিপৎপাত গ্রাহ্য করেন নাই, কোটী সিংহের বিরুদ্ধে একাকীই তিনি প্রভুমনোঽভীষ্ট পরিপূরণ করিতে অগ্রসর হইয়াছিলেন। তাঁহার অদম্য সেবোৎসাহ দেখিয়া জগৎ স্তম্ভিত হইয়াছে। সমাধিযোগে তিনি দেখিয়াছিলেন, তাঁহার সঙ্গে শ্রীগৌরকিশোর, ভক্তিবিনোদ, জগন্নাথ, শ্রীচৈতন্যদেব-শ্রীনিত্যানন্দাদি পঞ্চতত্ত্ব প্রভৃতি সকলেই আছেন। এই যোগপীঠের প্রাঙ্গণ হইতে এক মহা-সঙ্কীর্ত্তনবাহিনী অভিযান করিয়া কৃষ্ণকীর্ত্তন-বন্যায় জগৎ প্লাবিত করিতে ছুটিয়া আসিতেছেন, তিনি একাকী নহেন। আজ আমরা প্রস্তুত কেন পাইয়াছি। সাক্ষাদ্ভাবে প্রভুপাদের অভিন্ন-বিগ্রহ আচার্য্যদেবকে পাইয়াছি, কত কত যোগ্যতম সতীর্থ ভ্রাতাগণকে অগ্রণী সেনানায়করূপে পাইয়াছি, প্রভুপাদ আছেন, পূর্ব্ব পূর্ব্ব আচার্য্যবর্গ সব আছেন, চিন্তা কি ? আসুন, জীবন হইতে জীবনতর সর্বস্বপ্রাণ সতীর্থাবলী আমরা গুরুকৃপায় মুহূর্ত্তে উত্তীর্ণ হইব। কিসের ভয় ? কিসের মোহ ? প্রাণনাথকে প্রাণ উপহার দিতে পারিলেই নিশ্চিন্ত। প্রাণহীন অর্চন উৎসব বন্ধ হউক, ষোল আনা প্রাণ জাগিয়া উঠুক। তুচ্ছ একটা দেশের স্বাধীনতা কামনায় কত কত ব্যক্তি স্বাধীনতা-সংগ্রামে অবহেলে হাসিতে হাসিতে জীবন বিসর্জন দেয়, ইতিহাসে আমরা জানিতে পারি ;—আর আমাদের এমন প্রভুর জন্য প্রাণ দিতে পারিব না ? সঙ্গোপনে সযত্নে স্ত্রীপুত্রের জন্যই কি তাহা অক্ষতভাবে ফিরাইয়া লইয়া যাইব ? দুই ফোঁটা কপট অশ্রুজল মাত্রই কি প্রভুর প্রাপ্য ? এই কি আমাদের প্রভুপ্রীতি ? আমাদের প্রভু কি এমনই একটা তুচ্ছ বস্তু যে তিনি দুইদিনের জন্য ছেলেখেলা করিতে জগতে অবতীর্ণ হইয়াছিলেন ? অনন্ত ব্রহ্মাণ্ড, অনন্ত বৈকুণ্ঠের নাথ দীন হীন ভিখারীর বেশে আমাদের জন্য অকাতরে ঘুরিয়া গিয়াছেন, সে কথা ভুলিয়া গেলে চলিবে না, পাষাণের রেখার মত হৃদয়ে অঙ্কিত রাখিতে হইবে। দুই ফোঁটা প্রাণহীন অশ্রু উপহার দিয়া কর্ত্তব্য শেষ করিলে চলিবে না। যতদিন না প্রভুর মনোঽভীষ্ট পরিপূরণ করিতে পারি, যতদিন না প্রভুর অশ্রু মুছাইতে পারি, যতদিন না ব্যথিত প্রভুর অভিমান সম্যগ্‌রূপ ভঙ্গ হয়, ততদিন আহারে-বিহারে শয়নে-স্বপনে উদাসীন হইয়া তাঁহারি সুখের জন্য সতত ব্যস্ত থাকিতে হইবে। প্রয়োজন প্রমাণ বিসর্জ্জন ইচ্ছা করিয়াই বরণ করিতে হইবে ; মুখের হাসি মুছিয়া যাউক—চোখের নিদ্রা বন্ধ হইয়া যাউক। এই দৃঢ় প্রতিজ্ঞা করিয়াই আজ বিরহ উৎসব করিতে হইবে। আসুন, প্রভুবিরহকাতর পূজনীয় ভ্রাতৃগণ, ষোল আনা প্রাণ আর চব্বিশ ঘণ্টা সময় পরমারাধ্যতম সঙ্কীর্ত্তন-সেনাপতি শ্রীল আচার্য্যদেবের পাদপদ্মে নিষ্কপটে অঞ্জলি দিয়া আমরা প্রভুর বিরহ-তিথি পালন করি। আর গৃহে ফিরিবার প্রয়োজন নাই, অনেক কাজ—রিটার্ণ টিকিট দূরে ফেলিয়া দিউন। আজ এই সমাধি-প্রাঙ্গণে দাঁড়াইয়া দৃঢ় প্রতিজ্ঞা করুন এই ষোল আনাই প্রভুপাদকে দিলাম—আজ হইতে ইহার একতিলও আর কাহাকে দিব না। ইহাই আমাদের বিরহতিথিপূজা হউক।

শ্রীল প্রভুপাদের

বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ; ২য় খণ্ড—১ ; ৩য়—৮০ ; ৪র্থ খণ্ড —৮০ আনা।

প্রাপ্তিস্থান শ্রীধাম-মায়াপুর, শ্রীচৈতন্যমঠ

কৃষ্ণভাবে যেন নিজ চিত্তবৃত্তির বল

মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্বল

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্য-আবির্ভাব-পীঠ, শ্রীগান্ধর্ব্বিকা-গিরিধারী, শ্রীগৌর ও আচার্য্য চতুষ্টয় বিরাজিত আছেন। প্রাচীন এই ব্রাহ্মণ-পুষ্করিণী পরিখাদির চিহ্ন আছে। রক্ষক- শ্রীপাদ ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন ব. বড়বাজার ৪১১০ বাগবাজারে শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, প্রত্যহ শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থের সম্যক আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমনিস্ট সাপ্তাহিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক- শ্রেষ্ঠাশ্রমী শ্রীপাদ জগদীশচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ কৃষ্ণদাস ভাগবত মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগদানন্দদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীনিখিলকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)

শ্রীবাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর,নদীয়া

রক্ষক—শ্রীমদ্‌কৃপা ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব গৌড়ীয়মঠালয়

রক্ষক শ্রীমধুকর ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক -শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীনবদ্বীপ গৌড়ীয় মঠ

বাড়িয়ারা (শ্রীনৃসিংহদেব পল্লীর নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

১৭) কুঞ্জকুটির

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক - শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁঠালপলি, পোঃ চাকদা (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীনরেন্দ্র নাথ দাসাধিকারী।

(২৩) ঢাকাগৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রীদয়ালদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীযতিকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীমদ্ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

অকল্যাণ্ড(?), দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) মায়াপুর-গৌড়ীয়মঠপীঠ

পোঃ চরিবার, জিঃ সাহারানপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোকুলানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীরামেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীমুকুন্দমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রীপ্রণবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ,

৪৩নং ভরিপুরা, বেনারস সিটি

রক্ষক—শ্রীমাধবানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর, ইউ, পি)

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক— শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা

রক্ষক—শ্রীচিন্ময়ানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোষ্ঠবাটী

রক্ষক—ভক্ত শ্রীবেণীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সঙ্কেত বিহারী মঠ

বর্ষাণা মথুরা।

রক্ষক—শ্রীনরেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোষ্ঠবিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোষ্ঠবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনমালী গোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং লছমান রোড, নিউ দিল্লী

রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কম্যাণ্ডাল বিল্‌ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিলেশ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীভক্তগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ অপ্রাকৃত ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী গৌড়ীয়মঠ

পোঃ কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক— পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানিধি

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগোপীনাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীসনাতন দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬ লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিবিনোদ দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি-গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেবলানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বালুবজার(?), পোঃ কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীবিলাসবিগ্রহ দাসাধিকারী

৫) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলালা মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকণিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক - শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিব্রত

(৬১) অমৃতি গৌড়ীয়মঠ

পোঃ অমৃতি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া, পোঃ মাজু (হাওড়া

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীহরেকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

ভুবনহুদা, পোঃ চিরহুদা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ সেবাপরা অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠালয়

১৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুন।

রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত
শ্রীবৃন্দাবন ব্রজবাসী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলকাতার বাজার দর

'২৮শে জানুয়ারী ১৯৩৮'

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬।০
রাঙা চাল	৫৸০
ঐ নতুন	৫৲
কাটারীভোগ	৭৲-৭।০
দাদখানী	৫।০
দাদরা নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
বালাম,কোয়ালিটি	৪৲
সিদ্ধ রেঙ্গুন	৩৸৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪।০
পেশোয়ারী	১০৲-১০।০
দাদখানী আতপ	৫।০-৫।৵
ঐ বালাম	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫।০-৫॥০
কাটারীভোগ	৭৲
ঐ রেঙ্গুন	৩৵০

চিনির দর

জাভা, টাইপ	১০৷৵০
সিপুর ১০০০ নং	১০৵০
ময়রা দানা	৯।০
চানপুর দানা	৮।০—৯৵০
চানপুর লাল	৭৷৵০—৮৲

সোনা-রূপার দর।

	প্রতি ভরি
গিনি সোনার বার	৩৪॥০
গিনি	২২৲
চান্দির বার	৫৩।০

পাটের দর

লাইটেন—	৪০৸০
মিডল—	৪০৸০
বটম—	৪১।০
বাজার বটম নম্বর—	৪১৲

আটা ও ময়দার দর

পঞ্জাবী ময়দা প্রতি মণ	৬।০—৬।৵
পাবুকাটের ঐ	৭৲—৬৵
গাইসলোড ঐ	৫৸৵০—৫৸০
সুজী	৭৲—৬৵০
আটা (বি)	৫৸০—৫৸৵০
আটা নং (২	৫৵০—৫৷৵০
আটা (এস)	৫৲—৫।০
আটা (কে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	২॥০—২॥৵০
পাবাউ	১৪৵০—১৸০
	১৪৵০—১৪৵০

ঘৃতের দর

কলকাতা	৫৭৲
কাশীজা	৫৭৲
ভুবনেশ্বরী	৫৩৲
গব্য	৪৫৲
পাতিয়াল	৩৬৸০

তার	৪৬
কাবুর্ণ	৩৬
বাকা গাঝরা	৪১৸০
২৬ গেজ—	১৭৸০
গ্যাঃ বটকা ২৪—৩০ গেজ	১০৲

লৌহ ও হার্ডওয়ার

	দর প্রতি হন্দর
টাটার তৈয়ারী—	
লোহার কড়ি ' কাদাই না বীম।	
মার্কা	৮৸৵০—৯।০
ঐ যে মাকা হালকা ওজন	৮৲—৮।০
ঐ টাটা স্টেলট ওয়েষ্ট বীম সব সাইজ	৯৷৵
ঐ ইংলিশ ওয়েষ্ট (বীম)	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮৸০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮।০—৯৸৵০
টাটা গ্যাঃ করগেট সিট।	
২৪ গেজ—	১৪৲
২৬ গেজ—	১৬৸০
২৮ গেজ—	১৮৲
টাটা গ্যাঃ প্লেন সীট	১৪৵০
২৪ গেজ—	১৩॥৵০
২৬ গেজ—	১৬৷৵০
২৮ গেজ—	
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৫৲
সীস	৭৷৵৫—৬৵০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল	১০।০
প্লেট কাটিং বা চিট কাটা মণ	৩।০—৩৸০
পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৬।০—৭৲ হন্দ
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন পাতি, বোল্টু, নবাবে	৮৸০—৯।০
গোল রড রি-ইনফোর্স ও কংক্রিটের জন্ত	৮৸০—১০।০

কুঃ ইস্পাত আসল ২৫৲, নকল ২৩।০
উটকলের হাপর ৫৵০, পাটের হাপর ৬।০
জুলার হাপর ৪।০

গুড়ের দর

কলিকাতা ২৬শে জুন,

আখের দোলার কাইন	৫৪৲
সিট্ন আখের ভাস্ক	৪০৲
কবাডি খুরশির কাইন	৪৩৲
বাবার্দ পাথা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেঙ্গলি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
গোলমরিচ	৮।০
সুপারী দেশী	১৬।০—১৭৲
কাটা সুপারী	
গুড়ি বড়িবদাম	১৫।০—১৭।০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স লিঃ
ডি-৫ বনফিল্ড ঘাট লেনপাতি, বড়বাজার
কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—(:০:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—::০::—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর চারিদিক খোলা। শিক্ষকগণ সাধক ও সাধুচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা। ভরণপোষণ খোরাক ও সেবাকার্য্যর জন্য মাসে ৩য় শ্রেণী হইতে ৬ষ্ঠ শ্রেণী পর্য্যন্ত ৬৲ টাকা এবং ৭ম শ্রেণী হইতে ১০ম শ্রেণী পর্য্যন্ত মাত্র ৭ টাকা মাত্র। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন করিয়াছেন।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট
শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেভরোল

—:০:—

ম্যালেরিয়া রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিকেল ওয়ার্কসের "কেভরোল" অমোঘ মহৌষধ। এমন আশ্চর্য্য ঔষধ আর পৃথিবীর কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, ডেঙ্গু জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি আমাশা, রক্ত-আমাশা, সাদা এবং অন্যান্য পাহাড়িয়া জ্বরে "কেভরোল" ব্রহ্মাস্ত্র। ইহা রক্ত পরিষ্কারক এবং শরীর কান্তিযুক্ত করিয়া তোলার একমাত্র টনিক।

সেবন বিধি ঃ—জ্বর কম অবস্থায় পূর্ণ বয়স্কদের জন্য ২ ড্রাম বা চা চামচের ২ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর অবধি ১ চামচ জলের সহিত, তাহার কম বয়সে ৩০ ফোঁটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলেদের জন্য ৫ হইতে ১৫ ফোঁটা জলের সহিত বিধি। জ্বর অবস্থায় সাগু, বার্লি, ফল ইত্যাদি পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা ৸০ বড় প্রতি শিশি ১৬ মাত্রা মূল্য ১।০ আনা।

দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কস,
শম্ভুনগর, কৃষ্ণনগর, (নিউ বেঙ্গল)
৭২-২৪১নং গলি পোঃ আঃ টাম্বয়ে, রেঙ্গুন।
সর্ব্বত্র বড় বড় দোকানে পাওয়া যায়।

কবিরাজ মণিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মুমূর্ষু পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই কাটিতে অভাব আছে। লিভার প্লীহা সংযুক্ত জ্বরাদির এবং নূতন ও পুরাতন জ্বর একবার সেবন করিয়া দেখুন যে আপনার অবস্থা সাধক কি না। মূল্য ছোট বোতল ৸০ আনা, বড় বোতল ১৵০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং কর্ণওয়ালিশ রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির সংক্ষিপ্ত জীবনচরিত্র এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্য্যের শুভেচ্ছায় সর্ব্বশাস্ত্রাভিজ্ঞ সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	৷০	৷৵০	৷৵০	৷০
ইঞ্চ	২৲	১৷০	১৷০	১৲
সিকিকলম	৫৲			৩৲
অৰ্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চ	৬	৪৷০
সিকি কলম	১৫	১২৲
অৰ্দ্ধকলম	২৪	১৮৲
এক কলম	৩৬৲	

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা ৵৹; বিশেষ সংখ্যার ভিন্ন মূল্য।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখণ্ড প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—ম্যানেজার: গৌড়ীয়মঠ, আপার মাদ্রাজ, শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

"শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিণ্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

ফোন: জলাসপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীরূপানুগবর্য্যপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
ত্রিদণ্ডীপ্রবিষ্ট
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG NO C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র সজ্জন-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৫ই মাঘ, ১৩৪৪, ২৯শে জানুয়ারী, ১৯৩৮, শনিবার [সংখ্যা ২৭৬]

বিবিধ সংবাদ

——(০(:০:)০)——

…ভাষচন্দ্রের সভাপতিত্ব সম্বন্ধে গান্ধীজী

…ন্ধীজী নিম্নলিখিত মর্ম্মে এক তার … সুভাষচন্দ্র বসুর নিকট প্রেরণ …রিয়াছেন :—
"…স্বদেশ প্রত্যাবর্ত্তন উপলক্ষে তোমাকে সম্বর্দ্ধনা করিতেছি। ভগবানের … কংগ্রেস সভাপতির গুরু কর্ত্তব্য ভার … বহন করিবার শক্তি ভগবান তোমাকে দান করুন। … ভালবাসা গ্রহণ কর।—বাপু"

… উচ্চ-পরিষদে বৃটেনের প্রতি হুমকি

…ত ২৫শে জানুয়ারী টোকিও হইতে রয়টারের …বাদে প্রকাশ উচ্চ পরিষদে বিতর্কের …ময় …কোনোয়ে বলেন, "ব্রিটেন যদি … জাতিগুলিকে অপমান করে এবং প্রাচ্যে জাপানের পদমর্য্যাদার প্রতি … সম্মান প্রদর্শন না করে, তবে … পক্ষে চীনে ব্রিটেনের অধিকার ও স্বার্থের রক্ষা করিয়া চলা সম্ভব না।"
…তর্কের উত্তরে পররাষ্ট্র-সচিব ব্যারণ … বলেন যে, চীনে যে সকল দ্রব্য আমদানী করা হইতেছে, তাহার … বাধা হইতে আসিতেছে। … মনে করেন যে, … শক্তিবর্গ ইচ্ছামত … রপ্তানি বন্ধ করিতে পারেন। … তিনি সংশ্লিষ্ট শক্তিবর্গের দৃষ্টি … করিতে চাহেন।

…ল্লীতে ব্যাপক খানাতল্লাস

…আইনী অস্ত্রশস্ত্রের খোঁজে পুলিশ …জন অফিসার দিল্লীর বহু বাড়ীতে খানাতল্লাস করে। সমাজতন্ত্রী কর্ম্মী রতন সিং আজাদের গৃহেও তল্লাসী করা হয়।

ঐ দিন মিসেস্ আসফ আলির সভানেত্রীত্বে মহিলা কংগ্রেস কর্ম্মীদের এক সভা হয়। সভায় প্রাদেশিক গবর্ণমেণ্টকে এবং কেন্দ্রীয় গবর্ণমেণ্টকে সমস্ত রাজনৈতিক বন্দীকে মুক্তি দিতে অনুরোধ করিয়া এবং অনশন বন্দীদিগকে অনশন ত্যাগ করিতে অনুরোধ করিয়া প্রস্তাব গৃহীত হয়।

জিন্না-রাজেন্দ্রপ্রসাদ চুক্তি সম্পর্কে সভা

সাম্প্রদায়িক বাটোয়ারা সম্পর্কে জিন্না-রাজেন্দ্রপ্রসাদ চুক্তির প্রতিবাদকল্পে গত মঙ্গলবার সন্ধ্যায় এলবার্টহলে এক বিরাট জনসভা হয়। শ্রীযুত রামানন্দ চট্টোপাধ্যায় সভাপতির আসন গ্রহণ করেন।

জিন্না-রাজেন্দ্রপ্রসাদ চুক্তিকে দেশের স্বার্থের পরিপন্থী বলিয়া ঘোষণা করিয়া, উক্ত প্রস্তাবিত চুক্তির তীব্র প্রতিবাদ করিয়া এবং কংগ্রেস যদি ঐরূপ কোন চুক্তি সমর্থন করে তবে উহা গ্রহণ না করিবার সিদ্ধান্ত করিয়া সভায় এক প্রস্তাব গৃহীত হয়। বিভিন্ন বক্তা ঐরূপ চুক্তিতে ভারতের স্বাধীনতা লাভের পরিপন্থী বলিয়া মত প্রকাশ করেন।

মাতা কর্ত্তৃক পুত্রকন্যা নিহত

[illegible] জেলার লেটপাদন হইতে আড়াই মাইল দূরে একটী গ্রামে জনৈকা স্ত্রীলোক ভীষণ দারিদ্র্যের জন্য তাঁহার চারিটী পুত্রকন্যাকে হত্যা করিয়াছে বলিয়া জানা গিয়াছে।

একজন ভারতীয় গোপালকের ত্রিশ বৎসর বয়স্ক এক বন্দী স্ত্রী চারিটী পুত্রকন্যাসহ একটী কুটিরে অত্যন্ত দুরবস্থার মধ্যে বাস করিত। তাহার দুইটী মেয়ে, একজনের বয়স নয় বৎসর ও অপরটীর বয়স সাত বৎসর এবং দুইটী শিশুপুত্রের একটীর বয়স তিন বৎসর ও অপরটীর বয়স নয় মাস। উক্ত স্ত্রীলোকটী তাহার ছেলেমেয়েদের লইয়া বাড়ী হইতে একদিন নীরবে বাহির হইয়া যায়। তাহাকে ফিরিতে না দেখিয়া গ্রামবাসীরা তাহাকে খুঁজিতে থাকে এবং অবশেষে একটী কূপের মধ্যে পাঁচটী মৃতদেহ দেখিতে পায়। মৃতদেহগুলির অবস্থা দেখিয়া অনুমান করা যায় যে, স্ত্রীলোকটী প্রথমে তাহার তিনটী পুত্র-কন্যাকে কূপের মধ্যে নিক্ষেপ করিয়া পরে নয় মাসের শিশুটি লইয়া নিজে উহার মধ্যে লাফাইয়া পড়ে।

দুর্ভিক্ষে সরকারী সাহায্য

গত মঙ্গলবার বঙ্গীয় ব্যবস্থাপক সভায় বাঙ্গলা গবর্ণমেণ্টের দুর্ভিক্ষ বীমা তহবিল বিল পাশ হইয়া গিয়াছে। বিল পাশ হওয়ার সময় কেহ ভোট গণনার দাবী করেন নাই। এই বিলে বলা হইয়াছে, গবর্ণমেণ্ট দুর্ভিক্ষ, বন্যা, অনাবৃষ্টি প্রভৃতির সময়ে ব্যয়ের জন্য ১২ লক্ষ টাকার একটি তহবিল করিবেন।

"নূতন ভারত শাসন আইন অনুসারে ভারত গবর্ণমেণ্ট হইতে এই বাবদ বাঙ্গলা গবর্ণমেণ্ট ৩,৩৯০০০ টাকা পাইবেন। এই টাকা দ্বারা বাঙ্গলা গবর্ণমেণ্ট তহবিল আরম্ভ করিবেন। তারপর তহবিলের পরিমাণ মোট ১২ লক্ষ টাকা না হওয়া পর্য্যন্ত বাঙ্গলা গবর্ণমেণ্ট এই তহবিলে প্রতি বৎসর ৫ লক্ষ টাকা করিয়া দিবেন।"

বন্দী-বিনিময়

ব্রিটিশ কূটনীতিকগণ গত কয়েক মাস ধরিয়া হেণ্ডাই এবং সালামাঙ্কাতে কথাবার্ত্তা চালাইবার পর অবশেষে গবর্ণমেণ্ট ও বিদ্রোহীদের মধ্যে ৪১ জন বন্দীর বিনিময়ের ব্যবস্থা করিতে সক্ষম হইয়াছেন। ৪১জন বাস্ক বন্দীকে বিদ্রোহীরা মুক্তি দিতে স্বীকৃত হইয়াছে। ইহার পরিবর্ত্তে গবর্ণমেণ্টকেও ৪১জন বিদ্রোহী বন্দীকে মুক্তি দিতে হইবে। বাস্ক বন্দীর অধিকাংশই … হইয়াছিল। বর্ণানুক্রমিকভাবে তাহাদের তালিকা প্রস্তুত হইয়াছে। আশা করা যাইতেছে যে, ইহার পর আরও অধিক সংখ্যক বন্দী-বিনিময়ের ব্যবস্থা হইবে।

বিমান আক্রমণের ফলে বহুলোক হতাহত

বার্সিলোনার এক সংবাদে প্রকাশ এক মিনিটেরও কম সময়ের মধ্যে ১২খানি বিমানপোত হইতে একযোগে সহরের উপর বোমা ছোড়া হয়। আক্রমণ এত আকস্মিক হইয়াছিল যে, অধিবাসীরা ভূগর্ভস্থ ঘরে ঢুকিবার সময়ও পায় নাই। দেড়শত জন নিহত এবং তিন শতেরও অধিক আহত হইয়াছে বলিয়া জানা গিয়াছে। হতাহতের সঠিক সংখ্যা এখনও জানা যায় নাই।

চীনা বাহিনীর পশ্চাদপসরণ

সাংহাই হইতে জাপ কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক প্রেরিত একটি সংবাদে বলা হইয়াছে যে, হাংচাও অঞ্চলের সৈন্যবাহিনী চীনা সৈন্যগণ পশ্চাদপসরণ করিতেছে। পশ্চাদপসরণের পূর্ব্বে তাহারা দুইটি জাহাজ ডুবাইয়া হাংচাওয়ের বন্দর জাহাজের প্রবেশপথ বন্ধ করিয়া দিয়া যায়।

হাঙ্কিয়ের একটি সংবাদে প্রকাশ যে, বাসিন্দারা … ও … নির্ম্মাণের উদ্দেশ্যে ব্রাডফোর্ডকে একটী বিরাট ডক-ইয়ার্ড নির্ম্মাণের সম্মত করিয়াছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্, -সম্বন্ধ ৪০
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত — ২৮৲
দশম স্কন্ধ— ৯
২। অনুভাষ্য বিরাট শ্রীচৈতন্যভাগবত (অর্ধ খণ্ড) ৬৲
অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৮০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৮০
৪র্থ খণ্ড —৮০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড— ৮০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৮
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। মহাজনগীতার বাণিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৮০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৮০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। [illegible] ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয় সাধনা ।৶০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষা ।০
২৭। দুর্ল্লভসারকা গণগৌরবঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৮০
৩০। দ্বীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম গ্রন্থমালা ৮০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ৴১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৮০
৪৩। সাধনতত্ত্ব ৴০
। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্চনপদ্ধতি ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অভ্রবন্দন ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)
৫৩। গোবিন্দভাষ্যম্
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। আয়তত্ত্ব ও নক্ষত্র ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারার্থবর্ষিণী ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী অ্যান্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড ।৶০
৭৩। লাইফ অ্যান্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইথোটিক প্রিন্সিপাল অ্যান্ড আনন্দাদ্বৈত থিওরি ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—একমাত্র শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ প্রভু সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৬৲, ষাণ্মাসিক ৩।০ টাকা মাত্র।

৩। ভাগবত —ভিজিগাপট্টম একমাত্র পারমার্থিক পাক্ষিক। তেলেগু ভাষায় শ্রীসংঘমঠ হইতে প্রকাশিত ভিক্ষা সডাক ২০।

৪। পরমার্থী —উৎকল প্রদেশ হইতে সম্পাদিত উৎকল পাক্ষিক। শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে বর্ণিত করা
হইয়াছে।

নির্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই বই পাঠে যুগপৎ মহাভাগবত
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-সর্ব্বের প্রবন্ধগুচ্ছ রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৬৲ টাকা।

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১২শ বর্ষ	১৩ মাধব গৌরাব্দ ৪৫১ ১৫ই মাঘ বঙ্গাব্দ ১৩৪৪, ২৯শে জানুয়ারী ইং ১৯৩৮ শনিবার	২৫৮তম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

::)•(:: ——

শ্রীগৌড়ীয়মঠে কীর্ত্তন

গত ১৮।১।৩৮ তাং শ্রীগৌড়ীয়মঠে ব্রাহ্ম-মুহূর্ত্ত হইতে মঙ্গলারাত্রিকাদি সমাপনান্তে শ্রীউপাস্তচরণ ব্রহ্মচারী গুরুবন্দনা, 'শ্রীগুরুচরণপদ্ম', 'পঞ্চতত্ত্ব' এবং 'বিজ্ঞাবলী দেশ' প্রভৃতি মহাজনপদাবলী কীর্ত্তন করিলে শ্রীপাদ নৃসিংহানন্দ ব্রহ্মচারী ভক্তিবন্ধু প্রভু শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবের কারণ, তৎসম্বন্ধে শাস্ত্রীয় যুক্তি-প্রমাণ, তাঁহার আরাধনা-প্রণালী প্রভৃতি সম্বন্ধে কীর্ত্তন করেন। ভক্ত শ্রীযুক্ত গিরীন্দ্র-প্রভু মৃদঙ্গ বাদন করেন। অতঃপর শ্রীমদ্ ভক্তিসুধাকর প্রভু নিত্যানন্দ শ্রীউপাস্তচরণ ব্রহ্মচারীর মূলগায়কত্বে 'শ্রীচৈতন্য-দেশাবন গোরা' মহাজনপদাবলী এবং মহামন্ত্র-কীর্ত্তনযোগে শ্রীমঠ পরিক্রমা করেন।

উপদেশক পণ্ডিত শ্রীপাদ 'বনোদবিহারী' [illegible] প্রভু সমবেত বহু সজ্জনবৃন্দের সহিত প্রাতঃ ৭ ঘটিকা পর্য্যন্ত শ্রাবণ এবং অন্যান্য,যথা নকজ্যুক্ত দিবসে [illegible] গুরুবর্গকরণে বাধা হেতু সমিধগণ [illegible] ভজন-বাজনে অতিবাহিত করা উচিত, এই প্রসঙ্গের বিচার এবং প্রসঙ্গক্রমে অর্চ্চনকারীর কনিষ্ঠ অধিকারের কারণ, নব প্রকার ভক্ত্যঙ্গের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ নাম-সঙ্কীর্ত্তন বাদ দিয়া অর্চ্চন অসম্ভব ইত্যাদি বিষয় আলোচনা করেন। মধ্যাহ্ন ১টা হইতে ২টা পর্য্যন্ত শ্রীপাদ অমৃতানন্দ সেবাবিনোদ প্রভু ৩টা হইতে ৫টা পর্য্যন্ত শ্রীপাদ নৃসিংহানন্দ ভক্তিবন্ধু প্রভু, ৫টা হইতে ৭টা পর্য্যন্ত মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু ইষ্টগোষ্ঠী করেন।

অতঃপর রাত্রি ৭টা হইতে ৯॥ পর্য্যন্ত সন্ধ্যারাত্রিকাদি সমাপনান্তে শ্রীবিগ্রহগণ সমক্ষে কীর্ত্তন ভক্ত শ্রীযুক্ত তারাপদ বন্দ্যোপাধ্যায় মৃদঙ্গবাদন এবং শ্রীযুত যশোদানন্দন ভাগবতভূষণ মহোদয় শ্রীমদ্ ভাগবত পাঠ করেন।

—— –

পাবনায় প্রচার

বিশ্ববিশ্রুত শ্রীগৌড়ীয় মঠের প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক [illegible] মহারাজ সত্যাজিৎপুরের [illegible] সহিত শ্রীমন্মহাপ্রভুর বাণী প্রচার করিয়া সম্প্রতি পাবনা জেলান্তর্গত বেরা নামক স্থানে প্রচার্থ উপস্থিত হন। স্বামীজী আরও কতিপয় দিবস তথায় অবস্থান করিয়া বিভিন্ন স্থানে পাঠ-বক্তৃতাদির দ্বারা শ্রীগৌড়ীয় মঠের প্রচার্য্য বিষয় কীর্ত্তন করিবেন।

বেরিলীতে প্রচার

গত ১০ই জানুয়ারী বেরিলী নিবাসী শ্রীযুক্ত রাজারাম বাবুর ভবনে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসুধীর যাচক মহারাজ ছায়াচিত্র-যোগে শ্রীগৌড়ীয়মঠের প্রচারবিষয়, শ্রীগুরু-পরম্পরা ও শ্রীকৃষ্ণের বাল্য লীলা সম্বন্ধে প্রায় ২½ ঘণ্টা যাবৎ কীর্ত্তন করেন। স্বামীজী শ্রীকৃষ্ণের শত ভগবানের [illegible], অশোক্ষজ স্ব অবতরণ ও লীলাদি যে প্রাকৃত ইন্দ্রিয়ের অতীত বস্তু এবং কেবলমাত্র সেই বস্তুর কৃপাতেই তাহা উপলব্ধির বিষয় হয় প্রভৃতি বিষয় আলোচনা করেন।

আনন্দসোপাদি মার্গে বিচরণকারিগণ যম-নিয়মাদি অষ্টাঙ্গ কৃচ্ছ্রসাধনের ফলে নিজ-দিগকে জীবন্মুক্ত অভিমান করিয়াও স্বরূপ ভগবানের নিজজনের পাদপদ্মে অনাদর করায় তাঁহাদের অধঃপতন হয়। [illegible] ও শ্রবণ ও সেবাধারার [illegible] কাল [illegible] [illegible] বিজ্ঞান লাভ করিবার জন্য [illegible] যাইতে হইবে। যখন [illegible] সর্ব্বেরূপ জীবের মঙ্গলের জন্য [illegible] অবতীর্ণ হন। সভায় বহু শিক্ষিত সজ্জন উপস্থিত ছিলেন। বক্তৃতার আদি ও অন্তে শ্রীপাদ সত্যনারায়ণ [illegible] মহাশয় মহাজন-পদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন করেন।

শ্রীল প্রভুপাদের দান

(৫ম পৃষ্ঠার পর)

গত ৩১শে জানুয়ারী স্যার আব্দুর রহিমের সভাপতিত্বে ভারতীয় ব্যবস্থা পরিষদের বাজেট অধিবেশন আরম্ভ হইয়াছে। ১৮জন নূতন সদস্য—ইঁহাদের মধ্যে অধিকাংশই সরকারী সদস্য আনুগত্যের শপথ গ্রহণ করেন। তন্মধ্যে সরকারী দলের মুখপাত্র স্যার নৃপেন্দ্রনাথ সরকার, হোম মেম্বর স্যার হেনরী ক্রেক, বীমা বিল সম্পর্কে গবর্ণমেণ্টের স্পেশাল অফিসার মিঃ এস, সি সেন, এবং বোম্বাইয়ের ব্যবসায়ীমণ্ডলী কর্তৃক নির্ব্বাচিত শ্রীযুক্ত মানু সুবেদারের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

পরিষদের সদস্যগণ প্রায় সকলেই উপস্থিত হইয়াছেন; কিন্তু দর্শকের গ্যালারী প্রায় শূন্য রহিয়াছে। বড়লাটের জন্য নির্দ্দিষ্ট আসনে বসিয়া সস্ত্রীক লর্ড [illegible] পরিষদের কার্য্য পর্য্যবেক্ষণ করেন।

ভারতীয় বাহিনীর যন্ত্রসজ্জা

ভারতীয় বাহিনীর মধ্যে কেবল বৃটিশ অংশের যন্ত্রসজ্জা সম্বন্ধে শ্রীযুক্ত অবিনাশী লিঙ্গম চেট্টি যে মুলতুবী প্রস্তাবের নোটিশ দিয়াছিলেন, তাহা আলোচনার্থ গৃহীত হইয়াছে।

জাপ সরকারের অর্থ সমস্যা

জাপানের [illegible] রাজস্ব সচিব রাজস্বের পরিমাণ ৫০ কোটি ইয়েন বৃদ্ধি করিতে সঙ্কল্প করিয়াছেন। যত আয়ের উপর এখন কর ধার্য্য করা হয় তাহা অপেক্ষা কম আয়ের উপর কর ধার্য্য হইবে এবং এই ভাবে উপার্জনের উপর ট্যাক্সের পরিমাণ শতকরা ২৫ ভাগ বাড়ান হইবে। ট্যাক্সের পরিমাণও বৃদ্ধি করা হইবে। চিনি, চাল এবং মদের উপর ট্যাক্স বসান হইবে। সোনার ক্রয়বিক্রয়ের উপর শতকরা ৪৮ ইয়েন ট্যাক্স বসান হইবে এবং সিনেমা, থিয়েটার ও আমোদ-প্রমোদের উপরও নূতন ট্যাক্স ধার্য্য করা হইবে।

অনশনব্রতীর মৃত্যুতে বিক্ষোভ

ঢাকা জেলে অনশনব্রতী রাজনৈতিক বন্দী শ্রীযুক্ত হরেন্দ্রনাথ মুন্সীর মৃত্যু সংবাদে কলিকাতার ছাত্র মহলে প্রচণ্ড বিক্ষোভ দেখা দিয়াছে। সোমবার দিন বিদ্যাসাগর, স্কটিশ চার্চ্চ, রিপন, সেণ্ট পল, বঙ্গবাসী কলেজ এবং মেট্রোপলিটান, বহুবাজার, টাকী, ভারতী, তালতলা, মিত্র, আশুতোষ, মির্জ্জাপুর একাডেমী প্রভৃতি স্কুলের ছাত্রগণ হরতাল করিয়া ক্লাস হইতে বাহির হইয়া আসে।

সহরের নানা স্থান হইতে মিছিল করিয়া ছাত্রগণ পুস্তক বগলেই অক্টারলনি মনুমেন্টে সমবেত হয়। তথায় প্রাদেশিক ব্যবস্থা পরিষদের সদস্যা শ্রীমতী মীরা দত্ত গুপ্তার সভানেত্রীত্বে এক সভার অধিবেশন হয়।

ইলেক্ট্রিক কারবার কিনিয়া লইবার জন্য কর্পোরেশনের প্রস্তাব

১৯৩৬ সালের ২৮শে অক্টোবর তারিখে কলিকাতা কর্পোরেশন এই মর্ম্মে প্রস্তাব গ্রহণ করেন যে, ১৯৩৮ সালে কলিকাতা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনের লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার পর কলিকাতা কর্পোরেশনের এলাকায় ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনের যে কারবার আছে, সেই সম্পর্কে কলিকাতা কর্পোরেশন যে কোনও ব্যবস্থা অবলম্বন করিবেন বলিয়া ১৯৩৮ সালের ২০শে অক্টোবর দুই বৎসর পূর্ব্বে ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনকে নোটিশ দেওয়া হউক। যথাসময়ে ঐ মর্ম্মে নোটিশ দেওয়া হইলে ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশন নোটিশ ফেরত পাঠাইয়া মন্তব্য করেন, নোটিশ বৈধ হয় নাই সুতরাং ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশন ঐ নোটিশ গ্রহণ করিতে প্রস্তুত নহেন।

তাহা সত্ত্বেও কলিকাতা কর্পোরেশন সাব্যস্ত করেন যে কলিকাতা কর্পোরেশনের এলাকায় ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনের যে কারবার আছে, তাহা কিনিয়া লওয়া হইবে। তদনুসারে গবর্ণমেণ্টের অনুমতি প্রার্থনা করিয়া গবর্ণমেণ্টের নিকট পত্র দেওয়া হয়। এই চিঠির উত্তরে বাঙলা গবর্ণমেণ্ট কলিকাতা কর্পোরেশনকে জানাইয়াছেন যে, কর্পোরেশনকে ঐ অনুমতি দেওয়া যায় না।

প্রয়াগে মৌনী অমাবস্যা উপলক্ষে স্নান

মৌনী অমাবস্যা উপলক্ষে প্রায় ২০ লক্ষ লোক প্রয়াগ-সঙ্গমে স্নান করে। ভীষণ ভীড়ের জন্য বহু সেবাসমিতি, স্বেচ্ছাসেবক এবং অন্যান্য প্রতিষ্ঠান সরকারী কর্তৃপক্ষকে সাহায্য করে। এতদুপলক্ষে এলাহাবাদ কৃষি সঙ্ঘের উদ্যোগে আদর্শ কৃষি কার্য্য ও শিল্প দ্রব্যাদির একটী প্রদর্শনীর ব্যবস্থা করা হইয়াছিল।

———

৫ জনের প্রতি প্রাণদণ্ডাদেশ

মস্কোর এক সংবাদে প্রকাশ সোভিয়েট আর্ম্মেনিয়া উচ্ছেদ করিয়া তাহাকে সোভিয়েট হইতে বিচ্ছিন্ন করার ষড়যন্ত্রে অভিযুক্ত পাণ্ডা বিপ্লবী আসামীদের মধ্যে টিফ্লিসে ৫ জনের প্রতি প্রাণদণ্ডের এবং অবশিষ্ট দুইজনের প্রতি ২০ বৎসরের যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দেওয়া হইয়াছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র
প্রথম হইতে দশম স্কন্ধ পর্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
অনুভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৯৲
৪। সরস্বতী-জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৷০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৷৷০
৪র্থ খণ্ড—৷৷০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷৷০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৷৷০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণব ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷০
১৪ সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷০
১৭। চৈতন্যোপনিষদ
১৮। ব্রাহ্মণ-আদবর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-গৌরবগাথা ।৵০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল বাঙ্গ ভাষা ।০
২৭। দুর্গমসঙ্গমনী ভক্তিরসামৃতসিন্ধুঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৷৷০
৩০। দ্বীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫। গীতমালা ⁄১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।
৪০। শরণাগতি ⁄০
৪১। গীতাবলী ⁄০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷৷০
৪৩। সাধনতত্ত্ব ⁄০
। প্রেমভক্তিচন্দ্রিকা ⁄০
৪৫। নবদ্বীপশতক ⁄০
৪৬। অর্চনকল্প ⁄০
৪৭। সদাচারস্মৃতিঃ ⁄০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ⁄১০
৪৯। অর্চনকল্প ⁄১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীরূপলেখা ৶০
৫৯। শিক্ষাষ্টক-দর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ⁄০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ⁄০
৬৭। মায়াবাদনির্ণয়ম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।
৬৯। এ ভিউ ওয়ার্ড স অন বেদান্ত ।
৭০। নামভজন ⁄
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড স ।৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ্ ডুইং ⁄০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনর্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ⁄০
৮৪। শরণাগতি ⁄০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ⁄০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্য পত্র

১। THE HARMONIST— প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্তের পরিচালনায় গৌড়ীয় মঠ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি ইংরাজীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৩।০ কলিকাতা বাগবাজারের শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—তিনি ভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ১।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে সঙ্কলিত করা
হইয়াছে।

———— ঃ০ঃ————

নির্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বক্তৃতাপূর্ণ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পত্রের প্রথমখণ্ড ডবল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৬০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১২শ বর্ষ { ১০ মাধব গৌরাব্দ ৪৫১, ২১শে মাঘ বঙ্গাব্দ ১৩৪৪, ৪ঠা ফেব্রুয়ারী ইং ১৯৩৮, শুক্রবার } ২৮১তম সংখ্যা

প্রচার-প্রসঙ্গ

কলিকাতায়

গত ৩০শে জানুয়ারী রবিবার তারিখে শ্রীগৌড়ীয়মঠের ভূতপূর্ব্ব পাশ্চাত্যপ্রচারক ত্রিদণ্ডিপাদাগ্রণী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ চেৎলা বয়েজস্কুলে "মানবের সর্ব্বশ্রেষ্ঠ কর্ত্তব্য" সম্বন্ধে একটী জ্ঞানগর্ভ বক্তৃতা প্রদান করেন। সভার প্রারম্ভে বক্তাদিগণ কীর্ত্তনবন্দনাদি করিলে স্বামীজী মহারাজ শুদ্ধবৈষ্ণব-বদনানিঃসৃত হরিকথা-কীর্ত্তনের অধিকারী, হরিকীর্ত্তনের স্বরূপ, তাহার অনিবার্য্য সুফল এবং মানবের দেহমনের অভাব-বিমোচন-সম্বন্ধীয় কর্ত্তব্যগুলি সর্ব্বশ্রেষ্ঠ নহে, পরন্তু আত্মার ভাগবৎ-বিষয়ক অনুষ্ঠানগুলিই। অর্থাৎ সাধুসঙ্গে হরিকথা-শ্রবণাদি নবধা ভজনাঙ্গ-যাজনই যে মানবের সর্ব্বশ্রেষ্ঠ কর্ত্তব্য তাহা শাস্ত্রপ্রমাণ যুক্তি ও সিদ্ধান্তবিচারমুখে প্রতিপাদন করেন। স্বামীজীর বক্তৃতা শ্রবণে শ্রোতৃবৃন্দ বিশেষ মুগ্ধ হন। বক্তৃতান্তে সংকীর্ত্তন হয়। সভায় বহু ভদ্রমহিলা এবং শিক্ষিত ও প্রবীণ গণ্যমান্য ব্যক্তিগণ উপস্থিত ছিলেন। তন্মধ্যে নিম্নে কতিপয় নাম দেওয়া হইল।

শ্রীযুক্ত সতীশচন্দ্র সেন, এম্-বি, শ্রীযুক্ত অমৃতলাল আঢ্য বি-এ, শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি-এ, শ্রীযুক্ত শরচ্চন্দ্র কাব্য ব্যাকরণতীর্থ; শ্রীযুক্ত সুরেশচন্দ্র রায়; শ্রীযুক্ত নরেশপ্রসাদ দাস, শ্রীযুক্ত নিবারণ [illegible], শ্রীযুক্ত বিনোদবিহারী পাঠক, শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র সেন, শ্রীযুক্ত অক্ষয়কুমার ঘটক, শ্রীযুক্ত রমণীমোহন মজুমদার, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ভট্টাচার্য্য, শ্রীযুক্ত সতীশচন্দ্র সেন বি-এ, বি-টি শ্রীযুক্ত বিনয়কৃষ্ণ বসু বি, ই; শ্রীযুক্ত যোগেশচন্দ্র গুপ্ত, শ্রীযুক্ত শৈলেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এম এ, বি-এল্ হেডমাষ্টার, শ্রীযুক্ত অনিল চন্দ্র বসু বি-এস্-সি, শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ দত্ত প্রভৃতি।

পাঙ্গামে

হরিকথা-শ্রবণপিপাসু বাহাদুরপুর গ্রামবাসিগণের আগ্রহাতিশয্যে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিগৌরব বৈখানস মহারাজ তথায় উপস্থিত হইলে তত্রত্য গ্রামবাসিগণ মহারাজকে অভ্যর্থনা করিয়া নির্দ্দিষ্ট স্থানে লইয়া যান। তথায় একটী সভায় স্বামীজী মহারাজ 'জীবের ধর্ম্ম ও কর্ত্তব্য' সম্বন্ধে অনেকক্ষণ বক্তৃতা করেন। তথা হইতে স্বামীজী উক্ত গ্রামের সন্নিকটবর্ত্তী পথরাগ্রামে গমন করত 'মানবজীবনের কর্ত্তব্য' বিষয়ে প্রাঞ্জল ভাষায় বুঝাইয়া দেওয়ায় গ্রামের শিক্ষিত ব্যক্তিগণ বড়ই আনন্দিত হন ও পুনঃ পুনঃ এরূপ অমূল্য হরিকথা শ্রবণের আকাঙ্ক্ষা প্রকাশ করেন। পরে তাঁহারা উক্ত গ্রাম সংলগ্ন বিবেকাবনি গ্রামে উপস্থিত হন। তথায় শ্রীযুক্ত পাঠশালার পণ্ডিত মহোদয় 'মূলমন্ত্র' বিষয়ে কিছুক্ষণ বক্তৃতা করেন। আদি ও অন্তে শ্রীপাদ গদাধর ভক্তিপ্রভব প্রভুর মূলগায়কত্বে বহুক্ষণব্যাপী কীর্ত্তন হয়। তৎপরে নগরকীর্ত্তন হয়।

দিল্লীতে

আকবর রোডস্থ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখামঠ দিল্লী শ্রীগৌড়ীয়মঠে বর্ত্তমান গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যা-ভূষণ গোস্বামী মহারাজের পূর্ণানুগত্যে প্রত্যহ ত্রিসন্ধ্যায় পাঠ, কীর্ত্তন এবং হরিকথা আলোচনাদি হইতেছে।

শ্রীচৈতন্যমঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ শ্রীমদ্ভাগবতের 'নিষ্কপট' শ্লোকটীর ব্যাখ্যাকালে ভগবানের কথা-প্রসঙ্গে বলেন—ভগবানের সংসারে যেতে হ'লে এই চতুর্দ্দশ ব্রহ্মাণ্ড পার হ'তে হ'বে। আমরা আমাদের নিজেদের স্বতন্ত্রতার অপব্যবহার ক'রে এই মায়িক জগতে বাস করছি। ব্রহ্মাণ্ডের পরে বিরজা; তাহাকে অতিক্রম ক'রে, ব্রহ্মলোক ভেদ ক'রে পরব্যোমে যেতে হ'বে। 'পর'-শব্দের অর্থ শ্রেষ্ঠ অর্থাৎ এই চতুর্দ্দশ ব্রহ্মাণ্ড হ'তে উৎকৃষ্ট জায়গায় যেতে হ'বে। বিরজা ও ব্রহ্মলোক পার হ'য়ে গেলে পরব্যোমের সন্ধান পাওয়া যায়। জীব যখন এই মায়িক জগতে আপনাকে ভোক্তা মনে করে, তখন সে বিরজার এই পারেই থাকিয়া যায়। বর্ত্তমানে আমরা সত্ত্ব, রজঃ ও তমোগুণে আক্রান্ত হ'য়ে এই জগতেই থেকে যাচ্ছি। যখন এই তিনপ্রকার গুণ সাম্যাবস্থা লাভ ক'রবে তখন বুঝ্ব আমরা বিরজায় স্থান ক'রেছি।

ব্রহ্মলোকে এই তিন প্রকার মায়িক গুণের অভাব হ'লেও চিদ্গুণের বৈচিত্র্যের সেখানে অভাব, সেই স্থান অতিক্রম ক'রে যেতে হ'বে। সেই লোকে গেলে জীব ত্রিগুণাতীত অবস্থা প্রাপ্ত হয়—তিন প্রকার গুণ হ'তে মুক্তি লাভ করে। মহাজনেরা এই লোককেও শ্রেষ্ঠ লোক বলেন নাই। যেখানে এই তিন প্রকার গুণের কোন প্রকার অস্তিত্ব নাই, চিদ্বৈচিত্র্যের পরাকাষ্ঠা যেখানে, সেখানে আমাদের যেতে হ'বে। পরজগতের অধিবাসীরা যখন কৃপা ক'রে এই জগতে আগমন করেন এবং সেই পরজগতের বাণী যখন আমাদের শুনান, তখনই আমরা সেই জগতের কথা জানতে পারি। সেই বাণী শ্রবণ ক'রতে ক'রতে যখন আমাদের তা'তে লোভ উপস্থিত হয় তখনই আমাদের সৌভাগ্যোদয়। সেই বাণীর প্রতি আকৃষ্ট হ'তে হ'লে আমাদের তাঁ'দের অনুগত হ'য়ে শ্রবণ ক'রতে হ'বে। যখন আমরা আমাদের শ্রবণের দ্বার তাঁ'দের কীর্ত্তনের সহিত সংযুক্ত ক'রে দিতে পা'রব তা' হ'লে আমরাও সেই বাণী অনুকীর্ত্তন ক'রতে পা'রব। অনুকীর্ত্তন ক'রতে ক'রতে গুরুকৃপায় সেই বাণীর সম্বন্ধে অভিজ্ঞতা লাভ ক'রব। যাঁ'রা সেই সুযোগের সদ্ব্যবহার করেন তাঁ'রা ভাগ্যবান্, আর যাঁ'রা অপব্যবহার করেন তাঁ'রা হতভাগ্য। আমরা আমাদের এই জাগতিক কোন প্রকার বিচার দ্বারাই সেই অপ্রাকৃত পরব্যোমের কথা জানতে পারি না। যদি আমরা আমাদের চিত্তকে তাঁ'দের সেবায় লাগাইতে পারি তবেই আমরা সেই বাণীর সম্বন্ধে জ্ঞান লাভ ক'রতে পা'রব।

গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে॥

"শ্রীগুরুদেব ও তদাশ্রিত বৈষ্ণব কৃষ্ণের চিদ্বিলাসভূমি; তাঁহাদের হৃদয়ই কৃষ্ণের বসতিস্থল। স্থাবর-জঙ্গম—সকলকে কৃষ্ণবিলাসের উপকরণ না জানিতে পারিলেই 'ভোক্তৃত্ব' (অহঙ্কার) বিচার আসিয়া নিজেন্দ্রিয়তর্পণ প্রবল হয়। শ্রীগুরুপাদপদ্মের সম্বন্ধে জগদ্দর্শন না হইলে ভোগাত্মক সম্বন্ধ জন্য ভোগ বা ত্যাগ বিচার আসিয়া সাধকের সর্ব্বনাশ সাধন করে।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী

গোস্বামি-প্রভুপাদ-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৯ মাঘ তিথি সর্ব্বোৎসবপারী গৌরাব্দ ৪৫১

দুই একটী কথা

হরিভজনে ফাঁকি চলিবে না। হরি অন্তর্যামী, সুতরাং সেই অন্তর্যামীর সহিত চালাকি করিতে গেলে নিজেই ঠকিতে হবে। তিনি আমার অন্তরের সব খবর রাখেন। তাই বুদ্ধিমান্ ব্যক্তিগণ তাঁহার অস্তিত্ব অস্বীকার করেন না—নাস্তিক হন না, আস্তিক হইয়া তাঁহার সেবাকার্য্য অন্তরে বাহিরে প্রচুরভাবে করিবার জন্য যত্ন করেন। আমরা দুর্ভাগ্যবশতঃ তাঁহাকে ফাঁকি দিবার নামে নিজেকে নিজেই ফাঁকি দিই—সরলের কথা বুঝিয়াও বুঝি না, শুনিয়াও শুনি না। ইহার নাম কপটতা। আবার কিসে অমঙ্গল হয় বুঝি অথচ তাহা করি, ইহারই নাম নিজেকে নিজে ফাঁকি দেওয়া—নিজেকে সর্ব্বক্ষণ ভগবানের সেবায় নিযুক্ত না রাখা, নিজের অমঙ্গলটা নিজে বরণ করা—ক্ষণিক ইন্দ্রিয়ের সুখের জন্য নিত্যসুখে জলাঞ্জলি দেওয়া। তাই বলি—যত দোষ আমার নিজের, আর কাহারও নয়। আমি চাই না, তাই পাই না—আমি করি না, তাই হয় না। অন্তর্যামিগণও আমাদের অন্তর বুঝিয়া নিজের কার্য্যে ব্যস্ত থাকেন। কৃপাপ্রার্থীর কি কৃপা না পাওয়া হয়?

অসৎসঙ্গ-ত্যাগের নামই বৈষ্ণব-আচার। বৈষ্ণবের চিহ্নগুলি আমরা তাঁহাদের সে আচার বর্ণে বর্ণে পালন করিব—অসৎসঙ্গ কোন দিনই করিব না—ইহাই আমাদের বিচার হওয়া উচিত। যদি একজন সৎ পাই, তাহা হইলে সব ছাড়িয়া তাঁহারই সঙ্গের জন্য ব্যাকুল হইব। আর যদি দুর্ভাগ্যবশতঃ নাইই পাই তাহা হইলে বরং সৎসঙ্গলাভের আশায় ভগবৎকৃপাপ্রার্থী হইয়া একাকী অনন্তকাল অপেক্ষা করিব তথাপি দুঃসঙ্গ করিব না। আমরা যদি নিষ্কপটে ভগবানের নিকট প্রার্থনা জানাই তাহা হইলে কৃপাময় তিনি নিশ্চয়ই আমাদিগকে প্রকৃত সাধুর নিকট থাকিবার সুযোগ দিবেন। নিষ্কপটতা চাই—সরল প্রাণে ভগবান্‌কে জানান চাই—বাস্তবিক সাধুসঙ্গলাভের জন্য পিপাসা থাকা চাই। বরং মৃত্যু শ্রেয়ঃ তথাপি অসৎসঙ্গ করা উচিত নয়। অসৎসঙ্গে সর্ব্বনাশ—সংসার অবশ্যম্ভাবী। সেইজন্য শাস্ত্র বলিয়াছেন,—

"বরং হুতবহজ্বালা পঞ্জরান্তর্ব্যবস্থিতিঃ ।
ন শৌরিচিন্তাবিমুখজনসংবাসবৈশসম্ ॥"

(পাঠান্তর—"ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্ । সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ ॥")

প্রভুপাদ ও রাধাদাস্য

(২)

এক সময় কোন এক ব্যক্তি 'গৌড়ীয়ে'র বিজ্ঞাপনে—যেখানে শ্রীমঠ ও শ্রীবিগ্রহের নামসমূহের তালিকা থাকে, তথায় 'বিনোদপ্রাণ', 'বিনোদানন্দ', 'বিনোদমাধব' প্রভৃতি শব্দসমূহের পূর্ব্বে 'রাধাবিনোদপ্রাণ', 'রাধাবিনোদানন্দ', 'রাধাবিনোদমাধব' প্রভৃতি শব্দ বসাইয়াছিলেন। ইহা দেখিয়া শ্রীল প্রভুপাদ অত্যন্ত ক্রোধ লীলা প্রকাশ করিয়া বলিলেন,—"ইহা কেন করা হইল?" তখন শ্রীল প্রভুপাদ ইহার কোন কারণ উল্লেখ করিলেন না। শ্রীল আচার্য্যদেবকে ইহার কারণ জিজ্ঞাসা করায় তিনি বলিলেন,—'বিনোদপ্রাণ', 'বিনোদানন্দ' প্রভৃতি শব্দে যে 'বিনোদ' আছে, তাহাই শ্রীমতী রাধা, আবার পৃথক্ করিয়া 'রাধা' বসাইবার চেষ্টা সিদ্ধান্তে অজ্ঞতা।

অতএব শ্রীল প্রভুপাদের প্রত্যেকটি কথা—রাধাদাস্যময়। প্রাকৃত বিচারে অর্চ্চনীয় শ্রীমূর্ত্তিতেও শুধু তাঁহার নিত্যভাবসেবা বা যুগলভজনের বিচার ব্যতীত অন্য বিচারের আদর্শ প্রদর্শন করেন নাই। কনিষ্ঠাধিকারী বা অন্তর্দ্বন্দ্বীর দৃষ্টি শ্রীল প্রভুপাদের শ্রীরাধাদাস্যময় বিচার ও আচার ধারণা করিতে পারে নাই।

শ্রীল প্রভুপাদ দুই একটী মঠ, আশ্রম বা উদ্যানের নাম-করণ কোন কোন বিশেষ নামের সহিত সংযুক্ত করিয়াছেন, ইহা দেখিয়া কোন কোন লোকের এরূপও বিচার হইয়াছে যে, শ্রীল প্রভুপাদ ব্যক্তিবিশেষের তাঁহার গৌরজনগণ অথবা অবান্তরগণের নামের সহিত ঐ সকল মঠ ও আশ্রমের নামের সংযোগ করিয়াছেন। ইহাও শ্রীল প্রভুপাদের লোকবঞ্চনা করিয়া তাঁহার শ্রীরাধা-দাস্যের আদর্শ।

দার্জ্জিলিং, শিলং, মসৌরী, উতকামণ্ড প্রভৃতি শৈলাবাসে শ্রীল প্রভুপাদ-স্বয়ং সময় সময় গমন করিয়াছেন। অন্যাভিলাষী ও বঞ্চিত ব্যক্তিগণ হয় ত' তাহা দেখিয়া মনে করিয়া থাকিবেন—শ্রীল প্রভুপাদ ভোগী ও বিলাসী ব্যক্তিগণের ন্যায় বায়ুপরিবর্ত্তনার্থ শৈলাবাসে গমন করিয়া থাকেন।

শত চেষ্টা করিয়াও কেহ শ্রীল প্রভুপাদকে যেসকল স্থানের সমীরণ উপভোগ বা তথা হইতে স্বাস্থ্য-সংগ্রহের কোন চেষ্টায় মুহূর্ত্তের জন্য নিযুক্ত করাইতে পারে নাই, সেই সকল স্থানে শ্রীল প্রভুপাদ অনুক্ষণ হরিকীর্ত্তনের বন্যা প্রবাহিত করাইয়াছেন এবং সর্ব্বদা 'গোবর্দ্ধন-স্মৃতিতে বিভাবিত থাকিবার আদর্শ প্রদর্শন করিয়াছেন। তাঁহার অপ্রকট লীলাবিষ্কারের ছয়মাস পূর্ব্বেও শ্রীল প্রভুপাদ পুরীর চটক পর্ব্বতে অবস্থান করিয়া কেবল অনুক্ষণ 'নিজ-নিকট-নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বং' এই কথাই উচ্চারণ করিতেন। একদিন চটক পর্ব্বতে শ্রীল আচার্য্যদেব আমাকে বলিলেন,—"এখানে 'নিকট' শব্দের অর্থ বুঝিয়াছেন কি? শ্রীল প্রভুপাদ কেন ইহা বলেন? 'নিকট' বলিতে 'শ্রীরাধাকুণ্ড'।"

শ্রীল প্রভুপাদ তাঁহার অন্তরঙ্গ নিজজন শ্রীল আচার্য্যদেবকে সঙ্গে লইয়া যখন কুমারিকা অন্তরীপে গমন করেন, তখন শ্রীল প্রভুপাদ কুমারিকার অধিষ্ঠাত্রী কুমারী দুর্গাকে দেখিয়া নিজ-রাধা-দাস্য-স্মৃতিরই পরিচয় প্রদান করিয়াছিলেন, ইহা শ্রীল প্রভুপাদ মাদ্রাজ হইতে প্রেরিত ব্যাসপূজার অভিভাষণে জানাইয়াছেন,—

"পাণ্ড্য-সিংহলের বিলাস-বৈচিত্র্য দাক্ষিণাত্যের অন্তিম প্রান্তে যে বিপ্রলম্ভ-রসকাতরা রত্নাকর-সঙ্গতা দুর্গা, তাঁহাকে কেন অনূঢ়া কৃষ্ণপ্রেয়সী বিপ্রলম্ভরসপোষিকা মহাভাগবতরূপে দর্শন না করিয়া বাধক আদর্শ মহাকালের অনূঢ়া বিরহ-কাতরা কান্তারূপে দেখিতে যাই? অঃ! পার্থিব রাজ্যে বিকৃত ও প্রতিফলিত দৃষ্টিতে কি-প্রকার বিবর্ত্তবাধায়! এই অনূঢ়া গোপীকে দর্শন দিবার জন্য গোপীজনবল্লভ অনূঢ়া গোপীর ভাবের সহিত শিক্ষয়িত্রী পরোঢ়া গোপীর ভাব লইয়া তাঁহাকে কৃপা করিবার জন্য কুমারিকা অন্তরীপে আসিয়া উপস্থিত হইয়াছেন। পরকীয়-রসের মর্য্যাদাবাধ, রুচিপ্রধান-পথের রাগানুগচেষ্টা কি আবার শ্রীরাধাগোবিন্দের নিত্যমিলন দেখাইবার জন্য কুমারিকা-অন্তরীপে শ্রীগৌরসুন্দরের ও শ্রীগান্ধর্ব্বাগিরিধারীর অভিন্নতারূপে প্রকটিত হইবেন না?"

শ্রীল প্রভুপাদের অপ্রকট-লীলার মুহূর্ত্তের মধ্যেও তাঁহার অন্তরঙ্গ রাধা-দাস্যের পরিচয় পাওয়া যায়। নিশান্ত-লীলায় প্রবেশ বা নিশান্ত-লীলায় সেবাটি কি? উহা গতি-বঞ্চনা করিয়া শ্রীকৃষ্ণের ইন্দ্রিয়তর্পণবিধান। রাধানাথ বামে চন্দ্রাবলীর পরিজন-দিগকে, সম্মুখে যোগ-পন্থার প্রাচীন-বাক্যপথকে ও পশ্চাদ্ভাগে অভিমন্যু-জননী জটিলাকে আসিতে দেখিয়া গোপনে গোষ্ঠে গমন করিতেছেন। শ্রীরাধাও পশ্চাদ্ভাগে জটিলা আসিতেছেন দেখিয়া অত্যন্ত ভীতচিত্তে ক্রমে গোপনে পলায়ন করিতেছেন, আর শ্রীরূপ মঞ্জরী ও শ্রীরতিমঞ্জরী তাঁহার শ্রীরাধারাণীর অনুগমন করিতেছেন। এইরূপভাবে বিজাতীয় লোক ও আত্মজন বঞ্চনা করিয়া শ্রীরাধা ও শ্রীগোবিন্দ নিজ-নিজ স্থানে গমনপূর্ব্বক কপট নিদ্রায় অবস্থান করেন। জটিলা প্রভৃতি ইহার রহস্য কিছুই জানিতে পারে না।

কুন্দলতা প্রভৃতি সখীগণ শ্রীকৃষ্ণকে দিয়া যে গণেশ ও শিবের পূজা, পঞ্চদেবতা পূজা, নবগ্রহের পূজা প্রভৃতি করাইয়া থাকেন, তদ্দ্বারা বিজাতীয় লোকবঞ্চনা ও শ্রীশ্রীরাধাগোবিন্দের ইন্দ্রিয়তর্পণ-মহোৎসব বিধান করিয়া সখীমঞ্জরীগণের সর্ব্বাঙ্গে তোষণ হয়। শ্রীরাধিকার সূর্য্যপূজা ব্যাপারটী ভক্তভোগীগণকে বঞ্চনা ব্যতীত আর কিছুই নহে। শ্রীল প্রভুপাদ সেইরূপ সূর্য্যপূজা করিয়া রাধা-দাস্যের পরাকাষ্ঠা পাটোয়ারীবুদ্ধিবিশিষ্ট ব্যক্তিগণকে অর্থাৎ ভক্তভোগী সম্প্রদায়কে বঞ্চনা করিয়াছেন। বণিকজাতিগণ সূর্য্যপূজা করেন। Commercial interest বা বণিক্‌স্বার্থযুক্ত ব্যক্তিগণ কৃষ্ণকে দিয়া সূর্য্যপূজা অর্থাৎ হরি-গুরু বৈষ্ণবের দ্বারা ধর্ম্ম অর্থাৎ অপস্বার্থ সাধন করাইয়া লইতে চাহে, ইহারই নাম—'বণিগ্‌বৃত্তি'। কিন্তু কৃষ্ণ সর্ব্বদা দূরে থাকিয়া উহা থাকেন। কৃষ্ণ ভোগবুদ্ধিকারীকে ভোগ দিয়া অর্থাৎ তাহারই অপস্বার্থ-সাধনে পৌরোহিত্য করিবার বাহ্য অভিনয় দেখাইয়া নিজ স্বার্থ সাধন করিয়া লন অর্থাৎ শ্রীরাধার সহিত মিলিত হন। শ্রীরাধার সখীগণ শ্রীরাধাকে কৃষ্ণের সহিত মিলিত করান।

কৃষ্ণের দ্বারা সূর্য্যপূজার পৌরোহিত্য করাইবার পর নিজের দক্ষিণারূপে...

স্বার্থসিদ্ধ হইয়াছে দেখিয়া অভিজ্ঞা-জননী জটিলা কৃষ্ণকে ভোজন অর্থাৎ প্রতিগ্রহ করিবার জন্য অনুরোধ করিলেন। পুরোহিত-রূপী কৃষ্ণ জানাইলেন যে, তিনি গর্গাচার্য্যের শিষ্য ও ব্রাহ্মণ, সুতরাং অন্ন গ্রহণ করিতে পারেন না। এদিকে বৃন্দাদেবী জটিলা-বঞ্চনার আর একটি ছল অবলম্বন করিলেন। তিনি যেন জটিলারই পক্ষের উকিল হইয়া কৃষ্ণকে বলিলেন,—"জটিলা আপনাকে তাঁহার পুত্রবধূর হস্তরেখা পরীক্ষা করিয়া তাঁহার পুত্রের পরমায়ু বলিতে অনুরোধ করিতেছেন; কারণ আপনি গর্গাচার্য্যের শিষ্য, সুতরাং অদ্বিতীয় জ্যোতির্বিদ্।"

এখানে বৃন্দাদেবী শ্রীরাধা-গোবিন্দের মিলনের জন্য জটিলবুদ্ধি বা পাটোয়ারীবুদ্ধি জটিলার নিকট যে 'বাণিয়া স্বার্থে'র টোপ ফেলিলেন, তাহা জটিলা ধরিতে পারিল না; জটিলা মনে করিল,—বৃন্দাদেবী তাহারই স্বপক্ষস্বার্থের পূজা করিতেছে। সেই ছলে শ্রীকৃষ্ণও প্রথমে অনিচ্ছা প্রকাশ করিয়া বলিলেন,—"আমি পরস্ত্রীর হস্ত স্পর্শ করিতে পারি না। তবে তোমাদের অনুরোধ ও সুখের জন্য জটিলার পুত্রবধূর ভাগ্যরেখা পরীক্ষা করিতেছি।" বৃন্দাদেবীর সাধ পূর্ণ হইল, কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণ হইল—শ্রীরাধা-গোবিন্দের মিলন হইল। জটিলাকে এইরূপ 'কমার্শিয়াল ইন্টারেষ্ট'-এর লোভে মুগ্ধ না করিলে কিছুতেই সে রাধাকে কৃষ্ণের সম্মুখে আসিতে দিত না। জটিলার বিচারে তাহার পুত্র রাধার স্বপতি, কৃষ্ণ একটা বাহিরের লোক পরপুরুষ!

শ্রীল প্রভুপাদও তাঁহার সমগ্র চরিত্রে 'বাণিয়া স্বার্থে'র নানাপ্রকার টোপ ফেলিয়া তাঁহার মনোহরণীই পরিপূরণ অর্থাৎ সজ্জাতন-যজ্ঞে শ্রীরাধা গোবিন্দের অপ্রাকৃত যুগলমিলন করাইয়াছেন। বিলাতে নিজ-প্রভু গৌর-সুন্দরের কথা—ভক্তিবিনোদের কথা প্রচারের কালে শ্রীল প্রভুপাদ ঐরূপ 'বাণিয়া স্বার্থে'র টোপ ফেলিয়াই তাঁহার নিজ স্বার্থ-সিদ্ধি বা রাধাদাস্য করিয়া গিয়াছেন। তিনি স্বমুখে বলিয়াছেন,—"নতুবা প্রচারে বাধা দিবে, এত অর্থ ব্যয় করিতে দিবে না, যদি সঙ্গে 'বাণিয়াস্বার্থ' যুক্ত না থাকে।"

শ্রীল প্রভুপাদ অতৃপ্ত-প্রতিষ্ঠাকাঙ্ক্ষী আমাকে কতভাবে প্রতিষ্ঠা দিয়া, আমাকে সরকারী খেতাবে ভূষিত করিবার জন্য বৈষ্ণবগণের রক্ত-জলকরা অর্থ ব্যয় করিয়া, আমার জড়াবস্থার্জনের প্রতিষ্ঠা-প্রাপ্তির জন্য বিশ্ববিদ্যালয়ের কর্ণধারগণের নিকট পর্য্যন্ত স্বয়ং সুপারিশ করিয়া, আমাকে কত শাল, আলোয়ান, কনক (টাকা), কাশিপু (শয্যা) —নিজ শয্যা পর্য্যন্ত প্রভৃতি কমার্শিয়াল ইন্টারেষ্ট-এ প্রলুব্ধ করিয়া নিজ-রাধা-দাস্য করিয়া গিয়াছেন।

এই প্রসঙ্গে একটি কথা মনে পড়িল। প্রায় পনেরো বৎসর পূর্ব্বের কথা। তখন ১নং উল্টাডিঙ্গি জংশন রোডে শ্রীগৌড়ীয়-মঠ। পণ্ডিত শ্রীমদ্ গৌরদাস ব্রহ্মচারী কিছু সংস্কৃত ব্যাকরণ পড়িবার অনুমতি লাভের জন্য শ্রীল প্রভুপাদের নিকট আবেদন জানাইলেন। পণ্ডিত শ্রীগৌরদাসের ইচ্ছা —তিনি হরিনামামৃত ব্যাকরণে পারদর্শিতা লাভ করিয়া শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্র অধ্যয়ন করিবেন। কিন্তু শ্রীল প্রভুপাদ পণ্ডিত শ্রীগৌরদাসকে এবিষয়ে উৎসাহ প্রদান করা দূরে থাকুক, বরং হরিভজন করিতে আসিয়া ঐরূপ ব্যাকরণ পড়িতে গেলে নানাপ্রকার দুর্ব্বুদ্ধির উদয় হইতে পারে, এইরূপ উপদেশ দিলেন। কোন একব্যক্তি শ্রীল প্রভুপাদ ও শ্রীল গৌরকিশোর প্রভুর নিকট হরিভজনার্থ আসিবার অভিনয় করিয়া ব্যাকরণ অধ্যয়নে রুচিবিশিষ্ট হওয়ার পরে তাড়াটিয়া বণিক হইয়া হরিভজন হইতে পতিত ও বৈষ্ণব-পরাধী হইয়া পড়িয়াছিল, তাহাও শ্রীল প্রভুপাদ জানাইলেন। বরং ব্যাকরণ পড়িবার পরিবর্ত্তে গৌড়ীয়-প্রিন্টিং-ওয়ার্কসে সেবার কার্য্য করিলে অধিক মঙ্গল হইবে, ইহা জানাইলেন। আমরা শ্রীল প্রভুপাদের এইরূপ উপদেশ ও সিদ্ধান্তে তাঁহার অবকুণ্ঠ স্বরূপ ও শিষ্যকে শাসনযোগ্য বিচারে অযাচিত কৃপা করিবার আদর্শ দেখিতে পাই। আবার সেই শ্রীল প্রভুপাদই যখন তাঁহার বঞ্চনার মূর্ত্তি প্রকাশ করিতেন, তখন বিদ্যাভিমানী ব্যক্তির জড়বিদ্যা ও জড়প্রতিষ্ঠা সংগ্রহের ইন্ধনও স্বহস্তে যোগাইয়া দিতেন, ইহাও দেখা গিয়াছে।

শ্রীল আচার্য্যদেবের সম্বন্ধে একটী কথা আমি জানি। একবার 'ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট' হইতে শ্রীমান্ কৃষ্ণদাস প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া ইন্টার-মিডিয়েট পড়িবার জন্য কলিকাতা শ্রীগৌড়ীয়-মঠে বাসস্থান ও দুই বেলা প্রসাদ প্রার্থনা করে। তাহাতে শ্রীল আচার্য্যদেব বলেন,— 'ওকস্মাৎ মঠ ঐ উদ্দেশ্যে স্থাপিত হয় নাই।' ইহা শুনিয়া অত্যন্ত অভিমান-ভরে শ্রীমান্ কৃষ্ণদাস বলে যে, 'অমুক, অমুক ছেলে এখানে উত্তম ভোজন, উত্তম বাসস্থান, এমন কি তাহাদের গৃহশিক্ষকবর্গের জন্য পর্য্যন্ত বাসস্থান ও আহারাদির সংস্থান লাভ করিয়াছে, আর আমার আত্মীয়বর্গ এখানে সর্ব্বস্ব পরিত্যাগ করিয়া নিশদিন কত সেবা করিতেছেন, আমি কি দুই বেলা দুই মুঠি প্রসাদও পাইতে পারি না? কত বাহিরের লোকে কত প্রসাদ নিত্য পাইয়া থাকে।'

এই কথা শুনিয়া শ্রীল আচার্য্যদেব শ্রীমানের প্রতি যে ক্রোধ প্রকাশ করিয়াছিলেন, তাহা আমার ব্যক্ত করা অসম্ভব। আচার্য্যদেব বলিয়াছিলেন,—'আমরা শ্রীল প্রভুপাদের নিকট হইতে কিছু আদায় করিবার জন্য এখানে আসি নাই, 'বকল-কলতরু পুরান'—অন্যের দৃষ্টান্ত দেখিয়া আমরা চলিব না। শ্রীল প্রভুপাদের যোল আনা ইন্দ্রিয়তর্পণ বা শ্রীমন্মহাপ্রভুর সেবার পরিবর্ত্তে যাঁহাদের দ্বারা কিছু আদায় করিবার বিন্দুমাত্র অনুরোধ বা উপরোধ ব্যবহার করিবে, তাহাদিগের সহিত আমার কোন সম্বন্ধ নাই; তুই চিরকাল মূর্খ হইয়া থাকিলে এমন কি অধঃপাতে চলিয়া গেলেও আমি শ্রীল প্রভুপাদের দ্বারা—কৃষ্ণের প্রিয়তম বিগ্রহের দ্বারা তোর সেবা করাইব না।'

এখানেই শ্রীল প্রভুপাদের বঞ্চনা-লীলার সেবক ও শ্রীভক্তিসিদ্ধান্তসরস্বতী সেবকের পরিচয় পাওয়া যায়।

শ্রীল প্রভুপাদ 'ভাড়াটিয়া,—ভক্ত নহে' প্রবন্ধে লিখিয়াছেন—'কৃষ্ণানুশীলনের নামে নিজকে জড়ের নিকট ভাড়া দিলে গৌরসেবা হয় না। যেহেতু আত্মজ্ঞান হইলে জড়ের মুখমূল্য ভাড়া আদায় করিতে হয়।'

—(সজ্জনতোষণী ২০শ বর্ষ ৭ম সংখ্যা)

শ্রীমন্মহাপ্রভুর বাণীতেও শুনিতে পাই—

দাস করি' বেতন মোরে দেহ প্রেমধন॥

—(চৈঃ চঃ অঃ ২০।৩৭)

শ্রীপ্রহ্লাদ মহারাজের বাণীতেও শুনিতে পাই—

যস্ত আশিষ এব আশাস্তে ন স ভৃত্যঃ

স বৈ বণিক্।

শ্রীল প্রভুপাদ অনেক সময়ই 'পণ্যানীতি' শব্দটি ব্যবহার করিতেন। শ্রীল প্রভুপাদের এই সকল সিদ্ধান্তে তাঁহার অবঞ্চক-স্বরূপ প্রকাশিত, অথচ শ্রীল প্রভুপাদই আবার যখন অপরকে পণ্যানীতিতে প্রলুব্ধ, পাটোয়ারী বুদ্ধিতে নিযুক্ত, দুর্বিপাক-দ্বারা বঞ্চিত করিতেন, তখন তাহা শ্রীল প্রভুপাদের বঞ্চনালীলা ব্যতীত আর কি? তবে যে শ্রীল প্রভুপাদ বঞ্চিত ব্যক্তিগণকে লোক-ব্যবহারে অত্যন্ত আদর, অত্যন্ত সম্মান, অভূতপূর্ব্ব প্রতিষ্ঠাপ্রদান ও তাঁহাদের প্রশংসিকাগানে পঞ্চমুখ হইতেন, তাঁহাদের বিরুদ্ধবাদিগণের মুখ নিরস্ত করিতেন, ইহার মূলে কি রহস্য আছে? এই কথার উত্তর সেই এক কথাতেই দেওয়া যায়, ইহাও তাঁহার রাধাদাস্যেরই রহস্য। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—

'অচিন্ত্য বেদাস্তের কথায় সান্নিধ্যাভাব ঘটিলে ব্যক্তিবিশেষের আনন্দবর্দ্ধনের জন্য তাহার শুশ্রূষা করাই আবশ্যক, অন্য কোন কার্য্য আমাদের নাই, কেন না আমরা রাইকানুর সেবকমনে নিত্য সুখসাধক।'

যাঁহারা শ্রীল প্রভুপাদের রাধাদাস্যময়ী সিদ্ধান্তবাণী ধরিতে পারেন নাই, তাঁহারা শ্রীল প্রভুপাদকে অনেক সময় একদেশদর্শী বা একচক্ষু মনে করিয়া বিশ্রান্ত ও শ্রীল প্রভুপাদের স্নেহ ও কৃপা হইতে বঞ্চিত হইয়াছেন। শ্রীবার্ষভানবীর জটিলার প্রতি যে গৌরববুদ্ধি, সম্মান, আদর, পরিচর্য্যা, শুশ্রূষা এবং বার্ষভানবীর অভিমন্যুর প্রতি যে গৌরব-জ্ঞান, প্রিয়জ্ঞান বা প্রতিজ্ঞানের অভিনয়, উহাকে শ্রীবার্ষভানবীর বঞ্চনালীলা জানিয়া শ্রীবার্ষভানবীর অনুকূল পথে চলাই অনুকূল-কৃষ্ণানুশীলন। শ্রীবার্ষভানবীর বঞ্চনালীলার প্রতিকূল আচরণ করিলে বার্ষভানবীর সুখ-কামনা করা হয় না। শ্রীল প্রভুপাদের রাধাদাস্যের অনুসরণ করাই আমাদের নিত্যধর্ম।

শ্রীল প্রভুপাদ গাহিয়াছেন,—

"রাধাদাস্যে রহি, ছাড় ভোগ অহি,
প্রতিষ্ঠাশা নহে কীর্ত্তন গৌরব।"

শ্রীল প্রভুপাদ প্রতিষ্ঠাকামিগণকে উচ্চতম প্রতিষ্ঠা প্রদান করিয়া, অজ্ঞাভিলাষি-গণকে জড়ের অভিলাষের যাবতীয় শ্রেষ্ঠ সামগ্রী প্রদান করিয়া যে রাধাদাস্যের পূর্ণতম আদর্শ প্রকট করিয়াছেন, তৎপ্রতি মৎসর হইলে আমাদের কুবিষয় ও জড়প্রতিষ্ঠা-বিষ্ঠা ভোজন করিতে হইবে, রাধা-নিত্যজন শ্রীল প্রভুপাদের সেবা হইবে না। অপরে শ্রীল প্রভুপাদের নিকট হইতে কনক-কামিনী-প্রতিষ্ঠা আদায় করিয়া "কৃতকৃতার্থোঽস্মি" বলিয়া নৃত্য করিতে থাকুন, কিন্তু আমরা কিছুতেই তাঁহাদিগের প্রতি মৎসরতা অবলম্বন করিব না, আমরা শ্রীল প্রভুপাদের ভক্তিসিদ্ধান্তবাণীর শ্রীচরণ-সন্ধুক্ষণের জন্যই বৈষ্ণবগণের নিত্যকৃপা বাঞ্ছা করিব।

শ্রীল প্রভুপাদ শ্রীরাধাকুণ্ডে ভক্তিসিদ্ধান্ত-সরস্বতীমুখে কাঙ্ক্ষেশ্বরীর যে সেবাদর্শ সংস্থাপন করিয়াছেন, শ্রীকুণ্ডতটে শ্রীরূপের যে উপদেশামৃত বিতরণ করিয়াছেন, শ্রীল প্রভুপাদের সেই সকল রাধাদাস্যের আদর্শ পরিত্যাগ করিয়া আমরা পুষ্টিমার্গীগণের আবার রাধাদাস্য-বিরোধি-বিচারে ধাবিত হইব না। রাগানুগপথ ও পুষ্টিমার্গ দেখিতে ও শুনিতে একই জাতীয় হইলেও সেখানে শুদ্ধভক্তিসিদ্ধান্তকে ধামাচাপা দিয়া চিজ্জড়-সমন্বয়বাদের আহ্বান করিব না। গর্গোদ্দেশকারীর সেবা অপেক্ষা জটিলা-বঞ্চনাময় রাধা-দাস্যকে অধিকতর জটিল মনে হইলেও তাহা শ্রীরূপানুগগণের অপ্রাকৃত সহজ ধর্ম। শ্রীল প্রভুপাদ সেই রূপানুগগণের শিরোমণি।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা:—১ম খণ্ড ৮০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৮০; ৪র্থ খণ্ড—৮০ আনা।

প্রাপ্তিস্থান শ্রীধাম-মায়াপুর, শ্রীচৈতন্যমঠ

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, অধুনা শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীমন্দিরের অভ্যন্তরে শ্রীচৈতন্য, গুরুবর্গ-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর-গোপাল আচার্য্য চতুষ্টয় বিরাজ করিতেছেন। সুপ্রাচীন প্রত্ন-[illegible] 'নদীয়া-প্রকাশ' যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) গৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার পো:, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৪। কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সঙ্কীর্ত্তন, প্রত্যহ চতুর্থ বেলায় শ্রীমদ্ভাগবতের তত্ত্ব-গ্রন্থের সম্যক আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও চারখানি পাক্ষিক ও ত্রৈমাসিক পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—[illegible] শ্রীপাদ [illegible] রায় ভক্তিবিবেক।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পো: শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্ কুঞ্জবিহারী [illegible] মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পো: শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পো: শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং [illegible] বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-প্রাপ্ত চাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পো: স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগদানন্দদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পো: সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ শ্রীদ্বিজবাণীনাথ প্রকটিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পো: জাহ্নগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিশ্বরূপ[illegible] ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পো: জাহ্নগর, (বর্দ্ধমান)

শ্রীবাসুদেবের ঠাকুর বৃন্দাবনের স্থান। রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ

পো: শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ

মাজিদা (শ্রীনৃসিংহদেবের পল্লীর নিকটবর্ত্তী)

পো: কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুঞ্জকুটীর

পো: কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীপার্থিবদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পো: কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পো: হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁটাগাছি, পো: চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) ব্রাহ্মণ বাট-গৌড়ীয়মঠাসন

রক্ষক—শ্রীভূতেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুঁড়া গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মদন গৌড়ীয়মঠ

নারিন্দা পো: ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহা মহোপদেশক শ্রীকুঞ্জানন্দ বিদ্যাবিনোদ বি-এ।

(২৪) গোপালজীউমঠ

কমলাপুর, পো: ঢাকা

রক্ষক—শ্রীপ্রাণদাস ব্রজবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পো: বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রীগৌরকৃষ্ণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

ময়মনসিংহ, পো: ময়মনসিং

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীঅভয় ভক্তিশাস্ত্রী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পো: গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পো: চক্চকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

জলাপাহাড়, দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারঙ্গ-গৌড়ীয়মঠপীঠ

পো: হরিদ্বার, জি: সাহারণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোবিন্দানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পো: বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীবংশীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পো: দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক শ্রীরূপবিলাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

৪৩নং কালভৈরব, বেনারস সিটি

রক্ষক—শ্রীআনন্দময় ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রী[illegible]নন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পো: নিমসার, সীতাপুর ইউ, পি।

রক্ষক—শ্রীঅনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পো: মথুরা

রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রীভক্তিবিজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্য মঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ-সুখদকুঞ্জ

পো: রাধাকুণ্ড। মথুরা

রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গৌড়ীপাটি

রক্ষক—মুক্ত শ্রীগৌরাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) নন্দন বিহারী মঠ

বর্ষাণ মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পো: নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পো: বর্ষাণা, মথুরা

(৪৭) গোপীবিহারী মঠ—লেখাপাড়ি,

পো: ফেরোজপুর, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগোপীবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পো: থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনমালিগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং ওয়েদান রোড, নিউ দিল্লী;

রক্ষক—শ্রীগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়া ট্যাঙ্ক রোড, ক্যাম্বালা হিল, বোম্বে ৭

রক্ষক—শ্রীঅখিল ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পো: রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ ভক্তীষ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রায়রামানন্দ গৌড়ীয়মঠ

পো: কভুর, জেলা গোদাবরী (মাদ্রাজ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যারত্ন

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পো: ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পো: পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) দামোদরকুটী

রক্ষক—শ্রীভক্তিপ্রদীপ দাসাধিকারী

(৫৭) সিমলিয়া-গৌড়ীয়মঠ

পো: ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রীকেশবানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

বালুবাজার?, পো: কটক (উড়িষ্যা)

রক্ষক—শ্রীনিমাইশরণ দাসাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীরাধা মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকন্দিয়া, পো: বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীজগন্নাথদাস ব্রজবাসী ভক্তিবান্ধব

(৬১) অমর্ষি গৌড়ীয়মঠ

পো: অমর্ষি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পো: মাড় (বাঁকুড়া)

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পো: বাঙ্কীম (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীঅদ্বৈত? দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

কুষ্ণকুঞ্জ?, পো: চিত্রকুট?, (বাঁকুড়া)

রক্ষক—শ্রীরমানাথ দেবশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

৮০নং [illegible] ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউন রোড

গ্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীগৌরগোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) গৌড়ীয়মঠ অফিস

৭০ চাটার্জ্জি রোড

হিউয়েট রোড, লক্ষ্ণৌ, ইউ-পি)

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধভূষণ চক্রবর্তী প্রত্নবিদ্যার্ণবের সম্পাদকত্বে
শ্রীহয়ানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলিকাতার বাজার দর

২৮শে জানুয়ারী ১৯৩৮

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	পাইকারী দর
বালাম	৬॥০
ঢাকা চাল	৫৸০
ঐ নতুন	৫৲
কাটারীভোগ	৭৲-৭॥০
দাদখানী	৫॥০
রামশাল নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
এক্সপোর্ট	৪৲
সিদ্ধ রেঙ্গুন	৩।৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪॥০
পেশোয়ারী	১০৲-১০।০
দাদখানী আতপ	৫।০-৫।৴
ঐ বাঁশমতি	৫৲-৫৵০
লাইনাই আতপ	৫।০-৫।০
কাটারীভোগ	৭৲
ঐ রেঙ্গুন	৩৵০

চিনির দর

কাশীপুর চিনি	১০।৵০
জাভা ১০০০ নং	১০৵০
বড়োদা সাদা	৯।০
নম্বর সাদা	৮।০—৯৵০
নম্বর লাল	৭।৴০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

রূপালের বার	৩৪।০
রুপো	২২৲
চাঁদির বার	৫০।০

পাটের দর

বংশ—	৪০৸০
বন—	৪০।০
বন—	৪১।০
লাল বস্তের দর—	৪১৲

আটা ও ময়দার দর

মিলের ময়দা প্রতি মণ	৬।০—৬।৵
বেকারীর ঐ	৬৲—৬৵০
উৎকৃষ্ট ঐ	৫৵০—৫৸০
ঝা	৬৲—৬৵০
টা (বি)	৫৸০—৫৸৵০
টা নং (২	৫৴০—৫।৴০
টা (এস)	৫৲—৫।০
টা (কে)	৪৸০—৪৸৵০
টা নং (৩)	২৸০—২৸৵০
ঘলাই	১৸৵০—১৸০
ম	১৸৵০—১৸৵০

সুতের দর

মন	৫৭৲
দৌড়	৫৭৲
দেশী	৫০৲
বী	৬৫৲
বিলাতি	৩৬।০

জার	৪৬৲
কাবুলে	৩৬৲
ঢাকা পাতলা	৪১৸০
২৬ গেজ—	১৭৸০
গ্যাঃ মটকা ২৪—৩০ গেজ	১০৲

লৌহ ও হার্ডওয়ার

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (কড়ি বা বীম)

মার্কা	৮৸৴০—৯।০
ঐ বে মার্কা,হালকা ওজন	৮৲—৮।০
ঐ টাটা স্টেনড্রেড গর্ডার বীম সব সাইজ	৯।৴
ঐ ইংলিশ গর্ডার (বীম)	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮৸০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৮।০—৯৸৵০

টাটা গ্যাঃ করগেট সিট।

২৪ গেজ—	১৪৲
২৬ গেজ—	১৬৸০
২৮ গেজ—	১৮৲
টাটা গ্যাঃ প্লেন সীট	১৮৵০
২৪ গেজ—	১৪।৵০
২৬ গেজ—	১৬।৴০
২৮ গেজ—	

ইংলিশ গ্যাঃ করগেট।

২৪ গেজ—	১৫৲
সীস	।৵৫—৸৵০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০।০
সেট কাটিং বা ছিট কাটা দর	৩।০—৩৸০

পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা

৬।০—৭৲ হন্দর

গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন পাটি, গোলটু, গরাদে	৮৸০—৯।০

গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের

রড ৮৸০—১০।০

মুঃ ইস্পাত আসল ২৫৲, নকল ২৩।০

চটকলের হালদণ ৫৵০, পাটের হালদণ ৩॥০

তুলার তালদণ ৪।০

জুতের দর

কলিকাতা ২৬শে জুন,

আমের গোলার কাইন	৫৫৲
মিট্ল আমের কড়কচ	৫০৲
কবাটি পুরনিয় কাইন	৪৩৲
রাধার্ণ খাবা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

প্রতি মণ

লবণ সাদা	৵০
সুপারী দেশী	১৬।০—১৭৲
কাটা সুপারী	
খুচি গরিলম	১৫।০—১৭।০
লঙ্কা নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স্ লিঃ

ডি-৫ জগন্নাথ ঘাট গোলাপটি, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

——(:০:)——

"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অত্যন্ত স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে; বিদ্যালয় ও বোর্ডিং এর সুবিস্তৃত খোলা। শিক্ষকগণ শিক্ষিত ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা খরচে সুন্দর বাসস্থানের ব্যবস্থা আছে। খোরাক ও বোর্ডিংখরচ মাত্র মাসে ৩য় শ্রেণী হইতে ৬ষ্ঠ শ্রেণী পর্য্যন্ত ৬৲ টাকা এবং ৭ম শ্রেণী হইতে ১০ম শ্রেণী পর্য্যন্ত মাত্র ৭৲ টাকা খরচ। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা খরচে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেভ্রোল

——:০:——

ম্যালেরিয়া রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কসের "কেভ্রোল" অমোঘ মহৌষধ। এমন যাদুমন্ত্রের ন্যায় ঔষধ আজ পর্য্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, ডেঙ্গু জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি আমাশা, ধর্মা-পাঁচড়া, দাদটু এবং অন্যান্য পাঁচড়িয়া জ্বরে "কেভ্রোল" ব্রহ্মাস্ত্র। ইহা রক্ত পরিষ্কারের এবং শরীর কান্তিযুক্ত করিবার একমাত্র টনিক।

সেবনবিধি:—জ্বর বন্ধ অবস্থায় পূর্ণ বয়স্কের জন্য ২ ড্রাম বা চা চামচের ২ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর অবধি ১ চামচ জলের সহিত, তাহার কম বয়সে ৩০ ফোটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলেদের জন্য ৫ হইতে ১৫ ফোটা জলের সহিত বিধি। জ্বর অবস্থায় সাগু, বার্লি, ফল ইত্যাদি পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা ৩০ বড় প্রতি শিশি ১৬ মাত্রা মূল্য ১।০ আনা।

দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কস্,

মধুপুর, কৃষ্ণনগর, (নিউ বেঙ্গল)

৭২-২৪১নং গলি পোঃ আঃ টাবওয়ে, রেঙ্গুন।

সর্ব্বত্র বড় বড় দোকানে পাওয়া যায়।

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

বেহালার পাঁচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মৃতপ্রায় পল্লীবাসীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিলেও অত্যুক্তি হয় না। অতি পুরাতন জ্বর, প্লীহা সংযুক্ত ম্যালেরিয়া এবং নূতন ও পুরাতন জ্বরে একবার সেবন করিয়া দেখুন যে আপনার অবস্থা আরোগ্য হয় কিনা। মূল্য ছোট বোতল ৷৵০ আনা, বড় বোতল ১৶০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ওয়েলিংটন ষ্ট্রীট রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির আংশিক জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পরমার্থালোচক সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্পাদিত "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু সুললিত শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৮০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনের	।০	।৵০	।৵০	৴১০
ইঞ্চ	২,	১॥০	১॥০	১,
সিকিকলম	৫,	৪॥০	৪,	৩,
অর্দ্ধকলম	৮,	৭,	৭,	৫,
এক কলম	১২,	১০,	১০,	৮,

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিবারে প্রতি ইঞ্চি ও	॥০
" সিকি কলম ১৫,	১২,
" অর্দ্ধকলম ২৫,	১৮,
" এক কলম ৩৫,	৩০,

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯,
ষাণ্মাসিক "	৫,
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১

প্রতি সংখ্যা ৫ পয়সা, বিশেষ সংখ্যা ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহোদয় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গ্রেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের লীলাচরিত্র-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডটি ৩৩শ অধ্যায়ে প্রায় ৮০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword, প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মানেজার: গৌড়ীয়মঠ, চাঁদপাড়া মাঠ.রোড; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব.পৃ

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২, স্থলে মাত্র ৬,

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ, ১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

ছাপা হইতেছে।

"শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১৬।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীরূপানুগবর্য্যপাদ
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
নিত্যলীলাপ্রবিষ্ট
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG. NO C 1844

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের-কৃপাভিষিক্ত
আকুমারব্রহ্মচারী
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র প্রচুর-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২২শে মাঘ, ১৩৪৪, ৫ই ফেব্রুয়ারী, ১৯৩৮, শনিবার [সংখ্যা ২৮২]

বিবিধ সংবাদ

—:০:—

পাটনা কলেজের অধ্যক্ষ

পাটনা কলেজের অধ্যক্ষ মিঃ এইচ আর বাথেজা বিহারের শিক্ষা বিভাগের প্রধান ডিরেক্টর মিঃ এফ আর ব্লেয়ার স্থলে পদ গ্রহণ করিবেন। মিঃ বাথেজা আগামী ১৩ই ফেব্রুয়ারী কার্য্যভার গ্রহণ করিবেন।

লর্ড সভা ও কমন্স সভার বৈঠক

বড়দিনের ছুটীর পর ১লা ফেব্রুয়ারী হইতে লর্ড সভা ও কমন্স সভার অধিবেশন আরম্ভ হইয়াছে। পূর্ব্বদিবস প্রধান মন্ত্রী তাঁহার মন্ত্রিসভার বিভিন্ন সহকর্মীর সহিত আলোচনা করেন; সদস্যদিগের মধ্যে স্বরাষ্ট্র-সচিব, পররাষ্ট্র সচিব, রাজস্ব সচিব, এবং প্রিভি কাউন্সিলের লর্ড প্রেসিডেন্টের সহিতও তাঁহার পৃথক্ পৃথক্ আলোচনা হয়।

কমন্স সভার অধিবেশনে পররাষ্ট্র সচিবকে দূরপ্রাচ্য, স্পেন এবং অন্যান্য আন্তর্জাতিক সমস্যা সম্পর্কে প্রশ্ন করা হইবে এবং প্রধান মন্ত্রীকে স্যার ফিন্‌ল্যাটের রিপোর্ট সম্বন্ধে একটি বিবৃতি দিতে বলা হইবে।

পার্লামেন্টের অধিবেশন

বড়দিনের ছুটির পর, ১লা ফেব্রুয়ারী হইতে এবার লর্ড ও কমন্স সভার অধিবেশন আরম্ভ হইয়াছে। ইষ্টার ছুটির পূর্ব্বে আগামী ৮ই এপ্রিল পর্য্যন্ত নিয়মিত অধিবেশন চলিবে। আর্থিক বৎসর শেষ হওয়ার পূর্ব্বে সাধারণতঃ যেরূপ হইয়া থাকে, এবারও তদ্রূপ বহু বিষয়ে আর্থিক ব্যাপারে আলোচনা হইবে। আগামী বৎসরের বাজেট পেশ করার তারিখ এখনও ঠিক হয় নাই।

ওয়ার্কিং কমিটির আসন্ন অধিবেশন

পণ্ডিত জওহরলাল, সর্দ্দার প্যাটেল, শ্রীযুত সুভাষচন্দ্র বসু ও শ্রীযুত জয়রাম দাস দৌলতরাম ওয়ার্দ্ধা রওনা হইয়াছেন। ইহারা আসিলে পর গান্ধীজী যুক্তরাষ্ট্র সম্পর্কে কংগ্রেসের মনোভাব সম্বন্ধে পণ্ডিত জওহরলাল ও শ্রীযুত বসুর সঙ্গে বিশেষভাবে আলোচনা করিবেন। কংগ্রেস ওয়ার্কিং কমিটির বর্ত্তমান অধিবেশনের আলোচ্য বিষয়গুলির মধ্যে ইহাই অন্যতম প্রধান বিষয়।

ওয়ার্কিং কমিটির অধিবেশন সম্ভবতঃ চারিদিন চলিবে। এই সময় সাতটি কংগ্রেসী মন্ত্রিসভার কার্য্যাবলী বিচার করা হইবে এবং হরিপুর কংগ্রেসের জন্য প্রস্তাবের খসড়া রচনা করা হইবে।

ভারত ও জাপানের মধ্যে সংস্কৃতিগত ঐক্য

'জাপান টাইমসে'র প্রেসিডেন্ট ও জাপান প্রতিনিধি সভার সদস্য ডাঃ এইচ্ আসিদার সহিত 'এসোসিয়েটেড প্রেসের' প্রতিনিধি সাক্ষাৎ করিলে ডাঃ আসিদা বলেন যে, বহু শতাব্দী যাবৎ জাপান ও ভারতবর্ষের মধ্যে যে বন্ধুত্ব বন্ধন অটুট রহিয়াছে, ইহা নিজেদের মধ্যে বোঝাপড়া, সহিষ্ণুতা ও সহযোগিতায় অধিকতর দৃঢ় হইবে বলিয়া আমি বিশ্বাস করি।

ডাঃ আসিদা বলেন—"ভারতবর্ষ বর্ত্তমানে এক পরিবর্ত্তনের মধ্য দিয়া চলিয়াছে। নূতন শাসনতন্ত্রে ভারতবাসিগণ এক জটিল সামাজিক ও রাজনৈতিক পরীক্ষার সম্মুখীন হইয়াছে। তথাপি জাপান ও ভারতের মধ্যে যে সংস্কৃতিগত সম্বন্ধ রহিয়াছে, উহা অবিচ্ছেদ্য বলিয়াই আমার মনে হয়। প্রায় চতুর্দ্দশ শতাব্দী পূর্ব্বে বৌদ্ধ ধর্ম্মের মাধ্যমে এই সংস্কৃতিগত সম্বন্ধ স্থাপিত হয়।"

নিখিল ভারত ক্ষেত মজুর সম্মেলন

বিহার প্রাদেশিক ক্ষেত মজুর সভার কর্ম্মকর্ত্তাগণ আগামী কংগ্রেস অধিবেশনের কালে হরিপুরে নিখিল ভারত ক্ষেত মজুর সম্মেলন আহ্বান করিবার বন্দোবস্ত করিতেছেন।

বিহার গবর্ণমেন্টের পার্লামেন্টারী সেক্রেটারী শ্রীযুত জগজীবন রাম মহাশয়কে উক্ত সম্মেলনে সভাপতিত্ব করিবার জন্য অনুরোধ করিয়া এক পত্র লিখিয়াছেন বলিয়া জানা গিয়াছে।

মিঃ ইডেনের জেনেভা হইতে প্রত্যাবর্ত্তন

পররাষ্ট্র সচিব মিঃ ইডেন জেনেভা হইতে লণ্ডনে আসিয়াছেন। রাষ্ট্রসংঘের অন্যান্য অধিবেশনে যোগদান করিবার জন্য বৃটিশ-ডেলিগেশনের নেতা হিসাবে ভাইকাউন্ট ক্র্যানবোর্ণ জেনেভাতেই রহিয়াছেন।

স্কটল্যাণ্ডে শোচনীয় দুর্ঘটনা

স্কটল্যাণ্ডের অন্তর্গত ষ্টার্লিংশায়ারের একটি খাদানে আগুন লাগিয়া ৯ জন শ্রমিকের মৃত্যু হইয়াছে। উদ্ধারের সমস্ত চেষ্টা সত্ত্বেও তাহাদিগকে বাঁচান যায় নাই। দশ ঘণ্টা চেষ্টার পর সাহায্যকারীরা খাদানে প্রবেশ করে; সকলকেই মৃত অবস্থায় দেখিতে পায়।

সাংহাইয়ে জাপ-সামরিক আদালতের বিচার

গত ১লা ফেব্রুয়ারী পররাষ্ট্র-সচিব ব্যারণ হিরোতা প্রতিনিধি পরিষদে ঘোষণা করেন যে, বিদেশী-রা চীনের জাতীয় গবর্ণমেন্টকে যদি অস্ত্রশস্ত্র সরবরাহ করিতে থাকে জাপান কখনও তাহা সহ্য করিবে না। জাপ সরকার নব চীনের সহিত বিভিন্ন বিষয়ে একটা স্বতন্ত্র আর্থিক চুক্তি সম্পাদন করিবার পরিকল্পনা করিয়াছেন। জাপ প্রতিষ্ঠিত চীনের তাঁবেদার রাষ্ট্র জাপানের চীন অভিযানের ব্যয় বহন করিবে এবং জাপান মার্শাল চিয়াং-কাইশেকের নিকট হইতে ক্ষতিপূরণ বাবদ অর্থ দাবী করিবে।

প্রাতঃকালে জাপানের নানা স্থানে কম্যুনিষ্ট বলিয়া বর্ণিত তিন শত লোককে গ্রেপ্তার করা হইয়াছে। তাহাদের বিরুদ্ধে পপুলার ফ্রণ্ট দল গঠনের আন্দোলনে সাহায্য করার অভিযোগ আনা হইয়াছে।

সাংহাইয়ে চীনার প্রাণদণ্ড

হনান জেনারেল কুমিণ্টাং বাহিনীর দ্বিতীয় ব্যাটালিয়ন 'ভারেয়া' জাহাজ যোগে আন্তর্জ্জাতিক এলাকা ত্যাগ করিয়া পুডং অভিমুখে যাত্রা করিয়াছে। সংবাদে প্রকাশ মাত্র তিন জন চীনা সামরিক আদালতের বিচারে দণ্ডিত হয়। জাপ সামরিক কর্তৃপক্ষের আদেশে তাহাদিগকে হত্যা করা হইয়াছে।

ইংলণ্ডে প্রবল ঝড়

গত শনিবার সকাল হইতে ইংলণ্ডের উপর দিয়া প্রবল ঝড় বহিতে থাকে। রবিবার সমস্ত দিন এই ঝড়ের প্রকোপ ছিল। স্কটল্যাণ্ড, আয়র্লণ্ড ও ওয়েলসের উপকূলভাগেই ক্ষতি হইয়াছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সম্পূর্ণ
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। অনুভাষ্য সহিত শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
অনুভাষ্য শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যমঙ্গল [illegible]
৮। সৎক্রিয়াসার-দীপিকা সংস্কার [illegible]
দীপিকা ১।০
৯। বৈষ্ণবদর্শন ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ২৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত্ত-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। বৈষ্ণবোপনিষৎ ।৷
১৮। ব্রাহ্মণ-আচার ।০
১৯। তত্ত্ববিবেক
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয় পঞ্জিকা ।৵
২২ ভজন-রহস্য
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও
শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ২৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল বাঙ্গ ভাষা ।০
২৭। দ্বাদশাঙ্কা গৌরসৌরভঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্ততত্ত্বসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ)
(বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ৷০
৩৩ নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫ গীতমালা ৴১০
৩৬ নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ
৪০। শরণাগতি
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব ৴০
। প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্চ্চনকণ ৴০
৪৭। সদাচারবৃত্তিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৬৲
৫১। বঙ্গসংস্কৃত ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। আচার্য্য ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণভাবনামৃত ৶০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজয়ঃ ।০
৬৩। সটীক-বিশ্বাবলিবুলম্ ।০
৬৪। তত্ত্বসূত্রম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭। সারাঙ্গবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ কিউ ওয়ার্ড স অন বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজী য্যাণ্ড
অন্টলজি ।০
৭২। বিলেটিভ ওয়ার্ল্ডস ।৶০
৭৩। লাইফ য্যাণ্ড প্রিসেপ্টস্ অব
শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। রোবাট গৌড়ীয়মঠ উক ফুইং ৴০
৭৬। দি ভাগবত
৭৭। ইরোটিক প্রিন্সিপাল য্যাণ্ড
আনর‍্যালয়েড ডিভোশন
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভলুম্ ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৩৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী গোস্বামীর পরিকল্পিত গোস্বামী-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪৲। কলিকাতা বাগবাজারের শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ [illegible] সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত—ত্রিদণ্ডিগণের একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীমঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ।১০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ওঁ বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে সঙ্কলিত করা
হইয়াছে।

—— :o: ——

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ মহাপ্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১২শ বর্ষ { ২০ মাধব গৌরাব্দ ৪৫১, ২২শে মাঘ বঙ্গাব্দ ১৩৪৪, ৫ই ফেব্রুয়ারী ইং ১৯৩৮, শনিবার, } ২৮২তম সংখ্যা।

প্রচার-প্রসঙ্গ

শ্রীকুঞ্জকুটীরে শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তন

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের শাখামঠ কৃষ্ণনগর শ্রীকুঞ্জকুটীরে জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের একান্ত অনুগত এ নির্দ্দেশানুসারে প্রাতে শ্রীচৈতন্য-ভাগবত পাঠ ও কীর্ত্তন, মধ্যাহ্নে ভোগরাগ ও রাত্রে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ গান্ধর্ব্বিকা-গিরিধারীজীউর সন্ধ্যারাত্রিকের পর বিবিধ মহাজন-পদাবলী কীর্ত্তন, শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও মহামন্ত্র উচ্চভাবে কীর্ত্তিত হইতে ছেন।

গত ৩০।১।৩৮ তারিখে সন্ধ্যার সময় শ্রীধাম হইতে কলিকাতাভিমুখে যাত্রাকালীন গৌড়ীয়-মিশনের ভাইস্ প্রেসিডেন্ট মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু, শ্রীগৌড়ীয়মঠ-সেক্রেটারী মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর প্রভু মায়াপুর এষ্টেটের ম্যানেজার শ্রীপাদ ... ব্রহ্মচারী ভক্ত্যালোক প্রভু শ্রীকুঞ্জকুটীরে উপস্থিত হইয়া রাত্রি যাপন করেন।

পরদিন সকাল সকালে শুভাগমন পঞ্চক্ত কীর্ত্তনের পর বেলা ৭টা হইতে ৮।০টা পর্যন্ত মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু শ্রীচৈতন্যভাগবতের আদি খণ্ড পঞ্চম পরিচ্ছেদ হইতে শ্রীমহাপ্রভুর বাল্যলীলা-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠ প্রসঙ্গে পণ্ডিতজী "সর্ব্বদা সততং বিষ্ণুঃ", 'যেন কেনাপ্যুপায়েন মনঃ কৃষ্ণে নিবেশয়েৎ', 'অবিস্মৃতিঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ', 'সর্ব্বদা মম চেতঃ, কৃষ্ণপাদারবিন্দে', 'আরাধিতো যদি হরিস্তপসা ততঃ কিম্', 'বাসুদেবপরা বিদ্যা', এবং কৃষ্ণদাসকবিরাজের 'সত্যশাস্ত্রবিদ্যা' প্রভৃতি বহু শাস্ত্রবাণী কীর্ত্তন করেন। পরে তিন প্রকারের কর্ম্মী, জ্ঞানী ও যোগীর হৃদয়ঙ্গমপর-বিচারবৈষম্য হইতে তাহাদের ভেদ ও শক্তি করেন এবং ... শ্রীহরির উদ্দেশে ... শ্রেষ্ঠ বলিয়া ভক্তের শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করেন। জীব অণুচিৎ, স্বরূপে স্বাস্থ্যে থাকিয়া বৃহৎ চৈতন্য সচ্চিদানন্দময় ভগবানের সেবা দ্বারা নিত্যকাল নিত্যানন্দ লাভ করে। দণ্ডকৃষ্ণিকায় বা সেবায় Circles না পীড়ান পর্য্যন্ত সর্ব্বক্ষণ সর্ব্ব জীবের সাধুসঙ্গে ভজন সাধন করা নিত্য প্রয়োজনের বিষয় বলিয়া ... বুঝাইয়া দেন।

পাঠের পর শ্রীপাদ কেবটী ব্রহ্মচারীজীর সুমধুরস্বরে মহামন্ত্র কীর্ত্তন হয়। ঐদিন প্রাতঃ ৭০ টার সময় তাঁহারা কলিকাতা রওনা হন।

পুরীতে

গত ১৭ই জানুয়ারী পুরী হোতে ... মহোদয় কর্ত্তৃক নিমন্ত্রিত হইয়া শ্রীপুরুষোত্তম মঠের সেবকবৃন্দ তথায় উপস্থিত হন। শ্রীপাদ গৌরহরি ব্রহ্মচারীজী সুমধুরস্বরে মহাজনপদাবলী কীর্ত্তন করার পর উক্ত মঠের অন্যতম সেবক শ্রীপাদ গৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারীজী শ্রীমদ্ভাগবতের ৫ম স্কন্ধের একত্রিংশ অধ্যায় পাঠ করেন। প্রসঙ্গক্রমে মায়াবাদ গোস্বামী কর্ত্তৃক উপদেশ প্রদান প্রসঙ্গ ব্যাখ্যা করিতে যাইয়া ব্রহ্মচারীজী বলেন—মানবগণ স্বীয় চরম ধর্ম্মে নিত্য-ধর্ম্ম হইতে চ্যুত হইয়া নৈমিত্তিক ধর্ম্মকেই নিত্যধর্ম্ম বলিয়া মনে করে এবং স্ব-স্ব রুচির তারতম্য অনুসারে বিভিন্ন দেবদেবীর আরাধনা করিয়া পুনঃ পুনঃ জন্মমরণকে বরণ করে। অন্যান্য দেবদেবীগণের আরাধনা করিয়া মানব যে অনিত্য অমঙ্গল ফল প্রাপ্ত হয় তাহা জীবের স্বধর্ম্ম নহে। যেহেতু আত্মবৃত্তি রূপ নিবৃত্তি জীবকে ক্ষুদ্র ক্ষুদ্র কামনা-পূর্ণের জন্য আধিকারিক দেবতাগণের আরাধনায় নিযুক্ত করে। এই প্রকার উপাসক সকল হইতে বিরত হইয়া সাধুসঙ্গে সদ্গুরুর আনুগত্যে যদি শ্রীহরির আরাধনা করেন তাহা হইলে আর ক্ষুদ্র অনিত্য ফল লাভের জন্য তাঁহাদের চেষ্টিত হইতে হয় না।

ভেরুলে

আকরমঠরাজ শ্রীচৈতন্য মঠের অন্যতম সেবক শ্রীপাদ হরিজনদাস ব্রহ্মচারীজী গত ৩০।১।৩৮ তারিখে ভেরুলের ... শ্রীযুক্ত আর, কে, ... মহাশয়ের বাসায় শ্রীচৈতন্যচরিতামৃত হইতে শ্রীসনাতনশিক্ষা পাঠ করেন। তৎপরদিবস শ্রীযুক্ত এ, সি, ... মহাশয়ের বাসায় শ্রীচৈতন্যচরিতামৃত হইতে ক্ষীরচোরা গোপীনাথ উপাখ্যান পাঠ করেন। পাঠের আদি ও অন্তে শ্রীপাদ ... সুমধুরস্বরে "গোপীনাথ মম নিবেদন শুন" ইত্যাদি মহাজনপদাবলী ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

মেদিনীপুরে

গত ১১।১।৩৮ তাং ... নিবাসী শ্রীযুক্ত ... মহাশয়ের বাড়ীতে ছায়াচিত্রযোগে শ্রীগৌড়ীয়মঠের প্রচারকগণ কর্ত্তৃক শ্রীকৃষ্ণলীলা দেখান হয়। সভার আদি ও অন্তে মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

প্রচারকগণ গত ২০।১।৩৮ ইং তাং ... হইতে ... শ্রীযুক্ত ... মহাশয়ের বিশেষ ... আগমন করেন। ... শিবরাত্রি নাটমন্দিরে শ্রীপাদ ... ব্রহ্মচারীজী 'নাম ও সেবা' সম্বন্ধে আধঘণ্টাকাল বক্তৃতা করেন ও উপদেশক শ্রীপাদ ভক্তিসৌরভ ভক্তিবৈভব ... উক্ত বিষয়ে প্রায় ৪০ মিনিটকাল ... বক্তৃতা প্রদান করেন। ২১।১।৩৮ তাং উক্ত ... নাটমন্দিরে ছায়াচিত্রযোগে শ্রীগৌরলীলা দেখান হয়। উক্ত দিবস প্রায় সহস্রাধিক লোকের সমাগম হয়।

বিশেষ দ্রষ্টব্য

শ্রীশ্রীশ্রীল প্রভুপাদের আবির্ভাব-তিথি উপলক্ষে পেস বন্ধ থাকায় আগামী সোমবার দৈনিক নদীয়াপ্রকাশ প্রকাশিত হইবেন না।

"শুধু একরূপ হন শাস্ত্রের প্রমাণে। শুদ্ধরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে।"

"শ্রীগুরুদেব ও ভাগবত বৈষ্ণব কৃষ্ণের চিদ্ বিলাসভূমি;—তাঁহাদের হৃদয়েই কৃষ্ণের অবস্থিতি। ঈশ্বর-তত্ত্ব —সকলকে কৃষ্ণাভিলাষের উপকরণ না জানিতে পারিলেই 'দীক্ষা' (মত্ত) বিচার আসিয়া নিত্য-স্বরূপের প্রকাশ হয়। শ্রীগুরুপাদপদ্মের সম্বন্ধে জগদ্দর্শন না হইলে কার্পটিক সম্বন্ধ-জ্ঞান ভোগ ও ত্যাগ বিচার আসিয়া সাধকের সর্বনাশ সাধন করে।"

(শ্রীল আচার্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী

গোস্বামী ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২০ মাধব অবতার শ্রীগৌরাব্দ গৌরাব্দ ৪৫১

শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াদেবী

——::o::——

আজ বৈকুণ্ঠপতি ভগবান্ শ্রীগৌর নারায়ণের ভগবতী শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর আবির্ভাব-তিথিবাসর কৃপাপূর্বক আমাদিগকে সেবাসুযোগ প্রদান করিবার নিমিত্ত সমাগত হইয়াছেন। আমরা গুরুবৈষ্ণবগণের সংকীর্তনমুখে এই তিথিবাসর আরাধনা করিবার আশা হৃদয়ে পোষণ করিয়া তাঁহাদের নিকট কৃপাভিক্ষা করিতেছি। এই তিথি সুমেধঃপতিগণ বা মাধবতিথি; সুতরাং হরিসেবাকাঙ্ক্ষী জীবমাত্রেরই অবশ্য পালনীয়া। তাই শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

মাধব-তিথি ভক্তি জননী
যতনে পালন করি।
কৃষ্ণবসতি বসতি বলি'
পরম আদরে বরি॥

এই সুমেধঃতিথিতে গৌরপ্রিয়া শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর কথা আলোচনার আলো ক্রম করিবার প্রয়াস পাইতেছি। শ্রীশ্রীল প্রভুপাদ ও শ্রীশ্রীল আচার্যদেব আমাদের হৃদয়ে অনুকীর্তনের বল প্রদান করুন—ইহাই তাঁহাদের শ্রীচরণে আমাদের প্রার্থনা।

ঐশ্বর্যপ্রকাশবিগ্রহ পরব্রহ্ম শ্রীনারায়ণে শ্রী ও লীলা বা লীলা নামে তিন শক্তি আছে। কমলা বা লক্ষ্মী—'শ্রী'-শক্তি। বিষ্ণুপ্রিয়া—'ভূ'শক্তি। আর নারায়ণের পারমার্থিকী আহ্লাদিকা 'স্বরূপশক্তি—'লীলা'শক্তি; ইঁহাকেই চিৎ-শক্তি বলে, ইনি জগতের আধারস্বরূপা। গৌরনারায়ণে এক তিন শক্তি বর্তমান। ইঁহাকে নারায়ণের নিত্যকালই বিরাজিত। শ্রীমহাপ্রভু সাক্ষাৎ কৃষ্ণ, সুতরাং তাঁহাতে কোন শক্তির অভাব নাই। শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী ভূশক্তিস্বরূপিণী; তাঁহার পতি—শ্রীগৌরনারায়ণ। গৌরগণোদ্দেশ-দীপিকায় আমরা দেখিতে পাই, -

শ্রীসনাতনো-মশেহয়ং পুরা সত্রাজিতো নৃপঃ।
বিষ্ণুপ্রিয়া জগন্মাতা যৎকন্যা ভূস্বরূপিণী॥

অর্থাৎ দ্বাপরে যিনি সত্রাজিৎ রাজা ছিলেন তিনি গৌরলীলায় সনাতন রাজপণ্ডিত নামে আবির্ভূত হইয়াছেন। ভূস্বরূপিণী জগন্মাতা 'বিষ্ণুপ্রিয়া দেবী ইঁহারই কন্যা।

অর্চনমার্গে শ্রীগৌর-বিষ্ণুপ্রিয়া পূজিত হন। আর ভজনমার্গে শ্রীগৌর-গদাধরের সেবা—ইহাই 'বিধি'। অর্চনমার্গে স্বরূপবুদ্ধি বা ঐশ্বর্য প্রবল। বৈধ অর্চনকারী যে রাধা-কৃষ্ণের পূজা করেন তাহাতে রাধাকৃষ্ণকে শ্রীলক্ষ্মী-নারায়ণবৎই পূজা করিয়া থাকে। কারণ ঐশ্বর্য-শিথিল প্রেমে কৃষ্ণের প্রীতির সেবা হইতে পারে না। ঐশ্বর্য বুদ্ধির প্রাবল্য বশতঃ বৈধ অর্চনকারী কৃষ্ণকে তাঁহার উচ্ছিষ্ট ভোজন করাইতে সাহসী হন না। কিংবা তাঁহার সাক্ষাৎ দেখাইয়া অধিকার লঙ্ঘন করেন না। সুতরাং তাঁহার ঐশ্বর্য বুদ্ধিতে যে পূজা তাহা রাধাকৃষ্ণকে লক্ষ্মী-নারায়ণের পূজা। কিন্তু ভজনমার্গে এরূপ ঐশ্বর্য বা সম্ভ্রমবুদ্ধির কথা নাই। অতএব রাগমার্গে শ্রীগৌরসুন্দর সেবক হইয়া থাকেন। ভূস্বরূপিণী শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী নারায়ণের শক্তি। সুতরাং শ্রীগৌরনারায়ণের পূজা—'বিষ্ণু'প্রিয়ার আনুগত্যে গৌরপূজা এবং লক্ষ্মীনারায়ণ এবং পূজা হইতে আর সর্বশ্রেষ্ঠ কিন্তু শ্রীকৃষ্ণ নারায়ণ একাধারে উপাসক। এইটি তাঁহাদের একটি বস্তু গৌর-বিষ্ণুপ্রিয়ার উপাসকগণের কিন্তু এই লক্ষ্মীনারায়ণের উপাস্য শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী গৌরসুন্দরের প্রেমভক্তিসম্প্রদায়কারিণী। তিনি নিজসঙ্গবিগ্রহ গৌরসুন্দরের রসপরিপোষণকারিণী। আর শ্রীগদাধর শ্রীগৌরসুন্দরের বিপ্রলম্ভ রসের সর্বশ্রেষ্ঠ সহায়কারী। এইখানেই গৌরবিষ্ণুপ্রিয়া ও গৌরগদাধরের সেবার বৈশিষ্ট্য ও উৎকর্ষ।

নাট্যলীলায় মহাপ্রভু নারায়ণ-স্বরূপে প্রকাশিত। তিনি লক্ষ্মীপ্রিয়া ও বিষ্ণুপ্রিয়া-দেবীকে বৈধপত্নীরূপে গ্রহণ করিয়াছেন। অনেকে কল্পনা করেন—যখন গৌরই কৃষ্ণ, তখন বিষ্ণুপ্রিয়াও বোধ হয় রাধিকা। কিন্তু বস্তুতঃ তাহা নহে। এরূপ সিদ্ধান্ত গোস্বামি-শাস্ত্রের কোথাও নাই। শ্রীবৃষভানুনন্দিনী কখনও বৈধ বিচারের অন্তর্গত নহেন। তিনি সর্বোৎকর্ষবিগ্রহ রসের মনোহারিণী—কৃষ্ণ বিলাসিনী। সুতরাং শ্রীবার্ষভানবী দেবীর রস বিষ্ণুপ্রিয়াদেবীর উপর চাপাইলে রসাভাসদোষ, তত্ত্ববিরোধ ও সিদ্ধান্তবিরোধ ঘটিবে।

শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী গৌরনারায়ণের বৈধ-পত্নী। শ্রীলক্ষ্মীনারায়ণের পতিপত্নীভাব বা রস নারায়ণশক্তি ভূস্বরূপিণী বিষ্ণুপ্রিয়া ও গৌরনারায়ণে বর্তমান। গৌরনারায়ণে তাঁহার গার্হস্থ্যলীলায় একমাত্র বিষ্ণুপ্রিয়া-দেবীর সেবা নিত্যকালই গ্রহণ করিয়া থাকেন। সন্ন্যাসলীলা প্রদর্শন করিবার পূর্বে শ্রীগৌরসুন্দর তাঁহাকে উপদেশ দিয়াছেন,—

তোমার নাম বিষ্ণুপ্রিয়া, সার্থক কর ইহা,
মিছা শোক না করিহ আর মনে।
এ বোলে কহিল কথা, দূর কর আন চিন্তা,
মন দেহ কৃষ্ণের চরণে॥

(চৈতন্যমঙ্গল)

এই উপদেশ শিরে ধারণ করিয়া জগন্মাতা বিষ্ণুপ্রিয়াদেবী বিপ্রলম্ভবিগ্রহ গৌরসুন্দরের কৃষ্ণান্বেষণ-চেষ্টার যেরূপ অনুসরণ করিয়াছেন তাহা এই—

কদাচিৎ নিদ্রা হইলে শয়ন ভূমিতে।
কনক জিনিয়া অঙ্গ সে অতি মলিন।
কৃষ্ণচতুর্দশীর শশীর প্রায় ক্ষীণ॥
হরিনাম সংখ্যাপূর্ণ তণ্ডুলে করয়।
সে তণ্ডুল পাক করি প্রভুরে অর্পয়॥
তাহারই কিঞ্চিন্মাত্র করেন ভক্ষণ।
কেহ না জানয়ে কেন রাখে এ জীবন॥

(শ্রীভক্তিরত্নাকর)

বিষ্ণুপ্রিয়ার পাতিব্রত্যধর্মে বা নারায়ণের প্রতি লক্ষ্মীর পাতিব্রত্য ধর্মে মধুররস—সম্পূর্ণ থাকিলেও তাহা দাস্যের স্তরেই অবস্থিত কৃষ্ণলোকে শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য, মধুর এই পঞ্চরসের অবস্থান, কিন্তু নারায়ণ ধাম বৈকুণ্ঠে শান্ত,দাস্য, গৌরব সখ্য এই আড়াইটি রস অবস্থিত। ব্রজগোপীগণই যে পরোমনির আনুগত্যে উজ্জ্বলরসে কৃষ্ণের সেবা করিয়া থাকেন। কৃষ্ণের সহিত শ্রীরাধার মিলনের জন্যই ব্রজ-গোপীগণ সচেষ্ট থাকে। রাধাদাস্যই তাঁহাদের একমাত্র। এতদ্ব্যতীত অন্য কিছু তাঁহাদের নাই। তাই রাধাবিনোদন শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন,—

শ্রীরাধার সুখে কৃষ্ণের যে সুখ
জানিব মনেতে আমি।
রাধাপদ ছাড়ি' শ্রীকৃষ্ণসঙ্গমে
কভু না হইব কামী॥

ব্রজগোপীগণ সাক্ষাৎ, অপরে সর্বাবস্থায় শ্রীরাধার সর্বতোমুখী সুখানুসন্ধানে উদ্গ্রীব। তাঁহাদের হৃদয়ে শ্রীরাধা শ্রীকৃষ্ণবিলাসসুখে কৃষ্ণপ্রীতিবিধানের চেষ্টা থাকিলেও শ্রীমতী কলে কৌশলে তাঁহাদিগকে শ্রীকৃষ্ণের সঙ্গ-সুযোগ প্রদান করিয়া থাকেন। কিন্তু ভূ-শক্তি-স্বরূপিণী শ্রীবিষ্ণুপ্রিয়াদেবী কখনও তাঁহার পতির সহিত অপর স্ত্রীর মিলন হউক, ইহা ইচ্ছা করেন না বা ভূশক্তি শক্তিস্বরূপ এইরূপ চেষ্টাবিশিষ্ট নহেন। বৈকুণ্ঠে লক্ষ্মীনারায়ণের পাতিব্রত্যধর্মের সাপত্ন্যভাব নাই। লক্ষ্মীদেবীর অসংখ্য দাসী আছেন বটে, কিন্তু তাঁহারা নারায়ণের সাক্ষাৎ পত্নীভাববিশিষ্টা বা লক্ষ্মীদেবীর সহিত সাপত্ন্যভাববিশিষ্টা নহেন—লক্ষ্মীর দাসী মাত্র। শ্রীগৌর-বিষ্ণুপ্রিয়ার সেবা করিতে হইলে বিষ্ণুপ্রিয়ার আনুগত্যক্রমেই আবশ্যক। আবার এই বিষ্ণুপ্রিয়ার আনুগত্য করিতে হইলে উপরিউক্ত বিপ্রলম্ভভাবের অনুসরণ করিয়াই নিষ্কপটে কৃষ্ণ-ভজন করিতে হইবে। তাহা না করিয়া যদি কেহ গৌর-সুন্দরকে তাহার উপভোগপর্ণবিলাসক নাগর মনে করেন তাহা হইলে তিনি বিষ্ণুপ্রিয়া-দেবীর আনুগত্য পরিত্যাগ করিয়া স্বমত কল্পনা করিতেছেন, জানিতে হইবে।

সাধুবাক্য,শাস্ত্রবাক্য ও গুরুবাক্য—একটা ভিন্ন। সাধু কখনও অশাস্ত্রীয়, অশ্রৌত কথা বলেন না। সুতরাং তাঁহার বাক্যই শাস্ত্রবাক্য "আপ্তোপদেশঃ শব্দঃ"—সাধুগণের যে উপদেশ তাহাই শব্দ অর্থাৎ শ্রুতি। আজ আমরা সাধু শাস্ত্র ও গুরুবাক্য অবলম্বন করিয়াই দুই একটী কথা অনুকীর্তন করিলাম। শ্রীগুরু বৈষ্ণবগণ আমাদের প্রতি প্রসন্ন হউন—ইহা প্রার্থনা।

শ্রীধাম-মায়াপুরে উৎসব

অদ্য শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠ-শ্রীমন্দিরে গৌরশক্তিতার শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া-দেবীর আবির্ভাব-তিথিপূজা পাঠ, কীর্তন, বক্তৃতা ও মহাপ্রসাদ-বিতরণমুখে সমারোহে সাঙ্গ সম্পন্ন হইয়াছে। শ্রীচৈতন্যমঠের শাখা শ্রীগৌড়ীয়মঠ ও অন্যান্য মঠেও এই তিথি সংকীর্তনমুখে যথারীতি পালিত হইয়াছে। উৎসবের বিস্তৃত সংবাদ পরে প্রকাশিত হইবে। এই সংকীর্তনোৎসবে সকলকেই যোগদান করিতে অনুরোধ করা হইয়াছে।

সরস্বতী-পূজা

আজ শ্রীসরস্বতী-পূজা। পরা বিদ্যার উপাসকগণ আজ সংকীর্ত্তনমুখে শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর পূজায় নিযুক্ত। আর অপরা-বিদ্যার উপাসকগণ কামনা-পূর্ত্তির জন্য আজ অপরা বিদ্যার অধীশ্বরী শ্রীসরস্বতীপূজায় রত হইবে। অপরা বিদ্যার উপাসকগণ বাণী-পূজা কাহাকে বলে জানেন না, তাই তাঁহারা স্বার্থ ছাড়া সরস্বতীর নিকট অন্য প্রার্থনা জ্ঞাপন করিতেছেন। পরবিদ্যালোচনাকারিগণের এইরূপ অজ্ঞতা নাই, তাই তাঁহারা সকল কামনা-বাসনা জলাঞ্জলি দিয়া সংকীর্ত্তনমুখে কৃষ্ণারাধনায় তৎপর।

বদ্ধ ও মুক্ত উভয়েই সরস্বতীর পূজা করিয়া থাকেন। বদ্ধজীব আমরা অর্থ বা প্রতিষ্ঠাকরী বিদ্যার কামনায় সরস্বতী-পূজা করি। শ্রীল জীবগোস্বামী প্রভু লিখিয়াছেন, প্রাকৃতজনপূজিতা সরস্বতী দেবী সর্ব্বশক্তির প্রতিপাদ্য দেবতা। সরস্বতী—বাক্যের অধিষ্ঠাত্রী দেবী। ইঁহাকে বিদ্যা বা জ্ঞানের অধিষ্ঠাত্রী দেবতাও বলা হয়। ভক্তগণকে মহামায়া দুর্গা নামে পরিচিতা। তাঁহার আবরণ মধ্যে সরস্বতীকে দেখিতে পাই। আর ঐকান্তিক ভক্তগণ সরস্বতীদেবীকে ভগবৎস্বরূপ পূজা করিয়া থাকেন। আমাদের প্রশ্ন হইতে পারে, বদ্ধ ও মুক্ত উভয় প্রকার জীবের উপাস্য দেবতা সরস্বতী এক না পৃথক্? মায়ামুক্ত ও মায়াবদ্ধ জীবের উপাস্যা সরস্বতী এক নহে। একটী স্বরূপশক্তি বা অন্তরঙ্গা শক্তির বৃত্তি, অপরটী মায়াশক্তি বা বহিরঙ্গা শক্তির বৃত্তিবিশেষ। একটী কৃষ্ণকান্তার সখী, কৃষ্ণকীর্ত্তন-সরস্বতী বা বৈকুণ্ঠসরস্বতী আর একটী বিমুখ-বিমোহিনী ভক্তেতরবাগ্বিলাসিনী। উভয় সরস্বতীর জীবন শ্রীকৃষ্ণ। মায়াশক্তি ও স্বরূপশক্তি স্বাভাবিকভাবে আলোক ছায়ার ন্যায় পৃথক্, তদ্রূপ ছায়াসরস্বতী ও বৈকুণ্ঠ-সরস্বতী পরস্পর ভিন্ন। মায়াশক্তি শক্তিমান্ ভগবানেরই শক্তি হইলেও সতী পত্নী যেরূপ স্বামীর সান্নিধ্যে গমন করিতে লজ্জা বোধ করে সেইরূপ মায়াশক্তি "বিলজ্জমানয়া যস্য স্থাতুমীক্ষাপথেঽমুয়া" এই ভাগবত-বচনানুসারে ভগবৎ-সম্মুখে গমন করিতে পারে না। আর চিচ্ছক্তি ভগবৎসান্নিধ্যে নিয়ত অবস্থান করিয়া তাঁহার সেবাসুখ লাভ করেন।

আমরা ছায়াসরস্বতীর সেবক—সরস্বতী-উপাসকগণের মধ্যে সরস্বতী-বরপুত্র বলিয়া প্রসিদ্ধ কবি কালিদাস ও কেশবকাশ্মীরী নামক দিগ্বিজয়ী পণ্ডিতের নাম শুনিতে পাই। পরাবিদ্যাস্বরূপিণী শ্রীসরস্বতীর পতি শ্রীগৌরনারায়ণ যখন নবদ্বীপে অবতীর্ণ হইয়াছিলেন তখন সরস্বতীর বরপুত্রগণের যাবতীয় অহঙ্কার প্রাকৃত খর্ব্ব হইয়াছিল। মহাপ্রভুর নিকট পরাজিত দিগ্বিজয়ী কেশবকাশ্মীরীর প্রতি সরস্বতীর উপদেশ এই,—

কৃপা-দৃষ্টি ভাগ্যবন্ত ব্রাহ্মণের প্রতি।
কহিতে লাগিলা অতি-গোপ্য সরস্বতী॥
সরস্বতী বলেন—"শুনহ, বিপ্রবর।
বেদ গোপ্য কহি এই তোমার গোচর॥
কারো স্থানে কহ যদি এসকল কথা।
তবে তুমি শীঘ্র হৈবা অল্পায়ু সর্ব্বথা॥
যাঁর ঠাঁই তোমার হইল পরাজয়।
অনন্তব্রহ্মাণ্ডনাথ সেই সুনিশ্চয়॥
আমি যাঁর পাদপদ্মে নিরন্তর দাসী।
সম্মুখ হইতে আপনারে লজ্জা বাসি॥
(চৈঃ ভাঃ আঃ ১৩শ)

কীর্ত্তনাখ্যা ভক্তির নামান্তরই শুদ্ধা সরস্বতী; তিনি কৃষ্ণের অত্যন্ত প্রিয়া। তিনি শুদ্ধ ভক্তগণের জিহ্বায় অবস্থান করিয়া নিরন্তর ভগবৎসেবা-নিরতা। শুদ্ধ ভক্তগণ শ্রবণ-কীর্ত্তনমুখে এই সরস্বতীর নিত্য পূজা করিয়া থাকেন। শ্রীল ব্যাসদেব সরস্বতী এবং শুদ্ধা সরস্বতীর একজন প্রধান পূজক। 'ব্যস' শব্দের অর্থ—সর্ব্বোৎকর্ষবিশিষ্ট শ্রীকৃষ্ণ; 'দিব' ধাতু নিষ্পন্ন 'দেব' শব্দের অর্থ—যিনি সর্ব্বোৎকৃষ্ট শ্রীকৃষ্ণকে স্বতঃস্ফূর্ত্তভাবে প্রকাশ করেন। এক কথায় যিনি নিজ শক্তি প্রভাবে শ্রীকৃষ্ণকে প্রকাশ করেন তিনিই ব্যাসদেব। 'ব্যাসদেব' বলিতে শুদ্ধ কৃষ্ণকীর্ত্তন-পরায়ণ ভক্তমাত্রই উপলক্ষিত হইয়া থাকেন। সেবোন্মুখ ভক্তগণের জিহ্বায় যে শুদ্ধা সরস্বতী স্ফুরিতা হন, ভাগ্যবান্ জীবগণ শ্রবণোন্মুখ দ্বারা তাঁহার সেবা করিয়া থাকেন। শুদ্ধা সরস্বতীদেবীও ভাগ্যবান্ জীবের কর্ণরন্ধ্র দিয়া হৃদয়ে প্রবিষ্ট হইয়া তাঁহার হৃদয়কে নির্ম্মল ও স্বাস্থ্য করিয়া শ্রীহরির উপবেশনোপযোগী করিয়া সেই সৌভাগ্যবান্ ভক্তের জিহ্বায় নৃত্য করিতে করিতে স্বামীর স্তুতি বর্ণন করিয়া থাকেন। যে বাণী কৃষ্ণের ভজন-পূজন না করিয়া জীবের ইন্দ্রিয়তোষণ করে সেই ভক্তবহির্ম্মুখীর নামান্তরই ছায়া বা মায়া সরস্বতী। এই ছায়া—সরস্বতীর পূজায় জগদ্বাসী নিযুক্ত। তাই তাঁহারা কৃষ্ণবহির্ম্মুখ হইয়া নানা দুঃখকষ্টদ্বারা নিপীড়িত, আর পরা সরস্বতীর উপাসকগণ কৃষ্ণোন্মুখ থাকিয়া সতত কৃষ্ণসেবানন্দে বিভোর। ভক্তের উপাস্যা শুদ্ধা সরস্বতী ও অভক্ত-পূজিতা সরস্বতীর পার্থক্য কোন মহাজন এইভাবে দেখাইয়াছেন,—

মনরে, কেন কর বিদ্যার গৌরব?
স্মৃতিশাস্ত্র ব্যাকরণ, নানা ভাষা আলোচন,
বৃদ্ধি করে যশের সৌরভ।
কিন্তু দেখ চিন্তা করি' যদি না ভজিলে হরি,
বিদ্যা তব কেবল রৌরব।
কৃষ্ণপ্রতি অনুরাগ, সেই বীজে জন্মে ভক্তি,
বিদ্যা হ'তে তাহা অসম্ভব॥
বিদ্যার মার্জ্জনা তা'র, কভু কভু অপকার
জগতেতে ক'রে অনুভব।
যে বিদ্যার আলোচনে, কৃষ্ণভক্তি স্ফুরে মনে,
তাহা'রি আদর জান সব॥
ভক্তি বাধা যাহা হ'তে সে বিদ্যার মস্তকেতে,
পদাঘাত কর অকৈতব।
সরস্বতী কৃষ্ণপ্রিয়া, কৃষ্ণভক্তি তাঁ'র হিয়া,
বিনোদের সেই সে বৈভব॥
(কল্যাণকল্পতরু)

ভক্তগণ মায়াশক্তির অধীনতা পরিত্যাগ করিয়া চিচ্ছক্তির অনুগত, সুতরাং, তাঁহারাই প্রকৃতপক্ষে সরস্বতী-পূজার অধিকারী। তাঁহারা সরস্বতীকে নিজের সেবায় নিযুক্ত না করিয়া তদ্দ্বারা বিদ্যাবধূজীবন শ্রীকৃষ্ণের সেবা করাইয়া থাকেন; তাহাতেই শুদ্ধা সরস্বতীর সন্তোষ। কিন্তু হরিবিমুখজনগণ সেবা সরস্বতীর সন্তোষবিধানের প্রতি উদাসীন থাকিয়া লাভ, পূজা, প্রতিষ্ঠাদি নিমিত্ত যে সরস্বতীর পূজা করিয়া থাকেন তাহাতে তাঁহাদের হরিবিমুখতা উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হয় বলিয়া তাঁহারা পরাবিদ্যারূপিণী বাণীর পূজা হইতে বঞ্চিত থাকেন।

আরও অভক্তগণের অপর নামই কাম,—হরিবিমুখতা বা নাস্তিকতা। এরূপ নাস্তিকতা কখনও প্রচ্ছন্ন, আবার কখনও স্পষ্টভাবে লক্ষিত হয়। তাই তাঁহারা নানাভাবে ভোগ্যপদার্থ-সংগ্রহের আয়োজনমুগ্ধ ব্যস্ত হন। দেবতা যদি সেবিত হন, তবে তাঁহার নিকট হইতে ধন, জন, [illegible] আমাদের জন্য এত চেষ্টা কেন? তিনি কি আমাদের গোলাম যে আমাদের তাঁবেদারি করিবেন আমাদের ইন্দ্রিয়তর্পণের বস্তু সরবরাহ করিবেন? সেইজন্য বলিতেছি, ইহা কি দেবতা-পূজা, না দেবতা হইতে নিজের কিছু পূজা আদায়ের চেষ্টা?

আমরা স্ব-স্ব বিদ্যার পারদর্শিতার জন্য সরস্বতীর পূজা করিয়া থাকি। আমাদের প্রয়োজন—কনক, কামিনী ও প্রতিষ্ঠা। এক কথায় আত্মেন্দ্রিয়তর্পণ বা কাম। বঙ্গদেশের প্রায় সকল স্থানে—স্কুল কলেজে, বারোয়ারীতলায়, সখের দলে, বিদ্যালয়ে সরস্বতীপূজা একটী প্রধান উৎসব বলিয়া প্রতিষ্ঠিত আছে। কোন কোন স্থানে তাঁহাদের পরমপূজ্যা শ্রীসরস্বতী মাতার সম্মুখে বারবনিতার নৃত্য, থিয়েটার, সিগারেট, গঞ্জিকাসেবন, সুরাপান, অশ্লীল-কথা বার্ত্তা ও নানাপ্রকার কদর্য্য কার্য্য হইয়া থাকে। মাতার সম্মুখে এরূপ আচরণ কি নীতিবিগর্হিত নহে? সুতরাং ইহা কি পূজা, না অন্য কিছু?

শুদ্ধভক্তগণ কিন্তু এইরূপভাবে বাগ্দেবীর অসম্মান করেন না। তাঁহারা লাভ-পূজা-প্রতিষ্ঠার জন্য সরস্বতী-দেবীর আবাহন করতঃ পূজাচ্ছলে যে বণিগ্‌বৃত্তি করেন না। তাঁহারা পরা-বিদ্যারূপিণী সরস্বতী দেবীকে অনুক্ষণ শ্রবণ-কীর্ত্তনমুখে পূজা করিয়া থাকেন। সেইজন্য বলিতেছি, ভগবদ্ভক্তের ন্যায় প্রকৃত সরস্বতী-পূজক আর কে?

শ্রীপ্রিয়া-বন্দনা

প্রেমভক্তিরূপা, দেবি, জগন্মাতা!
রাতুল চরণকমলে।
পর্ণপুষ্ট ভরি' [illegible] অর্পিতার
ভক্তাধীন পুনঃ কুসুমদলে॥
সাত্ত্বিক কণ্টক, [illegible]
সন্তোষ' ভর নাহিক দেশ।
তবু ক্ষীণ আশা জাগে এ হৃদয়ে
(তব) করুণার নাহি অবধি শেষ॥
আপনারে আমি খিঁচিয়া খিঁচিয়া
ছলনার জাল পাতিয়া ভুলি।
অবিরাম তাই আপন পাতিয়া
মায়ার কুহকে নিয়ত দুলি॥
প্রভু বিশ্বম্ভর ভজনবিহীন
দুর্গা এ মোর জীবন ছার।
অনর্থ-রূপা সর্ব্বাপহারক
সম্পদাই প্রাণ চরণে যা'র॥
পরাৎপরাৎপর জীবন সর্ব্বস্ব
বিদ্যাবধূপতি শ্রীগৌরপ্রভু।
কাঙ্গালের ধন অগতির গতি
চরণেতে যাতে রাখেন কভু॥
আপনার প্রাণে শ্রীচরণ-তলে
[illegible] আমার মোর।
উদ্ধ কৃপা কর [illegible]
[illegible] কাটিবে মায়ার ঘোর॥
সরস্বতী-মাতা [illegible]
[illegible] কারি'।
চৈতন্যের পাদে [illegible]
[illegible] পদ্ম বার'॥
প্রভু নিত্যানন্দ [illegible]
[illegible] সেবিব ভ'রে।
[illegible] [illegible]
[illegible]
[illegible] [illegible]
[illegible]
[illegible] [illegible]
[illegible]
[illegible] [illegible]
[illegible]
[illegible] [illegible]
[illegible]
[illegible] [illegible]
[illegible]
[illegible] [illegible]
[illegible]

কৃষ্ণ তারে যেন নিজ চিচ্ছক্তির বলে মায়া আকর্ষণ ছাড়ে হইয়া ছুর্ব্বল

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠরাজ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যদেব,পঞ্চতত্ত্ব-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ,শ্রীগৌর-গোপাল গান্ধর্ব্বা চতুর্দ্দশ বিগ্রহ আছেন। সুপ্রাচীন শ্রী ব্রাহ্মণসভা কর্ত্তৃক নদীয়া-প্রকাশ যন্ত্রালয় আছে। রক্ষক—শ্রীনরোত্তম ব্রহ্মচারী,গোস্বামী।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন • বড়বাজার ৪২২৫ কলিকাতায় শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বা শ্রীমঠে প্রতিষ্ঠিত। নিত্য পাঠ, সঙ্কীর্ত্তন, প্রচারকগণের সেবায় শ্রীমদ্ভাগবতের নিত্য গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও সাময়িক পারমার্থিক পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—মহোপদেশক শ্রীপাদ নবীনচন্দ্র রায় ভক্তিবিনোদ।

(৩) যোগপীঠ মায়াপুর পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রীমদ্‌ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক- শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক শ্রীনন্দগোপাল ব্রহ্মচারী।

(৭) কাজি সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)। ইহা গৌরকৃপা-প্রাপ্ত শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) জগন্নাথমিশ্রশ্রীবাসাদির আশ্রম
শ্রীধাম মায়াপুর
রক্ষক শ্রীমদ্ভক্তিকেবল ঔডুলোমি মহারাজ

(৯) স্বানন্দ সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বহুপূর্ব শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ চাতরা (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীনিত্যানন্দবাস ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীনারায়ণের ঠাকুর বৃন্দাবনের স্থান
রক্ষক -শ্রীউপেন্দ্রবিনোদ অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর,নদীয়া
রক্ষক -শ্রীমহৎকৃপা ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদেব গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, রক্ষক —শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাউগাছি (শ্রীবুঝি মধ্যে পল্লীর নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক শ্রীগোবিন্দদাস বাবাজী।

১৭) কুলিয়াকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক - শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)
রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট
পালপাড়া, পোঃ চাকদা (নদীয়া)
রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুড়া গৌড়ীয়মঠ
২৪পরগণা
রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি এ

(২৪) গোপালজীউমঠ
কমলাপুর পোঃ ঢাকা
রক্ষক—শ্রীরামানন্দদাস ব্রজবাসী।

(২৫) মধাই-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
রক্ষক শ্রীমধুসূদন ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
ময়মনসিংহ
রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীরাধাবল্লভ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীশরৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
আপার চাঁদমারী, দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ
পোঃ মাহিষরেখা, জিঃ হাওড়া, ই-আই, পি
রক্ষক—শ্রীপ্রেমানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ বি-এল।

(৩২) রামপুর গৌড়ীয়মঠ
পোঃ রামপুর ক্যান্টনমেন্ট, বিহার
রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
কলেজ রোড, গয়া
রক্ষক—শ্রীহরিচরণ ব্রহ্মচারী, বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ
৩২নং অগ্নিকুণ্ড, বেনারস সিটি
রক্ষক—শ্রীরাধানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক—শ্রীমহানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর ই, বি, পি)
রক্ষক -শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক— শ্রীনন্দলাল ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরানশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক - শ্রীভক্তিপ্রকাশ আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৪০) শ্যামানন্দ-সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড (মথুরা
রক্ষক—শ্রীসিদ্ধানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ শ্রীরাধাকুণ্ড
(৪২) রাধাকুণ্ড গোবর্দ্ধনপীঠ
রক্ষক—শ্রীদেবীদাস
(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা
(৪৪) নন্দগ্রাম গিরিধারী মঠ
মথুরা।
রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫)নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোপীবিহারী মঠ—শেখপুরা, পোঃ ফেরোজপুর, জেলা গুর্দ্দাসপুর (পাঞ্জাব)
রক্ষক—শ্রীগোপীবিহারী ব্রহ্মচারী

(৪৮) প্রয়াগগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক—শ্রীনন্দগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ
৪৩নং কুতুব রোড, নিউ দিল্লী,
রক্ষক—শ্রীগৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, ক্যাম্বালা হিল পিঃ বোম্বে ৭
রক্ষক—শ্রীঅনিরুদ্ধ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রয়াপেট্টা, মাদ্রাজ
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা
রক্ষক—মহোপদেশক শ্রীপাদ গৌরচন্দ্র ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাজমহেন্দ্রী গৌড়ীয়মঠ
পোঃ কভুর, গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রী গুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরাধাগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগৌড়ীয়নাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক —শ্রীগদাধর দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী— স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী
রক্ষক—শ্রীভক্তিমোহন দাসাধিকারী

(৫৭) শ্রীক্ষেত্র-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
রক্ষক — শ্রীজ্ঞেয়ানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ
ওড়িয়াবাজার, পোঃ কটক (উড়িষ্যা)
রক্ষক—শ্রীবিদ্যারণ্য দাসাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ
রক্ষক - শ্রীরাধা মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিকলিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর
রক্ষক—শ্রীভবতারণদাস ব্রজবাসী ভক্তিভৃঙ্গ

(৬১) কাঁথি গৌড়ীয়মঠ
পোঃ কাঁথি, মেদিনীপুর
রক্ষক—শ্রীঅনন্তকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রম;
ব্রাহ্মণপাড়া পোঃ মাদু (বাঁকুড়া
রক্ষক —শ্রীপাণ্ডব দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাজবাঁধ (বর্দ্ধমান)
রক্ষক —শ্রীঅরবিন্দ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ
ভুবনেশ্বরী, পোঃ চিরকুল্লা, (ত্রিপুরা)
রক্ষক—শ্রীরমানাথ বৈষ্ণব অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠাশ্রম
১৮৭।২০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।
রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ৩
৫১, ক্রমওয়েল রোড
স্যাপটন, লণ্ডন, ডব্লিউ ৫
রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ভক্তিহৃদয় বন গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়
রক্ষক—শ্রীজগদ্গোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) গৌড়ীয়মঠ জার্ম্মাণী
বড চাটাৰ্ছি সেন
বিউলো,:রাড, বর্লিন (ডব্লিউ-পি)

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রেস্ ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধচন্দ্র চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার সম্পাদিত শ্রীরাধানন্দ ব্রহ্মচারী ভক্তালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলিকাতার বাজার দর

৪ঠা ফেব্রুয়ারী ১৯৩৮

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	মণ দর
দাদখানি	৬॥০
রাজা চাল	৫৸০
ঐ নূতন	৫৲
কাটারীভোগ	৭৲-৭॥০
বাঁকতুলসী	৫॥০
বালাম নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
রাসেভ কোষ্টালী	৪৲
মোট বেগুন	৩॥৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪॥০
দুধসারী	১০৲-১০।০
বাঁকতুলসী আতপ	৫।০-৫।৵
ঐ দাদখানি	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫।০-৫॥০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৵০

চিনির দর

[illegible], টাইপ	১০॥৵০
[illegible] ১০০০ নং	১০/০
[illegible]	৯।
[illegible]	৮।০—৯৵০
[illegible]	৭॥/০—৮৲

সোনা-রূপার দর।

ভরি প্রতি

[illegible]	৩৪॥
[illegible]	৩১
[illegible]	৫১।০

পাটের দর

[illegible]—	৪০৸০
[illegible]—	৪০৸০
[illegible]—	৪১।০
[illegible]—	৪১৲

আটা ও ময়দার দর

[illegible]	৬।০—৬।৵
[illegible]	৬৲—৬৵
[illegible]	৫৸৵০—৫৸০
	৬৲—৬৵০
(বি)	৫৸০—৫৸৵০
[illegible] (২)	৫/০—৫৷/০
(এস)	৫৲—৫।০
(বে)	৪৸০—৪৸৵০
[illegible] (৩)	৪॥০—২৸৵০
[illegible]	১৪৵০—১৪০
	১৪৵০—১৪৵০

ঘৃতের দর

[illegible]	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৫০৲
	৪৫৲
[illegible]	৬৬।০

তার,	৪৬৲
কাঁচা পাতা	৩৬৲
[illegible]	৪১৸০
২৩ গেজ—	১৭৸০
গ্যাঃ মটকা ২৪—৩০ গেজ	১০৲

লৌহ ও হার্ডওয়ার

১।২।৩৮

টাটার তৈয়ারী—	[illegible]
লোহার কড়ি (কড়াই না হয়)	
মার্কা	৮৸০—৯।০
ঐ [illegible] মার্কা	৮৲—৮।০
ঐ টাটা [illegible]	১০৲
ঐ ইংলিশ [illegible] (বীম)	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮৸০—৯
এঙ্গেল আয়রণ (কোনা)	৭৸০—৮।০
টাটা গ্যাঃ করগেট সিট।	
২৪ গেজ—	১৩৸৵০
২৬ গেজ—	১৩৸০
২৮ গেজ—	১৮৲
টাটা গ্যাঃ প্লেন সীট	১৮৵০
২৪ গেজ—	১৪॥৵০
২৬ গেজ—	১৩॥/০
২৮ গেজ—	
ইংলিশ গ্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৫৲
সীস	।৵৫—৸৵০
বাগান ঘেরা কাঁটা তার (বান্ডিল)	১০॥০
মোট কাটি বা ফ্লিট কাটা মণ	৩।০—৩৸০
গাড়ি কাড়ি ৩—৯ ফুট লম্বা	
	৫।০—৬।০ হন্দ
গোল রড কাড়ি লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন প্লেট, বোল্টু, নাট	৮।০—৮।।০
গোল এন্ড ফ্রি-উইকোস ও কনক্রিটের	
রড	৭।০—১০।০

কুঃ ইস্পাত আসল ২৫৲ নকল ২৩॥০

ইটকলের চালান ৫৵০, পাটের চালান ৩।০

ভুসার চালান ৪।০

গুড়ের দর

কলিকাতা ২৭শে জুন,

[illegible] ফাইন	৫৭৲
[illegible]	৪০৲
[illegible] ফাইন	৪৩৲
[illegible]	৫৩৲
ঐ ফাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৭শে জুন,

	প্রতি মণ
[illegible]	৮।০
সুপারী বেনী	১৬।০—১৭৲
কাটা সুপারী	
[illegible]	১৫।০—১৭।০
[illegible] নূতন পাটনাই	১৭৲—১৮।০

অন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স্ লিঃ

[illegible] বাট সোনাপটী, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—(:০:)—

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

—::০::—

[illegible]

[illegible] সরকারের সাহায্য; বিভাগ ও বোর্ডিং [illegible] খোলা। [illegible] ও [illegible]। [illegible] ব্যবস্থা [illegible]। [illegible] শ্রেণী হইতে ৬ষ্ঠ শ্রেণী পর্যান্ত ৬৲ টাকা এবং ৭ম শ্রেণী হইতে ১০ম শ্রেণী পর্যন্ত [illegible] টাকা [illegible]। [illegible] বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই [illegible] পরীক্ষায় উচ্চ ফল প্রদর্শন [illegible]।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

কেভ্রোল

—::০::—

ম্যালেরিয়া রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কসের "কেভ্রোল" অমোঘ মহৌষধ। এমন আশ্চর্য্যের ন্যায় ঔষধ আজ পর্য্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, ডেঙ্গু জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি আম বা, বর্ষা-দাপুড়া, দাদ্রু এবং অজীর্ণ পাতলাভিয়া জ্বরে, "কেভ্রোল" একমাত্র। ইহা রক্ত পরিষ্কারের এবং শরীর কান্তিযুক্ত করিবার তোমার একমাত্র টনিক।

সেবনের বিধি :—জ্বর কম অবস্থায় পূর্ণ বয়স্কের জন্য ২ ড্রাম বা ২টা চামচের ২ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর অবধি ১ চামচ জলের সহিত, তাহার কম বয়সে ৩০ ফোঁটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলেদের জন্য ৫ হইতে ১৫ ফোঁটা জলের সহিত বিধি। জ্বর অবস্থায় সাগু, বার্লি, ফল ইত্যাদি পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা ৸০ বড় বোতল ১৬ মাত্রা মূল্য ১।০ আনা।

দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কস্,

মধুপুর, কৃষ্ণনগর, (নদীয়া বেঙ্গল)

৬২-২৪।১নং গলি পোঃ আঃ টালবরে, কেন্দুয়া।

সর্ব্বত্র বড় বড় দোকানে পাওয়া যায়।

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

[illegible] জীর্ণ [illegible] শরীরে প্রাণসঞ্চার [illegible]। কাটাতে [illegible] আবশ্যক। [illegible] এবং নূতন ও পুরাতন [illegible] একবার সেবন করিয়া দেখুন যে [illegible] ব্যবহার [illegible]। মূল্য ছোট বোতল ৸০ আনা, বড় বোতল ১৵০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

——:(*):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সংস্কারক শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির সংক্ষিপ্ত জীবন-চরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবর্যের অনুকম্পায় পারমার্থিক সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ।৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

——

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(*):——

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারের প্রতি লাইনের ।০	।৵০		।৵০	।০
" ইঞ্চ ২,			১।০	১,
সিকিকলম ৫,			৪,	৩,
অর্দ্ধকলম ৮,		৬,	৬,	৫,
এক কলম ১৫,			১০,	৮,

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬,	৪।০
সিকি কলম ১২	১২,
অর্দ্ধকলম ২৪	১৮,
এক কলম ৩৬,	৩০,

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯,
ষাণ্মাসিক "	৫,
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১

প্রতি সংখ্যা ১০; বিশেষ সংখ্যা..ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহোদয় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্ন্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম এ মহোদয়ের গ্রেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র পাঠে ধন্য হউন। এক বিরাট অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর শিক্ষার সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় ৬০০ পৃষ্ঠা ব্যাপী। ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—সত্যাজ, গৌড়ীয়মঠ, ... ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব.পৃ.

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ৯২, স্থলে মাত্র ৬,

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

——

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(*):——

১। **শ্রীনদীয়াপ্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্**

এখান হইতে পৃথিবীর একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। **শ্রীগৌড়ীয় প্রিণ্টিং ওয়ার্কস্**

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক 'ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে ১৬।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। **শ্রীভাগবত প্রেস**

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। **পরিব্রাজী প্রিণ্টিং ওয়ার্কস্**

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

শ্রীনবদ্বীপধামপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
ত্রিদণ্ডিযতিপ্রবর
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1846

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২৫শে মাঘ, ১৩৪৪, ৮ই ফেব্রুয়ারী, ১৯৩৮, মঙ্গলবার [সংখ্যা ২৮৩]

বিবিধ সংবাদ

—(০(:০:)০)—

ওয়ার্দ্ধায় কংগ্রেস ওয়ার্কিং কমিটীর অধিবেশন

গত ৩রা ফেব্রুয়ারী সকালবেলা ৯ ঘটিকার সময় ওয়ার্কিং কমিটির অধিবেশন আরম্ভ হয়। রাজনৈতিক বন্দী হরেন্দ্রনাথ মুন্সীর মৃত্যুতে যে অবস্থার উদ্ভব হইয়াছে, তাহা লইয়াই আলোচনায় আরম্ভ হয়। এই প্রসঙ্গে ওয়ার্কিং কমিটি সমস্ত রাজনৈতিক বন্দীর মুক্তির কথাও আলোচনা করেন। বিশেষ করিয়া মাদ্রাজ, বিহার, উড়িষ্যা, যুক্তপ্রদেশ, বোম্বাই প্রভৃতি কংগ্রেসী মন্ত্রীদের কর্তৃক শাসিত প্রদেশগুলির প্রশ্ন উত্থাপিত হয়। বেলা সাড়ে ১১টা পর্য্যন্ত আড়াই ঘণ্টা এবিষয়ে আলোচনা চলে। পুনরায় অপরাহ্ণ ২ ঘটিকার সময় অধিবেশন আরম্ভ হয়। প্রকাশ, গান্ধী সেবা-সঙ্ঘের প্রবীণ সদস্য ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ দেশের নানা স্থানের শ্রমিকদের অবস্থার কথা কমিটিকে জ্ঞাত করান।

———

কংগ্রেসের শুক্রবারের অধিবেশন

গত ৪ঠা ফেব্রুয়ারী সকাল ৯টায় ওয়ার্কিং কমিটির অধিবেশন আরম্ভ হয়। অধিবেশনে যুক্তরাষ্ট্র প্রবর্ত্তন প্রশ্ন লইয়াই বিশেষভাবে আলোচনা হয়। ওয়ার্কিং কমিটির কলিকাতা অধিবেশনে যুক্তরাষ্ট্র সম্পর্কে যে প্রস্তাব গৃহীত হইয়াছে, ঐ দিনও অনুরূপ প্রস্তাবই গৃহীত হইয়াছে। সাম্প্রদায়িক ঐক্য সম্পর্কেও সাধারণভাবে ওয়ার্কিং কমিটিতে আলোচনা হইয়াছে। এ বিষয়ে মুসলিম-লীগের সভাপতি মিঃ জিন্নার মনোভাব সম্পর্কে কমিটি বিশেষভাবে বিবেচনা করিয়াছেন এবং মিঃ জিন্না কলিকাতা মহম্মদ আলী পার্কে মুস্লিম ছাত্র ফেডারেশনে বক্তৃতা প্রসঙ্গে যাহা বলিয়াছেন, তাহারও সমালোচনা হয়।

কংগ্রেস প্রদর্শনী

গত ১০ই ফেব্রুয়ারী প্রত্যূষে হরিপুরে কংগ্রেস প্রদর্শনীর দ্বারোদ্ঘাটন হইবে। টিকেট কিনিবার ভিড় ও অসুবিধা পরিহারের জন্য অভ্যর্থনা-সমিতি ৮ই ফেব্রুয়ারী হইতে দুই আনা মূল্যের প্রবেশ টিকেট বিক্রয়ের ব্যবস্থা করিয়াছেন।

———

লর্ড স্যামুয়েলের কংগ্রেস অধিবেশনে যোগদানের কথা

বিঠলনগর হইতে ২রা ফেব্রুয়ারীর সংবাদে প্রকাশ, লর্ড স্যামুয়েল, বিশিষ্ট মার্কিণ সাংবাদিক মিঃ জন গুন্থার এবং আর [illegible] পর্য্যটক বিশিষ্ট দর্শক হিসাবে কংগ্রেসে যোগদান করিবেন।

কংগ্রেস অভ্যর্থনা সমিতি বিঠলনগরের ৫১টি প্রবেশদ্বারের মধ্যে কয়েকটির নামকরণ করিবেন বলিয়া স্থির করিয়াছেন। বার্দ্দি রোডের সম্মুখস্থ প্রধান প্রবেশদ্বারের নাম সর্দ্দার বল্লভভাই প্যাটেলের নামানুসারে 'সর্দ্দার দরজা' এবং অভ্যর্থনা সমিতির সভাপতি দরবার গোপালদাসের নামানুসারে 'দরবার দরজা' রাখা হইবে। প্রদর্শনীর প্রবেশদ্বারের নাম 'গান্ধী দরজা' এবং প্রদর্শনী হইতে বাহির হওয়ার পথে যে গেট আছে উহার নাম 'মগন দরজা' রাখা হইবে। কংগ্রেস মণ্ডপের প্রধানদ্বারের নাম 'সুভাষ দরজা' এবং অপর একটির নাম 'জওহর দরজা' রাখা হইবে। স্বেচ্ছাসেবিকাদের শিবিরের সম্মুখে যে গেট আছে, উহার নাম পরলোকগত কমলা নেহ্‌রুর নামানুসারে 'কমলা দরজা' রাখা হইবে। লোকমান্য তিলক, [illegible] নেহ্‌রু, খাঁ আবদুল গফুর খাঁ, লালা লাজপৎ রায়, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ, পণ্ডিত মদনমোহন মালব্য, মিঃ আব্বাস তৈয়েবজী এবং মিঃ দাদাভাই নৌরজীর নামানুসারেও বাকি গেট হইবে।

———

বৃটেন ও ভারতের বাণিজ্য

গত বৃহস্পতিবার বোর্ড অব ট্রেড-এ বৃটিশ ও ভারতীয় প্রতিনিধিগণের যে বৈঠক হয় তৎপরে আর তাঁহাদের কোন বৈঠক হয় নাই; উক্ত অধিবেশনে স্যার মহম্মদ জাফরুল্লা খাঁ নূতন নির্দ্দেশ অনুসারে তাঁহার অবস্থার কথা বিশ্লেষণ করিয়া বলেন। ইতঃমধ্যে বৃটিশ প্রতিনিধিগণও এবিষয়ে চিন্তা করিতেছেন।

স্যার জাফরুল্লা বলেন যে, উভয় পক্ষের আলোচনা এক সপ্তাহে পুনরায় আরম্ভ করার আশা তিনি করেন।

———

যুক্তরাষ্ট্রে ভীষণ বিমান দুর্ঘটনা

ক্যালিফোর্ণিয়া হইতে নৌবিভাগ সংবাদ দিতেছেন যে, যুক্তরাষ্ট্র নৌবহরের ৬টী বৃহত্তম বোমারু বিমানের মধ্যে শূন্যমার্গে সংঘর্ষ হওয়ার দশজন লোক নিহত হইয়াছে। বিমান দুইখানি সম্পূর্ণরূপে বিধ্বস্ত হইয়াছে। উপকূলভাগ হইতে ৭০ মাইল দূরে নৌবহরের মহড়ার সময় এই দুর্ঘটনা ঘটে। 'রেনেস' নামক মার্কিণ রণতরী ঘটনাস্থলে গিয়া চারজন লোককে উদ্ধার করে।

ক্যান্টনে গুরুতর পরিস্থিতি

গত ৬ঠা ফেব্রুয়ারী ক্যান্টনে এক [illegible] এক সরকারী নোটীশ দেখা যায় যে, পার্ল নদীর উপর বেষ্টনী বন্ধ করিয়া দেওয়া হইবে সুতরাং সমস্ত বৈদেশিক জাহাজ যেন রাত্রির পূর্ব্বেই চলিয়া যায়। এই নোটিশের ফলে ক্যান্টনে খুব চাঞ্চল্যের সৃষ্টি হয়।

গত ৭ই ফেব্রুয়ারী আবার ক্যান্টনে সামরিক আইন জারী করা হইয়াছে। প্রাতঃকালে একটা অনিশ্চিত অবস্থার মধ্যে সকলের নিদ্রাভঙ্গ হয়। সৈন্যেরা উন্মুক্ত বেয়নেট সহ সহরের সমস্ত রাস্তা দিয়া টহল দিতে থাকে। টেলিফোন যোগাযোগও বিচ্ছিন্ন করিয়া দেওয়া হয়।

একটি গুজবে জানা গেল যে, ক্যান্টনস্থ প্রাদেশিক গভর্ণমেণ্টের পতন ঘটাইবার জন্য একটা চেষ্টা হওয়াতেই সামরিক আইন জারী করা হইয়াছে। ভূতপূর্ব্ব সমরকর্ত্তা মার্শাল চেন-চেটাং এর ষড়যন্ত্রমূলক এই ব্যাপারে হাত ছিল বলিয়া শোনা যাইতেছে। মার্শাল চেন-চেটাং ১৯৩৬ সালে মার্শাল চিয়াং কাইশেকের বিরুদ্ধে যুদ্ধ করেন; বর্ত্তমানে মার্শাল চিয়াং-কাইশেক জাপানের সহিত যুদ্ধ আরম্ভ করায় তিনি লোকচক্ষে অপদস্থ হইয়াছেন।

৩৯টী সন্তান রাখিয়া কবিরাজের ১০৩ বৎসর বয়সে মৃত্যু

কলম্বো হইতে এক সংবাদ আসিয়াছে যে, [illegible] নামক স্থানে একজন দেশীয় কবিরাজ ১০৩ বৎসর বয়সে মারা গিয়াছেন। তিনি ২২টি ছেলে ও ১৭টি মেয়ে রাখিয়া গিয়াছেন। তিনি ছয়টি বিবাহ করিয়াছিলেন। তাঁহার শেষ স্ত্রীর বয়স ৩৭ বৎসর। এই কবিরাজ খুব ধার্ম্মিক ছিলেন। মৃত্যুর কয়েকদিন পূর্ব্ব পর্য্যন্ত তিনি চশমা ছাড়া কোরাণ পড়িতেন।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। আম্নায় বিরাট শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
আম্নায় শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৷৷০ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৷৷০
৪র্থ খণ্ড—৷৷০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৷৷০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৷৷০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১৷০
৯। জৈবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ১৲
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ৷০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৷৷০
১৭। চৈতন্যোপনিষৎ ৷০
১৮। ব্রাহ্মণ-আদবর ৷০
১৯ তত্ত্ববিবেক ৷০
২০। গৌড়ীয়-গৌরব ৷৷/০
২১। গৌড়ীয়-শাস্ত্রতা ৷৷/০
২২ ভজন রহস্য
২৩। শ্রীচৈতন্যপ্রাকৃতম্ ও শ্রীগোবিন্দাষ্টকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) (অবাঁধা) ২৲ ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ৷০
২৭। দুর্ব্বিজ্ঞেয়কা গৌরলীলা (সানুবাদ) ১৲
২৮। বেদান্তদর্শনসার (সানুবাদ) ৷০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৷৷
৩০। দীপ দিগ্-দর্শন ৷/
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷/
৩২। গোস্বামী রঘুনাথ দাস; বাঁধা) ৷০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৷/০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৷/০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৷/০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৷৷০
৪৩। সাধনতত্ত্ব /০
। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্চ্চনপদ্ধতি /০
৪৭। সদাচারস্মৃতিঃ /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনকণ /১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ৷০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ৷০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷০
৫৪। পুরুষার্থ বিনির্ণয় ৷০
৫৫। স্তবমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৷/০
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যান্বিত) ৷০
৫৮। শ্রীকৃষ্ণসন্দেশ ৷/০
৫৯। শিক্ষাদর্পণ ৷/০
৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ৷০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিজিতঃ ৷০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ৷০
৬৪। গুরুস্তবম্ ৷০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৷/০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ /০
৬৭। সারাংশবর্ণনম্ ৷/০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ৷০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ৷০
৭০। নামভজন /০
৭১। বেদান্ত—ইট্‌স মরফলজী এণ্ড অণ্টলজি ৷০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ৷৷/০
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ৷০
৭৪। বৈষ্ণবীজম্ ৷০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৬। দি ভাগবত ৷০
৭৭। ইবোল্টিক প্রিন্সিপাল এণ্ড অনুবাদের ডিক্লোশন ৷০
৭৮। ব্রহ্মসংহিতা ২৷০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ৷০
৮১। সাধন-পথ ৷০
৮২। কল্যাণ-কল্পতরু ৷/০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬ শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST— প্রভুপাদ শ্রীল সরস্বতীঠাকুরের পরিচালনায় গোস্বামী এভাবত সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১৷০ টাকা মাত্র।

৩। ভাগবত [illegible] একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য [illegible] হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ৷০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১৷০ মাত্র

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের জীবকল্যাণকর জীবন-চরিত ইহাতে কীর্ত্তিত করা হইয়াছে।

—:০:—

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই এই গ্রন্থ পাঠে প্রভূত সত্যানুসন্ধান পাঠ ও বহু সাধুসঙ্গের ফল লাভ করিতে পারিবেন।

বৈষ্ণব-গ্রন্থের প্রচারার্থ ও রয়েল ৮ পেজী আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে মুদ্রিত। ৩৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র উহাতে সংযোজিত আছে; ভিক্ষা ২৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র দৈনিক পত্র

ধাম শ্রীমায়াপুর-নদীয়া

১২শবর্ষ | ২৭ মাধব গৌরাব্দ ৪৫১ ২৫শে মাঘ বঙ্গাব্দ ১৩৪৪, ৮ই ফেব্রুয়ারী ইং ১৯৩৮, মঙ্গলবার | ২৮৩তম সং

সাময়িক-প্রসঙ্গ

— ::)•(::

শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া প্রকটোৎসব

শ্রীগৌরসুন্দরের আলয় শ্রীধাম মায়াপুর শ্রীযোগপীঠ শ্রীমন্দিরে গত ৫ই ফেব্রুয়ারী ২২শে মাঘ শনিবার শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর প্রকট-তিথিপূজা-মহোৎসব পাঠ, কীর্ত্তন, বক্তৃতা এবং তাঁহার চরিত্র আলোচনামুখে সমারোহের সহিত অনুষ্ঠিত হইয়াছে। এতদুপলক্ষে কলিকাতা হইতে মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু, উপদেশক পণ্ডিত শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী কৃতরত্ন প্রভু, শ্রীপাদ অনন্তবাসুদেব ভক্তিবান্ধব প্রভু, শ্রীযুক্ত বিনয়ভূষণ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত সুদেব হালাধিকারী, শ্রীযুক্ত রাধাকান্ত বসু প্রভৃতি ভক্তবৃন্দ শ্রীধাম মায়াপুরে আগমন করিয়াছিলেন।

উৎসব দিবস ব্রাহ্মমুহূর্ত্ত হইতেই শ্রীচৈতন্যমঠে ও শ্রীযোগপীঠে মঙ্গলারাত্রিকান্তে পাঠ কীর্ত্তন আরম্ভ হয়। পরে বেলা সাড়ে ৭॥ ঘটিকায় শ্রীপাদ ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভুকে অগ্রণী করিয়া শ্রীচৈতন্যমঠ হইতে এক সংকীর্ত্তন-শোভাযাত্রা বাহির হয়। শ্রীচৈতন্যমঠে শ্রীমন্দিরাদি, শ্রীরাধাকুণ্ড, শ্রীল প্রভুপাদের সমাধিমন্দির ও ভজনকুটীর পরিক্রমা করিয়া শ্রীঅদ্বৈত ভবনের শ্রীমন্দির, শ্রীবাসাঙ্গনের শ্রীমন্দির, শ্রীনৃসিংহদেবের শ্রীমন্দির, শ্রীগৌরকুণ্ড এবং শ্রীযোগপীঠ শ্রীমন্দির উক্ত সংকীর্ত্তন সম্প্রদায় পরিক্রমা করেন। শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভুর মুখপদ্মাবলম্বে কীর্ত্তন হয়।

অতঃপর শ্রীযোগপীঠে একটী সভার অধিবেশন হয়। মহাজনপদাবলী কীর্ত্তনান্তে উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্য-ব্যাকরণ-পুরাণতীর্থ মহোদয় ভক্তিরত্নাকর চতুর্থ তরঙ্গ হইতে শ্রীগৌর-বিরহকাতরা শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর গৌর-গীত ও গৌর সেবার বিষয় আলোচনা করেন। শুদ্ধা সরস্বতী ও বিদ্যা সরস্বতীর কথাও কিছু আলোচিত হয়। পরে উচ্চ নৃত্য কীর্ত্তনান্তে বেলা ১০ ঘটিকার সভা ভঙ্গ হয়।

অপরাহ্ণ ২ ঘটিকা হইতে ৩ ঘটিকা পর্য্যন্ত শ্রীচৈতন্যমঠে পুনরায় ভক্তিসন্দর্ভ পাঠমুখে পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী মহোদয় সাধনভক্তিতত্ত্ব সম্বন্ধে আলোচনা করেন। ৪ ঘটিকায় শ্রীচৈতন্যমঠ হইতে পুনরায় এক সংকীর্ত্তন শোভাযাত্রা বাহির হইয়া শ্রীমুরারিগুপ্তের ভবনে কীর্ত্তনাদি করিয়া শ্রীযোগপীঠে উপনীত হন। ঐ সময় যোগপীঠে এক সভার অধিবেশন হয়। মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীপাদ নন্দকিশোর ভক্তিশাস্ত্রী মহোদয় শ্রীচৈতন্য-ভাগবত আদি ১৫শ অধ্যায় হইতে শ্রীগৌর-বিষ্ণুপ্রিয়া-প্রসঙ্গ সুমধুরস্বরে পাঠ করেন।

অতঃপর শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু প্রাঞ্জল ভাষায় শুদ্ধভক্ত-অনুগামিনী শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর শ্রীগৌর-সেবার বৈশিষ্ট্য, তাঁহার আদর্শ বৈরাগ্য, শ্রেষ্ঠ ভক্তগণের বাক্যমুখে শ্রীগৌরসুন্দরের সেবার বৈশিষ্ট্যের কথা কীর্ত্তনমুখে ঘণ্টাধিক-কাল যাবৎ একটী বক্তৃতা প্রদান করেন। অতঃপর [illegible] ইন্‌ষ্টিটিউটের প্রধান শিক্ষক শ্রীপাদ কিশোরী মোহন ভক্তিবান্ধব প্রভু শুদ্ধা সরস্বতী এবং বিদ্যা সরস্বতী বা চামরধারিণীর সেবার পার্থক্য, শ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর সেবার নিত্য-মঙ্গলত্ব এবং সেবার বাধা সম্বন্ধে বহু কথা আলোচনামুখে একটী বক্তৃতা প্রদান করেন। বক্তৃতান্তে নিমন্ত্রিত অনিমন্ত্রিত বহু ব্যক্তিকে প্রচুর পরিমাণে মহাপ্রসাদ প্রদান করা হয়।

• উৎসবে স্থানীয় ও বিদেশাগত ৫০০ শত সজ্জনের সমাগম হইয়াছিল।

— —

পল্লীতে প্রচার

আকর মঠরাজ শ্রীচৈতন্যমঠের বিশিষ্ট প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ [illegible] মহারাজ, মহোপদেশক পণ্ডিত শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী [illegible] মহোপদেশক সহ খানা জংশনস্থ কাশিপুর, [illegible] মাধাইপুর ও গোপালপুর প্রভৃতি স্থানে প্রায় একমাস যাবৎ শিক্ষিত সজ্জনমণ্ডলীর নিকট শ্রীচৈতন্যবাণী প্রচার করেন। বেরা নামক স্থানে উপস্থিত হন। সেখানে স্থানীয় সজ্জনমণ্ডলীর আগ্রহ ইচ্ছায় নিকটবর্ত্তী ভক্তি [illegible] ১০ই মাঘ বুধবার ও ১৩ই মাঘ [illegible] দিনে দুইটী বিরাট সজ্জনসভার অধিবেশন হয় ও ১৪ই মাঘ পাঠের ব্যবস্থা হয়। উক্ত স্থানে বিশেষ সাধন আগ্রহ হওয়ায় প্রত্যহ [illegible] শ্রীপাদ [illegible] মহোদয় [illegible]

"[illegible]" সম্বন্ধে বক্তৃতা করেন ও দ্বিতীয় দিবস সভাতে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর মহারাজ ও পণ্ডিত শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী মহোদয় "শ্রীচৈতন্যদেবের দয়া" সম্বন্ধে তাঁহাদের স্বাভাবিক ওজস্বিনী ভাষায় অপরাহ্ণ ৫ ঘটিকা হইতে সন্ধ্যা ৭॥ ঘটিকা পর্য্যন্ত প্রায় দুইটী বক্তৃতা প্রদান করেন। [illegible] দিবস শ্রীমদ্ভাগবত [illegible] পাঠ করেন। [illegible] কথা [illegible] প্রাণারাম [illegible]

নিত্যানন্দ-ভক্তি-ভাবেরজন

[illegible]

— —

শ্রীগৌরসুন্দর মহোৎসব

[illegible]

— —

অন্য [illegible] পারেন [illegible]। [illegible] করেন [illegible]।

"শ্রীগুরুদেব ও ভগবৎ শ্রীবৈষ্ণব সমূহের চিরবশীভূত; তাঁহাদের আনুগত্যে সুদৃঢ় রহিয়াছে। শ্রবণ-কীর্তন—সংলগ্ন কর্মাদি দেব উপকরণ না হইলে পারিলেই 'সাম্যক' (স্বরূপ) বিচার আসিয়া সংস্কারগণ প্রবল হ। শ্রীগুরুপাদপদ্মের সম্বন্ধে জ্ঞানহীন মানবের তাদৃশ সম্বন্ধ যোগ না থাকায় সেখানে আসিয়া সাধকের সর্বনাশ সাধন করে।"

(শ্রীল আচার্যদেব)

শ্রী শ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীমায়াপুর

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী-ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৩ মাঘ: [illegible] গৌরাব্দ ৪৫১

সুদামা বিপ্র

সুদামা বিপ্র শ্রীকৃষ্ণের সহাধ্যায়ী জনৈক দরিদ্র ব্রাহ্মণ ছিলেন। তিনি অবন্তী নিবাসী সান্দীপনি মুনির নিকট বলরাম ও কৃষ্ণের সহিত বিদ্যাশিক্ষা করেন। পরবর্তীকালে যখন শ্রীকৃষ্ণ দ্বারকায় সিংহাসনে বিরাজ করিতেছিলেন, সেই সময় সেই বেদবিদ্বৎশ্রেষ্ঠ, জিতেন্দ্রিয়, 'প্রশান্ত-চিত্ত' ও 'দরিদ্র' সুদামা বিপ্র নিজ অযাচকবৃত্তি দ্বারা জীবন-ধারণ করিয়া গৃহস্থ-ধর্মপরায়ণ গৃহস্থরূপে [illegible] পত্নীর সহিত বাস করিতেছিলেন। সুদামা বিপ্র সর্বক্ষণ ভগবৎ-সেবায় নিযুক্ত থাকিতেন। তিনি এরূপ সেবা-প্রমত্ত ছিলেন যে, 'নিজ স্বার্থ'-চেষ্টা তাঁহার মধ্যে [illegible] পরিলক্ষিত হইত। তাঁহার পরিধানে একখণ্ড জীর্ণ মলিন বসন ছিল। তাঁহার পত্নীও তদ্রূপ জীর্ণ বস্ত্র পরিধান করিয়া অন্নাভাবে ক্ষুধা-কাতর দেহেই অবস্থান করিতেন। সেই পতিব্রতা নারী একদিন ভয়ে কাঁপিতে কাঁপিতে স্বামীকে প্রণাম করিয়া ম্লানমুখে বলিলেন, "হে ব্রাহ্মণ, আমি শুনিয়াছি, লক্ষ্মীপতি, শরণাগতবৎসল, পরম-ব্রহ্মণ্য যাদবশ্রেষ্ঠ, সাক্ষাৎ ভগবান্ আপনার সখা। তিনি সাধুগণের একমাত্র আশ্রয়। তাঁহার নিকট গমন করুন, আপনাকে তিনি প্রচুর ধন দান করিবেন। তিনি অধুনা ভোজ-বৃষ্ণি অন্ধকগণের স্বামী হইয়া দ্বারকায় অবস্থান করিতেছেন। জগদ্গুরু শ্রীকৃষ্ণ তাঁহার পাদপদ্ম সেবা-পরায়ণ ব্যক্তিকে আত্ম পর্যন্ত প্রদান করিয়া থাকেন। সুতরাং যাঁহারা তাঁহাকে যথাবিধি অর্চনা করেন, তাঁহাদিগকে যে তিনি অর্থ ও কাম প্রদান করিবেন, এবিষয়ে আর সন্দেহ কি? সুদামা বিপ্র তাঁহার পতিব্রতা পত্নী কর্তৃক তদ্রূপে বিনয়ভাবে প্রার্থিত হইলেও তুচ্ছ ধনাদিলাভের জন্য শ্রীকৃষ্ণের শরণাপন্ন হইতে ইচ্ছা করিলেন না। কারণ তিনি জানিতেন, যাঁহারা ভগবদ্ভক্ত-পরায়ণ, তাঁহারা নিত্য স্বভাবে সন্তুষ্ট, তাঁহাদের কোন অভাব নাই। [illegible] পতিব্রতার আহ্বান [illegible] লক্ষিত হয়, যাহা ভক্তলোক [illegible]। ভগবদ্ভক্তগণ এরূপ আদর্শের দ্বারা প্রাকৃত ব্যক্তিগণকে ভগবদ্ভজনে আকৃষ্ট করেন। যদি নিষ্কিঞ্চন বৈষ্ণবগণ [illegible] এইরূপ আদর্শ প্রকটিত না করিতেন তাহা হইলে সাধারণ দীন, দরিদ্র, মূর্খ, অকুলীন ব্যক্তিগণ ভগবদ্ভজনের পথে অগ্রসর হইতে বল ও উৎসাহ পাইতেন না। অসমর্থ ব্যক্তিগণের অন্তরে বল সঞ্চার করিবার জন্য ভগবদ্ভক্তগণ অনেক সময় [illegible] থাকিয়াও বাহ্যে অন্য লোক-প্রতীতিতে ব্যবহারিক দুঃখের লেশ প্রকট করেন। ইহাতে দীন, দুঃখী, মূর্খ ও অকুলীন ব্যক্তিগণেরও অন্তরে ভগবদ্ভজন করিবার সাহস হয়। সাধুগণের আদর্শ দেখিয়া যখন তাঁহারা জানিতে পারেন, দীন, দুঃখী, দরিদ্রেরও ভগবদ্ভজনে অধিকার আছে; তাঁহারা এইরূপ ভগবদ্ভজনশীলের শ্রেষ্ঠপদবী লাভ করিতে পারেন— ধন জন, অন্ন অভাব, এ সব অনর্থের হস্ত হইতে মুক্ত হইয়া পরম-সৌভাগ্য লাভ করিতে পারেন, তখন তাঁহাদের ভগবদ্ভজনে প্রবৃত্তি ও উৎসাহ হয়। এরূপ বিচার দ্বারাও সুদামা বিপ্র মহা ঐশ্বর্যলাভের জন্য লালায়িত না হইয়া "শ্রীকৃষ্ণের প্রত্যক্ষ দর্শনই আমার পরম লাভ" এরূপ বিচারপূর্বক দ্বারকাপুরে শ্রীকৃষ্ণের নিকট গমনার্থ উদ্যোগী হইলেন এবং সখা শ্রীকৃষ্ণকে উপহার প্রদান করিবার মত কিছু সামগ্রী আছে কিনা, পতিব্রতা পত্নীকে জিজ্ঞাসা করিলেন। নিত্য ভিক্ষাবৃত্তি অবলম্বন করিয়া যাঁহারা কোন প্রকারে জীবনযাপন ও নৈবেদ্য প্রদান করিয়া থাকেন, সেইরূপ দম্পতীর গৃহে কি কখনও বা উপহার সামগ্রী সঞ্চিত থাকিবে? পতিব্রতা ব্রাহ্মণী প্রতিবেশী বিপ্রগণের নিকট হইতে চারি মুষ্টি চিপিটক-কণা ভিক্ষা করিয়া আনিয়া তাহা একটি জীর্ণ বস্ত্রখণ্ডে বাঁধিয়া স্বামীকে প্রদান করিলেন। সেই ভগবদ্ভক্ত বিপ্র তাহা গ্রহণ করিয়াই "আমার কিরূপে শ্রীকৃষ্ণদর্শন ঘটিবে" মনে মনে এইরূপ চিন্তা করিতে করিতে দ্বারকায় উপস্থিত হইলেন। বিপ্রবর সৈন্যস্থান ও কক্ষসমূহ অতিক্রম করিয়া কৃষ্ণভক্ত ব্রাহ্মণগণের সহিত মিলিত, অন্ধকবৃষ্ণিদিগের আবাসগৃহ সকলের মধ্যে ভগবানের ষোড়শ সহস্র মহিষীর শ্রেষ্ঠ একটি গৃহে প্রবিষ্ট হইলেন। তখন তিনি যেন সাক্ষাৎ ব্রহ্মানন্দ প্রাপ্ত হইলেন। শ্রীকৃষ্ণ রুক্মিণীদেবীর পর্যঙ্কে অবস্থিত ছিলেন। তিনি দূর হইতে স্বীয় সখা ব্রাহ্মণকে দেখিতে পাইয়া গাত্র উত্থান পূর্বক তাঁহার নিকট আসিয়া উপস্থিত হইলেন এবং আনন্দে সখাকে গাঢ় আলিঙ্গনে বদ্ধ করিলেন। আলিঙ্গনকালে পরম আনন্দানুভব করায় কমল-লোচন শ্রীকৃষ্ণের নয়ন-যুগল হইতে প্রেমাশ্রু বর্ষিত হইতে লাগিল। শ্রীকৃষ্ণ সখাকে স্বীয় পর্যঙ্কোপরি উপবেশন করাইয়া স্বয়ং উপহার আহরণপূর্বক সখার পাদপ্রক্ষালন করিলেন। সেই পাদ-জল স্বয়ং মস্তকে ধারণ করিয়া, স্বজন-পুরাণের সেই ভগবান্ চন্দন, অগুরু, কুঙ্কুম প্রভৃতি দ্বারা তাঁর অঙ্গ প্রলিপ্ত এবং সুগন্ধ ধূপ ও প্রদীপমালা দ্বারা সখার অর্চন করিলেন পরে তাম্বুলাদি প্রদানপূর্বক সখার কুশল জিজ্ঞাসা করিতে লাগিলেন। রুক্মিণীদেবী স্বয়ং সেই জীর্ণ মলিন-বস্ত্র পরিহিত, কৃশ, শিরা-ধমনী-ব্যাপ্তশরীর সুদামা ব্রাহ্মণকে চামর ব্যজনাদি দ্বারা পরিচর্যা করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণ রুক্মিণীদেবীর সহিত এইরূপ একটী মলিন দেহী ব্রাহ্মণকে প্রীতিসহকারে পূজা করিতেছেন দেখিয়া পুরজনবর্গ অত্যন্ত বিস্মিত হইলেন এবং বলিতে লাগিলেন," এই নির্ধন, শ্রীহীন, লোকনিন্দিত অধম ভিক্ষুক এমন কি সুকৃতি অর্জন করিয়াছেন যে, যাঁহাকে ত্রিলোকগুরু শ্রীকৃষ্ণ [illegible] প্রিয়া রুক্মিণীদেবীকে পর্যন্ত পরিত্যাগ করিয়া অগ্রজ বলদেবের ন্যায় আলিঙ্গনাদি দ্বারা তাঁহার অভিনন্দন ও পূজা করিতেছেন?"

শ্রীকৃষ্ণ ও ব্রাহ্মণ পরস্পর হস্ত ধারণ-পূর্বক পূর্বে যখন গুরুগৃহে ছিলেন, সেই সময়ের অনুষ্ঠিত কথোপকথন-বিষয়িণী পরম সুখদায়ী নানা কথার অবতারণা করিলেন। শ্রীকৃষ্ণ সখা সুদামা বিপ্রকে জিজ্ঞাসা করিলেন,—'সখে, তুমি গুরুদক্ষিণা প্রদানপূর্বক গুরুকুল হইতে সমাবর্তন করিয়া দারপরিগ্রহ করিয়াছ কি? তুমি পরম বিদ্বান্। আমার জানা আছে, গৃহস্থ ধর্ম গ্রহণ করিলেও তোমার চিত্ত কামাভিনিবিষ্ট হয় নাই। তোমার ধনপ্রাপ্তি বিষয়েও আসক্তি নাই। কেহ কেহ কোন বলবান্ পুরুষ ভগবন্মায়ারচিত বিষয়-বাসনা পরিত্যাগপূর্বক কামকর্মাদির না হইয়াই ভগবৎ-সেবানুকূল সংসারধর্ম পালন করিয়াও থাকেন। দ্বিজগণ যে গুরু হইতে দ্বিজত্ব পরমতত্ত্ব জানিতে পারিয়া সংসারের পরপারে গমন করেন, আমাদের উভয়ের সেই গুরুর সমীপে বাসের কথা তোমার মনে আছে কি? সখে, এই সংসারে যাঁহা হইতে উৎপত্তি লাভ হয়, সেই জনক প্রথম গুরু, যাঁহা হইতে দ্বিজাতিগণের সংস্কারের সম্ভব হয়, তিনি বেদাধ্যাপক দ্বিতীয় গুরু। তিনি প্রথম গুরু হইতে অধিক পূজ্য। আর যিনি সকল আশ্রমের ধর্মবিধি বা সম্বন্ধজ্ঞানের প্রদাতা, তিনি সাক্ষাৎ আমার ন্যায় গুরু ও পূজনীয়। তাঁহার ন্যায় পূজ্য আর কেহ নাই। জন্মদাতা পিতা বা সংস্কারের উপদেষ্টা বেদাধ্যাপক গুরু হইতে সম্বন্ধজ্ঞানদাতা গুরুদেব অনন্ত-কোটি গুণে শ্রেষ্ঠ। তাঁহাকে মৎস্বরূপ বলিয়াই জানিতে হইবে। তিনি আমারই ন্যায় পূজনীয়। তাঁহার পূজাই সর্বশ্রেষ্ঠ বিধেয়। এইরূপ সম্বন্ধজ্ঞানদাতা গুরুরূপী আমার উপদেশ দ্বারা যাঁহারা অনায়াসে এই ভবসমুদ্র উত্তীর্ণ হইয়া যান, তাঁহারাই বর্ণাশ্রমিগণের স্বার্থজ্ঞ। এই সম্বন্ধজ্ঞানদাতা গুরু অপেক্ষা অধিকতর সেব্য এবং তাঁহার সেবা অপেক্ষা অধিক ধর্ম জগতে আর নাই। আমি এইরূপ গুরু-সেবা দ্বারা যেরূপ পরিতুষ্ট হই, গৃহস্থধর্ম, ব্রহ্মচারিধর্ম, বানপ্রস্থধর্ম বা যতি-ধর্ম দ্বারাও সেরূপ সন্তুষ্ট হই না। আমরা যখন গুরু-কুলে বাস করিতাম, তখন একদিন কাষ্ঠাহরণে গমন করিলে যে যে ঘটনা ঘটিয়াছিল, তাহা কি তোমার মনে পড়ে? আমরা মহারণ্যে প্রবেশ করিলে অকালে ভয়ঙ্কর ঝড়বৃষ্টি আরম্ভ হইল এবং ভয়ানক মেঘ-গর্জন হইতে থাকিল। এদিকে সূর্যদেব অস্তমিত হইলেন, চতুর্দিক অন্ধকারে সমাচ্ছন্ন হইল, নিম্ন ও উচ্চ স্থানসমূহ সকলই জলময় হইতে লাগিল, আমরা কোন দিকে কিছু দেখিতে পাইলাম না। জল-প্লাবিত সেই বনমধ্যে আমরা ভীষণ ঝড় ও জলধারায় পুনঃপুনঃ নিরন্তর আহত হইতে লাগিলাম। দিক্ নির্ণয় করিতে না পারিয়া পরস্পর হস্ত ধারণপূর্বক সেই বন মধ্যেই পরিভ্রমণ করিতে লাগিলাম। আচার্য সান্দীপনি আমাদের অবস্থা জানিতে পারিয়া সূর্যোদয় হইতে না হইতে আমাদের অন্বেষণে বহির্গত হইয়াছিলেন এবং বনমধ্যে আমাদিগকে অত্যন্ত ক্লিষ্ট দেখিতে পাইয়া হায় হায়!" করিতে করিতে বলিলেন, 'পুত্রগণ, দেহই জীবগণের নিকট সর্বাপেক্ষা প্রিয়তম বলিয়া প্রসিদ্ধ। তোমরা সেই দেহকে

পর্য্যন্ত অর্পণ করিয়া আমাদের সেবায় প্রবৃত্ত হইয়াছে। যাঁহারা একান্তভাবে গুরুতে সর্ব্বস্ব আত্মসমর্পণ করেন, তাঁহারাই সাফল্য এবং তাঁহারাই যেরূপভাবে গুরুসেবা করিতে পারেন। আমি তোমাদিগের প্রতি বিশেষ সন্তুষ্ট হইয়াছি। তোমাদের অভীষ্ট বেদমন্ত্রের সার হউক ও পরকালে স্ফূর্ত্তি হউক।" সে সখে গুরুগৃহে বাসকালে আমাদের এইরূপ অনেক ঘটনা ঘটিয়াছিল, তাহা কি তোমার স্মরণ হয়? একমাত্র গুরুদেবের অনুগ্রহেই পুরুষ পূর্ণশান্তির অধিকারী হইতে পারেন। শ্রীকৃষ্ণের এই সকল কথা শ্রবণ করিয়া সুদামা বিপ্র শ্রীকৃষ্ণকে কহিলেন, "হে দেবদেব, জগদ্গুরো, তুমি সত্যকাম। যখন তোমার সহিত একত্রে গুরুকুলে বাস করিয়াছি, তখন আমাদের অলভ্য আর কি আছে? যাঁহার দেহ সাক্ষাৎ বেদময় ব্রহ্ম এবং নিখিল পুরুষার্থের উদ্ভবস্থান, তাঁহার গুরুগৃহে বাসলীলা কেবল লোকশিক্ষার নিমিত্ত।" যখন সুদামা বিপ্র শ্রীকৃষ্ণের প্রতি এইরূপ বাক্য বলিতেছিলেন শ্রীকৃষ্ণ হাসিতে হাসিতে প্রীতি-প্রফুল্ল অন্তরে বিপ্রের মুখ নিরীক্ষণ করিয়া কহিলেন, সখে,—তুমি এতদিন পরে আমার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছ, গৃহ হইতে কি উপহার আনয়ন করিয়াছ বল? আমার ভক্তগণ প্রীতিপূর্ব্বক আমাকে পত্র, পুষ্প, ফল, জল যাহা কিছু অর্পণ করেন, তাহা অণুপরিমাণ হইলেও আমি 'মহৎ' বলিয়া গ্রহণ করি এবং সেই সংযতাত্মা ভক্তগণের ভক্ত্যুপহৃত দ্রব্যসকল প্রীতিপূর্ব্বক ভোজন করি। আর অভক্তগণ আমাকে প্রচুর দ্রব্য প্রদান করিলেও তাহাতে আমার পরিতোষ জন্মে না। শ্রীকৃষ্ণ এইরূপ কথা বলিলেও সুদামা বিপ্র শ্রীপতিকে মুষ্টি-চতুষ্টয় তণ্ডুলকণা দান করিতে পারিলেন না। লজ্জিত হইয়া অধোমুখে অবস্থান করিতে লাগিলেন। সর্ব্বান্তর্যামী ভগবান্ ব্রাহ্মণের আগমনের কারণ বুঝিয়া চিন্তা করিলেন, "আমার সখা এই বিপ্র আমাকে পূর্ব্বে অর্থাদি কামনা করিয়া ভজনা করেন নাই, স্বাভাবিকী প্রীতিভরেই ভজনা করিয়াছেন। তাই বলে পতিব্রতা পত্নীর অনুরোধ রক্ষার ছল করিয়া একবার আমার দর্শন লালসায় বৃথা উদ্দেশ্যের বশবর্ত্তী হইয়াই আমার নিকট আগমন করিয়াছেন। অতএব আমি ইঁহাকে দেবদুর্লভ সম্পদ্ প্রদান করিব। ভগবান্ এইরূপ মনন করিয়া সুদামা বিপ্রের জীর্ণ-বস্ত্রখণ্ড হইতে 'এ কি' এইরূপ বলিতে বলিতে চিপিটকগুলি কাড়িয়া লইয়া বলিতে লাগিলেন, "সখে, এই ত' আমার অতি প্রীতিকর উপহার আনয়ন করিয়াছ। সেই সখে, এই চিপিটক বিশ্বাত্মা আমার তৃপ্তিসাধন করিবে।" এই বলিয়া ভগবান্ একমুষ্টি চিপিটক ভক্ষণ করিলেন। পুনর্ব্বার আহারার্থ দ্বিতীয় মুষ্টি গ্রহণ করিতে উদ্যত হইলে রুক্মিণী দেবী তৎপরা হইয়া শ্রীকৃষ্ণের হস্ত ধারণ করিলেন। সুদামা বিপ্র সেই রাত্রি শ্রীকৃষ্ণের মন্দিরে মহানন্দে অবস্থান করিলেন। পরদিবস প্রাতঃকালে নিজালয়ে যাত্রা করিলেন। শ্রীকৃষ্ণ সখার সঙ্গে সঙ্গে কতক পথ গমন করিয়া তাঁহাকে অভিনন্দিত করিলেন। বিপ্র পথে গমনকালে শ্রীকৃষ্ণের করুণার কথা ভাবিতে লাগিলেন, "অহো, আমি দরিদ্রতম হইলেও স্বয়ং লক্ষ্মীদেবীকে তিনি যে বক্ষঃস্থলে ধারণ করিয়াছেন আমাকে সেই বক্ষে আলিঙ্গন করিলেন! কোথায় আমি নীচ দরিদ্র, আর কোথায় সেই নিকেতন শ্রীকৃষ্ণ! শ্রীকৃষ্ণের পাদসেবাই জীবগণের অপবর্গরূপ ভগবৎ-প্রেমা এবং আনুষঙ্গিক বা অবান্তর তুচ্ছ ফলরূপ স্বর্গাদিলোক, পৃথিবীর ভূমি-সম্পদ ও সকল সিদ্ধির মূল। তথাপি 'এই নির্ধন বিপ্র ধনলাভে অতিশয় মত্ত হইয়া আমাকে নিশ্চয় স্মরণ করিবে না' ইহা ভাবিয়াই করুণাময় ভগবান আমাকে অল্পমাত্রও (ধনাদি) প্রদান করেন নাই, পরন্তু ভূরি ধন অর্থাৎ স্বয়ং পূর্ণরূপ আপনাকে প্রদান করিয়াছেন"—এইরূপ চিন্তা করিতে করিতে ব্রাহ্মণ স্বীয় পুরীর নিকট উপস্থিত হইলেন। দেখিলেন, পুরীর চতুর্দ্দিক সূর্য্য চন্দ্রাদির সদৃশ তেজঃ-সমন্বিত বিমানসমূহে পরিব্যাপ্ত হইয়াছে। কুঞ্জগৃহ বিহঙ্গকূজিত বিচিত্র উপবন ও উদ্যান সকল প্রফুল্ল কুমুদ কহ্লার-পদ্ম-উৎপল বিশিষ্ট সরোবর সমূহে শোভা পাইতেছে। উত্তম অলঙ্কারে অলঙ্কৃত দাসগণ বিলাসী দাসীগণ তথায় সেবোন্মুখ হইয়া বিরাজ করিতেছে। তাহা দেখিয়া ব্রাহ্মণ অতীব বিস্মান্বিত হইলেন এবং "একি! ইহা কি সেই স্থান!" "কি প্রকারেই বা সেই স্থান এরূপ হইল!!!"—মনে মনে এইরূপ বিতর্ক করিতে লাগিলেন। এমন সময়ে দেবকান্তিবিশিষ্ট নরনারীগণ বহু গীতবাদ্য-সহকারে সানন্দে উপায়ন-দ্বারা তাঁহার সম্বর্দ্ধনা করিতে লাগিলেন। স্বামী আগমন করিয়াছেন, শ্রবণ করিয়া সতী সুদামাপত্নী অতীব হর্ষভরে শীঘ্র গৃহ হইতে নির্গত হইলেন এবং পতিকে দর্শন করিয়া আনন্দাশ্রুতে আপ্লুত হইলেন এবং ভক্তিভরে প্রণাম করিলেন। ব্রাহ্মণ স্বর্ণকণ্ঠী দাসীগণের মধ্যে শোভমানা বিমানচারিণী দেবীর ন্যায় দীপ্তিশালিনী পত্নীকে দর্শন করিয়া অতিশয় প্রীত ও বিস্মিত হইলেন। পরে তাঁহার সহিত মহেন্দ্র ভবনের ন্যায় শত শত মণিস্তম্ভ-শোভিত নিকেতনে প্রবেশ করিলেন। ব্রাহ্মণ তথায় উপস্থিত হইয়া দেখিলেন, তাঁহার মন্দিরে দুগ্ধফেননিভ সুকোমল শয্যা, হস্তিদন্ত-নির্ম্মিত স্বর্ণ-পরিচ্ছদময় পর্য্যঙ্ক, কোমল হেমদণ্ড সুশোভিত চামর ও ব্যজন। আস্তরণযুক্ত আসন, মুক্তাদাম বিলম্বিত প্রভাময় বিতান ও মহামরকতমণি খচিত স্বচ্ছ স্ফটিক-ভিত্তিতে নানা রত্নপ্রদীপ শোভা পাইতেছে। ব্রাহ্মণ স্বীয় গৃহে এইরূপ সর্ব্বসম্পত্তির সমৃদ্ধি দর্শন করিয়া অকস্মাৎ স্বীয় সমৃদ্ধির হেতু চিন্তা করিতে লাগিলেন। "আহা, আমি নিতান্ত ভাগ্যহীন দরিদ্র, আমার এই সমৃদ্ধির কারণ মহাবিভূতিশালী যদুশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের দর্শন ব্যতীত অন্য কিছু হইতে পারে না। ভগবান্ স্বয়ং বহু 'দান' করিলেও তাহাকে 'অল্প' বলিয়া মানেন। আর ভক্তদত্ত 'অল্প' অতি তুচ্ছ হইলেও তাহাকে 'বহু' করিয়া মানেন। জন্মে জন্মে যেন আমার শ্রীকৃষ্ণের সহিত সৌহৃদ্য, সখ্য, মৈত্রী ও দাস্য-ভাব লাভ হয়। আমি যেন সেই মহানুভব-গণাশ্রয় ভগবানের সহিত তাঁহার নিজ-জন ভক্তগণের সঙ্গই লাভ করিতে পারি। বিচক্ষণ ভগবান শ্রীকৃষ্ণ ভক্তগণের ধনমদজনিত পতন দর্শন করিয়া অবিবেকী, অদীর্ঘদর্শী ধনীকারীকে স্বর্গ, ধন, সম্পদ, রাজ্য, ঐশ্বর্য্য, বিত্ত ইত্যাদি প্রদান করেন না। তবে শ্রীপ্রহ্লাদ-অম্বরীষাদির ন্যায় শক্তিশালী ও বিবেকী ভক্তগণকে যথেষ্ট সম্পদ প্রদান করিয়া থাকেন। তাহাতে তাঁহাদের কোন অপকার হয় না। কারণ, সেই সমস্ত ধনাদি-ঐশ্বর্য্যদ্বারা তাঁহারা বিবিধ ভগবৎসেবার পন্থার অবগত আছেন; কিন্তু আমার ন্যায় অবিবেকীর সম্পদ-প্রাপ্তি হইলে অধঃপতন ঘটিয়া থাকিবে। বাস্তবিকপক্ষে ভগবান ভক্তজনকে পরম ধন প্রদান না করিয়া যদি 'ধনাদিদ্বারা বঞ্চনা' করেন।" সুদামা বিপ্র এইরূপ বিচার করিয়া অল্প দিনের মধ্যেই বিষয় মাত্র থাকার পূর্ব্বক ধ্যানযোগে ও পরম-কারুণিক শ্রীকৃষ্ণের ধ্যানে সতত আসক্তিবান্ হইলেন এবং অল্পকাল মধ্যে সাধুগণের গতি শুদ্ধ বৈকুণ্ঠধাম লাভ করিলেন।

নিমন্ত্রণ-পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর, নদীয়া
১৬ই মাঘ, ১৩৪৪

শ্রীধাম-মায়াপুরে শ্রীশ্রীব্যাসপূজা

সাক্ষাদ্ধরিত্বেন সমস্তশাস্ত্রৈরুক্তস্তথা ভাব্যত এব সদ্ভিঃ।
কিন্তু প্রভোর্যঃ প্রিয় এব তস্য বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্॥

ভক্তিকুলকমলসম্ভোগামোদ-পরিব্যাপ্তেষু—

আগামী ৭ই ফাল্গুন ১৯শে ফেব্রুয়ারী, শনিবার শ্রীধাম মায়াপুর-শ্রীচৈতন্যমঠে শ্রীগৌড়ীয়াচার্য্য পরমহংস শ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুপাদের নির্দেশানুসারে ও মহাকীর্ত্তন-সেবাধ্যক্ষতায় নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী-প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্তি আবির্ভাব-তিথিতে দিবসব্যাপী শ্রীব্যাস পূজা মহোৎসব অনুষ্ঠিত হইবে। এতদুপলক্ষে শ্রীহরিসংকীর্ত্তন, শ্রীল প্রভুপাদের শিক্ষা ও প্রচারের বৈশিষ্ট্য-আলোচনা, মহাপ্রসাদ-সম্মান প্রভৃতি মহামহোৎসবে মহাশয় কৃপাপূর্ব্বক শুভাগমন ও যোগদান করিলে পরমানন্দের বিষয় হয়। নিবেদনমিতি—

শ্রীশ্রীরূপানুগমঠাশ্রিতানাং
সেবকবৃন্দানাম্

বিশেষ দ্রষ্টব্য—আচার্য্য-আরাত্রিক সমস্ত দ্রব্যসম্ভার ও প্রণামী প্রভৃতি শ্রীপাদ নারায়ণদাস অধিকারী ভক্তসুধাকর, শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা বা শ্রীপাদ নরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ, শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া এই ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ সম্পুটের রত্নরাজি

ভিক্ষা:—১ম খণ্ড ৸০; ২য় খণ্ড—১; ৩য় খণ্ড—৸০; ৪র্থ খণ্ড ৸০ আনা।

প্রাপ্তিস্থান শ্রীধাম-মায়াপুর, শ্রীচৈতন্যমঠ

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ
প্রাচীন নবদ্বীপ, ঠাকুর শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ-পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-গৌর, গোবর্দ্ধন আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন সম্প্রদায়... আছে।
রক্ষক ... ব্রহ্মচারী ...।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। ... শ্রীল ... প্রভুপাদ ... প্রচার ... আরম্ভ ... গৌড়ীয় ... অধ্যক্ষ ... প্রকাশিত হয়। মঠরক্ষক- মহোপদেশক ... নবদ্বীপ রায় ... ।

(৩) যোগপীঠ-মায়াপুর পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন ও শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।
রক্ষক-- শ্রীমদ্‌ভক্তি ... মহারাজ

(৪) শ্রীবাস অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক—শ্রীরাধাগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি সমাধি-পাট
অপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরকৃপাপাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক--শ্রীরাধাদাস ব্রহ্মচারী।

(৮) প্রভুপাদ...
শ্রীধাম মায়াপুর
রক্ষক—শ্রীমদ্ ... মহারাজ

(৯) স্বানন্দ সুখদ কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ও বিরূপাক্ষ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক- শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ শ্রীবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস-অধিকারী।

(১১) সার্ব্বভৌম গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ চাম্পাহাটি (বর্দ্ধমান)
রক্ষক —শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ জাহ্নগর, (বর্দ্ধমান)
শ্রীবাসপণ্ডিত ঠাকুর বৃন্দাবনের পাট
রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) রুদ্রদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর,নদীয়া.
রক্ষক—শ্রীমধুমঙ্গল ব্রহ্মচারী।

(১৪) জয়দেব গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক--শ্রীমধুবন ব্রহ্মচারী।

১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ
গৌড়পুর, রক্ষক --শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয়মঠ
মাজিদা (শ্রীনৃসিংহদেবের মন্দির নিকটবর্ত্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক - শ্রীগোবিন্দদাস বাবাজী।

১৭ কুঞ্জকুটীর
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক— শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক— শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৯) একায়নমঠ
গোবিন্দপুর, পোঃ চাঁপাহাটি, (নদীয়া)
রক্ষক- শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ পণ্ডিতের পাট
কাঁচরাপাড়া, পোঃ চাকদা (নদীয়া)
রক্ষক শ্রীহরিকিশোর অধিবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগনা
রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ অধিকারী।

(২৩) মাধ্বগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার কেন্দ্র। রক্ষক - মহা-মহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি।

(২৪) গোপালজীউ মঠ
কমলাপুর, পোঃ ঢাকা
রক্ষক শ্রীরাসবিহারী ব্রহ্মচারী।

(২৫) মদনগোপাল মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
রক্ষক শ্রী... ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
ময়মনসিংহ, পোঃ ময়মনসিংহ
রক্ষক মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীসুন্দর চক্রবর্ত্তী এম-এ, বি-এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীরাধামোহন অধিকারী

(২৮) সরভোগ গৌড়ীয়মঠ
পোঃ চক্চকা, কামরূপ (আসাম)
রক্ষক --শ্রীমদনমোহন ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
১নং ... রোড দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারস্বত-গৌড়ীয়মঠপীঠ
পোঃ ... শালকিয়া, হাওড়া
রক্ষক —শ্রী... ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক—শ্রীঅক্ষয়বৈকুণ্ঠ প্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ
পোঃ দানাপুর ক্যাণ্টনমেন্ট, বিহার
রক্ষক শ্রীবৃন্দাবন ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
নয়া রোড, গয়া
রক্ষক শ্রীবনবিহারী ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ
৯৩নং ক্যাণ্টনমেণ্ট, বেনারস সিটি
রক্ষক — শ্রীপরমানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক — শ্রীমধুমঙ্গল ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর ইউ, পি)
রক্ষক শ্রীরাধাবিনোদ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক-- শ্রীমদনলাল ব্রহ্মচারী

৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাতনশহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক শ্রীভক্তিপ্রজ্ঞান আশ্রম মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ
কিশোরপুর, বৃন্দাবন

(৪০) শ্রীপরমানন্দ সুখদকুঞ্জ
পোঃ রাধাকুণ্ড, মথুরা
রক্ষক শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ -শ্রীরাধাকুণ্ড
(৪২) রাধাকুণ্ড গৌড়ীয়মঠ
রক্ষক —শ্রী... শ্রীবংশীবদন

(৪৩) শ্রীগোবিন্দকুণ্ডাশ্রম
গোবর্দ্ধন, মথুরা

(৪৪) রাধাকৃষ্ণবিহারী মঠ
নন্দগ্রাম মথুরা।
রক্ষক -শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠাশ্রম
পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গোবিন্দবিহারী মঠ—শেলখানী,
পোঃ তোরড়া, জেলা ... (পাঞ্জাব
রক্ষক—শ্রীগোবিন্দবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক -শ্রীনন্দগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ
৪৩নং ওয়েসমান রোড, নিউ দিল্লী,
রক্ষক —শ্রীগৌরাঙ্গ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, অপেরাহাউস বিল্ডিং বোম্বে ৪
রক্ষক— শ্রীআনন্দ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেট্টা, মাদ্রাজ
শ্রীকৃষ্ণগৌরাঙ্গ শ্রীকৃষ্ণচৈতন্যদেবের সেবা
রক্ষক—মহোপদেশক শ্রীপাদ ভক্তি... ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রাধারমণ-গৌড়ীয়মঠ
পোঃ কভূর, জেলা গোদাবরী (মাদ্রাজ)
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-রাধাকান্ত-নিধিবনের সেবা বর্ত্তমান। মঠরক্ষক —পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগোপীনাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।
রক্ষক—শ্রীনিখিলবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক —শ্রীরাধামাধব অধিকারী

(৫৫) বক্রিকুটী – সমুদ্র, পুরী

(৫৬) লাল কুটী
রক্ষক -শ্রীকৃষ্ণকিশোর অধিকারী

(৫৭) বিরজা-গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
রক্ষক - শ্রী... ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ
নীলগিরি, পোঃ কটক (উড়িষ্যা।)
রক্ষক— শ্রী... অধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ
রক্ষক - শ্রীরাধা মদনমোহন

(৬০) ভাগবত... মঠ
তিকলিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর
রক্ষক -শ্রী... ব্রহ্মচারী ভক্তিরত্ন

(৬১) অমরাই গৌড়ীয়মঠ
পোঃ অমরাই, মেদিনীপুর
রক্ষক – শ্রী... ব্রহ্মচারী।

(৬২ বালিপাড়া প্রপন্নাশ্রমমঠ
বালিপাড়া পোঃ ... (হাওড়া
রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস অধিকারী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম
পোঃ রাণীগঞ্জ (বর্দ্ধমান)
রক্ষক শ্রীহরেকৃষ্ণ অধিকারী,

(৬৪) চেন্নাই গৌড়ীয়মঠ
... পোঃ ..., (মাদ্রাজ)
রক্ষক -শ্রীরমানাথ ... অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠাশ্রম
৮০৫ নং ষ্ট্রীট, রেঙ্গুন।
রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রদীপ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
১১, ডাক্সরোড
ক্যাপটন, লণ্ডন, এস ই
রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীঅপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়
রক্ষক —শ্রীকৃষ্ণগোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) গৌড়ীয়মঠ অফিস
৪৩ চাটার্জ্জি লেন
হিউয়েট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যা...ভার সম্পাদক
শ্রীঅনন্তানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলিকাতার বাজার দর

৪ঠা ফেব্রুয়ারী ১৯৩৮

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬।০
রাজা চাল	৪৸০
ঐ নতুন	৫৲
কাটারীভোগ	৭৲-৭।০
বাঁকতুলসী	৫।০
রাগনা নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
কোয়েক কোরালিটি	৪৲
সিদ্ধ বেলুন	৩।৵০
আতপ—	
নূতন আতপ	৪৲—৪।০
পেশোয়ারী	১০৲-১০।০
বাঁকতুলসী আতপ	৫।০-৫।৶
ঐ বালাম	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫।০-৫।০
কাটারীভোগ	৭৲
ঐ বেলুন	৩৵০

চিনির দর

হাইন, টাইপ	১০।৵০
নপুর ১০০০ নং	১০৵০
দোবরা সাদা	৯।০
নপুর সাদা	৮।০—৯৵০
নপুর লাল	৭।৵০—৮৲

সোণা-রূপার দর।

	প্রতি ভরি
গিনির বার	৩৪।০
গিনি	১২৲
চাঁদির বার	৫৩।০

পাটের দর

ফার্ষ্ট—	৪০৸০
সেকেণ্ড—	৪০৸০
থার্ড—	৪৩।০
চার বস্তের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

ষ্টেট ময়দা প্রতি মণ	৬।০—৬।৵০
ফ্লাওয়ার ঐ	৯৲—৬৵০
হোয়াইট ঐ	৫৸৵০—৫৸০
আটা	৯৲—৬৵০
আটা (বি)	৫৸০—৫৸৵০
আটা নং (২)	৫৵০—৫।৵০
আটা (এম)	৫৲—৫।০
আটা (কে)	৪৸০—৪৸৵০
আটা নং (৩)	২।০—২৸৵০
পনাই	১৪৵০—১৪০
ম	১৪৵০—১৪৵০

ঘৃতের দর

ভাল	৫৭৲
কাঁচা	৫৭৲
গব্যঘৃত	৪০৲
ঘী	৪৫৲
মহিষাদ	৩৪।০

ভাল	৪৬৲
কাবুলে	৩৬৲
ছাতা বালতি	৪১৸০
২৬ গেজ—	১৭৸০
প্যাঃ খটকা ২৪—৩০ গেজ	১০৲

লৌহ ও হার্ডওয়ার

১।২।৩৮

টাটার তৈয়ারী—	হন্দর প্রতি দর
লোহার কাঁড় (কড়ি বা বার)	
মার্কা	৮৸০—৯।০
ঐ বে মার্কা হাল্কা ওজন	৮৲—৮।০
ঐ টাটা টেসটেড কড়ি বীম সব সাইজ	১০৲
ঐ ইংলিশ কড়ি (বীম)	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮৸০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৭।০—৮।০
টাটা প্যাঃ করগেট-টিন।	
২৪ গেজ—	১৩।৵০
২৬ গেজ—	১৩।০
২৮ গেজ—	১৮৲
টাটা প্যাঃ প্লেন সীট	১।৵০
২৪ গেজ—	১৪।৵০
২৬ গেজ—	১৩।৵০
২৮ গেজ—	
ইংলিশ প্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৫৲
সীস	।৵৫—৸৵০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০।০
স্লেট কাটিং বা চিট কাটা বণ	৩।০—৩৸০
পাতি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৫।০—৬।০ হন্দর
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন প্লেট, গোল্ডি, পয়ালে	৮।০—৮।।০
গোল রড রি-ইনফোর্স ও কনক্রিটের	
জন্য	৭।০—১০।০
নূঃ ইস্পাত আসল ২৫৲	নতুন ২৩।০
ঢেকলের হালদা ৫৵০, পাটের হালদা ৬।০	
তুলার হালদা ৪।০	

গুড়ের দর

কলিকাতা ২৬শে জুন,

আখের গোলার কাইন	৫৪৲
সিট্‌ন আখের দর	৪০৲
কাঁচি খুরমির কাইন	৪০৲
চাবার্ণ বাদা	৫৫৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
লবঙ্গ সাদা	৮।০
সুপারী দেশী	১৬।০—১৭৲
কাটা সুপারী	
কুট পরিষ্কার	১৫।০—১৭।০
লবঃ নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক
এণ্ড সন্স লিঃ
৬-৫ জগন্নাথ ঘাট সোনাপটী, বড়বাজার
কলিকাতা

ফেভ্‌রোল

-:0:-

ম্যালেরিয়া রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কসের "ফেভ্‌রোল" অমোঘ মহৌষধ। এমন বাজারের ন্যায় ঔষধ আজ পর্য্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, ডেঙ্গু জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি আমাশা, বর্ষা-লাপুড়া, সান্নিপাতিক এবং অন্যান্য পাতাচিয়া জ্বরে "ফেভ্‌রোল" ব্রহ্মাস্ত্র। ইহা রক্ত পরিষ্কারক এবং শরীর কান্তিযুক্ত করিয়া তোলার একমাত্র টনিক।

সেবন বিধি ঃ—যুবা বয়স্ক পূর্ণ বয়স্কের ২ ড্রাম বা চা চামচের ২ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর পর্য্যন্ত ১ চামচ জলের সহিত, তাহার কম বয়সে ৩০ ফোটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলেদের জন্য ৫ হইতে ১৫ ফোটা জলের সহিত বিধি। জ্বর অবস্থায় সাগু, বার্লি, ফল ও চায়ের পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা ৸০ বড় পাঁচ শিশি ১৬ মাত্রা মূল্য ১।০ আনা।

দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কস্‌,
শম্ভুনগর, কৃষ্ণনগর, (সিটি রোড)

৬২-২৪১নং গলি পোঃ আঃ টামওয়ে, রেঙ্গুন।

সর্ব্বত্র বড় বড় দোকানে পাওয়া যায়

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

[illegible]

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মনুষ্য আরোগ্যের একমাত্র উপায় বলিয়া কটিবদ্ধ ... আক্রান্ত। পাচন সেবন এবং নূতন ও পুরাতন জ্বর একবার সেবন করিয়া দেখুন যে আপনার জ্বর নাশক হয় কিনা। মূল্য ছোট বোতল ৸০ আনা, বড় বোতল ১৸০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ভেরাসিটি রোড, কলিকাতা।

অথবা

...কলিকাতা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির সুসম্বদ্ধ জীবনচরিত এতাবৎকাল পুস্তক আকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু এত দিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পারমার্থিক সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৷৵০ আনা; ডাক মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভাগবতশাস্ত্রী সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য এম-এ মহোদয়ের শ্রৌতগবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে মগ্ন হউন। এই বিরাট, অভিনব ও আন্তর্জ্জাতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা মূলে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৩টি অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুবার্থ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ: গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২, স্থলে মাত্র ৬,।

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায়		বিজ্ঞাপনের পৃষ্ঠায়	
	১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	১ম ও ২য় দিনের জন্য	পরবর্ত্তী দিনের
প্রতিবারে প্রতি লাইনে	৷৹	।৵০	।৵০	।০
" " ইঞ্চ	২৲	১৷০	১৷০	
সিকিকলম	৫৲		৪৲	
অর্দ্ধকলম	৮৲		৬৲	
এক কলম	১২৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি ৬	৪৷০
সিকি কলম ১৫	১২৲
অর্দ্ধকলম ২৪	১৮৲
এক কলম ৩৬৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১

প্রতি সংখ্যা /৫; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু ধর্ম্মগ্রন্থ এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।এনং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাটষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

শ্রীশ্রীমায়াপুর।
যোগপীঠ—শ্রীধাম—শ্রীমায়াপুর
শ্রীগৌরজন্মস্থান
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
ধর্ম্মপ্রচারক-সংরক্ষক
নিত্যলীলাপ্রবিষ্ট
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসকুলচূড়ামণি
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্তৃক
প্রতিষ্ঠিত

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE
NADIA-PRAKASH

REG NO C 1844
ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের কৃপাভিষিক্ত
আচার্য্যপ্রবর
শ্রীচৈতন্যমঠাচার্য্য
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পুরবিদ্যাভূষণ
প্রভু কর্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র সজ্জন-প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২৬শে মাঘ, ১৩৪৪, ৯ই ফেব্রুয়ারী, ১৯৩৮, বুধবার [সংখ্যা ২৮৪]

বিবিধ সংবাদ

——(০(:০:)০)——

ভারত শাসন আইন সংশোধন সম্ভাবনা

কেন্দ্রীয় ব্যবস্থা পরিষদের সদস্য মহলের আলোচনায় যুক্তরাষ্ট্রগত গুরুত্বপূর্ণ পরিবর্ত্তনের আভাস পাওয়া যায়। প্রকাশ, লর্ড লোথিয়ান ও কংগ্রেস্ নেতাদের মধ্যে এবং বড়লাট ও লর্ড লোথিয়ানের মধ্যে আলোচনার ফলে বৃটিশ গবর্ণমেণ্ট ভারতশাসন আইন এমনভাবে সংশোধন করিতে পারেন, যাহাতে যুক্তরাষ্ট্রীয় পরিষদে প্রত্যক্ষ নির্বাচন সম্ভবপর হয়। শুনা যাইতেছে, যুক্তরাষ্ট্রীয় পরিষদে উক্ত নির্বাচন আগামী ১৯৩৯ সালের শীতকালে পুরাতন ভোটাধিকারের ভিত্তিতেই হইবে। বর্ত্তমান দেশের সদস্য সংখ্যার দ্বিগুণ সদস্য নির্বাচিত হইবেন এবং মনোনীত সদস্য থাকিবেন না।

যুক্তরাষ্ট্রীয় পরিষদে দেশীয় রাজ্যসমূহের প্রতিনিধি সম্বন্ধে এইরূপ দাবি ব্যবস্থা হয়েছে যে, দেশীয় রাজ্যসমূহের আইন সভা হইতে যুক্তরাষ্ট্রীয় পরিষদের জন্য প্রতিনিধি নির্ব্বাচিত করা হইবে। যে সকল দেশীয় রাজ্যে আইন-সভা নাই তাহার স্থানগুলিতে আগামী বৎসরের মধ্যে আইন সভা গঠিত হইবে। তবে যে রাজ্যের যতগুলি প্রতিনিধি সংখ্যা নির্দ্দিষ্ট হইয়াছে, তাহার একটা নির্দ্দিষ্ট অংশ রাজ্যের নৃপতির মনোনীত করিবার ক্ষমতা থাকিবে।

—

বড়লাট বাহাদুরের দিল্লী পরিদর্শন

ফেব্রুয়ারী মাসের তৃতীয় সপ্তাহে বড়লাট বাহাদুরের প্রস্তাবিত দিল্লী পরিদর্শনের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হইতেছে। তিনি তথায় প্রায় এক সপ্তাহকাল অবস্থান করিবেন। সেই সময় বড়লাট ও তাঁহার শীতকালীন সফর শেষ করিয়া দিল্লী প্রত্যাবর্ত্তন করিবেন। রাজস্বসচিব যুক্তরাষ্ট্রে যোগদানের সংশোধিত সর্ত্তনামা ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ের আলোচনার জন্যই সম্ভবতঃ বড়লাট নিজাম বাহাদুরকে দিল্লীতে আমন্ত্রণ করিয়াছেন।

ভারতীয় সংবাদ-পত্রসেবী সঙ্ঘ

গত মঙ্গলবার ইউনাইটেড প্রেসের অফিসে শ্রীযুত মৃণালকান্তি বসুর সভাপতিত্বে ভারতীয় সংবাদপত্রসেবী সঙ্ঘের কার্য্যকারী সভার এক অধিবেশন হইয়া গিয়াছে। সভায় বাৎসরিক কার্য্য-বিবরণী পঠিত ও অনুমোদিত হয়। সঙ্ঘের বাৎসরিক সাধারণ অধিবেশন আগামী ২০শে মার্চ্চ হইবে বলিয়া স্থির হয়। "সাপ্তাহিক" শ্রীযুত অম্বিকাচরণ দাস ও "সোনার বাংলা"র শ্রীযুত নলিনীকিশোর গুহের প্রস্তাব অনুযায়ী নিখিল-বঙ্গ সাংবাদিক সম্মেলন আগামী ১৩ই ও ১৪ই মার্চ্চ চট্টগ্রামে আহ্বান করা হইবে বলিয়া অস্থায়ীভাবে স্থির হয়।

কৃষ্ণনগর সাহিত্য সম্মেলনের ডেলিগেট

কৃষ্ণনগরে বঙ্গীয় সাহিত্য সম্মেলনের জন্য নিম্নলিখিত ব্যক্তিগণ ডেলিগেট নিযুক্ত হইয়াছেন :—শ্রীযুক্ত মন্মথমোহন বসু, ফণীন্দ্রনাথ মুখার্জ্জি, নরেন্দ্রচন্দ্র মিত্র, ইন্দুভূষণ সেন, কিশোরীমোহন ব্যানার্জ্জি, সুরেন্দ্রনাথ নিয়োগী, দেবেন্দ্রনাথ রায়, বিজয়ভূষণ দাশগুপ্ত।

ভারতীয় সংস্কৃত পরিষদ

গত ৩১ মাঘ, মঙ্গলবার ভারতীয় সংস্কৃত পরিষদের উদ্যোগে কলিকাতাবাসী পণ্ডিতমণ্ডলীর এক বিশেষ সভা হয়। পণ্ডিত সীতানাথ সিদ্ধান্তবাগীশ মহাশয় সভাপতির পদ গ্রহণ করেন। উক্ত সভায় সর্ব্বসম্মতিক্রমে নিম্নলিখিত প্রস্তাব গৃহীত হইয়াছে :—

১। এই সভায় উপস্থিত পণ্ডিতমণ্ডলী একবাক্যে প্রস্তাব করিতেছেন যে, বঙ্গীয় সংস্কৃত এসোসিয়েশনের কার্য্যকলাপ সম্বন্ধে কয়েক বৎসর ধরিয়া যে নানাপ্রকার অব্যবস্থা দেখা যাইতেছে, তাহার প্রতিকারার্থ গবর্ণমেণ্ট যে তদন্ত সমিতি নিযুক্ত করিয়াছেন, এপর্য্যন্ত তাঁহার কোন ফলাফল সাধারণের গোচরীভূত না হওয়ায় সকলেই উদ্বিগ্ন আছেন। অতএব প্রার্থনা যে, গবর্ণমেণ্ট সংস্কৃত শিক্ষা ও সংস্কৃত চতুষ্পাঠীসমূহের মঙ্গলার্থ অচিরেই ঐ তদন্ত সমিতির মন্তব্য প্রকাশিত করুন এবং তাহা কার্য্যে পরিণত করিবার জন্য আদেশ করুন।

২। এই সভা আরও প্রস্তাব করিতেছেন যে, সংস্কৃত কলেজের অধীনতা হইতে মুক্ত করিয়া এই এসোসিয়েশনকে অবিলম্বে ব্রাহ্মণ পণ্ডিত পরিচালিত একটি স্বতন্ত্র প্রতিষ্ঠানে পরিণত করা হউক।

—

ঊর্দ্ধাকাশে পর্য্যটন

দ্রুত পর্য্যটনের জন্য ঊর্দ্ধাকাশের ব্যবহার সম্পর্কে কেম্ব্রিজের অধ্যাপক মেলভিল জোনস্ বলেন—"এরোপ্লেন যেখানে মাটি হইতে উঠিবে বা অবতরণ ক'রবে সেখানকার বাতাস ঘন; ইহার বহু উপরে বাতাস অত্যন্ত ক্ষীণ; সেখানে বাধাশূন্যতার জন্য দ্রুতগতি সহজেই সম্ভব। আর এখানে মনে হয় না যে, প্রকৃতির এই সুবিধাজনক স্তর বিভাগের সুবিধা লইতে মানুষ অকৃতকার্য্য হইবে।" "ষ্ট্রাটোস্ফিয়ারের" ক্ষীণ বাতাসের ভিতর দিয়া দ্রুত পর্য্যটন সম্ভব করিবার জন্য দিকে দিকে বৈজ্ঞানিকেরা গবেষণা করিতেছেন। বর্ত্তমান এরোপ্লেন হইতে ঊর্দ্ধাকাশের এই সকল এরোপ্লেনের ইঞ্জিন বা কলকব্জার বিশেষ পার্থক্য থাকিবে না। তবে উপরের ক্ষীণ বাতাস জীবন ধারণের অনুপযোগী বলিয়া ঊর্দ্ধাকাশের এরোপ্লেনগুলির চারিদিক সম্পূর্ণরূপে বন্ধ থাকিবে ও ভিতরে স্বচ্ছন্দে থাকিবার উপযোগী বাতাস ও তাপ কৃত্রিম উপায়ে সরবরাহ করা হইবে। এরোপ্লেনের কোথাও কোনরূপ ছিদ্র না থাকাতে বাহিরের প্রচণ্ড শৈত্য বা বায়ুহীনতা সত্ত্বেও ভিতরে কোনরূপ অস্বস্তিকর পরিবর্ত্তন হইবে না।

এই দ্রুতগামী বিমানগুলি পৃথিবী ছাড়িয়া তীরবেগে ঊর্দ্ধাকাশের ক্ষীণ বায়ুস্তরে উঠিবে, তাহার পর তীব্রবেগে গন্তব্যপথে অগ্রসর হইতে থাকিবে। নির্দ্দিষ্ট স্থানে পৌঁছিবার কিছু পূর্ব্ব হইতেই অবতরণ আরম্ভ হইবে ও বায়ুস্তরের ঘনত্ব বা স্তূপের সঙ্গে সঙ্গে বেগের গতি হ্রাস পাইতে থাকিবে।

বিরাট রাজ্যের ধ্বংসাবশেষ আবিষ্কৃত

দার্জিলিং-হিমালয় রেলের শিলিগুড়ি-কিষাণগঞ্জ শাখার ঠাকুরগঞ্জ ষ্টেশনের সন্নিকটবর্ত্তী এক স্থানে বর্ত্তমানে মহাভারতীয় যুগের বিরাট রাজার রাজ্যের ধ্বংসাবশেষের কয়েকটী নিদর্শন আবিষ্কৃত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

—

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ—
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
ভাষ্যসহ শ্রীচৈতন্য-চরিতামৃত ৬৲
৪। সজ্জনতোষণী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিবর্ত-তত্ত্ব
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। ব্রাহ্মণ-আশ্রম ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৴০
২১। গৌড়ীয়-গানগুচ্ছ ।৴০
২২ ভজন রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। মুক্তাফলটীকা ও বেদান্তসার (আনুবাদ) ২৲
২৮। বেদান্তসার (অনুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৴০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫ গীতমালা ৴১০
৩৬ নবদ্বীপধাম মাহাত্ম্য ৶
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৶
শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০ শরণাগতি ৴
৪১ গীতাবলী ৴
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
। সাধনতত্ত্ব ৴
। প্রেমভক্তিচন্দ্রিকা ৴
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্চ্চনপদ্ধতি ৴০
৪৭। সদাচারস্মৃতি ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ ভাগ) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (অনুবাদ)
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ
৫৪। পুরুষার্থ-নির্ণয় ।
৫৫। ভক্তমালাবলী বা মায়াবাদশতদূষণী ।
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীকৃষ্ণদেব ৶০
৫৯ সিদ্ধান্তদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। সিদ্ধান্ত-সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩ সটীক-শিক্ষাষ্টকম্ ।০
৬৪। স্তবম্বরম্ ।০
৬৫। সাধ্যসাধন শিক্ষাষ্টকম্ ৶০
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵০
৬৭। নারায়ণবর্ণনম্ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন দেবাস্ত ।০
৭০। বাদ্যভজন ৴০
৭১। বেদান্ত—ইট্‌স্ মরফলজী অ্যাণ্ড অণ্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্‌স ।৴০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ফাইটিং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইথোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আবমাইজেড-ডিভোশন ।
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম ভাগ) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীদেবের পরিচালনাধীন গোস্বামী সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—হিন্দি ভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। বৈদিকার্ষিণী শ্রীগৌড়মন্দির হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ।।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ আচার্য্য সম্পাদিত উৎকল পাক্ষিক। শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের জীবকল্যাণকর জীবন-চরিত ইহাতে গ্রথিত করা হইয়াছে।

নির্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই এই গ্রন্থ পাঠে যুগপৎ সত্যাসত্যের পার্থক্য ও বহু সাধুসঙ্গের ফল লাভ করিতে পারিবেন।

বৈষ্ণব-পর্ষদের প্রথমখণ্ড ডবল ৮ পেজী আকারে এন্টিক কাগজে উজ্জ্বলরূপে মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র ইহাতে সংযোজিত আছে; ভিক্ষা ৩৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১২শবর্ষ | ২৪ মাধব গৌরাব্দ ৪৫১ ২৬শে মাঘ বঙ্গাব্দ ১৩৪৪, ৯ই ফেব্রুয়ারী ইং ১৯৩৮, | বুধবার | ১৮৪তম সংখ্যা

সাময়িক-প্রসঙ্গ

বেরিলীতে প্রচার

গত ২৬শে জানুয়ারী বুধবার বেরিলী [illegible] প্রসিদ্ধ ইঞ্জিনীয়ার লালা দামোদর [illegible] মহোদয়ের সাদর আহ্বানে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিহৃদয় [illegible] সায়ং ৭টা হইতে ৯। ঘটিকা পর্য্যন্ত [illegible] কৃষ্ণলীলা-[illegible] বক্তৃতা দেন। [illegible]-প্রসঙ্গে স্বামীজী বলেন [illegible] কাটিল তাহা সেই দিনই [illegible] বৃথা অতিবাহিত হয়। ভগবানের নামকীর্ত্তন না হইলে সেই দিনকেই দুর্দ্দিন বলে। ভগবান্ একমাত্র ভক্তপরাধীন, [illegible] সাধুগণের হৃদয়ে ভগবানের [illegible]। "[illegible]" শ্লোক [illegible] স্বামীজী বহু উপদেশ প্রদান [illegible]। [illegible] যম নিয়ম [illegible] ধ্যান-প্রাণায়ামাদি দ্বারা [illegible] রিপুকে বশীভূত করা যায় না, কিন্তু যাঁহারা একমাত্র ভগবানের শরণাগত, [illegible] তাঁহাদের একমাত্র [illegible], তাঁহাদের চিত্তে অন্য [illegible] কোন কালে থাকে না, তাঁহারা অনায়াসেই মায়ামুক্ত হইতে পারেন আর যাঁহারা অনন্যচিত্তে ভগবানের চিন্তা করেন তাঁহাদের ভরণ-পোষণ বা সংরক্ষণের ভার ভগবান্ স্বয়ংই বহন করেন।

সভায় যাঁহারা উপস্থিত ছিলেন তাঁহাদের মধ্যে কতিপয় ব্যক্তির নাম প্রদত্ত হইল—[illegible], এম ভাণ্ডারী [illegible]; [illegible] নারায়ণ সিং, ম্যানেজার [illegible] কোং, [illegible] মহোদয় [illegible], শ্রীযুক্ত [illegible] [illegible] শ্রীযুক্ত [illegible] [illegible] [illegible] রেলওয়ে [illegible] প্রভৃতি। স্বামীজীর মধুর সদালাপে স্থানীয় সম্ভ্রান্ত উচ্চশিক্ষিত ভদ্রমণ্ডলী সকলেই মুগ্ধ ও আকৃষ্ট হইয়াছেন।

স্বামীজী বেরিলী সহরের বিভিন্ন স্থানে প্রচারকার্য্য সমাপ্ত করিয়া [illegible] [illegible] ট্রেনে বৃন্দাবন যাত্রা করেন। [illegible] হইতে তাঁহার বৃন্দাবনে যাইবার কথা।

শ্রীরেমুণা গৌড়ীয়মঠে

আজকাল মঠরাজ শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখামঠ রেমুণা শ্রীগৌড়ীয়মঠে শ্রীল আচার্য্যদেবের নির্দ্দেশক্রমে প্রত্যহ নিয়মিতভাবে শাস্ত্রগ্রন্থ পাঠ, ব্যাখ্যা, কীর্ত্তন ও হরিকথা আলোচনা হইতেছে। [illegible] শ্রীচৈতন্যভাগবত পাঠ ও মধ্যাহ্নে [illegible] শ্রীমুখে [illegible] [illegible] ভগবৎসেবা বিষয়ে নানা কথা আলোচনা হইতেছে। সন্ধ্যা ৭। ঘটিকা হইতে [illegible] শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী [illegible] মহোদয় সমাগত বহু লোকের নিকট [illegible] হইতে মহাপ্রভু [illegible]-মিলন প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। [illegible] শ্রীপাদ [illegible] প্রভুর সুললিতকণ্ঠে [illegible] ও মহামন্ত্র কীর্ত্তন হয়।

হোড়ঝালি উচ্চ ইংরাজী বিদ্যালয়ে বক্তৃতা

শ্রীচৈতন্যমঠের মঠরক্ষক শ্রীপাদ [illegible] দাস ব্রহ্মচারী, শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী, [illegible] ও শ্রীপাদ [illegible] প্রচারার্থ [illegible] কয়েক দিন যাবৎ মেদিনীপুর জেলার হোড়[illegible] [illegible] প্রচার করিয়া [illegible]। গত [illegible] [illegible] [illegible] উচ্চ ইংরাজী বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও [illegible] কর্তৃপক্ষগণ 'ভক্তগণ' বিষয়ে বক্তৃতা [illegible] আহ্বান করেন। ঐ দিবস বেলা ৩ ঘটিকায় [illegible] স্কুলপ্রাঙ্গণে [illegible] প্রধান শিক্ষক শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ [illegible] এম এ, বি টি ও সেক্রেটারী শ্রীযুক্ত [illegible] প্রভৃতি মহোদয় তাঁহাদিগকে সম্বর্দ্ধনা করিয়া স্কুলের [illegible] লইয়া যান। অপরাহ্ণ ৩। ঘটিকা হইতে সভার কার্য্য আরম্ভ হয়। সভার প্রারম্ভে স্কুলের [illegible] পুষ্পমাল্য প্রদান [illegible] [illegible]। বক্তৃতা আরম্ভের পূর্ব্বে শ্রীপাদ [illegible] দাসাধিকারীজীর সুললিতকণ্ঠে [illegible]

[illegible] ম্যাজিষ্ট্রেট [illegible] [illegible] এম-এ, বি টি মহোদয় শ্রীগৌড়ীয়মঠের [illegible] শ্রীপাদ [illegible] ব্রহ্মচারীজীর পরিচয় প্রদান করেন।

তৎপর শ্রীপাদ মহাপুরুষ দাসাধিকারী মহোদয় শ্রীগৌড়ীয়মঠের বিশ্বব্যাপী প্রচার বিষয়ে কিছুক্ষণ কীর্ত্তন করিয়া বলেন—গৌড়ীয়-সম্প্রদায়ের [illegible] [illegible] গৌড়পন্থা। গৌড়পন্থায় [illegible] জগতে অবতীর্ণ হন। গৌড়ীয়াচার্য্য [illegible] [illegible] শ্রীমদ্ [illegible] গোস্বামী প্রভুপাদ সেই [illegible] বৈশিষ্ট্য জগতে জানাইবার জন্য তাঁহার জীবনের সর্ব্বতোমুখী চেষ্টা নিয়োগ করিয়াছেন। [illegible] ভগবান্ গৌড়ীয়াচার্য্য ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ [illegible] গোস্বামী ঠাকুর সেই সেবার ব্রতী হইয়াছেন।

[illegible] শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী [illegible] 'নাম' বিষয়ে সরলভাষায় [illegible] ঘণ্টাকাল [illegible] বক্তৃতা প্রদান করেন। বক্তৃতান্তে প্রধান শিক্ষক মহোদয় [illegible] প্রশংসা করিয়া ছাত্রগণকে [illegible] বলেন "[illegible]" মহোদয় [illegible] বক্তৃতার মধ্যে [illegible] কথা বলিয়াছেন। [illegible] [illegible] [illegible] [illegible]। এই বক্তৃতায় [illegible] [illegible] [illegible] [illegible] প্রতি [illegible]। [illegible] [illegible] প্রদান করিয়া তাঁহার [illegible] করেন। শ্রীযুক্ত [illegible] দাসাধিকারী মহোদয় [illegible] [illegible] [illegible] [illegible]। উক্ত সভায় বহু স্থানীয় [illegible] উপস্থিত ছিলেন। [illegible] [illegible] হইল।

[illegible] শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ [illegible] এম এ, বি টি, শ্রীযুক্ত [illegible] [illegible], বি টি; শ্রীযুক্ত [illegible] [illegible] [illegible]; শ্রীযুক্ত [illegible] [illegible], বি-এ; শ্রীযুক্ত [illegible] ([illegible]), শ্রীযুক্ত [illegible] ([illegible]), [illegible] শ্রীযুক্ত [illegible] [illegible]; শ্রীযুক্ত [illegible] [illegible]; শ্রীযুক্ত [illegible] [illegible] [illegible]।

"শ্রীগুরুদেব ও তদাশ্রিত বৈষ্ণব কৃষ্ণের চিরবশানুগত ;—তাঁহাদের হৃদয়েই কৃষ্ণের বসতি স্থল। স্থাবর-জঙ্গম—সকলকে কৃষ্ণবিলাসের উপকরণ না জানিতে পারিলেই 'আমার' (অবৈধ) বিচার আসিয়া নিজেন্দ্রিয়তর্পণ প্রবল হয়। শ্রীগুরুপাদপদ্মের সম্বন্ধে জ্ঞানদর্শন না হইলে পার্থিক সম্বন্ধ বশতঃ ভোগ বা ত্যাগ বিচার আসিয়া সাধকের সর্ব্বনাশ সাধন করে।

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী
গোস্বামি-ঠাকুর প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২৯ মাঘ বৃহস্পতিবার শ্রীগৌরাব্দ ৪৪১

সম্ভোগ ও বিপ্রলম্ভ

(ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর)

রসিক বিচারে বিপ্রলম্ভ ও সম্ভোগ অপ্রাকৃত বৈকুণ্ঠ-বিচারের সম্ভোগ ও বিপ্রলম্ভের ন্যায় নহে। রসিক বিচারে বিপ্রলম্ভ শ্রেষ্ঠতর এবং সম্ভোগ বিপ্রলম্ভ পরমানন্দদায়ক। সম্ভোগ বিপ্রলম্ভের কথা শ্রীরায়রামানন্দের বৈষ্ণব গীতের মধ্যে পাওয়া যায় এবং বিপ্রলম্ভ সম্ভোগের কথাও ঐ গীতেই দেখিতে পাওয়া যায়। অমৃতপ্রবাহভাষ্যে উহা বর্ণিত আছে: সম্ভোগে বিপ্রলম্ভকে 'প্রেমবৈচিত্ত্য' বলে এবং বিপ্রলম্ভের ... —বৈশিষ্ট্য স্বরূপ।

চিত্ত জগতে জড় শরীরের উপস্থিতে সাক্ষাৎকারের পরিবর্ত্তে স্বপ্ন-দর্শন স্ফূর্ত্তির কথা পাওয়া যায়, কিন্তু সাক্ষাৎকার ব্যাপারটী বস্তুগত দেশ ও কাল সাপেক্ষ ব সময় স্বয়ং বাস্তব সম্ভোগ বলা হয়।

অর্থাৎ কৃষ্ণপক্ষের রাধিকার ছায়ারূপে এবং কৃষ্ণ রাধাভাবে সুবলিত বা আচ্ছাদিত। রাধাভাব-সুবলিত কৃষ্ণই শ্রীগৌরসুন্দর, তখন তিনি সন্ন্যাস স্বরূপ ... সম্ভোগবাদের দৃষ্টি হইতে পৃথক্ অবস্থিত হওয়ায় সুবিধান্ বিপ্রলম্ভ।

এই বৃহদ্বিপ্রলম্ভলীলায় তাঁহার সম্ভোগময়ী কৃষ্ণমূর্ত্তির শ্যামবর্ণ রাধিকার চম্পকগৌরবর্ণের দ্বারা আবরণ করিয়াছেন। এজন্য এই 'সন্ন্যাসী' রূপী-কৃষ্ণ অর্থাৎ সম্ভোগবাদীর অধিষ্ঠিতে তাঁহার ভাক্ত ভোগের আদর্শ পরিদৃষ্ট হয়।

শ্রীরাধিকার গণাধীশ্বর স্বরূপোপলব্ধিতে দিব্যোন্মাদে শ্রীরামানন্দ শ্রীগৌরসুন্দরে শ্রীরাধিকা দর্শন করিয়া নিজকে পাল্যদাসীরূপে অবস্থিত জানিয়া গৌরসুন্দরে রাধা দর্শন করেন এবং রাধালিঙ্গিত শ্যামবর্ণ শ্যামসুন্দর দেখিবারও কোন অভাব পরিদর্শন করেন না।

শ্রীগৌর-রামানন্দ-মিলন (চৈঃ চঃ মধ্য ৮ম পঃ) বেশ মনোযোগের সহিত পাঠ করিলে জানিতে পারা যায় যে, রাধা-গোবিন্দের নিত্য সেবিকা শ্রীবার্ষভানবীর কৃষ্ণসম্ভোগ ও সম্ভোগাতিরিক্ত স্বতন্ত্র অবস্থানে তাঁহার বিলাস্য প্রতীতি।

অধিরূঢ় মহাভাবাবস্থায় মহাভাব-স্বরূপিণী আহ্লাদিনী শক্তি বার্ষভানবীই শ্যামসুন্দরের আরাধ্যা সম্পত্তের অধিকারের দর্শক-সূত্রে শ্রীরামানন্দ-দর্শনে সখীগণের বিচার অবস্থিত। রামানন্দ কিছু আপনাকে বার্ষভানবী জানিতেন না; কিন্তু শ্রীবার্ষভানবীকে তাঁহার সেব্য বলিয়াই জানিতেন। শ্রীগৌরসুন্দরে সম্ভোগ-কাম-বিলাসের কথা নাই এবং তাহা ঘটিতে পারে না। প্রেম-বিলাসবিবর্ত্ত নামক সঙ্গীত প্রবণ যখনই সম্ভোগের একার দেখিবার অবাঞ্ছিত, তখনই রাধা কৃষ্ণের সৌন্দর্য্য ও মাধুর্য্যের সম্ভোগ এবং সেই ভূমিকায় অবাধে থাকা যে রাধা-গোবিন্দের লীলায় প্রবেশ, তাহাতে অনাত্মবস্তুর ভাব স্বীকার্য্য 'অনাঙ্গ' সংমিশ্রিত করিবার অবকাশ নাই।

দেব-বাসীর সান-শ্রবণে সাক্ষাৎকার-লালসায় বার্ষভানবী ভাব-বিভাবিত গৌরসুন্দরের চেষ্টার বিপ্রলম্ভের উদ্দেশকারী গোবিন্দের ... আলোচ্য। গৌরনাগরীর অপকৃষ্ট ভাব প্রাকৃত চিন্তা ভক্তমাগে অবস্থিত, তাহা প্রাকৃত কামাবলম্বন সম্প্রদায়ের প্রবর্ত্তন; উহা প্রেমবিলাস বিবর্ত্ত নহে।

সখীর রাধাসহ কৃষ্ণমিলন বিচার শ্রীরূপ গোস্বামীতে দৃঢ়ভাবে আছে। তাহাতে সখীর

বাসনা প্রবল থাকিয়া সাধক চিন্তা জড় মন উৎপাদন করিতে পারে, উহাতে বদ্ধজীবের সম্ভোগ চিন্তা সম্ভব। উহা মুক্ত-জীবের প্রেমবিলাসবিবর্ত্ত শব্দবাচ্য হইতে পারে না। জড় স্মৃতি হইতে জড় সম্ভোগই সম্ভব।

রাধাকৃষ্ণের সম্ভোগ-বিহারে বদ্ধজীবের জড় ভোগময় কামবিলাস ব্যক্ত হইতে পারে না। তাদৃশী চেষ্টাকে কোন ভক্তই প্রেমবিলাস বলিতে পারেন না। রাধিকার কৃষ্ণ-সম্ভোগ এবং কৃষ্ণের রাধিকা-সম্ভোগ রাধিকার কায়ব্যূহ সখীগণের স্বসুখবাসনাপর নিত্যধর্ম্মে অবস্থিত নাই। আবার রাধিকার নিত্য-চেষ্টা সখীর দ্বারা কৃষ্ণসম্ভোগ এবং কৃষ্ণের দ্বারা সখী-সম্ভোগ,—জগতে এই অচিন্ত্য-ভেদাভেদ বিচারটী যাঁহারা বুঝিয়া উঠিতে পারেন না, তাঁহারা রাধা-কৃষ্ণের স্বরূপ-জ্ঞানে বিমুখ হইয়া জড় বৈরস্যের সম্পাদক নাগরবাদীর 'প্রেমবিলাস'-বিচারে অপ্রাকৃত তত্ত্বকে ভোগময় প্রাকৃত রূপে পরিণত করেন।

অহংগ্রহোপাসক মায়াবাদী জড় বিচারকে বহুমানন করিয়া যে অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তৃত্বের কাম-বিলাস-বিবর্ত্তে ধাবমান হন, উহাই প্রাকৃত দর্শন বা প্রাকৃত সহজিয়াবাদ। কিন্তু কৃষ্ণ অধোক্ষজ এবং রাধিকা অধোক্ষজ শক্তি-স্বরূপা।

রাসস্থলী-পরিত্যক্ত গোপীর কৃষ্ণ-অন্বেষণে যে অধিরূঢ় মহাভাবের কথা কথিত হয়, উহাতে গোপীর বাস্তব নিত্য কৃষ্ণ হইবার অধিকারের কথা স্থাপ্য হয় না। মায়াবাদী অহংগ্রহোপাসকের বিচারে যেরূপ জীবস্বরূপ ভোক্তৃ-বিচার অনাদৃত হয়, তদ্রূপ নহে।

শ্রীদামোদরস্বরূপ, শ্রীরামানন্দ শ্রীরাধা-কৃষ্ণমিলিততনু গৌরসুন্দরের কামবিলাস-বর্জ্জিত প্রেষ্ঠাভাব হওয়ায় তাঁহাদের চেষ্টায় কামবিলাসের আরোপ না করিয়া স্বরূপগত প্রেমবিলাসের কথা জানিতে হইবে অর্থাৎ বার্ষভানবীর পাল্যদাসীজ্ঞানে সম্বন্ধ-বিশাখাদি সখীগণ কর্ত্তৃক যেরূপ রাধাগোবিন্দ সেবিত হন, তদ্রূপ বিচারে স্বরূপদামোদর গৌরনাগরী লীলায় অবস্থান। উহাতে স্ফূর্ত্তি আছে অর্থাৎ উহা বাস্তব সাক্ষাৎকারেরই স্ফূর্ত্তিমাত্র।

বস্তুসিদ্ধিলব্ধ বিদেহমুক্ত দর্শনে দর্শকের অপ্রকটলীলায় অবস্থান। বৈবস্বত মন্বন্তরে অর্থাৎ নিত্যবাস পর্য্যায়ে কৃষ্ণের ব্রজবাসী দর্শন ও স্মরণের বিচার আছে এবং তদন্ত-পক্ষকে হইতে আগত কৃষ্ণের ব্রজবাসীর সহিত বৃন্দাবনে যমুনাতটে মিলনে সম্ভোগ বিচারে বিচক্ষণতা আছে।

যখনই দামোদরস্বরূপ প্রভৃতি আপনাদিগকে ব্রজলীলায় অবস্থিত বিচার করেন, তখন তাঁহারা সম্ভোগ-লীলায় স্মৃতি-সমন্বিত অবস্থিত থাকেন। আর যে কালে তাঁহাদের গৌরলীলায় দামোদর স্বরূপ প্রভৃতিতে উদ্দামলীলা বিকাশের কথা, তখনই কীর্ত্তন-মুখে অবরোধীগণের বিচার জানিতে হইবে। তখন শ্রীরামানন্দ গৌরসুন্দরকে প্রথমে সন্ন্যাসিস্বরূপে দর্শন এবং পরে নিজ নিত্য স্বরূপে অবস্থিত হইয়া তাঁহাকে রাধালিঙ্গিত শ্যামসুন্দর দর্শন করিয়াছিলেন।

শ্রীমধ্বাচার্য্য

শ্রীমধ্বাচার্য্য দাক্ষিণাত্যে পাজকাক্ষেত্রে মধ্যগেহভট্টোৎপন্ন শ্রীনারায়ণ ভট্ট নামক এক সদাচারযুক্ত বিপ্র ব্রাহ্মণের সহধর্ম্মিণী বেদবতীকে আশ্রয় করিয়া ১০৪০ শকাব্দে, মতান্তরে ১১৬০ শকাব্দে জগতে অবতীর্ণ হন। তাঁহার বাল্য নাম বাসুদেব। বাসুদেব অতি অল্প বয়সেই বিচিত্র লীলাবলী প্রকাশ করিয়া সজ্জনবর্গের বিস্ময় উৎপাদন করিয়াছিলেন। বাসুদেব অষ্টম বর্ষে উপনয়ন সংস্কার লাভ করেন এবং বেদ অধ্যয়নার্থ জনৈক বিপ্রের নিকট গমন করেন। কিন্তু অধিকাংশ সময় তিনি পাঠাভ্যাস না করিয়া ক্রীড়াতেই মত্ত থাকিতেন। তাহা দেখিয়া অধ্যাপক তাঁহাকে বিশেষরূপে ভর্ৎসনা করিলে তিনি তৎক্ষণাৎ অধ্যাপক সমীপে অধীত অনধীত সমস্ত বেদ-বেদান্ত অনর্গল বলিতে থাকেন। এরূপ অল্পকাল মধ্যেই তিনি বেদাধ্যয়নাদি সমাপন করিয়া গৃহে প্রত্যাবর্ত্তন করেন। একদিন বাসুদেব হস্তে একখানি যষ্টি ধারণ করিয়া পিতার সমীপে গিয়া বলিলেন, "পিতঃ! আমি অধ্যয়ন সমাপ্ত করিয়াছি। এখন মায়াবাদ খণ্ডন করিয়া জগতে বৈষ্ণবসিদ্ধান্ত প্রচার করিব।" নারায়ণ ভট্ট বালকের এরূপ বাক্য শ্রবণ করিয়া বলিলেন, 'যদি তোমার ন্যায় একটী সামান্য বালক মায়াবাদ নিরাস করিয়া জগতে বৈষ্ণবসিদ্ধান্ত প্রচার করিতে সমর্থ হয় তাহা হইলে তোমার হস্তস্থিত ঐ যষ্টিখণ্ডের পক্ষেও বৃহৎ বৃক্ষরূপে পরিণত হওয়া অসম্ভব নহে'। অর্থাৎ যেমন শুষ্ক যষ্টিখণ্ডের পক্ষে বিশাল বৃক্ষরূপে পরিণত অসম্ভব তদ্রূপ বালক বাসুদেবের পক্ষেও প্রবল মায়াবাদ নিরাস করিয়া জগতে বৈষ্ণব সিদ্ধান্ত প্রচার সম্পূর্ণ অসম্ভব, ইহাই তাঁহার অভিপ্রায়। পিতার এই কথা শুনিয়া বাসুদেব বলিলেন,—'পিতঃ! ভগবদিচ্ছাক্রমে এই যষ্টিখণ্ডের যেরূপ বিশাল বৃক্ষরূপে পরিণত কিছুমাত্র অসম্ভব নহে, তদ্রূপ আমার ন্যায় বালকের পক্ষেও মায়াবাদ খণ্ডনপূর্ব্বক জগতে বৈষ্ণব সিদ্ধান্ত স্থাপন কোনরূপে অসম্ভব হইতে পারে না।' এই কথা বলিয়া বাসুদেব তাঁহার হস্তস্থিত যষ্টিখণ্ডকে মৃত্তিকায় প্রোথিত

অভিপ্রায়ানুযায়ী উহা বিশাল বটবৃক্ষে পরিণত হইল। সেই বিশাল বটবৃক্ষ এখনও পাজকা ক্ষেত্রে বিরাজিত আছে।

বাল্যকাল হইতে বাসুদেবের সর্ব্ববিষয়ে ঐরূপ অনুরাগ ও প্রভাব দেখিয়া উদ্বিগ্ন তাঁহার পিতা বিবাহবন্ধন দ্বারা তাঁহাকে গৃহে আবদ্ধ করিবার জন্য যত্ন করিলেন। কিন্তু বুদ্ধিমান্ বাসুদেবের পিতার ঐ উদ্দেশ্য বুঝিতে পারিয়া মাতা-পিতা, স্বজন-বন্ধু, কাহারও কোন প্রকার অপেক্ষা না করিয়া ও তাঁহাদের নিকট নিজ সঙ্কল্প না জানাইয়া একাদশবর্ষ বয়সে শ্রীরজত-পীঠপুরে শ্রীঅচ্যুতপ্রেক্ষের নিকট সন্ন্যাস গ্রহণ করেন। উক্তরূপ একাদশবর্ষ বয়সে তিনি শ্রীঅচ্যুতপ্রেক্ষের নিকট রজতপীঠপুরে অনন্তেশ্বর দেবালয়ে আগমন করিয়া এক বৎসর অচ্যুতপ্রেক্ষের সেবা-সান্নিধ্যে তাঁহার নিকট বেদান্তশাস্ত্র কীর্ত্তন করিয়াছিলেন। সন্ন্যাসের পর বাসুদেবের নাম হয় আনন্দতীর্থ, ও শ্রীমধ্ব বা পূর্ণপ্রজ্ঞতীর্থ। এই শ্রীমধ্বাচার্য্য জগতে শুদ্ধদ্বৈতবাদ প্রচার করেন। তিনি বায়ুর অবতার। ইঁহার জীবনে অনেক অলৌকিক ঘটনা আছে। নিম্নে তাহারই দুই একটী উল্লেখ করিতেছি।

শুদ্ধ বৈষ্ণবসম্প্রদায়ের ইহা একটী অমূল্য রত্ন। ইহা ডবল ক্রাউন আট পেজি আকারের শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত হইবে।

যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি অতি সুন্দরভাবে ইহাতে সন্নিবেশিত হইতেছে।

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাংলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।এনং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

ভারতের সর্ব্বোচ্চ আদর্শ-প্রচারে নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—২রা ফাল্গুন, ১৩৪৪, ১৪ই ফেব্রুয়ারী, ১৯৩৮, সোমবার [সংখ্যা ২৮৮]

বিবিধ সংবাদ

——(০(::০::)০)——

আগামী ম্যাট্রিক পরীক্ষা

'ইউনাইটেড প্রেস' সংবাদপত্র মারফৎ জানাইয়াছেন যে, তিনি অবগত হইয়াছেন আগামী দোলযাত্রার দিন আগামী ম্যাট্রিকুলেশন পরীক্ষা হইবে বলিয়া অভিযোগ করিয়া কতিপয় প্রতিষ্ঠান কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নিকট আবেদন প্রেরণ করিয়াছেন। ঐসব প্রতিষ্ঠানের উক্ত অভিযোগ ভিত্তিহীন। কোনও ছুটীর দিনে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা হয় না। আগামী ম্যাট্রিকুলেশন পরীক্ষা আগামী ১৫ই মার্চ হইতে আরম্ভ হইবে। দোলযাত্রা উৎসব আগামী ১৭ই মার্চ তারিখ। উক্ত ১৭ই মার্চ তারিখে পরীক্ষা হইবে না।

দোলযাত্রা উপলক্ষে আমাদের কোন কোন ভাবে আগামী ১৭ই মার্চ তারিখও ছুটী থাকিবে বলিয়া বিশ্ববিদ্যালয়ের মনোযোগ উহার প্রতি আকর্ষণ করা হইয়াছে; কিন্তু ঐ তারিখে পরীক্ষা স্থগিত রাখা বিশ্ববিদ্যালয়ের পক্ষে সম্ভবপর হইবে না। সেজন্য পরীক্ষার 'প্রোগ্রাম' সংশোধন করা হইয়াছে এবং উক্ত ১৭ই মার্চ তারিখে 'অপশন্যাল' বিষয়ের পরীক্ষা গৃহীত হইবে বলিয়া নির্দ্ধারিত হইয়াছে। ফলে এবারের মোট প্রায় ৩০ হাজার পরীক্ষার্থীর মধ্যে বড় জোর মাত্র ৩ শত পরীক্ষার্থীকে ঐ দিবস পরীক্ষা দিবার জন্য উপস্থিত হইতে হইবে।

ইংলণ্ডের রাজা ও রাণী

সরকারীভাবে ঘোষণা করা হইয়াছে যে, রাজা ষষ্ঠ জর্জ্জ ও রাণী এলিজাবেথ সরকারীভাবে প্যারিস পরিদর্শনের জন্য ফি ...

... ল্যাণ্ড'র আমন্ত্রণ আনন্দের সহিত গ্রহণ করিয়াছেন; তাঁহারা ২৮শে জুন হইতে ১লা জুলাই পর্য্যন্ত প্যারিসে থাকিবেন। এই সময় রাজা ভিলেয়ার ব্রেতনোতে অষ্ট্রেলিয়ার জাতীয় যুদ্ধ স্মৃতিস্তম্ভের উন্মোচন করিবেন।

বোমাবর্ষণ করিয়া উপজাতি দমন

গত ৮ই ফেব্রুয়ারী কমন্স সভায় উপনিবেশ-সচিব মিঃ অর্মসবি গোর বলেন, "এডেনআশ্রিত রাজ্যে অশান্তি দেখা দিয়াছে এবং বহু বৃটিশ সৈন্য সেখানে পাঠান হইয়াছে, এমন গুজব রটনা সম্বন্ধে আমি অবগত আছি। কিন্তু এই সব গুজব সম্পূর্ণ ভিত্তিহীন। পক্ষান্তরে, ইতঃপূর্ব্বে যে ব্যবস্থা অবলম্বন করা হয়, তাহার ফলে রাজ্যে সাধারণ শান্তি প্রতিষ্ঠা হইয়াছে এবং ক্রমশঃ অবস্থা আরও ভাল হইতেছে। সীমান্তবর্ত্তী যে সকল অঞ্চলে অতীতে উপজাতিগণের মধ্যে বিবাদ ও বিরোধ লাগিয়া থাকিত, সেই সব অঞ্চলের অবস্থা এখন পূর্ব্বাপেক্ষা অনেক উন্নতি লাভ করিয়াছে।"

উপনিবেশ-সচিব বলেন যে, অতীতে অবাধ্য উপজাতীয় লোকদের উপর মাঝে মাঝে বিমান-আক্রমণের ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন হইত, তবে এ সব ব্যবস্থা শান্তিস্থাপনের অন্যান্য ব্যবস্থা ব্যর্থ হওয়ার পর শেষ উপায় হিসাবেই অবলম্বন করা হইত। ইহাতে খুব অল্প লোকই হতাহত হইয়াছে; কারণ অধিবাসিগণ যাহাতে আক্রান্ত অঞ্চল হইতে সরিয়া যাইতে পারে, সে জন্য তাহাদিগকে যথোপযুক্তভাবে সাবধান করিয়া দেওয়া হইত।

জাপানের সাধারণ বাজেট

সাধারণ বাজেটে ২৮৩ কোটি ৭০ লক্ষ ইয়েন ব্যয়বরাদ্দ ধরা হইয়াছে। বিভিন্ন রাজনৈতিক দল কোন প্রকার সংশোধন প্রস্তাব উপস্থিত না করিয়া সাধারণ বাজেট সম্পর্কিত বিল অনুমোদন করিবার সিদ্ধান্ত গ্রহণ করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। অতঃপর এই বিল প্রতিনিধি পরিষদ কর্ত্তৃক গৃহীত হইয়া উহা উচ্চতর পরিষদে প্রেরিত হইবার কথা। তাহারা যেসব বিভাগের অতিরিক্ত বাজেট অনুমোদন করিবেন তদ্বিষয়ে কোন সন্দেহ নাই।

ব্রিটেন ও আমেরিকার 'অযৌক্তিক' দাবী

গত ৯ই ফেব্রুয়ারী প্রাতে প্রধান মন্ত্রী প্রিন্স কোনোয়ে এবং নৌ-সচিবের মধ্যে আলোচনার পর একটী আধা-সরকারী ইস্তাহারে প্রকাশ, বৃটেন, ফ্রান্স এবং যুক্তরাষ্ট্র জাপানের নৌ-বহর নির্ম্মাণ সম্পর্কে যে "অযৌক্তিক দাবী" (জাপানের নৌ-নির্ম্মাণ পরিকল্পনা জানাইবার দাবী) জানাইয়াছেন, জাপান তাহা অগ্রাহ্য করিতে মনস্থ করিয়াছে। পররাষ্ট্র-সচিব মন্ত্রিসভার অন্যান্য সদস্যের অনুমতি লাভের চেষ্টা করিবেন; ইহার পর উক্ত তিন শক্তির নিকট জাপানের উত্তর প্রেরিত হইবে। ঐ সঙ্গে জাপ-গবর্ণমেণ্ট নৌ-সমস্যা সম্পর্কে জাপানের নীতি ব্যাখ্যা করিয়া একটী ইস্তাহারও প্রচার করিবেন বলিয়া স্থির হয়।

জাপানের সৈন্য-সমাবেশ

সাংহাইস্থিত জাপবাহিনীর জনৈক মুখপাত্র বলিতেছেন যে, মধ্যচীনের সমগ্র জাপ-বাহিনীকে একত্রিত করিয়া পুনরায় সংহত করা হইয়াছে এবং এক্ষণে জাপ-বাহিনী ব্যাপক আক্রমণ চালাইবার জন্য প্রস্তুত হইয়া রহিয়াছে।

জাপানের তাঁবেদার রাষ্ট্র

জাপান উত্তর চীনে একটী তাঁবেদার স্বাধীন রাষ্ট্র গঠন করার পরও ব্রিটেনের কোন কূটনৈতিক প্রতিনিধি পিকিংএ রহিয়াছেন কি না, কমন্স সভায় এই প্রশ্নের উত্তরে লর্ড ক্র্যানবোর্ণ বলেন যে, কূটনৈতিক সেক্রেটারীর উপর পিকিং দূতাবাসের ভার অর্পিত হইয়াছে এবং তাঁহাকে এই নির্দ্দেশ দেওয়া হইয়াছে যে, চীনের জাতীয় সরকার ব্যতীত অন্য কোন গবর্ণমেণ্টকে মানিয়া লওয়ার অভাব সূচিত হইতে পারে, তিনি যেন সেইরূপ কোন কাজ কিম্বা মনোভাবের পরিচয় না দেন।

জাপ-বাহিনীর দক্ষিণ দিকে যাত্রা

উত্তর চীনে জাপবাহিনীর আক্রমণ পিপিং-হ্যাঙ্কাও রেলপথ ধরিয়া দক্ষিণ দিকে বিস্তৃত হইতেছে, কিন্তু চীনা সৈন্যবাহিনী তাহাদের এই অগ্রগমনে প্রবল বাধা দিতেছে, তবে জাপানীরা দাবী করিতেছে যে, তাহারা তানলো অধিকার করিয়াছে। তানলোতে এক সহস্র চীনা মারা গিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। জাপানীরা চেংচাও আক্রমণের উপক্রম করিয়াছে; চেংচাওএর পতন হইলে চীনারা সিয়েনথসিন-পুকাও রেলপথ রক্ষার জন্য যে ব্যূহ রচনা করিয়াছে তাহার পশ্চাৎভাগ ভাঙ্গিয়া যাইবে।

বিদেশী প্রত্যক্ষদর্শীদের বিবরণ, এপর্য্যন্ত মোট পঞ্চাশ হাজার জাপানী নিহত এবং দেড় লক্ষ জাপানী আহত হইয়াছে। চীনাদের হতাহতের সংখ্যা সম্ভবতঃ ইহার চতুর্গুণেরও অধিক।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্‌,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
শেষ স্কন্ধ—
২। অনুভাষ্য-বিবৃতি শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৫৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬। শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। দৈববর্ণ ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা)
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। বামন-আলবর ।০
১৯। তত্ত্ববিবেক
২০। গৌড়ীয়-গৌরব ।৶০
২১। গৌড়ীয়-[illegible] ।৶০
২২. ভজন-রহস্য
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্‌ ও শ্রীনবদ্বীপশতকম্‌ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ)
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) (অবাঁধা)
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।
২৭। [illegible] (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ।
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দ্বীপ-দিগ্‌-দর্শন ৶০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৶০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩ নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶০
৩৫ গীতমালা ৴১০
৩৬ নবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৶০
৩৮ শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ১
৪০ শরণাগতি ৴০
৪১ গীতাবলী ৴০
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
সাধনতত্ত্ব ৴০
প্রেমভক্তিচন্দ্রিকা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্থপঞ্চক ৴০
৪৭। সদাচারস্মৃতিঃ ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। অর্চ্চনকণ ৴১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।০
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ-নির্ণয় ।০
৫৫। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৶০
৫৭। ঈশোপনিষদ্‌ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রী[illegible] ৶০
৫৯। শিক্ষাদর্পণ ৶০
৬০। সাংখ্যবাণী ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।০
৬২। শিক্ষায় সরস্বতী দিগ্বিজয়ঃ ।০
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্‌ ।০
৬৪। ভক্তস্তবম্‌ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্‌ ৶০
৬৬ গৌড়ীয়মঠপরিচয়ঃ ৴০
৬৭ নামাংশবর্ণনম্‌ ৶০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ ওয়ার্ডস অন বেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্‌ মরফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৶০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্‌ অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম্‌ ।০
৭৫। হোয়াট গৌড়ীয়মঠ ইজ ডুইং ৴০
৭৬। দি ভাগবত ।০
৭৭। [illegible] প্রিন্সিপাল অ্যাণ্ড [illegible] ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভল্যুম ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ১
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৶০
৮৩। গীতাবলী ৴০
৮৪। শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতী ঠাকুরের পরিচালনায় গৌড়ীয়মঠ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—তিন ভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। [illegible] হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক [illegible]।

৪। পরমার্থী—উৎকল ভাষায় সম্পাদিত উৎকল পাক্ষিক। শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত্র
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

———:০:———

নিষ্কপট শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ মহাপুরুষের
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড ডবল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উজ্জ্বলরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
উহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৬৲ টাকা।

দৈনিক
নদীয়া-প্রকাশ
একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র
শ্রীধাম-শ্রীমায়াপুর-নদীয়া

১ম বর্ষ ২৯ মাধব গৌরাব্দ ৪৪১, ২রা ফাল্গুন বঙ্গাব্দ ১৩৩৪, ১৪ই ফেব্রুয়ারী ইং ১৯২৮, সোমবার } ২৮৮তম সংখ্যা

সাময়িক প্রসঙ্গ

শ্রীমন্নিত্যানন্দাবির্ভাবে সংকীর্ত্তন-মহোৎসব

পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেবের আনুগত্যে গত ১২ই ফেব্রুয়ারী, ২৯শে মাঘ রবিবার হইতে শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠে পঞ্চাহব্যাপী সংকীর্ত্তন-মহামহোৎসব আরম্ভ হইয়াছে। তৎপূর্ব্বদিবস নবদ্বীপ-মণ্ডলে শ্রীবলদেবের আবির্ভাব উপলক্ষেও পাঠ কীর্ত্তনাদি যথানিয়মে ভক্তগণ কর্ত্তৃক অনুষ্ঠিত হইয়াছিল।

২৯শে মাঘ রবিবার প্রত্যূষে মঙ্গলারাত্রিকান্তে শ্রীশ্রীমন্নিত্যানন্দপ্রভুর মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীঅবিদ্যাহরণ নাট্যমন্দিরে শ্রীপাদ অনন্তবাসুদেব ব্রহ্মচারী ভক্তিরত্ন ও উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী কাব্য-ব্যাকরণ-পুরাণতীর্থ ভাগবতরত্ন শ্রীচৈতন্যচরিতামৃত অবলম্বনে শ্রীশ্রীনিত্যানন্দপ্রভুর মহিমা ও অমন্দোদয়দয়ার কথা ব্যাখ্যা এবং কীর্ত্তন করেন। অতঃপর মহাজনপদাবলী কীর্ত্তন হয়।

বেলা ৭॥ ঘটিকায় শ্রীচৈতন্যমঠ হইতে এক সংকীর্ত্তনবাহিনী বহির্গত হইয়া অন্তর্দ্বীপের যাবতীয় শ্রীধামবিভাগ পরিক্রমণ করিয়া শ্রীযোগপীঠে উপস্থিত হন। কীর্ত্তনান্তে উপদেশক শ্রীপাদ কিশোরীমোহন ভক্তিবান্ধব প্রভু শ্রীচৈতন্যভাগবত হইতে অবতার-আবির্ভাব-উৎসব-লীলা পাঠ ও ব্যাখ্যা করেন। পাঠের পর কীর্ত্তনান্তে পুনরায় সংকীর্ত্তন সহ সকলে শ্রীচৈতন্যমঠে প্রত্যাবৃত্ত হন। এই সময়ে ভোগারাত্রিক কীর্ত্তনের পর হইতে পুনরায় শ্রীচৈতন্যভাগবত মধ্যলীলা পারায়ণ ও ব্যাখ্যা আরম্ভ হয়। অধিক রাত্রি পর্য্যন্ত নিরন্তর পাঠ, কীর্ত্তন ও ব্যাখ্যা চলিতে থাকে। উৎসব উপলক্ষে কলিকাতা হইতে উপদেশক পণ্ডিত শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী কৃতিরত্ন প্রভু ও শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ প্রভু, শ্রীযুক্ত হিরণ্যহরি অধিকারী প্রভৃতি আগমন করিয়াছিলেন। ইহা ছাড়াও বিভিন্ন স্থান হইতে ভক্তসমাগম হয়। তাঁহারা হরিকথা শ্রবণের সুযোগ পাইয়া সকলেই পরমানন্দিত হইয়াছেন।

দার্জ্জিলিং শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াবির্ভাব-মহোৎসব

গত ৫ই ফেব্রুয়ারী ২২শে মাঘ রবিবার শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর প্রকট-তিথিপূজা-মহোৎসব পাঠ, কীর্ত্তন ও আলোচনামুখে নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়াছে।

এতদুপলক্ষে ব্রাহ্মমুহূর্ত্তে শ্রীবিগ্রহের মঙ্গলারাত্রিকান্তে যথাবিধি শ্রীআচার্য্যদেব, শ্রীগুরুবৈষ্ণব ও শ্রীগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকাগিরিধারীর বন্দনার পর উচ্চসংকীর্ত্তন, পঞ্চতত্ত্ব, মহাজনপদাবলী কীর্ত্তন ও মহামন্ত্র কীর্ত্তন হইয়াছিল। ১১ ঘটিকায় শ্রীশ্রীবিগ্রহগণের ও শ্রীশ্রীগৌর-বিষ্ণুপ্রিয়াদেবীর ষোড়শোপচারে অর্চ্চন ও প্রচুর অন্নব্যঞ্জন নৈবেদ্য দ্বারা ভোগরাগ এবং ভোগারাত্রিক কীর্ত্তনান্তে নিমন্ত্রিত ব্রাহ্মণ ভদ্রলোকগণকে বিবিধ মহাপ্রসাদ বিতরণ করা হইয়াছিল। বিভিন্ন স্থান হইতে বহু বিশিষ্ট ভদ্রলোক ও মহিলাগণ রাত্রি ৮ ঘটিকা পর্য্যন্ত দর্শনার্থ আগমন করিয়া মহাপ্রসাদ গ্রহণ করিয়াছিলেন।

সন্ধ্যারাত্রিকের পর শ্রীমঠমধ্যে সমাগত ভক্তগণ মিলিত হইয়া বিবিধ মহাজনপদাবলী কীর্ত্তন ও শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ করেন। অতঃপর শ্রীনবদ্বীপপ্রকাশ হইতেও শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াদেবী ও শ্রীশ্রীশচীদেবীর প্রসঙ্গ সমূহ পাঠমুখে আলোচনা ও কীর্ত্তন হইয়াছিল।

মেদিনীপুরে

২৪।১।২৮ তারিখ শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারীর ভক্তিশাস্ত্রী মহারাজ হরিকথা প্রচার জন্য মেদিনীপুর জেলার অন্তর্গত নিবাসী শ্রীযুত নন্দদুলাল সাহা মহাশয়ের সাদর আহ্বানে তাঁহার বাড়ীতে গমন করেন। ২৫।১।২৮ তারিখে ভক্তপ্রবর নিতাই দাসের নাট্যমন্দিরে "শ্রীচৈতন্যদেব ও জীবসেবা" সম্বন্ধে প্রায় ১২০ ঘণ্টাকাল যাবৎ একটী গবেষণাপূর্ণ সারগর্ভ বক্তৃতা প্রদান করেন। তাঁহার বক্তৃতার পূর্ব্বে শ্রীপাদ বেদান্ত ব্রহ্মচারী প্রায় অর্দ্ধঘণ্টা যাবৎ শ্রীগৌড়ীয়-মঠের পরিচয়-প্রদানমুখে একটী বক্তৃতা দেন। বক্তৃতার আদি ও অন্তে শ্রীপাদ দেবকীনন্দন ব্রহ্মচারীজীর মূল গায়কত্বে মহাজনপদাবলী কীর্ত্তন হয়। সভায় বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন। বক্তৃতাটী শ্রোতৃমণ্ডলীর চিত্ত বিশেষভাবে আকৃষ্ট করিয়াছিল।

পরদিবস ২৬।১।২৮ তারিখে পণ্ডিতজী ছাত্রাবাসে শ্রীগৌরাঙ্গলীলা-প্রসঙ্গমুখে বক্তৃতা প্রদান করেন। প্রায় সহস্রাধিক বালক তাঁহার চিত্তাকর্ষকারী ভাগবতী বাণী শ্রবণে বিশেষ মুগ্ধ হইয়াছিলেন। ২৭।১।২৮ তারিখে ঐ স্থানে শ্রীমদ্ভাগবত হইতে নিত্যানন্দ উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা হয়। ২৮।১।২৮ তারিখেও ঐস্থানে কলিহনন বিষয়ে পাঠ ও ব্যাখ্যা হয়। প্রত্যহ পাঠের আদি ও অন্তে শ্রীহরিনাম-সংকীর্ত্তন হয়।

ব্রহ্মাচর্য্য

(৪র্থ পৃষ্ঠার পর)

উপায় ভগবানের কথাও পাঠক, 'বেদ মন্ত্র ঠিক থাকে না।

এই প্রকার আচরণে আমাদের কি লাভ হবে ? শাস্ত্র সেই পথ আমাদের দিয়েছেন যা লোকটী উত্তমপথে আসবে। অর্থাৎ যে আমি তথা যে আমি মার না, শরীর নষ্ট হলেও যে আমি নষ্ট হই না, সেই আমির নিত্য স্বরূপ লাভ হবে, ভগবদুন্মুখী চিত্তের লক্ষ্য হবে; তখন অন্যান্য লোকের চিন্তা চলে যাবে। আমরা সেই সম্বন্ধে শ্রীচৈতন্যদেবের এই বাণী বুঝতে পারবো—

নাহং বিপ্রো ন চ নরপতির্নাপি
বৈশ্যো ন শূদ্রো
নাহং বর্ণী ন চ গৃহপতির্নো বনস্থো যতির্বা।
কিন্তু প্রোদ্যন্নিখিলপরমানন্দপূর্ণামৃতাব্ধে-
র্গোপীভর্ত্তুঃ পদকমলয়োর্দাসদাসানুদাসঃ ॥

উচ্চ বংশে জন্ম না হয় প্রমাণে। ভক্তসঙ্গে কৃষ্ণ কৃপা সবারে স্বরূপে।

"শ্রীগুরুদেব ও তদাশ্রিত বৈষ্ণব কৃষ্ণের চিৎ-বিলাসময়;—তাঁহাদের হৃদয়েই কৃষ্ণের বসতি হয়। স্থাবর-জঙ্গম—সকলকে কৃষ্ণবিলাসের উপকরণ না দেখিতে পারিলেই 'ভোক্তা' (অবজ্ঞ) বিচার আসিয়া নিজেন্দ্রিয়তর্পণ প্রবল হয়। শ্রীগুরুপাদপদ্মের সম্বন্ধে অপস্বার্থ ও প্রাকৃত সম্বন্ধ জন্য ভোগ বা ত্যাগ বিচার আসিয়া সাধকের সর্ব্বনাশ সাধন করে।"

(শ্রীল আচার্য্যদেব)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

২৯ মাধব সর্ব্বশুভ সঙ্কর্ষণ গৌরাব্দ ৪৬১

যৎকিঞ্চিৎ

—:)•(:—

আমাদের অনেকের হৃদয়ে সদ্গুরু কিরূপে লাভ করা যায়, এই প্রশ্ন জাগিয়া থাকে। এই সদ্গুরু লাভ ভগবৎ-কৃপার উপর নির্ভর করে। ভগবদ্ভজনেচ্ছু হইয়া নিষ্কপটচিত্তে ভগবানের নিকট প্রার্থনা জানাইলে শ্রীভগবানই তাঁহার নিজজনকে গুরুরূপে আমাদের নিকট প্রেরণ করেন।

কৃষ্ণ যদি কৃপা করে কোন ভাগ্যবানে।
গুরু অন্তর্যামিরূপে শিখায় আপনে॥

যিনি সত্যানুসন্ধিৎসু হইয়া ভগবানে একান্ত শরণাগত, সেই নিষ্কপট ব্যক্তির নিকট ভগবান্ সদ্গুরুরূপে উদিত হন। আর যে ব্যক্তি বঞ্চিত হইতে অভিলাষ করে ভগবান্ তাঁহার নিকট "যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্" এই প্রতিজ্ঞানুসারে মায়াদেবীকর্ত্তৃক বঞ্চকগুরু প্রেরণ করিয়া থাকেন। এই জগতে সদ্গুরু মাত্র একজন, যিনি কৃষ্ণপ্রেরিত গোলোকাগত মহাজন। নিষ্কপটভজনকামী ব্যক্তিই সেই গুরুর সাক্ষাৎ পান, আর সেবাবিমুখ প্রেয়ঃকামী কপট ব্যক্তিগণ অসদ্গুরু বা বঞ্চকের দেখা পান। এক কথায় সরল কৃপার্থীই কৃপা পান আর কপট বঞ্চিতই হয়।

বর্ত্তমানে প্রদর্শক শিক্ষাগুরুর কৃপায় আমরা সর্ব্বক্ষণ সাক্ষাৎ পাই। সেই সাধুগণের শ্রীমুখে হরিকথা শ্রবণ করিতে করিতে আমাদের চিত্ত নির্ম্মল হইলে ভগবান্ সেই সেবোন্মুখ নির্ম্মলচিত্তে বুদ্ধিযোগ প্রদান করিয়া সদ্গুরু চিনিবার ক্ষমতা দান করেন।

বোকা লোকেই অসৎসঙ্গ করে, বুদ্ধিমান্ ব্যক্তিগণ কখনও সৎসঙ্গ ছাড়িয়া অসতের দিকে প্রধাবিত হন না। অসতের সঙ্গ করিলে বন্ধন বা সংসার হইবেই হইবে, তাহা মহাদুঃখজনক। সুতরাং আনন্দাভিলাষী জীবের অসৎসঙ্গে দূরে থাকা বোকামি ব্যতীত আর কি? অসতের দোষ দিলে কি হইবে? দোষ ত' আমারই। আমি তাহাদের সঙ্গ চাই, তাই আমার দুর্দ্দশা ঘটে। সেইজন্য আমাদের শ্রীগুরুপাদপদ্ম বলিয়াছেন, আমরা এ জগতের কাহারও সঙ্গ করিব না। কাহারও সঙ্গ করা মানে তাহার নিকট হইতে কিছু আদায় করা। আমরা নিরন্তর সাধুর সঙ্গ করিব—ভগবানের সেবা করিব—ইহাই আমাদের সঙ্কল্প।

আমরা ভগবানের সেবক—তাঁহার অণু অংশ। মা—যা অর্থাৎ যাহা নহে তাহাই মায়া, আর যাহা হয় তাহাই ভগবান্। ভগবান্ ও মায়া দুইটি পৃথক্ জিনিষ নয়। মায়া কৃষ্ণেরই শক্তি, কিন্তু কৃষ্ণকে মায়া বলা যায় না, অথচ মায়া কৃষ্ণ ছাড়া বস্তু নয়। এই মায়া তাহার আবরণাত্মিকা ও বিক্ষেপাত্মিকা বৃত্তির দ্বারা আমাদিগকে আবৃত ও ভগবান্ হইতে বিক্ষিপ্ত করিয়াছে। আগে আবরণ না আগে বিক্ষেপ, এই কথা লইয়া অনেকে মাথা ঘামাইয়া থাকেন। আগে আবরণ পরে বিক্ষেপ এইরূপ কোন কথা নয়। আবরণ ও বিক্ষেপ যুগপৎই হইয়াছে; তবে আবরণ ও বিক্ষেপ যুগপৎ হইলেও আগে বিক্ষেপের অবকাশ, পরে সেই অবকাশে আবরণ আসে মনে হয়। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—'এক বিচারে আবরণ স্বয়ংই বিক্ষেপাবকাশরূপ তার একটা স্থান ক'রে নিতে পারে। যেমন, দুইটি বস্তু একত্র সংযুক্ত থাকিলেও কোনও কীলক সেই স্থানে প্রবিষ্ট হ'য়ে উভয়কে বিক্ষিপ্ত বা ভিন্ন ক'রে দিয়ে উভয়ের মধ্যে আবরণ এনে দিতে পারে, সেইরূপ মায়ার আবরণাত্মিকা-বৃত্তিরূপ কীলক জীব ও ঈশ্বরের পরস্পর সংযুক্ত অবস্থার মধ্যে স্বয়ংই প্রবিষ্ট হ'য়ে জীবকে ঈশ্বর সেবা-সংযুক্তাবস্থা হ'তে বিক্ষিপ্ত ক'রে দিতে পারে।'

জীবের স্বতন্ত্রতাই এইরূপ বিক্ষিপ্ত হইবার কারণ। জীব যখন সেবায় নিরপেক্ষতা প্রদর্শন করে তখনই জীবের বিক্ষিপ্ত হইবার সম্ভাবনা। এই নিরপেক্ষতা বা শান্তভাব আমাদিগকে সেবার দিকেও লইয়া যাইতে পারে আবার বিমুখতার দিকেও টানিতে পারে। ইহারই নাম তটস্থভাব। সুতরাং এই শান্ত বা নিরপেক্ষ অবস্থা বড়ই বিপজ্জনক। এই নিরপেক্ষ অবস্থায় কেহই দাঁড়াইয়া থাকিতে পারে না বা পারিবে না। হয় সে মায়ার দিকে—নিজ ইন্দ্রিয়তর্পণের দিকে, না হয় সেবার দিকে—কৃষ্ণেন্দ্রিয়তর্পণের দিকে যাইবেই যাইবে। এ জগতে ভক্তপক্ষ ও অভক্তপক্ষ, ভগবৎপক্ষ ও মায়াপক্ষ—এই দুইটি পক্ষের কথা শোনা গেলেও প্রকৃতপক্ষে পক্ষ কিন্তু একটি—যাহা কৃষ্ণের পক্ষ, যেপক্ষের লোক প্রভুপাদাশ্রিত গৌড়ীয়মঠবাসিগণ। এই কৃষ্ণপক্ষের লোকগণ অবস্থানে প্রতিষ্ঠিত বলিয়া সকলকেই কৃষ্ণের সেবক দেখেন। সুতরাং এখানে দলাদলির কোন কথা নাই। তবে অজ্ঞগণ একথা বুঝিতে না পারিয়া কৃষ্ণ ও কৃষ্ণপক্ষের লোকের সহিত বৃথা বিবাদের সৃষ্টি করিয়া নিজের পায়ে নিজে কুঠারাঘাত করে মাত্র। পরদুঃখদুঃখী ভক্তগণ তাহাদের সেই দুরবস্থা দেখিয়া দুঃখিত হন এবং তাহাদের মঙ্গল কামনা করেন।

শ্রীমন্মহাপ্রভু ব'লেছেন—'নিরপেক্ষ না হইলে ধর্ম্ম স্থাপন না যায়'। এই নিরপেক্ষতা ভোগ ও ত্যাগের প্রতি, সেবার প্রতি নহে। সুতরাং আকর্ষণ ও বিকর্ষণের প্রতি নিরপেক্ষ হওয়া—ভোগী ও ত্যাগীর সঙ্গ হইতে দূরে থাকিয়া শুদ্ধভক্তের সঙ্গ করাই মঙ্গলের পথ। কে সাধু, কে অসাধু বুঝিতে পারিতেছি না—এইরূপ কপটতার ভাণ করিয়া বেশী নিরপেক্ষতা দেখাইতে গেলে সংসারই লাভ হইবে অর্থাৎ কপট আমার ভাগ্যে কপট বন্ধুই জুটিবে, কিন্তু নিষ্কপটতা থাকিলে তিনি নিশ্চয়ই নিরপেক্ষতারূপ বিপজ্জাল হইতে নিষ্কৃতি পাইয়া প্রকৃত সাধুর সঙ্গ পাইবেনই পাইবেন, ইহা নির্ভুল সত্য কথা।

আমরা ভগবানের সেবক, একথাটা যত দিন না আমরা বুঝিতে পারি, গুরুবৈষ্ণব-কৃপায় যত দিন আমরা ভগবদ্দাস অভিমানে প্রতিষ্ঠিত হইতে না পারি, যতদিন পর্য্যন্ত এই বৈষ্ণবী প্রতিষ্ঠা আমাদের না আসে, ততদিন আমরা বিপদ্গ্রস্ত থাকিতে হইবে। ততদিন কেবল-'কখন ভোগের কখন ত্যাগের ছলনায় প্রাণ নাচে'। সুতরাং ভগবৎস্মৃতি আমাদের সর্ব্বক্ষণ থাকা দরকার। ভগবান্কে যে মুহূর্ত্তে ভুলিয়া যাইব সেই মুহূর্ত্তেই বিপদ্। ভগবানের ভজন সর্ব্বদাই হওয়া চাই। সাধুসঙ্গে শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ নিরন্তরই করা চাই। নিরপেক্ষ থাকিলে ঠকিতে হইবে। যদি ভজন-নৈরন্তর্য্যের একটুকুও অভাব হয় অর্থাৎ মহাপ্রভুর 'কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ' এই আদেশ সাধুসঙ্গে থাকিয়া পালন করিতে না পারি তাহা হইলে সেই ছিদ্র বা অবকাশ পাইয়া মায়া আমাদিগকে আক্রমণ করিয়া ফেলিবে তখন ভক্তের মনোবাঞ্ছা পূর্ণ হইবে না, আমরা দুঃখে জর্জ্জরিত হইতে থাকিব।

আমরা দুর্ব্বল জীব। এই দুর্ব্বলের দ্বারা সবলের সেবা কি করিয়া সম্ভব হইবে? 'নায়মাত্মা বলহীনেন লভ্যঃ'। সুতরাং ক্ষুদ্র আমরা, অভক্ত আমরা, দুর্ব্বল আমরা কিরূপে ত্রিভুবনে বলীয়ান্ শ্রীকৃষ্ণের সেবা পাইব? দুর্ব্বলের বল নাই, সামর্থ্য নাই সত্য, কিন্তু সে ত' সবলের শরণ লইতে পারে—ভক্তরূপে তাঁহার শরণ গ্রহণ করিতে পারে। এই প্রপত্তি বা শরণাগতি আসিলেই সব বিপদ কাটিয়া যায়—সবল দুর্ব্বলকে রক্ষা করে দুর্ব্বল নিশ্চিন্ত হয়, নির্ভয় হয়। দুর্ব্বলের ইহাই একমাত্র উপায়; কিন্তু এই একমাত্র উপায়কে বাদ দিয়া যতদিন আমরা নিজের শক্তির উপর বা নিজের অভিজ্ঞতার উপর নির্ভর করিয়া থাকিতে চাই, ততদিন আমাদের মঙ্গল হয় না—ভগবানের সন্ধান আমরা পাই না। এইরূপ নিরাশ্রয়ভাবে সংসারযাপন করিয়ে ক'রতে সাধুসঙ্গে যখন আমরা আমাদের মাথা নত করি ও সরলভাবে অকিঞ্চনতা উপলব্ধি ক'রতে পারি তখনই শাস্ত্র-কথিত পরম মঙ্গলময়ী ভগবৎ-প্রপত্তির কথা আমাদের চিত্তে স্থান পায়। সেইজন্য বুদ্ধিমান্ ব্যক্তিগণ নিজের বাহাদুরীর প্রতি নির্ভর না করিয়া হরিজনগণের উপরে সম্পূর্ণভাবে নির্ভর করতঃ তাঁহাদের শ্রীমুখে হরিকথা শ্রবণ এবং কীর্ত্তন ক'রতে করিতে কৃষ্ণের দিকে অগ্রসর হন।

ব্রহ্মচর্য্য

[মেদিনীপুর জেলার হোড়খালি উচ্চইংরাজী বিদ্যালয়ে শ্রীপাদ রাধাকৃষ্ণ ব্রহ্মচারীজীর প্রদত্ত বক্তৃতার মর্ম্ম]

নমস্তে গৌরবাণীশ্রীমূর্ত্তয়ে দীনতারিণে।
শ্রীরূপানুগবিরুদ্ধাপসিদ্ধান্তধ্বান্তহারিণে॥

মাননীয় শিক্ষক ও সজ্জনমণ্ডলি, প্রিয় ছাত্রবৃন্দ!

আজকে আমাদের বক্তৃতার বিষয় হ'চ্ছে—'ব্রহ্মচর্য্য'। ব্রহ্মচর্য্য কা'কে ব'লে, কোন্ উপায়ে ব্রহ্মচর্য্য অনুষ্ঠিত হ'তে পারে, ব্রহ্মচর্য্যের দ্বারা চরমে আমাদের কি লাভ হ'বে—এই তিনটি বিষয় কথাবলে মধ্যে অল্পকাল বিষয় আলোচনা ক'রবার আশা ক'রছি। ক্ষুদ্র জীবনে অল্প বা অধিক বয়সে সঞ্চিত জ্ঞানের পসরা আপনাদের নিকট বিলাবার জন্য উঠি নাই। মহাজনের বাণীতে শুনেছি—'অজ্ঞানেনাবৃতং জ্ঞানম্'। তাতে একমাত্র সঞ্চিত জ্ঞানকে অজ্ঞানেরই প্রতিধ্বনি বলা হ'য়েছে। ধন, বিদ্যা, পাণ্ডিত্য, এমনকি বা অলৌকিক ক্ষমতার সঞ্চিত

জাগের অবস্থা আছে। আবার সেই অবস্থাটিও নশ্বরধর্ম্মযুক্ত। অধিক বয়সে ম'স্তিষ্ক ঠিক থাকে না। মৃত্যুর সঙ্গে সঙ্গে সব চলে যায়। তাই আমরা নিজ নিজ জীবনে সকিঞ্চ অজ্ঞান বাদ দিয়ে "মহাজনো যেন গতঃ সঃ পন্থা" এই বাক্য-নীতি অনুসরণের ব্রত ক'রছি। বেদ-বেদান্ত-পঞ্চরাত্র বা শ্রৌতধারার অনুসরণে অনাদিকাল হ'তে যে আচার বিচার আজ পর্য্যন্ত চলে আসছে তদনুসরণে আলোচনায় অগ্রসর হ'চ্ছি।

তাহতে উক্ত মনুষ্যসমাজে গুণ-কর্ম্মের বিভাগ অনুসারে চারিটি বর্ণ ও আশ্রম বহু প্রাচীন কাল হ'তে চলে আসছে। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারিটি বর্ণ, ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস এই চারিটি আশ্রম। আশ্রম-বিচারে ব্রহ্মচর্য্যই প্রথম। 'ব্রহ্মচর্য্য' শব্দের ব্যাখ্যা ক'রতে গিয়ে এক প্রকার বিচারে কেহ বলে থাকেন—'বীর্য্যধারণং হি ব্রহ্মচর্য্যম্'। কোন কোন মনীষী অষ্টাঙ্গ-মৈথুন-নিবৃত্তিকে ব্রহ্মচর্য্য আখ্যা দিয়াছেন। অষ্টাঙ্গমৈথুন কি—

স্মরণং কীর্ত্তনং কেলিঃ প্রেক্ষণং গুহ্যভাষণং।
সঙ্কল্পোঽধ্যবসায়শ্চ ক্রিয়ানিষ্পত্তিরেব চ
এতন্মৈথুনমষ্টাঙ্গং প্রবদন্তি মনীষিণঃ।

স্মরণ, কীর্ত্তন, কেলি, প্রেক্ষণ, গুহ্যভাষণ, সঙ্কল্প, অধ্যবসায়, ক্রিয়ানিষ্পত্তি এই আট প্রকার চিন্তা হ'তে নিবৃত্ত হ'তে ব'লেছেন। অসৎ অর্থাৎ যাহা নিত্যকাল থাকে না। এই আট প্রকার চিন্তা অসচ্চিন্তার মধ্যে স্থান পেয়েছে। অসদ্বস্তুর আপাত-সুখের প্রলোভন দেখিয়ে আমাদের চোখ ঝলসে দেয়। ইন্দ্রিয়গুলিকে তার দিকে টেনে নেয়। কিন্তু হায়! পরিণামে ঘোর অন্ধকার সাগরে কূলকিনারা পাওয়া যায় না। সুতরাং কোন্টা সৎ, কোন্টা অসৎ এর মৌলিক তত্ত্ব আলোচনা হওয়া দরকার।

মানুষ চিন্তা না ক'রে থাকতে পারে না; সৎ—না হয় অসৎ চিন্তা সে ক'রবে;—এর মধ্যে compromise নাই। সে হয় সত্যের পথে চলবে, না হয় পশুর স্তরে নেমে আসবে। মানুষ আকারে থেকেও পশুর স্তরে কি ক'রে চলে যায়? এর উত্তরে মানুষ ও পশুর মধ্যে কি পার্থক্য আছে, সেটা আলোচ্য—

"আহার-নিদ্রা-ভয়-মৈথুনঞ্চ
সামান্যমেতৎ পশুভির্নরাণাম্।
ধর্ম্মো হি তেষামধিকো বিশেষো
ধর্ম্মেণ হীনাঃ পশুভিঃ সমানাঃ॥"

আহার, নিদ্রা, ভয় ও মৈথুন—পশু ও মানুষ উভয় জাতির মধ্যে আছে। তাহ'লে আমরা দেখছি—ধর্ম্মই মানুষকে পশু থেকে পৃথক্ ক'রেছে। মানুষ ভগবানের অনুসন্ধান ক'রতে পারে, কিন্তু পশু তা' পারে না। সুতরাং মানুষ হ'তে হ'লে ধর্ম্ম আচরণ ক'রতে হয়, সদাচার পালন ক'রতে হয়, ক্রমপন্থার আশ্রয় স্বীকারও ক'রতে হয়।

আজকাল হাটে বাজারে ব্রহ্মচর্য্যের বিজ্ঞাপন ছড়িয়ে প'ড়েছে। এ সম্বন্ধে আজকাল বহু পুস্তকও প্রকাশিত হ'য়েছে। সময় সময় পত্রিকাদিতেও এর আলোচনা হ'য়ে থাকে। কিন্তু তাঁ'দের আলোচ্য বিষয়কে বিশ্লেষণ করলে কোথাও বিকৃত ধারণা আবার কোথাও বা অসম্যক্ ধারণার আতিশয্য পাওয়া যায়। তাঁ'দের আলোচনার মধ্যে আমরা এই শ্লোকটী দেখতে পাই—

ন তপস্তপ ইত্যাহুর্ব্রহ্মচর্য্যং তপোত্তমম্।
ঊর্দ্ধরেতা ভবেদ্ যস্তু স দেবো ন তু মানুষঃ॥

—এই শ্লোকটীর বহুল প্রচার হ'য়েছে। পাতঞ্জলে দেখা যায়—'অহিংসা সত্যাস্তেয় ব্রহ্মচর্য্যাপরিগ্রহা যমাঃ' 'ব্রহ্মচর্য্য-প্রতিষ্ঠায়াং বীর্য্যলাভঃ'।

নৈতিকতার চেহারা দেখিয়ে মানুষের ধারণায় দেবতা হ'য়ে কি লাভ? শরীরটা ত' দু'দিন পরে নষ্ট হ'য়ে যাবে। সুতরাং ঊর্দ্ধরেতা হওয়ার প্রয়োজন কি আছে? অষ্টাঙ্গনাথ পুরুষের অষ্ট দৈহিক বল লাভ করাই কি এর উদ্দেশ্য? অসুর বা দৈত্য, হস্তী বা অন্যান্য জীব জন্তুর মধ্যে ত' প্রচুর বল আছে, আমরা আর কতটুকু সঞ্চয় ক'রবো। "শরীরমাদ্যং খলু ধর্ম্মসাধনম্" এই নীতির পুষ্টি করাকে কেহ কেহ ব্রহ্মচর্য্যের অর্থ ব'লে বুঝে রেখেছেন।

তাই আমরা ব্রহ্মচর্য্যকে দুইভাগে বিভক্ত ক'রেছি (১) শুষ্ক ব্রহ্মচর্য্য, (২) স্বরূপোদ্বোধক ব্রহ্মচর্য্য। যে ব্রহ্মচর্য্য দ্বারা আমি আমাকে জানতে পারি না, আমার নিত্যকালের প্রভু সর্ব্বনিয়ন্তা, সর্ব্বশক্তিমান্ পূর্ণব্রহ্মের পরিচর্য্যা ক'রতে পারি না, পূর্ণব্রহ্মবিৎ আচার্য্যের সেবা ক'রতে পারি না, যা'তে কেবল দেহ ও মনের সুখের কামনায় অথবা ভাবিকালে ভাল ক'রে ভোগ করার জন্য আপাততঃ কৃত্রিম উপায়ে ইন্দ্রিয়-সংযমের ভাণ দেখাই, ঊর্দ্ধ চিন্তা না থাকলে ইন্দ্রিয়দমন হ'বে না জেনে একটা মনের কল্পিত ধর্ম্ম গড়ে তুলি অথবা বৃক্ষের মূল বাদ দিয়ে পত্রে জল-সেচনের ন্যায় কতকগুলি বাঁধাধরা নিয়ম-কানুনের মধ্যে প্রবেশ ক'রে নিজেকে ধার্ম্মিক ব'লে পরিচয় দিই, আবার কখনও বা শক্তিহীন নির্ব্বিশেষ ঈশ্বরের কল্পনা ক'রে নিজের ইন্দ্রিয়বৃত্তিগুলিকে স্তব্ধ ক'রে ফেলি, নিজেকে নিজে হত্যা করি—সেইটাকে শুষ্কব্রহ্মচর্য্য বলা যেতে পারে। আর যে ব্রহ্মচর্য্যের কথা শ্রুতি [illegible] কীর্ত্তন ক'রেছেন সেটা হচ্ছে—'আচার্য্য-সেবনং হি ব্রহ্মচর্য্যম্'।

"যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি।
তত্তে পদং সংগ্রহেণ ব্রবীম্যোমিত্যেতৎ॥"
(কঠশ্রুতি)

ভগবদ্বিশ্বাস, সদ্গুরু বা আচার্য্য-সেবাই এই ব্রহ্মচর্য্যের মূল ভিত্তি। যাঁ'র ভক্ত সাধুগণ ব্রহ্মচর্য্য আচরণ করেন তিনি ইন্দ্রিয়ের নিত্য উপাস্য সচ্চিদানন্দময়-বিগ্রহ। স্বরূপোপলব্ধিই এই ব্রহ্মচর্য্যের প্রাণ। এটা হ'চ্ছে ভাগবতের ব্রহ্মচর্য্য। এই ভাগবত ধর্ম্মের সম্পূর্ণতা সম্যগ্রূপে প্রকাশিত হ'য়েছে। ভাগবতধর্ম্মের অপর নাম বৈষ্ণবধর্ম্ম বা সমস্ত জীবাত্মার একমাত্র অবলম্বন। যাঁ'র ভাগবতধর্ম্মে আস্থা নাই—তাঁ'র পরমেশ্বরে বিশ্বাস নাই—তাঁ'র ব্রহ্মচর্য্যপালন আকাশকুসুম-চিন্তার ন্যায় বা হাস্যাস্পদ।

বহুকৃতস্য ধর্ম্মস্য সর্ব্বসিদ্ধিবিনোদনম্।
ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং বিষ্বক্সেনকথাসু চ
নোৎপাদয়েদ্যদি রতিং শ্রম এব হি
কেবলম্।

অর্থাৎ হরির ইন্দ্রিয়তোষণই নিজ নিজ বর্ণাশ্রমধর্ম্মের মূল প্রয়োজন। আমি ভগবানের নিত্যদাস—তিনি আমার নিত্য-প্রভু, তিনি ভোক্তা—আ'মি ভোগ্য, আমি অণু—তিনি বৃহৎ,—এই বিচারে প্রতিষ্ঠিত হ'য়ে ব্রহ্মচর্য্যের পথে অগ্রসর হ'লে জীবন সার্থক হ'বে—ব্রহ্মচর্য্য শুদ্ধভাবে আচরিত হ'বে। যেমন অন্ধকার জোর ক'রে দূর করা যায় না, আলো আসার সঙ্গে সঙ্গেই দূরে চলে যায়, সেইরূপ ভগবানের সেবালোক হৃদয়াকাশে প্রকাশিত হ'লে তাঁ'র রূপের স্পর্শ এলে, মনের—অন্তরের সব কুৎসিৎ কামনা অমনিই পালিয়ে যাবে। আমাদের জীবনের motto বা goal এরূপ হওয়া দরকার যে, আমরা তাঁ'কে centre ক'রে যেন সব কাজ ক'রতে পারি, বিদ্যার অহঙ্কারে বা এ জগতে কিছু অভিজ্ঞতা সংগ্রহ ক'রে আমরা যেন নাস্তিক হ'য়ে না পড়ি বা নাস্তিক হ'য়ে না যাই। আমাদের সর্ব্বক্ষণ মনে রাখা উচিত যে, আত্মেন্দ্রিয়তর্পণ জিনিষটাই হরিবিমুখতা বা নাস্তিকতা। সুতরাং আত্মসুখকাম যে ব্রহ্মচর্য্যের উদ্দেশ্য, তাহার মূল্য অকিঞ্চিৎকরমাত্র।

ভগবদ্ভক্তগণ সর্ব্বদা যে চিন্তা করেন, তাঁ'দের সেই চিন্তাধারাটা কি রকমের?

ন ধনং ন জনং ন সুন্দরীং
কবিতাং বা জগদীশ কাময়ে।
মম জন্মনি জন্মনীশ্বরে
ভবতাদ্ভক্তিরহৈতুকী ত্বয়ি॥

তাঁ'রা বলেন—হে জগদীশ, আমি ধন, সুন্দরী কবিতা কিছুই চাই না, তোমাতে আমার অহৈতুকী ভক্তি থাকুক। আমার সুখের জন্য আমি যেন তোমার নিকটে কিছু না চাই। দুঃখ পরীক্ষা দিতে হ'লে আমি যেন না চিন্তা করি, হে ভগবান্, আমায় পরীক্ষায় পাশ করিয়ে দেও। কেবল এই প্রার্থনা—আমি যেন আমার জীবন-কুসুমকে নিত্যকাল তোমার পাদপদ্মে অর্পণ ক'রতে পারি।

ইন্দ্রিয়ের রাজা হচ্ছে মন, সেই মনের গতিটাকে সাধুসঙ্গে কীর্ত্তনমুখে ঠিক ক'রতে পারলে আমাদের সকল ইন্দ্রিয় নিয়মিত হ'য়ে যা'বে, জিহ্বাবেগ, উদরোপস্থবেগাদি আর থাকবে না। কিন্তু কি ক'রে হ'বে?

যমাদিভির্যোগপথৈঃ কামলোভহতো মুহুঃ।
মুকুন্দসেবয়া যদ্বৎ তথাদ্ধাত্মা ন শাম্যতি॥

ভগবানের পাদপদ্ম-সেবা-চিন্তায় যদি মনোনিবেশ ক'রতে পারি, তবে অন্যান্য ইন্দ্রিয়গুলি সেইদিকে মুখ ফিরাবে। কিন্তু ভগবৎসেবা বাদ দিয়ে কৃত্রিম যমাদি যোগপথ অবলম্বন ক'রলে নিঃসন্দিগ্ধ হওয়া যাবে না, কখন এসে যে পিশাচী গলা টিপে ধ'রবে তার ঠিক নাই, জোর ক'রে কৌপীন আঁটলে অথবা গুহার কেন, গঙ্গার স্নান ক'রলেও কিছু হ'বার উপায় নাই। এরূপভাবে প্রাচীন কাল হ'তে ব্রহ্মচর্য্য সাধনের জন্য বহু অভিযানের কথা শুনতে পাই, কিন্তু তাতে মুকুন্দসেবা বিপর্য্যস্ত হওয়ায় নিষ্ফলতোষক হ'তে দেখেছি। বিশ্বামিত্র মুনির ব্রহ্মচর্য্য, মেনকা অপ্সরার রূপের ঝলকে নষ্ট হ'য়েছিল। সৌভরি ঋষি ব্রহ্মচর্য্য সাধনের জন্য জলে ডুবে তপস্যা আরম্ভ ক'রেছিলেন। কিন্তু মাছে মাছের স্পর্শ দেখে ব্রহ্মচর্য্যের দাও হ'তে সেসব নিয়ে পরে গৃহস্থে মনোনিবেশ ক'রেছিলেন। তাই মহাজনগণ ব'লেছেন, ভগবৎপাদপদ্মে বিশ্বাস বা শরণাগতি না আসলে ব্রহ্মচর্য্য আচরিত হ'তে পারে না—

যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা
সর্ব্বৈর্গুণৈস্তত্র সমাসতে সুরাঃ।
হরাবভক্তস্য কুতো মহদ্গুণা
মনোরথেনাসতি ধাবতো বহিঃ॥
(ভাঃ ৫।১৮।১২)

যাঁ'র ভগবৎপাদপদ্মে অনন্যা ভক্তি আছে, সমস্ত সদ্গুণ তাঁ'কে আশ্রয় ক'রে বাস ক'রেছে। তিনি শান্ত, তাঁ'র চরিত্র পবিত্র, অন্তঃকরণের ন্যায় নির্ম্মল, সেখানে মলিনতার লেশ মাত্রও সেখানে ইন্দ্রিয়দমন আনুষঙ্গিকভাবেই হ'য়ে যায়। কিন্তু শ্রীহরিতে যাঁ'দের ভক্তি নাই তা'রা সর্ব্বদাই

(অতঃপর ৬৪ পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

কৃষ্ণ তারে দেন নিজ চিচ্ছক্তির বল মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্ব্বল

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ মূলমঠ
প্রাচীন নবদ্বীপ, ডাকঘর শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচন্দ্রশেখর ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীগৌর, গোপাল আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন গ্রন্থ-রাজি-প্রদর্শনী এবং নদীয়া প্রকাশ-মন্দির আছে।
রক্ষক শ্রীনবকিশোর ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ
১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, প্রাচ্যপ্রতীচ্য-দার্শনিক-শিক্ষাপ্রচার আদি ভক্তিগ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হার্ম্মোনিষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক — মহোপদেশক শ্রীপাদ নবীনচন্দ্র রায় ভক্তিবিলাস।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির
পোঃ শ্রীমায়াপুর
এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।
রক্ষক—শ্রীমৎ কুঞ্জবিহারী ভাগবত মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন
পোঃ শ্রীমায়াপুর
রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন
পোঃ শ্রীমায়াপুর
এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এক্ষণে বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট
রক্ষক—শ্রীবংশীগোপাল ব্রহ্মচারী।

(৭) কাজি সমাধি-পাট
সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
চাঁদ কাজী গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার
শ্রীধাম মায়াপুর
রক্ষক—শ্রীমৎ কৃষ্ণকেশব ত্রিদণ্ডি মহারাজ

(৯) স্বানন্দ-সুখদ-কুঞ্জ
শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ
চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিপাবন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ
বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীবিনোদকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ
মাউগাছি, পোঃ শাহনগর, (বর্দ্ধমান)
শ্রীশ্যামদাস ঠাকুর বৃন্দাবনের স্থান
রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
রক্ষক—শ্রীমহেশ্বর ব্রহ্মচারী।

(১৪) জহ্নুদ্বীপ গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক—শ্রীসদানন্দ ব্রহ্মচারী।

(১৫) সুবর্ণবিহার গৌড়ীয়মঠ
গৌরপুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীমধ্যদ্বীপ গৌড়ীয় মঠ
মাজিদা (শ্রীনাথদেবের পল্লীর নিকটবর্তী)
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কুলিয়া
পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)
রক্ষক শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত আসন
পোঃ কৃষ্ণনগর (নদীয়া)
রক্ষক—শ্রীকৃষ্ণকান্ত ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(১৯) একচক্রামঠ
গোবিন্দপুর, পোঃ চাঁদপাড়া, (নদীয়া)
রক্ষক শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) সারঙ্গ পণ্ডিতের পাট
কাঁচড়াপাড়া, পোঃ চাকদা (নদীয়া)
রক্ষক—শ্রীহরিকিশোর ব্রজবাসী।

২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম
রক্ষক—শ্রীসুরেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ
চব্বিশ পরগণা
রক্ষক—শ্রীমহেন্দ্রনাথ ভক্তিশাস্ত্রী।

(২৩) মাধবগৌড়ীয়মঠ
নারিন্দা পোঃ ওয়ারী, ঢাকা।
পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ বি এ

(২৪) গোপাল গৌড়ীয়মঠ
কমলাপুর, পোঃ ঢাকা
রক্ষক—শ্রীরামদাস ব্রজবাসী।

(২৫) সনাতন-গৌরাঙ্গ মঠ
পোঃ বালিয়াটি, (ঢাকা)
রক্ষক শ্রীরাধারমণ ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ
ময়মনসিংহ, পোঃ ময়মনসিংহ
রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রীযতীন্দ্র ভক্তিশাস্ত্রী এম-এ, বি এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম
পোঃ গোয়ালপাড়া (আসাম)
রক্ষক—শ্রীরাধারমণ দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ
পোঃ চক্‌চকা, কামরূপ (আসাম)
রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ
২নং অকল্যাণ্ড রোড দার্জ্জিলিং
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) মাহেশ-গৌড়ীয়মঠপীঠ
পোঃ বক্সার, জেলা সাহাবাদপুর, ই-আই, পি
রক্ষক—শ্রীপ্রেমানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ
কদমকুঁয়া
পোঃ বাঁকিপুর (পাটনা)
রক্ষক—শ্রীকেশবপ্রসাদ বি-এল।

(৩২) ভাগলপুর গৌড়ীয়মঠ
পোঃ ভাগলপুর ক্যাণ্টনমেণ্ট, বিহার
রক্ষক শ্রীকৃষ্ণমাধব ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ
সুরজ কুণ্ড, গয়া
রক্ষক শ্রীঅনিরুদ্ধদাস ব্রহ্মচারী বি, এ।

(৩৪) কাশী গৌড়ীয় মঠ
১২২নং সোনারপুরা, বেনারস সিটি
রক্ষক শ্রীসাধনানন্দ ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ গৌড়ীয়মঠ, এলাহাবাদ
রক্ষক শ্রীঅতুলানন্দ ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,
পোঃ নিমসার, সীতাপুর ইউ, পি)
রক্ষক শ্রীসদানন্দকিশোর ব্রহ্মচারী।

(৩৭) শ্রী মথুরা গৌড়ীয়মঠাশ্রম
বিশ্রামঘাট, পোঃ মথুরা
রক্ষক—শ্রীকৃষ্ণানন্দ ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,
পুরাণসহর শ্রীধাম বৃন্দাবন, মথুরা
রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রকাশ আরণ্য মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্য মঠশাখা
কিশোরপুর, বৃন্দাবন

(৪০) শ্রীরাধাকুণ্ড শ্যামকুণ্ড
পোঃ রাধাকুণ্ড (মথুরা)
রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ — শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গোবর্দ্ধন
রক্ষক—ভক্ত শ্রীগৌরমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠাশ্রম
গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সংকেত বিহারী মঠ
বর্ষাণা মথুরা।
রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠাশ্রম
পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) কাম্যবন গৌড়ীয়মঠাশ্রম
পোঃ কামবন, মথুরা

(৪৭) গৌরবিহারী মঠ—গোস্বামী,
পোঃ জোড়গ্রাম, জেলা গুজরাট (পাঞ্জাব)
রক্ষক—শ্রীগৌরবিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ
কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)
রক্ষক—শ্রীনন্দগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ
৪৩নং ওয়াটার রোড, নিউ দিল্লী,
রক্ষক—শ্রীগোবিন্দ ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ
গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, কল্যাণভবন বিল্ডিং: বোম্বে ৭
রক্ষক—শ্রীঅনিরুদ্ধ ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ
পোঃ রায়পেটা, মাদ্রাজ
শ্রীকৃষ্ণ-গোপাল-রাধা-গোপীবিহারীর সেবা
রক্ষক—মহোপদেশক শ্রীপাদ ভক্তিপ্রদীপ তীর্থ ব্রহ্মচারী অধিকারী

(৫২) রামানন্দ গৌড়ীয়মঠ
পোঃ কভুর, জেলা গোদাবরী মাদ্রাজ
শ্রীশ্রীরুক্মিণীসহ গোপীনাথ-বিগ্রহের সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামানন্দ বিদ্যালঙ্কার

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ
আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)
শ্রীগৌরসুন্দরের ও শ্রীমদনগোপালের সেবা।
রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ
চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা
রক্ষক—শ্রীমাধব দাসাধিকারী

(৫৫) সিদ্ধ বকুল, পুরী

(৫৬) সাক্ষীগোপাল
রক্ষক শ্রীনবকিশোর দাসাধিকারী

(৫৭) জিয়ড়-নৃসিংহ গৌড়ীয়মঠ
পোঃ ভুবনেশ্বর, পুরী
রক্ষক—শ্রীসচ্চিদানন্দ ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ
বাদাবাড়ি, পোঃ কটক (উড়িষ্যা)
রক্ষক—শ্রীনিমাইচরণ দাসাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠশাখা
রক্ষক—শ্রীরাধা মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ
চিকপিয়া, পোঃ নারায়ণগড়, মেদিনীপুর
রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিশাস্ত্রী

(৬১) কাঁথি গৌড়ীয়মঠ
পোঃ কাঁথি, মেদিনীপুর
রক্ষক শ্রীমহেন্দ্রকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) রামজীবনপুর প্রপন্নাশ্রম মঠ
রামজীবনপুর পোঃ ঐ (হুগলী)
রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাজোড়া প্রপন্নাশ্রম মঠ
পোঃ আমলাজোড়া (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীনরেন্দ্রকৃষ্ণ দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ
কুড়ুমগ্রাম, পোঃ চিড়ুগ্রাম, (মানভূম)
রক্ষক—শ্রীরমানাথ সেনশর্ম্মা অধিকারী।

(৬৫) রেঙ্গুন গৌড়ীয়মঠাশ্রম
৮০।৮১ নং ৪৯ ষ্ট্রীট, রেঙ্গুন।
রক্ষক—শ্রীমদ্ভক্তিপ্রকাশ গিরি মহারাজ

(৬৬) লণ্ডন গৌড়ীয়মঠ
ফ্ল্যাট নং ২
৫১, ক্যাডোগান রোড
গ্ল্যাডস্টন, লণ্ডন, এস ই
রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়
রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) গৌড়ীয়মঠ অফিস
বড় চাটার্জ্জি লেন
বিবেকানন্দ রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধকৃষ্ণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত
শ্রীসদানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলিকাতার বাজার দর

৪ঠা ফেব্রুয়ারী ১৯৩৮

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম	৬৷০
রূপা চাল	৫৸০
ঐ মর্তা	৫৲
চাঁপাখোপ	৭৲-৭৷০
কুঁকড়ুনী	৫৷০
পাটনাই নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
ঝাজরে তোয়ালী	৪৲
ঐ বেগুন	৩৸৵০

আতপ—

ভুজ আতপ	৪৲—৪৷০
পেশোয়ারী	১০৲-১০৷০
কাঁকড়ুলী আতপ	৫৷০-৫৷৵
ঐ বালাম	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫৷০-৫৷০
চাঁপাখোপ	৮৲
ঐ বেগুন	৩৵

চিনির দর

..., টাইপ	১০৷৵০
...র ১০০০ নং	১০৵০
...দানা	৯৷০
...র সাদা	৮৷০—৯৵০
...র লাল	৭৸০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

...দের বাট	৩৪৷০
...প	২২৲
...গিনবার	৫১৷০

পাটের দর

...—	৪০৸০
...—	৪০৸০
...—	৪১৷০
...রের সময়—	৪১৲

আটা ও ময়দার দর

... ময়দা প্রতি মণ	৬—৬৸৵০
...নম্বর ঐ	৬৲—৬৵০
...ঐ	৫৸৵০—৫৸০
	৬৲—৬৵০
(বি)	৫৸০—৫৸৵০
...নং (২	৫৵০—৫৷৵০
(এল)	৫৲—৫৷০
(কে)	৪৸০—৪৸৵০
...নং (৩)	৪৷০—২৸৵০
ঐ	১৪৵০—১৪৸০
	১৪৵০—১৪৸০

ঘৃতের দর

	৫৭৲
	৫৭৲
	৫০৲
ঐ	৪৫৲
...ম	৩৩৷০

ভার	৪৬৲
...কাবুল	৩৬৲
খাজা পাকা	৩১৸০
২৬ গেজ—	১৭৸০
প্যাঃ শটকা ২৪—৩০ গেজ	১০৲

লৌহ ও হার্ডওয়ার

১।২।৩৮

টাটার তৈয়ারী—	দর কাঃ৪ টন
লোহার কাঠ (কড়ি বা বীম)	
মার্কা	৮৸০—৯৷০
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮৷০
ঐ টাটা স্টিল টেস্টেড কড়ি বীম সব সাইজ	১০৲
ঐ ইংলিশ কড়ি (বীম)	৯৲—১০৲
বরগা (টি আয়রণ)	৮৸০—৯৲
এঙ্গেল আয়রণ (কোণা)	৭৷০—৮৷০
টাটা প্যাঃ করগেট সীট।	
২৪ গেজ—	১৩৸৵০
২৬ গেজ—	১৩৸০
২৮ গেজ—	১৮৲
টাটা প্যাঃ প্লেন সীট	১৪৵০
২৪ গেজ—	১৪৸৵০
২৬ গেজ—	১৩৸৵০
২৮ গেজ—	
ইংলিশ প্যাঃ করগেট।	
২৪ গেজ—	১৫৲
সীস	৭৸৵৫—৮৵০
বাগান ঘেরা কাঁটা তার (বাণ্ডিল)	১০৷০
সেট কাটিং বা ছিট কাটা মণ	৩৷০—৩৸০
পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা	
	৫৷০—৬৷০ টন
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট ৯.—১০৲	
ঐ „ ৩—১০ ঐ ৯৷০—১০৷০	
টিন পাতি, গোলটু, নয়াহে	৮৷০—৮৷৷০
গোল রড রি-ইনফোর্স ও কংক্রিটের	
টন	৭৷০—১০৷০
নূঃ ইস্পাত আমদ ২৫৲	বক্স ২৩৷০
৫টকলের চালমণ ৫৵০, পাটের হাঁসমণ ৬৷০	
ভুসার চালমণ ৪৷০	

ঘৃতের দর

কলিকাতা ২৮শে জুন,

আমেরিকা স্পেশাল কাইন	৫৩৲
লিট্ল আমেরিকা গুড	৪০৲
কলাপি সুপিরিয়র কাইন	৪৩৲
ভাবর্ণ ভালো	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেঙ্গলি মসলা

কলিকাতা, ২৮শে জুন,

প্রতি মণ

পাকা মাল	৮৷০
সুপারী দেশী	১৩৷০—১৭
কাটা সুপারী	
কাট খয়ের	১৫৷০—১৭৷০
নং. নূতন পাটনাই	১৭৲—১৮৷০

সুবোধ কুমার মল্লিক
এণ্ড সন্স লিঃ
৮ ও ভগবান বাট লোহাপট্টি, বড়বাজার
কলিকাতা

পুরাতন সোনার বদলে নূতন গহনা দেওয়া হয়।
মজুরী

আমাদের নিজ কারখানায় প্রস্তুত একমাত্র গিনিসোনার নানাবিধ হাল ফ্যাশনের গহনা বিক্রয়ার্থ মজুত থাকে এবং অর্ডার অনুযায়ী প্রস্তুত করিয়া অতি সত্বর ভিঃ পিঃতে পাঠান হয়। পত্র লিখিলে বিনা মূল্যে নূতন ক্যাটালগ পাঠান হয়।

ফোন ১৭৬১ বড়বাজার টেলি-ব্রিলিয়্যান্টস্
১২৪-১২৪-১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা
বহুবাজার ও আমহার্ষ্ট ষ্ট্রীটের মোড়

কেভ্রোল

—প্রশংসা—

ম্যালেরিয়া রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কসের "কেভ্রোল" অমোঘ মহৌষধ। এমন সাংঘাতিক জ্বরের উষধ আজ পর্য্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, ডেঙ্গু জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি আমাশা, বর্ষা-লাগুড়া, সাবটু এবং অন্যান্য পালাজ্বর জ্বরে "কেভ্রোল" ব্রহ্মাস্ত্র। ইহা রক্ত পরিষ্কারের এবং শরীর কান্তিযুক্ত করিবার একমাত্র টনিক।

সেবনের বিধি ঃ—জ্বর কম অবস্থায় পূর্ণ বয়স্কের জন্য ২ ড্রাম বা চা চামচের ২ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর পর্য্যন্ত ১ চামচ জলের সহিত, তাহার কম বয়সে ৩০ ফোটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলেদের জন্য ৫ হইতে ১৫ ফোটা জলের সহিত বিধি। জ্বর অবস্থায় সাগু, বার্লি, দুধ ইত্যাদি পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা দাম ৭০ প্রতি শিশি ১৬ মাত্রা মূল্য ১৷০ আনা।

দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কস্,
শক্তিনগর, কৃষ্ণনগর, (নদীয়া বেঙ্গল)

৭২-২৭১নং গলি পোঃ খাঃ টাঁকশাল, রেঙ্গুন

সর্ব্বত্র বড় বড় দোকানে পাওয়া যায়।

কবিরাজ শশিভূষণ কাবতীর্থজীদের

[illegible] পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ-শীর্ণকায় ... একমাত্র উপায় ... পাচন ... অজান্তে থাকিবে। ... এবং ... পাচন ... একবার সেবন করিয়া দেখুন যে আপনার অবস্থার ... কিনা। মূল্য ছোট বোতল ৸০ আনা, বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ঠিকানা—১১নং ... রোড, কলিকাতা।

ঠাকুর ভক্তিবিনোদ

——:(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন শক্তিমান শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পৃথক গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিন পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের স্নেহভাজন সর্ব্বশাস্ত্রবিৎ সুলেখক "গৌড়ীয়"-সম্পাদক মহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষামালাও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ।৹ আনা; ডাক মাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

——

দৈনিক নদীয়া-প্রকাশ

-:(০):-

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় বার জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে ।০	৷৶০	।৶০	।০
" " ইঞ্চি ২৲	১।০	১।০	১৲
সিকিকলম ৫৲	৪৲	৩৲	৩৲
" অর্দ্ধকলম ৮৲	৭৲	৬৲	৫৲
" এক কলম ১২৲	১০৲	১০৲	৮৲

এক বৎসরের জন্য চুক্তি হইলে হার

প্রতিবারে প্রতি ইঞ্চি ৩	৬।০
" সিকি কলম ১৫৲	১২৲
" অর্দ্ধকলম ২৫৲	২০৲
" এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৬৲
ষাণ্মাসিক "	৩৲
ত্রৈমাসিক "	২।০
মাসিক "	১

প্রতি সংখ্যা ৫ ; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

——

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্স কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য্য এম-এ মহোদয়ের গবেষণা এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৬ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে, বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমবার প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—সত্যভামা গৌড়ীয়মঠ, চাঁদপাড়া মাদ্রাজ ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা ; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর জেলা—নদীয়া।

শ্রী চৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট্ সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

**প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।**

——

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য
ইহা ডবল ক্রাউন-আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

——

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

——:(০):——

১। **শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্**

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। **শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্**

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থরত্ন এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১৬।এনং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। **শ্রীভাগবত প্রেস**

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। **পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্**

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িষ্যার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

REG. NO. C 1844

ভারতের সর্ব্বত্র প্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১২শ খণ্ড] শ্রীমায়াপুর—৩রা ফাল্গুন, ১৩৪৪, ১৫ই ফেব্রুয়ারী, ১৯৩৮, মঙ্গলবার [সংখ্যা ২৮৯]

বিবিধ সংবাদ

——(১(২২)০)——

কৃষ্ণনগরে বঙ্গীয় সাহিত্য সম্মেলন

গত শনিবার মধ্যাহ্ন হইতে নদীয়ার রাজার প্রাসাদের নাটমন্দিরে বিরাট বঙ্গীয়-সাহিত্য-সম্মেলনের একবিংশ অধিবেশন আরম্ভ হয়। দিনদ্বয় অধিবেশনের কার্য্য চলে। প্রবীণ সাহিত্যিক শ্রীযুক্ত প্রমথ চৌধুরী প্রথম দিনে মূল সভাপতির আসন গ্রহণ করেন। এই উপলক্ষে বাঙ্গলার নানা স্থান ও বাঙ্গলার বাহির হইতে বিশিষ্ট প্রবীণ ও তরুণ বহু লব্ধপ্রতিষ্ঠ পুরুষ ও মহিলা সাহিত্যিক সমবেত হইয়াছিলেন। এই মণ্ডপে একপার্শ্বে মূল সভাপতি, শাখা সভাপতিগণ ও বিশিষ্ট অতিথিবৃন্দের জন্য একটি মঞ্চ নির্ম্মিত হইয়াছিল। মহিলাদের জন্য পৃথক স্থান নির্দ্দিষ্ট ছিল। মণ্ডপের বিভিন্ন স্থানে লাউড স্পীকারের ব্যবস্থা করা হইয়াছিল। মূল সভাপতি শ্রীযুক্ত প্রমথ চৌধুরী, শ্রীযুক্ত রামানন্দ চট্টোপাধ্যায়, বন্দ্যোপাধ্যায় কবিভূষণ যতীন্দ্র বাগচী, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত অমরনাথ বসু, ডাঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় ও বিভিন্ন শাখার সভাপতি ও প্রতিনিধিগণ ঐ দিবস সভামঞ্চে উপবিষ্ট ছিলেন। সাহিত্যিক, অন্যান্য বিশিষ্ট ব্যক্তি ও দর্শক মিলিয়া প্রায় দুই হাজার নরনারী সম্মেলনে যোগদান করেন।

বিভিন্ন শাখার সভাপতি ও সভানেত্রীগণ; যথা—শ্রীযুক্ত অতুলচন্দ্র গুপ্ত (সাহিত্য), শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ মজুমদার (সাংবাদিক সাহিত্য), শ্রীযুক্ত সজনীকান্ত দাস (কাব্য), শ্রীযুক্তা হেমলতা দেবী (মহিলা সাহিত্য), শ্রীযুক্তা অপর্ণা দেবী (বৈষ্ণব কীর্ত্তন), ডাঃ নলিনীকান্ত ভট্টশালী (ইতিহাস), ডাঃ হরিদাস ভট্টাচার্য্য (দর্শন), শ্রীযুক্ত যামিনী গাঙ্গুলী (চারুকলা)। ইঁহারা কৃষ্ণনগরে আসিয়া শনিবারের অধিবেশনে যোগদান করেন।

———

মুড়াগাছায় কৃষক সভা

গত ২৯শে জানুয়ারী নদীয়া জেলার মুড়াগাছা গ্রামে কৃষক ও মজুরদের এক সভায় নিম্নলিখিত প্রস্তাবগুলি গৃহীত হইয়াছে। শ্রীযুক্ত অমরনাথ মুখোপাধ্যায় সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন।

১। চাষ ও পশুপালন কার্য্যে গোচারণের নির্দ্দিষ্ট মাঠ একান্ত প্রয়োজন বিধায় এই সভা সরকারবাহাদুরের দৃষ্টি আকর্ষণ করিতেছে।

২। মুড়াগাছার অন্তর্গত জমীদার শ্রীযুক্ত জ্ঞানপ্রসাদ চট্টোপাধ্যায় মহাশয় চিরাচরিত প্রথা লঙ্ঘন করিয়া যে গোচারণ বন্ধ করাইয়াছিলেন এবং কৃষকদের বিরুদ্ধে যে মামলা দায়ের করাইয়াছিলেন মহকুমা ম্যাজিষ্ট্রেট মহাশয় তাহা উঠাইয়া দিয়া যে সুমীমাংসা করিয়া দিয়াছেন, তাহাতে এই সভা তাঁহাকে ধন্যবাদ জ্ঞাপন করিতেছে।

৩। ঋণ সালিশী বোর্ড স্থাপিত হইলে প্রজারা খানিকটা ঋণভার হইতে রেহাই পাইতে পারে বিধায়, এই সভা জেলা ম্যাজিষ্ট্রেট মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছে।

কলিকাতা কর্পোরেশনের অধিবেশন

গত বুধবার কলিকাতা কর্পোরেশনের সভায় চীফ এক্জিকিউটিভ অফিসার কলিকাতা কর্পোরেশনের বাজেট পেশ করেন। বাজেটের আয়-ব্যয়ের হিসাব নিম্নে প্রদত্ত হইল :—

১৯৩৭-৩৮ সাল—আয় ২৪০৩২০০০টাকা, ব্যয় ২৬২৫৬০০০ টাকা, ঘাটতি ১৯৪৭০০০ টাকা, ১৯৩৮-৩৯ সালে আয় ২৪৫৭৫০০০৲, ব্যয় ২৬৯৯৬০০০৲, ঘাটতি ২৩৬১০০০৲

১৯৩৭-৩৮ সালের সংশোধিত হিসাব উপরে দেওয়া হইল। ১৯৩৭-৩৮ সালের হিসাব বাজেটের প্রাথমিক অনুমান। ১৯৩৭-৩৮ সালে প্রাথমিক অনুমানে আয় ২৪৭৭৫৫০০ টাকা এবং ব্যয় ২৭২৮১০০০ টাকা ধরা হইয়াছিল।

১৯৩৭-৩৮ সালের প্রারম্ভে ৭২২৩০০০৲ টাকা হাতে ছিল (সংশোধিত হিসাব)। ১৯৩৭-৩৮ সালের এবং ১৯৩৮-৩৯ সালের ঘাটতি মিটাইয়া ১৯৩৮-৩৯ সালের শেষে ৩৬১৫০০০ টাকা হাতে উদ্বৃত্ত থাকিবে বলিয়া বাজেটে ধরা হইয়াছে।

স্মরণ রাখিতে হইবে যে, বাজেটে শুধু আদায় এবং খরচই ধরা হইয়াছে, মোট প্রাপ্য এবং দেয় অর্থের পরিমাণ ধরা হয় নাই।

এখানে আরও স্মরণ রাখিতে হইবে যে, প্রাথমিক অনুমান অপেক্ষা আয় ব্যয়ে [illegible] বৈষম্য [illegible] থাকে; নূতন কাজের জন্য প্রাথমিক অনুমানে বহু টাকা বরাদ্দ করা হইলেও [illegible] টাকাই শেষ পর্য্যন্ত ব্যয় হয় না। সুতরাং ১৯৩৮-৩৯ সালের শেষে ঘাটতির অঙ্ক অনেক কম দাঁড়াইতে পারে।

———

জলপাইগুড়ি ৫২ ঘণ্টা বৃষ্টি

বর্ত্তমান সপ্তাহের প্রথমদিকে কাংড়া উপত্যকায় ক্রমাগত ৫২ ঘণ্টা বৃষ্টি হইয়াছে। ফলে বহু লোক ও জন্তুর প্রাণহানি ঘটিয়াছে এবং শস্য ও অন্যান্য সম্পত্তির প্রভূত ক্ষতি হইয়াছে। কাংড়া হইতে ৮ মাইল দূরে বজ্রপাতে ৮টী গরু নিহত হইয়াছে। অপর একটি গ্রামে একটি বজ্র পড়ে। এই বৃক্ষটিতে দুইটি গরু বাঁধা ছিল, সঙ্গে সঙ্গে তাহাদের মৃত্যু হয়। নিরুদ্দেশ একটী স্ত্রীলোক একটি ছোট নদী পার হইবার সময় ভাসিয়া যায়।

নিউমোনিয়া রোগে বহু লোকের মৃত্যু হইয়াছে বলিয়া প্রকাশ। নীচু রাস্তা জলে ভাসিয়া গিয়াছে এবং বহু রাস্তায় একেবারে জল জমিয়া লোক চলাচল বন্ধ হইয়া যায়।

কাংড়া উপত্যকার কোপারলহর ও জ্বালামুখী ষ্টেশনের মধ্যবর্ত্তী রেল লাইনে নিকটবর্ত্তী পাহাড় হইতে প্রকাণ্ড পাথর খসিয়া পড়ায় ঐ লাইন আটকিয়া যায়। ফলে কয়েকঘণ্টা গাড়ী চলাচল বন্ধ ছিল।

———

চন্দনা ও কুমার সংস্কার

গত বৃহস্পতিবার শ্রীযুক্ত এস, কে, দাশগুপ্ত এম-এ, এম বি-ই মহাশয়ের নেতৃত্বে ফরিদপুর সেবা-সমিতির শ্রীযুক্ত আজহার আলী মৃধা এম-এল-এ, ডাঃ যোগেন্দ্রনাথ মৈত্র, দেবেন্দ্রনাথ সিকদার, চৌধুরী গোলাম মওলা ও সমিতির সম্পাদক শ্রীযুক্ত রমণী-মোহন চাকদার জিলা ম্যাজিষ্ট্রেট মিঃ জে, এ ডিন, আই-সি-এস, মহোদয়ের সহিত চন্দনা ও কুমার নদীর সংস্কারের সম্পর্কে দেখা করেন। ম্যাজিষ্ট্রেট বৈধ্য সহকারে সমস্ত বিষয় আলোচনা করেন এবং চন্দনা নদী ও কুমার নদের যাহাতে সংস্কার হয় তজ্জন্য সাহায্য করিতে প্রতিশ্রুত হন। স্থিরীকৃত হয় যে, ডিষ্ট্রিক্ট বোর্ডের চেয়ারম্যান মৌলবী তমিজুদ্দিন সাহেবের সহিত পরামর্শ করিয়া ম্যাজিষ্ট্রেট সাহেব এই বিষয়ে যথাযোগ্য সাহায্য করিবেন।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত—২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৭৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৭৲
৩। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার
১১। শ্রীচৈতন্য-শিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীমহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিষয়-তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ ।০
১৮। বাহুন-আদবর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয়-গানগুচ্ছ ।৵০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র ভাষা ।০
২৭। দুর্গমসঙ্গমনী শ্রীগৌরতত্ত্বঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তস্যমন্তক (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা /১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ ।০
৪০। শরণাগতি /০
৪১। গীতাবলী /০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনতত্ত্ব /০
। প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্চ্চনপদ্ধতি /০
৪৭। সদাচারস্মৃতিঃ /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চন-দর্পণ ১০

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও লব্ধপ্রতিষ্ঠ অধ্যাপক মহোদয় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল তত্ত্বসাগর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈভবাচার্য এম-এ মহোদয়ের প্রৌঢ়গবেষণা এবং সরিস লেখনীর অদ্ভুত বল আবাহন করিয়া একাধারে দর্শন এবং তত্ত্ব ও ভগবানের জীবনচরিত পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনামূলক শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩৫০ অধ্যায়ে মোট সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁবিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—ম্যানেজার, গৌড়ীয়মঠ, দারভাঙ্গা; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীমায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ, ১৬এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

———:(০):———

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইন ।০	।৵০	।৵০	।০	
" " ইঞ্চ ২৲	১৷০	১৷০	১৲	
সিকিকলম ৫৲	৪৲	৪৲	৩৲	
অর্দ্ধকলম ৮৲	৭৲	৬৲		
এক কলম ১২৲	১০৲	১০৲		

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চ ৬	৪॥০
সিকি কলম ১৫	১২৷০
অর্দ্ধকলম ২৫৲	২০৲
এক কলম ৩৫৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২॥০
মাসিক "	১

প্রতি সংখ্যা ৴৫ ও বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

গৌড়ীয় বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে।
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয় অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

———

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়াপ্রকাশ" এবং ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিসপ্তাহে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজী ও মাসিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাতারপাড়ায় অবস্থিত। এখান হইতে ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

শ্রীশ্রীব্যাসপূজা-সংখ্যা

Regd. No. C 1544

[১২ খণ্ড] শ্রীমায়াপুর—৭ই ফাল্গুন, ১৩৪৪, ১৯শে ফেব্রুয়ারী, ১৯৩৮, শনিবার [২৯৩-২৯৪ সংখ্যা]

শ্রীলসরস্বতীগোস্বাম্যষ্টকম্

(১)

আশৈশবোপার্জিতভক্তিযোগং
দুঃসঙ্গত্যাগায় দৃঢ়প্রতিজ্ঞং।
কৃষ্ণানুসন্ধাননিমগ্নচিত্তং
বন্দে প্রভুং শ্রীলসরস্বতীং তম্॥

(২)

শ্রীগৌরপাদাম্বুজভৃঙ্গরাজং
নাম্নাং প্রচারোদ্যমপূর্ণহৃদং।
শ্রীধামসেবাসু নিতান্তচেষ্টং
বন্দে প্রভুং শ্রীলসরস্বতীং তম্॥

(৩)

সংসারনির্ব্বারকসদ্বরেণ্যং
ভক্তৈর্ব্বিরক্তাশয়সেব্যপদ্মং।
নিত্যং সতাং মানসরাজহংসং
বন্দে প্রভুং শ্রীলসরস্বতীং তম্॥

(৪)

নির্ণায় বিস্তারিসুবোধভাষ্যং
ভবান্ধলোকস্য সুদৃক্প্রদঞ্চ।
উৎপাদিতাশেষসুধীপ্রমোদং
বন্দে প্রভুং শ্রীলসরস্বতীং তম্॥

(৫)

গোপেশনেত্রোৎসববৃদ্ধিরামং
ঔদার্য্যমাধুর্য্যরসাব্ধিপূর্ণং।
রাধাসরস্তীরনিবাসবদ্ধং
বন্দে প্রভুং শ্রীলসরস্বতীং তম্॥

গৌড়ীয়াচার্য্যভাস্কর স্বরূপরূপানুগবর চিরধন্য
নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ পরমহংস
অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত-
সরস্বতী গোস্বামি-প্রভুপাদ.

শ্রীলসরস্বতীগোস্বাম্যষ্টকম্

(৬)

শুদ্ধেন জ্ঞানেন জগজ্জনানাং
বিনাশিতং মোহঘনান্ধকারং।
আচার্য্যবর্য্যেণ কৃপাময়েন
বন্দে প্রভুং শ্রীলসরস্বতীং তম্॥

(৭)

পারেসমস্তং শুদ্ধগৌরবাণীম্
আম্নায়গাথাপন্থতাং সমৃদ্ধাং।
নিস্তার্য্য মোহৈকতমস্তুদং লোকে
বন্দে প্রভুং শ্রীল সরস্বতীং তম্॥

(৮)

চৈতন্যসংকীর্ত্তিসহস্রবক্ত্রং
হা নিত্য ভাবেন দয়ার্দ্রচিত্তং।
ভূতেষু দীনেষু কৃপাগুণাব্ধিং
বন্দে প্রভুং শ্রীলসরস্বতীং তম্॥

(৯)

হে দেব! শশ্বদ্ধি ভক্তিযোগেন
শ্রীপাদসেবাধ্যয়নস্বরেণ।
একান্তভক্ত্যে স্বচৈতন্যকো
আত্মাং মক্তির্ব্বর্দ্ধতাং প্রভুক্তো॥

(১০)

বিজ্ঞানবৈরাগ্যসুভক্তিদীপ্তং
গৌড়ীয়নিঃশেষশাস্ত্রভূতে।
সিদ্ধান্তসিন্ধাবধিনারূপে
শ্রীপাদপদ্মে মম চিত্তভৃঙ্গঃ॥

কৃষ্ণ, গুরুদ্বয়, ভক্ত, অবতার প্রকাশ। শক্তি—এই ছয়রূপে করেন বিলাস॥

শ্রীশ্রীভক্তি-সিদ্ধান্তবাণী

শ্রীগুরুদেব আশ্রয়জাতীয় বিষ্ণুবিগ্রহলীলার প্রকটকারী। তিনি ভগবৎপ্রেষ্ঠ বিষ্ণুবিগ্রহ হইয়াও বৈষ্ণবরূপে মানুষ পতিতকে উদ্ধারণ করিবার জন্য মর্ত্ত্যপ্রাণীতে অধিষ্ঠিত। তিনি দ্বাপরান্ত নররূপে আমার একমাত্র উপাস্য বস্তু। তিনি নরোত্তমরূপে বৈষ্ণবগণের পরমবরণীয় বস্তুর সেবকসূত্রে বৈষ্ণব হইলেও শ্রীগৌরসুন্দরের সহিত অচিন্ত্যভেদাভেদ-তত্ত্ব। অভেদ বিচারে তিনি উপাস্য পরাকাষ্ঠা-বস্তু। পরিদৃশ্যমান জগৎ তাঁহার সেবায় ব্যস্ত, তবে মানুষ সেবাবিমুখ নর; তাঁহাকে নরোত্তম বলিয়াই নিরস্ত।

শ্রীবার্ষভানবী লৌকিকগঞ্জনার ভয়ে কৃষ্ণসেবা পরিত্যাগ করেন না। আমরা আশ্রয়বিগ্রহের সেই আদর্শ অনুসন্ধান ব্যতীত অন্যপথে চলিব না, আশ্রয়বিগ্রহের পাদপদ্ম ছাড়া আর কিছুই জানিব না, আশ্রয়বিগ্রহের পাদপদ্মের সংশ্লিষ্ট নিত্যধূলি হওয়া ব্যতীত অন্য কোন উচ্চ আকাঙ্ক্ষা হৃদয়ে পোষণ করিব না ইহাই একমাত্র সর্ব্বোচ্চ আকাঙ্ক্ষা। অখিলরসামৃতমূর্ত্তি প্রেষ্ঠালিগণকে আকর্ষণ করিয়া তাঁহাদের দ্বারা আকৃষ্ট ও তাঁহাদের করতলগত হন। অতএব আমরা আশ্রয়-বিগ্রহ শ্রীগুরুপাদপদ্মের সেবাই আমাদের জীবনে মরণে সর্ব্বস্ব জানিব।

অর্থ ভাল বটে; কেন না, তাহা বস্তুরূপী ইন্দ্রিয়ভোগের exchange medium কিন্তু বহুকষ্টার্জ্জিত অর্থ যদি একান্তে পরমার্থে যদি হরিকীর্ত্তনের সহায়ক না হয়, তা'হলে সেই অর্থই আমাদের মৃত্যুকে ডেকে আনে। দেবতারা—প্রবৃত্ত, আর ঋষিগণ—মৌন বা নিবৃত্ত। কিন্তু ভগবৎপ্রসঙ্গবিমুখ হইলে উভয়েই মনোধর্ম্মের দাস।

পশুস্বভাবসম্পন্ন ব্যক্তিগণ আত্মেন্দ্রিয়তৃপ্তি ছাড়া আর কিছু বোঝে না। এই আত্মেন্দ্রিয়তর্পণ-পিপাসা চা'র রকমে প্রকাশিত হয়। এগুলি কৃষ্ণপ্রেম নয়—ধর্ম্মবাঞ্ছা, অর্থবাঞ্ছা ও কামবাঞ্ছা আত্মেন্দ্রিয়তৃপ্তির পৃথক তিনটি রূপ। এদের অপর নাম—ভুক্তি। আত্মেন্দ্রিয়তর্পণের সর্ব্বাপেক্ষা বিরাট্ পিপাসা—মুক্তি-কামনা। নরকাদিতে কেবল দুঃখ, স্বর্গে সুখ দুঃখ কমে এসে এসে সুখ হয়। আত্যন্তিক দুঃখ-নিবৃত্তির নিত্যস্বরূপ মুক্তি সুখ-পিপাসা বা ভোগ-পিপাসা। প্রবৃত্তিমুখে হাত বাড়ান হয় আর নিবৃত্তিমুখে হাত গুটান হয়। 'তরোরিব সহিষ্ণু' বাক্যের সার্থকতা জীব-জগৎ তখনই বুঝবে—যখন প্রবৃত্তি ও নিবৃত্তি চেষ্টা হ'তে নিবৃত্ত হ'য়ে আত্মা স্বাভাবিক বৃত্তিতে উদ্বুদ্ধ হ'বে।

মনুষ্যজাতির মনোধর্ম্মের সহিত শ্রীচৈতন্যের ধর্ম্মের পার্থক্য রয়েছে। আমাদের এসকল কথা এখন লেখা থাক, পরে এ সকল কথা হ'য়ত বুঝবে মানবজাতি, আমরা এ দেশ থেকে চলে গেলে। পঞ্চাশটি মঠের পরিবর্ত্তে আমি যদি সত্যি সত্যি পঞ্চাশটি মানুষ পেতাম; তবে আমি আমাকে বেশী লাভবান্ মনে করতাম। আমি চাই চেতনের মঠ। চৈতন্যমঠ-প্রকাশের জন্যই এত মঠ স্থাপিত হ'য়েছে। যে সকল লোক পেয়েছি, তাঁ'রা চেপে কথা বল্‌ছেন। নির্ভীকভাবে শ্রীচৈতন্যের বাণী ঘোষণা কর্ত্তে পাচ্ছেন কোথায়? শ্রীচৈতন্যের চরণে একান্ত আত্মসমর্পণ না ক'লে সেই নির্ভীকতা আসে না। জগতের সকল লোক যদি সত্য কথার বিরোধী হইয়াও যায়, তথাপি শ্রীচৈতন্যের নিজদাসগণের পদরেণু দ্বারা মাথার মুকুট তৈয়ারী ক'রে নির্ভীককণ্ঠে সত্য কথা বল্‌তে হ'বে। সত্য কথা বল্‌তে গেলে লোকপ্রিয়তা ও জনপ্রিয়তা অর্জ্জন করা যা'বে না। একথা বল্‌ছি না যে, দুনিয়ার লোককে চটিয়ে দিলেই সত্য কথা বলা হ'ল। যিনি সত্যের প্রচারক, তিনি তৃণাদপি সুনীচ, তরুর ন্যায় সহিষ্ণু হ'য়ে সত্য প্রচার করবেন। তিনি যেন মনে না করেন, জনপ্রিয়তা অর্জ্জন করাই অর্থাৎ লোকের নিকট জড়প্রতিষ্ঠা-প্রাপ্তিই অপর কথায় সত্যকে আবরণ করাই তৃণাদপি সুনীচতা।

আচার্য্যবাণী

কনকের একচেটিয়া মালিক মাধব, কামিনীর একচেটিয় ভোক্তা মদনমোহন আর প্রতিষ্ঠার একমাত্র অধিকারী শ্রীনিত্যানন্দ প্রভু বা শ্রীগুরুদেব। গুরুর সহিত শ্রীনিত্যানন্দের সহিত নিজেকে সমানজ্ঞান—গুরুর অনুকরণ। গুরুর সালোক্য-সারূপ্য-সামীপ্য-সার্ষ্টি বা সাযুজ্য-লাভের দুষ্প্রবৃত্তি বৈষ্ণবধর্ম্ম নহে। শ্রীরূপানুগবর শ্রীল রঘুনাথ দাস গোস্বামী আমাদিগকে জানাইয়াছেন,—মূল আশ্রয়বিগ্রহের পদবী আত্মসাৎ করা দূরে থাকুক, আপনাকে তাঁহার সমান বিচারে তাঁহার সখীত্ব পর্য্যন্ত আমাদের প্রার্থনীয় নহে। সখীর কিঙ্করীত্বই আমাদের একমাত্র আকাঙ্ক্ষার বস্তু।

শ্রীগুরুপাদপদ্মের সেবার উপায়ন-সমূহ আত্মসাৎ করা দূরে থাকুক,—গুরুসেবকগণের সেবাবৃত্তি আত্মসাৎ করিবার অধিকারও কোন গুরুসেবকের নাই। শ্রীগুরুপাদপদ্ম যে সকল শুদ্ধসম্প্রদায়রূপ দুগ্ধ মন্থন করিয়া নবনীত সংগ্রহ করেন তাহা অপর গুরুসেবক বা গুরুদেবও চুরি করেন না। উঁহার একচেটিয়া চোর শ্রীনন্দনন্দন।

আশ্রয়বিগ্রহের আনুগত্যে তৎ-প্রেমবাধ্য বিষয়বিগ্রহের অনুশীলনই—অনুকূল অনুশীলন। বিক্রীত পশুর প্রভুর সেবাই নিত্যধর্ম্ম। প্রভুর সেবায় প্রদত্ত উপঢৌকন তাঁহার ক্রীতদাস যদি মস্তকে বরণ করিয়া শ্রীপ্রভুপাদপদ্মে পৌছাইয়া না দেন, তবে তাহা কপটতা, প্রচ্ছন্ন দাম্ভিকতা, নিজসুখবাঞ্ছারূপ অভক্তি হইয়া যায়। প্রভুপূজার সেব্য উপায়নকে প্রভুপাদপদ্মে সমর্পণই নির্ম্মৎসর ভৃত্যগণের ধর্ম্ম বলিয়া শ্রীল প্রভুপাদ শিক্ষা দিয়াছেন।

হরি-গুরু-বৈষ্ণব-দাস্য এত বড় জিনিষ যে, পৃথিবীর বিচারে যিনি সর্ব্বশ্রেষ্ঠ, সেই সংহারমূর্ত্তি রুদ্রের শিবস্বরূপ পর্য্যন্ত গুরুদাস্যের জন্য পাগল। শ্রীশিব গুরুদাস্যের চিহ্নস্বরূপ সর্পরাজী সঙ্কর্ষণকে অনুক্ষণ কণ্ঠে ধারণ করিয়াছেন। সঙ্কর্ষণ আবার কৃষ্ণদাস্যের জন্য লালায়িত। সঙ্কর্ষণ দশদেহে কৃষ্ণের সেবা করেন শেষস্বরূপে ভাগবত কীর্ত্তন করিয়া কৃষ্ণদাস্য করেন। অধিক কি, যিনি বৈষ্ণবশিরোমণি, সেই মূল আশ্রয়-বিগ্রহ বৃষভানুনন্দিনী পর্য্যন্ত কিঙ্করী অভিমান করিয়া থাকেন। স্বয়ং লক্ষ্মীনাথ নারায়ণ পর্য্যন্ত শ্রীকৃষ্ণস্বরূপের দাস্যের জন্য উৎকণ্ঠিত।

নাস্তিকরূপ কংস কর্ত্তৃক শত শত নিধন-চেষ্টা হলেও নন্দনন্দনের বা তাঁহার সেবকের নিধন বা মৃত্যু নাই। পরব্রহ্মের নন্দনন্দনত্ব বা মদনমোহনত্ব না জানিতে পারিলে দ্বিতীয়াভিনিবেশ প্রবল হইয়া কংসানুগত্য অবশ্যই করাইবে। পরব্রহ্মের নন্দনন্দনত্ব বা আনন্দময়তা লক্ষণের অভাব উপলব্ধি হয় এই জন্য কংসের হৃদয়ে সর্ব্বদা ভয়ের অবস্থান। যদি নন্দনন্দনের নন্দনত্ব প্রকটিত না হইত তাহা হইলে জীবের পুরুষাভিমান কিছুতেই বিদূরিত হইত না। পুরুষাভিমানে প্রকৃতিভজন না ছাড়া পর্য্যন্ত মহাচিদ্বিলাসী শ্রীসনাতন-রূপ-রঘুনাথ-মধুসূদন-জগন্নাথ-গৌরকিশোর বা মহাবৈরাগ্যবান্ শ্রীরায় রামানন্দ-ভক্তিবিনোদ-সরস্বতীর আনুগত্য হয় না—এই ভক্তিসিদ্ধান্ত-গৌরবাণী একমাত্র নামধৃক্ হইলেই উপলব্ধি করিতে পারিব। গোকুলের মহোৎসব ব্রজেন্দ্রনন্দনের রম্যচিন্ময়স্বরূপ ও গোপীচন্দ্রের একমাত্র শ্রীনামের কীর্ত্তন ও অনুস্মরণের মধ্যে অনুস্যূত

নিত্য আম্নায়ধারায় গুরুমন্ত্রবীর্যে স্বরূপের যে জন্ম, সে জন্ম লাভ করিয়া ঐকান্তিক ভজনপথে চলিতে চলিতে সাধনভক্তি পার হইয়া ভাবভক্তি ও তৎপরিপক্কাবস্থায় প্রেমভক্তি লাভের জন্য স্বযূথে বা গোষ্ঠিতে অবস্থান পূর্ব্বক অনুক্ষণ আশ্রয়বিগ্রহের প্রেমবাধ্য বিষয়বিগ্রহের সেবাই আমাদের একমাত্র প্রয়োজন

কিবা বিপ্র, কিবা ন্যাসী শূদ্র কেনে নয়। যেই কৃষ্ণতত্ত্ববেত্তা সেই গুরু হয়

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ।

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী

গোস্বামী-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

গোবিন্দ, অক্ষয় ক্ষীরোদশায়ী, গৌরাব্দ ৪৫১

ব্যাসপূজা

শ্রীশ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়ায়ের শ্রীস্বরূপরূপানুগধারার দশম আচার্য্য নিত্যলীলাপ্রবিষ্ট জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের নিখিল ভুবন-মঙ্গলময়ী চতুঃষষ্টিবর্ষপূর্ত্তি আবির্ভাব তিথি শ্রীগোবিন্দ-পঞ্চমী আজ আমাদের বহুভাগ্যফলে কৃপাপূর্ব্বক উদিত হইয়াছেন। আমরা তাঁহার যথাযোগ্য আরাধনায় সম্পূর্ণ অযোগ্য হইলেও শ্রীশ্রীগুরুপাদপদ্মের অতি নগণ্য কিঙ্কর-কিঙ্করাভাসসমূহে সকলেই সমবেতকণ্ঠে সর্ব্বান্তঃকরণে সেই সর্ব্বমঙ্গলময়ী তিথিবরার জয়গান করিতেছি। তিনি আমাদিগের প্রতি অত্যন্ত কৃপা-পরবশ হইয়া বর্ষে বর্ষে আবির্ভূত হইয়া আমাদিগের নিত্যারাধ্য শ্রীগুরুপাদপদ্মের প্রকটস্মৃতি জাগাইয়া তাঁহাতে আত্মপুষ্পাঞ্জলি প্রদান করিবার শুভসুযোগ দিয়া থাকেন, এজন্য আমরা তাঁহার নিকট চিরঋণী। তাঁহার শ্রীপাদপদ্মে আমরা পুনঃ পুনঃ দণ্ডবৎ-প্রণতি বিধান করিয়া তাঁহার অহৈতুকী কৃপা ভিক্ষা করিতেছি। তিনি আমাদিগের প্রতি প্রসন্ন হউন, আমাদের হৃদয়ে নিত্যকাল শ্রীগুরুপাদপদ্মের আবির্ভাবস্মৃতি জাগরূক করিয়া অবস্থান করুন, ইহাই আমাদের [illegible] প্রার্থনা।

আমাদের সম্বৎসরের 'সেবার খতিয়ান' উপস্থাপিত করিবার শুভদিন আজ। শুধু ভক্তিগন্ধহীন পুষ্পাঞ্জলি প্রদান ও হৃদয়হীন আনুষ্ঠানিক বৈষ্ণব-বন্দনাত্মক আড়ম্বর প্রদর্শন দ্বারা তিথিকৃত্য পালন করিয়া এক বৎসরের জন্য নিশ্চিন্ত হইবার জন্য পরমপূজ্যা তিথিবরার আগমন নহে। মুহূর্ত্তের পর মুহূর্ত্ত, দিনের পর দিন, মাসের পর মাসগুলি আমরা [illegible] কাটাইয়াছি, শ্রীগুরুপাদপদ্মের স্মৃতি আমাদের হৃদয়ে সতত জাগিয়াছে ও জাগিতেছে কিনা, তাঁহার শিক্ষা দীক্ষা-আচার-প্রচারের কে কতটুকু অনুসরণ বা অনুকরণ করিতেছি, তাহার পরীক্ষা দিবার শুভদিন আজ। অদ্যকার পরীক্ষায় একমাত্র পরীক্ষক আমাদের শ্রীগুরুপাদপদ্মের নিরুপম সেবকোত্তম তাঁহার অভিন্নবিগ্রহ অন্যতম আচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুবর। তিনি আমাদের অন্তর বাহির সকল কার্য্যের কপটতা বা সরলতা ধরিয়া ফেলিতে পারেন। কতকগুলি আচারবিহীন, আবর্জ্জনাপূর্ণ বাক্যের ফুলঝুরিতে তিনি মুগ্ধ হইবার বস্তু নহেন। ভাষার লালিত্য, গাম্ভীর্য্য, বাক্যবিন্যাস, পরিপাট্যাদি কিছুই তাঁহাকে অভিভূত করিতে পারে না। তিনি চাহেন, কাহার বাক্যে, কাহার লেখনীতে, কাহার আচারে বিচারে আছে কতটুকু প্রাণ; প্রাণ থাকিলেই তাহাতেই প্রচার শোভা পায়, তাঁহার বাক্যই মর্ম্ম স্পর্শ করে, নতুবা প্রাণহীন বাক্যের কোন মূল্য নাই। দৈন্যের ছলে আমার সেবা-বিমুখতাকে সিদ্ধান্তের তোষামোদে ঢাকিয়া—সমালোচিত হইবার অবসর প্রদান না করিবার কপটতা তিনি ধরিয়া ফেলিতে পারেন। তাই বড় আনন্দের মধ্যে বড় আশঙ্কা ও বিষাদ আসিয়া আমার চিত্তকে ঘন নিবিড় মেঘাচ্ছন্ন করিয়া তুলিতেছে, ক্ষণে ক্ষণে বিষাদের অট্টহাস্য হাসিয়া অশনি নির্ঘোষে জানাইয়া দিতেছে—"তোমার যে কোন যোগ্যতাই নাই। কপটতা করিয়া কি লিখিবে?" আমার ভাব নাই, ভাষা নাই, আদর্শ সেবা[illegible] নাই, আছে কেবল দুর্ব্বল হৃদয়ের নিরর্থক হা হুতাশ—দীর্ঘনিঃশ্বাস, যাহা অত্যন্ত সেবোৎসাহহীনতার লক্ষণ। আমি নিতান্ত ভাগ্যহীন, তথাপি ভরসা,—সর্ব্বজ্ঞ শ্রীগুরুপাদপদ্ম ও তাঁহার নিজজনগণের অহৈতুকী কৃপা যদি আমাকে কখনও [illegible] হইতে উদ্ধার করেন।

বড়ই দুর্ভাগ্য আমার, অধোক্ষজ শ্রীগুরুপাদপদ্মকে অক্ষজজ্ঞানগম্য বিচারহেতু তাঁহার প্রকটলীলার মর্ম্ম ধারণা করিতে পারি নাই। ভাবিয়াছিলাম, তিনি বুঝি আমার বিষয়কার্য্য হইতে অবসরকাল পর্য্যন্ত অপেক্ষা করিবেন। তাঁহার অন্তরঙ্গ প্রিয়পার্ষদ শ্রীল আচার্য্যদেব কতবার আমাকে মঠে যাইবার স্পেশাল ট্রেন ছাড়িবার [illegible] হুইসিল দিবার দৃষ্টান্ত দ্বারা সতর্ক করিয়াছেন, কিন্তু আমি তখন বিষয়বিষ্ঠাগর্ত্তের কীট, [illegible] বড় গৌরবের কথা মনে করিলাম। তাই স্পেশাল ট্রেন ছাড়িয়া দিল, আমি পড়িয়া রহিলাম! কিন্তু পরমকরুণাময় পতিতপাবন প্রভু যে মাদৃশ নিতান্ত দুর্গত জীবের জন্য আবার একখানি স্পেশাল পাঠাইয়া দিয়াছেন, ইহাও যে [illegible] ছাড়িয়া যাইতেছে, যাত্রিগণকে আহ্বান করিতেছে, আর আমার কি এখনও সময় হবে না? আমি কি এখনও অচেতন রহিব, এ ঘুম কি আমার ভাঙ্গিবে না, 'জীব জাগ জীব জাগ'—এ ধ্বনি কি আমার কর্ণকুহরে প্রবেশ করিবে না? এ দ্বিতীয় স্পেশাল কি আমাকে টানিয়া তুলিয়া লইবেন? আমার কি সেই সৌভাগ্য হইবে? জানি না, ভাগ্যে আরো কত দুর্গতি আছে।

শ্রীগুরুদেব গোলোকের বস্তু, একথা এতদিন কেবল মুখেই বলিয়া আসিয়াছি, কারণ [illegible] তাঁহাকে মর্ত্ত্যবুদ্ধি করিয়াছি, তাই এত দিন তাঁহার শ্রীচরণ হইতে দূরে থাকিতে হইল! কিন্তু হায়! এখনও ত' সে প্রাণের [illegible] জাগিতেছে না, এখনও সে চির বিরহ অনুভব [illegible] থাকি। আজ পঞ্চদশবর্ষ ব্যাসপূজার সৌভাগ্য পাইয়াও [illegible] সেই তিমিরেই [illegible] থাকিলাম; বরং হৃদয়ে আরও গাঢ়অন্ধকারে ডুবিয়া [illegible]!

না জানি, কোন জন্মজন্মান্তরের পুঞ্জীভূত সুকৃতিফলে এমন দুর্লভ বৈষ্ণব গুরুপাদপদ্মের সন্ধান পাইয়াছিলাম, [illegible] অযোগ্যের প্রতি এমন অহৈতুকী সর্ব্বতোমুখী করুণাধারা বর্ষিত হইতে আর কোথাও দেখি নাই। শ্রীগুরুদেবের 'পতিতপাবন' নাম কেবল গ্রন্থেই পড়িয়াছি, মনে করিতাম, [illegible] কেবল লেখনীমুখেই ব্যক্ত হওয়ার বস্তু; কিন্তু সেই অপ্রাকৃত পরতত্ত্বকে মূর্ত্তি ধারণ করিতে প্রত্যক্ষ করিয়াও মহামায়ার আবরণাত্মিকা বৃত্তির বশীভূত হইয়া গেলাম! অহো! ইহা অপেক্ষা দুর্দ্দৈবের পরিচয় আর কি হইতে পারে?

পূজ্য, পূজক ও পূজার স্বরূপ-বিচারে পরাঙ্মুখতা হেতু পূজাকে আমাদের ইন্দ্রিয়লালসাময় আনুষ্ঠানিক ক্রিয়াবিশেষ মনে করায় এতদিন সেই নিখিলকল্যাণগুণসমুদ্র শ্রীপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদানের অভিনয়ই হইয়াছে। আমার প্রাকৃতবুদ্ধি প্রবল থাকায় সে অঞ্জলি সে অপ্রাকৃতচরণকমলে পৌঁছায় নাই। পূজকের সজ্জা আছে বটে, পূজা-সম্ভারেরও আয়োজন আছে বটে, কিন্তু "দীক্ষাকালে ভক্ত করে আত্মসমর্পণ"—এই সূক্তিটির মূলমন্ত্রের বিচারাভাবে লৌকিক পূজাভিনয়মাত্রই হইয়াছে, তাই সংসারবন্ধন ছুটে নাই। শ্রীগুরুপাদপদ্মও আমার সেবাবিমুখতা দেখিয়া অন্তর্হিত হইয়াছেন। কিন্তু দয়ার ঠাকুর তাঁহার অন্তর্দ্ধানলীলায়ও তাঁহার অধম সেবকাভাসগণের মঙ্গলচিন্তায় বিরত হন নাই। তাঁহারই সাক্ষাৎ কৃপাশক্তি—[illegible] মূর্ত্তি [illegible] আচার্য্যদেবকে আরও অধিক শক্তিসঞ্চার করিয়া রাখিয়া গিয়াছেন মাদৃশ পতিতগণকে উদ্ধার করিবার জন্য। তাই, আজ এ ব্যাসপূজাবাসরে হে গুরুদেব, আপনার পতিতপাবন শ্রীপাদপদ্মে তাঁহারই করুণা ভিক্ষা করিতেছি, যদি তাঁহার কৃপায় কখনও আপনার শ্রীপাদপদ্মসেবাধিকার লাভ করিতে পারি।

হে প্রভো, আপনার প্রকটাপ্রকট উভয়লীলাই নিত্যা ও পরমচমৎকারিতাময়ী। প্রকটলীলাকে আরও অধিক চমৎকারিতা প্রদানের জন্যই আপনার অপ্রকট-লীলা। প্রকটকালে আমরা আপনার শ্রীপাদপদ্মে যে কতটুকু শ্রদ্ধা ভক্তি প্রদর্শন করিয়াছি, অপ্রকটলীলায় তাহারই বাস্তবতা ও অবাস্তবতা বিশেষভাবে পরীক্ষা হইয়া থাকে। আমাদের চোখের দৃষ্টি আজ আপনার শ্রীপাদপদ্ম দর্শন করিতে পারিতেছে না, তথাপি আপনি অন্তরালে থাকিয়া আমাদের সমস্ত কার্য্যই পর্য্যবেক্ষণ করিতেছেন। আপনার প্রিয়জনের শ্রীচরণে রতি থাকিলে আপনি তাঁহার প্রিয়স্থানে আমাদিগের প্রতি অহৈতুকী কৃপা বিস্তার করিয়া নিশ্চয়ই আপনার দীন সেবকগণের প্রদত্ত পুষ্পাঞ্জলি গ্রহণ করিবেন, এই আশাবন্ধ পোষণ করিতেছি। গত বিরহবাসরে আপনি প্রত্যেক সেবককে উদ্দেশ্য করিয়া আপনার নিজজনের যে সেবামাধুর্য্য প্রকাশ করিয়াছেন, তাহাতে আমাদের নিরাশহৃদয়ে অনেক আশার সঞ্চার হইয়াছে। [illegible] আছে—শ্রীভগবান্ নিত্য ও তাঁহার নিত্যপার্ষদ শ্রীগুরুপাদপদ্মের নাম রূপ-গুণ-পরিকর [illegible], নিত্য, নিত্যচরণ সত্য, আবার নিত্য[illegible] দিয়া। সুতরাং [illegible] আপনার প্রাকট্যের অবসান নাই। তথাপি আজ শ্রীব্যাসপূজাবাসরে আপনার প্রকটপাদপদ্ম না দেখিয়া ভক্তগণের হৃদয় বিদীর্ণ হইতেছে। [illegible], আপনার শ্রীপাদপদ্ম আমাদের একটি প্রার্থনা, যেন তাঁহাতে আমাদের ঐকান্তিকী [illegible] হয়, আমরা প্রেম ও ভক্তি [illegible] লাভ করিয়া সেই শ্রীপাদপদ্মের অপ্রাকৃত সৌন্দর্য্য হৃদয়ে ধারণ করিবার সৌভাগ্য লাভ করিতে পারি।

অধোক্ষজ ও অপ্রাকৃত এই দুইটী কথার বিচার আমরা, হে গুরুদেব, আপনার [illegible] হরিকথা-কীর্ত্তনকালেই শ্রবণ করিয়াছি। আজ তাহা অতি স্পষ্ট অনুভূত হইতেছে, আমাদের অক্ষজ বিচার দূর করিবার জন্যই যেন আপনার অন্তর্দ্ধানলীলা। আপনার শ্রীপাদপদ্মে [illegible] কোটি দণ্ডবৎ,

যদ্যপি আমার গুরু—চৈতন্যের দাস। তথাপি জানিবে আমি তাঁহার প্রকাশ॥

আপনার সেই শ্রীপাদপীঠ, আপনার সমাধিপীঠ, আপনার আসন, বস্ত্র, ছত্র, পাদুকা, দণ্ড, আপনার শ্রীহস্তলিপি, আপনার স্বহস্ত-অঙ্কিত চিত্র, গ্রন্থ, শাস্ত্র—সর্বরূপেই আপনি বিরাজিত, সকলই আপনার সেই প্রকটকালের স্মৃতি উদ্দীপক—সর্বদাই নিত্য। আপনার একসময় শ্রীমূর্তিদর্শনে যদি আমাদের হৃদয়ে বিপ্রলম্ভের উদয় না হয়, যদি সজ্জন আপনার শ্রীপাদপদ্ম সন্দর্শনহেতু ব্যাকুল হইয়া না উঠে, যদি আপনার শ্রীপাদপদ্মে হৃদয় দিয়া সর্বাঙ্গে প্রণাম করিবার প্রবৃত্তি না হয়, যদি আপনার প্রিয়বাক্য, প্রিয় গীত, প্রিয় শ্লোক, প্রিয় গ্রন্থ, প্রিয় স্থান, প্রিয় ধাম, প্রিয় দ্রব্য—আপনার প্রিয় সকল বস্তুর প্রতি আমাদের সেবোন্মুখতা প্রবৃদ্ধ না আসে, যদি আপনার প্রিয়জনে প্রীতির উদয় না হয়, তাহা হইলে জানিব আমাদের হৃদয় অপরাধফলে অশ্মসার কঠিন হইয়া রহিয়াছে। আমরা যত না কেন অর্চন-মার্গের ঘণ্টা নাড়ানাড়ির আড়ম্বর প্রদর্শন করি, তাহা সব ভস্মে ঘৃতাহুতি হইবে; অর্চন করিতে করিতে নিজেরেই ভোগের ইন্ধন বাড়াইতে থাকিব। আপনার 'রত্নবৈদ্য' অভিধানে আপনাকে ভাল ভাল জিনিষ নিবেদনের ও প্রসাদ পাইবার ছলে নিজেরাই তাহার ভোক্তা সাজিব। আপনার আসন, বস্ত্র, ছত্র, পাদুকাদি ব্যবহৃত দ্রব্যের প্রতি আন্তরিক প্রীতি প্রদর্শন করিয়া আপনার প্রিয়জনের আনুগত্যে তাঁহাদিগকে সেবাভিচারে অবজ্ঞাপূর্বক সেবার দাবিতে তাহা অপহরণ করিয়া তাহার ভোগোদ্যমের কারণ হইবে। আপনার যাবতীয় কনক-ভোগপ্রবৃত্তি জীবপ্রাণ ভীষণতর নরকগমনের পথ প্রশস্ত করে। ঐ সকল ব্যক্তি আপনার শ্রীপাদপদ্মে যতই না কেন ভক্তির ছলনা করুক, সেই ছলনাই উহাদের ধ্বংসের ও বিপত্তির কারণ হয়।

আপনার শ্রীপাদপদ্মে যাঁহার সেবার রুচির উদয় হইয়াছে, তাঁহার হৃদয়ে সর্বদাই আপনার শ্রীপাদপদ্মের স্মৃতি জাগরূক থাকিয়া আপনার মনোভীষ্ট সম্পাদনে অদম্য উৎসাহ প্রদান করে। আপনার কত মনোভীষ্ট সম্পাদনের কার্য আমাদের সম্মুখে অকূল সমুদ্রের ন্যায় পড়িয়া রহিয়াছে, আমাদের কি এখনও ইতস্ততের চিন্তা লইয়া অযথা বৃথা সময় ব্যয় করা উচিত? আপনার বৈকুণ্ঠবার্তা, আপনার স্থাপিত নবরত্ন রচনা—যাহার জন্য প্রত্যেক শিষ্যের সর্বস্ব অর্পণ করা আবশ্যক, শ্রীগুরুপাদপদ্মের মহিমা প্রচার প্রত্যেক শিষ্যের কর্তব্য। তাহাই নয়, আপনার মনোভীষ্ট উহাদের সেবার উদ্দেশ-সম্পাদন, অষ্টোত্তরশত পাঠপ্রতিষ্ঠা, এক কারক ও অনাবশ্যক গ্রন্থসম্পাদন প্রাচ্য ও পাশ্চাত্ত্যে অদম্য উৎসাহে প্রচারপ্রসার—এইরূপ কত শত শত অগণ্য কৃত্য পড়িয়া আছে সম্মুখে আমাদের। কিন্তু হায়, আমরা কি করিয়া সময় অতিবাহিত করিতেছি! ধিক্, ধিক্—শতধিক্ আমাদের 'শিষ্য' নামে পরিচিত হইবার আকাঙ্ক্ষায়! শ্রীল প্রভুপাদের মনোভীষ্ট—সকল সেবা-কার্যেই তদ্রূপে সম্পাদন করা যায়, তাঁহার আনুগত্য ছাড়িয়া নিজেদের ভোগ—লাভ-পূজা-প্রতিষ্ঠালোভাকাঙ্ক্ষা-স্বার্থের মনোরঞ্জন বজায় রাখিবার জন্য সময় পণ করিতে প্রস্তুত! ইহা আমাদের গুরুদ্রোহ। ঐরূপ গুরুদ্রোহের নিত্যপ্রাপক আদর্শ জগতের বক্ষ হইতে চিরদিন অন্তর্হিত হয় তবেই মঙ্গল। কোথায় গুরুপাদপদ্মের মহিমাপ্রচারে শিষ্যের সর্বস্বসমর্পণ পাওয়া যায়, আর কোথায় সেই মহিমা খর্ব করিবার জন্য প্রাণপণ চেষ্টা! অহো বলীয়সী মহামায়ার অঘটনঘটনপটীয়সী শক্তি!

হে গুরুদেব! হে পতিতোদ্ধারণ! হে পাষণ্ডগজৈকসিংহ! আপনার অশোকাভয়ামৃতাধার শ্রীপাদপদ্মের সেবাবিমুখ প্রতিকূল চক্র হইতে আমাদিগকে সর্বতোভাবে রক্ষা করিয়া আপনার নিজজনপাদপদ্মে সর্বস্বসমর্পণের প্রবৃত্তি মাত্র প্রদান করুন। আপনার মহিমাগাথা-কীর্তনে আপনার বিশ্বাসী আমাদের সমবেত কণ্ঠ দিগ্বিদিক্ মুখরিত করুক। আপনার মনোভীষ্টসংস্থাপক বর্তমানে গৌড়ীয়াচার্যপাদপদ্ম ও তাঁহার সেবার সহায়কারী বৃন্দাবন বৈষ্ণবগণ সকলেই জয়যুক্ত হউন, আপনি আপনার নিজজন-চক্রে যে শ্রীরূপানুগবাণী ও প্রেমপ্রচারপতাকা প্রদান করিয়াছেন, সেই পতাকাতলে আশ্রয়লাভ করিয়া যেন আমরা আপনার মহিমাগানে দিগ্বিদিক্ মুখরিত করিতে পারি, ইহাই আমাদের সম্বৎসরান্তে শ্রীব্যাসপূজার আজ ক্ষুদ্র পুষ্পাঞ্জলি। হে গুরুদেব, আমাদের বিষয়-চিন্তাকলুষিত মস্তক আপনার নিজজনের শ্রীচরণরজে বিলুণ্ঠিত হউক। "আপনার আশ্রয়ে শত বিপদ্, শত গঞ্জনা ও শত লাঞ্ছনায়ও হরিজন ছাড়িবেন না" ইহা যেন নিষ্কপটচিত্তে ধারণ করিবার সৌভাগ্য হয়।

আমাদের শ্রীগুরুবর্গ আমাদিগকে নিত্যকাল ব্যাসপূজার আদর্শ শিক্ষা দিয়া থাকেন। সর্বাবতারী শ্রীকৃষ্ণচন্দ্র স্বয়ং গুরুগৃহে বাস করিয়া গুরুসেবাদর্শ প্রকট করিয়াছেন। তৎপরবর্তী শ্রীমন্মহাপ্রভু, শ্রীমন্নিত্যানন্দপ্রভু, শ্রীমদদ্বৈতপ্রভু এবং শ্রীমদ্গদাধরপণ্ডিত ও ভক্তবর্গ সকলেই শ্রীব্যাসপূজা বা গুরুপাদপদ্ম-পূজার আদর্শ প্রকট করিয়াছেন। শ্রীমন্মহাপ্রভুর আম্নায়ধারার অবস্থিত সকল আচার্যই ব্যাসপূজা শিক্ষা দিয়াছেন। শ্রীভগবানের ভজনমুদ্রা নিজে আচরণ করিয়া প্রচার করাই ব্যাসের বা গুরুর কার্য। তাই শ্রীগুরুপাদপদ্মের অপর নাম 'বেদব্যাস'। বেদকে ব্যাস অর্থাৎ বিভাগ বা বিস্তার করায় মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন 'বেদব্যাস' নামে অভিহিত হন।

শ্রীল প্রভুপাদ বলিয়াছেন,—"সচ্চিদানন্দাধিষ্ঠিত অদ্বয়জ্ঞান ব্রজেন্দ্রনন্দনের অভিজ্ঞানবিগ্রহ 'বেদ' নামে প্রসিদ্ধ।" নিরুক্তি বলে—"বেদয়তি ধর্মং ব্রহ্ম চ বেদঃ।" বেদান্ত মতে—"ধর্ম-ব্রহ্ম প্রতিপাদকমপৌরুষেয়বাক্যং বেদঃ।" পুরাণ-কর্তা বলেন—"ব্রহ্মমুখনির্গততত্ত্বজ্ঞাপকং শাস্ত্রং বেদঃ।" অর্থাৎ যাহা হইতে ভগবানকে জানা যায়, তাহাই বেদ, তাহা শ্রীভগবানের শ্রীমুখ-নিঃসৃত শব্দব্রহ্ম। সেই শব্দব্রহ্ম প্রথমে ব্রহ্মা শ্রবণ করেন, পরে ব্রহ্মার মুখ হইতে শ্রীনারদ, শ্রীনারদের শ্রীমুখ হইতে বেদব্যাস শ্রবণ করেন। এই বেদব্যাসের নিকট হইতে শ্রীশুকদেব, ক্রমে শ্রীমধ্ব এবং তৎপর শ্রীমন্মাধবেন্দ্রপুরী ও শ্রীঈশ্বরপুরী, অতঃপর কলিযুগপাবন ভজন-বিজ্ঞানপ্রয়োগ-বিলাসী, স্বয়ং ভগবান্ শ্রীগৌরসুন্দর শ্রৌতপন্থা অনুসরণের আদর্শস্থাপনকল্পে শ্রীঈশ্বরপুরীপাদকে গৌরবের পাত্ররূপে অঙ্গীকার করেন। অতঃপর তাঁহার প্রিয়পার্ষদ শ্রীস্বরূপ-সনাতন-শ্রীরূপ-রঘুনাথাদি আচার্যবর্গ সেই শ্রৌতধারা অঙ্গীকার করিয়া গুরুপাদাশ্রয়ে কৃষ্ণভজনাদর্শ

শ্রীশ্রীল প্রভুপাদ ও ব্যাসপূজা

(মহামহোপদেশক শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ)

শ্রীচৈতন্যভাগবতে (মধ্য ৫ম অঃ) শ্রীনিত্যানন্দ প্রভু কর্তৃক অনুষ্ঠিত শ্রীব্যাসপূজার উল্লেখ থাকিলেও গৌড়ীয় বৈষ্ণবরূপ প্রাকৃত-সহজিয়া সমাজে ব্যাসপূজার সেরূপ প্রচলন দেখিতে পাওয়া যায় না, যেরূপ ঝুলনদোলমহোৎসব, দধিচিড়ামহোৎসব বা অন্নপ্রাশন কিংবা ছাপ্পান্ন প্রহর নামসংকীর্তনমহামহোৎসবের পদ্ধতির প্রচলন দেখিতে পাওয়া যায়। ইহার কারণ অনুসন্ধান করিলে মনে হয়, বর্তমান গৌড়ীয়বৈষ্ণবরূপ সমাজ গৃহস্থ আচার্যসন্তানগণের কবলেই অধিকতর কবলিত, আর তথাকথিত উদাসীনগণও অধিকাংশই বিবিক্তানন্দীর সজ্জা-গ্রহণকারী। গোষ্ঠানন্দীর সজ্জাগ্রহণকারিগণও সম্প্রদায়-বৈভবের খবর খুব কমই রাখেন, তাহারা লীলাস্মরণাদির অভিনয় লইয়া যতটা ব্যস্ত, বৈষ্ণবের আত্ম-মঙ্গলকর কোন অনুষ্ঠানে ততটা ব্যস্ত থাকা অপ্রয়োজনীয় মনে করেন না।

অনভিজ্ঞতা ও কূপমণ্ডূকতাদোষদুষ্টতাহেতু প্রাকৃতসহজিয়া-সমাজের ধারণা, পরমারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদ গৌড়ীয়বৈষ্ণব-জগতে কতকগুলি নূতন বা অন্য সম্প্রদায়ের প্রচলিত অনুষ্ঠান ও আচরণের প্রবর্তন করিয়াছেন! পাঞ্চরাত্রিক দীক্ষিত ব্যক্তির তাপাদি পঞ্চসংস্কার বিশেষতঃ তৃতীয় ও পঞ্চমসংস্কার অর্থাৎ বিষ্ণুদাসান্ত নাম, শালগ্রামপূজার অধিকার ও ভাগবতোক্ত সাবিত্র্য সংস্কারাদি; দৈবশ্রাদ্ধ, ত্রিদণ্ড সন্ন্যাস; ব্রহ্মচারী, বানপ্রস্থ ও সন্ন্যাসীর কাষায়বস্ত্র ধারণ; সর্বত্র গৌর-নিত্যানন্দের অর্চা প্রকট না করিয়া শ্রীগুরু-গৌরাঙ্গ ও গান্ধর্বিকা-গিরিধারীর অর্চা প্রকটন; মঠাদি স্থাপন প্রভৃতি কার্য প্রাকৃত সহজিয়াগণের বিচারে তথাকথিত গৌড়ীয়বৈষ্ণবাচার্যগণের পন্থানুগতিকতার

প্রকট করেন। শ্রীগুরুদেবই শ্রীভগবানের শ্রীমুখনিঃসৃত কীর্তনকারী বিগ্রহ বলিয়া তাঁহার শ্রীপাদপদ্মের নিত্য পূজা তাঁহার শিষ্যগণের নিত্য কৃত্য। শ্রীগৌরাভিন্নপ্রকাশবিগ্রহ শ্রীভগবান্ নিত্যানন্দপ্রভু স্বয়ং শ্রীবাসঅঙ্গনে ব্যাসপূজাদর্শ প্রকট করিয়া আমাদিগকে ব্যাসপূজা শিক্ষা প্রদান করিয়াছেন। এইজন্যই আমাদের শ্রীব্যাসপূজার পূর্বে শ্রীনিত্যানন্দ প্রভুর আবির্ভাব আমাদিগকে গুরুপাদপদ্ম-পূজার বিচার স্মরণ করাইয়া শ্রীগৌরজন্মমহোৎসবের ... নির্দেশ ... করিয়াছেন।

শ্রীগুরুপাদপদ্মের অহৈতুকী করুণাই আমাদিগকে সংকীর্তননাথ শ্রীগৌরসুন্দর-প্রকটিত শ্রীধামনবদ্বীপস্থিত সংকীর্তনযজ্ঞানলে আত্মাহুতি প্রদানের বিচার প্রদান করিয়া তাঁহারই প্রতিষ্ঠিত শ্রীভক্তিবিনোদ রিসার্চ ইন্‌স্টিটিউট্ ও অনুকূলকৃষ্ণানুশীলনাগারেই প্রবেশাধিকার প্রদান করেন। সেই অনুকূল কৃষ্ণানুশীলনাগারেই রক্ষকস্বরূপে বিরাজিত আমাদের বর্তমান গৌড়ীয়াচার্য-ভাস্কর। সুতরাং আজ শ্রীব্যাসপূজা-বাসরে তাঁহার শ্রীপাদপদ্মে আমরা পুনঃ পুনঃ দণ্ডবৎ প্রণতি বিধান করিয়া আমাদের নিত্যারাধ্য শ্রীগুরুপাদপদ্মের অভীষ্টসেবার কৃপাবল প্রার্থনা করিতেছি। শ্রীগুরুপাদপদ্ম প্রসন্ন হউন, ভক্তিবিগ্রহ শ্রীল আচার্যদেব প্রসন্ন হউন, তাঁহার প্রিয় বৈষ্ণববৃন্দ প্রসন্ন হউন, তাহা হইলে আমাদের আশা সফল হইবে, আমরা কৃতকৃতার্থ হইব।

পরিপন্থী এক অভিনব ব্যাপার। শ্রীব্যাসপূজার প্রচলনও প্রাকৃত সহজিয়াগণের বিচারে এরূপ নবপ্রবর্তিত অনুষ্ঠানেরই অন্তর্গত।

পূর্বোক্ত বিষয়গুলির সম্পূর্ণ সমালোচনা বর্তমান সংক্ষিপ্ত প্রবন্ধে সম্ভব নহে, তবে ব্যাসপূজার অনুষ্ঠানটী প্রাচীনসম্প্রদায়ে যথেষ্ট বিশেষভাবে প্রচলিত থাকায় এবং শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীব্রাহ্মণসম্প্রদায়ের অনুগত লীলাভিনয়কারী নবদ্বীপান্তর্গত [illegible] শ্রীব্যাসপূজানুষ্ঠান প্রকাশ করায় [illegible] গুরুত্ব ও উদাসীন [illegible] প্রাকৃত-সহজিয়া-সম্প্রদায়ে শ্রীব্যাসপূজার অনুষ্ঠানের প্রচলনও দৃষ্ট হয় না।

বহুবৎসর পূর্ব্বে সম্ভবতঃ ১৯০০ খৃষ্টাব্দে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ যখন শ্রীল প্রভুপাদকে সঙ্গে লইয়া পুরীতে সমুদ্রোপকূলে নিজ ভজনকুটীতে বাস করিতেছিলেন, সেই সময় শ্রীল ভক্তিবিনোদ [illegible] গোস্বামীর গোবর্দ্ধনমঠের গ্রন্থাগার হইতে "সংক্ষেপ-ব্যাসপূজা পদ্ধতিঃ" নামক একখানি প্রাচীন পুঁথির নকল করাইয়াছিলেন। শ্রীচৈতন্যভাগবতের মধ্যখণ্ড পঞ্চম অধ্যায়ে যে "পদ্ধতি পুস্তকের উল্লেখ আছে, তাহাই উক্ত "সংক্ষেপ-ব্যাসপূজা-পদ্ধতি।" সেই পুঁথিখানি আমরা শ্রীশ্রীল আচার্য্যদেব ও ত্রিদণ্ডিপাদ পরমহংস শ্রীল অনন্তবাসুদেব গোস্বামী প্রভুর নিকট দর্শন করিয়াছি; তাহাতে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের স্বহস্তলিখিত গৌড়ীয়-বৈষ্ণবগণের ব্যাসপূজা-পদ্ধতির নির্দ্দেশ ও অনুষ্ঠানের প্রকার দেখিতে পাওয়া যায়। শ্রীল আচার্য্যদেব ঐ পুঁথিটী শ্রীল প্রভুপাদের প্রকটকালেই সাময়িক সংখ্যা 'গৌড়ীয়ে' প্রকাশের জন্য আমাকে প্রদান করিয়াছিলেন, কিন্তু তখন স্থানাভাবে প্রকাশিত হয় নাই, পরে উহা অবশেষে মুদ্রিত ও প্রকাশিত হয়।

শ্রীশ্রীল প্রভুপাদের প্রকটলীলার পঞ্চাশদ্বর্ষ পূর্ণ হইলে নং উল্টাডিঙ্গি জংসন রোডের বাড়ীতে তদানীন্তন অবস্থিত শ্রীগৌড়ীয়মঠে প্রথম ব্যাসপূজার প্রচলন হয়। শ্রীল আচার্য্যদেব শ্রীল অনন্তবাসুদেব বিদ্যাভূষণ গোস্বামী প্রভু শ্রীশ্রীল প্রভুপাদের নিকট নিবেদন জানান যে, প্রাকৃত লোকাধিরাজার পঞ্চাশত্তম জন্মতিথিতে বা রাজত্বের পঞ্চাশবর্ষ পূর্ণ বা পঞ্চাশ বা ষাটবর্ষ পূর্ণ হইলে যথাক্রমে 'সিলভার জুবিলী', 'গোল্ডেন জুবিলী' ও 'ডায়মণ্ড জুবিলী' প্রভৃতি উৎসবের অনুষ্ঠান সম্পন্ন হইয়া থাকে। শ্রীল প্রভুপাদ শুদ্ধ গৌড়ীয়বৈষ্ণবগণের সার্বভৌম সম্রাট; তাঁহার অনুগতসম্প্রদায় শ্রীল প্রভুপাদের পূর্ণ পঞ্চাশদ্বর্ষকাল ভুবনমঙ্গলময় প্রকটলীলার আরতি ও শ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্ম-পূজা করিয়া জগতে শ্রীগুরুপূজার শ্রেষ্ঠ আচার ও প্রচার করিতে চাহেন। শ্রীল আচার্য্যদেবের এইরূপ সুসিদ্ধান্ত শ্রবণ করিয়া শ্রীল প্রভুপাদ আচার্য্যদেবকে বিশেষ আশীর্ব্বাদ করেন। তখন কেহ কেহ উক্ত উৎসবের নাম 'রৌপ্য জয়ন্তী' প্রভৃতি ইংরেজী ও আধুনিক প্রাকৃত অনুষ্ঠানের নামের অনুকরণে প্রদান করিবার প্রস্তাব করেন। কিন্তু শ্রীল আচার্য্যদেব শ্রীচৈতন্যভাগবতধৃত ব্রহ্মচারী ও সন্ন্যাসিগণের গুরুপূজা 'শ্রীব্যাসপূজা' নামে কথিত এই কথা শ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্মে জ্ঞাপন করিলে অদ্বিতীয় সত্যব্রতবৈষ্ণবাচার্য্যবরগুরু শ্রীল প্রভুপাদ ঐ নামই পারমার্থিকগণের বিশেষ উপযুক্ত জানাইয়া শ্রীল আচার্য্যদেবকে কোটিকণ্ঠে আশীর্ব্বাদ করিতে থাকেন।

সে বৎসরের শ্রীব্যাসপূজায় শ্রীচৈতন্যমঠের সেবকগণের পক্ষ হইতে যে ভক্তিপুষ্পাঞ্জলি প্রদত্ত হয়, তাহার রচয়িতাও স্বয়ং শ্রীল আচার্য্যদেব। ঐ পুষ্পাঞ্জলিতে অতি সংক্ষেপে শ্রীল প্রভুপাদের প্রকটলীলা হইতে পূর্ণ পঞ্চাশদ্বর্ষকালের একটি সুসংক্ষিপ্ত তত্ত্বভক্তিসিদ্ধান্তগত আলোচনা আছে। শ্রীল আচার্য্যদেবের কথা ও লেখনীর একটি বৈশিষ্ট্য এই যে, তাঁহার প্রত্যেকটী পদ গূঢ়ার্থপূর্ণ অর্থাৎ প্রত্যেকটি পদ তত্ত্বভক্তিসিদ্ধান্তের খনি। তাহার লেখনী ও কথনের অনুধাবন করিলে "[illegible]"—বাক্যটীর (পরিমিত সারবাক্যের [illegible] বলে।) এক প্রাচীন উক্তির পূর্ণ সার্থকতা দেখা যায়।

শ্রীব্যাসপূজার প্রবর্ত্তনকাল হইতে বর্ত্তমানকাল পর্য্যন্ত আমরা শ্রীল প্রভুপাদের ২৬ অভিনন্দনাবলি রচনা করিয়াছি এবং যে সকল অঞ্জলি শ্রবণে শ্রীল প্রভুপাদ বিশেষ সন্তোষ প্রকাশ এবং আমাদিগকে বহু আশীর্ব্বাদ প্রদান করিয়াছেন, সকলটি বলিলে তাহার প্রত্যেকটী শ্রীল প্রভুপাদেরই ইচ্ছা ও আদেশানুসারে একমাত্র শ্রীল আচার্য্যদেবের প্রদত্ত উপকরণে লিখিত।

শ্রীশ্রীল প্রভুপাদ এপর্য্যন্ত যে কএকটি প্রত্যভিনন্দন প্রদান করিয়াছেন, সেই সকলগুলিরই প্রতিলিপি আচার্য্যদেব স্বহস্তে লিখিয়াছেন; কেবল তাহা নহে, আমরা স্বকর্ণে শুনিয়াছি ও প্রত্যক্ষ দেখিয়াছি যে, শ্রীল আচার্য্যদেবকে শ্রীল প্রভুপাদ তাঁহার লিখিত বাক্যসমূহকে পরিপূরণ ও পরিবর্দ্ধন করিয়া দিবার জন্য আদেশ প্রদান করিতেন। শ্রীল প্রভুপাদের এই সেবা কার্য্য শ্রীল আচার্য্যদেব এরূপ সুন্দরভাবে সম্পাদন করিয়া শ্রীল প্রভুপাদের মনোহভীষ্ট-পরিপূরণ করিতে পারিতেন যে, শ্রীল প্রভুপাদ অনেকের নিকট তাহার প্রশংসা করিতেন, অনেক সময় শ্রীল প্রভুপাদ শ্রীল আচার্য্যদেব সম্মুখে না থাকিলে জিজ্ঞাসা করিতেন,—'আমার গণেশ কোথায়?' অর্থাৎ শ্রীব্যাসদেবের লেখক সকলে হইতে পারে না, একমাত্র গণেশকেই শ্রীব্যাস তাঁহার সঙ্কলিত পুরাণের প্রতিলিপি লিখিবার অধিকার দিয়াছিলেন, কারণ গণেশ ব্যাসের প্রত্যেকটি সিদ্ধান্ত ও কথার তাৎপর্য্য সম্পূর্ণভাবে হৃদয়ঙ্গম করিয়া লিখিতে পারিতেন।

শ্রীল প্রভুপাদের লীলায়ও শ্রীল আচার্য্যদেবই শ্রীব্যাস-গুরুদেবের শ্রুতলিপি লিখিয়া শ্রীব্যাসপূজা করিয়াছেন। অতএব শ্রীচৈতন্যসারস্বত-লীলায় ব্যাস-পূজার প্রবর্ত্তক, অদ্বিতীয় ঋত্বিক ও প্রধান পূজকাগ্রণী শ্রীল আচার্য্যদেবই; অন্যান্য সকলে শ্রীল আচার্য্যদেবের ব্যাসপূজার যতক্ষণ বা যতটুকু সহায়তা করিয়াছেন, ততক্ষণ ও ততটাই তাঁহাদের ব্যাসপূজার অধিকার লাভ হইয়াছে।

শ্রীল প্রভুপাদ শ্রীব্যাসপূজা স্বীকার করিয়াছেন বলিয়া নিজেকে 'ব্যাস' বলিয়া অভিমান করেন নাই অর্থাৎ স্বয়ং ব্যাস বা পূর্ব্বগুরুর আসন আক্রমণ করিবার আদর্শ প্রদর্শন করেন নাই। রোমহর্ষণসূত ব্যাসগদিতে উপবিষ্ট হইয়া মনে করিয়াছিলেন যে, তিনিই ব্যাসদেব, এজন্যই নৈমিষারণ্যে স্বয়ং বলদেব উপস্থিত হইলেও ব্যাসগদি পরিত্যাগ করিয়া শ্রীবলদেবকে সম্ভাষণ করেন নাই। কিন্তু শ্রীল প্রভুপাদ গুরুপূজা বা ব্যাসপূজা শিক্ষা দিয়া জগদ্‌গুরুদের মঙ্গলবিধানের জন্য শিষ্যগণের যাবতীয় অঞ্জলি পূর্ব্বগুরুবর্গের শ্রীচরণেই অর্পণ করিয়াছেন, তিনি তাঁহার ৫৩ বর্ষ-পূর্ত্তি-প্রকটতিথির প্রতিনিবেদনে বলিয়াছেন,—

"আপনাদের হৃদয়ের পরিপুষ্ট যে সকল পূজা আমার উদ্দেশে কথিত হইয়াছে, উহার [illegible] বিচারে আমার কোন যোগ্যতা [illegible] ঐ সকল উক্তি **গুরুদাসসূত্রে আমার পূর্ব্বগুরুগণের প্রাপ্য বলিয়া গ্রহণপূর্ব্বক তাঁহাদিগের শ্রীচরণকমলে সমর্পণ করিতেছি।"**

(গৌড়ীয় ৬ষ্ঠ বর্ষ ২৮ সং ১৬ পৃঃ)

আবার শ্রীল প্রভুপাদ আচার্য্য-সম্বন্ধে উহাও জানাইয়াছেন—

'শ্রীমদানন্দতীর্থপাদ শ্রীব্যাসপূজার নিমিত্ত থাকিয়াই শ্রীব্যাসাসনে উপবেশনরূপ আচার্য্যের কার্য্য করিয়াছেন। তাঁহার অনুগ-সম্প্রদায় তাঁহার আনুগত্যের পরিচয়ে অদ্যাবধি আম্নায়-পারম্পর্য্যে শ্রীব্যাসাসনে উপবিষ্ট হইয়া শ্রীমদ্ভাগবত-তাৎপর্য্য ব্যাখ্যা করিয়া থাকেন। প্রাপঞ্চিক বিচারে নিজ অযোগ্যতার বিচার আসিয়া ব্যাসাসনে অধিরোহণকার্য্যে বাধা দেয় বটে, কিন্তু শ্রীগুরুদেবের আজ্ঞা-লঙ্ঘনরূপ দুষ্প্রবৃত্তিবশে আমাদিগকে যেন কোন দিন গুরুপাদপদ্ম-সেবা-বিমুখ না করে। আমার কণ্ঠরোধ করিলে আমাকে শ্রীব্যাসপূজার অধিকার দেওয়া হইবে না, আমার এই কার্য্যে তৃণাদপি-সুনীচ-ধর্ম্মলাভের উপদেশ অবহেলিত হইতেছে না। কোনও জড়প্রতিষ্ঠায় প্রতিষ্ঠিত হইবার দুরাশাবশে আমি শ্রীগুরুবাক্য লঙ্ঘন করিতেছি না, সুতরাং ফল বা দক্ষিণাস্বরূপে আমি জাগতিক নিন্দা প্রশংসার প্রার্থী নহি।"

শ্রীল প্রভুপাদ শ্রীব্যাসপূজার প্রথম প্রতি-সম্ভাষণে শ্রোতৃপাঠকগণ বা আমাদের নিত্য আচার্য্যবর্গ অনিত্যপ্রায় হইবে যে, তাহা কালের বিক্রমে প্রতিহত বা শুষ্ক হইয়া যাইবে; তাহা নিত্যকাল প্রবাহিত থাকিয়া জগতে [illegible] করিতেছে,—উহাই শ্রীল প্রভুপাদের সর্ব্বপ্রথম [illegible] হইয়াছে।

শ্রীল প্রভুপাদ তাঁহার 'প্রথম প্রতিসম্ভাষণে' তাঁহার শিষ্যবর্গকে 'বিপদুদ্ধারণ বান্ধবগণ' বলিয়া সম্বোধন করিয়াছেন, উহার অর্থও আমি বা গৌড়ীয়বর্গের খুব কম লোকই বুঝিয়াছিল বা বুঝিতে পারিয়াছে। কএক বৎসর পূর্ব্বে একদিন শ্রীল আচার্য্যদেবকে উহার অর্থ জিজ্ঞাসা করায় তিনি বলিলেন, "শ্রীল প্রভুপাদের আর কি বিপদ? যাঁহার শ্রীপাদপদ্ম আশ্রয় করিয়া [illegible] বিপদমুক্ত, তিনি কেন শিষ্যগণকে 'বিপদুদ্ধারণ' বলিয়া সম্বোধন করিতেছেন! শ্রীল প্রভুপাদের [illegible] অনুসরণ করুন, শ্রীল প্রভুপাদ আমাদের [illegible]

আত্মাকে বিপন্ন মনে করিতেছেন না, শ্রীরাধামাধবের মিলন-বিচ্ছেদ-জনিত তাঁহার যে বিপ্রলম্ভ, তাহাকেই তিনি বিপদ জানিয়া সকলকে তাঁহার সেই চিন্ময়-মিথুনের সঙ্কীর্তনসেবা-মহোৎসবের উদ্যাপনে আনুকূল্য করিতে বলিতেছেন।'

শ্রীল আচার্য্যদেব উক্ত অভিভাষণের নিম্নলিখিত কয়েকটি কথা বিশেষভাবে অনুধাবন করিতে বলিয়াছিলেন,—

'পরিদৃশ্যমান জগৎ তাঁহার সেবায় ব্যস্ত, তবে যাদৃশ সেবা-বিমুখ নর তাঁহাকে নরোত্তম বলিয়াই নিরস্ত, সেই নরোত্তমের গুরুবর্গণ বৈষ্ণব। সুতরাং তাঁহারাই আমার গুরুরূপে বহুমূর্ত্তিতে প্রকটমান। অন্যভাবে তাঁহারাই আমার শিক্ষাগুরুবর্গ ও শিক্ষকবৃন্দ, ব্যতিরেকভাবে তাঁহারাই তাঁহাদের শ্রবণোপযোগী সময়ে যাদৃশ নরাধমের প্রলপিত বাক্যশ্রবণে ব্যস্ত।'

শ্রীল প্রভুপাদের প্রথমবর্ষের প্রত্যভিভাষণের এই সকল বাক্যের সহিত শ্রীল প্রভুপাদের মাদ্রাজ হইতে প্রেরিত অভিভাষণের (গৌড়ীয় ১০ম বর্ষ ৩১ সংখ্যা) সঙ্গতি না রাখিয়া এবং শ্রীল প্রভুপাদের প্রত্যেক বর্ষের অভিভাষণের সহিত পরস্পর সঙ্গতি না রাখিয়া শ্রীল প্রভুপাদের সিদ্ধান্ত ও উক্তির তাৎপর্য্য বুঝিতে না পারা সিদ্ধান্ত মূঢ়তা ও অনাচার-মূলক বাউলিয়া বিচার মাত্র। অন্যভাবে শ্রীল প্রভুপাদ শিষ্যবর্গকে "গুরুবর্গ ও শিক্ষকবৃন্দ" রূপে দর্শন করিয়াছেন। আপনাকে পতিত, চঞ্চল, অর্বাচীন, "পুরীষের কীট" কাহারও (?) মতের (মহাভাগবতের দর্শনে) কুকুর প্রভৃতি চরম বিপ্রলম্ভাত্মক দৈন্যে ভূষিত করিয়াছেন। শ্রীগুরুদেবের ঐগুলিকে যখনই কোন শিষ্যাভিমানকারী তাঁহার বা তাঁহাদের ব্যক্তিগত মহত্বের পরিচায়ক বলিয়া কাগজে বা লেখনীতে তুলে থাকুক, কল্পনাও ধারণা করিবেন, সেই মুহূর্ত্তেই তাহার বা তাঁহাদের শিষ্যত্ব হইতে সুনিশ্চিতরূপে পতন হইয়াছে। যে শ্রীল প্রভুপাদ ব্যতিরেকভাবে "তাঁহাদের শ্রবণোপযোগী সময়ে যাদৃশ নরাধমের প্রলপিত বাক্য শ্রবণে ব্যস্ত" বলিয়াছেন, সেই ভুবনপাবন জগদ্গুরুর 'প্রলপিতবাক্য'কেই নিত্য মঙ্গলপ্রদ—গুরুবাক্য বলিয়া সর্ব্বদা হৃদ্গতে রাখিলে শিষ্যত্ব বা দাস্যাভিমান সংরক্ষিত হইবে, অর্থাৎ গুরুদেবের নিয়ামকত্ব বা গুরুত্ব স্বীকৃত হইবে, নতুবা নিজেই গুরুর আসন বা গুরুত্ব যাচিয়া নিয়া পাষণ্ডতার আবাহন করা হইবে। শ্রীল প্রভুপাদ প্রকৃত অবগুণরূপে যখন শিক্ষা দিতে প্রবৃত্ত হইয়াছেন, তখনও বলিয়াছেন,—

'তিনি অতিমর্ত্ত্যভোগের দর্শনের আশ্রয়জাতীয় বিগ্রহ হইতে চ্যুত হইয়া অপ্রাকৃত নিত্যসেবা পরিত্যাগ না করেন, ইহাও আমার প্রলাপোক্তি।' (গৌড়ীয় ১০ম বর্ষ, ৩১ সং ৪৯০ পৃঃ)

৫০ বর্ষপূর্ত্তি প্রকটতিথির প্রথম অভিভাষণে কথিত "প্রলপিত বাক্য" ও ৫৮বর্ষপূর্ত্তি প্রকট-তিথির অভিভাষণে কথিত 'প্রলাপোক্তি'র সঙ্গতি—শিষ্যের প্রতি গুরুর অবজ্ঞামার্গ স্বরূপ প্রকাশ করিতেছে। ইহা কেবল ব্যক্তিবিশেষের প্রতি প্রযোজ্য নহে, সকল শিষ্যগণের প্রতিই প্রযোজ্য।

যে শিষ্যাভিমানীই মনে করিবেন, আমি গুরুদেবের নিকট হইতে যতটা অধিক প্রশংসা পাইয়াছি আমি তত তদপেক্ষা অধিক বৈষ্ণব অর্থাৎ শ্রীগুরুদেবকে দিয়া আমার যতটা চাকুরী করাইয়া লইতে পারি, ততটা আমি বাহাদুর, তিনি ততটা গুরুদেবের আশীর্ব্বাদস্বরূপ শিষ্যত্ব হইতে ভ্রষ্ট বা পতিত।

শ্রীল প্রভুপাদ তাঁহার প্রথম প্রত্যভিভাষণে বলিয়াছেন—"শ্রীব্যাসের অনুগমনে বঞ্চিত হওয়ায় ভক্তি-সিদ্ধান্ত-রহিত হইয়া অবিদ্যার আবাহনে অহঙ্কারবিমূঢ় প্রাকৃত ভোক্তা বা ত্যাগিরবৃন্দের শ্রৌতপন্থা পরিহার করিয়াছি।"

যাঁহারা ব্যাসপূজায় নিত্য অধিষ্ঠিত, তাঁহারাই ভক্তি-সিদ্ধান্তে নিত্য প্রতিষ্ঠিত, এবং শ্রৌতপন্থায় বিশ্বাসী। অক্ষয়-মোহনাবতার আচার্য্য শঙ্কর "পাছে ব্যাস প্রান্ত হয়" এই আশঙ্কায় যে ভক্তিসিদ্ধান্তরহিত হইয়া ব্যাসপূজার অভিনয় করিয়াছেন, তাহাতে তর্কপথের আবাহন করা হইয়াছে। বর্ত্তমানেও যাঁহারা গুরুর মর্য্যাদা ও আসন সংরক্ষণ করিতেছেন, বলিয়া প্রচার করিতেছেন—এইরূপ প্রচার করিয়া মৎসরতাকে লোক-মনোহারী পোষাকে আবৃত করিয়াছেন, তাঁহারাও কতটা ব্যাসপূজা করিতেছেন, না ব্যাসের ঘাড়ে চড়িবার চেষ্টা করিতেছেন, তাহা তাঁহাদের সিদ্ধান্তের কষ্টিপাথরেই পরীক্ষা হয়। 'ভক্তিসিদ্ধান্ত' Intellectualism বা বুদ্ধিবৃত্তির 'ঐশ্বর্য্য' নহে; অকপট শ্রীব্যাসানুগত্য-ফলেই শ্রীব্যাসপূজা হইলেই ভক্তিসিদ্ধান্তে অধিকার লাভ হয়।

শ্রীল প্রভুপাদ তাঁহার প্রকট-তিথিতে শিষ্যবৃন্দের নিকট হইতে যে-সকল অঞ্জলি, অভিনন্দনাদি গ্রহণ করিয়াছেন, তাহাকে তিনি তাঁহার গুরুপূজার অঞ্জলি বলিয়াই বিচার করিয়াছেন, ইহা আমরা পূর্ব্বেই তাঁহার বাণী হইতে দেখাইয়াছি। অষ্টপঞ্চাশৎ বর্ষপূর্ত্তি আবির্ভাব-তিথিতে (১৯৩২, ১৯শে ফেব্রুয়ারী) শ্রীল প্রভুপাদ মাদ্রাজে অবস্থানকালে "My Guru Puja" বলিয়া একটি ইংরাজী অভিভাষণ রচনা করেন। উহারও প্রতিলিপি শ্রীল আচার্য্যদেব লিখিয়াছিলেন। তাহাতে শ্রীল প্রভুপাদ Opaque Guru (অস্বচ্ছ গুরু) ও 'Transparent Guru's (স্বচ্ছগুরুর) পার্থক্য নির্দ্দেশ করেন। Opaque Guru বা অস্বচ্ছ-গুরুর মধ্য দিয়া কৃষ্ণ দেখা যায় না এবং সেই জাতীয় গুরুরূপ কৃষ্ণের মধ্যস্থলে অবস্থান করায় তাহা একটী Stumbling block হইয়া দাঁড়ায়, আর স্বচ্ছগুরু কৃষ্ণ ও শিষ্যের মধ্যে অবস্থান করিয়া শিষ্যকে তাঁহার সহজ স্বচ্ছ সিদ্ধান্তবাণীর মধ্য দিয়া কৃষ্ণদর্শন করান, Opaque Guru শিষ্যের প্রদত্ত সর্ব্বস্ব দক্ষিণা স্বয়ংই আত্মসাৎ করিতে চান, আর স্বচ্ছগুরু শিষ্যের সর্ব্বস্ব কৃষ্ণের দ্বারা আত্মসাৎ করাইয়া থাকেন।

শ্রীল প্রভুপাদের 'My Guru Puja' অভিভাষণ হইবার পর পরবর্ত্তীকালে কোন এক অর্দ্ধ ইংরাজীনবীশ ব্রহ্মচারী নামধারী শ্রীল প্রভুপাদের প্রকটতিথিতে প্রভুপাদের অঞ্জলিরূপে (?) 'My Guru Puja' ছাপাইয়া দেন; এইরূপ আনুকরণিক ভক্তিসিদ্ধান্তবিরুদ্ধ বিচার দেখিয়া শ্রীল আচার্য্যদেব অত্যন্ত অসন্তুষ্ট হইলেন এবং আমাকে বলিলেন, "শ্রীল প্রভুপাদই একমাত্র 'আমার গুরু' 'আমার ঈশ্বরী বৃষভানুনন্দিনী', 'আমার কৃষ্ণ' এই কথা বলিতে পারেন, কেন না তিনি শ্রীগুরুপাদপদ্মে নিত্য সমর্পিতাত্মা তিনি বৃষভানুনন্দিনীর অভিন্নবিগ্রহ, প্রেষ্ঠা সখী, তিনি বা শ্রীরঘুনাথ শ্রীমতীকে 'মদীশ্বরী' বলিতে পারেন বলিয়া অপরে নকল করিয়া 'শ্রীমতী আমার' বলিলে পাষণ্ডতা করিলে তাহা পাষণ্ডের মুখদর্শন করাইতে হয়। যথাগত ০০ ঘোষ মহাশয় "আমার গৌরকে কে নিয়া যাইবে?" এইরূপ বলিয়াছিলেন বলিয়া শ্রীল প্রভুপাদ সেই ঘোষ মহাশয়ের ঐরূপ প্রাকৃত সাহজিক চিত্তবৃত্তিকে সর্ব্বতোভাবে গর্হণ করিয়াছেন। শিষ্যগণের ন্যায় ক্ষুদ্র জীব কখনও "আমার গুরুপূজা" বলিতে পারে না, তাঁহারা গুরুর সেবকগণকে লঙ্ঘন করিয়া কখনও আমরা শ্রীগুরুসেবকানুসেবকগণের আনুগত্যে গুরুপূজা করিব। গুরুসেবকগণকে লঙ্ঘন করিয়া "আমার গুরুপূজা" বলা দাম্ভিকতা, তাহা গুরুদেব কখনই গ্রহণ করেন না।"

শ্রীল প্রভুপাদ শ্রীল আচার্য্যদেবের এই সিদ্ধান্ত গ্রহণ করিয়া পরবর্ত্তী শ্রীল আচার্য্যদেবের ভক্তিসিদ্ধান্তের প্রশংসা এবং আনুকরণিক "My Gurupuja" লেখকের দাম্ভিকতার কথা বলিলেন। পরবর্ত্তিকালে My Gurupuja ও আর একব্যক্তি 'My First year in England' লেখায়, ঐরূপ 'My' শব্দের প্রয়োগে শ্রীল প্রভুপাদ বিশেষ ক্রোধলীলা প্রকাশ করিয়াছিলেন।

শ্রীল আচার্য্যদেব এইবার তাঁহার প্রকটতিথিতে শ্রীশ্রীগুরুপূজার অনুষ্ঠান করেন। উপস্থিত সকলেই স্বচক্ষে দর্শন করিয়াছেন যে, শ্রীল আচার্য্যদেব স্বয়ং সকল শিষ্যবৃন্দের অঞ্জলি শ্রীগুরুপাদপদ্মে সমর্পণ করিয়াছেন এবং তাঁহার অভিভাষণে ও আচরণে নিজেকে শ্রীগুরুপাদপদ্ম সমাশ্রয়ণের একটি নিদর্শনরূপে আখ্যান করিয়াছেন। যাঁহারা My Gurupuja আখ্যানকারী বা আমি গুরুপূজক, আমিও গুরুশ্রেষ্ঠ, আমিই গুরুসেবা করিয়াছি, আমিই সকলকে গুরুসেবায় অধিকার দিয়াছি, এই বিচারপন্থায়, তাহারা প্রকৃত গুরুপূজা হইতে বঞ্চিত প্রকৃত গুরুপূজকের কোনও দিন সিদ্ধান্ত-বিপর্য্যয় হয় না, সেভাবে পা পড়ে না।

শ্রীল প্রভুপাদ তাঁহার ব্যাসপূজার 'নিমন্ত্রণে' (২৮শে ফেব্রুয়ারী ১৯২৯,) বলিয়াছিলেন, শ্রীব্যাসপূজা নামান্তর শ্রীগুরুপাদপদ্মে পাদ্যার্পণ। শ্রীল প্রভুপাদ অভিভাষণেই আরও বলিয়াছেন—

'গোষ্ঠপোপচারে শ্রীকৃষ্ণসেবা করিবার যোগ্যতা তাঁহা 'প্রভুবর আশ্রয়বিগ্রহেরই আছে, তাঁহার আশ্রয়বিগ্রহে কিঞ্চিৎ আংশিকী সেবা আমাদ্বারা সম্পাদিত হইলে আমা প্রভুর সাফল্য হইবে; আমার ন্যায় অকিঞ্চন পদাতে বৃন্দাবনের কুঞ্জ হইবার যোগ্যতা নাই, তথাপি কৃষ্ণপ্রেমে উপযোগী পুষ্পসমূহের সুগন্ধ সম্প্রভাবে আরোপিত সেব সহিত সংশ্লিষ্ট হইবার বাসনা একেবারে পরিহার করিবার সামর্থ্যও আমার নাই। তাই বড় আশা হয়—জীবিতকালে অবশিষ্ট কএকটি দিবস বৃন্দাবনের কুঞ্জসমূহ চারপূর্ব্ব শ্রীব্যাসপূজার ব্যপদেশে নিত্যকাল শ্রীকৃষ্ণসেবায় অর্পণ করি।' (গৌড়ীয় ৭ম বর্ষ ৩০ সংখ্যা ৩১ পৃষ্ঠা)

শ্রীল প্রভুপাদের এই বাণীর মধ্যে তাঁহার ভুবনমঙ্গল আচার্য্যাবতারের অভীষ্টের কথা পাওয়া যায়। শ্রীল প্রভুপাদ শ্রীবার্ষভানবীর সেবা শিক্ষাদানের জন্য গোলো

জীবে সাক্ষাৎ নাহি তাতে গুরু চৈত্ত্যরূপে। শিক্ষাগুরু হয় কৃষ্ণ মহান্ত স্বরূপে॥

হইতে ভূলোকে অবতীর্ণ হইয়াছিলেন। বৃন্দারণ্যের সেবায় উৎ যোগী কুসুমসমূহকে তিনি তাঁহার রচিত ও সজ্জিত উদ্যান হইতে চয়ন করিয়া রাধামাধবের নিত্যসেবা করিয়াছেন। আমার ন্যায় গন্ধহীন কেবলমাত্র বর্ণধারী পলাশপুষ্প Seasonflowerকেও কৃষ্ণপ্রেমসেবার উপযোগী অত্যন্ত সুগন্ধি পুষ্পের সংস্পর্শে কৃপা করিয়া রাখিয়াছিলেন, যদি কোনও প্রকারে সেই সকল সুগন্ধপুষ্পের সংস্পর্শে আমারও একটু সেবা-সৌরভ সংক্রামিত হয়। কিন্তু শ্রীল প্রভুপাদের সেই অহৈতুকী কৃপায় কৃষ্ণপ্রেমসেবার সুগন্ধিপুষ্পের পার্শ্বে নিষিদ্ধ গন্ধহীন বর্ণধারী আমার স্থান হইয়াছে বলিয়া আমাকে ঐ সকল পুষ্পের সহিত সমান বা অধিক লোকমনোমুগ্ধকর বিচার করিয়া দাম্ভিকতা প্রকাশ করিলে আমি কোনও দিন শ্রীগুরুপাদপদ্মের অঞ্জলি হইতে পারিব না, তখন 'My Gurupuja' 'My first year' এইরূপ 'My', 'my' বলিতে বলিতে আত্মঘাতী 'সোঽহংবাদী', হইয়া পড়িব—রাবণের ন্যায় সীতাহরণ করিবার দুষ্প্রবৃত্তিবিশিষ্ট হইয়া আত্মবিনাশ লাভ করিব। এজন্য শ্রীল প্রভুপাদ তাঁহার ৫২বর্ষপূর্ত্তি সকাশে একটী অভিভাষণে (১৯২৬ খৃষ্টাব্দ) বলিয়াছিলেন,—

শ্রীরূপানুগগণের বিরোধি-সম্প্রদায় শুদ্ধভক্তগণের যে-সকল রাদ্ধান্তের (সিদ্ধান্ত) বিরুদ্ধ আচরণ করিয়া গৌরসেবা-বিমুখতার আস্ফালন করিতেছেন তদ্দ্বারা তাঁহারা নিজেরাই অপরাধফলে প্রেমভক্তি হইতে বিচ্যুত হইবেন; তাঁহাদের জন্য আমি অনুশোচনা করিতেছি। তাঁহাদের কুবাক্যসমূহ বা কুচেষ্টাসমূহ শুদ্ধসেবকগণের সদ্ধর্ম্ম-প্রচারের কোন প্রকারেই ব্যাঘাত উৎপাদন করিতে সমর্থ হইবে না, পক্ষান্তরে তাদৃশ প্রতিকূল আচরণফলে জগতে বৈকুণ্ঠের অভিনব আলোক প্রদান করাইবার সহায়তাই করিবে। তাঁহাদের ঐ প্রতিকূল চেষ্টাকেও শ্রীগৌরসুন্দরের মনোহভীষ্ট বলিয়া শ্রীগৌড়ীয়মঠের সেবকগণ জানেন। "কেহ মানে, কেহ না মানে, সব—তাঁ'র দাস" এই বর্ণাশ্রিত কথাটি আলোচনা করিলেই জীবের স্বরূপসিদ্ধির বাধ ত ঘটিবে না।"

বাণীপূজা ও বাগ্‌বৈখরী

(মহামহোপদেশক অধ্যাপক শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী)

পরমারাধ্য শ্রীল প্রভুপাদ তাঁহার ভুবনমঙ্গল অপ্রকট-লীলা আবিষ্কার দ্বারা মাদৃশ সেবাবিমুখের প্রতি যে তাঁহার অহৈতুকী কৃপাই প্রদর্শন করিয়াছেন, তাহাতে আর সন্দেহ কি? অপ্রকটের অল্পকাল পূর্ব্বে শ্রীল প্রভুপাদ কঠিন ব্যাধিগ্রস্তের ন্যায় লীলাভিনয় করিয়া পুরীধামে শ্রীপুরুষোত্তম মঠে কিছুদিন অবস্থান করিতেছিলেন। সেই সময়ে জনৈক জড়বিদ্যোৎসাহী প্রবীণ মনীষী শ্রীল প্রভুপাদের শ্রীচরণে নিবেদন করিয়াছিলেন যে, শ্রীল প্রভুপাদের সংকলিত শ্রীভক্তিরসামৃতসিন্ধু-গ্রন্থের বিস্তৃত গৌড়ীয়-সংস্করণ প্রকাশিত হইলে তাহা পাঠ করিয়া জগতের প্রভূত কল্যাণ সাধিত হইবে। তদুত্তরে শ্রীল প্রভুপাদ জানাইয়াছিলেন যে, শ্রীল প্রভুপাদের সহিত জগতের এরূপ সম্বন্ধ নহে যে, তিনি গ্রন্থ রচনা করিবেন এবং জগদ্বাসী [illegible] পাঠ করিয়া তাঁহাদের কৌতূহল চরিতার্থ করিবেন।

অপ্রাকৃত বাণীর পূজা ও প্রাকৃত বাণীর অনুশীলন এক নহে। প্রাকৃত বাণীর সেবাভিনয়কারিগণ পরমার্থ-ধনে চিরবঞ্চিত। পক্ষান্তরে অপ্রাকৃত বাণীর সেবার কপট অভিনয়ে স্বীয় অপস্বার্থ সিদ্ধির প্রচেষ্টাও সর্ব্বাপেক্ষা ভীষণতম অপরাধ।

মহাপ্রভু শ্রীচৈতন্যদেব বিদ্যাবধূ-জীবন শ্রীকৃষ্ণসঙ্কীর্ত্তনবিগ্রহ; পরবিদ্যাবধূ গৌরবাণীর সেবিকা। শ্রীগৌরসুন্দর—তাঁহার বাণীশক্তি তাঁহাকে যেরূপভাবে সেবা করেন তাহাই কলিযুগের একমাত্র অনুশীলনীয় ধর্ম্মরূপে প্রকাশিত করিয়াছেন। বর্ত্তমান যুগের সহিত গৌরবাণীশক্তির ইহাই প্রকৃত সম্বন্ধ।

জগতের ধারণা ও অভিজ্ঞতা এই যে, বাণীশক্তি, শব্দশক্তি বিদ্যার সেবা করেন। প্রাকৃত শব্দশক্তির সহিত জড়বিদ্যার সম্বন্ধ নিগূঢ়। তথাপি জড়বিদ্যা জড়ীয় শব্দশক্তি অপেক্ষা শ্রেষ্ঠ, ইহাও স্বীকার্য্য। শব্দশক্তি জড়ীয় বিদ্যার প্রাণ অর্থাৎ সেব্য, ইহা কোন জড়পাণ্ডিত্যাভিমানীই স্বীকার করিবেন না। জড়বাণীশক্তি জড়বিদ্যালাভের উপায় মাত্র। জড়বাণীশক্তি জড়-সবিশেষ হইতে জড়নির্বিশেষভাব গ্রহণের যন্ত্র। জড়নির্বিশেষভাব উদিত হইয়া জড়সবিশেষ ভোগের মধ্যে একটা তৎকালীন অবাস্তব উপাদেয়তা-অনুভূতি উৎপন্ন করে। এইরূপ তুচ্ছ মোহ উৎপন্ন করিয়া এই ধন-ধান্য-পুষ্পে ভরা বসুন্ধরাকে মানব-ভোগ্যা করাই জড়-শব্দশক্তি-সেবিত জড়বিদ্যার উদ্দেশ্য। এবম্বিধ ব্যাপারে জড়বাণীশক্তি জড় বিদ্যার সহচরী এবং দাসীরূপে পরিদৃষ্ট হয়। জড়বিদ্যার সেব্যরূপে মানবই কল্পিত হইয়া থাকে। ভগবানের সেবার সহিত জড়বিদ্যার কোনরূপ সম্বন্ধ নাই। শ্রীল প্রভুপাদসংকলিত শ্রীভক্তিরসামৃতসিন্ধু গ্রন্থের গৌড়ীয় [illegible] তাঁহার [illegible]গণের ভোগাত্মক গতি অতিক্রম করিয়া শ্রীবৃন্দাবনাভিন্ন শ্রীনবদ্বীপধামকেও অন্তর্গত করাইবে; শ্রীপুরুষোত্তম মঠে আগত পূর্ব্বোক্ত মনীষী মহোদয়ের এতাদৃশ প্রস্তাব শ্রীল প্রভুপাদ অনুমোদন করিতে পারেন নাই।

বাণীশক্তির পূজা দ্বারা বাণীশক্তি-সেবিত শক্তিমান বাণী-গৌরের অবতরণ সম্ভব। প্রাকৃত বাণীশক্তির ভোগানুশীলন দ্বারা অপ্রাকৃত বাণীশক্তির প্রতি বিদ্বেষ প্রদর্শিত হয়। অপ্রাকৃত বাণীশক্তিকে প্রাকৃত বাণীশক্তি কল্পনা করিয়া তাহার প্রতি ভোগানুশীলনের চেষ্টা সর্ব্বাপেক্ষা ভীষণ অপরাধ। মনীষী মহোদয় শেষোক্ত প্রকার অপরাধ অনুষ্ঠানের জন্য যে প্রস্তাব উত্থাপন করিয়াছিলেন উহা স্বয়ং গৌরবাণীশক্তি শ্রীল প্রভুপাদ তজ্জন্যই উপেক্ষা করিয়াছিলেন।

গৌরবাণীশক্তি শ্রীগৌরসুন্দরের নিত্যসেবিকা। তিনি কখনই মানবভোগ্যা নহেন। গৌরবাণীশক্তির অহৈতুকী কৃপায় মানবের স্বরূপের সেবাবৃত্তির উদ্বোধন দ্বারা গৌরবাণীশক্তিসেবিত শ্রীশ্রীরাধাগোবিন্দ-মিলিততনু শ্রীগৌরসুন্দরের সেবা লাভ হয়। তখন শ্রীবাণীগৌর সেবোন্মুখ সাধকের হৃদয়ে পরবিদ্যাবধূর জীবন স্বীয় স্বরূপ প্রকাশ করেন।

শব্দ-শক্তিদ্বারা শব্দের অর্থ প্রকাশিত হয়। শব্দের অর্থ প্রকাশিত হইলে শব্দশক্তির আনুগত্যে পরবিদ্যাবধূর জীবন প্রতিষ্ঠিত হয়। শব্দ দ্বিবিধ—ইতর-ব্যোমজাত, গুণজাত জগতের জীব-ভোগ্য খণ্ডিত বিষয়সমূহের জ্ঞাপক মায়িক শব্দ ও বৈকুণ্ঠ-শব্দ। বৈকুণ্ঠ-শব্দ মর্ত্ত্যে প্রাপ্য বা ভোগ্য নহেন। কিন্তু সেবোন্মুখ ইন্দ্রিয়ের গ্রাহ্যরূপে বৈকুণ্ঠবাণী জগতে অবতরণ করেন। বৈকুণ্ঠবাণী শক্তিমান স্বয়ং ভগবান্। বৈকুণ্ঠশব্দ-শক্তি-দ্বারা বৈকুণ্ঠশব্দ সেবোন্মুখ জীবের চিৎকর্ণে শ্রবণ-যোগ্যতা প্রদান করিয়া জীবের সেবা গ্রহণ পূর্ব্বক তাঁহার উদ্বুদ্ধ স্বরূপের নিকট স্বীয় অপ্রাকৃত শাব্দিক রূপ প্রকাশ করেন।

ব্রহ্মজ্ঞানলাভ শব্দ-ব্রহ্মের অপ্রাকৃত অনুভূতি-সাপেক্ষ। শব্দ-ব্রহ্মই সর্ব্বশক্তিসমন্বিত, এক এবং অদ্বিতীয় বাস্তব বস্তু। শব্দশক্তি শব্দব্রহ্মের অভিন্ন স্বরূপশক্তি। শব্দব্রহ্ম শ্রীশ্রীরাধাকৃষ্ণমিলিততনু শ্রীগৌরসুন্দর। শব্দ-শক্তি শ্রীমতীর দ্বিতীয় স্বরূপ শব্দশক্তি দ্বারা শ্রীশ্রীরাধাকৃষ্ণ যুগলরূপে এবং মিলিততনুরূপে যুগপৎ নিত্যসেবিত।

বৈকুণ্ঠশব্দ-শক্তি জড়ীয়রূপবর্জ্জিত অপ্রাকৃত চিন্ময়রূপ-বিশিষ্ট। তিনি নিত্য-চেতন-বিগ্রহ-বিশিষ্ট। ইতর-ব্যোমজাত শব্দশক্তি-জড়ীয়রূপ এবং তদুপরিস্থ জড়ীয় অরূপের সঙ্কীর্ণ গণ্ডি অতিক্রম করিয়া চেতনের রূপের সীমাহীন রাজ্যে প্রবেশ লাভ করিতে পারে না। ঊর্দ্ধ্ব হইতে অবতীর্ণ বৈকুণ্ঠশব্দ ও বৈকুণ্ঠশব্দশক্তি একাত্মক। শ্রীমুখে অবতীর্ণ শ্রৌতবাণীকে ইতর-ব্যোমজাত শব্দ কল্পনা করিয়া বৈকুণ্ঠবাণী-ভোগের যে উদ্যম অপরাধময় প্রয়াস, তাহাই বাগ্‌বৈখরীর সর্ব্বাপেক্ষা জঘন্য তাণ্ডব।

শ্রৌতবাণী অপ্রাকৃত-বাণী-সেবকগণের [illegible] মায়িক জগতে

প্রভু-অবদান-স্মরণ-অশ্রুবারি

(ত্রিদণ্ডিস্বামী, শ্রীমদ্ভক্তিভূদেব শ্রৌতী মহারাজ)

নমঃ ওঁ বিষ্ণুপাদায় কৃষ্ণপ্রেষ্ঠায় ভূতলে।
শ্রীমতে ভক্তিসিদ্ধান্ত-সরস্বতীতি নামিনে॥

পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদ! আজ আপনি যদিও আমাদের চক্ষের অগোচরে রহিয়াছেন, তথাপি আমরা জানি যে, আপনি নিত্যকালই আমাদের প্রতি করুণাবারি বর্ষণ করিতেছেন, আর [illegible] এই তিরোভাব-লীলাও আমাদের কোন মঙ্গল সাধনোদ্দেশেই আবিষ্কার করিয়াছেন। আপনি অন্তরালে থাকিলেও আপনার একনিষ্ঠ সেবকগণ সর্ব্বদাই আপনাকে আপনার বাণীর মধ্যে দেখিতে পাইতেছেন। পদস্থ কথা আমাদের কর্ণকুহরে প্রবেশ করিতেছে ও তাঁহার বাণী সেবা করার প্রতি প্রীতি অধিকতর গাঢ়তা প্রাপ্ত হয়।

অবতীর্ণ হন। বাণী-শক্তিই তাঁহার একমাত্র আরাধ্যকে প্রদান করিতে সমর্থ। আবার বাণী-শক্তি যাঁহারা নিজ সেবকের ভাব অঙ্গীকার করিয়া নিজেই নিজের সেবা-শিক্ষা দান করেন। শ্রীগৌরসুন্দরের লীলায় তাঁহার বাণী-শক্তির এই অপূর্ব্ব ঔদার্য্যময়ী সেবা-চেষ্টা প্রদর্শিত হয়

স্বয়ং আবির্ভূতা বাণী শ্রবণেন্দ্রিয়ের সেব্যা। তিনি অক্ষরাত্মক মূর্ত্তিরূপে জগতে নিত্য প্রকাশিত। ভগবান্ শ্রীব্যাসদেব লোকলোচনে শ্রৌত বাণীর বিস্তৃতি ও অসমোর্দ্ধ সম্পূর্ণভাবে সংরক্ষণ করিয়া থাকেন। শ্রীব্যাসদেবের অপ্রাকৃত বাণী-সেবা-পদ্ধতি যাবতীয় ব্যাসানুগ শ্রৌত-পন্থী আচার্য্যগণ আচরণমুখে প্রচার করিয়া থাকেন।

পরমারাধ্য শ্রীল প্রভুপাদ তাঁহার পরম ঔদার্য্যময়ী আচার্য্য-লীলা প্রকাশ করিয়া শ্রীব্যাসপূজা যে গৌর-বাণী-মূর্ত্তির আরাধনা এই বেদগোপ্য রহস্য স্বীয় আচরণমুখে জগদ্বাসীর সমক্ষে উদ্ঘাটিত করিয়াছেন। শ্রীব্যাসানুগ আচার্য্যধারায় শ্রীগৌর-বাণী-মূর্ত্তিই যুগে যুগে তদীয় নিত্যারাধ্য শ্রীবাণী গৌরের সাক্ষাৎ অবতরণ দ্বারা জীবের পরমমঙ্গলের একমাত্র উপায় আবিষ্কার করিয়া থাকেন।

আমরা আপনার দেব-দুর্লভ সঙ্গ বহু ভাগ্যফলে পাইয়াছিলাম। কিন্তু দুর্ভাগ্যবশতঃ আপনাকে চিনিতে পারি নাই। আপনার পাদপদ্মের নিত্য [illegible] উপবেশন করিয়া নিত্যানন্দস্বরূপ [illegible] করিবার পরিবর্তে আপনার অনন্ত বিভূতির কণমাত্রের আভাস পাইয়াই নিজেদের গৌরবান্বিত মনে করিয়া আত্মাভিমানে ফুলিয়া গিয়াছিলাম। আপনার শিক্ষায় শিক্ষিত হইয়া পরে আমরা আপনার কৃপায় কিঞ্চিৎ যোগ্যতা প্রাপ্ত হইয়া, মূক আমরা বাগ্মী হইয়া আপনারই মহিমা কীর্ত্তন দিয়া তদানীন্তন উপনিষদুক্ত দেবগণের ন্যায় বৃথা অহঙ্কারে মত্ত হইয়া পড়িয়াছিলাম, তাই আপনি তাদৃশ আমাদের স্বরূপ প্রকাশের জন্যই এই লীলা প্রকাশ করিলেন। স্বেচ্ছাময়—স্বেচ্ছাতেই আপনার এক স্থানে গমনাগমন। আমরা ভগবৎকৃপায় আপনার সঙ্গ পাইয়াছিলাম, আবার তাঁহারই ইচ্ছায়ই সেই সঙ্গ ভঙ্গ হইল।

আপনি গত তিন বৎসর যাবৎ গায়ত্রী "তদ্বাদিনং জগন্মোহনমনঃস্বরূপং", "কৃষ্ণাং [illegible] অর্চ্চনং [illegible]" শ্লোক আমাদের নিকট ব্যাখ্যা করিয়া [illegible] ভুক্তি-মুক্তি-বাঞ্ছা ও কর্ম্ম [illegible] কতই না গভীরভাবে প্রচার করিয়াছেন: "কি শুনিলে না শুনে কাণ, জানিলে না জানে প্রাণ দাঁড়াইতে না পারি নিশ্চয়"

আপনি আমাদের দুর্দ্দশা দেখিয়া অনেক সময় একথাও উচ্চারণ করিতেন,—"মাধব, হাম পরিণাম নিরাশা!" আমরা তখন আপনার এভাবের তাৎপর্য্য বুঝিতে পারি নাই। কিন্তু এখন বুঝিতেছি যে, আপনি কেবল আমাদের ভাবী পরিণামের বিষয়ে বৈরাগ্য দেখাইতেন। আপনি আমাদের মঙ্গলবিধানের চেষ্টা করিতে গিয়া আমাদের উদাসীনতা দেখিয়া নিরাশ হইয়াছেন। আপনি "বৃদ্ধবানরের গল্পে"র উদাহরণ দিয়া অনেক সময় বুঝাইয়াছেন যে, তোমরা জ্ঞান-বৃদ্ধ, আমার উপদেশ না শুনিলে তোমাদের পরিণামে অশেষ দুর্গতি আছে।

আপনি আদর্শ শ্রোত্রিয় ব্রহ্মনিষ্ঠ গুরু। তাই তথাকথিত কৌলিক বা লৌকিক গুরুব্রুবগণের ন্যায় শিক্ষা-দীক্ষাদি প্রদানের চেষ্টা কখনই করেন নাই। কিন্তু শ্রীরূপশিক্ষায় শ্রীমন্মহাপ্রভুর কথিত—

ব্রহ্মাণ্ড ভ্রমিতে কোন ভাগ্যবান্ জীব।
গুরু-কৃষ্ণ প্রসাদে পায় ভক্তিলতা-বীজ॥
মালী হঞা সেই বীজ করে আরোপণ।
শ্রবণ কীর্ত্তন-জলে করয়ে সেচন

—এই বাণীর যাথার্থ্য প্রদর্শন করিয়াছিলেন। শিষ্য অর্থে শাসনযোগ্য। আপনি নিজ অনুগত শিষ্যগণকে শাসন করিয়া নানা প্রকারে উপদেশ ও শিক্ষা দিয়া আদর্শ শিষ্য করিয়া তুলিয়াছেন; কাহারও কিঞ্চিন্মাত্র দোষ দেখিলে তাহা উপেক্ষা না করিয়া তাহাকে নানাভাবে সংশোধিত করিতে চেষ্টা করিয়াছেন। কিন্তু যাহারা দুর্ভাগ্যবশতঃ এরূপ কাম্য প্রতিষ্ঠাদিতে আবদ্ধ হইয়া সংশোধনের পরিবর্তে অন্যান্য হইয়া আপনার কৃপা বুঝিতে পারে নাই, তাহা দিগকে বঞ্চনা দ্বারাও সেবাধিকার প্রদানে শ্রম পাইয়াছিলেন। কিন্তু সর্ব্ব প্রভুর মঙ্গল স্মরণাতীত।

আপনার ইচ্ছা ও উপদেশানুসারে গৌড়ীয়পত্রে প্রকাশিত 'সেবার খতিয়ান' প্রবন্ধ পাঠ করিয়া জনৈক অভিমানী সেবককে নিজ কপটতা প্রকাশিত দেখিয়া মর্ম্মাহত হইয়া লেখককে বৃথা অভিযোগ দিতে থাকিলে আপনি তাহার নিকট বলিয়াছিলেন যে, [illegible] যে সহ্য করিতে না পারিবে, তাহার এখনও গৌড়ীয়মঠে জন্মই হয় নাই।

মুক্ত পুরুষের আদর্শের অনুকরণে আপনার শিষ্যাভিমানী কেহ কেহ স্বীয় আলেখ্যাদি প্রকাশ ও বিতরণ-দ্বারা নিজেকে জাহির করিতে চেষ্টা করিলে আপনি সাপ্তাহিক ধারা ও 'আলেখ্য' প্রবন্ধ প্রকাশ করিয়া অনেক শাসন করিয়াছিলেন; কিন্তু "চোরা না শুনে ধর্ম্মের কাহিনী"। প্রাকৃত মূর্খ [illegible] হাবুডুবু খাইতেছে, তাহার সংশোধন দুঃসাধ্য।

আপনি নিজে আচরণ পূর্ব্বক জন্মাষ্টমী ও হরিবাসরাদি ব্রত-পালনের অবশ্য কর্ত্তব্যতা শিক্ষা দিয়াছেন। বিভিন্ন সাময়িক পত্র প্রকাশ করিয়া আমাদিগকে নিরন্তর ভগবদ্ধাম-শ্রবণ-কীর্ত্তনের সুযোগ দিয়াছেন। শাস্ত্র-সম্মত সু-সিদ্ধান্ত বাণী-প্রচারে কোনদিনই আপনি পরাঙ্মুখ হন নাই। আপনি বাল্যকাল হইতেই সহস্র সহস্র প্রতিদ্বন্দ্বীর নিকট বজ্রনির্ঘোষে সনাতন বৈষ্ণব-ধর্ম্মের অসমোর্দ্ধত্ব প্রচার করিয়া স্বীয় বিজয়-বৈজয়ন্তী উড্ডীন করিয়াছিলেন; তৎকালে পরমারাধ্যতম ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর মহাশয় আপনাকে এই আশীর্ব্বাদ করিয়াছিলেন,—"তুমি সর্ব্বত্র বৈষ্ণব-সিদ্ধান্তে অজেয় হইবে। অকপট নিরপেক্ষ সত্য প্রচার করিতে গেলে অপস্বার্থপর সমস্ত বহির্ম্মুখ জগৎ যদি তোমার বিরুদ্ধে একত্রিত হইয়াও দণ্ডায়মান হয়, তাহা হইলেও কেহ তোমার নির্ভীক কণ্ঠ রোধ করিতে পারিবে না। সত্য প্রচারে তুমি কোনদিন পশ্চাৎপদ হইবে না।"—অনুগামী বৈষ্ণব-ঠাকুরের এই বাণী ছত্রে ছত্রে সত্যে পরিণত হইয়াছে; উহা দর্শন করিবার সৌভাগ্য আমাদের হইয়াছিল। আপনি স্বীয় প্রকট-কাল যাবৎ এইভাবেই চলিয়াছেন। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের আরও কয়েকটী রচিত গীত আপনি সফল করিয়াছেন।

সর্ব্বক্ষণ সর্ব্বেন্দ্রিয়ে সর্ব্ব-বস্তুতে কি প্রকারে অনুক্ষণ-কৃষ্ণানুশীলন হইতে পারে, আপনি তাহার আদর্শ আচার্য্য ও শিক্ষক। তাৎকালিক ধন-জন-পাণ্ডিত্যাভিমানী ব্যক্তিগণ আপনার এই লীলা বুঝিতে না পারিয়া অনেকে আপনার শ্রীচরণে অপরাধ সঞ্চয় করিয়াছেন। কিন্তু আপনার কৃপাবারি সিক্ত নিষ্কিঞ্চন সেবকগণ আপনার শ্রীচরণের মাহাত্ম্য উপলব্ধি করিয়া জাগতিক অভিমান-শৈল চূর্ণ-বিচূর্ণ করিয়া দিয়া আপনার শ্রীচরণপ্রান্তে আত্মনিক্ষেপ করিয়াছেন। আপনি নিজ ভৃত্য-বর্গের গুরু অপরাধ সকলও তুচ্ছজ্ঞান করিয়াছেন, আবার তাঁহাদের সামান্য সেবাকেও বহুমানন করিতে শতমুখ হইতেন। আর কখনও আত্মনিন্দাকারী লোকগণের প্রতি বিদ্বেষ প্রকাশ করেন নাই,—একমাত্র আপনি ভাগবতী বাণীর আদর্শ-বিগ্রহ—

ভূয়াত্ত পঙ্‌ক্তি গুরুবাক্ পাপধারান্
সেবাং কুর্ব্বাণ মনাগ, বদ্ধানুবৃত্তিং।
আনন্দর্পত্ৰ [illegible] নাপহায়াং
শীলেন নিখনব্রিকঃ পুরুষো ভবেহং॥

আমরা আপনার জাগতিক বৈভবে আকৃষ্ট হই নাই। কিন্তু আপনার বাণীই আমাদের অধিকারানুসারে আমাকে চিনাইয়াছেন; আপনার বাণীই আপনার স্বরূপ—আপনার বাণীই আপনার প্রকাশক—আপনার বাণীই জগতে আপনার অসমোর্দ্ধত্বের পরিচায়ক। আপনার বাণীই সর্ব্বধর্ম্মের যথার্থ সমন্বয় প্রদর্শন করিয়াছেন। তাহাই গৌরবাণী। সুতরাং আপনি গৌর-বাণীর মূর্ত্ত-বিগ্রহ। আপনার বাণী আমাদের নিত্যারাধ্য হউন। আমরা যেন বাণী-সেবা কখনও ত্যাগ না করি। যাঁহারা আপনার বাণীর প্রকৃত সেবক, [illegible] শ্রীচরণে যেন নিজ সর্ব্বস্ব অকপটে সমর্পণ করিতে পারি, ইহাই আপনার শ্রীচরণে আমাদের চির-প্রার্থনা। আপনি অন্তিমকালে যে আশীর্ব্বাদ করিয়া গিয়াছেন, তাহাতে আমাদের যথেষ্ট রতি হউক।

আপনি অন্তর্হিত, অদ্য আমাদিগকে জোর করিয়া বৈরাগ্যযুগ ভক্তিরস পান করাইয়াছেন। কৃপাম্বুধি পরদুঃখদুঃখী সনাতনপ্রভু আপনার শ্রীচরণে উপহার দিবার মত আমাদের কিছুই নাই, আপনার অনন্ত গুণাবলীর কথা স্মরণ করিতে করিতে অশ্রুবারিতে আপনার কোটিচন্দ্রসুশীতল শ্রীচরণ অভিষিক্ত করিয়া এই বিজ্ঞপ্তি জানাইতেছি—

যেনৈব ভুক্তাত্তু রুজেন স দীননাথঃ।
কো নাম তৎপ্রতি বিনাঞ্জলিমত্র কুর্য্যাৎ॥

শ্রীগুরুপূজা-বাসরে হৃদয়-গুণ্ডিচা-মার্জ্জন

হে পরমকরুণাময় প্রভুপাদ, আপনার অপ্রকট-লীলায় [illegible] আচার্য্য-ধারা-সংরক্ষক ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুচরণের আনুগত্যে কৃপাপ্রার্থিজনগণ অষ্টপ্রহরব্যাপী বিপুল শ্রবণ-কীর্ত্তনমুখে প্রথম বার্ষিক-বিরহ-পূজার আপনার শ্রীমূর্ত্তি বিজয় করিলে আশ্রয়বিগ্রহ আপনি বিরহ মাধ্যমে নিমজ্জিত আপনার একান্ত জনগণকে পুনঃ সেবাসুযোগ প্রদানার্থ এবং তাঁহাদের আনন্দ বর্দ্ধনার্থ সচ্চিদানন্দ-প্রদায়িনী প্রকট-ভিত্তিতে কীর্ত্তনবিগ্রহরূপে পুনঃ প্রকটিত হইয়া প্রকটাপ্রকট-লীলা-রহস্য প্রকাশ পূর্ব্বক সেবক-হৃদয়ে চমৎকারিতা প্রদান করিয়াছেন। এখানেই আপনার শুদ্ধ সেবকগণ আপনার নিত্য সেবকবাৎসল্য, মহাবদান্যতা ও কারুণ্যের কথা সম্যক্ উপলব্ধি করাইতেছেন। আপনি আমাদের নিত্যারাধ্য আশ্রয়-বিগ্রহ শ্রীগুরু-পাদপদ্ম। আপনি সাক্ষাৎ শ্রীনিত্যানন্দ। আপনার করুণা-কটাক্ষপাতে আমাদের বিষয়-বাসনা দূরীভূত হইয়া যদি শুদ্ধতা লাভ করিলে স্বজন-বিজন-প্রয়োজনাবতার, উন্নতোজ্জ্বল রসভক্তি-প্রদাতা, ঔদার্য্যলীলাময় পুরুষোত্তম শ্রীশ্রীগৌরসুন্দরের অভিলাষ বৃত্তিরূপে প্রেম-ভক্তি-ধনে তল্লীলা-পরিকর-বৈশিষ্ট্য দর্শন-সৌভাগ্য লাভ হয়। তাই পতিতাধম আমি আজ [illegible] চরণদেবের আনুগত্যে আপনার কৃপাভিক্ষা করিতেছি। আপনি নিজগুণে প্রসন্ন হউন।

যাঁহার আগমনে, শ্রবণে, কীর্ত্তনে, স্মরণে শ্রীশ্রীগুরুপাদপদ্মের অপ্রাকৃত নাম, রূপ, গুণ, লীলা ও পরিকর-বৈশিষ্ট্য হৃদয়-কন্দরে স্ফুরিয়া উঠে, সেই সর্ব্বসুমঙ্গলপ্রদা পরম পবিত্রা মাঘী কৃষ্ণা পঞ্চমী তিথি অদ্য জগতে উদিতা হইয়া—হে গুরুদেব, আপনার আবির্ভাব পরমকারুণিক আচার্য্য লীলা জগদ্বাসীকে জানাইয়া দিতেছেন। এ হেন মাঘী কৃষ্ণা পঞ্চমী সুমেধা ব্যক্তিগণের কৃপায় জড়-দাম্ভিকতা, অহংতা-মমতাদি সর্ব্ব পূর্ব্বক পরিত্যাগ করিয়া, অনুক্ষণ অপ্রাকৃত নাম-গানে আরাধ্যতম দেবের পাদপদ্ম অর্চ্চনরত শুদ্ধভক্তসম্প্রদায়ের আনুগত্যে সর্ব্বদাই উচ্চ কণ্ঠে মহিমান্বিত সাক্ষাৎ শ্রীহরি হইতে অভিন্ন হইয়াও প্রভুপ্রেষ্ঠ শ্রীগুরুদেব—আপনার পাদ-পদ্মে আপনার শ্রীচিত্ত-সেবা উদ্দেশ্যে অসংখ্য সাষ্টাঙ্গ দণ্ডবৎ প্রণাম বিধান পূর্ব্বক মাদৃশ অভাজনের তৃণ-কঙ্কর-ধূলিপূরিত হৃদয়-গুণ্ডিচা-মন্দিরের প্রয়াস পাইয়া আমার নিত্য প্রভু আপনার স্বজন চিরবিলাসভূমিকা—মোর মন বৃন্দাবনে পরিণত হউক, ইহাই কৃপাপ্রার্থিজনগণের নিকট প্রার্থনা করি।

হে গুরুদেব! ভগবৎকৃপায় আপনার [illegible] বৎসরের শেষে আজ পুনরায় আপনার সুমঙ্গলময় প্রকট-বাসরে শ্রীব্যাস-পূজার দিনে, 'তুমি [illegible]' ও কামের পরিণাম নিরূপণ [illegible] সকল দূর করিয়া কিরূপে স্ব-স্বরূপোদ্বোধন বৃত্তি লাভ করিব, জানি না। মাদৃশ অযোগ্যের আপনার কৃপাই একমাত্র সম্বল।

[illegible] ভক্তিচক্ষুরঞ্জন-শালা হইতে পড়িয়া জানা যায় যে, কর্ম্মফল [illegible] এবং মূর্খ অর্থাৎ অজ্ঞানতার, কপটতা এবং অজ্ঞানতা সম্পূর্ণরূপে পরিহার করিতে হইবে। হৃদয়ে জড়-বিচার-প্রাধান্য থাকাকাল পর্য্যন্ত দেবের প্রলোভনীয় পুষ্পভারা, ধর্ম্ম, অর্থ, কাম এবং মোক্ষ নামক সাধুরা [illegible] এই চতুর্ব্বর্গের হস্ত হইতে নিষ্কৃতি লাভের উপায় দেখি না; যখন তামসিক বুদ্ধিকে বিচরণ করিতে করিতে রাজস প্রধান বুদ্ধিকে বরমাল্য দিয়া তাহার পশ্চাতে মৃগতৃষ্ণিকার ন্যায় বহিঃস্থ মায়ামৃগকে অবলম্বনীয় জ্ঞানে চঞ্চলচিত্ত হইয়া ধাবমান হইতে থাকি; যত পরিশ্রান্ত হইয়া অন্তরে ক্লেশের নিবৃত্তি দেখিতে না পাইয়া সাধুগুরুবৈষ্ণব-[illegible] চতুর্দ্দশ ভুবন ভ্রমণ করিয়াও [illegible] হস্ত হইতে নিস্তার লাভ করিতে পারি না; কেবল পরিশ্রমই সার হয়। 'কৃষ্ণ ভুলিয়া গিয়াছি' আমি বিষ্ণুমায়ার ত্রিগুণ নিগড়ে আবদ্ধ আছি। কোন ভাগ্যক্রমে সাধু-গুরু-কৃপায় নিজ অর্থাৎ স্বরূপ-চক্ষের চৈতন্য সম্পাদিত হইলে সাধু-গুরু-কৃপাবলে মায়াকে পিছনে রাখিয়া কৃষ্ণপানে তাকাইয়া ভজন করিতে কায়মনে কৃষ্ণপাদপদ্ম-প্রেমামৃত আস্বাদ হয়, একথা যখন উপলব্ধি করিতে পারি, তখনই [illegible] হইতে অভয়ে প্রতিষ্ঠিত হইবার প্রয়াস জন্মে। দৌর্ভাগ্যক্রমে আমি সাধুগুরু-সঙ্গলাভের সুযোগ পাইয়াও বঞ্চিত হইতেছি। আমি অনর্থগ্রস্ত জীব। লাভ, পূজা, প্রতিষ্ঠাশা, কুটিনাটি, নিষিদ্ধাচার, জীব-হিংসন সকল উপশাখা ঠিক মূল লতার ন্যায় আমার নিকট প্রতীত হইতেছে। আমি অজ্ঞতাবশতঃ ঠিক পথে চলিতে পারিতেছি না, এমনি আমার দৈন্য।

জগদ্গুরু শ্রীমন্মহাপ্রভু স্বয়ং আচরণ-মুখে উপশাখাগণের আমূল উৎপাটন করিবার শিক্ষা দিলেন—"তৃণাদপি [illegible] কর্ত্তব্য, [illegible] কীর্ত্তনীয় সদোহরিঃ।"

পরমদয়াল প্রভু আমার শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব লীলা-প্রকাশের প্রায় ৪০০ বৎসরের পর গৌরকাল-গণনায় [illegible] বৎসর পূর্ব্বে গৌর নাম ধাম কাম লীলা-সুবিস্তার-মানসে এবং তৎসঙ্গে মাদৃশ অভাগা জীবের কল্যাণার্থ [illegible] হইয়া শ্রীমন্মহাপ্রভুর [illegible] [illegible] সুযোগ প্রদান পূর্ব্বক [illegible] সুযোগ প্রদান করিয়াছেন। [illegible] সকলে আপনার অহৈতুকী কৃপায় শ্রীগৌর কৃষ্ণনাম প্রেমে মত্ত হইয়া 'হরেকৃষ্ণ' মহামন্ত্র উচ্চকণ্ঠে গান করিয়া আলিঙ্গনবদ্ধ হইতেছেন,—

"পৃথিবীতে আছে যত নগরাদি গ্রাম।
সর্ব্বত্র প্রচার হইবে মোর নাম॥"

—এই বাক্যের সত্য ভবিষ্যদ্বাণীর সার্থকতা সম্পাদন করিতেছেন। গৌরকরুণা-[illegible] আপনার [illegible] আর কি বলিব? কিন্তু হায়, প্রভো! [illegible] নিকট একটু বিশেষ কথা [illegible] কথা আবার প্রকাশ করা যায় না। বাঙ্গলায় আবার মঠ-আশ্রম হইয়াছে, পাঠ-কীর্ত্তন হইতেছে; বক্তৃতা-কার্য্যও হইতেছে; কীর্ত্তনকার্য্যও হইতেছে; অনুকূল সংগ্রহকার্য্য হইতেছে, মঠে থাকিয়া [illegible] কার্য্য [illegible] হইতেছে, মুখের উদ্দেশ্য [illegible] পর্য্যন্ত পরিলক্ষিত হইতেছে; বাস্তবে জীবের কিছুমাত্র [illegible] লক্ষিত হইতেছে না। কিন্তু একটা মস্ত ভুল হইয়া যাইতেছে—

"আমা ভজিতে, সবল সাধে
বিষয়সুখ সকলই বাধক।"

ইহা বুঝিয়াও বুঝিতেছি না, বলিয়াও [illegible] না, বরং তাহাতেই উদাসীন রহিয়াছি। লাভ, পূজা, প্রতিষ্ঠাশারূপ জীবন হইতে [illegible] দিয়া যাবতীয় চেষ্টা ব্যর্থ হইয়া যাইতেছে! আপনার অভিন্ন নাম-বিগ্রহের বাণী না থাকিয়া আপনার উপাস্য শ্রীবিগ্রহরূপ [illegible] হইতে [illegible] হইয়াছি। প্রভো, [illegible] জানি না। [illegible] মনোভাব [illegible] আমার [illegible] উপর [illegible] না হইল, তবে কাহার উপর প্রয়োগ হইবে, জানি না।

কল্পবৃক্ষ, নন্দিনী [illegible] যেরূপ সর্ব্বরস-সমন্বয়ে [illegible] হইয়া কৃষ্ণ [illegible] থাকিয়া [illegible] এবং [illegible] "প্রেমামৃতরস" [illegible] মাদৃশ হতভাগ্য [illegible] কনক-কামিনী-প্রতিষ্ঠার [illegible] পরাঙ্মুখ হইয়া [illegible] হইতেছে। [illegible] করে হৃদয়ে [illegible] হইবে জানি না।

'[illegible] কি কেবলম্', '[illegible] কেবলম্' বলিয়া চিৎকার করিতেছি, কিন্তু তৎসঙ্গে [illegible] করে [illegible] সাধনচেষ্টা করা বিশেষ প্রয়োজন। ইহা যে [illegible] বিষয়, এ কথা কোন প্রকারেই বুঝিতে পারিতেছি না। যদি সাধু-শাস্ত্র গুরু-বাক্য পালন না করি, তাহা হইলে পতিত [illegible] হওয়ার সম্ভাবনা আছে। সুতরাং [illegible] অবলম্বনের প্রয়োজন। শ্রীহরিভজন এবং শ্রীগুরুপাদপদ্ম-সেবার অবসর বা অবধানতা থাকিলে গুরুপরাধী, সেবাপরাধী এবং শ্রীনামাপরাধী হইতে হয়। অতএব, [illegible] করিতে [illegible] — আমি [illegible] পাইব।

হে বাঞ্ছাকল্পতরু গুরুদেব! আপনার শ্রীপাদপদ্মে [illegible] করা সত্ত্বেও মাদৃশ ভাগ্যহীন বিমুখ অবস্থা দেখিয়া, তাকে [illegible] উপর দৃষ্টিপাত না করিয়া প্রাপ্তি [illegible] প্রধানপুরুষ এবং আপনি all accommodating [illegible] বিচিত্রলীলা ও Proper adjustment করিয়া হৃদয়-তোষণ লীলা যুগপৎ সুশিক্ষার করাইতেছেন। হে সুকোমল! আপনার [illegible] সুকোমল [illegible] গুরুদেব, আপনার কৃপাই এ [illegible] একমাত্র সম্বল।

হে গুরুদেব! শ্রীচৈতন্যমঠ বা আপনার শ্রীপাদপদ্ম [illegible] আপনার কৃপা [illegible] না হয়—ইহাই আপনার শ্রীচরণে প্রার্থনা—

শ্রীব্যাসপূজা-স্মরণ-মঙ্গল

শঙ্খ, তুরী, ভেরী, মৃদঙ্গ, ঝাঁঝরী
তুলিছে তুমুল বিজয়ধ্বনি,
মাতুক জগৎ, আতঙ্ক মানব
— [illegible] আগমনী
[illegible]
চৌদ্দশতীন [illegible]
শ্রীগুরু করুণাময় —
চৌদ্দভুবনপূজিত চরণ,
গোরা নটরাজ কীর্তনভূষণ,
বিনোদ-বাণীতে করি' আবাহন
[illegible] জয় জয়
[illegible] করিয়া, গুরু
[illegible] সে মহাধ্বনি,
[illegible] ছুটিয়া
অধম পামর কাঁদে না প্রাণ।

"প্রভু, তব পদযুগে মোর নিবেদন।
নাহি মাগি দেহ সুখ বিদ্যা, ধন, জন।
নাহি মাগি স্বর্গ, আর মোক্ষ নাহি মাগি।
না করি প্রার্থনা, কোন বিভূতির লাগি।
নিজ কর্ম্মগুণ-দোষে যে যে জন্ম পাই।
জন্মে জন্মে যেন তব নাম গুণ গাই।"

[illegible] পতিতপাবন! আমার চঞ্চল চিত্তবৃত্তি প্রতি মুহূর্ত্তে [illegible] হইতেছে, [illegible] আপনি কৃপা পরবশ হইয়া অশেষ সুকৃতি সঞ্চয়ের অপার সুযোগ দিয়েছেন। প্রভো! স্বরূপের স্বদেশ এই দেবীধাম নহে; দেবীধামের অন্তর্গত ধর্ম্ম-অর্থ কামাদি অথবা কনক-কামিনী-প্রতিষ্ঠারূপ [illegible] আমার ভোক্তব্য নহে, পরন্তু আমি [illegible] সন্তান। আপনার শ্রীপাদপদ্মে আমার নিত্য [illegible]। আমি [illegible] আপনার নিত্য [illegible]। আপনার [illegible] [illegible] [illegible] — [illegible]

ভবের কারায় পাষাণ-প্রাচীরে
বন্দী চেতন মুহ্য হায়!
সংসারে পশিয়া [illegible]
জাগরণ [illegible] ফিরিয়া যায়।
[illegible],
লক্ষ্মণের সেবা উদ্যাপন করে,
নিখিল পাঠায়ে গৌড়ীয় করে
ডাকিলেন এস সবে,
ব্যাস অবতার শ্রীগুরু আমার
মধুর উচ্চ রবে।
পাষণ্ডী-অজ্ঞান [illegible]
পর দুঃখের [illegible] সাজে,
কায়ের সেবার [illegible]
বরণ করিয়া সকল কাজে।
তাই ব্যাস-বাণী পর [illegible],
মম [illegible] বিষয় মাঝে,
উত্তর কালে আমাতে চাহিয়া
[illegible] তাঁহার মাঝে।
মহৎ জনের অনুগ্রহ [illegible]
[illegible] শ্রীব্যাসপূজায়,
শত অপরাধে [illegible] পুড়িছে
কাঁদে না পরাণ পরম ব্যথায়;
পূজিতে পারিনি চরণ যুগল
জানাতে [illegible] প্রণতি মম,
শ্রীগুরু চরণ [illegible]
[illegible] মোর চেতন।
শ্রীরাধিকা-ভাব কান্তি [illegible] —
আবারত হয় হ'ল প্রাণধন,
শ্রীগৌর-প্রকট-মধু-পূর্ণিমায়
[illegible] আশিস্-ধারা;
শ্রীগুরু-করুণা [illegible]
[illegible];
তুমি [illegible] হায় শত অপরাধী,
শ্রীগুরু চরণ করুণা বারিধি
[illegible] কোমল
[illegible] চিত্ত ভুরিয়া যায়;
[illegible] বাতুল চরণে
[illegible] পারিনি [illegible] হায়!!
[illegible] পূজায়,
একটিও ফুল তুলি নাই হায়,
[illegible]
[illegible] বলি —
[illegible],
[illegible] তোমার,
[illegible]
[illegible] চাঁদ'?
শ্রীনাম-মন্ত্র [illegible] নাহি,
[illegible] জ্বালা,
সে নাম-মন্ত্র [illegible]
[illegible] মালা।
নাম [illegible]
[illegible] মন,
গোরা-[illegible] চরণ শরণ
[illegible] মোর;
নামসেবাহীন [illegible]
[illegible] মোর।

ভক্তিবিনোদবাণী

সকল রসে ভগবান্ স্বয়ং সেব্য হইয়া একভাগ এবং সেবকরূপে অন্য ভাগ গ্রহণ করিয়া সেই অন্য ভাগগত স্বরূপকে ভক্তদ্রসসেবিদিগের আদর্শ-স্থল করিয়া অচিন্ত্যলীলা বিস্তার করিয়াছেন। শৃঙ্গারে শ্রীমতী রাধিকা, বাৎসল্যে শ্রীনন্দযশোদা, সখ্যে [illegible] ও দাস্যে রক্তক—ইঁহারা ভক্তদ্রসগত ভগবানের সেবকভাব-বিশেষ। ইঁহার মধ্যে একটুকু ভেদ আছে যে, শৃঙ্গারে শ্রীমতী যেরূপ সাক্ষাৎ ভগবদ্বিভাগ বিশেষ, অন্যান্য রসে বলদেবই একমাত্র সাক্ষাদ্ বিভাগ। তাঁহার অঙ্গব্যূহস্বরূপ নন্দযশোদা, সুবল ও রক্তককে জানিতে হইবে।

নিত্যমুক্ত ও বদ্ধমুক্ত এই দুই প্রকার মুক্তজীব। যে সকল জীব কখনও জড়বদ্ধ হন নাই, নিরন্তর বৈকুণ্ঠবাস করিতেছেন, তাঁহারা নিত্য-মুক্ত। নিরন্তর অকপট নিঃস্বার্থ ভগবৎসেবা তাঁহাদের স্বভাব ও ক্রিয়া। তাঁহারা ভগবানের অনন্ত-লীলার সহায়কারী। ভগবান্ যখন নিজ অচিন্ত্যশক্তিবলে প্রপঞ্চে বিজয় করেন, তখন অনেক মুক্ত জীব তাঁহার সঙ্গে সঙ্গে প্রপঞ্চে আসিয়া থাকেন। কিন্তু তাঁহারা কখন জড় বদ্ধ হন না। ভগবানের সঙ্গে সঙ্গেই তাঁহারা শুদ্ধ ধামে গমন করেন। সেই সব জীব নিত্যসিদ্ধ ও ভগবানের নিত্য পরি-কর। বদ্ধমুক্ত জীবগণেরও সর্ব্বতো-ভাবে নিত্যসিদ্ধগণের ন্যায় আচরণ। এই মুক্ত জীবগণের চিন্ময় আশ্রয়, চিন্ময় অহঙ্কার, চিন্ময় চিত্ত, চিন্ময় মন, চিন্ময় ইন্দ্রিয় ও চিন্ময় শরীর। তাঁহাদের অন্য জলপিপাসা নাই। ভগবৎসেবা-পিপাসাই তাঁহাদের প্রবল। যাঁহারা ঐশ্বর্য্যভাববিশিষ্ট তাঁহারা দাস্য পর্য্যন্ত লাভ করেন। যাঁহারা মাধুর্য্যগত তাঁহারা সখ্য, বাৎসল্য ও শৃঙ্গার-সেবা লাভ করিয়াছেন। জীব সকল নিজ নিজ ভাবানুসারে স্বভাব স্বীকার করত কেহ কেহ স্ত্রী, কেহ কেহ পুরুষ ভাবে অবস্থিত হন। তথায় জড়দেহের ন্যায় স্ত্রী-ব্যবহার, সন্তানোৎপত্তি ও শারীরিক মলাদি বর্জ্জনের প্রয়োজনীয়তা নাই। ভগবৎপ্রসাদরূপ চিৎসামগ্রী সেবন দ্বারা প্রীতিধর্ম্মের পুষ্টি হয়। ভগবৎ-সেবা জন্য পরস্পর সখা-সখী-সঙ্গ নিরন্তর থাকে। তথায় শোক নাই, ভয় নাই, মৃত্যু নাই, কোন প্রকার অভাব নাই। তথায় যে কাল আছে তাহা চিন্ময় অর্থাৎ সেই কালে ভূত ও ভবিষ্যৎ নাই। কেবল বর্ত্তমান কাল সমস্ত ব্যাপার সম্পাদন করে। আমি নিত্যদাস বলিয়া আপনাকে জ্ঞাত হওয়ার নাম শুদ্ধ অহঙ্কার। ভুক্তি বলিয়া একটী ব্যাপার চিজ্জগতে নাই। নিঃস্বার্থ ভগবদ্ভক্তিই জীবের কর্ত্তব্য। জীব নিত্য ভগবদ্দাস। জড় সঙ্গেই জীবের অধোগতি। অযোগ্যতা নিবন্ধন এই জড়সঙ্গ উপস্থিত হইয়াছে। ভগবদ্বৈমুখ্যই এই দুর্দ্দশার হেতু। জীবই নিজবন্ধনের হেতু-কর্ত্তা; ভগবান্ তাহার প্রয়োজক কর্ত্তা। জগৎ মিথ্যা নয়—সত্য বটে, নিত্য নয়। জগৎ অযোগ্য জীবের দণ্ডের জন্য কারাগার। ভগবান্ দয়াময়। জীব ক্লেশ পাইতেছে, তাহাকে ক্লেশ হইতে উদ্ধার করিবার জন্য স্বয়ং তাহার সঙ্গে সঙ্গে ফিরিতেছেন। জীবের নিজ চেষ্টা দ্বারা তাহার যোগ্যতা উৎপন্ন করত তাহাকে স্বীয় অনুকূলালীলার অমৃত দান করিবেন, এইজন্য ভগবান্ সর্ব্বদা যত্নশীল। ইচ্ছা করিলেই সমস্ত উদ্ধার হইতে পারে, কিন্তু তাঁহার অচিন্ত্যলীলাক্রমে জীবের ভক্তিমার্গে যাহাতে যত্ন হয় তাহাই তাঁহার অন্তরঙ্গ উপদেশ ও চেষ্টা। অযোগ্য পুত্রকে পিতা সমস্ত সম্পত্তি দিতে পারেন, কিন্তু পুত্রকে যোগ্য করিয়া তাহাকে সম্পত্তি দিতে অধিকতর আনন্দ লাভ করেন। ইহাই ভগবৎস্নেহের প্রতিফলন। ভগবদ্দাস্যই জীবের শ্রেয়ঃ এবং প্রেয়ঃ।

ভগবদ্বিশ্বাসকেই শ্রদ্ধা বলে। শ্রীশ্রীচৈতন্যচন্দ্র এই বিশ্বাসকে ভক্তি-লতার বীজ বলিয়া উল্লেখ করিয়াছেন।

স্বয়ংরূপ কৃষ্ণের কায়ব্যূহ তাঁর সম। ভক্ত সাহচে হয় তাঁহার আবরণ॥

শ্রীশ্রীব্যাস-পূজা-উপলক্ষে হতভাগার উপায়ন

(শ্রীপাদ রামগোবিন্দ বিদ্যানন্দ)

নমস্তে গৌরবাণী-শ্রীমূর্ত্তয়ে দীনতারিণে।
রূপানুগ-বিরুদ্ধাপসিদ্ধান্ত-ধ্বান্তহারিণে॥

আজ আমাদের নিত্যপূজ্য শ্রীশ্রীব্যাস-পূজা-তিথি কৃপাপূর্ব্বক সমাগতা। আমি সর্ব্বাগ্রে এই ভক্তিজননী মাঘী কৃষ্ণা পঞ্চমী-তিথিদেবীকে বন্দনা করিতেছি। অষ্টোত্তর-শত বৈভব ও অষ্টোত্তরশতশ্রী-সমন্বিত ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ তাঁহার উজ্জ্বল-শরীরের অত্যুজ্জ্বল বৈকুণ্ঠ-প্রভা দ্বারা পৃথিবী উদ্ভাসিত করিয়া ভক্তিপ্রতীপসম্প্রদায়ের মর্ম্মস্থলের কৈতবরাশি সমূলে বিনাশ ও উৎপাটিত করিবার নিমিত্ত স্বীয় আবির্ভাব-লীলা-প্রকাশমুখে মাঘী কৃষ্ণাপঞ্চমী তিথিকে ধন্যাতিধন্যা করিয়াছেন; তজ্জন্য এই তিথিবরা নিখিল জগজ্জনের শ্রদ্ধাঞ্জলিসমূহ আকর্ষণ করিতে সমর্থা হইয়াছেন। আধ্যক্ষিকগণ মাঘী শুক্লাপঞ্চমী-তিথিতে অপরা বাণীর চরণে অঞ্জলিপ্রদান করত উক্ত দেবীর নিকট অচৈতন্য-বাগ্বৈখরী সমূহ প্রার্থনা করিয়া থাকেন। কিন্তু আমি এই মাঘী কৃষ্ণাপঞ্চমী তিথিতে শ্রীচৈতন্যসরস্বতীর বরপুত্রের আনুগত্যে পরাবিদ্যা-দেবীর চরণে অঞ্জলি-প্রদান পূর্ব্বক শ্রৌতবাণীসমূহ অনুকীর্ত্তন করিবার যোগ্যতা প্রার্থনা করিতেছি।

(২)

যিনি চতুঃষষ্টি গৌরবর্ষপূর্ব্বে সৌভাগ্যবতী মাঘী কৃষ্ণাপঞ্চমীতে নীলাচল-সিন্ধুতটে বরজাঙ্গবিলাস-ভুজযুগল ও কষিত কাঞ্চন-জিনি-বর্ণ ধারণ করিয়া বিশ্ববিগ্রহ শ্রীগৌরসুন্দরের আত্মপ্রকাশবার্ত্তা-জানা নিত্যানন্দগণের অনুরূপ রূপবিশিষ্ট হইয়া শুদ্ধভক্তজগতের এক নবীন মঙ্গল প্রভাতের উদ্বোধনমুখে গৌরশক্তি শ্রীল ভক্তিবিনোদের হৃৎকমল করত আবির্ভূত হইয়াছিলেন, সেই গৌরকরুণা-শক্তি ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের এই প্রকটোৎসব দিবসে আমি তাঁহার কোটিচন্দ্রসুশীতল অভয় পাদারবিন্দের উদ্দেশ্যে পুনঃ পুনঃ সাষ্টাঙ্গ দণ্ডবন্নতি জ্ঞাপন করিতেছি।

(৩)

হে অদোষদরশি পতিতপাবন প্রভুপাদ! অদ্য ত্বদীয় "নিত্য-প্রকটলীলা"-দর্শন-সেবার সুযোগ্য সেবকবৃন্দ বহুবিধ অপ্রাকৃত উপায়ন-রাজি সহ আপনার শ্রীচরণাভিকে উপনীত হইয়াছেন এবং তাঁহাদের শ্রীমুখনিঃসৃত আপনার মহিমা গানের উৎকর্ষরসায়ন সুস্বরে কাঞ্চন ধ্বনিতে নিরানন্দময় বিশ্বপ্রবাসী নিখিল জগজ্জনের এক নবীন উৎসাহ পরিলক্ষিত হইতেছে। অন্তঃকরণ-প্রিয় [illegible] বালিশাধম আমি যাহাতে আপনার অন্তরঙ্গ সেবকের সমকক্ষ হইবার প্রয়াসবিশিষ্ট না হই তজ্জন্য উপরি উক্ত ভবদীয় দাসদাসপূজার অপ্রাকৃত পূজারী-গণের আনুগত্যে শ্রীশ্রীব্যাস-পূজার যোগ্যতা সম্বন্ধে আপনার শ্রীচরণ সমীপে প্রার্থনা করিবার নিমিত্ত বিশেষভাবে আশান্বিত ও উৎসাহিত হইয়া ভবদীয় জয়গান গাহিবার প্রয়াস করিতেছি।

(

হে ব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয় সম্প্রদায়ৈক-সংরক্ষক! বর্ত্তমান অনাত্ম-সম্প্রদায়াবিত বিশ্বে একমাত্র আপনার পরমবীর্য্যবতী বাণীই মানবকুলের আশা-ভরসা স্থল, আপনিই অদ্বয়-জ্ঞানে চিদ্বিলাস ও চিদ্বিলাস-বৈচিত্র্যে অদ্বয়জ্ঞান প্রদর্শন করাইয়া, পারমহংস্য ও দৈববর্ণাশ্রমধর্ম্মের মর্য্যাদাসংস্থাপন, লুপ্ততীর্থোদ্ধার, ভক্তিবিহার ও পরবিদ্যাপীঠ-প্রতিষ্ঠা, ভাগবত গ্রন্থপ্রকাশ প্রভৃতি বিষ্ণুবৈষ্ণবের বৈভবসমূহ প্রচার করত সম্বন্ধজ্ঞানদাতৃরূপে জীবকুলকে সনাতন বস্তুর পরিচয় এবং অচিদ্বিলাস ও চিদ্বিলাস-বিরোধী নির্ব্বিশেষ-বাদ নিরাস করিয়া শ্রীহরি-গুরু-বৈষ্ণবসেবাসুযোগ প্রদান করিয়াছেন। হে সম্বন্ধজ্ঞান বিজ্ঞান-প্রদাতা ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত-সরস্বতী প্রভুপাদ! জানি না, কবে এ অযোগ্যের প্রতি নিজগুণে কৃপাপূর্ব্বক প্রসন্ন হইবেন।

(৫)

হে রূপানুগ আচার্য্যপ্রবর! অসৎ-সিদ্ধান্তে প্রমত্ত, কৃষ্ণকীর্ত্তনবিমুখ জগৎকে শুদ্ধভক্ত-সিদ্ধান্ত-শ্রবণ-কীর্ত্তন দ্বারা কৃষ্ণকথা-কোলাহলপ্রমত্ত করাইয়া আপনি সার্থক-নামা হইয়াছেন। কৃপাপূর্ব্বক ভবদীয় অনুগত সেবকবৃন্দকে কৃষ্ণ-সেবাপ্রসাদ যথাযথভাবে প্রদান ও ভবদাব-দগ্ধ জগতে শুদ্ধ-ভক্তিমন্দাকিনী সেচন করিয়া অদোষ-দরশ-দয়াগুণের পরাকাষ্ঠা প্রচার পূর্ব্বক, গৌরকরুণা-শক্তিস্বরূপে, স্বীয় অভীষ্টদেবের প্রগাঢ় সেবা-তৃষ্ণা-সৌরভ-বিস্তারী বিপ্রলম্ভ-বিলাসকুসুম কাননসমূহ স্বীয় অন্তরঙ্গ সেবকদিগকে আপনি অকাতরে বিতরণ করিয়াছেন। হে অভিধেয়-প্রদাতা আচার্য্যদেব, আমি কবে আপনার করুণাবারিদাতেচ্ছায় "চাতক-ন্যায়" অবলম্বন করিব?

(৬)

হে নিত্যারাধ্য জগদ্গুরো! চিল্লীলা-সিন্ধুর শ্রীশ্রীগান্ধর্ব্বা-গিরিধরের প্রেষ্ঠবিগ্রহ বলিয়া আপনি "শ্রীবার্ষভানবীদয়িত" নামে সুপ্রসিদ্ধ। আপনার অতুলনীয় অপ্রাকৃত সেবা-সৌন্দর্য্যে অসমোর্দ্ধ চিদ্রূপ-লাবণ্য-লহরী-সিন্ধু ভুবনমোহন শ্যামসুন্দর পর্য্যন্ত মুগ্ধ বলিয়া আপ্তগণ কীর্ত্তন করিয়াছেন। বিশেষতঃ আপনি এক নিকুঞ্জ-যুবদ্বন্দ্বের লীলা-বিলাস-সম্পাদনোপযোগী দক্ষতা ও বৈদগ্ধ্যগুণে বিভূষিত হইয়া মূল-আশ্রয়বিগ্রহের মুখ্যক্রমরূপে বিষয়বিগ্রহের সহিত আশ্রয়-বিগ্রহের মিলনপ্রয়াসী হইয়া স্বীয় প্রিয়জনগণকে নিজ আরাধ্যা ঈশ্বরীর সেবায় অধিকার প্রদান করিয়া থাকেন বলিয়া সাধু-শাস্ত্রমুখে শ্রবণ করিবার সুযোগ লাভ করিয়াছি। হে প্রেমপ্রয়োজন প্রদাতা! আপনার চরণে আমি কবে প্রপন্ন হইতে পারিব?

(৭)

হে শুদ্ধভক্তিমঠসংস্থাপকবর! জীমূত-মন্দ্রে ঘোষণা করত আমাদিগকে আপনি জানাইয়াছেন যে—"যতদিন যাঁহার সেবা-প্রবৃত্তি সমৃদ্ধ থাকিবে, ততদিন তাঁহার দ্বারা আত্মধর্ম্ম প্রচার সম্ভব হইবে; কিন্তু ভগবৎসেবা-প্রবৃত্তির অভাবে বিপুল সৌধ-প্রাপ্তি আর মঠ [illegible] না [illegible] দম্পতির আড্ডায় পরিণত হইবে। শ্রীমঠ শুদ্ধকৃষ্ণনাম-সংকীর্ত্তনস্থলী। যেখানে শুদ্ধকীর্ত্তনরূপা নিত্যা সেবাবৃত্তির অভাব, সেখানে মিশ্র-সত্ত্বগুণ নির্গুণ মঠের পরিবর্ত্তে তাহাকে প্রচ্ছন্ন ভোগময় সেবাহীন ইন্দ্রিয়প্রসাদকুঞ্জ, তপোবন বা কাননরূপে পরিণত করিবে, নতুবা রজোগুণের প্রাবল্যে 'গ্রাম' বা মিথুন-ধর্ম্মের যজ্ঞস্থলীতে পর্য্যবসিত করিবে, অথবা তমোগুণের প্রাবল্যে উহা দ্যূতক্রীড়া বা গঞ্জিকা-সেবন-ব্যসনাদির গুহা রূপে পরিণত হইয়া পড়িবে।" হে অমন্দোদয়-দয়া-নিধি-গোস্বামিপ্রবর! কবে আমি সর্ব্বতোভাবে আপনার শ্রীচরণাশ্রয় করিবার যোগ্যতা লাভ করিব?

হে মহাভাগবতবর্য্য! এই পূতসলিলা পরমসৌভাগ্যবতী গোদাবরীতীরে অভিন্ন-গোলোকবিহারী শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু তদীয় পার্ষদ শ্রীল রায় রামানন্দের হৃদয়-বৃন্দাবনে স্বীয় রসরাজ ও মহাভাব-মূর্ত্তিদ্বয় প্রকটিত করাইয়া স্বয়ং শ্রোতার অভিনয়ে শ্রীল রামানন্দের দ্বারা সাধ্য-সাধন ও অপ্রাকৃত রসতত্ত্বসমূহ প্রচার করাইয়াছিলেন। শ্রীচৈতন্যমনোঽভীষ্ট-সংস্থাপকপ্রবর আপনি, এই সুদূর অন্ধ্রপ্রদেশে সপার্ষদে শুভাগমন করিয়া গৌরপদাঙ্কিত তীর্থ প্রকাশ করত এই স্থানে শ্রীশ্রীগৌরপাদপীঠ, ভক্তিবিহার শ্রীরামানন্দ-গৌড়ীয়মঠ এবং শ্রীমঠে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ গান্ধর্ব্বিকা-গিরিধরের অপ্রাকৃত অর্চ্চা-বিগ্রহ প্রকাশ করিয়া, এতদ্দেশবাসিগণকে দাক্ষিণাত্যে শ্রীকৃষ্ণ-চৈতন্যদেবের শুভবিজয় এবং তাঁহার মহা-বদান্যতার কথা জানাইয়া প্রেম-ভক্তি-সিদ্ধান্ত-সঞ্জীবনী ধারায় সমস্ত অনুগতজনকে স্নাত করাইয়াছেন। হে পরমহংসবংশী জগত্ত্রাতা শ্রীগুরুদেব! আপনার শ্রীচরণ-কমলে আমি কবে প্রপন্ন হইব?

ওঁ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন শলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।

শ্রীগুরুবন্দনা

বিরহতপ্ত বেদনা লইয়া
ভক্তগণের হিয়া,
আছে গো তোমার [illegible]
ব্যাকুল নয়নে চাহিয়া।
দীর্ঘ বরষ কাটায়ে আবার
এসেছো গো তুমি আজ,
ওগো পঞ্চমী, ওগো [illegible],
পরো গো তোমার সাজ।
তব ভক্তগণের তোমার পূজার
সাজাইতে উপচার,
নয়ন হইতে অঝোরে করিয়া
পড়িছে অশ্রুধার।
তোমার পূজার সব উপচারে,
অশ্রু মাল্য দোলে;
তব ভক্ত প্রাণের রুদ্ধ অশ্রু
আঁখি যে প'ড়েছে ঢেলে।
দীর্ঘ বরষ কেটে গেছে কত
বাধা বিঘ্নের মাঝে,
সকল বাধাকে ক'রেছ তুচ্ছ
তোমার বাণীর কাজে।
তোমার বাণীর মূর্ত্ত স্বরূপে
দিয়াছ দাঁড়ায়ে তুমি,
তাঁহার চরণে মোর মন মহ
লুটায়ে আনত ভূমি।
তোমার আশিষ যাঁহার শিরেতে,
উজ্জ্বল হ'য়ে রাজে,
তোমার ইচ্ছা লক্ষ্য যাঁহার
হ'য়েছে সকল কাজে।
তাঁহার চরণে অচলা ভকতি
যেদিন আমার হ'বে,
সেদিন তোমার বাণীর মহিমা,
হৃদয়ে স্ফূর্ত্তি পা'বে।
শত গঞ্জনা আসিলেও যেন
বিমুখ না হই সবে।
তোমার বাণীর পতাকা বহিব
যতদিন ধরা রবে।
রূপ-রঘুনাথ-বাণী-মহাদাতা,
যাঁহারে জানালে তুমি।
তাঁহার শরণে আজিকে আমরা
তোমার চরণে নমি।

—জনৈকা সেবিকাধমা

সকল জন্মে পিতামাতা সবে পায়। কৃষ্ণ গুরু নাহি মিলে ভজহ হিয়ায়।

নিত্যলীলাপ্রবিষ্ট রূপানুগ-বিরুদ্ধাপসিদ্ধান্তধ্বান্তহারী আচার্য্যবর্য্য পরমারাধ্যতম নদীশ্বর শ্রীশ্রীল প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্তি আবির্ভাববাসরে দীনের

বিলাপ-আরতি

(১)
শ্রীরূপের সুসিদ্ধান্ত স্থাপিতে ভুবনে,
শ্রীভক্তিসিদ্ধান্ত-সরস্বতী নাম ধরি',
শ্রীরূপ-অভিন্ন-তনু আসি' ভূমণ্ডলে,
বিনাশিলা কু-সিদ্ধান্ত খণ্ড খণ্ড করি'।
যাঁর নাম-রূপ-গুণ-লীলা-পরিকর,
শ্রীভক্তি-সিদ্ধান্ত পূর্ণ জানে চরাচর,
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন-পথে হ'বেন উদয়?

(২)
যাঁহার ব্যক্তিত্বে কত পাষণ্ডী আসিয়া,
সমস্ত লুণ্ঠিত হৈল যাঁর পদতলে;
যাঁহারে দেখার লোভ পার্শ্বেতে বসিয়া,
না পাইল যাঁর দেখা কভু এক পলে।
অনন্ত যোজন দূরে থাকিয়া [illegible],
আশীর্বাদ কৈলা যিনি শুদ্ধ সেবকেরে;
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন-পথে হবেন উদয়?

(৩)
হৃদয় কৈতব সর্ব সমস্ত বর্জ্জিতে
সর্ব্বভেদী বাণী যাঁর হইত কীর্ত্তিত,
অথচ ভজন নিজ যতনে রক্ষিতে
কৈতবে রাখিলা পার্শ্বে করিয়া নিক্ষিত;
যাঁহার চাতুর্য্যপূর্ণ বঞ্চনা-লীলায়
নরের কি কথা সুরগণ মোহ পায়,
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন-পথে হবেন উদয়?

(৪)
যিনি নিজ জনগণে যুক্ত শাসিয়া,
বিত্ত-পুত্র-গৃহ হ'তে আকর্ষণ করি'
নিষ্কিঞ্চন সেবকেরে আত্মীয় ভাবিয়া,
পিয়াইলা কৃষ্ণপ্রেম কর্ণপুট ভরি'।
আর দুই জনে করি' সর্বশক্তি দান,
সু-কৌশলে যিনি কৈলা অকার্য্য বিধান,
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়
শ্রবণ-নয়ন-পথে হবেন উদয়?

(৫)
যিনি দৈব-বর্ণাশ্রম স্থাপি' পুনর্ব্বার
উঠাইলা ভকতের বিরুদ্ধ বিচার,
গুরুবর্গে শুদ্ধবুদ্ধি পার্ষদ বিচার,
যাঁর বাণী-বজ্রস্বরে বিশ্ব কম্পমান।
শ্রীভক্তিবিনোদধারা রুদ্ধ নাহি হবে,
অন্যায়ে জানাইলা যিনি এই ভবে,
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন-পথে হবেন উদয়?

(৬)
নাশিতে মোহন্তগিরি সকল ভুবনে,
সমস্ত মহান্তগুরু থাকিবে উচিত;
জগতে প্রতিষ্ঠাবান্ কমি জানি মনে,
বহির্ম্মুখ জগৎ হ'তে অবিদিত।
পরমার্থে অন্যত্র মূল্য কিছু নয়,
যাঁর শাস্ত্রজ্ঞ নাম হ'ল বিষময়,
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন-পথে হবেন উদয়?

(৭)
ভক্তাভাসধারাপাল-কেশরী-গর্জনে
লুকাইলা প্রাণভয়ে ছলনা-বিহার;
যাঁর উপদেশে সদা অমন্দ বচনে,
শুদ্ধভক্ত জনগণ পাইল জীবন।
শ্রীচৈতন্য-প্রবর্ত্তিত কৃষ্ণসংকীর্ত্তন,
যাঁর বাণী এক সার-সাধ্য-সাধন;
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন-পথে হবেন উদয়?

(৮)
'যত মত তত পথ' বৈদিক আচরণ,
দেখি' যাঁর শুদ্ধ ভক্তি বাদীদের প্রভা;
ধর্মচূর্ণ হ'য়ে কাঁদে কি কপট আচার,
কোথা হায় লুকাইল গোপালের বিভা।
একমাত্র কৃষ্ণভক্ত সতী শিক্ষা-সার,
জানাইলেন যিনি [illegible],
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ নয়ন-পথে হবেন উদয়?

(৯)
একমাত্র সেব্য বস্তু ব্রজেন্দ্রনন্দন,
একমাত্র প্রয়োজন ভাগবত ধর্ম,
একমাত্র গুরু বিশ্বে রূপানুগজন,
একমাত্র নামাশ্রয় হবে কৃষ্ণ নাম।
এই সব অনুগত নহে কিছু হয়,
জানাইলা বিশ্বে যিনি মঙ্গল-নিলয়;
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়
শ্রবণ নয়ন-পথে হবেন উদয়?

(১০)
যিনি শিষ্য দাস না করি স্বীকার,
শিক্ষা কৈলা একমাত্র নির্ভীক ভবে;
কৃষ্ণ-অনুশীলন করিতে প্রচার,
আশীর্বাদ কৈলা তাঁরে স্নেহে সযতনে।
তাঁর সঙ্গে রাখি' যিনি সরল সেবকে,
প্রকাশিলা যত সব কপটী সেবকে;
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ নয়ন পথে হবেন উদয়?

(১১)
সমীপে চরণশীল সখা-কীর্তনে,
আচার্য্যের অনুরূপ শ্রেষ্ঠ কভু নয়;
শ্রীগুরুর মনোভীষ্ট করিতে পূরণ,
সকলে সে জন তাঁরে গুরুশ্রেষ্ঠ কয়।
আচার প্রচারে ন [illegible] কিম্বান্ সেই,
যিনি জানাইলা যার অনুরূপ সেই;
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ নয়ন-পথে হবেন উদয়?

(১২)
অতিবাড়ী গুরুত্যাগী অমানিশা ঘোর,
না পারিল যাঁর শোভা করিতে মলিন
যাঁর নখচন্দ্র হেরি' ভকত চকোর,
সুখময় আনন্দ পেয়ে মত্ত নিশিদিন।
অপ্রাকৃত গ্রন্থ যিনি করি' প্রকাশিত,
প্রাকৃতের প্রবঞ্চনা কৈলা নিবারিত;
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন-পথে হবেন উদয়?

(১৩)
জগতে 'কাজের লোক', 'ভক্তির সেবক',
'কপট গুরুর', আর 'সরল সাধক'
'সত্য মিথ্যা' দুই গুরু দুই পার্শ্বে করি'
দেখালে দুয়ের ভেদ যিনি [illegible]।
অবিদ্যা ও পরাবিদ্যা করিয়া বিভাগ,
শিখালে সু-ভক্তি কর সু-সুখে রাগ,
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন-পথে হবেন উদয়?

(১৪)
শিক্ষা-সূত্র বহু ভাগে মহাসিন্ধুবেরে,
অভক্তাবী মানস্তে কারিয়া বন্ধন,
প্রচারিতে গৌরবাণী বারিধির পারে,
অপ্রাকৃত ভক্তগণে কারলা প্রেরণ।
আপন গলার মালা করিয়া প্রদান,
আজ্ঞা দিলা যিনি [illegible] গৌরবান,
সেই প্রভুপাদ কিগো শুভ কৃপাময়
শ্রবণ নয়ন পথে হবেন উদয়?

(১৫)
যাঁহার শিক্ষাপ্রভাবে শিক্ষিত কাননে,
[illegible] আনন্দপূর্ণ [illegible],
রাজধানী শুদ্ধভক্তি প্রকাশি' ভুবনে,
ভাবিয়া আনন্দাশ্রু দিলা সেবা মোর।
বৈষ্ণবমঞ্জুষা প্রিয় প্রকাশন হবে,
আলোচনা দিল সেই প্রচারকবরে,
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন-পথে হবেন উদয়?

(১৬)
যাঁহার পরমপ্রিয় ভক্তিসুধা সর,
যাঁহার সেবায় কথা জানালে আপনে;
নরহরিদাস যাঁর শিষ্য ভক্তবর,
তাঁর সেবাদর্শ শ্রেষ্ঠ দেখালে ভুবনে।
যাঁর ভক্ত অতিভক্ত প্রধান সেবক,
ভক্তি-বিজয়ে দিলে বিজয়-তিলক;
সেই প্রভুপাদ কিগো শুভ কৃপাময়,
শ্রবণ নয়নপথে হবেন উদয়?

(১৭)
বিষয়ীর ঘর হ'তে কেশে ধরি' মোরে,
যিনি উদ্ধারিয়া শিক্ষা দিলা গৌরদান;
সপার্ষদে বৃন্দাবনে যিনি অবহেরে,
কৃপা করি' নিজ পাদপদ্মে দিলা স্থান।
কত ভাবে দাস্যবলি করিয়া শোধন,
আজ্ঞা দিলা নিরন্তর কর সংকীর্ত্তন;
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন-পথে হবেন উদয়?

(১৮)
পুরী, ব্রজগিরি আর রাধাকুণ্ড-তটে,
গৌড়ীয়ের সার কথা শিক্ষা দিতে মোরে;
আপন কুকুর জ্ঞানে ডাকিয়া নিকটে,
ব'লেছিলে গৌরবাণী-সেবা দিব তোরে।
বাণী-বিনোদের সাথে হইয়া কুকুর,
প্রচীন খোদাড়ি' ভক্ত বাণীর ঠাকুর;
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন-পথে হবেন উদয়?

(১৯)
যিনি জানাইলা মোরে কৃপাপত্র-দ্বারে,
মম প্রাণ 'শ্রীগৌড়ীয়', 'নদীয়াপ্রকাশ';
ইঁহাদের সঙ্গ হ'লে নাহি আছ দূরে,
জন্মে জন্মে ইঁহাদের সঙ্গ কর আশ।
গৌড়ীয়রূপেতে মম [illegible] প্রকাশ,
গৌড়ীয়ের মম নাহি জানে মায়াদাস,
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন-পথে হবেন উদয়?

(২০)
গৌড়ীয়ের 'অভক্ত', 'সেবা অভিমান'
'বাঁধা বপু', 'টাকা দেওয়া', 'আলেখ্যাদি' আর
ইহা হেরি কেবা হবে ক্রোধে কম্পবান,
জানিবে সেজন বাড়ে কত ভোগকাম।
স্থূল দেহ বপুধারী নহে মোর দাস,
ভক্তিভজনসার মাঝে মোর নিত্য বাস,
সেই প্রভুপাদ কিগো শুভ কৃপাময়,
শ্রবণ নয়ন-পথে হবেন উদয়?

(২১)
মম প্রাণ যাঁর আজ্ঞা প্রতি বলবান,
জড়-গর্ব্ব-অভিমান পরিচেত্র শির,
সুসিদ্ধান্ত মর্ম্মে [illegible] গান গান
সেতু [illegible] করি দেশ দশ দিশায়,
বাসুদেবনামে ডাকি' অনন্ত চেতনে।
অহর্নিশ মগ্ন থাক কৃষ্ণসংকীর্ত্তনে,
সেই প্রভুপাদ কি গো শুভ কৃপাময়,
শ্রবণ নয়ন-পথে হবেন উদয়?

(২)
যিনি জানাইলা—মোর সেবকের সেবা,
অতিশয় শ্রেষ্ঠ হয় মোর সেবা হ'তে,
বৈষ্ণব লঙ্ঘিয়া বিশ্বে ত্রাণ পায় কেবা?
বৈষ্ণবের অনুগ্রহ শ্রেষ্ঠ সেবা হ'তে,
আচার্য্যচরণপূজা ব্যাসপূজা নাম,
শাস্ত্রদেবানন্দমাঝে পরে শুভ ধাম;
সেই প্রভুপাদ কিগো শুভ কৃপাময়,
শ্রবণ-নয়ন পথে হবেন উদয়?

সেবকাধম—
শ্রীভক্তিসৌরভ দাস।

শ্রীধাম-মায়াপুর নদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রবোধভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত
শ্রীমহানন্দ ব্রহ্মচারী ভক্ত্যালোক, ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

পোঃ শ্রীমায়াপুর
টেলিগ্রাম—'শ্রীধাম'—শ্রীমায়াপুর

REG NO C 1844

দৈনিক
নদীয়াপ্রকাশ
THE
NADIA-PRAKASH

শ্রীনামহট্টপালক
শ্রীগৌড়ীয়বৈষ্ণব-
সম্প্রদায়ৈক-সংরক্ষক
নিত্যলীলাপ্রবিষ্ট
ওঁ বিষ্ণুপাদ
পরমহংসচূড়ামণি
শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদ কর্ত্তৃক
প্রতিষ্ঠিত

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী
প্রভুপাদের স্বলাভিষিক্ত
আকরমঠরাজ
শ্রীচৈতন্যমঠাচার্য্য
ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব
পরবিদ্যাভূষণ
প্রভু কর্ত্তৃক
পরিচালিত

ভারতের সর্ব্বত্র সমপ্রচার নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১০ই ফাল্গুন, ১৩৪৪, ২২শে ফেব্রুয়ারী, ১৯৩৮, মঙ্গলবার [সংখ্যা ২৯৫]

বিবিধ সংবাদ

——(০(:০:)০)——

কলিকাতায় বিমান আক্রমণের মহড়া

গত ২০শে ফেব্রুয়ারী রাত্রিতে কলিকাতায় বিমান আক্রমণের মহড়া সম্পর্কে কলিকাতার পুলিশ কমিশনার পুলিশ পাহারা সম্পর্কে নিম্নলিখিতরূপ ব্যবস্থা করিয়াছেন বলিয়া জানা গিয়াছে :—

(১) ঐদিন কলিকাতা ও ভবানীপুরের সমস্ত প্রধান প্রধান রাস্তার মোড়ে 'যুদ্ধ-বিরতি-দিবস' উপলক্ষে ট্রাফিক পুলিশের যেরূপ ব্যবস্থা থাকে সেইরূপ ব্যবস্থা থাকিবে ; (২) 'যুদ্ধ-বিরতি-দিবস' উপলক্ষে যানবাহন চলাচল নিয়ন্ত্রণের যেরূপ ব্যবস্থা অবলম্বিত হইয়া থাকে ঐদিনও সেইরূপভাবে মোটর সাইকেল-আরোহী সার্জ্জেন্টগণ যানবাহন ও লোক-চলাচল নিয়ন্ত্রণ ব্যবস্থার তত্ত্বাবধানকার্য্যে নিযুক্ত থাকিবে। (৩) উত্তর কলিকাতা, চেতলা, খিদিরপুর ও মেটিয়াবুরুজ অঞ্চলের রাস্তাসমূহের মোড়ে মোড়ে জেলা পুলিশ কর্তৃপক্ষ পুলিশ পাহারার ব্যবস্থা করিবেন। (৪) সর্ব্বপ্রকার যানবাহন ও লোক চলাচল বন্ধ ও আলো নিবাইয়া দেওয়ার ব্যবস্থা করা হইবে। ফায়ারব্রিগেড, এম্বুলেন্স ও পুলিশ, বিনা বাধায় যাহাতে রাজপথে চলাচল করিতে পারে তজ্জন্য সর্ব্বপ্রকার যান-বাহনকে নির্দ্দিষ্ট শ্রেণীর মধ্যে রাখা হইবে ; (৫) সিনেমা ও রেস্তোরাঁ সমূহকে আলো নিবাইবার জন্য সতর্ক করা হইবে, (৬) পুলিশের কর্ত্তব্য হইবে—বিমান আক্রমণের মহড়ার সময় জনসাধারণকে আলো নিবাইতে অনুরোধ করা। অগ্নিকাণ্ড ও আতঙ্ক-নিবারণ করা জন্য স্বেচ্ছাসেবকদিগকে সর্ব্বপ্রকার উপায়ে সাহায্য করা ;

(৭) ঐদিন সহরের প্রত্যেক প্রধান প্রধান রাস্তার মোড়ে, আশুতোষ মুখার্জ্জি রোডে এবং খালের উপর বিভিন্ন অঞ্চলে যে সব সেতু রহিয়াছে, (যথা চিৎপুর, বাগ বাজার, উল্টাডিঙ্গী, মাণিকতলা, বেলিয়াঘাটা, কালীঘাট, আলীপুর, খিদিরপুর, ও হেষ্টিংস্ সেতু) সেই সব সেতুর উপর রিজার্ভ পুলিশের সার্জ্জেন্টগণ মোতায়েন থাকিবে।

কলিকাতা কর্পোরেশনের ব্যবস্থা

কলিকাতা কর্পোরেশনের হেল্থ অফিসার জানাইতেছেন যে, ২০শে ফেব্রুয়ারী রাত্রিতে বিমান আক্রমণের মহড়া সম্পর্কে কলিকাতার সমস্ত ওয়ার্ডে হেল্থ অফিসারের তত্ত্বাবধানে বিভিন্ন প্রাইমারী স্কুলে ১০টী প্রাথমিক শুশ্রূষাকেন্দ্র খোলা হইবে বলিয়া স্থির হইয়াছে। এই বিষয়ে কলিকাতার চিকিৎসকগণ, এবং কলিকাতার বিভিন্ন মেডিক্যাল কলেজ ও হাসপাতালের ছাত্রদের আন্তরিক সহযোগিতা পাওয়া যাইবে বলিয়া আশা করা যাইতেছে।

হোনান প্রদেশে জাপ-বাহিনীর পরাজয়

চীনা দূতাবাস হইতে ঘোষিত হইয়াছে যে, হাঙ্কাওয়ের পররাষ্ট্র দপ্তর হইতে এই মর্ম্মে সংবাদ আসিয়াছে যে, পীত নদীর উত্তর তীরবর্ত্তী কেংচিউ অভিমুখে অভিযানকারী জাপসৈন্যগণ সম্পূর্ণরূপে পরাভূত হইয়াছে। কেংচিউ হোনান প্রদেশের রাজধানী কাইফেঙের বিপরীত দিকে অবস্থিত। ফলে জাপ-বাহিনী কর্ত্তৃক কাইফেঙ আক্রমণের আশঙ্কা দূরীভূত হইয়াছে। হাঙ্কাওয়ের সংবাদে প্রকাশ যে জাপ বিমান বহর হাঙ্কাওএর উপর আক্রমণ চালাইবার চেষ্টা করিলে চীনারা গুলী করিয়া পাঁচটী বিমান ভূপাতিত করে। ত্রিশটী চীনা বিমান শত্রুপক্ষের ২৭টী বিমানকে হাঙ্কাও আক্রমণে বাধা দিয়াছিল।

সাংহাইএর সংবাদে প্রকাশ যে চীনে জাপ-বাহিনীর সর্ব্বাধ্যক্ষ জেনারেল মাৎসুইকে টোকিওতে প্রত্যাবর্ত্তনের আদেশ দেওয়া হইয়াছে বলিয়া বিশ্বস্তসূত্রে জানা গিয়াছে। লেফ্টানেণ্ট জেনারেল হাটা (ইনি গত বৎসর পর্য্যন্ত কয়োজা-তীপস্থিত জাপ-বাহিনীর অধিনায়ক ছিলেন) জেনারেল মাৎসুইএর স্থলাভিষিক্তরূপে সাংহাই পৌঁছিবেন বলিয়া জানা গিয়াছে। বলা হইয়াছে যে জেনারেল হাটা কূটনীতিতে অধিকতর পারদর্শী এবং জাপ-বহির্ভূত বিদেশীদের স্বার্থ রক্ষা, সামুদ্রিক শুল্ক ও সাংহাই মিউনিসিপ্যাল এলাকায় সমস্যা সম্পর্কে অধিকতর শান্তিপূর্ণ ব্যবস্থা অবলম্বনের পক্ষপাতী।

আসামে আফিম বর্জ্জন

আসাম প্রদেশের কোন কোন জিলায় ৫০ বৎসরের অনধিক বয়স্কদিগকে আসাম সরকার আফিম ব্যবহারের যে অনুমতি দিয়াছিলেন, আগামী এপ্রিল মাস হইতে তাহা রহিত করা হইবে। আংশিকরূপে শাসন-সংস্কার-বহির্ভূত অঞ্চল সম্পর্কেও মন্ত্রিমণ্ডলী আগামী পাঁচ বৎসর কাল মধ্যেই একই প্রকার ফল পাইতে পারিবেন বলিয়া আশা করিতেছেন। আগামী আর্থিক বৎসরের প্রথম হইতে শতকরা ২৫ ভাগ আফিম সরবরাহ বন্ধ করা হইবে।

মাদক বর্জ্জন সম্পর্কে কোনও সুচিন্তিত পরিকল্পনা প্রদেশে এখনও গৃহীত হয় নাই। দশ বৎসর পূর্ব্বে এই প্রদেশে এক হাজার মণ করিয়া আফিম বিক্রয় হইত। বর্ত্তমানে এই পরিমাণ দুই শত মণে আসিয়া দাঁড়াইয়াছে। ইহাতে রাজস্ব ৩০ লক্ষ টাকা ঘাটতি হইয়াছে।

জার্ম্মাণীতে নাৎসীবিরোধী দল

জার্ম্মাণীতে এখন নাৎসী-বিরোধী প্রচারকার্য্য কিভাবে চলিতেছে তাহার এক কৌতূহলোদ্দীপক বিবরণ প্রকাশ পাইয়াছে। প্রচারকার্য্য চলিতেছে দুই রকমে—গুপ্ত সংবাদপত্র এবং গুপ্ত বেতারবার্ত্তার সাহায্যে।

এই গুপ্ত সংবাদপত্রের পৃষ্ঠাসংখ্যা চার এবং চল্লিশ হাজার শব্দ উহাতে থাকে (ইহার দৈর্ঘ্য পুস্তকের দৈর্ঘ্যের অর্দ্ধেক), খুব পাতলা কাগজে চমৎকার করিয়া ছাপান হয় এবং এমন ভাবে ইহা ভাঁজ করিয়া গুটান হয় যে, দেখিতে ঠিক একটা সিগারেটের মত হয়। নাৎসী-বিরোধী দলের (কমিউনিষ্ট) গুপ্ত হেড কোয়ার্টার্স হইতে এই সংবাদপত্র প্রকাশিত হয় ; কাগজটি সাপ্তাহিক এবং হাতে হাতে ইহা বিলি করা হয়। প্রকাশ, নাৎসী-বিরোধী দলের সদস্য-সংখ্যা ৩ লক্ষ।

রাওলপিণ্ডিতে ধাঙ্গড় হরতাল

মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষ ধাঙ্গড়দের দাবী গ্রাহ্য না করায় ১৭ই ফেব্রুয়ারী উহারা মিউনিসিপ্যালিটির কাজ বন্ধ করিয়া দেয়। কর্ত্তৃপক্ষ রাস্তার আবর্জ্জনা লরী করিয়া অপসারিত করার সময় ধাঙ্গড়েরা সমবেতভাবে বাধা দেয়। পুলিশ তাহাদিগকে সরাইবার চেষ্টা করিয়া ব্যর্থ হইলে অশ্বারোহী পুলিশ আসিয়া বহু ধাঙ্গড় এবং কয়েকজন সমাজকর্ম্মীকে গ্রেপ্তার করে।

রাজপথে বিঘ্ন উৎপাদন করার অপরাধে তাহাদের মধ্যে আটজন ধাঙ্গড়ের এবং দুইজন সমাজকর্ম্মীর এক মাস করিয়া সশ্রম কারাদণ্ড হইয়াছে। অবশিষ্ট সকলে ক্ষমা চাহিয়া মুক্তি পাইয়াছে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—৪খণ্ড ৪৩০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৯৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৯৲
৪। সরস্বতী জয়শ্রী (বাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১।০
৯। বৈষ্ণবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা)
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ)
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষদ
১৮। বামন-আলবর ।০
১৯। গুরুবিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ৷৵০
২১। গৌড়ীয়-সাহিত্য ৷৵০
২২ ভজন-রহস্য
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল মাত্র-ভাষা ।০
২৭। মুক্তাচরিত গণগৌরবঃ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তসার (সানুবাদ) ।০
২৯। প্রেমবিবর্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১ সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ৷৵০
৩২ গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩ নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪ ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫ গীতমালা /১০
নবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০
৩৭ ঐ প্রমাণ-খণ্ড ৵০
শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্শ ।০
৪০ শরণাগতি /০
৪১ গীতাবলী /০
৪২ শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
সাধনতত্ত্ব /০
প্রেমভক্তিচন্দ্রিকা /০
৪৫। নবদ্বীপশতক /০
৪৬। অর্থপঞ্চক /০
৪৭। সদাচারস্মৃতিঃ /০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) /১০
৪৯। অর্চ্চনপদ্ধতি ৵১০
৫০ বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।০
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৫৪। পুরুষার্থ বিনির্ণয়
৫৫। স্তবমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ্ (ভাষ্যাদিসহ) ।০
৫৮। শ্রীভুবনেশ্বর ৵০
৫৯। সিদ্ধান্তদর্পণ ৵০
৬০। সাংখ্যবাণী /০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ
৬২। সিদ্ধান্ত-সরস্বতী বিদ্বিজয়ঃ
৬৩। সার্থক-নিকাশদর্শনম্ ।০
৬৪। ভক্তস্তবম্ ।০
৬৫। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৬৬। গৌড়ীয়মঠতত্ত্বপরিচয়ঃ /০
৬৭। সারাংশবর্ণনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ কিউ ওয়ার্ড স অন বেদান্ত ।০
৭০। নামভজন /০
৭১। বেদান্ত—ইটস্ মর্ফলজী অ্যাণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড'স ৷৵০
৭৩। লাইফ অ্যাণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।০
৭৪। বৈষ্ণবীজম্ ।০
৭৫। হোয়াট্ গৌড়ীয়মঠ ইজ ডুইং /০
৭৬। দি ভাগবত ।০
৭৭। ইরোটিক প্রিন্সিপাল অ্যাণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।০
৭৮। ব্রহ্মসংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (ভল্যুম ওয়ান) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ-কল্পতরু ৵০
৮৩। গীতাবলী /০
৮৪। শরণাগতি /০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি /০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রভুপাদ শ্রীল সরস্বতীঠাকুরের পরিব্রাজকাচার্য্য গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক ভিক্ষা ৪।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত—তিমিলভাষায় একমাত্র পারমার্থিক পাক্ষিক। মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ২।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে সংকীর্ত্তিত করা
হইয়াছে।

নিখিলের শুদ্ধভক্তি-পিপাসু ব্যক্তিমাত্রেই
এই গ্রন্থ পাঠে যুগপৎ বহুশাস্ত্রগ্রন্থ
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পর্ব্বের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উত্তমরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৪৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক

নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া



১২শ বর্ষ | ৮ গোবিন্দ গৌরাব্দ ৪৫১, ১৩ই ফাল্গুন শকাব্দ ১৮৫৯, ২৫শে ফেব্রুয়ারী ইং ১৯৩৮, শনিবার | ২৫৩তম সংখ্যা

শ্রীশ্রীব্যাসপূজা

শ্রীচৈতন্যমঠে

গত ৬ই ফাল্গুন শুক্রবার সন্ধ্যায় গৌড়ীয়-মঠাচার্য্য ওঁবিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ [illegible] দেবের পরিব্রাজক গোস্বামী মহারাজ মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু, উপদেশক পণ্ডিত শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী কাব্য-[illegible], শ্রীপাদ সদাচরণ রায় ভক্তিবিজয়, শ্রীপাদ [illegible] অধিকারী, শ্রীপাদ [illegible], শ্রীপাদ নিত্যগোপাল ভক্তানন্দ, শ্রীযুক্ত নরেশচন্দ্র মিত্র, শ্রীপাদ নরসিংহ ব্রহ্মচারী, শ্রীযুক্ত মণীন্দ্রনাথ আচার্য্য কাব্য-[illegible] প্রমুখ বৈষ্ণবগণ সমভিব্যাহারে কৃষ্ণনগরে পৌঁছিলে তথায় কৃষ্ণনগর [illegible] ও শ্রীচৈতন্যমঠসেবক শ্রীপাদ নন্দগোপাল ব্রহ্মচারী প্রভু কর্ত্তৃক অভিনন্দিত হন। অতঃপর শ্রীল আচার্য্যদেব নবদ্বীপ ঘাট ষ্টেশনে পৌঁছিলে ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউটের [illegible] পণ্ডিত শ্রীপাদ নন্দকিশোর [illegible], [illegible] হইতে শ্রীপাদ সত্য[illegible] অধিকারী বি-এ, শ্রীচৈতন্যমঠ হইতে শ্রীপাদ কেশবানন্দ ব্রহ্মচারী প্রভু ও সেবকবৃন্দ তাঁহাকে পুষ্পমাল্যাদি দ্বারা অভিনন্দিত করেন। শ্রীচৈতন্যমঠ হইতে একটী বিরাট সংকীর্ত্তন দ্বারা শ্রীল আচার্য্যদেবকে অভ্যর্থিত করা হয়। ভক্তিকুঞ্জে [illegible] নবদ্বীপে শ্রীল আচার্য্যদেব অবতরণ করিলে [illegible] ইনষ্টিটিউটের ছাত্র ও সেবকবৃন্দ বিপুল আনন্দধ্বনি ও কীর্ত্তনদ্বারা তাঁহাকে অভিনন্দিত করেন। যোগপীঠে উপস্থিত হইলে শ্রীপাদ মদনমোহন ব্রহ্মচারী তাঁহার গলদেশে মাল্যভূষিত করেন। অতঃপর শ্রীল আচার্য্যদেব পদব্রজে নবনির্ম্মিত উচ্চপথের উপর দিয়া শ্রীবাসঅঙ্গন, শ্রীঅদ্বৈতভবন, শ্রীভক্তিবিনোদভবনে প্রণামান্তে শ্রীল প্রভুপাদের সমাধিমন্দিরে উপস্থিত হন। শ্রীচৈতন্যমঠ-রক্ষক শ্রীপাদ নরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহপ্রভু শ্রীল আচার্য্যদেবের গলদেশে মাল্য প্রদান করেন। অনন্তর শ্রীল আচার্য্যদেব বাবাজী মহারাজের সমাধি মন্দির ও শ্রীচৈতন্যমঠের মন্দিরে দণ্ডবৎ প্রণামান্তে সকলকে সাদরসম্ভাষণাদি করেন।

৭ই ফাল্গুন শনিবার গোবিন্দপঞ্চমী তিথি প্রাতঃকাল হইতে শ্রীল প্রভুপাদের মঙ্গলারাত্রিক সম্পন্ন হয়। পণ্ডিত শ্রীপাদ [illegible] পুরাণতীর্থ মহোদয়ের সুললিত কণ্ঠে "এইবার করুণা কর বৈষ্ণব গোসাঞি" গীতটী কীর্ত্তন হইলে পর শ্রীমায়াপুর [illegible] পরিক্রমা করা হয়। অনন্তর মধ্যাহ্নে পুনরায় শ্রীগুরুদেব-বন্দনা ও শ্রীপাদ কুঞ্জগোপাল ভক্তিমধুর প্রভু [illegible] মহাজনপদাবলী কীর্ত্তন করেন। শ্রীপাদ [illegible] অধিকারী বি এ, শ্রীপাদ মন্মথনাথ কাব্যতীর্থ, শ্রীযুক্ত [illegible] অধিকারী প্রমুখ বৈষ্ণববৃন্দ [illegible] কীর্ত্তন করেন। ১০ ঘটিকার সময় শ্রীল আচার্য্যদেব সপার্ষদে সমাধিস্থানে উপস্থিত হইলে তাঁহার নির্দ্দেশানুসারে শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারীজী [illegible] 'দুষ্ট মন, তুমি কিসের বৈষ্ণব'—গীতটী কীর্ত্তন করেন। অতঃপর [illegible] শ্রীশ্রীল আচার্য্যদেবের [illegible] "শ্রীরূপমঞ্জরীপদ সেই মোর সম্পদ" গীতটী কীর্ত্তন করেন। [illegible] ভক্তগণের [illegible]। [illegible] অনুরোধে শ্রীশ্রীল আচার্য্যদেব সর্ব্বাগ্রে শ্রীশ্রীল প্রভুপাদের শ্রীচরণকমলে পুষ্পাঞ্জলি প্রদান করিলে পর মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু, মহামহোপদেশক [illegible] শ্রীপাদ নারায়ণদাস ভক্তিসুধাকর প্রভু, শ্রীমদ্ভাগবত [illegible] মহারাজ, উপদেশক পণ্ডিত শ্রীপাদ বিনোদবিহারী ব্রহ্মচারী [illegible] প্রভু, পণ্ডিত শ্রীপাদ নরহরি ব্রহ্মচারী সেবাবিগ্রহ প্রভু, রায়বাহাদুর শ্রীযুক্ত ক্ষীরোদচন্দ্র সেন, শ্রীযুক্ত [illegible] অধিকারী, শ্রীপাদ সদাচরণ রায় ভক্তিবিজয় প্রভু ও শ্রীযুক্ত [illegible] অধিকারী প্রভু প্রমুখ বৈষ্ণববৃন্দ প্রভুপাদপদ্মে [illegible] শ্রীশ্রীল আচার্য্য-পাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করিলে বৈষ্ণবগণ [illegible] শ্রীশ্রীল আচার্য্যদেবের হাত হইতে প্রসাদ গ্রহণপূর্ব্বক প্রভুপাদপদ্মে [illegible] দেন।

অনন্তর শ্রীমায়াপুর স্কুলের শিক্ষক মহোদয়গণ, ছাত্রগণ, আগন্তুক ও সজ্জন শ্রীল প্রভুপাদের শ্রীচরণে অঞ্জলি প্রদান করিলে পর [illegible] অঞ্জলি প্রদান করেন। অবিরাম নাম-সংকীর্ত্তনের মধ্যে প্রায় ১১ ঘটিকা পর্য্যন্ত অঞ্জলি প্রদানকার্য্য চলিতে থাকে। ২১/২—৪টা পর্য্যন্ত অগণিত জনতাকে চতুর্ব্বিধ রসযুক্ত বিচিত্র মহাপ্রসাদ বিতরণ করা হয়।

শ্রীব্যাসপূজার অভিনন্দন সভা

অপরাহ্ণ ৪ ঘটিকা হইতে শ্রীশ্রীল আচার্য্যদেবের সভাপতিত্বে [illegible] একটী বিরাট সভার অধিবেশন হয়। শ্রীশ্রীল আচার্য্যদেবের ইচ্ছানুসারে শুভবন্দনা, "নিত্যানন্দ কমল কোটী চন্দ্র [illegible]"—গীতটি কীর্ত্তিত হয়। ভক্তবৃন্দের অনুরোধে শ্রীশ্রীল আচার্য্যদেব [illegible] 'গৌড়ীয়' হইতে প্রকাশিত প্রবন্ধ "আচার্য্যের অভ্যুদয়" ও "শ্রীল প্রভুপাদপদ্মস্তবকম্" শ্লোকাবলী পাঠ করেন। অতঃপর শ্রীমদ্ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু গৌড়ীয়মঠের সেবকবৃন্দের পক্ষে "কাব্য-কুসুমাঞ্জলি"; শ্রীপাদ [illegible] অধিকারী বি এল, [illegible] গৌড়ীয়মঠ হইতে প্রেরিত [illegible]; শ্রীপাদ ভক্তিসারঙ্গ প্রভু শ্রীপাদ [illegible] প্রভু লিখিত "An offering for Shree Vyasa Puja", এবং পাটনা, দিল্লী, মাদ্রাজ, ময়মনসিংহ ও ঢাকা গৌড়ীয় মঠ, পাটনার [illegible] পাঠ করেন। পণ্ডিত শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী [illegible] মহোপদেশক শ্রীপাদ [illegible] "দৈনিক-নদীয়াপ্রকাশ" হইতে "শ্রীআচার্য্যপ্রশস্তি" ও "শ্রীব্যাসপূজা" প্রবন্ধ পাঠ করেন; কটক হইতে আগত শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী প্রভু সারস্বতাদি মঠের পক্ষ হইতে উৎকল ভাষায় লিখিত অভিনন্দন; মহামহোপদেশক শ্রীপাদ ভক্তিসুধাকর প্রভু লণ্ডন হইতে বিনোদিনী দাসী (Miss Bowtel) প্রেরিত ইংরাজী 'Vyasa Puja Homage' এবং শ্রীপাদ [illegible] অধিকারী বি-এ মহোদয় [illegible] "An humble Offering"

(অতঃপর ৫ম পৃষ্ঠার ৪র্থ কলমে দ্রষ্টব্য)

"শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর—এই পাঁচটী রস ভগবানে পূর্ণমাত্রায় অবস্থিত। সেই ভাবগুলি ভগবানে নিযুক্ত করিবার পরিবর্ত্তে অনিত্য বস্তুতে নিযুক্ত করায় ভগবদ্‌বিষয়ে জ্ঞান লাভ করিতে পারিতেছি না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল [illegible]

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৮ গোবিন্দ বার, প্রচার গৌরাব্দ ৪৫১

ব্রজমণ্ডল-পরিক্রমা

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর)

তীর্থ ভ্রমণের সম্পর্কে শ্রীব্রজমণ্ডল পরিক্রমা একটী অপরিহার্য্য কর্ত্তব্য ব্যাপার। আধ্যক্ষিক সম্প্রদায়ে পর্য্যটকগণের যে দর্শন, তাহা তাঁহাদের ইন্দ্রিয় তোষণের জন্য। সুতরাং ধর্ম্ম, অর্থ, কাম, ও মোক্ষ প্রভৃতি বাঞ্ছিত লাভের সম্ভাবনা। কিন্তু ভগবৎসেবা-সংগ্রহ-কার্য্যের জন্য যেন কিছু ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের অপেক্ষা না থাকে। দান পুণ্য প্রভৃতি অনেক দুর্ব্বুদ্ধির পরিবর্ত্তে অন্যায় প্রবৃত্তি [illegible] হয়। সেই যোগি-সম্প্রদায় পরার্থপর অর্থাৎ altruist নামে প্রসিদ্ধি লাভের জন্য প্রয়াস করেন। মনুষ্য-জাতির প্রয়াস যেকালে সেবাবিমুখচিত্তে উদিত হইয়া অন্যান্য যোগিগণের ইন্দ্রিয়-তোষণরূপ প্রচেষ্টায় নিযুক্ত হয়, সে কালে উহা ভগবৎসেবার প্রতিবন্ধক মাত্র হইয়া পড়ে। এজন্যই পথ ঘাট পুণ্য নিজের ব্যবস্থা প্রদান করিবে, সঙ্গে সঙ্গে বৈষ্ণব বৃত্তির পরিচালন দ্বারা সাংসারিক সুফল লাভ ঘটিবে, এই সকল নিত্য পরমার্থবিরোধী; কিন্তু জীবের কৃষ্ণ চেষ্টার ফল সর্ব্বশ্রেষ্ঠ জানা থাকিলে সাধন-ভক্তির সাহায্য হইবে উহার সংস্কারবশতঃ সাধারণের উপলব্ধির বিষয় হয় না।

বৈষ্ণবের সেবাপ্রণালীই একমাত্র জীবের মঙ্গলতা নিরূপণ হয়। অবৈষ্ণবের সেবা-জননায় বলের '[illegible] পাইলে কাম, ক্রোধ, লোভ, মোহ, ও মদ এই সকল প্রকার দুষ্প্রবৃত্তিতন্ত্রে পরিচিত হইতে হয়। ভগবদ্ভক্তগণের প্রত্যেক বৈষ্ণবসেবা মৎসর-স্বভাব-সম্পন্ন কর্ম্মী অবজ্ঞাকারী দ্বারা অনুষ্ঠিত হইলেও জন্ম-জন্মান্তরে তাদৃশ কর্ম্মিগণ বৈষ্ণব-সেবার গৌণ ফল লাভ করেন।

প্রাকৃত-সহজিয়া-সম্প্রদায়ের মধ্যে অনেকেই পরিক্রমা শ্রবণ করেন—নিজেন্দ্রিয়-তর্পণের জন্য হরিনাম-গানের উৎসাহ দেন, পরন্তু তৎফলে নিজেন্দ্রিয় তর্পণেরই গণনা স্থানে গিয়া দাঁড়াইয়া পড়ায় তাঁহাদের হরিকথা শ্রবণ-কীর্ত্তনের ফল লাভ ঘটে না। শ্রীমদ্ভাগবতে কথিত আছে যে, মূষিকগণ গর্ত্ত খনন করে, কিন্তু সর্পগণ স্বয়ং গর্ত্ত খনন না করিয়া মূষিকের গর্ত্তেই বাসের অধিকার পায়। জড় বৈজ্ঞানিকগণ নিজেদের নশ্বর ইন্দ্রিয়ের তৃপ্তির জন্য প্রচুর পরিশ্রম করিয়া থাকেন, কিন্তু বিমূঢ়গণ জড়োন্নতির জন্য কোনও প্রকার পরিশ্রম না করিয়াও জড় বৈজ্ঞানিকগণের আবিষ্কৃত দ্রব্যের সদ্ব্যবহার করেন, তজ্জন্যই বুদ্ধিযুক্ত জনগণ ভারবাহী ও সারগ্রাহী এই দ্বিবিধ শ্রেণীতে মানবগণকে বিভক্ত করেন। সারগ্রাহী জনগণের মধ্যে ভারবাহী যাহারা নিজ উদরার্থ সংস্থানের উদ্দেশ্যেই চেষ্টা করেন, সারগ্রাহী সেই ফল-ভুক্ অবলীলাক্রমে গ্রহণ করিয়া থাকেন।

শ্রীব্রজমণ্ডল পরিক্রমার পথ ঘাটগুলি ভাল হইলে এবং তাহাতে মোটর, বাইক, টাঙ্গা, বয়েল গাড়ী প্রভৃতি অনায়াসে যাইতে পারিলে ভারবাহী জনগণের অর্থে ও কার্য্যে দ্বারা সারগ্রাহিগণ অনেক উপকার পাইয়া থাকেন। আবার ভারবাহি-সম্প্রদায় পারত্র-মঙ্গলাশ্রয়ে সারগ্রাহীদিগের আধিপত্য বিস্তার-কামনায় নিজ নিজ তাৎকালিক প্রতিষ্ঠা কামনার কাবর গোপন করিয়া স্বার্থ মহত্ত্ব প্রকাশ করেন। তাঁহারাও জন্মজন্মান্তরে ভোগপ্রবৃত্তি মুক্ত হইয়া ভক্তগণের সান্নিধ্যে আসিয়া উপস্থিত হইলে সারগ্রাহীর উপাদেয়তা তাহারা বুঝিতে পারিবেন।

আপাততঃ মথুরার কালেক্টর মিঃ এইচ, স, জম্ ম,হাব বাহাদুর, গোবর্দ্ধন ও কাম্য বন [illegible] দিয়া নন্দ পর্য্যন্ত রাস্তাটিকে প্রাদেশিকতার আকারে পরিণত করিতে সদিচ্ছা প্রকাশ করিয়াছেন। কাম্যবনের মদনমোহন সম্প্রদায়ের অনেক [illegible] সেই [illegible] ও পাটনা হাইকোর্টের অনেক বিচারপতি এবং অন্যান্য অনেকেই ইহাতে অর্থ সাহায্য করিয়াছেন। এই প্রস্তাবে সাহায্য করিলে প্রচুর প্রতিষ্ঠা লাভ এবং মায়িক ধনবৃন্দগণের অভিভাষানন্দী চতুর্বর্গ-ভোগী সহজেই গৌণভাবে হরি কার্য্য করিবার সুযোগ লাভ ঘটিবে যাহাদের প্রচুর ধন আছে, তাঁহারা তাঁহাদের ধনসমূহ নিজ নিজ ইন্দ্রিয়তোষণপর কার্য্যে নিযুক্ত না করিয়া বৈষ্ণবসেবার কার্য্যে নিযুক্ত করিলে অধিকতর সুফল প্রসব করিবে। তজ্জন্যই শুদ্ধবৈষ্ণবসমাজে ধনের প্রতি যে উক্তিটি গীত আছে, তাহাই আমরা এস্থলে পুনরুক্তিরূপে প্রকাশ করিতেছি—

তোমার কনক ভোগের জনক
কনকের দ্বারে সেবহ মাধব।
কামিনীর কাম নহে তব ধাম
তাহার মালিক কেবল যাদব ॥
বৈষ্ণবী প্রতিষ্ঠা তাতে কর নিষ্ঠা
তাহা না ভজিলে লভিবে রৌরব।
অভক্তি প্রতিষ্ঠা শূকরের বিষ্ঠা
ত্যাগেতে হইবে মুক্ত অবৈভব ॥

নিরীশ্বর পণ্ডিতগণ নরপতির যাবৎ করিয়া গৌরবশতঃ যে প্রণয় বহন করিয়াছিলেন, তাঁহাদের পুত্রাধিকারের উচ্চ অধিকারপ্রাপ্ত যে শুদ্ধভক্ত লাভ করিবার সর্ব্বপ্রথম শ্রীচৈতন্যদেব আলোচনা করিয়াছেন এবং শুদ্ধভক্তগণকে আত্মার বৃত্তিরূপা যে নিজ ভজনমুদ্রা উপদেশ করিয়াছেন, সেইগুলিই জীবের পরম প্রয়োজনীয় বিষয় হউক।

পক্ষান্তরে নিজ নিজ অধিকারীর মধ্যে রাস্তা-ঘাটের জন্য টাকা দিয়া নাম স্বাক্ষর করিবার প্রবৃত্তির সহিত ব্রজমণ্ডল পরিক্রমার সর্ব্বপ্রকার নির্দ্দিষ্টকে তুলনা করিলে উহা ভাঁড়ারের দুর্গে পরিণত হইবে এবং মানবগণকে জড়সুখান্বেষী করিয়া পুনরায় মৎসরতা বর্দ্ধন করিবার ব্রত করাইবে।

যদি কেহ কনক-কামিনী-প্রতিষ্ঠাশা-বিশিষ্ট ব্যক্তির দম্ভবর্দ্ধনের জন্য কাশী হইতে বৈকুণ্ঠ (বৃন্দাবনপুর) পর্য্যন্ত রাস্তা বাঁধাইয়া দেন, তাহা হইলে উপকারীগণের পরমার্থের পথে কণ্টক আরোপিত হইবে। যোগ্য পাত্রে দান ও অযোগ্য পাত্রে দান একরূপের একফল নহে। কিন্তু সমদর্শী বলিবেন যে, যোগ্যাযোগ্য পাত্র বিচার না করিয়া দান করা যাউক, পাত্রে গৌণভাবে যোগ্যপাত্রও উক্ত দান লাভ করিবেন।

কিন্তু অঘটন-ঘটনপটীয়সী মায়া দেবী তাহাদিগকে সে সুযোগ দেন না, বরং পরমার্থকে আবরণ করায় তাহারা নিজ ভোগ-তাৎপর্য্যকেই বহুমানন করিতে শিখে।

শ্রীনারদের অনন্তজীব পুত্রগণকে উচ্ছিষ্ট ভোজন করাইয়া শিক্ষা দেওয়ায় পরমার্থিগণের উচ্ছিষ্ট-সেবন ফলে শ্রীনারদ শুদ্ধ-বৈষ্ণব-সম্প্রদায়ের পূর্ব্বগুরুর পীঠে আরোহণ করিয়াছেন।

পরোপকারের ধন ব্যথিত হইতে পারে, আবার পরোপকারেও ধনক্ষয় হইতে পারে। ব্যবসায়ীদের স্বার্থ [illegible] বুদ্ধিবশতঃ অপাত্রে দানকেই তাঁহাদের মাহাত্ম্য বলিয়া জ্ঞান করেন, কিন্তু বৈষ্ণব-সেবাকে তাঁহারা 'সঙ্কীর্ণতা' বলিয়া থাকেন। উহা তাঁহাদের দুর্ভাগ্য!

যাহা হউক, অজ্ঞাত সুকৃতি লাভ করিবার উদ্দেশ্যে যদি নাস্তিক জনগণ কোন কারণে বা কোন প্রকারে ভগবানের অনুসন্ধান পান এবং ভগবদ্ভক্তের প্রতি শ্রদ্ধাবিশিষ্ট হন, তাহা হইলে অজ্ঞাত সুকৃতি কোন দিন তাঁহাদেরও মঙ্গল বিধান করিবে।

যোগ্যতাহীন অকিঞ্চন বৈষ্ণবগণ অর্থ-সাহায্যের দ্বারা পথ ঘাট নির্ম্মাণ, অথবা প্রতিষ্ঠা প্রবৃত্তির জন্য অর্থব্যয় করিতে অসমর্থ; কিন্তু মৎসরতা-বুদ্ধিবিশিষ্ট লোকের ভক্তে সঞ্চিত অর্থ ও বৃহৎ অনুষ্ঠান নিষিদ্ধ থাকায় যেন পরমার্থের অভিজ্ঞান লাভে কোন ক্ষতি না হয় ইহাই আমাদের ইচ্ছা।

শ্রীপাদ শ্রৌতী মহারাজের বক্তৃতা

(শ্রীশ্রীনিত্যানন্দাবির্ভাব-বাসরে অর্দ্ধি-শ্রীগৌড়ীয়মঠে প্রদত্ত)

সঙ্কর্ষণঃ কারণতোয়শায়ী গর্ভোদশায়ী চ
পয়োব্ধিশায়ী
শেষশ্চ যস্যাংশকলাঃ স নিত্যানন্দাখ্য-
রামঃ শরণং প্রপদ্যে ॥

আজ শ্রীশ্রীনিত্যানন্দপ্রভুর আবির্ভাব-বাসর। নিত্যানন্দ-চরিত্র অতি গূঢ়; তাঁহার লীলা বুঝিতে না পারিয়া অনেকে বঞ্চিত হইয়া থাকে। তিনি বিষ্ণুতত্ত্বের মূল তত্ত্ব, অর্থাৎ মহাসঙ্কর্ষণ শ্রীবলদেবের অংশ, তাঁহা হইতে কারণার্ণবশায়ী প্রথম পুরুষাবতার মহাবিষ্ণু, তাঁহা হইতে দ্বিতীয় পুরুষাবতার গর্ভোদশায়ী বিষ্ণু তাঁহা হইতে তৃতীয় পুরুষাবতার ক্ষীরোদশায়ী বিষ্ণু ও শেষ অবতার 'শেষদেব', যিনি নিজে অনন্তমুখে নিজ প্রভুর কীর্ত্তন করিয়াও অন্ত পান না। শ্রীনিত্যানন্দ স্বয়ং মূল সঙ্কর্ষণ শ্রীবলদেব। তিনি সন্ধিনীশক্তিবিগ্রহ। তাঁহা হইতে বৈকুণ্ঠাদি প্রকটিত। তিনি আবার দশ দেহে ভগবানের সেবা করিয়া থাকেন।

ছত্র, পাদুকা, শয্যা, উপাধান, বসন
ভূষণ, আরাম, আবাস, যজ্ঞসূত্র,
সিংহাসন॥

ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্রের নিত্যসঙ্গী—শ্রীবলদেব প্রভু। ত্রেতায় রামচন্দ্রের সঙ্গিরূপে শ্রীলক্ষ্মণ, দ্বাপরে কৃষ্ণচন্দ্রের সঙ্গী শ্রীবলরাম, আবার

কলিতে শ্রীকৃষ্ণচৈতন্যের নিত্যানন্দ—শ্রীনিত্যানন্দপ্রভু। তিনি দ্বাপরে অংশাবতারী। তিনিই শ্রীবলদেব।

শ্রীনিত্যানন্দ প্রভুর বাল্যলীলা অতি চমৎকারিতাময়। শ্রীবৃন্দাবনদাস ঠাকুর বলিয়াছেন—

শিশুগণ সঙ্গে প্রভু যত ক্রীড়া করে।
শ্রীকৃষ্ণের কার্য্য বিনা আর নাহি স্ফুরে॥

পৃথিবীর দেবগণের স্তবন, ক্ষীরসমুদ্র-তীরে দেবগণের স্তবন ও ভগবৎস্তুতি, ভগবানের দেবগণকে সান্ত্বনা, বসুদেব-দেবকীর বিবাহ, কারাগৃহে শ্রীকৃষ্ণাবির্ভাব, পূতনা-তৃণাবর্ত্ত শকটাসুর বধ, কালীয়দমন, ধেনুকাসুর-অঘ-বকাদি বিনাশ, গোবর্দ্ধনধারণ, শ্রীকৃষ্ণের মধুর-লীলা, বামনাদি অবতার-গণের লীলা প্রভৃতি লীলাসকলের নিজ ক্রীড়ার সঙ্গী বালকগণকে লইয়া নিত্যানন্দ প্রভু অনুকরণ করিতেন। এইরূপে দ্বাদশ বৎসর বয়ঃক্রম অতিবাহিত করিয়া তিনি বিংশতি বর্ষ পর্য্যন্ত তীর্থপর্য্যটনচ্ছলে সময় অতিবাহিত করিয়া শ্রীচৈতন্যদেবে মিলিত হন। যতদিন শ্রীচৈতন্যদেব লীলাপ্রকট না করিয়াছিলেন, ততদিন শ্রীনিত্যানন্দ প্রভু বিভিন্ন তীর্থদর্শনের ছলে বহু স্থানকে তীর্থীভূত করিয়াছিলেন।

শ্রীনিত্যানন্দ প্রভু সন্ন্যাস আশ্রম স্বীকার করিলেও তাঁহার বিচিত্র লীলার জন্য অবধূত বলা হয়। তাঁহার লীলারহস্য বুঝিতে না পারিয়া অনেকে তাঁহার শ্রীচরণে অপরাধ সঞ্চয় করে, আবার অনেকে চতুর্থ আশ্রম অঙ্গীকার করিয়া পুনশ্চ বাহ্যাশ্রয়ী হইয়া পড়ে। শ্রীল অদ্বৈত প্রভু শ্রীনিত্যানন্দের মহিমা নিন্দাছলে এইরূপে কীর্ত্তন করিয়াছেন—

সন্ন্যাসী না হয় কভু ব্রাহ্মণ বলিয়া।
পশ্চিমার ঘরে ঘরে খায় কুল যাঞা॥
কুল-জন্ম জাতি কেহ না জানে কোথায়।
পিতা মাতা গুরু নাহি জানি সে কিরূপ।
খায় পরে সকল, বলয় 'অবধূত'।
জাতি নাশ করিলেক এই নিত্যানন্দ।
কোথা হৈতে আসি' হৈল মাতালের সঙ্গ॥

মুরারিগুপ্ত শ্রীনিত্যানন্দতত্ত্ব অনভিজ্ঞতা প্রকাশের অভিনয় করিয়া প্রথমে শ্রীগৌর-সুন্দরকে প্রণাম করত শ্রীনিত্যানন্দকে প্রণাম করিলে মহাপ্রভু স্বপ্নযোগে মুরারিকে শ্রীনিত্যা-নন্দের স্বরূপ অবগত করান—

স্বপ্ন দেখে মহাজনের প্রধান।
মত্ত দেখে নিত্যানন্দ চলে আগুয়ান॥
নিত্যানন্দ শিরে দেখে মহানাগ-ফণা।
করে দেখে শ্রীহল-মুষল তাঁর বাণা।
নিত্যানন্দ-মূর্ত্তি দেখে যেন হলধর।
শিরে শোভা বড় পাছে যায় বিশ্বম্ভর॥
স্বপ্নে প্রভু ডাকি কহে ডাকিয়া মুরারি।
আমি যে কনিষ্ঠ মনে বুঝহ বিচারি॥

পরদিন মুরারি আসিয়া প্রথমে শ্রীনিত্যা-নন্দকে প্রণাম করিয়া পরে শ্রীচৈতন্যদেবকে প্রণাম করেন।

শ্রীনিত্যানন্দপ্রভু বাল্যভাবে শ্রীবাস-পত্নী শ্রীমালিনীদেবীর স্তনপান করিতেন। তাঁহার প্রতি মালিনীরও বাৎসল্যভাব ছিল। নিত্যানন্দপ্রভুর এই লীলার অনুকরণ করিয়া অনেকে জগতে প্রতিষ্ঠাজনের চেষ্টা করিয়া পরিশেষে কপটতা প্রকাশ করিয়া ফেলিয়াছে।

একদিন শ্রীমন্মহাপ্রভু শ্রীনিত্যানন্দের মহিমা এইরূপ কীর্ত্তন করিয়াছিলেন—

নমো নিত্যানন্দ তুমি রূপ নিত্যানন্দ।
এই তুমি নিত্যানন্দ রাম মূর্ত্তিমন্ত॥
নিত্যানন্দ-পর্য্যটন-ভোজন-ব্যবহার।
নিত্যানন্দ বিনা কিছু নাহিক তোমার॥
তোমারে বুঝিতে শক্তি মনুষ্যের কোথা।
পরম স্বতন্ত্র তুমি যথা কৃষ্ণ তথা॥

শ্রীগৌরসুন্দরের আদেশে শ্রীনিত্যানন্দ প্রভু হরিদাসসহ নবদ্বীপ নগরে নামপ্রেম-প্রচারার্থ বাহির হইয়া গৃহস্থের আদর্শ প্রদর্শন করিয়াছেন। তাঁহারা জগাই-মাধাইর নিকট গিয়া হরিনাম গ্রহণের কথা বলিলে তাহারা নিত্যানন্দ প্রভুর মস্তকে প্রহার করে। তাহা শুনিয়া শ্রীগৌরসুন্দর সেই দুইজনকে শাস্তিপ্রদানে অভিলাষ প্রকাশ করিলে জগদ্গুরু নিত্যানন্দ প্রভু বলেন—

নিত্যানন্দ বলে খণ্ড খণ্ড কর তুমি।
সে দুই থাকিতে কোথা না যাইব আমি॥
কিসের বা এত তুমি করহ বড়াই।
আগে সেই দুইজনে গোবিন্দ বলাই॥
স্বভাবেতো ধার্ম্মিকে বলয়ে কৃষ্ণনাম।
এ দুই বিকর্ম্ম বই নাহি জানে আন॥
এ দুই উদ্ধার' যদি দিয়া ভক্তি দান।
তবে জানি 'পতিত-পাবন' হেন নাম॥
আমারে তারিয়া যত তোমার মহিমা।
ততোধিক এ দুয়ের উদ্ধারের সীমা॥
হাসি বলে বিশ্বম্ভর হইবে উদ্ধার।
যেইক্ষণে দরশন পাইল তোমার॥
বিশেষ চিন্তহ তুমি এতেক মঙ্গল।
অচিরাতে কৃষ্ণ তার করিব কুশল॥

এতদ্দ্বারা দুই প্রভুর লীলার বৈশিষ্ট্য দুই প্রকারে বুঝিতে পারা যায়। শ্রীমহাপ্রভু নিজ প্রিয়জনের প্রতি অপরের নির্যাতন সহ্য করিতে পারেন না। তিনি ভক্তদ্রোহীকে সংহার করিয়া থাকেন। কিন্তু শ্রীনিত্যানন্দ প্রভু নিজ নির্যাতন সহ্য করিয়াও সর্ব্বদাই সকলকে কৃপা করিতে উন্মুখ। আবার শ্রীনিত্যানন্দের কৃপাবাঞ্ছা হইলে মহাপ্রভু তাহা পূর্ণ না করিয়া থাকিতে পারেন না।

তাঁহার শ্রীঅঙ্গে বিবিধ বহুমূল্য অলঙ্কার দেখিয়া একজন চোর তাহা চুরি করিবার অভিলাষে শ্রীনিত্যানন্দ প্রভুর বাসগৃহে গুপ্ত-ভাবে লুকাইয়া থাকিল। শ্রীনিত্যানন্দ প্রভু সেই চোরাবপ্রের দুর্বুদ্ধি সংশোধনের জন্য বিচিত্র লীলা প্রকাশ করেন। প্রথম দিবস সেই ব্রাহ্মণ বহু দস্যু সঙ্গে আসিয়া গুপ্তভাবে থাকিল। উদ্দেশ্য—শ্রীনিত্যানন্দপ্রভুর নিদ্রা-কালে গিয়া অলঙ্কার অপহরণ করিবে। কিন্তু তাহারা অকস্মাৎ নিদ্রায় সমস্ত রাত্রি অচৈতন্য থাকিয়া প্রভাতে জাগ্রত হইয়া পলাইল। অপর দিন ঐভাবে থাকিয়া বহু অস্ত্রধারী নিত্যানন্দ প্রভুর মন্দিরে পাহারা দিতেছে দেখিয়া পলাইয়া গেল। তৃতীয় দিন তাহারা পুনরায় আসিয়া গুপ্ত অবস্থান করিতে থাকিলে অকস্মাৎ ঝড় বৃষ্টি দ্বারা তাহারা অন্ধপ্রায় হইল এবং কীটে ও মশকাদির দংশনে অত্যন্ত কাতর হইয়া মনে মনে শ্রীনিত্যানন্দ-চরণে শরণ গ্রহণ পূর্ব্বক তাঁহার স্তব করিতে থাকিলে শ্রীনিত্যানন্দ প্রভু তাহাদিগকে কৃপাপূর্ব্বক রক্ষা করিয়া কৃষ্ণপ্রেম প্রদান করেন।

শ্রীনিত্যানন্দ প্রভুর লীলাবিলাস দর্শনে কোন ব্রাহ্মণ সন্দিগ্ধচিত্ত হইয়া মহাপ্রভুর নিকট জিজ্ঞাসা করেন,—

নবদ্বীপে গিয়া নিত্যানন্দ অবধূত।
কিছু ত' না বুঝি যুক্তি করেন কিরূপ
সন্ন্যাস আশ্রম তার বলে সর্ব্বজন।
কর্পূর তাম্বুল সে ভোজন সর্ব্বক্ষণ॥
ধাতুদ্রব্য পরশিতে নাহি সন্ন্যাসীরে।
সোনা রূপা মুক্তা সে তাঁহার কলেবরে॥
কাষায় কৌপীন ছাড়ি দিব্য পট্টবাস।
ধরেন চন্দন-মালা সদাই বিলাস॥
শাস্ত্রমত যুক্তি তার না দেখি আচার।
এতেকে মোহার চিত্তে সন্দেহ অপার॥

তাহার উত্তরে মহাপ্রভু বলেন,—

শুন বিপ্র যদি মহা অধিকারী যেবা হয়।
তবে তার দোষ গুণ কিছু না জন্ময়॥
অধিকারী বই করে তাহার আচার।
দুঃখ পায় সেইজন পাপ জন্মে তার॥
নত্র বিনে আছে যদি করে বিষপান।
সর্ব্বথা মরয়ে সর্ব্ব পুরাণ প্রমাণ॥

নৈতৎ সমাচরেজ্জাতু মনসাপি হ্যনীশ্বরঃ।
বিনশ্যত্যাচরন্ মৌঢ্যাদ্ যথা-
রুদ্রোঽব্ধিজং বিষম্॥
ঈশ্বরাণাং বচঃ সত্যং তথৈবাচরিতং ক্বচিৎ।
তেষাং যৎ স্ববচোযুক্তং
বুদ্ধিমাংস্তৎ সমাচরেৎ॥

পতিতের ত্রাণ লাগি তাঁর অবতার।
তাঁহা হৈতে সর্ব্ব জীব হইবে উদ্ধার॥
তাঁহার আচার বিধি নিষেধের পার।
তাঁহারে জানিতে শক্তি আছয়ে কাহার॥
না বুঝিয়া নিন্দে তাঁর চরিত্র অগাধ।
পাইয়াও বিষ্ণুভক্তি তার হয় বাধ॥

পাছে তারে কেহ কোনরূপে নিন্দা করে।
তবে আর রক্ষা তার নাহি যমঘরে॥

এইরূপ তাঁহার অনন্তলীলা অনন্তদেব অনন্তকাল ধরিয়া কীর্ত্তন করিতেছেন। আমাদের তাঁহার লীলা বুঝিবার সাধ্য নাই, তবে শ্রীগুরুপাদপদ্ম হইতে যাহা অবগত হইয়াছি তাহাই যথাসাধ্য কীর্ত্তন করিলাম।

শ্রীগৌরসুন্দরের কৃপায় শ্রীনিত্যানন্দের দর্শন প্রাপ্তি হয়, আর নিতাইয়ের কৃপায় শ্রীগৌর-সুন্দরের কৃপাপ্রাপ্ত হওয়া যায়। শ্রীনিত্যানন্দের নিজজনগণের কৃপাতেই শ্রীনিত্যানন্দের দুর্গম তত্ত্ব অবগত হওয়া যায়। সেইজন্য নিতাই সেবক ভক্তগণের পাদপদ্মই আমাদের একমাত্র সম্বল।

নিতাই চরণ সত্য, তাঁহার সেবক নিত্য,
নিতাইপদ সদা কর আশ।
এ অধম বড় দুঃখী, নিতাই মোরে কর সুখী
রাখ রাঙ্গা চরণের পাশ॥

শ্রীনিত্যানন্দেরই স্বরূপ নিত্যানন্দ। অজ্ঞানতে—আনন্দ আনন্দে মুগ্ধ ভোগী জীবকুল নিত্য আনন্দের সন্ধান পায় না। কেবল ভক্তিবলেই তাহার অধিকারী হওয়া যায়। এজন্য—বৃন্দাবন দাস গাহিয়াছেন—

সংসারের পার হঞা ভক্তির সাগরে।
যে ডুবিবে সে ভজুক নিতাইচাঁদেরে॥

শ্রীব্যাসপূজায় অভিনন্দন সভা

(৩য় পৃষ্ঠার পর)

অভিনন্দনটী পাঠ করেন। সময়াভাবে অন্যান্য বহু মঠ ও বিভিন্ন স্থান হইতে প্রেরিত অভিনন্দন পাঠ হয় নাই। শ্রীশ্রীগুরুগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারীজীউর সন্ধ্যা-আরাত্রিক ও শ্রীমন্দির পরিক্রমাদির পর পুনরায় কীর্ত্তনাদি হইতে থাকে। অতঃপর রাত্রি ৮টা ঘটিকার পর শ্রীমঠ-প্রাঙ্গণে গৌড়ীয়-মিশনের কার্য্যকরী সভার অধিবেশন হয়। শ্রীপাদ কিশোরীমোহন ভক্তিবান্ধব বি-এল মহোদয়ের প্রস্তাবে ও অশোকার ভক্তরাজ শ্রীপাদ শচীনন্দন দাসাধিকারী মহোদয়ের সমর্থনে পণ্ডিত শ্রীমদ্ ভক্তিপ্রকাশ বিক্রমসিন্ধু গোস্বামী প্রভু সভাপতির আসন গ্রহণ করেন। সভার প্রারম্ভে শ্রীপাদ রাধাগোবিন্দ ব্রহ্মচারী প্রভু 'গোড়ার' হইতে "শ্রীশ্রীপ্রভুপাদপদ্মস্তবকম্"টী এবং শ্রীপাদ মন্মথনাথ কাব্যতীর্থ মহোদয় শ্রীশ্রীমদ্ভক্তিপ্রকাশ হইতে "শ্রীল সরস্বতী-গোস্বাম্যষ্টকম্"টী সুললিতকণ্ঠে কীর্ত্তন করেন। সভার অন্তে "ঐ নাম গায় গোরা চাঁদ" গীতিটী কীর্ত্তিত হয়। অতঃপর সকলকে প্রচুর মহাপ্রসাদ দ্বারা পরিতৃপ্ত করা হয়।

বিভিন্ন স্থান হইতে বহু বিশিষ্ট সজ্জন উৎসবে যোগদান করিয়া ভক্তবৃন্দের আনন্দ-বর্দ্ধন করিয়াছেন।

কৃষ্ণ তারে দেন নিজ চিচ্ছক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্ব্বল॥

কলিকাতার বাজার দর

১৩ই ফেব্রুয়ারী ১৯৩৮

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

	প্রতি মণ
বালাম,	৬।০
মোটা চাল	৫৸০
ঐ নতুন	৫৲
কাটারীভোগ	৭৲-৭।০
দাদখানী	৫।০
বাসমতী নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
এক্সেল কোয়ালিটি	৪৲
সিদ্ধ বেগুন	৩৷৵০

আতপ—

নূতন আতপ	৪৲—৪।০
দেরাদুনী	১০৲-১০।০
দাদখানী, আতপ	৫।০-৫।৵
ঐ বাসমতি	৫৲-৫৵০
পাটনাই আতপ	৫।০-৫।০
কাটারীভোগ	৭৲
ঐ বেগুন	৩৵০

চিনির দর

কাইন, চাইনা	১০৷৵০
কিপুর ১০০০ নং	১০৴০
[illegible]	৯।
বেহেরা দানা	৮।০—৯৵০
বেপুর দানা	৭৷৴০—৮৲
বেপুর দাল	

সোণা-রূপার দর।

	প্রতি ভরি
কাগজের বার	৩৪।০
গিনি	২২৲
চাদির বার	৫২।০

পাটের দর

[illegible]—	৪০৸০
[illegible]—	৪০৸০
[illegible]—	৪১।০
[illegible]	৪১৲

আটা ও ময়দার দর

পয়েন্ট ময়দা প্রতি মণ	৬।০—৬।৴
পাঞ্জাব ঐ	৬৲—৬৴
[illegible] ঐ	৫৷৴০—৫৸০
[illegible]	৬৲—৬৵০
আটা (বি)	৫৸০—৫৷৵০
আটা নং (২	৫৴০—৫।৴০
আটা (এম)	৫৲—৫।০
আটা (বে)	৪৸০—৪৷৵০
আটা নং (৩)	২।০—২৷৵০
[illegible]	১৸৴০—১৸০
[illegible]	১৷৵০—১৷৴০

[illegible] দর

	৫৭৲
[illegible]	৫৭৲
[illegible]	৫০৲
[illegible]	৪৩৲
[illegible]	১
[illegible]	

তার	৪৮৲
কাবুলে	৩৬৲
[illegible]	৪১৸০
২৬ গেজ—	১১৸০
প্যাঃ মটকা ২৪—৩০ গেজ	১০৲

লোহ ও হার্ডওয়ার

১।২।৩৮

টাটার তৈয়ারী— দর প্রতি হন্দর

লোহার কড়ি (কড়ি বা বীম)

টার্কী	৮৸০—৯।০
ঐ বে-মার্কা হাল্কা ওজন	৮৲—৮।০
ঐ টাটা টেস্টেড কড়ি বীম সব সাইজ	১০৲
ঐ ইংলিশ কড়ি (বীম)	৯৲—১০৲
বরগা (টি-আয়রণ)	৮৸০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৭।০—৮।০

টাটা প্যাঃ করগেট-টিন।

২৪ গেজ—	১৩৷৵০
২৬ গেজ—	১৩৸০
২৮ গেজ—	১৮.
টাটা প্যাঃ প্লেন সীট ৮'	১৪৴০
২৪ গেজ—	১৪।৵০
২৬ গেজ—	১৩।৴০
২৮ গেজ—	

ইংলিশ প্যাঃ করগেট।

২৪ গেজ—	১৫৲
পীস	৷৵৫—৸৵০
বাগান ঘেরা কাঁটা তার (বান্ডিল)	১০।০
গ্রেট কাটিং বা ছিট কাটা মণ	৬।০—৬৸০
পাটি কাটিং ৩—৯ ফুট লম্বা	৫।০—৬।০ হন্দ
গোল রড কাটিং লম্বা ১—৩ফুট	৯৲—১০৲
ঐ „ ৩—১০ ঐ	৯।০—১০।০
টিন পাতি, বোল্টু, পেরেক	৮।০—৮।।০

গোল রড রি-ইনফোর্স ও কংক্রিটের

দর	৭।০—১০।০

বুঃ ইস্পাত আসল ২৫৲ বকন ২৩।০

ঢেঁকলের হামবল ৫৴০, পাটের হামবল ৬।০

জুতার হামবল ৪।০

লুনের দর

কলিকাতা ২৬শে জুন,

আদেন গোলার কাইন	৫৪
লিট্‌ল আদেন করকচ	৪০৲
করাচি পুরাতন কাইন	৪০৲
হামার্গ দানা	৫৩৲
ঐ কাইন	৫১৲

বেনেতি মসলা

কলিকাতা, ২৬শে জুন,

	প্রতি মণ
পারল সাগু	৮।০
সুপারী দেশী	১৬।০—১৭৲
কাটা সুপারী	
[illegible]	১৫।০—১৭।০
[illegible] নূতন পাটনাই	১৭৲—১৮।০

সন্তোষ কুমার মল্লিক

এণ্ড সন্স্‌ লিঃ

১৩-৫ জগন্নাথ ঘাট লোহাপটী, বড়বাজার

কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

——(:০:)——

—"ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট"—

উচ্চ ইংরেজী বিদ্যালয়

স্থান অতীব-স্বাস্থ্যকর—গঙ্গার সন্নিকটে ; বিদ্যালয় ও বোর্ডিং এর পরস্পর যোগ। শিক্ষকগণ অভিজ্ঞ ও আদর্শচরিত্র। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে সুন্দর বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। খোরাক ও সেসনবাবদ প্রতি মাসে ৩য় শ্রেণী হইতে ৬ষ্ঠ শ্রেণী পর্যন্ত ৬৲ টাকা এবং ৭ম শ্রেণী হইতে ১০ম শ্রেণী পর্যন্ত মাত্র ৭৲ টাকা ব্যয়। এ বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তম ফল প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ সচ্চরিত্র বিনয়ী ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট

শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ফেভ্রোল

——:(:০:):——

ম্যালেরিয়া রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কসের "ফেভ্রোল", অমোঘ মহৌষধ। এমন যাদুমন্ত্রের ন্যায় ঔষধ আজ পর্য্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, পালা জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, ডেঙ্গু জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি আসামী, বর্মা-দাগুড়া, দামটু এবং অন্যান্য পাহাড়িয়া জ্বরে "ফেভ্রোল" অব্যর্থ। ইহা রক্ত পরিষ্কারের এবং শরীর কান্তিযুক্ত করিবার একমাত্র টনিক।

সেবন বিধি ঃ—জ্বর কম অবস্থায় পূর্ণ বয়স্কের জন্য ২ ড্রাম বা ৪ চামচের ২ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর অবধি ১ চামচ জলের সহিত, তাহার কম বয়সে ৩০ ফোঁটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলেদের জন্য ৫ হইতে ১৫ ফোঁটা জলের সহিত বিধি। জ্বর অবস্থায় সাগু, বার্লি, ফল ইত্যাদি পথ্য প্রশস্ত।

ছোট বোতল ৮ মাত্রা ৸০ বড় প্রতি শিশি ১৬ মাত্রা মূল্য ১।০ আনা।

দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কস,

শক্তিনগর, কৃষ্ণনগর, (নিউ বেঙ্গল)

৬২-২৪১নং গলি পোঃ আঃ চাঁদনে, রেঙ্গুন।

সর্ব্বত্র বড় বড় দোকানে পাওয়া যায়।

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠাভরণের

রেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

ম্যালেরিয়া-প্রপীড়িত জীর্ণ শীর্ণকায় মৃত্যু পথযাত্রীর প্রাণরক্ষার একমাত্র উপায় বলিয়াই কীর্তিত [illegible] অধিক। লিভার প্লীহা সংযুক্ত [illegible] এবং নূতন ও পুরাতন [illegible] একবার সেবন করিয়া দেখুন যে আপনার [illegible] দিবা। [illegible] বোতল ৸০ আনা, বড় বোতল ১৷০ আনা। পাইকারী দর [illegible]।

ঠিকানা—১১নং [illegible] রোড, কলিকাতা।

অথবা

পোঃ বেহালা, ২৪ পরগণা।

ঠাকুর ভক্তিবিনোদ

——:(০):——

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধ-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত গ্রন্থাকারে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যবরের শুভেচ্ছায় পরবিদ্যাসাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীমৎ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহুমূল্যবান শিক্ষাবলীও সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৸০ আনা; ডাকমাশুল স্বতন্ত্র।

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	সংবাদের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও ২য় দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	।৶০	।৶০	।০
" " ইঞ্চি	২৲	১।০	১॥০	১৲
" সিকিকলম	৫৲	৪৲	৩৲	৩৲
" অর্দ্ধকলম	৮৲	৬৲	৬৲	৫৲
" এক কলম	১৫৲	১০৲	১০৲	

এক বৎসরের জন্য চুক্তি হইলে দর

প্রতিমাসে প্রতি ইঞ্চি	৸০	৪॥০
" সিকি কলম	১৫৲	১২৲
" অর্দ্ধকলম	২৫৲	২০৲
এক কলম	৪০৲	৩০৲

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)	৯৲
ষাণ্মাসিক "	৫৲
ত্রৈমাসিক "	২৸০
মাসিক "	১৲

প্রতি সংখ্যা /৫; বিশেষ সংখ্যার ভিক্ষা স্বতন্ত্র।

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় পণ্ডিত আচার্য্য শ্রীপাদ নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সম্প্রদায়-বৈষ্ণবাচার্য এম-এ মহোদয়ের গৌরবগবেষণা এবং পরিপক্ব লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত্র-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিভিন্ন চিত্র-সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সম্যক্ আলোচনা। প্রথম খণ্ডই ৩০শ অধ্যায়ে প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকর্ত্তার ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণাণুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ গ্রন্থখানি প্রকাশিত। ভিক্ষা—১৫৲ পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ: গৌড়ীয়মঠ, রয়পেট্টা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর নদীয়া—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ৯২৲ স্থলে মাত্র ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬এ, কালীপ্রসাদ
বাগবাজার, কলিকাতা।

বিরাট সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

"শুদ্ধ প্রেমভক্তসমাজের" ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে।
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

—————

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

—:(০):—

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিভিন্ন ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে প্রতিনিয়ত প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজি পারমার্থিক পত্রিকা "হারমনিষ্ট" ও বহু গ্রন্থাদি, এখান হইতে প্রকাশিত হইয়া থাকে। ১।১নং কালিপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর, হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়া থাকে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়ার একমাত্র পারমার্থিক পত্র প্রকাশিত হইতেছে।

দৈনিক

নদীয়াপ্রকাশ

THE NADIA-PRAKASH

ভারতের সর্বত্র প্রচার ... নদীয়া জেলার একমাত্র দৈনিক মুখপত্র

১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১১ই ফাল্গুন, ১৩৪৪, ২৩শে ফেব্রুয়ারী, ১৯৩৮, বুধবার [সংখ্যা ২১৬]

বিবিধ সংবাদ

—(০(১০১)০)—

নদীয়ায় প্রচণ্ড শীত

কয়েক দিন হইতে নদীয়ায় একটু একটু ... প্রকোপ এত বেশী হইয়াছে যে, সকলেই এক বাক্যে বলিতেছেন যে, এরূপ শীত ... শীতকালেও হয় নাই। সকলেই অনুমান করিতেছেন যে, অসময়ে এইরূপ ... জন্যই এইরূপ শীতের প্রকোপ দেখা দিয়াছে।

হরিপুরে নির্বাচনী সমিতিতে দেশীয় রাজ্য

গত ১৮ই ফেব্রুয়ারী পাঁচ ঘণ্টা ধরিয়া তুমুল তর্ক-বিতর্কের পর অবশেষে মৌলানা আবুল কালাম আজাদ কর্তৃক উত্থাপিত দেশীয় রাজ্যের প্রস্তাবের সম্পর্কে ওয়ার্কিং কমিটির মূল প্রস্তাবটি ডাঃ পট্টভি সীতারামিয়ার প্রস্তাব অনুসারে সামান্য সংশোধনের পর বিষয় নির্বাচনী সমিতিতে গৃহীত হইয়াছে। এই প্রস্তাবের ... সম্বন্ধে মোট ... সংশোধন প্রস্তাব উত্থাপিত হইয়াছিল এবং সুভাষচন্দ্র ... বক্তা আলোচনায় যোগ দিয়াছিলেন।

ডাঃ পট্টভি সীতারামিয়া যে সংশোধন প্রস্তাব করেন, তাহার মর্ম এই যে, ওয়ার্কিং কমিটির মূল প্রস্তাবে দেশীয় রাজ্যের কংগ্রেস কমিটিগুলিকে উহারা নিষেধ ... দিয়াছেন, তাহা রদ করিয়া এই ব্যবস্থা করা হইবে যে, দেশীয় রাজ্যসমূহে যে সকল কংগ্রেস কমিটি রহিয়াছে, সেগুলি পার্লামেন্টারী ... নির্দেশ ও কর্তৃত্বাধীনে কাজ করিবে, কিন্তু ... নামে কোনপ্রকার ... অথবা ... সংগ্রামে লিপ্ত হইতে পারিবে না। মৌলানা আজাদ এই সংশোধন প্রস্তাব গ্রহণ করেন। ফলে কোনটি সংশোধন প্রস্তাবের মধ্যে একটিই প্রত্যাহৃত হয়।

... সমাজতান্ত্রিকদের পক্ষ হইতে ... সত্যবতীর প্রস্তাব ২০০—৭০ ভোটে অগ্রাহ্য হয়। শ্রীযুক্ত রামচন্দ্রের সংশোধন প্রস্তাবও বিপুল ভোটাধিক্যে অগ্রাহ্য হয়।

নিখিল ভারত কিষাণ কমিটি

তিন দিনে নিখিল ভারত কিষাণ কমিটির প্রথম প্রস্তাবে কর ও খাজনা বন্ধের আন্দোলনে যে বিপদ রহিয়াছে তৎসম্বন্ধে কিষাণ কর্মীদিগকে সতর্ক করিয়া পরে বলা হয় যে, কিষাণ কর্মীরা যেন এই কথা প্রচার করেন যে, কিষাণদের উৎপাদিত ফসল হইতে সর্বপ্রথমে তাহাদের পরিবার সুখে স্বচ্ছন্দে থাকিতে পারে তাহার ব্যবস্থাদি রাখিতে হইবে এবং কৃষিকার্যের আয় যাহাদের বৎসরে পাঁচশত টাকা কিম্বা তাহার কম তাহাদিগকে খাজনা ও রাজস্ব হইতে অব্যাহতি দিতে হইবে।

দ্বিতীয় প্রস্তাবে কিষাণ সভাগুলিকে অবিলম্বে সকল প্রকার মধ্যস্বত্ব প্রথা রহিতের জন্য জোর চেষ্টা করিতে বলা হয় এবং কোনরূপ ক্ষতিপূরণ না দিয়া জমিদারী প্রথা সমূলে লোপের জন্য আন্দোলন চালাইতে বলা হয়।

তৃতীয় প্রস্তাবে সকল কিষাণ কমিটিকে অবিলম্বে যাহাতে গরীব চাষী, প্রজা এবং কৃষি মজুর সকল প্রকার ঋণ ও বাকী খাজনা হইতে রেহাই পাইতে পারে তজ্জন্য দাবী উপস্থিত করিতে বলা হয় এবং অবিলম্বে নিখিল ভারত কিষাণ ঋণ মুক্তি দিবস উদ্‌যাপনের জন্য একটি তারিখ ঠিক করিতে বিভিন্ন কিষাণ কমিটির প্রেসিডেন্ট এবং সেক্রেটারীগণকে অনুরোধ করা হয়।

বর্দ্ধমান জেলায় ঝড়বৃষ্টি

গত ১৫ই ফেব্রুয়ারী সন্ধ্যার সময় বর্দ্ধমান জেলার নানাস্থানে প্রবল বৃষ্টি ও ঝড় হইয়াছে। রায়না থানার আলগ্রাম, মুগুরা, পাতিলা প্রভৃতি গ্রামে ঝড় এত প্রবল হইয়াছিল যে, বহু ঘরের চাল উড়াইয়া গ্রামের বাহিরে লইয়া গিয়াছে। মাঠের ... বৃষ্টির জলে ভিজিয়া ধান নষ্ট হইয়াছে। গরিবের বহু কুটীর নষ্ট হওয়ায় তাহারা নিরাশ্রয় হইয়াছে।

আসাম বিশ্ববিদ্যালয়

আসামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের কথা সরকার বিবেচনা করিতেছেন এবং খুব সম্ভব শীঘ্রই একটা পরীক্ষা গ্রহণকারী বিশ্ববিদ্যালয় স্থাপন হইবে।

কমন্স সভার অধিবেশন

ইটালী এবং ব্রিটেনের মধ্যে যে নূতন চুক্তি হইয়াছে তৎসম্পর্কে আলোচনায় ১৭ই ফেব্রুয়ারী কমন্স সভার সদস্যদের মধ্যে বিশেষ আগ্রহ পরিলক্ষিত হয়।

বিরোধী দলের নেতার প্রশ্নের উত্তরে পররাষ্ট্র-সচিব মিঃ এন্টনী ইডেন বলেন যে, নূতন চুক্তি সম্পর্কে তিনি কতকগুলি সংবাদ পাইয়াছেন সত্য, কিন্তু এ পর্যন্ত সর্তাদি প্রকাশিত না হওয়ায়, তিনি এই সভাকে উক্ত বিষয়ে বিস্তারিত বিবরণ দিতে অসমর্থ। তিনি আশা করেন, শীঘ্রই সম্ভবতঃ তিনি এ বিষয়ে একটা বিবৃতি দিতে পারিবেন।

মিঃ ইডেন বলেন, "সংবাদপত্রে প্রকাশিত সংবাদ সম্বন্ধে আমি ইহা বলিতেছি যে, হের হিটলার ও ডাঃ শুশনিগের মধ্যে সাক্ষাৎকারের পূর্বে ভিয়েনাস্থিত ব্রিটিশ রাজদূতকে প্রস্তাবিত বৈঠকের বিষয় জানান হইয়াছিল। এই বৈঠক সম্পর্কে বৃটিশ গবর্ণমেণ্টের মতামত কিম্বা পরামর্শ চাওয়া হয় নাই।

"বর্তমান মুহূর্তে এই চুক্তির ফলাফল সম্বন্ধে কোন প্রকার ধারণা করিতে আমি অসমর্থ। বৃটিশ গবর্ণমেণ্ট এই চুক্তির পরিণতি বিশেষ আগ্রহের সহিত লক্ষ করিতেছেন; বৃটিশ গবর্ণমেণ্ট অষ্ট্রিয়া সম্বন্ধে যে কোন প্রশ্নে সর্বদা অংশ গ্রহণ করিয়া আসিয়াছেন এবং করিবেন—এ বিষয়ে জার্মাণ গবর্ণমেণ্টকে জানাইবার জন্য বার্লিনের বৃটিশ রাজদূতকে আদেশ করা হইয়াছে।"

দায়ের আঘাতে ভ্রাতৃহত্যা

ত্রিপুরা জিলা ও দায়রা জজ মিঃ ... আই, সি, এস, একজন হিন্দু ... জুরীর মধ্যে অধিকাংশের অভিমত গ্রহণ করিয়া জনৈক ... কে ভ্রাতৃহত্যার দায়ে যাবজ্জীবন দ্বীপান্তর দণ্ডে দণ্ডিত করিয়াছেন।

অভিযোগের বিবরণে প্রকাশ, গত ২৭শে অক্টোবর হাজিগঞ্জ থানার ... গ্রামে আসামীর সহোদর ভাই আবদুল জব্বার বাড়ীর এক গাব গাছ হইতে গাব পাড়িতে গেলে আসামী উহাতে আপত্তি করে। জব্বার ঐ গাছ তাহার অংশে পড়িয়াছে বলিয়া দাবী করে। আসামী ঐ গাছ একান্নি বলিয়া দাবী করিয়া থাকে। ফলে তাহাদের মধ্যে বিবাদ বাধে। আসামী দায়ের আঘাতে জব্বারকে ধরাশায়ী করে; অতিরক্তপাত ফলেই জব্বারের মৃত্যু ঘটে।

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ৩২৮৲
দশম স্কন্ধ— ২৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অবাঁধা) ৬৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৬৲
৪। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৪৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸০; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸০
৪র্থ খণ্ড—৸০
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸০; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড—৸০
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ।০
৯। বৈষ্ণবধর্ম্ম ২৲
১০। গৌড়ীয় কণ্ঠহার ৩
১১। শ্রীচৈতন্য শিক্ষামৃত (বাঁধা) ২
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা) ১৲
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৪ সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ।০
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ তত্ত্ব ।০
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸০
১৭। চৈতন্যোপনিষৎ ।০
১৮। বামন-আসবর ।০
১৯। তত্ত্ববিবেক ।০
২০। গৌড়ীয়-গৌরব ।৵০
২১। গৌড়ীয় গাথা ।৵০
২২ ভজন-রহস্য ।০
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম (বাঁধা) ৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ১৲
২৫। গীতা (চক্রবর্তি টীকাসহ) ২৲
(অবাঁধা) ১৲
২৬। গীতার কেবল বাঙ্গলা ভাষা ।০
২৭। দুঃখসঙ্গম স্তবাবলী (সানুবাদ) ২৲
২৮। বেদান্তদর্শন (সানুবাদ)
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸০
৩০। দীপ-দিগ্-দর্শন ৵০
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵০
৩২। গোস্বামী রঘুনাথ দাস (বাঁধা) ।০
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৵০
৩৫। গীতমালা ১০
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৵০
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৵০
৩৮। শ্রীনবদ্বীপভাব তরঙ্গ
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাদর্পণ
৪০। শরণাগতি ৴০
৪১। গীতাবলী ৴০
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸০
৪৩। সাধনচতুষ্টয় ৴০
। গোবর্দ্ধনশিক্ষা ৴০
৪৫। নবদ্বীপশতক ৴০
৪৬। অর্চ্চনপঞ্চক ৴
৪৭। মনঃশিক্ষা ৴০
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৴১০
৪৯। আত্মনিবেদন ।১০
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম-৪র্থ খণ্ড) ৬৲
৫১। বঙ্গে সামাজিকতা
৫২। মণিমঞ্জরী (সানুবাদ)
৫৩। শোক-শাতন
৫৪। পুরুষার্থ নির্ণয় ।০
৫৫। প্রবন্ধাবলী বা মায়াবাদশতদূষণী ।০
৫৬। ভারতবর্ষ ও ভক্তিপথ ৵০
৫৭। ঈশোপনিষদ (ভাষাবিবৃতি) ।০
৫৮। শ্রীকৃষ্ণসংহিতা ৵০
৫৯। শিক্ষাষ্টক ৵০
৬০। সংকল্পনাথ ৴০

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ।০
৬২। সিদ্ধান্ত সরস্বতী দিগ্বিজয়ঃ
৬৩। সটীক শিক্ষাষ্টকম্
৬৪। তত্ত্বসূত্রম্
৬৫। সাত্ত্বত শিক্ষাষ্টকম্
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ
৬৭। মায়াবাদবর্জনম্ ৵০

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।০
৬৯। এ ফিউ গ্লাইম্পস অব ভেদান্ত ।০
৭০। নামভজন ৴০
৭১। বেদান্ত—ইটস্ মরফলজি এণ্ড অন্টলজি ।০
৭২। রিলেটিভ ওয়ার্ল্ডস ।৵০
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস অব শ্রীচৈতন্য মহাপ্রভু
৭৪। বৈষ্ণবীজম
৭৫। শ্রীগৌড়ীয়মঠ ইন ব্রিফ
৭৬ দি ভাগবত ।০
৭৭। ইনৌগ্যরল ইংলিশ স্পিচ এণ্ড আনরিলায়েবল রিপোর্ট ।০
৭৮। ব্রহ্ম সংহিতা ২।০
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (প্রথম খণ্ড) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।০
৮১। সাধন-পথ ।০
৮২। কল্যাণ কল্পতরু ৵০
৮৩। গীতাবলী ৴০
৮৪ শরণাগতি ৴০

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৴০

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তের অন্যান্য পত্র

১। THE HARMONIST—শ্রীল প্রভুপাদের পরিচালনায় গোস্বামী-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি একাদশীতে প্রকাশিত হয়। সডাক মূল্য ৪।০ কলিকাতা বাগবাজারস্থ শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১।০ টাকা মাত্র।

৩। ভাগবত পত্রিকা—একমাত্র পারমার্থিক পাক্ষিক। নৈমিষারণ্য শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। ভিক্ষা সডাক ২।০।

৪। পরমার্থী—শ্রীযুক্ত গদাধর মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয়—মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১।০ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিশ্বগুরু
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-পিপাসু মাত্রেই
এই গ্রন্থ পাঠে প্রভূত মঙ্গলময়
পাঠ ও শত সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-গ্রন্থের প্রথমখণ্ড রয়েল ৮ পেজী
আকারে এন্টিক কাগজে উৎকৃষ্টরূপে
মুদ্রিত। ৩৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
২৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ।



দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক পত্র

শ্রীধাম-মায়াপুর-নদীয়া

১২শ বর্ষ | ৯ গোবিন্দ গৌরাব্দ ৪৫১, ১১ই ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৪, ২৩শে ফেব্রুয়ারী ইং ১৯৩৮, বুধবার | ২৬৩তম সংখ্যা

নিত্যানন্দোৎসব

——::●::——

দিল্লী গৌড়ীয়মঠে

আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখামঠ দিল্লী শ্রীগৌড়ীয়মঠে বর্ত্তমান গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য জগদ্‌গুরু ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য ১০৮শ্রী শ্রীমদনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের পূর্ব্বাশ্রমগত ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজের তত্ত্বাবধানে শ্রীমন্নিত্যানন্দ প্রভুর আবির্ভাব তিথি-পূজা মহোৎসব সংকীর্ত্তনমুখে সম্পন্ন হইয়াছে। আবির্ভাব তিথি দিবস ব্রাহ্মমুহূর্ত্তে মঙ্গলারাত্রিকান্তে নিত্যানন্দ-মহিমা ও পঞ্চতত্ত্ব কীর্ত্তন হইবার পর উপদেশক শ্রীপাদ অপ্রমেয় দাসাধিকারী মহোদয় শ্রীনিত্যানন্দ প্রভুর অনন্ত গুণাবলী সম্বন্ধে সরল প্রাঞ্জল ভাষায় বহুক্ষণ যাবৎ হরিকথা কীর্ত্তন করেন।

অতঃপর বেলা ১২ ঘটিকার সময় তিনি শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীমন্নিত্যানন্দ প্রভুর আবির্ভাব-প্রসঙ্গ পাঠ করেন। তৎপর বেলা ১২ ঘটিকার সময় ভোগারাত্রিক কীর্ত্তন সম্পন্ন হয়।

অতঃপর ২॥টার সময় পুনরায় শ্রীনিত্যানন্দমাহাত্ম্য পাঠ হয়। পাঠান্তে "নিতাই গুণমণি আমার" ও "নিতাইপদকমল" প্রভৃতি নিত্যানন্দমহিমাসূচক পদাবলী কীর্ত্তন হয়। অতঃপর সন্ধ্যারাত্রিকান্তে ৭॥০ সাড়ে সাত ঘটিকার সময় শ্রীচৈতন্যভাগবত অন্ত্যখণ্ড হইতে শ্রীশ্রীনিত্যানন্দ-মহিমা পাঠ ও ব্যাখ্যা হয়। পাঠের আদি ও অন্তে পঞ্চতত্ত্ব ও মহাজনপদাবলী কীর্ত্তন করা হয়। উৎসবোপলক্ষে বহু ব্যক্তিকে প্রসাদ বিতরিত হইয়াছিল।

বম্বে গৌড়ীয়মঠে

গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুচরণের পূর্ব্বাশ্রমগত গত ১২ই ফেব্রুয়ারী শনিবার বম্বে শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীনিত্যানন্দপ্রভুর আবির্ভাব-মহামহোৎসব কীর্ত্তন, পাঠ ও ভক্তভাগবতমুখে বিশেষ সমারোহের সহিত সুসম্পন্ন হইয়াছে।

এতদুপলক্ষে মঙ্গলারাত্রিক ও শ্রীশ্রীগুরু-বৈষ্ণব বন্দনান্তর শ্রীশ্রীনিত্যানন্দমাহাত্ম্য ও মহামন্ত্র কীর্ত্তন হয়। ৩ ঘটিকা হইতে অপরাহ্ণ ৩ ঘটিকা পর্য্যন্ত মঠসেবকগণ ক্রমান্বয়ে শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীনিত্যানন্দ প্রভুর বিষয় পাঠ করেন। ৩ ঘটিকা হইতে সন্ধ্যা ৭ ঘটিকা পর্য্যন্ত 'নিতাইপদকমল' ও মহামন্ত্র কীর্ত্তন হয়। ৭ ঘটিকা হইতে ৭॥০ ঘটিকা পর্য্যন্ত সন্ধ্যারাত্রিক ও মহাজন পদাবলী কীর্ত্তন হয়। ৭॥০ ঘটিকা হইতে রাত্রি ৯ ঘটিকা পর্য্যন্ত শ্রীপাদ নবদ্বীপ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী ও শ্রীপাদ পতিতপাবন ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রীদ্বয় ক্রমান্বয়ে হিন্দি ও বঙ্গভাষায় শ্রীনিত্যানন্দ প্রভুর তত্ত্ব, মাহাত্ম্য ও চরিত্র বিষয়ে বক্তৃতা করেন। মহামন্ত্র কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়। পরে সমাগত সকলকে প্রসাদ বিতরণ করা হয়।

মাদ্রাজ গৌড়ীয়মঠে

শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা মাদ্রাজ শ্রীগৌড়ীয়মঠে বিগত ১১ই এবং ১২ই ফেব্রুয়ারী শ্রীবরাহদ্বাদশী ও শ্রীমন্নিত্যানন্দ

প্রভুর আবির্ভাব তিথিপূজা ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের আনুগত্যে বিশেষ সমারোহের সহিত অনুষ্ঠিত হইয়াছে। মঠবাসী ভক্তবৃন্দ উভয় দিবসই শ্রীভগবৎপ্রীত্যর্থে উপবাস করিয়া শ্রীনামসংকীর্ত্তন ও প্রসঙ্গালোচনা দ্বারা তিথিদ্বয়ের যথাযথ সম্মান করিয়াছেন।

১১ই তারিখে উষঃকালে মঙ্গলারাত্রিকান্তে মহাজনপদাবলী কীর্ত্তনের পর শ্রীচৈতন্যভাগবত মধ্যলীলা হইতে শ্রীমন্মহাপ্রভু বরাহভাবাবেশে শ্রীমুরারিগুপ্তের গৃহে যে লীলা করিয়াছিলেন তদ্বিষয়ে আলোচনা হয়। পুনরায় সন্ধ্যায় শ্রীমদ্ভাগবত তৃতীয় স্কন্ধ হইতে শ্রীবরাহদেবের আবির্ভাবের কথা আলোচনা হয়।

১২ই ফেব্রুয়ারী তারিখে উষঃকালে মঙ্গলারাত্রিকান্তে শ্রীনিত্যানন্দ প্রভুর মাহাত্ম্যসূচক মহাজনপদাবলী কীর্ত্তনের পর শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীনিত্যানন্দ প্রভুর আবির্ভাব এবং তীর্থপর্য্যটন-লীলা শ্রীগুরু-বৈষ্ণবানুগত্যে কিঞ্চিৎ আলোচিত হয়। পুনরায় সন্ধ্যায় মহাজনপদাবলী কীর্ত্তনের পর শ্রীচৈতন্যচরিতামৃত আদি লীলা পঞ্চম অধ্যায় হইতে শ্রীনিত্যানন্দ তত্ত্ব বিষয়ে আলোচনা হয়। এই সমস্ত আলোচনায় শ্রীগুরুবৈষ্ণবকৃপালাভই একমাত্র তাৎপর্য্য ছিল।

পাটনা গৌড়ীয়মঠে

গত ১২ই ফেব্রুয়ারী শনিবার দিবস পাটনা শ্রীগৌড়ীয়মঠে বর্ত্তমান যুগাচার্য্য

কলিকাতাভিমুখে শ্রীশ্রীল আচার্য্যদেব

——::)●(::——

দিবসত্রয় শ্রীধামে অবস্থান পূর্ব্বক শ্রীশ্রীব্যাসপূজা-মহামহোৎসব অতীব সুচারু-রূপে সম্পাদন করিয়া পরমারাধ্যতম শ্রীশ্রীল আচার্য্যদেব গত ২০শে ফেব্রুয়ারী ৮ই ফাল্গুন রবিবার অপরাহ্ণ ৪ ঘটিকায় সপার্ষদে শ্রীধাম মায়াপুর হইতে কলিকাতা শ্রীগৌড়ীয়-মঠে শুভাগমন করিয়াছেন। তথা হইতে মেদিনীপুর শ্রীগৌড়ীয়মঠে শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা-মহোৎসব সম্পাদন জন্য সত্বরই সপার্ষদে শ্রীশ্রীল আচার্য্যদেব মেদিনীপুরে শুভবিজয় করিয়াছেন।

ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদনন্তবাসুদেব গোস্বামী মহারাজের পূর্ব্বাশ্রমগত শ্রীশ্রীনিত্যানন্দাবির্ভাব মহোৎসব মহাসমারোহের সহিত সুসম্পন্ন হইয়াছে। উক্ত দিবস ব্রাহ্মমুহূর্ত হইতে যথাপূর্ব্ব শ্রীমঙ্গলারাত্রিক, পঞ্চতত্ত্ব, উষঃকীর্ত্তন, শ্রীনিত্যানন্দ মাহাত্ম্য ও মহামন্ত্র কীর্ত্তনাদি করেন। দ্বিপ্রহরে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গপাদপদ্মে মহা-পারমার্থিক ভোগরাগ এবং কীর্ত্তনমুখে সম্পন্ন হয়। সন্ধ্যায় শ্রীচৈতন্যচরিতামৃতের আদি লীলার পঞ্চম পরিচ্ছেদ হইতে শ্রীনিত্যানন্দ প্রভুর তত্ত্ব ও তাঁহার অলৌকিক করুণার কথা পাঠ ও ব্যাখ্যা হয়। তৎপূর্ব্ব দিবস শ্রীমঠস্থ ভক্তবৃন্দ নিরম্বু উপবাস করিয়া শ্রীশ্রীবরাহ-দেবের আবির্ভাব-তিথি ও হরিবাসর-ব্রত সংকীর্ত্তনমুখে পালন করেন।

"শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর—এই পাঁচটী রস ভগবানে পূর্ণমাত্রায় অবস্থিত। সেই ভাবগুলি ভগবানে নিযুক্ত করিবার পরিবর্ত্তে অনিত্য বস্তুতে নিযুক্ত করায় ভগবদ্‌বিষয়ে জ্ঞান লাভ করিতে পারিতেছি না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ওঁ বিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

৯ গোবিন্দ ভূত অনিরুদ্ধ গৌরাব্দ ৪৫১

শ্রীশ্রীব্যাসপূজায় নিবেদন

শ্রীব্যাসপূজা-অর্থে শ্রীগুরুপাদপদ্ম-পূজা। নিত্যলীলাপ্রবিষ্ট পরমারাধ্য শ্রীকৃষ্ণপাদপদ্ম পরমহংসকুলচূড়ামণি ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের চতুঃষষ্টিবর্ষপূর্ত্তি আবির্ভাব তিথিতে তাঁহার শ্রীপাদপদ্মপূজাই আমাদের শ্রীব্যাসপূজা। প্রথমসপ্তাহে শ্রীল প্রভুপাদের শিষ্যগণের মধ্যে তদীয় পরমপ্রিয়তম অন্যতম বর্ত্তমান গৌড়ীয়াচার্য্যপ্রবর পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামিপ্রভুরই জন্মস্থানে সেই শ্রীগুরুপাদপদ্মের আবির্ভাব-তিথিপূজার বিচার আবিষ্কৃত হইয়াছিল। জগদ্‌গুরু শ্রীনিত্যানন্দ প্রভু যেমন শ্রীমদ্গৌরসুন্দরকে তাঁহার গৌরবের পরিজ্ঞানে তাঁহাকেই (জগদ্গুরুকেই) পুষ্পমাল্য দান করিয়া তাঁহার ব্যাসপূজা বা গুরুপাদপদ্মপূজাদর্শ প্রকট করিয়াছিলেন, আমাদিগের মধ্যেও তদ্রূপ শ্রীল আচার্য্যদেবই সর্ব্বপ্রথমে শ্রীগুরুপাদপদ্মের প্রকটাবস্থাতে শ্রীগুরুদেবের শ্রীপাদপদ্মপূজাকেই তাঁহার ব্যাসপূজার আদর্শরূপে প্রকট করিয়াছিলেন। শ্রীল প্রভুপাদের পঞ্চাশদ্বর্ষপূর্ত্তি আবির্ভাব-তিথি ও গৌড়ীয়মঠে সর্ব্বপ্রথম ব্যাসপূজা হয়। তৎকালাবধি শ্রীল আচার্য্যদেবই আমাদিগকে শ্রীগুরুপাদপদ্মের মহিমা-কীর্ত্তনমুখে গুরুপাদপদ্মপূজার আদর্শ-শিক্ষা-দাতা, শ্রীগৌড়ীয়মঠের মুখপত্ররূপে তিনিই সেইবার প্রথম পুষ্পাঞ্জলি প্রবন্ধ রচনা করিয়া কীর্ত্তনমুখে শ্রীগুরুপাদপদ্মপূজার আদর্শস্থানীয় হন। সুতরাং আমরা আমাদিগের ব্যাসপূজার আদি পুরোহিত বর্ত্তমান গৌড়ীয়াচার্য্যপ্রভুকেই আমাদিগের শিক্ষাগুরুরূপে বরণ করিয়া তাঁহারই ঐকান্তিক অনুসরণে তাঁহার শ্রীমুখ-প্রস্তুত-শ্রীগুরুপাদপদ্মমাহাত্ম্য-কীর্ত্তনমুখে আমাদিগের নিত্যারাধ্য দীক্ষাগুরু শ্রীশ্রীল প্রভুপাদের শ্রীচরণে পুষ্পাঞ্জলি প্রদান করিব। শ্রীশ্রীল অনন্তবাসুদেব প্রভুরই ঐকান্তিক অভীষ্টানুসারে তাঁহার ভজনসিদ্ধান্তবিচারে অতীব সন্তুষ্ট হইয়া শ্রীল প্রভুপাদ তাঁহার প্রকটকালেই স্বীয় ভুবনমঙ্গলময়ী পাদপীঠার্চ্চা কৃপাপূর্ব্বক প্রকট করিয়াছিলেন। শ্রীচৈতন্যমঠে অদ্যাপি সেই পাদপীঠার্চ্চা পূজিত হইতেছেন। আবার শ্রীল প্রভুপাদের শ্রীগৌড়ীয়মঠে অপ্রকটকালে যখন প্রভুপাদের শ্রীঅঙ্গের সমাধিপ্রদান লইয়া বহু বাদানুবাদের মধ্যে ওঁ বিষ্ণুপাদ শ্রীল গৌরকিশোরদাস বাবাজী মহারাজের শ্রীঅঙ্গের সমাধি প্রদানকালীন বিচারের ন্যায় কএকটী অপসিদ্ধান্তপূর্ণ বিচার উত্থাপিত হইল—তখন শ্রীল আচার্য্যদেবেরই সুসিদ্ধান্তপূর্ণ সিংহহুঙ্কার সকল শিষ্যকে বশীভূত করিয়া শ্রীল প্রভুপাদের চিরাকাঙ্ক্ষিত "নিজানকটনিবাসং দেহি গোবর্দ্ধন ত্বম্" বাক্যের এক বাস্তব মূর্ত্ত ভাষা রচনা করিয়াছিল।

শ্রীধাম-মায়াপুর শ্রীচৈতন্যমঠে, শ্রীবাস-অঙ্গনে, কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে, মাদ্রাজ গৌড়ীয়মঠে, শ্রীপুরুষোত্তমে চটক পর্ব্বতে শ্রীল প্রভুপাদের পঞ্চাশদ্বর্ষপূর্ত্তি হইতে ষষ্টিবর্ষপূর্ত্তি প্রকটাবির্ভাব-তিথি-পূজাকাল পর্য্যন্ত এবং তৎপরেও অদ্যাবধি শ্রীল প্রভুপাদের শিষ্যবৃন্দের পক্ষ হইতে বর্ত্তমান গৌড়ীয়াচার্য্যপাদপদ্মের প্রিয়তম 'গৌড়ীয়' পত্রের সাপ্তাহিক ও পাক্ষিক সংস্করণ এবং বহু শুদ্ধভক্তিসিদ্ধান্তগ্রন্থের সম্পাদকপ্রবর মহামহোপদেশক পাঠক শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ মহোদয় যে সমস্ত শুদ্ধভক্তিসিদ্ধান্তপ্রসূন মালিকাকারে গ্রথিত করিয়া শ্রীব্যাসপূজায় বিশেষ প্রবন্ধরূপে কীর্ত্তনদ্বারা শ্রীল প্রভুপাদের প্রচুর আনন্দবিধান করিয়াছেন এবং তাঁহার ভূরি ভূরি স্নেহাশীর্ব্বাদ লাভ করিয়াছেন, সেই সকল বিশেষ বিশেষ প্রবন্ধের নিত্য নবনবায়মান চমৎকারিতাপূর্ণ সেবাসম্ভারের মৌলিকতা বিষয়ে শ্রীল আচার্য্যদেবের সর্ব্বতোমুখী সহায়তা সম্পাদকপ্রবর তাঁহার প্রাক্ত প্রবন্ধে গৌরবের সহিত কীর্ত্তন করিয়া আমাদিগকে আরও বা স্রোতপথানুসরণমুখে শ্রীগুরুপূজার প্রকৃত আদর্শ শিক্ষা প্রদান করেন।

শ্রীশ্রীল প্রভুপাদের গৌড়মণ্ডল-পরিক্রমা, ভারতভ্রমণ, প্রত্যহ নবদ্বীপ-পরিক্রমা, ব্রজমণ্ডল পরিক্রমা, বিভিন্নস্থানে শ্রীচৈতন্যপাদপীঠ প্রতিষ্ঠা, বিভিন্ন প্রত্যন্তদেশে মঠমন্দির ও শ্রীঅর্চ্চাবিগ্রহ স্থাপন, হরিকথা কীর্ত্তন, পাঠ, বক্তৃতা প্রভৃতিলিপি লিখন, প্রবন্ধরচনা ও মুদ্রণ, গ্রন্থসংশোধন, গ্রন্থসম্পাদন, সুসিদ্ধান্ত বিচার, পাষণ্ড-দলন, মঠমন্দিরাদির সেবা-কার্য্য পর্য্যবেক্ষণ, নাম মন্ত্র-দীক্ষাদান, যাগসংস্কার-প্রদান, ত্রিদণ্ড-সন্ন্যাসপ্রদান, শিষ্যগণের প্রতি নিগ্রহ-অনুগ্রহ, সেবাবিষয়ক নবনব-পরিকল্পনা, ভক্তগৃহে গমন, ভিক্ষা গ্রহণ ও জগদ্ব্যাপী শ্রীচৈতন্যবাণী-প্রচারসম্পর্কিত যাবতীয় পরমার্থ-কার্য্যে যে শ্রীল অনন্তবাসুদেব প্রভুর সর্ব্বতোমুখী সেবা শ্রীল প্রভুপাদ সর্ব্বতোভাবে স্বীকার করিতেন, যাঁহার ভক্তগণপদ-কণ্ঠনিঃসৃত সঙ্গীত ব্যতীত প্রভুপাদ আর কোন সঙ্গীতে সুখ পাইতেন না, যিনি প্রভুপাদের ভাবানুরূপ শ্লোক ও সঙ্গীতাদি কীর্ত্তন করিয়া তাঁহাকে সুখ প্রদান করিতেন, যাঁহার প্রত্যেক জীবের অন্তর্গত ভাব বিচারে, সরলতা ও কপটতা, সৎ ও অসৎসম্বর্দ্ধন, অসৎসঙ্গবর্জ্জনের দৃঢ় সঙ্কল্পে, যাঁহার বিলাস ও বৈরাগ্যের সুষ্ঠু বিচারবধারণে, শ্রীল প্রভুপাদের শ্রীচরণাশ্রিত ব্রহ্মচারী গৃহস্থ বানপ্রস্থ ও সন্ন্যাসী সকল আশ্রমের শিষ্যগণের ভজনোন্নতি সংসাধন-চেষ্টায় শ্রীল প্রভুপাদ পরমপ্রীতি লাভ করিতেন, একমাত্র যাঁহার ভক্তিসিদ্ধান্ত-বিচারে সন্তুষ্ট হইয়া প্রভুপাদ তাঁহার প্রকটকালে শতসহস্র দিবস বলিয়াছেন—"বাসুদেবই আমার কথা বুঝিয়াছে", সেই প্রভুপ্রিয়তমজন এবং তাঁহার প্রিয়জনগণ ব্যতীত প্রভুপাদের মনোহভীষ্ট আর কে বুঝিবেন, কেই বা প্রভুপাদের অভীষ্টরূপ শ্রীরূপরঘুনাথের সেবা করিয়া প্রভুপাদকে সুখ প্রদান করিবেন? সুতরাং শ্রীব্যাসপূজাবাসরে শ্রীল প্রভুপাদের এই দীনাতিদীন পতিতাধম কিঙ্করাভাস শ্রীল প্রভুপাদের শ্রীচরণে পুষ্পাঞ্জলি প্রদানের স্বরূপে "বাসুদেবানন্দ দাসে থাকিয়া ও' সদা লহ নাম" এই গুরুবাক্যের নিষ্কপট অনুসরণ প্রার্থনা করিতেছে। এই অগণ্য দাসাভাসের শ্রীগুরুপাদপদ্মে আশ্রয় ভিক্ষার প্রথম দিবসাবধি যিনি তাহাকে তাঁহার পরমপ্রিয় শ্রীপাদ সুন্দরানন্দ প্রভুর শ্রীপাদপদ্মে সমর্পণ করিয়া তাহার প্রতিষ্ঠেয়ের পথ প্রদর্শন করিয়াছেন, যে শ্রীশ্রীল বাসুদেব প্রভু ও শ্রীপাদ সুন্দরানন্দপ্রভুর উচ্ছিষ্টভোজী কিঙ্করাভাস বিচারে, পতিতপাবন শ্রীল প্রভুপাদও এ অধম নিতান্ত অযোগ্য ভৃত্যাধমের প্রতি প্রসন্ন হইয়া তাঁহার মনোহভীষ্ট-প্রচারসম্পর্কীয় বহু দায়িত্বপূর্ণ সেবাভার প্রদান পূর্ব্বক তৎসম্পাদনকল্পে এই ভৃত্যাভাসের সামান্য উদ্যমকেও কত না কতভাবে বহুমানন করিয়াছেন। এই ঘৃণিত জীবাধমকে বিষয়বিষ্ঠা-গর্ত্ত হইতে উদ্ধার করিয়া শ্রীগুরুপাদপদ্মসেবায় প্রতিষ্ঠিত করাইবার জন্য যাঁহাদের কৃপাধারা প্রতিনিয়ত অজস্রধারে বর্ষিত হইতেছে, তাঁহাদের শ্রীচরণ-মহিমা উচ্চকণ্ঠে কীর্ত্তনমুখে আমার শ্রীব্যাসপূজায় যোগ্যতা উদিত হইবে, ইহাই আমার একমাত্র আশা ও ভরসা। ইহা আমার কেবল নিরর্থক বাগাড়ম্বরমাত্রে পর্য্যবসিত না হয়, তজ্জন্য আমি শ্রীব্যাসপূজোপলক্ষে শ্রীল আচার্য্যপাদপদ্মের প্রিয় যাবতীয় বৈষ্ণববৃন্দের শ্রীচরণে সুপ্রসন্নতাদানে প্রার্থনা করি।

শ্রীগুরুদেবের বিশ্রম্ভসেবকের নিষ্কপট আনুগত্যই গুরুপাদপদ্মপূজার প্রকৃত যোগ্যতা প্রদান করে, নতুবা অর্চ্চনের কতকগুলি পেষ্টামাত্র অবলম্বিত হইয়া আত্মবৈভব-প্রকাশচ্ছলে শ্রীগুরুপাদপদ্মপূজার পরিবর্ত্তে সকল পুষ্প-সম্ভার নিজেন্দ্রিয়তর্পণের লাগিয়া যায়, শ্রীগুরুদেব তাহা গ্রহণ করেন না। কুকর্ম্মে যাঁহার সামান্য শ্রদ্ধার উদয় হইয়াছে, কিন্তু নামাশ্রিত ভক্তসেবার বিচার উদিত হয় নাই, তাদৃশ নামগ্রহণকারীর নামগ্রহণবিচারকে মানসে আদর করিতে হইবে,—এই বিচার যে, তিনি নিরন্তর নামাশ্রিত মধ্যম ভাগবতের সঙ্গপ্রভাবে তাঁহার শ্রীমুখে শ্রীনামের বিলাস-বৈচিত্র্যের সেবোপলব্ধি বিষয়ে তৎপর হইবেন; কিন্তু যদি সেই কনিষ্ঠাধিকারী নামাশ্রিত বৈষ্ণবসেবার বিচারে একেবারেই পরাঙ্মুখ হন তাহা হইলে তাঁহার ঐ শ্রদ্ধাটুকু যোগ্যতাভাবে মাত্র পরিগণিত হইয়া নির্জ্জন ভজনের নামে মৌলিক ঐশ্বর্য্যমদে মত্ত করাইবে, তাঁহার কনিষ্ঠা বকার হইতেও পতন হইবে। কোটি কোটি সংখ্যা-নাম বহু জন্ম ধরিয়া জপ করিয়াও নামের সাক্ষাৎ ফল কৃষ্ণপ্রেমা লাভের পরিবর্ত্তে ভুক্তি-মুক্তি-ফলই প্রাপ্য হইবে, তাহাদিগকে না চাহিলেও তাহারা জোর করিয়া চাপাইবে, কিছুতেই ছাড়িবে না। নামানুরাগী বৈষ্ণবসেবার বিচার (অবশ্য শ্রীনামগ্রহণের বিচার বর্জ্জন করিয়া নহে) যাঁহার যতটা সমৃদ্ধ হইবে, তাঁহার ততই নামে বৈলক্ষণ্য আসিবে। ক্রমে শুদ্ধ মধ্যমাধিকার উদয় হইবে। এই অবস্থাকে বৈষ্ণবেরা প্রণতি দ্বারা সম্বর্দ্ধনা করেন। নামে নিষ্কপট শ্রদ্ধার উদয় হইলেই শ্রীগুরুপাদপদ্মে দিব্যজ্ঞান-সম্বন্ধী দীক্ষা লাভের বিচার আসিয়া জীবকে শ্রীগুরুবৈষ্ণবের সেবার সকল প্রকার যোগ্যতা অর্জ্জনের সৌভাগ্য প্রদান করে। দীক্ষিত হইয়া বৈষ্ণবসেবার বিচার বাদ দিয়া নামগ্রহণ বা শ্রীমূর্ত্তির অর্চ্চন-ব্যাপদেশে 'তৃণাদপি সুনীচেন' বিচারাদর্শের পরিবর্ত্তে 'আমি ও' বৈষ্ণব' এই অভিমান বৃদ্ধি করাইলে দীক্ষার মূল তাৎপর্য্য দিব্যজ্ঞানলাভই হইবা

মায়াকে পিছনে রাখি কৃষ্ণ পানে চায়। ভজিতে ভজিতে কৃষ্ণপাদপদ্ম পায়

অধিকারীদিগকেই উপযোগী সাধ্যসাধন প্রদর্শিত হয়। তাহাই জীবের ভাগ্যহীনতা। তৎকালে জীব ক্রমশঃ গুর্ব্ববজ্ঞা, বৈষ্ণব-অপরাধাদি জীবগণ হইতে জীবগণে অপরাধে লিপ্ত হইয়া পারমার্থিক জীবনের সর্বনাশ সাধন করে। গুরুঅপরাধই অপরাধী জীবের তৎকালে নামগ্রহণ ও অর্চনাদির আড়ম্বর বর্তমান থাকিলেও শ্রীহরিগুরুবৈষ্ণব-পাদপদ্মে প্রাকৃত বুদ্ধি আসিয়া তাহাকে বিপথগামী করায়।

শ্রীগুরুপাদপদ্মে দীক্ষা গ্রহণের অভিনয়-মাত্রকে দীক্ষা বলে না। দিব্যজ্ঞান দানের প্রকৃত অর্থ শ্রীনাম, নামদাতা শ্রীগুরুপাদপদ্ম এবং সেই শ্রীনাম ও শ্রীগুরুপাদপদ্মের ভজনে সদাচারী বৈষ্ণবচরণকে যথোচিতবিচারে, অবজ্ঞাজ্ঞানকে সর্বতোভাবে অস্বীকার করার প্রধানমুখে বৈষ্ণবানুগত্যে শ্রীহরিগুরুসেবা-চেষ্টার প্রকাশিত হয়। বৈষ্ণবসেবার বিচার সম্পূর্ণ বিকাশ হইলেই ভজনানন্দতা আসে। ঐকালে শ্রীগুরুপাদপদ্মকে শ্রীব্রজেন্দ্রনন্দনের সেবাশিক্ষক, সর্বপ্রকার সেবাযুক্তিতে সুনিপুণ মূল আশ্রয়বিগ্রহ শ্রীবার্ষভানবীর অভিন্নজ্ঞানে শ্রীগুরুদেবের মনোহভীষ্ট বিষয়ে সর্বতোমুখী শুশ্রূষতার উদয় হইয়া (অর্চনপ্রণালীভূতমনঃ) উত্তমাধিকার লাভ হয়। তাঁহাকে দেখিলেই মুক্তাভিমানের মুখে হরিনামের উদয় হয় এবং তাঁহার চরণাশ্রয় সর্বতোভাবে কৃপা হইয়া থাকে। শ্রীগুরুবৈষ্ণবসেবা বাদ দিয়া ভজনবিজ্ঞতার কোন মূল্য নাই।

শ্রীচৈতন্যমনোহভীষ্টসংস্থাপনই গুরুর কার্য্য। শ্রীস্বরূপ-সনাতন-রূপ-রঘুনাথ-শ্রীজীবাদি-শ্রীকৃষ্ণদাস-কবিরাজ-নরোত্তম-বিশ্বনাথ-বলদেব-উদ্ধব মধুসূদন-জগন্নাথ-ভক্তিবিনোদ-গৌরকিশোর এবং ভক্তাঙ্গ-বিগ্রহ দামোদরপ্রভু-প্রমুখ সকলেই শ্রীচৈতন্যমনোহভীষ্টসংস্থাপক জগদ্গুরু। অধুনা লোকলোচনে তাঁহাদের অপ্রকট-লীলায় তাঁহাদের মনোহভীষ্টসংস্থাপনহেতু শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামিপাদই শ্রীল প্রভুপাদের সকল শিষ্যের গৌরবের পারাবতারে গৌড়ীয়বৈষ্ণবগণের একমাত্র আচার্য্য। শ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্মে দীক্ষিত বৈষ্ণবগণকে তিনি তাঁহার সতীর্থজ্ঞানে আত্মবৎ প্রকাশ করিলেও আমরা তাঁহাকে আমাদেরই গুরুভ্রাতৃগণের অন্যতম সাধারণ বৈষ্ণববিচারে দর্শন করিলে শ্রীগুরুতত্ত্বে অনাদর হেতু শ্রীগুরুপাদপদ্ম আমাদের কোন পূজা গ্রহণ করিবেন না। শ্রীগুরুতত্ত্ব কৃষ্ণের স্বরূপ-শক্তির অন্তর্ভুক্ত বস্তু। তাঁহাকে অনর্থযুক্ত সাধক-শ্রেণীর অন্তর্ভুক্ত করিতে হইবে না বা সাধনসিদ্ধ, বদ্ধমুক্ত বলিয়াও বিচার করিতে হইবে না। তিনি নিত্যসিদ্ধ গৌরপরিকর। দীক্ষাগুরু ও শিক্ষাগুরু তত্ত্বতঃ একই। দীক্ষাগুরুর একত্ব ও শিক্ষাগুরুর বহুত্ব বিচার থাকিলেও শিক্ষাগুরুকে দীক্ষাগুরু হইতে ভিন্ন জ্ঞান করিলে গুরুতত্ত্বে অপরাধ আসিয়া যাইবে। সুতরাং আমরা শিক্ষাগুরু শ্রীশ্রীল অনন্তবাসুদেব প্রভুচরণের আনুগত্যেই দীক্ষাগুরু শ্রীল প্রভুপাদের পাদপদ্মে আত্মাঞ্জলি প্রদানের বিচার বরণ করিব। শ্রীশ্রীল প্রভুপাদোপদিষ্ট স্বরূপরূপানুগবিচার-ধারা-সংরক্ষণকার্য্যের ভার কৃষ্ণেচ্ছায়ই যোগ্য ব্যক্তির উপর ন্যস্ত হইয়াছে। ইহার অন্যথা করিতে গেলে কৃষ্ণেচ্ছা-প্রতিকূলে দণ্ডায়মান হইয়া নরকভোগ বরণ করিতে হয়। কৃষ্ণশক্তি ব্যতীত "পৃথিবীং স শিষ্যাৎ" বিচারে শ্রীনাম-প্রবর্তন-যোগ্যতা সাধারণ ব্যক্তিতে প্রকাশিত হয় না।

(ক্রমশঃ)

নিমন্ত্রণ পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীগৌড়ীয়মঠ,
১৮০, ৫০নং ষ্ট্রীট,
রেঙ্গুণ
২৯শে মাঘ

বিপুল-সম্মানপুরঃসর নিবেদন—

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণব রাজসভার উদ্যোগে গৌড়ীয়বৈষ্ণবাচার্য্য ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজের নির্দেশানুসারে এবং সাক্ষাৎ উপস্থিতি ও সেবাধ্যক্ষতায় আগামী ২৫শে ফেব্রুয়ারী হইতে ৬ই মার্চ, ইং ১৯৩৮ ১৩ই ফাল্গুন হইতে ২২শে ফাল্গুন তারিখ পর্য্যন্ত রেঙ্গুণ শ্রীগৌড়ীয়মঠে শ্রীবিগ্রহ-প্রতিষ্ঠা উপলক্ষে মহামহোৎসব অনুষ্ঠিত হইবে। এতদুপলক্ষে শ্রীহরিসংকীর্তন, শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও প্রচার-বৈশিষ্ট্য আলোচনা, মহাপ্রসাদ-সম্মান প্রভৃতি ভক্ত্যঙ্গ-অনুষ্ঠানে মহাশয় কৃপাপূর্বক শুভাগমন ও যোগদান করিলে সভার সদস্যবর্গ পরমানন্দিত হইবেন। নিবেদনমিতি—

শ্রীহরিজনকিঙ্কর—

শ্রীঅতুলচন্দ্র বন্দ্যোপাধ্যায়,
(সহকারী সভাপতি, গৌড়ীয় মিশন)

শ্রীনিশিকান্ত সান্যাল,
(সম্পাদক, গৌড়ীয় মিশন)

ত্রিদণ্ডি-ভিক্ষু শ্রীভক্তিসর্বস্ব গিরি,
(রেঙ্গুণ-গৌড়ীয়মঠ-রক্ষক)

শ্রীচৈতন্যমঠে শ্রীব্যাস-পূজা

বিভিন্ন স্থান হইতে প্রেরিত তার

—::)•(::—

পাটনা

Patna
19.2.38

Srila Vasudeb Prabhu

My humble homage to Sri Gurudeva through you on this auspicious day.

—Brajeswari.

Patna
19.2.38

Srila Acharya Deva

Our humble homage to Sri Gurudeva through you on this auspicious day.

—Anadi Krishna.

নিউ দিল্লী

Newdelhi
19.2.38

Acharya Deva

Math members submit humble prostrations Baishnavas Your Divine Grace Vyas-Puja.

—Oudulomi.

মাদ্রাজ

Madras
19.2.38

Acharya Deva

Pray convey our prostrated obeisances ; craving mercy.

—Math-members.

ময়মনসিংহ

Mymonsingh
19.2.38

Acharya Deva

Devotees Jagannath Gaudiya Math solicit mercy of your Divine Grace making fit accepting as own in worshipping Vyas-incarnate Srila Pravupad on this auspicious sixty fourth advent anniversary.

রেঙ্গুণ

Rangoon
19.2.38,

On this most auspicious Vyas-Puja Day members Rangoon Gaudiya Math humbly convey hearty offerings at Prabhupad's Divine Feet and pray Srila Acharya Deva's blessings to inspire them constantly in Divine Service. Vyas Puja celebrations being held most successfully under His revered directions.

—Giri

কলিকাতা

Calcutta
20.2.38

Through Grace Srila Acharya Deva whole day Vyas-Puja ceremony successfully celebrated, Puja in morning, 'Harikatha' at noon, lectures and Gaudiya recitations in the evening ending with Tirtha Maharaj's Kusumanjali stirringly impressive, Mahaprasad distributed both morning and evening to five hundred, according to Acharya Deva's directions.

—Jagadudharan,

শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী

পরমার্থ জম্বুদ্বীপের রত্নরাজি

ভিক্ষা :—১ম খণ্ড ৮০ ; ২য় খণ্ড—১৲ ; ৩য় খণ্ড—৮০ ; ৪র্থ খণ্ড —৮০ আনা।

প্রাপ্তিস্থান শ্রীধাম-মায়াপুর,
শ্রীচৈতন্যমঠ

কৃষ্ণ তারে দেন নিজ চিচ্ছক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্বল॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠরাজ

প্রাচীন নবদ্বীপ, ঈশোদ্যান শ্রীমায়াপুর, নদীয়া।
শ্রীচন্দ্রশেখর-ভবনে শ্রীচৈতন্যমঠ, পরবিদ্যা-পীঠ, শ্রীশ্রীরাধাকৃষ্ণ-শ্রীগৌর, গোপিনি আচার্য্য চতুষ্টয় বিগ্রহ আছেন। সুপ্রাচীন প্রত্ন-ব্যক্তিগণ চারিকর্ণ 'নদীয়া-প্রকাশ' দপ্তর আছে।
রক্ষক—শ্রীনন্দ ব্রহ্মচারী সেবাবিগ্রহ।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ২১১৫
কলিকাতায় শ্রীভক্তিবিনোদ আসনে শ্রীমঠ প্রতিষ্ঠিত। শ্রীমঠে পাঠ, সংকীর্ত্তন, প্রাতশ্চতুর্থী-বেদার শ্রীমদ্ভাগবতাদি তত্ত্ব-গ্রন্থের সম্যক্ আলোচনা এবং 'গৌড়ীয়' পত্র ও হারমণীষ্ট পাক্ষিক ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—শ্রেষ্ঠার্য্য শ্রীপাদ নবীচরণ রায় ভক্তিবিজয়।

(৩) যোগপীঠ মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ।
রক্ষক—শ্রীমদ্ কুঞ্জদাস বাবাজী মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রীরামগোবিন্দ ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী।

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া)
ইহা গৌরলীলার শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অবধূতকুণ্ড শ্রীশ্রীনামহট্ট

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রীমদ্ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম, পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)
এখানে ওঁ বিষ্ণুপাদ শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর গদাধর ও শ্রীরাধামাধবের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীজগবন্ধুদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)
গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিদাস অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)
রক্ষক—শ্রীবিশ্বভূষণ ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

[১২শ খণ্ড] শ্রীমায়াপুর—১৬ই ফাল্গুন, ১৩৪৪, ২৮শে ফেব্রুয়ারী, ১৯৩৮, সোমবার [৩০০ সংখ্যা]

বিবিধ সংবাদ

———

আজাদ ময়দানে সম্বর্দ্ধনা সভায় বিশাল জনতা

গত ২১শে ফেব্রুয়ারী সারাভারত কংগ্রেস সভাপতি শ্রীযুত সুভাষচন্দ্র বসুর বক্তৃতা শুনিবার জন্য বোম্বাই আজাদ ময়দানে এক লক্ষের ২ লক্ষ লোক সমবেত হয়। এই সভায় বহু মহিলা সন্তান শিশুকে ক্রোড়ে লইয়া ও ছোট ছোট বালক বালিকাকে সঙ্গে করিয়া উপস্থিত হইয়াছিলেন; কিন্তু সভায় বক্তৃতা শ্রবণের জন্য যে 'লাউড স্পীকারের' বন্দোবস্ত করা হইয়াছিল, তাহা বিগড়াইয়া যায়। উহা ঠিক করার জন্য আধ ঘণ্টা অপেক্ষা করা হয়, কিন্তু ঠিক হওয়ার কোনও সম্ভাবনা না দেখিয়া অবশেষে ঐ সভায় সভাপতি পণ্ডিত জওহরলাল নেহেরু সভাস্থলে ঘোষণা করেন 'লাউড স্পীকার বিগড়াইয়া যাওয়ায় আগামী শনিবার পুনরায় এই সভা হইবে।'

ইহা শুনিয়া আগ্রহাকুল বিরাট জনসংঘ মঞ্চের দিকে ভীড় করিয়া অগ্রসর হইতে থাকে। ফলে চারিদিকে হুড়াহুড়ি আরম্ভ হয়। তাহাতে বক্তৃতামঞ্চের ও বিপুল জনতার মধ্যবর্ত্তী স্থানে আসীন মহিলাগণকে চতুর্দ্দিক হইতে লোকজন ধাক্কাধাক্কি করিয়া ঘিরিয়া পরিবেষ্টন করিয়া ফেলে। ইহাতে মহিলাগণ আর্ত্তনাদ করিতে থাকে ও ভীত বালক বালিকারাও ভয়ার্ত্ত ক্রন্দন করিতে থাকে। ফলে ভয়ানক একটা গোলের সৃষ্টি হয়।

তাহা দেখিয়া পণ্ডিত জওহরলাল নেহরু ও মিঃ ইয়াসীন্ নূরী, শ্রীযুক্ত ভুলাভাই দেশাই, শ্রীযুক্ত এস, এম, পাটিল প্রমুখ বোম্বাইয়ের মন্ত্রীরা এবং বহু কংগ্রেস কর্মী অবিলম্বে মঞ্চ হইতে অবতরণ করিয়া শিশুদিগকে ও মহিলাগণকে নিরাপদ স্থানে স্থানান্তরিতকরণে সহায়তা করেন। কতিপয় শিশু তাহাদের মাতার নিকট হইতে এইরূপ হট্টগোলে বিচ্ছিন্ন হইয়া পড়ে। পরে তাহাদিগকে তাহাদের অভিভাবকগণের হাতে সমর্পণ করা হয়।

———

বঙ্গীয় ব্যবস্থাপক সভায় বিনা ডিভিশনে প্রস্তাব গৃহীত

গত বৃহস্পতিবার বঙ্গীয় ব্যবস্থাপক সভায় প্রস্তাবিত যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে প্রস্তাব গৃহীত হইয়াছে। শ্রীযুত নলিনীচন্দ্র দাস (কংগ্রেস) মূল প্রস্তাবটি উত্থাপন করেন এবং দেড় ঘণ্টা আলোচনার পর এই সংশোধিত আকারে উহা গৃহীত হয় :—

"বড়লাট সম্রাটের নিকট প্রেরণ করার জন্য এই পরিষদ হইতে গবর্ণরের নিকট একখানা আবেদনপত্র প্রেরণ করা হউক;

গবর্ণর যেন এই প্রস্তাবটি পার্লিয়ামেন্টের গোচর করার জন্য সম্রাটকে অনুরোধ করেন :—

"ব্রিটিশ পার্লামেন্টকে এই কথা জানাইবার জন্য বাঙ্গলা গবর্ণমেন্টকে অনুরোধ করা যাইতেছে যে, এই সভার মতে ১৯৩৫ সালের ভারত শাসন আইনের দ্বিতীয় অধ্যায়ে বর্ণিত যুক্তরাষ্ট্র প্রবর্ত্তন করা উচিত নহে, কারণ উহা ভারতবাসীদের স্বার্থের পক্ষে হানিকর; এই সভা আশা করে যে, ব্রিটিশ গবর্ণমেন্ট ভারতবাসীদের অভিমত গ্রাহ্য করিয়া অবিলম্বে ভারতবর্ষের সমস্ত সম্প্রদায়ের প্রতিনিধিমূলক নেতৃবর্গের সহিত পরামর্শ অবলম্বনে চূড়ান্ত সিদ্ধান্তের পূর্ব্ব পর্য্যন্ত সাময়িক কালের জন্য এমন একটি কেন্দ্রীয় গবর্ণমেন্ট স্থাপন করিবেন, যাহাতে ১৯৩৫ সালের ভারত শাসন আইনে বর্ণিত যুক্তরাষ্ট্রের আপত্তিকর অংশগুলি থাকিবে না এবং যাহাতে ভারতবাসীদের আত্ম নিয়ন্ত্রণাধিকার স্বীকৃত হইবে।

প্রস্তাবটি বিনা ডিভিশনে গৃহীত হয়, তবে ইউরোপীয়ান সভ্যগণ উহার বিরোধিতা করেন।

সরকার পক্ষ হইতে স্বরাষ্ট্র-সচিব খাজা স্যার নাজিমুদ্দীন বলেন, তাঁহারা এই প্রস্তাব সম্পর্কে কোনও মত প্রকাশ করিবেন না, এবং আলোচনায় যোগ দিবেন না। আলোচনার বিবরণ তাঁহারা যথাস্থানে পাঠাইয়া দিবেন।

শ্রীযুত নলিনীচন্দ্র দাসের প্রস্তাবটিতে বলা হইয়াছিল, "প্রস্তাবিত যুক্তরাষ্ট্র প্রবর্ত্তন করা উচিত নহে, কারণ উহা ভারতবাসীদের স্বার্থহানিকর।"

জাপান অভিমুখে চীনা বিমান-বহর

বারখানি চীনা বিমান হাংচাও-এর উপর দিয়া পূর্ব্বদিকে পশ্চিম জাপান অভিমুখে উড়িয়া গিয়াছে, এই সংবাদ পাইয়াই পশ্চিম জাপান-রক্ষী-বাহিনীর হেডকোয়ার্টার বেলা ১১টা ৪০ মিনিটের সময় সমস্ত কিউসু দ্বীপে বিমান আক্রমণের জন্য সতর্ক বাণী প্রচার করিয়াছে। নাগাসাকি বন্দরও এই এলাকায় আছে।

একমাস কালের মধ্যে এই দ্বিতীয়বার মার্কিন যুক্তরাষ্ট্র অধিবাসী কর্তৃক পরিচালিত 'চাওয়েমপাও' নামক সংবাদ পত্র অফিসে বোমা নিক্ষিপ্ত হইয়াছিল। [illegible] আঘাতে আহত হওয়া সত্ত্বেও একজন চীনা পুলিশ বোমা নিক্ষেপকারীকে গ্রেপ্তার করে এবং তাহার সঙ্গীও গ্রেপ্তার হয়। উক্ত সংবাদপত্র অফিসের ১ জন চীনা কর্মচারী জখম হইয়াছে। সংবাদপত্র অফিসের প্রভূত ক্ষতি হইয়াছে।

———

বিবাহের নামে বালিকা ক্রয় বিক্রয়

হায়দরাবাদ (সিন্ধু) জেলার তাণ্ডু-আদম গ্রামে বিবাহের নামে বালিকা বিক্রয়ের অভিযোগে গোয়েন্দা বিভাগের পুলিশ চারি ব্যক্তিকে গ্রেপ্তার করিয়াছে। প্রকাশ, ১৪টি বালিকাকে উদ্ধার করা হইয়াছে। দুষ্কৃতকারীদের মধ্যে দুইজনের বাড়ী যুক্তপ্রদেশে এবং অপর দুইজনের বাড়ী তাণ্ডু আদমে। প্রকাশ, ঐ সকল লোক নিয়মিতভাবে নাবালিকা বালিকা ক্রয় বিক্রয় করিত। তাহারা যুক্তপ্রদেশের তাহারা গোপনে সেখান হইতে বালিকা আমদানী করিত এবং অপর দুই ব্যক্তি তাহাদের বিবাহের বর খুঁজিয়া বাহির করিত। ডাক্তারী পরীক্ষায় প্রকাশ পাইয়াছে যে, বালিকাদের বয়স ১৪ হইতে ১৮ এবং তাহাদের সকলেরই পূর্ব্বে যুক্তপ্রদেশে বিবাহ হইয়াছে। প্রত্যেকটি বালিকাকে ২৫০্ হইতে ৪০০্ টাকায় বিক্রয় করা হইয়াছে। গোয়েন্দারা যুক্তপ্রদেশে ঐ বিষয়ে সংবাদ পাইয়া ইন্সপেক্টর আদমে বালিকাদের সন্ধান পায়। দুষ্ট ব্যক্তিগণকে জেল হাজতে রাখা হইয়াছে। তাহাদিগকে দণ্ডবিধির ৩৬৬ (ক) এবং [illegible] (খ) ধারার সহিত পঠিত ১২০ ধারায় অভিযুক্ত করা হইয়াছে।

বৈদিক শ্রীগুরু-প্রকাশ

শুদ্ধভক্তি-গ্রন্থমালা

বঙ্গাক্ষরে প্রকাশিত

১। শ্রীমদ্ভাগবতম্,—সমগ্র ৪০৲
প্রথম হইতে দশম স্কন্ধ পর্য্যন্ত— ২৮৲
দশম স্কন্ধ— ৯৲
২। ভাষ্যসহ বিরাট্ শ্রীচৈতন্যভাগবত (অর্দ্ধ বাঁধা) ৭৲
ভাষ্যসহ শ্রীচৈতন্যচরিতামৃত ৭৲
৩। সরস্বতী জয়শ্রী (অবাঁধা) ৬৲
৫। শ্রীল প্রভুপাদের বক্তৃতাবলী
১ম খণ্ড ৸৹ ; ২য় খণ্ড ১৲; ৩য় খণ্ড—৸৹
৪র্থ খণ্ড —৸৹
৬ শ্রীল প্রভুপাদের পত্রাবলী
১ম খণ্ড—৸৹; ২য় খণ্ড—১৲; ৩য় খণ্ড-
৭। শ্রীচৈতন্যদেব ১৲
৮। সৎক্রিয়াসার-দীপিকা ও সংস্কার দীপিকা ১॥৹
৯। জৈবধর্ম ২৲
১০। গৌড়ীয়-কণ্ঠহার ১৲
১১। শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঁধা) ২৲
১২। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঁধা
১৩। হরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৪। সাধককণ্ঠমালা (দ্বিতীয় সংস্করণ) ৷৹
১৫। বৈষ্ণবসাহিত্যে বিরহ-তত্ত্ব ।
১৬। ব্রাহ্মণ ও বৈষ্ণব ৸৹
১৭। চৈতন্যোপনিষৎ ।৹
১৮। বামন-আনন্দ ।৹
১৯। তত্ত্ববিবেক ।৹
২০। গৌড়ীয়-গৌরব ॥৵৹
২১। গৌড়ের গৌরব ॥৵৹
২২ ভজন-রহস্য ।৹
২৩। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
২৪। গীতা (শ্রীবলদেব-টীকা-সহ) ২৲
২৫। গীতা (চক্রবর্ত্তি-টীকাসহ) (অবাঁধা) ৪৲
২৬। গীতায় কেবল বাংলা ভাষা
২৭। মুকুন্দ্যমালা স্তোত্রম্ (সানুবাদ) ২৲
২৮। বেদান্তদর্শন (সানুবাদ) ॥৹
২৯। প্রেমবিবর্ত্ত (তৃতীয়-সংস্করণ) (বাঁধা) ৸৹
। তীর্থ-দিগ্-দর্শন ৶৹
৩১। সাধনপথ (তৃতীয়-সংস্করণ) ।৵৹
৩২। গৌড়ীয় বৈষ্ণব দাস (বাঁধা) ।৹
৩৩। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹
৩৪। ভক্তিরত্নাকর (নবদ্বীপ-পরিক্রমা) ৶৹
৩৫। গীতমালা ৵১৹
৩৬। নবদ্বীপধাম মাহাত্ম্য ৶৹
৩৭। ঐ প্রমাণ-খণ্ড ৶৹
৩৮। শ্রীনবদ্বীপভাব তরঙ্গ ।৹
৩৯। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমাবর্ণনা ।৹
৪০। শরণাগতি ৵৹
৪১। গীতাবলী ৵৹
৪২। শ্রীব্রজমণ্ডল পরিক্রমা ৸৹
৪৩। সাধনতত্ত্ব ৵৹
। প্রেমভক্তিচন্দ্রিকা ৵৹
৪৫। নবদ্বীপশতক ৵৹
৪৬। অর্চ্চনতত্ত্ব ৶৹
৪৭। সদাচারস্মৃতিঃ ৵৹
৪৮। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ৵১৹
৪৯। অর্চ্চনকণ ৶১৹
৫০। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (১ম খণ্ড) ৬৲
৫১। ব্রহ্মসংহিতা ।৹
৫২। মণিমঞ্জরী (সানুবাদ) ।৹
৫৩। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹
৫৪। পুরুষার্থ-বিনির্ণয় ।৹
৫৫। স্তবমালা বা মালাবালকমঞ্জরী ।৹
৫৬। ভাগবত ও ভক্তিপথ ৶৹
৫৭। ঈশোপনিষৎ (ভাষ্যাদিসহ) ।৹
৫৮। শ্রীকৃষ্ণদেবের ৶৹
৫৯। সিদ্ধান্তদর্পণ ৷৹
৬০। সাংখ্যবাণী ৹

সংস্কৃত ভাষায় প্রকাশিত

৬১। শ্রীচৈতন্যলীলামৃতসারঃ ।৹
৬২। সিদ্ধান্ত সরস্বতী বিভিজ্ঞঃ ।৹
৬৩। সটীক-শিক্ষাষ্টকম্ ।৹
৬৪। তত্ত্বসূত্রম্ ।৹
৬৫। সার্ব্বভৌম শিক্ষাষ্টকম্ ৶৹
৬৬। গৌড়ীয়মঠপরিচয়ঃ ৵৹
৬৭। মায়াবাদখণ্ডনম্ ৶৹

ইংরাজী ভাষায় প্রকাশিত

৬৮। রায় রামানন্দ ।৹
৬৯। এ কিউ ওয়ার্ল্ড অব বেদান্ত ।৹
৭০। নামভজন ৵৹
৭১। বেদান্ত—ইট্স মর্ফলজী এণ্ড অন্টলজি ।৹
৭২। রিলেটিভ ওয়ার্ল্ড্স ॥৵৹
৭৩। লাইফ এণ্ড প্রিসেপ্টস্ অব শ্রীচৈতন্য মহাপ্রভু ।৹
৭৪। বৈষ্ণবীজম্ ।৹
৭৫। বোম্বাই গৌড়ীয়মঠ ইন ক্লুইং ৵৹
৭৬। দি ভাগবত ।৹
৭৭। ইরোটিক প্রিন্সিপাল এণ্ড আনঅ্যালয়েড ডিভোশন ।৹
৭৮। ব্রহ্মসংহিতা ২॥৹
৭৯। শ্রীকৃষ্ণচৈতন্য (অনূদ্ এবার) ১৫৲

উড়িয়া অক্ষরে প্রকাশিত

৮০। শ্রীহরিনামচিন্তামণি ।৹
৮১। সাধন-পথ ।৹
৮২। কল্যাণ-কল্পতরু ৶৹
৮৩। গীতাবলী ৵৹
৮৪। শরণাগতি ৵৹

তামিল ভাষায় প্রকাশিত

৮৫। শরণাগতি ৵৹

তেলেগু ভাষায় প্রকাশিত

৮৬। শ্রীচৈতন্যশিক্ষামৃত ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীগৌড়ীয়মঠ, পোঃ বাগবাজার, কলিকাতা

ভক্তির অন্যান্য পত্র

১। THE HARMONIST—প্রকাশ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ-সম্পাদিত ইংরেজী পাক্ষিক, প্রতি বুধবারে প্রকাশিত হয়। সডাক বার্ষিক ভিক্ষা ৪॥৹ কলিকাতা বাগবাজার শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত।

২। গৌড়ীয় —মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি সম্পাদিত বাংলা সাপ্তাহিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ৩৲, ষাণ্মাসিক ১॥৹ টাকা মাত্র।

৩। ভাগবত —তিনিভাষায় একত্রে পাক্ষিক পত্রিকা। মেদিনীপুর শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত, ভিক্ষা সডাক ।৹ ।

৪। পরমার্থী —শ্রীযুক্ত রঘুনাথ মহাপাত্র সম্পাদিত উৎকল পাক্ষিক। শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥৹ দেড় টাকা মাত্র।

৫। শ্রীগৌড়ীয় —মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সম্পাদিত বাংলা পাক্ষিক। কলিকাতা শ্রীগৌড়ীয়মঠ হইতে প্রকাশিত। বার্ষিক ভিক্ষা সডাক ১॥৹ মাত্র।

সরস্বতী-জয়শ্রী

গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যশিরোমণি ও বিষ্ণুপাদ
পরমহংস শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত
সরস্বতী গোস্বামী প্রভুপাদের
জীবকল্যাণকর জীবন-চরিত
ইহাতে অঙ্কিত করা
হইয়াছে।

——:০:——

নির্ম্মৎসর শুদ্ধভক্তি-শিক্ষার্থী ব্যক্তিমাত্রই
এই গ্রন্থ পাঠে যুগপৎ মহাভাগবত
পাঠ ও বহু সাধুসঙ্গের ফল
লাভ করিতে পারিবেন।
বৈষ্ণব-পত্রের প্রথম খণ্ড ৮ পেজী
আকারে এণ্টিক কাগজে উজ্জ্বলভাবে
মুদ্রিত। ৫৭০ পৃষ্ঠায় সম্পূর্ণ
বিস্তৃত সূচীপত্র ও বহু চিত্র
ইহাতে সংযোজিত
আছে; ভিক্ষা
৬৲ টাকা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ।

দৈনিক নদীয়া-প্রকাশ

একমাত্র পারমার্থিক দৈনিক-পত্র

শ্রীধাম-শ্রীমায়াপুর-নদীয়া

১২শ বর্ষ { ১৪ গোবিন্দ গৌরাব্দ ৪৫১, ১৬ই ফাল্গুন বঙ্গাব্দ ১৩৪৪, ২৮শে ফেব্রুয়ারী ইং ১৯৩৮, সোমবার } ৩০০তম সংখ্যা।

ব্যাসপূজা-মহোৎসব

—

মাদ্রাজ গৌড়ীয়মঠে

শ্রীকরমঠরাজ শ্রীচৈতন্যমঠের অন্তর্গত শাখা শ্রীমাদ্রাজগৌড়ীয়মঠে বিগত ১২শে ফেব্রুয়ারী শনিবার ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীশ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহোদয়ের আনুগত্যে শ্রীব্যাসপূজা বিশেষ সমারোহের সহিত সম্পন্ন হইয়াছে।

এতদুপলক্ষে ১৮ই ফেব্রুয়ারী শুক্রবার শ্রীব্যাসপূজার অধিবাস-তিথি দিবস সন্ধ্যারাত্রিকের পর মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীপাদ নরোত্তমানন্দ ব্রহ্মচারী ভক্তিকমল প্রভু শ্রীচৈতন্যভাগবত মধ্যখণ্ড পঞ্চম অধ্যায় হইতে শ্রীমন্মহাপ্রভুর আদেশে শ্রীনিত্যানন্দ প্রভুর শ্রীব্যাসপূজার অধিবাস-তিথি-পালন-লীলা আলোচনা করেন এবং পরমহংস-কুলচূড়ামণি নিত্যানন্দাভিন্ন জগদ্গুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল প্রভুপাদের অসমোর্দ্ধ দানের বৈশিষ্ট্য কীর্ত্তন করেন। তৎপর দিবস প্রত্যুষে মঙ্গল আরাত্রিকান্তে গুর্ব্বষ্টক ও শ্রীগুরুমহিমাসূচক মহাজনপদাবলী কীর্ত্তনান্তে শ্রীচৈতন্যভাগবত মধ্যখণ্ড পঞ্চম অধ্যায় হইতে শ্রীব্যাসপূজে শ্রীনিত্যানন্দ প্রভুর শ্রীব্যাসপূজার তাৎপর্য্য আলোচনা হয় এবং ভুবনমঙ্গল অবতার সর্ব্বমহদৈকনিলয় শ্রীশ্রীল প্রভুপাদের অহৈতুকী কৃপার বিষয় কীর্ত্তন ও শ্রীমন্দির-পরিক্রমা করা হয়। মধ্যাহ্নে ভোগারাত্রিকান্তে মঠের ভক্তগণ ও শ্রীশ্রীল প্রভুপাদের শ্রীপাদপদ্মে শ্রদ্ধাবনত সজ্জনগণ পরমারাধ্য শ্রীশ্রীল আচার্য্যদেবের শ্রীপাদপদ্ম-স্মরণে মস্তকোপরি পুষ্পমাল্যাদি দ্বারা সুশোভিত শ্রীশ্রীল প্রভুপাদের আলেখ্যার্চ্চার শ্রীপাদপদ্মে অঞ্জলি প্রদান করেন।

অপরাহ্ন ৬ ঘটিকায় মঠের শ্রীকৃষ্ণকীর্ত্তন-হলে একটী সভার আয়োজন হইয়াছিল। উক্ত সভায় মাদ্রাজ কর্পোরেশনের মেয়র মাননীয় মিঃ জে, শিবষণ্মুগম্ পিল্লাই, এম্-এ, এম্ এল-এ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। নির্দ্দিষ্ট সময়ে শ্রীগুরুবৈষ্ণববন্দনাকর শ্রীগুর্ব্বষ্টক কীর্ত্তন হয়। অতঃপর ডাঃ শ্রীযুক্ত মধুসূদন রাও, ভক্তিমার্তণ্ড মহোদয় মাদ্রাজ গৌড়ীয়মঠের সেবকগণের পক্ষ হইতে ইংরাজী ভাষায় লিখিত শ্রীব্যাসপূজা-অর্ঘ পাঠ করেন এবং শ্রীশ্রীল প্রভুপাদের মহিমা সম্বন্ধে অনেক কথা বলেন। তৎপরে শ্রীপাদ নরোত্তমানন্দ ব্রহ্মচারী ভক্তিকমল প্রভু শ্রীব্যাসপূজার তাৎপর্য্য সম্বন্ধে ইংরাজী ভাষায় একটী বক্তৃতা দেন এবং শ্রীপাদ হরেকৃষ্ণ ব্রহ্মচারী ইংরাজী ভাষায় শ্রীশ্রীল প্রভুপাদের অতিমর্ত্ত্য চরিত্র এবং শিক্ষাসমূহ কীর্ত্তন করেন। অতঃপর সভাপতি মহাশয় শ্রীশ্রীল প্রভুপাদের গুণাবলী সম্বন্ধে একটী বক্তৃতা করেন। পরিশেষে মহামন্ত্র কীর্ত্তনান্তে সভা ভঙ্গ হয়। উপস্থিত ভদ্রমণ্ডলী ও অভ্যাগতগণকে প্রসাদ বিতরণ করা হয়।

শ্রীকৃষ্ণচৈতন্যমঠে

গত ১৩শে ফেব্রুয়ারী, ১লা ফাল্গুন রবিবার, বৃন্দাবনে পরমারাধ্য শ্রীশ্রীল প্রভুপাদের প্রকটতিথিপূজা মহামহোৎসব শ্রীল আচার্য্যদেবের পূর্ণানুগত্যে পাঠকীর্ত্তনমুখে নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে প্রাতঃকৃত্যে শ্রীগুরুগৌরাঙ্গের মঙ্গলারাত্রিকের পর যথাবিধি শ্রীল আচার্য্যদেব, শ্রীগুরুদেব, বৈষ্ণববন্দনা, শ্রীগৌরাঙ্গগান্ধর্ব্বিকাগিরিধারী জীউর বন্দনার পর পঞ্চতত্ত্ব, 'গুরুদেব কৃপাবিন্দু দিয়া' 'শ্রীরূপমঞ্জরীপদ' ও 'শ্রীগুরুচরণপদ্ম' প্রভৃতি পদাবলী এবং মহামন্ত্র কীর্ত্তন হয়।

নানাবর্ণের বিচিত্র বস্ত্রশোভিত উচ্চ-সিংহাসনোপরি শ্রীগুরুদেবের শ্রীঅর্চ্চা-বিগ্রহ স্থাপন করিয়া বহুবিধ পুষ্পমাল্যদ্বারা বিভূষিত করা হয়। বেলা ১২ ঘটিকার সময় শ্রীপাদ নন্দলাল ব্রহ্মচারীজী সমাগত ভক্তবৃন্দের নিকট শ্রীচৈতন্যভাগবত হইতে শ্রীব্যাসপূজা-প্রসঙ্গ পাঠ ও ব্যাখ্যা করেন।

শ্রীগুরুগৌরাঙ্গের ভোগারাত্রিকের পর শ্রীল আচার্য্যদেবের আনুগত্যে ভক্তবৃন্দ শ্রীগুরুপাদপদ্মে পুষ্পাঞ্জলি প্রদান করেন। বেলা ২ ঘটিকার সময় আহূত, অনাহূত বহু লোককে বিচিত্রতাপূর্ণ শ্রীমহাপ্রসাদ বিতরণ করা হয়। মহাপ্রসাদ সম্মানের পর বৈকাল ৫ ঘটিকা হইতে রাত্রি ৮ ঘটিকা পর্য্যন্ত শ্রীচৈতন্যভাগবত পাঠ হয়।

—

শ্রীপুরুষোত্তমমঠে
শ্রীনিত্যানন্দ প্রকটোৎসব

গত ১০ই ফেব্রুয়ারী রবিবার শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখামঠ শ্রীপুরুষোত্তমমঠে শ্রীমন্ নিত্যানন্দ প্রভুর প্রকটোৎসব বিশেষ সমারোহে সুসম্পন্ন হইয়াছে। এতদুপলক্ষে উক্ত মঠের ব্রহ্মচারিবৃন্দ গুর্ব্বষ্টক, পঞ্চতত্ত্ব ও নিত্যানন্দপ্রভুর মহিমাসূচক পদাবলী কীর্ত্তন করেন। কীর্ত্তনান্তে শ্রীপাদ গৌরাঙ্গসুন্দর ব্রহ্মচারীজী শ্রীচৈতন্যচরিতামৃত আদি লীলা পঞ্চম পরিচ্ছেদ হইতে শ্রীবলরামতত্ত্বের বিশেষভাবে ব্যাখ্যা করেন।

পুনরায় 'নিতাইপদকমল', 'পরম করুণ পঁহু দুইজন' প্রভৃতি নিত্যানন্দ প্রভুর মহিমাসূচক পদাবলী কীর্ত্তন হয়। দ্বিপ্রহরে পুনরায় ইষ্টগোষ্ঠী হয়। ভোগারাত্রিকের পর পুরীধামস্থ সাধুনিবাসে সজ্জনবৃন্দের একটী সভা হয়। মহাজনপদাবলী কীর্ত্তনের পর শ্রীপাদ গৌরাঙ্গপ্রভু ব্রহ্মচারীজী একটী পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতা প্রদান করেন। বক্তৃতান্তে সুমধুর-স্বরে "দয়াল নিতাই চৈতন্য বলে নাচরে আমার মন" ইত্যাদি মহাজন-পদাবলী কীর্ত্তনান্তে সমাগত সজ্জনমণ্ডলীকে মহাপ্রসাদ বিতরণ করা হয়। রায় বাহাদুর শ্রীযুক্ত ক্ষীরোদ চন্দ্র সেন মহোদয়ের আত্মীয়গণ উৎসবের যাবতীয় ব্যয়ভার বহন করিয়া বিশেষ ধন্যবাদার্হ হইয়াছেন। তাঁহাদের সেবাচেষ্টা বিশেষ প্রশংসনীয়।

শ্রীল আচার্য্যদেবের হরিকথার মর্ম্ম

(২য় পৃষ্ঠার পর)

গৃহস্থ কদাপিও যাহা করে, উহা মহাপ্রসাদ না হইতেও পারে। শ্রীশ্রীল প্রভুপাদ জনৈক মহিলার নিকট হইতে একটি পাতিলেবু মাগিয়া লইয়া ভিক্ষার শ্রেষ্ঠত্ব দেখাইয়াছেন। ধনিদের দান দেওয়া বা চাঁদের ভিক্ষার ন্যায় সত্যিকার ভিক্ষা নহে। ইহা এক পরম উপাদেয়।

"শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর—এই পাঁচটী রস ভগবানে পূর্ণ-মাত্রায় অবস্থিত। সেই ভাবগুলি ভগবানে নিযুক্ত করিবার পরিবর্ত্তে অনিত্য বস্তুতে নিযুক্ত করায় ভগবদ্-বিষয়ে জ্ঞান লাভ করিতে পারিতেছি না।"

(শ্রীল প্রভুপাদ)

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীবিষ্ণুপাদ

শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী

গোস্বামি-ঠাকুর-প্রতিষ্ঠিত

দৈনিক নদীয়া-প্রকাশ

১৪ গোবিন্দ [illegible] সঙ্কর্ষণ গৌরাব্দ ৪৪১

বর্ষশেষে নিবেদন

আজ বর্ষশেষে শ্রীনদীয়া-প্রকাশের অযোগ্য কিঙ্করকিঙ্করাভাস আমরা গৌরজন শ্রীগুরু আচার্য্যদেব ও শ্রীশ্রীল প্রভুপাদের শ্রীচরণকমলে পুনঃ পুনঃ কৃপা ও সেবাবল ভিক্ষা করিতেছি। শ্রীনদীয়াপ্রকাশ শ্রীশ্রীগৌর ও বা শ্রীশ্রীরাধাকান্ত ও শ্রীগৌর-সুন্দরী আদি আচার্য্যবর্গের অভিন্নবিগ্রহ। তাই আজ নূতন আমরা বর্ষদেবাভিষিক্ত শ্রীশ্রীল আচার্য্য-দেবের কোটিচন্দ্রসুশীতল শ্রীপাদপদ্মে আশ্রয় গ্রহণ করিয়া তাঁহার নিকট হইতে সেবাবল-লাভের নিষ্কপট প্রার্থনা জানাইতেছি। পরম করুণাময় শ্রীশ্রীল আচার্য্যদেব নিজগুণে কৃপা করিয়া অন্তরঙ্গ সেবার অধিকার প্রদান করুন, আমাদিগকে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বা-গিরিধারীর সেবার সুযোগ প্রদান করুন, আমাদিগকে নিজ ভৃত্যজ্ঞানে গ্রহণ করুন। আমাদের অসংখ্য অপরাধ নিজগুণে মার্জ্জনা করিয়া আমাদের অসংখ্য মঙ্গল-বর্দ্ধন করুন। 'আমরা তাঁহার অযোগ্য কিঙ্করাভিকিঙ্কর' এই হিসাবে আমাদিগকে কৃপাপূর্ব্বক গ্রহণ করুন, ইহাই আজ বর্ষশেষে তাঁহার অযোগ্য ভৃত্যানুভৃত্য আমাদের তাঁহার শ্রীচরণকমলে একমাত্র প্রার্থনা ও নিবেদন।

দেখিতে দেখিতে শ্রীনদীয়াপ্রকাশ আজ দ্বাদশ বর্ষ অতিক্রম করিলেন। এই দ্বাদশ বৎসরে পরমার্থ পথের পথিকগণের বহু প্রকার সমস্যা, বিপদাপদের কথা, শ্রীশ্রীল প্রভুপাদ, শ্রীশ্রীল আচার্য্যদেব ও অন্যান্য গুরুবর্গের অমর্ত্য বাণীর কথা শ্রীনদীয়া-প্রকাশ শ্রৌতপন্থায় আলোচনা করিয়া শ্রীশ্রীমদ্‌গৌরসুন্দরকৃপাকাদম্বিনীবিহারী, ভক্ত-বৈষ্ণবগণ ও মহাজনবৃন্দের সজ্জনগণের আনুগত্য করিয়াছেন। এই শ্রীনদীয়া-প্রকাশ বৈকুণ্ঠসম্বাদ—বিশ্বে একমাত্র দৈনিক পারমার্থিক পত্র। ইনি প্রত্যহই বিশ্বের দ্বারে উপস্থিত হইয়া শ্রীগুরু-গৌরাঙ্গের মহিমা কীর্ত্তনমুখে জীব-মঙ্গল বিধান করেন। ইঁহার [illegible] সজ্জন ও সঙ্গ। এই শ্রীনদীয়া প্রকাশের সেবাফলে বহু লোকের জীবনের গতি পরিবর্ত্তিত হইয়াছে ও হইতেছে। শ্রীনদীয়া-প্রকাশ ও শ্রীচৈতন্য অপ্রাকৃতাকারের একমাত্র উপায় ভাগবত বা গৌড়জনের সন্ধান যেরূপ সুন্দরভাবে চোখে আঙ্গুল দিয়া দেখাইয়া দেন, এরূপ অভূতপূর্ব্ব চিত্র কোথায় আমরা আর কোথাও দেখিতে পাই না। তাঁহাদের নিরপেক্ষ বাণী আমাদের চিত্তকে যে বিরুদ্ধভাবে ভগবানের দিকে লইয়া যায়, একথা আমরা প্রথমমুখে অনেক সময় বুঝিতে পারি না। কিন্তু নিরপেক্ষচিত্তে সেবামুখে অনুসন্ধান করিলে বুঝা যায় যে, আমাদের চিত্তের গতি বা প্রবৃত্তি ক্রমশঃ ভগবদুন্মুখী হইতেছে। এই সকল কথা বোধ হয় শ্রীগৌড়ীয় ও শ্রীনদীয়াপ্রকাশের নিকট সেবকগণকে আর বেশী করিয়া বলিতে হইবে না।

শ্রীনদীয়াপ্রকাশ শ্রীমহাপ্রভু ও তাঁহার জনগণের কথাই কীর্ত্তন করেন। তিনি বাস্তব সত্যের—গৌড়ীয়ের ঠিক প্রচারক। [illegible] কথা বা মনোধর্ম্মের কথার অবকাশ নাই। অসংকোচে তিনি [illegible] সকল কথাই নিঃসংশয়ে বলেন। কোন কালে বা কোন যুগে পরিবর্ত্তিত হইতে পারে এইরূপ কোন মেকী কথা তিনি বলেন না। তাঁহার স্বতন্ত্র কথাগুলি কাহারও নিকট প্রথমমুখে অপ্রীতিকর, বিরুদ্ধ, অপ্রীতিকর ও গোঁড়ামি বলিয়া মনে হইতে পারে, কিন্তু আমরা তাঁহার চরণযুগল ধরিয়া সবিনয় নিবেদন করি যে, তিনি কৃপাপূর্ব্বক ধৈর্য্যধারণ করিয়া শ্রীনদীয়াপ্রকাশের এই নির্ভীক সত্য কথা পুনঃ পুনঃ শ্রবণ করুন। ইহা নিরন্তর শ্রবণ করিতে করিতে তাঁহার হৃদয়ের দুর্ব্বলতা সমস্ত বিদূরিত হইবে, তখন এই সত্য কথা তাঁহার নিকট আর অপ্রীতিকর মনে হইবে না। নিরপেক্ষের মুখে মিশ্রি [illegible] বোধ হইলেও তাঁহার পক্ষে মিশ্রি যেরূপ পিত্তরোগের মহৌষধ-স্বরূপ, শ্রীনদীয়া প্রকাশের কথাগুলিও সেইরূপ আমাদের পরম মঙ্গলকারক। জানি না, শ্রীনদীয়াপ্রকাশের অযোগ্য ভৃত্যানুভৃত্য আমাদের এই কাতর প্রার্থনা ও সবিনয় অনুরোধ আমাদের বন্ধুবর্গ শ্রবণ করিবেন কি না।

বৈকুণ্ঠবার্ত্তাবহ শ্রীনদীয়াপ্রকাশের—বৈকুণ্ঠের অপ্রাকৃত বার্ত্তা বহন করিয়া লইয়া তাহা জীবের দ্বারে দ্বারে অকাতরে বিতরণ করা ব্যতীত অন্য কোন কার্য্য নাই। এই শ্রীনদীয়াপ্রকাশ অমূল্য বস্তু। কিন্তু অমূল্য হইলেও অপ্রাকৃত বৈকুণ্ঠবস্তুর আচ্ছাদিত বিরোধবর্জ্জনঃ তাঁহার মূল্য আছে। সেই মূল্য আর কিছুই নয়—একমাত্র নিষ্কপট শ্রদ্ধাবৃত্তি। জীবদুঃখদুঃখী শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা নবমুদ্রা মাত্র নহে: শ্রীনদীয়াপ্রকাশের ভিক্ষা—জীবের সর্ব্বস্ব। তাঁহার ভিক্ষা—'(তোমরা) কৃষ্ণ বল, [illegible] সঙ্গে চল,' এতন্মাত্র ভিক্ষা চাই।

'Back to God and back to Home' ইহাই তাঁহার কথা। এই অমূল্য কথাটি আমাদিগকে বুঝাইবার জন্যই তাঁহার এত আপ্রাণ চেষ্টা, এত কৌশল-বিস্তার। শ্রীনদীয়াপ্রকাশ সকলের সর্ব্বস্ব গ্রহণ করিবার জন্য সর্ব্বক্ষণ উদ্‌গ্রীব, কিন্তু যাঁহাদের শ্রীনদীয়াপ্রকাশকে—শ্রীশ্রীআচার্য্যপাদপদ্মকে—শ্রীগৌরসুন্দরকে সর্ব্বস্ব দিবার জন্য বল ভরসা নাই, তাঁহাদের জন্যই কৃপাময় বৈকুণ্ঠাবতার শ্রীনদীয়া-প্রকাশ তাঁহাদের নিকট শ্রীবিগ্রহের পঞ্চোপচার বা ষোড়শোপচার অর্চ্চনের ন্যায় একটি নির্দিষ্ট ভিক্ষা যাচ্ঞা করিয়া থাকেন। সর্ব্বস্ব সমর্পণ করিবার সাহস আমাদের নাই। তাই কৃপণ আমাদের প্রতি শ্রীনদীয়াপ্রকাশের এত অযাচিত কৃপা। আমরা যাহাতে আমাদের অর্থগুলিকে কেবল ভোগে না লাগাইয়া ভগবানের সেবায় লাগাইতে পারি তজ্জন্যই শ্রীনদীয়াপ্রকাশের আমাদের নিকট ভিক্ষার ছলনা। শ্রীনদীয়া-প্রকাশ যদি আমরা ভক্তিযুক্ত হইয়া পাঠ করি তবে তাঁহার কৃপাতেই আমরা তাঁহার স্বরূপ, তাঁহার পরদুঃখ-বিমোচনেচ্ছা, অর্থের সদ্ব্যবহার, জীবের কর্ত্তব্য প্রভৃতি বিষয় বুঝিবার সৌভাগ্য পাই।

যাঁহার যে বিষয়ে আসক্তি, তাঁহার সে আসক্তির বস্তুটি আমাদের নিত্যোপাস্য শ্রীনদীয়া-প্রকাশের ভিক্ষা। যাঁহার ধনে আসক্তি তিনি যদি ধন দিয়া শ্রীনদীয়াপ্রকাশ অর্থাৎ অপ্রাকৃত ভগবদ্বস্তুর সেবা করিতে [illegible] না চান তাহা হইলে জানিতে হইবে যে, তাঁহার অনর্থেই শ্রদ্ধা বেশী, পরমার্থ বা ভগবানে তাঁহার শ্রদ্ধার অভাব। দেহ, প্রাণ, পাণ্ডিত্য, বুদ্ধি, বাক্য যিনি যাহা দিয়াই শ্রীনদীয়াপ্রকাশের সেবা করুন, শ্রীনদীয়াপ্রকাশ পরমানন্দে সেই ভিক্ষা বা সেই সেবা গ্রহণ করিয়া থাকেন।

কেহ যদি শ্রীনদীয়া-প্রকাশকে নিষ্কপটে সর্ব্বস্ব ভিক্ষা দেন, অর্থাৎ সর্ব্বতোভাবে তাঁহার সেবায় আত্মনিয়োগ করেন, তাহা হইলে করুণাময় অবশ্য শ্রীনদীয়াপ্রকাশ আর তাঁহার নিকট নবমুদ্রা ভিক্ষার ছলনা করেন না। তখন তিনি কৃপাপূর্ব্বক সেই সর্ব্বস্বসমর্পণকারীর নিকট নিজস্বরূপ প্রকাশ করিয়া তাঁহার সর্ব্বস্ব আত্মসাৎপূর্ব্বক তাঁহার নিকট সত্য কথা কীর্ত্তন করেন। তখনই শ্রীনদীয়াপ্রকাশের কৃপায় বুঝিবার সৌভাগ্য হয় যে, শ্রৌতপথ বা পরমার্থপথের প্রথমেই শ্রদ্ধা বা শরণাগতি, শরণাগতির পর আত্মসমর্পণ এবং তৎপরে শুদ্ধসেবাকার্য্য।

শ্রীনদীয়া প্রকাশের গ্রাহকগণের নিকট আমাদের নিবেদন এই যে, তাঁহারা যদি তাঁহাদের অমূল্য সময়ের কিয়দংশ প্রদান করিয়া তাঁহাদের এই দীন ভ্রাতৃবৃন্দের—শ্রীনদীয়া-প্রকাশের অযোগ্য সেবক-বৃন্দের দুইকটি করুণ কথা শ্রবণ করিয়া দেখেন এবং তাঁহাদের সর্ব্বস্বের অন্ততঃ কিছু দিয়া শ্রীনদীয়া প্রকাশের যে-কোন প্রকার সেবা করেন, তাহা হইলে অন্যান্য তাঁহাদের সেবার অধিকার পাইতে পারি। তাঁহারা আমাদিগকে যথেষ্ট স্নেহ এবং আমাদের মঙ্গলকামনা নিশ্চয়ই করেন, একথা আমরা মর্ম্মে মর্ম্মে উপলব্ধি করি। যদি স্নেহ না-ই করিবেন তাহা হইলে তাঁহারা এতদিন ধরিয়া আমাদের ন্যায় অযোগ্য ব্যক্তির করুণ কথা—অপ্রিয় সত্য কথা কষ্টের সহিত শ্রবণ করিতেছেন কেন? আমরা তাঁহাদের ধৈর্য্যের প্রশংসা করি। এবং আমাদের প্রতি তাঁহাদের কৃপা লক্ষ্য করিয়া হৃদয়ে বিপুল আশা লইয়া আগামী বৎসরে আরও অধিকতর উৎসাহের সহিত যাহাতে তাঁহাদের সেবা করিতে পারি—নিত্যকাল তাঁহাদের সেবা করিতে পারি তজ্জন্য তাঁহাদের নিকট বর্ষশেষে পুনঃ পুনঃ হার্দ্দ নিবেদন জানাইতেছি। ঐ আন্তরিকতার সহিত সকলের নিকট আরও জানাইতেছি যে, তাঁহারা সকলেই বৎসর—নিজগুণে আমাদের সকল অপরাধ ক্ষমা করিয়া, সকল অভিমান পরিত্যাগ করিয়া শ্রীগুরুগৌরাঙ্গের চরণে আত্মসমর্পণের আদর্শ দেখাইয়া আমাদিগকে তাঁহাদের পদাঙ্কানুসরণে উৎসাহিত করুন। ইহাই আমাদের বর্ষশেষে নিবেদন। জয় ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশত শ্রীমদ্ অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী মহারাজ কী জয়!! জয় ওঁ বিষ্ণুপাদ পরমহংস অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ কী জয়!!

শ্রীশ্রীল আচার্যদেবের হরিকথার মর্ম

—::(•)::—

গত ২২শে ফাল্গুন প্রাতঃকালে কলিকাতা শ্রীগৌড়ীয়মঠে শ্রীশ্রীল আচার্যদেব অনেক বাক্যের উপদেশ প্রসঙ্গে বলেন—নিরপেক্ষতা কীর অভিধান নির্বিশেষবাদের আলোচনা ব্যতীত আর কিছুই নহে। শ্রীমন্ মহাপ্রভু 'পক্ষ'—"নিরপেক্ষ না হৈলে ধর্ম না যায় রক্ষণ।" এই বাক্যের নিরপেক্ষতা অর্থে—ভোগ ও ত্যাগ হইতে নিরপেক্ষ হইয়া যুক্তবৈরাগ্য সমাশ্রয়। ব্রজভজনপথে অভীষ্ট অন্তরায় আছে। উহা কৃষ্ণকীর্তনীয় বৈশিষ্ট্য পুষ্ট। শ্রীচৈতন্য মহাপ্রভুর ২২টী অনর্থের নিদান। কতক অনর্থ দানব শ্রীবলদেব কর্তৃক ধ্বংস হয়, আর কতকগুলি শ্রীকৃষ্ণ কর্তৃক হত হয়। গোলোকে এই সব অসুর-ভাব পালপুষ্ট করে। অতএব, শ্রীকৃষ্ণের অসুরমারণাদি ব্যাপার ও রজ-লীলাদি গোলোকে নাই। এই অভাব গোলোকে কেবল অপ্রাকৃতরূপে বিদ্যমান। কিন্তু নরলীলার সাধারণে বলে রক্তপাতাদি ব্যাপার পুষ্টিকর হয়। এই গৌরবর্ণে উক্ত লীলাচয় অধিক মাধুর্য-প্রকাশক। শ্রীকৃষ্ণের অসুর-মারণ দি ব্যাপার কেবল মাধুর্যময়। শ্রীকৃষ্ণের মাধুর্যলীলার চমৎকারিতা প্রকাশিত হই গোবর্ধন-ধারণে—এখানে ঐশ্বর্যের নাম-গন্ধ নাই, বালরূপী কৃষ্ণের এই লীলা অপূর্ব চমৎকারিতাপূর্ণ। শ্রীকৃষ্ণ শিশুরূপে যখন প্রকাণ্ড পূতনা রাক্ষসীকে বধ করিলেন তখন তাঁহার মাধুর্যলীলা—ঐশ্বর্য-মাধুর্য। শ্রীকৃষ্ণের রূপ-মাধুর্য, লীলা-মাধুর্য, ঐশ্বর্য-মাধুর্য ও বেণুমাধুর্য লীলা আছে। কুটিলা ও জটিলা কৃষ্ণসেবোপ-করণকে বোপদ্রব করিয়াছিল। কৃষ্ণ তাহাদিগকে বঞ্চনা করত মাধুর্যলীলা প্রকাশ করিলেন। পদ্মা কংসের মাতা, কংসের অন্বেষণকারী। শ্রীকৃষ্ণ যখন [illegible] গোপীদের আকর্ষণে ব্রজে [illegible] ব্যস্ত হইলেন তখন কেহ [illegible] রাখিবার উপায় খোঁজেন। সেই সময়ে পদ্মা বলিয়াছিল—[illegible] কৃষ্ণকে ব্রজ হইতে ফিরাইয়া [illegible] হইবে। ব্রজ আজ পর্যন্ত যত [illegible] পাওয়াইয়াছেন তাঁর হিসাব হউক, [illegible] কৃষ্ণ তাহাদের যত চরাইয়াছেন সে [illegible] একটা হিসাব-নিকাশ হউক। যাহা [illegible] হইবে তাহা আমরা দিয়া [illegible] ফিরাইয়া আনিব। ইহাই পদ্মানীতি। [illegible] এইরূপ বিচার-বিপর্যয় বাক্যকে [illegible] করেন।

শ্রীগৌড়ীয়মঠের কোন পক্ষাপক্ষ নাই। গৌড়ীয়মঠবাসী একমাত্র শ্রীকৃষ্ণচন্দ্রের পক্ষ। গৌড়ীয় কখনও গৌড়ীয়মঠের প্রতিপক্ষ হইতে পারে না। এক অবস্থান বাস্তব সত্যের প্রতিযোগী যাহা কিছু তাহা মিথ্যা। "কাঠের পুতলি যেন কুহকে নাচায়"—এই বিচারই সকলে জানিতে হইবে। কাঠপুতলির নৃত্য ব্যাপারে কোনও বাহাদুরী নাই, বাজিকর যেরূপ নাচায় সেইরূপ নৃত্য করে। শ্রীশ্রীল প্রভুপাদ সেইরূপ তাঁহার কৃপাশক্তিপ্রভাবে যাহা-যাহা করাইবার ইচ্ছা করিয়াছেন, তাহাই করাইয়াছেন। তখন শ্রীল প্রভুপাদের সহ ঐ উহাদের কাহারও বৈষ্ণবগণ কর্তৃক প্রশংসিত হইয়াছে। যখন তাহারা সেই কৃপাশক্তিকে অনাদরপূর্বক স্ব-স্ব প্রাধান্য স্থাপন করিতে যত্নবান্ হইয়া শ্রীল প্রভুপাদ কর্তৃক উপেক্ষিত হইলেন, তখন শুদ্ধ গৌড়ীয়গণ তাহাদিগের সহিত কোনও সম্বন্ধ রাখিতে পারিলেন না। শ্রীবৃন্দাবন দাস বলিয়াছেন—

"এত পরিহারেও যে পাপী নিন্দা করে।
তবে লাথি মারোঁ তার শিরের উপরে॥"

শ্রীমহাপ্রভুর অবতারে অদ্বৈতাচার্যের ব্যাপার দেখা না গেলেও শ্রীনিত্যানন্দের শ্রীমুখে আঘাতপ্রদানকারীর পাপ, শ্রীবাসের চরণে অপরাধী দেবানন্দের প্রতি, কাজী-বিরোধী কাজির প্রতি তাঁহার কোপলীলার পরিচয় পাওয়া যায়। অন্যান্য কর্মের আদর্শে ছোট হরিদাসকে বর্জন করিয়াছেন। কালাকৃষ্ণদাস মহাপ্রভুর [illegible] হইলেও নিত্যানন্দপ্রভুর কৃপায় [illegible] ছিলেন। অপর সুপ্রসিদ্ধ [illegible] ছেদন করিয়াছিলেন। বৃথা আমাদের [illegible], তিনি গুরুদেবে অপ্রিয় [illegible] কারণপূর্বক হরিকথার অভিমান ও গৌ[illegible]

বৎসর ইত্যাদি ব্যাপার আমাদের উপাস্য নহে। ভজনের বিচার অতি সূক্ষ্ম। শ্রীগুরুপাদপদ্ম হইতে সেবনায় বিচ্ছিন্ন হইলে সর্বনাশ হইল। বাক্যতঃ পীড়নে অসহা হইবে না—প্রতিহিংসা করিতে হইবে না, ইহা শ্রীল প্রভুপাদের শিক্ষা দিয়াছেন। যেখানে বৈষ্ণবের প্রতি দ্রোহ হইবে সেখানে প্রতিবাদ করাই বৈষ্ণবতার আদর্শ। কৃষ্ণের প্রতি সেবনার প্রীতি থাকিলে তাঁহার সেবকগণের জন্য যত সহ্য করিব, ইহাদ্বারা কৃষ্ণ সন্তুষ্ট হইবেন। যে দুঃখ সহন করে সে সেবক নহে। লাভ-পূজা-কনক কামিনী-প্রতিষ্ঠারূপে মনোধর্ম-নিষ্ঠ হইতে নানা প্রকারে দুঃখ পাইয়া থাকি। আমি যে অপরের দ্বারা অগুরু সেবা করাইয়া লইব না। শ্রীগুরুদেব অশ্রদ্ধ ব্যক্তিগণকে হরিকথা বলেন না। শ্রীল ঠাকুর হরিদাস বাইশবাজারে প্রহারকারিগণকে অশ্রদ্ধান জানিয়া নীরব থাকিয়া তাহাদিগকে একবারও গঙ্গায় ফাসিয়া আসিলেন; কিন্তু সেকালকে সম্বন্ধ জানিয়া হরিনাম শুনাইয়াছিলেন। শ্রীল ঠাকুরের কৃপায় সেই বেশ্যা পরম মহাভাগবত হইল। শ্রীল প্রভুপাদ বলিয়াছেন—যদি কোন মুসলমান শ্রদ্ধান্বিত হইয়া হরিকথা শ্রবণ করিতে আসেন, তাঁহাকে আগ্রহের সহিত বলা হইবে। নিষ্কপট ব্যক্তিগণের নিকট হরিকথা বলিতে হইবে। যে স্বার্থপর-পরায়ণ, সে কখনও হরিকথা শুনিতে পারিবে না। "শ্রদ্ধাবান্ জন হে, শ্রদ্ধাবান্ জন"—যিনি শ্রদ্ধাবান্ হইবেন, তাঁহাকে হরিকথা বলিতে হইবে। শ্রদ্ধা করাইতে হয়। শ্রদ্ধা সহজাত সুকৃতি হইতে প্রকাশ হয়। শ্রীমন্মহাপ্রভুর দর্শনে দাক্ষিণাত্যবাসিগণের শ্রদ্ধা উদিত হইয়াছিল—এখন কি তাঁহারা গুরুর কার্য করিয়াছিলেন। কিন্তু সার্বভৌমের জ্ঞান-মদ থাকায় সাক্ষাৎ সেবায়ও শ্রদ্ধা উদয় [illegible] বিলম্ব হইয়াছিল। শ্রীল মাধবেন্দ্র-পুরীর শিষ্য স্বামী রামচন্দ্রপুরীর মঙ্গল হয় নাই। তদ্রূপ [illegible] নাই। এখানে অসৎ, ভোগ ও বিপ্রলম্ভ আছে। সেজন্য প্রত্যেক গুণের সহিত প্রত্যেকের আপাততঃ [illegible] আছে। কিন্তু শুদ্ধভক্তের সহিত এই সব গুণবিশিষ্ট লোকের মিলন হয়।

[illegible] আচার্যদেব মহাপ্রসাদ [illegible] বলিলেন—মহাপ্রসাদ বিচার নির্গুণ। [illegible] সকল শক্তি [illegible] করিয়াছেন। [illegible] কোনও [illegible] আশা করেন না। শুদ্ধভক্ত যাহা নিবেদিত হওয়ায় শ্রীকৃষ্ণ তাহা গ্রহণ করিয়াছেন।

(অতঃপর অন্য পৃষ্ঠার শেষ কলমে দ্রষ্টব্য)

শ্রীনবদ্বীপধাম-পরিক্রমা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর

২রা ফাল্গুন, ১৩৪৪ সাল

বিপুলবৈষ্ণবসম্মানপূর্বক নিবেদনম্—

আগামী ২৩শে ফাল্গুন, ৭ই মার্চ সোমবার হইতে নয় দিবসকাল শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজ-সভার উদ্যোগে শ্রীগৌড়ীয়মঠাধ্যক্ষ ও বিষ্ণুপাদ পরমহংস শ্রীশ্রীমৎ অনন্তবাসুদেবের পরিচালনায় গোস্বামী প্রভুবরগণের নির্দেশানুসারে ও সংকীর্তন-সেবাধ্যক্ষতায় শ্রীধাম-নবদ্বীপের নয়টি দ্বীপ পরিক্রমা করা হইবে। মহাশয় কৃপা করিয়া পরিক্রমায় যোগদান করিলে পরমানন্দের বিষয় হয়। যদি যোগদান করিবার সুযোগ না হইলে উক্ত ভক্তির অনুষ্ঠানে দ্রব্য ও অর্থাদির দ্বারা সহায়তা করিলেও তাদৃশ ভক্তদের ন্যূনাধিক সাধন-ফল-লাভ ঘটে। ধারাবাহিক পরিক্রমার বিবরণ নিম্নে প্রদত্ত হইল। ইতি—

শ্রীনামকান্ত সান্যাল (এম্-এ) শ্রীঅতুলচন্দ্র বন্দ্যোপাধ্যায় (ভক্তিসারঙ্গ, গোস্বামী)

—শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার সম্পাদকগণ।

(১) অন্তর্দ্বীপ (শ্রীচৈতন্যমঠ, শ্রীগৌরজন্মভিটা, শ্রীবাস ও শ্রীধরের অঙ্গন, চাঁদকাজীর সমাধি ও শ্রীঅদ্বৈতভবন)—২৩শে ফাল্গুন, ৭ই মার্চ সোমবার।

(২) সীমন্তদ্বীপ (সিমুলিয়া, শরডাঙ্গা, বেলপুকুর, মেধার চর, বেলপুকুর)—২৪শে ফাল্গুন, ৮ই মার্চ, মঙ্গলবার।

(৩) গোদ্রুমদ্বীপ (গাদিগাছা, সুবর্ণবিহার, স্বর্ণবিহার, হরিহরক্ষেত্র, দেবপল্লী) ২৫শে ফাল্গুন, ৯ই মার্চ, বুধবার।

(৪) মধ্যদ্বীপ (মাজিদা, হাটডাঙ্গা, আনন্দবাস, ব্রাহ্মণপুষ্কর)—২৬শে ফাল্গুন, ১০ই মার্চ বৃহস্পতিবার।

(৫) কোলদ্বীপ (সহর নবদ্বীপ, পোড়ামাতলা, সমুদ্রগড় কোল, কোলের আমাদ কোলের দহ)—২৭শে ফাল্গুন, ১১ই মার্চ, শুক্রবার।

(৬) ঋতুদ্বীপ (রাহুতপুর, চম্পাহট্ট, চাঁপাহাটিতে শ্রীগৌর-গদাধরের শ্রীমন্দির)—২৮শে ফাল্গুন, ১২ই মার্চ, শনিবার।

(৭) জহ্নুদ্বীপ (বিদ্যানগর, জান্নগর) ২৯শে ফাল্গুন, ১৩ই মার্চ, রবিবার (একাদশীর উপবাস)।

(৮) মোদদ্রুমদ্বীপ (মামগাছি, অর্কটিলা বা একডালা মায়াপুর) ৩০শে ফাল্গুন, ১৪ই মার্চ, সোমবার।

(৯) রুদ্রদ্বীপ (রুদ্রপাড়া, শঙ্করপুর, ইন্দ্রাকপুর, গঙ্গার ডাঙ্গা)—১লা চৈত্র, ১৫ই মার্চ মঙ্গলবার।

৩রা চৈত্র, ১৬ মার্চ বুধবার শ্রীগৌরপ্রকটপৌর্ণমাসী হইতে দিবসত্রয় শ্রীধাম-মায়াপুর যোগপীঠে শ্রীশ্রীগৌর-জন্মোৎসব হইবে।

কৃষ্ণ তারে দেন নিজ চিচ্ছক্তির বল। মায়া আকর্ষণ ছাড়ে হইয়া দুর্বল॥

শুদ্ধভক্তি-মঠসমূহ

১ শ্রীচৈতন্যমঠ

প্রাচীন নবদ্বীপ, শ্রীধাম শ্রীমায়াপুর, নদীয়া। শ্রীচৈতন্যমঠ, সর্ব্বত্র শ্রীচৈতন্যমঠ, গৌড়ীয়মঠসমূহের [illegible] [illegible] শ্রীগৌরসুন্দরের [illegible] আছেন। [illegible] [illegible] আছে। [illegible] শ্রীনবদ্বীপ প্রচারক [illegible]।

(২) শ্রীগৌড়ীয়মঠ

১৬নং কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট, বাগবাজার, কলিকাতা। টেলিফোন নং বড়বাজার ৪২১৪ কলিকাতায় শ্রীচৈতন্যবাণী-প্রচারের [illegible] শ্রীমঠ, [illegible] পাঠ, সঙ্কীর্ত্তন, [illegible] ও 'গৌড়ীয়' পত্র ও [illegible] ইংরেজী পত্র প্রকাশিত হয়। মঠরক্ষক—[illegible] শ্রীপাদ [illegible]।

(৩) যোগপীঠ-মায়াপুর-পীঠ শ্রীমন্দির

পোঃ শ্রীমায়াপুর

এই স্থান শ্রীজগন্নাথ মিশ্রের ভবন বা শ্রীমহাপ্রভুর আবির্ভাব ভূমি মহাযোগপীঠ। রক্ষক—শ্রী[illegible] মহারাজ

(৪) শ্রীবাস-অঙ্গন

পোঃ শ্রীমায়াপুর

রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫) অদ্বৈত ভবন

পোঃ শ্রীমায়াপুর

এই স্থানে শ্রীঅদ্বৈতপ্রভুর ভবন এবং সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীগোকুলদাস বাবাজী

(৬) মুরারিগুপ্তের পাট

রক্ষক—শ্রীব্রজেন্দ্রগোবিন্দ ব্রহ্মচারী।

(৭) কাজি-সমাধি-পাট

সুপ্রাচীন শ্রীমায়াপুর, বামনপুকুর (নদীয়া) ইহা গৌরকৃপা-পাত্র শ্রীচাঁদকাজীর সমাধি। রক্ষক—শ্রীরামদাস ব্রহ্মচারী।

(৮) অনুকূলকৃষ্ণানুশীলনাগার

শ্রীধাম মায়াপুর

রক্ষক—শ্রী[illegible] মহারাজ

(৯) আনন্দ-সুখদ-কুঞ্জ

শ্রীগোদ্রুম পোঃ স্বরূপগঞ্জ (নদীয়া)

এখানে ও বিষ্ণুপাদ শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সমাধি, শ্রীগৌর-গদাধর ও শ্রীগোপীনাথের সেবা বর্ত্তমান। রক্ষক—শ্রীভগবানদাস ব্রহ্মচারী।

(১০) গৌর-গদাধর-মঠ

চাঁপাহাটি, পোঃ সমুদ্রগড় (বর্দ্ধমান)

গৌরপার্ষদ দ্বিজবাণীনাথ প্রতিষ্ঠিত শ্রীগৌরগদাধর-সেবা। রক্ষক—শ্রীহরিসাধন অধিকারী।

(১১) সার্ব্বভৌম-গৌড়ীয়মঠ

বিদ্যানগর, পোঃ জাননগর (বর্দ্ধমান)

রক্ষক—শ্রীবিপিনকুমার ব্রহ্মচারী

(১২) মোদদ্রুম-গৌড়ীয়মঠ

মাউগাছি, পোঃ জাননগর, (বর্দ্ধমান)।

শ্রীবাসাবতার ঠাকুর বৃন্দাবনের স্থান

রক্ষক—শ্রীউপেন্দ্রবিলাস অধিকারী।

(১৩) ঋতুদ্বীপ-গৌড়ীয়মঠ

পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

রক্ষক—শ্রীমহাকৃষ্ণ ব্রহ্মচারী।

(১৪) শ্রীজহ্নুদ্বীপ-গৌড়ীয়মঠালয়

রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(১৫) সুবর্ণবিহার-গৌড়ীয়মঠ

গৌড়পুর, রক্ষক—শ্রীনিত্যানন্দ ব্রহ্মচারী।

(১৬) শ্রীঅমুয়াদ্বীপ গৌড়ীয় মঠ

রাতুপুর (প্রাচীন [illegible] নিকটবর্ত্তী)

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস বাবাজী।

(১৭) কৃষ্ণকুটীর

পোঃ কৃষ্ণনগর, (নদীয়া)

রক্ষক—শ্রীগোবিন্দদাস অধিকারী।

(১৮) ভাগবত-আসন

পোঃ কৃষ্ণনগর (নদীয়া)

রক্ষক—শ্রীকৃষ্ণকারুণ্য ব্রহ্মচারী ভক্তিভূষণ

(১৯) একায়নমঠ

গোবিন্দপুর, পোঃ হাঁসখালি, (নদীয়া)

রক্ষক—শ্রীরমানাথ ভট্টাচার্য্য গোস্বামী

(২০) মহেশ-পণ্ডিতের পাট

কাঁচড়াপাড়া, পোঃ চাকদহ (নদীয়া)

রক্ষক—শ্রীহরিকিশোর ব্রহ্মবাসী।

(২১) রাণাঘাট গৌড়ীয়মঠাশ্রম

রক্ষক—শ্রীভূতেন্দ্রনাথ মল্লিক।

(২২) পুরী গৌড়ীয়মঠ

চব্বিশ পরগণা

রক্ষক—শ্রীনরেন্দ্রনাথ দাসাধিকারী।

(২৩) মাধ্ব গৌড়ীয়মঠ

নারিন্দা পোঃ ওয়ারি, ঢাকা।

পূর্ব্ববঙ্গের প্রচার-কেন্দ্র। রক্ষক—মহামহোপদেশক শ্রীকুঞ্জবিহারী বিদ্যাবিনোদ বি-এ

(২৪) গোপালজীমঠ

কমলাপুর, পোঃ ঢাকা

রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মবাসী।

(২৫) গদাই-গৌরাঙ্গ মঠ

পোঃ বালিয়াটি, (ঢাকা)

রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী।

(২৬) জগন্নাথ-গৌড়ীয়মঠ

বড়বাজার, পোঃ ময়মনসিংহ

রক্ষক—মহোপদেশক আচার্য্য অধ্যাপক শ্রী[illegible] ভক্তিশাস্ত্রী এম এ, বি এল।

(২৭) গোয়ালপাড়া প্রপন্নাশ্রম

পোঃ গোয়ালপাড়া (আসাম)

রক্ষক—শ্রীরাধামোহন দাসাধিকারী

(২৮) সরভোগ-গৌড়ীয়মঠ

পোঃ চকচকা, কামরূপ (আসাম)

রক্ষক—শ্রীসনৎকুমার ব্রহ্মচারী

(২৯) দার্জ্জিলিং গৌড়ীয়মঠ

১নং [illegible] রোড দার্জ্জিলিং

রক্ষক—শ্রীচিদানন্দ ব্রহ্মচারী।

(৩০) সারঙ্গ-গৌড়ীয়মঠপীঠ

পোঃ হরিদ্বার, জিঃ সাহারাণপুর, ইউ, পি

রক্ষক—শ্রীগোবিন্দানন্দ ব্রহ্মচারী

(৩১) পাটনা গৌড়ীয়মঠ

কদমকুঁয়া

পোঃ বাঁকিপুর (পাটনা)

রক্ষক—শ্রীব্রজেশ্বরীপ্রসাদ বি-এল।

(৩২) দানাপুর গৌড়ীয়মঠ

পোঃ দানাপুর ক্যান্টনমেন্ট, বিহার

রক্ষক শ্রীবৃন্দাবন [illegible] ব্রহ্মচারী

(৩৩) গয়া গৌড়ীয়মঠ

রমণা রোড, গয়া

রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী বি, এ।

(৩৪) সনাতন গৌড়ীয় মঠ

[illegible] [illegible] সিটি

রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৫) শ্রীরূপ-গৌড়ীয়মঠ, এলাহাবাদ

রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৬) পরমহংস মঠ,

পোঃ নিমসার, সীতাপুর ইউ, পি)

রক্ষক—শ্রীসনাদিগোবিন্দ ব্রহ্মচারী।

(৩৭) শ্রীমথুরা গৌড়ীয়মঠালয়

বিশ্রামঘাট, পোঃ মথুরা

রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী

(৩৮) শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,

পুরাণসহর, শ্রীধাম বৃন্দাবন, মথুরা

রক্ষক—শ্রী[illegible] মহারাজ

(৩৯) শ্রীকৃষ্ণচৈতন্যমঠপীঠ

কিশোরপুর, বৃন্দাবন

(৪০) ব্রজস্বানন্দ সুখদকুঞ্জ

পোঃ রাধাকুণ্ড (মথুরা)

রক্ষক—শ্রীচিদ্ঘনানন্দ ব্রহ্মচারী

(৪১) কুঞ্জবিহারী মঠ—শ্রীরাধাকুণ্ড

(৪২) রাধাকুণ্ড গৌড়ীয়মঠ

রক্ষক—ভক্ত শ্রীদেবীমাধব

(৪৩) শ্রীগোবর্দ্ধনমঠালয়

গোবর্দ্ধন, মথুরা

(৪৪) সংকেত বিহারী মঠ

বর্ষণা মথুরা।

রক্ষক—শ্রীপরমেশ্বরী প্রসাদ ব্রহ্মচারী।

(৪৫) নন্দগ্রাম গৌড়ীয়মঠালয়

পোঃ নন্দগ্রাম, মথুরা

(৪৬) বর্ষাণা গৌড়ীয়মঠালয়

পোঃ বর্ষাণা, মথুরা

(৪৭) গৌড়বিহারী মঠ—সেবাকুঞ্জ,

পোঃ হোডোল, জেলা গুরগাঁও (পাঞ্জাব)

রক্ষক—শ্রীগৌড়বিহারী ব্রহ্মচারী

(৪৮) ব্যাসগৌড়ীয়মঠ

কুরুক্ষেত্র পোঃ থানেশ্বর, কর্ণাল, (পাঞ্জাব)

রক্ষক—শ্রীবনীগোপাল অধিকারী।

(৪৯) দিল্লী গৌড়ীয় মঠ

৪৩নং [illegible] রোড, নিউ দিল্লী;

রক্ষক শ্রী[illegible] ব্রহ্মচারী

(৫০) বোম্বে গৌড়ীয়মঠ

গোয়ালিয়ার ট্যাঙ্ক রোড, [illegible] বিল্ডিং বোম্বে ৭

রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী।

(৫১) মাদ্রাজ-গৌড়ীয়মঠ

পোঃ রায়পেট্টা, মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ গান্ধর্ব্বিকাগিরিধারীর সেবা.

রক্ষক—মহোপদেশক শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী

(৫২) রামানন্দ গৌড়ীয়মঠ

পোঃ কভূর, [illegible] গোদাবরী মাদ্রাজ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ গান্ধর্ব্বিকা-গিরিধারীর সেবা বর্ত্তমান। মঠরক্ষক—পণ্ডিত শ্রীরামগোবিন্দ বিদ্যানন্দ

(৫৩) ব্রহ্মগৌড়ীয়মঠ

আলালনাথ, পোঃ ব্রহ্মগিরি, (পুরী)

শ্রীগোপীনাথের ও শ্রীরাধাগোপীনাথের সেবা।

রক্ষক—শ্রীবিপিনবিহারী ব্রহ্মচারী

(৫৪) পুরুষোত্তম মঠ

চটকপর্ব্বত, পোঃ পুরী, উড়িষ্যা

রক্ষক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৫) ভক্তিকুটী—স্বর্গদ্বার, পুরী

(৫৬) লীলাকুটী

রক্ষক—শ্রীভক্তিগৌরব দাসাধিকারী

(৫৭) ত্রিদণ্ডি গৌড়ীয়মঠ

পোঃ ভুবনেশ্বর, পুরী

রক্ষক—শ্রী[illegible] ব্রহ্মচারী।

(৫৮) সচ্চিদানন্দ মঠ

[illegible], পোঃ কটক (উড়িষ্যা).

রক্ষক—শ্রী[illegible] দাসাধিকারী

(৫৯) বালেশ্বর গৌড়ীয়মঠপাঠ

রক্ষক—শ্রীলাল মদনমোহন

(৬০) ভাগবতজনানন্দ মঠ

চিকণিয়া, পোঃ বাসুদেবপুর, মেদিনীপুর

রক্ষক—শ্রীভগবানদাস ব্রজবাসী ভক্তিরত্ন

(৬১) অমরি গৌড়ীয়মঠ

পোঃ অমরি, মেদিনীপুর

রক্ষক—শ্রীঅনাদিকৃষ্ণ ব্রহ্মচারী।

(৬২) ব্রাহ্মণপাড়া প্রপন্নাশ্রমমঠ

ব্রাহ্মণপাড়া পোঃ [illegible] [illegible]

রক্ষক—শ্রীপ্রাণকৃষ্ণ দাস ব্রজবাসী

(৬৩) আমলাযোড়া প্রপন্নাশ্রম মঠ

পোঃ [illegible] (বর্দ্ধমান)

রক্ষক—শ্রী[illegible] দাসাধিকারী,

(৬৪) চৈতন্যগৌড়ীয়মঠ

[illegible], পোঃ চিরকুণ্ডা, (মানভূম)

রক্ষক—শ্রীরমানাথ [illegible] অধিকারী।

(৬৫) রেঙ্গুণ গৌড়ীয়মঠালয়

৮০।৫০ নং ষ্ট্রীট, রেঙ্গুণ।

রক্ষক—শ্রী[illegible] গিরি মহারাজ

(৬৬) লণ্ডন-গৌড়ীয়মঠ

ফ্ল্যাট নং ২

৫১, ডাউনরোড

ক্ল্যাপটন, লণ্ডন, ই ৫

রক্ষক—মহামহোপদেশক পণ্ডিত শ্রীঅপ্রাকৃত ভাক্তসারঙ্গ গোস্বামী

(৬৭) গৌড়ীয় কার্য্যালয়

রক্ষক—শ্রীব্রজগোবিন্দ ব্রহ্মচারী

(৬৮) গৌড়ীয়মঠ অফিস

বড় চাটার্জ্জি লেন

হিউয়েট রোড, লক্ষ্ণৌ (ইউ-পি)

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে মহোপদেশক শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী প্রত্নবিদ্যালঙ্কার-সম্পাদিত শ্রীঅনন্ত ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

কলিকাতার বাজার দর

২২শে ফেব্রুয়ারী ১৯৩৮

চাউলের দর

দেশী সিদ্ধ চাউল—

প্রতি মণ

বাদশাহি	৬৸০
[illegible] চাল	৬৸০
[illegible]	৫৲
কাটারিভোগ	৭৲-৭॥০
দাদখানী	৫॥০
বালাম নূতন	৪৵০
ঐ পুরাতন	৫৲
[illegible]	৬৲
[illegible]	৩৸০

[illegible]

নূতন আতপ	[illegible]
সেগোবারী	১০৲-১০।০
দাদখানী আতপ	৪।০-৪।৵
ঐ বালাম	৪৲-৪৵০
পাটনাই আতপ	৫।০-৫।০
কাটারিভোগ	৭৲
ঐ সেদ্ধ	৩৵০

চিনির দর

কাশীপুর চিনি	১০।৵০
[illegible] ১০০০ নং	১০৵
	[illegible]
[illegible]	
[illegible]	
[illegible]	৭৸০—৮৲

সোনা-রূপার দর।

প্রতি ভরি

সোনার বার	[illegible]
[illegible]	২২৲
রূপা	।২।০
গিনিবার	

পাটের দর

[illegible]	
[illegible]	১০৸০
[illegible]	৯।০
[illegible]	৪১৲

আটা ও ময়দার দর।

[illegible]	৭।০—৭৸৵০
[illegible] ঐ	৬৲—৬৵০
[illegible]	৬৵০
[illegible]	।০—৪৸৵০
[illegible]	৮৵০—৪৸৵০
[illegible]	৬৲—৭।০
[illegible]	।০—৪৸৵০
[illegible]	।০—২৸৵০
[illegible]	৸৵০—১৸০
[illegible]	।০—১৸৵০

[illegible]

[illegible]	৭৲
[illegible]	৭৲
[illegible]	৬৲
[illegible]	৷৷০

	৩৫৲
	৩৬৲
	৪১৸০
	১৭৸০
ম্যাচ [illegible] ২৫—৩০ সের	৲

লৌহ ও হার্ডওয়ার

	১।২।৬
টাটার তৈয়ারী—	[illegible]
লোহার কড়ি (জোই না বীম)	
মার্কা	৮৲—৮৸০
[illegible]	৮৲—৮।০
[illegible]	১০৲
[illegible]	৮।০—১০৲
বরগা (টি আয়রণ)	৮৸০—৯৲
এঙ্গেল আয়রণ (কোনা)	৭৲—৮।০
টিন প্যাঃ করগেট-শীট।	
২৪ গেজ—	১০।০
২৬ গেজ—	১১৸৵০
২৮ গেজ—	১২৸০
টাটা প্যাঃ প্লেন শীট	১৮৵০
২৪ গেজ—	১১৲
২৬ গেজ—	১০৸৵০
২৮ গেজ—	
[illegible] প্যাঃ করগেট।	
২৪ গেজ—	১২৵০
[illegible]	৸৵০—৸৵০
[illegible] কাঁটা তার (বান্ডিল)	১০।০
[illegible]	[illegible]
[illegible]	৪।০—৬।০
[illegible]	৯৲—১০৲
[illegible]	১০।০
[illegible]	[illegible]
[illegible]	৭।০
[illegible]	৬৸০—৮।০
[illegible] ২৫৲	২৩।০
[illegible]	[illegible]
[illegible]	[illegible]

গুড়ের দর

কলিকাতা ২৬শে জুন,

[illegible]	৫৪৲
[illegible]	৪০৲
[illegible]	৪৩৲
[illegible]	৫৫৲
[illegible]	১০৲

[illegible]

কলিকাতা, ২৬শে জুন,

প্রতি মণ

	৮।০
[illegible]	১৬।০—১৭৲
[illegible]	৭।০
[illegible]	১৫।০—১৭।০
[illegible] পাটনাই	[illegible]

[illegible]

[illegible] লিঃ

[illegible]

কলিকাতা

শ্রীধাম-মায়াপুরে

—ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট—

[illegible] বিদ্যালয়

[illegible] বিদ্যালয় ও বোর্ডিং [illegible]। [illegible]। বিদেশী ছাত্রগণের জন্য বিনা ব্যয়ে [illegible] বাসস্থানের ব্যবস্থা হইয়াছে। [illegible] শ্রেণী হইতে ৬ষ্ঠ শ্রেণী পর্য্যন্ত ৬৲ টাকা এবং ৭ম শ্রেণী হইতে ১০ম শ্রেণী পর্য্যন্ত [illegible] ৭৲ [illegible]। এই বিদ্যালয়ের ছাত্রগণ প্রতিবৎসরই ম্যাট্রিকুলেশন পরীক্ষায় [illegible] ফল প্রদর্শন করিতেছেন।

মেধাবী ছাত্রগণের আরও সুবিধা

পরীক্ষায় যাহারা গড়ে শতকরা ৭৫ নম্বর রাখিতে পারিবে, ৭ম, ৮ম, ৯ম ও ১০ম শ্রেণীর এরূপ [illegible] ছাত্রগণকে বিনা ব্যয়ে আহার ও বাসস্থান দেওয়া হয়।

সেক্রেটারী, ঠাকুর ভক্তিবিনোদ ইনষ্টিটিউট

[illegible], পোঃ শ্রীমায়াপুর, নদীয়া।

ফেভ্রোল

ম্যালেরিয়া রোগের হাত হইতে পরিত্রাণ পাইতে হইলে দি রাম নারায়ণ ভুবনেশ্বরী [illegible] "ফেভ্রোল" অমোঘ মহৌষধ। এমন [illegible] ঔষধ আজ পর্য্যন্ত কোথাও আবিষ্কার হয় নাই। যে কোন প্রকার নূতন, পুরাতন জ্বর, কালা জ্বর, [illegible] জ্বর, কম্প জ্বর, জীর্ণ জ্বর, [illegible] জ্বর, প্লীহা ও লিভার সংযুক্ত জ্বর, এমন কি [illegible], [illegible], [illegible] এবং [illegible] "ফেভ্রোল" [illegible]। [illegible] রক্তের এবং শরীর [illegible] একমাত্র টনিক।

সেবন বিধি :—[illegible] পূর্ণ বয়স্কের জন্য ২ ড্রাম বা [illegible] ২ চামচ জলের সহিত, ১২ বৎসর হইতে ১৬ বৎসর অবধি ১ চামচ জলের সহিত, [illegible] ৩০ ফোটা জলের সহিত, ছোট ২ বৎসরের ছেলেদের জন্য ৫ হইতে ১৫ ফোটা জলের সহিত বিধি। [illegible] পথ্য [illegible]।

ছোট বোতল ৮ মাত্রা ৸০ বড় প্রতি শিশি ১৬ মাত্রা মূল্য ১।০ আনা।

দি রাম নারায়ণ ভুবনেশ্বরী কেমিক্যাল ওয়ার্কস,

[illegible], কৃষ্ণনগর, (নিউ বেঙ্গল)

[illegible] ২০১নং [illegible] পোঃ আঃ [illegible], রেঙ্গুন।

সর্ব্বত্র বড় বড় দোকানে পাওয়া যায়।

কবিরাজ শশিভূষণ কাব্যকণ্ঠভরণের

রক্তহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

[illegible]

[illegible] মূল্য বড় বোতল ১৷০ আনা। পাইকারী [illegible]।

ঠিকানা—১১নং [illegible], কলিকাতা।

অথবা

পোঃ [illegible], ২৪ পরগণা।

'ঠাকুর ভক্তিবিনোদ'

———:(০):———

নবপ্রকাশিত চরিত-গ্রন্থ

বর্ত্তমান বৈষ্ণবজগতে শুদ্ধা-ভক্তি-প্রচারের মূল মহাজন সচ্চিদানন্দ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নাম সুপরিচিত। এই বৈষ্ণবকুলচূড়ামণির অতিমর্ত্ত্য জীবনচরিত এতাবৎকাল পর্য্যন্ত প্রকাশ্যভাবে প্রকাশিত না থাকায় সকলেই বিশেষ অভাব অনুভব করিতেছিলেন। কিন্তু বহুদিবস পরে আজ সেই অভাব পরিপূরণ হইয়াছে। শ্রীল গৌড়ীয় মঠাচার্য্যদেবের অন্তেবাসী গৌড়ীয় সাহিত্যিক সু-লেখক "গৌড়ীয়"-সম্পাদক মহামহোপদেশক পণ্ডিত শ্রীযুক্ত সুন্দরানন্দ বিদ্যাবিনোদ বি-এ, কর্ত্তৃক সম্প্রতি "ঠাকুর ভক্তিবিনোদ" নামে ঠাকুরের সংক্ষিপ্ত জীবনী লিখিত হইয়া প্রকাশিত হইয়াছে। গ্রন্থের শেষভাগে ঠাকুরের বহু মূল্যবান শিক্ষা-নির্য্যাস সন্নিবিষ্ট হইয়াছে। সর্ব্বসমেত ১২৫ পৃষ্ঠায় গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ভিক্ষা মাত্র ৫০ আনা; মাশুল স্বতন্ত্র

ম্যানেজার গ্রন্থবিভাগ

প্রাপ্তিস্থান— শ্রীগৌড়ীয়মঠ
পোঃ বাগবাজার
কলিকাতা

———

"শ্রীকৃষ্ণচৈতন্য"

ইংরেজী ভাষায় শ্রীচৈতন্যদেবের শিক্ষা ও জীবনচরিত

কটক রেভেন্সা কলেজের ইতিহাসের প্রবীণ ও প্রধান অধ্যাপক মহামহোপাধ্যায় আচার্য্য ডক্টর নিশিকান্ত সান্যাল ভক্তিসুধাকর ভক্তিশাস্ত্রী সঙ্কলন-বৈষ্ণবাচার্য এম-এ মহোদয়ের গৌরবময় লেখনী এবং পরিপক্ক লেখনীর অমৃত ফল আস্বাদন করিয়া একাধারে দর্শন এবং ভক্ত ও ভগবানের জীবনচরিত-পাঠে ধন্য হউন। এই বিরাট, অভিনব ও অদ্বিতীয় গ্রন্থ মানচিত্র ও বিবিধ চিত্র সম্বলিত। প্রাচ্য ও পাশ্চাত্ত্য যাবতীয় প্রসিদ্ধ দর্শনের সহিত তুলনা-মূলক শ্রীমহাপ্রভুর প্রচারিত সিদ্ধান্তের সমাক্ আলোচনা। প্রথম খণ্ডই প্রায় সহস্র পৃষ্ঠা ব্যাপী। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সুদীর্ঘ মুখবন্ধ (Foreword), প্রকাশক ও গ্রন্থকারের ভূমিকাদ্বয় (Prefaces), বিষয়-তালিকা (Contents) ও গ্রন্থের শেষভাগে বর্ণানুক্রমে সজ্জিত সুবিস্তৃত সূচীপত্র (Index Glossary) সহ প্রথমখণ্ড প্রকাশিত। ভিক্ষা—১৫, পনর টাকা। প্রাপ্তিস্থান—মাদ্রাজ: গৌড়ীয়মঠ, রায়পেটা মাদ্রাজ; শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার, কলিকাতা; শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর জেলা—নদীয়া।

শ্রীচৈতন্যভাগবত

শ্রীগৌড়ীয় মঠ হইতে প্রকাশিত ১৩৪০ পৃষ্ঠা ব্যাপী

বিরাট সংস্করণ

ভিক্ষা—আরও কিছুকাল ১২, স্থলে মাত্র ৬,

প্রাপ্তিস্থান—শ্রীগৌড়ীয় মঠ,
১৬-এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট
বাগবাজার, কলিকাতা।

দৈনিক নদীয়া-প্রকাশ

———:(০):———

বিজ্ঞাপনের হার

	সংবাদের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য	বিজ্ঞাপনের পৃষ্ঠায় ১ম ও দ্বিতীয় দিনের জন্য	পরবর্ত্তী দিনের জন্য
প্রতিবারে প্রতি লাইনে	॥০	৵০	৵০	
" " ইঞ্চ	৩,	১।০	১।০	
সিকিকলম	৮,			
অর্দ্ধকলম	৮,	৬,	৬,	
এক কলম	১৯,	১০,	১০,	

এক বৎসরের জন্য চুক্তি হইলে ঃ

প্রতিমাসে প্রতি ইঞ্চ ৮
" সিকি কলম ৩,
" অর্দ্ধকলম ২৫,
" এক কলম ৩৫,

চাঁদার হার

বাৎসরিক (ডাকমাশুলসহ)
ষাণ্মাসিক
ত্রৈমাসিক
মাসিক
প্রতি সংখ্যা এ; বিশেষ সংখ্যা ৷০ ভিন্ন স্বতন্ত্র।

বিরাট্ সংস্করণ

শ্রীভক্তিরত্নাকর

ছাপা হইতেছে।

"শুদ্ধ বৈষ্ণবসমাজের ইহা একটী অমূল্য রত্ন
ইহা ডবল ক্রাউন আট পেজি আকারে
শ্রীচৈতন্যমঠ হইতে শীঘ্রই প্রকাশিত
হইবে
যাবতীয় সংস্কৃত শ্লোকের অন্বয়-অনুবাদাদি
অতি সুন্দরভাবে ইহাতে
সন্নিবেশিত হইতেছে।

———

পারমার্থিক পত্রিকা ও গ্রন্থাদি প্রকাশের মুদ্রাযন্ত্রসমূহ

———:(০):———

১। শ্রীনদীয়াপ্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্

এখান হইতে বিশ্বের একমাত্র দৈনিক পারমার্থিক পত্রিকা "দৈনিক নদীয়া প্রকাশ" ও বিবিধ ভক্তিগ্রন্থাদি প্রকাশিত হয়।

২। শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্

একমাত্র শুদ্ধ পারমার্থিক বাঙ্গলা সাপ্তাহিক পত্রিকা 'গৌড়ীয়' এখান হইতে নিয়মিতভাবে প্রকাশিত হইয়া বিশ্বের নিত্যমঙ্গল বিধান করিতেছে। তদ্ব্যতীত পাক্ষিক ইংরেজী পারমার্থিক পত্রিকা "হার্ম্মনিষ্ট" ও বহু গ্রন্থাদি এখান হইতে প্রকাশিত হয়। ১৬।এ, কালীপ্রসাদ চক্রবর্ত্তী ষ্ট্রীট কলিকাতা।

৩। শ্রীভাগবত প্রেস

কৃষ্ণনগর হাইষ্ট্রীটে অবস্থিত। এখান হইতে শুদ্ধভক্তিগ্রন্থাদি প্রকাশিত হইয়াছে।

৪। পরমার্থী প্রিন্টিং ওয়ার্কস্

ইহা কটক সহরে অবস্থিত। এখান হইতে উড়িয়া ভাষায় "পরমার্থী" নামক উড়িয়া এবং পারমার্থিক গ্রন্থ প্রকাশিত হইতেছে।